# المنير

## معجم اللغة العربية والبنغالية

الدكتور محمد مستفيض الرحمن

# আল মুনীর

## আরবী-বাংলা অভিধান

ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান

# آلْمُنِيْر

معجم اللغة العربية والبنغالية

# আল মুনীর

## আরবী-বাংলা অভিধান


الدكتور محمد مستفيض الرحمن

ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান



دار الحكمة بنغلاديش

দারুল হিকমাহ বাংলাদেশ



www.pathagar.com

## সম্পাদনা পরিষদ

| | |
|---|---|
| ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান | চেয়ারম্যান |
| ড. এ.কে.এম. আইয়ুব আলী | সদস্য |
| ড. কাজী দীন মুহম্মদ | সদস্য |
| ব্যারিস্টার মুহাম্মদ কোরবান আলী | সদস্য |
| ড. মুহাম্মদ ফজলুর রহমান | সদস্য |

www.pathagar.com

# آلْمُنِيْر

معجم اللغة العربيه - البغاليه

# আল মুনীর

## আরবী-বাংলা অভিধান

**সম্পাদনা**

**ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান**

পি-এইচডি (লন্ডন) এমএ (ফার্স্ট ক্লাস ফার্স্ট)

বিএ (অনার্স) (ফার্স্ট ক্লাস ফার্স্ট), মুমতাযুল ফুকাহা (ফার্স্ট ক্লাস ফার্স্ট),

অধ্যাপক, আরবী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

ভাইস চ্যান্সেলর, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

دار الحكمة بنغلاديش

**দারুল হিকমাহ বাংলাদেশ**

www.pathagar.com

# আল মুনীর
## আরবী-বাংলা অভিধান
ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান

প্রথম প্রকাশ : জুলাই ২০১০। প্রকাশক : মোহাম্মদ নিজাম উদ্দিন ও ইসরাত জাহান, দারুল হিকমাহ বাংলাদেশ, ১০/৪ আরামবাগ, কালভার্ট রোড, মতিঝিল, ঢাকা ১০০০। পরিবেশক : প্রিন্সিপ্যাল পাবলিশার্স। বিক্রয়কেন্দ্র : ৩৪ নর্থব্রুক হল রোড, বাংলাবাজার, ঢাকা ১১০০। ফোন : ৯৩৫২৮১০, ০১৯১৯ ০৩১৯১৭, ০১৭২৯ ৬৩৬৭৩৫। ই-মেইল : darulhb@gmail.com. স্বত্ব : প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত। প্রচ্ছদ : ডিজাইন বাজার। বর্ণবিন্যাস : হাফেজ মোহাম্মদ আবু ইউসুফ। মুদ্রক : এমআরআই প্রিন্টার্স, স্বামীবাগ, ঢাকা। বাঁধাই : অগ্রণী বুক বাইন্ডিং, সূত্রাপুর, ঢাকা ১১০০।

**সর্বোচ্চ খুচরা মূল্য (MRP) : ৬০০.০০ [ছয় শত] টাকা মাত্র।**

Al-Muneer Arabic-Bengali Dictionary. Edited By D. Muhammad Mustafizur Rahman, Published By Mohammad Nizam Uddin & Mrs. Israt Jahan, Darul Hikmah Bangladesh, 10/4 Arambagh, Motijheel, Dhaka 1000. Distibutor : Principal Publishers Sales center : 34 North Brook Hall Road, Banglabazar, Dhaka 1100. Bangladesh. Phone : +88-02-9352810, Cell : 01919 031917, 01729 636735. E-mail : darulhb@gmail.com. Maximum Retail Price (MRP) : BDT. 600.00 [Six Hundred] Bangladeshi Taka only. USD : $ 20.00 (twenty) only.

**ISBN : 984-8285-09-1**

www.pathagar.com

# প্রকাশকের কথা

আরবী হচ্ছে কুরআন-হাদীসের ভাষা। আরবী ভাষার জ্ঞান ব্যতীত কুরআন-হাদীস অধ্যয়ন ও ইসলামী শরী'আতের জ্ঞানার্জন খুবই কঠিন। ভাষা চর্চার ক্ষেত্রে অভিধানই মূল উৎস। তাই বাংলা ভাষা-ভাষী প্রত্যেক মুসলমানের জন্য আরবী-বাংলা অভিধানের ব্যবহার অপরিহার্য। অভিধান প্রকাশ বেশ কঠিন ও কষ্টসাধ্য ব্যাপার। এসব বিষয় সামনে রেখেই সর্বজন শ্রদ্ধেয় এবং আমার প্রিয় ব্যক্তিত্ব সম্মানিত সম্পাদক ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান স্যারের বিশেষ তত্ত্বাবধানে আন্তরিক সহযোগিতা ও উৎসাহের পরিপ্রেক্ষিতেই আল মুনীর আরবী-বাংলা অভিধানটি প্রকাশে আত্মনিয়োগ করি। ১৯৯৮ সাল থেকে এর কার্যক্রম শুরু করে দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও অভিধানটি প্রকাশ করতে পেরে মহান আল্লাহর দরবারে শুকরিয়া আদায় করছি, আল হামদুলিল্লাহ্।

সম্মানিত সম্পাদক ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান স্যারের উদ্যোগে অত্যন্ত উঁচু মানের একটি সম্পাদনা বোর্ডের নিরলস প্রচেষ্টায় এমন একটি অভিধান সংকলন ও সম্পাদনা কাজ সম্পন্ন হয়েছে, এজন্য তাঁদের সকলের প্রতি কৃতজ্ঞ। আমি মনে করি এটি বাংলা ভাষা-ভাষীদের জন্য অনেক বড় প্রাপ্তি। আল্লাহ তাঁদের এ অবদান কবুল করুন।

অত্র অভিধানে বাংলা সাধুরীতি ব্যবহার করা হয়েছে এবং আরবী শব্দগুলো পৃষ্ঠার বাঁ দিকে রেখে তার ডান দিকে অর্থ ও অন্যান্য আলোচনা সন্নিবেশিত করা হয়েছে।

শব্দগুলো সাজানো হয়েছে مادة (শব্দমূল) অনুসারে। এক একটি مادة-এর অধীনে প্রথমে فعل (ক্রিয়া) এবং পরে অন্যান্য শব্দ সাজানো হয়েছে।

তিন অক্ষরের فعل গুলো نصر، ضرب، سمع ، فتح ও كرم এ باب ধারাবাহিকতায় مضارع ৪-এর রূপনির্দেশক সংকেতসহ সর্বাগ্রে স্থান পেয়েছে। যেমন- علم، ـ كتب -ইত্যাদি।

তিন অক্ষরের ক্রিয়ার ক্ষেত্রে مضارع-এর সংকেতের পরেই বন্ধনিতে সংশ্লিষ্ট فعل-এর مصدر গুলো দেখানো হয়েছে। যেমন- ذهب -: (ذهاب ، ذهوب ، مذهب)

তিন অক্ষরের ক্রিয়া সমাপ্ত করে ঐ مادة-এর অন্যান্য ক্রিয়া সাজানো হয়েছে এ ধারাবাহিকতায় :

قاتل (مفاعلة)، أكرم (إفعال)، تقبل (تفعل)، تفابل، (تفاعل) ، (انفعال)، انفطر راجتمع (افتعال) راحمرا (افعلال) استنصر (استفعال) صرف (تفعيل))،

প্রত্যেক فعل-এর শুধুমাত্র ماضى-এর مفرد مذكر غائب রূপটি উল্লেখ করে ক্রিয়ার মূল অর্থটি দেওয়া হয়েছে। যেমন : كتب- : (كتاب ، كتابة) লেখা, قاتل যুদ্ধ করা ইত্যাদি।

صلة ভেদে فعل-এর বিভিন্ন অর্থ ও প্রয়োগ দেখানো হয়েছে। যেমন- رغبب -:رغب ، رغبة) ( فى আগ্রহী হওয়া, কামনা করা; عن : বিরত থাকা, বর্জন করা।

www.pathagar.com

কোন مادة-এর সকল فعل সমাপ্ত হওয়ার পর তাহার অন্যান্য entry -গুলো আক্ষরিক ধারাবাহিকতা বজায় রেখে পরিবেশন করা হয়েছে। যেমন- كتب

مادة-এর ক্ষেত্রে كتاب ، كتاب ، كاتب، كتابة ، كتيبة، مكتب، مكتبة ، مكتوب ইত্যাদি।

حركة -এর ধারাবাহিকতা রক্ষা করা হয়েছে এভাবে, প্রথম -, তারপর - এবং সবশেষ -।

প্রয়োজনীয় ক্ষেত্রে اسم-এর লিংগ ও বচন দেখানো হয়েছে। যেমন دار (স্ত্রী) ঘর, বাড়ি। ব ، دور دیار

প্রাচীন ও আধুনিক উভয় শ্রেণীর সাধারণ আরবী শব্দের বাংলা প্রতিশব্দ ছাড়াও এই অভিধানে প্রয়োজনীয় আরবী বাক্যের প্রয়োগরীতিও দেখানো হয়েছে। অধিকন্তু, ব্যক্তি, স্থান, সংগঠন, গ্রন্থ ইত্যাদির সংক্ষিপ্ত বিবরণও এতে স্থান পেয়েছে।

প্রয়োজনীয় ক্ষেত্রে শব্দের পাশে তার পরিচিতিসূচক শব্দ-সংক্ষেপ দেওয়া হয়েছে। যেমন-শব্দটি অব্যয় হলে তার পাশে (অ), গ্রীক শব্দ হতে معرب হলে (গ্রী), মিসরীয় উপভাষার শব্দ হলে (মি) ইত্যাদি। এ সম্পর্কে শব্দ-সংক্ষেপ তালিকা দ্রষ্টব্য।

সম্পাদক মহোদয়ের একান্ত উৎসাহের ফলে আমরা এ কঠিন কাজটি হাতে নেই। দীর্ঘ সময়ের ব্যবধানে বিশেষজ্ঞ ব্যক্তিবর্গের সহযোগিতায় ধীরগতিতে হলেও কম্পিউটার কম্পোজ ও প্রুফ কারেকশনের কাজ করা হয়েছে। এর মধ্যে কেউ কেউ দুনিয়া থেকে বিদায় নিয়েছেন। যখন যিনি যতটুকু পরিশ্রম করে এ কাজে সহযোগিতা করেছেন, তাদের সকলের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা। আল্লাহ তাঁদের সকলকে উত্তম প্রতিদান দিন।

আরবী ভাষার সাথে সম্পৃক্ত সুধী মহলের প্রয়োজনীয়তা এবং দীর্ঘ দিনের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন হিসেবে এ অভিধানটি গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আমাদের বিশ্বাস। বিশেষ করে বাংলা ভাষা-ভাষী, শিক্ষক-শিক্ষার্থী, গবেষক, আরবী সাহিত্য অধ্যয়নকারী এবং কুরআন-হাদীস চর্চায় অভিধানটি সহায়ক হবে।

সংশ্লিষ্ট সকলের প্রয়োজনীয়তা পূরণ হলেই আমাদের সকল প্রচেষ্টা সার্থক হয়েছে মনে করবো।

আল্লাহ রাব্বুল আলামীনের দরবারে সকাতর নিবেদন, তিনি যেন আমাদের এ ক্ষুদ্র প্রচেষ্টায় বরকত দান করেন। এর ব্যবহারকারীদের প্রতি তাঁর রহমতের দরজা খুলে দেন। শেষ বিচারের দিনে একে আমাদের সংশ্লিষ্ট সকলের নাজাতের উসীলা হিসেবে কবূল করেন।

আমীন।

মোহাম্মদ নিজাম উদ্দিন

ও

মিসেস ইসরাত জাহান

www.pathagar.com

## শব্দ-সংক্ষেপ তালিকা

অ = অব্যয়
আ = আলজিরিয়া
ই = ইরাকি
ইং = ইংরেজি
ইত = ইতালিয়
কি = কিব্‌তী
ক্রি. = ক্রিয়া
ক্রি. বিণ. = ক্রিয়া বিশেষণ
খ্রি = খ্রিস্টীয়
গ্রী = গ্রীক
জ = জার্মান
তি = তিউনিসীয়
তু = তুর্কী
পু = পুংলিঙ্গ
ফ = ফরাসি
ব = বহুবচন
বি = বিশেষ্য
বিণ = বিশেষণ
মি = মিসরীয়
লা = লাতিন
লি = লিবীয়
স = সর্বনাম
সং = সংস্কৃত
সি = সিরীয়
স্ত্রী = স্ত্রীলিঙ্গ
হি = হিব্রু
হে = হেজাযী

www.pathagar.com

## সহায়ক অভিধানসমূহ

১। الفرائد الدرية (আরবী-ইংরেজি)

২। A Dictionary of Modern Written Arabic (আরবী-ইংরেজি)

৩। أساس البلاغة (আরবী-আরবী)

৪। الوسيط (আরবী-আরবী)

৫। المنجد (আরবী-আরবী)

৬। المصباح المنير (আরবী-আরবী)

৭। القاموس العصرى (আরবী-ইংরেজি)

৮। চলন্তিকা (বাংলা-বাংলা)

৯। সংসদ (বাংলা-বাংলা)

১০। সংসদ (বাংলা-ইংরেজি)

১১। সংসদ (ইংরেজি-বাংলা)

১২। Student's Favourite Dictionry (ইংরেজি-বাংলা)

www.pathagar.com

# ا

ا : আলিফ। আরবী বর্ণমালার প্রথম বর্ণ। এই বর্ণটি সর্বদা হরকতশূন্য। ইহাতে কোন হরকত যুক্ত হইলে همزة নাম দেওয়া হয়। এর সংখ্যামান হলো এক।

أ : কি? প্রশ্নবোধক অব্যয়। ইহা দুইয়ের অধিক বস্তুর কোন একটি চিহ্নিতকরণের জন্য, অথবা বাক্যের বিষয়বস্তু জানিবার উদ্দেশ্যে ব্যবহৃত হয়।

آب : (সি) আগস্ট মাস।

آبَ ـُ أوْبًا : ফেরত হওয়া, إِلَى اللهِ তওবা করা।

أب : পিতা (أبو) ব آباء

أبَّ : (إبًا، أبَابَة، إبَابَة) আকাঙ্ক্ষা করা, কামনা করা, মনস্থ করা।

~ : (أبّ، أبيب، أبَاب، أبَابَة) ~ لِ প্রস্তুত হওয়া।

أبّ : তৃণ, তৃণভূমি। ব أوبّ

أبَابَة : গৃহকাতরতা।

أبَتَ ـُ أبِتَ ـَ أبَتَ : أبُوت، أبت : গরম হওয়া (দিন)।

آبت، أبِت، أبْت : জ্বলন্ত, উত্তপ্ত (দিন)।

أبَثَ ـ : (أبْثًا) অপবাদ দেওয়া।

أبْجَد : ক্রম সংখ্যাজ্ঞাপক বর্ণমালা গঠিত শব্দ ষষ্ঠয়ের প্রথম শব্দ।

الحروف الابجدية : এক হইতে মৌলিক সংখ্যাগুলোর পর দশমিক ক্রমোন্নতিতে এক হাজার পর্যন্ত সংখ্যাজ্ঞাপক বর্ণসমূহ।

أبَدَ ـ : (أبُود) টিকিয়া থাকা, স্থায়ী হওয়া।

~ بِ : বাস করা, নিবাস স্থাপন করা।

~ ـُ : বন্য হওয়া, পোষ না মানা (গবাদি পশু); ভয় পাওয়া, আতঙ্কিত হওয়া।

أبَّدَ : স্থায়ী করা, চিরস্থায়ী করা; ভয় দেখানো।

تَأبَّدَ : চিরস্থায়ী হওয়া; বসতিহীন হওয়া, জনশূন্য হওয়া (স্থান) শ্বাপদসংকুল হওয়া।

أبَد : চিরস্থায়িত্ব; কাল, অনন্তকাল। ব آباد، أبُود

عَلَى الأبَد، إِلَى الآبَد، أبَدُ الدَّهْر، أبَدُ الأبَد : চিরকালের জন্য। ব آباء، أُبُود

أبَدًا : সর্বদা, চিরকাল; কখনও না, কস্মিনকালেও না।

آبِدَة : বিস্ময়কর বস্তু বা ঘটনা; বন্যপশু। ব أوَابِد

أبَدِيّ : চিরস্থায়ী, চিরন্তন, শাশ্বত, অনন্ত।

أبَدِيَّة : চিরস্থায়িত্ব, অমরত্ব।

مُؤَبَّد : চির, চিরস্থায়ী, অনন্ত, যাবজ্জীবন।

أبَرَ ـُ : (إبَار، أبْر) বিদ্ধ করা, ফুটা করা, খোঁচা দেওয়া, অসাক্ষাতে নিন্দা করা, খেজুর গাছে পরাগ সংযোজন করা, গাছের কলম লাগানো।

إبْرَة : সুচ, কাঁটা, হুল। ব إبَر

~ الخِيَاطَة : সেলাইয়ের সুচ। ~ الحِيَاكَة : বুননের সুচ। مِغْنَطِيسِيَّة ~ চুম্বক সুচ। المَلَّاحِين ~ কম্পাস, দিগ্‌দর্শন যন্ত্র। ব ابر,

أبَّار : সুচি শিল্পী, সুচওয়ালা।

أبُور : যাহা দ্বারা ছিদ্র করা হয়। ব أبر

مِئْبَر : সুচদানি, হুল। ব مَآبِر

مِئْبَرَة : অপবাদ, অসাক্ষাতে নিন্দা। ব مَآبِر

مأبور : তীক্ষ্ণাগ্র, সুচালো, কলম কৃত ডাল, বিদ্ধ হইয়াছে এমন।

إبْرِيز : খাঁটি স্বর্ণ।

إبْرِيسَم، إبْرِيسِم : রেশম।

إبْرِيق : জগ, কলসি, কেটলি। ব أبَارِيق

إبْرِيل : (نَيْسَان) এপ্রিল মাস।

أبَزَ ـِ : (أبْز، أبُوز) ধাবিত হওয়া, সম্মুখে ছুটিয়া যাওয়া।

~ : (أبْز) بِ অপমান করা, অমর্যাদা করা।



www.pathagar.com

أَبْزَن : (ফা) ধুইবার পাত্র, পানি গরম করার ধাতব পাত্র। ব أَبَازِن

إِبْزِيم : কব্জা, খিল। ব أَبَازِيمُ

أَبَسَ - : (أَبْس) أَبَّسَ (تَابِيس) নিন্দা করা, তিরস্কার করা, দোষারোপ করা, অবজ্ঞা করা, অবমাননা করা।

إِبسِيط : (মি) চাকার বেড়।

أَبَشَ : - ُ (أَبْش) أَبَّشَ তোলা, তুলিয়া লওয়া, কুড়াইয়া লওয়া, সংগ্রহ করা।

أُبَاشَة : উচ্ছৃঙ্খল জনতা, বহু বর্ণভিত্তিক জনগোষ্ঠী।

أَبَضَ : - ُ (أَبْض)، تَأَبَّضَ দড়ি দিয়া উটের হাঁটু- পা বাঁধা।

إِبَاض : উটের পা বাঁধিবার দড়ি, শণের দড়ি। ব أُبُض

أُبْض : উরু বা হাঁটুর পশ্চাদংশ। ব آبَاض، مَأْبِض ব مَآبِض

إِبَاضَة : গাড়ির গতি রোধ করিবার ব্রেক।

أَبَاضِيَّة : আব্দুল্লাহ ইবন আবাদের অনুসারী খারিজীদের একটি দল।

تَأَبَّطَ : বগলে দাবিয়া রাখা, বগলদাবা করা।

إِبْط : পুং স্ত্রী, বগল। ব آبَاط

أَبَقَ : - ُ أَبَقَ : - َ (إِبَاق، أَبَق) পালাইয়া যাওয়া (ক্রীতদাস)।

أَبَق : শণ।

آبِق : পলাতক; পলায়নপর। ব أُبَّاق

أَبْكَم : মূক। ব بُكْم

إِبِل : স্ত্রী উট। ব آبَال، أَبِيل

إِبَالَة : কূটনীতি, প্রজ্ঞা, আঁটি, গাঁইট।

إِبَّالَة : আঁটি, গাঁইট।

أَبَابِيل : পাখির দল, এক জাতীয় ক্ষুদ্র পাখি।

إِبْلِيس : শয়তান। ব أَبَالِسَة، أَبَالِيس

أَبَنَ : - ُ (أَبْن) অভিযুক্ত করা, অসদাচরণের দোষারোপ করা।

أَبَّنَ : (মৃতের) প্রশংসা করা, গুণকীর্তন করা।

إِبَّان : সূচনা, সময়; অনুকূল সময়।

أُبْنَة : গিট; ঘৃণা, বিরাগ। ব أُبَن

مَأْبُون : নিন্দনীয়; মেয়েলী; দুর্বল; সন্দেহপূর্ণ।

إِبْن : পুত্র (بنو) ব بَنُونَ

أَبْنُوس : আবলুস কাঠ।

أَبَهَ : - َ ~ بِ، لِ সন্দেহ করা; মনোযোগ দেওয়া; লক্ষ্য করা; গুরুত্ব দেওয়া।

تَأَبَّهَ : দেমাগ দেখানো, উদ্ধত আচরণ প্রদর্শন করা।

~ عَنْ : সরিয়া আসা, ফিরিয়া আসা, দূরে থাকা; ঘৃণা করা।

أُبَّهَة : সৌন্দর্য; ঔজ্জ্বল্য, দীপ্তি; জাঁকজমক, আড়ম্বর; অহঙ্কার, বড়াই।

أَب : পিতা, পিতামহ, পূর্বপুরুষ। ব آبَاء، أُبُو، أُبُوَّة

الأَبَوَان : পিতামাতা।

أَبُوجَابِر : রুটি।

أَبُوجَعْدَة : নেকড়ে।

أَبُوجِعْرَان : গোবরে পোকা।

أَبُوالحَارِث : সিংহ।

أَبُوالحُصَيْن : পাতিশিয়াল।

أَبُو النَّوْم : আফিম।

أَبُو الهَوْل : স্ফিংক্স (সিংহের দেহ ও নারীর মস্তক বিশিষ্ট মিসরের প্রস্তর মূর্তিবিশেষ)।

أَبُوالْيَقْظَان : মোরগ।

أُبُوَّة، أَبُوِيَّة : পিতৃত্ব।

أَبَوِيّ : পিত্রোচিত; পিতৃসংক্রান্ত, পিতার দিক দিয়া সম্পর্কযুক্ত।

أَبُونِيَّة : মৌসুমী টিকেটধারী।

أَبَى : - َ (إِبَاء، إِبَاءَة) অস্বীকার করা; অসম্মত হওয়া; প্রত্যাখ্যান করা; অবজ্ঞা করা।

تَأَبَّى : অস্বীকার করা, অসম্মত হওয়া; প্রত্যাখ্যান করা; অহঙ্কারী হওয়া।

إِبَاء : অস্বীকৃতি, অসম্মতি, প্রত্যাখ্যান; অপছন্দ; অবজ্ঞা; অহঙ্কার।



www.pathagar.com

آبٍ : অস্বীকারকারী, প্রত্যাখ্যানকারী; অসম্মত, অনিচ্ছুক, নারাজ। ব أُبَاةٌ।

أَبِيٌّ : উদ্ধত, অহঙ্কারী, দাম্ভিক; অবজ্ঞাপূর্ণ।

آبْيَض : (بَيْض) সাদা।

إِتْب : জামা, এপ্রোন। ব إِتَاب, أَتَاب

تَأَتَّبَ بِالإِتْب : জামা বা এপ্রোন পরিধান করা।

أُتْرُنْج، أُتْرُجّ : জামির, লেবু।

إِبَاد : দুগ্ধ দোহনকালে গাভীর পা বাঁধিবার রশি। ব آبِدَة، أُبُد

أَتَلَ - : (أَتْلان، أَتْل) রাগতবস্থায় দ্রুত পদক্ষেপে হাঁটা।

أَتَمَ - بِ : কোন স্থানে অধিবাস গ্রহণ করা।

مَأْتَم : শোক, শোকসভা। ব مَآتِم

أَتَان : স্ত্রী, গর্দভী। ব أُتُن, آتُن, أُتْن, أُتُون

أَتُّون، أَتُون : উনান, চুল্লি, তন্দুর, ভাটি, ইট পোড়াইবার অগ্নিকুণ্ড। ব أَتَاتِين, أُتُن

أَتَا - : (إِتَاوَة) ঘুষ দেওয়া।

إِتَاوَة : কর, নিরাপত্তা কর, শুল্ক, নগরশুল্ক, ঘুষ, উৎকোচ। ব أَتَاوَى، إِتَاوَات

أُتُوبِيس : বাস।

أُتُبِيل، أُتُومُوبِيل : মটর গাড়ি

أُتُومَاتِيكِيّ : স্বয়ংক্রিয়।

أَتَى - : (مَأْتَاة، أَتَى، إِتْيَان) আসা; পৌঁছা; ঘটা; উপহার দেওয়া; দায়িত্ব গ্রহণ করা; সম্পাদন করা; সাধন করা।

~ عَلَى : গমন করা, শেষ করা, সম্পূর্ণ করা; সম্পন্ন করা; ধ্বংস করা, নিশ্চিহ্ন করা, সমূলে উৎপাটন করা; নিঃশেষ করা; বিশদভাবে উপস্থাপন করা।

~ بِ : আনয়ন করা; লইয়া আসা; পেশ করা; সম্পাদন করা, অর্জন করা, (খারাপ কাজ)।

آتَى : (مُؤَاتَاة) উপযুক্ত হওয়া, মানানসই হওয়া, যথাযোগ্য হওয়া, অনুকূল হওয়া, মত দেওয়া, মানিয়া লওয়া।

~ بِ : দেওয়া, পেশ করা, সরবরাহ করা, যোগান দেওয়া।

آتَى : (إِيتَاء) দেওয়া, আনিয়া দেওয়া, যোগান দেওয়া।

تَأَتَّى : সহজসাধ্য হওয়া, সহজলভ্য হওয়া; সম্ভব হওয়া; ভালো চলা; সার্থক হওয়া; আকস্মিকভাবে ঘটা।

~ عَنْ ,مِنْ : উদ্ভূত হওয়া, নির্গত হওয়া, উৎপন্ন হওয়া, আবির্ভূত হওয়া; শেষ হওয়া।

~ لِ : প্রস্তুত হওয়া, উদ্যত হওয়া।

إِسْتَأْتَى : আসিতে অনুপ্রাণিত করা, কাহাকেও মন্থর মনে করা।

آتٍ : আগামী, পরবর্তী, আগন্তুক। স্ত্রী آتِيَة

الآتِي : ভবিষ্যৎ।

مَأْتَى : গন্তব্যস্থল, যাত্রাস্থল, দিক।

مِيتَاء : চৌরাস্তা, একাধিক রাস্তার মিলনস্থল।

مُوَات : অনুকূল, প্রসন্ন।

أَثَّ - : (أَثّ، أَثَاثَة، أُثُوث، أَثَاث) ঘন হওয়া, প্রচুর পরিমাণে গজান (চুল, উদ্ভিদ)। ব إِثَاث

أَثَّثَ : সজ্জিত করা (ঘর, কক্ষ); প্রস্তুত করা; যোগাড় করিয়া দেওয়া।

تَأَثَّثَ : ধনী হওয়া, সমৃদ্ধ হওয়া; আরামে জীবনযাপন করা, সজ্জিত হওয়া।

أَثَاث : আসবাবপত্র। ব أُثُث، أَثَاثَات

أَثّ، أَثِيث : ঘন, প্রচুর, অত্যন্ত বর্ধনশীল (চুল, উদ্ভিদ); মোটা।

مُؤَثَّث : সজ্জিত, আসবাবপত্রে সজ্জিত।

أَثَرَ - : (أَثَارَة، أَثْر) বর্ণনা করা।

أَثِرَ - : (أَثَر) আরম্ভ করা, পছন্দ করা।

~ عَلَى : (কোন কিছু) প্রস্তাব করা।

أَثَّرَ ~ فِي، عَلَى : প্রভাবিত করা; ছাপ রাখা; অনুভূতি জাগ্রত করা।

آثَرَ : (إِيثَار) অগ্রাধিকার দেওয়া; মনোনীত করা; পছন্দ করা; শ্রদ্ধা করা।



www.pathagar.com

تَأَثَّرَ : প্রভাবিত হওয়া; অনুসরণ করা; উপলব্ধি করা।

إِسْتَأْثَرَ : একচেটিয়াভাবে অধিকার দাবি করা, দখল করিয়া লওয়া; একচেটিয়াভাবে ভোগ করা।

إِسْتَأْثَرَ اللّٰهُ بِهِ : আল্লাহ তাহাকে মৃত্যু প্রদান করিলেন, সে মরিয়া গেল।

أَثَر : চিহ্ন, দাগ, ছাপ; পদচিহ্ন; স্মৃতিচিহ্ন; স্মৃতি; সন্ধান-সূত্র; প্রভাব; মৃদু স্পর্শ; প্রাচীন নিদর্শন, হাদীস। ব آثَار، أُثُور

أَثْر، أُثُر : ক্ষতচিহ্ন। ব آثَار، أُثُور

أُثْر : তরবারির ঔজ্জ্বল্য। ব أُثُور

إِثْرَ : অব্যবহিত পরে।

فِى أَثَرِه : তাহার সঙ্গে সঙ্গে, তাহার পায়ে পায়ে।

عَلَى أَثَرِه : তাহার অব্যবহিত পরে।

أَثَرَة : স্বার্থপরতা; পক্ষপাত; পছন্দ; অগ্রাধিকার।

أَثَرِىّ : প্রত্নতাত্ত্বিক; প্রত্নতত্ত্ববিদ; প্রাচীন।

أَثَرِيَّة : উত্তরাধিকার; প্রাচীন নিদর্শন সম্বন্ধীয়।

أَثِيْر : আনুকূল্যপ্রাপ্ত, পক্ষপাতমূলক, সুবিধাপ্রাপ্ত; অভিজাত, সম্ভ্রান্ত; চমৎকার, ইথার।

تَأْثِير : প্রভাব; ছাপ; কার্যকারিতা।

إِيثَار : অগ্রাধিকার, পরার্থপরতা; পক্ষপাত; অনুরাগ।

مَأْثَرَة : কীর্তি। ব مَآثِر

مَأْثُور : ঐতিহ্যসূত্রে প্রাপ্ত, সূত্র পরম্পরায় প্রাপ্ত।

مُؤَثِّر : কার্যকর; মর্মস্পর্শী।

مُتَأَثِّر : প্রভাবিত, প্রভাবান্বিত ব্যক্তি বা বস্তু।

أَثَّفَ : (تَأْثِيْف) উনানের ঝিঁকের উপর পাত্র স্থাপন করা।

أُثْفِيَّة : চুলার ঝিঁক, তেপায়া, দল। ব أَثَافِىّ، أَثَافِ

أَثَلَ : ـَ (أُثُول)، أَثُلَ ـُ (أَثَالَة) শিকড় গাড়া, দৃঢ়মূল হওয়া; শক্ত হওয়া, সুদৃঢ় হওয়া।

أَثَّل : ধনী হওয়া, সম্পদশালী হওয়া।

تَأَثَّلَ : সুদৃঢ় হওয়া, শক্ত হওয়া; ধনী হওয়া।

أَثْل : ব أُثُول، آثَال এবং أَثَلَة এক প্রকার ঝাউগাছ। ব أَثَلَات

أَثَلَة، أَثْلَة : গৃহের আসবাবপত্র। ব إِثَال

أَثَال، أَثْلَة : আভিজাত্য, বংশমর্যাদা।

مُؤَثَّل، أَثِيل : শক্ত, সুদৃঢ়; অভিজাত, সম্ভ্রান্ত।

أَثِمَ : ـَ (مَأْثَم، أَثَم، إِثْم) পাপ করা, অপরাধ করা।

أَثَّمَ : (অপরাধে ) অভিযুক্ত করা।

آثَم : (إِيثَام) অপরাধ করিতে প্ররোচিত করা।

تَأَثَّمَ ~ مِنْ : অপরাধ হইতে বিরত থাকা।

إِثْم : ব آثَام এবং مَأْثَم، مَأْثَمَة : অপরাধ, পাপ। ব مَآثِم

آثِم : ব أَثَمَة এবং أَثِيْم ব أُثَمَاء অপরাধী, পাপী।

إِثْمِد : কাজল, সুরমা (ثُمُد)

إِثْنَان : (ثَنى) দুই।

أَثِيْنَا : এথেন্স ( গ্রীসের রাজধানী)।

أَثْيُوبِيَا : ইথিওপিয়া।

أَثَا : ـَ (أَثْو، إِثَاوَة) ~ بِ অপবাদ দেওয়া, অসাক্ষাতে নিন্দা করা।

مَأْثَاة، مَأْثِيَة : অপবাদ, কলঙ্ক।

أَجَّ : ـُ (أَجِيْج) জ্বলা, প্রজ্বলিত হওয়া, (আগুন)।

~ ـُ : দৌড়ানো, ধাবিত হওয়া (উটপাখি)।

~ ـُ : (أُجُوْج) লবণাক্ত হওয়া (পানি)।

أَجَّجَ (تَأْجِيْجًا) : জ্বালানো, প্রজ্বলিত করা (আগুন); আক্রমণ করা (শত্রুকে), পানি লবণাক্ত করা।

آجَ : লবণাক্ত করা (পানি)।

تَأَجَّجَ، إِئْتَجَّ، تَآجَّ : জ্বলিয়া উঠা; উত্তপ্ত হওয়া।

أَجَّة : উত্তাপ। ব إِجَاج

أُجَاج : কটা, লোনা, লবণাক্ত (পানি)

أَجَّاج، مُتَأَجِّج : জ্বলন্ত; উত্তপ্ত।

أُجُوْج : উত্তপ্ত, প্রদীপ্ত, উজ্জ্বল, লবণাক্ত হওয়া।



www.pathagar.com

أَجِيجُ الْمَاءِ : পানি পড়িবার শব্দ।

يَأْجُوج وَمَأْجُوج : ইয়াজুজ মাজুজ; Gog & Magog.

أَجَرَ ـُ أَجْرًا (إِجَارَة، أَجْر) : প্রতিদান দেওয়া, পারিশ্রমিক দেওয়া; ভাড়া করা।

~ ـُ : (أُجُور، أَجَار، أَجْر) যথাস্থানে বসা বা লাগা (হাড়)।

أَجَّرَ (تَأْجِير) : ভাড়া দেওয়া; ইজারা দেওয়া; পোড়ানো (ইট)।

آجَرَ : (مُؤَاجَرَة) ~ فِي، عَلَى মজুরি পরিশোধ করা; ভাড়া করা।

آجَر : (إِيجَار) প্রতিদান দেওয়া; ভাড়া করা; ভাড়া দেওয়া; ইজারা লওয়া; ইজারা দেওয়া।

تَأَجَّرَ : মজুর হিসাবে কাজ করা; মজুরির বিনিময়ে কাজ করা।

إِئْتَجَرَ : ভিক্ষা দিয়ে পুণ্য প্রত্যাশা করা; ভাড়ায় কাজ করাা; To be hired.

إِسْتَأْجَرَ : ভাড়া করা, মজুর নিয়োগ করা, ভাড়া দেওয়া; ইজারা লওয়া; ইজারা দেওয়া।

~ مِنْ : ভাড়া লইয়া ভাড়া দেওয়া, দর পত্তনি বা দর ইজারা দেওয়া।

إِسْتَجَارَ : আশ্রয় প্রার্থনা করা; (جور)।

أَجْر : মজুরি, পারিশ্রমিক, প্রতিদান, মূল্য। ব آجَار ,أُجُور

إِجْر : (সি) শিকারি প্রাণীর নখরযুক্ত থাবা।

آجُرَّة، أَجُرَّة : ইট, টালি, Tile. ব آجُرّ

إِجَارَة، أُجْرَة : মজুরি; বেতন; ভাড়া; মাশুল; মূল্য।

إِجَّارَة، إِجَّار : সমতল ছাদ । ব أَجَاجِير

إِيجَار : ইজারা, লিজ, বন্ধক।

أَجِير : দিনমজুর; চাকর; ভাড়াটিয়া শ্রমিক; কর্মচারী। ব أُجَرَاء

مُؤَجِّر : ইজারাদাতা; জমিদার।

مُؤَجَّر : বেতনভোগী; ভাড়ায় প্রদত্ত।

مُسْتَاجِر : ইজারাদার; প্রজা; নিয়োগকর্তা।

مُسْتَأْجَر : কর্মচারী; ভাড়াটিয়া কর্মী; ভাড়াকৃত।

أَجْزَاجِي : (মি) ভেষজী, ঔষধ বিক্রেতা, Druggist.

إِنْجَاص، إِجَّاص : নাশপাতি; কুল; কিশমিশ।

~ أَجِلَ ـَ أَجَلًا (اجل) : বিলম্বিত হওয়া; বিলম্ব করা, দেরি করা; দ্বিধা করা; মুলতবি হওয়া।

أَجَلَ : ক্ষতি করা।

أَجَّلَ : বিলম্বিত করা, মুলতবি রাখা, সময় দেওয়া।

تَأَجَّلَ : বিলম্বিত হওয়া, মুলতবি হওয়া।

إِسْتَأْجَلَ : বিলম্ব করিতে বলা, মুলতবি রাখিতে চাওয়া, অবকাশ প্রার্থনা করা।

أَجَلْ : (অ) হ্যাঁ, অবশ্যই।

أَجَل : নির্ধারিত সময়; মৃত্যু; পরিপূর্ণতা; অবসান; বিলম্ব। ব آجَال

إِجْل : বালিশ সরে যাওয়া জনিত ঘাড়ের ব্যথা।

~ : বন্য গরুর পাল। ব آجَال

لِلأَجَل، بِالأَجَل : ধারে, বাকিতে, On credit.

أَجَلّ : (جَلَل) মহিমান্বিত।

لِأَجْلِ، مِنْ أَجْلِ : কারণে, উদ্দেশ্যে, জন্য।

آجِل : বিলম্বিত, স্থগিত।

أَجِلاً أو عَاجِلاً : আজ হউক কাল হউক, আগে হউক পরে হউক, ইহকালে কিংবা পরকালে।

الآجِلَة، الآجِل : ভবিষৎ জীবন।

مَاجَلُ الْمَاءِ : বিল, জলাভূমি, হাওর। ব مَآجِل

مُؤَجَّل : নির্দিষ্ট সময়সীমা বিশিষ্ট; বিলম্বিত, স্থগিত; বিলম্বে পরিশোধযোগ্য।

تَأَجَّمَ، (أَجِيم، أَجْم) : ـ أَجَمَ প্রচণ্ড হওয়া, তীব্র হওয়া (আগুন); দূষিত হওয়া (পানি); গরম হওয়া (দিন); বিরক্ত হওয়া।

أُجُم : দুর্গ, আশ্রয়স্থল। ব آجَام

أَجَمَة : জঙ্গল, অরণ্য, ঝোঁপ; সিংহের আস্তানা। ব إِجَام، آجَام، أُجُم، أَجَمَات، أُجَم

أُجَمِيَّة : ম্যালেরিয়া।



www.pathagar.com

أجن - ـُ - ـَ أَجَنَ، (أُجُــون، أَجْـن) (أَجْـن) দূষিত হওয়া (পানি), আছড়িয়ে কাপড় কাচা।

آجِن : লবণাক্ত (পানি)।

أَجَنَة : সুতারের বাটালি, হাতুড়ি।

إِجَّانَة : ধৌত করিবার গোলাকার জলপাত্র, গামলা। ব أَجَاجِيـن

أَجْنَبِي : (جنب) বিদেশী।

مِئْجَنَة : ধোপা বা রঞ্জকের কাঠি।

أَحَّ - ـُ : (أَحّ) কাশি দেওয়া।

أُحَاح : তৃষ্ণা, পিপাসা; ক্রোধ।

أَحَاح، أَحِيح، أَحِيْحَة : ব্যথায় চিৎকার, গলা খাঁকরানো।

أَحَّد : এক করা, একত্রিত করা; সমন্বিত করা (وحد)

أَحَد : (স্ত্রী) إِحْدَى এক; কেহ।

الأَحَد : একক সত্তা, আল্লাহ।

الأَحَدُ، يَوْمُ الأَحَد : রবিবার।

أُحُد : উহুদ পাহাড়।

أَحَدِيّ : ডমিনিকেল Dominical, রবিবার সম্বন্ধীয়, খ্রিস্ট সম্পর্কিত।

أَحِنَ - ـَ : (أَحَــن) ~ عَلَى হিংসা করা, বিদ্বেষ পোষণ করা।

إِحْنَةٌ : مُوَاحَنَة পুরাতন শত্রুতা। ব إِحَن

أَخ : ভাই (أخو)

أُخْت : বোন (أخو)

أَخَذَ - ـُ : (أَخْذ) লওয়া, গ্রহণ করা; ধরা, পাওয়া, লাভ করা, গ্রেপ্তার করা।

~ فِي : আরম্ভ করা।

~ بِ : দখল করা, অধিকার করা; হরণ করা।

أَخَذَهُ اللّٰه : আল্লাহ তাহাকে ধ্বংস করিলেন।

أَخَذَهُ بِذَنْبِه : অপরাধের জন্য শাস্তি দেওয়া।

أَخَذَ عَلَى نَفْسِه او عَاتِقِه : নিজের ঘাড়ে দায়িত্ব গ্রহণ করা।

أَخَذَ أَخْذَه : কাহারও পথ অবলম্বন করা।

أَخَذَ عَلَى عَادَةٍ : অভ্যাসবশত গ্রহণ করা।

أُخْذَة : সম্মোহন, যাদুমন্ত্র।

أَخِيذ : যুদ্ধবন্দি।

أَخِيذَة : লুণ্ঠিত দ্রব্য, লুটের মাল।

مَأْخَذ : উৎস, উৎপত্তিস্থল; সূত্র। ব مَآخِذ

مُؤَاخَذَة : দোষারোপ, অভিযোগ, শাস্তি।

مَأْخُوذ : গৃহীত; প্রাপ্ত, অর্জিত; ধৃত, দখলিকৃত; অধিকৃত, গ্রেপ্তারকৃত।

أَخَّرَ : (تاخير) বিলম্বিত করা, মুলতবি রাখা, পিছাইয়া লওয়া বা দেওয়া; সরাইয়া রাখা; পিছনে রাখিয়া যাওয়া; অপসারণ করা; বাধা দেওয়া।

تَأَخَّرَ : (تاخر) বিলম্বিত হওয়া; দেরি করা, ইতস্তত করা; পিছনে পড়িয়া থাকা; ব্যর্থ হওয়া; অপসারিত হওয়া।

أُخُر : পিছন, পশ্চাৎ, পশ্চাদংশ।

آخَر : অন্য। ব آخَرُون ,أُخَر, স্ত্রী أُخْرَى ব أُخْرَيَات

آخِر : (বি) শেষ, সমাপ্তি, পরিণতি, পরিণাম, উপসংহার, প্রান্ত, চরম। ব أَوَاخِر

إِلَى آخِرِه : ইত্যাদি, শেষ পর্যন্ত।

فِي الآخِر : শেষে, অবশেষে, পরিশেষে, পরিণামে।

أَخَرَه : দেরি, বিলম্ব।

أَخَرَةً : পরে; শেষে, সর্বশেষে; দেরিতে, বিলম্বে।

الآخِرَة، الأُخْرَى : পরকাল, পরলোক, ভবিষ্যৎ।

أُخْرَوِي : পরকালীন।

أَخِير :(বিণ) শেষ, সর্বশেষ।

أَخِيراً : শেষে, সর্বশেষে, অবশেষে; সম্প্রতি, ইদানিং।

تَأْخِير : বিলম্ব, মুলতবি।

مُؤَخَّر : পিছন, পশ্চাৎ, পশ্চাদংশ, পশ্চাদ্ভাগ; অবশিষ্টাংশ; বিলম্বিত।

مُؤَخَّراً : সম্প্রতি, ইদানিং, শেষে।



www.pathagar.com

مُتَأَخِّر : বিলম্বিত; পশ্চাদ্বর্তী, পশ্চাৎপদ, অনগ্রসর, অনুন্নত।

مُتَأَخِّرَات : বকেয়া, বাকি, পশ্চাতে ছেড়ে রাখা মহিলাগণ।

آخَى : (إِخَاء، مُؤَاخَاة) تَوَاخَى، ভ্রাতৃত্ব করা, ভাই-ভাই হিসাবে মেলামেশা করা, ভ্রাতৃরূপে গ্রহণ করা।

تَآخَى : ভাই কিংবা বন্ধুর ন্যায় আচরণ করা।

~تَوَخَّى : চাওয়া, অনুসন্ধান করা।

أَخ : (মূল اخو) ভাই; বন্ধু; সাথী; প্রতিবেশী । ব إِخْوَان، إِخْوَة

أُخْت : বোন, বান্ধবী, সঙ্গিনী । ব أَخَوَات

مُؤَاخَاة، أُخُوَّة، إِخَاوَة، إِخَاء : ভ্রাতৃত্ব, বন্ধুত্ব, সদ্ভাব।

أَخَوِيّ : ভ্রাতৃবৎ, বন্ধুসুলভ।

أَخَوِيَّة : ভ্রাতৃসংঘ।

أَخُور : আস্তাবল।

آخِيَّة، أَخِيَّة : অর্গলের কড়া, Ring bolt; বাঁধিবার সময় পশুর গলায় পরাইবার রশি, দায়েন। ব أَخَايَا

أَدَّ - ـُ : (أَدّ) ঘটা, আপতিত হওয়া; কষ্ট দেওয়া।

إِدّ، إِدَّة : দুর্দশা, দুর্ভাগ্য। ব إِدَد

أَدِيد : কঠিন, গুরুতর।

أَدُبَ - ـُ : (أَدَب) সুসভ্য হওয়া, ভদ্র হওয়া; রুচিসম্পন্ন হওয়া, সুশিক্ষাপ্রাপ্ত হওয়া।

أَدَبَ - : (أَدْب) آدَبَ، (إِيــدَاب) নিমন্ত্রণ করা; আপ্যায়ন করা, ভোজ প্রস্তুত করা।

أَدَّبَ : (تَأْدِيب) শিক্ষা দেওয়া; সংশোধন করা; শাসন করা; শাস্তি দেওয়া।

تَأَدَّبَ : (بادب) সুশিক্ষাপ্রাপ্ত হওয়া; সুসভ্য হওয়া।

أَدَب : নম্রতা, ভদ্রতা, সভ্যতা; কৃষ্টি; সুশিক্ষা; নৈতিকতা; সাহিত্য; মানবিকতা; শোভনতা। ব آدَاب

أَدَبِيّ : নৈতিক; নীতিবান, সাহিত্যিক; নম্র, ভদ্র।

آدِب : নিমন্ত্রণকারী, আপ্যায়নকারী; মেজবান।

أَدَبْخَانَة : স্নানকক্ষ, গোসলখানা ।

أَدِيب : (বি) সাহিত্যিক, লেখক, পণ্ডিত, (বিণ) শিক্ষিত; নম্র, ভদ্র, সভ্য । ব أُدَبَاء

تَأْدِيب : শিক্ষা; সংশোধন; শাসন; শাস্তি প্রদান।

تَأْدِيبِيّ : শিক্ষামূলক, শাস্তিমূলক, সংশোধনমূলক।

مَأْدُبَة : ভোজ, ভোজসভা, যিয়াফত।

مُؤَدِّب : শিক্ষক, সংশোধনকারী, শিষ্টাচার শিক্ষাদাতা।

مُؤَدَّب : শালীন, ভদ্র, সুশিক্ষাপ্রাপ্ত।

أُدْرَة : হার্নিয়া, অন্ত্রবৃদ্ধি রোগ; একশিরা।

بَحْرالأَدْرِيَاتِيك، الأَدْرِيَاتِيك : আদ্রিয়াটিক সাগর।

أَدَلَ - : (أَدْل) সারিয়া যাওয়া (ক্ষত, ঘা), টক দধি, অতি ভারি বোঝা।

أَدَمَ - : (أَدْم) মীমাংসা করা, বন্ধুত্ব স্থাপন করা; মসলাদি যোগে সুস্বাদু করা (খাদ্য)।

أَدِمَ - ـَ : (أُدْمَــــة) ـُ أَدُمَ، أَدِمَ পিঙ্গলবর্ণ হওয়া, গৌরবর্ণ হওয়া।

إِئْتَدَمَ : ভিজা থাকা (কাঠ)।

أَدَمَة، أَدَم : ত্বক, চর্ম।

إِدَام، أُدُم، أُدْم : মসলা, সালুন; জীবিকা; প্রধান ব্যক্তি, নেতা।

آدَم : আদম (আ) ।

إِبْن آدَم : আদম সন্তান, মানুষ।

آدَمِيّ : মানবিক; মানুষ। ব أَوَادِم

آدَمِيَّة : মানবিকতা, মনুষ্যত্ব।

أَدِيم : চামড়া, পাকা চামড়া; উপরিভাগ । ব آدِمَة، أُدُم

أَدِيم الأَرْض : ভূ-পৃষ্ঠ।

أَدِيم النَّهَار : সারাদিন।

أَدَاة : যন্ত্র, অস্ত্র; অব্যয়, উপসর্গ, অনুসর্গ (ব্যা) । ব أَدَوَات



www.pathagar.com

أَدَوَات : আসবাবপত্র; মনোহারী দ্রব্য, উপকরণসমূহ।

أَدَّى : দেওয়া, পরিশোধ করা; লইয়া যাওয়া, পরিচালিত করা; পালন করা, সম্পন্ন করা; ঘটানো।

~ إِلَى : পরিণামে, ফলশ্রুতিতে পৌছানো।

آدَى : (إِيدَاء) অস্ত্রে শক্তিশালী হওয়া বা করা।

آدَاه عَلَيْه : কাহারও বিরুদ্ধে কাহাকে সাহায্য করা।

تَأَدَّى : পৌছানো, উপনীত হওয়া; পরিচালিত হওয়া; নীত হওয়া; সম্পাদিত হওয়া, মীমাংসিত হওয়া।

إِسْتَأْدَى : আদায়ের দাবি করা; আদায় করা; সাহায্য চাওয়া।

أَدَاء، تَأْدِيَة : পরিশোধ; সম্পাদন; আদায়।

آدِيَة : কাঠামো, ছাঁচ।

مُؤْدٍ : অস্ত্রে শক্তিশালী।

إِذْ : (অ) যখন; যেহেতু; তখন।

إِذْمَا : যদি।

إِذْذَاكَ : যখন, যেহেতু, তখন; ফলে; অতএব।

إِذَا : (অ) যখন, যদি; হঠাৎ, তৎক্ষণাৎ।

إِلاَّ إِذَا : যতক্ষণ না।

إِذًا : ~ بِ হঠাৎ; তৎক্ষণাৎ।

إِذَامَا : যখন; যেহেতু; সময়ে ।

إِذَنْ، إِذًا : তাহা হইলে, অতএব, সুতরাং।

آذَار : মার্চ মাস।

أَذِنَ : ـَ (أَذَن) ~ إِلَى মনোযোগ দিয়া শ্রবণ করা, কর্ণপাত করা।

إِذْن ~ لِ : অনুমতি দেওয়া।

إِذْن : (أَذَانَة، أَذَان، أَذَن) ~ بِ জানা, অবহিত হওয়া।

أَذَّنَ : আযান দেওয়া।

آذَنَ : (إِيذَان) ঘোষণা করা; অবহিত করা; আবেদন করা; পূর্বাভাস দেওয়া।

إِسْتَأْذَنَ : অনুমতি চাওয়া, অনুমতি লওয়া।

إِذْن : অনুমতি; আদেশ, নির্দেশ; ইচ্ছা; লাইসেন্স।

إِذْن البَرِيد : পোস্টাল অর্ডার।

أُذْن، أُذُن : কান, কর্ণ; হাতল । ব آذَان

بِنْت الأُذُن : টনসিল।

أُذَيْنَة : কানের লতি, উপপত্র।

آذِن : সিগন্যাল।

أَذَان : আযান, নামাযের প্রতি আহ্বান, নির্ধারিত পদ্ধতিতে নামাযের সময় ঘোষণা।

مُؤَذِّن : মুয়ায্যিন, নামাযের প্রতি আহ্বানকারী।

مِئْذَنَة، مَأْذَنَة : আযান দিবার মিনার। ব مَآذِن

مَأْذُون : অনুমতিপ্রাপ্ত; ক্ষমতাপ্রাপ্ত।

أَذِيَ : ـَ (أَذًى، أَذَاة) تَـأَذَّى ক্ষতিগ্রস্ত হওয়া; আঘাতপ্রাপ্ত হওয়া; কষ্ট পাওয়া; ময়লাযুক্ত হওয়া; দূষিত হওয়া, নোংরা হওয়া ।

آذَى : (إِيذَاء) ক্ষতি সাধন করা; আঘাত দেওয়া, কষ্ট দেওয়া।

تَأَذَّى : বিরক্তি প্রকাশ করা; আহত বোধ করা, কষ্ট পাওয়া।

أَذِيَّة، أَذَاة، أَذًى : ক্ষতি, অনিষ্ট, কষ্ট, আঘাত; ময়লা।

مُؤْذٍ : যন্ত্রণাদায়ক, কষ্টদায়ক; অনিষ্টকর।

أَرَارُوط : এরারুট, শটি হইতে প্রস্তুত শিশু খাদ্য, পালো।

أَرِبَ : ـَ (أَرَب) بِ، أَرُبَ ـُ (إِرْب، أَرَابَة) فِي : দক্ষ হওয়া।

أَرَبَ : ـِ : আঁটা, শক্ত করা, কষিয়া বাঁধা (গিঁট)।

أَرَّبَ : উন্নত করা, দক্ষ করা; সচেতন করা; বুদ্ধিমান করা; কাটিয়া টুকরা টুকরা করা; মজবুত করা।

آرَبَ : (مُؤَارَبَة) প্রতিযোগিতার চেষ্টা করা।

آرَبَ : (إِيرَاب) عَلَى : বিজয়ী হওয়া।

تَأَرَّبَ : শক্ত হওয়া ( গিঁট ) ।

~ فِي : চেষ্টা করা, সংগ্রাম করা।



www.pathagar.com

~ عَلَى، فِي : কঠিন হওয়া, কষ্টসাধ্য হওয়া; কঠোর হওয়া।

أَرَب : আগ্রহ; প্রয়োজন; উদ্দেশ্য, লক্ষ্য; দক্ষতা। ব آرَاب، أرَاب

إِرْب : দক্ষ; অঙ্গ; প্রয়োজনীয় বস্তু। ব آرَاب

إِرْبًا إِرْبًا : (ক্রি, বিণ) টুকরা টুকরা করিয়া ।

إِرْبَة : দক্ষতা, নৈপুণ্য, বুদ্ধিমত্তা, চাতুর্য, নারীসঙ্গ স্পৃহা।

أُرْبَة : গিঁট । ব أُرَب

أُرَبِيَّة : কুঁচকি; টিউমার।

أَرِب، أَرِيب : চতুর, নিপুণ, দক্ষ, বুদ্ধিমান।

مَأْرَبَة، مَأْرَب : লক্ষ্য, উদ্দেশ্য, অভিলাষ, লক্ষ্যবস্তু, কাম্যবস্তু। ব مَآرِب

مَأْرِب : ইয়ামানের একটি শহর, সানা থেকে পূর্বদিকে অবস্থিত রাজধানী।

أُرْبِيَان : গলদা চিংড়ি, (shrimp).

أَرَّثَ : (تَارِيث) প্রজ্বলিত করা (অগ্নি)।

~ بَيْنَ : বিরোধ ছড়ানো।

إِرْث : (ورث) উত্তরাধিকার।

أُرْثَة، إِرَاث : ঘুঁটে ইত্যাদি শুষ্ক দাহ্যবস্তু।

أَرِجَ ـَ : (أَرِيج، إِرَج)، تَأَرَّجَ সুগন্ধ দ্রব্যের ঘ্রাণ লওয়া; সুরভিত হওয়া।

أَرَّجَ : উসকানি দেওয়া, উত্তেজিত করা।

أَرَج : (أَرِيجَة، أَرِيج) সুগন্ধি, সুগন্ধ দ্রব্য।

أَرِج : সুগন্ধ যুক্ত, সুরভিত।

أَرَّاج : ষড়যন্ত্রকারী, চক্রান্তকারী।

الأَرْجَنْتِين : আর্জেন্টিনা (দেশ)।

أُرْجُوَان : রক্তবর্ণ, লাল রঙ, লোহিতবর্ণ ফুলের গাছ।

أَرْجَأَ : (رجا) মুলতবি রাখা।

أَرَّخَ : (تاريخ)তারিখ দেওয়া; ইতিহাস লেখা।

تَارِيخ : তারিখ; সময়, কাল, যুগ; ইতিহাস, কাহিনী । ব تَوَارِيخ

خَتْمُ التَّارِيخ : তারিখ দেওয়ার সীলমোহর।

تَارِيخِيّ : ঐতিহাসিক।

مُؤَرِّخ : ইতিহাস লেখক, ঐতিহাসিক।

مُؤَرَّخ : তারিখ সম্বলিত।

أَرْخَبِيل : দ্বীপপুঞ্জ; দ্বীপপুঞ্জ সমন্বিত সমুদ্র, Archipelago.

إِرْدَبّ : শস্য পরিমাপের ধামাবিশেষ ( প্রায় ২৫০০ পাউন্ড ), প্রবাহ-নালা, কলপ। ব أَرَادِب

الأُرْدُنّ : জর্দান (দেশ); জর্দান নদী।

أَرْدُوَان : লিখিবার স্লেট।

أَرَزَ ـُ أَرِزَ ـَ : (أُرُوز، أَرْز) জড়সড় হওয়া, গুটাইয়া থাকা (সরীসৃপ); শীতল হওয়া (রাত)।

أَرْز، أَرْزَة : সিডার বৃক্ষ।

أَرُزّ، رُزّ : চাউল, ধান, ভাত ।

أَرِيز : শীতল, ঠাণ্ডা।

أَرَسَ ـِ : জমি চাষ করা।

إِرِّيس : যুবরাজ।

أَرِيس : চাষী।

أَرِسْطُقْرَاطِي : অভিজাত।

أَرَسْطَاطَالِيس، أَرَسْطُل : এরিস্টটল, আরাস্তু।

أَرَّشَ : (تاريش) বিরোধ লাগানো; যুদ্ধ বাঁধানো।

أَرْش : ক্ষতিপূরণ, রক্তমূল্য, জরিমানা । ব أُرُوش

أَرَضَ ـُ : (أَرْض) প্রচুর পরিমাণে তৃণ জন্মানো (ভূমি)।

أَرُضَ ـُ : (أَرَاضَة) তৃণসমৃদ্ধ বা তৃণাচ্ছাদিত হওয়া ( ভূমি )।

أَرَّضَ : মাটিতে পুঁতিয়া রাখা।

تَأَرَّضَ : মাটি আঁকড়াইয়া থাকা।

أَرْض : ভূমি; পৃথিবী; মাটি; ভূ-খণ্ড; ভূ-সম্পত্তি; দেশ; অঞ্চল । ব أَرَاضِي، أَرَضُون، أُرُوض

أَرَضَة : উইপোকা । ব أَرَض

أَرْضِيّ : মাটির, ভূমি সংক্রান্ত; পার্থিব।



www.pathagar.com

أَرْضِيّ شَوْكِيّ : সজিবিশেষ।

أَرْضِيَّة : মেঝ; তলদেশ; নিচতলা; ভিত্তি; পটভূমি; গুদাম-ভাড়া, বিলম্ব-শুল্ক, demurrage.

أَرِيض : উর্বর; বিস্তৃত; যোগ্য।

أُرْطَة : (মি) ব্যাটেলিয়ান। ব أُرَط

أُرْغُن : (গ্রী, সি ) অর্গান ( বাদ্যযন্ত্র)। ব أَرَاغِن

أُرْغُول : বাঁশি।

أَرَّفَ : (تَارِيف) সীমা নির্ধারণ করা, সীমাবদ্ধ করা।

أُرْفَة : সীমা, সীমানা। ব أُرَف

أَرِقَ : ـَ (أَرَق) ঘুম না আসা, ঘুম চলিয়া যাওয়া, বিনিদ্র রজনী যাপন করা।

أَرَّقَ : (تَارِيق) ঘুমাইতে না দেওয়া।

أَرَق : নিদ্রাহীনতা, অনিদ্রা।

أَرَقَان : পাণ্ডুরোগ, জন্ডিস।

أَرَقَة : শূককীট।

أَرَكَ : ـُ (أُرُوك) আরাক বৃক্ষের পাতা ভক্ষণ করা (উট)।

أَرِكَ : ـَ (أَرَك)، أَرِكَ আরাক চারণভূমিতে বিচরণ করা।

~ بِـ : অবস্থান করা।

أَرَاك : কোমল কাষ্ঠবিশিষ্ট, বৃক্ষবিশেষ, আরাক।

أَرِيكَة : সিংহাসন; পালঙ্ক; আরাম কেদারা, সোফা। ব أَرِيك، أَرَائِك

أَرْلَنْدَا : আয়ারল্যান্ড।

أَرَمَ : ـِ (أَرْم) সাবাড় করা, গিলিয়া ফেলা, গ্রাস করা (খাদ্য); ধ্বংস করা (শস্য); কামড়ানো।

إِرَم : ইরাম (আদ সম্প্রদায়ের প্রাচীন নগরীর নাম)।

أُرَّم : চর্বণদন্ত, পেষণদন্ত।

أَرَمَة، أَرْمَة، أُرْمَة : সাইনবোর্ড, প্রাচীর পত্র; বর্ম; সাঁজোয়া বাহিনীর পদমর্যাদা জ্ঞাপক প্রতীক বা ব্যাজ।

آرِمَة : দাঁত। ব أَوَارِم

أُرُومَة، أَرُومَة، أَرُوم : মূল; গাছের গোড়া।

مِئْرَم : দন্তমূল ।

أَرْمِينِيَا : আর্মেনিয়া (দেশ)।

أَرِنَ : ـَ (إِرَان، أَرِيـــن، أَرَن) প্রাণবন্ত হওয়া, চটপটে, সক্রিয়, তৎপর, দ্রুতগামী হওয়া।

إِرَان : পালকি; শবাধার; জানাযার খাট । ব أرن

~ مِئْرَان، : গুহা; আস্তানা, আড্ডা। ব مَآرِن

أَرُون، أَرِن : প্রাণবন্ত, চটপটে; সক্রিয়, তৎপর; দ্রুত।

أَرْوَنَانِيّ، أَرْوَنَان : কঠিন (দিন)।

أَرْنَب : খরগোশ।

أَرْنِيك، أُورْنِيك : (তু) আবেদন ইত্যাদির ফরম, নমুনা।

أُورُوبَّا، أُرُوبَّا : ইউরোপ।

أُورُوبِيّ، أُرُوبِيّ : ইউরোপীয়।

أَرَى : - (أَرْي) মধু উৎপাদন করা (মৌমাছি ); আস্তাবলে থাকা, আস্তাবলে থাকিতে অভ্যস্ত হওয়া (পশু) ।

أَرَّى : আস্তাবল নির্মাণ করা; পশু বাঁধিয়া রাখা।

أَرْي : মধু, মৌ।

آرِيّ : (বিণ ) আর্য জাতি।

آرِيَّة، آرِيّ : পশু বাঁধিবার খুঁটি; আস্তাবল। ব أَوَارِي

الآرِيَّة : আর্যভাষা, আর্যবৈশিষ্ট্য।

أَزَّ : ـُ (أَزِيز، أَزَاز، أَزّ) গুঞ্জন করা; গুন্ গুন্, বোঁ বোঁ, হিস্ হিস্, শাঁ শাঁ, শোঁ শোঁ, গর গর, ঠন্ ঠন্ ইত্যাদি অনুকার শব্দ করা; অস্পষ্ট শব্দ করা।

~ عَلَى : উত্তেজিত করা।

اِئْتَزَّ ~ مِن : উদ্বিগ্ন হওয়া, বিরক্তি বোধ করা।

أَزَّة : চাপ, ভিড়; বিশৃঙ্খলা, গোলমাল।

أَزِيز : মেঘ, বজ্র, গাড়ির চাকা, রান্নার হাঁড়ি ইত্যাদির ধ্বনি।

أَزَّأَ : পেট পুরিয়ে খাওয়ানো, খাওয়াইয়া পরিতৃপ্ত করা।

~ عَنْ : পরিত্যাগ করা।

أَزَالَ : (ازالة) বিলুপ্ত করা।

أَزَبَ - : (أَزْب) প্রবাহিত হওয়া (পানি)।

إِزْب : বেঁটে, গ্যাঁটা, গাঁট্টাগোট্টা (লোক)।

مِئْزَاب : নালা, নর্দমা, ড্রেন, পয়োনালী, পয়ঃপ্রণালী; ব مَآزِيب ব مِيزَاب ব مَيَازِيب; কাবাগৃহের ছাদের পানি নিষ্কাশনের নালি।

أَزَّجَ : (تازيج) খিলানযুক্ত ঘর নির্মাণ করা, লম্বা ঘর নির্মাণ করা।

أَزَج : খিলানযুক্ত ঘর, লম্বা ঘর; ছাদ।

أَزَحَ - : (أُزُوح)، تَأَزَّحَ বিলম্বিত হওয়া, পশ্চাদ্বর্তী হওয়া।

أَزُوح : বিলম্বিত, পশ্চাদ্বর্তী।

أَزْدَرَخْت، آزَادَرَخْت : (ফা) লাইলাক (পারস্যের ফুলগাছবিশেষ)।

أَزْد : ইয়ামানের একটি গোত্র।

ازَاذَ : উত্তম খেজুর।

أَزَرَ - : (أَزْر) উদ্ভিদ পরিপুষ্ট হওয়া।

~ ب পরিবেষ্টন করা।

أَزَّرَ : (تازير) শক্তিশালী করা, সুদৃঢ় করা; আবৃত করা; পরিধান করানো।

آزَرَ : (مُوَازَرَة) শক্তিশালী করা, সাহায্য করা, সমর্থন করা।

تَأَزَّرَ، إِتْتَزَرَ، إِتَّزَرَ ~ ب : কটিবন্ধনী দ্বারা বাঁধা; ইযার পরিধান করা; আচ্ছাদিত হওয়া।

تَآزَرَ : একে অপরকে সাহায্য করা; শক্তি সমন্বিত করা।

أَزْر : শক্তি; সমর্থন; কোমর।

إِزْر : পর্দা; মূল।

إِزَار : ক্ষুদ্র পর্দা; পরিচ্ছদ, লুঙ্গি; আচ্ছাদন; ইযার। ব أُزُر

مِئْزَر، مِئْزَرَة : ইযার; আচ্ছাদন; পর্দা; এপ্রোন। Apron. ব مَآزِر

مُؤَازَرَة : সাহায্য; সমর্থন, পৃষ্ঠপোষকতা করা।

تَآزُر : পারস্পরিক সাহায্য-সহযোগিতা; সমন্বয়সাধন।

أَزْرَق : (زرق) নীল।

أَزِفَ - : (أُزُوف، أَزَف) إِلَى ~ দ্রুত আসিয়া পড়া; নিকটে আসা, ঘনাইয়া আসা (সময়)।

تَآزَفَ : কাছাকাছি আসা।

أَزَف : অনটন, অসচ্ছলতা।

أَزَفَى : দ্রুত পদক্ষেপ।

آزِفَة : শেষ বিচারের দিন, কিয়ামত।

أَزَقَ - : (أَزْق)، تَأَزَّقَ সংকীর্ণ হওয়া।

مَأْزِق : সংকীর্ণ স্থান বা পথ; গিরি-সংকট; প্রণালী; যুদ্ধক্ষেত্র; সংকট। ব مَآزِق

أَزَلَ - : (أَزْل)، تَأَزَّلَ সংকটে পড়া।

أَزَل، أَزَلِيَّة : অনন্তকাল; নিত্যতা, চিরন্তনতা।

أَزَلِيّ : চিরন্তন, শাশ্বত, নিত্য, অনাদি।

أَزْل : তীব্র যন্ত্রণা, সংকট।

أَزِل : অস্বচ্ছন্দ, বদ্ধ।

أَزَمَ - : (أُزُوم، أَزْم) কামড়ানো; ধ্বংস করা।

~ عَلَى، ب : সংরক্ষণ করা।

~ عَلَى : বন্ধ্যা হওয়া, দুর্ভিক্ষপূর্ণ হওয়া (বৎসর)।

تَأَزَّمَ : সংকটময় হওয়া।

أَزْمًا : হাঁপানি রোগ, (Asthma).

أَزْمَة : অভাব, দুর্ভিক্ষ, দারিদ্র্য; জরুরী অবস্থা, সংকট; ক্রান্তিলগ্ন; রোগের আক্রমণ। ব أَزَمَات، أَوَازِم، إِزَم

إِزْمِيل : (زمل) বাটালি। ব أَزَامِيل

أَزُوت : নাইট্রোজেন, যবক্ষারজান; Agote.

آزَى : (مُوَازَاة) آزَى، সম্মুখবর্তী হওয়া, সামনা-সামনি হওয়া; বিরোধিতা করা, মুকাবিলা করা।

إِزَاءَ : সামনে, সম্মুখে, বিপরীত দিকে।

أَسَّسَ : (تأسيس) স্থাপন করা, ভিত্তি স্থাপন করা।

تَأَسَّسَ : স্থাপিত হওয়া।

أُسٌّ : ভিত্তি, প্রাচীর; সংখ্যার শক্তিজ্ঞাপক প্রতীক, Exponent (গণিত); সামান্য পরিমাণ ছাই।

أَسَسٌ : ভবনের ভিত্তি। ব آسَاس , أَسَاسَات

أَسَاس : ভিত্তি; মূল; মূল সুর, স্বরলিপি (সংগীত)। ব أُسُس

أَسَاسِي : মৌলিক, মূল, প্রধান।

تَأْسِيس : ভিত্তি স্থাপন; প্রতিষ্ঠান।

مُؤَسِّس : ভিত্তি স্থাপনকারী, প্রতিষ্ঠাতা।

مُؤَسَّسَة : প্রতিষ্ঠান; সংগঠন; সংস্থা। ব مُؤَسَّسَات

أَسْبَانِيَا : স্পেন।

أُسْبُوع : সপ্তাহ (سبع)

إِسْت : পাছা (سته)

إِسْتَاد : (ফ) স্টেডিয়াম ।

أُسْتَاذ : শিক্ষক; অধ্যাপক। ব أَسَاتِذَة، أَسَاتِيذُ

الآسْتَانَة، إِسْتَانْبُول : ইস্তাম্বুল, বস্পোরাসের উত্তর তটস্থ তুরস্কের বিখ্যাত শহর।

إِسْتَبْرَق : (برق) মোটা রেশমি বস্ত্র, কিংখাব; বুটিতোলা রেশমি বস্ত্র।

استثناء : (ثنى) পৃথক করা, বাদ দেওয়া।

إِسْتَرَاتِيجِيّ : রণচাতুর্য সংক্রান্ত।

إِسْتَرَاتِيجِيَّة : স্ট্রাটেজী, রণচাতুর্য।

أُسْتُرَالِيَا : অস্ট্রেলিয়া।

إِسْتَرْلِينِيّ : (বিণ) স্টার্লিং।

أَسْتِسْقَاء : (سقى) পানি সেঁচ প্রার্থনা করা, জলোদরি রোগে অবিরত পানি পান করা, জলদান।

إِسْتِعَارَة (عور) : ধার করা।

إِسْتِمَارَة، إِسْتِثْمَارَة : (أمر) ফরম।

إِسْتُودِيُو : স্টুডিও । ব إِسْتُودِيُوهَات

أَسْتِيك : (ফ) ইরেজার, مَاسِحَة

~ أَسَدَ - : (أَسْد) أَسَّدَ، آسَدَ (إِيسَاد) লেলাইয়া দেওয়া (কুকুর); সাহস দেওয়া।

آسَدَ : ~ بَيْنَ ঝগড়া লাগানো।

تَأَسَّدَ، إِسْتَأْسَدَ : সিংহের ন্যায় সাহসী হওয়া; দুরন্ত হওয়া; শক্তিশালী হওয়া।

أَسَد : সিংহ। ব أُسُود، آسَاد، أُسْد، أُسُد উভয়লিঙ্গ। স্ত্রী লিঙ্গে أسدة ও ব্যবহৃত হয়।

الأَسَد : সিংহরাশি।

دَاءُ الأَسَد : কুষ্ঠরোগ, Leprosy.

أَسِد : সাহসী।

مَأْسَدَة : সিংহের আবাসস্থল । ব مآسد

أَسَرَ - : (إِسَارَة، أَسْر) : বাঁধা, বন্দী করা; গ্রেপ্তার করা; সৃষ্টি করা।

أَسَّرَ (تَاسِير) : শক্ত করিয়া বাঁধা।

إِسْتَأْسَرَ : আত্মসমর্পণ করা, গ্রেপ্তার বরণ করা।

إِسَار، أَسْر : চামাটি, স্ট্রাপ, (Strap); বন্দিদশা, গ্রেপ্তার।

بِأَسْرِهِ : সম্পূর্ণভাবে, পুরাপুরি।

أُسْر : মূত্রবদ্ধতা।

أُسْرَة : পরিবার; বংশ; আত্মীয়-স্বজন। ব أُسَر

تَنْظِيم الأُسْرَة : পরিবার-পরিকল্পনা।

آسِر : গ্রেপ্তারকারী।

أَسِير : বন্দি, যুদ্ধবন্দি, ব أُسَرَاء، أَسَارَى، أُسَارَى

إِسْرَائِيل : ইসরাঈল। হযরত ইয়াকূব (আ)-এর হিব্রু নাম।

بَنُو إِسْرَائِيل : ইহুদী জাতি।

إِسْرَافِيل : ইসরাফীল (আ), কিয়ামতের শিঙ্গা ফুঁকদানকারী ফিরিশ্তা।

أُسْرُب : সীসা, সীসক।

إِسْطَبْل : আস্তাবল।

أُسْطُوَانَة : স্তম্ভ, থাম; ইঞ্জিনের সিলিন্ডার; গ্রামোফোন রেকর্ড; বিশিষ্ট ব্যক্তি। ব أَسَاطِين

أُسْطُورَة : (سطر) কাহিনী।

أُسْطُول : রণপোত বহর। ব أَسَاطِيل

أُسْطَى، أُوسْطَى : ইঞ্জিন চালক; কাপ্তান; দলের সর্দার; পাচক।



www.pathagar.com

أَسِفَ - َ أَسَفَ : (أَسَف) عَلَى ،تَأَسَّفَ দুঃখ করা, দুঃখ অনুভব করা, দুঃখিত হওয়া; রাগান্বিত হওয়া।

آسَفَ : (إِيسَاف) দুঃখ দেওয়া; যন্ত্রণা দেওয়া; রাগান্বিত করা।

تَأَسُّف، أَسَف : দুঃখ।

أَسِف، آسِف، أَسِيف، أَسُف : দুঃখিত, অনুতপ্ত; অনুর্বর (জমি)।

أَسُوف : দুঃখিত; স্পর্শকাতর।

مُتَأَسِّف : দুঃখিত, লজ্জিত, অনুতপ্ত।

يَاأَسَفَاه، وَاأَسَفَاه : হায়! আফসোস! আহ!, কী মর্মান্তিক!

أَسْفَل : (سفل) নিম্ন।

أَسْفَلْت : আলকাতরার ন্যায় কালো পদার্থবিশেষ।

إِسْفَنْج : স্পঞ্জ, (Sponge).

أُسْقُف : (سقف) বিশপ।

إِسْكَارَة : গ্রীল, লোহার ঝাঁঝরি।

إِسْكَاف : (سكف) মুচি।

إِسْكُتْلَنْدا : স্কটল্যান্ড।

إِسْكَرْبُوط : স্কার্ভি, রোগবিশেষ ।

أُسْكُفَّة : দরজার চৌকাঠ, (Threshold), দ্বারপথ (سكف)

إِسْكِلَة : বন্দর।

إِسْكُمْلَة : গোলটুল।

إِسْكَنْدَر : আলেকজান্ডার।

الاِسْكَنْدَرِيَّة : আলেকজান্দ্রিয়া।

أَسْكِيم : পাদরির আলখেল্লা।

إِسْكِيمُو : উত্তর মেরু অঞ্চলের এস্কিমো জাতি।

أَسُلَ - ُ أَسَلَ : (أَسَالَة)، (أَسَل) - َ أَسِلَ : আয়ত, পরিপূর্ণ ও মসৃণ হওয়া ( চেহারা)।

أَسَّلَ : (تَأْسِيل) ধারালো করা, তীক্ষ্ণ করা।

تَأَسَّلَ : অনুরূপ হওয়া।

أَسَل : নলখাগড়া; বল্লম।

أَسَلَة : কাঁটা; পেরেক; তীক্ষ্ণ অগ্রভাগ; জিহ্বার অগ্রভাগ; কনুই হইতে আঙ্গুলের ডগা পর্যন্ত হাতের অংশ (forcarm).

أُسْلُوب : (سلب) পদ্ধতি ব أَسَالِيبُ

أَسِيل : ডিম্বাকার; মসৃণ (চেহারা)।

مُؤَسَّل : সুতীক্ষ্ণ, ধারালো।

إِسْم : (سمو) নাম ব أَسْمَاءُ

أُسَامَة : সিংহ।

إِسْمَاعِيل : ইসমাঈল (আ)।

إِسْمَاعِيلِيَّة : ইসমাঈলিয়া– (সুয়েজখালের তীরবর্তী মিসরীয় বন্দর), শিয়াদের একটি মতবাদ।

أَسْمَر : (سمر) পিঙ্গল, (Brown)

إِسْمَنْت : সিমেন্ট।

تَأَسَّنَ (أَسَن) - َ أَسِنَ، (أُسُون، أَسْن) : - ُ أَسَنَ দূষিত হওয়া, লবণাক্ত হওয়া ( পানি ); পচিয়া যাওয়া।

آسِن : দূষিত, বদ্ধ, লবণাক্ত (পানি); পচা।

أَسَا : (أَسًا، أَسْو) : - ُ أَسَا : শুশ্রূষা করা, চিকিৎসা করা, আরোগ্য করা; সান্ত্বনা দেওয়া।

~ بَيْنَ : শান্তি স্থাপন করা।

أَسِيَ - : (أَسًى) : কাহারও নিকট কিছু রাখিয়া যাওয়া।

أَسَّى : সান্ত্বনা দেওয়া; শুশ্রূষা করা।

آسَى : (مُؤَاسَاة) ভাগ দেওয়া; উদার হওয়া; সান্ত্বনা দেওয়া, সমবেদনা জানানো; সহযোগিতা করা, সাহায্য করা।

تَأَسَّى : নিজেকে সান্ত্বনা দেওয়া; ধৈর্যধারণ করা।

تَآسَى : ভাগাভাগি করিয়া লওয়া; সহযোগিতা করা; একে অপরকে সান্ত্বনা দেওয়া।

إِتَّسَى ~ ب : অনুসরণ করা।

إِسْوَة، أُسْوَة : উদাহরণ, নমুনা, আদর্শ; সান্ত্বনা।

أُسُوّ، إِسَاء : ঔষধ । ব آسِيَة

آسٍ : চিকিৎসক । ব أُسَاة، إِسَاء

أَسْوَان : আস্ওয়ান, মিসরের একটি প্রদেশ।



www.pathagar.com

سَدّ أَسْوَان : আসওয়ান বাঁধ।

أَسْوَد : (سور) কালো।

أَسْوِرَة : (سور) চুড়ি, Bracelit

آسِيّ : মৌচাকের মধু।

آسِيَة : বুনিয়াদ, স্তম্ভ। ব أَوَاسٍ

تَأْسِيَة : সান্ত্বনা, প্রবোধ।

مَأْسَاة : বিষাদাত্মক ঘটনা, বিয়োগান্ত নাটক।

مُؤْس : দুঃখজনক, দুঃখদায়ক।

مُؤَاسَاة : সান্ত্বনা, সমবেদনা; উদারতা।

أَسِيَ : ـَ (أَسًى) ~ عَلَى দুঃখিত হওয়া।

أَسًا، أَسًى : দুঃখ; ব্যথা; শোক।

آسِيَا : এশিয়া।

آسِيَا الصُّغْرَى : এশিয়া মাইনর।

أَشّ : শুকনা রুটি।

أ . ش . أ : ـَ أَنْبَاء الشَّرْق الأَوْسَط : মধ্যপ্রাচ্য সংবাদ সংস্থা, (Middle East News Agency. MENA).

أَشَبَ : ـَ (أَشْب)، تَأَشَّبَ একত্রে পাকাইয়া যাওয়া, জট পাকান।

اِئْتَشَبَ، تَأَشَّبَ : (اِئْتِشَاب، تَأَشُّب) একত্রিত হওয়া, সংমিশ্রিত হওয়া (জনতা)।

أَشِب : (বিণ) সংমিশ্রিত, একত্রে পাকাইয়া কিংবা জড়াইয়া গিয়াছে এমন।

أَشَب : ঝোপ; প্রতিবন্ধকতা।

أُشَابَة : নিম্নশ্রেণীর লোক, হালাল ও হারাম সম্পদের সংমিশ্রণ । ব أَشَائِب

أَشِرَ : ـَ (أَشَر) : প্রফুল্ল হওয়া, আনন্দিত হওয়া, উচ্ছ্বলিত হওয়া, দম্ভ করিয়া চলা।

~ : ـُ (أَشْر) করাত দিয়া কাটা; ধার দেওয়া।

أَشَّرَ : (تَأْشِير) ধার দেওয়া; টীকা লেখা, টীকাযুক্ত করা, মন্তব্য লেখা; চিহ্নিত করা; নথিভুক্ত করা; ভিসা দেওয়া।

أَشَر : প্রফুল্লতা, হাসিখুশি ভাব; উচ্ছ্বাস; উচ্ছৃঙ্খলতা; ঔদ্ধত্য।

أَشِر : প্রফুল্ল, হাসিখুশি; উচ্ছ্বসিত; উচ্ছলিত, উচ্ছৃঙ্খল; ঔদ্ধত্য। ব أَشَارَى، أَشْرُوْن، أُشَرَانُ

أُشَرَة : দাঁতের চাকচিক্য। ব أُشَر

مِئْشَر : ফড়িং-এর পা।

مِئْشَار : করাত। ব مَآشِير، مَوَاشِير

تَأْشِيرَة : ভিসা। ব تَأْشِيرَات

تَأْشِيرَة دُخُول : প্রবেশ ভিসা, (Entry visa).

تَأْشِيرَة خُرُوج : বহির্গমন ভিসা, (Exit visa).

تَأْشِيرَة مُرُور، تَأْشِرَة إِجْتِيَاز : ট্রানজিট ভিসা, (Transit visa).

أَشْفَى : তুরপুন, মুচির সেলাই যন্ত্র। ব أَشَافِي

تَأَشَّنَ : পটাশ দ্বারা ধৌত করা।

إِشْنَان، أُشْنَان : পটাশ, ক্ষার।

أُشْنَة : শেওলা।

أَشُور : এ্যাসেরিয়া।

أَشُورِيّ : এ্যাসেরীয়।

أَصَّ : ـُ (أَصّ) : ভাঙা বা দুর্বল করা।

أَصَّصَ : (تَأْصِيص) শক্ত করা, সুদৃঢ় করা।

أَصِيص : মৃৎপাত্র; ফুলের টব । ব أُصُص، أَصَائِص

أُصَيْصَة : সংলগ্ন ঘরসমূহ।

أَصْبَحَ : (اصباح) হওয়া, পরিণত হওয়া (صبح)

أَصَّدَ : থামাইয়া দেওয়া, বন্ধ করিয়া দেওয়া; খাটো পোশাক পরিধান করানো।

أَصَدَ، أَوْصَدَ : থামাইয়া দেওয়া, বন্ধ করিয়া দেওয়া।

أُصْدَة : টাকার (Tucker), আস্তিনশূন্য খাটো পোশাকবিশেষ । ব أُصُد، أَصَاد

مُؤْصَد : রুদ্ধ।

أَصَرَ : ـِ (أَصْر) : (তাঁবুর) খুঁটি পোঁতা।

آصَرَ : (مُؤَاصَرَة) নিকটবর্তী হওয়া, সংলগ্ন হওয়া।

إِصْر : বোঝা, ভার; অপরাধ; বন্ধন; চুক্তি। ব آصَار

إِصَار : তাঁবুর খুঁটি। ব أُصُر، آصِرَة

آصِرَة : বন্ধন; বাধ্যবাধকতা; সম্পর্ক । ব أَوَاصِر

مَأْصِر، مَأْصِرَة : মাশুল বা শুল্ক আদায়ের ফটক। ব مَآصِر، مَوَاصِر

إِصْطَبْل : আস্তাবল । ব إِصْطَبْلَات



www.pathagar.com

أَصُلَ - ُ : (أَصَالَة) শক্ত হওয়া, দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হওয়া; সদ্বংশীয় হওয়া।

أَصَّلَ : (تَأْصِيل) মূল স্থাপন করা; প্রতিষ্ঠিত করা, সুদৃঢ় করা; সদ্বংশীয় মনে করা।

تَأَصَّلَ : শিকড় গাড়া, শক্ত হওয়া, দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হওয়া ।

~ مِن : উদ্ভূত হওয়া।

اِسْتَأْصَلَ : (اِسْتِئْصَال) উপড়াইয়া ফেলা, মূলোৎপাটন করা, নিড়ানো; সমূলে ধ্বংস করা; দৃঢ়মূল হওয়া; অপসারণ করা।

اِسْتَأْصَلَ شَأْفَتَهُ : সমূলে ধ্বংস করা, মূলোৎপাটন করা।

أَصْل : মূল; বংশ-গৌরব, মূলনীতি; শিকড়; উৎস; কারণ; ভিত্তি; মূলধন। ব أُصُول

أَصْلاً : প্রধানত, মূলত, একেবারেই, কোনক্রমেই, আসলে।

أَصْلِيّ : মূল, মৌলিক, প্রধান; আদিম, প্রাথমিক, প্রারম্ভিক; খাঁটি, প্রকৃত; নিয়মিত।

عَدَد أَصْلِيّ : মৌলসংখ্যা।

كَلِمَة أَصْلِيَّة : মূল শব্দ।

السُّكَّان الأَصْلِيُّون : আদিম অধিবাসী, উপজাতি (Aborigines).

أَصَلَة : বিষধর সর্প। ব أَصَل

أَصَالَة : দৃঢ়তা; মহত্ত্ব; আভিজাত্য; বিশুদ্ধতা।

أَصَالَة الرَّأْي : সঠিক রায়, রায় সঠিক হওয়া।

بِالإِصَالَة عَنْ : পক্ষ হইতে।

أُصُول : বিধানমালা, নিয়মাবলি।

أُصُولُ الكِتَاب : মূলগ্রন্থ, পাণ্ডুলিপি।

أُصُولِيّ : মৌলিক, নিয়মিত; যথাযথ; প্রচলিত; আইনানুগ; নীতিবান ।

أَصِيل : খাঁটি; অভিজাত; মৌলিক, প্রকৃত; সুদৃঢ়; শক্ত; স্বদেশ জাত; ভালো জাতের, সায়াহ্ন, গোধূলি, সূর্যাস্তের পূর্বক্ষণ, সন্ধ্যা। ব أَصَلاً، أُصْلاَن، أَصَائِل، آصَال، أُصُل

أَصِيلُ العَقْلِ : প্রকৃত জ্ঞানী।

تَأْصِيلَة : বংশ-বৃত্তান্ত, বংশ তালিকা।

اِسْتِئْصَال : মূলোৎপাটন, সমূলে ধ্বংস; অপসারণ।

مُؤَصَّل : উত্তম বংশোদ্ভূত।

مُتَأَصِّل : শক্ত, সুদৃঢ়, দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত; দুরারোগ্য (ব্যাধি)।

أَصَمّ : (صَمَم) বধির, ব صم

أَضَّ - ُ : (أَضّ) বাধ্য করা, জোর করা।

إِضَاض : আশ্রয়স্থল ।

إِضَاءَة : (ضوء) আলো জ্বালানো।

أَطَّ - : (أَطِيط) মট্‌মট্ শব্দ করা (জিন); বিলাপ করা, আর্তনাদ করা (উট)।

أَطِيط : উষ্ট্রের বিলাপ বা আর্তনাদ; জিনের মট্‌মট্ শব্দ।

أَطَرَ - ُ : (أَطْر) أَطَّرَ (تطرئة) নোয়ানো, বাঁকানো, পরিবেষ্টন করা।

اِنْأَطَرَ، تَأَطَّرَ : বক্র হওয়া, নুইয়া যাওয়া।

إِطَار : কাঠামো; পরিধি, আওতা; বৃত্ত, বেড়; টায়ার। ব أُطُر، إِطَارَات

إِطَارٌ : চাকার বেড়।

أَطِير : দোষ, অপরাধ।

أَطْرُغُلَّة : বন্য ঘুঘুবিশেষ।

أُطْرُوحَة : গবেষণা সন্দর্ভ (Thesis)।

إِطْل : পার্শ্বদেশ। ব آطَال، أَيْطَل ব أَيَاطِل

المُحِيط الأَطْلَسِي، الأَطْلَنْطِيق، الأَطْلاَنْتِيك : আটলান্টিক মহাসাগর।

أَطْلَس : সাটিন (বস্ত্র); মানচিত্র, Atlas.

أَطْلَنْطِيّ، أَطْلَسِيّ : (বিণ) আটলান্টিক সম্বন্ধীয়।

الحِلْف الأَطْلَنْطِيّ، الحِلْفُ الأَطْلَسِيّ : আটলান্টিক চুক্তি।

تَأَطَّمَ : স্ফীত হওয়া (ঢেউ), উপরের দিকে উঠা (অগ্নিশিখা)।

~ عَلَى : অত্যন্ত ক্রুদ্ধ হওয়া।

أُطُم : দুর্গ । ব آطَام، أُطُوم

أَطَمَة : অণু, Atom.

أُطُوم : সামুদ্রিক কচ্ছপ । ব أُطُم، آطَمَة

أَطِيمَة : ঘর গরম করিবার জন্য আগুন রাখিবার স্থান, Fire place.

أُظْفُور : (ظفر) নখ।

أَعْرَب، أَعْرَاب : (عرب) আরবের মরুবাসী।

أَعْرَج : (عرج) খঞ্জ।

الإِغْرِيق : (বি) গ্রীক । ব الأَغَارِقَة

إِغْرِيقِيّ : (বিণ) গ্রীক জাতি, গ্রীসীয়, গ্রীস দেশীয়।

أَغُسْطُس : আগস্ট মাস।

أَغُسْطُوس : প্রথম রোমান সীজার (তাহার শাসনামলে ঈসা [আ] জন্মগ্রহণ করেন)।

تَأَفَّفَ : অসন্তোষ প্রকাশ করা।

أُفّ : ময়লা (নখ, কান বা নাকের)।

أُف : (অ) ধিক, আহ!

أَفَفٌ، تَأَفُّف : অসন্তোষ, অসন্তোষে উচ্চারিত বিড়বিড় ধ্বনি।

إِفَف، إِفّ، أَفَّان، إِفَّان : সময়।

أَفَادَ : (فادة) উপকার করা; (فود) অবহিত করা।

أَفَدَ - َ : (أفد) ত্বরা করা, তাড়াহুড়া করা।

أَفَرَ - ِ : (أفر، أفور) চটপটে হওয়া, চঞ্চল হওয়া, সক্রিয় হওয়া।

أَفَار، مِئْفَر : দ্রুত, চটপটে, সক্রিয়, চঞ্চল।

الإِفْرَنْج : ফিরিঙ্গী, ইউরোপীয়।

بِلاَد الإِفْرَنْج : ইউরোপ।

إِفْرَنْجِي : ফিরিঙ্গী, ইউরোপীয় ।

إِفْرَنْسِي : (فرنسا) ফরাসী দেশীয়।

أَفْرُوآسِيَوِيّ : আফ্রোয়েশীয়।

إِفْرِيز : (فرز) কার্নিস; প্রান্ত; প্লাটফর্ম। ব أَفَارِيز

أَفْرِيقِيَا، إِفْرِيقِيَا، أَفْرِيقَا : আফ্রিকা।

أَفْرِيقِيّ : আফ্রিকার অধিবাসী, আফ্রিকা মহাদেশীয়।

إِفْسَنْتِين، أَفْسَنْتِين : (গ্রীক) তিক্ত উদ্ভিদবিশেষ, (Wormwood).

أَفْسِيت، أُوفْسِيت : অফসেট (টাইপ)।

الأَفْغَان : আফগান।

أَفْغَانِسْتَان : আফগানিস্তান।

أَفْغَانِيّ : আফগানি, আফগান দেশীয়।

أَفَقَ - ِ : (أفق) পাকা করা (চামড়া), ইতস্তত ঘুরিয়া বেড়ানো।

أَفَقَ - َ : (أفق) عَلَى গুণ, কৃতিত্ব ইত্যাদিতে অধিকতর শ্রেষ্ঠ হওয়া।

أُفْق، أُفُق : প্রান্ত, দিগন্ত; দৃষ্টিসীমা । ব آفَاق

أُفُقِيّ : সমান্তরাল।

أَفِق، أَفِيق : বিশেষজ্ঞ।

آفَاق : দূরবর্তী অঞ্চল; গ্রামাঞ্চল ।

أَفِيق : পাকা করা (চামড়া) । ব أَفَق، آفِقَة

أَفَّاق : ভবঘুরে; পর্যটক; দুঃসাহসিক অভিযানকারী।

مِنْفَاق : ডুবো জাহাজাদি হইতে উপরের জিনিস দেখিবার জন্য আয়নাযুক্ত যন্ত্রবিশেষ, পেরিস্কোপ, Periscope.

أَفَكَ، أَفِكَ - َ : (أَفْك، إِفْك، أَفَك) মিথ্যা বলা।

أَفَكَ عَنْ : বিরত রাখা।

إِئْتَفَكَ : উল্টাইয়া যাওয়া।

أُفِكَ : নীরস হওয়া, অনুর্বর হওয়া (মাটি); দুর্বলচিত্ত হওয়া।

أَفْك، إِفْكَة، أَفِيكَة : (বি) মিথ্যা কাহিনী, অপবাদ।

أَفِك، أَفَّاك : মিথ্যুক।

سَنَة آفِكَة : দুর্ভিক্ষের বৎসর । ব أَوَافِك، أَفَائِك

أَفِيك، مَأْفُوك : অপদার্থ; দুর্বলচিত্ত।

أَرْض مَأْفُوكَة : অনুর্বর জমি।

المُؤْتَفِكَات : ধ্বংসাত্মক ঝড়ো হাওয়া, ঝড়, ঘূর্ণিঝড়।

أَفَلَ - ُ : (أُفُول) অস্ত যাওয়া, ডুবিয়া যাওয়া (গ্রহ-নক্ষত্র ), অদৃশ্য হওয়া।

أَفَلَ - ُ : (أُفُول)، أَفِلَ - َ (أَفَل) শুকাইয়া যাওয়া, দুগ্ধহীন হইয়া পড়া।

آفِل : বিলীয়মান, অস্তগামী।



www.pathagar.com

أَفِيل : কম বয়সী উট। ব أَفَائِل، إِفَال

أَفْلَاطُون : প্লেটো।

أَفْلَاطُونِيّ : প্লেটো সম্বন্ধীয়।

أَفْلَاطُونِيَّة : প্লেটোর মতবাদ ।

أَفَنَ - : (أَفْن) অসময়ে দোহন করা (উষ্ট্রী)।

أَفِنَ - : (أَفَن) নির্বোধ হওয়া; দুর্বলচিত্ত হওয়া; সামান্য পরিমাণ দুধ দেওয়া (উষ্ট্রী)।

تَأَفَّنَ : কমিয়া যাওয়া; যাহা নাই তাহা লইয়া দম্ভ করা।

أَفْن، أَفَن : নির্বুদ্ধিতা।

مَأْفُون، أَفِين : বোকা, নির্বোধ, দুর্বলচিত্ত।

أَفَنْدِيّ : (তু) মিস্টার, (Mr.) জনাব।

أَفِيش : প্লাকার্ড, পোস্টার, দেয়ালপত্র। ব أَفِيشَات

أَفْيُون : (ফা) আফিম।

أَفَة : (اوف) বিপদ।

أُقَّة : ওক্কা, ওজনবিশেষ; মিসরে ১২৪৮ কিলোগ্রাম এবং সিরিয়ায় ১২৮২ কিলোগ্রাম।

أُقْحُوَان : (قحو) এক জাতীয় ফুল, (Daisy).

الأَقْرَبَاذِين : ভেষজবিদ্যা, ঔষধবিজ্ঞান।

أَقَطَ - : (أَقْط) পনির দিয়া সাজানো (থালা); পনির খাইতে দেওয়া।

أُقْط، أَقْط، إِقِط، إِقْط، أَقُط، أَقِط، أَقَط : পনির।

أَقِط، أَقِيط : ভারী ও অপাচ্য (খাদ্য)।

مَأْقِط : যুদ্ধক্ষেত্র।

إِقْلِيد : (قلد) চাবি। ব أَقَالِيد

إِقْلِيم : অঞ্চল, এলাকা, প্রদেশ; জেলা; জলবায়ু। ব أَقَالِيم

أُقْنَة : পর্বতশীর্ষে সরু মুখবিশিষ্ট গর্ত। ব أُقَن

إِقُونَة : (গ্রী) গির্জার মূর্তি, প্রতিমা।

أُقْنُوم : খ্রিস্টীয় ত্রিত্ববাদের অন্যতম সত্তা, পবিত্রাত্মা। ব أَقَانِيم

أُقْيَانُوسِيَّة : ওশিয়ানিয়া।

أَكَّ - ُ : (أَكّ) গরম ও বাতাসবিহীন হওয়া (দিবা ভাগে)।

أَكِيك : গরম ও বাতাসবিহীন।

أَكَادِيمِيّ : একাডেমি, (Academy).

أَكَادِيمِيَّة : একাডেমি Academic.

أَكْتُوبَر : অক্টোবর মাস।

أَكَّدَ : (تَأْكِيد) জোরদার করা, নিশ্চিত করা, সমর্থন করা, সত্য প্রতিপন্ন করা; দৃঢ়ভাবে ঘোষণা করা, নিশ্চিতভাবে জানানো; নিশ্চয়তা দেওয়া, জোর দেওয়া; সত্য বলিয়া স্বীকার করা।

تَأَكَّدَ : নিশ্চিত হওয়া, সত্য প্রতিপন্ন হওয়া, জোরদার হওয়া, সত্য বলিয়া প্রমাণিত হওয়া; জরুরি হওয়া।

أَكِيد : নিশ্চিত; দৃঢ়; জরুরি বিষয় বা বস্তু ।

تَأْكِيد : নিশ্চয়তা, দৃঢ়তা, জোর, আস্থা।

مُؤَكَّد : নিশ্চিত বিষয় বা বস্তু।

مُؤَكِّد : বিশ্বাসকারী; নিশ্চিতকারী, দৃঢ়তা প্রদানকারী।

أَكَرَ - : (أَكْر) تَأَكَّرَ، কর্ষণ করা, চাষ করা; খনন করা।

أَكَّار : কৃষক। ব أَكَّارُون، أَكَرَة

أُكْرَة : খেলিবার বল; পরিখা, চুয়ানো পানির গর্ত । ব أُكَر

أُكْرَةُ الْبَابِ : দরজার গোলাকার হাতল।

أَكْزِيمَا : বিখাউজ, Eczema.

أَكْسِبْرِيس : এক্সপ্রেস (ট্রেন)।

أَكْسَدَ : অক্সাইডযুক্ত করা, মরিচা ধরানো।

تَأَكْسَدَ : অক্সাইডযুক্ত হওয়া; মরিচাযুক্ত হওয়া, মরিচা ধরা।

أُوكْسِيجِين، أَكْسِيجِين : অক্সিজেন।

أُوكْسِيد، أَكْسِيد : অক্সাইড, অম্লজান-জারিত পদার্থ Oxide. ব أَكَاسِيد

إِكْسِير : অন্য ধাতুকে স্বর্ণে পরিণত করিবার বা আয়ু বাড়াইবার রসায়নবিশেষ, অমৃত সুধা Clixir.

أَكَفَ، آكَفَ (إِيكَاف، تَأْكِيف) পালান বাঁধা, জিন লাগানো।



www.pathagar.com

مَاكِم ব । مَاكَمَة : নিতম্ব

أَكُورْدِيُون : একরডিয়ন, Accordion, বাদ্যযন্ত্র-বিশেষ।

أَكُونِيت : একোনাইট, (Aconite)

أَلْ : নির্দিষ্টতা জ্ঞাপক প্রত্যয়; ব্যা Definite article.

أَلَّ : ـُ : (أَلّ) তাড়াতাড়ি করা, বিশ্রামহীন হওয়া; পরিষ্কার ও উজ্জ্বল হওয়া (রং); বর্শা দ্বারা আঘাত করা।

~ - - : (أَلِيل، أَلَل، أَلّ) গোঙ্গানো, কাতরানো।

أَلِلَ : ـَ : (أَلَل) : ক্ষয় হওয়া (দাঁত)।

أَلَّلَ : ধার দেওয়া, ধারালো করা।

إِلّ : সন্ধি, মৈত্রী, সম্পর্ক; ঘৃণা, বিদ্বেষ।

أَلَّة : প্রশস্ত বর্শা-ফলক; অস্ত্র। ব إِلّ

أَلَا : নয় কি? সাবধান!

أَلَّا : (ان لا) যেন না, পাছে, ভয়ে ।

لِئَلَّا : (لان لا) পাছে, ভয়ে, যেন না।

إِلَّا : ব্যতীত, যদি না, যতক্ষণ না; তবে, কিন্তু, অধিকন্তু।

وَإِلَّا : নতুবা, নচেৎ।

الآنَ : (أون) এখন।

أَلَاوُود : স্ক্রু।

الأَسْكَا : আলাস্কা দেশ।

أَلَاي : সৈন্যদল, পল্টন; রেজিমেন্ট, Regiment.

أَلَبَ : (أَلْب) একত্রিত করা।

~ ـُ : (أَلْب) একত্রিত হওয়া।

أَلَّبَ : (تَالِيب) একত্রিত করা; উত্তেজিত করা।

تَأَلَّبَ : একত্রিত হওয়া, সংঘবদ্ধ হওয়া; ষড়যন্ত্র করা।

إِلْب : সংঘবদ্ধ দল বা জনতা। যেমন- هُمْ عَلَيَّ إِلْب وَاحِد তাহারা সকলে আমার বিরুদ্ধে সংঘবদ্ধ।

أَلْبِيّ : সমবেত, যৌথ; আলপ্স বা যে কোন উচ্চ পর্বত সম্বন্ধীয়।

أَلُوب : উৎসাহী, প্রাণবন্ত; কর্মঠ।

اَكِفَة، أُكُف ব । أَكَاف، إِكَاف : পালানো, জিন।

أَكَلَ : ـُ : (مَأْكَل، أَكْل) খাওয়া, ভক্ষণ করা; ক্ষয় করা; অন্যায়ভাবে ব্যয় করা; আত্মসাৎ করা; গ্রহণ করা (ঘুষ), হরণ করা (অধিকার); গীবত করা।

~ : (أَكَال، أُكَال، إِكْلَة) চুলকানো।

أَكِلَ : ـَ : (أَكَل) ক্ষয় হওয়া; পড়িয়া যাওয়া (দাঁত)।

آكَلَ، أَكَّلَ : (إِيكَال، تَاكِيل) খাইতে দেওয়া, খাওয়ানো, আহার করানো, উর্বরতার যোগান দেওয়া।

آكَلَ : (مُؤَاكَلَة) একসঙ্গে খাওয়া।

~ مِنْ : বিরোধ লাগানো।

تَأَكَّلَ : ভক্ষিত হওয়া; ক্ষয় হওয়া, পড়িয়া যাওয়া (দাঁত), নিঃশেষিত হওয়া, জরাজীর্ণ হওয়া; ধ্বংসপ্রাপ্ত হওয়া; চকচক করা (তরবারি) ।

تَآكَل : ভাঙন ধরা, বিনষ্ট হওয়া।

إِئْتَكَلَ : অচেতন হওয়া; আবেগপ্রবণ হওয়া।

أَكْل، أُكُل، أُكْل، أَكْلَة: খাদ্য, খাবার।

أَبْخَر : দুর্গন্ধময় প্রশ্বাস, দুর্গন্ধ প্রশ্বাসবিশিষ্ট (লোক)।

تَبْخِير، تَبَخُّر : সুগন্ধি দ্বারা সুরভিতকরণ।

مِبْخَرَة : ধুনাচি; ধূপদানি; বাষ্প প্রয়োগের যন্ত্র, Fumigator.

بَخَزَ - َ : (بَخْز) উৎপাটন করা, তুলিয়া ফেলা (চক্ষু)।

بَخَسَ - َ : (بَخْس) হ্রাস করা, কমানো (মূল্য, ওজন ইত্যাদি); অসম্মান করা, অবহেলা করা, ক্ষতি করা; অত্যাচার করা, উৎপাটন করা (চক্ষু)।

بَخَّسَ (تبخيس)، تَبَخَّسَ : হ্রাসপ্রাপ্ত হওয়া, কমিয়া যাওয়া।

تَبَاخَسَ : একে অন্যের ক্ষতি কিংবা অত্যাচার করা।

بَخْس : সামান্য, স্বল্প, সস্তা (মূল্য)।

بَاخِس : ক্ষুদ্র; সস্তা, গুরুত্বহীন।

بَخَشَ - ُ : (بَخْش)، بَخَّشَ ছিদ্র করা, ফুটা করা।

بُخْش : ছিদ্র, ফুটা। ব أَبْخَاش

بَخْشَشَ : বখশিশ দেওয়া, উপহার দেওয়া।

بَخْشِيش : দান, উপহার, বখশিশ।

بَخَصَ - َ : (بَخْص) চক্ষু উপড়াইয়া ফেলা।

بَخِصَ - َ : (بَخَص) চোখের নিচের পাতা স্থূল হওয়া (بَخِص) চোখের উপরের পাতা স্থূল হওয়া।

أَبْخَص : চোখের স্থূল পাতাবিশিষ্ট। স্ত্রী بَخْصَاء

بَخَعَ - َ : (بُخُوعًا) ঘাড়ের হাড় পর্যন্ত জবাই করা (পশু)।

بَخَعَ نَفْسَه : ক্ষোভে, দুঃখে নিজেকে নিঃশেষ করা, আত্মহনন করা।

بَخَعَ - َ ~ : (بُخُوع، بَخَاعَة) পূর্ণভাবে মানিয়া লওয়া (অধিকার)।

بَخَّعَ : (تبخيع) ভর্ৎসনা করা।

بَخْعَة : তিরস্কার, ভর্ৎসনা; লজ্জা।

مَبْخُوع : তিরস্কৃত, লজ্জিত।

بَخَقَ - َ : (بَخْقًا)، أَبْخَقَ (إبخاق) উপড়াইয়া ফেলা (চক্ষু)।

بَخَق : গ্লুকোমা, (Glaucoma), চক্ষুরোগবিশেষ।

مَبْخُوق، بَخِيق، أَبْخَق، بَاخِق : এক চক্ষুবিশিষ্ট।

بَخِلَ - َ بَخُلَ - ُ (بُخْل، بَخَلا) : কৃপণ হওয়া, কার্পণ্য করা, ব্যয়কুণ্ঠ হওয়া।

بَخَّلَ : (تَبْخِيل) কৃপণ মনে করা।

أَبْخَلَ : অনিচ্ছাভরে দেওয়া; কৃপণ মনে করা।

بُخْل، بَخَل : কার্পণ্য, কৃপণতা, অর্থলিপ্সা।



www.pathagar.com

بَخِيل، بَاخِل : কৃপণ, ব্যয়কুণ্ঠ, অর্থলিপ্সু। ব بُخَلاء، بُخَّل

بَخْنَقَ : অবগুণ্ঠিত করা।

تَبَخْنَقَ : অবগুণ্ঠিত হওয়া।

مُبَخْنَق : আকর্ণ বিস্তৃত শুভ্রললাটবিশিষ্ট অশ্ব।

بُخْنُق : পর্দা, মস্তকাবরণ, অবগুণ্ঠন।

بَخَا ـُ : (بَخْو) প্রশমিত হওয়া (ক্রোধ)।

بَدَّ ـُ : (بَدّ) পৃথক করা; অপসারণ করা, বণ্টন করা, ছড়াইয়া দেওয়া।

بَدَّدَ : (تَبْدِيد) ভাগ করা, বণ্টন করা; ছড়াইয়া দেওয়া; নিক্ষেপ করা; অপসারণ করা; অপব্যয় করা।

أَبَدَّ : (اِبْدَاد) হিস্‌সা প্রদান করা।

تَبَدَّدَ : বিক্ষিপ্ত হওয়া; বিভক্ত হওয়া।

إِسْتَبَدَّ : (اِسْتِبْدَاد) স্বাধীনচেতা হওয়া, একগুঁয়ে হওয়া, স্বেচ্ছাচারী হওয়া; দখল করা, করায়ত্ত করা।

بِدّ : সমশক্তিমান, সমকক্ষ।

بُدّ : নিষ্কৃতি, নিষ্কৃতির উপায় বা পথ, পরিত্রাণ, মুক্তি।

لاَ بُدَّ : নিশ্চয়ই, অবশ্যই, অপরিহার্যভাবে।

لاَ بُدَّ مِنْه : অপরিহার্য, নিশ্চিত।

مِنْ كُلِّ بُدّ : যে কোন ভাবে, যে কোন উপায়ে, অপরিহার্যভাবে।

بَادّ : উরু।

بَدَد : শক্তি।

بَدَاد : যুদ্ধ; সমসংখ্যক যোদ্ধা।

بُودِّي، بُدِّي : আশা করি।

إِسْتِبْدَاد : স্বেচ্ছাচার, স্বৈরাচার, একগুঁয়েমি, নির্যাতন।

مُبَدِّد : বিক্ষিপ্তকারী।

مُسْتَبِدّ : স্বৈরতন্ত্রী; স্বেচ্ছাচারী, একগুঁয়ে; নির্যাতনকারী।

بَدَا : (بدو) প্রকাশিত হওয়া।

بَدَأَ ـَ : (بَدْء) আরম্ভ করা, সূচনা করা; সৃষ্টি করা, খনন করা।

بَدَّأَ : (تَبْدِئَة) অগ্রাধিকার দেওয়া; আরম্ভ করানো; দীক্ষিত করা (ধর্মে)।

بَادَأَ : (مُبَادَأَة) আরম্ভ করা, সূচনা করা, প্রথম পদক্ষেপ গ্রহণ করা।

أَبْدَأَ : (اِبْدَاء) সৃষ্টি করা; আবিষ্কার করা; প্রকাশ করা।

إِبْتَدَأَ : (اِبْتِدَاء) আরম্ভ করা, সূচনা করা, দীক্ষিত হওয়া।

إِبْتِدَاء، بِدَايَة، بَدَاءَة، بَدْأَة، بَدْأ : আরম্ভ, শুরু, সূচনা।

بُدْأَة، بَدْأ : নেতা, দলপতি।

بَادِئ : আরম্ভকারী।

بَدَائِيّ : প্রাথমিক, প্রারম্ভিক, মৌলিক।

بَدِيء : বিস্ময়কর।

إِبْتِدَائِي : প্রাথমিক, প্রারম্ভিক। স্ত্রী إِبْتِدَائِيَّة

شَهَادَة إِبْتِدَائِيَّة : প্রাথমিক সার্টিফিকেট।

مَحْكَمَة إِبْتِدَائِيَّة : নিম্ন আদালত।

مَدْرَسَة إِبْتِدَائِيَّة : প্রাথমিক বিদ্যালয়।

مَبْدَأ : আরম্ভ, সূচনা, আরম্ভস্থল; ভিত্তি; মূলনীতি, আদর্শ; আবিষ্কার; উপাদান, ভূমিকা। ব مَبَادِئ

مَبَادِئ الْعِلْم : জ্ঞানের মৌলসূত্র।

مَبْدَئِيّ : প্রারম্ভিক, প্রাথমিক; মৌলিক।

مُبْتَدِئ : আরম্ভকারী; নবদীক্ষিত ব্যক্তি।

مُبْتَدَأ : আরম্ভ; উদ্দেশ্য (ব্যা)।

مُبَادَأَة : সূচনা।

بَدَحَ ـَ : (بَدْح) আঘাত করা; অবাক করা।

بَدَخَ ـَ ـُ بَدُخَ ـُ : (بَدَاخَة، بَدَخ) মর্যাদায় উন্নীত হওয়া।

بَدَخَ ـَ : (بَدْخ) অপব্যয় করা।

بَدِيخ : মর্যাদায় উন্নীত। ব بُدَخَاء

بَدَرَ ـُ : (بُدُور) আকস্মিকভাবে আপতিত হওয়া (দুর্ঘটনা); হতবাক করা; চন্দ্রমুখী হওয়া; পাকা (ফল); দ্রুত অগ্রসর হওয়া; ত্বরান্বিত হওয়া।



www.pathagar.com

بَدَّرَ : (تَبْدِير) আগে আসা, অগ্রবর্তী হওয়া।

بَادَرَ : (مُبَادَرَة) ত্বরান্বিত হওয়া, দ্রুত গমন করা; মনে আসা; প্রথম পদক্ষেপ গ্রহণ করা।

أَبْدَرَ : (اِبْدَاء) চন্দ্রালোকে হাঁটা; চন্দ্রোদয় হওয়া।

إِبْتَدَرَ : (اِبْتِدَاء) দ্রুত অগ্রসর হওয়া, ত্বরান্বিত হওয়া, পূর্ববর্তী হওয়া।

بَدْر : পূর্ণচন্দ্র, পূর্ণিমা; মদীনার নিকটবর্তী একটি স্থান। এখানে দ্বিতীয় হিজরীতে মুসলিম ও মক্কার মুশরিকদের মধ্যে প্রথম যুদ্ধ হয়।

بَدْرَة : দশ হাজার দিরহাম বা উহা ধারণকারী থলে বদর ب (بُدُور)

بَدْرِى : শীতের পূর্ববর্তী বৃষ্টি; কম বয়সী মোটা উট; তাড়াতাড়ি, শীঘ্র; বদরের যুদ্ধে অংশ গ্রহণকারী মুসলিমগণ।

بَدَار : তাড়াতাড়ি কর।

بَادِرَة : তরবারির ধার; অগ্রদূত; প্রচণ্ডতা, স্বভাবজাত প্রজ্ঞা, বক্ষস্থল। ব بَوَادِر

بَدَارَة : ঝুড়ি।

مُبَادَرَة : স্বভাবজাত প্রজ্ঞা; অপ্রত্যাশিত কাজ; আকস্মিক প্রেরণা বা ধারণা; প্রাথমিক পদক্ষেপ।

بَيْدَرَ : পুঞ্জিভূত করা।

بَيْدَر : শস্যাদি মাড়াই করিবার জায়গা। ব بَيَادِر

بَدْرَقَ : আশ্রয় দেওয়া; অপব্যয় করা।

بَدْرُوم : (তু) নিচের তলা।

بَدَعَ - َ : (بَدْع) প্রবর্তন করা, সূচনা করা, আবিষ্কার করা।

بَدُعَ - ُ : ( بَدَاعَة ) মোটা হওয়া।

بَدَّعَ : (تَبْدِيع) প্রচলিত ধর্মমতের বিরোধী বলিয়া গণ্য করা; শ্রেষ্ঠ হওয়া, অদ্ভুত আচরণবিশিষ্ট হওয়া।

أَبْدَعَ : (اِبْدَاع) আবিষ্কার করা, প্রবর্তন করা, সৃষ্টি করা; চমৎকার কিছু করা, অভিনব কাজ করা।

إِبْتَدَعَ : (اِبْتِدَاع) আবিষ্কার করা, সৃষ্টি করা, প্রবর্তন করা, নূতন মত প্রবর্তন করা।

إِسْتَبْدَعَ : (اِسْتِبْدَاع) অভিনব মনে করা।

بِدْع : প্রবর্তক, আবিষ্কারক; নূতন; মৌলিক; অভিনব। ব أَبْدَاع, بُدُع

بِدْعَة : নূতনত্ব, নূতন ধর্মমত, বিদআত। ব بِدَع

بَدِيع : অপূর্ব, বিস্ময়কর, অদ্বিতীয়, একক, অসাধারণ; মৌলিক; সৃষ্টিকর্তা। ব بَدَائِع

عِلْم البَدِيع : অলঙ্কারশাস্ত্রের শাখাবিশেষ, চমৎকার রচনাশৈলী শাস্ত্র।

بَدِيعَة : বিস্ময়কর বস্তু, বিস্ময়, মৌলিক সৃষ্টি। ব بَدَائِع

إِبْتِدَاع، إِبْدَاع : আবিষ্কার, প্রবর্তন।

تَبْدِيع : বিস্ময়কর বস্তু। ব تَبَادِيع

مُبْدِع : সৃষ্টিকর্তা; প্রবর্তক।

مُبْتَدِع : নতুন মতের প্রবর্তক; সৃষ্টিকর্তা।

بَدِغَ - َ : (بَدَغ) দূষিত হওয়া; খোঁড়াইয়া হাঁটা।

بَدَغَ - َ : (بَدْغ) বিদীর্ণ করা।

بَدِغ، بِدْغ : মোটা, মাংসল।

بَدَلَ - ُ : (بَدْل)، بَدَّلَ (تَبْدِيل) أَبْدَلَ (اِبْدَال) বদল করা, বদলানো, পরিবর্তন করা, রূপান্তরিত করা।

بَادَلَ (مُبَادَلَة) تَبَادَلَ : পরস্পর বিনিময় করা।

تَبَادُلُ الآراء : মত বিনিময়।

تَبَادُلُ العُرُوض : পণ্য বিনিময়, Barter.

تَبَدَّلَ : পরিবর্তিত হওয়া, রূপান্তরিত হওয়া; পরিবর্তন করা, পালাক্রমে কাজ করা।

إِسْتَبْدَلَ : (اِسْتِبْدَال) বিনিময় করা; স্থলাভিষিক্ত করা।

بَدَل : বদলি, বিকল্প, পরিবর্তন, বিনিময়; মূল্য, ক্ষতিপূরণ; ভাতা। ব أَبْدَال

بَدَلَ أَنْ، بَدَلاً مِن : পরিবর্তে, বিনিময়ে।

بَدْلَة : স্যুট, Suit. জোড়া পোশাক, পোশাক-প্রস্ত।

بَدِيل : বিকল্প, স্থলাভিষিক্ত। ব أَبْدَال، بُدَلاء

بَدَّال : টাকা বিনিময়কারী, মুদি।

بَدَّالَة : পয়োনালী, Culvert; পাইপলাইন, টেলিফোন এক্সচেঞ্জ।



www.pathagar.com

أَبْدَال : শীর্ষস্থানীয় সূফীসাধক, আবদাল।

تَبْدِيل : পরিবর্তন।

مُبَادَلَة، تَبَادُل : বিনিময়।

تَبَادُلُ الخَوَاطِر : ভাষা বা সংকেত ব্যতীত ভাবের আদান-প্রদান, Telepathy.

تَبَادُلُ المُعَامَلَة : পারস্পরিক লেনদেন।

تَبَادُل الإِتِّصَال : পারস্পরিক যোগাযোগ।

مُتَبَادِل : পারস্পরিক; সাধারণ।

(بَدَان، بَدَانَة) ـُ بَدُنَ (بُدْن، بَدْن) : ـُ بَدَنَ স্থূলকায় হওয়া, মোটাসোটা হওয়া।

بَدَّنَ : বৃদ্ধ হওয়া।

بَدَن : দেহ, বৃক্ষকাণ্ড। ব أَبْدُن، أَبْدَان

بَدَنِيّ : শারীরিক, দৈহিক।

بَدَنَة : গোত্র, কোরবানীর উট ও গরু; ব্রেসিয়ার। ব بُدُن، بُدْن، بَدَنَات

بُدُونَة، بَدَانَة : স্থূলতা।

بَادِن : স্থূলদেহী, মোটাসোটা, মাংসল। ব بُدَّن; مِبْدَان، بَوَادِن، بُدُن ব بَدِين

(مبادهة) بَادَهَ، (بَدْه) : ـَ بَدَهَ আকস্মিকভাবে আসিয়া পড়া, অবাক করা।

إِبْتَدَه : উপস্থিত বক্তৃতা করা, পূর্ব প্রস্তুতি ব্যতীত স্বগত বক্তব্য দেওয়া।

بَدَاهَة : অন্তর্দৃষ্টি, প্রজ্ঞা, স্বতঃস্ফূর্ততা, স্বাভাবিকতা, স্বতঃসিদ্ধতা।

بِالبَدَاهَة، بَدَاهَة : তাৎক্ষণিকভাবে, স্বতঃস্ফূর্তভাবে, স্বতঃসিদ্ধরূপে।

بَدِيهَة : অপ্রত্যাশিত বা আকস্মিক (ঘটনা), উপস্থিত বক্তৃতা; আকস্মিকতা; উপলব্ধি, স্বতঃলব্ধ জ্ঞান; সূচনা।

بَدَهِي، بَدِيهِيّ : স্বতঃলব্ধ, স্বতঃস্ফূর্ত, যাহা প্রমাণের অপেক্ষা রাখে না।

بَدِيهِيَّة : স্বতঃসিদ্ধ, সত্য।

(بُدُوّ) : ـُ بَدَا প্রকাশ পাওয়া, মনে হওয়া, প্রতীয়মান হওয়া; দৃষ্টিগোচর হওয়া, প্রকাশিত হওয়া, পরিষ্কার হওয়া; যথাযথ মনে হওয়া।

تَبَدَّى، (بِدَاوَة، بَدَاوَة) : ـُ بَدَى মরুভূমিতে বসবাস করা, মরুভূমিতে গমন করা, যাযাবর জীবন যাপন করা।

(مبادَاة) : بَادَى প্রদর্শন করা; প্রকাশ করা, প্রকাশ্যে ঘোষণা করা।

(ابداء) : أَبْدَى প্রকাশ করা; প্রদর্শন করা; স্পষ্ট করা; দৃষ্টিগোচর করা।

(تبادو) : تَبَادَى পারস্পরিক শত্রুতা, ঘৃণা ইত্যাদি প্রকাশ করা; যাযাবর সাজ গ্রহণ করা।

بَدْو : মরুভূমি; মরুবাসী, যাযাবর, বেদুঈন, যাযাবর জীবন।

بَدَوِيّ : বেদুঈন, যাযাবর, গ্রাম্য লোক।

بَدَاة : খেয়ালখুশি, খামখেয়ালি। ব بَدًا، بَدَوَات

بِدَاوَة، بَدَاوَة : মরুজীবন, যাযাবর জীবন, মরুভূমি।

بَاد : পরিষ্কার, স্পষ্ট, প্রকাশিত; বেদুঈন।

بَادِيَة : মরুভূমি; কৃষককুল; যাযাবর, বেদুঈন। ব بَوَاد

بَيْدَاء : মরুভূমি, অনাবাদি অঞ্চল।

مَبْدَى : মরুশিবির। ব مَبَادِي

(بُذُوذَة، بَذَاذَة، بَذَاذ، بَذَذ) : ـَ بَذَّ পুরাতন হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া, জীর্ণ হওয়া।

(بَذِيذَة، بَذّ) : بُذَّ দমন করা, পদানত করা, বশে আনা, পরাস্ত করা।

(مَبَاذَذَة، بِذَاذ) : بَاذّ، بَذّ অপরিচ্ছন্ন; অগোছাল; জীর্ণ।

بَذَاذَة : অপরিচ্ছন্নতা, অগোছাল অবস্থা।

(بَذْء) : ـ بَذَأَ অবজ্ঞা করা, ঘৃণা করা।

أَبْذَى، (بَذَاءة، بَذَاء) ـُ بَذُوَ ـَ بَذِئَ ـُ : بَذَأَ (إِبْذَاء) হীন হওয়া, দুষ্ট হওয়া, অশ্লীল হওয়া, নোংরা হওয়া।

عَلَى ~ بَذَأَ : গালি দেওয়া, গালিগালাজ করা।

(مبَاذَية) : بَاذَأَ গালাগালি করা; ঝগড়া করা; নিন্দা করা।

بَذِئ : হীন, ইতর, অশ্লীল; নোংরা।



www.pathagar.com

بَذَاءَة : অশ্লীলতা; নোংরামি।

بَذَج : মেষশাবক। ব بِذْجَان

بَذَحَ - َ : (بَذْح) বিভক্ত করা, বিদীর্ণ করা; ঘষিয়া তুলিয়া ফেলা।

بَذْح - : ফাটল। ব بُذُوح

بَذَخَ - َ : (بَذَخ)، تَبَذَّخَ উঁচু হওয়া, অহঙ্কারী হওয়া।

بَذَخ : অহঙ্কার, গর্ব; আড়ম্বর, বিলাস জীবন।

بَاذِخ، بَذَّاخ : উঁচু; অহঙ্কারী, গর্বিত, বিলাসী।

بَذَرَ - ُ : (بَذْر) বপন করা (বীজ), ছড়াইয়া দেওয়া।

بَذَّرَ : (تَبْذِير) যত্রে ব্যয়, অপব্যয় করা, অপচয় করা; ছড়ানো।

بَذْر : বীজ (শস্যাদির); প্রচার। ব بِذَار، بُذُور

شَذَر بَذَر : এখানে-ওখানে, এদিক-সেদিক।

بِذَار : ফসল বুনিবার মৌসুম।

بَذِير، بَذُور : অপবাদ রটনাকারী।

تَبْذِير : অপব্যয়, অপাত্রে ব্যয়।

مُبَذِّر : অপব্যয়ী, অপব্যয়কারী, অপাত্রে ব্যয়কারী।

بَذْرَقَ : রক্ষা করা, সংরক্ষণ করা।

البَذْرَقَة : অগ্রগামী দল।

بَذَعَ - َ : (بَذْع)، أَبْذَعَ ভীত করা; ফোঁটা ফোঁটা পড়া।

بَذْعَرَ، اِبْذَعَرَّ : (ابذعرار) ভয়ে পলায়ন করা।

بَاذَق : (ফা) ঈষৎ সিদ্ধ দ্রাক্ষারসের পানীয়।

بَذَلَ - ُ : (بَذْل) ব্যয় করা, দান করা, দেওয়া; এপ্রোন পরিধান করা, নৈশবাস করা।

بَذَلَ وُسْعَه، بَذَلَ جُهْدَه : সাধ্যমত চেষ্টা করা।

بَذَل نَفْسَه : আত্মত্যাগ করা, নিজেকে নিয়োজিত করা।

تَبَذَّلَ : নিজের ভাগ্য নষ্ট করা, দেউলিয়া হওয়া, নিম্নমানের বেশভূষা ধারণ করা।

اِبْتَذَلَ : (ابتذال) প্রতিদিন ব্যবহার করা, অপব্যবহার করা; অভদ্রতা প্রকাশ করা, ইতর ভাষা ব্যবহার করা।

بَذْل : ব্যয়, দান, অনুদান, উপহার; ত্যাগ।

بَذْلُ النَّفْس، بَذْلُ الذَّات : আত্মনিয়োগ, আত্মোৎসর্গকরণ।

بِذْلَة : স্যুট, জোড়া পোশাক, এপ্রন।

بِذْلَةُ السَّهْرَة : সান্ধ্য পোশাক।

بِذْلَة رَسْمِيَّة : আনুষ্ঠানিক পোশাক, ইউনিফরম।

مِبْذَال، بَاذِل : দাতা, দানবীর।

مِبْذَل : চটি জুতা; ঘরে ব্যবহৃত সাধারণ পোশাক। ব مَبَاذِل

مُبْتَذَل : অধিক ব্যবহৃত, বাসি, গতানুগতিক, সাধারণ, দৈনন্দিন; অশ্লীল বিষয়।

بَذُمَ - ُ : (بَذَامَة) প্রশান্ত হওয়া, সহিষ্ণু হওয়া, বিবেচক হওয়া।

بُذْم : দৃঢ়তা, ঘন বুনন।

بَذِيم : প্রশান্ত, সহিষ্ণু, উদার।

بَاذِنْجَان : বেগুন, তরকারিবিশেষ।

بَذَا - ُ : (بَذْو)، أَبْذَى، (اِبْذَاء) অশ্লীল কথা বলা, বাজে কথা বলা।

بَذُوَ - ُ : (بَذَاء) অশ্লীল হওয়া (ভাষায়)।

بَذِيّ : অশ্লীলভাষী। ব أَبْذِيَاء

بَرَّ - َ : (بِرّ) সৎ হওয়া, সত্যবাদী হওয়া, সুহৃদ হওয়া, দানশীল হওয়া, কর্তব্যপরায়ণ হওয়া, উৎসর্গীকৃত হওয়া; সম্মান করা; ভক্তি করা; রক্ষা করা (প্রতিশ্রুতি)।

بَرَّرَ : (تَبْرِير) সমর্থন করা, ন্যায়সঙ্গত মনে করা; নিরপরাধ সাব্যস্ত করা, অব্যাহতি দেওয়া।

بَارَّ : (مُبَارَّة) সহৃদয়তা প্রদর্শন করা।

أَبَرَّ : (اِبْرَار) পূরণ করা, পালন করা (প্রতিশ্রুতি); স্থলে ভ্রমণ করা।

تَبَرَّرَ : নিজেকে ন্যায়সঙ্গত মনে করা; সমর্থিত হওয়া, অব্যাহতি পাওয়া, ন্যায়পরায়ণ হওয়া।



www.pathagar.com

تَبَارَّ : পরস্পর সদ্ব্যবহার করা।

بِرٌّ : ন্যায়, সততা; সহৃদয়তা, ন্যায়পরায়ণতা; কর্তব্যপরায়ণতা; দানশীলতা; সদ্ব্যবহার; ভক্তি; দান, পুণ্য।

بِرُّ الْوَالِدَيْنِ : পিতামাতার প্রতি শ্রদ্ধা, পিতামাতার সাথে সদ্ব্যবহার।

بَارٌّ، بَرٌّ : ন্যায়পরায়ণ, সহৃদয়; কর্তব্যপরায়ণ, নির্দোষ; ধার্মিক। ব بَرَرَة، أَبْرَار

بَرٌّ : স্থল; মহাদেশ, প্রদেশ। ব بُرُور

بُرٌّ : গম।

إِبن بُرَّة : রুটি।

بَرِّيَّة : মরুভূমি, স্থলভাগ সম্বন্ধীয়। ব بَرَارِيّ

بَرَّانِيّ : বৈদেশিক, বিদেশী।

بَرِير : আরাক বৃক্ষের ফল।

مَبَرَّة : পিতামাতার প্রতি শ্রদ্ধা, সহৃদয়তা

مَبْرُور : স্বীকৃত, গৃহীত, উত্তম, সাধু।

بَرَأَ - َ : (بَرْء) সৃষ্টি করা (আল্লাহ); আরোগ্য লাভ করা।

بَرِئَ - َ : (بَرَاءَة) মুক্ত হওয়া; নিরপরাধ হওয়া।

~ : (بُرْء) সারিয়া যাওয়া; আরোগ্য লাভ করা।

بَرَّأَ : (تَبْرِئَة) অব্যাহতি দেওয়া।

أَبْرَأَ : আরোগ্য করা, সারাইয়া তোলা।

تَبَرَّأَ ~ مِنْ : অব্যাহতি পাওয়া, মুক্ত হওয়া; অস্বীকার করা।

إِسْتَبْرَأَ : (اِسْتِبْرَاء) অব্যাহতি চাওয়া; পরিহার করা, শরীর পরিষ্কার করা; আরোগ্য করা।

بَرْء : সৃষ্টি।

بُرُوء، بُرْء : আরোগ্য।

بُرَاءَة : শিকারির ছাউনি, চালাঘর। ব بُرَاء

الْبَرَاء : মাসের প্রথম রাত্রি।

إبن البراء : মাসের শেষ রাত্রি, সংক্রান্তি।

بَرَاءَة : অব্যাহতি, মুক্তি, নিষ্কৃতি; দায়িত্বমুক্তি; নির্দোষতা; সরলতা; লাইসেন্স, সনদ, পাসপোর্ট।

بَرِئ : নিরীহ, নিরপরাধ, মুক্ত, দায়িত্বমুক্ত, আরোগ্যপ্রাপ্ত, সুস্থ। ব أَبْرِيَاء، بُرَاء

بَرِيَّة : নিখিল সৃষ্টি, বিশ্ব-জগৎ। ব بَرَايَا

بَارِئ : সৃষ্টিকর্তা; প্রস্তুতকারী, আরোগ্যপ্রাপ্ত ব্যক্তি।

بُورِيَاء، بَارِيَة : মাদুর।

تَبْرِئَة، إِبْرَاء : অব্যাহতি, খালাস, নিষ্কৃতি।

الْبَرَازِيل : ব্রাজিল।

بِرْبَة : প্রাচীন মিসরীয় মন্দির।

بَرْبَخ : পানির পাইপ, নর্দমা, পয়োনালী।

بَرْبَرَ : কলধ্বনি করা (জনতা); বিড়বিড় করিয়া কথা বলা।

الْبَرْبَر : উত্তর-পশ্চিম আফ্রিকার বারবার জাতি, বর্বর জাতি।

بَرْبَرِيّ : বারবার জাতীয়; বারবার জাতির লোক। ব بَرَابِر، بَرَابِرَة

الْبَرْبَرِيَّة : বারবার জাতির ভাষা।

بَرْبَسَ : অস্পষ্টভাবে বলা, বিড়বিড় করিয়া বলা।

بِرْبَاس : গভীর কূপ।

بَرْبِيس : এক প্রকার মাছ, Barbel.

بَرْبَشَ : পিটপিট করিয়া তাকানো।

بَرْبُوكَة : প্রবঞ্চনা, প্রতারণা।

بَرَتَ - : (بَرْت) কর্তন করা।

بَرِتَ - َ (بَرَت) : হতবুদ্ধি হওয়া।

أَبْرَتَ : পারদর্শী হওয়া।

الْبُرْتُغَال : পর্তুগাল।

بُرْتُقَال : (بُرتُقال) কমলালেবুবিশেষ।

بَرْث : নরম ভূমি। ব بُرُوث، أَبْرَاث، بِرَاث

بُرْثُن : থাবা, নখর। ব بَرَاثِن

بَرِجَ - َ : (بَرَج) মঙ্গল হওয়া।

بَرَجَ - ُ : (بُرْج) দৃষ্টিগোচর হওয়া, প্রকাশিত হওয়া; উদিত হওয়া (তারকা)।

بَرَّجَ، أَبْرَجَ : (أَبْرُوج، تَبْرِيج) বুরুজ বানানো, তোরণ বানানো।

تَبَرَّجَ : রূপসজ্জা করা, সৌন্দর্য প্রদর্শন করা, নিজেকে সজ্জিত করা।



www.pathagar.com

بُرْج : দুর্গ, বুরুজ, প্রাসাদ; অট্টালিকার চূড়া; তারকা পুঞ্জ; রাশি (জ্যোতিষ)। ব أَبْرِجَة، أَبْرَاج، بُرُوج

بُرْج الحَمَام : পায়রার খোপ।

~ المُرَاقَبَة : কন্ট্রোল টাওয়ার, পর্যবেক্ষণ বুরুজ।

~ النَغَم : সুরলহরী।

~ الأَسَد : সিংহরাশি, Leo.

~ الثَوْر : বৃশরাশি, Taurus.

~ الجَدْي : মকররাশি, Capricorn.

~ الجَوْزَاء : মিথুনরাশি, Gemini.

~ الحَمَل : মেষরাশি, Aries.

~ الحُوت : মীনরাশি, Pisces.

~ الدَّلْو : কুম্ভরাশি, Aquarius.

~ السَّرَطَان : কর্কটরাশি, Cancer.

~ السُّنْبُلَة : কন্যারাশি, Virgo.

~ العَقْرَب : বৃশ্চিকরাশি, Scorpio.

~ القَوْس : ধনুরাশি, Sagittarius.

~ المِيزَان : তুলারাশি, Libra.

~ الأَفْلَاك : রাশিচক্র, প্রতীক।

مِنْطَقَة البُرُوج : রাশিচক্র।

بُرُوجِيّ : বিউগলবাদক।

بَارِج : দক্ষ নাবিক; জাহাজের ক্যাপ্টেন; উদার (মানুষ)।

بَارِجَة : যুদ্ধ জাহাজ; বার্জ; সরাইখানা। ব بَوَارِج

أَبْرَج : সুন্দর চক্ষুবিশিষ্ট, সুনয়ন, সুলোচন। স্ত্রী بَرْجَاء ব بُرْج

مُبَرَّج : নক্‌শি (বস্ত্র)।

بُرْجُد : ডোরাকাটা পশমি পোশাকবিশেষ।

بَرْجَزَ : বুর্জোয়া কিংবা মধ্যবিত্ত শ্রেণীর হওয়া।

بِرْجَاس : দ্বন্দ্বযুদ্ধ, টুর্নামেন্ট।

بُرْجَاس : (ফা) লক্ষ্যবস্তু, চাঁদমারি, Target, পাথরের স্তূপ। ব بَرَاجِيس

البِرْجِيس : বৃহস্পতি গ্রহ, Jupiter.

بَرْجَل : বিরক্ত করা; অস্থির করা; গণ্ডগোল করা।

بَرْجَل : কম্পাস। ব بَرَاجِل

بَرْجَل دَائِر : ক্যালিপার্স, ব্যাস মাপিবার যন্ত্রবিশেষ, Callipers.

بَرْجَمَ : গর্জন করা; বিড়বিড় করা।

بُرْجُمَة : আঙ্গুলের গিঁট, গিঁট। ব بَرَاجِم

بَرِحَ ـَ (بَرَاح، بَرَح) بَارَحَ، (مبارحة) সরিয়া যাওয়া, পরিত্যাগ করা (স্থান), রওয়ানা করা; ক্ষান্ত হওয়া।

مَا بَرِحَ : চলিতে থাকা, ক্ষান্ত না হওয়া, এখনও।

مَا بَرِحَ غَنِيًّا : সে এখনও ধনী।

لَا أَبْرَح أَفْعَل ذٰلِك : আমি ইহা করিতেই থাকিব।

بَرَّحَ ~ ب : (تَبْرِيح) ক্লান্ত করা, হয়রান করা; কষ্ট দেওয়া, চাপ প্রয়োগ করা।

أَبْرَحَ : মাত্রা ছাড়াইয়া যাওয়া (নিন্দা বা প্রশংসায়); সন্তুষ্ট করা, সম্মান করা; যাত্রা করানো।

بَرْح، تَبْرِيح، بُرَحَاء : দুঃখ, ব্যথা।

بُرْحَة : পছন্দনীয় অংশ। ব بُرَح

بَرَاح : যাত্রা; বিরতি; শূন্য প্রান্তর; প্রশস্ততা, প্রশস্ত প্রান্তর, সূর্য; আশ্চর্য বস্তু।

بَارِح : অতীত (সময়); প্রশস্ত, বিস্তৃত; প্রবল (বায়ু)।

البَارِحَة، البَارِح : গতকল্য।

قَبْل البَارِحَة، البَارِحَة الأُولَى : গত পরশু।

بَنَاتُ بَرْح : দুর্ভাগ্যসমূহ।

بَرْحَى : লক্ষ্যভ্রষ্ট তীরন্দাজের প্রতি উচ্চারিত ধ্বনি (সফলতার জন্য ধ্বনি مَرْحَى)।

تَبَارِيح : দুর্ভাগ্যসমূহ।

تَبَارِيح الشَوْق : আবেগ, কামনা, আশা-আকাঙ্ক্ষা ইত্যাদির যন্ত্রণা।

مُبَرِّح : প্রবল, তীব্র; যন্ত্রণাদায়ক।

يَبْرُوح : (সি) আলুজাতীয় উদ্ভিদবিশেষ।



www.pathagar.com

بَرَخَ - : (بَرْخ) বশীভূত করা, পরাভূত করা।
بَرَدَ ـُ (بَرْد) : শীতল হওয়া, ঠাণ্ডা হওয়া, প্রশমিত হওয়া, ঠাণ্ডা করা, ঠাণ্ডা অনুভব করা; উপশম করা (যন্ত্রণা), রেত দিয়া ঘষা।
بَرُدَ ـُ : (بُرُود، بَرْد) শীতল হওয়া, ঠাণ্ডা হওয়া, প্রশমিত হওয়া।
بَرَّدَ : (تَبْرِيْد) ঠাণ্ডা করা, হিমায়িত করা, প্রশমিত করা; উপশম করা (যন্ত্রণা)।
أَبْرَدَ : (اِبْرَاد) ঠাণ্ডায় প্রবেশ করা; দুর্বল করা (রোগে); ডাকে প্রেরণ করা, ডাকে দেওয়া।
أَبْرَدَت السَّمَاءُ : আকাশের শিলাবৃষ্টি হওয়া বা বর্ষণ করা।
تَبَرَّدَ : ঠাণ্ডা হওয়া, শীতল হওয়া; উপশম হওয়া (যন্ত্রণা)।
إِبْتَرَدَ : (اِبْتِرَاد) ঠাণ্ডা হওয়া, শীতল হওয়া।
إِسْتَبْرَدَ : (اِسْتِبْرَاد) ঠাণ্ডা অবস্থায় পাওয়া।
بَرْد : ঠাণ্ডা, শীতলতা, প্রশমন, উপশম; শীতল; নিদ্রা।
بَرَد : শিলা।
بَرَدَة : শিলাপিণ্ড; অজীর্ণ।
بُرْد : ডোরাকাটা কাপড়, পোশাক। ব بُرُود، أَبْرُد، أَبْرَاد
بُرْدَة : ডোরাকাটা পোশাক, চাদর।
بَرْدِيَّة، بُرْدِيّ، بَرْدِيّ : মিসরীয় নলখাগড়াবিশেষ, পেপিরাস।
بُرْدِيّ : উৎকৃষ্ট খুরমাবিশেষ।
بَرْدِيَّة، بُرَدَاء : অস্বস্তিকর ঠাণ্ডা।
بُرْدَايَة : পর্দা; আবরণ।
بُرَادَة : করাত বা রেতের গুঁড়া।
بَرَّاد : হিমায়নযন্ত্র, রেফ্রিজারেটর, আইসবক্স; চা-দানি; মিস্ত্রী।
بَرَّادَة : হিমায়নযন্ত্র, রেফ্রিজারেটর, আইসবক্স।
بَرَّادِيَّة : ওয়াটারকুলার, Water cooler.
بَرُود : সুরমা, কাজল, চক্ষু শীতল করিবার ঔষধবিশেষ, পাউডার।
مَصْنَع البَرُود : পাউডার কারখানা।
بُرُودَة، بُرُود : ঠাণ্ডা, শীতলতা।
لُحُوم مَحْفُوظَة بِالبُرُودَة : হিমায়িত গোশ্‌ত।
بُرُودِيَّة : শীতলতা; ধীরতা।
تَبْرِيد : হিমায়ন; হিমায়নযন্ত্র, রেফ্রিজারেটর, কোল্ড স্টোরেজ।
خَزَّان التَّبْرِيد فِي السَّيَّارَة : গাড়ির রেডিয়েটর।
بَرِيد : ডাক; বার্তাবাহক, ডাক-পিয়ন, বার মাইলের দূরত্ব। ব بُرُد
بَرِيد جَوِّي : বিমান-ডাক।
بَرِيد عَادِي : সাধারণ ডাক।
أُجْرَة البَرِيد : ডাক খরচ, ডাক মাশুল, Postage.
خَالِص أُجْرَة البَرِيد : মাশুল প্রদত্ত ডাক।
خَتم البَرِيد : ডাক-মোহর, পোস্ট অফিসের সীল।
~ صُنْدُوق : ডাক-বাক্স।
~ طَابِع : ডাক-টিকিট।
~ مَكْتَب : ডাকঘর।
هِوَايَة جَمْع طَوَابِع البَرِيد : ফিলাটেলি, ডাক-টিকিট সংগ্রহ।
بَرِيدِيّ : ডাক বিভাগ সম্বন্ধীয়; ডাক পিয়ন।
بَارِد : ঠাণ্ডা, শীতল; সরল (জীবন); দুর্বল (যুক্তি); বোকা; স্থূলবুদ্ধি; ধীর।
دُخَان بَارِد : স্নিগ্ধ তামাক।
غَنِيمَة بَارِدَة : সহজলভ্য বস্তু।
بَرُود، بَارُود : বারুদ।
بَرُودَة، بَارُودَة : বন্দুক। ব بَوَارِيد
أَبْرَد : চিতাবাঘ। স্ত্রী أَبْرَدَة ব أَبَارِد
مِبْرَد : রেত, উখা। ব مَبَارِد
مُبَرِّد : হিমায়ক, শীতলকারী; সতেজকারক।
مُبَرِّدُ الهَوَاء : ভেন্টিলেটর।
مُبَرَّد : হিমায়িত।


www.pathagar.com

بَرْدَج : (ফা) বন্দিত্ব।

بَرْدَخَ : (সি) পালিশ করা, মসৃণ করা; সভ্য করা।

تَبَرْدَخَ : (সি) মসৃণ হওয়া; সভ্য হওয়া।

بَرْدَاخ : (সি) পালিশ, বার্নিশ; মসৃণকারী

بَرْدَاق : (তু) জগ, কলসি। ব بَرَادِيق

بُرْدُقَان، بُرْدُقَال : (তুসি) কমলালেবু।

بَرْدَقُوش : রান্না ও ঔষধে ব্যবহৃত সুগন্ধি গুল্মবিশেষ।

بَرْذَعَة، بَرْدَعَة : জিন, পালান, গদি। ব بَرَاذِع، بَرَادِع

بَرَاذِعِيّ : জিন প্রস্তুতকারী।

بَرْذَنَ : ভারী হওয়া।

بِرْذَوْن : ভারবাহী ঘোড়া।

بَرَزَ ـُ : (بُرُوزا) প্রকাশিত হওয়া, আত্মপ্রকাশ করা, দৃশ্যমান হওয়া, লক্ষণীয় হওয়া; নির্গত হওয়া; উত্থিত হওয়া, উদ্ভূত হওয়া।

بَرُزَ ـُ (بَرَازَة) ~ عَلَى : অতিক্রম করা, ছাপাইয়া যাওয়া (উৎকর্ষাদিতে)।

بَرَّزَ : (تَبْرِيز) প্রকাশ করা, বাহির করা, প্রদর্শন করা, জোর দেওয়া।

~ عَلَى : অতিক্রম করা, ছাপাইয়া যাওয়া (গুণে, উৎকর্ষে)।

بَارَزَ : (مُبَارَزَة) দ্বন্দ্বযুদ্ধে মুখোমুখি হওয়া; প্রতিদ্বন্দ্বিতা করা।

أَبْرَزَ : (إِبْرَاز) প্রকাশ করা, বাহির করিয়া আনা, গুরুত্বারোপ করা, পেশ করা।

تَبَرَّزَ : মলত্যাগ করা, খালি করা।

تَبَارَزَ : প্রতিযোগিতায় অবতীর্ণ হওয়া।

إِبْتَرَزَ : (اِبْتِرَاز) বিশিষ্ট হওয়া, লক্ষণীয় হওয়া।

بَرْز : চরিত্রবান। স্ত্রী بَرْزَة

بَرَاز : বৃহৎ মাঠ।

بِرَاز : মল; বিষ্ঠা; প্রতিযোগিতা; দ্বন্দ্বযুদ্ধ।

بُرُوز : প্রকাশ পাওয়া, আত্মপ্রকাশ করা, বহির্গমন।

بَارِز : বহির্গত, বাহিরে প্রসারিত; অভিক্ষিপ্ত; উত্থিত; চিহ্নিত; স্পষ্ট; বিশিষ্ট।

نَقْش بَارِز : এমবোসকৃত।

إِبْرَاز : উপস্থাপনা; প্রকাশনা, প্রদর্শন।

تَبْرِيز : প্রতিযোগিতায় অগ্রগমন।

مُبَرِّز : অগ্রগামী, বিজয়ী।

مُبَرَّز : অভিক্ষিপ্ত।

مُبَارِز : প্রতিযোগী, প্রতিদ্বন্দ্বী।

إِبْرِيز : খাঁটি স্বর্ণ।

مُبَارَزَة : প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা; দ্বন্দ্বযুদ্ধ।

بَرْزَان : ভেরী, Trumpet.

بَرْزَخ : দু'বস্তুর মধ্যবর্তী প্রতিবন্ধক; যোজক, isthmus, বেড়া। ব بَرَازِخ

عَالَم بَرْزَخ : দুনিয়া ও আখেরাতের মধ্যবর্তী জীবন, কবর-জীবন।

بِرْزَاغ، بُرْزُغ : প্রাণবন্ত, পূর্ণবয়স্ক যুবক।

بَرَسَ ـَ : (بَرْس) রূঢ় ব্যবহার করা, দুর্ব্যবহার করা (ঋণ গ্রহীতার প্রতি)।

بُرْس : তুলার গুচ্ছ, মুঠি।

بِرْسِيَان : এক প্রকার খেজুর।

بِرْسَام : (ফা) প্লুরিসি, ফুসফুস-ঝিল্লী প্রদাহ।

بَرْصِيم، بِرْسِيم : গবাদি পশুর ভোজ্য ত্রিপত্র তৃণবিশেষ, Clover.

بَرِشَ ـَ : (بَرَش) চিত্র-বিচিত্র দাগবিশিষ্ট হওয়া, ধবল রোগে আক্রান্ত হওয়া।

بُرْش : পাপোশ; মাদুর।

بَرْش : ধুতুরা।

بُرْشَة، بَرَش : চামড়ার ক্ষুদ্র দাগ, ধবল, শ্বেতরোগ।

أَبْرَش : ক্ষুদ্র দাগবিশিষ্ট, শ্বেতরোগগ্রস্ত। স্ত্রী بُرْش ব بَرْشَاء

أَبْرَشِيَّة : (গ্রী) বিশপের এলাকা।

بِرِشْت : (ফা) নরম-সিদ্ধ (ডিম)।

بَرْشَقَ : খণ্ড খণ্ড করিয়া কাটা (গোশ্‌ত); কশাঘাত করা।



www.pathagar.com

بَرْشَمَ : বিস্ফারিত নেত্রে তাকানো, তীক্ষ্ণ দৃষ্টিতে তাকানো; পেরেক দ্বারা আটকানো; সীল করা, ব্রাশ করা; দুঃখ অনুভব বা প্রদর্শন করা।

بِرْشَامَة، بَرْشَمَة : পেরেক দ্বারা আটকানো।

بُرْشَان، بُرْشَام : পাতলা মচমচে বিস্কুটবিশেষ, Wafer.

بَرَشُوت : প্যারাসুট।

بَرَشُوتِي : ছত্রীসেনা।

بَرِصَ - َ : (بَرَص) কুষ্ঠরোগে আক্রান্ত হওয়া।

بَرَّصَ : (تَبْرِيص) মুণ্ডন করা (মাথা)।

أَبْرَصَ : (إِبْرَاص) কুষ্ঠরোগ সংক্রমণ করা; কুষ্ঠ রোগাক্রান্ত শিশু জন্ম দেওয়া।

تَبَرَّصَ : নির্মূল করা (শস্য)।

بُرْص، بَرَص : প্রাচীর; টিকটিকি।

بَرَص : কুষ্ঠরোগ।

بُرْصَة : তৃণশূন্য ভূমি, স্টক এক্সচেঞ্জ, Stock exchange. ব بِرَاص

أَبْرَص : কুষ্ঠরোগী, অস্বাভাবিকভাবে শ্বেতকায় ও শ্বেতকেশ। স্ত্রী بَرْصَاء ব بُرْص

الأَبْرَص : চন্দ্র।

سام أَبْرَصَ : টিকটিকি, গিরগিটি।

أرض بَرْصَاء : বন্ধ্যা ভূমি।

بَرِيص : দীপ্তিমান।

بَرَضَ - ُ : (بُرُوض) অঙ্কুরিত হওয়া।

بَرَّضَ : (تبريض) অঙ্কুর উদ্‌গত করা।

تَبَرَّضَ : অল্প অল্প করিয়া নেওয়া, একটি একটি করিয়া নেওয়া; চুষিয়া লওয়া।

بُرَاضَة، بُرَاض، بَرَض : সামান্য পরিমাণ (পানি)। ব أَبْرَاض، بُرُوض، بِرَاض

بُرْضَة : অনুর্বর মাটি।

مُبَارِض، بَارِض : অঙ্কুর।

مُبَرِّض، بَرَّاض : সর্বস্ব দানকারী।

بَرْطَشَ : ক্রয়-বিক্রয়ের দালাল হওয়া।

بُرْطَاش : চৌকাঠ, চৌকাঠের নিচের কাঠ, Threshold. ব بَرَاطِش

مُبَرْطِش : নিলামদার।

بَرْطَعَ : দ্রুত ধাবন করা, দৌড়াইয়া যাওয়া, লাফাইয়া চলা, অস্থির হওয়া।

بَرْطَلَ : ঘুষ দেওয়া, দূষিত করা, নষ্ট করা।

تَبَرْطَلَ : ঘুষ গ্রহণ করা, ঘুষখোর হওয়া।

بَرْطَلَة : ঘুষ দান কিংবা ঘুষ গ্রহণ; দুর্নীতি।

بُرْطُل : পাদরির টুপি।

بُرْطُلَة : ক্ষুদ্র ছাতাবিশেষ, Parasol.

بَرْطُوز : বাণিজ্য জাহাজের নাবিক কক্ষ।

بِرْطِيل : ঘুষ, লম্বা প্রস্তরখণ্ড। ব بَرَاطِيل

مُبَرْطِل : ঘুষদাতা।

مُبَرْطَل : ঘুষ গ্রহীতা।

بَرْطَمَ : অন্ধকার হওয়া (রাত); রাগান্বিত হওয়া বা করা।

~ ، تَبَرْطَمَ : ক্রোধে ফুলিয়া উঠা, ক্রোধোন্মত্তভাবে কথা বলা, বিড়বিড় করিয়া বলা।

بُرَاطِم، بِرْطَام : বৃহৎ ওষ্ঠবিশিষ্ট।

بَرْطَمَان : বোতল, বয়েম, Jar.

بُرْطُوم - ُ : (خُرْطُوم) হাতির শুঁড়।

بَرَعَ - ُ : (بُرُوع) আরোহণ করা (পর্বত)।

بَرَعَ - َ، بَرِعَ - َ، بَرُعَ - ُ، بَرَعَ - َ : (بَرَاع، بِرَاع) সুদক্ষ হওয়া, কুশলী হওয়া, উৎকৃষ্ট হওয়া।

تَبَرَّعَ ~ ب : দান করা; স্বেচ্ছায় কোন কিছু করা বা দেওয়া; করিতে ইচ্ছুক কিংবা প্রস্তুত হওয়া।

بَرَاعَة : উৎকর্ষ, চমৎকারিত্ব, দক্ষতা, যোগ্যতা।

بُرُوعَة : দক্ষতা, যোগ্যতা।

بَارِع : দক্ষ, যোগ্য, চমৎকার, সুন্দর, ।

بَارِعَة الجَمَال : অতীব সুন্দর, চমৎকার রূপসী মহিলা।

تَبَرُّع : দান, অবদান; চাঁদা।

مُتَبَرِّع : দাতা, চাঁদা দানকারী।



www.pathagar.com

بَرْعَمَ، تَبَرْعَمَ : মুকুল ধরা, অঙ্কুর গজানো, ম রিত, ঘন পল্লবিত হওয়া।

بُرْعُم، بَرَاعِم : মুকুল, মঞ্জরি, অঙ্কুর। ব بَرَاعِم ,بَرَاعِيم ব

بَرْغَثَ : বুরগুছ নামক কীট দ্বারা আক্রান্ত হওয়া।

بُرْغُوث : এক প্রকার পক্ষহীন কীট, Flea; (সি) ক্ষুদ্র রৌপ্যমুদ্রা। ব بَرَاغِيث

بُرْغُوث البَحْر : গলদা চিংড়ি।

بَرْغَش : ডাঁশ, বড় মাছিবিশেষ।

بُرْغُل : চূর্ণকৃত গম।

بُرْغِيّ : স্ক্রু। ব بَرَاغِيّ

بِرْفِير : রক্তবর্ণ বস্তু। ব بَرَافِير

بَرَقَ ـُ : (بَرْقَان، بُرُوق، بَرْق) আলোকিত হওয়া, উজ্জ্বল (আকাশ); চমকানো (বিদ্যুৎ); উদিত হওয়া (তারকা)।

~ : (بَرِيق، بَرْق) চকচক করা, দীপ্ত হওয়া।

بَرِقَ ـَ : (بَرَق) ধাঁধাইয়া দেওয়া, স্তম্ভিত হওয়া, অস্থির হওয়া।

بَرَّقَ : (تَبْرِيق) তীক্ষ্নদৃষ্টিতে তাকানো।

أَبْرَقَ : (ابراق) বিদ্যুৎ চমকানো (মেঘ); ভয় দেখানো; তড়িতাহত হওয়া, বজ্রাহত; হওয়া, বিদ্যুতের আলোতে পথ চলা; উজ্জ্বল হওয়া, ঝলকাইয়া উঠা; তারবার্তা প্রেরণ করা।

إِسْتَبْرَقَ : আলোক সজ্জিত হওয়া (স্থান)।

إِسْتَبْرَق : সোনালি কারুকার্য খচিত রেশমি পোশাক।

بَرْق : বিদ্যুৎ; ঔজ্জ্বল্য; আলো; টেলিগ্রাফ; চুমকি। ব بُرُوق

بَرْقَة : কটিবাত, Lumbago.

بَرَق : আতঙ্ক; ভেড়া।

بَرْقِيَّة : টেলিগ্রাম, তারবার্তা।

بَرِيق، بُرَاق : বিদ্যুৎ, ঔজ্জ্বল্য, চাকচিক্য, কিরণ, দীপ্তি।

بُرَّاق : রাসূলুল্লাহ (স)-এর মিরাজ গমনের বাহন, বোরাক।

بَرَّاق : উজ্জ্বল, দীপ্তিমান, চকচকে।

بَرُوق : ভীরু।

أَبْرَق : শক্ত মাটি।

بَارِقَة : বজ্রমেঘ; দীপ্তি, ঔজ্জ্বল্য, আশার আলো, তরবারি।

مَبْرَق : আলো, চাকচিক্য; ঊষা।

آلَة مُبْرِقَة، مُبْرِق : টেলিটাইপ।

مُبْرِقَة : টেলিগ্রাফ।

إِبْرِيق : (ফা) জগ, কেত্‌লি। ব أَبَارِيق

بَرْوَق : পুষ্পবৃক্ষবিশেষ, Asphodel.

بَوْرَق : (ফা. সি) সোহাগা, শোরা।

بَيْرَق : (তু. সি) পতাকা; ব্যানার।

بَرْقَشَ : চিত্র বিচিত্র করা, বিভিন্ন রঙের ছোপ দেওয়া, সুসজ্জিত করা।

بَرْقَشَ فِى الكَلَام : বিভ্রান্তিকরভাবে কথা বলা; সাজাইয়া কথা বলা।

تَبَرْقَشَ : বিভিন্ন রঙে রঞ্জিত হওয়া; মুখে রঙ লাগানো।

إِبْرَنْقَشَ : (ابرنقاش) প্রফুল্ল হওয়া।

بِرْقِش : পাখিবিশেষ, Bishop bird.

بَرْقَشَة : বিভ্রান্তি, বিশৃঙ্খলা, রঙ-বেরঙের সংমিশ্রণ, বিভিন্নতা।

أَبُو بَرَاقِش : বহুরূপী।

مُبَرْقَش : রঙিন, বহু রঙে রঞ্জিত বস্তু।

بَرْقَطَ : দ্রুত পদক্ষেপে হাঁটা; পিছনে তাকাইতে তাকাইতে রওয়ানা করা; হাঁটু বিচ্ছিন্ন রাখিয়া উবু হইয়া বসা; ছড়াইয়া দেওয়া।

بَرْقَطَ الكَلَامَ : এলোমেলোভাবে কথা বলা।

تَبَرْقَطَ : চিৎ হইয়া পড়া।

بَرْقَعَ : অবগুণ্ঠিত করা, বোরকা পরানো।

تَبَرْقَعَ : বোরকা পরিধান করা।

بُرْقُع : বোরকা। ব بَرَاقِع

بُرْقُع السَتَارَة : হেলমেট।



www.pathagar.com

بَرْقُوق : (ফা) খুবানি, Apricot.

بَرْقَلَ : শয়ন করা।

بِرْقِيل : প্রাচীন সামরিক যন্ত্রবিশেষ, Ballista; বিষধর ক্ষুদ্র সর্পবিশেষ, Aspic.

بَرَكَ ـُ بَرْكَ : (تَبْرَاك، بُرُوك) إِسْتَبْرَكَ : হাঁটু গাড়িয়া বসা, নিতম্বের উপর বসিয়া পড়া (উট)।

~ بِ : দাঁড়াইয়া থাকা; অবস্থান করা।

~ على : উপবেশন করা।

بَرَّكَ : হাঁটু গাড়িয়া বসানো, হাঁটু নোয়ানো; অবস্থান করা।

بَرَّكَ ~ لِ : অভিনন্দিত করা।

بَرَّكَ ~ فِى عَلَى প্রাচুর্যের জন্য দোয়া করা, শুভ কামনা করা।

بَارَكَ : (مُبَارَكَة) দোয়া করা, শুভ কামনা করা, অভিনন্দিত করা; অনুমোদন করা।

بَارَكَ اللّٰه فِيكَ : আল্লাহ তোমার মঙ্গল করুন।

أَبْرَكَ : হাঁটু গাড়িয়া বসানো, নতজানু করা।

تَبَرَّكَ ~ بِ : বরকত লাভ করা, শুভাকাঙ্ক্ষা লাভ করা; আনন্দ লাভ করা; শুভ কামনা করা।

تَبَارَكَ : মহিমান্বিত হওয়া; বরকতময় হওয়া; প্রশংসিত হওয়া, শুভাকাঙ্ক্ষা লাভ করা।

إِبْتَرَكَ ~ فِى : সচেষ্ট হওয়া, নিয়োজিত হওয়া,

إِبْتَرَكَ ~ : (اِبْتِرَاك) আক্রমণ করা।

إِسْتَبْرَكَ : (اِسْتِبْرَاك) শুভলক্ষণ কামনা করা, শুভেচ্ছা লাভ করা।

بَرْك : বক্ষের উপরিভাগ; বসিয়া পড়া উষ্ট্রপাল। ব بُرُوك

بَرَكَة : কল্যাণ, বরকত, শুভেচ্ছা, প্রাচুর্য। ব بَرَكَات

بِرْكَة : পুকুর, জলাশয়। ব بِرَك

بِرْكَة السِّبَاحَة : সুইমিং পুল।

بُرْكَة : শস্যাদি পেষণ করিবার মূল্য। ব بُرْكَان، أَبْرَاك، بُرَك

بُرْكَة : জলচর শ্বেতপাখি। ব بُرَك

بَارُوك : ভীরু; অলস।

بَرُوكَة : অসামাজিক ব্যক্তি, মেলামেশার অযোগ্য লোক।

بَرِيك : সুখী; মাখন দেওয়া তাজা খেজুর।

بَرَّاك : শস্য পেষাই কলের মালিক বা চালক।

مَبْرَك : উষ্ট্র বসিবার স্থান।

مُبَارَك : সুখী, সৌভাগ্যবান, মহিমান্বিত, বরকতময়, শুভ।

مَبْرُوك : প্রচুর; শুভ, বরকতময়।

بِرْكَار : (ফা) কম্পাস।

بَرْكَعَ : পায়ে ভর করিয়া উঠা (অশ্ব), হাঁটুতে ভর করিয়া বসিয়া পড়া (উট)।

تَبَرْكَعَ : নিতম্বের উপর বসিয়া পড়া।

بُرْكَان : আগ্নেয়গিরি। ব بَرَاكِين

بَرْنَكَان، بَرَّكَان : এক প্রকার পোশাক।

بَرْلَمَان : আইন পরিষদ, পার্লামেন্ট।

بَرَمَ ـُ بَرْم : (بَرْم) পাকানো (দড়ি ইত্যাদি); বলবৎ করা, অনুমোদন করা (কাজ); ইতস্তত ঘুরিয়া বেড়ানো।

بَرِمَ ـَ : (بَرَم)، تَبَرَّمَ বিরক্ত হওয়া, ক্লান্ত হওয়া, হয়রান হওয়া; দুঃখিত হওয়া; অসন্তুষ্ট হওয়া; দুঃখ অনুভব করা, বিরক্তিকর মনে হওয়া।

أَبْرَمَ : পাকানো (দড়ি ইত্যাদি); সুষ্ঠুভাবে নির্বাহ করা (কাজ), শক্ত করা; বিরক্ত করা, ক্লান্ত করা।

إِنْبَرَمَ : দৃঢ় হওয়া, সুষ্ঠুভাবে নির্বাহ হওয়া (কাজ), দৃঢ়ভাবে পাকানো (দড়ি)।

بَرْم : পাক; সুষ্ঠুভাবে নির্বাহ।

بَرَم : ক্লান্তি; বিরক্তি, অসন্তোষ।

بَرِم : অসন্তুষ্ট, ক্লান্ত, বিরক্ত।

بَرْمَة : পাক দেওয়া, ঘূর্ণন, প্রদক্ষিণ; চাকার স্পোক।

بُرْمَة : মৃন্ময় পাত্র। ব بِرَام، بُرَم

بَرَّامَة : তুরপুন, ভোমর।

أَبْرَأَ : (اِبْرَاء) প্রমাণ করা; যুক্তি প্রদান করা; হস্তকৌশলে পরাভূত করা।

بُرْهَة، بَرْهَة : স্বল্প সময়, মুহূর্ত। ব بُرْهَات، بُرَه

بَرْهَمَ ~ إِلَى : স্থিরদৃষ্টিতে তাকানো।

بَرَهْمَا : ব্রহ্মা।

بَرَهْمِيّ، بَرْهَمِيّ : ব্রাহ্মসমাজ।

بَرَهْمِيَّة : ব্রাহ্ম মতবাদ।

بَرَهْمَن : ব্রাহ্মণ। ব بَرَاهِمَة

بَرْهَنَ ~ عَلَى : প্রমাণ করা, প্রমাণ দেওয়া।

تَبَرْهَنَ : প্রমাণিত হওয়া।

بُرْهَان : প্রমাণ, স্পষ্ট যুক্তি, যুক্তি প্রদর্শন। ব بَرَاهِين

مُبَرْهَن عَلَيْه : প্রমাণিত।

بَرْوَة : চাঁছা; ছোলা (কাঠ ইত্যাদি)।

البُرُوتُسْتَانْت : প্রটেস্টানট সম্প্রদায়।

بُرُوتُسْتَانْتِيَّة : প্রটেস্টানটদের মতবাদ।

بُرُوتُوكُول : চুক্তির খসড়া, প্রোটোকল।

بَرْوَزَ : কাঠামো গড়া।

بِرْوَاز : কাঠামো, ফ্রেম।

بُرُوفَة : প্রুফশীট।

بُرُوَّة : জাহাজের অগ্রভাগ, গলুই।

بُرُوَّة اللِّجَام : ঘোড়ার মুখে প্রবিষ্ট লাগামের লৌহদণ্ডাংশ।

بُرُوفِيسُور : অধ্যাপক, প্রফেসর।

بَرَى - : (بَرْي) ছাঁটিয়া দেওয়া, কাটিয়া ধারালো করা (পেন্সিল ইত্যাদি), পরিশ্রান্ত করা; কাটিয়া দেওয়া বা ঘষিয়া উঠাইয়া ফেলা (লেখা), শক্তি নিঃশেষ করা, হালকা-পাতলা করা।

بَارَى : (مُبَارَاة) প্রতিযোগিতা করা, পিছনে ফেলিবার চেষ্টা করা; অনুকরণ করা।

أَبْرَى : (اِبْرَاء) প্রতিযোগিতা করা, প্রতিদ্বন্দ্বী হওয়া; ধূলিতে ঢাকিয়া যাওয়া।

تَبَرَّى ~ لِ : বিরোধিতা করা; উদ্যোগ লওয়া।

تَبَارَى : প্রতিযোগিতা করা।

بَرِيم : দড়ি, ফিতা; পাকানো দড়ি; গরু-ছাগলের মিশ্রিত পাল।

بَرِّيمَة : তুরপুন, ভোমর; আকর, (Auger) ছিপি খুলিবার স্ক্রু, কর্ক স্ক্রু।

إِبْرَام : সম্পাদন, সমাপন, স্থির সমাধান।

تَبَرُّم : অসন্তোষ, অস্থিরতা; ক্লান্তি; বিরক্তি।

مُبْرَم : সুদৃঢ়, দোহারা, স্থিরকৃত।

مُبْرَم : সুদৃঢ়, শক্ত, অপ্রত্যাহারযোগ্য, অখণ্ডনীয়।

مَبْرُوم : পাকানো।

مُتَبَرِّم : অসন্তুষ্ট, অস্থির, ক্লান্ত, বিরক্ত।

بَرْمَائِي : উভচর।

بَرْمَائِيَّة : উভচর প্রাণী।

بَرْمَجَ : প্রোগ্রাম করা, পরিকল্পনা করা।

بَرْمَجَة : পরিকল্পনা, প্রোগ্রাম।

مُبَرْمَج : পরিকল্পিত।

بَرْمَق : গরাদে, শিক; স্পোক। ব بَرَامِق

بَرْمَك : ব্যক্তির নাম।

بَرْمَكِي : বারমাক গোত্রীয়। ব بَرَامِكَة

بَرْمَهَات : কিবতী ক্যালেন্ডারের সপ্তম মাস; মার্চ।

بَرْمُودَة : কিবতী ক্যালেন্ডারের অষ্টম মাস; এপ্রিল।

بَرْمِيل : পিপা। ব بَرَامِيل، بَرَامِل

بَرْنَامَج : প্রোগ্রাম, পরিকল্পনা; তালিকা, কার্যক্রম। ব بَرَامِج

بُرْنُجُك : পাতলা রেশমি কাপড়বিশেষ, ক্রেপ, গজ।

بَرْنَسَ : বুরনুস পরিধান করা।

بُرْنُس : লম্বা ঢিলা কোটবিশেষ, আংরাখা, বুরনুস।

بَرْنَطَ : হ্যাট পরিধান করা।

بُرْنَيْطَة : হ্যাট, হেলমেট। ব بَرَانِيط

بَرْنِيَّة : মৃৎপাত্র; ঘটি; উৎকৃষ্ট খেজুর। ব بَرَانِيّ

بَرِهَ - : (بَرْهَان، بَرَه) রোগমুক্তির পর ক্রমে ক্রমে স্বাস্থ্য ফিরিয়া পাওয়া।

إِنْبَرَى ~ لِ : (اِنْبِرَاء) বিরোধিতা করা, চ্যালেঞ্জ করা।

إِبْتَرَى : (اِبْتِرَاء) ছাঁটিয়া দেওয়া, কাটিয়া ফেলা।

بَرَى : মাটি, ধূলি।

بُرَاء، بُرَايَة : টুকরা, ফালি, ছাঁট।

تَبْرِيَة، إِبْرِيَة : মরামাস, খুসকি।

بَرَّاء : তীর প্রস্তুতকারক।

مِبْرَاة، بَرَّاءَة : কলম কাটিবার ছুরি, পেন্সিল ধারাইবার যন্ত্র, পকেট ছুরি। ব مبار

مُبَارَاة : প্রতিযোগিতা, টুর্নামেন্ট। ব مباريات

مُتَبَارٍ : প্রতিযোগী, প্রতিদ্বন্দ্বী।

بَارِيَات، بَارِيَاء، بَارِيَة، بَارِي : (ফা بوريا) মাদুর, চাটাই।

بَرِيدج : ব্রিজখেলা।

بَرِيزَة : রাস্তার পার্শ্বস্থ পানির কল, বৈদ্যুতিক সকেট।

بِرِيطَانِيَا : ব্রিটেন।

اِبْنُ بِرِيطَانِيَا : ব্রিটেন, গ্রেট ব্রিটেনের অধিবাসী।

بِرِيطَانِيّ : ব্রিটিশ।

بَزَّ ـُ : (بَزّ) লইয়া যাওয়া, ছিনাইয়া লওয়া, লুণ্ঠন করা; তহবিল তসরূফ করা, পরাভূত করা; বিজয়ী হওয়া, উৎকর্ষাদিতে ছাপাইয়া যাওয়া।

بَزّ : বস্ত্র, উৎকৃষ্ট বস্ত্র; অস্ত্র। ব بُزُوز

إِبْتَزَّ ~ مِنْ : খুলিয়া ফেলা।

بُزّ : স্তন, পশুর ওলান, স্তনের বোঁটা, পাইপের মুখ, গ্রন্থি; গাঁট। ব أَبْزَاز، بِزَاز

بَزٌّ : পোশাক, স্যুট, অস্ত্র।

بَزَّاز : বস্ত্র ব্যবসায়ী।

بِزَازَة : বস্ত্র ব্যবসা।

بَزَّازَة : চুচুক, বোঁটা; শিশুকে খাওয়াইবার বোতল।

إِبْتِزَاز : লুণ্ঠন, তহবিল তসরূফ।

بَزْبَزَ : দ্রুত হাঁটা; চাপ প্রয়োগ করা; নিপুণভাবে সম্পন্ন করা।

بُزْبُز : খোশ মেজাজ।

بَزْبَاز : দ্রুতগামী।

بِزْبُوز : নল, নলের মুখ। ব بَزَابِيز

بَزَجَ ـَ : (بَزْج) দম্ভ করা; উত্তেজিত করা।

بَزَّجَ : (تبزيج) সজ্জিত করা, অলঙ্কৃত করা।

بَازَجَ : (مبازجة) দম্ভ করা।

تَبَازَجَ : যোগ্যতার প্রতিযোগিতা করা।

بَزِخَ ـَ : (بَزَخ)، إِنْبَزَخَ খোঁদল পৃষ্ঠ ও স্ফীত বক্ষ হওয়া।

بَزَخَ ـَ : লাঠি দ্বারা আঘাত করা।

بَزَّخَ ~ لِ : সমর্পণ করা।

تَبَازَخَ ~ عَنْ : অবসর গ্রহণ করা।

أَبْزَخ : স্ত্রী بَزْخَاء খোঁদল পৃষ্ঠ ও স্ফীত বক্ষবিশিষ্ট লোক।

بَزَرَ ـِ : (بَزْر) বপন করা (বীজ), ছড়াইয়া দেওয়া (শস্য, বীজ); মসলা দেওয়া।

بَزَّرَ : বীজ উৎপন্ন করা; পাতিলে বীজ ছেড়ে দেওয়া, খাবার সুন্দর করা।

بَزْر : বীজ; গুটিপোকার ডিম। ব بُزُور

~ : মসল্লা, চাটনি। ব أَبَازِير، أَبْزَار

بِزْرَة : বীজ, বিচি; জীবাণু, শাঁস।

بِزْرَايَة : বীজপূর্ণ গাছ, বীজপূর্ণ শুকনা ফল।

بَزَّار : বীজ বিক্রেতা; বীজ বপনকারী, গুটিপোকার ডিম ব্যবসায়ী।

بُزَيْرَة : বীজগুটি।

مُبَزَّر : বীজপূর্ণ (গাছ)।

بَزُعَ ـُ : (بَزَاعَة) সুদর্শন হওয়া; সুশিক্ষাপ্রাপ্ত হওয়া।

تَبَزَّعَ : সুন্দর দেখানো; গুরুত্বপূর্ণ হওয়া, ভয়ঙ্কর হওয়া।

بَزِيع، بُزَاع : মহৎ; সুদর্শন।

بَزَغَ ـُ : (بُزُوغ، بَزْغ) উদিত হওয়া (সূর্য), উদ্ভাসিত হওয়া (দিন); বিচ্ছুরিত হওয়া (আলো)।



www.pathagar.com

بَازِغَة : তারকা। ব بَوَازِغ

بُزُوغ : উদয়; বিচ্ছুরণ, আবির্ভাব।

مِبْزَغ : অস্ত্রোপচারের ছুরিবিশেষ, Lancet. ব مبازغ

بَزَقَ – ُ : (بَزْق) থুথু ফেলা।

بُزَاق : থুথু, লালা।

بَزَّاقَة : এক প্রকার শামুক; গোখরা; পিকদানি।

مِبْزَقَة : পিকদানি।

بَزَلَ – ُ : (بَزْل) দাঁত গজানো, পরিপূর্ণ হওয়া, ছিদ্র করা, গর্ত করা; সুদৃঢ় হওয়া; প্রবাহিত করা, ফিল্টার দ্বারা পরিশুদ্ধ করা (পানি ইত্যাদি), মুখ খুলিয়া ফেলা (বোতল, পিপা ইত্যাদির)।

: (بُزُول) ছিদ্র হওয়া, প্রবাহিত হওয়া, ফোঁটায় ফোঁটায় ঝরা (পানি)।

إِبْتَزَلَ : ছিদ্র করা, ফেটে যাওয়া।

إِسْتَبْزَلَ : (استبزال) ছিদ্র করা; ফিল্টার দ্বারা পরিশুদ্ধ করা (পানি ইত্যাদি)।

بَزْل : প্রবাহিতকরণ, নির্গতকরণ (পানি ইত্যাদি)।

بَزَّال : পিপার মুখ খুলিবার তুরপুন, কর্ক; স্ক্রু।

بُزَال : ছিপি; বোতলের ছিদ্র, পানির কলের কর্ক।

بِزِلَّة ، بِزِلًّا : কাঁচা মটরশুঁটি।

بَزْلَاءُ : চরম দুর্ভাগ্য।

بَازِل : দাঁতাল, দাঁত উঠিয়াছে এমন (উট)। ব بَوَازِل، بُزُل

مِبْزَال ، مِبْزَلَة : তুরপুন, পানির ফিল্টার, ছিপির ছিদ্র, ছিপি, ট্যাপ। ব مَبَازِل

بَازِلَة : জীবিকার অবলম্বন।

بَزَمَ – ِ : (بَزْم) বিচ্যুত করা; কথা বলা, শব্দ উচ্চারণ করা।

~ عَلَى : সম্মুখ দন্তে কামড়িয়ে ধরা, সংকল্প করা।

~ بِ : বহন করা (বোঝা)।

بَزْمَة : শব্দ, কথা।

بَزِيم : বন্ধনী, হার।

إِبْزِيم : কবজা, খিল। (ফা) ব أَبَازِيم

بَزْمَخَ : গর্বিত হওয়া।

بِزَنْطِيّ : বাইজানটাইন।

بَزَا – ُ : (بَزْو) সহৃদয় হওয়া, জয়ী হওয়া।

~ عَلَى : সমকক্ষ হওয়া; নিজেকে কাহারও উপরে উঠানো।

~ بَزِيَ – َ : খোঁড়ল পৃষ্ঠ ও প্রশস্ত বক্ষ হওয়া।

أَبْزَى ~ بِ : পরাভূত করা।

بَزَاء : গর্ব, ঔদ্ধত্য।

بَزْو : সমকক্ষ, সমান।

بَزِيّ : দুধভাই।

بَازِيّ : বাজপাখি। ব بِيزَان، أَبْوَاز، بَوَاز، بُزَاة

أَبْزَى : খোঁড়ল পৃষ্ঠ ও চওড়া বুকবিশিষ্ট। স্ত্রী بَزْوَاء

بَسَّ – ُ : (بَسّ) বিদীর্ণ করা, চূর্ণ করা; প্রেরণ করা; তাড়াইয়া দেওয়া, প্রাচীন হওয়া।

أَبَسَّ : (ابساس) তাড়াইয়া নেওয়া, পানি ছিটাইয়া সিক্ত করা।

~ بِ : সংগ্রহ করা, একত্র করা; ডাকিয়া আনা; গায়ে হাত বুলাইয়া শান্ত করা; বশীভূত করা।

بَسّ ، بَسَّة : ব بِسَاس বিড়াল।

بِسِّين : স্ত্রী بِسِّينَة বিড়াল ছানা।

بَس : যথেষ্ট, ব্যাস্।

بَسُوس : উষ্ট্রী। ব بُسُس

حَرْبُ الْبَسُوس : আরব বর্বর যুগের বাসূস নামীয় জনৈকা মহিলার কারণে সংঘটিত যুদ্ধ।

بَسِيس : সামান্য পরিমাণ খাদ্য।

بَسِيسَة : মাখন কিংবা তেলের সহিত মিশ্রিত আটা।

بَسَأَ ، بَسِيَ – َ : (بَسْأ ، بُسُوء) ঘনিষ্ঠ হওয়া, অভ্যস্ত হওয়া, আনন্দিত, সহজ হওয়া।

بَسُوء : শান্তশিষ্ট (উষ্ট্রী)।

تَبَسْبَسَ : প্রবাহিত হওয়া (পানি)।

بَسْبَسَ : ব্যাস্ বলা; যথেষ্ট হইয়াছে বলা দ্রুত গমন করা, দোহনের জন্য উট বা ছাগীকে বিস, বিস বলে ডাকা।

بَسْبَس : মরুভূমি, জলশূন্য প্রান্তর। ব بَسَابِس



www.pathagar.com

بَشْبَاسَة : জৈত্রী। ব بَشَبَاس

بَسْبُوسَة : ময়দা, মাখন, চিনি ও তৈল দ্বারা প্রস্তুত পিঠা।

بُسْتَان : উদ্যান, বাগান, ফলের বাগান। ব بَسَاتِين

بُسْتَانِي : (بستنجى) মালী; উদ্যান সংক্রান্ত।

بَسْتَنَة : উদ্যান পালন, Gardening.

بَسْتُونِي : তাসের ইশকাপন।

بَسْخَة : ইস্টার, যীশুখ্রিস্টের সপ্তাহব্যাপী পুনরুত্থান পর্ব।

بَسَرَ - ُ : (بَسْر) কাজ যথাসময়ের পূর্বে করা, দ্রুততর করা, আগে আগে আরম্ভ করা, তাড়াহুড়া করা।

~ : (بُسُور) ভ্রূকুটি করা, বদমেজাজি হওয়া।

أَبْسَرَ : অকালে করা; মদ্য প্রস্তুত করা (খেজুর হইতে), পাকিয়া উঠা (খেজুর)।

تَبَسَّرَ : ঠাণ্ডা হওয়া (দিন)।

إِبْتَسَرَ : (اِبْتِسَار) যথাসময়ের পূর্বে কোন কাজ করা, দ্রুততর করা, আগে আগে আরম্ভ করা, তাড়াহুড়া করা; অসাড় হওয়া (পা)।

بُسْر : কাঁচা ও পাকার মধ্যবর্তী তাজা খেজুর। ব بِسَار

بَسُور : সিংহ।

بَاسُور : অর্শরোগ, অর্শবলি। ব بَوَاسِير

مَبْسُور : অর্শরোগে আক্রান্ত।

مُبْتَسَر : অকালপক্ব।

بَسَطَ - ُ : (بَسْط) বিছাইয়া দেওয়া; বিস্তৃত করা; প্রসারিত করা, সমতল করা; খোলা, টানিয়া বাহির করা (তরবারি); পেশ করা, আরম্ভ করা, যাত্রা করা; ব্যাখ্যা করা, আনন্দিত করা, অগ্রাধিকার দেওয়া।

بَسُطَ - ُ : (بَسَاطَة) সরল হওয়া; প্রাণখোলা হওয়া।

بَسَّطَ : (تَبْسِيط) বিছাইয়া দেওয়া; ছড়াইয়া দেওয়া, সম্প্রসারিত করা, সমান করা; সহজ-সরল করা।

بَاسَطَ : (بِسَاط) ব্যাখ্যা করা; আন্তরিক হওয়া, হাসিমুখে অভ্যর্থনা করা; খোলাখুলি বলা; খোলামনে স্বীকার করা।

تَبَسَّطَ : ছড়াইয়া যাওয়া, বিস্তৃত হওয়া, দীর্ঘায়িত হওয়া; সম্প্রসারিত হওয়া; মিশুক হওয়া, সামাজিক হওয়া, সহজ হওয়া।

إِنْبَسَطَ : (اِنْبِسَاط) বিস্তৃত হওয়া, সম্প্রসারিত হওয়া, খুলিয়া যাওয়া; প্রফুল্ল হওয়া, আনন্দিত হওয়া।

بَسْط : সম্প্রসারণ, বিস্তৃতি, ব্যাখ্যা, উপস্থাপনা; আনন্দ, প্রফুল্লতা; ভগ্নাংশের লব (গণিত)।

قَلَم بَسْط : খাগের কলম।

بَسْطَة : বিস্তার, ব্যাপ্তি, প্রসার, দক্ষতা, যোগ্যতা, প্রাচুর্য, উপস্থাপনা।

بَسَاط : বিস্তৃত ভূমি।

بِسَاط : কার্পেট, বিছানা। ব بُسُط

بَسَاطَة : সরলতা।

بَسِيط : সরল, সহজ, সাধারণ; সামান্য; প্রশস্ত, বিস্তৃত ভূমি, স্থুল বস্তু। ব بُسُط

بَسِيطُ الكَفّ : অমিতব্যয়ী।

البَسِيطَة، بَسِيطَة : ভূমি, পৃথিবী। ব بَسَائِطُ

بَسَائِط : মৌল উপাদান; সাধারণ প্রতিষেধক; মূল বিষয়াদি।

أُبْسُوطَة : চাকার বেড়।

إِنْبِسَاط : বিস্তার, ব্যাপ্তি, প্রসার; হৃৎপিণ্ডের সম্প্রসারণ; আনন্দ, প্রফুল্লতা, বহির্মুখিতা (দর্শন)।

بَاسِط : সম্প্রসারণকারী, আলিঙ্গনকারী; সরল।

مَبْسُوط : বিস্তৃত, উন্মুক্ত; ব্যাপক; আনন্দিত; সচ্ছল; স্বচ্ছন্দ।

البُسْفُور : ভূমধ্যসাগর ও কৃষ্ণসাগরের সংযোজক বস্‌ফরাস প্রণালী।

بَسَقَ - ُ : (بُسُوق) উঁচু হওয়া (গাছ), উন্নত হওয়া, ছাপাইয়া যাওয়া, দক্ষ হওয়া।

بَسَقَ : (بصق) থুথু ফেলা।



www.pathagar.com

بَسَّقَ : (تبسيق) সরাইয়া দেওয়া; প্রসারিত করা।

بَسَاق : (بُسَاق) থুথু।

مباسيق، مباسق ب । উঁচু; উন্নত : مُبْسِق، بَاسِق

بَاسِقَة : উঁচু ডালপালাবিশিষ্ট গাছ; সাদা মেঘ। ব بَوَاسِق

بَسُلَ - ُ : (بَسَالَة) বীর হওয়া, সাহসী হওয়া, নির্ভীক হওয়া।

~ : (بُسُول، بَسْل) টক ও তেজস্ক্রিয় হওয়া (মদ্য), নিস্তেজ হওয়া; (সিরকা); দুর্গন্ধ ছড়ানো (গোশত)।

~ : (بُسُول) কঠোর মূর্তি ধারণ করা।

~ : (بَسْل) অভিশাপ দেওয়া।

أَبْسَلَ : (ابسال) নিষিদ্ধ করা; অভিশাপ দেওয়া; পেশ করা, সমর্পণ করা, জামানত রাখা।

تَبَسَّلَ : ভ্রূকুটি করা; ভয়ঙ্কর মূর্তি ধারণ করা।

إِسْتَبْسَلَ : (استبسال) বেপরোয়া হওয়া; বিপদের মোকাবিলা করা; মৃত্যুকে অগ্রাহ্য করা; সমর্পণ করা।

بَسْل : নিষিদ্ধ বস্তু।

بَسَالَة : সাহস, বীরত্ব, নির্ভীকতা।

بَاسِل : সাহসী, বীর, নির্ভীক; তীব্র, কঠিন; দৃঢ়; সিংহ। ব بَوَاسِل

بَسِيل : নিষিদ্ধ বিষয়; বোতলে অবশিষ্ট মদ। ব بُسَلَاء

مُسْتَبْسِل : বীরোচিত; বেপরোয়া।

بِسِلَّة : মটরশুঁটি।

بَسَمَ - ِ : (بَسْم)، تَبَسَّمَ، إِبْتَسَمَ (ابتسام) মৃদু হাসা।

إِبْتِسَام، تَبَسُّم، بَسْمَة : মৃদু হাসি।

بَسَّام، بَاسِم : হাস্যোজ্জ্বল, হর্ষোৎফুল্ল।

مَبْسِم : মুখ। ব مَبَاسِم

بَسْمَلَة : বিসমিল্লাহ বলা।

بَسُنَ، أَبْسَنَ (ابسان) : সুন্দর হওয়া, সুদর্শন হওয়া।

بَاسِنَة : লাঙ্গলের ফলা। ব بَوَاسِن

بَشَّ - َ : (بَشَاشَة، بَشّ) প্রফুল্ল হওয়া, হাস্যোজ্জ্বল হওয়া, হাসা; সদয় হওয়া, সৌজন্য প্রদর্শন করা; সানন্দে গ্রহণ করা, আনন্দ করা, দান করা।

أَبَشَّ : তৃণাচ্ছাদিত হওয়া (ভূমি)।

بَشَاشَة، بَشَر : হাসি, প্রফুল্লতা, সহৃদয়তা।

بَشُوش، بَشَّاش : হাস্যোজ্জ্বল; বন্ধুসুলভ; প্রফুল্ল; সহৃদয়।

تَبَشْبَشَ ~ بِ : সম্মান প্রদর্শন করা, সম্বর্ধনা জ্ঞাপন করা।

بُشْتَة، بُشْت : আলখিল্লাবিশেষ।

بَشْتَخْتَة : পোশাক রাখার আলমারি, Wardrobe.

بَشَرَ - ُ : (بَشْر) ছাল তুলিয়া ফেলা, খোসা ছাড়ানো, ঘষিয়া ক্ষয় করা, শস্য খাইয়া ফেলা (পঙ্গপাল)।

بَشِرَ - َ ~ بِ : আনন্দিত হওয়া, খুশি হওয়া।

بَشَّرَ ~ بِ : (تَبْشِير) সুসংবাদ দেওয়া, সুসংবাদ নিয়া আসা; শুভ সংবাদের পূর্বাভাস দেওয়া, আশা প্রদান করা, ছড়াইয়া দেওয়া, প্রচার করা (ধর্মীয় মতবাদ)।

بَاشَرَ : (مُبَاشَرَة) সম্পৃক্ত থাকা, নিয়োজিত থাকা; চালাইয়া যাওয়া (কাজ), অনুশীলন করা (বিদ্যা), তত্ত্বাবধান করা।

بَاشَرَ الْمَرْأَةَ : যৌন সম্পর্কে আবদ্ধ থাকা, সহবাস করা।

أَبْشَرَ : (إِبْشَار) তৃণাদি উৎপন্ন করা (ভূমি), মুখমণ্ডল উজ্জ্বল করা (সুসংবাদ), সুসংবাদ দেওয়া, প্রচার করা; ছাল তুলিয়া ফেলা, খোসা ছাড়ানো।

~ بِ : আনন্দিত করা।

تَبَاشَرَ ~ بِ : পরস্পরের নিকট সুসংবাদ পৌঁছাইয়া দেওয়া।

إِبْتَشَرَ : (إِبْتِشَار) ছাল তুলিয়া ফেলা, খোসা ছাড়ানো।



www.pathagar.com

اِسْتَبْشَرَ ~ ب : (اسْتِبْشَار) (সুসংবাদ শুনিয়া) আনন্দিত হওয়া, খুশি হওয়া; খোশ আমদেদ জানানো; শুভলক্ষণরূপে গ্রহণ করা, আশাবাদী হওয়া; সুসংবাদ দেওয়া; প্রচার করা।

بِشْر : আনন্দ, প্রফুল্লতা, চেহারার ঔজ্জ্বল্য।

بُشْرَى، بُشْر : সুসংবাদ।

بَشَر : মানুষ, মানবজাতি।

أبو البَشَر : আদম (আ)।

بَشَرَة : বাহ্যিক আকৃতি; বহিঃচর্ম। ব بَشَر

بَشَرِيّ : মানবিক, মানবীয়; ত্বক সংক্রান্ত; চর্ম।

بَشَرِيَّة : মানব জাতি।

بَشَارَة : চেহারার ঔজ্জ্বল্য।

بِشَارَة : সুসংবাদ; ভবিষ্যদ্বাণী। ব بَشَائِر، بَشَارَات

بُشَارَة : সুসংবাদদাতাকে প্রদত্ত উপহার।

بَشَّارَة : প্রজাপতি।

بَشِير : সুসংবাদদাতা; বার্তাবাহক; সুদর্শন ব্যক্তি। ব بُشَرَاء

تَبْشِير : সুসংবাদদান, শুভসংবাদ ঘোষণা; মিশনারি প্রচারণা।

تَبْشِيرِيّ : মিশনারি।

تَبَاشِير : প্রভাত; সূচনা।

مِبْشَرَة : ঘর্ষণযন্ত্র। ব مَبَاشِر

مُبَاشِر : (বিন) সরাসরি, প্রত্যক্ষ।

مُبَاشَرَةً : (ক্রি) (বিন) সরাসরি, প্রত্যক্ষভাবে।

مُبَشِّر : সুসংবাদদাতা; প্রচারক, মিশনারি।

مُسْتَبْشِر : খুশি, প্রফুল্ল; আশাবাদী।

بَشَرُوش : ফ্লামিঙ্গো, Flamingo.

بَشِعَ - بَشَعَ : (بَشَاعَة، بَشَع) স্বাদ নষ্ট হওয়া, অরুচিকর হওয়া (খাদ্য); কুৎসিত হওয়া, বিকৃত হওয়া, দুর্গন্ধ নিঃশ্বাসযুক্ত হওয়া।

~ ب : চূর্ণ-বিচূর্ণ করা।

بَشَّعَ : স্বাদ নষ্ট করা; বিকৃত করা, কুৎসিত করা; সম্মান নষ্ট করা।

تَبَشَّعَ فِي : ঘৃণ্য কাজ করা।

اِبْتَشَعَ : (اِبْتِشَاع) আরামদায়ক মনে না করা (স্থান)।

اِسْتَبْشَعَ : (اِسْتِبْشَاع) কুৎসিত মনে করা, কদাকার বিবেচনা করা; সঙ্কীর্ণ মনে করা (স্থান)।

بَشَاعَة : খারাপ স্বাদ, অরুচি; বিকৃতি, বিকৃত রূপ।

بَشِيع، بَشِع : অরুচিকর; কুৎসিত, বিকৃত, বিরক্তিকর, অসন্তোষজনক, অপ্রীতিকর, দুর্গন্ধ শ্বাসবিশিষ্ট।

بَشَقَ - بَشِقَ - بَشُقَ : (بَشْق) আঘাত করা, ছিঁড়িয়া ফেলা।

بَشِق : কিংকর্তব্যবিমূঢ়, হতবুদ্ধি।

بَاشِق، بَشَق : ব بَوَاشِق বাজপাখি-বিশেষ।

بَشْقَة : (তু) ভিন্ন।

بَشَكَ - بَشُكَ : (بَشْك) দ্রুত হাঁটা; নিকৃষ্ট মানের সেলাই করা।

اِبْتَشَكَ : মিথ্যা বলা, সত্যের অপলাপ করা; অনর্গল উপস্থিত বক্তব্য দেওয়া।

بَشَّاك : মিথ্যুক।

اِبْتِشَاك : মিথ্যা, ছলনা, প্রতারণা।

بَشْكُور : উনানাদির আগুন খোঁচানোর জন্য লৌহাদি নির্মিত দণ্ড, পোকার।

بَشْكِير : (ফা) তোয়ালে। ব بَشَاكِير

بَشَلُّوس، بِشِلَّة : (ইত) নলাকার জীবাণুবিশেষ, বেসিলাস।

بِشْلِك : (তু) রৌপ্য মুদ্রাবিশেষ।

بَشْلَلَ : অসুবিধায় ফেলা, ঝামেলায় জড়ানো।

تَبَشْلَلَ : অসুবিধায় পড়া, ঝামেলায় জড়িয়ে পড়া।

تَبَشْلُل، بَشْلَلَة : অসুবিধা, ঝামেলা, ঝঞ্ঝাট, জটিলতা, কিংকর্তব্যবিমূঢ়তা।

بَشِمَ - بَشَمَ : (بَشَم) ~ مِنْ বিরক্তিবোধ করা।

~ مِنَ الطَّعَامِ : অধিক ভোজনের দরুন পীড়িত হওয়া, অজীর্ণে আক্রান্ত হওয়া।

بَشَّمَ : (تَبْشِيم) বিদ্ধ করা (পেরেক)।

أَبْشَمَ : (إِبْشَام) বিরক্ত করা; অধিক ভোজনে পেট পীড়িত করা; অজীর্ণে আক্রান্ত করা; স্পৃহা লোপ করা, অরুচি সৃষ্টি করা।

بَشَم : বিরক্তি, অতিভোজজনিত পীড়া, অজীর্ণ।

بَشَام : এরেণ্ডা বৃক্ষ।

بِشْمَار : (তি) সাজসজ্জা।

بَشْمَق : চটিজুতা, স্লিপার।

بِشْنَة : এক প্রকার ভুট্টা।

بَشِين : (তু) নগদ টাকা।

بَشْنَس : কিবতী সনের নবম মাস।

بَشْنُوقَة : চিবুকের নিচে বাঁধা রুমাল, মস্তকাবরণ। ব بَشَانِيق

بِشْنِين : জলপদ্ম।

بَصَّ : ـ بَصَّ (بَصّ، بَصِيص) চকচক করা, উজ্জ্বল হওয়া, দীপ্ত হওয়া, প্রবাহিত হওয়া, ঝরা (পানি), টেরাচোখে দেখা।

~ بِ : দেওয়া।

بَصَّصَ : (تَبْصِيص) চক্ষু ফুটা (কুকুর ছানা ইত্যাদি); উদ্গত হওয়া (উদ্ভিদ); প্রথম পত্রাদি বাহির হওয়া (গাছ)।

بَصَّة : জ্বলন্ত অঙ্গার, স্ফুলিঙ্গ।

بَصَاصَة : চক্ষু; দৃষ্টি; চর, গোয়েন্দা।

بَصِيص : চাকচিক্য, ঔজ্জ্বল্য, চকচকে, উজ্জ্বল, দীপ্ত।

بَصَّاص : উজ্জ্বল, চকচকে, চর, গোয়েন্দা।

بَصَّاصَة : চক্ষু।

بَصْبَصَ : লেজ নাড়া (কুকুর); তোষামোদ করা, চক্ষু ফুটা (বাচ্চা); অনুসন্ধান করা।

تَبَصْبَصَ : লেজ নাড়া (কুকুর); সোহাগ করা, গায়ে হাত বুলানো।

بَصْبُوص : চোখের মণি।

بَصُرَ ـ بَصِرَ ـ : (بَصَارَة، بَصَر) দেখা, অবহিত হওয়া, উপলব্ধি করা; তাকানো; বুঝা।

بَصَّرَ : (تَبْصِير) দেখানো; বুঝানো; অবহিত করা, উপলব্ধি করানো; সতর্ক করা; আলোকপাত করা, চক্ষু খোলা।

~ لِ : ভবিষ্যদ্বাণী করা।

بَاصَرَ : (مُبَاصَرَة) দূর হইতে দেখা, পর্যবেক্ষণ করা।

أَبْصَرَ : (إِبْصَار) স্পষ্ট হওয়া; দেখা, প্রত্যক্ষ করা, পর্যবেক্ষণ করা, উপলব্ধি করা; উপলব্ধি করানো।

تَبَصَّرَ : বিবেচনা করা, পর্যবেক্ষণ করা, চিন্তা করা।

تَبَاصَرَ : পর্যবেক্ষণ করা।

إِسْتَبْصَرَ : (إِسْتِبْصَار) মনোযোগ সহকারে লক্ষ্য করা; গোপন বস্তু অনুসন্ধান করা; দেখিতে সক্ষম হওয়া, বিচার-বুদ্ধিসম্পন্ন হওয়া; বিবেচনা করা।

بَصَر : দৃষ্টি, চক্ষুর জ্যোতি, উপলব্ধি। ব أَبْصَار

بَصَرِيّ : দৃষ্টি সংক্রান্ত।

بَصْرَة، بَصَر، بُصْر، بَصَر : মসৃণ ও সাদাটে প্রস্তরখণ্ড।

بَصْرَة : নুড়ি মিশ্রিত কাদামাটি। ব بِصَار

اَلْبَصْرَة : বসরা নগরী।

بَصَارَة : দৃষ্টি, উপলব্ধি, বুদ্ধি।

بَصِير : দৃষ্টিসম্পন্ন, বুদ্ধিসম্পন্ন, সচেতন। ব بُصَرَاء

بَصِيرَة : বুদ্ধি, উপলব্ধি, অন্তর্দৃষ্টি, সতর্কতা; প্রমাণ; সাক্ষী, পর্যবেক্ষক। ব بِصَار، بَصَائِر

بَاصِرَة : চক্ষু। ব بَوَاصِر

أَبْصَر : অধিকতর দৃষ্টিসম্পন্ন।

تَبَصُّر : বিবেচনা, পর্যবেক্ষণ, উপলব্ধি, দৃষ্টি।

تَبْصِرَة : আলোকপাত, দৃষ্টিদান, শিক্ষাদান, জ্ঞানদান, অভিমত, পর্যালোচনা।

إِسْتِبْصَار : অন্তর্দৃষ্টি, উপলব্ধি।

مَبْصَرَة، مَبْصَر : স্পষ্ট প্রমাণ।



www.pathagar.com

مُبْصِرَ : দৃষ্টিসম্পন্ন, বুদ্ধিসম্পন্ন, তত্ত্বাবধায়ক, নাজির।

مُبَصِّرَ : ভবিষ্যদ্বক্তা, নিরীক্ষণকারী, সংরক্ষক।

مِبْصَار : দূরবিন, দূরবীক্ষণযন্ত্র, দূরদর্শনযন্ত্র।

مُبَاصَرَة : দূরদর্শন।

بَصَعَ - َ : (بَصْع) প্রবাহিত হওয়া, ফোঁটায় ফোঁটায় ঝরা (পানি, ঘাম); সংগ্রহ করা।

بَصِيع : ঘাম। ব بُصْع

أَبْصَع : বোকা। স্ত্রী بَصْعَاء

بَصَقَ - ُ : (بَصْق) থুথু ফেলা; তুচ্ছ মনে করা।

بُصَاق : থুথু, লালা।

بُصَاقَة : সাদা উজ্জ্বল পাথর, চন্দ্রবলয়।

مِبْصَقَة : পিকদানি।

بَصَّلَ (تبصيل)، تَبَصَّلَ : বিবস্ত্র করা; ছাল খসাইয়া ফেলা।

تَبَصَّلَ : প্রশ্ন করিয়া বিব্রত করা; অধিক হওয়া।

بَصَل : পিঁয়াজ।

بَصَلِيّ : পিঁয়াজ সদৃশ, কন্দযুক্ত।

بَصَمَ - ُ : (بَصْم) আঙুলের টিপ দেওয়া, সীল দেওয়া।

بُصْم : অনামিকা ও কনিষ্ঠ অঙ্গুলিদ্বয়ের ব্যবধান; ঘনত্ব (কাপড়ের)।

ذُو بُصْم : ঘন, নিবিড়।

بَصْمَة : টিপ, সীল।

بَصَا - ُ : (بَصْو) সম্পত্তি কাড়িয়া লওয়া।

بَصْوَة : জ্বলন্ত অঙ্গার।

بَضَّ - َ : (بُضُوضَة، بَضَاضَة) কোমল ত্বকবিশিষ্ট হওয়া।

~ : (بَضِيض، بُضُوض، بَضّ) ফোঁটায় ফোঁটায় ঝরা, একটু একটু করিয়া প্রবাহিত হওয়া (পানি), ক্রন্দন করা (চক্ষু); সুরবাঁধা (বাদ্যযন্ত্রে) নাদুসনুদুস হওয়া।

~ أَبَضَّ : (إِبْضَاض) অল্প পরিমাণে দেওয়া।

بَضّ : অত্যধিক সাদা।

بَاضّ، بَضّ : কোমল ত্বকবিশিষ্ট।

بَضَّة، بَضّ : টক দুগ্ধ।

بَضِيضَة، بُضَاضَة، بَضَض : সামান্য পরিমাণ পানি।

بَضْرَة، بَضَر : অকার্যকারিতা।

بَضَعَ - َ : (بَضْع) কাটিয়া বা ফাড়িয়া টুকরা টুকরা করা; বিদীর্ণ করা, ব্যবচ্ছেদ করা, অস্ত্রোপচার করা; ব্যাখ্যা করা; বিশ্লেষণ করা; স্পষ্ট হওয়া (বক্তব্য); সহবাস করা।

~ : (بُضُوع) বুঝিতে পারা (কথা)।

بَضَّعَ : (تَبْضِيع) কর্তন করা, ব্যবচ্ছেদ করা, বিদীর্ণ করা; কেনাকাটা করা।

بَاضَعَ : (مُبَاضَعَة) সহবাস করা।

أَبْضَعَ : (إِبْضَاع) ব্যাখ্যা করা, বিশ্লেষণ করা, পণ্য বিলি করা; লাভজনকভাবে মূলধন বিনিয়োগ করা; বিবাহ করা।

تَبَضَّعَ : কর্তিত হওয়া, বিদীর্ণ হওয়া; কেনাকাটা করা, ব্যবসা করা।

إِبْتَضَعَ : (إِبْتِضَاع) স্পষ্ট হওয়া (বক্তব্য)।

إِسْتَبْضَعَ : (إِسْتِبْضَاع) ব্যবসা করা, পণ্যে পরিণত করা।

بَضْع : বিচ্ছেদ, ব্যবচ্ছেদ।

بِضْعَة، بِضْع : অল্পসংখ্যক, কিছুসংখ্যক, কয়েকটি; রাত্রির অংশ; তিন হইতে নয় পর্যন্ত সংখ্যা।

بِضْعَة أَيَّام : কয়েকদিন।

بُضْع : ব بُضُوع، أَبْضَاع যোনি; বিবাহ বন্ধন।

بَضْعَة : ব بِضْع، بَضَعَات بَضْعَة ব بِضَع، بِضَاع টুকরা, গোশতের টুকরা।

بِضَاعَة : পণ্য। ব بَضَائِع

بَضِيع : অংশীদার।

بَاضِع : সামান্য আঘাত, পণ্য বহনকারী।

إِبْضَاع : তত্ত্বাবধান; লিমিটেড কোম্পানির অংশীদারিত্ব, মূলধন বিনিয়োগ।

تَبَضُّع : কেনাকাটা।



www.pathagar.com

مُبْضِع : লিমিটেড কোম্পানির অংশীদার।

مِبْضَع : শল্য চিকিৎসকের ক্ষুদ্র ছুরি। ব مَبَاضِع

مَبْضُوع : অস্ত্রোপচারকৃত।

مُسْتَبْضِع : ব্যবসায়ী, তত্ত্বাবধায়ক।

بَضَكَ - : (بَضْك) কাটিয়া ফেলা, বিচ্ছিন্ন করা।

بَضَمَ - ُ : (بَضْم) শস্যবীজ বুননকালে দ্রুত হাঁটা।

بُضْم : আত্মা; শস্য-মঞ্জরী।

بَطَّ - ُ : (بَطّ) কাটা, ছেঁড়া (ফোঁড়া), ফাড়িয়া ফেলা, বিদীর্ণ করা।

بَطَّة، بَطّ : পাতিহাঁস।

بَطَّة : চামড়ার হংসাকৃতি বোতল। ব بُطُوط، بِطَاط

بَطَّة الرِّجْل، بَطَّةُ السَّاقِ : হাঁটুর নিচে পিছনের মাংসল অংশ, পায়ের থোড়া।

مِبَطَّة، مِبَطّ : ব مَبَاطّ অস্ত্রোপচার করিবার ছুরিবিশেষ।

بَطُؤَ - ُ : (بُطْء، بِطَاء) أَبْطَأَ মন্থর হওয়া, ধীর গতিতে চলা, বিলম্ব করা, ইতস্তত করা।

بَطَّأَ : (تبطئة) মন্থর করা, বিলম্বিত করা।

تَبَطَّأَ، تَبَاطَأَ : মন্থর হওয়া, বিলম্ব করা।

إِسْتَبْطَأَ : কাহাকেও মন্থর ভাবা, ধীরে চলিতে বলা।

بُطْء : মন্থরতা, ধীরতা, বিলম্ব।

بَطِئ : মন্থর, ধীরগতি, বিলম্বিত। ব بِطَاء

أَبْطَأ : অধিকতর মন্থর।

بَطَّارِيَّة : ব্যাটারি; জাহাজের ডেক।

بَطَاطِس، بَطَاطَا : গোল আলু।

بَطْبَطَ : প্যাঁক প্যাঁক করা (পাতিহাঁস)।

بَطَحَ - َ : (بَطْح) বিস্তৃত করা, চেপ্টা করা; ভূপাতিত করা।

بُطِحَ : মারাত্মক জ্বরে আক্রান্ত হওয়া, প্রলাপ বকা।

إِنْبَطَحَ، تَبَطَّحَ : বিস্তৃত হওয়া, প্রশস্ত হওয়া; ভূপাতিত হওয়া, শুইয়া পড়া, অবনত হওয়া; উপত্যকায় বসবাস করা।

إِسْتَبْطَحَ : বিস্তৃত হওয়া।

بَطْح : চিত হইয়া শয়ন, উপুড় করে ফেলা।

بَطْحَاء : উপত্যকা, সমভূমি, নিম্নভূমি, বৃক্ষবিহীন প্রান্তর। ব بَطْحَاوَات، بِطَاح

بَطِيحَة : জলাভূমি; প্রশস্ত স্থান; স্ত্রী প্রজাপতি। ব بَطَائِح

تَبَطُّح، إِنْبِطَاح : উপুড় হইয়া শয়ন।

أَبْطَح : সমান, বিস্তৃত; উপত্যকা, নিম্নভূমি; প্রশস্ত স্থান।

مُنْبَطِح : নিচু, অবনত, সমান, সমভূমি।

بَطَخَ - ُ (بَطْخ) : চাটা, লেহন করা।

أَبْطَخَ : তরমুজ সমৃদ্ধ হওয়া; প্রচুর তরমুজ জন্মানো।

بُطَاخِي، بَطِخ : অটল।

بِطِيخ : তরমুজ; চক্রকেন্দ্র, কূট।

بِطِّيخ أَحْمَر : তরমুজ।

بِطِّيخ أَصْفَر : খরমুজ।

مَبْطَخَة : তরমুজ ক্ষেত, তরমুজের বাগান। ব مَبَاطِخ

بَطَرَ - ُ : (بَطْر) কাটিয়া ক্ষত করা, খোদাই করা, দ্বিখণ্ডিত করা।

بَطِرَ - َ : (بَطَر) অবাধ্য হওয়া, উচ্ছৃঙ্খল হওয়া, অহঙ্কারী হওয়া; উল্লসিত হওয়া; বিভ্রান্ত হওয়া; অধার্মিক হওয়া; অসন্তুষ্ট হওয়া; অবজ্ঞা করা, অবহেলা করা।

أَبْطَرَ : (إِبْطَار) প্রশ্রয় দিয়া ভ্রষ্ট করা, অবাধ্য করা, উচ্ছৃঙ্খল করা, অহঙ্কার করা, উদ্ধত করা; শ্রান্ত করা।

بَطَر : ঔদ্ধত্য, অহঙ্কার; অবাধ্যতা, উচ্ছৃঙ্খলতা; অবহেলা, অসন্তুষ্টি।

بَطْرَان، بَطِر : ধৃষ্ট, অবাধ্য।

بَيْطَرَ : ঘোড়ার খুরে নাল পরানো, পশু-চিকিৎসা চর্চা করা।

تَبَيْطَرَ : নাল পরিহিত হওয়া (ঘোড়া)।

بَيْطَرَة : ঘোড়ার খুরে নাল পরাইবার বৃত্তি; পশু চিকিৎসা।



www.pathagar.com

بَيْطَرِيّ : পশু চিকিৎসা সংক্রান্ত।

بَيْطَار : যে ব্যক্তি ঘোড়ার খুরে নাল পরায়; পশু চিকিৎসক।

مُبَيْطَر : নাল পরিহিত (ঘোড়া)।

بَطْرَخ : (গ্রী) মাছের ডিম। ব بَطَارِخ

بَطْرَشِيل : (সি. গ্রী) আলখিল্লা। ব بَطَارِش

بِطْرِيق : (গ্রী) রোমান জেনারেল; পেংগুইন, ইহুদী পণ্ডিত। ব بَطَارِق، بَطَارِقَة، بَطَارِيق

بُطَارِق : লম্বা (মানুষ)।

بَطْرَك، بَطْرِيك، بَطْرِيَرْك : উচ্চশ্রেণীর বিশপ Patriarch. ব بَطَارِك، بَطَارِكَة

بَطَشَ - ُ (بَطْش) ~ ب : সজোরে পাকড়াও করা, প্রচণ্ডভাবে আক্রমণ করা, ছিনাইয়া লওয়া, কাড়িয়া লওয়া; ঝাঁপাইয়া পড়া, সন্ত্রস্ত করা, প্রকম্পিত হওয়া।

~ مِنْ : আরোগ্য লাভ করা।

بَاطَش : (مُبَاطَشَة) বলপূর্বক বন্দি করা, প্রতিদ্বন্দ্বিতা শুরু করা।

بَطْش : শক্তি, বল, জোর; অত্যাচার; প্রচণ্ডতা, পাকড়াও।

بِطَاقَة : কার্ড, চিঠি, টিকিট, লেবেল। ব بِطَاقَات، بَطَائِق

بِطَاقَة شَخْصِيَّة، بِطَاقَة التَّعْرِيف : পরিচয়পত্র।

بِطَاقَة التَّمْوِين : রেশন কার্ড।

بِطَاقَة الزِّيَارَة : সাক্ষাতের জন্য নাম-ঠিকানা লিখিত ছোট কার্ড, Visiting card.

بَطَلَ - ُ (بُطْلَان، بُطُول، بُطْل) নষ্ট হওয়া, বাতিল হওয়া; মিথ্যা হওয়া, অকার্যকর হওয়া, ব্যর্থ হওয়া, বন্ধ হওয়া; অকেজো হওয়া; বিলুপ্ত হওয়া; বেকার হওয়া।

~ : (بَطَالَة) ~ فِي ভাঁড়ামি করিয়া বর্ণনা করা।

بَطُلَ - ُ (بُطُولَة، بَطَالَة) বীর হওয়া, সাহসী হওয়া।

بَطَّلَ، أَبْطَلَ : (إِبْطَال، تَبْطِيل) নষ্ট করা; বাতিল করা; অকেজো করা; ব্যর্থ করা; মূল্যহীন করা; নিষ্ক্রিয় করা; পরিত্যাগ করা।

أَبْطَلَ : বাজে কথা বলা; অসাড় করা, নিশ্চল করা।

تَبَطَّلَ : সাহসী হওয়া; তুচ্ছ ব্যাপারে ব্যস্ত হওয়া, মূল্যহীন বস্তুর সন্ধানে থাকা; বেকার হওয়া।

بُطْل، بُطْلَان : ব্যর্থতা, অর্থহীনতা, মূল্যহীনতা, অকার্যকারিতা, মিথ্যা, বিলুপ্তি।

بَطَل : বীর, সাহসী নায়ক, Champion. ব أَبْطَال

بَطَلَة : বীরাঙ্গনা, নায়িকা, Champion.

بِطَالَة : অলসতা, কর্মহীনতা, অবসর সময়, ছুটি, বেকারত্ব।

بَطَالَة : বীরত্ব, সাহসিকতা।

بُطُولَة : বীরত্ব, সাহসিকতা; প্রধান ভূমিকা, নায়কের চরিত্র, Championship.

بُطُولِيّ : বীরোচিত, নায়কসুলভ।

بَاطِل : অসত্য, বাতিল, নষ্ট, মূল্যহীন, ব্যর্থ, অকেজো, নিষ্ক্রিয় বিলুপ্ত, পরিত্যক্ত, ভিত্তিহীন, বাজে, অর্থহীন। ব أَبَاطِيل، بَوَاطِيل

بَاطِل : শয়তান। ব بطلة

بَاطِلاً : অনর্থক, উদ্দেশ্যহীনভাবে।

بَطَّال : অলস, অকর্মণ্য, বেকার।

إِبْطَال : ব্যর্থকরণ, বাতিলকরণ, ধ্বংস, বিলুপ্তি।

مُبْطِل : বাতিলকারী; অনর্থক বকবককারী; মিথ্যুক।

مُبْطَل : ব্যর্থ, নিষ্ফল, অকার্যকর, বাতিল।

مُتَبَطِّل : বেকার, ভবঘুরে।

بَطْلَمْيُوس، بَطْلِيمُوس : টলেমি, Ptolemy.

بُطْم، بُطُم : তার্পিন-বৃক্ষ।

بَطَنَ - ُ (بُطُون، بَطْن) লুকানো; প্রবিষ্ট করা, আত্মগোপন করা; ভিতরে প্রবেশ করানো; পেটে আঘাত করা।

بَطِنَ - َ : (بَطَن) বড় পেটবিশিষ্ট হওয়া।



www.pathagar.com

بَطُنَ : ـُ (بَطَانَة) বড় পেটবিশিষ্ট হওয়া; লুকানো।

بُطِنَ : পেটের পীড়ায় আক্রান্ত হওয়া।

بَطَّنَ : (تَبْطِين) টাঙানো, আস্তর দেওয়া (পোশাক), অন্তরংগ বন্ধুরূপে গ্রহণ করা; চাবুক মারা, দেওয়াল নির্মাণ করা।

أَبْطَنَ : (إِبْطَان) লুকাইয়া রাখা, গোপন করা।

بَاطَنَ : (مُبَاطَنَة) বিশ্বাস করিয়া গোপন কথা বলা।

تَبَطَّنَ : আস্তরযুক্ত হওয়া, অন্তরঙ্গ করা।

إِسْتَبْطَنَ : (اِسْتِبْطَان) গভীরে প্রবেশ করা, পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করা, ভালোভাবে জানা; নিবিষ্ট হওয়া; তল পাওয়া, মনে মনে পোষণ করা।

تَبَاطَنَ : দূরবর্তী হওয়া।

بَطْن : পেট, পাকস্থলী, গর্ভ; প্রসব; অভ্যন্তরে; উপগোত্র; গভীরতা, তলা। ব أَبْطُن، بُطُون

بَطْن الرِّجْل : পায়ের তলা।

بَطْن الْمِلْعَقَة : চামচদানি।

بَطِن : বড় পেটবিশিষ্ট; অতিভোজী।

بِطْنَة : অতিভোজন; অজীর্ণ।

إِبْن بِطْنَة : অতিভোজী।

بِطَان : পেটবন্ধনি। ব بُطُن، أَبْطِنَة

بِطَانَة : বস্ত্রাদির আস্তর, ভিতরের অংশ, অভ্যন্তরভাগ; অন্তরঙ্গ ব্যক্তিবর্গ, অনুচরবৃন্দ, সঙ্গী-সাথী। ব بَطَائِن

بَطَّانِيَّة : কম্বল, লেপ। ব بَطَّانِيَّات، بطاطين

مِبْطَان، بَطِين : বড় পেটবিশিষ্ট; অতিভোজী; স্থূলকায়।

بُطَيْن : শোণিত কোষ, হৃৎকোষ।

تَبَطُّن : অহংবাদ, অন্তর্মুখিতা (দর্শন)।

إِسْتِبْطَان : অন্তর্দর্শন, অন্তর্দৃষ্টি (দর্শন)।

بَاطِن : গোপন, লুক্কায়িত, অভ্যন্তরীণ। ব بَوَاطِن

مَبْطُون : পেটের পীড়ায় আক্রান্ত ব্যক্তি।

فِي بَاطِن الْأَمْر : বস্তুত, প্রকৃতপক্ষে।

أَجَّرَ مِنْ بَاطِنِهِ : ভাড়া লইয়া ভাড়া দেওয়া (বাড়ি, প্রকোষ্ঠ ইত্যাদি), দর ইজারা দেওয়া।

بَاطِنًا : গোপনভাবে, সন্তর্পণে।

بَاطِنِيّ : অভ্যন্তরীণ, গূঢ়, গুপ্ত, Esoteric.

مُبَطَّن : আস্তরযুক্ত; পরিপূর্ণ; হালকা-পাতলা পেটবিশিষ্ট।

بَاطِيَة : কাচ নির্মিত কলসি; জগ; beaker. জলাভূমি। ব بَوَاطٍ، بَوَاطِي

بَظَّ : ـُ (بَظّ) সুরবাঁধা (বাদ্যযন্ত্রে); নির্গত করা, নিঃসৃত করানো (তরল পদার্থ)।

أَبَظَّ : মোটা হওয়া, স্থূলকায় হওয়া।

بَظْبَظ : মোটা, স্থূলকায়।

بَظْر : ভগাঙ্কুর, Clitoris. ব بُظُور، بُظُر

بَظَا : ـُ (بُظُوّ) আঁটসাঁট মাংসলদেহ হওয়া।

بَعَّ : ـُ (بَعّ) অবিরাম বৃষ্টি বর্ষণ করা (মেঘ)।

~ : (بُعَاع، بَعّ) মেঘ হইতে বর্ষিত হওয়া (বৃষ্টি), রবিশস্য উৎপন্ন করা (ভূমি)।

بَعَاع : আসবাবপত্র; বিষয়-সম্পত্তি; মেঘের পানি।

بَعْبَعَ : বকবক করা, কলসি হইতে পানি গলগল করিয়া পড়া।

بُعْبُع : ভূত, আফ্রিকার কল্পিত দেবতাবিশেষ।

بَعْبَعَة : বকবকানি।

بَعْبَصَ : সুড়সুড়ি দিয়া হাসানো।

بَعَثَ : ـَ (بَعْث) প্রেরণ করা, প্রতিনিধি পাঠানো; জাগ্রত করা, উত্তেজিত করা, পুনরুত্থিত করা, পুনর্জীবিত করা; নিক্ষেপ করা।

بَعِثَ : ـَ জাগ্রত হওয়া।

تَبَعَّثَ : প্রেরিত হওয়া; প্রবাহিত হওয়া।

إِنْبَعَثَ : (اِنْبِعَاث) প্রেরিত হওয়া; জাগ্রত হওয়া, পুনরুত্থিত হওয়া, উৎপন্ন হওয়া, প্রবাহিত হওয়া।

إِبْتَعَثَ : (اِبْتِعَاث) প্রেরণ করা।



www.pathagar.com

بَعْث : প্রেরণ, পুনরুত্থান, জাগরণ। ব بُعُوث প্রতিনিধিদল, সেনাবাহিনী, দূত।

بَعِثَ : জাগ্রত, সতর্ক।

بَعْثَة، بِعْثَة : প্রতিনিধি, মিশন, প্রতিনিধিদল; অভিযান; পুনরুত্থান, পুনর্জাগরণ।

بَاعِث : প্রেরণকারী; কারণ; উদ্দেশ্য।

بَاعِثَة : কারণ; উদ্দেশ্য। ব بَوَاعِث

بُعَاث : মদীনার অদূরবর্তী একটি স্থান।

يَوْمُ بُعَاث : আউস ও খাযরায গোত্রদ্বয়ের মধ্যে বু'আস নামক স্থানে সংঘটিত যুদ্ধ দিবস।

بَاعُوث : ঈসা (আ)-এর পুনরুত্থান পর্ব।

إِنْبِعَاث : জাগরণ, উত্থান।

مَبْعُوث : প্রেরিত; প্রতিনিধি; দূত।

مَجْلِس المَبْعُوثِين : প্রতিনিধি পরিষদ।

بَعْثَرَ : বিক্ষিপ্ত করা, ছড়াইয়া দেওয়া; অপচয় করা।

تَبَعْثَرَ : বিক্ষিপ্ত হওয়া, এলোমেলো হওয়া।

مُبَعْثَر : বিক্ষিপ্ত, ছড়ানো, এলোমেলো।

بُعْثُط : মধ্যভাগ।

بَعَجَ - َ : (بَعْج) চিরিয়া ফেলা, খাঁজ কাটা, গোপনীয় কথা প্রকাশ করা।

بَعَّجَ : (تَبْعِيج) খনন করা।

إِنْبَعَجَ، تَبَعَّجَ : ঝর ঝর মেঘে বৃষ্টিতে ঝাঁপিয়া পড়া, চিরিয়া যাওয়া, খাঁজবিশিষ্ট হওয়া।

مَبْعَج : উপত্যকায় সৃষ্ট পানি প্রবাহের খাদ। ব مَبَاعِج

مُنْبَعِج : খাঁজবিশিষ্ট।

بَعْجَة : খাঁজ।

بَاعِجَة : বৃহৎ উপত্যকা। ব بَوَاعِج

بَعُدَ - ُ : (بُعْد)، بَعِدَ - َ (بَعَد) দূরে যাওয়া, দূরে থাকা, দূরবর্তী হওয়া, অন্তর্ধান করা।

بَعَّدَ : (تَبْعِيد) দূর করা, তাড়াইয়া দেওয়া।

بَاعَدَ : (مُبَاعَدَة) দূরে রাখা, পৃথক রাখা।

أَبْعَدَ : (ابعاد) দূর করা, তাড়াইয়া দেওয়া, লইয়া যাওয়া, পাঠাইয়া দেওয়া, বরখাস্ত করা, বাদ দেওয়া; অসম্ভব করা, দূরে ঠেলিয়া দেওয়া।

إِبْتَعَدَ، تَبَاعَدَ : (اِبْتِعَاد) দূরে থাকা, বিচ্ছিন্ন হওয়া, দূরে চলিয়া যাওয়া; পরিত্যাগ করা, পরিহার করা।

إِسْتَبْعَدَ : (اِسْتِبْعَاد) বাদ দেওয়া, বর্জন করা, সরাইয়া দেওয়া; অব্যাহতি দেওয়া, দূরবর্তী মনে করা, অসম্ভব মনে করা; দূরে চলিয়া যাইতে বলা।

بُعْد، بُعْدَة : দূর, দূরত্ব, দূরবর্তিতা; সতর্কতা।

بُعْدًا : দূর হউক, ধ্বংস হউক।

بَعْدَ، بَعْدَمَا، بَعْدَأَنْ : (অ) পরে, সত্ত্বেও।

بَعْدُ، مَابَعْد، بَعْدَئِذ : (ক্রি) (বিণ) অতঃপর, তারপর, পরে।

بَعِيد : দূর, দূরবর্তী; অসম্ভব; অদ্ভুত।

أَبْعَد : অধিকতর দূরবর্তী, দূরতর। ব أَبَاعِد

أَبْعَادِيَّة : খামার, গ্রামের ভূসম্পত্তি।

تَبْعِيد : বিতাড়ন, নির্বাসন।

إِبْعَاد : দূরীকরণ, বিচ্ছিন্নকরণ, বিতাড়ন, বর্জন, নির্বাসন।

إِسْتِبْعَاد : পরিহার, বর্জন দুষ্কর মনেকরণ।

مُبْعَد : বিতাড়িত।

مُبْتَعِد : দূরবর্তী।

مُتَبَاعِد : বিচ্ছিন্ন।

بَعَرَ - َ : (بَعْر)، بَعَّرَ মলত্যাগ করা (পশু)।

بَعَّرَ، أَبْعَرَ، تَبَعَّرَ : (تَبْعِير، أبْعَار) বিশোধিত করা।

بَعْر، بَعَر، بَعْرَة : পশুর মল; গোবর। ব أَبْعَار

بَعِير : ব بَعْرَة، بُعْرَان، أَبَاعِر

بَعْزَقَ : ছড়াইয়া দেওয়া; অপচয় করা, বিভক্ত করা ভিন-স্থানে তাড়িয়ে দেওয়া।

مُبَعْزِق : অপচয়কারী।

بَعَصَ - َ : (بَعْص) আচম্বিত হওয়া; প্রকম্পিত হওয়া; অতিশয় কৃশ হওয়া।

بَعَضَ - : (بَعْض) হুল ফুটানো, কামড়ানো (মশা)।

بَعَّضَ : (تَبْعِيْض) ভাগ করা, বিভক্ত করা।

أَبْعَضَ : (اِبْعَاض) অধিক মশাবিশিষ্ট হওয়া।

تَبَعَّضَ : বিভক্ত হওয়া।

بَعْض : অংশ, ভাগ; কিছু, কোন, কতিপয়, কিছু পরিমাণ, কিছুসংখ্যক। ব أَبْعَاض

بَعُوض : মশা, ডাঁশ-মশা।

مَبْعُوض، بَعِض : মশায় পরিপূর্ণ।

تَبْعِيض : ভাগকরণ, বিভক্তি।

مَبْعَضَة : মশায় পরিপূর্ণ স্থান।

بَعَطَ - : (بَعْط) : ছাড়াইয়া যাওয়া, অতিক্রম করা; যবেহ করা।

أَبْعَطَ : ছাড়াইয়া যাওয়া, অতিক্রম করা, অত্যধিক বোঝা চাপানো।

بَعَقَ - ُ : (بُعَاق) খনন করা; সিক্ত করা; চিৎকার করা।

~ : (بَعْق) যবেহ করা (উট)।

بَعَّقَ : (تَبْعِيْق) ফাটানো, বিদীর্ণ করা।

إِنْبَعَقَ، تَبَعَّقَ : (اِنْبِعَاق) প্রবলভাবে বর্ষিত হওয়া (বৃষ্টি); ফাটিয়া পড়া।

انبعق ~ عَلَى : আকস্মিকভাবে আপতিত হওয়া।

بُعَاق : প্রচুর পরিমাণে বৃষ্টি বর্ষণকারী মেঘ; তীব্র চিৎকার।

بَعِكَ - َ : (بَعَك) শক্ত হওয়া (দেহ)।

بَاعِك : নির্বোধ।

بَعْكُوكَة : তাপ বা ঠাণ্ডার প্রতুলতা; সভাকক্ষ, মিলনকেন্দ্র, ক্লাব ঘর, টাউন হল, সমিতি।

بَعَلَ - ُ : (بُعُولَة، بِعَالَة) বিবাহ করা।

بَعِلَ - َ : (بَعَل) ~ بِ অসমর্থ হওয়া; বিস্মিত হওয়া।

بَاعَلَ : (مُبَاعَلَة) আমোদ-প্রমোদ করা; বিবাহসূত্রে মৈত্রীবদ্ধ হওয়া।

تَبَعَّلَ : স্বামীর অনুগত থাকা।

إِسْتَبْعَلَ : (اِسْتِبْعَال) স্বামী হওয়া।

بَعْل : স্বামী; পুরুষ জাতীয় (গাছ); মালিক প্রভু। ব بُعُولَة، بِعَال، بُعُول

~ : ফিনিশীয়দের দেবতাবিশেষ; যে উদ্ভিদ বিনা সিঞ্চনে শিকড়ের সাহায্যে মাটি হইতে রস টানিয়া বাঁচে।

بَعْل : স্বামী, স্ত্রী بعلة

بَعْل، بَعْلَة : স্ত্রী।

بَعْلَبَكّ : লেবাননের একটি শহর, বা'লাবাক।

بَعِيم : মূর্তি, কাষ্ঠ নির্মিত প্রতিমূর্তি।

بَعَا - ُ : (بَعْو) - بَعَى (بَعْى) অপরাধ করা।

بَعَا، إِسْتَبْعَى : (اِسْتِبْعَاء) ধার করা।

بَعْو : ধার, ঋণ।

بَغْبَغَ : পদদলিত করা।

بَغْبَغَة : হ্রেষাধ্বনি; ষাঁড়ের গর্জন।

مُبَغْبِغ : উদগ্রীব, অত্যধিক তৎপর।

بَغَتَ، بَاغَتَ : (مُبَاغَتَة) আকস্মিকভাবে আসা, অপ্রত্যাশিতভাবে ঘটা।

إِنْبَغَتَ : (اِنْبِغَات) বিস্মিত হওয়া, হতবাক হওয়া, হতবুদ্ধি হওয়া।

بَغْتَة : বিস্ময়, আকস্মিক ঘটনা।

بَغْتَةً، بَغْتَة، عَلَى بَغْتَة : হঠাৎ, আকস্মিকভাবে, অপ্রত্যাশিতভাবে।

بَاغِت : আকস্মিক, অপ্রত্যাশিত।

مَبْغُوت : হতবাক, হতবুদ্ধি।

مُبَاغَتَة : বিস্ময়, আকস্মিক ঘটনা; অপ্রত্যাশিত উপস্থিতি; হঠাৎ আক্রমণ।

بَغِثَ - َ : (بَغَث) ধূসর বর্ণ হওয়া, দাগবিশিষ্ট হওয়া, কলঙ্কিত হওয়া।

بُغْثَة : সাদা-কালো বর্ণ।

بَغْثَاء : বহুসংখ্যক লোক, বিরাট জনগোষ্ঠী।

أَبْغَث : স্ত্রী بَغْثَاء সাদা-কালো বর্ণের বস্তু; উচ্ছৃঙ্খল।

بُغَاث : ক্ষুদ্র পাখি। ব بِغْثَان



www.pathagar.com

إِسْتَنْسَرَ الْبُغَاثُ : ক্ষুদ্র পাখিটি ঈগল হইল (ক্ষুদ্র বৃহৎ হইল, দুর্বল সবল হইল)।

بَغْدَاد، بَغْدَاذ : বাগদাদ নগরী।

بَغْدَدَة : লাজুকতা।

تَبَغْدَدَ : নিজেকে বাগদাদের লোক বলিয়া জাহির করা, বাগদাদের লোকের ন্যায় আচরণ করা; বাগদাদ গমন করা; জাঁকালভাবে চলাফেরা করা; লাজুক হওয়া।

بَغَرَ - َ بَغْرًا : (بَغْرٌ) - بَغَرًا، (بُغْرٌ) পানি পান করিয়া তৃপ্ত না হওয়া (উট) অল্প অল্প সেঁচ করা।

بَغَرَ - ُ : প্রচুর পরিমাণে বৃষ্টি বর্ষণ করা (আকাশ, মেঘ)।

بُغِرَ : সিক্ত হওয়া (মাটি)।

بَغْر، بَغَر : বর্ষণ।

بَغَر : অদম্য তৃষ্ণা।

بَغِير، بَغِر : তীব্র তৃষ্ণার্ত।

بَغْرَة : বৃষ্টি।

بَغَزَ - َ : (بَغْز) লাথি মারা , পদাঘাত করা, ছুরি দিয়ে কাটা।

بَغْز : দ্রুততা, প্রাণচাঞ্চল্য।

~ بَاغِز، ~ : কর্মতৎপর, প্রাণচঞ্চল, স্বাধীনচেতা।

بُوغَاز : (তু. সি) প্রণালী, দুই সাগরের সংযোজক খাল প্রণালী।

بَغَشَ - َ : (بَغْش) হালকা বৃষ্টি বর্ষণ করা (মেঘ, আকাশ)।

بَغْشَة : হালকা বৃষ্টি।

بَغَضَ، بَغُضَ - ُ ، بَغِضَ - َ : (بَغَاضَة) ঘৃণিত হওয়া; ঘৃণা করা।

بَغَّضَ : (تبغيض) ঘৃণিত করা।

بَاغَضَ، أَبْغَضَ : (إِبْغَاض، مُبَاغَضَة) ঘৃণা করা, অবজ্ঞা করা।

تَبَغَّضَ : ঔদাসীন্য প্রদর্শন করা।

تَبَاغَضَ : একে অপরকে ঘৃণা করা।

بَغِيض، مَبْغُوض، بَغْضَاء، بِغْضَة : ঘৃণ্য, ঘৃণিত, অপছন্দনীয়।

مُبْغِض : ঘৃণাকারী, ঘৃণা উদ্দীপক।

بَغَّلَ : (تبغيل) ধীর হওয়া, ক্লান্ত হওয়া; খচ্চরের গতিতে চলা।

بَغْل : খচ্চর। ব أَبْغَال، بِغَال স্ত্রী بَغْلَة ব بِغَال، بَغَلَات

بَغْلَة الْقَنْطَرَة : জেটি।

بَغَّال : খচ্চর চালক।

بَغَمَ - َ ، بَغِمَ - ِ : (بُغَام، بُغُوم) تَبَغَّمَ، تَبَاغَمَ আর্তনাদ করা (হরিণ), মিষ্ট সুরে গান গাওয়া।

بَاغَمَ : মিষ্ট স্বরে কথা বলা।

بُغَام : হরিণের আর্তনাদ, উটের হ্রেষারব।

بَاغِم، بَغُوم : আর্তনাদকারী (হরিণ); মিষ্ট স্বরবিশিষ্ট।

بُغْمَة : (তু. সি) মুক্তার হার। ব بُغَم

بَغَا - ُ : (بَغْو) ফুলিয়া উঠা (জখম); পর্যবেক্ষণ করা, বিবেচনা করা।

بَغْو : পাকার প্রাক্কালীন ফল; কাঁচা ফল।

بَغَى - ِ : (بُغًى، بُغَاء، بُغْيَة، بِغْيَة) চাওয়া, কামনা করা, লালসা করা।

~ : (بَغْي) মিথ্যা বলা।

~ عَلَى : অত্যাচার করা, অন্যায় করা, ব্যভিচার করা; অন্যায় আচরণ করা, সীমালঙ্ঘন করা।

أَبْغَى : (إِبْغَاء) সাহায্য করা।

تَبَغَّى، إِبْتَغَى، (ابتغاء) أَسْتَبْغَى، (ابتغاء) : চাওয়া, কামনা করা।

تَبَاغَى : ঘৃণা করা, অপমানিত করা।

يَنْبَغِي : (انبغاء) উচিত, বাঞ্ছনীয়, প্রয়োজনীয় হওয়া।

بَغْي : অন্যায়, অত্যাচার, অবিচার; ব্যভিচার, সীমালঙ্ঘন।

بُغْيَة، بَغِيَّة، بُغَايَة : কামনা, কাম্যবস্তু।

بُغْيَة، إِبْتِغَاء : উদ্দেশ্য।



www.pathagar.com

بِغَاء : ব্যভিচার, বেশ্যাবৃত্তি।

اِبْتِغَاء، بُغَاء : কামনা, ইচ্ছা, প্রচেষ্টা।

بَاغٍ : কামনা পোষণকারী; অন্যায়কারী, অত্যাচারী, ব্যভিচারী, সীমালঙ্ঘনকারী। ব بُغْيَان، بُغَاة

مَبْغًى : অনুসন্ধানস্থল; কাম্যবস্তু; পতিতালয়। ব مَبَاغِي

مُبْتَغًى : কাম্য, বাঞ্ছিত; কাঙ্ক্ষিত লক্ষ্য।

بَفْتَة، بَفْت : সাদা সুতি বস্ত্রবিশেষ, কেলিকো।

بِيفْتِيك، بِفْتِيك : গোশতের ফালি।

بَقَّ ـُ (بُقُوق، بَقّ) : প্রচুর পরিমাণে বৃষ্টি বর্ষণ করা (মেঘ); সম্পদের প্রদর্শনী করা; দেখাইয়া দেওয়া (দোষত্রুটি); প্রচার করা (সংবাদ)।

بَقَّقَ (تَبْقِيق) : ছড়াইয়া রাখা (মালপত্র); চুষিয়া লওয়া।

أَبَقَّ (اِبْقَاق) : ছারপোকায় পরিপূর্ণ হওয়া (স্থান), অধিক সন্তানবিশিষ্ট হওয়া; প্রচুর পরিমাণে বৃষ্টি বর্ষণ করা।

بَقّ : ছারপোকা; ডাঁশ।

شَجَرَة البَقّ : দেবদারু।

بَقَاق : পুরাতন আসবাবপত্র।

مِبَقّ، بَقَّاق : বাচাল, বকবককারী।

بَقْبَقَ : গলগল শব্দ করা; বকবক করা; হাতে ফোসকা পড়া; উথলিয়া উঠা (গরম পানি), স্ফীত হওয়া।

بَقْبَقَة : গলগল শব্দ; বকবকানি; ফোসকা।

بَقْبَاق : বাক্যবাগীশ, বাকপটু, বকবককারী।

بَقْبُوقَة : ফোসকা, বুদ্বুদ।

بَقَثَ ـُ (بَقْث) : জড়াইয়া যাওয়া, তালগোল পাকাইয়া যাওয়া।

بُقْجَة : গাঁইট, বান্ডিল, প্যাকেট। ব بُقَج

بَقْدُونِس : (তু) শাকবিশেষ, Parsley.

بَقَرَ ـَ (بَقْر)، أَبْقَرَ (ابقار) : চিরিয়া ফেলা, ফাড়িয়া ফেলা।

تَبَقَّرَ : সমৃদ্ধ হওয়া; দক্ষ হওয়া, ফাড়িয়া যাওয়া।

اِبْتَقَرَ (اِبْتِقَار) : মাঝখানে ফাটল ধরা।

بَقَر : গরু। ব أَبْقَار، بُقُور

بَقَرَة : গাভী। ব بَقَرَات

بُقَّارَى، بُقَر : অসত্য; দুর্ভাগ্য।

بَقَّار : রাখাল, খননকারী।

بَقِيرَة : কাঁচুলি।

بَقَّرِيَات : চর্ম নির্মিত ঢাল।

بُقْرَاط : গ্রীক দার্শনিক বোকরাত, Hippocrates.

بَقْس : (তু) ক্ষুদ্র বৃক্ষবিশেষ, Box-tree.

بُقْسُمَاط، بُقْسُمَات : বিস্কুট।

بَقْشَشَ : বখশিশ দেওয়া।

بَقْشِيش : বখশিশ। ব بَقَاشِيش

بَقَطَ ـُ (بَقْط) : একত্র করা, প্যাকেট করা।

بَقَّطَ : ছড়াইয়া দেওয়া, আরোহণ করা, দ্রুত করা।

بَقَط : খণ্ড, ভাঙা, টুকরা, পড়ে যাওয়া।

بَقِعَ ـَ (بَقَع) : সাদা-কালো দাগবিশিষ্ট হওয়া, কলঙ্কিত হওয়া; আপতিত হওয়া (দুর্ভাগ্য)।

بَقَعَ ـَ (بَقْع)، بَقَّعَ : চলিয়া যাওয়া।

بَقَّعَ (تَبْقِيع) : দাগ দেওয়া, ছাপ দেওয়া, কলঙ্কিত করা।

تَبَقَّعَ : দাগবিশিষ্ট হওয়া, ছাপবিশিষ্ট হওয়া, কলঙ্কিত হওয়া।

بُقْعَة : স্থান; দাগ, ছাপ, কলঙ্ক। ব بُقَع، بِقَاع

بَاقِعَة : চতুর লোক, পাখি, কুকুর ইত্যাদি; কৌশলকারী, দুর্যোগ। ব بَوَاقِع

أَبْقَع : দাগবিশিষ্ট, ছাপবিশিষ্ট, বৃষ্টিহীন (বৎসর); কুষ্ঠরোগী।

بَقَلَ ـُ (بَقْل) : চারা গজানো, উদ্‌গত হওয়া (উদ্ভিদ, দাঁত), প্রকাশ পাওয়া।

أَبْقَلَ (ابقال) : গাছপালায় সবুজ হওয়া (ভূমি)।

اِبْتَقَلَ، تَبَقَّلَ (ابتقال) : সবুজ ঘাস খাইয়া মোটা হওয়া।



www.pathagar.com

بَقْل : সবজি, তরকারি। ব أَبْقَال، بُقُول

بَقْلَة : তরকারি, ঘাস; বৃহৎ নৌকা।

بَقْلَة الأَنْصَار : ফুলকপি।

البَقْلَة البَارِدَة : মিসরীয় শিম।

مُبْقِل، بَقِيل، بَاقِل، بَقِل : সবজি ভরা (ভূমি)।

بَقَّال : সবজি বিক্রেতা, তরকারিওয়ালা, মুদি।

بِقَالَة : মুদি ব্যবসা, মুদি দোকান।

بَاقِل : কিশলয়, মঞ্জরি, বকুল, মুকুল।

بَقْلَاوَة : (তু) কেকবিশেষ।

بَقَّم : লাল রং; গাছের খণ্ড, ছেও, Log.

بَقَا ـُ : (بَقَاوَة) তাকানো, আশা করা।

بَقِيَ ـَ : (بَاقِيَة، بَقَاء) অবস্থান করা, অবশিষ্ট থাকা, অব্যাহত থাকা, টিকিয়া থাকা, বাঁচিয়া থাকা, স্থায়ী হওয়া; পর্যবেক্ষণে থাকা, নজরে থাকা; অপেক্ষা করা।

بَقَّى : সংরক্ষণ করা; ফেলিয়া রাখা, মুক্ত করা।

أَبْقَى : (بقاء) সংরক্ষণ করা; টিকাইয়া রাখা, বাঁচাইয়া রাখা।

تَبَقَّى : অবস্থান করা, অবশিষ্ট থাকা, অব্যাহত থাকা, পড়িয়া থাকা।

إِسْتَبْقَى : (استبقاء) সংরক্ষণ করা; অবস্থান করানো, থাকিতে বলা, ধরিয়া রাখা; অব্যাহতি দেওয়া।

بَقَاء : স্থায়িত্ব, নিত্যতা, অবস্থান, অস্তিত্ব।

بَقِيَّة : অবশিষ্ট, পরিশিষ্ট; প্রাচীন নিদর্শন, ধ্বংসাবশেষ। ব بَقَايَا

مُتَبَقٍّ، بَاقٍ : স্থায়ী; অবস্থানকারী, বাকি, অবশিষ্ট।

البَاقِيَات الصَّالِحَات : স্থায়ী মহৎ কার্যাবলি, সাদকায়ে জারিয়া।

إِسْتِبْقَاء، إِبْقَاء : সংরক্ষণ, স্থায়ীকরণ।

مُسْتَبْقًى : সংরক্ষিত, স্থায়িত্ব প্রদত্ত।

نَاقَة مُبْقِيَة : যে উষ্ট্রী পূর্ণ দুধ দেয় না।

بِيك، بك : ওসমানী সুলতান কর্তৃক প্রদত্ত উপাধি।

بَكَّ ـُ : (بَكّ) চাপ দেওয়া; ভাঙ্গিয়া দেওয়া, বিচ্ছিন্ন করা, ছিঁড়িয়া ফেলা; ক্লান্ত করা।

تَبَاكّ : ভিড় করা।

بَكَّة : মক্কার প্রাচীন নাম (سُمِّيَتْ بَكَّةَ لأَنَّهَا كَانَتْ تَبُكُّ أَعْنَاقَ الجَبَابِرَة)

بَاكّ : অথর্ব, বাচাল।

بَكَا ـَ : (بَكَا)، ـُ بَكُؤ، (بَكَاءَة، بُكُوء) স্বল্প দুগ্ধবিশিষ্ট হওয়া (গাভী, ভেড়ী ইত্যাদি), অল্প পানিবিশিষ্ট হওয়া (কূপ), সামান্য অশ্রুবিশিষ্ট হওয়া (চক্ষু)।

أَبْكَأَ : (ابكاء) কম দানশীল হওয়া।

بَكَا، بَكْء : পানিফল।

بَكِيء : স্বল্প বাক হওয়া (পুরুষ, মহিলা) অল্প পানিবিশিষ্ট (কূপ), সামান্য অশ্রুবিশিষ্ট (চক্ষু)। ব بكاءة

بَكِيئَة : সামান্য অশ্রুবিশিষ্ট (চক্ষু), অল্প পানিবিশিষ্ট (কূপ) স্বল্প দুগ্ধবিশিষ্ট গাভী।

بَكَاسِين : কাদাখোঁচাজাতীয় পক্ষীবিশেষ, স্নাইপ।

بَكَلُورِيَا، بَكَالُورِيَا : স্নাতক ডিগ্রি।

بَكَلُورِيُوس، بَكَالُورِيُوس : স্নাতক ডিগ্রিধারী।

بِيكْبَاشِي : (তু) লেফটেনেন্ট কর্নেল।

بَكْبَكَ : ভিড় করা একটার উপর আরেকটা নিক্ষেপ করা, নাড়া দেওয়া।

بَكَتَ ـُ : (بَكْت)، بَكَّتَ পরাভূত করা; দুর্ব্যবহার করা, অভব্যভাবে সম্বোধন করা; প্রহার করা; তিরস্কার করা, ভর্ৎসনা করা, নিন্দা করা, দোষারোপ করা।

تَبْكِيت : ভীষণ তিরস্কার, ভর্ৎসনা, নিন্দা করা।

تَبْكِيت الضَّمِير : মনস্তাপ, অনুশোচনা।

مُبَكِّت : নিন্দুক, ভর্ৎসনাকারী।

بَكَرَ ـُ : (بُكُور)، بَكَّرَ، (تَبْكِير) أَبْكَرَ، تَبَكَّرَ، إِبْتَكَرَ প্রত্যুষে উঠা, সকালে আসা বা যাওয়া, প্রভাতে সম্পন্ন করা; তাড়াতাড়ি করা।

بَاكَرَ : প্রত্যুষে সাক্ষাৎ করা, সম্মুখবর্তী হওয়া, পূর্ববর্তী হওয়া।

اِبْتَكَرَ : (اِبْتِكَار) উদ্ভাবন করা, আবিষ্কার করা, সৃষ্টি করা।

بَكْر : তরুণ উট। ব بُكْرَان، أَبْكُر

بِكْر : প্রথমজাত; প্রথম ফল; অবিবাহিতা; নূতন; কুমারী। ব أَبْكَار

بِكْرِى : প্রথম জাত, প্রথম কন্যা।

بِكْرِيَّة : জ্যেষ্ঠত্ব।

بَكَرَة، بَكْرَة، بَكْرَة : রীল, চরকি, লাটাই, পুলি, কুণ্ডলি। ব بَكَرَات، بَكَر

عَلَى بَكْرَةِ أَبِيهِمْ : সকলেই।

بُكْرَة : প্রভাত; আগামীকাল, পরের দিন। ব بُكَر

بُكْرَةً : প্রভাতে, সকালে।

بَكَارَة : কুমারিত্ব।

بَكَّارَة : চরকি, পুলি।

بَاكُور، بَكُور : যথাসময়ের পূর্বে আগমনকারী; অকালপক্ব; বসন্তের প্রথম বৃষ্টি।

بُكُور : প্রভাত; যথাসময়ের পূর্বে আগমন; অকালপক্বতা।

بَكُورَة : জ্যেষ্ঠত্ব।

مِبْكَار، بَكِير : যথাসময়ের পূর্বে আগমনকারী; অকালপক্ব।

بَكِير : শীঘ্র।

بَاكِر : যথাসময়ের পূর্বে আগমনকারী; প্রত্যুষে উত্থানকারী।

بَاكُورَة، بَاكِرَة : প্রথম ফল; প্রথম কর্ম; আরম্ভ, উত্থান; প্রাথমিক লক্ষণ। ব بَوَاكِر

اِبْتِكَار : নূতনত্ব; আবিষ্কার, সৃষ্টি, উদ্ভব; প্রথম উৎপাদন; প্রাথমিক পদক্ষেপ; সৃজনশীলতা; মৌলিকত্ব।

اِبْتِكَارِىّ : মৌলিক।

اِبْتِكَارِيَّة : মৌলিকত্ব।

مِبْكِر : বসন্তের প্রথম বৃষ্টি।

مُبَكِّر : যথাসময়ের পূর্বে সম্পন্নকারী; শীঘ্র।

مُبَكِّرًا : প্রত্যুষে, আগে আগে।

مُبْتَكِر : সৃষ্টিকর্তা; আবিষ্কারক; উদ্ভাবক; সৃজনশীল।

مُبْتَكَر : নূতন আবিষ্কৃত, নূতনভাবে সৃষ্ট; সৃষ্টি, আবিষ্কার; নূতন; মৌলিক।

بَوْكَرَ، بَيْكَرَ : কম্পাস দ্বারা পরিমাপ করা।

بِيكَار : দিগদর্শনযন্ত্র, কম্পাস।

بَيْكِير : ছেকড়া ঘোড়া, Hackney.

بَكْرَج : কেতলি। ব بَكَارِج

بَكَسَ ـُ : (بَكْس) পরাস্ত করা, ঝগড়া করা।

بَكْسَمَاط، بَكْسَمَاد : বিস্কুট।

بَكَعَ ـَ : (بَكْع) অভদ্রতা দেখান; তিরস্কার করা; তীব্রভাবে আঘাত করা।

بَكَّعَ : (تَبْكِيع) তিরস্কার করা; বিচ্ছিন্ন করা।

بَكْعَة : টাকার বিরাট অংক।

أَبْكَع : এক বাহুবিশিষ্ট বস্তু ।

بَكَلَ ـُ (بَكْل) : মিশানো, আটা , খেজুর ও তেল মিশাইয়া নরম খাদ্যবিশেষ প্রস্তুত করা; বকলস আঁটা।

بَكَّلَ : (تَبْكِيل) মিশানো; বকলস আঁটা; ভাঁজ করা।

تَبَكَّلَ فِى الْكَلَام : অসংলগ্ন কথা বলা।

اِبْتَكَلَ : (اِبْتِكَال) শিকার করা।

بِكْلَة : আকৃতি; প্রকৃতি; অবস্থা। ব بِكَل

بُكْلَة : বকলস। ব بُكَل

بَكَلَا : কডমাছ।

بَكْلِيك : (তু) কোষাগার; ক্ষুদ্ররাজ্য, রাষ্ট্র, সরকার।

بَكِمَ ـَ : (بَكَم) বোবা হওয়া।

بَكُمَ ـُ : (بَكَامَة) নির্বাক হওয়া।

أَبْكَمَ : (اِبْكَام) বোবা বানানো, নির্বাক করা।

تَبَكَّمَ : নির্বাক হওয়া; বোবা হওয়া।

بَكَم : বাকশক্তিহীনতা।



www.pathagar.com

أَبْكَم : মূক, বোবা। স্ত্রী بَكْمَا ব بُكْم

بَكَى - : (بُكًى، بُكَاء) ক্রন্দন করা, কাঁদা, বিলাপ করা।

بَكَّى، أَبْكَى، إِسْتَبْكَى : (إِستبكاء، آبكاء، تبكية) কাঁদানো।

بُكًى، بُكَاء : ক্রন্দন, কান্না, বিলাপ।

بَاكٍ : ক্রন্দনকারী, বিলাপকারী। ব بُكَاة

مُبَكٍّ، مُبْكٍ : ক্রন্দনোদ্দীপক; করুণ; বিলাপযোগ্য, দুঃখজনক।

مَبْكًى : ক্রন্দনস্থল। ব مَبَاكٍ

بَلْ : (অ) বরং, তবে, কিন্তু, পরন্তু, অধিকন্তু।

بَلَّ - ُ : (بَلٌّ، بِلَّة) ভিজানো, সিক্ত করা।

~ - ُ بَلَّ، بِلال দান করা, দানশীল হওয়া।

~ - َ : (بَلَل، بِلال) ~ بِ ভোগ করা; লাভ করা; জানা।

~ - ِ : (بَلّ، بَلَل، بُلُول) ~ مِنْ আরোগ্য লাভ করা।

بَلَّلَ (تَبْلِيل) : ভিজানো, সিক্ত করা।

أَبَلَّ : (إِبْلال) রসাল হওয়া, ফলবান হওয়া (গাছ)।

~ عَلَى : পরাস্ত করা।

~ مِن : আরোগ্য লাভ করা।

تَبَلَّلَ، إِبْتَلَّ : (إِبْتِلال) সিক্ত হওয়া, আর্দ্র হওয়া, ভিজিয়া যাওয়া।

بَلّ، بِلَّة، بَلَل، بُلالَة : সিক্ততা, আর্দ্রতা।

بَلّ، بَلِيل : বিলাপ।

بِلّ : আরোগ্য।

بَلال، بِلال، بُلال : গলা ভিজাইবার উপাদান (পানি, দুধ ইত্যাদি); সাক্ষাৎস্থল।

بَلِيل : আর্দ্র ও ঠাণ্ডা বাতাস।

بَلِيلَة : দুধ ও চিনি মিশাইয়া রান্না করা গম বা ভুট্টার পায়সবিশেষ, Porridge, oatmeal.

أَبَلّ : অথর্ব; দুষ্ট, ভণ্ড, অসৎ। স্ত্রী بَلَّاء ব بُلّ

مُبْتَلّ، مُبَلَّل، مَبْلُول : সিক্ত, ভেজা।

بِلا : ব্যতীত, বিনা।

بَلاء : (بلى) বিপদ।

بِلاتِين : প্ল্যাটিনাম।

بِلاسْتِيك : প্লাস্টিক।

بِلاش، بِلاشَيْء : অকারণে, খামাখা, বিনামূল্যে।

بَلْبَطَ : গলগল শব্দ করা, গড়গড়া করা।

بَلْبَلَ، أَلْبَلْبَلَة : অশান্ত করা, অস্থির করা, জটিলতায় ফেলা, অসুবিধায় ফেলা, কুমন্ত্রণায় ফেলা, বিদীর্ণ করা।

تَبَلْبَلَ : অস্থিরবোধ করা, উদ্বিগ্ন হওয়া, জটিলতায় পড়া, অসুবিধায় পড়া।

بَلْبَلَة : অসুবিধা, জটিলতা, উদ্বেগ, অস্থিরতা, অরাজকতা। ব بَلابِل، بَلابِيلُ

بُلْبُل : বুলবুল পাখি, লাটিম। ব بَلابِل

مُبَلْبِل : অস্বস্তিকর, উদ্বেগজনক, অসুবিধাজনক, বৈপ্লবিক।

مُبَلْبَل : উদ্বিগ্ন, অশান্ত, অসুবিধায় পতিত।

بَلْبُوعَة : বটিকা, বড়ি।

بَلَتَ - ُ : (بَلْت)، (بَلْت)، بَلِتَ - َ (بَلَت) বিচ্ছিন্ন হওয়া; শপথ করা।

~ - ِ : (بَلْت) বিচ্ছিন করা, কাটিয়া ফেলা।

أَبْلَتَ : (إِبْلات) শপথ করানো।

بَلِيت : বাকসংযমী; দূরদর্শী; বাকপটু।

تَبَلْتَعَ : অসার কথা বলা, দাম্ভিক হওয়া।

بَلْتَع : কৌশলী, চতুর; হৈ-চৈকারী (মেয়েলোক)।

بَلَجَ (بُلُوج) تَبَلَّجَ، إِنْبَلَجَ، (إِنْبِلاج) إِبْتَلَجَ (إِبْتِلاج) : উজ্জ্বল হওয়া, উদ্ভাসিত হওয়া (প্রভাত)।

بَلِجَ - َ : (بَلَج) খুশি হওয়া, আনন্দিত হওয়া, প্রফুল্ল হওয়া; প্রকাশিত হওয়া।

أَبْلَجَ : উজ্জ্বল হওয়া, উদ্ভাসিত হওয়া (প্রভাত); কিরণ দেওয়া (সূর্য)।

إِبْلَجَّ : (إِبْلاج) স্পষ্ট হওয়া, আলোকিত হওয়া।

بُلْجَة : প্রভাত।



www.pathagar.com

بُلْجَة : প্রভাত; দিনের আলো , ঔজ্জ্বল্য।

بَلِج، بَلْج : উজ্জ্বল, স্পষ্ট, প্রফুল্ল।

بَلِيج : দীপ্ত।

أَبْلَج : উজ্জ্বল; সুন্দর; স্পষ্ট; প্রফুল্ল; মেঘশূন্য; অতিশয় দানশীল। স্ত্রী بَلْجَاء ব بُلْجٌ

بَلْجِيكا : বেলজিয়াম।

بَلَحَ - َ (بَلْح) শুকাইয়া যাওয়া (মাটি), অকর্মা হওয়া, অক্ষম হওয়া।

~ : (بُلُوح) ، بَلَّحَ ، تَبَلَّحَ ক্লান্ত হওয়া; ব্যর্থ হওয়া, লুক্কায়িত হওয়া।

أَبْلَحَ : (إِبْلَاح) খেজুর রসশূন্য হয়ে যাওয়া।

بَلَح : খেজুর, রসশূন্য খেজুর।

بُلَح : হুমা-পাখি, সুখ-পাখি।

بَالِح : শুকনা, অনুর্বর (জমি)। ব بَوَالِح

~، مُبَالِح : একগুঁয়ে, জেদী, অন্যায়ভাবে বিজয়ী।

بَلِخَ : َ (بَلَخ)، تَبَلَّخَ উদ্ধত হওয়া, পাপাচারে দুঃসাহসিকতা। স্ত্রী بَلْخَاء ব بُلْخٌ

أَبْلَخ، بِلْخ : উদ্ধত।

بَلَاخ، بَلْخ : চিরহরিৎ বৃক্ষ, ঔক বৃক্ষ।

بَلْخ : বলখ– খোরাসানের প্রধান নগরী।

بَلَدَ - ُ : (بُلُود)، بَلِدَ - َ (بَلَد) স্থায়িভাবে বসবাস করা; দখল করা (দেশ)।

بَلُدَ - ُ : (بَلَادَة) বোকা হওয়া, হাবা হওয়া, অলস হওয়া।

بَلَّدَ : (تَبْلِيد) নতুন আবহাওয়ায় অভ্যস্ত করানো, কাজে অলসতা করা।

أَبْلَدَ : (إِبْلَاء) স্থান আঁকড়াইয়া থাকা; হতবুদ্ধি হওয়া; স্থায়িভাবে বসবাস করিতে দেওয়া; উপনিবেশ স্থাপন করা, দখল করা।

تَبَلَّدَ : বোকা হওয়া; স্থায়িভাবে বসবাস করা; নূতন আবহাওয়ায় অভ্যস্ত হওয়া; উপকূলে চলা (জাহাজ)।

تَبَالَدَ : বোকা সাজা, বোকামি প্রকাশ করা।

بَلْدَة، بَلَد : দেশ, শহর, নগর, গ্রাম। ব بِلَاد، بُلْدَان

بَلْدَة : বক্ষ।

بَلَدِيّ : নাগরিক, দেশীয়, পৌর।

بَلَدِيَّة : পৌরসভা।

تَبَلُّد، بَلَادَة : বোকামি, নির্বুদ্ধিতা, মূর্খতা; অনীহা।

مُتَبَلِّد، أَبْلَد، بَلِيد : বোকা, নির্বোধ, মূর্খ, অনীহ।

بَلْدَحَ : মাটিতে চিৎ হওয়া; প্রতিজ্ঞা ভংগ করা; নির্বোধ হওয়া।

بَلَنْدَح : নির্বোধ; প্রতিজ্ঞা ভংগকারী।

بَلْدَمَ : ভয়ে নির্বাক দাঁড়াইয়া থাকা।

تَبَلْوَرَ، تَبَلَّرَ : স্ফটিকে পরিণত করা বা হওয়া, স্বচ্ছ করা বা হওয়া।

بَلُّور : স্ফটিক।

إِبْلِيز : পলি।

أَبْلَسَ : বিষণ্ন হওয়া, নিরাশ হওয়া, নির্বাক হওয়া, নীরব হওয়া (দুঃখে)।

بُلْس، بَلَس : শ্বেত ডুমুর গাছ বা ফল।

مُبْلِس، بَلَس، بَلِس : নীরব, নির্বাক; বিষণ্ন; নিরাশ।

بَلَاس : চট। ব بُلُس

إِبْلِيس : ইবলীস, আল্লাহর নির্দেশ অমান্যকারী আদি শয়তান। ব أَبَالِسَة

بَلْسَمَ : সুগন্ধি লাগানো, সুগন্ধযুক্ত করা।

بَلْسَم : সুগন্ধি নির্যাসবিশেষ।

بَلَسَان : সুগন্ধি বৃক্ষবিশেষ।

حَبّ البَلَسَان : ডুমুর।

بَلَّشَ، إِبْتَلَشَ : (إِبْتِلَاش، تَبْلِيش) আরম্ভ করা; গ্রহণ করা।

بُلْشِفِيَّة : বলশেভিকবাদ।

بُلْشِفِي : বলশেভিক। ব بلاشفة

بَلَشُون : সারসজাতীয় পক্ষীবিশেষ, Heror.

شَعَارَة البَلَاشِفَة : বলশেভিক প্রতীক।

بَلَصَ - ُ : (بَلْص)، بَلَّصَ (تَبْلِيص)কাড়িয়া লওয়া, নিংড়ানো, বলপূর্বক আদায় করা।



www.pathagar.com

تَبَلَّصَ : গোপনে সন্ধান করা।

بَلْصَةٌ، بَلْص : লুণ্ঠন; বলপূর্বক আদায়, নিংড়ানো, অত্যাচার।

بَلَّاصِى : মাটির কলসি।

أَبْلَطَ، (تَبْلِيط) بَلَّطَ، (بَلْط) : ـُ بَلَطَ (إِبْلَاط) প্রস্তর ইত্যাদি দ্বারা আস্তৃত করা, শান-বাঁধানো।

بَلَّطَ : (تَبْلِيط) নির্লজ্জ হওয়া, পরাজয়বরণ করা, ধসিয়া পড়া, আটকাইয়া পড়া (জাহাজ); প্রতারিত করা; কাজ বন্ধ করা।

أَبْلَطَ : (إِبْلَاط) লুণ্ঠন করা; অধিক তদবীরে ক্লান্ত করা।

بَالَطَ : (بِلَاط) তরবারি দ্বারা যুদ্ধ করা।

تَبَالَطَ : তরবারি দ্বারা যুদ্ধ করা, বোকার ন্যায় আচরণ করা।

بَلِيط، بَلْط : মনোযোগী; চঞ্চল।

بَلْطَة : কুড়াল।

بَلَطَة : আঠা।

بَلْطُو : ওভারকোট।

بُلْطِى : তেলাপিয়া, নাইলোটিকা মাছ।

بَلَاط : আস্তরণ; শান-বাঁধানো মেঝে; প্রস্তরফলক, টালি; প্রাসাদ। ব أَبْلِطَة

بَلَاطَة : প্রস্তরফলক, টালি।

تَبْلِيط : প্রস্তরফলক বা টালি বিছাইয়া আস্তৃতকরণ, শানবাঁধাই।

مُبَلِّط : শান-বাঁধাইকারী।

مُبَلَّط : (বিণ) ঃ শানবাঁধাইকৃত, আস্তরকৃত।

بَلُّوط : ঔক বৃক্ষ; ঔক কাঠ; ঔক বৃক্ষের ফল।

بَلْطَجِىّ : পরিখা খননকারী; জল্লাদ।

بَلْطَح : মাটিতে শুইয়া পড়া; চেপটা করা।

(إِبْتِلَاع) إِبْتَلَعَ، (بَلْع) : ـَ بَلَعَ، ـَ بَلِعَ গিলিয়া ফেলা, ঢোঁক গেলা।

(إِبْلَاع، تَبْلِيع) : أَبْلَعَ، بَلَّعَ গলাধঃকরণ করানো।

بَلَّعَه رِيقَه : ঢোঁক গিলিতে দেওয়া, অবসর দেওয়া।

بَلَّعَ وَتَبَلَّع الشَّيْبُ فِى رَأْسِه : মাথায় বার্ধক্যের শুভ্রতা পরিলক্ষিত হওয়া।

تَبَالَعَ : গলাধঃকৃত হওয়া, গলাধঃকরণের যোগ্য হওয়া।

إِبْتِلَاع، بَلْع: গলাধঃকরণ।

بُلْعَة، بَلْعَة : গ্রাস, ঢোঁক; কামড়; চুমুক।

بَوْلَع، بَلُوع، بُلْعَة، بَلَّاع : অতিভোজী।

بَالُوع : ঘূর্ণিস্রোত, ঘূর্ণিজল, আবর্ত। ব بَوَالِيع

(بَلَالِيع ব) بَلُّوعَة (بَوَالِيع ব) : بَالُوعَة নর্দমা, নালা,পয়ঃপ্রণালী, যে গর্তে পানি পড়ে, Wash-basin, sink.

مَبْلَع : গলা, খাদ্যনালী।

مُبْتَلَع، مَبْلُوع : গলাধঃকরণকৃত।

بَلْعَمَ : গিলিয়া ফেলা।

بُلْعُم : খাদ্যনালী, গলনালী। ব بُلْعُوم ، بَلَاعِم ব بَلَاعِيم

مِبْلَع ومِبْلَع، بَلْعَم : অতিলোভী, অতিভোজী।

بلعم بن باعور : বনী ইসরাঈলের জনৈক জাদুকর।

(بَلَاغ، بُلُوغ) ـُ بَلَغَ পৌছানো, উপনীত হওয়া, লাভ করা, নাগাল পাওয়া; পাকা (ফল, ই); বয়স্ক হওয়া; বৃদ্ধি পাওয়া (রাগ); পরিপূর্ণ হওয়া; সংবাদ পৌছা।

(بَلَاغَة) : ـُ بَلُغَ অলংকারপূর্ণ হওয়া (ভাষা), অলংকারপূর্ণ ভাষায় দক্ষ হওয়া।

(إِبْلَاغ، تَبْلِيغ) : أَبْلَغَ، بَلَّغَ পৌছাইয়া দেওয়া, প্রচার করা, জ্ঞাপন করা; ঘোষণা করা; অবহিত করা; রিপোর্ট দেওয়া, লইয়া যাওয়া।

(مُبَالَغَة) : بَالَغَ অত্যুক্তি করা, অতিরঞ্জিত করা, বাড়াবাড়ি করা।

تَبَلَّغَ : প্রেরিত হওয়া, বিলি হওয়া (সংবাদাদি); অবহিত হওয়া; তীব্র হওয়া।

تَبَلَّغَ ~ ب : পরিতৃপ্ত হওয়া, ক্ষুধা নিবারণ করা, জীবিকা গ্রহণ করা।



www.pathagar.com

بَلْقَعَ : পতিত ও বসতিশূন্য হওয়া (ভূমি)।

بَلْقَعَة، بَلْقَع : পতিত ও বসতিশূন্য ভূমি। ব بَلَاقِع

بِلْقِيس : বিলকিস, সোলায়মান (আ)-এর আমলে ইয়ামানের অন্তর্গত সাবা রাজ্যের রাণী।

البَلْقَان : বলকান জাতি , বলকান অঞ্চল।

بُلُوك، بُلُك : কোম্পানি; স্কোয়াড্রন (মিলিটারি)।

بَلْكُونَة، بَلْكُون : ঝুলন্ত বারান্দা, Balcony.

بَلَّمَ : (تَبْلِيم) বিকৃত করা; ক্ষতি করা।

أَبْلَمَ : (إِبْلَام) নীরব হওয়া; স্ফীত ওষ্ঠবিশিষ্ট হওয়া।

بَلَم : ক্ষুদ্র মৎস্য; বোকা।

بَلَمَة : ওষ্ঠ-টিউমার।

أَبْلَم : স্ফীত ওষ্ঠবিশিষ্ট।

إِبْلِيم : জান্তব, সুগন্ধি দ্রব্যবিশেষ, (Ambergris); মধু।

بَلَّان : গোসলখানার পরিচারক। ব بَلَّانَات

بَلَّانَة : গোসলখানার পরিচারিকা।

بَلَنْسَم : আলকাতরা।

بَلَنْط : এক প্রকার মার্বেল পাথর।

بَلِهَ – َ : (بَلَاهَة، بَلَه) নির্বোধ হওয়া, স্থূলবুদ্ধি হওয়া।

تَبَلَّهَ : নির্বোধের ন্যায় আচরণ করা।

تَبَالَهَ : নির্বোধ সাজা।

إِسْتَبْلَهَ : (إِسْتِبْلَاه) নির্বোধ মনে করা।

بَلَاهَة، بَلَه : নির্বুদ্ধিতা, বোকামি।

بَلْهَ : ছাড়িয়া দাও, রাখিয়া দাও।

أَبْلَه : নির্বোধ, বোকা, স্থূলবুদ্ধি। স্ত্রী بَلْهَاء ব بُلْه

بَلْهَسَ : দ্রুত পদক্ষেপে হাঁটা।

بُلَهْنِيَة : প্রাচুর্য, সম্পদ, স্বাচ্ছন্দ্য।

بَلَا – ُ : (بَلَاء، بَلْو) পরীক্ষা করা, পরীক্ষায় ফেলা, বিপদে ফেলা; কষ্ট দেওয়া; দীর্ঘ অভিজ্ঞতায় জানা।

تَبَالَغَ : চরমে পৌঁছা।

بُلْغَة : পরিমিত জীবিকা; প্রাচুর্য, পাশ্চাত্য জুতা।

بَلَاغ : বার্তা, রিপোর্ট; অভিযোগ; ঘোষণা, ইশতিহার; সমন, চরমপত্র; প্রাচুর্য।

بَلَاغَة : বাকপটুতা, ভাষা-অলংকার।

عِلْمُ البَلَاغَة : অলঙ্কারশাস্ত্র।

بُلُوغ : উপনীত; সাবালকত্ব, কৈশোর ও যৌবনের সন্ধিক্ষণ; পূর্ণতা।

بَلِيغ : বিশুদ্ধ অলঙ্কারপূর্ণ (ভাষা); কার্যকর। ব بلغاء আলংকারিক।

بَالِغ : সাবালক, পরিপক্ব, পরিপূর্ণ, তীব্র; জোরদার; উপনীত; লক্ষ্য অর্জনকারী।

إِبْلَاغ، تَبْلِيغ : প্রচার; বহন; জ্ঞাপন; ঘোষণা।

مَبْلَغ : মাবলাগ, সমষ্টি; মোট অংক; নগদ; পরিমাণ; পরিধি। ব مَبَالِغ

مُبَلِّغ : প্রচারক, বাহক, রটনাকারী; গোয়েন্দা।

مُبَالِغ : অতিরঞ্জনকারী।

مُبَالَغَة : বাড়াবাড়ি, অতিরঞ্জন; আধিক্যবোধক (শব্দ)।

بُلْغَارِيَا : বুলগেরিয়া।

بَلْغَم : কফ, শ্লেষ্মা। ব بَلَاغِم

بَلَفَ – : (بَلْف)، بَلَّفَ (تَبْلِيف) ধাপ্পা দেওয়া।

بَلَقَ – ُ : (بُلُوق) তাড়াতাড়ি করা।

بَلِقَ – َ، بَلُقَ – ُ : (بَلَق)، أَبْلَقَ (إبلاق) সাদা-কালো দাগবিশিষ্ট হওয়া। স্ত্রী بَلْقَاءُ ব بُلْقٌ

بَلِقَ – َ : (بَلَق) হতবুদ্ধি হওয়া।

أَبْلَقَ : খুলিয়া দেওয়া (দরজা)।

إِنْبَلَقَ : (إِنْبِلَاق) পুরাপুরি খুলিয়া যাওয়া (দরজা)।

بَلَق : মার্বেল-পাথর; দরজা; উটের পশমের তৈরি তাঁবু।

بُلْقَة، بَلَق : বহুবর্ণ পোশাক।

أَبْلَق : বহুবর্ণ; সাদা-কালো দাগবিশিষ্ট (ঘোড়া)। স্ত্রী بَلْقَاء ব بُلْق

بَلُّور : স্ফটিক (بلر)

بَلُوزَة : ফালুদা, জেলি।

بِلُوزَة : ব্লাউজ।

بَلُّوط : ওকবৃক্ষ (بلط)

بُلُوك : কোম্পানি (মিলি)।

بَلُون : বেলুন।

بَلِيَ - : (بَلَاء، بِلًى) পুরাতন হওয়া, জীর্ণ হওয়া (কাপড়-পোশাক); নষ্ট হওয়া; ক্ষয়প্রাপ্ত হওয়া।

بُلِيَ، أُبْتُلِيَ : (إِبْتِلَاء) পরীক্ষায় পড়া, বিপদগ্রস্ত হওয়া।

بَلَّى : (تَبْلِيَة) ব্যবহারে জীর্ণ করা (পোশাক)।

بَالَى : (مُبَالَاة) মনোযোগ দেওয়া, যত্ন নেওয়া; পরোয়া করা; বিবেচনা করা, হিসাবে গণ্য করা; জাঁকজমকের প্রতিযোগিতা করা।

أَبْلَى : (إِبْلَاء) পরীক্ষা করা, পরীক্ষায় ফেলা; কঠিন করা; অভ্যস্ত করা, অভিজ্ঞ করা, ব্যবহারে জীর্ণ করা (পোশাক)।

تَبَلَّى : ~ عَلَى মিথ্যা অভিযোগে অভিযুক্ত করা।

تَبَالَى : পরীক্ষা করা; কষ্ট দেওয়া।

إِبْتَلَى : (إِبْتِلَاء) পরীক্ষা করা, পরীক্ষায় ফেলা; কষ্ট দেওয়া; কষ্টে পতিত হওয়া।

إِسْتَبْلَى : (إِسْتِبْلَاء) পরীক্ষায় ফেলা।

بِلًى : ক্ষয়, জীর্ণতা।

بَلَاء : পরীক্ষা; বিপদ; দুর্ভাগ্য; কষ্ট; মহামারী; সাহস।

بَلْوَى : পরীক্ষা; দুঃখ, কষ্ট, দুর্ভাগ্য, দুর্যোগ; প্রয়োজন।

بَالٍ، بَلِيّ : পুরাতন, জরাজীর্ণ, ক্ষয়প্রাপ্ত।

بَلِيَّة : পরীক্ষা, কষ্ট, দুর্ভাগ্য, দুর্যোগ, বিপদ। ব بَلَايَا

إِبْتِلَاء : পরীক্ষা, বিপদ, কষ্ট।

مُبَالَاة : বিবেচনা; মনোযোগ; যত্ন; পরোয়া।

مُبَالٍ : মনোযাগী; যত্নবান।

مَبْلُوّ، مُبْتَلًى : বিপদগ্রস্ত ব্যক্তি।

بَلَى : (অ) হ্যাঁ, অবশ্যই (না-বোধক বাক্যের উত্তরে)।

لا ابالى به، لا اباليه : আমি তাহার পরোয়া করি না।

بَلْيَاتْشُو : (ইত) ভাঁড়।

بِلْيُون : বিলিয়ন, ইংল্যান্ড ও জার্মানিতে এক লাখ কোটি; ফ্রান্স ও যুক্তরাষ্ট্রে এক শত কোটি। ব بَلَايِين

بَلِّين : তিমির হাড়।

بِمْبَاشِي : লেফটেনেন্ট কর্নেল।

بُمْبَاغ : নেকটাই, গলাবন্ধ।

بَنَّ - : (ابنان) أَبَنَّ، (بَنّ) অবস্থান করা।

بَنَّنَ : (تَبْنِين) মোটাতাজা করিবার জন্য বাঁধিয়া রাখা।

بن : (ابن) পুত্র (بنو)

بُنّ : কফির দানা।

بَنَان : আঙ্গুলের ডগা, আঙ্গুল।

بُنَانَة : তৃণভূমি; আঙ্গুলের গ্রন্থি।

بَنِين : বিচক্ষণ, স্থির।

بُنْبُك : এক প্রকার হাঙর।

بِنْتُو، بِنْتُو : বিশ ফ্রাংক মূল্যের স্বর্ণমুদ্রা।

بَنْتُفْلِي : চটিজুতা, স্লিপার।

بَنَجَ - : উৎসের দিকে ফিরিয়া আসা।

بَنَّجَ : (تَبْنِيج) আফিম, ক্লোরোফর্ম ইত্যাদি প্রয়োগ করিয়া অচেতন করা, আবিষ্ট করা।

إِنْبَنَجَ : (إِنْبِنَاج) সম্ভ্রান্ত বংশ-সূত্র দাবি করা।

بَنْج : ভাঙ, নিদ্রাকর্ষক মাদক-পদার্থ, Henbane. ক্লোরোফর্ম।

بِنْج : উৎস, মূল, উৎপত্তি, সূত্র।

بَنْجَر : বীট।

بَنْجَرَة : গর্ত; কামানের ছিদ্র; বন্দুকের নল; জানালা। ব بناجر

بَنْغَلَادِيش، بَنْجَلَادِيش : বাংলাদেশ।

بَنَّدَ : (تَبْنِيد) তালিকাভুক্ত করা (সৈন্য); অধ্যায়সমূহে বিভক্ত করা (বই)।



www.pathagar.com

بَنْد : দশ হাজার সৈন্যের বাহিনী; অনুচ্ছেদ, ধারা; অংশ, অধ্যায়; নিশান, পতাকা; বন্ধনী। ব بُنُود

بُنْدَار : সওদাগর। ব بَنَادِرَة

بَنْدَر : (ফা) বন্দর। ব بَنَادِر

بَنَدُورَة، بَنَادُورَة : টমেটো।

بَنْدَقَ : হীনচরিত্র করা, বংশ-মর্যাদাহীন করা।

بُنْدُق : হিজল বৃক্ষ, হিজল বৃক্ষের ফল।

بُنْدُقَة : (ফা) হিজল বৃক্ষের ফল; বুলেট। ব بَنَادِق، بُنْدُق

بُنْدُقِيَّة : বন্দুক, রাইফেল। ব بَنَادِق

بَنْدُول : দোলক।

بَنْدِير : খঞ্জনি।

بَنْدِيرَة : নিশান, পতাকা, ব্যানার। ব بَنَادِر

بَنْزَهِير : এক প্রকার লেবু।

بَنْزِين : পেট্রল; গ্যাসোলিন।

بَنَسَ - : (بَنْس)، أَبْنَسَ (إِبْنَاس) এড়াইয়া চলা, পরিহার করা।

بَنَّسَ : (تَبْنِيس) পিছনে ফিরিয়া যাওয়া, পিছাইয়া আসা।

بَنْسِيُون : বোর্ডিং, আবাসিক বিদ্যালয়।

بِنْصِر : অনামিকা। ব بَنَاصِر

بُنْط : পয়েন্ট (খেলাধুলা)। ব بُنُوط

بُنْطَة : ড্রিলবিট, Drill bit.

بَنْطَلُون : প্যান্ট, ট্রাউজার।

بَنَفْسَج : সুগন্ধি পুষ্পবিশেষ, ভায়োলেট।

بَنَفْسَجِي : বেগুনি।

بَنَفْش، بَنْفَش : নীলকান্তমণি।

بَنَقَ - ُ (بَنْق) إِلَى~ আগমন করা, পৌঁছা।

بَنِيقَة، بِنَقَة : পটি। ব بَنَائِق

بَنَّكَ، تَبَنَّكَ : (تَبْنِيك) বসতি স্থাপন করা।

بَنْك : ব্যাংক; বেঞ্চ। ব بُنُوك

البَنْك الوَطَنِي : ন্যাশনাল ব্যাংক।

البَنْك الدَّوْلِي : বিশ্বব্যাংক।

الضَّمَان البَنْكِي : ব্যাংক গ্যারান্টি।

بُنْك : (ফা) সারাংশ, মূল, প্রধান অংশ।

بُنْك العُمْر : তরুণ বয়স।

مُبَنَّك : আবদ্ধ, আটক।

مُحَنَّك، مُبَنَّك : চতুর, ধূর্ত।

بَنَما : পানামা।

بَنْوَار : (ফ) থিয়েটারে প্রথম শ্রেণীর আসন।

بَنَى - (بُنْيَان، بِنَايَة، بَنْيَة، بِنَاء، بَنْي)، إِبْتَنَى (إِبْتِنَاء) : নির্মাণ করা, প্রতিষ্ঠা করা, স্থাপন করা, বানানো।

بَنَّى : (تَبْنِيَة) ভবন নির্মাণ করা, বানাইয়া দেওয়া।

تَبَنَّى : পোষ্যপুত্ররূপে গ্রহণ করা, জমা করা, পূর্ণ করা।

بُنْيَان، بِنَاء : নির্মাণ, গঠন; প্রতিষ্ঠা; ভবন, অট্টালিকা। ব أَبْنِيَة

بِنَاءً عَلَيْه : ইহার উপর ভিত্তি করিয়া, তদনুযায়ী।

بِنَايَة : নির্মাণ প্রকৌশল, অট্টালিকা। ব بِنَايَات

بِنْيَة : গঠন। ব بُنًى ব بِنًى، بُنْيَة

بَنَّاء : রাজমিস্ত্রি; নির্মাণকারী।

بَانٍ : নির্মাণকারী, প্রতিষ্ঠাতা। ব بُنَاة

إِبْن : পুত্র, বালক, ছেলে। ব أَبْنَاء، بَنُون

إِبْن آدَم : আদম সন্তান, মানুষ। ব بَنُو آدَم

إِبْنُ الأَخ : ভ্রাতুষ্পুত্র, ভাতিজা।

إِبْنُ الأُخْت : ভাগিনেয়।

إِبْن آوَى : শৃগাল।

إِبْنُ الدُّنْيَا : সম্পদশালী।

إِبْنُ الذُّكَاء : প্রভাত।

إِبْن السَّبِيل : পথিক, অভিযাত্রী, পর্যটক, ভবঘুরে।

إِبْنُ عُرْس : নেউলে, বেজি।

إِبْن العَمّ : চাচাত ভাই।

إِبْن اللَّيْل : চোর, ডাকাত, নিশি কুটুম্ব।



www.pathagar.com

اِبْنُ الْمَاءِ : জলচর পাখি।

بِنْت، اِبْنَة : কন্যা, মেয়ে। ব بَنَات

بِنْتُ الْأَخِ : ভ্রাতুষ্পুত্রী, ভাতিজী।

بِنْتُ الْأُخْتِ : ভাগিনেয়ী।

بِنْتُ السَّحَابَةِ : শৈত্য, শীতলতা।

بِنْت الشَّفَةَ : কথা।

بِنْتُ الصَّدْرِ : দুশ্চিন্তা।

بِنْتُ الصَّهَّال : ঘোড়া।

بِنْتُ الْعَيْنِ : অশ্রু।

بِنْتُ الْغَيْرِ : মিথ্যা।

بِنْت الفِكْر : চিন্তা, পরিকল্পনা।

بِنْتُ اللَّيْل : স্বপ্ন।

بَنَاتُ الْأَرْض : ছোট ছোট নদী।

بَنَاتُ الدَّهْر : দুর্যোগসমূহ, দুর্ভাগ্যসমূহ।

بَنَاتُ الشَّحَّاج : খচ্চর।

بُنَيّ : প্রিয় বৎস।

بُنُوَّة : পুত্রত্ব।

مَبْنَى : ভিত্তি; ভবন। ব مَبَانِى

مَبْنِيّ : নির্মিত, ভিত্তিশীল; মোটাতাজা; যে বিশেষ্যের শেষাংশ সর্বাবস্থায় অপরিবর্তিত থাকে (ব্যা)।

حُرُوف الْمَبَانِى : বর্ণমালা।

بَهَأَ - بَهِئَ، - بَهُؤَ، - (بُهُوْ، بَهَاء، بَهْأ) ب ~ : দয়া প্রদর্শন করা, পরিচিত হওয়া।

~ ل : মনে করা।

بَهَأَ - : (بَهْأ)، أَبْهَأَ খালি করা (ঘর), নৈকট্যপ্রিয় হওয়া।

بَهِتَ - بَهُتَ، - بُهِتَ، - (بَهْت) بُهِتَ، اِنْبَهَتَ (اِنْبِهَات) : অবাক হওয়া, স্তম্ভিত হওয়া, হতবুদ্ধি হওয়া।

بَهِتَ - : (بَهْت) বিবর্ণ হওয়া, ফ্যাকাশে হওয়া, অনুজ্জ্বল হওয়া, মিশাইয়া যাওয়া (রং)।

بَهَتَ - : (بَهْت)، بَهَّتَ (تَبْهِيت) أَبْهَتَ (اِبْهَات) অবাক করা, স্তম্ভিত করা, হতবুদ্ধি করা।

بَهَتَ : (بُهْتَان، بَهْت) অপবাদ রটানো।

بَاهَتَ : (مُبَاهَتَة) মিথ্যা বলা; অপবাদ রটাইয়া কষ্ট দেওয়া, অপ্রত্যাশিতভাবে আসিয়া পড়া; স্তম্ভিত করা, হতবাক করা।

بُهْتَة : হতভম্বতা, কিংকর্তব্যবিমূঢ়তা।

بَاهِت : বিবর্ণ, ফ্যাকাশে, নিষ্প্রভ, অনুজ্জ্বল (রং); হতবুদ্ধি।

بَهُوت : অপবাদ দানকারী, নিন্দুক। ব بُهُت

بَهَاتَة : রক্তাল্পতা।

مَبْهُوت : হতবুদ্ধি, কিংকর্তব্যবিমূঢ়।

بَهَجَ - بَهِجَ، تَبَهَّجَ، اِبْتَهَجَ، اِبْتِهَاج ~ ب : সন্তুষ্ট হওয়া, আনন্দিত হওয়া, সুখী হওয়া।

بَهُجَ - : (بَهْجَان، بَهَاجَة) সুন্দর হওয়া, সমুজ্জ্বল হওয়া, প্রভাময় হওয়া।

بَهَّجَ : (تَبْهِيج) প্রফুল্ল করা; সুসজ্জিত করা।

اِنْبَهَجَ : (اِنْبِهَاج) বিস্মিত হওয়া।

اِسْتَبْهَجَ : (اِسْتِبْهَاج) ~ ب আনন্দিত হওয়া।

بَهْجَة : প্রভা, সৌন্দর্য, ঔজ্জ্বল্য; আনন্দ, প্রফুল্লতা।

بَهِج، بَهِيج : আনন্দিত, প্রফুল্ল; সুন্দর, উজ্জ্বল।

اِبْتِهَاج : আনন্দ।

مُبْهِج : আনন্দদায়ক।

مُبْتَهِج : আনন্দিত, বিমুগ্ধ।

مَبْهَجَة : আনন্দ মুহূর্ত।

بَهْدَرَ : অপচয় করা, ফজুল-ব্যয় করা।

بَهَادُور : (ফা) বীর, বাহাদুর।

بَهْدَلَ : অমর্যাদা করা, অপমান করা; দ্রুত হাঁটা, মাই আন্দোলিত করা।

تَبَهْدَلَ : অপমানিত হওয়া।

بَهْدَلَة : অমর্যাদা, অপমান; কর্মতৎপরতা, ক্ষিপ্রতা; স্তনমূল, গ্রীবাপেশী।

بَهَرَ - : (بَهْر) সৌন্দর্য, গুণ ইত্যাদিতে ছাপাইয়া যাওয়া; ভারাক্রান্ত করা, দুঃখ দেওয়া।

~ : (بُهُور، بَهْر) উজ্জ্বল হওয়া, চকচক করা; ধাঁধাইয়া দেওয়া।



www.pathagar.com

بَهَرَ : দম ফুরাইয়া যাওয়া, ক্লান্ত হওয়া, হাঁপানো।

تَبَهَّرَ، بُهِرَ : ধাঁধাইয়া যাওয়া।

بَهَّرَ : (تَبْهِيْر) মরিচের গুঁড়া মিশানো (খাদ্যাদিতে)।

بَاهَرَ : (مُبَاهَرَة) প্রতিযোগিতা করা।

أَبْهَرَ : (إِبْهَار) ভাগ্য গড়া; বিস্ময়কর কিছু করা, ধাঁধাইয়া দেওয়া।

إِنْبَهَرَ : (إِنْبِهَار) ধাঁধাইয়া যাওয়া; দম ফুরাইয়া যাওয়া, ক্লান্ত হওয়া।

إِبْتَهَرَ : (إِبْتِهَار) জাঁকালভাবে প্রদর্শন করা।

إِبْهَارَّ : মধ্যবর্তী হওয়া।

بَهْر : সৌন্দর্য, ঔজ্জ্বল্য; বিজয়; প্রতারণা।

بَهْرًا : খোলাখুলিভাবে।

بُهْر : খাটদম, দমহীনতা, ক্লান্তি।

بُهْرَة : মধ্যমভাগ; ঝলকানি।

بَهَار : সৌন্দর্য; মরিচ; মসলা; সুগন্ধি; বনফুল।

مُنْبَهِر، مَبْهُور، بَهِير : দমহীন, খাটদমবিশিষ্ট, ক্লান্ত।

بَاهِر : চমৎকার, উজ্জ্বল।

أَبْهَر : মহাধমনী, Aorta.

إِبْتِهَار : জাঁকালভাবে প্রদর্শন।

مَبْهُور : দমহারা, ক্লান্ত।

بَهْرَجَ : মন্দবস্তু পরিপাটি করিয়া সাজাইয়া রাখা, অবৈধকে বৈধ দেখানো, বৈধ করা।

تَبَهْرَجَ : সাজগোজ করিয়া চলা, জাঁকজমক সহকারে চলা।

بَهْرَج : (ফা) নিকৃষ্ট, বাজে, তুচ্ছ; তুচ্ছ চকচকে বস্তু; মেকি টাকা।

بَهْرَجَة : বাহ্যিক সৌন্দর্য, অন্তঃসারশূন্য জাঁকজমক।

بَهْرَجَان : বাজে চকচকে বস্তু, স্বর্ণ বা রৌপ্যতন্তু।

بَهْرِيز : (মি) সুরুয়া।

بَهْرَم : হলুদ রঙে ছোপানো (দাড়ি)।

بَهْرَامج، بَهْرَام : (ফা) মঙ্গলগ্রহ, Mars.

بَهْرَمَان : হলুদ রং।

بَهْرَمَة : ব্রাহ্মণ্যবাদ।

بَهَزَ : ـَ (بَهْز) ، أَبْهَزَ (إِبْهَاز) ঠেলিয়া দেওয়া, তাড়াইয়া দেওয়া, বুকে ধাক্কা দেওয়া।

بَهْزَة : বিতাড়ন, প্রত্যাখ্যান।

بَنُو بَهْزَة : বৈমাত্রেয় বংশধর।

بَهَشَ : ـَ (بَهْش) ~ لِ প্রস্তুত হওয়া, উদ্যোগ লওয়া।

~ عن : অনুসন্ধান করা।

~ إِلَى : ত্বরা করা, নির্দিষ্ট লক্ষ্যে দ্রুত অগ্রসর হওয়া।

تَبَهَّشَ : একত্রিত হওয়া, মিলিত হওয়া।

إِبْتَهَشَ : (إِبْتِهَاش) আনন্দিত হওয়া।

بَهْش : সহৃদয়, হাসিখুশি।

أَهْلُ الْبَهْش : হেজাযের অধিবাসী।

بَهَظَ : ـَ (بَهْظ) ، أَبْهَظَ (إِبْهَاظ) মাত্রাধিক চাপ দেওয়া, চাপাইয়া দেওয়া, ভারাক্রান্ত করা।

بَهْظ : ভার, ওজন; ঘৃণ্যতা; গুরুত্ব।

بَاهِظ : ভারী; কষ্টকর; অত্যধিক; গুরুত্বপূর্ণ। ব بَوَاهِظ

بَهِقَ : ـَ (بَهَق) বাহির হইয়া আসা, বিবর্ণ হওয়া।

بَهَق : মরামাস, খুসকি; ভুঁইফোড়বিশেষ।

أَبْهَق : বিবর্ণ। স্ত্রী بَهْقَاء ব بُهْق

بَهْكَل (بَهْكَلَة) بَهْكَن (بَهْكَنَة) : কোমল; তেজস্বী, গৌরবর্ণ মহিলা।

بَهَلَ : ـَ (بَهْل) অভিশাপ দেওয়া।

أَبْهَلَ : (إِبْهَال) আনন্দে কাজ করিতে দেওয়া, নিজ মতে থাকিতে দেওয়া।

أَبْهَلَ : পরিত্যাগ করা; বোকা বানানো।

بَاهَلَ (مُبَاهَلَة) ، تَبَهَّلَ ، تَبَاهَلَ : একে অপরকে অভিশাপ দেওয়া।

إِنْبَهَلَ : বোকা হওয়া।

إِبْتَهَلَ ~ إِلَى : মিনতি করা, প্রার্থনা করা।

~ عَلَى : অভিশাপ দেওয়া।

إِسْتَبْهَلَ : (إِسْتِبْهَال) যাহা করিতে চায় তাহা করিতে দেওয়া; বুদ্ধিহীন পাওয়া।



www.pathagar.com

بَهْلَة : অভিশাপ; বোকামি, নির্বুদ্ধিতা।

بَهْلَنَة : বোকামি, নির্বুদ্ধিতা।

بَاهِل : মুক্ত, স্বাধীন; বন্ধনহীন (উষ্ট্রী), সিদ্ধান্তহীন, দ্বিধাগ্রস্ত; নিরস্ত্র; বেকার। ব بُهَّل، بُهْل

إِبْتِهَال : মিনতি, প্রার্থনা।

مَبْهُول : নিরীহ, সরল।

مُبَاهَلَة : পারস্পরিক অভিশাপ দেওয়া।

تَبَهْلَقَ، بَهْلَقَ : মিথ্যা বলা।

بُهْلُول : ভাঁড়; কৌতুককারী; বোকা। ব بَهَالِيل

بَهْلَوَان : (ফা) পাহলোয়ান, দড়াবাজিকর, মল্লকুস্তিগির।

أَبْهَمَ : (ابهام) অস্পষ্ট রাখা, অবোধগম্য করা, সন্দেহজনক করা, গোপন করা, বন্ধ করা।

إِسْتَبْهَمَ، تَبَهَّمَ : (إِسْتِبْهَام) অস্পষ্ট হওয়া, অবোধগম্য হওয়া, সন্দেহজনক হওয়া।

بَهْمَة : ভেড়ার বাচ্চা, ছাগলছানা, বাছুর। ব بِهَام

بُهمة : বীর, সাহসী; কঠিন কাজ। ব بُهَم

بَهِيم : কালো; গাঢ় অন্ধকার। ব بُهُم، بُهْم

بَهِيمَة : পশু, চতুষ্পাদ প্রাণী; গাধী। ব بَهَائِم

بَهَائِم : গবাদি পশু, গৃহপালিত প্রাণী।

بَهِيمِي : পশুসুলভ, পাশবিক।

بَهِيمِيَّة : পাশবিকতা।

إِبْهَام : অস্পষ্টতা, অবোধগম্যতা, সন্দেহ, অনিশ্চয়তা, বৃদ্ধাঙ্গুলি। ব أَبَاهِيم ব بَوَاهِم

مُبْهَم : অস্পষ্ট, অবোধগম্য, অজ্ঞাত, সন্দেহজনক, অনিশ্চিত; বন্ধ; অবৈধ।

عَدَدٌ مُبْهَم : Alistract number, সন্দেহজনক সংখ্যা।

مُبْهَمَة : যে স্ত্রীলোককে বিবাহ করা অবৈধ।

بَهْنَس : অটল ও ভারী বস্তু; সিংহ।

تَبَهْنَسَ : গর্বভরে হাঁটা।

بَهِيَ، بَهُوَ – ـُ بَهَا : (بَهَاء) সুন্দর হওয়া, উজ্জ্বল হওয়া।

بَهَا – ـُ : সৌন্দর্যে ছাড়াইয়া যাওয়া।

بَهَّى : (تَبْهِيَة) প্রসারিত করা (ঘর)।

بَاهَى، تَبَاهَى، (مُبَاهَاة) : গর্ব করা; প্রতিযোগিতা করা।

أَبْهَى : (إِبْهَاء) সুন্দর চেহারাবিশিষ্ট হওয়া; খালি করা (পাত্র, ঘর)।

إِبْتَهَى (إِبْتِهَاء) ~ بِ : গর্ব করা।

بَهَاء : সৌন্দর্য, ঔজ্জ্বল্য। ব أَبْهِيَاءُ

بَهْو : হলঘর, অভ্যর্থনা কক্ষ, বৈঠকখানা, আঙ্গিনা। ব أَبْهَاء

بَهِيّ : সুন্দর, উজ্জ্বল।

اَلْبَهَائِيَّة : বাহাই মতবাদ, বাহাই সম্প্রদায়।

بَاهٍ : সুন্দর, উজ্জ্বল।

مُبَاهَاة، تَبَاهٍ : গর্ব, অহঙ্কার, গর্বের প্রতিযোগিতা।

بَوّ : অল্প বয়সী উট।

بَوّ : বোকা। স্ত্রী بَوَّاء، بَوِّيّ

بَاءَ – ـُ (بَوْء) : ~ إِلَى ফিরিয়া আসা।

~ بِ : ফিরাইয়া আনা।

بَاءَ بِذَنْبِه : নিজের অপরাধ স্বীকার করা।

بَوَّأَ (تَبْوِئَة)، أَبَاء : (إِبَاءَة) বাসস্থান দেওয়া, থাকিবার জায়গা দেওয়া, নিবাস স্থাপন করা, বসবাস করা।

أَبَاء : ফিরাইয়া আনা।

تَبَوَّأَ : প্রবেশ করা, স্থান লওয়া; দখল করা, গ্রহণ করা।

تَبَوَّأَ الْعَرْشَ : সিংহাসনে আরোহণ করা।

تَبَاوَأَ : সমান হওয়া।

إِسْتَبَاءَ : (إِسْتِبْوَاء) জায়গির লওয়া, গ্রহণ করা; হত্যার দায়ে হত্যা করা।

بَوَاء : সমান; সমতা।

بَاءَة، مَبْوَأ، مَبَاءَة : বাসস্থান, নিবাস।

بِيئَة : পরিবেশ, পারিপার্শ্বিক অবস্থা, বাসস্থান, বাড়ি।

بِيئِي : পারিপার্শ্বিক।

بَوَاكِي : তোরণশোভিত পথ।

بَابَ : (بَوْبَ) দারোয়ানের চাকরি করা।

بَوَّبَ (تَبْوِيب) : বিভক্ত করা (বই), বিভিন্ন শ্রেণীতে ভাগ করা, নিয়মতান্ত্রিকভাবে বিন্যস্ত করা।

تَبَوَّبَ : দারোয়ান নিয়োগ করা।

بَابَ : দরজা, প্রবেশ পথ; অধ্যায়; শ্রেণী, প্রকার; ক্ষেত্র। ব أَبْوَاب

بَابَة : প্রকার, শ্রেণী; পথ; সীমানা। ব بَابَات

بَوَّاب : দারোয়ান।

بَوَّابَة : প্রধান দরজা।

بِوَابَة : দারোয়ানের কাজ, দারোয়ানি।

تَبْوِيب : অধ্যায়ে বিভক্তকরণ; শ্রেণীবিভাজন, নিয়মতান্ত্রিক বিন্যাস।

مُبَوَّب : অধ্যায়ে বিভক্ত, বিভিন্ন শ্রেণীতে বিভক্ত।

بُوتَاس، بُوتَاسًا : পটাশ।

بُوتَقَة : ধাতু বা অন্যকিছু গলাইবার পাত্র, মুচি, Crucible.

بَاتَ ـُ : (بَوْث) (إِبَانَة) أَبَاث، إِبْتَـــــات (إِبْتِوَاث)পরীক্ষা করা, সন্ধান করা; ছড়াইয়া দেওয়া।

بَاجَ : (بوج) إِبْتَاج، (إِبْتِوَاج) আপতিত হওয়া (বিপদ), মসৃণ হওয়া, উজ্জ্বল হওয়া।

بَوَّجَ : (تَبْوِيج) অনুমতিপত্র দেওয়া।

تَبَوَّجَ، إِبْتَاجَ : (إِبْتِوَاج) চমকানো (বিদ্যুৎ)।

بَاج، بَأْج : অনুমতিপত্র; অভিন্ন পদ্ধতি। ব أَبْوَاج

بُوْج، بَوَّاج : পথিক, ভ্রমণকারী।

بَاحَ ـُ : (بَوْح، بُؤُوح، بُؤُوحَة) প্রতিভাত হওয়া, প্রকাশ পাওয়া, ফাঁস হওয়া; প্রকাশ করা, ফাঁস করা।

أَبَاحَ : (إِبَاحَة) অবহিত করা, প্রকাশ করা, ফাঁস করা, পরিত্যাগ করা, পরিত্যক্ত ঘোষণা করা; অনুমতি দেওয়া, বৈধ করা।

إِسْتَبَاحَ : (إِسْتِبَاحَة) প্রকাশ করা, পরিত্যক্ত মনে করা, বৈধ মনে করা, বিনষ্ট করা (সম্মান), দখল করা, বাজেয়াপ্ত করা।

بَوْح : প্রকাশ; প্রাঙ্গণ; হলঘর।

بَاحَة : প্রাঙ্গণ; হলঘর; বহু পরিমাণ পানি। ব بُوحٌ

بُوح : সূর্য।

بَوَاحًا : প্রকাশ্যে।

إِبَاحَة : প্রকাশ; অনুমতি, অনুমোদন; বৈধ ঘোষণা; অভিযোগ হইতে অব্যাহতি।

إِبَاحِيّ : স্বাধীন মতাবলম্বী, উচ্ছৃঙ্খল, নৈরাজ্যবাদী।

إِبَاحِيَّة : স্বাধীন চিন্তা, স্বেচ্ছাচারবাদ, নৈরাজ্যবাদ।

إِسْتِبَاحَة : দখল, লুণ্ঠন, বাজেয়াপ্তকরণ।

بَائِح، مُبِيح : গোপন তথ্য প্রকাশকারী, বিশ্বাসঘাতক; নির্লজ্জ।

مُبَاح : বৈধ, অনুমতিযোগ্য, অনুমোদিত, আইনানুগ; পরিত্যক্ত, সাধারণ।

بَاخَ ـُ : (بَوْخ) ঠাণ্ডা হওয়া, প্রশমিত হওয়া, হ্রাস পাওয়া; থামিয়া যাওয়া (যুদ্ধ)।

~ : (بُؤُوخ) নষ্ট হওয়া, পচিয়া যাওয়া (গোশত), নির্বাপিত হওয়া (আগুন)।

بَوَّخَ : (تَبْوِيخ) নষ্ট করা।

أَبَاخَ : (إِبَاخَة) নির্বাপিত করা (আগুন); প্রশমিত করা।

بُوذَا : গৌতমবুদ্ধ।

بُوذِيّ : বৌদ্ধ মতবাদী।

بُوذِيَّة : বৌদ্ধধর্ম।

بَارَ ـُ : (بَوْر، بَوَار) ধ্বংস হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া, অনাবাদি থাকা (জমি), ব্যর্থ হওয়া (কাজ), অবিক্রয়যোগ্য হওয়া (পণ্য), মন্দা হওয়া (বাজার)।

بَوَّرَ : (تَبْوَار) অনাবাদি রাখা (জমি)।

أَبَارَ : (إِبَارَة) ক্ষয় করা, ধ্বংস করা।

بُور : অনাবাদি (জমি); বদমাইশ; সমুদ্র বন্দর, পোর্ট।



www.pathagar.com

بَوَار : ধ্বংস।

دَار البَوَار : দোযখ।

بَائِر : অনাবাদি (জমি)। ব بُورٌ، بُورٌ

حَائِر بَائِر : পথহারা।

بُور سَعِيد : পোর্ট সাঈদ (মিসর)।

بُورسُودَان : পোর্ট সুদান।

بُورجُوَازِيّ : (ফ) বুর্জোয়া।

بُورجُوَازِيَّة : (ফ) বুর্জোয়া শ্রেণী।

بُورْصَة : এক্সচেঞ্জ, স্টক এক্সচেঞ্জ, পণ্যের বাজার।

بَوْرَق : সোহাগা, Borax.

بَورَق أَرْمَنِيّ : সোডা।

بُورْمَا : বার্মা।

بُورَانِي : স্টু, অল্প জ্বালে সিদ্ধ করা, Stew.

بُورُونْدِي، بُورُنْدِي : বুরুন্ডি।

بُورُوجِيّ : বিউগল-বাদক।

بُورِيّ : সামুদ্রিক মৎস্যবিশেষ, বিউগল।

بُورِيَاء، بُورِيَّة : (ফা) নলখাগড়ার মাদুরবিশেষ।

بَوَّارِيّ : মাদুর বিক্রেতা।

بَاز : বাজপাখি। ব بِيزَان ، أَبْوَاز

بَوْز : আইসক্রিম, মুখনল, প্রলম্বিত নাক, মুখ, জুতা বা মোজার যে অংশে পদাঙ্গুলি ঢাকা পড়ে।

بُوز : বিষণ্ন হওয়া, গোমড়ামুখী হওয়া, নষ্ট করা, মুখের চতুষ্পার্শ্ব।

مُبَوِّز : গোমড়ামুখী, বিষণ্ন।

بَاسَ - ُ : (بَوْس) চুম্বন করা।

بَوْسَة، بَوْس : চুম্বন।

بُوس : বাস।

بُوسْتَر : (ইং) পোস্টার।

بُوسْتَة، بُوسْطَة : (ইত) ডাক, পোস্ট।

بُوسْطَجِي : পোস্টম্যান।

بُوسْتُو : (ইত) বড়িসবিশেষ।

البُوسْفُور : বসফরাস প্রণালী।

بَاشَ - ُ : (بَوْش) بَوَّشَ، (تَبْوِيش) হৈচৈ করা, চিৎকার করা (জনতা)।

تَبَاوَشَ : আক্রমণ করা।

بُوش، بَوْش : উচ্ছৃঙ্খল জনতা; হৈচৈ। ব أَوْبَاش

بُوشُ القِمَاش : ব্লিচিং পাউডার।

بَاصَ - ُ : (بَوْص) পূর্ববর্তী হওয়া, নিষ্কৃতি লাভ করা।

بَوَّصَ : (تَبْوَاص) চকচকে হওয়া।

بُوص، بَوْص : রং, বর্ণ; নিষ্কৃতি; নিতম্ব; গৃহাদি ছাইবার জন্য খড়, তালপাতা ইত্যাদি। ব أَبْوَاصٌ

بُوص : নলখাগড়া, Reed. সিলচ অথবা লিনেন কাপড়।

بُوصَة : ইঞ্চি। ব أَبواص

بُوصَاء : দিয়াশলাই, দীপ-শলাকা; অভ্যন্তরীণ আতশবাজি, নিতম্বিনী।

بُوصِيّ : (সি) নৌকাবিশেষ; নাবিক।

بُوصَلَة، بَوْصَلَة : দিকদর্শন-যন্ত্র, কম্পাস, Compass.

بَاضَ - ُ : (بَوْض) কৃত্রিম রূপ চর্চা।

~ ب : অবস্থান করা।

بُوطَة : (ফা) ধাতু ইত্যাদি গলাইবার পাত্র, মুচি, ক্রুসিবল, Crucible.

بَاطَ : (بَوْط) মর্যাদা হারানো, দরিদ্র হওয়া।

بُوَيْط : মিসরের একটি শহর।

بَاظَ - ُ : (بَيْظ، بَوْظ) মোটাসোটা হওয়া (কৃশকায় ব্যক্তি)।

بُوظَة : সুরাজাতীয় পানীয়; (সি) আইসক্রিম।

بَاعَ - ُ : (بَوْع) দান করার জন্য হস্ত প্রসারিত করা, দ্রুত লম্বা লম্বা পা ফেলিয়া চলা।

تَبَوَّعَ : বাঁও (প্রসারিত দুই বাহু) দ্বারা পরিমাপ করা।

بَاع : প্রসারিত দুই বাহুর মাপ; উচ্চ পদমর্যাদা; ক্ষমতা, যোগ্যতা; জ্ঞান; বদান্যতা। ব أَبْوَاع

طَوِيل البَاع : ক্ষমতাবান, যোগ্য, সক্ষম, মুক্তহস্ত, উদার।



www.pathagar.com

قَصِيْرُ الْبَاعِ : দুর্বল, অক্ষম, অসহায়, অযোগ্য, কৃপণ।

بِالْبَاعِ وَالزِّرَاعِ : যে কোন উপায়ে।

بُوعٌ : হাতের অথবা পায়ের বৃদ্ধাঙ্গুলির সহিত সংযুক্ত হাড়, Toe-bone.

بَاغَ ـُ : (بَوْغٌ) অতিক্রম করা, সমকক্ষ হওয়া।

بَوَّغَ : (تَبْوَاغٌ) অবাক করা।

تَبَوَّغَ : টগবগ করা।

~عَلَى : অতিক্রম করা।

بَاغ : (ফা;) বাগান (ফল, ফুল ইত্যাদির)।

بَاغَة : সেলুলয়েড, কচ্ছপের খোলা।

بَوْغَاء : ঘ্রাণ; নানা ধরনের মিশ্র জনতা, উচ্ছৃঙ্খল জনতা।

بُوغَاضَة، بُوغَادَة : পটাশ।

بُوغَاز : প্রণালী, পোতাশ্রয়।

بُونِيَة : (ফ) বুফে, Buffet.

بَاقَ ـُ : (بُوُوق، بَوْق) বিনষ্ট হওয়া (সম্পদ); হারাইয়া যাওয়া, আপতিত হওয়া (বিপদ); দুর্ব্যবহার করা; ক্ষতি করা।

~عَلَى : আকস্মিকভাবে আক্রমণ করা।

بَوَّقَ : (تَبْوَاق) বিউগল বাজানো; বান্ডিলে বাঁধা।

تَبَوَّقَ : মিথ্যা বলা; সংক্রমিত হওয়া।

اِنْبَاقَ ~ عَلَى : আপতিত হওয়া (বিপদ)।

بُوق : بِيقَات، بُوقَات বিউগল, ভেঁপু; মেগাফোন, চোঙ। ব بِيقَان، أَبْوَاق

بُوقَة : দুর্বিপাক। ব بُوَق

بَوَّاق : বিউগল-বাদক।

بَاقَة : বান্ডিল, গুচ্ছ, তোড়া, স্তবক। ব بَاقَات

بَائِقَة : দুর্যোগ, দুর্বিপাক, অনিষ্ট, অবিচার। ব بَوَائِق

بُومَال : হাতলবিহীন পাত্র, মগ।

بَاكَ ـُ : (بُؤُوك) মোটা হওয়া (উট), ক্রীড়াচ্ছলে পৃষ্ঠে আরোহণ করা (পশু)।

~ : (بَوْك) জটিল হওয়া।

بَالَ ـُ : (بَوْل، مَبَال، تَبْوَال) প্রস্রাব করা।

بَوَّلَ : (تَبْوَال) প্রস্রাব করা বা করানো।

أَبَالَ : (إِبَالَة) প্রস্রাব করানো।

اِسْتَبَالَ : (اِسْتِبَالَة) প্রস্রাব করানো।

بَال : অন্তর, মন; মনোযোগ; সাহস; অবস্থা; কল্যাণ; তিমি।

مَا بَالُك : তোমার কী অবস্থা?

إِعْطَاءُ الْبَال : মনোযোগ দেওয়া।

ذُوْ بَال : গুরুত্বপূর্ণ।

بَالَة : গাঁইট; বান্ডিল; শিশি, বোতল।

بَوْل : প্রস্রাব। ব أَبْوَال

بُول : (তু) ডাকটিকিট।

بُوَال : বহুমূত্র (রোগ)।

بَوَّالَة : সাধারণের প্রস্রাবখানা।

مِبْوَلَة : প্রস্রাব করার পাত্র; মূত্রাধার। ব مَبَاوِلُ

مَبْوَلَة : মূত্রবর্ধক।

بُولَنْدَا : পোল্যান্ড।

بُولِيس : পুলিশ।

بُولِيس الْمُرُوْر : ট্রাফিক পুলিশ।

بُولَصَة، بُولِيصَة، بُولِيسَة : ইনস্যুরেন্সের পলিসি।

بُولِيفِيَا : বলিভিয়া।

بُوم : পেঁচা। ব بُوَّم، أَبْوَام

بَانَ ـُ : (بَوْن) গুণ, উৎকর্ষ ইত্যাদিতে ছাপাইয়া যাওয়া।

بَان : বৃক্ষবিশেষ।

بُون، بَوْن : বিরতি, ব্যবধান (মর্যাদায়); দূরত্ব, গুণ, উৎকর্ষ।

بَيْن : ব্যবধান (স্থানিক, দৈনিক)।

بَؤُونَة : কিবতী ক্যালেন্ডারের দশম মাস, জুন।

بَاهَ ـَ : (بَيْه، بَوْه) لِ স্মরণ করা; বুঝা; চিন্তা করা।



www.pathagar.com

بَاه : পরিণয়, যৌনসংসর্গ, যৌনক্ষমতা, বীর্য, শুক্র।

بَاهَة : আঙিনা।

بُوْه : অভিশাপ।

بُوه : মাটিয়া পেঁচা; শ্যেন, বাজপাখি।

بُوهَة : পেঁচা, বোকা।

بُوهِيمِيَا : বোহীমিয়া।

بُوهِيمِيَّة : যাযাবরবৃত্তি, ভবঘুরে জীবন।

بَوَى - : (بَيّ) অন্যজনের অনুকরণে একইভাবে কাজ করা।

بَوَى : অনুকরণ, নকল।

بُويَة، بُويَا : (তু) বার্নিশ, জুতার পালিশ, রং।

بُويَجِي، بُويَاجِي، بَيِئَة : (بوء) (তু) চিত্রকর, রঙমিস্ত্রি, জুতা পালিশকারী।

بَيَّادَة، بِيَادَة : (ফা) পদাতিক বাহিনী, পেয়াদা।

بِيَانُو : পিয়ানো।

بِيب : (ফ) নর্দমা, নল, পাইপ।

بَاتَ - : (مَبَات، مَبِيت، بَيْت) রাত্রিযাপন করা, বিবাহ করা, হওয়া, থাকা।

بَيَّتَ : (تَبْيِيت) রাত্রে সম্পাদন করা, রাত্রে পরিকল্পনা করা, রাত্রে আক্রমণ করা (শত্রু), রাত্রি কাটাইতে দেওয়া, গৃহ নির্মাণ করা।

أَبَاتَ : (إِبَاتَة) রাত্রে থাকিতে দেওয়া, রাত্রিযাপনের ব্যবস্থা করা।

إِسْتَبَات : (إِسْتِبَاتَة) এক রাত্রির জন্য ব্যবস্থাদি প্রস্তুত করা।

بَيْت : ঘর, বাড়ি, বাসস্থান, কক্ষ, পরিবার, বাক্স, শ্লোক, লাইন, কবিতার চরণ। ব بُيُوت ব بُيُوْت، أَبْيَات

أَهْلُ الْبَيْت : পরিবার, পরিবারের সদস্যবর্গ; মহানবী (স)-এর পরিবার।

الْبَيْتُ الأَبْيَض : হোয়াইট হাউস, White house.

الْبَيْتُ الْحَرَام : কা'বা শরীফ।

بَيْتُ الْخَلَاء : শৌচাগার, টয়লেট।

بَيْتُ الْمَالِ : সরকারি কোষাগার।

الْبَيْتُ الْمُقَدَّس، بَيْتُ الْمَقْدِس : জেরুসালেম।

بَيَات : শীতযাপন; রাত্রে আক্রমণ।

بَيَّات : বোর্ডার Boarder; আবাসিক ছাত্র।

بُوَيْت : ছোট ঘর, ক্ষুদ্র প্রকোষ্ঠ।

بَائِت : রাত্রিযাপনকারী, রাত্রিকালীন।

~، بَيُّوت : বাসি (খাদ্য)।

مَبِيت : রাত্রিযাপন, রাত্রির আশ্রয়।

مُبَيِّت : নৈশ পরিকল্পনাকারী।

بَادَ - (بُيُود، بَيَاد، بَيْد) শেষ হওয়া, ধ্বংস হওয়া, ক্ষয় হওয়া, মরিয়া যাওয়া।

~ : (بُيُود) অস্ত যাওয়া (সূর্য)।

أَبَادَ : (إِبَادَة) ধ্বংস করা, নিঃশেষ করা, নির্মূল করা।

بَيْدَأَنَّ : কিন্তু, অথচ, যদি না, তাহা ছাড়া, যাহা হউক, যদিও, তবুও, তবে।

بَيْدَاء : মরুভূমি, ঊষর ও নির্জন প্রান্তর। ব بَيْدَاوَات، بِيد

بَائِد : ধ্বংসশীল, নশ্বর, অবলুপ্ত।

الْعَرَب الْبَائِدَة : বিলুপ্ত আরব জাতি।

إِبَادَة : ধ্বংস, নিঃশেষ, উৎপাটন।

مُبِيد : ধ্বংসকর, ধ্বংসাত্মক।

بَيْدَر : শস্যাদি মাড়াইবার জায়গা। ব بَيَادِرُ

بَيْدَق : দাবার ছোট গুটি; পদাতিক ব্যক্তি পদাতিক সেনাদল, এক প্রকার পাখি।

بَيرَة، بِيرَا : অনুগ্র সুরাবিশেষ, বিয়ার।

بَيْرَق : পতাকা, ব্যানার, নিশান। ব بَيَارِقُ

بَيْرَقْدَار : পতাকাবাহী।

بِيرُو : পেরু (দেশ); ব্যুরো, Bureav.

بَيْرُوت : বৈরুত, লেবাননের রাজধানী।

بِيرُوقُرَاطِيّ : আমলাতান্ত্রিক, আমলাতন্ত্রী, Bureovcratie.



www.pathagar.com

بِيرُوقْرَاطِيَّة : আমলাতন্ত্র; লালফিতা তন্ত্র, Bureavcrocy.

بِيزَنْطِيّ : বাইজান্টাইন।

بَاسَ - (بَيْس) নিজেকে শক্তি প্রয়োগে প্রতিষ্ঠিত করে লোকদের উপর জুলুম করা, অহংকার।

بِيسُون : বাইসন, Bison.

أَبَاشَ : (إِبَاشَة) অঙ্কুরিত করা, উৎপাদন করা।

بَيَّشَ : (تَبْيِيش) গাছ লাগাইবার জন্য গর্ত করা।

بِيش : গর্ত, গাছ লাগাইবার গর্ত। ব أَبْيَاش

~ : বিষাক্ত ঘাসবিশেষ, Aconite.

بِيص، بَيْص : দুর্ভাগ্য, জটিলতা, দুর্দশা, ঝঞ্ঝাট।

بَاضَ - : (بَيْض) ডিম পাড়া; নিবাস স্থাপন করা, তীব্র হওয়া (গরম), ফুলিয়া উঠা।

بَيَّضَ : (تَبْيِيض) সাদা করা, সাদা রং করা, চুনকাম করা, ঝালাই করা; পরিষ্কার করিয়া লেখা।

بَيَّضَ اللّٰهُ وَجْهَهُ : আল্লাহ তাহাকে খুশি করুন।

إِبْيَضَّ، تَبَيَّضَ : (إِبْيِضَاض) সাদা হওয়া।

إِبْتَاضَ : (إِبْتِيَاض) শিরস্ত্রাণ পরিধান করা।

بَيْض : ডিম। ব بُيُوض

بَيْض الأَرْض : ভুঁইফোড়, ছত্রাক, ব্যাঙের ছাতা।

بَيْضَة : ডিম, অন্তর, মধ্যাংশ, সারাংশ, শিরস্ত্রাণ, অণ্ডকোষ। ব بَيْضَات

بَيْضَة البَلَد : নগরের প্রধান স্থান।

بَيْضَة الخِدْر : নারী।

بَيَاض : সাদা, শুভ্রতা; আলো, চুনকাম; অনাবাদি জমিন; খালি জায়গা; দুধ।

بَيَاضَات : (সি) দুধ, মাখন ও ডিম; শ্বেত বস্ত্র।

بَيَّاض : ডিম বিক্রেতা, ডিমওয়ালা।

بَائِض : ডিম পাড়া মুরগি বা পাখি। ব بَوَائِض ; بِيض، بُيُض، بُيُوض

أَبْيَض : সাদা, উজ্জ্বল, পরিষ্কার, মহৎ, নিষ্কলঙ্ক। স্ত্রী بَيْضَاء ব بِيض

أَبْيَضَان : পানি ও দুধ; দুই দিন।

الخَيْط الأَبْيَض : (শ্বেতসূত্র) ঊষা-রেখা।

المَوْت الأَبْيَض : আকস্মিক মৃত্যু।

البَيْضَاء : রৌপ্য; গম; সূর্য; কাগজ।

الدَّارُ البَيْضَاء : ক্যাসাব্লাংকা।

اليَد البَيْضَاء : (উজ্জ্বল হস্ত) বদান্যতা; আনুকূল্য, ক্ষমতা, মহিমা।

(أَيَّام اللَّيَالِي البِيض) : الأَيَّام البِيض চান্দ্রমাসের তেরো, চৌদ্দ ও পনেরো তারিখ।

إِبْيِضَاض : শ্বেত-কণিকাধিক্য ঘটিত রক্তাল্পতা, Lukemia.

تَبْيِيض : শুভ্রকরণ; চুনকাম; ঝালাই কাজ; পরিষ্কার প্রতিলিপি লিখন।

مُبَيَّضَة، تَبْيِيضَة : পরিচ্ছন্ন প্রতিলিপি,

مَبْيَض، مَبِيض : ডিম্বাশয়।

مُبَيِّض : অনুলিপি লেখক, নকলনবিশ; রঙমিস্ত্রি, ঝালাইওয়ালা; ধোপা, সূত্রধর।

بَاعَ - (مَبِيع، بَيْع) বিক্রয় করা, ক্রয়-বিক্রয় করা, ব্যবসা করা।

بَايَعَ : (مبايعة) বিক্রয় করা, চুক্তি করা; বশ্যতা স্বীকার করা, আনুগত্যের শপথ করা।

أَبَاعَ : (اباعة) বিক্রয়ের প্রস্তাব করা।

تَبَايَعَ : ক্রয়-বিক্রয়ে সম্মত হওয়া।

إِنْبَاعَ : বিক্রয় হওয়া।

إِبْتَيَاعَ : ক্রয় করা, খরিদ করা।

إِسْتَبَاعَة : ক্রয় করিতে চাওয়া।

بَيْع : বিক্রয়, ক্রয়-বিক্রয়, ব্যবসা। ব بُيُوع

بَيْعَة : বিক্রয়চুক্তি, ব্যবসায়ের লেনদেন, আনুগত্যের শপথ।

بِيعَة : (সি) গীর্জা। ব بِيَع، بِيعَات

بِيَاعَة : মালপত্র, পণ্যদ্রব্য। ব بِيَاعَات

بَائِع، بَيِّع، بَيَّاع، بُيُوع : বিক্রেতা, ব্যবসায়ী। ব بَاعَة

البَائِعَان : ক্রেতা ও বিক্রেতা।



www.pathagar.com

إِبْتِيَاع : ক্রয়।

مُبَاع : বিক্রীত বস্তু, বিক্রয়ের জন্য রক্ষিত, বিক্রয়যোগ্য।

مَبِيع : বিক্রীত বস্তু; বাজার । ব مَبِيعَات

مُبَايَعَة : বিক্রয়-চুক্তি, আনুগত্যের শপথ।

مُبْتَاع : ক্রীত; ক্রেতা।

بَاغَ - : (بَيْغ) ধ্বংস হওয়া, উদ্দীপিত হওয়া, ছিটকে পড়া।

بِيكَار : দিগদর্শন-যন্ত্র, কম্পাস।

بِيكَارُ الزَّوَايَا : মাটাম (যন্ত্রবিশেষ)।

بَيكِين : পিকিং।

بَلَسَان، بَيْلَسَان : ফুলগাছবিশেষ, Elder tree.

بِيْلِيَة : (ফ) ক্ষুদ্র বল; মার্বেল।

بِيمَارِسْتَان : (ফা) হাসপাতাল, চিকিৎসালয়।

بَانَ - : (بَيْنُونَة، بُيُون، بَيْن) পৃথক হওয়া, বিচ্ছিন্ন হওয়া, তালাকপ্রাপ্ত হওয়া, বিবাহিত হওয়া, প্রকাশিত হওয়া, স্পষ্ট হওয়া, স্থানান্তরিত হওয়া।

بَيَّنَ : (تَبْيَان، بَيَان) স্পষ্ট হওয়া বা করা প্রকাশিত হওয়া, দৃশ্যমান হওয়া।

~ أَبَانَ، : (إِبَانَة) স্পষ্ট করা, প্রকাশ করা, বর্ণনা করা, ঘোষণা করা, ব্যাখ্যা করা; বিচ্ছিন্ন করা; বিবাহ দেওয়া; স্পষ্ট হওয়া, প্রকাশিত হওয়া।

بَايَنَ : (مُبَايَنَة) বিচ্ছিন্ন হওয়া; পরিত্যাগ করা; বিপরীত হওয়া; ভিন্ন হওয়া।

تَبَيَّنَ : স্পষ্ট হওয়া, সহজবোধ্য হওয়া, প্রকাশিত হওয়া; নিরীক্ষা করা, যাচাই করা; আবিষ্কার করা।

تَبَايَنَ : ভিন্ন হওয়া, বিপরীত হওয়া।

إِسْتَبَانَ : (إِسْتِبَانَة) স্পষ্ট হওয়া, বোধগম্য হওয়া, প্রকাশিত হওয়া; স্পষ্ট করা, প্রকাশ করা; দেখা, জানা, লক্ষ্য করা।

بَيْنَ : পার্থক্য, বিচ্ছেদ, বিভক্তি, বিরতি, বন্ধুত্ব।

ذَاتُ الْبَيْنِ : বন্ধুত্ব; শত্রুতা।

فِيمَا بَيْنَ، مَا بَيْنَ، بَيْنَ : (অ) পরস্পরের মধ্যে।

بَيْنَ ذٰلِكَ : ইতোমধ্যে।

بَيْنَ يَدَيْ : সম্মুখে, উপস্থিতিতে।

بَيْنَ بَيْنَ : মাঝামাঝি।

بَيْنَمَا، بَيْنَا : (অ) যখন; অথচ।

بَيَان : স্পষ্টতা, বর্ণনা, ব্যাখ্যা, ঘোষণা, প্রদর্শন, বিজ্ঞপ্তি, রিপোর্ট, ইশতিহার, বিষয়-তালিকা, প্রোগ্রাম, প্রমাণ, যুক্তি।

اَلْبَيَان : পবিত্র কুরআন।

بَيَان مُحْضٍ : প্রেস বিজ্ঞপ্তি।

بَيَان مُشْتَرَك : যুক্ত ইশতিহার।

عِلْمُ الْبَيَان : অলংকারশাস্ত্রের একটি শাখা, বাগ্মিতা।

حُسْنُ الْبَيَان : বাগ্মিতা।

عَطْفُ الْبَيَان : ব্যাখ্যামূলক সংযোগ, Apposition (ব্যা)।

بَائِن : তালাকপ্রাপ্ত; গভীর কূপ।

~ بَيِّن، : স্পষ্ট, চূড়ান্ত।

بَيِّن : বাগ্মী। ব أَبْيَان، أَبْيِنَاء

بَيِّنَة : স্পষ্ট প্রমাণ, যুক্তি, সাক্ষী।

بَائِنَة : কনের যৌতুক।

تَبْيِين، تِبْيَان، إِبَانَة : স্পষ্টতা, স্পষ্ট ব্যাখ্যা, বর্ণনা, প্রদর্শন।

إِسْتِبَانَة : ব্যাখ্যা, বিশ্লেষণ।

مُبَايِنَة، تَبَايُن : ভিন্নতা, বৈপরীত্য, পার্থক্য।

مَبْيُونَة : দূরত্ব।

مُبِين : স্পষ্ট, প্রকাশ।

الْكِتَابُ الْمُبِين : সুস্পষ্ট কিতাব, পবিত্র কুরআন।

مُتَبَايِن : পরস্পর বিভিন্ন, বিপরীত।

بِيه : (তু) সম্মানসূচক উপাধি বা সম্বোধন, বেক, স্যার।

بَيَّاكَ : (حَيَّاكَ اللّٰهُ وَبَيَّاكَ) : আল্লাহ তোমাকে রক্ষা করুন, আল্লাহ তোমাকে সাহায্য করুন।

بِيُورِيَة : পাইওরিয়া, (Pyorrhoea).

بِيُولُوجِيَا : জীববিদ্যা, (Biology).



www.pathagar.com

# ت

ت : তা (اَلتَّاءُ)– আরবী বর্ণমালার তৃতীয় বর্ণ। আবজাদী হিসাবে সংখ্যামান ৪০০।

تَ : শপথ অর্থে; যেমন تَاللّٰهِ আল্লাহর শপথ।

تَابَ : (توب) তওবা করা, অনুশোচনা করা, ফিরে আসা।

تَابِع : (تبع) অনুসরণকারী, অনুকরণকারী।

تَابُوت : বাক্স, শবাধার। ব تَوَابِيت

تَابُوت الْمَوْتٰى : শবাধার, Coffin.

تَابُوت الْجُثَّة : মমির বাক্স।

تَأْتَأَ : (تَأْتَأَة) তোতলামি; হামাগুড়ি দেওয়া (শিশু)।

تَاجَ : (توج) শিরস্ত্রাণ পরা, টুপি পরা।

تَأَرَ : ـَ (تَأْر) তিরস্কার করা; আঘাত করা, স্থায়ী থাকা।

أَتْأَرَ الْبَصَر، أَتْأَرَ : (إِتْئَار) স্থির দৃষ্টিতে তাকানো।

تَارَةً : সময় পৌনঃপুনিকতা বুঝাইতে। ব تَارَات

تَارَةً : একবার; কখনও কখনও।

تَارَةً وَ تَارَةً : বারবার।

تَارِيخ : (أرخ) তারিখ, সময়, সময়ের পরিণতি।

تَازَة، تَازَا : (ফা) তাজা, নতুন, টাটকা।

تَئِقَ : ـَ (تَأَق) ক্রোধে পরিপূর্ণ হওয়া (মানুষ), বোঝাই হওয়া, পরিপূর্ণ হওয়া (পাত্র); ক্রন্দন করা (শিশু)।

تَأَق : এলার্জি, Allergy.

تَأَقَة : খিটখিটে স্বভাব, বদমেজাজ।

تَئِق : (مِتْآق) আবেগপ্রবণ, খিটখিটে স্বভাববিশিষ্ট হওয়া, বদমেজাজি হওয়া।

تَاكْسِي : ট্যাক্সি।

اكد : تَأْكِيد তাগিদ দেওয়া, গুরুত্বারোপ করা।

ألف : (تأليف) লিপিবদ্ধ করা, একত্র করা।

تَاءَمَ : (مُتَاءَمَة) যমজ হওয়া; ডবল সুতায় বুনা।

أَتْأَمَتْ : (إِتْآمَة) যমজ সন্তান জন্ম দেওয়া।

تَئِيم، تُؤْم، تِئْم : যমজ।

تُوْأَم : যমজের একজন, জোড়ার একটি। স্ত্রী تَوْأَمَة ব تَوَائِم ,تُؤَام

تَوْأَمَان : যমজের উভয়।

مُتْئِم : যমজ সন্তান প্রসবকারিণী।

ثَوب مِتْآم : ডবল সুতায় বুনানো কাপড়।

تَنْزَانِيَا، تَانْزَانِيَا : তানজানিয়া।

تَايْلَنْد، تَايْلَانْد : থাইল্যান্ড।

تَبَّ ـُ (تَبّ) কাটিয়া ফেলা, খাটো করা।

تَبَّ ـَ : (تَبِيب، تَبَاب، تَبَب، تَبّ) ধ্বংস হওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া, হারানো, বৃদ্ধ হওয়া।

تَبَّبَ ـَ : (تَتْبِيب) কাহাকেও (تَبًّا لَكَ) অর্থাৎ তুমি ধ্বংস হও– এই অভিশাপবাণী উচ্চারণ করা; ধ্বংস করা।

أَتَبَّ : (اتباب) দুর্বল করা।

إِسْتَتَبَّ : (إِسْتِتْبَاب) সুশৃঙ্খল হওয়া, সুপ্রতিষ্ঠিত হওয়া; স্বাভাবিক হওয়া। নিয়মিত হওয়া; সমতল হওয়া (রাস্তা)।

تَبِيب، تَبَاب : দুর্বলতা, ত্রুটি; ধ্বংস, ক্ষতি।

تَبَّة، تَبّ : ধ্বংস, ক্ষতি।

تَبًّا لَكَ : তুমি ধ্বংস হও।

تَابّ : বৃদ্ধ, বয়স্ক ব্যক্তি, দুর্বল হওয়া।

إِسْتِتْبَاب : স্বাভাবিকতা; নিয়মতান্ত্রিকতা; সুশৃঙ্খলতা; প্রতিষ্ঠা, সংস্থাপন, স্থির হওয়া, স্পষ্ট হওয়া।

مُسْتَتِبّ : সুশৃঙ্খল; সুসংহত।



www.pathagar.com

اَلتِّبِت : তিব্বত।

تَبَرَ - ُ تَبْرًا، (تَبَار) (تَبْر) ধ্বংস হওয়া।

تَبَّرَ - : (تَتْبِير) تَبْرًا ধ্বংস করা।

تِبْر : স্বর্ণরেণু; স্বর্ণপিণ্ড, মূল্যবান ধাতব পদার্থ, অশোধিত ধাতু।

تَبَار : ধ্বংস, সর্বনাশ।

تَبْرِئَة : মরামাস, খুশকি, মুক্তি দান।

مَتْبُور : ধ্বংসশীল; ত্রুটিপূর্ণ।

تَبْرِيز : তাবরীয- উত্তর-পশ্চিম ইরানের একটি শহর।

تَبِعَ - َ تَبَعًا، (تَبَاعَة، تَبَاع، تَبَع) إِتَّبَعَ (إِتِّبَاع) অনুসরণ করা, পিছনে পিছনে চলা, অনুকরণ করা, মানিয়া চলা, অনুসারী হওয়া, পিছনে লাগিয়া থাকা।

تَبِعَ - َ (تُبُوع) চালাইয়া যাওয়া।

تَبَّعَ : (تَتْبِيع) অবিরামভাবে পিছনে লাগিয়া থাকা, ঘ্রাণ দ্বারা অনুসরণ করা।

تَابَعَ : (مُتَابَعَة) অনুসরণ করা, দৃষ্টিতে রাখা, মানিয়া চলা, একমত হওয়া, অনিষ্টের জন্য পিছনে লাগা।

أَتْبَعَ : (إِتْبَاع) অনুসরণ করান; চালাইয়া যাওয়া, অধীন করা; পিছনে রাখা।

تَتَبَّعَ : অনুসরণ করা, পর্যবেক্ষণ করা, দৃষ্টিতে রাখা, পিছনে লাগিয়া থাকা, পুঙ্খানুপুঙ্খরূপে অধ্যয়ন করা, বারংবার প্রচেষ্টা চালান, একের পর এক জিজ্ঞাসা করা; পরম্পরাক্রমে পরীক্ষা করা।

تَتَابَعَ : একের পর এক আসা বা ঘটা।

إِسْتَتْبَعَ : (إِسْتِتْبَاع) অনুসরণ করিতে বলা, অনুসারী করা।

تَبَع : পারম্পর্য; অধীনতা; অনুসারী; অধীন

~ : অনুসারী অনুগামী; নাগরিক; অন্তর্ভুক্ত ব্যক্তি নিচয়। ব أَتْبَاع

تَبِعَة : পরিণত, ফলাফল, দায়িত্ব। ব تَبِعَات

تُبَّع : তুব্বা- প্রাচীন ইয়ামানের শাসকদের উপাধি, খেজুরের ঢাল, ছায়া। ব تَبَابِعَة، تَبَابِيع، تَبَابِعَة

تَبَاعَة : পরিণাম; শাস্তি।

بِالتَّتَابُع، تِبَاعًا : পরম্পরাক্রমে, একের পর এক, একে-একে।

تَبِيع : অনুসারী, অনুগামী, সঙ্গী; সেবক, পরিচারক, স্তন্যপায়ী ছানা। ব تَبَائِع، تِبَاع পাওনাদার; ঋণী। ব أَتْبِعَة

تَبَعِيَّة : অধীনতা, অন্তর্ভুক্তি; পারম্পর্য, জাতীয়তা।

بِالتَّبَعِيَّة : পিছনে পিছনে, পরবর্তীতে, ফলে, পরম্পরাক্রমে; অতএব, তদনুযায়ী।

تَابِع : অনুসারী, অনুগামী, অনুগত, অধীন, পরবর্তী; শিষ্য, গৃহ-পরিচারক, অভিন্ন কারণে পূর্ববর্তী পদের বিভক্তি গ্রাহক পরবর্তী পদ (ব্যা) ইহা পাঁচ প্রকার عَطْف بَيَان بَدَل، صِفَة، تَاكِيد ও عَطْف بِحَرْف; বৃষরাশির পঞ্চতারকা। ব أَتْبَاع، تُبَّاع، تَوَابِع، تَبَعَة، تبع

تَابِع ~ لِ : (অ) সাপেক্ষ।

تَابِعَة : পরিচারিকা; পরিণাম, ফলাফল, দায়িত্ব। ব تَوَابِع

تَتَبُّع : অনুসরণ, পর্যবেক্ষণ, পিছনে লাগিয়া থাকা, পুঙ্খানুপুঙ্খ অধ্যয়ন।

تَتَابُع : পরম্পরা।

متابعة : অনুসরণ, চালাইয়া যাওয়া।

خَادِم مُتْبِعَة : যে পরিচারিকার সাথে শিশু-সন্তান আছে।

بَقَرَة مُتْبِعَة : যে গাভীর সাথে বাছুর আছে।

مَتْبُوع : যাহার অনুসরণ করা হয়, পূর্ববর্তী ব্যক্তি বা বিষয়, নেতা; মূল।

مُتَتَابِع : একের পর এক, ধারাবাহিক।

مَتْبَن : খড়কুটা রাখিবার ঘর, খড়কুটার গাদা। ব متابن

تِبْغ : (ফা) তামাক, Tobaco. ব تُبُوغ



www.pathagar.com

(إِتْبَال) أَتْبَلَ ,(تَبْل) : - تَبَلَ দুর্বল করা; পীড়িত করা, হতবুদ্ধি করা (প্রেম), ধ্বংস করা।

تَوْبَلَ (مُتَابَلَة) ,(تَتْبِيْل) تَابَل ,تَبَّلَ : মসলা দেওয়া।

تَبْل : পীড়া; দুর্বলতা; ঘৃণা; প্রতিহিংসা, শত্রুতা। ব تُبُول ,أَتْبَال

تَابِل : মসলা; ধনে। ব تَوَابِل

تَبُولَة : সিলে এক প্রকার সালাছ।

مُتَبَّل : (বিন) মসলা মাখানো সুগন্ধযুক্ত (খাদ্য)।

مُتْبَل، مَتْبُول : শক্তিহীন, দুর্বল, নিঃশেষিত, অপ্রকৃতিস্থ।

تَوْبَل : (ফা) লৌহ, তাম্র ইত্যাদির গাছ।

(تَبْن) : - تَبَنَ খড়কুটা খাওয়ান (পশুকে)।

(تَبَن) : َ- تَبِنَ বুদ্ধিমান হওয়া, বিচক্ষণ হওয়া।

(تَتْبِيْن) : تَبَّنَ গোলায় খড়কুটা সংগ্রহ করা।

تِبْن : কর্তিত খড়কুটা; বড় পেয়ালা। ব أَتْبَان

تَبَّان : খড়কুটা বিক্রেতা, تَبَّانَة (عَلَّاف ঘাস বিক্রেতা)

تُبَّان : হাফপ্যান্টবিশেষ, শর্টস, Shorts. ব تَبَابِين

تَبَانَة : বুদ্ধি।

دَرْبُ التَّبَّانَة : ছায়াপথ।

(تَبْوا) : ُ- تَبَا আক্রমণ করা।

تَبْوعَ : বমি করিতে চেষ্টা করা।

تَتَار، تَتَر : তাতারজাতি।

تَتَرِيّ : তাতার জাতীয়।

(وَتْرَى) : تَتْرَى একের পর এক, এক-এক করে আসা।

تَتَك : বন্দুকের ট্রিগার, Trigger.

تُتُن : তামাক।

تَتَنُوس : ধনুস্টঙ্কার, Tetanus.

(اِتِّجار) إِتَّجَرَ (تِجَار) تَاجَرَ (تِجَارَة، تَجْر) : تَجَرَ ব্যবসা করা।

تِجَارَة : ব্যবসা, পণ্যদ্রব্য।

مُتْجَرِيّ، تِجَارِيّ : ব্যবসা সংক্রান্ত, বাণিজ্যিক।

تَاجِر : ব্যবসায়ী, বণিক, মদ্য-ব্যবসায়ী। ব تُجَّار، تَوَاجِرُ ব تَاجِرَة স্ত্রী تِجَار

تَاجِر الجُمْلَة : পাইকারি ব্যবসায়ী।

تَاجِر المُفَرَّق، تَاجِر القِطَاعِي : খুচরা বিক্রেতা।

بِضَاعَة تَاجِرَة : বিক্রেয় পণ্য।

مَتْجَر : ব্যবসা; পণ্য; দোকান। ব مَتَاجِر

مَتْجَرَة : বাজার।

(وجه) : تُجَاهَ (অ) সামনে, সম্মুখে, সামনাসামনি।

تَحْتَ : (অ) تَحْتُ (ক্রিবিণ) নিচে, অধীনে।

تَحْتَانِيّ : নিম্ন, নিচে, অবস্থিত।

التُحُوت : নিম্নশ্রেণীর লোক।

تَخْتَابُوش : দোকানের কাউন্টার।

(إِتْحَاف) : أَتْحَفَ উপহার দেওয়া।

تُحْفَة : উপহার, উপঢৌকন, বিরল বস্তু, রত্ন,। ব تَحَائِف ,تُحَف

مُتْحَف : যাদুঘর। ব مَتَاحِف

(تَحْم) : ُ- تَحَمَ ছায়া দেওয়া।

تَاحِم : বয়নকারী, তাঁতী।

تُحْمَة : কাল।

تَحِيَّة : অভিবাদন (حى)

(تُخُوخَة) : ُ- تَخَّ টক হওয়া; গাঁজাইয়া ওঠা; অত্যধিক তরল হওয়া (ময়দার তাল, কাদা); ক্ষয়প্রাপ্ত হওয়া (কাঠ)।

(إِتْخَاخ) : أَتَخَّ টক করা; খামির মিশাইয়া ফেলানো (ময়দার তাল)।

تَخّ : গাঁজাইয়া ওঠা ময়দার তাল; তিলের গাছ।

تُخَاخ : গাছের পচা অংশ।

تَاخّ : খাদ্য অপছন্দকারী।



www.pathagar.com

تَخْت : (ফা) সিংহাসন; খাট, আসন, বেঞ্চ, সভাস্থল, মঞ্চ। ব تُخُوت

تَخْتُ الثِّيَاب : জামা-কাপড় রাখিবার বাক্স বা আলমিরা, Wardrobe.

تَخْتُ الرِّفَاد : খাট, পালঙ্ক।

تَخْتُ الْمَلِك : সিংহাসন।

تَخْتُ الطَّاوُس : ময়ূর সিংহাসন।

تَخْتُ الْمَمْلَكَة : রাজধানী।

تَخْتَة : বোর্ড, ডেস্ক, ব্লাকবোর্ড। ব تُخَت

تَخْتَخَ : তোতলানো; পচিয়া যাওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া।

تَخْتَخَة : তোতলামি, অস্পষ্ট শব্দ।

تختاخ : তোতলা।

تَخْتَرُوَان : পালকি, ডুলি।

تُخَس : ডলফিন।

تَخَمَ - : (تَخْم) সীমা নির্ধারণ করা।

تَخِمَ - : (تُخَمَــة) (اتَّخَام) إتَّخَمَ، অধিক ভোজনে অস্বস্তিবোধ করা, অজীর্ণে আক্রান্ত হওয়া।

تَاخَمَ : সীমাবদ্ধ করা, পরিবেষ্টন করা; সংলগ্ন হওয়া।

أَتْخَمَ : (إتْخَام) অজীর্ণে আক্রান্ত করা।

تُخْم : মাইলফলক। ব تَخُوم

تَخْم ,تُخْم : সীমা, সীমানা, চৌহদ্দি। ব تُخُوم

من تحت لتحت : সঙ্গোপনে।

تُخَمَة، تُخْمَة : অজীর্ণ, বদহজম। ব تُخَم

مَتْخَمَة : ভারী খাদ্য, দুষ্পাচ্য , অপাচ্য খাদ্য।

مَتْخُوم : অজীর্ণে আক্রান্ত ব্যক্তি বা পশু।

مُتَاخِّم : সংলগ্ন, পার্শ্ববর্তী, পরিবেষ্টনকারী।

تَدْرُج : লম্বা লেজওয়ালা রঙিন পাখিবিশেষ, Pheasant.

تَرَّ - : (تُرُور، تَرّ) বিচ্ছিন্ন হওয়া (অঙ্গ); বিচ্ছিন্ন করা; তাড়াইয়া দেওয়া।

~ عَنْ : চলিয়া যাওয়া, সরিয়া যাওয়া।

تَرَّ - : (تَرَارَة) মোটাতাজা হওয়া।

تَارّ : মোটাতাজা, লম্বা।

تَرَارَة : তেজ, পুষ্টি।

أُتْرُور : বালক।

تَرْتَرَ : অনর্থক বকবক করা; নাড়ানো, ঝাঁকানো।

تَرْتَرَة : বকবকানি; ধাক্কা; ঝাঁকানি।

تَرَاتِر : দুর্ভাগ্যসমূহ, খারাপ পরিস্থিতিসমূহ।

تَرِبَ - : (مَتْرَب، تَرَب) ধূলিপূর্ণ হওয়া, ধূলিতে ঢাকিয়া যাওয়া (স্থান); নিঃস্ব হওয়া, মুখাপেক্ষী হওয়া।

تَرِبَتْ يَدَاكَ : তোমার দুই হাত ধূলিসাৎ হউক (অভিশাপ ও আশীর্বাদ উভয় অর্থেই ব্যবহৃত হয়)।

تَرِبَ بَعْدَ مَا أَتْرَبَ : ধনী ছিল এখন নিঃস্ব হইয়াছে।

تَرَّبَ، أَتْرَبَ : (إتْرَاب، تَتْرِيب) ধূলিতে পূর্ণ করা, ধূলিতে ঢাকিয়া দেওয়া; ধূলি নিক্ষেপ করা; ধনী হওয়া।

تَارَبَ : (مُتَارَبَة) সমবয়সী হওয়া, সমসাময়িক হওয়া, বন্ধু হওয়া।

تَتَرَّبَ : ধূলিপূর্ণ হওয়া, ধূলিতে ঢাকিয়া যাওয়া।

تَرْب، تُرْب، تُرَاب، تَرِيب : মাটি, ধূলি, ভূমি। ব تِرْبَان، أَتْرِبَة

تَرِب : ধূলিপূর্ণ, ধূলিতে ভরা, নিঃস্ব।

تِرْب : সমবয়সী, সমসাময়িক, সাথী, বন্ধু। ব أَتْرَاب

تُرْبَة : মাটি, ধূলি, কবর, কবরস্থান। ব تُرَب

تُرَبِيّ : কবরস্থানের প্রহরী; কবর খননকারী।

تُرَابَة : একখণ্ড জমি, ধূলি, সিমেন্ট।

تُرَابِيّ : মৃন্ময়; মাটির ন্যায়, ধূলির ন্যায়, ধূসর, চূর্ণবৎ।

تَرِب، مُتْرِب : ধূলিতে আবৃত, ধূলিতে ভরা।

تَرِبَة : আঙ্গুলের প্রান্ত।



www.pathagar.com

تَرِيبَة : বক্ষ, বুকের উপরিভাগ, পাঁজর। ব تَرَائِب

مَتْرَبَة : দারিদ্র্য, নিঃস্বতা।

تَرْبَسَ : (দরজায়) খিল লাগানো। ব تَرَابِيسُ

تَرْبَنَ : মাথার খুলিতে ছিদ্র করা।

تِرْبَان : মাথার খুলিতে ছিদ্র করিবার করাতবিশেষ, trepan. তুরপুন, ভোমর।

تَرْبِيزَة : (মি) টেবিল।

تُرَاث : (ورث) উত্তরাধিকার, পিতৃপ্রাপ্ত সম্পদ।

طِيْبُ التَّخُوم : সদ্বংশীয়।

تِرْتِر : (মি) চুমকি।

تَرَجَ - ُ : (تَرْج) আবৃত থাকা, লুক্কায়িত থাকা।

تَرِجَ - َ : (تَرَج) عَلَى ~ দুর্বোধ্য মনে হওয়া।

تَرْج : সিংহবহুল স্থান।

أُتْرُنْج، تُرُنْج، أُتْرُجّ : বড় লেবু, জামির।

تَرِيج : হৃষ্টপুষ্ট, পেশল।

تَرْجَمَ : অনুবাদ করা, ব্যাখ্যা করা; জীবনী লেখা।

تَرْجَمَة : অনুবাদ; ব্যাখ্যা; জীবনী; (বইয়ের) ভূমিকা। ব تَرَاجِمُ

تَرْجَمَة ذَاتِيَة : আত্মজীবনী।

تُرْجُمَان : অনুবাদক, দোভাষী। ব تَرَاجِمَة، تَرَاجِم

مُتَرْجِم : অনুবাদক, দোভাষী; জীবনীকার।

مُتَرْجَم : অনূদিত, ব্যাখ্যায়িত।

تَرِحَ - َ : (تَـرَح)، تَتَرَّحَ দুঃখ পাওয়া, বিষণ্ন হওয়া।

أَتْرَحَ، تَرَّحَ : দুঃখ দেওয়া, বিষণ্ন করা।

تَرَح، أَتْراح : (إِتْرَاح، تَتْرِيح) দুঃখ, বিষণ্নতা।

مُتَرَّح : অপর্যাপ্ত; দুঃখপূর্ণ (জীবন)।

تَرَخَ - َ : (تَرْخ)আঁচড় দেওয়া।

تَرْخ : আঁচড়।

تَرَزَ - ُ، تَرِزَ - َ، تَرُزَ - ُ : (تُرُوز، تَرْز) শক্ত হওয়া, শুকনা হওয়া।

تَرِزَ - َ : (تَرَز) ঠাণ্ডা হওয়া (পানি)।

أَتْرَزَ : শক্ত করা।

تُرَاز : আকস্মিক মৃত্যু।

تَارِز : মৃত, শুকনা, শক্ত।

تَرْزِيّ : (মি. ফা) দর্জি। ব تَرْزِيَّة

تَرَازِيّ : নিক্তি, দাঁড়িপাল্লা।

تَرَّسَ : পূর্ণ করা (পাত্র)।

تَتَرَّسَ : ঢাল সজ্জিত হওয়া, আত্মরক্ষা করা।

~ بِ : ঢাল স্বরূপ ব্যবহার করা, আড়ালে থাকা।

تُرْس : تِرَسَة ঢাল; (সূর্যের চাকতি। ব أَتْرَاس، تِرَاس، تُرُوس

تِرْس : চারিধারে খাঁজ-কাটা চাকা; চাকার খাঁজ, গিয়ার, Gear.

تِرْسَة : সামুদ্রিক কচ্ছপ।

تِرَاسَة : ঢাল বানাইবার বিদ্যা।

تَارِس : ঢাল বহনকারী, বর্ম পরিহিত।

تَرَّاس : বর্ম ও ঢাল বহনকারী, বর্ম নির্মাণকারী।

مِتْرَس، مِتْرَسَة، مَتْرَسَة পরিখা, প্রাচীর প্রতিবন্ধক খিল, ছিটকিনি। ব مَتَارِس ব مِتْرَاس، مَتَارِيس

تَرْسَخَانَة، تَرْسَانَة : অস্ত্রাগার, অস্ত্র নির্মাণের কারখানা; শিপইয়ার্ড, ডকইয়ার্ড।

تِرِسِنَه : (ইত) অলিন্দ, Balcony.

تَرِشَ - َ : (تَرَش) বদমেজাজি হওয়া।

تَرِش، تَارِش : বদমেজাজি ব্যক্তি।

تَرُصَ - ُ : (تَرَاصَة) تَرَّصَ (تَتْرِيص)، أَتْرَصَ (إِتْرَاص) সোজা করা, সঠিক করা, দৃঢ় করা।

مُتْرَص، تَرِيص : সঠিক (নিক্তি)।

تَرِعَ - َ : (تَرَع) إِتَّرَعَ (إِتِّرَاع) পরিপূর্ণ হওয়া। (পাত্র)।

تَرَّعَ : বন্ধ করা (দরজা)।

أَتْرَعَ : (إِتْرَاع) পরিপূর্ণ করা (পাত্র)।

تَتَرَّعَ : ত্বরা করা (খারাপ কাজে)।

تُرْعَة : দরজা; খাল, প্রণালী; নদীর মোহনা। ব تُرَع، تُرْعَات



www.pathagar.com

تُرْعَةُ الاِيرَاد : সেঁচপ্রণালী, পানি আনিবার জন্য কাটা খাল।

تُرْعَة التَّصْرِيف : নিষ্কাশন প্রণালী।

اَلتُّرْعَة الشَّرِيفَة : মরক্কোর সুলতানের রাজপ্রাসাদ।

تَارِع : ভূমি জরিপ। ব تَارِيع

تَرَّاع : দারোয়ান, নালা।

مُتْرَع : পরিপূর্ণ (পাত্র)।

تُرْغُلَّة، تُرْغُل : এক প্রকার ঘুঘু।

تَرِفَ : ـَ (تَرَف) تَرْف বিলাস জীবনযাপন করা।

أَتْرَفَ، تَتَرَّفَ، تَرَّفَ : (إِتْرَاف) মেয়েলি ভাবাপন্ন করা, বিলাসিতায় নিমজ্জিত করা, অবাধ্য করা।

تُرْفَة، تَرَف : বিলাস, স্বাচ্ছন্দ্য, ইন্দ্রিয়পরায়ণতা। ব تُرَف

تَرِيف، تَرِف : আরামদায়ক; বিলাসিতাপূর্ণ; বিলাসী।

مُتَرَّف، مُتْرَف : বিলাস জীবনযাপনকারী, বিলাসী, শৌখিন।

تِرْفَاس، تِرْفَاش : মসলারূপে ব্যবহৃত কন্দজাতীয় ছত্রাকবিশেষ, Treeffle.

تَرْقَى : কণ্ঠাস্থি (Collar-bone) আঘাত করা।

تَرْقُوَة : কণ্ঠাস্থি, অক্ষকাস্থি, Collar-bone. ব تَرَاق

تَرَكَ : ـُ (تَرْك) পরিত্যাগ করা; ছাড়িয়া দেওয়া, বর্জন করা, বাদ দেওয়া; রাখিয়া যাওয়া, অবহেলা করা; করিতে দেওয়া।

تَارَكَ : مُتَارَكَة পরিত্যাগ করা, একাকী ফেলিয়া যাওয়া, বিরোধ স্থগিত রাখা।

تَتَارَك : পরিত্যাগ করিতে একমত হওয়া।

تَرْك : পরিত্যাগ, বর্জন, অবহেলা, রাখিয়া যাওয়া।

التُّرْك : তুর্কী জাতি। ব أَتْرَاك

تُرْكِي : তুর্কী, তুরস্কের অধিবাসী।

تِرْكَة ,تَرِكَة ,مَتْرُوكَة : উত্তরাধিকার, ঐতিহ্য।

تَرِيك : খেজুরবিহীন কাঁদি।

تَرِيكَة : অবিবাহিতা বয়স্ক মহিলা; উটপাখির ডিম; লৌহ নির্মিত শিরস্ত্রাণ। ব تَرَائِك، تَرِيك

تِرَاك، مُتَارَكَة : যুদ্ধবিরতি, মতভেদ, মুলতবি।

مَتْرُوك : পরিত্যক্ত, বর্জিত।

تَرْلِك : (তু) চামড়ার হাফমোজা।

تُرُمْبِيطَة، تُرُمْبِيط : শিঙ্গা, রণভেরি, বাদ্যযন্ত্রবিশেষ।

تَرْمَسَ : যুদ্ধ হইতে হটিয়া যাওয়া।

تُرْمُس : (গ্রী) লুপিন, গুল্মবিশেষ।

تُرْمُسَة : মাটির নিচের পথ, (Tunnel) সুড়ঙ্গ পথ। ব تَرَامِسُ

تَرْمُومِتْر : তাপমান-যন্ত্র, Thermometer.

تَرِهَ : ـَ (تَرَه) তুচ্ছ কাজে ব্যস্ত হওয়া, অনর্থক কথা বলা।

تُرَّهَة : বাজে কথা, বাজে কাজ, নকল বস্তু; ধোঁকা; মরুভূমি। ব تُرَّهَات

تُرُوب : (ইং) সেনাদল,

تِرْيَاق : বিষের প্রতিষেধক, Antidote.

تَزْجَة : বেঞ্চ।

تَزْجَة النَّجَار : কাঠমিস্ত্রির বেঞ্চ, Work-bench.

تِزْكِين : (তু) লাগাম।

تَسَعَ : ـَ (تَسْع) নবম হওয়া, অংশ গ্রহণ করা, নির্ধারণ করা।

أَتْسَعَ : (إِتْسَاع) সংখ্যায় ৯ হওয়া।

تِسْعَة : নয়, (৯)। স্ত্রী تِسْع

تُسْع : এক-নবমাংশ। ব أَتْسَاع

تِسْعَة عَشَر : উনিশ (১৯)। স্ত্রী تِسْع عَشَرَة

تِسْعَة اضْعَاف : ৯ গুণ।

تِسْعُونَ : নব্বই।

التِسْعُون : নব্বইতম।

التِّسْعِينَات : নব্বই দশক (শতাব্দীর)।

تَاسِع : নবম।

تَاسِعًا : নবম স্থানে।

تَاسُوعَاء : মুহাররম মাসের নবম তারিখ।

تَاسُومَة : স্লিপার, স্যান্ডেল, জুতা, ব تَوَاسِيم

تشَاد : চাঁদ (একটি দেশ)।

تِشْرِينُ الْأَوَّل : অক্টোবর।

تِشْرِين الثَّانِي : নভেম্বর।

تشيكُوسْلُوفَاكِيَا : চেকোশ্লোভাকিয়া।

تشِيلِي : চিলি (দেশ)।

تَعَّ – ُ : (تَعٌّ)، أَتَعَّ (اتعاع) অবসন্ন হওয়া, ক্লান্ত হওয়া, জড়তাগ্রস্ত হওয়া।

~ . إِتَّعَّ : (إِتِّعَاع) বমি করা।

تَعّ، تَعَّة : অবসাদ , ক্লান্তি, জড়তা; বমি।

تَعِبَ – َ : (تَعَب) ক্লান্ত হওয়া, পরিশ্রান্ত হওয়া, কঠোর পরিশ্রম করা।

أَتْعَبَ : (إِتْعَاب) কষ্ট দেওয়া, অসুবিধায় ফেলা; ক্লান্ত করা, পরিশ্রান্ত করা।

تَعَب : ক্লান্তি, কষ্ট, পরিশ্রম, বোঝা, অসুবিধা। ব أَتْعَاب

تَعِب، تَعْبَان : ক্লান্ত, পরিশ্রান্ত।

أَتْعَاب : সম্মানী, পারিশ্রমিক, ফি।

مَتْعَب : ক্লান্তি, কষ্ট, পরিশ্রম; অসুবিধা, অভিযোগ। ব مَتَاعِب

مُتْعِب : কষ্টকর, ক্লান্তিকর, অসুবিধাজনক।

مُتْعَب : ক্লান্ত, পরিশ্রান্ত।

تَعْبِئَة : পূরণ করা (ফরম)।

تَعْتَعَ : ঝাঁকানি দেওয়া, নাড়ানো; তোতলানো; বালুর মধ্যে দাবিয়া যাওয়া।

تَعَرَ – َ : (تَعْر) উচ্চৈঃস্বরে চিৎকার করা।

تَعَّار : অধিক পরিমাণে রক্তক্ষরণকারী (আঘাত)।

تَعَارَّ – (في الليل) জাগ্রত হওয়া।

تَعِسَ – َ تَعَسَ – َ : (تَعْس) ক্ষয়প্রাপ্ত হওয়া, পতনোন্মুখ হওয়া; উপুড় হইয়া পড়া, দুর্দশাগ্রস্ত হওয়া।

أَتْعَسَ : (إِتْعَاس) ধ্বংস করা; অসুখী করা; দুর্দশাগ্রস্ত করা।

تَعْس، تَعَاسَة : দুর্দশা, দুরবস্থা, দুর্ভাগ্য।

تَعْسَة : পতন, ধ্বংস।

تَعِس، تَعِيس، مَتْعُوس : দুর্দশাগ্রস্ত, দুর্ভাগা, অসুখী; পতনোন্মুখ।

تَغِبَ – َ تَغَبَ : (تَغْب) ধ্বংস হওয়া, ত্রুটিযুক্ত হওয়া।

أَتْغَبَ : (إِتْغَاب) ধ্বংস করা।

تَغَب : ধ্বংস; অভাব; ক্ষুধা, নোংরামি,

تَغِب : কুৎসিত, বীভৎস।

تَغْتَغَ : হাসি লুকানো; ফোকলা দাঁতে কথা বলা।

تَغَرَ : (تُغُور) সজোরে বারিবর্ষণ করা (মেঘ), প্রবাহিত হওয়া।

~ : (تَغَرَان) গরম পানিতে টগবগ করিয়া ফোটা (পাত্র)।

تَفَّ – َ : (تَفّ) থুথু ফেলা।

تَفَّفَ : (تَفْيِيف) কাহাকেও تُفًّا لَكَ (ধিক তোমাকে) বলিয়া অবজ্ঞা প্রদর্শন করা, ধিক্কার দেওয়া; নখ কাটা, নখের ময়লা পরিষ্কার করা।

تُفّ : নখের ময়লা। ব تِفَفَة

تُفًّا لَكَ : তোমাকে ধিক, ছিঃ।

تَفَّافَة : পিকদানি, ডাবর।

تَفَاتِف : মূল্যহীন বস্তু; বাজে বস্তু।

تَفِئَ – َ : (تَفًا) ক্রুদ্ধ হওয়া।

تَفِيَّة، تَفِيئَة : যথাযথ সময়।

تُفْتَا، تَفْتَا : (ফা) পাতলা রেশমি কাপড়বিশেষ, তাফতা, Taffeta.

تِفْتَة : রাসায়নিক রঞ্জক পদার্থবিশেষ, Aniline.

تَفِثَ – َ : (تَفَث) শরীরের যত্ন পরিত্যাগ করা; নোংরা হওয়া।



www.pathagar.com

تَفِثَ : (تَفِيث) রক্তে রঞ্জিত করা (স্থান)।

تَفِث : নোংরা, ময়লা।

تُفَّاح : আপেল, সেব। ব تَفَافِيح

تفاحة : সেব, আপেল, আপেল গাছ।

تُفَّاحَة آدَم : কণ্ঠমণি, টুটি।

أَتْفَرَ : (إِتْفَار) মুকুলিত হওয়া (গাছ) , বৌল আসা।

تَفْرَان، تَفِر، تَافِر : নোংরা।

تَفِرَة، تُفْرَة : উপরের ঠোঁটের টোল।

طَفِرَة، تَفِرَة : মুকুল, কুঁড়ি, বৌল।

تُفْكَة : (ই) বন্দুক, রাইফেল। ব تُفَك

تَفَلَ ـُ : (تَفْل) থুথু ফেলা।

تَفِلَ ـَ : (تَفَل) (সুগন্ধি ও তৈল বর্জনের ফলে) দুর্গন্ধযুক্ত হওয়া।

أَتْفَلَ : (إِتْفَال) দুর্গন্ধময় করা।

تُفْل، تِفْل : গাছ, তলানি।

تُفْل، تُفَال : থুথু, লালা, সাগরের ফেনা।

تَفِل، مِتْفَال : দুর্গন্ধময়, সুগন্ধবিহীন।

مَتْفَلَة : পিকদানি। ব مَتَافِلُ

تُتْفُل، تَتْفُل : খেঁকশিয়াল; শুকনা ঘাস।

تَفَنْكَة : (তু) বন্দুক।

تَفِهَ ـَ : (تُفُوه، تَفَاهَة، تَفْه، تَفَه) ক্ষুদ্র হওয়া; তুচ্ছ হওয়া; নীচ হওয়া, বোকা হওয়া; বাজে হওয়া; বিস্বাদ হওয়া (খাদ্য)।

تَفَاهَة : তুচ্ছতা; গুরুত্বহীনতা, নীচতা; বোকামি, স্বাদশূন্যতা।

تَافِه، تَفِه : ক্ষুদ্র, তুচ্ছ, গুরুত্বহীন; সাধারণ; নীচ; বোকা; বিস্বাদ (খাদ্য)।

تُفَّه، تُفَه : তীক্ষ্ণ দৃষ্টিসম্পন্ন বিড়ালজাতীয় জন্তুবিশেষ; বাজে বস্তু। ব تُفَهَات ব تَوَافِه ব تَافِهَة

تَقَاوِى : শস্যবীজ।

تَقِدَة : ধনিয়া, জিরা।

تَقَّنَ : (تَقَان) কাদাযুক্ত পানিতে প্লাবিত করিয়া উর্বর করা (ভূমি)।

أَتْقَنَ : (إِتْقَان) উন্নত করা, পূর্ণাঙ্গ করা, সুদৃঢ় করা; ভালো করিয়া শেখা; সুদক্ষ হওয়া, পাণ্ডিত্য অর্জন করা।

تِقْن : সহজাত স্বভাব; পলি, কূপের মাটি।

~ تَقِن : সুদক্ষ, চতুর।

إِتْقَان، تَقَانَة : দৃঢ়তা, বলিষ্ঠতা, যথার্থতা, পূর্ণাঙ্গতা; দক্ষতা।

مُتْقَن : শক্ত, সুদৃঢ়, যথাযথ, যথার্থ, পূর্ণাঙ্গ।

تَقْوِيم : (قوم) মূল্য নির্ধারণ করা (আসবাব পত্র) ঠিক করা, সুঠাম কাঠামো করা।

تقويم سنوى : ক্যালেন্ডার, বর্ষপঞ্জী।

تَقَّى : বপন করা (শস্যবীজ)।

تَكَّ ـُ : (تَكّ) দলন করা, ধ্বংস করা; মাতাল করা (মদ্য), (বন্দুকে) গুলি ভরা; টিকটিক করা (ঘড়ি), নির্বোধ হওয়া।

~ : (تُكُوك) দুর্বল হওয়া।

تَكَّكَ، تَكَّيك، إِسْتَتَكّ، (إِسْتِتْكَاك) : পাজামা ইত্যাদিতে ফিতা লাগানো।

تِكَّة : পাজামার ফিতা, কোমরবন্ধ।

تَكَّة : ঘড়ির টিকটিক শব্দ; সেকেন্ড। ব تَكَّات

مِتَكّ : চুলের কাঁটা, বাডকিন, Bodkin.

تَكْتَكَ : পদদলিত করা; টগবগ করা (রান্নার পাত্র); থরথর করিয়া কাঁপা; টিকটিক করা (ঘড়ি)।

تَكْتَكَ : (ঘড়ির) টিকটিক শব্দ।

تك تيك : সেগুন কাঠ, Teak.

تل ـُ : (تَلّ) আঁছাড় দিয়া ফেলা, পরিপূর্ণ করা (পাত্র), পরিপূর্ণ রাখা, পড়িয়া যাওয়া; ফুটা হওয়া (ট্যাঙ্ক), ঝরা (ঘাম)।

أَتَلَّ : বাঁধিয়া তাড়াইয়া নেওয়া (পশু); ফোঁটায় ফোঁটায় ঝরানো।



www.pathagar.com

تَلٌّ : টিলা; বালিশ; ধ্বংসাবশেষ। ব أتلال، تلول، تلال

تَلَّة : অলসতা।

تَلِيل : গ্রীবা, ঘাড়। ব تَلَائِل، تُلُل، أَتِلَّة

مِتَلٌّ : শক্ত, সবল (মানুষ), বর্শা।

أَتْلَابَّ : (إِتْلِبَاب) ভালো অবস্থায় থাকা (কাজ, রাস্তা)।

تَلْب : সর্বনাশ, ধ্বংস, ক্ষতি।

تَلْبًا لَه : সে ধ্বংস হউক।

تَوْلَب : এক বছরের গাধা বা গাধী, খেঁকশিয়ালের বাচ্চা। ব تَوَالِب

تَلْتَلَ : ঝাঁকানি দেওয়া; বিরক্ত করা, প্রচণ্ড বেগে তাড়াইয়া দেওয়া (পশু)।

تَلَاتِل : কষ্ট, দুর্দশা, মোটা ব্যক্তি।

تَلَدَ - ُ : (تُلُود) গৃহজাত হওয়া, দীর্ঘদিন ধরিয়া অধিকারে থাকা, পুরাতন হওয়া (গবাদি পশু, দাস-দাসী ইত্যাদি)।

تَلَدَ ~ بِ : অবস্থান করা, বসবাস করা।

تَلَّدَ : (تَلَاد) সম্পদ সঞ্চয় করা।

أَتْلَدَ : (إِتْلَاد) উত্তরাধিকারসূত্রে সম্পদের অধিকারী হওয়া, গৃহজাত সম্পদ লাভ করা।

تَلْد، تُلْد، تَلَد، تِلَاد : উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সম্পদ; দীর্ঘদিনের মালিকানাধীন মালামাল, গৃহজাত দাস-দাসী বা গবাদি পশু। ব تَوَالِد، تُلُوْدٌ، تِلَادٌ

تَالِد، تَلِيد، مُتْلَد : বংশগত; উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত; গৃহজাত; পুরাতন।

مُتْلِد : প্রকৃত মালিক।

تِلِّيس : তালপাতার ঝুড়ি, পোর্টফলিও। ব تَلَالِيس

تِلِسْكُوب : দুরবিন, দূরবীক্ষণযন্ত্র, Telescope

تَلَعَ - َ (تَلْع) শির উঁচু করা, গ্রীবা লম্বা করা।

تَلِعَ - َ (تَلَاعَة، تَلَع) দীর্ঘ হওয়া (ঘাড়); পরিপূর্ণ হওয়া (পাত্র)।

تَلَعَ، تَلْعًا : (تُلُوع) বেলা বাড়া, বেলা বেশি হওয়া।

أَتْلَعَ، إِتْلَاع، تَتَلَّعَ، تَتَالَعَ : শির উঁচু করা, গ্রীবা লম্বা করা।

تَلَع : ঘাড়ের দৈর্ঘ্য।

تَلْعَة : উচ্চভূমি, পাহাড়ের পাদদেশ; নিম্নগামী স্রোতস্বিনী, নিম্নভূমি। ব تِلَاع، تَلْعٌ

تَلِع، أَتْلَع : লম্বা; উঁচু, প্রসারিত; দীর্ঘ গ্রীবা, উচ্চ পদমর্যাদাবিশিষ্ট।

مُتَتَلِّع : ঘাড় লম্বাকারী।

تِلِغْرَاف : টেলিগ্রাফ; তারবার্তা, টেলিগ্রাম, কেবল, Cable.

تِلِغْرَاف شَمْسِي : হেলিওগ্রাফ, Heliograph. সূর্যকিরণের সাহায্যে বার্তা পাঠানো।

تِلِغْرَاف لَاسِلْكِيّ : বেতার টেলিগ্রাফ, Wireless Telegraph.

عَمُود التِّلِغْرَاف : টেলিগ্রাফ তারের খুঁটি, Telegraph-pole.

غَمَّاز التِّلِغْرَاف : টেলিগ্রাফের চাবি, Telegraph-key.

تَلْغَفَ : তারবার্তা প্রেরণ করা।

تِلِغْرَافِي، تَلْغَفِي : টেলিগ্রাফ সম্বন্ধীয়, টেলিগ্রাফে প্রেরিত।

تَلِفَ : (تَلَف) ধ্বংস হওয়া, ক্ষয় হওয়া, নষ্ট হওয়া।

تَلَّفَ، أَتْلَفَ، تِلَاف، إِتْلَاف : ধ্বংস করা, ক্ষয় করা, নষ্ট করা, অপব্যয় করা।

تَلَف : ধ্বংস, ক্ষতি, নষ্ট, অপব্যয়।

تَلْفَان : অকেজো, নষ্ট, বাজে; মুমূর্ষু।

مُتْلِف، مُتَلِّف : ধ্বংসকারী, নষ্টকারী, অপব্যয়ী। ব مَتَالِفُ

مَتْلُوف، مُتْلَف : ধ্বংসপ্রাপ্ত, বিনষ্ট।

إِتْلَاف : ধ্বংস, বিনাশ, ক্ষতি।

مِتْلَاف : অত্যধিক অপব্যয়ী।



www.pathagar.com

مَتْلَفَة، مَتْلَف : বিপজ্জনক স্থান; মরুভূমি। ব مَتَالِف

تَلْفَزَ : টেলিভিশনের মাধ্যমে প্রেরণ করা।

تَلْفَزَة : দূরদর্শন, টেলিভিশন।

تِلْفَاز، تِلِفِزْيُون : দূরদর্শন যন্ত্র, টেলিভিশন সেট।

تَلْفَنَ : টেলিফোন করা।

تِلِيفُون، تَلَفُون، تِلْفُون : টেলিফোন।

تِلْقَاءَ : (لقى) সামনাসামনি, প্রতি।

تِلْكَ : (إسمُ الإشَارَة) সে, উহা। ذِلِكَ-এর স্ত্রী লিঙ্গ।

تِلِكْس : টেলেক্স।

تَلَّمَ : লাঙ্গল চালাইয়া খাদ করা।

تَلَم : নাটা-লাঙ্গল চালনার ফলে সৃষ্ট খাদ, হল-রেখা। ব أَتْلَام

تِلْم : মণিকার, সহায়ক কর্মী, Help-boy. ব تِلَام

تِلِم : ভোঁতা; নির্লজ্জ; ধৃষ্ট।

تَلاَمَة : নির্লজ্জতা; ধৃষ্টতা।

تَلْمَذَ : শিষ্য করা; শিষ্য হওয়া।

تَتَلْمَذَ : শিষ্য হওয়া, শিক্ষানবিশ হওয়া।

تَلْمَذَة : শিষ্যত্ব, ছাত্রত্ব, শিক্ষানবিশ, ছাত্র জীবন।

تِلْمِيذ : ছাত্র, শিষ্য, শিক্ষানবিশ। ব تَلاَمِيذ، تَلاَمِذَة

تِلْمِيذَة : ছাত্রী, শিষ্যা। ব تِلْمِيذَات

تِلْمِيذ خَارِجِي : বহিরাগত ছাত্র, External student.

تِلْمِيذ دَاخِلِيّ : অভ্যন্তরীণ ছাত্র, আবাসিক ছাত্র, Internal student.

تِلْمِيذ فِي مَدْرَسَة عَالِيَة : আন্ডার গ্রাজুয়েট বিদ্যালয়ের ছাত্র।

تِلْمِيذ فِي مَدْرَسَة حَرْبِيَّة : ক্যাডেট কলেজের ছাত্র।

تَالِه العَقْل : অন্যমনস্ক, হতবুদ্ধি।

تَلْمُود : তালমূদ : ইহুদীদের ধর্মগ্রন্থের প্রাচীন সংস্করণ।

تَلِهَ - َ : (تَلَه) ধ্বংস হওয়া; বিস্মিত হওয়া, হতবুদ্ধি হওয়া, ভুলিয়া যাওয়া।

أَتْلَهَ : (إتْلاَه) ধ্বংস করা, অস্থির করা।

مُتَلَّه، تَالِه : হতবুদ্ধি।

تَلاَ - ُ : (تُلُوّ) অনুসরণ করা, পিছনে পিছনে হাঁটা, পরবর্তী হওয়া, পরে আসা, উদ্ভূত হওয়া, অনুকরণ করা।

~ عَنْ : পরিত্যাগ করা।

~ : (تِلاَوَة) পাঠ করা, আবৃত্তি করা, তিলাওয়াত করা।

تَلِيَ - َ : (تَلْيَة) অবশিষ্ট থাকা (ঋণ, সময়), পিছে থাকা।

تَلَّى : (تَلْيَة) অনুসরণ করা; অবশিষ্টাংশ চাওয়া (ঋণের), পূরণ করা (ওয়াদা), পূর্ণ করা (কলসি), নফল নামায পড়া, সোজা হওয়া।

أَتْلَى : (إتْلاَء) অনুসরণ করা; পূর্ববর্তী হওয়া; পরিশোধ না করা (ঋণ)।

تَتَلَّى : অনুসরণ করা; পাওয়ার চেষ্টা করা, একত্রিত করা।

تَتَالَى : একে অপরকে অনুসরণ করা; পরম্পরাক্রমে আগমন করা।

إِسْتَتْلَى : (إسْتِتْلاَء) অনুসরণ করিতে বলা; সন্ধান করা; চালাইয়া যাওয়া; প্রতিবেশিত্বের অধিকার দাবি করা।

تِلْو : মায়ের অনুসরণকারী বাচ্চা; পদচিহ্ন, অনুবর্তী শাবক। ব أَتْلاَءُ

تِلْوَ : (অ) পরে।

تَلُوّ : অনুসারী, ভক্ত।

تَلاَء : আশ্রয়; প্রতিবেশিত্ব।

تِلاَوَة : পাঠ, আবৃত্তি, তিলাওয়াত।

تَالٍ : তিলাওয়াতকারী; পরবর্তী, অনুসরণকারী, যে গান গাহিয়া উট চালায়।



www.pathagar.com

بِالتَّالِي : পরে, ফলে, পরবর্তীতে; অতঃপর।

تَلِّي : স্বর্ণ কিংবা রৌপ্যতন্তু, পাতলা ও চকচকে চুমকি।

تَلِيَّة : অবশিষ্টাংশ। ব تَلِيَّات

مُتْلِيَة : যে মাদী পশুর পশ্চাতে শাবক অনুসরণ করে। ব مَتَالٍ، مُتْلِيَات

تَلِّيس : বস্তা, Sack.

تِلِيفِزْيُون : (تلفز) টেলিফোন।

تِلِيفُون : (تلفن) টেলিফোন।

تَمَّ - : (تَمَام، تُمّ، تَمّ) সম্পূর্ণ হওয়া, সম্পন্ন হওয়া, শেষ হওয়া, সাধিত হওয়া, ঘটা।

~ عَلَى، بِ : লাগিয়া থাকা, চালাইয়া যাওয়া, সাধন করা, সম্পন্ন করা; কার্যকর করা।

~ إِلَى : উদ্দেশ্য করা।

تَمَّمَ (تَتْمِيم) : أَتَمَّ، (اتمام) সম্পূর্ণ করা, সম্পন্ন করা, সমাপ্ত করা, প্রস্তুত করা, গণনা করা।

إِسْتَتَمَّ : (إِسْتِتْمَام) সম্পূর্ণ হওয়া, শেষ হওয়া, সম্পন্ন হওয়া; সম্পূর্ণ করিতে বলা।

تِمّ : কোদাল, কুঠার, পূর্ণচন্দ্র, রাজহংস। ব تِمَمَةٌ

تُمّ : মুখ।

تَمَام : সম্পূর্ণতা; সমাপ্তি; সম্পূর্ণ; স্বতন্ত্র; পূর্ণ।

بِالتَّمَام، تَمَامًا : সম্পূর্ণরূপে।

تُمَامَة : অবশিষ্টাংশ, পরিশিষ্ট।

تَمِيم : শক্তিশালী, দীর্ঘ; بَنُوْ تَمِيم তামীম গোত্র।

تَمِيمَة : কবচ। ব تَمِيْمٌ ব تَمَائِم

تَتِمَّة : সমাপ্তি, পরিশিষ্ট।

تَامّ : পূর্ণ, সম্পূর্ণ, পরিপূর্ণ; সমাপ্ত; সমাপিকা (ব্যা)।

تَتْمِيم، إِتْمَام : সম্পূর্ণ করা, সম্পন্নকরণ, সমাপ্তকরণ।

مُتَمِّم : সম্পন্নকারী, সম্পূরক।

مُتَمَّم : সম্পন্ন, সমাপ্ত।

تُنْبَك، تُنْبَاك، تُمْبَاك : (ফা) পারস্যের তামাক।

تَمْتَمَ : তোতলানো, বিড়বিড় করিয়া বলা।

تَمْتَمَة : তোতলামি, বিড়বিড় ধ্বনি।

تَمْتَام : তোতলা।

تَمَرَ - ُ : (تَمْر) খেজুর খাইতে দেওয়া।

تَمَّرَ : (تَتْمِير) খেজুর খাওয়ানো; খেজুর শুকানো।

أَتْمَرَ : (إِتْمَار) অনেক খেজুর ধারণ করা (গাছ); অনেক খেজুরের অধিকারী হওয়া (মানুষ)।

تَمْر : শুকনা খেজুর, ফল। ব تُمْرَان، تُمُور

تَمْرِهِنْدِيّ : তেঁতুল, Tamarind.

تَمْرَة : খেজুর; চাবুকের শেষ প্রান্তের গিঁট।

مَتْمُور، تَامِر : খেজুরে পরিপূর্ণ, খেজুর ভরা।

تَمَّار : খেজুর ব্যবসায়ী।

تِيمَارْجِي، تُمُورْجِي، تَمَرْجِي : (ফা) শুশ্রূষাকারিণী, পরিচারিকা।

تِمْسَاح : কুমীর। ব تَمَاسِح

تَمَشَ - ِ : (تَمْش) সংগ্রহ করা, জমা করা।

تَمْغَة : সীলমোহর, খেতাব।

تَمَكَ - ُ : (تُمُوك، تَمْك) উঁচু হওয়া (উটের কুঁজ), বড় হওয়া (উট), পূর্ণ হওয়া।

أَتْمَكَ : (إِتْمَاك) স্থুলকায় করা (গবাদি পশু)।

تَامِك : উটের কুঁজ, উঁচু, মোটা।

تَمَل : (মি) ভিত্তি।

تَانْبُول، تَامُول : পান।

تُمَّن : চাউল।

تَمِهَ - َ : (تَمَاهَة، تَمَه) পরিবর্তিত হওয়া (খাদ্য)।

تَمُوز : (সি) জুলাই মাস।



www.pathagar.com

أَتَنَّ : (إِتْنَانٌ) বহুদূরবর্তী হওয়া, দূর ব্যবধান বিশিষ্ট হওয়া; বর্ধন ব্যাহত করা, বাড়িতে না দেওয়া।

تِنٌّ : সমান; সঙ্গী। ব أَتْنَانٌ

تُنٌّ : ছোট সামুদ্রিক মৎস্যবিশেষ, টুনামাছ, Tuna.

تِنِّين : ড্রাগন, (Dragon) ব تَنَانِين

تَنَأَ - َ : (تُنُوء) ~ بِ বসবাস করা, বাসিন্দা হওয়া।

تَانِئ : স্থায়ী বাসিন্দা; ধনী। ব تُنَّاء

تَنُوب : দেবদারুজাতীয় বৃক্ষবিশেষ, ফারবৃক্ষ, Fir.

تِنْبَال : খাটো, স্বল্প উচ্চতাবিশিষ্ট। ব تَنَابِل

تَنْبَر : (ফ) টিকিট; ডাক-টিকিট। ব تَنَابِر

تَنْبَل : (তু) অলস। ব تَنَابِلَة

تَنْدَة : (ইত) চান্দোয়া, শামিয়ানা।

تَنَخَ - ُ : (تُنُوخ) تَنَّخ، (تَتْنِيخ) تَنَنَّخَ ~ بِ যাত্রাবিরতি করা; বসবাস করা।

تَنِخَ - َ : (تَنَخ) অজীর্ণে আক্রান্ত হওয়া।

تَنُّور : তন্দুর, চুলা। ব تَنَانِير

تَنُّورَة، تَنُّورِيَّة : সিলে স্কার্ট (Skirt), পেটিকোট।

تَانْزَانِيَا، تَنْزَانِيَا : তানজানিয়া।

تِنِس، تِنِيس : টেনিস।

تُنُّوط : বাবুই পাখি।

تَنِّين : (تن) تِنِّين ট্যানিন, (Tannin) বৃক্ষজাত ট্যানিক এসিড, (Tannic acid).

تَنُوفَة : মরুভূমি। ব تَنَائِف

تَنَك : টিন, টিনের পাত।

تَنَكَة : টিনের পাত্র।

تَنَكَارِيّ، تَنَكْجِيّ : টিন-মিস্ত্রি।

تَنُّوم : মরুভূমির গাছ।

تُنُوم : সূর্যমুখী গাছ।

تَهْتَهَ : তোতলানো।

تَهْتَهَة : তোতলামি।

تَهِمَ - َ : (تَهَامَة، تَهَم) দূষিত হওয়া, দুর্গন্ধযুক্ত হওয়া; পরিশ্রান্ত হওয়া (উট)।

أَتْهَمَ : (إِتْهَام) তিহামা এলাকায় গমন করা; সন্দেহপূর্ণ করা, মনঃপূত না পাওয়া (দেশ)।

تَهَمَة : দুর্গন্ধ।

تَهِم : দুর্গন্ধময়।

تُهَمَة، تُهْمَة : (وهم) সন্দেহ, অভিযোগ।

تِهَامَة : তিহামা– আরব উপদ্বীপের দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিম উপকূল। পবিত্র মক্কানগরী। ব تَهَائِمُ

تَاهِم : অভিযোগকারী।

مَتْهُوم : অভিযুক্ত।

تَهِنَ - َ : (تَهَن) নিদ্রা যাওয়া।

تَهَا - ُ : (تَهْو) অনবহিত হওয়া, অমনোযোগী হওয়া, অবহেলাকারী হওয়া।

تَوٌّ : এটি, একমাত্র (ভাঁজ, গিঁট)। ব أَتْوَاء

تَوًّا : তৎক্ষণাৎ, এইমাত্র; সোজা, সরাসরি।

تَابَ - ُ : (مَتَاب، تَابَة، تَوْبَة، تَوْب) পাপ হইতে ফিরিয়া আসা, অনুতাপ করা, অনুতপ্ত হওয়া, তওবা করা।

~ عَلَى : ক্ষমা করা (আল্লাহ)।

تَوَّبَ : অনুতপ্ত করা, তওবা করানো।

اِسْتَتَابَ : (اِسْتِتَابَة) আল্লাহর পথে ফিরিয়া আসিতে উৎসাহিত করা, তওবার জন্য আহ্বান জানানো।

تَوْبَة : প্রত্যাবর্তন, অনুশোচনা, অনুতাপ, তওবা, ক্ষমা।

تَوَّاب : অনুতপ্ত (মানুষ); ক্ষমাশীল (আল্লাহ)।

تَائِب : প্রত্যাবর্তনকারী, অনুতাপকারী, তওবাকারী, ক্ষমাকারী।



www.pathagar.com

تُوت : তুঁত, তুঁতগাছ; কিবতী ক্যালেন্ডারের প্রথম মাস (সেপ্টেম্বর)।

تُوت إِفْرَنْجِيّ، تُوت أَرضِيّ : স্ট্রবেরি ফল বা গাছ, Strawberry.

تُوشَوْكِيّ : রাসপবেরি ফল বা গাছ, Raspberry.

تُوتِيَة، تُوتِيَاء، تُوتِيا : দস্তা, Zinc.

تُنُّوط : বাবুই পাখি।

تَاجَ ـُ : (تَوْج) মুকুট পরা।

تَوَّجَ : (تَوْجِيَة) মুকুট পরানো, রাজ্যাভিষিক্ত করা, সিংহাসনে বসানো।

تَتَوَّجَ : মুকুট পরিহিত হওয়া, রাজ্যাভিষিক্ত হওয়া।

مُتَوَّج ,تَائِج : মুকুট পরিধানকারী, মুকুটধারী।

تَاج : মুকুট, টুপি, পাগড়ি। ব تِيجَان

تَاجِي : মুকুট সম্বন্ধীয়, মাথার চাঁদি সম্বন্ধীয়, Coronal.

تُوَيْج : ক্ষুদ্র মুকুট।

تَتْوِيج : রাজ্যাভিষেক।

تَاحَ ـُ : (تَوْح) لِ ঘটা; প্রস্তুত হওয়া।

تَاخَ ـُ : (تَوْخ،تَوَخ) নরম কিছুর মধ্যে ডুবা (আঙ্গুল)

تَارَ ـُ : (تَوْر) প্রবাহিত হওয়া (পানি)।

أَتَارَ : (إِتَارَة) পুনরায় করা, পুনরাবৃত্তি করা (কাজ)।

~ إِلَى : উদ্দেশ্যমূলকভাবে তাকানো।

تَوْر : ক্ষুদ্র পাত্র, গোত্রের দূত। ব أَتْوَار

تَوْرَاة : তাওরাত (হযরত মূসা (আ)-এর নিকট অবতীর্ণ আসমানি কিতাব)।

تُورْبِيد : টর্পেডো, Torpedo.

تُورْبِين : টারবাইন, Turbine.

تُوجُو، تُوغُو : টোগো– পশ্চিম আফ্রিকার একটি দেশ।

تَاعَ ـُ : (تَوْع) রুটি চুবানো (দুধ ইত্যাদিতে), মাখানো (মাখন ইত্যাদি), নরম হওয়া, প্রশস্ত হওয়া।

تَافَ ـُ : (تَوْف) ক্ষীণ হওয়া (দৃষ্টি)।

تُوفَة، تَوْفَة، تَافَة : ভুল, ভ্রম।

تَاقَ ـُ : (تَوْقَان، تُؤُوق، تَوْق) আকুলভাবে কামনা করা, তীব্রভাবে বাসনা করা, প্রবলভাবে চাওয়া; দ্রুত অগ্রসর হওয়া।

تَتَوَّقَ : আগ্রহ প্রদর্শন করা।

تَوْقَان، تَوْق : কামনা, বাসনা, আগ্রহ, ঝোঁক।

تَوَّاق، تَائِق : আগ্রহী, কামনা পোষণকারী।

تَالَ ـُ : (تَوْل) বশীকরণ বিদ্যা চর্চা করা।

تُول : পাতলা রেশমি কাপড়বিশেষ,

تُولَة، تَوْلَة : দুঃখ, দুর্ভাগ্য।

تِوَلَة، تُوَلَة : বশীকরণবিদ্যা, ডাকিনীবিদ্যা, সম্মোহন, তান্ত্রিকবিদ্যা।

مُتْؤُول : সম্মোহিত।

تُومَة : মুক্তা; কানের দুল; গলার হার; উটপাখির ডিম। ব تُومَ

أُمّ تُومَة : ঝিনুক।

مُتَوَّم : হার পরিহিত, দুল পরিহিত।

تُومَان : (ফা) দশ হাজার; ইরানি মুদ্রাবিশেষ।

تُونْج : (তু) ব্রঞ্জ।

تُونُس : তিউনিসিয়া।

تَاهَ ـُ : (تَوْه) تَاهَ (تِيه) বিপথে যাওয়া, অহঙ্কারী হওয়া, হতবুদ্ধি হওয়া, অন্যমনস্ক হওয়া, ধ্বংস হওয়া।

تَوَّهَ (تَهْوِيَة) تَيَّهَ، أَتَاهَ، (إِتْوَاه) : বিপথে পরিচালিত করা, ধ্বংস করা; অহঙ্কারী করা, হতবুদ্ধি করা; অন্যমনস্ক করা।

تُوه ,تَوْه : মরুভূমি। ব أَتْوَاه ,أَتَاوِيه

تَوْهَان : অন্যমনস্কতা, কিংকর্তব্যবিমূঢ়তা।

تُوهَة : কন্যা।



www.pathagar.com

تَوَى - َ (تَوًى) চলিয়া যাওয়া (সম্পদ)।

أَتْوَى : (إِتْوَاء) ধ্বংস করা (সম্পদ)।

تَاوٍ : বিগত, ধ্বংসপ্রাপ্ত (সম্পদ)।

تَاحَ - : (تَيْح) ~ لِ সহজ হওয়া, সম্ভব হওয়া (কাজ); নির্ধারিত থাকা (ভালো, মন্দ); প্রদত্ত হওয়া।

أَتَاحَ ~ لِ : নির্ধারিত করিয়া রাখা (আল্লাহ); সম্ভব করা; সহজ করিয়া দেওয়া, সুযোগ দেওয়া, প্রদান করা।

مِتْيَح، تَيِّحَان، تَيْحَان، تَيَّاح : অনধিকার প্রবেশকারী, অন্যের ব্যাপারে হস্তক্ষেপকারী।

مُتَاح : প্রদত্ত, প্রকৃতি প্রদত্ত, প্রাপ্ত।

مِتْيَاح : নির্ধারিত।

تَاخَ - ِ : (تَيْخ) আঘাত করা।

تَيْد : সদাশয়তা, নম্রতা, ভদ্রতা।

تَارَ - (تَيَرَان) স্ফীত হওয়া, পরস্পর ধাক্কা লাগা (ঢেউ)।

تَيَّار : স্ফীত (ঢেউ); গর্বিত; উদ্ধত; স্রোত, প্রবাহ, গতি, আন্দোলন, ঝোঁক।

تَازَ - : (تَيَزَان)، تَايَزَ، (تَيَاز) জয় করা, শক্ত হওয়া, কঠিন হওয়া, প্রকম্পিত হওয়া।

تَيَّاز : তীব্র।

تِيزَة : (তু) খালা, মামী।

تَاسَ - ِ : (تَيْس) পুংজাতীয় হওয়া (ছাগ)।

تَتَايَسَ : পরস্পর ধাক্কা লাগা।

إِسْتَتْيَسَتِ الْعَنْزُ : ছাগীটি ছাগ হইল; হীন ব্যক্তি শাক্তিশালী হইল।

تَيْس : পুংছাগ; পাঁঠা; বোকা। ব تِيَسَة، أَتْيَاس، تُيُوس

تَيْس جَبَلِيّ : পার্বত্যাঞ্চলের বন্য ছাগবিশেষ, Ibex.

أَتْيَس : বোকা। স্ত্রী تَيْسَاء

تَاعَ - : (تَيْع، تَيَع، تَيَعَان) প্রবাহিত হইয়া ছড়াইয়া পড়া (পানি)।

~ تَيِّعَ : (تِيَاع) লইয়া যাওয়া।

~ أَتَاعَ : (إِتَاعَة) বমি করা।

تَتَايَعَ فِى، تَتَيَّعَ إِلَى : তাড়াহুড়া করিয়া প্রবৃত্ত হওয়া, মাথা বাড়াইয়া দৌড়ানো।

تَيِّعَان، تَيِّع : মন্দে আসক্ত।

تَيْفُود : টাইফয়েড।

تَيْفُوس : টাইফাস, সংক্রামক জ্বরবিশেষ। Typhus.

تَاكَ - : (تُيُوك) বোকা হওয়া।

أَتَاكَ : (إِتَاكَة) তোলা (চুল)।

تِيكَ : ইহা, উহা (إِسْمُ إلاشَارَة "ذَاكَ"-এর স্ত্রী লিঙ্গ)।

تِيك : সেগুন কাঠ, Teak.

تَيَّلَ : (তু সি) তার করা, টেলিগ্রাম করা।

تِيل : (মি) রেশমি কাপড়, Linen, শণগাছ বা আঁশ।

تَامَ - ِ : (تَيْم) দাসে পরিণত হওয়া।

تَيَّمَ : (تَيَام) দাসে পরিণত করা, মোহাচ্ছন্ন করা (প্রেম), মর্যাদাহীন করা।

تَيْم : দাস; একটি গোত্র; বিভ্রান্তি (প্রেমজনিত)।

تِيمَة : গৃহপালিত ভেড়ী; কবচ।

تَيْمَاء : পথশূন্য মরুভূমি; একটি স্থানের নাম।

مُتَيَّم : দাসে পরিণত; মানসিক ব্যাধিগ্রস্ত; মর্যাদাহীন; প্রবল প্রেমে আক্রান্ত।

تِين : ডুমুর গাছ, ডুমুর ফল।

مَتِينَة : ডুমুর বাগান।

تَاهَ، تَيَّهَ، تِيه : (توه) অহঙ্কার , ঔদ্ধত্য; পানিবিহীন মরুভূমি; ভ্রম। ব أَتَاوِيه، أَتْيَاه

تَيْهَان، تَيَّاه، تَائِه অহঙ্কারী, বিভ্রান্ত, বিপথগামী, হতবুদ্ধি।

مَتَاهَة، تَيْهَاء : পথশূন্য প্রান্তর।



www.pathagar.com

ث : (ছা) আরবী বর্ণমালার চতুর্থ হরফ। আবজাদী হিসাবে ইহার সংখ্যামান ৫০০, বর্ণটির নাম الثَّاءُ।

ثَأْثَأَ : পানি পান করানো; তৃষ্ণার্ত রাখা; নির্বাপিত করা (আগুন, ক্রোধ); স্থানচ্যুত করা; আটকাইয়া রাখা, প্রশমিত হওয়া।

ثَئِبَ - : (ثَأْب، ثَأَبًا) تَثَاءَبَ হাই তোলা, তন্দ্রালু হওয়া, আলস্যপরায়ণ হওয়া, নিদ্রার ঘোরে বিড় বিড় করা।

ثَأَبَ (ثُؤَبَاء) تَثَاوَبَ : হাই তোলা, হাই তোলার ভান করা।

ثُؤَبَاء : হাই, অবসন্নতা, ক্লান্তি।

أَثْأَب : প্রকাণ্ড গাছ, ঝাউ গাছ।

ثَأَجَ - : (ثُؤَاج، ثَأْج) ভ্যা-ভ্যা করা (ভেড়া)।

ثَئِدَ - : (ثَأَد) শিশিরসিক্ত হওয়া (উদ্ভিদ); ঠাণ্ডা অনুভব করা, স্থির থাকা, ফুলে যাওয়া।

ثَأْد : শিশির; শিবির স্থাপন; অন্যায় কাজ।

ثَئِد : শিশিরসিক্ত (স্থান, রাত্রি)।

ثَأَرَ - : (ثَأْر) أَثْأَرَ، (إِثْآرَة) إِثَّأَرَ প্রতিশোধ লওয়া, প্রতিহিংসা গ্রহণ করা, Revenge, retaliate.

اِسْتَثْأَرَ : (اِسْتِثْآر) প্রতিশোধ গ্রহণের জন্য সাহায্য চাওয়া, প্রতিশোধ চাওয়া।

ثَأْر : প্রতিশোধ। ব أَثْآر، آثَار، ثَارَات

ثَائِر : প্রতিহিংসাপরায়ণ, প্রতিশোধ গ্রহণকারী; বিক্ষুব্ধ।

ثَئِطَ - : (ثَأَط) দুর্গন্ধ ছড়ানো (কাদা)।

ثُئِطَ : শ্লেষ্মাগ্রস্ত হওয়া।

ثُؤَاط : শ্লেষ্মা।

ثَأْطَة : কালো ও দুর্গন্ধময় কাদা। ব ثَأْط

ثُؤْلُول : স্তনের বোঁটা; আঁচিল। ব ثَآلِيل

ثَأَى - : (ثَأْي) বিদ্ধ করা, ছিদ্র করা (চামড়া)।

ثَئِيَ - : (ثَأًى) ছিদ্রযুক্ত হওয়া, বিদ্ধ হওয়া (কড়ি)।

ثَأْي، ثَأًى : দুর্বলতা; অতি গুরুত্বপূর্ণ ঘটনা।

ثَبَّ - ُ : (ثَبَاب) আরামে বসা; সমাপ্ত হওয়া (কাজ)।

ثَبَتَ - ُ : (ثُبُوت، ثَبَات) দৃঢ় হওয়া; স্থায়ী হওয়া; অবস্থান করা, স্থির হওয়া, অটল থাকা; প্রমাণিত হওয়া; নিশ্চিত হওয়া, আরোপিত হওয়া (দায়িত্ব)।

~ عَلَى : প্রতিরোধ করা; স্থির থাকা; রক্ষা করা।

ثَبُتَ - ُ : (ثُبُوتَة، ثَبَاتَة) স্থির হওয়া, নিশ্চিত হওয়া।

ثَبَّتَ : শক্ত করা, দৃঢ় করা, স্থির করা, স্থাপন করা, নিশ্চিত করা, স্থায়ী (ভাবে নিয়োগ) করা, প্রমাণ করা, প্রতিষ্ঠিত করা।

أَثْبَتَ : (إِثْبَات) নিশ্চিত করা, নির্দিষ্ট করা, প্রতিপন্ন করা, প্রতিষ্ঠা করা, প্রমাণ করা; অনুমোদন করা ; লিপিবদ্ধ করা, নথিভুক্ত করা; ধার্য করা; শনাক্ত করা; বন্দি করা, স্থির করা।

تَثَبَّتَ : নিশ্চিত হওয়া, প্রমাণিত হওয়া, প্রতিপন্ন হওয়া; বিবেচনার সহিত কাজ করা, সতর্কতার সহিত বিবেচনা করা, সাবধানে অগ্রসর হওয়া।

اِسْتَثْبَتَ : (اِسْتِثْبَات) ধীরে ধীরে কাজ করা, বিচক্ষণতার সহিত কাজ করা, দৃঢ়তা প্রদর্শন করা; যাচাই করিতে চাওয়া, প্রমাণ চাওয়া, নিশ্চিত করিতে চাওয়া; নিশ্চিত করা, যাচাই করা; সঠিকভাবে লক্ষ্য করা।

ثَبْت : নিশ্চিত, প্রতিষ্ঠিত, সুদৃঢ়, অবিচলিত; সাহসী।

ثَبَت : দায়িত্বশীল; বিশ্বস্ত, বিশ্বাসযোগ্য, প্রমাণ। ব أَثْبَاتٌ


www.pathagar.com

~ : তালিকা, সূচি; কর্মচারীদের কর্তব্যের তালিকা, Roster. ব أَثْبَات

ثُبُوت، ثَبَات : দৃঢ়তা, স্থিরতা; স্থায়িত্ব; নিশ্চয়তা; নির্ভরতা, প্রমাণ।

مُثَبَّت، مُثْبَت، مَثْبُوت، ثَبِيت، ثَابِت : স্থির, স্থায়ী, অটল, অবিচল; নির্দিষ্ট; প্রতিষ্ঠিত, নিশ্চিত, প্রমাণিত।

ثَابِت الجَأْش : নির্ভীক, অবিচল।

ثَابِتُ العَزْم : স্থিরসংকল্প।

ثَابِت القَدَم : অবিচল, দৃঢ়পদ।

ثَابِتَة : স্থির তারকা। ব ثَوَابِت

تَثْبِيت، إِثْبَات : নিশ্চিতকরণ, প্রতিষ্ঠিতকরণ, প্রত্যয়ন , যাচাই, প্রদর্শন।

ثَبَجَ : ـُ (ثَبْج)، ثَبَّجَ (تَثْبِيج) অস্পষ্টভাবে বলা বা লেখা।

~ : ـَ (ثُبُوج، ثَبْج) গোড়ালির উপর বসা, উবু হইয়া বসা। স্ত্রী ثَبْجَاءُ ব ثُبْجٌ

ثَبَج : মধ্যস্থল, ঘাড় ও পিঠের সংযোগস্থল; পিঠের প্রধান অংশ; অস্পষ্ট কথা বা লেখা। ব ثُبُوج، أَثْبَاج

ثَبَرَ : ـُ (ثَبْر) নিরাশ করা, বিতাড়িত করা, অভিশাপ দেওয়া; ধ্বংস করা (আল্লাহ); বাধা দেওয়া।

~ : (ثُبُور) ধ্বংস হওয়া।

ثَبِرَ : ـَ (ثَبَـر) পুনরুন্মোচন করা (ক্ষত ইত্যাদি)।

ثَابَرَ عَلَى~ : অবিচলভাবে চালাইয়া যাওয়া, লাগিয়া থাকা।

ثَبْرَة : জলাভূমি; গর্ত, গহ্বর।

ثُبُور : ধ্বংস, ক্ষয়।

ثَبِير : মক্কা ও মিনার মধ্যবর্তী একটি পাহাড়।

مُثَابِر : অধ্যবসায়ী।

مُثَابَرَة : অধ্যবসায়, অবিরাম সাধনা।

ثَبَطَ : ـُ (ثَبْط)، ثَبَّطَ (تَثْبِيط) বাধা দেওয়া, আটকাইয়া রাখা; ব্যাহত করা।

أَثْبَط : (إِثْبَاط) অবিরাম লাগিয়া থাকা (রোগ)।

تَثَبَّطَ : ~ عَنْ বিলম্বিত হওয়া, বাধাপ্রাপ্ত হওয়া।

ثَبِط : ভারী, দুর্বল; বোকা। ব ثِبَاط، أَثْبَاط

ثَبَقَ : ـ (ثَبْقَان، ثَبْق) অশ্রু বর্ষণ করা (চক্ষু), স্ফীত হওয়া (নদী)।

ثَبْق : প্লাবিত ভূমি। ব ثُبُوق

ثُبْل : তলানি।

ثَبَنَ : ـ (ثَبْن، ثِبَان) সেলাই করিবার জন্য কাটা (কাপড়)। ব ثُبْنٌ

تَثَبَّنَ : কোন কিছু কাপড়ের ভাঁজের মধ্যে রাখা।

ثُبْنَة : কাপড়ের ভাঁজ। ব ثُبَن ব ثِبَان، ثُبَن

مَثْبَنَة : ভ্যানিটি ব্যাগ। ব مَثَابِن

ثَبَى : ـ (ثَبْي) সংগ্রহ করা, জমা করা।

ثَبَّى : (تَثْبِيَة) একত্র করা; সম্পূর্ণ করা; প্রশংসা।

ثُبَة : অশ্বারোহী সেনাদল। ব ثُبَات، ثُبُون

أُثْبِيَّة : বহুমুখী দল। ব أَثَابِيّ

ثَجَّ : ـُ (ثَجّ، ثُجُوج)، إِنْثَجَّ (إِنْثِجَاج) প্রবাহিত হওয়া; প্রবাহিত হইতে দেওয়া (পানি, রক্ত)।

ثَجَّاج : ঘন; প্রচুর (বৃষ্টি)।

ثَجِيج : তীব্রস্রোত; প্রবল বৃষ্টিপাত।

مِثَجّ : বাকপটু।

ثَجَرَ : ـُ (ثَجْر) পুরু হওয়া গাদের সহিত (খেজুর) মিশানো।

ثَجَّرَ : (تَثْجِير) সম্প্রসারিত করা, বিস্তৃত করা।

ثُجْرَة : পিঠের উপরিভাগ; উপত্যকার মধ্যাংশ। ব ثُجَر

ثَجْر، ثَجِر، أَثْجَر : পুরু ও প্রশস্ত বস্তু।

ثَجِير : খেজুরের গাদ।

ثَجِلَ : ـَ (ثَجَل) ভুঁড়ি বৃদ্ধি পাওয়া।

ثُجْلَة : পেটের বিশালত্ব।

أَثْجَل : বিশাল ভুঁড়িসম্পন্ন। স্ত্রী ثَجْلَاء ব ثُجْلٌ



www.pathagar.com

ثَجَمَ - : (ثَجْم) (أَثْجَمَ (إِثْجَام) হঠাৎ বৃষ্টি বর্ষণ করা (আকাশ)।

ثَجَا - ُ : (ثَجْو) নীরব হওয়া, নির্বাক হওয়া।

أَثْجَى : (إِثْجَاء) নীরব করা।

ثَخُنَ - ُ : (ثِخَنَ، ثُخُونَة، ثَخَانَة) ঘন হওয়া; মোটা হওয়া; শক্ত হওয়া, দৃঢ় হওয়া।

أَثْخَنَ: (إِثْخَان) স্থূল করা; অশিষ্ট করা, কষ্ট দেওয়া, নিঃশেষ করা, দুর্বল করা।

~في : বাড়াবাড়ি করা, সীমালঙ্ঘন করা, নির্দয়ভাবে প্রহার করা, ব্যাপক হত্যাকাণ্ড চালানো।

إِسْتَثْخَنَ مِنْ : পেষণ করা, পরাভূত করা।

ثُخُونَة، ثَخَانَة، ثِخَن : ঘনত্ব, নিবিড়তা, স্থূলতা, রূঢ়তা, দৃঢ়তা।

ثَخِين، ثَخِن : ঘন, নিবিড়; স্থূল; রূঢ়; দৃঢ়। ব ثُخَنَاء

مُثْخِن : মাংসল।

ثَدَقَ - ُ : (ثَدْق) ঘন হইয়া পড়া (বৃষ্টি), প্রবাহিত হওয়া, বিদীর্ণ হওয়া।

ثَادِقْ : প্রচুর (স্রোত)।

ثَدْم : উত্তরদানে অক্ষম; নির্বোধ ব্যক্তি।

ثِدَام : ছাঁকনি, ফিল্টার।

ثَدِنَ - َ : (ثَدَن) দুর্গন্ধ ছড়ানো (গোশত)।

ثُدِّنَ : (تَثْدِين) মোটাসোটা হওয়া।

مُثَدَّن، ثَدِن : মাংসল, মোটাসোটা।

ثَدَا - ُ : (ثَدْو) ভিজানো, আর্দ্র করা।

ثَدِيَ - َ : (ثَدًى) সিক্ত হওয়া, আর্দ্র হওয়া।

ثَدَّى : (تَثْدِيَة) খাদ্য খাওয়ানো।

ثَدْي، ثَدًى : স্তন, বক্ষ। ব أَثْدِ، ثُدِيّ، أَثْدَاء

ثَدْيَاء : স্ফীত স্তনবিশিষ্ট মহিলা।

ثَرَّ - ِ : (ثَرّ، ثُرُور، ثُرُورَة، ثَرَارَة) প্রচুর পরিমাণে দেওয়া।

ثَرَّ - ُ : (ثَرًّا) ছড়াইয়া দেওয়া; বৃষ্টি ঢালিয়া দেওয়া (আকাশ)।

ثَرَّرَ : (تَثْرِيب) সিক্ত করা, পানি দেওয়া।

ثَر : প্রচুর পানিপূর্ণ (মেঘ); দুগ্ধপূর্ণ (ভেড়ী)।

ثَارّ : বাচাল, বাকপটু।

ثَرَبَ - : (ثَرْب) ثَرَّبَ (تَثْرِيب) أَثْرَبَ (إِثْرَاب) নিন্দা করা, ভর্ৎসনা করা।

ثَرْب : অন্ত্রের চর্বি। ব أَثْرُب ، ثُرُوب

ثَرْبَاء : স্থূলকায় (ভেড়ী)।

تَثْرِيب : নিন্দা, ভর্ৎসনা।

ثَرْثَرَ : ছড়াইয়া দেওয়া; অনর্থক বকবক করা, মিশানো (খাদ্য)।

ثَرْثَرَة : বাচালতা, বাকপটুতা।

ثَرْثَار : বাচাল, বকবককারী; যন্ত্রের খটখট শব্দ।

ثَرَدَ - ُ : (ثَرْد) أَثْرَدَ (إِثْرَاد) টুকরা করিয়া সুরুয়ায় ভিজানো (রুটি); রঞ্জক পদার্থে চুবানো (কাপড়)।

ثَرَّدَ : (تَثْرِيد) জবাই না করিয়া হত্যা করা (পশু) বিরিয়ানি পাকানো।

ثَرَد : ওষ্ঠের ফাটল; হালকা বৃষ্টি।

ثَرِيد : রুটি ভিজাইয়া খাইবার শুরুয়া, ঝোল, দুধ প্রভৃতিতে ভিজানো রুটি। ব ثُرُود، ثَرَائِد

مِثْرَد : পেয়ালা, Bowl.

ثَرْط : আঠা।

ثَرِعَ - َ : (ثَرَع) বিনা দাওয়াতে খাইতে আসা।

ثُرْعُلَة : মোরগের ঘাড়ের পালক।

ثُرْغُل : খেঁকশিয়ালী।

ثَرَمَ - ِ : (ثَرْم)، أَثْرَمَ، দাঁত ভাঙ্গিয়া ফেলা।

ثَرِمَ - َ : (ثَرَم)، إِنْثَرَمَ، এক বা একাধিক দন্তশূন্য হওয়া।

ثَرَّمَ : দাঁত উপড়াইয়া ফেলা।

أَثْرَمُ : স্ত্রী ثَرْمَاء দন্ত ভাঙ্গিয়া কিংবা পড়িয়া গিয়াছে এমন। ব ثُرْم

ثَرْمَدَ : পূর্ণ রান্না না করা (গোশত)।

ثُرْمُطَة : পাঁক, কাদা।

ثَرْمَلَ : ভ্রান্তিবশতঃ করা; ভুলে করা; যেনতেন প্রকারে সম্পন্ন করা (কাজ)।



www.pathagar.com

ثَرَا : ـُ (ثَرَاء) অধিক হওয়া, বৃদ্ধি পাওয়া, বৃদ্ধি করা (ধন-সম্পদ, লোকজন)।

ثَرَاء، ثَرْوَة : সম্পদ, সমৃদ্ধি, ভাগ্য।

ثَرْوَان : সমৃদ্ধ। স্ত্রী ثَرْوَى

ثَرِيَ : ـَ (ثَرًى) অধিক হওয়া, বৃদ্ধি পাওয়া, বৃদ্ধি করা (ধন-সম্পদ, লোকজন); বৃষ্টিতে নরম হওয়া (ভূমি), সম্পদশালী হওয়া।

ثَرَّى : (تَثْرِيَة) সিক্ত করা (মাটি)।

أَثْرَى : (إِثْرَاء) ধনী হওয়া, সম্পদশালী হওয়া; বৃষ্টিতে নরম হওয়া (ভূমি)।

ثَرًى : মাটি, ভিজামাটি; মালামাল। ব أَثْرَاء

ثَرِيّ : জলাভূমি। স্ত্রী أَثْرَى، ثَرِيَّة স্ত্রী ثَرْيَاء

ثُرَيَّا : কৃত্তিকা, নক্ষত্র, চেরাগদানি। ব ثُرَيَّات

ثَرِيّ : (مُثْرٍ) ধনী, সম্পদশালী, সমৃদ্ধ। ব أَثْرِيَاء

ثَطَ : (ثُطُوطَة، ثَطَاطَة، ثَطَطًا) অল্প দাড়িবিশিষ্ট হওয়া, পাতলা চুলবিশিষ্ট হওয়া, বড় পেট হওয়া।

ثَطٌّ، أَثَطّ : অল্প দাড়িবিশিষ্ট, পাতলা চুলবিশিষ্ট ব্যক্তি।

أَثَطّ، ثَطَّاء : মাকড়সা।

ثُطِع : সর্দিগ্রস্ত হওয়া।

ثُطَاع : মাথার সর্দি।

ثَعّ : (ثَعًّا) বমি করা।

إِنْثَعَّ : (اِنْثِعَاع) রক্ত ঝরানো (ক্ষত, নাক)।

ثَعَبَ : (ثَعْبًا) প্রবাহিত করানো (পানি)।

ثَعَبَ الغَارَة : আক্রমণ করা।

إِنْثَعَبَ : প্রবাহিত হওয়া (পানি, রক্ত)।

ثَعْب : পানির প্রবাহ, স্রোত। ব ثُعْبَان

ثُعْبَان : বিশালকায় সর্প। ব ثَعَابِين

ثُعْبَان المَاء : সর্পাকৃতির বান।

مَثْعَب : পানির গতিপথ, ড্রেন। ব مَثَاعِب

ثَعْد : তাজা খেজুর; তাজা (সবজি)।

ثَعِرَ : (ثَعَر) আঁচিলযুক্ত হওয়া।

أَثْعَرَ : (اثعار) মিথ্যা সংবাদ জানতে চেষ্টা করা।

ثَعْر، ثُعْر، ثَعَر : মিসরীয় কাঁটাগাছ 'সামুর'-এর বিষাক্ত রস।

ثَعِطَ : ـَ (ثَعَط) দূষিত হওয়া (গোশত, পানি); বিযুক্ত ও দুর্গন্ধযুক্ত হওয়া (চর্ম); ফুলিয়া ফাটিয়া যাওয়া (ওষ্ঠ)।

ثَعِلَ : ـَ (ثَعَل) দাঁতের উপরে দাঁত উঠিয়া যাওয়া, অতিরিক্ত দাঁত থাকা। স্ত্রী ثَعْلَاء ব ثُعْل

أَثْعَلَ : ভিড় করা (মেহমান); মারাত্মক হওয়া।

~ عَلَى : দ্বিমত পোষণ করা; বাধা দেওয়া।

ثَعْل، ثَعَل، ثُعْل، ثُعْلُول : অতিরিক্ত দাঁত; প্রয়োজনাতিরিক্ত। ব ثُعُولٌ

أَثْعَلَ : অতিরিক্ত দাঁতবিশিষ্ট।

ثُعَالَة : খেঁকশিয়াল, শিয়াল জাতি।

ثَعْلَبَ، تَثَعْلَبَ : চালাকি করিয়া এড়ানো।

ثَعْلَب : খেঁকশিয়াল, শৃগাল। ব ثَعَالِب

ثَعْلَبُ المَاء : উদ্বিড়াল, ভোঁদড়।

ثَعْلَبَة : খেঁকশিয়ালী।

ثُعْلُبَان : খেঁকশিয়াল।

ثَغْثَغَة : এলোমেলো কথা।

ثَغَبَ : ـَ (ثَغْب) জবাই করা (ভেড়া); বর্শা দ্বারা বিদ্ধ করা।

ثَغِبَ ـَ (ثَغَب) গলানো (বরফ)।

ثَغْب، ثَغَب : ফল্গুধারা, অন্তঃসলিলা। ব ثُغْبَان، أَثْغَاب

ثَغَرَ : (ثَغْرًا) ভাঙা, খাঁজ কাটা; ছিদ্র করা; ছিদ্র বন্ধ করা; সামনের দাঁত ভাঙ্গিয়া ফেলা।

ثُغِرَ، أَثْغَرَ، اثغار، إِتَّغَرَ، (اتغار) : দুধ-দাঁত ত্যাগ করা (শিশু)।

ثَغْر : মুখ; সামনের দাঁত; পোতাশ্রয়, সীমান্ত। ব ثُغُور

ثُغْرَة : ভাঙা ধার, পাহাড়ের মধ্যের সরু পথ, গলগণ্ড, বক্ষকণ্ঠা। ব ثُغَر



www.pathagar.com

ثُغْرَة : ফাঁটল, ছিদ্র, ফাঁক, গর্ত, গিরিপথ। ব ثُغَر

ثُغُرُور : শত্রুরাষ্ট্রের সীমান্ত।

مَثْغَر : দাঁতের মাড়ি। ব مَثَاغِر

ثَغَام : সাদা, শুভ্রতা।

ثَغَامَة : পাহাড়ি গুল্মবিশেষ যাহা শুকাইলে সাদা হইয়া যায়; সুগন্ধি লতাবিশেষ, (Hyssop); সোমরাজ, (Worm-wood). ব ثَغَامٌ

ثَاغِم : অতি শুভ্র।

ثَغَا : (ثُغَاء) ভ্যা-ভ্যা করা (ছাগল, ভেড়া)।

أَثْغَى : (اثغاء) ভ্যা-ভ্যা করানো।

ثُغَاء : ভ্যা-ভ্যা শব্দ।

ثُفَّاء، ثُفَاء : সরিষা; হেলেঞ্চা শাক, কলমি শাক, Nasturtium.

ثَفَّدَ : (تثفيد) উরস্ত্রাণ লাগানো।

ثَفَافِيد : স্তরে স্তরে পুঞ্জীভূত শুভ্র মেঘমালা।

~ مَثَافِيد (বস্ত্রাদির) আস্তর।

أَثْفَرَ، ثَفَّرَ : (اثفار، تثفير) পিছন হইতে তাড়াইয়া নেওয়া (পশু)।

ثَفَر، ثَفْر : ঘোড়ার লেজের নিচ দিয়া জিনের সহিত বাঁধিয়া দেওয়া চর্মবন্ধনি, (Crupper). ব أَثْفَار

ثَفَلَ ـُ : (ثَفْل) জাঁতার নিচে চামড়া বিছানো; ছুঁড়িয়া ফেলা, ছড়াইয়া দেওয়া।

أَثْفَلَ : জমিয়া যাওয়া (তরল বস্তু)।

ثَافِل، ثُفْل : তলানি, গাদ; অবশিষ্টাংশ।

ثِفَال، ثُفْل : জাঁতার নিচের পাটা। ব أَثْغَال، ثُغُلٌ

ثِفَال، ثُفْل : জাঁতার নিচে বিছাইবার চামড়া।

ثَفَنَ ـ : (ثَفْن) হাঁটু দ্বারা আঘাত করা (উষ্ট্রী)।

ثَفِنَ ـَ : (ثَفَن) কাজ করিতে করিতে শক্ত হওয়া (হাত)।

ثَافَنَ : (مثافنة) সঙ্গী হওয়া, গোপন আলাপে মিলিত হওয়া, চালাইয়া যাওয়া।

أَثْفَنَ : (اثفان) গোপন আলাপে মিলিত হওয়া, শক্ত করা।

ثَفِنَة : কড়া, চামড়ার কঠিন অংশ; মানুষের হাঁটু। ব ثِفَن، ثَفِنَات

ثَفَا ـُ : (ثَفْو) অনুসরণ করা।

ثَفَّى : (تثفية) তেপায়াযুক্ত করা (পাত্র)।

أَثْفَى : (اثفاء) তেপায়াযুক্ত করা (পাত্র), তিন স্ত্রী গ্রহণ করা।

أُثْفِيَّة : তেপায়া, হাঁড়ি-কড়াই প্রভৃতি বসাইবার জন্য উনানের ঝিঁক। ব أَثَافِيّ

مُثَفَّى : অনেক স্ত্রী হারাইয়াছে এমন ব্যক্তি।

ثَقَبَ ـُ : (ثَقْب) ছিদ্র করা; বিদ্ধ করা; গর্ত করা।

~ ثُقُوب : উজ্জ্বল হওয়া (তারকা); প্রজ্বলিত হওয়া (অগ্নি); অন্তর্দৃষ্টিসম্পন্ন হওয়া (মন); ছড়াইয়া যাওয়া (সুগন্ধ); উচ্চে উড়া (পাখি)।

ثَقَابَة : রক্তিম চেহারাবিশিষ্ট হওয়া (মানুষ)।

ثَقَّبَ : (تثقيب) ছিদ্র করা, বিদ্ধ করা, গর্ত করা; বিদ্ধ হওয়া, ফুটা হওয়া; মাথায় বার্ধক্য দেখা যাওয়া (শুভ্র কেশ)।

أَثْقَبَ : (اثقاب) প্রজ্বলিত করা (অগ্নি)।

إِنْثَقَبَ، تَثَقَّبَ : (انثقاب) বিদ্ধ হওয়া, ফুটা হওয়া, ছিদ্রযুক্ত হওয়া।

ثَقْب : ছিদ্র, গর্ত, রন্ধ্র, ফাঁক। ব أَثْقَاب، ثُقُوب، أَثْقُبٌ

ثُقْبَة : গর্ত, নল, পাইপ। ব ثُقَب

ثِقَاب، ثُقُوب : জ্বালানি, দিয়াশলাই, দিয়াশলাইয়ের বাক্স, আগুন জ্বালাইবার খড়কুটা।

ثَاقِب : উজ্জ্বল (তারকা); ছিদ্রকারী, বিদ্ধকারী; অন্তর্দৃষ্টিসম্পন্ন (মন)।

مِثْقَاب، ثَقَّابَة : তুরপুন, ড্রিলিং মেশিন। ব مَثَاقِبُ

ثُقُوب : একাগ্রতা, সূক্ষ্মতা।

ثَقِيب : রক্তিম চেহারাবিশিষ্ট (মানুষ)।



www.pathagar.com

إِثْقَاب : প্রজ্বালন।

مِثْقَب : ব مَثَاقِب তুরপুন, Drill. সঙ্কীর্ণ পথ, সুড়ঙ্গ; বিচক্ষণ।

ثَقِفَ - ثَقُفَ (ثَقْف) - ثَقُفَ : (ثُقُوف، ثَقَافَة، ثَقْف) বুদ্ধিমান হওয়া, চতুর হওয়া, সুদক্ষ হওয়া, সংস্কৃতিমান হওয়া।

ثَقِفَ - ثَقَفَ : (ثَقْف) দ্রুত বুঝিতে পারা; সুদক্ষ হওয়া; সম্মুখীন হওয়া।

ثَقِفَ - ثَقُفَ - ثَقَفَ : (ثَقْف) অম্লযুক্ত হওয়া (সিরকা)।

ثَقَفَ - ثَقُفَ : (ثَقْف) দক্ষতায় ছাপাইয়া যাওয়া; বর্শা দ্বারা আঘাত করা।

ثَقَّفَ : (تثقيف) সোজা করা; সঠিক করা; শিক্ষা দেওয়া, লালনপালন করা; গ্রেফতার করা; দখল করা, বাজেয়াপ্ত করা।

ثَاقَفَ : (ثقاف) অসিযুদ্ধ করা, চাতুর্যের প্রতিযোগিতা করা, দক্ষতায় ছাড়াইয়া যাওয়া।

تَثَقَّفَ : সুশিক্ষিত হওয়া, উন্নত হওয়া, সভ্য হওয়া।

تَثَاقَفَ : সংগ্রাম করা, প্রতিযোগিতা করা।

ثَقْف، ثَقِف : বুদ্ধিমান, চতুর; তীক্ষ্ণ।

ثَقَاف : তীক্ষ্ণবুদ্ধি সম্পন্না নারী।

ثِقَاف : সংগ্রাম; বর্শা, সোজা করিবার যন্ত্র; দক্ষতা।

ثَقَافَة : সংস্কৃতি, কৃষ্টি; শিক্ষা; সভ্যতা; বুদ্ধিমত্তা; অন্তর্দৃষ্টি।

ثَقَافِي : সাংস্কৃতিক।

ثِقِّيف، ثَقِيف : অত্যন্ত চতুর, অত্যধিক কড়া (সিরকা)।

مُثَقَّف : শিক্ষাপ্রাপ্ত, সুসভ্য; মার্জিত।

مُثَاقَفَة : অসিযুদ্ধ।

ثَقُلَ - ثَقُلَ : (ثَقَالَة، ثِقَل) ভারী হওয়া; কঠিন হওয়া; গুরুত্বপূর্ণ হওয়া (কাজ); মন্থর হওয়া (মানুষ)।

ثَقِلَ - ثَقَلَ : (ثَقَل) গুরুতররূপে অসুস্থ হওয়া।

ثَقَلَ - ثَقُلَ : (ثَقْل) ওজন করা।

ثَقَّلَ : (تثقيل) ভারী করা; ভাঁজ করা (চিঠি)।

~ عَلَى : চাপাইয়া দেওয়া, কষ্ট দেওয়া, জ্বালাতন করা।

أَثْقَلَ : (اثقال) অতিমাত্রায় বোঝা হওয়া (ওজন, ঋণ); ভারাক্রান্ত করা, চাপ প্রয়োগ করা।

تَثَاقَلَ : ভারী হওয়া; কষ্টকর হওয়া; মন্থর হওয়া।

إِسْتَثْقَلَ : (استثقال) ভারী হওয়া, ভারী অনুভব করা, কঠিন মনে করা।

ثِقْل : ওজন, বোঝা, ভার, ঋণ, অপরাধ; গুরুত্ব। ব أَثْقَال

ثَقْلَة، ثِقْلَة، ثِقَلَة، ثُقْلَة : ওজন, ভার।

ثَقَلَة، ثَقْلَة : ওজন, ভার; মন্থরতা, স্থবিরতা, ক্লান্তি, কষ্ট; অসুবিধা।

ثَاقِل : ভারী। ব ثَوَاقِل

ثَقِيل : ভারী, দুর্বহ; কষ্টকর, ক্লান্তিকর; গুরুতর; গুরুত্বপূর্ণ; মন্থর; গম্ভীর। ব ثُقَلَاء، ثِقَال، ثُقُلٌ

ثَقِيلُ الحَمْل : দুর্বহ।

ثَقِيل الرُوح : মন্থর।

ثَقِيلُ السَمْع : কানে খাটো।

ثَقِيل الظِّلّ : অসহ্য।

ثَقِيل الفَهْم : স্থূলবুদ্ধি।

ثَقِيلُ الهَضْم : দুষ্পাচ্য।

مُثَقَّل، مُثْقَل : ভারাক্রান্ত, মন্থর; তন্দ্রালু।

مِثْقَال : নিক্তির ওজন; ১ দিরহাম পরিমাণ স্বর্ণমুদ্রা। ব مَثَاقِيل

ثُقْوَة : পিরিচ, তস্তরি, বাটি। ব ثُقُوَات

مِثْقَالَ ذَرَّةٍ : অণু পরিমাণ।

ثَكِلَ - ثَكَلَ : (ثَكَل، ثُكْل) সন্তান হারানো (মা), প্রিয়জন হারানো।

أَثْكَلَ : (اثكال) সন্তানহারা করা।



www.pathagar.com

ثَكْل، ثُكْل : সন্তানহানি, প্রিয়জনহানি, সন্তান হারাইবার শোকাবস্থা (মাতার)।

مِثْكَال، ثَكُول، ثَكْلَان، ثَكْلَى، ثَاكِل : সন্তানহারা, প্রিয়জনহারা ব্যক্তি।

ثَاكِلَة : সন্তানহারা মা। ব ثَوَاكِل

ثَكَمَ - ُ : (ثَكْم) পদচিহ্ন ধরিয়া অনুসরণ করা; অবিরাম লিপ্ত থাকা, অবিরত লাগিয়া থাকা।

ثَكِمَ - َ : (ثَكَم) ~ بِ অবস্থান করা।

ثَكَم : রাস্তার মধ্যস্থল, পথচিহ্ন, গতিপথ।

ثُكْنَة : সেনানিবাস, ব্যারাক। ব ثُكُنَات، ثُكَن

ثَلَّ - ُ : (ثَلّ) নিষ্কাশন করা, পরিপূর্ণ করা (কূপ)।

~ : (ثَلَل) ধ্বংস করা, সর্বনাশ করা, উল্টাইয়া ফেলা।

أَثَلَّ : (اثلال) প্রচুর পশমবিশিষ্ট হওয়া; মেরামত করা।

تَثَلَّلَ : ধ্বংস হইয়া যাওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া।

إِنْثَلَّ : (انثلال) ধ্বংস হওয়া; উল্টাইয়া পড়া; বাহিত হওয়া।

ثَلَل، ثِلَّة : ধ্বংস, ক্ষয়।

ثَلَّة : ভেড়ার পাল, পশম, কূপ হইতে নিষ্কাশিত মাটি। ব ثِلَال، ثِلَل

ثُلَّة : জনতার ভিড়, দল। ব ثُلَل

ثَالُول : আঁচিল।

ثَلَبَ : (ثَلْب) নিন্দা করা, সমালোচনা করা, অপবাদ রটানো, অসম্মান করা; বিতাড়িত করা; খাঁজ কাটা।

ثَلِبَ : (ثَلَب) নোংরা হওয়া; ভগ্ন হওয়া।

ثَلْب : অপবাদ, নিন্দা, কুৎসা, কলঙ্ক।

ثِلْب : জীর্ণ (বৃদ্ধ মানুষ)। ব أَثْلَاب

ثَلَب : অসম্মানিত, নিন্দিত।

ثَلَبِيّ، ثَلَّاب، ثَالِب : নিন্দুক, অপবাদকারী, সমালোচক।

مَثْلَبَة : ত্রুটি, কলঙ্ক, অপমান। ব مَثَالِب

ثَلَثَ - ُ : (ثَلْث) তৃতীয়াংশ গ্রহণ করা, কোন কাজ তিন বার করা।

~ - : (ثَلْث) তৃতীয় হওয়া।

ثَلَّثَ : (تَثْلِيث) ত্রিগুণ করা, তিন কপি করা; তিনবার করা; ত্রিকোণী করা; এক-তৃতীয়াংশে কমাইয়া আনা; তিন বিন্দুযুক্ত করা (বর্ণ); ত্রিত্ববাদে বিশ্বাস রাখা।

أَثْلَثَ : (اثلاث) তৃতীয়াংশ রক্ষা করা, তিনভাগে বিভক্ত হওয়া বা করা, তৃতীয় সন্তান জন্ম দেওয়া।

ثُلُث، ثُلْث : এক-তৃতীয়াংশ। ব أَثْلَاث

ثَلَاثَة : তিন। স্ত্রী ثَلَاث

ثَلَاثًا : (ক্রি-বিণ) তিনবার।

ثَلَاثَةَ عَشَرَ : তেরো। স্ত্রী ثَلَاثَ عَشْرَةَ

حُمَّى الثِّلْث : গাঁতাজ্বর, পালাজ্বর।

يَوْمُ الثَّلَاثَاء، الثُّلَاثَاء : মঙ্গলবার।

مَثْلَث، ثُلَاث : (ক্রি বিণ) তিন তিন করিয়া।

ثُلَاثِيّ : তিন অক্ষরবিশিষ্ট (পদ); তিন অংশযুক্ত; ত্রিদলীয়, ত্রিপক্ষীয়।

ثَلْثَان، ثِلْثَان : লতাবিশেষ, Night-shode.

ثَلَاثُون : ত্রিশ।

الثَّلَاثِينَات : ত্রিশের দশক।

ثَالِث : তৃতীয়। স্ত্রী ثَالِثَة

ثَالِثًا : তৃতীয়ত।

تَثْلِيث، ثَالُوث : খ্রিস্টানদের মতে পিতা, পুত্র ও পবিত্র আত্মা– ঈশ্বরের এই তিন রূপ।

تَثْلِيث : ত্রিত্ববাদ।

مُثَلَّث : ত্রিধাবিভক্ত; একদিন অন্তর-অন্তর আসে এমন (জ্বর), ত্রিকোণ; ত্রিকোণী; এক তৃতীয়াংশে হ্রাসকৃত; তিন বিন্দুযুক্ত (বর্ণ)।

مُثَلَّثَات : ত্রিকোণমিতি, Trigonometry.

مَثْلُوث : তিন অংশে গঠিত; তিন কোণবিশিষ্ট; এক তৃতীয়াংশে হ্রাসকৃত।



www.pathagar.com

ثَلَجَ ـُ : (ثَلْج) তুষার বর্ষণ করা (আকাশ)।

~ : (ثُلُوج ~ بِ، إِلَى) বিশ্বাস রাখা।

ثُلِجَ : তুষারাবৃত হওয়া; বোধশক্তি হারাইয়া ফেলা।

ثَلِجَ ـَ : (ثَلَج) শান্ত হওয়া, আনন্দিত হওয়া (মন)।

ثَلَّجَ : (تَثْلِيج) ঠাণ্ডায় অসাড় হওয়া, ঠাণ্ডা হওয়া; বরফ দ্বারা ঠাণ্ডা করা; বরফে পরিণত করা, শান্ত করা; সান্ত্বনা দেওয়া।

أَثْلَجَ : (اثلاج) তুষার বর্ষণ করা (আকাশ); শান্ত হওয়া (মন); তুষারময় হওয়া (দিন); সান্ত্বনা দেওয়া; আনন্দ দেওয়া।

تَثَلَّجَ : বরফে পরিণত হওয়া; ঠাণ্ডা হওয়া; জমাট বাঁধা।

ثَلْج : তুষার, বরফ। ব ثُلُوج

مَثْلُوج، مُثَلَّج، ثَلِج : তুষারাবৃত; বরফ দ্বারা ঠাণ্ডাকৃত; জমাট।

ثَلَّاج : বরফওয়ালা, বরফ বিক্রেতা।

ثَلَّاجَة : আইস-বক্স; রিফ্রিজারেটর।

ثُلَاجِيّ : তুষারের মত সাদা, তুষার শুভ্র, তুষারধবল।

مَثْلَجَة : হিমাগার, তুষারক্ষেত্র, তুষারপাত; রিফ্রিজারেটর; আইস-বক্স।

مَثْلُوج الفُؤَاد : উদাসী, অচেতন।

ثَلَغَ : (ثَلْغ) পাতলা পায়খানা করা (জন্তু)।

ثَلِغَ : (ثَلَغ) ময়লায় সর্বাঙ্গ বিশ্রী করা।

ثَلَّغَ : (تَثْلِيغ) আবর্জনাময় করা, ময়লাযুক্ত করা।

ثَلَطَ : (ثَلْط) অসাড়ে মলত্যাগ করা (জন্তু, ছোট শিশু), গায়ে মল মাখিয়া ফেলা।

ثَلَغَ ـَ : (ثَلْغ)، ثَلَغَ، (ثَلْغ) ভাঙ্গিয়া দেওয়া (মাথা)।

مثلغ : মাটিতে পড়িয়া চূর্ণ-বিচূর্ণ হইয়াছে এমন (খেজুর)।

ثَلَمَ ـ : (ثَلْم) খাঁজ কাটা; ভোঁতা করা (তরবারি); ছিদ্র করা (দেয়াল); নষ্ট করা (সুনাম)।

ثَلَمَ السُّمْعَة، ثَلَمَ الصِّيتَ : কলঙ্ক রটানো, অপবাদ দেওয়া।

ثَلِمَ : (ثَلَم)، تَثَلَّمَ، (تثلم) ভোঁতা হওয়া, খাঁজযুক্ত হওয়া (তরবারি)।

ثَلَّمَ : (تَثْلِيم) খাঁজ কাঁটা; ভোঁতা করা (তরবারি); ছিদ্র করা (দেওয়াল)।

إِنْثَلَمَ : (انثلام) ভোঁতা হওয়া, পার্শ্ব খাঁজযুক্ত হওয়া (তরবারি); বিনষ্ট হওয়া (সুনাম), ভঙ্গুর হওয়া।

ثَلْم، ثُلْمَة : ثَلْم খাঁজ, ফাঁক, ছিদ্র, ফাটল। ব ثُلَمٌ

ثَلْمُ الصِّيت : কলঙ্ক, অপবাদ।

ثَالِم : ভোঁতা।

مَثْلُوم : কলংকিত।

مُتَثَلِّم : ভোঁতা।

مُتَثَلِّمُ الصِيت : কুখ্যাত।

ثَمَّ ـُ : (ثَمّ) তুলিয়া লওয়া, সংগ্রহ করা; স্তূপীকৃত করা; মেরামত করা।

إِنْثَمَّ : (انثمام) বৃদ্ধ হওয়া, দুর্বল হওয়া।

ثَمّ : মেরামত।

ثَمَّ، ثَمَّه : এখানে, সেখানে।

مِنْ ثَمَّ : অতএব, সেই কারণে।

ثَمُّه ورَمُّه : তাঁহার গুণাগুণ।

ثُمَّ : তখন; তাহার পর, অতঃপর; অধিকন্তু; এবং, আবার।

ثَمَّة : অতি বৃদ্ধ।

ثُمَامَة، ثُمَام : এক প্রকার ঘাস।

ثَمَأَ ـَ : (ثَمْأ) চর্বিযুক্ত খাদ্য খাওয়া; ভাঙ্গিয়া দেওয়া।

إِنْثَمَأَ : (انثماء) ভাঙ্গিয়া যাওয়া।

ثَمَجَ ـِ : (ثَمْج) মিশ্রিত করা।



www.pathagar.com

ثَمَدَ ـُ : (ثَمْد) গর্ত খনন করা; নিঃশেষ করা।

أَثْمَدَ، إِسْتَثْمَدَ : (اسْتِثْمَاد، اثْمَاد) সুরমা লাগানো, পানির গর্ত খনন করা, আনুকূল্য প্রার্থনা করা।

ثَمْد، ثَمَد : শুকনা ডোবা। ব ثِمَاد، أَثْمَاد

ثَمُود : সামূদ, প্রাচীন আরবের একটি গোত্র।

إِثْمِد، أُثْمُد : কালো সুরমা।

ثَمَرَ ـُ : (ثُمُور) ফল ধরা (গাছ); ধনী হওয়া।

ثَمُرَ : অধিক হওয়া (সম্পদ)।

ثَمَّرَ : (تَثْمِير) বৃদ্ধি করা (সম্পদ); বিনিময় করা (মূলধন)।

أَثْمَرَ : (إِثْمَار) ফল ধরা (গাছ); ফল দেওয়া; সম্পদশালী হওয়া।

إِسْتَثْمَرَ : (اسْتِثْمَار) ফলপ্রদ পাওয়া, ফলপ্রসূ করা; সম্পত্তি ভোগ করা; মুনাফা করা; কাজে লাগানো; বিনিয়োগ করা (মূলধন)।

ثَمَر : ফল, পরিণাম, সম্পত্তি; মুনাফা; আয়; উপকারিতা। ব ثِمَار، ثُمُر، أَثْمَار

ثَمَرَة : ফল; মুনাফা; আয়; চাবুকের প্রান্তস্থিত গিঁট; (জিহ্বার) ডগা; (মাথার) চামড়া; সন্তান; টুকরা (মেঘ)। ব ثَمَرَات

ثَامِر : ফলবান (গাছ); এক জাতীয় শিম, (Kidney-bean).

إِثْمَار : ফলদান।

إِسْتِثْمَار : বিনিয়োগ; লগ্নি, ফল লাভ।

مُثْمِر : ফলপ্রদ, ফলপ্রসূ; লাভজনক; উৎপাদনশীল।

مُسْتَثْمِر : বিনয়োগকারী।

مُسْتَثْمَر : বিনিয়োগকৃত; লাভজনক।

ثَمَغَ ـُ : (ثَمْغ) বহুরঙে রঞ্জিত করা (কাপড়, চুল); ভাঙ্গিয়া ফেলা।

ثَمِلَ ـَ : (ثَمَل) মাতাল হওয়া; অবশিষ্ট থাকা।

ثَمَلَ ـُ : (ثُمُول، ثَمْل) অবস্থান করা, বাস করা; অবশিষ্ট থাকা (পানি); সাহায্য করা; খাওয়ানো; রাখিয়া দেওয়া (অবশিষ্টাংশ)।

ثَمَّلَ : (تَثْمِيل) সুরমুগ্ধ করা (গায়ক)।

أَثْمَلَ : (إِثْمَال) ফেনাইয়া উঠা (দুধ); মাতাল করা (মদ্যপান)।

ثَمَل : মাতলামি; নিবাস, অবস্থান; ছায়া।

ثَمِل : মাতাল।

ثَمَلَة : (পাত্রে) পানি, মদ ইত্যাদির অবশিষ্টাংশ; মাতলামি। ব ثُمُلٌ

ثُمَالَة : (পাত্রে) পানি, মদ ইত্যাদির অবশিষ্টাংশ; ফেনা। ব ثِمَالٌ

ثِمَال : পরিবেশক, পরিচালক, নেতা।

ثَمِيل : মাতাল; টক দুধ। স্ত্রী ثَمِيلَةٌ ব ثَمَائِلُ

مَثْمَلَة : বৃহৎ পাত্র। ব مَثَامِلُ

مِثْمَلَة : তালপাতার ঝুড়ি; মেষপালকের থলি; নরম মাটি। ব مَثَامِلُ

ثَمَنَ ـُ : (ثَمْن) এক-অষ্টমাংশ গ্রহণ করা।

ثَمْن : অষ্টম হওয়া।

ثَمُنَ ـُ : أَثْمَنَ : (إِثْمَان، ثَمَانَة) মূল্যবান হওয়া।

ثَمَّنَ : (تَثْمِين) আনুমানিক মূল্য নির্ধারণ করা; আট পর্যন্ত বর্ধিত করা; অষ্টকোণী করা।

ثَامَنَ : (مُثَامَنَة) মূল্য আলোচনা করা।

أَثْمَنَ : সংখ্যায় আট হওয়া; মূল্য দেওয়া; দাম লইয়া বিক্রয় করা।

ثَمَن : মূল্য, দাম, বিনিময়। ব أَثْمُن، أَثْمِنَة، أَثْمَان

ثَمَانٍ : আট। স্ত্রী ثَمَانِيَة

سَبْع فِى ثَمَانِيَة : দৈর্ঘ্যে সাত গজ প্রস্থে আট বিঘত।

ثَمَانِى عَشْرَةَ : ثَمَانِيَة عَشَرَ : আঠারো। স্ত্রী

أَثْمَان ব । ثَمِين، ثُمُن، ثُمْن : এক-অষ্টমাংশ।

ثَامِن : অষ্টম। স্ত্রী ثَامِنَة

ثَامِن عشر : অষ্টাদশ। স্ত্রী ثَامِنَة عَشْرَة

ثَمَانُون : আশি।

الثَّمَانِينَات : আশির দশক।

إِبِلٌ ثَوَامِن : পিপাসিত উট।

مُثْمِن، ثَمِين : মূল্যবান, বহুমূল্য, দামি। ব أَثْمَان

تَثْمِين : মূল্য নির্ধারণ।

مُثَمِّن : মূল্য নির্ধারক।

مُثْمَن : দামে বিক্রীত।

مُثَمَّن : অষ্টকোণী; অষ্টপদী (কবিতা); মূল্য নিরূপিত, মূল্যবান।

مُثْمَن، مَثْمُون : মূল্যবান বস্তু।

لاَيُثَمَّن : অমূল্য; মূল্যহীন।

أَثَنَّ : (إِثْنَان) শীর্ণ হওয়া, ক্লান্ত হওয়া (বৃদ্ধ লোক)।

ثِنّ : শুকনা লতাপাতা। ব ثِنَانٌ

ثُنَّة : অশ্ব খুরের উর্ধ্বাংশে উদ্‌গত লোম (গুচ্ছ) (Fetlock). ব ثُنَن

ثَنِتَ : ـَ (ثَنَت) দুর্গন্ধযুক্ত হওয়া (গোশত)।

ثُنْدُوَة : (পুরুষের) বক্ষ, স্তন, সম্মুখ ভাগ। ব ثَنَاد

ثَنَى : ـِ (ثَنْي) জোড়া করা, দ্বিগুণ করা, ভাঁজ করা, বাঁকা করা; বাঁধা; গোপন রাখা (ঘৃণা)।

~ عَنْ : বাধা দেওয়া, ফিরাইয়া আনা, সরাইয়া নেওয়া।

ثَنَى صَدْرَه : বিদ্বেষ পোষণ করা।

لاَ يَثْنِي وَلاَ يَثْلُث : সে আর হাঁটিতে সক্ষম নহে।

ثَنَّى : (تَثْنِيَة) দ্বিগুণ করা; দ্বিবচন করা (ব্যা); দ্বিতীয়বার করা; বিনুনি করা; ভাঁজ করা; দুই বিন্দুযুক্ত করা (বর্ণ); সমর্থন করা।

أَثْنَى : (إِثْنَاء) যে উটের কর্তনদন্ত পড়িয়া গিয়াছে।

أَثْنَى عَلَى، ثَنَّى عَلَى : প্রশংসা করা; ধন্যবাদ দেওয়া; নিন্দা করা।

أَثْنَى ~ عَنْ : ফিরাইয়া রাখা, বিরত রাখা।

تَثَنَّى : দ্বিগুণ হওয়া, ভাঁজ হওয়া, নুইয়া হাঁটা, গর্বভরে হাঁটা।

إِنْثَنَى : (إِنْثِنَاء) দ্বিগুণ হওয়া, অবনমিত হওয়া, আনত হওয়া, ঝুঁকিয়া পড়া, ভাঁজ হওয়া।

~ عَنْ : সরিয়া যাওয়া, ফিরিয়া আসা, এড়াইয়া যাওয়া, পরিত্যাগ করা।

~ إِلَى : আত্মনিয়োগ করা, মনোযোগ দেওয়া; ফিরিয়া আসা, করিতে প্রস্তুত হওয়া।

إِسْتَثْنَى : (إِسْتِثْنَاء) বাদ দেওয়া; সরাইয়া দেওয়া; ব্যতিক্রম করা, অব্যাহতি দেওয়া।

ثَنْي : ঝোঁক; বাধা প্রদান, বাঁকানো, ভাঁজকরণ, সরানো।

فِي أَثْنَاءِ ,أَثْنَاءَ : অসময়ে, ইতোমধ্যে, সময়ের মধ্যে।

ثِنْي : ভাঁজ; বক্রতা, মোড়, বাঁক; পাক; পেঁচ। ব أَثْنَاء

فِي أَثْنَاءِ ذٰلِكَ : এই সময়ের মধ্যে, ইতোমধ্যে।

ثَنَاء : প্রশংসা; ধন্যবাদ, কৃতজ্ঞতা, নিন্দা। ব أَثْنِيَة

ثَنَائِي : প্রশংসাসূচক।

مَثْنَى، ثُنَاء : দুই দুই করিয়া।

ثُنَائِيّ : দ্বৈত; দ্বিত; দ্বিপাক্ষিক।

ثُنَائِيّ العُيُون : বাইনোকুলার (যন্ত্রবিশেষ), Binocular.

ثُنَائِيّ الورقات : দ্বিপত্র।

ثُنَائِي الزَّاوِيَة : দ্বিকোণ, Biangular.

ثَنَوِيّ : দ্বৈতবাদী।

ثُنَائِيَّة ,ثَنَوِيَّة : দ্বৈতবাদী।



www.pathagar.com

ثَنِيَّة : কর্তন দণ্ড। পথ, পাহাড়ের সরুপথ; ভাঁজ। ব ثَنِيَّات ,ثَنَايَا

ثَنِيّ : যে উট পাঁচ বৎসর অতিক্রম করিয়া ষষ্ঠ বর্ষে পড়িয়াছে।

ثُنْيَا : বাদ দেওয়া অংশ; মাথা ও পা (পশুর), দুই প্রান্ত (বস্তুর)।

إِثْنَان : দুই। স্ত্রী إِثْنَتَان ,ثِنْتَان

الإِثْنَيْن ,يَوْمُ الإِثْنَيْن : সোমবার।

إِثْنَا عَشَرَ : বারো। স্ত্রী إِثْنَتَا عَشْرَةَ

ثَانِي : দ্বিতীয়, পরবর্তী, অন্য। স্ত্রী ثَانِيَة

ثَانِي عَشَر : দ্বাদশ। স্ত্রী ثَانِيَة عَشَرَة

ثَانِيًا ,ثَانِيَةً : দ্বিতীয়ত, পুনরায়, আবার।

ثَانِيَة : সেকেন্ড। ব ثَوَانٍ

ثَانَوِيّ : মাধ্যমিক।

مَدْرَسَة ثَانَوِيَّة : মাধ্যমিক বিদ্যালয়।

شَهَادَة ثَانَوِيَّة : মাধ্যমিক স্কুল সার্টিফিকেট।

إِسْتِثْنَاء : ব্যতিক্রম, বাদ।

إِسْتِثْنَائِي : ব্যতিক্রমী।

إِنْثِنَاء : বক্রতা; নমনীয়তা, প্রত্যাগমন।

تَثْنِيَة : ভাঁজ, পাক, বিনুনি; পুনরাবৃত্তি; প্রশংসা; দ্বিবচন (ব্যা), দ্বিত্বকরণ।

تَثْنِيَة الإِشْتِرَاع : তাওরাতের পঞ্চম পুস্তক।

مَثْنَى : বীণার দ্বিতীয় তার। ব مَثَانٍ

مَثْنِيّ : বাঁকা, মোড়ানো, ভাঁজকৃত, দ্বিগুণকৃত।

مُثَنًّى : দ্বিগুণকৃত; দ্বিবচন (ব্যা), দুই বিন্দুযুক্ত (বর্ণ)।

مُسْتَثْنَى ব্যতিক্রম, যাহা বাদ দেওয়া হইয়াছে।

ثَابَ ـُ : (ثُؤُوب، ثَوْب) অধিক হওয়া (সম্পদ); পরিপূর্ণ হওয়া, একত্রিত করা (লোক); সংগ্রহ করা (পানি); উৎক্ষিপ্ত হওয়া (ধূলি); বিবাহ করা।

~إِلَى : ফিরিয়া আসা, প্রত্যাবর্তন করা।

ثَوَبَان : স্বাস্থ্য ফিরিয়া পাওয়া, আরোগ্য লাভ করা।

ثَوَّبَ : (تَثْوِيب) পুরস্কার দেওয়া, প্রতিদান দেওয়া; নামাযের প্রস্তুতির জন্য আযানের পরে ডাকা।

أَثَابَ : (اِثَابَة) প্রতিদান দেওয়া; পরিশোধ করা, ক্ষতিপূরণ দেওয়া; ফিরাইয়া আনা; স্বাস্থ্য ফিরাইয়া দেওয়া (আল্লাহ); স্বাস্থ্য ফিরিয়া পাওয়া।

تَثَوَّبَ : নফল এবাদত করা; পুরস্কার লাভ করা।

تَثَاوَبَ : হাই তোলা।

إِسْتَثَابَ : (اِسْتِثَابَة) প্রতিদান চাওয়া; ফিরিয়া পাওয়া (স্বাস্থ্য)।

ثَوْب : কাপড়; পোশাক; আচরণ; মহিলাদের গাউন। ব أَثْوُب ,أَثْوَاب , ثِيَاب

طَاهِرُالثِّيَاب : সচ্চরিত্র।

دَنِس الثِّيَاب : দুশ্চরিত্র।

نَقِيّ الثَّوْب : নিষ্কলঙ্ক।

ثَوَاب : পুরস্কার, প্রতিদান; কৃতিত্ব; মধু; মৌমাছি; বৃষ্টি।

ثَوَّاب : বস্ত্র ব্যবসায়ী, সাজসজ্জা সরবরাহকারী।

إِثَابَة : প্রতিদান।

تَثْوِيب : প্রতিদান; আযানের পরে নামাযের প্রস্তুতির ডাক।

مَثَابَة ,مَثَاب : গন্তব্যস্থল, মিলনকেন্দ্র, প্রত্যাবর্তনস্থল।

مَثُوبَة ,مَثْوَبَة : পুরস্কার, পুণ্য।

ثَوْج : মাটি বহন করিবার ঝুড়ি।

ثَاخَ ـُ : (ثَيْخ، ثَوْخ) কাদায় ডুবিয়া যাওয়া (পা); নরম বস্তুতে ডুবা (আঙুল)।

ثَارَ ـُ : (ثَوَرَان، ثُؤُور، ثَوْر) আকাশে উড়া (ধূলি, পাখি); আন্দোলিত হওয়া; উত্থিত হওয়া; ক্রুদ্ধ হওয়া; জাগিয়া উঠা, আলোড়িত হওয়া, উত্তেজিত হওয়া; বিদ্রোহ করা; প্রজ্বলিত হওয়া (যুদ্ধ); সংক্রমিত হওয়া (রোগ)।



www.pathagar.com

ثَارَ ثَـائِرُهُ : ক্রোধোন্মত্ত হওয়া, মেজাজ হারাইয়া ফেলা।

ثَوَّرَ,(تثوير) أَثَارَ (اثارة), إِسْتَثَارَ (استـثـارة) : ছড়াইয়া দেওয়া; উড়াইয়া দেওয়া (ধূলি); আন্দোলিত করা, আলোড়িত করা; উত্তেজিত করা; জাগ্রত করা, উত্থিত করা; অনুসন্ধান চালানো; কর্ষণ করা (ভূমি)।

ثَاوَرَ : (مثـاورة) আক্রমণ করা।

تَثَوَّرَ : উত্থিত হওয়া; ছড়াইয়া পড়া; জাগ্রত হওয়া।

ثَوْر : ষাঁড়; বৃষরাশি; বোকা; ফুসকুড়ি; পনিরের টুকরা; মক্কার একটি পাহাড়- হিজরতের সময় রাসূলুল্লাহ (স) এখানে আশ্রয় গ্রহণ করিয়াছেন এবং এই নামে মদীনায়ও একটি ক্ষুদ্র পাহাড় আছে। ব ثِيرَان ,أَثْوار

ثَوَرَان : উত্তেজনা, বিস্ফোরণ; ধূলিঝড়।

ثَوْرَة : উত্তেজনা, বিপ্লব, বিদ্রোহ, উত্থান, বিস্ফোরণ, গাভী।

ثَوْرِيّ ,ثَوْرَوِيّ : বৈপ্লবিক; বিপ্লবী।

ثَائِر : উত্তেজিত, ক্রুদ্ধ, উন্মত্ত, বিদ্রোহী; ক্রোধ, আবেগ; উৎক্ষিপ্ত (ধূলি)।

ثَائِرَة : দাঙ্গাহাঙ্গামা; হৈচৈ, চিৎকার, উত্তেজনা। ব ثَوَائِر

إِثَارَة : উত্তেজিতকরণ।

مُثِير : উত্তেজনাকর; উত্তেজক; উদ্দীপক; প্ররোচক।

ثَاعَ ـُ : (ثَوْع) প্রবাহিত হওয়া (পানি)।

ثَوِلَ ـَ : (ثَوَل) ,إِثْوَلَّ মাথাঘোরা রোগে আক্রান্ত হওয়া (ভেড়া)।

ثَـوِلَ ـَ : (ثَـوَل، ثـول) ـُ (ثَـوْل) বিকৃত মস্তিষ্ক হওয়া, পাগল হওয়া।

تَثَوَّلَ : ঝাঁক বাঁধিয়া চলা (মৌমাছি),সংঘবদ্ধ হওয়া।

إِنْثَالَ ~ عَلَى : আচ্ছন্ন করা (ধূলি); ভিড় করা, ঝাঁক বাঁধিয়া চলা, ঘিরিয়া ফেলা।

إِثْـوَلَّ : (اثْـوِال) মাথা ঝিমঝিম করা।

ثَوْل : মাথা ঝিমঝিমানি, মাথাঘোরা রোগ (ভেড়া ইত্যাদির); মৌমাছির ঝাঁক। স্ত্রী ثَوْلَاءُ ব ثُوْلٌ

ثَوَل : মাথা ঝিমঝিমানি, মাথাঘোরা রোগ।

ثُوبِلَة : উচ্ছৃঙ্খল জনতা।

أَثْوَل : মাথাঘোরা রোগে আক্রান্ত (ভেড়া), মাথা ঝিমঝিম করে এমন, আলস্যপরায়ণ (মানুষ)। স্ত্রী ثَوْلَاء

ثُوم : রসুন।

ثُومَة : তরবারির হাতল, রসুনের গোড়া।

ثَوَى ـِ : (مَثْـوًى، ثَوِيّ، ثَوَاء) থামা, অবস্থান করা, বসবাস করা, নিবাস স্থাপন করা, থাকিয়া যাওয়া; মরিয়া যাওয়া।

ثُوِيَ : সমাহিত হওয়া।

ثَوَّى : আটকাইয়া রাখা।

أَثْوَى : (اِثْوَاء) অবস্থান করা, বাস করা; থাকিতে দেওয়া; বাসস্থান যোগানো।

ثُوَّة : আসবাবপত্র, গৃহসামগ্রী; রাস্তার সংকেত ফলক। ব ثُوًى

ثَوِيّ : অতিথি; বন্দী; অতিথিকক্ষ। ব أَثْوِيَةٌ، أَثْوِيَاء

ثَاوَة ,ثَايَة ,ثَاوِيَّة : গবাদি পশুর খোয়াড়।

ثَاوٍ : বাসিন্দা, নিমন্ত্রণকারী। স্ত্রী ثَاوِيَة ব ثَوَايَا

مَثْوًى : আবাস, বাসস্থান, বিশ্রামাগার, সরাইখানা, বোর্ডিং, হোস্টেল। ব مَثَاوٍ

ثَيَّبَ (تثـيـب)، تَثَيَّبَ : স্বামী হইতে বিচ্ছিন্ন হওয়া (স্ত্রীলোক)।

ثَيِّب : বিবাহিত পুরুষ বা স্ত্রী, বিধবা, তালাকপ্রাপ্তা, অকুমারী। ব পুং ثَيِّبُون, স্ত্রী ثَيِّبَات

ثَيْتَل : বন্য ছাগবিশেষ। ব ثَيَاتِل

ثِيل ,ثَيِّل : এক প্রকার ঘাস; চাবুক।

ثِين : মুক্তা-ডুবুরি।



www.pathagar.com

ج : জীম– আরবী বর্ণমালার পঞ্চম হরফ, ইহার গাণিতিক মান– তিন।

جَأَبَ - َ : (جَأْبَة) অর্জন করা (সম্পদ); গিরিমাটি বিক্রয় করা।

جَأْب : লাল গিরিমাটি, উপার্জন, বন্য হরিণ; সিংহ।

جَأَبَةُ البَطْنِ : নাভি।

الجَأْبُون : গ্যাবন, বৃহদকায় বানর।

جَأَثَ - َ :(جَأْث) বোঝা লইয়া মন্থরগতিতে হাঁটা।

جَئِثَ - َ : (جَأْث) বোঝায় ভারাক্রান্ত হওয়া।

جُئِثَ : আতংকিত হওয়া।

أَجْأَثَ : (اِجْئَات) অত্যধিক বোঝা চাপাইয়া দেওয়া।

جَأْجَأَ : (جَأْجَأَة) "جِئْ جِئْ" : বলিয়া উটকে পানির দিকে ডাকা।

~ (تَجَأْجَأَ) : বিরত থাকা, পরিহার করা।

جاجئ ব جؤجؤ : পাখির বক্ষ; জাহাজের অগ্রভাগ।

جَأَرَ - َ : (جُؤُور، جُؤَار، جَأْر) হাম্বা রব করা (ষাঁড়), গর্জন করা।

~ إِلَى : মিনতি করা, সনির্বন্ধ অনুরোধ করা।

~ : (جَأْر) জন্মানো, বৃদ্ধি পাওয়া (ঘাস)।

جَأْر : লম্বা (ঘাস); প্রচুর উৎপন্ন (গাছপালা); প্রচুর বৃষ্টি।

~ جُؤَار : হাম্বা রব।

جَار : (جور) প্রতিবেশী।

جَئِر ,جَئَّار : মোটা, স্থূলকায়।

جُؤَار : সাহায্যের জন্য আহ্বানের ধ্বনি।

جَئِزَ - َ : (جَأْز) ~ بِ বাধাপ্রাপ্ত হওয়া, ব্যাহত হওয়া, রুদ্ধ হওয়া, গলায় আটক হওয়া।

جَأَشَ - َ : (جَأْش) ভয়, দুঃখ, কষ্ট ইত্যাদিতে প্রবলভাবে আলোড়িত হওয়া (মন); অস্থির হওয়া।

جَأْش : প্রচণ্ড উত্তেজনা; আবেগ, আলোড়ন, অস্থিরতা; হৃদয়, আত্মা; দৃঢ়তা; ভয়।

جُؤْشُوش : বক্ষ; শক্ত গঠন (মানুষ); মনুষ্যদল; রাতের অংশ।

جَأَفُ - َ : (جَأْف) শোয়াইয়া দেওয়া; ভয় দেখানো, উৎপাটিত করা (গাছ)।

جَاكِيتَة، جَاكِتَّة، جَاكِيت، جَاكِت : জ্যাকেট।

جَأَلَ - َ : (جَأْل) একত্রিত করা, একত্রিত হওয়া (পশম)।

جَئِلَ - َ : (جَأَلَان) খোঁড়ানো, খোঁড়া হওয়া।

جَيْئَل : হায়না, নেকড়ে।

جَالُوت : দৈত্য, দানব; জালূত (Gotiath).

جَالُون : গ্যালন।

جَالِيرِى : গ্যালারি।

جَامُوس : (جمس) মহিষ।

جَانْدَارْك : জোয়ান অব আর্ক, ফরাসী বীরাঙ্গনা।

جَاه : (جوه) মহত্ত্ব, উদারতা, গৌরব, পদমর্যাদা, সম্ভ্রম।

جَاوَة ,جَوا : জাভা।

جَاوَدَارَ : রাই, Rye.

جَاوِيش : (جوش) সার্জেন্ট।

جَأَى - َ : (جُؤَة، جُؤْوَة) পিঙ্গলবর্ণ হওয়া (অশ্ব)।

~ : (جَأْو) মেরামত করা (কাপড়-চোপড়); ঢাকিয়া রাখা, লুকাইয়া রাখা; আটকাইয়া রাখা; দেখিয়া রাখা, চরানো (পশুপাল)।



www.pathagar.com

جَئِيَ : (جَأًى) পিঙ্গলবর্ণ হওয়া।

جُؤْوَةٌ : (বি) পিঙ্গলবর্ণ; গাঢ়লাল।

أَجْأَى : (বিণ) পিঙ্গলবর্ণ। স্ত্রী جَأْوَاءُ

جَبَّ : (جَبٌّ) বিচ্ছিন্ন করা; খাসি বা খোজা করা, পরাভূত করা, নিতম্ব বা বুক চাপা হওয়া।

~ : (جِبَابٌ) পুষ্পরেণু অনুপ্রবিষ্ট করানো (খেজুর গাছ)।

جَبَّبَ : (تَجْبِيبٌ) দ্রুত পলায়ন করা; সংকুচিত হওয়া; সাদা পা বিশিষ্ট হওয়া (অশ্ব)।

جَابَّ : (جِبَابٌ) সৌন্দর্য ইত্যাদিতে প্রতিযোগিতা করা।

إِجْتَبَّ، تَجَبَّبَ : (اِجْتِبَابٌ) জুব্বা পরিধান করা।

تَجَابَّ : (تجابٌ) একে অপরের বোন বিবাহ করা।

جُبٌّ : গভীর কূপ, পানি ইত্যাদি তরল পদার্থ রাখিবার পাত্র; গর্ত; গুহা; ঝোপ, ভূ-গর্ভস্থ অন্ধকার কারাকক্ষ। ব جِبَبَةٌ، أَجْبَابٌ، جِبَابٌ

جُبَّةٌ : ঢিলা জামাবিশেষ, জুব্বা, চক্ষুর হাড়। ব جِبَابٌ، جَبَائِبُ، جُبَبٌ

تَجْبِيبٌ، جَبَبٌ : ঘোড়ার পা হইতে হাঁটু পর্যন্ত সাদা পশম।

جُبَابٌ، جَبَابٌ : অভাব, দুষ্প্রাপ্যতা।

مُجَبَّبٌ : পা হইতে হাঁটু পর্যন্ত সাদা পশমবিশিষ্ট (অশ্ব)।

مَجْبُوبٌ : খোজা।

جَبَأَ : (جُبُوءٌ، جِبَاءٌ، جَبْأٌ) আত্মগোপন করা।

~ عَلَى : হঠাৎ সম্মুখে পড়া (সাপ, বন্যজন্তু)।

~ : (جُبُوءٌ، جَبْأٌ) ~ عَنْ বিরত হওয়া, ভয়ে পিছাইয়া আসা; ঠিকরাইয়া ফিরিয়া আসা (চক্ষু, তরবারি)।

جَبْءٌ : বদ্ধ পানির গর্ত। ব أَجْبُؤٌ ,جِبَاءٌ

جُبَأَةٌ، جُبَّأٌ : কাপুরুষ।

جِبْتٌ : মূর্তি; যাদুবিদ্যা; মায়াবী, যাহাতে কোন কল্যাণ নাই।

جَبْجَبَ : যাত্রা করা, মোটা হওয়া।

جُبْجُبَةٌ : রোমন্থক প্রাণীর পাকস্থলী; (মজুরের) চামড়ার ঝুড়ি; ঢাক। ব جَبَاجِبُ

جَبْحٌ : মৌচাক। ব أَجْبُحٌ , جِبَاحٌ ,أَجْبَاحٌ

جَبْخَانَةٌ ,جَبَخَان (তু) বারুদ-ভাণ্ডার, গোলাবারুদ, কার্তুজ, অস্ত্রাগার।

جَبَذَ : (جَبْذٌ) : ـُ جَبَذَ টানা, আকর্ষণ করা, খেজুর শুকাইয়া ছোট হওয়া।

جَبَرَ : ـُ : (جُبُورٌ، جَبْرٌ) মেরামত করা, সংশোধন করা; যথাস্থানে বসানো বা বসা (ভাঙ্গা হাড়); সচ্ছল করা, পূর্বাবস্থায় ফিরাইয়া আনা; পূর্বাবস্থায় ফিরিয়া আসা; বাধ্য করা, বল প্রয়োগ করা।

جَبَرَ الخَاطِرَ : রাজি করানো; খুশি করা।

جَبَرَ القَلْبَ : সান্ত্বনা দেওয়া।

جَبَرَ الفَقِيرَ : দরিদ্রকে সাহায্য করা।

جَبَّرَ : (تَجْبِيرٌ) যথাস্থানে বসানো (ভাঙা হাড়)

جَابَرَ : (مُجَابَرَةٌ) বন্ধুসুলভ আচরণ করা, সহানুভূতিসম্পন্ন হওয়া।

أَجْبَرَ ، جَبَرَ عَلَى : (إِجْبَارٌ) বাধ্য করা, বল প্রয়োগ করা।

تَجَبَّرَ : যথাস্থানে বসা (হাড়); ঔদ্ধত্য প্রদর্শন করা, স্বেচ্ছাচারী হওয়া।

إِنْجَبَرَ : (اِنْجِبَارٌ) পূর্বাবস্থায় ফিরিয়া যাওয়া; সংশোধিত হওয়া।

إِسْتَجْبَرَ : (اِسْتِجْبَارٌ) সম্পদ পুনরুদ্ধার করা।

جَبْرٌ : যথাস্থানে স্থাপন; শক্তি, বাধ্যবাধকতা, দমননীতি; নিয়তি, ক্ষতিপূরণ; অহঙ্কার; রাজা; দাস; ঘৃত কুমারী গাছ। ব جِبَارٌ

عِلْمُ الجَبْرِ : বীজগণিত, Algebra.

جَبْرًا : জোরপূর্বক।

جُبَارٌ : প্রতিশোধ বা ক্ষতিপূরণহীন।

جِبَارَةٌ : ভাঙা হাড় যথাস্থানে বসানোর বিদ্যা। ব جَبَائِرُ



www.pathagar.com

جَبَرُوت، جَبْرُوت : শক্তি, অসীম শক্তি; অহঙ্কার, স্বেচ্ছাচার।

جَبْرِى : বীজগণিত সম্বন্ধীয়; আবশ্যিক; জোরপূর্বক; অদৃষ্টবাদী।

جِبْرِيَاء : অহঙ্কার, ঔদ্ধত্য।

جَبْرِيَّة : মানুষের ইচ্ছাশক্তি ও কর্মের স্বাধীনতায় অবিশ্বাসী এবং ভাগ্য পূর্ব হইতে নির্ধারিত- এই মতবাদে বিশ্বাসী।

جَبِيرَة : পটি; ভাঙা হাড় যথাস্থানে বসাইবার জন্য উহার সহিত যে কাষ্ঠখণ্ড বাঁধিয়া দেওয়া হয়, বন্ধফলক, Splint. চামড়ার ব্যাগ; পোর্টফলিও। ব جَبَائِر

جَابِر : যথাস্থানে স্থাপনকারী (ভাঙা হাড়); আবশ্যিক; বলপ্রয়োগে বাধ্যকারী; স্বেচ্ছাচারী শাসক।

جَابِربن حَبَّة ,أَبُوجَابِر : রুটি।

جَبَّار : শক্তিশালী, মহাশক্তিধর (আল্লাহ); অহঙ্কারী, দানব; নির্দয় (অন্তর); স্বেচ্ছাচারী শাসক; অত্যাচারী; উঁচু পাম-গাছ। ব جَبَابِرَة

اَلْجَبَّار : আল্লাহর এক নাম; মিথুনরাশি।

إِجْبَار : বাধ্যকরণ, বাধ্যবাধকতা, বলপ্রয়োগ, দমননীতি।

إِجْبَارِى : বাধ্যবাধকতামূলক; আবশ্যিক।

مُجَبِّر : শল্য চিকিৎসক, ভাঙা হাড় যথাস্থানে স্থাপনকারী।

مَجْبُور : যথাস্থানে স্থাপিত (হাড়); বাধ্য।

جِبْرَائِيل، جِبْرَائِيل، جَبْرِيل : (হি) জিব্রাঈল ফিরিশতা, আল্লাহর বান্দা।

جَبَزَ - ُ : (جَبْز) বিচ্ছিন্ন করা, কাটিয়া ফেলা।

جَبُزَ - ُ : (جَبَازَة) শুকনা হওয়া (রুটি)।

جِبْز : মোটা, পুরু; শক্ত; লোভী; নীচ।

جَبِيز : শুকনা রুটি।

جَبَّسَ : (تجبيس) প্লাস্টার করা।

تَجَبَّسَ : গর্বভরে চলা।

جِبْس : প্লাস্টার, (Plaster); এক ধরনের সাদা গুঁড়া যাহাতে পানি মিশাইয়া লেই করা যায় এবং তাহা শুকাইলে খুব শক্ত হয়, (Plaster of paris), জিপসাম, (Gypsum), ~ ব جُبُوس، أَجْبَاس ভীরু।

جَبَس : এক প্রকার তরমুজ।

جَبَّاسَة : চুনের ভাটি; জিপসাম খনি।

مَجْبُوس، أَجْبَس، جَبِيس : কুখ্যাত।

جَبَلَ - ُ : (جَبْل) গঠন করা; তৈয়ার করা; সৃষ্টি করা, মিশ্রিত করা; পিষিয়া তাল পাকানো, স্বভাবজাত চরিত্র প্রদান করা (আল্লাহ)।

أَجْبَلَ : (اجبال) পাহাড়ে গমন করা; ভূত্বক খনন করিয়া পাথর-স্তর পর্যন্ত পৌঁছা; নিরাশ হওয়া।

تَجَبَّلَ : পাহাড়ে প্রবেশ করা।

جَبْل : গঠন, সৃষ্টি; পুরু, মোটা; আঙ্গিনা; ভোঁতা (তরবারি) : বড় বাটি। ব أَجْبُلٌ، جُبُولٌ

جُبْل : শুকনা গাছ।

جَبَل : পাহাড়, পর্বত, পর্বতমালা; কৃপণ। ব أَجْبَال، جِبَال

إِبْنَةُ الجَبَل : প্রতিধ্বনি; সাপ; দুর্যোগ।

أَنْفُ الجَبَل : শৈলান্তরীপ।

جَبَلُ طَارِق : জিব্রাল্টার প্রণালী।

جَبَلُ جَلِيد : হিমশৈল, ভাসমান বরফের পাহাড়।

جَبَل نَار : আগ্নেয়গিরি।

جَبَلِىّ : পর্বত সংক্রান্ত; পার্বত্য।

جِبِلَّة، جُبُلَّة، جَبَلَة، جِبْلَة : স্বভাব, দেহের স্বাভাবিক বর্ণ, স্বাভাবিক প্রবণতা।

جِبِلّ : দল, সম্প্রদায়।

جِبِلِّى : স্বভাবজাত, জন্মগত; অপরিহার্য।

جِبَال : মানবদেহ।

جَبْلَايَة : কৃত্রিম পাহাড়ে নির্মিত গুহা।

جَبَلَاوِىّ : পর্বতবাসী।

جَبُنَ - ُ : (جَبَانَة، جُبْن) ভীরু হওয়া, ভীত হওয়া, সঙ্কুচিত হওয়া, কাপুরুষ হওয়া।



www.pathagar.com

جَبَّنَ : (تَجْبِيْن) ভীরু বলিয়া অভিযুক্ত করা, কাপুরুষরূপে দেখিতে পাওয়া; দধিতে পরিণত করা (দুধ), পনির তৈয়ার করা, দধি তৈয়ার করা।

أَجْبَنَ، إِجْتَبَنَ : (اِجْبَان، اِجْتِبَان) কাপুরুষরূপে দেখিতে পাওয়া।

تَجَبَّنَ : দধিতে পরিণত হওয়া, পনিরে পরিণত হওয়া (দুধ); নির্ভীক হওয়া, দুর্দম হওয়া (মানুষ)।

جُبْن، جَبَانَة : ভীরুতা, কাপুরুষতা।

جُبْن، جُبُن، جُبُنّ، جُبْنَة : পনির।

دُودَة الجُبْنِ : কীট-পতঙ্গের ডিম।

مَاءُ الجُبْنِ : ছানার পানি।

جَبَان، جَبِـين : ভীরু, কাপুরুষ। ব جُبَنَاء স্ত্রী جَبَانَات

جَبَّان : পনির বিক্রেতা, পনিরওয়ালা।

جَبَّانَة : মরুভূমি, বিশাল প্রান্তর, কবরস্থান। ব جَبَابِينُ

جَبِين : কপাল, ললাট, সম্মুখভাগ; মুখমণ্ডল। ব أَجْبِنَة ,أَجْبُن ,جُبُن

مَجْبَنَة : পনির উৎপাদন-খামার, পনিরবহুল স্থান; দধি।

جَبَهَ : ـَ (جَبْه) কপালে আঘাত করা; মুখামুখি হওয়া।

جَبَّهَ : (تَجْبِيْه) নিচু করা (মাথা); বিরোধিতা করা, প্রতিরোধ করা, প্রতিহত করা।

جَابَهَ : (مُجَابَهَة) প্রতিরোধ করা; সামনা সামনি হওয়া, সম্মুখীন হওয়া।

إِجْتَبَهَ : (اِجْتِبَاه) অপছন্দ করা (পানি)।

جَبَه : কপালের প্রশস্ততা ও সৌন্দর্য।

جَبْهَة : কপাল, ললাট; প্রধান; অপমান, কলঙ্ক, দল। ব جِبَاه ,جَبَهَات

جَبْهَةُ القَوْم : গোত্রপ্রধান।

جَابِه : সম্মুখে আগমনকারী (পশু)।

أَجْبَه : বিস্তৃত ও সুন্দর ললাটবিশিষ্ট; সিংহ। স্ত্রী جَبْهَاء

جَبَا : ـُ (جِبَايَة) - جَبَى ,(جِبًا، جِبَاوَة، جِبْوَة) আদায় করা (কর), সংগ্রহ করা (পানি)।

جَبَّى : (تجبية) সিজদা করা, মাথা নত করা।

إِجْتَبَى : বাছাই করা, নির্বাচন করা, আবিষ্কার করা।

جَبَأ : জলাধার, পানির ট্যাঙ্ক ব أَجْبَاء

جِبَايَة : আদায়, সংগ্রহ; কর, শুল্ক। ব جِبَايَات

جَابٍ : শুল্ক আদায়কারী, পঙ্গপাল। ব جُبَاة

جَابِيَة : ডোবা, বেসিন, Basin.

جَثَّ : ـُ (جَثّ), إِجْتَثَّ (اِجْتِثَاث) কাটিয়া ফেলা, উপড়াইয়া ফেলা (গাছ)।

جُثَّة : দেহ, মৃতদেহ। ব جُثَث , أَجْثَاث

جُثَّةُ المَيْت : মানুষের মৃতদেহ।

جُثَّةُ المَيِّت : জন্তুর মৃতদেহ।

جَثِيث : পাম গাছের বাগান।

المُجْتَثّ : কবিতার ছন্দবিশেষ।

مجثّة : কপিকল। ব مَجَاثّ

جَثَلَ : ـ (جَثْل) তাড়াইয়া নেওয়া।

جَثَلَ ـَ جَثُلَ ـُ : (جُثُولَة، جَثَالَة) জট পাকানো (চুল), ঘন হওয়া (গাছ)।

إِجْثَألّ : ঠাণ্ডায় ডানা ঝাঁপটানো (পাখি); দীর্ঘ ও নিবিড় হওয়া (উদ্ভিদ), উত্তেজিত হওয়া (মানুষ)।

جَثْل, جَثِيل : গুচ্ছবদ্ধ, ঘন, নিবিড়; অন্ধকার।

جَثْلَة : বড় পিপীলিকা; ঘন সন্নিবিষ্ট গাছ। ব جَثْل

جُثَالَة : ঝরাপাতা।

جَاثَلِيق، جَثْلِيق : (গ্রী) প্রাচ্যদেশীয় ক্যাথলিক পাদরি, আর্ক বিশপ। ব جَثَالِقَة

جَثَمَ : ـُ (جُثُوم، جثم) বুকে ভর দেওয়া (মানুষ, পশু), স্থির হইয়া বসা (পাখি), গুটিসুটি মারিয়া থাকা, জড়সড় হওয়া, উপুড় হইয়া শোয়া; লম্বা হওয়া (শস্য), অর্ধেক অতিবাহিত হওয়া (রাত্রি)।

جَثُوم : খরগোশ।



www.pathagar.com

جُثَام ,جَاثُوم : দুঃস্বপ্ন (Nightmare)।

جُثَمَة ,جُثَم ,جَثَّامَة ,جَاثُوم : কুড়ে, অলস, মন্থর (লোক)।

جُثْمَان : দেহ, ব্যক্তি।

جُثْمَانُ الْمَيْت : মৃতদেহ, দেহভস্ম।

مَجْثَم : পাখির নীড়, কুলায়। ব مَجَاثِم

جَثَا : (جُثُوّ) ,جُثِيّ - (جُثِيّ) নতজানু হওয়া, হাঁটু গাড়িয়া বসা।

جَاثَى : (مجاثية) সামনাসামনি হাঁটু গাড়িয়া বসা।

أَجْثَى : (اجثاء) হাঁটু গাড়িয়া বসা।

تَجَاثَى : হাঁটুতে ভর করিয়া বসা।

جُثُوّ : নতজানু অবস্থা।

جَثْوَة ,جُثْوَة : টিলা; পাথরের স্তূপ; সমাধিস্তূপ; দেহ। ব جُثًى، جِبِى

جَاثٍ : নতজানু, আসনপিঁড়ি।

مِجْثَى : বালিশ, উপাধান; গীর্জায় আসন গাড়িয়া বসিবার জন্য পুরু গদিবিশেষ (Hassock)।

جَحْجَحَ : নিরীক্ষা করা; দ্রুত অগ্রসর হওয়া, অহংকার করা।

~ عَنْ : বিরত থাকা।

جَحْجَحَة : সর্বনাশ।

جَحْجَاح : প্রধান ব্যক্তি; দানশীল প্রভু। ব جَحَاجِحَةٌ، جَحَاجِيح

جَحِدَ : (جَحَد) দরিদ্র হওয়া; ধনলোভী হওয়া; শুকনা হওয়া (মাটি)। স্ত্রী جَحْدَاء ব جُحْدٌ

جَحَدَ : ـَ : (جُحُود، جَحْد) অস্বীকার করা, অবিশ্বাস করা; বর্জন করা; প্রতিবাদ করা।

جَحَد، جُحْد، جَحْد : দারিদ্র্য; স্বল্পতা।

جُحُود : অস্বীকৃতি, অবিশ্বাস, বর্জন।

جَحِد، جَحْد : অনুর্বর (ভূমি)); দুর্ভিক্ষাক্রান্ত (বৎসর); সামান্য মূল্যবিশিষ্ট বস্তু; ব্যয়কুণ্ঠ।

جَاحِد : অস্বীকারকারী; অবিশ্বাসকারী, বর্জনকারী।

جَاحِدُ الْمَعْرُوف : অকৃতজ্ঞ।

جَحَّاد : অস্বীকারকারী, অকৃতজ্ঞ।

جَحْدَلَ সচ্ছল হওয়া, অর্থ সঞ্চয় করা, থলে পূর্ণ করা, আছড়াইয়া ফেলা, ভাড়া লওয়া।

جَحَرَ : ـَ (جَحْر) ,تَجَحَّرَ ,إِنْجَحَرَ (انْجِحَار) গর্ত বা গুহায় লুকানো (প্রাণী)

أَجْحَرَ : গর্তে প্রবেশ করানো; তাড়াইয়া নেওয়া; বৃষ্টিহীন হওয়া (আকাশ)।

إِجْتَحَرَ : (اجْتِحَار) আশ্রয় চাওয়া; আশ্রয় গ্রহণ করা; গর্ত তৈয়ার করা।

جُحْر : প্রাণীর গর্ত, গুহা। ব أَجْحَار ,جُحُور، جِحَرة

جُحْرَان : মলদ্বার ও মূত্রদ্বার।

جَحْرَة : বিফল বছর।

مَجْحَر : আশ্রয়, আশ্রয়স্থল। ব مَجَاحِر

جَحَسَ : (جَحْس) ছাল তোলা, আঁচড়ানো (চামড়া), হত্যা করা।

جَاحَسَ : (مُجَاحَسَة) প্রতিহত করা।

جَحَشَ : (جَحْش) একলা হওয়া, ছাল তোলা; আঁচড়ানো (চামড়া)।

جَاحَشَ : (مجاحشة) প্রতিহত করা, পিছনে তাড়াইয়া নেওয়া; আত্মরক্ষা করা।

جَحْش : গর্দভ শাবক, অশ্ব শাবক, হরিণ; বোকা, গাধা; ট্রেসল (Trestle)। স্ত্রী جَحْشَة ব جِحَاش ,جِحْشَان ,جِحَشَة ,أَجْحَاش ,جُحُوش,

جُحَيْش : ছোট গাধা।

جَحَظَ : ـَ (جُحُوظ) স্ফীত হওয়া, প্রসারিত হওয়া (অক্ষিগোল), ঠিকরায়ে পড়া চক্ষু বিশিষ্ট হওয়া, বিস্ফারিত নেত্রে তাকান।

جَحُظَ : ـُ (جُحُوظ) স্ফীত হওয়া, প্রসারিত হওয়া (চক্ষু)।

جَحَّظَ (تجحيظ) : ~إِلَى স্থির দৃষ্টিতে তাকাইয়া থাকা।

جُحُوظُ الْعَيْن : অক্ষিগোলকের অস্বাভাবিক বহিঃপ্রসারণ।

جَاحِظُ الْعَيْن : স্ফীত বড় বড় চক্ষুবিশিষ্ট।



www.pathagar.com

جَحَفَ : ـَ (جَحْف) বিদূরিত করা, নির্মূল করা; খুলিয়া ফেলা; খসাইয়া ফেলা; ছিলিয়া ফেলা।

~ مَعَ : আসক্ত হওয়া; পক্ষাবলম্বন করা।

أَجْحَفَ : ~ عَنْ বিদূরিত করা, বিধ্বস্ত করা, ধ্বংস করা, ক্ষতি করা, অন্যায় করা, অত্যধিক বোঝা চাপাইয়া দেওয়া।

أَجْحَفَتِ السَّنَةُ : বৎসরটি দুর্ভিক্ষের হইল।

تَجَاحَفَ : তরবারি দ্বারা যুদ্ধ করা।

تَجَاحَف بالكُرَة : হকি কিংবা পোলো খেলা।

إِجْتَحَفَ : (اِجْتِحَاف) বিধ্বস্ত করা, ধ্বংস করা; নিঃশেষ করা (কূপ)।

جَحْفَة : হকি খেলা।

جُحْفَة : মক্কা ও মদীনার মধ্যবর্তী একটি স্থান।

جُحَاف : ধ্বংসকারী (মৃত্যু, প্লাবন, উদরাময়)।

إِجْحَاف : অন্যায়, অবিচার; ক্ষতি; পক্ষপাত।

مُجْحِف : অন্যায়, অশোভনাচারী, পক্ষপাতদুষ্ট ব্যক্তি।

جَحْفَلَ : ভূপাতিত করা; ভর্ৎসনা করা।

جَحْفَل : বহুসংখ্যা, বহুসংখ্যক সৈন্য, উচ্চ পদমর্যাদাবিশিষ্ট লোক। ব جَحَافِل

جَحَلَ : ـَ (جَحْل)، جَحَّلَ (تَجْحِيل) ভূপাতিত করা।

جَحْل : টিকটিকি, গিরগিটি, মক্ষিরাণী, গোবরে পোকা; নেতা। ব جُحْلَان، جُحُول

جُحَال : বিষ, গরল।

جَحَمَ : ـَ (جَحْم) প্রজ্বলিত করা (অগ্নি), উন্মীলিত করা (চক্ষু)।

جَحِمَ : (جَحْم، جَحَم، جُحُوم)، جَحُمَ ـُ (جُحُوم) প্রচণ্ড হওয়া, তীব্র হওয়া (আগুন)। স্ত্রী جحماء ব جُحْمٌ

جَحَّمَ (تَجْحِيم) : ~ عَنْ তীক্ষ্ণ দৃষ্টি নিক্ষেপ করা।

أَجْحَمَ (إِجْحَام) : ~ عَنْ বিরত থাকা; যাত্রা করা।

تَجَحَّمَ : প্রজ্বলিত হওয়া; তীব্র বেদনাযুক্ত হওয়া (হৃদয়)।

جَحِيم : তীব্র আগুন; দোযখের আগুন, দোযখ; তীব্র উত্তপ্ত (স্থান), জাহান্নাম।

جَاحِم : জ্বলন্ত (কয়লা); দাঙ্গা; তীব্রতা; উত্তপ্ত (স্থান)।

أَجْحَم : রক্তিম চক্ষুবিশিষ্ট। স্ত্রী جَحْمَاء

جَحْمَرِش : ঝগড়াটে বৃদ্ধ স্ত্রীলোক। ব جَحَامِرُ

جَحِنَ : ـَ (جَحَن) স্বল্পভুক্ত হওয়া।

جَحَنَ : ـَ (جَحْن)، جَحَّنَ (تَجْحِين)، أَجْحَنَ (اِجْحَان) কম খাওয়ানো।

جَحِن : নীচ; দুর্বল।

جَحَا : ـُ (جَحْو) ~ بِ নিবাস গ্রহণ করা, অবস্থান করা, মূলোৎপাটন করা।

إِجْتَحَى : (اِجْتِحَاء) সাফল্যের সহিত চালাইয়া যাওয়া।

جَخَّ : ـِ (جَخّ) (মি) ক্লান্ত হইয়া মাটিতে শুইয়া পড়া, একস্থান হইতে অন্যস্থানে গমন করা; বিলাসী সাজে সজ্জিত হওয়া; দম্ভোক্তি করা, বড় বড় কথা বলা, অহঙ্কার করা।

جَخَّة : বিলাস।

جَخَّاخ : অহংকারী, দাম্ভিক।

جَخَرَ : ـَ (جَخْر) جَخَّرَ (تَجْخِير)، أَجْخَرَ (اِجْخَار) পরিধি প্রশস্ত করা (কূপ)।

جَاخِر : বৃহৎ উপত্যকা।

جَخَفَ : ـُ (جَخْف، جَخِيف (جَخِيف، جَخَف) ـَ جَخِفَ (جَخَف) দম্ভ করা; নাক ডাকা।

جَخْف، جَخِيف : নাসিকা গর্জন, দম্ভ।

جَخَّاف، جَخِيف : দাম্ভিক, অহংকারী।

جَخَا : ـُ (جَخْو) উল্টাইয়া ফেলা (পাত্র)।

جَخَّى : বাঁকা হওয়া (বৃদ্ধলোক); উল্টাইয়া যাওয়া (পাত্র)।

تَجَخَّى : উল্টাইয়া যাওয়া (পাত্র)।

جَدَّ : ـِ (جَدّ) শ্রদ্ধেয় হওয়া (মানুষ), গুরুত্বপূর্ণ হওয়া।

~ ـِ : (جِدَّة) নতুন হওয়া; সাম্প্রতিক হওয়া।



www.pathagar.com

~ ـُ : (جِدّ) প্রচেষ্টা চালানো, আত্মনিয়োগ করা, কৃতিত্ব অর্জন করা; আগ্রহের সহিত কাজ করা, নিশ্চিত করা।

~ ـَ : (جُدّ ,جَدّ) সফল হওয়া।

جَدَّدَ : (تَجْدِيد) নতুন করা, নবায়ন করা, নতুন করিয়া করা, পুনরায় করা, নতুন করিয়া আরম্ভ করা; সংস্কার করা।

أَجَدَّ : (اِجْدَاد) মসৃণ হওয়া (রাস্তা); নতুন করা, নবায়ন করা, নতুন কাপড় পরিধান করা, চেষ্টা করা, একাগ্রতার সহিত আত্মনিয়োগ করা।

تَجَدَّدَ : নতুন হওয়া, নবায়িত হওয়া; শুকাইয়া যাওয়া (স্তন)।

إِسْتَجَدَّ : (اِسْتِجْدَاد) নতুন হওয়া, সাম্প্রতিক হওয়া; নতুন করা, নবায়ন করা, নতুনভাবে গ্রহণ করা।

جِدّ : ঐকান্তিক প্রচেষ্টা; একাগ্রতা; আগ্রহ; ত্বরা।

مِنْ جِدّ : আগ্রহসহকারে, ঐকান্তিকতার সহিত।

جِدِّيٌّ هَزْلِيٌّ : গাম্ভীর্য ও রসিকতাপূর্ণ।

جِدًّا : অত্যন্ত, নিশ্চিত।

جَدّ : দাদা, নানা; পূর্বপুরুষ; সৌভাগ্য, সুযোগ, সম্পদ, মহত্ত্ব, নদীর কিনারা। ব أَجْدَاد، جُدُود

~ مَجْدُود، جَدِيد : সুখী, ভাগ্যবান।

جَدَّة : দাদী, নানী, কিনারা। ব جَدَّات

جِدَّة : নতুনত্ব, আধুনিকতা; তীর, উপকূল; জেদ্দা নগরী। ব جِدَد

جُدَّة : চিহ্ন, গর্দভপৃষ্ঠের আঁকাবাঁকা দাগ; পন্থা। ব جُدَد

جِدِّي، جَادّ : সাগ্রহ, ঐকান্তিক।

جَادَّة : প্রধান সড়ক, দুই দিকে খোলা পথ, রাস্তার মধ্যভাগ। ব جَوَادّ

جَدِيد : নতুন, আধুনিক, সাম্প্রতিক, অভিনব; অপ্রত্যাশিত (মৃত্যু)।

مِنْ جَدِيد : নতুন করিয়া।

الجَدِيدَان : রাত ও দিন।

أَجَدّ : শুকনা (স্তন); আলগাভাবে ঝুলিতেছে এমন কর্ণবিশিষ্ট (ভেড়ি)।

جَدَّاء : পানিবিহীন (ভূমি); দুগ্ধবিহীন (পশু)।

تَجْدِيد، تَجَدُّد : একই বস্তু পুনঃপুন আগমন, নবায়ন, সংস্কার।

مُجِدّ : পরিশ্রমী, অধ্যবসায়ী।

مُجَدِّد : নবায়নকারী, সংস্কারক।

مُجَدَّد : নবায়িত, নতুনভাবে কৃত; নতুন, সাম্প্রতিক।

مَجْدُود : ভাগ্যবান, কান কর্তিত ব্যক্তি।

جَدَبَ ـُ : (جَدْب) جَدُبَ (جُدُوبَة) تَجَدَّبَ অনুর্বর, নিষ্ফল হওয়া, শুকনা হওয়া (ভূমি)।

جَدَبَ ـُ : (جَدْب) নিন্দা করা, মন্দ বলা।

أَجْدَبَ : (اِجْدَاب) অনুর্বর হওয়া, অনুর্বর দেখিতে পাওয়া (ভূমি); অভাবগ্রস্ত হওয়া, দুর্ভিক্ষ কবলিত হওয়া (লোক), বৃষ্টিহীন হওয়া (বৎসর), ব্যর্থ হওয়া, আতিথেয়তা না পাওয়া।

جَدْب : অনুর্বরতা, শুষ্কতা, বৃষ্টিহীনতা, অভাব, দুর্ভিক্ষ।

~ مُجْدِب، جَدْبَاء স্ত্রী : أَجْدَب، جَدُوب، جَدِيب، অনুর্বর, নিষ্ফলা (ভূমি), বন্ধ্যা নারী।

جَدْبَة : বোকামি, পাগলামি।

مَجْدُوب : অনুর্বর (ভূমি), পাগল, বিকৃত মস্তিষ্ক।

جَدَث : কবর, সমাধি। ব أَجْدُث، أَجْدَاث

جَدْجَد : শক্ত ও মসৃণ ভূমি।

جُدْجُد : ঝিঁঝিঁ পোকা। ব جَدَاجِد

جَدَحَ : (جَدْح) أَجْدَحَ (اِجْدَاح) إِجْتَدَحَ (اِجْتِدَاح) মিশানো, গুঁড়ানো (ঔষধ, ময়দা)।

جَدَرَ ـُ : (جَدْر) মুকুলিত হওয়া, পল্লবিত হওয়া, মঞ্জরিত হওয়া (উদ্ভিদ), ফোসকায় ঢাকিয়া যাওয়া (হাত), দেয়ালের আড়ালে আত্মগোপন করা, দেওয়ালের আড়াল হইতে ডাকা।

~ : (جَدَر) দেওয়াল দ্বারা পরিবেষ্টিত করা।

~ ـُ : (جَدَارَة) মঞ্জরিত হওয়া (উদ্ভিদ)।



www.pathagar.com

~ ل، ب : যোগ্য হওয়া, যথাযথ হওয়া।

جَدِرَ - َ : (جَدَر) দানাবাঁধা (আংগুর গাছ)।

جُدِّرَ : গুটি বসন্তে আক্রান্ত হওয়া।

جَدَّرَ : (تجدير) মঞ্জরিত হওয়া (গাছ), গুটি বসন্তে আক্রান্ত হওয়া, গাঁথিয়া উঠানো (ভবন)।

أَجْدَرَ : (اجدار) মঞ্জরিত হওয়া, ক্ষুদ্র গাছপালাবিশিষ্ট হওয়া (ভূমি)।

تَجَدَّرَ : গুটি বসন্তে আক্রান্ত হওয়া।

إِجْتَدَرَ : (اجتدار) গাঁথিয়া উঠানো (ভবন)।

جَدْر : প্রাচীরের ভিত্তি। ব جُدْرَان، جُدُور

جَدَر : টিউমার, আঘাতজনিত স্ফীতি, মঞ্জরি, পল্লব। ব أَجْدَار

جِدَار : দেওয়াল, প্রাচীর, বেড়া। ব جُدْرَان، جُدُر

جَدَار : ভিত্তি।

جَدَارَة : যোগ্যতা।

جِدْرِيّ، جُدَرِيّ، جَدَرِيّ : গুটি বসন্ত।

جَدَرِيّ الْمَاء : জলবসন্ত।

جَدِير : যোগ্য, যথাযথ। ব جُدَرَاء، جَدِيرُون

~ جَدِيرَة : গবাদি পশুর জন্য ঘেরাও করা স্থান, প্রাচীর বেষ্টিত উদ্যান। ব جَدَائِر

مَجْدَرَة : গুটি বসন্তে আক্রান্ত এলাকা।

مِجْدَار : কাকতাড়ুয়া, (Scarecrow).

مُجَدَّر، مَجْدُور : গুটি বসন্তে আক্রান্ত, বসন্তের দাগযুক্ত।

جَادِس : শক্ত, দৃঢ়, শুকনা।

جَادِسَة : অকর্ষিত ভূমি। ব جَوَادِس

جَدَعَ - َ : (جَدْع) কর্তন করা, ব্যবচ্ছেদ করা (অঙ্গ) আটকাইয়া রাখা। স্ত্রী جَدْعَاء ব جُدْع

جُدِعَ الرَّجُلُ : লোকটির নাক-কান কাটিয়া দেওয়া হইয়াছে।

جُدِعَتِ الشَّاةُ : বকরিটির কান সমূলে কাটিয়া দেওয়া হইয়াছে।

جَادَعَ : (مجادعة) অমর্যাদা করা, অপমান করা।

تَجَادَعَ : ঝগড়া করা, গালি দেওয়া।

جَدْع : অঙ্গচ্ছেদ।

جَدَع : তরুণ লোক, দক্ষ, সাহসী।

جَدَاع : খারাপ বৎসর।

جُدَاع : খারাপ, ক্ষতিকর (পশুখাদ্য)।

أَجْدَع : নাক-কান কাটা (মানুষ)। স্ত্রী جَدْعَاء

جَدْعَاء : সমূলে কান কাটা পশু।

مِجْدَع : শল্যচিকিৎসকের ক্ষুদ্র ছুরিবিশেষ। ব مَجَادِع

جَدَفَ - ِ : (جَدْف) দ্রুত হাঁটা, ছোট ছোট পদক্ষেপে হাঁটা (মেয়েলোক)।

~ ب : (جَدْف) দাঁড় টানিয়া চালানো (নৌকা), কর্তন করা।

~ - ُ : (جُدُوف) উড়িবার সময় পাখা পিছনে নেওয়া, ডানা ঝাঁপটানো (পাখি)।

~ ب : বরফ বর্ষণ করা (আকাশ)।

جَدَّفَ : (تَجْدِيف) দাঁড় টানিয়া চালানো (নৌকা)।

~ : অস্বীকার করা, অকৃতজ্ঞ হওয়া।

~ عَلَى : নিন্দা করা, অভিশাপ দেওয়া।

أَجْدَفَ : (اجداف) চিৎকার করা, হৈচৈ করা, কলরব করা।

جَدَف : কবর।

جَدَفَة : চিৎকার, হৈচৈ, কলরব।

تَجْدِيف : অভিশাপ, নিন্দা, দাঁড় টানা।

مَرْكَبُ تَجْدِيف : বাইচের নৌকা।

مُجَدِّف : নিন্দুক, অকৃতজ্ঞ।

مِجْدَاف : দাঁড়, পাখির ডানা, চাবুক। ব مَجَادِيف

بَيْتُ الْمِجْدَاف : যে কাষ্ঠখণ্ডের উপর রাখিয়া দাঁড় টানা হয়।

مَجْدُوف কর্তিত পা-বিশিষ্ট।

جَدَلَ - ُ : (جَدْل) পাকানো (দড়ি), বিনুনি করা (চুল)।



www.pathagar.com

جَدَلَ ~ ـَـ جَـدَلَ (جَـدَل) : উৎপন্ন হওয়া (শস্য), শক্তিশালী হওয়া (হরিণ), ঝগড়াটে হওয়া।

جَدَّلَ : ভূপাতিত করা, বিনুনি করা (চুল)।

جَادَلَ : ঝগড়া করা, কলহ করা, বিতর্ক করা।

اِنْجَدَلَ، تَجَدَّلَ : পড়িয়া যাওয়া, ভূপাতিত হওয়া, পাক খাওয়া (দড়ি)।

تَجَادَلَ : আলোচনা করা, বিতর্ক করা।

جَدْل، جَدِل، جُدَال : শক্ত, দৃঢ়, চাবুক।

جَدْل : অঙ্গ, স্নায়ু, পায়ের হাড়। ব جُدُول، أَجْدَال

جَدَل : ঝগড়া, বিতর্ক, তর্ক, আলোচনা, পাকা (শস্য)। স্ত্রী جَدْلَاء ব جُدْلٌ

يَقْبَل الجَدَل : বিতর্কযোগ্য।

لَايُقْبَلُ الجَدَل : বিতর্কের ঊর্ধ্বে, অবিসংবাদিত, নিশ্চিত।

فَرَضَ جَدَلًا : তর্কের জন্য ধরিয়া লওয়া।

عِلْمُ الجَدَل، الجَدَل : তর্কশাস্ত্র।

جَدْلَة : মুষল, হামানদিস্তার ডাঁটি।

الجَدَالَة : মাটি, পৃথিবী।

جِدَال، مُجَادَلَة : ঝগড়া, বিতর্ক, কলহ, আলোচনা। ব مَجَادِلُ

جَدِيل : পাকানো দড়ি। ব جُدُل

جَدِيلَة : প্রণালী, পদ্ধতি, দেশ, রাষ্ট্র, গোত্র, সংকল্প, চুলের বিনুনি।

جَدَلِيّ، جِدَالِيّ : ঝগড়াটে, তর্কযোগ্য, ন্যায়শাস্ত্র-সম্মত, যুক্তিসিদ্ধ।

جَدَلِيَّة : যুক্তিবাদ।

المَادِّيَّة الجَدَلِيَّة : যুক্তিসিদ্ধ বস্তুবাদ, (Dialectical Materialism).

جَدَّال، مِجْدَال : কলহপ্রিয় ব্যক্তি।

مِجْدَال : প্রস্তর ফলক। ব مَجَادِيل

مَجْدُول : সুদৃঢ়, পাকানো (দড়ি), বিনুনিকৃত পাতলা চুল, সুবিন্যস্ত, সুগঠিত।

مُجَادِل : বিতর্ককারী, বিতর্কে প্রতিদ্বন্দ্বী।

جَدْوَلَ : (جَدْوَلَة) তালিকা করা।

جَدْوَل : ক্ষুদ্র নদী, নালা, তালিকা, সূচি, কর্মসূচি, কর্মপদ্ধতি, স্তম্ভ (Column)। পরিখা। ব جَدَاوِل

جَدْوَل حِسَابِيّ : নামতা।

جَدْوَل الضَّرْب : গুণের নামতা (Multiplication table)।

جَدْوَل تَحْوِيل : বিনিময়হারের তালিকা, (Conversion table).

جَدْوَل القَضَايَا : আদালতে পেশকৃত মামলার তালিকা।

قَلَمُ جَدْوَل : রেখা টানিবার কলম।

جَدَمَ ـُـ (جَدْم) : ফলধরা ও শুকনা হওয়া (পাম গাছ), কাটিয়া খাট করা।

أَجْدَنَ : (اِجْدَان) নিঃস্ব অবস্থা হইতে সম্পদশালী হওয়া।

جَدْن : সুন্দর স্বর।

جَدُونُ الدَّرَّاجَة : সাইকেলের হ্যান্ডেলবার।

جَدَا : (جَدْو) ~ عَلَى উপঢৌকন দেওয়া, অনুগ্রহ করা, কৃপা করা।

أَجْدَى : (اِجْدَاء) দান করা, উপঢৌকন দেওয়া, উপকারী হওয়া, অধিক ব্যবহারযোগ্য হওয়া, যথেষ্ট হওয়া, লাভজনক হওয়া, যথাযথ হওয়া, উদ্দেশ্য সাধন করা।

اِجْتَدَى، اِسْتَجْدَى : (اِجْتِدَاء، اِسْتِجْدَاء) ভিক্ষা চাওয়া, দান চাওয়া, সুবিধা চাওয়া।

جَدًا : দান, ব্যাপক বৃষ্টি।

جَدَاء : লাভ, সুবিধা, উপযোগিতা।

جَدْوَى : দান, উপঢৌকন, লাভ, সুবিধা।

لَايَجْدِى، بِلَاجَدْوَى : নিরর্থক, ব্যর্থ।

مُجْدٍ : উপকারী, সহায়ক, উপযোগী, যথাযথ।

جَدَى ـِـ (جَدْى) : দানের জন্য অনুরোধ করা।

أَجْدَى ~ عَنْ : রক্ত ঝরানো (ক্ষত)।

جُدَاء : বর্গসংখ্যা, গুণফল।

جَدْى : ছাগল ছানা। ব أَجْدٍ، جِدَاء، جِدْيَان



www.pathagar.com

اَلْجَدْيُ : মকররাশি।

جَدْيُ الْفَرْقَدِ : মেরু-নক্ষত্র, কেবলা নির্দেশক নক্ষত্র।

مَدَارُ الْجَدْيِ : মকরক্রান্তি।

جَدْيَةٌ : গদি, জিন। ব جَدَيَاتٌ، جَدًى

جَذَّ - : (جَذٌّ) কাটা, ভাঙ্গিয়া টুকরা টুকরা করা, ছিনাইয়া লওয়া।

إِنْجَذَّ : (اِنْجِذَاذٌ) বিচ্ছিন্ন হওয়া, কর্তিত হওয়া, ছিঁড়িয়া যাওয়া।

جُذَاذٌ، جِذَاذٌ، جِذَّةٌ : ক্ষুদ্র টুকরা।

جُذَاذَةٌ : ইনডেক্স-কার্ড (Index-Card), লেবেল; ক্ষুদ্র টুকরা। ব جُذَاذَاتٌ

جَذَبَ - : (جَذْبٌ) টানা, আকর্ষণ করা, মুগ্ধ করা, নিশ্বাসের সহিত টানিয়া লওয়া, প্রসারিত করা, মাই ছাড়ানো (শিশুকে), দোহনকালে দুধ চুরি করা (গাভী)। স্ত্রী جَاذِبٌ، جَاذِبَةٌ ব جَوَاذِبُ

جَاذَبَ : (مُجَاذَبٌ) টানাটানি করা, স্থানচ্যুত করা।

تَجَذَّبَ : ক্লান্তিতে বাহু প্রসারিত করা, ক্লান্ত হওয়া, পান করা (দুগ্ধ)।

تَجَاذَبَ : বিপরীত দিকে টানাটানি করা, বিলম্বিত করা, দীর্ঘস্থায়ী করা (আলোচনা), প্রতিযোগিতা করা, একে অপরকে আকর্ষণ করা।

إِنْجَذَبَ : (اِنْجِذَابٌ) আকৃষ্ট হওয়া, মুগ্ধ হওয়া, আকর্ষিত হওয়া।

إِنْجَذَبَ بِهِمِ السَّيْرُ، إِنْجَذَبُوا فِى السَّيْرِ : তাহারা দূর-দূরান্ত ভ্রমণ করিল।

إِجْتَذَبَ : (اِجْتِذَابٌ) টানিয়া লওয়া, ছিনাইয়া লওয়া, মুগ্ধ করা, প্রলুব্ধ করা।

جَذْبٌ : টানা, আকর্ষণ, মুগ্ধকরণ, ছিনতাই।

جَذْبَةٌ : দূরত্ব, আকর্ষণ।

جَذَّابٌ، جَاذِبٌ : আকর্ষণকারী, আকর্ষণীয়, মোহনীয়, মুগ্ধকর।

جَاذِبِيَّةٌ : আকর্ষণ, মহাকর্ষ, আকর্ষণীয়তা, প্রলোভন।

مُنْجَذِبٌ، مَجْذُوبٌ : আকৃষ্ট, অচেতন, উন্মাদ, বোকা।

جَاذِبِيَّةُ الإِلْتِصَاقِ : সংযোগ-আকর্ষণ (Cohesion)।

اَلْجَاذِبِيَّةُ الأَرْضِيَّةُ، جَاذِبِيَّةُ الثِّقْلِ : মাধ্যাকর্ষণ।

جَاذِبِيَّةٌ جِنْسِيَّةٌ : যৌন আকর্ষণ।

~ شَعْرِيَّةٌ : কৈশিক আকর্ষণ ও বিকর্ষণ।

~ مَغْنَطِيسِيَّةٌ : চুম্বকের আকর্ষণ।

مُسْتَشْفَى الْمَجَاذِيبِ (الْمَجَانِينِ) : পাগলাগারদ।

جَذَرَ - : (جَذْرٌ) কাটিয়া ফেলা, নির্মূল করা, উৎপাটিত করা।

جَذَّرَ : উৎপাটিত করা, মূল বাহির করা (গণিত)।

إِنْجَذَرَ : (اِنْجِذَارٌ) কর্তিত হওয়া, উৎপাটিত হওয়া।

جِذْرٌ : মূল, গোড়া, শিং। ব جُذُورٌ

جَذْرٌ أَصَمُّ : অঘোষ বর্ণ, মূলহীন পরিমাণ, (Surd)

جَذْرٌ تَرْبِيعِىٌّ : বর্গমূল

عَلَامَةُ الْجَذْرِ বর্গমূলের চিহ্ন (Radical sign) । (V)

كَمِيَّةٌ جَذْرِيَّةٌ : বর্গমূলের পরিমাণ, (Radical quantity)।

جِذْرِىٌّ : মৌলিক।

تَجْذِيرٌ : মূল নির্ণয়, অবঘাতন, Evolution (গণিত)।

جَذَعَ - : (جَذْعٌ) কাটিয়া ফেলা (পা)।

أَجْذَعَ : (اِجْذَاعٌ) দুই বৎসর বয়সী হওয়া (ভেড়া)।

جَذَعٌ : তরুণ, অল্পবয়সী ভেড়া। ব جِذَاعٌ، جُذْعَانٌ

جِذْعٌ : খেজুর গাছের কাণ্ড, থাম, ছাদের বীম, ধড়। ব أَجْذَاعٌ، جُذُوعٌ



www.pathagar.com

جَذَفَ - : (جَذْف) দ্রুত উড়া (পাখি),খাটো ও দ্রুত পদক্ষেপে হাঁটা, কাটিয়া খাটো করা, দাঁড় টানিয়া চালানো (নৌকা)।

جَذَّفَ : (تَجْذِيف) দাঁড় টানিয়া চালানো (নৌকা)।

أَجْذَفَ : (إِجْذَاف) দ্রুত উড়া, খাটো ও দ্রুত পদক্ষেপে হাঁটা।

مِجْذَاف : দাঁড়, বৈঠা, ডানা। ব مَجَاذِيف

جَذِلَ - َ : (جَذَل)، اِجْتَذَلَ (اِجْتِذَال) আনন্দিত হওয়া, প্রফুল্ল হওয়া।

جَذَلَ - ُ : (جُذُول)، اِسْتَجْذَلَ (اِسْتِجْذَال) সোজা হইয়া দাঁড়ানো।

أَجْذَلَ : (إِجْذَال) প্রফুল্ল করা, আনন্দিত করা।

جَذَل : আনন্দ, প্রফুল্লতা।

جِذْل : বৃক্ষমূল, গাছের গোড়া; পর্বতশীর্ষ। ব جُذُول، أَجْذَال

جَذِل : প্রফুল্ল, আনন্দিত। ব جُذْلَان

جَذَمَ - : (جَذْم)، جَذَّمَ (تَجْذِيم) বিচ্ছিন্ন করা, অঙ্গচ্ছেদ করা, কাটিয়া ফেলা।

جُذِمَ، تَجَذَّمَ : গোদাক্রান্ত হওয়া, কুষ্ঠরোগগ্রস্ত হওয়া।

جَذِمَ : (جَذَم) ছিন্নাঙ্গ হওয়া, এক হাত কাটা হওয়া। ব جُذَّم স্ত্রী جَذْمَاء

اِنْجَذَمَ، تَجَذَّمَ : বিচ্ছিন্ন হওয়া।

جِذْم : মূল, কাণ্ড। ব جُذُوم، أَجْذَام

جِذْمَة : কর্তিত টুকরা, ক্ষুদ্রদল, চাবুক। ব جِذَم

جُذْمَة : কাটা হাতের গোড়া, কাটা গাছের গোড়া।

جُذَام : গোদ, কুষ্ঠরোগ।

جُذَامَة : ফসল কাটার পরে গোড়ার যে অংশ জমিতে থাকে।

أَجْذَم : হাত কাটা, গোদাক্রান্ত, কুষ্ঠরোগগ্রস্ত। ব جَذْمَى

مُجَذَّم، مَجْذُوم : গোদাক্রান্ত, কুষ্ঠরোগগ্রস্ত।

جِذْمَار، جُذْمُور : কর্তিত গাছের বা হাতের গোড়া, মূল।

جَذَا - ُ : (جُذُوّ، جَذْو) أَجْذَى، (اِجْذَاء) সোজা হইয়া দাঁড়ানো।

جُذْوَة، جَذْوَة : জ্বলন্ত কয়লা বা কাষ্ঠখণ্ড, মূল বা অগ্রভাগে অগ্নি প্রজ্বলিত কাষ্ঠখণ্ড। ব.جُذًى جِذَاء

جَذَى - : (جَذْي) أَجْذَى (اِجْذَاء) বাধা দেওয়া, বিরত রাখা।

تَجَذَّى : ب ~ মাটিতে লেজ স্পর্শ করিয়া কবুতরের ডাক দেওয়া।

جِذْي، جِذْيَة : বৃক্ষমূল।

جَرَّ - ُ : (جَرّ) টানা, টানিয়া নেওয়া, হেঁচড়াইয়া লইয়া যাওয়া, চালাইয়া নেওয়া, প্ররোচিত করা, উপলক্ষ হওয়া, ঘটানো, আকৃষ্ট করা, পদান্বয়ী অব্যয়যুক্ত করা, حَرْف جَرّ ব্যবহার করিয়া বিশেষ্যের শেষে كَسْرَة প্রদান করা (ব্যা)।

جَرَّرَ : (تَجْرِير) বলপূর্বক টানিয়া লওয়া।

أَجَرَّ : (إِجْرَار) রোমন্থন করা, জাবর কাটা, (খাতকের নিকট) ঋণের টাকা বাকি রাখা।

أَجَرَّ لِسَانَهُ : কথা বলিতে না দেওয়া।

اِنْجَرَّ : (اِنْجِرَار) তাড়িত হওয়া, চালিত হওয়া, নির্গত হওয়া, উদ্ভূত হওয়া।

اِجْتَرَّ : (اِجْتِرَار) রোমন্থন করা (প্রাণী), অবিরামভাবে আওড়ানো, টানিয়া লওয়া।

جَرّ : টান, আকর্ষণ, পাহাড়ের পাদদেশ, ঝুড়ি, আশ্রয়স্থল, সম্বন্ধপদীয় বিভক্তি।

حَرْف الجَرّ : পদান্বয়ী অব্যয়; জরদাতা বর্ণ।

هَلُمَّ جَرًّا : এইভাবে; ইত্যাদি; প্রভৃতি।

جَرَّة : মাটির কলসি। ব جِرَار

~ : রেখা, দাগ, আঁচড়।

جِرَّة জাবর, রোমন্থন।

جُرَّة : হরিণের ফাঁদ, পথরেখা।

مِنْ جَرَّاءِ، مِنْ جَرَّى : কারণে, জন্য।

جِرِّي : বাইন মাছ।

جِرِّيَّة : পাখির খাদ্যথলি।



www.pathagar.com

أَجْرَبَ : (اجــراب) পাঁচড়াওয়ালা গবাদি পশুর অধিকারী হওয়া।

تَجَرَّبَ : পরীক্ষিত হওয়া, অভিজ্ঞতাসম্পন্ন হওয়া।

جَرَب : পাঁচড়া, মরিচা, কলঙ্ক।

جَرِب : পাঁচড়াযুক্ত। স্ত্রী أَجْرَب : جَرِبَة، جَرْبَاء ব جَرْبَى، جُرْب

جِرَاب : আবরণ, ব্যাগ, থলি, অণ্ডকোষ, খাপ, ঝিঁঝি-পোকা, কূপের গহ্বর। ব جُرُب جُرْب أَجْرِبَة

جَوْرَبَ : মোজা পরাইয়া দেওয়া।

جَوْرَب، جُرَاب : মোজা। ব جُرَابَات، جَوَارِبَة، جَوَارِب

جِرِبَّان، جُرُبَّان، جِرِبَان، جَرْبَان : তরবারির খাপ, জামার কলার।

جَرْبَان : পাঁচড়াযুক্ত, বিবর্ণ, নোংরা।

جَرْبَاء : শুকনা (ভূমি) আকাশ, সুন্দর (মেয়ে)।

جَرِيب : কর্ষিত ভূমি, গম ইত্যাদি শস্য মাপিবার একক, চারি কাফীয। ব أَجْرِبَة، جُرْبَان

تَجْرِبَة : অভিজ্ঞতা, পরীক্ষা, অনুশীলন, উদ্যোগ, প্রচেষ্টা, মহড়া, প্রলোভন, শাস্তি, প্রুফশীট, গ্যালিপ্রুফ। ব تَجَارِب

فِي تَحْتَ التَّجْرِبَة : শিক্ষানবিশীর অপেক্ষাধীন, On probation.

تَجْرِيب : পরীক্ষা।

مُجَرِّب : পরীক্ষাকারী, প্রলুব্ধকারী, পরীক্ষামূলক, অভিজ্ঞ।

مُجَرَّب : পরীক্ষিত, প্রমাণিত, অভিজ্ঞ।

جَرْبَز : প্রবঞ্চক, প্রতারক। ব جَرَابِزَة

جَرْبَزَة : প্রবঞ্চনা, প্রতারণা।

جَرَبَنْدِيَّة : পিঠে বাঁধিয়া বহনযোগ্য ঝোলা বিশেষ, Ruck-Sack.

جِرِّيث : কুঁচিয়া।

جَرْثَمَ، تَجَرْثَمَ، إِجْرَنْثَمَ (اِنْجِرْثَام) : অঙ্কুরিত হওয়া, একত্রিত হওয়া, একত্রে মিলিত হওয়া, পড়িয়া যাওয়া, বৃহত্তম অংশগ্রহণ করা।

جَرَّار : বহুসংখ্যক, বিশাল (সৈন্য), কুম্ভকার, দেরাজ, টাগবোট (Tugboat), ট্রাক্টর (Tractor)।

جَرَّارَة : হলুদ বৃশ্চিক, ট্রাক্টর, (Tractor).

جَرَّارَة الْعَرَبَة : গাড়ির গমনপথ।

جَرَّارَة الْمَرَاكِب : টাগবোট, (Tugboat)

جَرَّارَة الْمَرْكَبُ : নৌকা টানিয়া নেওয়ার দড়ি, গুন।

جَارّ : আকর্ষণকারী, كَسْرَة প্রদানকারী Conjunctive. اَلْحُرُوْف الْجَارَّة যের প্রদানকারী অব্যয়সমূহ (ব্যা)।

جَارُور : ক্ষুদ্র নদী, দেরাজ। ব جَوَارِير

جَرُور : অবাধ্য (ঘোড়া), গভীর (কূপ)।

جَرِيرَة : অপরাধ, পাপ। ব أَجِرَّة দড়ি। ব جَرَائِر

إِنْجِرَارِيَّة : নৌযান চালনার পারিশ্রমিক।

مَجَرَّة : ছায়াপথ, তিতিরজাতীয় পাখিবিশেষ।

مُجْتَرّ : রোমন্থক প্রাণী।

مَجْرُور : চালিত, তাড়িত, পদান্বয়ী অব্যয়যুক্ত, পদান্বয়ী বিভক্তি, বিশিষ্ট (ব্যা), নালা, নর্দমা।

مَجَارِير : পয়ঃপ্রণালী।

جَرُؤَ - : (جَرَاءَة، جُرْأَة، جَرَائِيَة) تَجَرَّأَ، اِجْتَرَأَ সাহসী হওয়া, ঝুঁকি লওয়া, সাহস করা।

جَرَّءَ : (تَجْرِيَة) সাহসী করা, সাহস দেওয়া।

اِسْتَجْرَأَ : (اِسْتِجْرَاء) সাহস দেখানো।

جُرْأَة، جَرَاءَة : সাহস, স্পর্ধা।

جَرِيء : সাহসী; সিংহ। ব أَجْرِيَاء

جَرِيئَة : বন্যজন্তুর ফাঁদ।

مُجْتَرِئ : সাহসী।

جِرَام : গ্রাম, দশমিক ওজনের একক, Gram.

جِرَامُوفُون : গ্রামোফোন।

جِرَانِيت : গ্রানাইট-শিলা, Granite.

جَرِبَ : (جَرَب) পাঁচড়াযুক্ত হওয়া, বিবর্ণ হওয়া, মরিচাযুক্ত হওয়া (তরবারি)। স্ত্রী جَرْبَاء ব جُرْبٌ، جِرَابٌ

جَرَّبَ : (تجربة) পরীক্ষা করা; পরীক্ষায় ফেলা, উদ্যোগ লওয়া, প্রলোভিত করা, অভিজ্ঞতা দ্বারা লাভ করা, অনুশীলন করা, চেষ্টা করা।



www.pathagar.com

جُرْثُوم، جُرْثُومَة، جَرَاثِيم : মূল, জীবাণু, বীর্য।

جَرِجَ : (جَرَج) ঢিলা হওয়া (আংটি, চুড়ি) শক্ত ভূমিতে হাঁটা।

جَرَّجَ : (تَجْرِيج) গ্যারেজে রাখা (গাড়ি)।

جَرَاج : গ্যারেজ।

جَرْجَرَ : (غَرْغَرَ) গলগল শব্দ করা (পানি), গড়গড়া দেওয়া, গর্জন করা (পশু); ঘড়ঘড় শব্দ করা, হেঁচড়াইয়া লইয়া যাওয়া।

جَرْجَر : শস্য মাড়ানোর কল, Thrashing-machine.

جِرْجَر : একজাতীয় শীম।

جَرْجَرَة : গলগল শব্দ, গর্জন, ঘড়ঘড় শব্দ।

جَرْجِير، جَرْجَار : হাউইবাজি, Rocket, ক্ষেপণাস্ত্র।

جِرْجِير الْمَاء، جَرْجَار الْمَاء : হেলেঞ্চা, Watercress.

جَرْجِير أَرْضِي، جَرْجَار أَرْضِي : বিলাতি হেলেঞ্চা।

جِرْجِس : কাদামাটি; ডাঁশ।

جَرَحَ : (جَرْح) আঘাত দেওয়া, আঘাত করা, কষ্ট দেওয়া, বাতিল করা, অবিশ্বাসযোগ্য বলিয়া ঘোষণা করা (সাক্ষ্য)।

~ بِلِسَانِه : গালি দেওয়া, তিরস্কার করা।

جَرِحَ : (جَرَح) আহত হওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া।

جَرَّحَ : (تَجْرِيح) বাতিল করা, অবিশ্বাসযোগ্য বলিয়া ঘোষণা করা (সাক্ষ্য), মারাত্মক আঘাত হানা, অপারেশন করা।

إِنْجَرَحَ : (اِنْجِرَاح) আহত হওয়া।

إِجْتَرَحَ : (اِجْتِرَاح) লাভ করা, অপরাধ করা, সংঘটিত করা (বিস্ময়কর ঘটনা)।

إِسْتَجْرَحَ : (اِسْتِجْرَاح) বাতিল হওয়া (সাক্ষ্য)।

جُرْح : আঘাত, ক্ষত, দুঃখ। ব جِرَاح، أَجْرَاح، جُرُوح

جَرَّاح : শল্য চিকিৎসক, Surgeon.

جِرَاحَة : আঘাত, ক্ষত, অস্ত্রোপচার, অপারেশন। ব جِرَائِح

عِلْم الجِرَاحَة، الجِرَاحَة : শল্য চিকিৎসা, Surgery.

جِرَاحِيّ : শল্য চিকিৎসা সংক্রান্ত, Surgical.

عَمَلِيَّة جِرَاحِيَّة : অস্ত্রোপচার, অপারেশন।

غُرْفَةُ العَمَلِيَّات الجِرَاحِيَّة : অস্ত্রোপচার কক্ষ, অপারেশন থিয়েটার

جَارِح : আঘাতকারী, আহতকারী, কষ্টদায়ক, হিংস্র, শিকারি (পশু)।

جَارِحَة : অঙ্গ, ঘোটকী, মাংসভোজী প্রাণী, শিকারি পাখি বা প্রাণী, ব্লেড, দুর্যোগ। ব جَوَارِح

جَرِيح : (مَجْرُوح، جَرْحَى) আহত, আঘাতপ্রাপ্ত। ব مَجَارِيح

مُجَرَّح : (বিণ) আঘাতে ঢাকা।

جَرِدَ : (جَرَد) পঙ্গপাল ভক্ষণ করিয়া অসুস্থ হওয়া, পঙ্গপাল দ্বারা আক্রান্ত হওয়া (ভূমি), জীর্ণ হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া (পোশাক), ঘাসশূন্য হওয়া (মাঠ)।

جَرَدَ : (جَرْد) খোসা, ছাল বা আবরণ ছাড়ানো, প্ররোচিত করা, কোষমুক্ত করা (তরবারি), পণ্যদ্রব্য গ্রহণ করা, পণ্যের তালিকা প্রস্তুত করা।

جَرَّدَ : খোসা, ছাল বা আবরণ ছাড়ানো, কোষমুক্ত করা (তরবারি), প্রস্তুত করা (সৈন্য), উলঙ্গ করা।

~ مِنَ الرتب : মর্যাদা লাঘব করা।

~ مِن السِّلَاح নিরস্ত্র করা।

~ مِنَ المَلَابِس، من الكِسَاء বিবস্ত্র করা, নগ্ন করা।

تَجَرَّدَ : ~ مِنْ মুক্ত হওয়া, শূন্য হওয়া, ছাড়িয়া দেওয়া, পরিত্যাগ করা।

~ لِ : একাগ্রভাবে আত্মনিয়োগ করা।

جَرْد : জীর্ণ, ক্ষয়প্রাপ্ত, ঢাল।

جَرْدُ البَضَائِع، جَرْدُ الأَشْيَاء : মজুদ মালের পরীক্ষা, Stocktaking.



www.pathagar.com

قَائِمَةُ الْجَرْدِ : ফর্দ, দ্রব্যাদির তালিকা।

جُرْدٌ : আশ্বারোহী বাহিনী, গাছপালাবিহীন উচ্চ পর্বতমালা।

جَرَدٌ : ঘাস বা গাছপালাবিহীন মাঠ, কেশহীনতা, টাক। ব أَجَارِدُ

جَرِدٌ : ঘাস বা গাছপালাবিহীন (মাঠ)।

جُرْدَةٌ : দেহের অনাবৃত অংশ।

جَرْدَةٌ : জীর্ণ পোশাক।

جَرَادَةٌ، جَرَادٌ : পঙ্গপাল।

جَرَادُ الْبَحْرِ : গলদা চিংড়ি।

جُرَادَةٌ : ছাল, ত্বক।

جَرِيدٌ : খেজুর গাছের পাতাবিহীন ডাল।

جَرِيدَةٌ : খেজুরের ডাল, তালিকা, সূচি, জরিপের রেকর্ড, সংবাদপত্র। ব جَرَائِدُ

جَرِيدَةٌ رَسْمِيَّةٌ : সরকারি গেজেট।

جَرِيدَةٌ يَوْمِيَّةٌ : দৈনিক পত্রিকা।

جَارُودٌ : মন্দ (বৎসর), হতভাগ্য (মানুষ)

أَجْرَدُ : গাছপালা বা তৃণবিহীন (ভূমি), ছোট চুলবিশিষ্ট, কেশবিহীন, টাকুয়া, বিবস্ত্র, ঘৃণামুক্ত (অন্তর), মেঘশূন্য (আকাশ); জীর্ণ (পোশাক); উন্মুক্ত (সীমান্ত)। স্ত্রী جَرْدَاءُ ব اجارد

أَجْرُودِيٌّ : শ্মশ্রুবিহীন, কেশবিহীন, বিরল কেশ।

تَجَرُّدٌ : মুক্তি, বিচ্ছিন্নতা, শূন্যতা, অপক্ষপাত, খাঁটিত্ব, একাগ্রতা।

تَجْرِيدٌ : খোসা, ছাল বা আবরণ ছাড়ানো, শূন্যকরণ, মুক্তকরণ, কোষমুক্তকরণ (তরবারি),

تَجْرِيد مِنَ الْمُعَدَّاتِ الْحَرْبِيَّةِ، تَجْرِيد من السِّلَاحِ : নিরস্ত্রীকরণ, (Disarmament)।

تَجْرِيدَةٌ : সামরিক অভিযান।

مِجْرَدٌ : দাঁত পরিষ্কার করিবার যন্ত্র, টুথব্রাশ। ব مَجَارِدُ

مُجَرَّدٌ : পৃথকীকৃত, মুক্ত, শূন্য, নগ্ন, খাঁটি, পূর্ণ, একক, কেবল, অবিমিশ্র, বিমূর্ত।

مَجْرُودٌ : শূন্য, মুক্ত, মাংসবিহীন (হাড়), পঙ্গপাল বহুল (স্থান), বেলচা।

بِمُجَرَّدِمَا : যে মুহূর্তে, যেইমাত্র, অমনি।

مُتَجَرِّدٌ : নিরপেক্ষ, নিঃস্বার্থ।

جَرْدَبَ : লোভের সহিত অপরের খরচে খাওয়া।

جَرْدَلٌ : বালতি। ব جَرَادِلُ

جَرْدَمَ : সবটুকু খাওয়া, বেশি কথা বলা।

جَرْدَمٌ : বাকপটু।

جَرِذَ : ـَ (جَـرْذٌ) : স্ফোটক টিউমারে পরিণত হওয়া।

جَرَّذَ : কাটিয়া ফেলা (গাছের গিঁট), প্রশিক্ষণ দেওয়া, চিবাইয়া ফেলা।

أَجْرَذَ : দূরীভূত করা, পৃথক করা।

جُرَذٌ، جِرْذَوْنٌ : বড় ইঁদুর। ব جِرْذَانٌ، جَرَاذِينُ

جَرِذٌ : ইঁদুরবহুল (স্থান)।

جَرَزَ : ـُ (جَـرْزٌ) : কর্তন করা, পিছন হইতে ঠেলিয়া চালানো।

جَرُزَ : ـُ (جَـرَازَةٌ) : গোগ্রাসী হওয়া, লোভাতুর হওয়া।

جَارَزَ : (مُجَارَزَةٌ) : বিদ্বেষপূর্ণভাবে তামাশা করা।

أَجْرَزَ : (إِجْرَازٌ) : বন্ধ্যা হওয়া (নারী), কৃশ হওয়া (উষ্ট্রী)।

تَجَارَزَ : গালাগালি করা।

جَرَزٌ، جُرُزٌ : ফসলহীন বছর; দেহ; মানব বক্ষ। ব أَجْرَازٌ

جُرْزٌ : (ফা) লোহার রড; সাপের বিষদাঁত।

جَرْزَةٌ : ক্ষতি, ধ্বংস।

جُرْزَةٌ : আঁটি, গুচ্ছ।

جُرَازٌ : ধারালো তরবারি।

جَرُوزٌ : অতিভোজী ব্যক্তি।

مِجْرَازٌ : অনুর্বর ভূমি।

جَرَسَ : ـِ (جَرْسٌ) : বাজানো, ঘণ্টাধ্বনি করা, শব্দ করা, গণ্ডগোল করা, আস্তে আস্তে কথা বলা।

جَرَّسَ : (تَجْرِيسٌ) অভিজ্ঞ করা, অভ্যস্ত করা, অপমান করা; অখ্যাত করা, দুর্নাম রটানো।



www.pathagar.com

أَجْرَسَ : (اِجْـرَاس) টুংটাং শব্দ করা (অলঙ্কার); মানুষের শব্দে আতঙ্কিত হওয়া (বন্যজন্তু); ঘণ্টা বাজানো।

تَجَرَّسَ : ফিসফিস করিয়া কথা বলা, আস্তে আস্তে কথা বলা।

جَرْس، جِرْس : শব্দ, গুঞ্জন।

جَرَس : ঘণ্টা। ব أَجْرَاس

جَرَسُ التَّحْزِير : সতর্ক সংকেত, সতর্কীকরণ ঘণ্টা।

جَرَسُ الخَطَر : বিপদ সংকেত, বিপদজ্ঞাপক ঘণ্টা।

دَقَّ الجَرَسَ : ঘণ্টা বাজানো।

دَقَّةُ الجَرَس : ঘণ্টাধ্বনি।

ذَاتُ الأَجْرَاس : ব্যাটেল স্নেইক : আমেরিকার এক জাতীয় বিষধর সাপ।

جُرْسَة، جَرْسَة : কুখ্যাতি, দুর্নাম, কলঙ্ক, অপমান।

جُرَيْسَة : ফুলবিশেষ, Harebell.

جَرَشَ ـُ : (جَرْش) অমিহিনভাবে চূর্ণ করা, ধ্বংস করা, থেঁতলানো, ঘষিয়া গুঁড়া করা, আঁচড়ানো।

أَجْرَشَ : চুরি করা।

جَرْش : ঘর্ষণ শব্দ, খরখর শব্দ

جَرِش : কর্কশ।

جَارِشَة، جَرَّاشَة : পেষণ যন্ত্র, চূর্ণ করার যন্ত্র।

جَارُوشَة : হস্তচালিত জাঁতা। ব جَوَارِيش

جُرَاشَة : অমিহিন চূর্ণ গম, চিরুনি, চূর্ণ শস্য, কণিকা।

جَرِيش، مَجْرُوش : চূর্ণিত, অমিহিভাবে চূর্ণ (গম); থেঁতলানো।

جَوَارِش، جَوَارِيش : (ফা) মিষ্টান্ন।

جَرِضَ ـَ : (جَـرَض) শ্বাসরুদ্ধ হওয়া, কণ্ঠরুদ্ধ হওয়া।

~ ب : কষ্ট করিয়া গেলা বা গিলিতে না পারা লালা।

جَرَضَ ـُ : (جَرْض)، أَجْرَضَ (اجـراض) : শ্বাসরোধ করা, গলা টিপিয়া মারা।

جَرَض، جَرِيض : শ্বাসরোধ; লালা; দুঃখ।

جَرِيض : মরণোন্মুখ, ক্লিষ্ট। ব جَرْضَى

جُرَاضِم : বড় পেটবিশিষ্ট, পেটুক।

جَرَعَ ـَ ، جَرِعَ ـَ (جَرْع)، (جَرَع)، اِجْتَرَعَ، (اجتراع) ঢোঁক গিলা, গলাধঃকরণ, এক ঢোঁকে গিলিয়া ফেলা।

جَرَّعَ : (تجريع) গলাধঃকরণ করানো, গিলানো; ক্রোধ দমন করানো; সাহসী করা।

تَجَرَّعَ : চুমুক দিয়া পান করা, গিলিয়া ফেলা, ক্রোধ দমন করা।

جَرِع : দড়ি, ধনুকের ছিলা।

جَرْعَة، جُرْعَة : ঢোক, চুমুক, গ্রাস; ঔষধের মাত্রা। ব جُرَع

جَرَعَة، جَرْعَاء، أَجْرَع : বালুকাময় ভূমি। ব أَجَارِع

جُرَيْعَة : ছোট ঢোক।

جَرَفَ : (جَرْف) جَرَفَ (تَجْرِيف)، تَجَرَّفَ، اِجْتَرَفَ (اجتراف) সরাইয়া ফেলা, অপসারণ করা, মুছিয়া ফেলা, ধুইয়া ফেলা, পরিষ্কার করা, ঘষিয়া তুলিয়া ফেলা, ঝাঁটাইয়া দেওয়া।

جَرَّفَ : নিঃস্ব করিয়া দেওয়া।

أَجْرَفَ : প্লাবিত হওয়া (স্থান)।

اِنْجَرَفَ : বিদূরিত হওয়া, অপসৃত হওয়া।

جَرْف : পরিষ্কারকরণ, অপসারণ।

جَرْفُ الرِّمَال : ড্রেজিং, (Dredging).

جُرْف، جُرُف : ভাঙিয়া যাওয়া তীর, পর্বতের দুরারোহ পার্শ্ব; খাড়া গিরিচূড়া, নদীর দুরারোহ কূল; শহরের উপকণ্ঠ। ব جُرُوف، أَجْرَاف، جِرَفَة

جِرْفَة : রুটির টুকরা।

جُرَاف، جَارِف : প্রবল স্রোতপূর্ণ, ঝঞ্ঝাবহুল, তীব্র।

جَارُوف : অতিভোজী, অসুখী। স্ত্রী جَارُوفَة

جَرَّافَة، جَارُوفَة، مِجْرَف، مِجْرَفَة : ঝাড়ু, ঝাঁটা, কোদাল, হাতা, বেলচা; আঁচড়া, মই।

جَرَّافَةُ رِمَال : ড্রেজার, (Dredger).



www.pathagar.com

جَرَّافَة الفَلاَّح : মই, (Harrow).

إِنْجِرَاف : ক্ষয় হওয়া, সমূলে বিনষ্ট হওয়া।

جَرْفَسَ : ভূপাতিত করা; শক্ত করিয়া বাঁধা।

جُرَافِس، جِرْفَاس : সিংহ।

جَرْوَل، جَرِل، جَرَل : প্রস্তরময় ভূমি। ব أَجْرَال، جَرَاوِل

جِرْيَال : লালবর্ণ; খাঁটি (রং); মদ।

جَرَمَ - : (جَرْم) কাটা, ছাঁটিয়া ফেলা (গাছ); সম্পূর্ণ করা; ফাড়িয়া ফেলা (জাহাজ); হাড় বা কাঁটা ছাড়ানো (গোশত, মাছ)।

~ : (جِرَام، جَرْم) ফল সংগ্রহ করা।

أَجْرَمَ، إِجْتَرَمَ : (اِجْتِرَام، اِجْرَام) অপরাধ করা।

جَرَّمَ : (تَجْرِيْم) কাটিয়া খাটো করা; অপরাধী আখ্যায়িত করা, অভিযুক্ত করা।

تَجَرَّمَ : দোষী হওয়া; পাপ হইতে বিরত থাকা; অতিবাহিত হওয়া (সময়)।

جَرْم : গরম (দেশ), দণ্ড, জরিমানা; আকার, আয়তন; বৃহৎ নৌকা; বার্জ। ব جُرُوم

جِرْم : দেহ; গলা। ব جُرُم، أَجْرَام

جُرْم، جَرَم : অপরাধ, পাপ। ব جُرُوم، أَجْرَام

لاَجُرْمَ، لاَجَرَمَ : নিশ্চয়ই, অবশ্যই।

الأَجْرَام الفَلَكِيَّة : আকাশের গ্রহ-নক্ষত্রাদি।

جَارِم : ভরণপোষণকারী; খেজুর সংগ্রহকারী। ব جُرَّام، جُرَّم

جُرَام، جَرَام : শুকনা খেজুর।

جَرِيم : পরিমাণবিশেষ; শুকনা খেজুর।

جُرَامَة : সংগৃহীত বস্তু।

جَرِيم : অপরাধী; বড়, বিশাল; ছাঁটা হইয়াছে এমন গাছ।

جَرِيمَة : অপরাধ, জরিমানা, ফলের বিচি; সর্বশেষ বংশধর। ব جَرَائِم

إِجْرَام : অপরাধ।

إِجْرَام الأَحْدَاث : কিশোর অপরাধ, (Juvenile crime).

إِجْرَامِيّ : অপরাধমূলক, ফৌজদারি।

تَجْرِيم : অভিযুক্তকরণ, অপরাধীকরণ।

مُجْرِم : অপরাধী, দোষী।

جَرْمَزَ : জবাব এড়াইয়া যাওয়া, ভুল জবাব দেওয়া।

تَجَرْمَزَ : অতিবাহিত হওয়া (রাত); একত্রিত হওয়া (লোক)।

جُرْمُوز : ক্ষুদ্র ঘর, নিম্নভূমির হ্রদ।

جَرَمِيز، جَرَامِز : মানবদেহ; হাত, পা, অঙ্গ-প্রত্যঙ্গ।

جُرْمُوق : জুতার উপরে পরিধেয় জুতা, (Overshoe). প্রতিরক্ষা জুতা।

جَرَنَ ـُ : (جُرُون) জীর্ণ হওয়া (পোশাক); গুঁড়া করা (গম)।

~ عَلَى : প্রশিক্ষণপ্রাপ্ত হওয়া।

جَرَّنَ : (تَجْرِين) স্তূপাকার করা।

جُرْن : শস্য ঝাড়িবার স্থান, শস্যাগার, গামলা, মুষল; হামানদিস্তা। ব أَجْرَان

جَارِن : বিলুপ্ত (পদচিহ্ন), জীর্ণ (পোশাক)।

جِرَان : উটের ঘাড়ের সম্মুখভাগ; বোঝা। ব جُرُن، أَلْقَى عَلَيْهِ جِرَانَهُ সে তাহার বোঝা তাহার উপর নিক্ষেপ করিল, সে উহাতে অভ্যস্ত হইল, ضَرَبَ بِجِرَانِه সুপ্রতিষ্ঠিত হওয়া।

جَرِين : শস্য ঝাড়িবার, মাড়াইবার স্থান; শস্য শুকাইবার স্থান। ব أَجْرِنَة، جُرُن

جُرْنَال : সংবাদপত্র, সাময়িকী, (Journal). ব جَرَانِيل

جَرَّةَ : (تَجْرِيَه) প্রচার করা; প্রকাশ করা; প্রচারিত হওয়া, কুখ্যাত হওয়া।

جَرْهَة : পার্শ্ব।

جِرَاهِيَة : হৈচৈ; ঘোড়া; মানুষের দল।



www.pathagar.com

إِجْرَهَدَ، جَرْهَدَ : দ্রুত পদক্ষেপে হাঁটা, তাড়াতাড়ি চলা।

جُرْهُد، جَرْهَد : অধিক হাঁটিতে সক্ষম।

جِرْهَاس : অতিকায় সিংহ।

جُرْهُم : প্রাচীন আরবের একটি গোত্র।

جُرَاهِم، جِرْهَام : সিংহ; অতিকায় উট।

أَجْرَى : (اجراو) বাচ্চাওয়ালা হওয়া (কুকুর, সিংহ, শৃগাল ইত্যাদি)।

جُرْو، جِرْو : শাবক, বাচ্চা (কুকুর সিংহ, শৃগাল ইত্যাদির); ক্ষুদ্র তরমুজ, শসা, ডালিম ইত্যাদি। ব أَجْرَاء، أَجْرٍ، جِرَاء

جِرْوَى : ক্ষুদ্র শসা।

أَبو أَجْرٍ : সিংহ।

مُجْرٍ : বাচ্চাওয়ালা (কুকুর, সিংহ, শৃগাল ইত্যাদি)। স্ত্রী مُجْرِيَة

جَرَى : - (جِرْيَة، جَرَى، جَرْى); প্রবাহিত হওয়া (পানি, বাতাস); দৌড়ানো, চলিতে থাকা, সম্পন্ন হওয়া, কার্যকর হওয়া; সংঘটিত হওয়া, দ্রুত অগ্রসর হওয়া।

~ إِلَى : সংকল্প করা।

جَرَى مَجْرَاه : একই পথ অনুসরণ করা, একইভাবে কাজ করা।

جَرَّى : (تَجْرِيَة) চালানো, দৌড়ানো; প্রেরণ করা, আরম্ভ করা, সবেগে ছোঁড়া, প্রবাহিত করা।

تَجَارَى، جَارَى : প্রতিযোগিতা করা, একত্রে চলা; একমত হওয়া, একরকম হওয়া।

أَجْرَى : (اجْرَاء) প্রবাহিত করা, জারি করা, চালু করা, চালাইয়া যাওয়া, দৌড়ানো, কার্যকর করা, সম্পন্ন করা, সংঘটিত করা, বাস্তবায়িত করা (নির্দেশ, শাস্তি), অনুষ্ঠিত করা, বরাদ্দ করা (ভাতা)।

إِسْتَجْرَى : (اِسْتِجْرَاء) নিয়োগ করা, অনুগত করা, প্রেরণ করা, সবেগে ছোঁড়া।

جَرْى، جَرَيَان : গতি, প্রবাহ; দৌড়; উদরাময়; عَلَى جَرْى العَادَة : প্রথা অনুযায়ী।

جَرَّاء : ধাবনকারী।

مِنْ جَرَّائِكَ، مِنْ جَرَاكَ : তোমার কারণে।

جِرَايَة : বেতন, ভাতা, দৈনিক বরাদ্দ, পেনশন। ব جِرَايَاتٌ

جَرِيّ : দালাল, জামিনদার, বার্তাবহ। ব أَجْرِيَاء

جَارٍ : প্রবহমান, চলমান, ধাবমান; বর্তমান (মাস, বৎসর)।

جَارِيَة : কিশোরী মেয়ে দাসী, ক্রীতদাসী, পরিচারিকা; নিগ্রো মেয়ে, জাহাজ; নৌযান, বাতাস; সূর্য; চক্ষু; সাপ। ব جَارِيَات، جَوَارٍ

إِجْرَاء : সম্পাদন; কার্যকরকরণ; প্রয়োগ, প্রবর্তন; বাস্তবায়ন, অনুষ্ঠিতকরণ; কর্মপন্থা, ব্যবস্থা; কার্যপ্রণালী, পদক্ষেপ। ব إِجْرَاءَات

إِجْرَائِيّ : কার্যকর, ফলপ্রসূ, প্রক্রিয়াগত।

إِجْرِيَّا : পথ, পদ্ধতি, ধরন। ব أَجَارِي

مَجْرًى : গতিপথ, গতি, প্রবাহ, স্রোত, ধারা, খাল, নালা, পাইপলাইন, প্রবণতা। ব مَجَارٍ

مَجْرَى الأَحْوَال : ঘটনা প্রবাহ।

مَجْرَى البَوْل : মূত্রনালী।

مَجْرَى الشَّمْس : সূর্যের কক্ষপথ।

مَاجَرَيَات : ঘটনা প্রবাহ।

مُجَارَاة : সাদৃশ্য, ঐকমত্য, প্রতিযোগিতা।

جَزَّ : (جَزّ) جَزَّزَ (تَجْزِيز) إِجْتَزَّ، (اِجْتِزَاز) কর্তন করা, ছাঁটা, (পশম, ঘাস)।

~ ~ : (جَزّ) جَزَّزَ، শুকানো।

أَجَزَّ، إِسْتَجَزَّ : (اِسْتِجْزَاز، اِجْزَاز) পশম, শস্য ইত্যাদি কাটিবার সময় হওয়া।

جِزَّة : ছাঁটা পশম, কর্তিত মেষলোম। ব جَزَائِز، جِزَز

جُزَازَة، جُزَاز : কর্তিত অংশ, খণ্ড, টুকরা, টোকা; রাতের অংশ।

جِزَاز : শস্য বা ফসল কাটার সময়।

مَجْزُوز، جَزِيز، جَزُوز : কর্তিত, ছাঁটাইকৃত।

جَزَّاز : মেষের লোম কর্তনকারী।

مِجَزّ : পশম ছাঁটার কাঁচি।



www.pathagar.com

جَزَأَ : ـَ (جَزْء)؛ বিভিন্ন অংশে বিভক্ত করা, অংশ লওয়া; অংশ বাদ দিয়া খাটো করা (পঙ্‌ক্তি); শক্ত করা; পরিতৃপ্ত হওয়া।

جَزَّأَ : (تَجْزِئَة) ভাগ করা, বিভক্ত করা, পৃথক করা, ভাঙ্গিয়া ফেলা, কাটিয়া ফেলা।

أَجْزَأَ : (إِجْزَاء) কন্যা প্রসব করা; আঙ্গুলে পরিধান করা (আংটি); যথেষ্ট হওয়া।

تَجَزَّأَ : বিভক্ত হওয়া, পৃথকীকৃত হওয়া, বিভাজ্য হওয়া, পরিতৃপ্ত হওয়া।

إِجْتَزَأَ : (اِجْتِزَاء) পরিতৃপ্ত হওয়া; একটু একটু করিয়া করা।

جُزْء : অংশ, উপাদান, ভাগ, বিভাগ, আল-কুরআনের ত্রিশ ভাগের এক ভাগ, খণ্ড। ব أَجْزَاء

جُزْئِي : আংশিক; সামান্য, গৌণ, মামুলি।

جُزَيْء : অণু। ব جُزَيْئَات

جُزْئِيَّات : মামুলি বিষয়াদি; খুঁটিনাটি; বিস্তারিত বিষয়াদি।

جُزْئِيًّا : আংশিকভাবে।

جَزَاء : শাস্তি; পুরস্কার, প্রতিদান (جزى)

أَجْزَاجِيّ، أَجْزَائِي : ভেষজী; Chemist, ঔষধ বিক্রেতা।

أَجْزَائِيَّة : ঔষধের দোকান।

جَزِئ، مُجْزِئ : যথেষ্ট, তৃপ্তিকর (খাদ্য)।

تَجْزِئَة : বিভাজন, বিভক্তকরণ, পৃথকীকরণ, খণ্ডিতকরণ।

مَجْزَأ، مَجْزَأَة، مُجْزَأ، مُجْزَأَة : যথেষ্টতা; বিকল্প।

جِزْب : অংশ। ব أَجْزَاب

جَزَحَ، جَزْح : কাজে গমন করা; বিশ্রামস্থলে প্রবেশ করা (হরিণ)।

جَزَحَ لَهُ مِنْ مَالِهِ : সে তাহাকে তাহার সম্পদের একাংশ প্রদান করিল।

جَزْح : দান, উপহার।

جُزْدَان : (ফা) কাগজপত্র রাখিবার আধার, পত্রকোষ।

جَزَرَ : ـُ (جَزْر)، إِجْتَزَرَ، (اِجْتِزَار) জবাই করা, হত্যা করা, কাটিয়া ফেলা। নিচে নামিয়া যাওয়া, ভাটা লাগা, বহিয়া যাওয়া (পানি)।

أَجْزَرَ : (إِجْزَار) জবাই করার উপযোগী হওয়া; কর্তিত হওয়া (খেজুর); মৃতপ্রায় হওয়া (বৃদ্ধলোক), মরিয়া যাওয়া।

تَجَازَرَ : একে অপরকে অপমান করা।

تَجَزَّرَ، إِجْتَزَرَ : মরিয়া হইয়া যুদ্ধ করা; বন্যজন্তুর জন্য শিকার ছাড়িয়া যাওয়া।

جَزْر : ভাটা; জবাই, কসাইবৃত্তি।

جَزْرُ الْبَحْرِ وَمَدُّهُ : স্রোতের আগমন-নির্গমন, জোয়ার-ভাটা।

جَزْرِكَامِل : পূর্ণভাটা, Neap tide.

جَزَر : পশুর জবাইকৃত মাথা; শিকার।

جَزَر : (ফা) গাজর।

جَزْرَة : কোরবানি, বলি।

جَزَّار : কসাই, নিষ্ঠুর লোক, উৎপীড়ক।

جِزَارَة : কসাইবৃত্তি।

جَزُور : জবাই উপযোগী (উট)। ব جُزُر، جَزَائِر

جُزَارَة : জবাইকৃত পশুর পরিত্যক্ত অংশ।

جَزِيرَة : দ্বীপ, উপদ্বীপ। ব جَزَائِر، جُزُر

شِبْهُ الْجَزِيرَة : উপদ্বীপ।

جَزِيرَةُ الْعَرَب : আরব উপদ্বীপ।

الْجَزِيرَة : মেসোপটেমিয়া।

الْجَزَائِر : আলজেরিয়া, আলজিয়ার্স।

جَزَرِيّ، جَزَائِرِيّ : আলজিরীয়, দ্বীপ সংক্রান্ত, দ্বীপবাসী।

جُزَيِّرَة : ক্ষুদ্র দ্বীপ।

مَجْزِر : কসাইখানা। ব مَجَازِر

مَجْزَرَة : কসাইখানা, হত্যাকাণ্ড। ব مَجَازِر

جَزَعَ : ـَ (جَزْع)؛ অতিক্রম করা (নদী); কর্তন করা।

جَزِعَ : ـَ (جَزَع، جُزُوع)~ مِنْ অধৈর্য হওয়া, উদ্বিগ্ন হওয়া, নিরাশ হওয়া, দুঃখ প্রকাশ করা।



www.pathagar.com

~ عَلَى : সহানুভূতিসম্পন্ন হওয়া; দুঃখ অনুভব করা; শোক প্রকাশ করা, উদ্বিগ্ন হওয়া।

جَزَّعَ : (تَجْزِيْع) অর্ধপক্ক হওয়া (খেজুর); সামান্য পানি অবশিষ্ট থাকা (পুকুরে), দুই টুকরা করিয়া কাটা।

أَجْزَعَ : (اِجْزَاع) কষ্ট দেওয়া; রাখিয়া যাওয়া (অবশিষ্টাংশ)।

تَجَزَّعَ : ভাঙ্গিয়া বা ছিঁড়িয়া টুকরা টুকরা হওয়া (লাঠি, দড়ি); ভাগ করা (লুণ্ঠিত দ্রব্য)।

إِنْجَزَعَ : (اِنْجِزَاع) ভাঙ্গিয়া বা ছিঁড়িয়া টুকরা টুকরা হওয়া (লাঠি, দড়ি)।

إِجْتَزَعَ : (اِجْتِزَاع) ভাঙা, কাটা (ডাল)।

جَزْع : আকীকজাতীয় মণিবিশেষ, (Onyx).

جِزْع : উপত্যকার বাঁক; গোত্রের শিবির। ব أَجْزَاع

جُزْع : হলুদ রং; যে দণ্ডের উপর চাকা ঘোরে।

جُزُوع، جَزَع : অস্থিরতা, উদ্বেগ, উৎকণ্ঠা, দুঃখ, ভয়।

جَزُوع، جَازِع، جَزِع : অধৈর্য, অস্থির, উদ্বিগ্ন, দুঃখিত, ভীত ব্যক্তি।

جُزَيْعَة، جُزْعَة : সামান্য পরিমাণ, দলের অংশ, ছুরির বাঁট। ব جُزَعٌ

مَجْزَع : অত্যন্ত উদ্বিগ্ন; অস্থির। ব مَجَازِع

مُجَزَّع : মর্মর প্রস্তরের ন্যায় রঙ করা বস্তু, নানা রঙে চিত্র-বিচিত্রিত, সরু সরু দাগযুক্ত; অর্ধপক্ক (খেজুর), সামান্য পানি ধারণকারী (পুকুর)।

وَرَق مُجَزَّع : মার্বেল পেপার।

جَزَفَ : ـُ (جَزْف)، جِزَاف، (جِزَاف) এলোমেলোভাবে কাজ করা; না ভাবিয়া কাজ করা; ঝুঁকি লওয়া।

~ فِى الْبَيْع : মাপ কিংবা ওজন না করিয়া ক্রয়-বিক্রয় করা।

~ فِى الْكَلَام : অনুমানে কথা বলা।

جُزَافًا : এলোমেলো ভাব, এলোপাথাড়ি ভাব, মোটামুটি।

جَزَّاف : জেলে।

مِجْزَفَة : মাছ ধরার জাল।

مُجَازِف : হঠকারী, দুঃসাহসী, বেপরোয়া।

مُجَازَفَة : হঠকারিতা, দুঃসাহস, বেপরোয়া ভাব, ঝুঁকি।

جَزُلَ : ـُ (جَزَالَة) প্রচুর হওয়া; সুস্পষ্ট হওয়া, মার্জিত হওয়া, অলঙ্কারপূর্ণ হওয়া (কথা); বিরাট হওয়া, গুরুত্বপূর্ণ হওয়া; বিচক্ষণ হওয়া, জ্ঞানী হওয়া (মানুষ)।

جَزَلَ : ـِ (جِزْلَة، جَزْل) কাটিয়া দুই টুকরা করা।

أَجْزَلَ : (اجزال) কাঁধে ক্ষতবিশিষ্ট হওয়া (উট)।

أَجْزَلَ لَهُ الْعَطَاء : মুক্তহস্তে দান করা।

إِسْتَجْزَلَ : (اِسْتِجْزَال) শ্রেয় মনে করা (উপদেশ)।

جَزِيل، جَزْل : প্রচুর; খাঁটি, পরিচ্ছন্ন, বিশুদ্ধ, অলঙ্কারপূর্ণ (ভাষা); উদার। ব جِزَال

عَطَاء جَزِيل، خَير جَزِيل : মহান দান।

شُكْر جَزِيل : উচ্ছ্বসিত ধন্যবাদ।

جَزِيلُ الاِحْتِرَام : অত্যন্ত সম্মানিত।

جِزْلَة : টুকরা, ফালি। ব جِزَالٌ

جَزَالَة : প্রাচুর্য, পরিচ্ছন্নতা, বিশুদ্ধতা, অলঙ্কারপূর্ণতা; দৃঢ়তা; সঠিক বিচার।

جَوْزَل : তরুণ কপোত; তারুণ্য; হাঁপানি; পরিশ্রান্ত উট। ব جَوَازِل

جُزْلَان : টাকার থলি।

جَزَمَ : ـِ (جَزْم) কর্তন করা; সিদ্ধান্ত গ্রহণ করা; সংকল্প করা, নিঃশর্ত শপথ করা; দিনে একবার খাদ্য গ্রহণ করা; শব্দের শেষ বর্ণ হসন্তযুক্ত হওয়া বা সাকিন উচ্চারণ করা (ব্যা)।

~ بِ : নিশ্চিত হওয়া; প্রামাণিকভাবে দাবি করা।

~ عَلَى : মনস্থির করা, সিদ্ধান্ত গ্রহণ করা, স্থির সংকল্প করা; চাপাইয়া দেওয়া।

جَزَّمَ (تجزيم) ~ عَنْ : বিরত হওয়া; ভীত ও অসমর্থ হওয়া।

~ عَلَى : নীরব থাকা।

إِنْجَزَمَ : (اِنْجِزَام) কর্তিত হওয়া; ভাঙ্গিয়া যাওয়া।

جَزْم : কর্তন; সিদ্ধান্ত, সংকল্প।



www.pathagar.com

جَزْمَة : 'সুকূন' চিহ্ন, জযম (-ْ ،-ْ ،-); জুতা।

جَزْمَة : দলের অংশ। ব جَزْمَات

جِزْمَاتِيّ : জুতা প্রস্তুতকারক, মুচি।

جَازِم : সংকল্পকারী; চূড়ান্ত, নিশ্চিত; 'জযম' দানকারী (অব্যয়)। ব جَوَازِم

مَجْزُوم : কর্তিত, স্থিরীকৃত; 'জযম'বিশিষ্ট।

جَزَى : - (جَزَاء) পরিশোধ করা; সন্তুষ্ট করা, তৃপ্তিদান করা।

~ ب، عَلَى : পুরস্কার দেওয়া, প্রতিদান দেওয়া, শাস্তি দেওয়া, ক্ষতিপূরণ দেওয়া।

~ عَنْ : পরিবর্তে করা, ক্ষতিপূরণ দেওয়া।

جَزَاكَ اللّٰه خَيْرًا : আল্লাহ তোমাকে উত্তম পুরস্কার দিন।

جَازَى : (مُجَازَاة) ক্ষতিপূরণ দেওয়া, পুরস্কার দেওয়া, প্রতিদান দেওয়া, শাস্তি দেওয়া।

أَجْزَى : (اجْزَاء) যথেষ্ট হওয়া।

~ عَنْ : স্থলাভিষিক্ত হওয়া।

جَزَاء : প্রতিদান, ক্ষতিপূরণ, পুরস্কার, দণ্ড, শাস্তি, সংশোধন, শর্তের জওয়াব (ব্যা)।

جَزَاء نَقْدِيّ : অর্থদণ্ড, জরিমানা।

قَانُونُ الجَزَاء : ফৌজদারি আইন।

مِنْطَقَة الجَزَاء : পেনাল্টি এলাকা (ফুটবল)।

جَزَائِيّ : দণ্ডসংক্রান্ত, দণ্ডনীয়, শাস্তিমূলক; ফৌজদারি।

جِزْيَة : কর; আনুগত্যের নিদর্শনস্বরূপ প্রদত্ত কর; মুসলিম শাসনাধীন অমুসলিমদের উপর যুদ্ধে অংশগ্রহণের পরিবর্তে ধার্যকৃত কর। ব جِزًى

تَجْزِيَة : প্রতিদান, পুরস্কার।

مُجَازَاة : ক্ষতিপূরণ, পুরস্কার, শাস্তি।

جَسَّ : ـُ (مَجَسَّة، جَسّ) স্পর্শ করা, স্পর্শ দ্বারা অনুভব বা পরীক্ষা করা, নির্ণয় করা, নিরীক্ষণ করা, তথ্য লাভ করিবার চেষ্টা করা, আবিষ্কারের চেষ্টা করা, গুপ্তচরবৃত্তি করা।

جَسَّ نَبْضَهُ : সে তাহার নাড়ি পরীক্ষা করিল।

تَجَسَّسَ : নির্ণয় করা, নিরীক্ষণ করা, তথ্য লাভ করিবার চেষ্টা করা, আবিষ্কারের চেষ্টা করা, গুপ্তচরবৃত্তি করা।

إِجْتَسَّ : (اجْتِسَاس) স্পর্শ করা, স্পর্শ দ্বারা অনুভব বা পরীক্ষা করা; অনুসন্ধান চালানো।

جَاسُوس : গুপ্তচর। ব جَوَاسِيس، جُسَّاس

تَجَسُّس، جَاسُوسِيَّة : গুপ্তচরবৃত্তি।

مَجَسّ : স্পর্শস্থল, নাড়ি, বক্ষ।

مِجَسّ : ক্ষত পরীক্ষার অস্ত্র।

جَسَأَ : ـُ (جُسَاءَة، جُسُوء) কঠিন হওয়া, একগুঁয়ে হওয়া, রূঢ় হওয়া।

جَاسَأَ : (مُجَاسَأَة) শত্রুতা প্রদর্শন করা।

جَسْء : শক্ত চামড়া; ঠাণ্ডা পানি।

جُسْأَة، جَاسِيَاء : কঠোরতা, রূঢ়তা, কাঠিন্য।

جَاسِئ : কঠিন, একগুঁয়ে, রূঢ়।

جَسَّدَ : (تَجْسِيد) অবয়বসম্পন্ন করা, রূপদান করা, আকৃতি প্রদান করা, জাফরান দ্বারা রঞ্জিত করা।

تَجَسَّدَ : দেহ ধারণ করা, বাস্তব আকার ধারণ করা, মূর্ত হওয়া।

جَسَد : দেহ, শরীর। ব أَجْسَاد

~، جِسَاد : জাফরান।

جَسَدِيّ، جُسْدَانِيّ : দৈহিক, শারীরিক।

تَجَسُّد : দেহধারণ।

مَجْسَد : জামা, শেমিজ। ব مَجَاسِد

مُجَسِّد، مِجْسَاد : ঘনবীক্ষণ যন্ত্র, (Stereoscope).

مُتَجَسِّد : দেহধারী, দেহবিশিষ্ট।

جَسَرَ : ـُ (جُسُور، جَسَارَة) على; সাহস করা, ঝুঁকি লওয়া, সাহস করিয়া গ্রহণ করা; পার হওয়া; সেতু নির্মাণ করা।

جَسَّرَ : বাঁধ নির্মাণ করা; সাহস দেওয়া, সাহসী করা।

تَجَاسَرَ : সাহস করা, ঝুঁকি লওয়া; সাহসী হওয়া, দুঃসাহস দেখানো।

جَسَا - ُ : (جُسُوٌّ، جَسْو) শুকাইয়া যাওয়া, শক্ত হওয়া, কঠিন হওয়া, ঠাণ্ডা হওয়া (পানি)।

جَسَاوَة : কাঠিন্য।

جَاسٍ : শুকনা; শক্ত; কঠিন।

جَشَّ - ُ : (جَشّ) ভাঙ্গিয়া ফেলা, চূর্ণ করা, ঝাড়ু দেওয়া; পরিষ্কার করা; আঘাত করা।

أَجَشَّ : (اِجْشَاش) ভাঙ্গিয়া ফেলা, চূর্ণ করা।

جَشّ : প্রস্তরময় স্থান; দেহের মধ্যাংশ।

جَشَّة : কর্কশতা, গোলমাল; হৈচৈকারী দল।

أَجَشّ : কর্কশ স্বরবিশিষ্ট; গুরুগুরু শব্দবিশিষ্ট (মেঘ, বজ্র)। স্ত্রী جَشَّاء ব جُش

جَشَش : কর্কশতা।

جَشِيش : চূর্ণিত; মোটাভাবে চূর্ণিত শস্য।

مِجَشَّة، مِجَشّ : হস্তচালিত জাঁতা, Hand-mill. ব مَجَاشّ

جَشَا - َ : (جَشْا، جُشُوّ، جُشُوّ) আলোড়িত হওয়া (মন), উদ্ভিদ উৎপন্ন করা (ভূমি); ঝাঁপাইয়া পড়া (বন্যজন্তু); ভ্যা ভ্যা করা (ভেড়া); প্রবাসে গমন করা, প্রবাসী হওয়া।

جَشَّا، تَجَشَّا : (تَجَشُّؤ) ঢেঁকুর তোলা।

جُشَاء، جُشْأَة : ঢেঁকুর, উদ্গীরণ।

جُشَاء : (সাগরের) স্ফীতি; (রাতের) অন্ধকার।

جَشُبَ - ُ : جَشِبَ - َ (جَشَب) جَشُبَ - ُ (جَشَابَة) অস্বাস্থ্যকর বা ক্ষতিকর হওয়া (খাদ্য)।

جَشَبَ - ُ : (جُشُوبَة) অস্বাস্থ্যকর বা ক্ষতিকর খাদ্য গ্রহণ করিয়া বাঁচিয়া থাকা।

جَشْب، جَشِيب، مِجْشَاب، مَجْشُوب : অস্বাস্থ্যকর, ক্ষতিকর, অরুচিকর (খাদ্য)।

جَشَرَ - ُ : (جَشْر) চারণভূমিতে লইয়া যাওয়া (পশু); পরিত্যাগ করা।

~ : (جُشُور) আরম্ভ হওয়া (প্রভাত); রওয়ানা করা।

جَشِرَ - َ : (جَشَر); শক্ত হওয়া (মাটি); কর্কশ স্বরবিশিষ্ট হওয়া (মানুষ)। স্ত্রী جَشْرَاء ব جُشْر

جَشَّرَ : (تَجْشِير) খালি করা (পাত্র)।

إِجْتَسَرَ : (اِجْتِسَار) পার হওয়া (সাগর, মরুভূমি)।

جَسْر : লম্বা ও শক্তিশালী (উট); লম্বা ও সাহসী (লোক)।

جِسْر : সেতু, পুল; বাঁধ। ব جُسُور. أَجْسُر

جِسْر جَوِّي : আকাশ সেতু।

~ عَائِم : ভাসমান সেতু।

~ قَلَّاب : অপসারণযোগ্য সেতু।

~ مُتَحَرِّك : চলমান সেতু।

~ مُعَلَّق : ঝুলন্ত সেতু।

تَجَاسُر، جَسَارَة : সাহস, দুঃসাহস।

مُتَجَاسِر، جَسُور : সাহসী, দুঃসাহসী, ধৃষ্ট।

جَسَعَ - َ : (جُسُوع) ~ عَنْ প্রত্যাখ্যান করা (প্রস্তাব)।

جَسُمَ - ُ : (جَسَامَة) মোটা হওয়া, স্থূলকায় হওয়া।

جَسَّمَ : (تَجْسِيم) স্থূলকায় করা, বিশাল করা, সম্প্রসারিত করা, দেহবিশিষ্ট করা, আকৃতি দান করা, মূর্ত করা।

تَجَسَّمَ : বিশাল হওয়া, স্থূলকায় হওয়া, সম্প্রসারিত হওয়া, গুরুত্বপূর্ণ হওয়া (কাজ); অনেকের মধ্য হইতে পছন্দ করা; আশ্রয় লওয়া; দেহবিশিষ্ট হওয়া, মূর্ত হওয়া, আকার ধারণ করা।

جِسْم : দেহ, শরীর, বস্তু, আকার। ব. أَجْسُم جُسُوم، أَجْسَام

جِسْمَانِي، جِسْمِيّ : দৈহিক, শারীরিক; বস্তুগত।

جُسْمَان : দেহ, শরীর।

جَسَامَة : বিরাটত্ব, বিশালতা, স্থূলতা, প্রকাণ্ডতা; আকার।

جَسِيم : বিরাট, বিশাল, স্থূলকায়, প্রকাণ্ড, গুরুত্বপূর্ণ। ব جِسَام

تَجْسِيم : সম্প্রসারণ, বর্ধন; আকৃতি দান।

مُجَسَّم : আকৃতিপ্রাপ্ত, দেহবিশিষ্ট, মূর্ত; সম্প্রসারিত, বর্ধিত।



www.pathagar.com

جَشَرَ : ছাড়া পশু (চারণভূমিতে)।

جَشَار : গবাদি পশু, পশুসম্পদ।

جُشَارِىّ : রাখাল।

جَشَّار : চারণভূমির মালিক।

جُشْرَة : কাশি, কর্কশতা।

أَجْشَر : কর্কশ স্বরবিশিষ্ট। স্ত্রী جَشْرَاء ; ব جُشْر

جَشِعَ : ـَ (جَشَع)، تَجَشَّعَ লোভ করা, লোভী হওয়া।

جَشَعٌ : লোভ, প্রবল কামনা, লোলুপতা, প্রবল লিপ্সা। ব جِشَعٌ، جُشَعَاءُ

جَشِع، أَجْشَع : লোভী।

جَشَمَ : (جَشْم، جَشَامَة) جَشَّمَ (تَجْشِيم) أَجْشَمَ (إِجْشَام) চাপাইয়া দেওয়া (কঠিন কাজ), ভার দেওয়া।

تَجَشَّمَ : (কঠিন কাজের) দায়িত্ব লওয়া, সহ্য করা।

جَشَم، جُشَم : বোঝা, কঠিন কাজ। ব جُشُومٌ

جَاشِم، جَشُوم : কঠিন কাজের দায়িত্ব অর্পণকারী।

جَشِيم : পুরু, বড়।

جُشَنَة : ভরতজাতীয় পাখিবিশেষ, Pipit.

جَصَّ : ـِ (جَصّ) বিলাপ করা।

جَصَّصَ : (تَجْصِيص) মঞ্জরিত হওয়া (উদ্ভিদ); চক্ষু উন্মীলিত করা (কুকুরছানা); চুনকাম করা, প্লাস্টার করা (ঘর)।

إِجْتَصَّ : সংলগ্ন হওয়া।

جِصّ : জিপসাম; এক ধরনের সাদা গুঁড়া, যাহাতে পানি মিশাইয়া লেই করা যায় এবং যাহা শুকাইলে খুব শক্ত হয়, Plaster of paris.

جَصَّاص : প্লাস্টারকারী।

جَصَّاصَة : প্লাস্টার সামগ্রী মিশাইবার স্থান, Plaster kiln.

جَصِيصَة : একসঙ্গে বসবাসকারী লোকদের সমাবেশ।

تَجَصْطَنَ : আলস্যে কাল কাটানো, অলসভাবে শুইয়া থাকা।

جَضَّ : ـُ (جَضّ) ছুঁড়িয়া মারা, নিক্ষেপ করা, আর্তনাদ করা, চিৎকার করা।

جَعَتَ : ـَ (جَعْت) ভূপাতিত করা।

جَعِتَ : তূণীর তৈয়ার করা।

جَعَّتَ : (تَجْعِيت) কুঞ্চিত করা, ভাঁজ করা; ভূপাতিত করা।

إِنْجَعَتَ، تَجَعَّتَ : (إِنْجِعَات) ভিড় করা।

جَعْبَة : তূণীর, গুলী রাখিবার বাক্স, নল, পাইপ, বন্দুকের নল। ব جِعَاب

جَعْبَر : খর্ব ও স্থুল। ব جَعَابِرُ

تَجَعْثَمَ، تَجَعْثَنَ : গুটাইয়া যাওয়া, সংকুচিত হওয়া।

جِعْثِنَة : গাছের কাণ্ড। ব جِعْثِن، جَعَاثِن

جَعْجَعَ : হাঁটু গাড়িয়া বসা (উট), হাঁটু গাড়িয়া বসানো; জবাই করা (পশু); খটখট শব্দ করা (যন্ত্র), তর্জন-গর্জন করা, হৈচৈ করা; গলার মধ্যে ঘড়ঘড় আওয়াজ করা।

تَجَعْجَعَ : দুঃখে আছাড় খাইয়া পড়া।

جَعْجَعَة : উটের বিড়বিড় ধ্বনি, ইঞ্জিনের খটখট শব্দ, তর্জন-গর্জন, হৈচৈ।

جَعْجَاع : সংকীর্ণ স্থান, যুদ্ধক্ষেত্র, অস্বাস্থ্যকর আবহাওয়া; পৃথিবী; বিড়বিড়কারী (উট); খটখট শব্দকারী (যন্ত্র); তরঙ্গায়িত হওয়া; ভাঁজকৃত হওয়া।

جَعَّدَ : (تَجْعِيد) কুঞ্চিত করা (চুল); ভাঁজ করা।

جَعْد : কোঁকড়ানো চুলবিশিষ্ট। ব جِعَاد;

جَعْدُ الْبَنَان، جَعْد الأَصَابِع، جَعْدُ الْكَفّ، جَعْدُ الْيَد : কৃপণ, ব্যয়কুণ্ঠ, ধনলোভী।

جَعْدُ الْقَفَا : ইতর, নীচু বংশীয়।

جَعْدَة : গুচ্ছ, থোকা, ভাঁজ।

أَبُو جَعَادَة، أَبُو جَعْدَة : নেকড়ে।

أَجْعَد، جَعْدِىّ : কুঞ্চিত কেশ, চর্ম।

جُعَيْدِىّ : কৃপণ, ব্যয়কুণ্ঠ; অশ্লীল ভাষী; গুণ্ডা, দুর্বৃত্ত।

تَجَعُّدَات، تَجَاعِيد : কুঁচকান রেখা।



www.pathagar.com

مُجَعَّد : কুঞ্চিত, তরঙ্গায়িত, ভাঁজকৃত।

جَعْدَنَ : অশ্লীল ভাষা ব্যবহার করা।

جَعْدَنَة : বাজে কথা, অশ্লীল ভাষা।

جَعَرَ - َ : (جَعْر)، (إِنْجَعَرَ) মলত্যাগ করা (জন্তু)।

جَعَّرَ : (تَجْعِير) গর্জন করা, তর্জন-গর্জন করা।

جَعْر : (জন্তু-জানোয়ারের) মল, বিষ্ঠা, লাদ। ব جُعُور

جِعَار : কূপ পরিষ্কারকের ব্যবহৃত দড়ি।

جَعَار، أَبو جَعَار : হায়না।

جُعْرُور : নিম্নমানের খেজুর।

جِعْرِيّ : রাজ আসন।

أَبو جِعْرَان : গোবরে পোকা।

أُمّ جِعْرَان : মিসরীয় শকুন।

جِعْرَانَة : মক্কা হইতে তায়েফ অভিমুখে সাত মাইল দূরে অবস্থিত একটি স্থান।

جَاعِرَة : নিতম্ব, পাছা। ব مَجْعَر، جَعْرَاء، جَوَاعِر

الجَمْهُورِيَّة العَرَبِيَّة السُّورِيَّة : সিরীয় আরব প্রজাতন্ত্র।

جَعَسَ - َ : (جَعْس) মলত্যাগ করা।

تَجَعَّسَ : খারাপ কথা উচ্চারণ করা।

جَعَظَ - َ : (جَعْظ) তাড়াইয়া দেওয়া।

أَجْعَظَ : (إِجْعَاظ) তাড়াইয়া দেওয়া; পলায়ন করা।

جَعَفَ - َ : (جَعْف)، أَجْعَفَ، اجعاف উপুড় করিয়া ফেলা, আনত করানো, নোয়ানো।

إِجْتَعَفَ : (إِجْتِعَاف) উৎপাটন করা (গাছ)।

إِنْجَعَفَ : (إِنْجِعَال) উৎপাটিত হওয়া (গাছ)।

جَاعِف، جُعَاف : বিস্তীর্ণ (স্রোত)।

جَعْفَر : স্রোতস্বিনী, ছোট নদী।

الجَمْهُورِيَّةُ العَرَبِيَّةُ اللِّيبِيَّةَ : লিবীয় আরব প্রজাতন্ত্র।

جَعِلَ - َ : (جَعَل)، أَجْعَل، (إِجْعَال) গোবরে পোকায় পরিপূর্ণ হওয়া (পানি)।

جَعَلَ - َ : (جَعْل) কাজ করা, নিয়োগ করা, পরিণত করা, গঠন করা, স্থাপন করা, সৃষ্টি করা, সম্পাদন করা, ঘটানো, ঠিক করা, সাব্যস্ত করা, গ্রহণ করা, দান করা, চিন্তা করা, ধারণা করা, বিশ্বাস করা।

جَعَلَ يَفْعَلُ : করিতে আরম্ভ করা।

جَاعَلَ : (مُجَاعَلَة) ঘুষ দেওয়া, ঘুষ দিতে চাওয়া।

أَجْعَلَ : (إِجْعَال) দান করা।

تَجَاعَلَ : একত্রে সম্পন্ন করা।

جُعْل، جِعَال : মজুরি, বেতন; পুরস্কার, পারিশ্রমিক, কমিশন। ব أَجْعَال، جُعُل، جُعُوْلٌ

جُعَل : তেলাপোকা; তত্ত্বাবধায়ক। ব جِعْلَان

جَعِل، مُجْعِل : তেলাপোকায় পরিপূর্ণ (বদ্ধ পানি)।

جَعَالَة، جِعَالَة، جُعَالَة : ঘুষ, বেতন, মজুরি, পুরস্কার, ভাতা, পেনশন, কমিশন। ব جَعَائِل

جَعِيلَة : চুক্তি দ্বারা স্থিরীকৃত মূল্য; (রাখালসহ) মেষপাল। ব جَعَائِل

جَعَمَ - َ : (جَعْم)، جَعِمَ - َ (جَعَم) বাসনামুক্ত হওয়া; মুখবন্ধনী লাগানো (উটের)।

جَعَمَ - َ : (جَعْم)، تَجَعَّمَ লোভ করা, কামনা করা।

أَجْعَمَ : (إِجْعَام) শিকড় পর্যন্ত খাইয়া ফেলা (গাছ); মূলোৎপাটন করা।

جَعَا - ُ : (جَعْو) গোবর সংগ্রহ করা।

جِعَة : তিক্ত মদবিশেষ, Beer.

الجَمْهُورِيَّة العَرَبِيَّة اليَمَنِيَّة : ইয়ামান আরব প্রজাতন্ত্র।

جُغْرَافِيَّة، جُغْرَافِيَا : ভূগোল।

جُغْرَافِيّ : ভৌগোলিক; ভূগোলবিদ।

جَفَّ - ِ : (جُفُوف، جَفَاف) শুকাইয়া যাওয়া।

~ - ُ : (جَفّ) তুলিয়া লইয়া যাওয়া।



www.pathagar.com

جَفَّفَ : (تَجْفِيف) শুকানো, শুকনা করা, নিষ্কাশন করা; বর্ম পরানো (অশ্ব)।

جُفٌّ : তালগাছের খোল, বৃদ্ধ লোক। ব جُفُوفٌ

جَفَاف : শুষ্কতা।

جَفِيف، جَافّ : শুকনা।

تِجْفَاف : বর্ম। ব تَجَافِيف

تَجْفِيف : শুষ্ককরণ, জলশূন্যকরণ, নিষ্কাশন।

مُجَفِّف : শুষ্ককারী, নিষ্কাশনকারী।

مُجَفَّف : শুষ্ককৃত, নিষ্কাশিত।

جَفَا - َ : (جَفَا) ভূপাতিত করা, উল্টাইয়া ফেলা, (হাঁড়ির) ফেনা ফেলিয়া দেওয়া; (স্রোতে ভাসাইয়া আনা ময়লাদি) ঝাঁটাইয়া ফেলা; ফেনা উদ্গীরণ করা (হাঁড়ি); তীরে আবর্জনা নিক্ষেপ করা (স্রোত)।

أَجْفَأَ : (اجفاء) কাজ করাইয়া শ্রান্ত করা (পশু); ভূপাতিত করা।

جُفَاء : স্রোতের আবর্জনা, বাজে বস্তু; শূন্য জাহাজ; অকেজো, মূল্যহীন, বাজে।

جِفْت : (তু সি) দু'নলা বন্দুক; সাঁড়াশি, ফরসেপ, (Forceps); সন্না, চিমটা।

حِلْيَةُ جِفْت : পরস্পর সমকোণে মিলিত সরলরেখা সমন্বিত কারুকার্য, Fret.

جِفْتِشِي : স্বর্ণ ও রৌপ্যের ঝালরের কারুকার্যবিশেষ, Filigree.

جِفْلِك، جَفْلَك : (তু সি) খামার; সরকারি ভূমি।

جَفْجَفَ : একত্রিত করা (উট); শিকারের জন্য লক্ষ্যবস্তুর অনুসরণ করা (উটপাখি)।

تَجَفْجَفَ : অর্ধশুষ্ক হওয়া (ভিজা কাপড়); পালক খাড়া করা (পাখি)।

جَفَخَ - َ : (جَفْخ) অহঙ্কারী হওয়া, নির্যাতন করা।

جَافَخَ : (مُجَافَخَة) যোগ্যতায় প্রতিযোগিতা করা।

جَفَّاخ : গর্বিত, অহঙ্কারী।

جَفَرَ - ُ : (جَفْر)، تَجَفَّرَ، إِسْتَجْفَرَ (اِسْتِجْفَار) বড় হওয়া (মেষ শাবক); বিস্তৃত হওয়া।

جَفَرَ مِنَ الْمَرَضِ : রোগ হইতে আরোগ্য লাভ করা।

أَجْفَرَ : বর্জন করা, প্রত্যাখ্যান করা; সম্পর্ক ছিন্ন করা।

جَفْر : বৃহৎ কূপ, মেষ শাবক। ব جِفَار، أَجْفَارٌ

عِلْمُ الْجَفْر : ভবিষ্যদ্বাণী সম্বন্ধীয় বিদ্যা।

جَفْرَة : গুপ্ত লিখন, উহ্য লিখন।

جُفْرَة : গহ্বর, গর্ত। ব جُفَر، جِفَارٌ

جَفِير : তূণীর, ঝুড়ি।

جَفِيرَة : চামড়ার ব্যাগ, পোর্টফলিও।

جَفِسَ - َ : (جَفَس، جَفَاسَة) অজীর্ণতায় ভোগা।

جَفِيش، جَفِش، جِفْس : হীন, নীচ।

جَفُصَ - ُ : (جُفُوصَة) (সি) রূঢ় হওয়া।

جَفِص : (সি) অনধিকার প্রবেশকারী; ক্লান্তিকর; রূঢ়; অবাধ্য (শিশু)।

جَفَظَ - ُ : (جَفْظ) পূর্ণ করা (পাত্র)।

اجفظ (إِجْفَاظٌ) : ফুলিয়া উঠা (মৃতদেহ)।

جَفِيظ : ফুলিয়া উঠিয়াছে এমন (মৃতদেহ)।

جَفَلَ - ُ : (جَفْل، جُفُول)، أَجْفَلَ (اِجْفَال) ভয়ে লাফ দেওয়া, অল্পেই চমকাইয়া উঠা (ঘোড়া); আতঙ্কে দৌড়াইয়া পলায়ন করা।

جَفَّلَ : (تَجْفِيل) ভীতিগ্রস্ত করা, ভয় দেখাইয়া তাড়াইয়া দেওয়া; ঝাড়ু দিয়া পরিষ্কার করা (মাটি); ঘষিয়া তুলিয়া ফেলা।

تَجَفَّلَ : ঝুঁটি বা পালক খাড়া হওয়া (মোরগের); আতঙ্কে দৌড়াইয়া পলায়ন করা।

إِنْجَفَلَ : (اِنْجِفَال) আতঙ্কে দৌড়াইয়া পলায়ন করা, চলিয়া যাওয়া (ছায়া)।

جَفْل، جُفُول : ভয়, আতঙ্ক, চমক।

جَفْل، جِفْل : হাতির মল। ব أَجْفَال

جَفْلَة : পত্রবহুল পত্রাচ্ছাদিত (বৃক্ষ)।

جُفْلَة : পশমের গুচ্ছ। ব جُفَلٌ

جُفَال : দুধের ফেনা, স্রোতের নিয়ে আসা আবর্জনা; প্রচুর (পশম)।



www.pathagar.com

جَاف : কঠোর; রূঢ়; নির্দয়; অভদ্র; অত্যাচারী; মোটা (কাপড়)। ব جُفَاة স্ত্রী جَافِيَة ব جَوَاف، جَافِيَات

جَافِى الخُلُق : অভদ্র, রূঢ়, অশালীন।

جَفِيَّة : সংঘর্ষ এড়াইবার জন্য জাহাজের পার্শ্বদেশে রক্ষিত দড়ি প্রভৃতির গুচ্ছ, Fender.

جَقَّ : ـُ (جَقّ) মলত্যাগ করা (পাখি)।

تَجَاقَمَ : ~ عَلَى ধৃষ্টতাপূর্ণ আচরণ করা।

جَكْجَكَة : লোহার ঝনঝন শব্দ।

جَكِرَ : ـَ (جَكَر) أَجْكَر (اِجْكَار) বিক্রয়ের জন্য অযাচিতভাবে পেশ করা।

جَكِرَ : ~ مِنْ বিরক্ত হওয়া, উত্যক্ত হওয়া।

جَاكَرَ : (مُجَاكَرَة) জ্বালাতন করা, উত্যক্ত করা।

جَلَّ : ـ (جَلَالَة، جَلَال) বড় হওয়া, মহান হওয়া, মহিমান্বিত হওয়া, বয়স্ক হওয়া; অধিকাংশ গ্রহণ করা।

جَلَّ : ـُ (جَلًّا، جُلُول) স্বদেশ ত্যাগ করিয়া বিদেশে গমন করা।

~ عَنْ : মুক্ত হওয়া, কোন কিছুর ঊর্ধ্বে থাকা, ত্যাগ করা (দেশ)।

جَلَّلَ : (تَجْلِيل) সম্মান করা, মহীয়ান করা, আবৃত করা, বিস্তৃত করা।

أَجَلَّ : (اِجْلَال) সম্মান করা, মহীয়ান করা, শক্তিশালী হওয়া।

~ عَنْ অনেক ঊর্ধ্বে মনে করা, পবিত্র মনে করা।

تَجَلَّلَ : মহান হওয়া, মহিমান্বিত হওয়া।

~ ب : পরিধান করা।

تَجَالَّ، اِجْتَلَّ : (اِجْتِلَال) প্রধান অংশগ্রহণ করা।

تَجَالَّ : ~ عَنْ অনেক ঊর্ধ্বে হওয়া।

اِسْتَجَلَّ : (اِسْتِجْلَال) মহান হওয়া, মহিমান্বিত হওয়া।

جَلّ : মহান, মহিমান্বিত, বয়স্ক; বৃহৎ; জাহাজের পাল।

جُلّ : পশুর গায়ের আচ্ছাদন; জেসমিন, গোলাপ। ব جِلَال، إِجْلَال

جُفَالَة : বয়লারের স্কেল।

جُفْل ব جَفُول، جَافِل : দ্রুতগামী।

جَفِيل : ভীরু, পলাতক।

جَفْلَى : সাধারণ যিয়াফত, ভোজ।

إِجْفِيل : ভীরু, উদ্বিগ্ন।

مِجْفَال، مُجْفِل : দ্রুতগতিসম্পন্ন (বাতাস)।

جِفْلِك : (جِفْتِلِك) ভূসম্পত্তি, জমিদারি, জমিদারের খাস খামার।

جَفَنَ : ـُ (جَفْن)، (جَفَّنَ) جَفَّنَ (تَجْفِين) বাটি ভরা গোশত খাইতে দেওয়া (উষ্ট্রী)।

جَفْن : চোখের পাতা; দ্রাক্ষালতা; তরবারির খাপ। ব أَجْفَان، أَجْفُن، جُفُون;

جَفْنَة : বাটি, গামলা; ডিশ, অতিথিপরায়ণ; দ্রাক্ষালতা। ব جَفَنَات، جِفَان

جَفَا : ـُ (جَفْو، جَفَاء، جُفَاء) রুক্ষ ব্যবহার করা, তাড়াইয়া চলা, উপেক্ষা করা; মোটা হওয়া (কাপড়); অস্থির হওয়া।

~ عَنْ : পিঠ হইতে পিছলাইয়া যাওয়া (অশ্ব-জিন)।

~ عَلَى : অত্যাচার করা, কঠিন হওয়া।

جَفَّى : (تَجْفِيَة) কাহাকেও পর ভাবা, অনাত্মীয়ের ন্যায় ব্যবহার করা।

جَافَى : অভদ্র আচরণ করা, নির্দয় হওয়া, উপেক্ষা করা, এড়াইয়া চলা; দূরে সরাইয়া দেওয়া।

أَجْفَى : (مُجَافَاة) দুর্ব্যবহার করা, জিন খুলিয়া ফেলা (অশ্বের)।

تَجَافَى : দূরে সরিয়া যাওয়া, পৃথক হওয়া, প্রত্যাহার করা; এড়াইয়া চলা, উপেক্ষা করা, পিছলাইয়া যাওয়া (জিন); গালির ভাষা ব্যবহার করা, অভদ্র আচরণ করা, অত্যাচার করা।

إِجْتَفَى : (اِجْتِفَاء) স্থানচ্যুত করা, সরাইয়া দেওয়া।

جَفْو، جَفْوَة، جَفَاء، جُفَاء : কঠোরতা, রূঢ়তা, নির্দয় আচরণ, অত্যাচার, দুর্ব্যবহার, সম্পর্কচ্ছেদ।



www.pathagar.com

جُلَّة : প্রধান অংশ, বড় অংশ। ব جِلَال

جُلَّة : তালপাতার ঝুড়ি, বল, মার্বেল, গুলি, বোমা। ব جُلَل

جَلَّة : মেষ, ছাগ, উট প্রভৃতির মল।

جُلَّى، جَلَل : গুরুত্বপূর্ণ, মহান।

جَلَالَة، جَلَال : মহত্ত্ব, মহিমা, গৌরব, মর্যাদা।

صَاحِبُ الجَلَالَة : মহামান্য।

جَلَالَة المَلِك : মহামান্য রাজা।

جُلَيْلَاتِي، جِلَالِي : পশুর আচ্ছাদন প্রস্তুতকারী।

جُلَّى : গুরুত্বপূর্ণ বিষয়। ব جُلَل

جَلِيل : মহান, শক্তিশালী, বিরাট, গৌরবময়, শ্রদ্ধেয়, সম্মানার্য।

جَلّ : স্বদেশত্যাগী। ব جَالَّة

جَالَّة : প্রবাসী দল, রাজকীয় কর।

تَجِلَّة، إِجْلَال : সম্মান, মর্যাদা।

مَجَلَّة : সাময়িকী, ম্যাগাজিন, পুস্তিকা।

جَلَا : ـَ (جَلَاءَة، جَلَاء، جَلا، جَلا) ভূপাতিত করা।

جَلَبَ : ـُ (جَلْب، جَلَب) আকর্ষণ করা, উপস্থিত করা, আনিয়া দেওয়া, আমদানি করা, (পণ্য), সমবেত করা (লোকজন), লাভ করা, সংগ্রহ করা, হুমকি দেওয়া; ঘটা।

~ عَلَى : সংঘটিত করা, উত্তেজিত করা।

~ : (جُلُوب) সারিয়া যাওয়া (ক্ষত), শুকাইয়া যাওয়া (রক্ত)।

جَلَبَ الجُرْحَ : চিহ্ন রাখিয়া ক্ষত সারাইয়া তোলা।

جَلَبَ النَّظَرَ : দৃষ্টি আকর্ষণ করা।

جَلِبَ : ـَ (جَلَب) একত্রিত হওয়া, মিলিত হওয়া (লোক)।

جَلَّبَ (تَجْلِيب)، أَجْلَبَ : (إِجْلَاب) চিৎকার করা, হৈচৈ করা, দলবদ্ধ হওয়া, লাভ করা, অর্জন করা।

اِنْجَلَبَ : (اِنْجِلَاب) আনীত হওয়া, আমদানি হওয়া।

اِجْتَلَبَ : (اِجْتِلَاب) সংগ্রহ করা, আনিয়া দেওয়া, আমদানি করা।

اِسْتَجْلَبَ : (اِسْتِجْلَاب) আমদানি করা (পণ্য), আকর্ষণ করিতে চাওয়া, ডাকিয়া পাঠানো, আনিতে চাওয়া, লাভ করা।

جَلْب : আনয়ন, আমদানি; আকর্ষণ; হাজিরকরণ, অর্জন, সংগ্রহ; অপরাধ সংঘটন।

جَلَب : আমদানিকৃত মাল। ব أَجْلَاب

جَلَبَة، جَلَب : চিৎকার, হৈচৈ।

جَلَبًا : জোলাপ।

جِلْبَة : ওয়াশার, Washer. আস্তিন, হাসি।

جُلْبَة : মামরি, বৃষ্টি, কঠিন মুহূর্ত, ব جُلَبٌ

جَلِيبَة، جَلُوبَة : আমদানিকৃত পণ্য। ব جَلَائِب

جَلَب، مَجْلُوب، جَلِيب : আমদানিকৃত।

~ : বিদেশী দাস। ব جُلَبَاء، جَلْبَى

جَلَّاب : আকর্ষণীয়, আমদানিকারক, ব্যবসায়ী।

جُلَّاب، جُلَاب : গোলাপজল, জোলাপ।

جَلَّابِيَّة : (মি) ঢিলা লম্বা জামাবিশেষ, গাউন। ব جَلَالِيب

جَالِب : আনয়নকারী, আমদানিকারক।

مَجْلَبَة : কারণ, উদ্দেশ্য, হেতু। ব مَجَالِب

اِجْتِلَاب : অর্জন।

اِسْتِجْلَاب : আমদানিকরণ, আমদানি করার আহ্বান।

جَلْبَبَ : শেমিজ পরাইয়া দেওয়া।

تَجَلْبَبَ : শেমিজ পরিধান করা।

جِلْبَاب : শেমিজ, গাউন, প্রশস্ত ওড়না। ব جَلَابِيب

جُلْبُوط : সদ্যপ্রসূত পাখি। ব جَلَابِيط

جُلُبَّان، جُلْبَان : মটর, কলাইজাতীয় দানা।

جَلَبَّان، جُلُبَان : কলরবপূর্ণ, হৈচৈপূর্ণ।

مُجَلِّبَة، جُلُبَّانَة : উচ্চকণ্ঠে কলহকারী স্ত্রীলোক।



www.pathagar.com

جَلَتَ - : (جَلْت)، اِجْتَلَتَ، (اِجْتِلَات) আঘাত করা।

جِلَاتِين; (ক) জেলি।

جَالُوت : জালূত, (Goliath). আমালিকা সম্প্রদায়ের অত্যাচারী রাজা।

جَلْجَلَ : চিৎকার করা, বজ্রধ্বনি করা, ঘর্ঘর শব্দ করা, প্রতিধ্বনিত হওয়া, হুমকি দেওয়া, ঝাঁকানি দেওয়া, ঘণ্টা বাঁধা।

تَجَلْجَلَ : ঝাঁকানি খাওয়া, অস্থির হওয়া (মন)।

جُلْجُل : ক্ষুদ্র ঘণ্টা, গলঘণ্টা; অঞ্জনি। ব جَلْجَلَة، جلاجل، جَلَاجِلُ

جَلْجَال، مُجَلْجِل : তীক্ষ্ণ স্বরবিশিষ্ট, প্রতিধ্বনিপূর্ণ (বজ্র, বৃষ্টি), অনুরণিত।

جَلْجَلَة : ঘণ্টাধ্বনি, বজ্রধ্বনি, প্রতিধ্বনি।

جِلْجِلَان، جُلْجُلَان : ধনিয়া, তিল।

جُلْجُلَان الْقَلْب : অন্তরের অন্তঃস্থল।

جَلِحَ - َ : (جَلَح) টাক পড়া।

جَلَّحَ : (تَجْلِيح)، جَالَحَ، (مُجَالَحَة) ~ عَلَى ঝাঁপাইয়া পড়া, প্রকাশ্যে শত্রুতা করা।

جَلَح : টাক।

أَجْلَح : কেশবিহীন, টেকো, শিংবিহীন, অরক্ষিত (স্থান), কঠিন (সময়), শক্ত বস্তু। স্ত্রী جَلْحَاء ব جُلْح

جَلْحَاءَة : অনুর্বর ভূমি।

جَالِحَة : নিষ্ফলা বৎসর। ব جَوَالِح

جَلَخَ - َ : (جَلْخ) প্লাবিত করা, কূল ভাসাইয়া নেওয়া (নদী), কাটিয়া ফেলা (অঙ্গ), ধারালো করা, শান দেওয়া (ছুরি ইত্যাদি), প্রসারিত করা।

~ ب : ভূপাতিত করা।

اِجْلَنْخَى : (اِجْلِنْخَاء) ধ্বংসপ্রাপ্ত হওয়া, পড়িয়া যাওয়া ও উঠিতে অক্ষম না হওয়া।

جَلْخ : শানপাথর।

جَلْخُ الْكُور، جَلْخُ الْفُرْن : ধাতুমল; চুল্লির আবর্জনা।

جُلَاخ : প্লাবন।

اِجْلَخَمَّ : (اِجْلِخْمَام) সাক্ষাৎ করা, অহঙ্কার প্রদর্শন করা।

جَلَدَ - : (جَلْد) চাবুক মারা, কশাঘাত করা, জোর করা, বাধ্য করানো।

جَلُدَ - ُ : (جَلَد، جَلَادَة، جُلُودَة) অবিচল হওয়া, সহিষ্ণু হওয়া, বলিষ্ঠ হওয়া।

جَلِدَ - َ : (جَلَد) হিমায়িত হওয়া।

جَلَّدَ : (تَجْلِيد) বাঁধাই করা (বই) চামড়া ছাড়ানো (পশুর), হিমায়িত করা।

جَالَدَ : (مُجَالَدَة) মল্লযুদ্ধ করা, প্রতিযোগিতা করা, লড়াই করা, বাধ্য করা।

أَجْلَدَ : (إِجْلَاد) বরফাবৃত হওয়া, হিমায়িত হওয়া, হিমায়িত করা।

تَجَلَّد : দৃঢ়তা প্রদর্শন করা, সহিষ্ণুতা দেখানো, সহ্য করা।

تَجَالَدَ : পরস্পর যুদ্ধ করা, অসিযুদ্ধে লিপ্ত হওয়া।

اِجْتَلَدَ : (اِجْتِلَاء) আঘাত করা, শূন্য করা।

جَلْد، جَلْدَة : বেত্রাঘাত, কশাঘাত। ব جِلَادٌ، أَجْلَادٌ

~ : সুদৃঢ়, শক্তিশালী, অবিচল, সহিষ্ণু। ব أَجْلَاد

عَرُوسَةُ الْجَلْد : যে খুঁটিতে বাঁধিয়া চাবুক মারা হয়, Whipping post

جِلْد : ত্বক, চামড়া, ছাল। ব جُلُود، أَجْلَاد

جِلْد مَدْبُوغ : পাকা চামড়া।

جِلْدَة : ত্বক, ছাল, চামড়ার টুকরা; বংশ।

اِبْنُ جِلْدَة : জ্ঞাতি।

جَلَد، جَلَادَة، جُلُودَة، تَجَلُّد : সহিষ্ণুতা, সহ্যশক্তি, সুদৃঢ়তা।

الْجَلَد : আকাশ।

جِلَاد : মল্লযুদ্ধ।

جَلُود، مُتَجَلِّد : সহিষ্ণু, ধৈর্যশীল।

جَلِيد : তুষার, বরফ। ~ ব جُلَدَاء، أَجْلَادٌ সুদৃঢ়, অবিচল।



www.pathagar.com

جَلْسَة : উপবেশন, বৈঠক, অধিবেশন, আসন; সভা, সমাবেশ।

جَلْسَةُ الشُّبَّاكِ : জানালার গোরবাট।

جِلْسَة : বসার পদ্ধতি, দুই সিজদার মধ্যবর্তী উপবেশন।

جُلُوس : উপবেশন, সমাবেশ; সংঘ।

جَلِيس : সাথী, বন্ধু। ব جُلَسَاء

جَالِس : উপবিষ্ট, বৈঠকে অংশগ্রহণকারী, সোজা। ব جُلَّاس، جُلُوس

مَجْلِس : আসন, সম্মেলন কক্ষ, সভা, সমাবেশ, অধিবেশন, পরিষদ, কমিটি, বোর্ড, কমিশন, বিচারসভা, ট্রাইবুনাল। ব مَجَالِس

مَجْلِسُ الإِدَارَة : পরিচালনা বোর্ড, প্রশাসনিক দফতর।

~ الأَعْيَان : লর্ডসভা, সিনেট।

~ آفَاقِي : আঞ্চলিক আদালত।

~ إِقْتِصَادِيّ : অর্থনৈতিক পরিষদ।

~ الأُمَّة، مَجْلِس نِيَابِي : জাতীয় পরিষদ, প্রতিনিধি পরিষদ, পার্লামেন্ট।

~ الأَمْن : নিরাপত্তা পরিষদ।

~ البَلَدِيَّة، مَجْلِس بَلَدِيّ : পৌরসভা পরিষদ, টাউন কমিটি।

~ تَأْدِيبِيّ : শৃঙ্খলা সম্বন্ধীয় পরিষদ।

~ تَأْسِيسِيّ : সংবিধান পরিষদ।

~ الحَرْب : সমর পরিষদ, (War council)

~ حَسْبِيّ : অসীয়ত বা উইল প্রমাণের আদালত (Probate court).

~ خَاصّ : প্রিভি কাউন্সিল।

~ الدِفَاع : প্রতিরক্ষা পরিষদ।

~ الدَوْلَة : রাষ্ট্রীয় পরিষদ, রাজ্যপরিষদ

~ الشَعْب : গণপরিষদ।

~ الشُورَى : পরামর্শ সভা।

~ الشُيُوخ : সিনেট।

جَبَل جَلِيد : ভাসমান তুষারস্তূপ, আইসবার্গ।

مَرْكَبَة الجَلِيد : স্লেজগাড়ি, Sledge.

العَصْرُ الجَلِيدِيّ : তুষার-যুগ।

جَلَّاد : ঘাতক, জল্লাদ; চামড়া ব্যবসায়ী।

تَجْلِيد : হিমায়ন; পুস্তক বাঁধাই।

مِجْلَدَة : চাবুক; কশা। ব مَجَالِد ؛ جَلْدَة

مُجَلِّد : পুস্তক বাঁধাইকারী, দপ্তরি।

مُجَلَّد : হিমায়িত, বরফাবৃত, বাঁধাইকৃত (বই); গ্রন্থখণ্ড।

مُجَالِد : মল্লযোদ্ধা, কুস্তিগির।

مُجَالَدَة : মল্লযুদ্ধ, কুস্তি।

إِجْلَوَّذَ : দ্রুত হাঁটা; দীর্ঘ হওয়া (রাত্রি) ক্ষান্ত হওয়া (বৃষ্টি)।

جِلْذِيّ، جُلَاذِيّ : ভিক্ষু; যাজক; কারিগর। ব جَلَاذِيّ

جَلَزَ - (جَلْز)، جَلَّزَ (تَجْلِيز) দড়ি দ্বারা আটকাইয়া বাঁধা (তরবারির হাতল); মাথার চারিদিকে বাঁধা।

جَلَّزَ : দ্রুত যাওয়া।

جِلْوَزَة : চলার দ্রুততা।

جِلَازَة، جِلَاز : চামড়ার ফালি; চাবুকের অগ্রভাগে বাঁধা সরু চামড়া। ব جَلَائِز

جِلْوَاز : সৈনিক; প্রহরী, কর আদায়কারী। ব جَلَاوِزَة

جِلَّوْز : হেজেল নাট।

جِلَّوْزَة : হেজেল বৃক্ষ।

جَلَسَ - جُلُوس : বসা, আসন গ্রহণ করা, আসিয়া যাওয়া; কমিয়া যাওয়া।

جَلَّسَ : (تَجْلِيس) সোজা করা।

جَالَسَ : (مُجَالَسَة) সঙ্গে বসা।

أَجْلَسَ : (إِجْلَاس) বসিতে বলা, বসানো।

تَجَلَّسَ : বসিয়া পড়া।

تَجَالَسَ : বসিয়া থাকা, সভা করা।

إِسْتَجْلَسَ : (إِسْتِجْلَاس) বসিতে দেওয়া।



www.pathagar.com

~ عَدْلِيٌّ : ট্রাইবুনাল, আদালত।

مَجْلِس عَسْكَرِيّ ,~ عُرْفِيّ সামরিক আদালত।

~ عُصْبَةُ الأُمَمِ : জাতিসংঘ পরিষদ।

~ العُمُومِ : কমন্স সভা।

~ قَوْمِيّ : জাতীয় পরিষদ।

~ قِيَادَةُ الثَّوْرَةِ : সর্বোচ্চ বিপ্লবী পরিষদ।

المَجْلِسُ الأَكْبَرُ، المَجْلِسُ الكَبِيرُ : মহাসভা।

مَجْلِسُ اللُورْدَات : লর্ডসভা।

~ المُدِيرِيَّة : প্রাদেশিক পরিষদ।

~ النُوَّاب : প্রতিনিধি পরিষদ, পার্লামেন্ট, কংগ্রেস।

~ الوُزَرَاء : মন্ত্রিপরিষদ।

جُلَّسَان : শ্বেত গোলাপ; তুলসী গাছ।

جَلَطَ - : (جَلْط) শপথ করা, মিথ্যা বলা; মুণ্ডন করা (মাথা); বাহির করা (তরবারি); ঘষিয়া তুলিয়া ফেলা (চামড়া), ছাল ছাড়ানো।

جَالَطَ : (مُجَالَطَة) চাতুর্যে প্রতিযোগিতা করা।

اِجْتَلَطَ : (اِجْتِلَاط) ছোঁ-মারিয়া লইয়া যাওয়া, শুষিয়া লওয়া।

جَلْط : ঘর্ষণ, ঘর্ষণজনিত ক্ষত।

جُلْطَة : পিণ্ড।

جُلْطَة دَمَوِيَّة : ধমনীতে জমাটবাঁধা রক্তপিণ্ড।

جَلُوط : নির্লজ্জ (স্ত্রীলোক)।

مَجْلُوط : ঘষিয়া ক্ষত সৃষ্টি করা হইয়াছে এমন (চামড়া), ঘর্ষণজনিত ক্ষত।

جَلَعَ - : (جَلْع) বাহির করা (দাঁত)।

~, أَجْلَعَ : অবশিষ্ট হওয়া, অতিশয় প্রশ্রয় পাওয়া।

جَلَعَ - : (جُلُوع) নির্লজ্জ হওয়া (স্ত্রীলোক)।

جَالَعَ : (مُجَالَعَة) খারাপ কথা আলোচনা করা, ঝগড়া করা (খেলায়)

جَالِع : নির্লজ্জ; ভ্রমণকারী।

جَلِع : দণ্ড প্রদর্শনকারী। স্ত্রী جَلِعَة، أَجْلَع স্ত্রী جَلْعَاء

جَلَغَ - : (جَلْغ) (তরবারি দ্বারা) ক্ষত সৃষ্টি করা, ছাঁটা।

جَالَغَ : (مُجَالَغَة) তরবারি দ্বারা যুদ্ধ করা, হাসিবার সময় দাঁত বাহির করা।

جَلَفَ - : (جَلْف) সরাইয়া ফেলা (কাদা), ছাল ছাড়ানো, কাটিয়া ফেলা, ধ্বংস করা।

~ ب : আঘাত করা (তরবারি দ্বারা)।

جَلِفَ - : (جَلَافَة، جَلَف) রূঢ় হওয়া।

جَلَّفَ : (تَجْلِيف) নিঃশেষ করা, ধ্বংস করা।

اِجْتَلَفَ : (اِجْتِلَاف) নির্মূল করা, ধ্বংস করা।

جِلْف : শক্ত ও শুকনা রুটি, শূন্য কলসি, উট ও বকরির চামড়া।

~ : পানির মশক, পাত্র। ব أَجْلَاف، جُلُوف

~ : বর্বর, অভদ্র, রূঢ়। ব أَجْلَاف

جُلْف : গলফ, (Golf).

جِلْفَة : শুকনা রুটির টুকরা।

جُلْفَة : চামড়ার উপরের আঁচড়।

جُلَاف : কাদামাটি।

مَجْلُوف، جَلِيف : ছাড়াইয়া লওয়া হইয়াছে এমন, আঁচড়যুক্ত। ব جُلَفَاءُ

جَالِفَة : মাথার খুলিতে লাগা আঘাত।

مُجَلَّف : ক্ষতিগ্রস্ত, ধ্বংসপ্রাপ্ত।

جَلْفَطَ، جَلْفَظَ : জাহাজের তক্তার জোড়মুখে দড়ির টুকরাদি গুঁজিয়া দিয়া পানি বন্ধ করা, Caulk.

جِلْفَاظ، جِلْفَاط : জাহাজের তক্তার জোড়মুখে দড়ির টুকরাদি গুঁজিয়া দিয়া পানি বন্ধকারী।

جَلْفَنَ : (মি) তড়িতের সাহায্যে ধাতুর প্রলেপ দেওয়া, Galvanize.

جَلَقَ - (جَلْق) : মুণ্ডন করা (মাথা); নিক্ষেপ করা।

تَجَلَّقَ : হাসিবার সময় দাঁত বাহির করা।

جَلَاقَة : গোশতের টুকরা।

جُلَّاقَة : গ্রাম্য লোক।



www.pathagar.com

جِلِّق، جِلَّق : দামেস্ক নগরী।

جُوَالِق : বস্তা। ব جَوَالِيق

جَلَمَ - : (جَلْم) (اِجْتَلَام) اِجْتَلَمَ، কর্তন করা, ছাঁটা।

جَلَم : কাঁচি ইত্যাদি ছাঁটাই যন্ত্র। ব جَلْمَان، أَجْلَام

جُلَامَة : কর্তিত পশম।

مَجْلُوم : কর্তিত, ছাঁটাইকৃত।

جَلْمَد ,جُلْمُود : বৃহৎ শিলাখণ্ড; পাথর, শক্তিশালী লোক। ব جَلَامِد ,جَلَامِيد

جُلَّنَار : ডালিম ফুল।

جَلَهَ - : (جَلْه) ফেলিয়া দেওয়া, সরাইয়া ফেলা, বাধা দেওয়া।

جَلِهَ - : (جَلَه) টেকো হওয়া, বিরল কেশ হওয়া।

جَلْهَة : উপত্যকার প্রান্ত। ব جِلَاه

أَجْلَه : টেকো, বিরল কেশ, শিংবিহীন (ষাঁড়)। স্ত্রী جَلْهَاء ব جُلْه

جَلَا - : (جَلْو، جَلَاء) পালিশ করা, মসৃণ করা, উজ্জ্বল করা, ঘষিয়া চকচকে করা, পরিষ্কার করা, স্পষ্ট করা, উন্মোচন করা, পরিষ্কার হওয়া, স্পষ্ট হওয়া।

~ عَلَى : দেখানো।

~ عَنْ : দেশান্তরী হওয়া বা করা, চলিয়া যাওয়া, ত্যাগ করা (স্থান), উচ্ছেদ করা।

جَلَى - : (جَلْي) পালিশ করা, ঘষিয়া চকচকে করা।

جَلَّى : পরিষ্কার করা, উজ্জ্বল করা, প্রকাশ করা, প্রদর্শন করা, উদ্ঘাটন করা, স্পষ্ট করা।

جَالَى : (تَجْلِيَة) প্রকাশ করা।

أَجْلَى ~ عَنْ : (اِجْلَاء) উচ্ছেদ করা, বিতাড়িত করা, ছাড়িয়া যাওয়া (স্থান)।

تَجَلَّى : স্পষ্ট হওয়া, প্রকাশিত হওয়া, প্রকাশ পাওয়া, উজ্জ্বল হওয়া।

تَجَالَى : পরস্পরের অবস্থা প্রকাশ করা।

إِنْجَلَى : (اِنْجِلَاء) পরিষ্কার হওয়া, স্পষ্ট হওয়া, চকচকে হওয়া, চলিয়া যাওয়া, কাটিয়া যাওয়া (বিপদ), আত্মপ্রকাশ করা, উন্মোচিত হওয়া, প্রকাশিত হওয়া।

~ عَنْ বিতাড়িত হওয়া, সমাপ্ত হওয়া, পরিণত হওয়া, উদ্ভূত হওয়া।

إِجْتَلَى : (اِجْتِلَاء) প্রকাশ করা, উদ্ঘাটন করা, উন্মোচন করা, পর্যবেক্ষণ করা, গভীরভাবে চিন্তা করা।

إِسْتَجْلَى : (اِسْتِجْلَاء) স্পষ্ট করা, উদ্ঘাটন করা, আবিষ্কার করা, অনুসন্ধান করা, প্রকাশ করিতে বলা, বিশ্লেষণ করা।

جَلْو، جَلْي : পালিশ, বার্নিশ।

جَلَاء : উজ্জ্বলতা, স্পষ্টতা, ব্যাখ্যা, বিশ্লেষণ; গমন, দেশত্যাগ, প্রত্যাহার।

جَلَّاء : পালিশকারী, বার্নিশকারী, ঝালাইকর।

جَلَى : টাক; উজ্জ্বলতা, দীপ্তি।

اِبن جَلَا : প্রসিদ্ধ ব্যক্তি; চন্দ্র।

جَلَاؤ : নাস, নস্য।

جَلْوَة : কনের মুখ দর্শন পরিচয়; স্বামী কর্তৃক স্ত্রীকে প্রদত্ত উপহার।

لَيْلَةُ الجِلْوَة : বাসর রাত।

جِلِي : চিলেকোঠার জানালা।

مُتَجَلٍّ، جَلِيّ : পরিষ্কার, স্পষ্ট, প্রকাশ্য, চকচকে।

جَلِيَّة : নিশ্চিত ব্যাপার, স্পষ্ট বিষয়, প্রকৃত ঘটনা, সঠিক বিবরণ। ব جَلَايَا

جَلِيًّا : পরিষ্কারভাবে, স্পষ্টত।

جِلِّيَان، جَلَيَان : Apocalypse, বাইবেলের দ্বিতীয় খণ্ড।

جَالِيَة : উপনিবেশ, কলোনি, ক্লাব। ব جَوَالٍ

إِجْلَاء : অপসারণ, প্রত্যাহার (সৈন্য)।

تَجْلِيَة، تَجَلِّي : আবির্ভাব, উদ্ভাবন।

مَجْلَى : মাথার সম্মুখভাগ। ব مَجَالٍ

المُجَلِّي : প্রতিযোগিতায় বিজয়ী (ঘোড়া)।



www.pathagar.com

جَمَّ ـُ : (جُمُوم) ভরিয়া যাওয়া (কূপ), পরিপূর্ণ হওয়া, প্রচুর হওয়া (পরিমাণ), কূপে জমা (পানি)।

~ : (جَمَام، جَمّ) স্তূপাকার করা, জমা করা, কানায় কানায় পূর্ণ করা (পাত্র), বিশ্রাম করা, বিশ্রাম করিতে দেওয়া, পূর্ণ মনোযোগ দেওয়া।

جَمِمَ ـَ : (جَمَم) শিংবিহীন জন্তু।

جَمَّمَ : (تَجْمِيم) কানায় কানায় পূর্ণ করা (মাপিবার পাত্র), বর্ধিত হওয়া (উদ্ভিদ)।

أَجَمَّ : (إِجْمَام) প্রবাহিত হইতে দেওয়া (পানি), বিশ্রামে রাখা, বিশ্রামে থাকা (ঘোড়া), নিকটবর্তী হওয়া।

تَجَمَّمَ : বর্ধিত হওয়া, জট পাকাইয়া যাওয়া (উদ্ভিদ)।

إِسْتَجَمَّ : (إِسْتِجْمَام) পর্যাপ্ত হওয়া, জমা (পানি), গাছপালায় আচ্ছাদিত হওয়া (ভূমি), বিশ্রাম করা, পূর্ণ মনোযোগ দেওয়া।

إِسْتَجَمَّ العَافِيَةَ : আরোগ্য লাভ করা।

ج م (جِنِيه مِصْرِيّ) : মিসরীয় পাউন্ড।

جَمّ : প্রচুর, পর্যাপ্ত, অনেক, বহুবিধ; জনগোষ্ঠী; পানির প্রাচুর্য; মধ্যাহ্ন।

جَمّ غَفِير : বিপুল সংখ্যক, অগণিত সংখ্যা।

جَمَام : বিশ্রাম, বিনোদন; সংগ্রহ; পরিপূর্ণকরণ।

جَمَّة : পরচুলা।

جُمَّة، جَمَّة : বর্ধনশীল কেশ।

جَمُوم : পানিতে পরিপূর্ণ (কূপ)।

جَمِيم : বর্ধনশীল গাছপালা। ব أَجِمَّاء

أَجَمّ : শিংবিহীন জীব। স্ত্রী جَمَّاء ব جُمّ

إِسْتِجْمَامُ العَافِيَةِ : আরোগ্য লাভ।

مَجَمّ : সিন্দুক।

مُجَمَّم : দীর্ঘ কেশবিশিষ্ট, সুকেশী।

الجَمَايِك : জামাইকা দেশ।

جَمِيَ ـَ : (جَمًا) عَلَى ~ ক্রুদ্ধ হওয়া।

تَجَمَّا : فِي ~ আবৃত হওয়া।

جَمَا، جَمَاء : ব্যক্তি।

جَمْبَرِي : চিংড়িমাছ।

جَمْبُون : শূকরের লবণাক্ত শুষ্ক উরু, Ham.

جَمْجَمَ، تَجَمْجَمَ : অস্পষ্টভাবে কথা বলা, তোতলানো।

تَجَمْجَمَ ~ عَنْ : উপেক্ষা করা, এড়াইয়া যাওয়া।

جَمْجَمَة : অস্পষ্ট উচ্চারণ, তোতলামি।

جُمْجُمَة : মাথার খুলি; করোটি, কাঠের পেয়ালা; ব্যক্তি, প্রধান। ব جَمَاجِم

عِلْمُ الجُمْجُمَة : করোটিতত্ত্ব, Craniology.

جَمَحَ ـَ : (جُمُوح، جِمَاح، جَمْح) বেগে ছুটিয়া যাওয়া (ঘোড়া), অবাধ্য হওয়া, নিজ খেয়াল অনুযায়ী কাজ করা, স্বামীকে পরিত্যাগ করিয়া বাপের বাড়ি চলিয়া যাওয়া (স্ত্রী), ত্বরা করা, খামখেয়ালি হওয়া।

جَمْحَة : দ্রুত ধাবনকারী (ঘোড়া)।

جُمُوح، جِمَاح : অবাধ্যতা, একগুঁয়েমি, খেয়াল।

جَمُوح، جَامِح : অবাধ্য, একগুঁয়ে, জেদি। ব جُمَّاح

جُمَّاح : ভীত সন্ত্রস্ত (সৈন্য), ব্যাডমিন্টনের কক, Shuttle cock. ব جَمَامِيح

جَمَخَ ـَ : (جَمْخ) অহঙ্কারী হওয়া, দাম্ভিক হওয়া।

جَامِخ : অহঙ্কারী, দাম্ভিক। ব جُمَّخ

جَمَدَ، جَمُدَ ـُ : (جُمُود، جَمْد) ঘনীভূত হওয়া (রক্ত), জমিয়া যাওয়া (পানি), কৃপণ হওয়া, শক্ত হওয়া, অনমনীয় হওয়া, উদাসী হওয়া, অলস হওয়া, স্থূলবুদ্ধি হওয়া।

جَمَّدَ : (تَجْمِيد) ঘনীভূত করা, জমাট বাঁধানো, কঠিন করা, অনির্দিষ্টভাবে স্থগিত রাখা।

جَامَدَ : (مُجَامَدَة) সংলগ্ন হওয়া, সন্নিহিত হওয়া।

أَجْمَدَ : (إِجْمَاد) জমাট বাঁধানো, কৃপণ হওয়া, দরিদ্র হওয়া।

تَجَمَّدَ : ঘনীভূত হওয়া, জমাট বাঁধা, বরফে পরিণত হওয়া, ঠাণ্ডা হইয়া যাওয়া, শক্ত হওয়া।



www.pathagar.com

اِنْجَمَدَ : (اِنْجِمَاد) জমাট বাঁধা, বরফে পরিণত হওয়া।

جَمَد : বরফ, তুষার।

~, جُمْد، جُمُد : উঁচু ও শুষ্ক ভূমি।

جَمَاد : কঠিন পদার্থ, জড়পদার্থ, নিষ্প্রাণ, অজৈব, খনিজ, ক্লীব (ব্যা)। ব جَمَادَات

جُمُد : শুষ্ক (ভূমি), বৃষ্টিহীন (বৎসর)।

جُمُود : জমাট বাঁধা অবস্থা, কাঠিন্য, অনড়তা, জড়তা, নিষ্ক্রিয়তা।

جُمُودَة : কাঠিন্য।

جَمُود : অশ্রুবিহীন (চক্ষু)।

جُمَادَى : আরবী বৎসরের দুইটি মাসের নাম।

جُمَادَى الأُولَى : আরবী বৎসরের পঞ্চম মাস।

جُمَادَى الآخِرَة : আরবী বৎসরের ষষ্ঠ মাস।

جَامِد : ঘনীভূত, জমাটবদ্ধ, কঠিন, অনমনীয়, স্থূলবুদ্ধি, জড়ধাতু বা শব্দের রূপে অপরিবর্তনীয় (ব্যা)। ব جَوَامِد

الجَوَامِد : (ব) কঠিন পদার্থ, জড়পদার্থ।

مُنْجَمِد، مُتَجَمِّد : ঘনীভূত, জমাটবদ্ধ, হিমায়িত।

المِنْطَقَة المُتَجَمِّدَة الشِّمَالِيَّة : সুমেরু বৃত্ত, Arctic circle,

~ ~ الجَنُوبِيَّة : কুমেরু বৃত্ত, Antarcticcircle

جَمَرَ : ـُ (جَمْر) সাক্ষাৎ করা।

جَمَّرَ : (تَجْمِير) আগুনে ঝলসাইয়া রান্না করা, Roast (গোশত), বেণী পাকাইয়া খোঁপা বাঁধা; লোবান, আগর ইত্যাদির ধোঁয়ায় সুবাসিত করা (কাপড়), চুল সংগ্রহ করা, অঙ্গারে পরিণত করা, সীমান্তে শত্রুর মোকাবেলায় সমাবেশ করা (সৈন্য)।

أَجْمَرَ : (إِجْمَار) দ্রুত চলা (উট), প্রস্তুত করা।

إِجْتَمَرَ : (إِجْتِمَار) ধূপ জ্বালানো, সুরভিত করা।

إِسْتَجْمَرَ : (إِسْتِجْمَار) সীমান্তে সমাবিষ্ট হওয়া (সৈন্য)।

جَمْر : জ্বলন্ত অঙ্গার।

جَمْرَة : জ্বলন্ত অঙ্গার; দুষ্ট ব্রণ; নুড়ি। ব جِمَارٌ، جَمْر

~ : অশ্বারোহী দল, সংঘবদ্ধ গোত্র, কঙ্করময় স্থান, কঙ্করের চিলি। ব جَمَرَات

جَمْرَة حَمِيدَة : শুভ তিলক।

~ خَبِيثَة : বিষফোঁড়া, দুষ্ট ব্রণ।

جَامُور، جُمَّار : পাম গাছের মজ্জা, মাস্তুলের চূড়া, মাথা।

جَمِير : সাক্ষাৎস্থল।

جَمِيرَة : চুলের বিনুনি, খোঁপা। ব جَمَائِر

مُجَمَّر : আগুনে ঝলসাইয়া রান্না করা হইয়াছে এমন।

مِجْمَرَة : ধুনচি, ধূপদানি, জ্বলন্ত অঙ্গার রাখিবার তাওয়া, (Brazier) বাসগৃহে আগুন রাখিবার স্থান, (Fire place), উদকাঠ, মুসব্বর। ব مَجَامِر

جُمْرُك : শুল্ক, শুল্ক ভবন। ব جَمَارِك

رُسُوم جُمْرُكِيَّة : শুল্ক।

جَمَزَ : ـِ (جَمْز) দ্রুত পদক্ষেপে হাঁটা, লম্ফ দেওয়া।

جَمَزَى : দ্রুত চলন, দুলকি চাল। ব جِمَازٌ، جُمُز جُمُوزٌ

جَمَّاز : দ্রুত ধাবনকারী (পশু)।

جُمَّيْزَى، جُمَّيْز : ডুমুর গাছবিশেষ, (Sycamore)

جَمَسَ : ـُ (جُمُوس) ঘন করা, জমাট বাঁধানো (চর্বি)।

جَمْس : অশিষ্ট লোক।

جَامُوس : মহিষ। ব جَوَامِيس

جَمَشْت، جَمَسْت : (ফা) পদ্মরাগমণি, নীলকান্তমণি।

جَمَشَ ُ : (جَمْش) মুণ্ডন করা (চুল, মাথা)।

جَمَّشَ : সুড়সুড়ি দেওয়া, কাতুকুতু দেওয়া।

جَمَّاش : সুড়সুড়িদাতা বা কাতুকুতুদাতা।

جَمِيش، جَمُوش : লোমনাশক।

تَجْمِيش : সুড়সুড়ি, কাতুকুতু।

جَمَعَ َ : (جَمْع) জমা করা, একত্রিত করা, সংগ্রহ করা, কাটা (ফসল), যুক্ত করা, অন্তর্ভুক্ত করা, সমবেত করা, সংকলন করা (গ্রন্থ), বহুবচন করা (ব্যা), যোগ করা (সংখ্যা), সাধারণ শ্রেণীভুক্ত করা।

جَمَعَ جَمْعِيَّةً : সভা ডাকা।

~ الحُرُوف : কম্পোজ করা।

~ بين : একত্রিত করা, সমন্বিত করা, বন্ধুত্ব স্থাপন করা।

جَمَّعَ : (تَجْمِيع) পুঞ্জীভূত করা, স্তূপাকার করা, সমবেত করা, জমা করা, সংগৃহীত করা, জুমআর নামাযে সমবেত হওয়া।

جَامَعَ : (مُجَامَعَة) যৌনমিলন করা, সহবাস করা।

أَجْمَعَ : (إِجْمَاع) সিদ্ধান্ত গ্রহণ করা, সংকল্প করা।

~ عَلَى : একমত হওয়া, সম্মত হওয়া।

تَجَمَّعَ : জমা হওয়া, একত্রিত হওয়া, সমবেত হওয়া।

إِجْتَمَعَ : (إِجْتِمَاع) একত্রিত হওয়া, মিলিত হওয়া, সাক্ষাৎ করা, বৈঠক করা।

~ عَلَى : একমত হওয়া, সংঘবদ্ধ হওয়া।

إِسْتَجْمَعَ : (إِسْتِجْمَاع) জমা করা, সঞ্চয় করা, যোগ করা।

جَمْع : জমা, সংগ্রহ, সংযোগ, অন্তর্ভুক্তি, সংকলন, যোগ (সংখ্যা), সমন্বয়, মিল।

~ : দল, সমাবেশ, ভিড়, সভা, বৈঠক; বহুবচন (ব্যা)। ব جُمُوع

جَمْع سَالِم : যে বহুবচন বাচক শব্দে একবচনের রূপ অপরিবর্তিত থাকিয়া কেবল বহুচনের চিহ্ন যুক্ত হয়, Perfect plural.

الجَمْعُ المُكَسَّر ,~ التَكْسِيرُ : যে বহুবচনবাচক শব্দে একবচনের রূপ পরিবর্তিত হয়, Broken plural.

~ القِلَّة : তিন হইতে দশ পর্যন্ত এককের সমষ্টিবোধক বহুবচন।

~ الكَثْرَة : দশের অধিক এককের সমষ্টিবোধক বহুবচন।

جَمْعِيّ، جَمَاعِيّ; যুক্ত, যৌথ, সম্মিলিত।

جُمْعَة : পুনর্মিলনী, জনসমাবেশ, সপ্তাহ, বন্ধুত্ব। ব جُمْعَات، جُمَع

جُمْعَة الآلَام : ঈস্টারের অব্যবহিত পূর্ব সপ্তাহ, Passon-Week.

يَوْمُ الجُمْعَة، الجُمْعَة : শুক্রবার।

الجُمْعَة الحَزِينَة : গুড ফ্রাইডে, Good Friday.

جِمَاع : যৌনমিলন, সহবাস।

جُمَّاع : সমষ্টি, মোট পরিমাণ।

مُجَمِّع، جَمَّاعَةُ الكَهْرَبَاء : তড়িৎশক্তি সঞ্চয় করিয়া রাখিবার যন্ত্রবিশেষ, একিউমুলেটর, Accumulator.

جَمْعِيَّة : সংঘ, সমিতি, সংস্থা, সমাবেশ, সভা।

جَمْعِيَّةُ الأُمَم : জাতিসংঘ।

~ تِجَارِيَّة : কোম্পানি, কর্পোরেশন।

~ خَيْرِيَّة : দাতব্য সংস্থা।

~ تَشْرِيعِيَّة : বিধানসভা।

جَمْعِيَّة عُمُومِيَّة، ~ عَامَّة : সাধারণ সভা, পূর্ণাঙ্গ অধিবেশন।

~ تَعَاوُنِيَّة : সমবায় সমিতি।

جَمِيع : সকল, গোটা।

أَجْمَع، جَمِيعًا : সকলে, একত্রে।



www.pathagar.com

جَامِع : ব্যাপক, সাধারণ, সর্বব্যাপী, সর্বজনীন, জমাকারী, একত্রকারী, সংকলক (গ্রন্থ), জামে' মসজিদ।

جَامِعُ الحُرُوف : কম্পোজিটর।

جَامِعَة : সংঘ, সমিতি, সংস্থা, জোট, সম্প্রদায়, বিশ্ববিদ্যালয়।

جَامِعَة الأُمَم : জাতিসংঘ।

~ رِيَاضِيَّة : ক্রীড়া সমিতি।

الجَامِعَةُ العَرَبِيَّة : আরব লীগ।

إِجْمَاع : ঐকমত্য, মতৈক্য, সর্বসম্মত সিদ্ধান্ত।

بِالإِجْمَاع : সর্বসম্মতভাবে।

إِجْمَاعِيّ : সর্বসম্মত।

إِجْتِمَاع : বৈঠক, সাক্ষাৎ, পুনর্মিলনী, সমাবেশ; সমাজ জীবন; ক্রসিং (রাস্তার), মোহনা (নদীর)।

الإِجْتِمَاعُ : মানব সমাজ।

عِلْمُ الإِجْتِمَاع : সমাজবিজ্ঞান।

~ عُلَمَاءُ : সমাজবিজ্ঞানী।

إِجْتِمَاعِيّ : সামাজিক, সমাজতান্ত্রিক।

الشُّئُون الإِجْتِمَاعِيَّة : সামাজিক বিষয়াদি।

~ المُسَاوَاة : সামাজিক সাম্য।

~ الهَيْئَةُ : মানব সমাজ।

النِظَامُ الإِجْتِمَاعِيّ : সামাজিক শৃঙ্খলা।

إِجْتِمَاعِيَّة : সমাজতন্ত্র।

مَجْمَع : সমাবেশ, সম্মেলন, সভাকক্ষ, মিলনস্থল, সংযোগস্থল, পরিষদ, যাদুঘর। ব مَجَامِع

مَجْمَع عِلْمِيّ : শিক্ষায়তন, একাডেমী।

مَجْمَعِيّ : শিক্ষায়তন সংক্রান্ত, একাডেমিক।

مَجْمُوع : একত্রিত, জমাকৃত, সংগৃহীত, যুক্ত, অন্তর্ভুক্ত, কর্তিত (ফসল)।

~ : সমষ্টি, মোট পরিমাণ। ব مَجَامِيع

مَجْمُوعَة : সংগ্রহ, সংকলন, সমষ্টি, সংঘ, দল। ব مَجَامِيع

مُجْتَمَع : সমাবেশস্থল, সমাবেশ, সভা, সমাজ, সম্প্রদায়।

جَوْمَك، جَامَكِيَّة : (ফা); ভাতা, বেতন। ব جَوَامِك ব جَامَكِيَّات

اِسْتَحْجَرَ، تَحَجَّرَ : (اِسْتِحْجَار) শক্ত হওয়া, পাথরে পরিণত হওয়া; হুজরায় গমন করা, নিজের জন্য হুজরা প্রস্তুত করা, ফসিলে পরিণত হওয়া, (fossilize).

~ عَلَى : কষ্ট দেওয়া।

~ بِ আশ্রয় চাওয়া।



www.pathagar.com

اِحْتَجَرَ : (اِحْتِجَار) নিজের জন্য হুজ্‌রা প্রস্তুত করা, হুজ্‌রায় গমন করা।

اِسْتَحْجَرَ ~ عَلَى : অনধিকার প্রবেশ করা।

حَجْر : নিষেধ, নিষেধাজ্ঞা, বাধা, সীমাবদ্ধতা; বক্ষ।

حَجْر صِحِّيّ : রোগ সংক্রমণ ভয়ে মেলামেশা নিষিদ্ধকরণ, নিরোধন, quarantine.

حِجْر : নিষিদ্ধ, অবৈধ।

~ : বক্ষ; সর্পের গর্ত; মন; কোল; হাঁটু। ব أَحْجَار

مِلْأ الحِجْر : ভরা কোল।

حِجْر : ঘোটকী। ব أَحْجَار، حُجُور

حَجَر : পাথর। ব حِجَار، حِجَارَة، أَحْجَار

حَجَرُ الأَسَاس، حَجَرٌ أَسَاسِيّ : ভিত্তিপ্রস্তর।

الحَجَرُ الأَسْوَد : (কা'বার) কালো পাথর।

حَجَرُ البَلَاط : টালি পাথর, প্রস্তর ফলক।

~ جَهَنَّم : রৌপ্য ক্ষারবিশেষ।

~ جَوِّيّ : উল্কাপিণ্ড।

حَجَر شَفَّاف، حَجَرُ الرُّخَامَة ،~ الحَقَّان মার্বেল পাথর।

~ الزَّاوِيَة : ভিত্তিমূল।

~ شِطْرَنْج : দাবার ঘুঁটি, বড়ে।

~ الطَّاحُون : জাঁতাকলের পাথর।

~ العَثْرَة : বাধা, প্রতিবন্ধক।

~ الفَلَاسِفَة : স্পর্শমণি, পরশ-পাথর।

~ كَرِيم , حَجَرٌ ثَمِين বহুমূল্য পাথর, রত্ন।

~ كِلْسِيّ , حَجَرُ الجِير চুনা পাথর।

~ مَغْنَطِيس : চুম্বকপ্রস্তর।

~ الهَدْم : পাথর ভাঙ্গিবার পাথর।

حَجَر الطِّبَاعَة পাথরে লিখিয়া তাহা হইতে মুদ্রণ, lithographic.

نُقُود حَجَر : নগদ অর্থ, hard cash.

حَجَرِيّ، حَجِر : প্রস্তরময়।

حَجْرَة : পার্শ্ব; অঞ্চল। ব حَوَاجِر، حَجَرَات

حُجْرَة : কামরা, কক্ষ, কম্পার্টমেন্ট; কবর; পার্শ্ব; অঞ্চল। ব حُجَر

حُجْرَة الاِنْتِظَار : বিশ্রামাগার, waiting room.

~ التِّجَارَة : বণিক-সভা, Chamber of Commerce.

~ النَّوْم : শয়নকক্ষ, bedroom.

حَاجِر : প্রাচীর; উচ্চভূমি; প্রকোষ্ঠ; হাজীদের বিশ্রামস্থল। ব حُجْرَان

حَاجُور : বাঁধ; আশ্রয়।

مَحْجِرُ العَيْن، حَاجِرُ العَيْن : অক্ষিকোটর।

حَجَّار : পাথরকাটা মিস্ত্রি; ভাস্কর; পাথর ব্যবসায়ী।

تَحَجَّر : পাথরে পরিণত হওয়া, প্রস্তরীভূত হওয়া।

تَحْجِير : পাথরে পরিণত করা, প্রস্তরীভূত করা; নিষিদ্ধ করা।

مَحْجَر : শহরতলি; রোগ-সংক্রমণ প্রতিরোধার্থ সঙ্গরোধকালে যে স্থানে থাকিতে হয়, quarantine. ব مَحَاجِر

مَحْجِر : পাথরের খাদ, quarry. ব مَحَاجِر

مُسْتَحْجِر، مُتَحَجِّر : পাথরে পরিণত, প্রস্তরীভূত।

نَبَات مُتَحَجِّر، حَيَوَان مُتَحَجِّر : জীবাশ্ম, উদ্ভিদশিলা, ফসিল, fossil.

حَجَزَ ـُ : (حِجَازَة، حَجْزا) বাধা দেওয়া, ধরিয়া রাখা, আটকাইয়া রাখা, বিরত থাকা; বন্ধ করিয়া দেওয়া (রাস্তা, দরজা ইত্যাদি) স্থগিত করা, বিলম্বিত করা; সংরক্ষণ করা, reserve; বুক করা; বাজেয়াপ্ত করা।

~ بَيْن : পৃথক করা, বিভক্ত করা।

~ عَلَى : আটক রাখা, গ্রেফতার করা, মাল ক্রোক করা।

~ عَلَى رَاتِبِه : বেতন বন্ধ করা, কষ্ট দেওয়া।

~ عَن : বাধা দেওয়া, বিরত রাখা।



www.pathagar.com

حَاجَزَ : (مُحَاجَزَة) দ্বন্দ্বে বাধা দেওয়া, প্রতিরোধ করা (শত্রু)।

أَحْجَزَ : (احْجَاز) হেজাজে গমন করা।

تَحَاجَزَ : যুদ্ধ হইতে বিরত থাকা।

إِنْحَجَزَ : (إِنْحِجَاز) ক্ষান্ত হওয়া, বিরত হওয়া, সংযত হওয়া; হেজাজে গমন করা।

إِحْتَجَزَ : (إِحْتِجَاز) নিজের জন্য সংরক্ষণ করা; আটক করা, গ্রেফতার করা; বাজেয়াপ্ত করা; বন্দি করিয়া রাখা; কটিবন্ধনী বাঁধা, বেল্ট বাঁধা; হেজাজে বসবাস অবলম্বন করা।

حَجْز : অবরোধ, গ্রেফতার, আটক, ক্রোক; বাধা, প্রতিরোধ; সংরক্ষণ, booking.

حَجْزُ الأَمْوَال : মাল ক্রোক।

~ الحُرِّيَّة : স্বাধীনতা হরণ, অন্যায় অবরোধ, জুলুম।

شُبَّاك الحَجْز : বুকিং কাউন্টার।

حَجْز عَلَى المَزْرُوعَات : শস্য ক্রোক।

حُجْز : মূল; গোত্র; উপকূল।

حُجْزَة : পায়জামার ভাঁজ; কটিবন্ধ, কোমর। ব حُجَز

شَدِيد الحُجْزَة : ধৈর্যশীল, সহিষ্ণু।

حِجَاز : কটিবন্ধ; সংগীতের সুর; উটের পা বাঁধিবার দড়ি।

الحِجَاز : লোহিত সাগরের উপকূলবর্তী আরব অঞ্চল, হেজাজ।

حَاجِز : অবরোধকারী, আটককারী।

حَاجِزَة : বাধা, প্রতিবন্ধক; বেড়া, প্রাচীর, রেলিং, পর্দা; বাঁধা; যোজক; অবরোধ; তরবারির ধার। ব حَوَاجِز

حَاجِزُ الأَمْوَاج : স্রোতের বেগ হ্রাসের জন্য নির্মিত বাঁধ, break-water.

~ الأَمْن : নিরাপত্তা প্রতিবন্ধক, security barrier.

~ الرِّيح : বায়ু প্রতিরোধক, wind shield.

~ الإِصْطِدَام : স্প্রিং-এর যে যন্ত্র মোটর গাড়ির ধাক্কার জোর কমায়, bumper.

~ الصَّوْت : শব্দরোধক, Sound barrier.

~ مُلَغَّم : মাইন প্রতিরোধক, mine barrier.

مُوَظَّف حَاجِز : পেয়াদা, পাইক।

الحَوَاجِز الجُمْرُكِيَّة : শুল্কসীমানা, Customs barriers.

إِحْتِجَاز : গ্রেফতার, আটক, ক্রোক, বাজেয়াপ্তকরণ।

مَحْجُوز : সংরক্ষিত, বিঘ্নিত, বিরত।

مَحْجُوز عَلَيْه : আটককৃত, ক্রোককৃত।

مُحْتَجَز : আকটকৃত; জামিন; প্রতিভূ।

حَاجَفَ : (مُحَاجَفَة) প্রতিরোধ করা, বাধা দেওয়া।

إِنْحَجَفَ : (إِنْحِجَاف) প্রার্থনা করা, মিনতি করা।

إِحْتَجَفَ : (إِحْتِجَاف) কর্তৃত্ব গ্রহণ করা, লোভ করা।

حَجَفَة : চর্মনির্মিত ঢাল। ব حَجَفَات، حَجَف

حَجَلَ : ـُ (حَجَلَان، حَجْل) খোঁড়াইয়া হাঁটা (কাক), এক পায়ে হাঁটা, লাফাইয়া চলা, লাফ দেওয়া (ঘোড়া ইত্যাদি)।

حَجَّلَ : (تَحْجِيل) শৃঙ্খলিত করা; ফাঁস করা, আঙুলে রং লাগানো (মেয়ে লোক)।

أَحْجَلَ : (إِحْجَال) শৃঙ্খলমুক্ত করা।

حِجْل : ঘোড়ার পায়ের সাদা পশম। ব حُجُول

حَجْل : পায়ের মল, বেড়ি। ব حُجُول، أَحْجَال

حَجَل، حَجَلَة : তিতির পক্ষী। ব حِجْلَى، حِجْلَان

حجلة : বিবাহে কনের আসন। ব حِجَال، حَجَل

رَبَّاتُ الحِجَال : স্ত্রীলোক।

حَاجِل : কাক। ব حَوَاجِل

حوجلة : বৃহৎ বোতল, মদ পরিবেশনের জন্য সরু-গলাবিশিষ্ট পাত্র। ব حَوَاجِيل، حَوَاجِل



www.pathagar.com

تَحْجِيل : ঘোড়ার পায়ের সাদা রং।

مُحَجَّل : মল পরিহিত; উজ্জ্বল; চমৎকার; অনন্য।

مُحَجَّل القَوَائِم : সাদা পা-বিশিষ্ট (ঘোড়া)।

حَجَمَ – ُ : (حَجْم) কাচের পেয়ালার মত যন্ত্রের সাহায্যে রক্ত বাহির করা, শিঙ্গা লাগানো, আঁচড়ানো; মুখ বন্ধ করা (উটের), কামড়ানো; দংশন করা; স্ফীত হওয়া (স্তন)।

حَجُمَ : স্তন্যপান করা (শিশু)।

حَجَّمَ : (تَحْجِيم) এক দৃষ্টিতে তাকাইয়া থাকা।

أَحْجَمَ : (إِحْجَام) স্ফীত হওয়া (স্তন)।

~ لِ : স্তন্যপান করানো (নবজাত শিশুকে)।

~ عَنْ : বিরত হওয়া, নিবৃত্ত হওয়া, পিছাইয়া আসা, সরিয়া আসা।

حَجْم : আকার, পরিমাণ, আয়তন, ব্যাস; উদ্গাত অংশ। ব أَحْجَام، حُجُوم

ضَخْمُ الحَجْمِ، كَبِيرِ الحَجْم : বৃহদায়তন, বিশাল।

حِجَام : উটের মুখবন্ধনী।

حِجَامَة : শিঙ্গা লাগাইয়া রক্ত বাহির করিবার কাজ, Cupping.

حَجَّام : শিঙ্গা লাগাইয়া রক্ত নিষ্কাশনকারী, হাজ্জাম, Cupper.

إِحْجَام : পশ্চাদপসরণ; নিবৃত্তি।

مِحْجَمَة، مِحْجَم : শিঙ্গা, রক্ত বাহির করিবার কাচের পেয়ালার মত যন্ত্র, রক্ত মোক্ষক কাচ, Cupping glass. ব مَحَاجِم

مَحْجَم : শিঙ্গা লাগাইবার স্থান।

حَجَنَ – : (حَجْن)، حَجَّنَ (تَحْجِين) নোয়ানো, বাঁকানো।

~ عَنْ : বিরত করা।

إِحْتَجَنَ : (إِحْتِجَان) ছিনাইয়া লওয়া, অধিকার করা, কর্তৃত্ব গ্রহণ করা, আঁকড়া দ্বারা টানিয়া আনা।

تَحَجَّنَ : বক্র হওয়া।

حُجْنَة، حَجَن : বক্রতা; আঁকড়া।

حَجُون : অলস; মক্কার একটি পাহাড়।

أَحْجَن : নত, বক্র। স্ত্রী حَجْنَاء ব حُجْن

مِحْجَن : বাঁকা পেরেক, আঁকড়া, বক্রাগ্র কাষ্ঠ। ব مَحَاجِن

حَجَا – ُ : (حَجْو) গোপন রাখা (গোপন কথা); সম্মুখে চালিত করা; আন্দাজ করা; পুরস্কৃত করা; ধরিয়া রাখা।

~ بِ : অবস্থান করা; লোভ করা।

حَجَا بِهِ خَيْرًا সে তাহার সম্পর্কে ভালো চিন্তা করিল, ভালো ধারণা পোষণ করিল।

حَجِيَ – َ : (حَجًى)، تَحَجَّى ~ بِ আসক্ত হওয়া; মোহিত হওয়া; অনুরক্ত হওয়া।

حَاجَى : (مُحَاجَاة) কৌশলে পরাজিত করা; বুদ্ধির প্রতিযোগিতা করা; হেঁয়ালিপূর্ণভাবে কথা বলা।

تَحَجَّى : ~ بِ অবস্থান করা।

تَحَاجَى : একে অন্যের সহিত হেঁয়ালি করা।

حِجًى : বুদ্ধি, বিচক্ষণতা। ব أَحْجَاء

حَجًى : দেশ, অঞ্চল, প্রান্ত, সীমান্ত; পর্দা। ব أَحْجَاء

حَجَاة : সেব, আপেল।

حَجِيّ : যথাযথ।

حُجَّايَة : হেঁয়ালি।

أُحْجِيَّة : হেঁয়ালি; ধাঁধা। ব أَحَاجٍ، أَحَاجِيّ

كَلِمَة مُحْجِيَة : হেঁয়ালিপূর্ণ কথা।

حَدَّ – ُ : (حَدّ) নির্দিষ্ট করা, সীমাবদ্ধ করা, সীমানির্দিষ্ট করা, সীমানাচিহ্নিত করা; ধারালো করা (ছুরি); শাস্তি দেওয়া, চাবুক মারা।

~ عَنْ : বিরত রাখা, নিবৃত্ত করা; পৃথক করা।

~ – : (حِدَّة، حَدَد، حَدّ) ধারালো হওয়া (তরবারি)।

~ عَلَى : ক্রুদ্ধ হওয়া।



www.pathagar.com

~ : ـَـُ (حِدَاد، حَدًّا) ~ عَلَى শোক করা, শোকের পোশাক পরিধান করা।

حَدَّدَ : সীমাবদ্ধ করা, সীমা নির্দিষ্ট করা, সীমানা চিহ্নিত করা, সংজ্ঞা দেওয়া; নির্ধারণ করা (মূল্য); ধারালো করা (ছুরি); পিটাইয়া গঠন করা, লোহার কাজ করা।

حَدَّدَ بَصَرَهُ : ~ فِي সে নিরীক্ষণ করিল, তীক্ষ্ণ দৃষ্টিতে তাকাইল।

حَادٌّ : (حِدَاد) বাধা দেওয়া; নিকটবর্তী হওয়া।

أَحَدَّ : (إِحْدَاد) ধার দেওয়া, ধারালো করা (ছুরি)।

~ عَلَى : শোক করা, শোকের পোশাক পরিধান করা; ক্রুদ্ধ হওয়া।

أَحَدَّ النَّظَرَ : ~ إِلَى সে তীক্ষ্ণভাবে তাকাইল।

تَحَدَّدَ : সীমাবদ্ধ হওয়া; নির্দিষ্ট হওয়া, নির্ধারিত হওয়া; ক্রোধান্বিত করা, উত্তেজিত করা।

تَحَادَّ : ক্রুদ্ধ হওয়া, উত্তেজিত হওয়া।

إِحْتَدَّ : (إِحْتِدَاد) তীব্র হওয়া; তীক্ষ্ণ হওয়া (ছুরি)।

إِحْتَدَّ : إِحْتِدَاد ~ عَلَى ক্রুদ্ধ হওয়া, বিগড়াইয়া যাওয়া।

إِسْتَحَدَّ : (إِسْتِحْدَاد) ক্ষৌরকর্ম করা; ক্রুদ্ধ হওয়া।

حَدّ : সীমা, সীমানা, সীমান্ত, প্রান্ত, শেষপ্রান্ত, ধার; তীব্রতা; পরিমাপ; পরিমাণ; শরীআতের শাস্তি; সংজ্ঞা; মৌসুম। ব حُدُود

إِلَى حَدّ، لِحَدّ : পর্যন্ত।

إِلَى حَدٍّ بَعِيد، إِلَى حَدٍّ كَبِير : অনেক; অনেকদূর, ব্যাপকভাবে।

إِلى أيِّ حَدّ : যতদূর; কতদূর?

لَاحَدَّ لَهُ : অসীম।

عَلَى حَدٍّ سَوِيٍّ، على حَدٍّ سَوَاء : সমভাবে, একইরূপে।

الحَدّ الأقصى، الحَدّ الأعْلَى : সর্বোচ্চ সংখ্যা, পরিমাণ বা মাত্রা।

الحَدّ الأدْنَى : ন্যূনতম সংখ্যা, পরিমাণ বা মাত্রা।

حُدُودُ اللّٰه : আল্লাহর বিধি-বিধান।

إِقَامَة الحُدُود : সীমানা চিহ্নিতকরণ, দণ্ডবিধান।

حُدُودِيّ : সীমান্তবর্তী, সীমানাসংক্রান্ত।

حِدَّة : ক্রোধ; তীক্ষ্ণতা; তীব্রতা।

فِي حِدَّة، بِحِدَّة : সক্রোধে; ক্রুদ্ধ হইয়া; তীক্ষ্ণভাবে, তীব্রভাবে।

حَدَد : নিষিদ্ধ; অসম্ভব; মিথ্যা (সংবাদ)।

حِدَاد : শোক।

ثَوْبُ الحِدَاد : শোকের কালো পোশাক।

حَدَّاد : লৌহকার, কর্মকার; কারারক্ষক, দ্বাররক্ষক।

حِدَادَة : লৌহকর্ম, কর্মকারবৃত্তি।

حَدِيد : লৌহ, লৌহদ্রব্য। ব حَدَائِد

حديد : ধারালো, তীক্ষ্ণ, সূক্ষ্ম, তীব্র, প্রখর। ব أحِدَّة، أحِدَّاء، حِدَاد

حَدِيد غُفْل، حَدِيد خام : অশোধিত লৌহ, pig iron.

حَدِيد الصَّبّ، ظَهْر الحَدِيد ،~ الظهر ঢালাই লোহা, Cast iron.

حَدِيد الخُرْدَة ،~ القراضة : ভাঙা লোহালক্কড়,

~ مَصْبُوك : অশোধিত লৌহ, pig iron.

سِكَّة حَدِيدِيَّة، سِكَّة الحَدِيد : রেললাইন।

~ تَاجِرُ : লৌহ ব্যবসায়ী।

~ مَصَانِعُ : লৌহ কারখানা।

العَصْرُ الحَدِيدِيّ : লৌহযুগ।

حَدِيدَة : লৌহখণ্ড, লৌহদ্রব্য। ব حَدَائِد

حَدِيدَةُ المِحْرَاث، حَدِيدَةُ الحَرْث : লাঙলের ফাল।

عَلَى الحَدِيدَة : সম্বলহীন।

حَادّ : ধারালো, তীক্ষ্ণ, তীব্র, প্রখর, প্রচণ্ড, সূক্ষ্ম, শোক প্রকাশকারী, শোক প্রকাশকারিণী।



www.pathagar.com

حَادُّ الطَّبْعِ، حَادُّ الْمِزَاجِ : রুক্ষ স্বভাব বিশিষ্ট, বদমেজাজী।

~ الْبَصَرِ : তীক্ষ্ণদৃষ্টি সম্পন্ন, সূক্ষ্মদর্শী।

~ الذِّهْنِ، حَادُّ الْفُؤَادِ তীক্ষ্ণ বুদ্ধিবিশিষ্ট।

زَاوِيَةٌ حَادَّةٌ : সূক্ষ্মকোণ, acute angle. (জ্যা)।

تَحْدِيدٌ : নির্দিষ্টকরণ, সীমাবদ্ধকরণ, সীমানা চিহ্নিতকরণ; নির্ধারণ, সংজ্ঞাদান।

مُحِدٌّ : শোক প্রকাশকারী, শোক প্রকাশকারিণী।

مُحَدَّدٌ : সীমাবদ্ধ, নির্ধারিত, সুনির্দিষ্ট, ধারালো।

مَحْدُودٌ : সীমিত, সীমাবদ্ধ, নির্ধারিত, নির্দিষ্ট, স্থিরীকৃত।

شَرِكَةٌ مَحْدُودَةٌ : লিমিটেড কোম্পানী।

غَيْرُ مَحْدُودٍ : অসীম, অনির্দিষ্ট, সীমানাবিহীন।

مُحْتَدٌّ : ক্রুদ্ধ, রাগান্বিত; তীব্র, তীক্ষ্ণ।

حَدَأَ : ـَ (حَدْأً) দূরীভূত করা।

حَدِئَ : ـَ (حَدَأً) সাহায্য করা, উদ্ধার করা; রাগ করা; সন্তানকে সোহাগ করা (সা)।

~ إِلَى : আশ্রয় চাওয়া।

~ بِ : লাগিয়া থাকা।

حِدَأَةٌ : চিল। ব حِدَأٌ، حِدَاءٌ، حِدْآنٌ

حَدَأَةٌ : দুই প্রান্ত ধারবিশিষ্ট কুঠার। ব حَدَأٌ، حَدَاءٌ

حَدِبَ : ـَ (حَدَبٌ) স্ফীত হওয়া, উত্তাল হওয়া; গম্বুজাকার হওয়া; কুব্জপৃষ্ঠ হওয়া, কুঁজো হওয়া।

~ عَلَى : সদয় হওয়া, মিত্রভাবাপন্ন হওয়া; সন্তানের যত্ন নেওয়া (মা)।

حَدَّبَ (تَحْدِيبٌ) أَحْدَبَ (احداب) : স্ফীত করা, উত্তাল করা, গম্বুজাকার করা, নোয়ানো, বাঁকানো।

تَحَدَّبَ، إِحْدَوْدَبَ : বাঁকা হওয়া, নুইয়া যাওয়া; কুঁজো হওয়া; স্ফীত হওয়া; গম্বুজাকার হওয়া।

حَدَبٌ : স্নেহ, অনুরাগ, ভালোবাসা; সহৃদয়তা; যত্ন; তীব্র শীত। বালুর স্তূপ, উচ্চভূমি; ঢেউ; চামড়ার ক্ষতচিহ্ন। ব أَحْدَابٌ، حِدَابٌ

مِنْ كُلِّ حَدَبٍ وَصَوْبٍ : সকল দিক হইতে।

~ فِي : সর্বত্র, সকল দিকে।

حَدِبٌ، أَحْدَبُ : কুঁজো; স্ফীত; গম্বুজাকার; সহৃদয়, মিত্রভাবাপন্ন। স্ত্রী حَدْبَاءُ ব حُدْبٌ

حَدَبَةٌ : কুঁজো, স্ফীতি।

أَحْدَبُ : খড়্গ; কঠিন কাজ; বাহুর শিরা।

حَدْبَاءُ : নিষ্ফল বৎসর; প্রচণ্ড শীত; কঠিন কাজ।

حُدَيْبِيَّةٌ : হুদায়বিয়া– মক্কার অদূরে জিদ্দার পথে একটি স্থান। হুদাইবিয়া নামক কূপের নামানুসারে এই স্থানের নাম হুদাইবিয়া। ষষ্ঠ হিজরীতে রাসূলে করীম (স) ও মক্কার মুশরিকদের মধ্যে এই স্থানে যে সন্ধি হয় ইতিহাসে তাহা হুদাইবিয়ার সন্ধি নামে খ্যাত। আল-কুরআনে ইহাকে 'ফাত্‌হুম মুবীন' বলা হইয়াছে।

تَحَدُّبٌ : স্ফীতি, উত্তালতা।

مُحَدَّبٌ : স্ফীত, উত্তাল, গম্বুজাকার; কুঁজো।

مَحْدُوبٌ : স্ফীত; স্তূপাকার (বালি, মাটি); কুঁজো; বাঁকা (মেরুদণ্ড)।

حَدَثَ : ـُ (حُدُوثٌ) ঘটা, সংঘটিত হওয়া।

حَدُثَ : ـُ (حُدُوثٌ، حَدَاثَةٌ) নতুন হওয়া, আধুনিক হওয়া, তরুণ হওয়া।

حَدَّثَ : (تَحْدِيثٌ) বর্ণনা করা, বলা।

حَدَّثَتْهُ نَفْسُهُ، حَدَّثَهُ قَلْبُهُ : তাহার মনে সংশয়ের উদ্রেক হইল, তাহার মনে উদয় হইল।

حَادَثَ : (مُحَادَثَةٌ) পরস্পর কথা বলা, কথোপকথন করা, আলোচনা করা।

أَحْدَثَ : (إِحْدَاثٌ) সৃষ্টি করা; আবিষ্কার করা, উৎপন্ন করা; ঘটানো; স্থাপিত করা; বাতকর্ম করা।

تَحَدَّثَ : কথা বলা, আলোচনা করা।

تَحَادَثَ : পরস্পর কথা বলা, আলাপ আলোচনা করা।

إِسْتَحْدَثَ : (إِسْتِحْدَاثٌ) আবিষ্কার করা, সৃষ্টি করা, উদ্ভাবন করা; তরুণ মনে করা।



www.pathagar.com

حُدْثَان : حَدَث : তরুণ, যুবক। ব أَحْدَاث

حَدَاثَة : নতুনত্ব, অভিনবত্ব; আরম্ভ।

حَدَاثَةُ السِّنِّ : যৌবন, তরুণ বয়স্ক।

حِدْثَان : আরম্ভ।

حَوَادِث الدَّهْرِ، أَحْدَاثُ الدَّهْرِ، حِدْثَانُ الدَّهْرِ : কালচক্র, দুর্ভাগ্য।

حُدُوث : সংঘটন, ঘটনা।

حَدِيث : নতুন, সাম্প্রতিক, আধুনিক। ব حُدَثَاء، حِدَاث

~ : কথা ; সংবাদ; আলোচনা ; কথিকা ; কাহিনী ; ঘটনা ; হাদীস। ব حِدْثَان، أَحَادِيث

حَدِيثُ السِّنِّ : যুবক, তরুণ।

~ خُرَافَة : কল্পিত কাহিনী।

~ العَهْدِ : সাম্প্রতিক।

~ القَوْمِ : যে কথা সকলের মুখে মুখে, Jown-talk.

~ قُدْسِيّ : আল্লাহর যে বাণী রাসূলুল্লাহ (স)-এর ভাষায় হাদীস রূপে অভিব্যক্ত।

حَدِيثًا : নতুনভাবে, সাম্প্রতিক কালে।

حَادِث : নতুন, সাম্প্রতিক, অভিনব নশ্বর।

~, حَادِثَة : ঘটনা, কাহিনী; দুর্ঘটনা। ব حَوَادِث

كَثِير الحَوَادِث : ঘটনাবহুল।

حَوَادِيث : লোককাহিনী; লোকগাথা।

أُحْدُوثَة : কথা; আলোচনা; গল্পগুজব; কাহিনী, উপকথা; আলোচনার বিষয়; গুজব। ব أَحَادِيث

حُسْن الأُحْدُوثَة : প্রশংসা।

~ سُوءُ : কুৎসা, নিন্দা।

إِسْتِحْدَاث، إِحْدَاث : উৎপাদন, সৃষ্টি, আবিষ্কার।

مُحَدِّث : বর্ণনাকারী, হাদীস বর্ণনাকারী, মুহাদ্দিস; কথক, মুখপাত্র।

مُحْدَث : নতুন; সাম্প্রতিক; আধুনিক; নতুন ধনী; ভুঁইফোড়; নবপ্রবর্তিত।

~ : নবপ্রবর্তিত বিষয়াদি। ব مُحْدَثَات

مُحَادَثَة : আলোচনা।

مُتَحَدِّث : মুখপাত্র, কথক।

مُسْتَحْدَث : নতুন, সদ্য; নতুন বস্তু, আধুনিক আবিষ্কার।

حَدَجَ - ُ : (حَدْج) أَحْدَجَ، (احداج)আঘাত করা; বোঝা চাপাইয়া দেওয়া; চামড়ার ফালি (স্ট্র্যাপ) দ্বারা বাঁধা।

حَدَّجَ : (تحديج، بِبَصَرِه) স্থির দৃষ্টিতে তাকানো, তীক্ষ্ণ দৃষ্টিতে তাকানো।

حِدْج : বোঝা। ব أَحْدَاج، حُدُج

حِدَاجَة : জিন, উট ও উটের বোঝা বাঁধিবার রশি। ব حَدَائِج

أَبُو حُدَيْج : সারস পাখি।

حَدَرَ، حَدُرَ - ُ : (حَدَارَة، حَدْر) মোটা হওয়া।

~ : - ُ : (حَدْر) নিচে নামা; প্রহারে ফুলিয়া ওঠা (চামড়া)।

~ : (حُدُور) নিচে নামানো; ঢালু করা; ঝরানো (অশ্রু)।

أَحْدَرَ : (احْدَار) তাড়াতাড়ি করা; দ্রুত পাঠ করা।

حَدَّرَ : (تَحْدِير) ঢালু করা, নিচু করা।

تَحَدَّرَ : নিচে নামা; ঝরা (অশ্রু, বৃষ্টি); ঢালু হওয়া;

~ مِنْ : উদ্ভূত হওয়া।

إِنْحَدَرَ : নিচে নামা, অবতরণ করা; তলাইয়া যাওয়া; গড়াইয়া যাওয়া (অশ্রু); ক্রমান্বয়ে ঢালু হওয়া; ফুলিয়া ওঠা (চামড়া)।

~ مِنْ : উদ্ভূত হওয়া।

~ إِلَى : আগমন করা, পৌঁছা।

حَدْر : দ্রুতপঠন।

مُنْحَدَر، أَحْدُور، حَدُور : ঢালু; ক্রমনিম্ন স্থান।

إِنْحِدَار، تَحَدُّر، حُدُور : ঢালু হওয়া অবনমন, পতন।

وَاقِف الإِنْحِدَار : খাড়া।

بِتَحَدُّر، بِإِنْحِدَار : কোনাকুনি; ক্রমনিম্ন।



www.pathagar.com

حَدُورَة : অশ্রুধারা।

حَادِر : মোটা, বড় (সংখ্যা); উঁচু (পর্বত); শক্ত (দড়ি)।

حَيْدَر : সিংহ; শক্তিশালী, বলবান।

مُنْحَدِر، مُتَحَدِّر : ঢালু জায়গা।

حَدَسَ ـُ - : (حَدْس) অনুমান করা, আন্দাজ করা, সন্দেহ করা; ধরাশায়ী করা।

~ بِرِجْلَيْهِ : পদদলিত করা।

تَحَدَّسَ : গোপনে খবরাখবর নেওয়া।

حَدْس : অনুমান, আন্দাজ, সন্দেহ।

حَدْسِيَّات : কল্পনা, অনুমান।

مَحْدُوس، حَدِيس : ভূমিতে শায়িত ব্যক্তি বা বস্তু।

مَحْدِس : অনুসন্ধানের বিষয়; লক্ষ্যবস্তু।

حَدَّاف الْمَاكُوك، حَدَّاف : (সি) তন্তুবায়ের মাকু, Shuttle.

حَدَقَ ـِ - : (حَدْق) أَحْدَقَ، (احداق) إِحْدَوْدَقَ، (احديداق) ~ بِ বেষ্টন করা, ঘেরাও করা, ভীতি প্রদর্শন করা, আসন্ন হওয়া।

~ بعينه : তাকানো, দৃষ্টিপাত করা।

حَدَّقَ (تحديق) : أَحْدَقَ، (بِ، إِلَى، فِي) স্থিরদৃষ্টিতে তাকানো।

حَدَّقَ الطَّعَامَ : খাদ্যে লবণ দেওয়া।

حَدَق : প্রাচীর বেষ্টিত বাগান। ব حَدَقَة

حَدَقَة : চক্ষুর তারা। ব حَدَقَات، أَحْدَاق، حِدَاق، حَدَق

~ : দৃষ্টি। ব أَحْدَاق

حَادِق، حَدُوق : টক, অম্ল, কিঞ্চিৎ লবণাক্ত।

حَدِيقَة : বাগান। ব حَدَائِق

حَدِيقَة الْحَيَوَانَات : চিড়িয়াখানা।

مُحْدِق : পরিবেষ্টনকারী; আসন্ন।

خَطَر مُحْدِق : আসন্ন বিপদ।

حَدَلَ ـِ - : (حدول) সমতল করা, সমান করা (ছাদ)।

~ عَلَى : অন্যায় আচরণ করা, অত্যাচার করা; আঘাত দেওয়া।

حَدَلَت الْعَجَلَةُ : শকটটি দুলিতে দুলিতে চলিল (ইঞ্জিনবিহীন গাড়ি)।

حَادَلَ : ধূর্ত আচরণ করা।

تَحَادَلَ : তীর নিক্ষেপকালে ধনুকের উপর ঝুঁকিয়া পড়া।

حَوْدَلَة : পাহাড়।

مِحْدَلَة : ছাদ সমান করিবার পাথরের ডলনা, রোলার। ব مَحَادِل

إِحْتَدَمَ (احتدام) : উত্তপ্ত হওয়া (দিন) জ্বলিয়া উঠা (আগুন); তীব্র হওয়া (গরম); কড়া হওয়া (মদ); অত্যন্ত লাল হওয়া (রক্ত)।

~ (عَلَى)، إِحْتَدَمَ غَيْظًا : ক্রোধে উত্তেজিত হওয়া, রাগিয়া উঠা।

حَدَم، حَدْم : তীব্র উত্তাপ (আগুনের)।

حِدَام : ক্রোধ।

حَدَمَة : প্রজ্বলিত অগ্নির গনগনে আওয়াজ, জোরে আগুন জ্বলিবার শব্দ।

إِحْتِدَام : প্রকোপ, আক্রমণ।

مُحْتَدِم : উত্তপ্ত, জ্বলন্ত; ক্রোধোন্মত্ত।

حَدَا ـُ - : (حداء، حُداء، حَدْو) গান গাহিয়া চালানো (উট); তাড়াইয়া নেওয়া; উৎসাহিত করা, প্ররোচিত করা; অগ্রসর করানো, সম্মুখে ঠেলিয়া দেওয়া।

حَاد : গান গাহিয়া উট চালনাকারী। ব حُدَاة

حَدْوَة : ঘোড়ার পায়ের নাল, horse-shoe.

حَدَّاء : উষ্ট্রচালক।

أُحْدِيَّة، أُحْدُوَّة : উষ্ট্রচালকদের গান।

حَدِيَ ـَ - : (حَدًى) ~ بِ অবস্থান করা, আঁকড়াইয়া থাকা (স্থান)।

حَدَّى : (تحدية) অভিপ্রায় গ্রহণ করা, করিতে চাওয়া।



www.pathagar.com

تَحَدَّى : প্রতিযোগিতা করা, প্রতিদ্বন্দ্বিতায় আহবান করা, চ্যালেঞ্জ করা, উত্তেজিত করা, উৎসাহ দেওয়া, উদ্বুদ্ধ করা; ধারালো করা, করিতে চাওয়া; অমান্য করা।

حُدَيًّا : প্রতিযোগিতা, সংগ্রাম, যুদ্ধ।

تَحَدٍّ : প্রতিদ্বন্দ্বিতায় আহ্বান, চ্যালেঞ্জ। ব تَحَدِّيَات

مُتَحَدٍّ : প্রতিদ্বন্দ্বিতায় আহ্বানকারী, চ্যালেঞ্জকারী।

حَذَّ - ُ : (حَذٌّ، حَذْذ) কাটিয়া ফেলা; সংক্ষিপ্ত করা।

حَذَذ : ক্ষিপ্রতা, স্বল্পতা (পশম, পালক)।

أَحَذّ : ক্ষিপ্রগতিসম্পন্ন; গতিময়, স্বল্প পশমবিশিষ্ট (পশু); স্বল্প পালকবিশিষ্ট (পাখি), হালকা-পাতলা, কৃশ। স্ত্রী حَذَّاء ব حُذّ

قَصِيدَة حَذَّاذة : গতিময় পরিশুদ্ধ কাসীদা।

حَذِرَ - َ : (حِذْر، حَذَر) حَاذَر (مُحَاذَرَة)، تَحَذَّر، (احْتِذَار) সতর্ক থাকা।

حَذَّرَ : (تَحْذِير) সতর্ক করা।

حِذْر، حَذَر : সতর্কতা, সাবধানতা।

حَذِر، حَاذِر : সতর্ক।

حَذَارِ : সতর্ক হও! লক্ষ্য রাখ।

تَحْذِير : সতর্কীকরণ।

مَحْذُور : যাহা হইতে সতর্ক থাকা উচিত; বিপদ; ভয়; কষ্ট; অসুবিধা।

مَحْذُورَة : ভয়; যুদ্ধ।

أَبُو مَحْذُورَة : রাসূলুল্লাহ (স)-এর একজন তরুণ মুয়াযযিন।

مُحَاذَرَة : সতর্কতা, সতর্কতামূলক কাজ।

حَذَفَ - ِ : (حَذْف) বাদ দেওয়া, অপসারণ করা, কাটিয়া দেওয়া, মুছিয়া দেওয়া; উহ্য করা; নিক্ষেপ করা; ছুড়িয়া মারা; আঘাত করা।

حَذَّفَ : (تحذيف) কাটিয়া ছাঁটিয়া দেওয়া, সঠিক রূপ দেওয়া; নিপুণভাবে সম্পাদন করা (কাজ)।

حَذْف : কর্তন, বাদ, অপসারণ, বিলুপ্তি; নিক্ষেপ।

حَذَف : (حَذَفَة) বালিহাস; ক্ষুদ্র কৃষ্ণবর্ণ ছাগবিশেষ; ক্ষুদ্রার্থে حُذَيْفَة

حُذَافَة : চামড়ার বর্জিত খণ্ড; খাদ্যের অবশিষ্টাংশ।

حِذَفَار، حُذْفُور : পার্শ্ব। ব حَذَافِير

بِحَذَافِيرِه : একবারে, সম্পূর্ণরূপে।

أُشْدُدْ حَذَافِيرَكَ : নিজেকে প্রস্তুত কর।

حَذَقَ - ِ : حَذِقَ - َ (حَذَاقَة، حَذْق) নিপুণ হওয়া, দক্ষ হওয়া; নিপুণভাবে সম্পাদন করা, অভিজ্ঞ হওয়া, সম্পূর্ণরূপে জানা।

~ - ُ : (حُذُوق) টক হওয়া।

~ - - : (حَذْق) কর্তন করা।

حَذَّقَ : দক্ষরূপে তৈরি করা।

تَحَذَّقَ : দক্ষ বা নিপুণ হওয়ার ভান করা।

اِنْحَذَقَ : (اِنْحِذَاق) কর্তিত হওয়া, ভাঙ্গিয়া যাওয়া।

حِذْق، حَذَاقَة : দক্ষতা, নৈপুণ্য, বুদ্ধি, বিচক্ষণতা।

حُذْقَة : ভাঙা টুকরা। ব حُذَاق

حُذْقَة : গ্রাস।

حَاذِق : দক্ষ, নিপুণ; বুদ্ধিমান, বিচক্ষণ; টক। ব حُذَّاق

حَذِلَ - َ : (حَذَل) চক্ষুর ভ্রূ ঝরিয়া যাওয়া, চক্ষুর পাতা লাল হওয়া।

أَحْذَلَ : (إِحْذَال) চক্ষু ফুলানো (অশ্রুপাতে), চক্ষুর পিশি পতিত হওয়া (উত্তাপে)।

حَذْل : (تَحْذِيل) ঝোঁক, প্রবণতা।

حَذَل : চোখের পাতার লোমশূন্যতা, চক্ষুর রক্তিম গুটিকা।

حُذَالَة : অবশিষ্ট খড়কুটা।

حَاذِلَة : ভ্রূবিহীন (চক্ষু)।

حَذْلَقَ، تَحَذْلَقَ : আছে বস্তু চাইতে বেশি দক্ষতা প্রকাশ করা, পাণ্ডিত্য প্রকাশ করা।

حَذْلَقَة، تَحَذْلُق : পাণ্ডিত্যের ভান করা।

حِذْلِق : বাক্যবাগীশ।

مُتَحَذْلِق : প্রাজ্ঞতা প্রকাশক, পাণ্ডিত্যাভিমানী।

حَذْلَمَ : সুচালো করিয়া কাটা (কাঠ); বলপূর্বক প্রবেশ করা (ঘোড়া), উঠিয়া-পড়িয়া তাড়াহুড়া করা।



www.pathagar.com

تَحَذْلَمَ : তাড়াহুড়া করা।

حَذَمَ - : (حذمان، حَذْم) কর্তন করা।

~ فِي : তাড়াহুড়া করা।

حِذْيَم، حَذِم : কর্তনকারী (তরবারি)।

حَذَام : অলস, কুড়ে, ঢিলা।

مِحْذَم : ধারালো তরবারি।

حَذَا - ُ : (حِذَاء، حَذْو) জুতা প্রস্তুত করা।

~ : (حَذْوَة، حَذو) অনুকরণ করা।

حَذَى - : (حَذْى) টুকরা টুকরা করা; কর্তন করা (হাত)।

حَاذَى : (مُحَاذَاة) সম্মুখবর্তী হওয়া; সমান্তরাল হওয়া; সমকক্ষ হওয়া।

أَحْذَى : (إِحْذَاء) অংশ দেওয়া; বর্শা দ্বারা খোঁচা দেওয়া।

تَحَاذَى : পরস্পর সামনা-সামনি হওয়া, সমান্তরাল হওয়া; অংশীদার হওয়া।

إِحْتَذَى : (إِحْتِذَاء) জুতা পরিধান করা; অনুকরণ করা।

حِذَاء : জুতা; উটের ক্ষুর। ব أَحْذِيَة

حَذْوَ، حِذَاءَ : বিপরীতে, সম্মুখে, সামনা-সামনি।

حَذَّاء : জুতা প্রস্তুতকারী, মুচি।

حُذْوَة : দান; গোশ্‌তের টুকরা।

إِحْتِذَاء : অনুকরণ; জুতা পরিধান করা।

مُحَاذ : সামনা-সামনি।

حَرَّ - ُ : (حَرَارَة) গরম হওয়া, উত্তপ্ত হওয়া।

~ : (حَرَار) মুক্তিলাভ করা (দাস)।

~ : (حُرِّيَّة) স্বাধীন হওয়া।

~ : (حَرَّة) পিপাসার্ত হওয়া।

حُرَّ : জ্বরে আক্রান্ত হওয়া।

حَرَّرَ : (تَحْرِير) মুক্ত করা, মুক্তি দেওয়া (দাস); (আল্লাহর সেবায়) উৎসর্গ করা; সঠিকভাবে বাহির করা (হিসাব), যথাযথ করা (মাপ); তাক করা (বন্দুক); সংশোধন করা (বই); সম্পাদনা করা (পত্রিকা), লেখা, রচনা করা।

أَحَرَّ : (إِسْتِحْرَار) গরম হওয়া (দিন)।

تَحَرَّرَ : মুক্ত হওয়া, মুক্তিলাভ করা; লিখিত হওয়া, রচিত হওয়া।

إِسْتَحَرَّ : গরম হওয়া, উত্তপ্ত হওয়া; প্রচণ্ড হওয়া (যুদ্ধ)।

حَرّ : তাপ, উষ্ণতা।

حُرّ : স্বাধীন, মুক্ত, বন্ধনমুক্ত; মহৎ, উদার, খাঁটি, প্রকৃত, উদারনৈতিক। ব أَحْرَار স্ত্রী حُرَّة ব حَرَائِر

حُرُّ الْعَقِيدَة : ধর্ম সম্বন্ধে স্বাধীন মতাবলম্বী।

~ الْفِكْر : মুক্তবুদ্ধিসম্পন্ন।

حَرَّة : প্রস্তরময় অঞ্চল, এলাকা। ব حَرَّات، حِرَار

حِرَّة : তীব্র পিপাসা।

حُرِّيَّة : স্বাধীনতা।

حُرِّيَّة الإِخْتِيَار : ইচ্ছা, পছন্দ করিবার স্বাধীনতা, ইখ্‌তিয়ার, Option.

~ الْفِكْر : চিন্তার স্বাধীনতা।

~ الْكَلَام : বাকস্বাধীনতা।

~ النَّشْر : প্রকাশনার স্বাধীনতা, সংবাদপত্রের স্বাধীনতা।

~ التَّصَرُّف : কর্মের স্বাধীনতা, ব্যবহারের স্বাধীনতা।

تِمْثَالُ الْحُرِّيَّة : স্বাধীনতার প্রতিকৃতি।

تِذْكَار الْحُرِّيَّة : স্বাধীনতা স্মৃতিসৌধ।

حَرَّار : রেশমের তাঁতী।

حَرَارَة : তাপ, জ্বর; আগ্রহ, উদ্দীপনা, আবেগ; প্রচণ্ডতা; প্রদাহ; ফুসকুড়ি।

مِقْيَاسُ الْحَرَارَة، مِيزَانُ الْحَرَارَة : তাপমান-যন্ত্র, Thermometer.

حَرَّان : অত্যন্ত পিপাসার্ত; উত্তপ্ত, উষ্ণ। স্ত্রী حَرَّى

حَرُور : সূর্যের তাপ; উষ্ণ বায়ু।

حَرُورِيَّة : খারিজীদের একটি দল। কুফার নিকটস্থ তাদের সম্মেলনক্ষেত্র حَرُورَاء নামক স্থানের নামানুসারে এই দলের নামকরণ করা হইয়াছে।



www.pathagar.com

حَرِير : রেশম, রেশমি কাপড়।

حَرِير صَخْرِيّ : এসবেসটস, asbestos.

~ صِنَاعِيّ : কৃত্রিম রেশম, রেয়ন rayon.

حَرَائِرِيّ، حَرِيرِيّ : রেশমি, রেশম ব্যবসায়ী।

وَحْدَةُ الحَرَارَة، حَرَارِيَّة، حُرَيْرة : তাপের একক, খাদ্য হইতে উৎপন্ন শক্তি মাপিবার একক, ক্যালরি, Calorie.

حَارّ : গরম, উষ্ণ; প্রচণ্ড; উদ্দীপনাময়, আবেগময়। স্ত্রী حَارَّة

مِنْطَقَةُ حَارَّة : গ্রীষ্মমণ্ডল।

فَوَّارَةُ مَاء حَارّ : পানি গরম করিবার গিজার যন্ত্র। geyser.

يَنْبُوعُ حَارّ : উষ্ণ প্রস্রবণ।

تَحَرُّر : স্বাধীনতা, মুক্তি।

تَحْرِير : উৎসর্গীকরণ; মুক্তকরণ; সংশোধন, সম্পাদনা; লিখন, রচনা; দলীল।

مُدِيرُ التَّحْرِيرَات، رَئِيسُ التَّحْرِير : প্রধান সম্পাদক।

إِدَارَةُ التَّحْرِير : সম্পাদনা পরিষদ, সম্পাদনা দফতর।

مُحَرِّر : মুক্তিদাতা; লেখক, সম্পাদক।

مُحَرَّر : উৎসর্গীকৃত; লিপিবদ্ধ।

مَحْرُور : উত্তপ্ত, জ্বলন্ত ক্রোধান্বিত, উগ্রস্বভাব, আবেগপ্রবণ, জ্বরে আক্রান্ত।

حَرَبَ : ـُ : (حَرْب) লুণ্ঠন করা।

حَرِبَ : ـَ : (حَرَب) ক্রুদ্ধ হওয়া, জ্বলিয়া উঠা, উন্মত্ত হওয়া।

حَرَّبَ : (تَحْرِيب) উত্তেজিত করা; ধারালো করা।

حَارَبَ : (مُحَارَبَة) যুদ্ধ করা; প্রতিযোগিতা করা, যুদ্ধ ঘোষণা করা।

أَحْرَبَ : (إِحْرَاب) উসকাইয়া দেওয়া (যুদ্ধ), পরিচালনা করা (সৈন্য)।

إِحْتَرَبَ، تَحَارَبَ : (إِحْتِرَاب، تَحَارُب) পরস্পর যুদ্ধ করা, যুদ্ধে লিপ্ত হওয়া।

حَرْب : যুদ্ধ; শত্রুতা; প্রবল শত্রু। ব حُرُوب

حَرْبُ دَاخِلِيَّة، حَرْبُ أَهْلِيَّة : গৃহযুদ্ধ।

حرب دِفَاعِيَّة : প্রতিরক্ষামূলক যুদ্ধ।

حرب هُجُومِيَّة : আক্রমণাত্মক যুদ্ধ।

الحَرْبُ العُظْمَى، الحَرْبُ العَالَمِيَّة : বিশ্বযুদ্ধ, মহাযুদ্ধ।

الحُرُوب الصَّلِيبِيَّة : ক্রুসেড যুদ্ধ, the crusades.

دَارُ الحَرْب : শত্রুরাষ্ট্র।

حَرْبِيّ : যুদ্ধসংক্রান্ত, সামরিক।

البُولِيسُ الحَرْبِيّ : সামরিক পুলিশ।

المَدْرَسَةُ الحَرْبِيَّة : সামরিক বিদ্যালয়।

~ الحَرَكَاتُ : যুদ্ধকৌশল, যুদ্ধ-তৎপরতা।

~ الوَزِيْرُ : যুদ্ধমন্ত্রী।

حَرْبَة : বল্লম, বর্শা, বর্শার ফলা, বেয়োনেট; অধর্ম। ব حِرَاب

حِرْبَاء : গিরগিটি। ব حَرَابِيّ

وَاحَرَبَاه : হায়রে সংকট।

حَرِب : সহজে উত্তেজিত, ক্রুদ্ধ। ব حَرْبَى

حَرَّاب : বল্লমধারী।

حَرِيب : লুণ্ঠিত। ব حَرْبَى، حَرْبَاءُ

إِحْتِرَاب : সম্মিলিত সংগ্রাম।

مِحْرَاب : (মসজিদের) মিহরাব, (মন্দিরের) বেদী, যাজকের জন্য সংরক্ষিত স্থান (গীর্জায়)। ব مَحَارِيب

مُحَارِب : যোদ্ধা।

مُحَارَبَة : যুদ্ধ।

مُتَحَارِب : যুদ্ধরত।

حَرْبُوشَة : (তিউ) বটিকা। ব حرابش

حَرَتَ : ـُ : (حَرْت) সজোরে ঘর্ষণ করা; কঠোর পরিশ্রম করা, গোল করিয়া কাটা।

حَرِتَ : ـَ : (حَرَت) বদমেজাজী হওয়া।



www.pathagar.com

حَرَثَ ـُ : (حَرْث) حَرَّثَ চাষ করা, কর্ষণ করা, গভীরভাবে অধ্যয়ন করা।

إِحْتَرَثَ : সম্পদ উপার্জন করা।

حَرْث : চাষ, চাষের উপযুক্ত জমি, শস্যক্ষেত্র।

الحَرْثُ والنَّسْل : শস্যক্ষেত্র ও গবাদিপশু ক্ষেত ও ফসল।

حَرْثَة : চাষের উপযুক্ত জমি।

حِرَاثَة : কৃষিকর্ম।

حَارِث : চাষী, কৃষক। ব حُرَّاث; حَرَّاث

أَبُو الحَارِث، الحارث : সিংহ।

مَحْرَاث : কৃষিভূমি। ব مَحَارِث

مِحْرَاث : লাঙল। ব مَحَارِيث

مِحْرَاثٌ بُخَارِيّ : কলের লাঙল।

سِلَاحُ المِحْرَاث، سِكَّةُ المِحْرَاث : লাঙলের কুটি।

~ قَبْضَةُ : লাঙলের কুটি।

~ قَوْسُ : লাঙল-দণ্ড।

حَرِجَ ـَ : (حَرَج) সংকীর্ণ হওয়া, কঠিন হওয়া; যন্ত্রণাগ্রস্ত হওয়া, বিরক্ত হওয়া (মন); অপরাধ করা; ঝলসাইয়া যাওয়া (চক্ষু), স্তূপীকৃত হওয়া (ময়লা)।

~ عَلَى : নিষিদ্ধ হওয়া।

حَرَجَ ـُ : (حَرْج) দাঁত কিড়মিড় করা।

حَرَّجَ : (تَحْرِيج) সংকীর্ণ করা; কঠিন করা, জটিল করা; নিষিদ্ধ করা।

~ عَلَى، فِي~ : জিদ করা, পীড়াপীড়ি করা, নাছোড়বান্দা হইয়া চাওয়া।

أَحْرَجَ : (إِحْرَاج) সংকীর্ণ করা; জটিল করা; কড়াকড়ি করা; হতবুদ্ধি করা; চাপ প্রয়োগ করা; বাধ্য করা।

~ عَلَى : নিষেধ করা, নিষিদ্ধ করা।

أَحْرَجَ مَوْقِفَهُ، أَحْرَجَ مَرْكَزَهُ : সে তাহাকে সংকটজনক অবস্থায় ফেলিল, কিংকর্তব্যবিমূঢ় করিল।

تَحَرَّجَ : অপরাধ হইতে দূরে থাকা; বিপদে পড়া, সংকটজনক অবস্থায় পড়া; দুর্দশাগ্রস্ত হওয়া; জটিল হওয়া, সংকটময় হওয়া (অবস্থা)।

~ مِنْ : বিরত থাকা, এড়াইয়া চলা, অপরাধ হইতে দূরে থাকা।

حَرَج : সংকীর্ণতা; সংকীর্ণ স্থান, বাধা, আপত্তি, নিষেধ, বিপদ, দুর্দশা, সংকট, অসুবিধা, জটিলতা, সংকটময় অবস্থা, পাপ, অপরাধ।

حَرَجَة : ঝোঁপ, জঙ্গল, বনভূমি; স্ট্রেচার, এম্বুলেন্স। ব أَحْرَاج، حِرَاج، حَرَجَات

لَاحَرَجَ، لَاحِرْجَ : কোন বাধা নাই।

حَدِّثْ وَلَاحَرَجَ : যাহা বলিবার বলিতে পার।

لَاحَرَجَ عَلَيْكَ : তোমার কোন অপরাধ নাই; কেহ তোমাকে দোষারোপ করিবে না।

بِلَاحَرَج : বিনা বাধায়, নির্ভয়ে।

حِرْج : পাপ, অপরাধ; বন্যজন্তু ধরার ফাঁদ। ব أَحْرَاجُ، حِرَجَةٌ، حِرَاج

حَرِج : সংকীর্ণ, কঠিন, সংকটপূর্ণ।

مَرْكَزٌ حَرِج : সংকটময় অবস্থা।

حَرَجَة : উষ্ট্রপাল; জঙ্গল। ব حِرَاجٌ، حَرَجَات، حَرَج

حَرَاج : নিলাম।

حَرَاجَة : জটিলতা, সংকট; গাম্ভীর্য।

تَحْرِيج : জঙ্গলে পরিণতকরণ।

مُحْرَج : বিব্রত, সংকটগ্রস্ত।

مُحَرَّجَات : বিধিনিষেধ, শপথ, প্রতিজ্ঞা।

مُتَحَرِّج : বিরক্ত, যাতনাগ্রস্ত।

حُرْجُوج : হালকা পাতলা ও দ্রুতগামী উষ্ট্রী; শীতল বায়ু। ব حَرَاجِيج

حَرْجَلَ : এদিক-ওদিক দৌড়ানো; হেলিয়া দুলিয়া চলা; টলিতে টলিতে চলা (চাকা); দ্রুত দৌড়ানো; লম্বা হওয়া।

حَرْجَل : পাখাবিহীন বৃহদাকার পঙ্গপাল।

حَرْجَلَة : অশ্বপাল; পঙ্গপালের ঝাঁক; খঞ্জত্ব। ব حَرَاجِلٌ



www.pathagar.com

حَرْجَمَ : তাড়াইয়া আনা; একত্রিত করা (উট); শিকারের অন্বেষণে ছোটা।

إِحْرَنْجَمَ : জড়ো হওয়া; সরিয়া যাওয়া।

حَرْحَرَ : জিহ্বায় লাগা (ঝাল)।

تَحَرْحَرَ : ঝালে জ্বলিয়া যাওয়া (জিহ্বা)।

حَرِدَ ـَ : (حَرَد) ~ عَلَى ক্রুদ্ধ হওয়া, বিরক্ত হওয়া, খিটখিটে হওয়া; বিদ্বেষ পোষণ করা।

حَرَدَ ـِ : (حَرْد) অভিপ্রায় গ্রহণ করা; ছিদ্র করা (কাঠ); আটকাইয়া রাখা।

~ عَنْ : (حُرُود) নিজেকে বিচ্ছিন্ন করা।

حَرَّدَ : (تَحْرِيد) কুড়েঘরে আশ্রয় গ্রহণ করা; বাধা দেওয়া; পাকানো (দড়ি)।

حَارَدَ : সামান্য দুধ দেওয়া (উষ্ট্রী); স্বল্প বৃষ্টি বর্ষিত হওয়া (বৎসরে)।

حَرَد : ক্রোধ; বিদ্বেষ; বিরক্তি।

حَرِد، حَارِد، حَرْدَان : ক্রুদ্ধ; বিরক্ত; বিদ্বেষপূর্ণ খিটখিটে।

حُرْدِيّ : ছন, খড়, নল-খাগড়া ইত্যাদির চালা। ব حَرَادِيّ

حَرِيد : বিচ্ছিন্ন, পৃথক। ব مُنْحَرِد ;حِرَاد، حَرْدَاءُ

حِرْذَوْن : টিকটিকি; গিরগিটি। ব حَرَاذِين

حَرَزَ ـُ : (حَرْز) রক্ষা করা, সংরক্ষণ করা, দেখাশুনা করা, যত্ন নেওয়া।

حَرِزَ ـَ : (حَرَز) নজরে থাকা; গুরুত্বপূর্ণ হওয়া (কাজ)।

حَرُزَ ـُ : (حَرَازَة) সুরক্ষিত হওয়া; অগম্য হওয়া (স্থান); দুর্ভেদ্য হওয়া; দুর্লভ হওয়া (বস্তু)।

حَرَّزَ : (تَحْرِيز) সংরক্ষণ করা, নিরাপদ আশ্রয় দেওয়া।

أَحْرَزَ : (إِحْرَاز) রক্ষা করা, সংরক্ষণ করা; সতর্কতার সহিত পাহারা দেওয়া (সম্পত্তি); নিরাপদ আশ্রয় দেওয়া; লাভ করা, অর্জন করা।

أَحْرَزَ قَصَبَ السَّبَق : সে বিরাট সাফল্য বা প্রাধান্য লাভ করিল।

إِحْتَرَزَ، تَحَرَّزَ : (احتراز، تحرز) ~ من সাবধান হওয়া, সতর্ক থাকা, বিরত থাকা।

إِسْتَحْرَزَ : (إِسْتِحْرَاز) নিরাপদ আশ্রয় গ্রহণ করা।

حِرْز : সুরক্ষিত স্থান, নিরাপদ আশ্রয়; দুর্গ; রক্ষাকবচ, মাদুলি। ব أَحْرَاز

حِرْزُ الْقَضِيَّة : (ফৌজদারি) মামলার আলামত।

~ حَرِيز : দুর্ভেদ্য দুর্গ।

حَرَز : খেলার পাশা, হিস্সা। ব أَحْرَاز

حَرَزَة : উৎকৃষ্ট অংশ।

حَرِيز : সুরক্ষিত, অগম্য; নিরাপদ; দুর্ভেদ্য; দুর্লভ।

إِحْرَاز : লাভ, অর্জন।

إِحْتِرَاز : সাবধানতা, সতর্কতা, পরিণামদর্শিতা; সংরক্ষণ।

مُحْرِز : লাভকারী, অর্জনকারী, অধিকারী।

حَرَسَ ـُ : (حِرَاسَة، حَرْس) পাহারা দেওয়া, নজরে রাখা, নিয়ন্ত্রণ করা, দেখাশুনা করা, তদারক করা; রক্ষা করা, সংরক্ষণ করা, চুরি করা (রক্ষার্থে)।

حَرِسَ ـُ : (حَرَس) দীর্ঘজীবী হওয়া।

إِحْتَرَسَ، تَحَرَّسَ : ~ مِنْ সাবধান হওয়া, সতর্ক থাকা।

إِحْتَرِسْ : সাবধান!

حَرْس : সময়, শতাব্দী, জীবনকাল। ব أَحْرَاس

إِحْتِرَاس : সাবধানতা, সতর্কতা।

حَرَس : প্রহরী, রক্ষী, guard, দেহরক্ষী, body-guard.

حَرَس شَخْصِي : দেহরক্ষী, body-guard.

حرس الحُدُود : সীমান্ত প্রহরী।

الحَرَس السَّيَّار : ভ্রাম্যমাণ প্রহরী।

حَرَسُ المَلِك ,~ المَلَكِيّ রাজার দেহরক্ষী।

~ الوَطَنِيّ : জাতীয় রক্ষীবাহিনী, National-guard.



www.pathagar.com

الحَرَسَانِ : রাত ও দিন।

حِرَاسَة : প্রহরা, তত্ত্বাবধান, তদারক, নিরাপত্তা রক্ষা।

حِرَاسَة قَضَائِيَّة : বাজেয়াপ্ত সম্পত্তির রক্ষণাবেক্ষণ।

حَارِس : প্রহরী, রক্ষী; রক্ষক, তত্ত্বাবধায়ক, তদারককারী; চোর (রক্ষার্থে)। ব حَرَسَة، حُرَّاس

حَارِس قَضَائِيّ : ক্রোক করা সম্পত্তির সাময়িক রক্ষক।

~ اللَّيْلِ : নৈশ প্রহরী।

~ المَرْمَى : গোলরক্ষক।

~ أَمْلَاكِ الأَعْدَاء : শত্রু সম্পত্তির তত্ত্বাবধায়ক।

حَرِيسَة : রাতের চোরাইমাল; বেড়া। ব حَرَائِس

مَحْرُوس : রক্ষিত, সংরক্ষিত; পুত্র।

مَحْرُوسَة : রাজধানী শহর।

المَمَالِكُ المَحْرُوسَة : উসমানী সাম্রাজ্য।

مُحْتَرِس : সাবধান, সতর্ক ব্যক্তি।

حَرَشَ - : (حَرْش)، اِحْتَرَشَ আঁচড়ানো।

حَرِشَ - : (حَرَش) খসখসে হওয়া, অমসৃণ হওয়া, কর্কশ হওয়া; প্রতারিত করা।

حَرَّشَ : (تَحْرِيش) উত্তেজিত করা, প্ররোচিত করা, খেপাইয়া তোলা, লেলাইয়া দেওয়া।

~ بين : বিরোধ লাগানো।

حَارَشَ : (حِرَاش، مُحَارَشَة) লড়াই করা, দ্বন্দ্ব করা।

تَحَرَّشَ : ~ بِ ঝগড়া বাঁধানো; খেপাইয়া তোলা।

حَرْش : চিহ্ন। ব حِرَاش

حُرْش : বন, জঙ্গল। ব أَحْرَاش، حُرُوش

حَرِش : অমসৃণ, কর্কশ।

حَرَاشَة، حُرْشَة، حَرَش : অমসৃণতা, কর্কশতা।

حَرِيش : কেন্নো, বহুপদী বিছাজাতীয় প্রাণী। ব حُرُش

أَحْرَش : টিকটিকি; নতুন মুদ্রা। ব حُرْش

~ : অমসৃণ, কর্কশ। স্ত্রী حَرْشَاء

تَحَرُّش : অন্যায় হস্তক্ষেপ, অনধিকার চর্চা।

تَحْرِيش : প্ররোচনা, উত্তেজনা।

حَرْشَف : পঙ্গপালের ঝাঁক, প্রাণী-শাবক। ব حَرَاشِف

حَرْشَفُ السَّمَك : মাছের আঁশ।

حَرَصَ - : ছিঁড়িয়া ফেলা (কাপড়)।

~، حَرِصَ - : (حِرْص) ~ عَلَى লোভ করা, চাওয়া, কামনা করা, ইচ্ছুক হওয়া, আগ্রহী হওয়া।

حُرِصَ : ভক্ষিত হওয়া (তৃণভূমি)।

حَرَّصَ : (تَحْرِيص) আগ্রহী করা, উদ্বুদ্ধ করা, প্ররোচিত করা।

حِرْص : লোভ, লালসা, ইচ্ছা, আগ্রহ।

حَارِصَة، حَرْصَة : চর্ম ছিন্ন করে এমন আঘাত, ক্ষত, কাপড়ের ছিদ্র।

حَرِيص : লোভী; আগ্রহী, ইচ্ছুক; কৃপণ। ব حِرَاص، حُرَصَاء

حَارِصَة، حَرِيصَة : প্রবল বৃষ্টি বর্ষণকারী মেঘ।

حَرَضَ - : (حَرَض) - حَرِضَ، (حُرُوض) - حَرُضَ কাহিল হওয়া; অসচ্চরিত্র হওয়া।

حَرُضَ - : (حَرَاضَة) দুঃখ-দুশ্চিন্তায় জীর্ণশীর্ণ হওয়া।

حَرَّضَ : (تَحْرِيض) উদ্বুদ্ধ করা; প্ররোচিত করা।

حَارَضَ : ~ عَلَى মনোনিবেশ সহকারে নিত্য কাজ করা।

أَحْرَضَ : মুমূর্ষু করা (দুঃখ, ব্যাধিতে); ব্যাধিগ্রস্ত করা (প্রেমে)।

حُرُض، حُرْض : ক্ষার, পটাশ।

حَارِض، حَرِض : দুষ্ট, দুশ্চরিত্র, ব্যাধিগ্রস্ত।

حَرِيض : ধরাশায়ী।

إِحْرِيض : জাফরানি রং।

تَحْرِيض : উদ্বুদ্ধকরণ; প্ররোচনা; আবেশন (বিদ্যুৎ)।



www.pathagar.com

مُحَرِّض : উদ্বুদ্ধ, প্ররোচিত; আবেশযুক্ত (বিদ্যুৎ); লজ্জাজনক (কথা)।

مُتَحَرِّض : আবেশযুক্ত (বিদ্যুৎ)।

حَرَفَ - (حَرْف) : ঝুঁকানো, হেলানো, উপার্জন করা, নিরুৎসাহিত করা।

حَرَّفَ : (تَحْرِيف) ঝুঁকানো, হেলানো; বাঁকা করা, ঘুরাইয়া দেওয়া, সরাইয়া আনা; নষ্ট করা, বিকৃত করা, পরিবর্তন করা, জাল করা; ভুল ব্যাখ্যা করা।

حَارَفَ : শলাকা দিয়া পরীক্ষা করা (ক্ষত)।

حَارَفَ بِسُوءٍ : অন্যায়ের প্রতিশোধ নেওয়া।

أَحْرَفَ : ধনী হওয়া; সম্পদ বৃদ্ধি পাওয়া; দুর্ব্যবহার করা।

تَحَرَّفَ : ঘুরিয়া যাওয়া, মোড় লওয়া; ঝুঁকিয়া পড়া, পরিবর্তিত হওয়া, বিকৃত হওয়া, নষ্ট হওয়া।

~ عَنْ : সরিয়া যাওয়া, বিপথে যাওয়া; এড়াইয়া চলা।

إِنْحَرَفَ : (انْحِرَاف) ঘুরিয়া যাওয়া; ঝুঁকিয়া পড়া; মোড় লওয়া; বিকৃত হওয়া; বাঁকা হওয়া।

~ عَنْ : সরিয়া যাওয়া, বিপথে যাওয়া।

~ إِلَى : ঘুরিয়া আসা।

إِحْتَرَفَ : পেশা হিসেবে গ্রহণ করা; পেশা গ্রহণ করা; নিপুণ হওয়া; কঠোর সাধনা করা।

حَرْف : পার্শ্ব, প্রান্ত, ধার; কিনারা, শীর্ষ (পর্বতের)। ব حِرَف

~ : বর্ণ, হরফ , অব্যয়, উপসর্গ বা প্রত্যয়, particle, পদ্ধতি। ব أَحْرُف، حُرُوف

حَرْف الإِسْتِفْهَام : প্রশ্নবোধক অব্যয়।

حَرْفُ الجَرِّ : সম্বন্ধসূচক বিভক্তি প্রকাশক অব্যয়, পদান্বয়ী অব্যয়, preposition.

~ حَلْقِيّ : কণ্ঠবর্ণ।

~ سَاقِط : উহ্য বর্ণ, লুপ্ত বর্ণ।

~ سَاكِن, حَرْف صَامِت : হরকতবিহীন বর্ণ।

~ شَمْسِيّ : শামসী হরফ; যে বর্ণের শুরুতে ال যুক্ত হলে ل উচ্চারিত হয় না এবং বর্ণটির দ্বিত্ব উচ্চারণ হয়। যথা– الشَّمْسُ।

~ صَحِيح : ব্যঞ্জনবর্ণ।

~ صَفِير : উষ্ম বর্ণ।

~ صَوْتِيّ, حَرْفٌ مُتَحَرِّك হরকতবিশিষ্ট বর্ণ।

~ مَطْبَعِيّ : ছাপার হরফ, টাইপ।

~ العَطْف : সংযোজক অব্যয়; Conjunction.

~ عِلَّة : স্বরবর্ণ।

~ القَسَم : শপথসূচক অব্যয়।

~ قَمَرِيّ : কামারী হরফ; যে বর্ণের শুরুতে ال যুক্ত হইলে ل উচ্চারিত হয়। যথা– القَمَر।

~ نِدَاء : সম্বোধক অব্যয়।

حَرْفِيّ : আক্ষরিক, অক্ষর সম্পর্কিত।

حَرْفِيًّا : আক্ষরিকভাবে, অক্ষরে অক্ষরে।

حُرْف : ফুলগাছবিশেষ, nasturtium, water-eress, সরিষা।

حِرْفَة : পেশা; ব্যবসা। ব حِرَف

حِرْفَة يَدَوِيَّة : হস্তশিল্প।

حُرْفَة : দুর্ভাগ্য।

حَرَافَة : তিক্ততা (স্বাদ)।

حَرِيف : খরিদ্দার; সহকর্মী; কারিগর; প্রতিপক্ষ। ব حُرَفَاء

حِرِّيف : তিক্ত (স্বাদ)।

إِنْحِرَاف : ঝোঁক; বিচ্যুতি, বিপথে গমন।

إِنْحِرَافُ المِزَاج : অনিচ্ছা, বিতৃষ্ণা।

إِحْتِرَاف : পেশাগ্রহণ।

تَحْرِيف : পরিবর্তন, বিকৃতকরণ, অপব্যাখ্যাদান।

تَحْرِيفِيَّة : সংশোধনবাদ।

مُحَرَّف : পরিবর্তিত; বিকৃত।

مِحْرَاف : ক্ষত পরীক্ষার শলাকা। ব مَحَارِيف

مُنْحَرِف : বক্র; বিকৃত; বিপথগামী।

مُنْحَرِفُ المِزَاج : অনীহ; নিস্পৃহ; অসুস্থ।



www.pathagar.com

مُحْتَرِف : পেশাদার; পেশাগত ব্যক্তি।

مُتَحَرِّف : আগ্রহী, উৎসাহী।

مُحْتَرَف : কর্মশালা, কারখানা।

حَرَقَ ـُ : (حَرْق) রেত দিয়া মসৃণ করা, ঘর্ষণ করা; গরম করা (রক্ত); দগ্ধ করা (সূর্যালোক)।

~ ـِ : (حَرْق) পোড়ানো, প্রজ্বলিত করা; পোড়া, জ্বলা, যন্ত্রণা অনুভব করা।

حَرِقَ ـَ : (حَرَق) পড়িয়া যাওয়া (চুল)।

حَرَّقَ : (تَحْرِيق) দগ্ধ করা, পোড়াইয়া দেওয়া, জ্বালাইয়া দেওয়া; কিড়মিড় করা (দাঁত)।

حَارَقَ : (حِرَاق) সহবাস করা।

أَحْرَقَ : (اِحْرَاق) জ্বালানো, পোড়ানো, আগুন লাগানো, আগুন লাগাইয়া ধ্বংস করা, দগ্ধ করা।

اِحْتَرَقَ، تَحَرَّقَ : (اِحْتِرَاق، تَحَرُّق) পুড়িয়া যাওয়া, জ্বলিয়া যাওয়া।

حَرْق : জ্বলন, প্রজ্বলন; প্রজ্বালন। ব حُرُوقٌ

حَرَق : আগুন, অগ্নিকাণ্ড; ধোপার আছড়ানির চিহ্ন (কাপড়ে)।

حُرْقَة، حَرْقَة : জ্বলন, ব্যথা, যন্ত্রণা; তীব্রতা।

حُرَّاق، حُرَاق : স্ফুলিঙ্গ হইতে আগুন জ্বালাইবার জন্য শুষ্ক দাহ্য পদার্থ, tinder; লোনাপানি।

حَرَّاق : জ্বলন্ত; উত্তপ্ত; তীব্র।

حَرَّاقَة : টর্পেডো, টর্পেডো নিক্ষেপ করিবার জাহাজ, যুদ্ধজাহাজ; বোমা; ফোস্‌কা। ব حَرَّاقَات

حَارُوقَة، حُرَّاقَة : ধারালো (তরবারি)।

الحَرْقُوَة : আলজিভের উপরিভাগ।

حَرِيقَة، حَرِيق : আগুন, অগ্নিকাণ্ড।

حَرِيقَة : দুধ ও ময়দামিশ্রিত ক্ষীরবিশেষ।

حَارِق : দহনকারী, অগ্নিসংযোগকারী।

إِحْتِرَاق : জ্বলন; অগ্নিকাণ্ড।

إِحْرَاق : দহনক্রিয়া, দাহন, দগ্ধকরণ, অগ্নিসংযোগ।

تَحَارِيق : অনাবৃষ্টি, খরা; শুকনা মৌসুম।

مَحْرَق : জ্যোতি-কেন্দ্র, ফোকাস, focus. ব مَحَارِق

مُحْرِق : দগ্ধকারী, দহনকারী।

مُحْرَق : দাহন-চুল্লি; শ্মশান; দগ্ধকৃত, দগ্ধীভূত।

مُحْرَقَة : আহুতি প্রদত্ত, আগুনে সম্পূর্ণ বিনাশ।

مَحْرُوق : দগ্ধ; তাম্রবর্ণ; দাহ্য।

~ : দাহ্যবস্তু, জ্বালানি। ব مَحْرُوقَات

حِرْقِد : জিহ্বা-মূল। ব حَرَاقِد

حَرْقَدَة : কণ্ঠমণি, Adams apple.

حَرْقَصَ : (حَرْقَصَة) ভাজা করা (গোশত); ক্রোধান্বিত করা, বিরক্ত করা।

حُرْقُوص : ভুনা গোশ্‌তের টুকরা; ডানাওয়ালা পোকা। ব حَرَاقِيص

حَرْقَفَة : নিতম্ব-হাড়ের অগ্রভাগ। ব حَرَاقِف

حَرَكَ ـُ : (حَرَكَة، حَرْك) নড়া, চলা, আন্দোলিত হওয়া।

حَرَكَ ـُ : (حَرْك) স্কন্ধে আঘাত করা (অশ্বের)।

حَرَّكَ : (تَحْرِيك) নাড়ানো; আন্দোলিত করা, চালানো (গাড়ি); চালনা করা (সৈন্য); আরম্ভ করা; উত্তেজিত করা, জাগ্রত করা, স্বরচিহ্নযুক্ত করা (ব্যা)।

~ عَلَى : উত্তেজিত করা।

حَرَّكَ الشَّهِيَّة : রুচিবর্ধন করা।

~ العَوَاطِفَ : অনুভূতি জাগ্রত করা।

~ مَشَاعِرَه : উত্তেজিত করা।

تَحَرَّكَ : নড়া; চলা; আন্দোলিত হওয়া; উত্তেজিত হওয়া; তাড়িত হওয়া; চালিত হওয়া; জাগ্রত হওয়া; যাত্রা করা।

حَرِك : প্রাণবন্ত, প্রফুল্ল, তৎপর, চঞ্চল।

حَرَكَة : আন্দোলন; গতি; তৎপরতা; অঙ্গভঙ্গি; উত্তেজনা; ব্যায়াম; উন্নতি; চলাচল, স্বরচিহ্ন।

حَرَكَةُ المُرُور : যানবাহন চলাচল।

~ المَرَاكِب : জাহাজ চলাচল।

~ البَضَائِع : পণ্যবিনিময়, পণ্যচলাচল।

~ سِيَاحِيَّة : পর্যটন ব্যবসায়; পর্যটকদের চলাচল, পর্যটন।



www.pathagar.com

حَرَكَةُ الأَمْوَال : ব্যবসায়ে নিয়োজিত অর্থ, (turnover), পুঁজি বিনিয়োগ।

الحَرَكَةُ النِّسْوِيَّةُ : নারী আন্দোলন।

ثَقِيلُ الحَرَكَةِ : মন্থরগতি, ঢিলা।

~ خَفِيف : তৎপর, দ্রুতগতি।

فِي حَرَكَاتِهِ وَسَكَنَاتِهِ : তাহার সকল কাজে, সকল পরিস্থিতিতে।

عِلْمُ الحَرَكَةِ المُجَرَّدَةِ : গতি বিজ্ঞান, kinematics.

العِلَاج بِالحَرَكَةِ : অঙ্গসঞ্চালনের সাহায্যে চিকিৎসা, (Kinesithei apy).

فِي الحَرَكَةِ بَرَكَةٌ : গতিতে বরকত; কর্মেই সাফল্য।

حَارِك : (অশ্বের) স্কন্ধের অগ্রভাগ।

الحَارِكَانِ : দুই স্কন্ধের মিলন স্থল।

حَرَاك : গতি, আন্দোলন।

حَرِيك : দুর্বল।

تَحْرِيك، تَحَرُّك : আন্দোলন, গতি; উদ্যোগ; যাত্রা।

مَحْرَك : ঘাড়ের উপর প্রান্ত; পথ, পন্থা, গতিপথ।

مُحَرِّك : জাগ্রতকারী; উত্তেজক; উদ্দীপ্তকারী।

~ : কারণ; অভিপ্রায়; চালিকাশক্তি, ইঞ্জিন, মোটর। ব مُحَرِّكَات

مُحَرِّك كَهْرَبَائِيّ : বৈদ্যুতিক মোটর।

~ نَفَّاث : জেট ইঞ্জিন।

~ الشَّهِيَّة : রুচিবর্ধক।

القُوَّةُ المُحَرِّكَةُ : চালিকাশক্তি।

مِحْرَاك : অগ্নি উসকাইবার শলাকা বা দণ্ড, poker; উত্তেজক, বিক্ষুব্ধকারী।

مُتَحَرِّك : গতিসম্পন্ন; চলমান, চলন্ত; অস্থাবর; স্বরচিহ্নযুক্ত (হরফ)।

صُوَر مُتَحَرِّكَة : চলচ্চিত্র।

حَرْكَشَ، حَرْكَثَ : উত্তেজিত করা, প্ররোচিত করা।

تَحَرْكَثَ : ~ ب অনধিকার চর্চা করা, অযথা হস্তক্ষেপ করা।

(حِرْمَان، حَرِمَة، حِرْم، حَرِيمَة، حَرِيم، حِرْمَة، حِرْم) : حَرَمَ – নিষেধ করা, বঞ্চিত করা; নিষিদ্ধ করা।

(حَرَام، حُرْمَة، حُرُم، حُرْم) حَرُمَ، (حَرَام، حَرَم) : حَرِمَ ~ عَلَى নিষিদ্ধ হওয়া, অবৈধ হওয়া, বঞ্চিত হওয়া।

حَرَّمَ : (تَحْرِيم) নিষিদ্ধ করা, অবৈধ ঘোষণা করা, সম্মানার্হ ঘোষণা করা।

أَحْرَمَ : (إِحْرَام) ইহরাম বাঁধা; হজ্জে গমন করা; পবিত্র মাসে প্রবেশ করা; পবিত্র ভূমিতে আশ্রয় প্রার্থনা করা; পবিত্র করা, নিষিদ্ধ করা।

تَحَرَّمَ : নিষিদ্ধ হওয়া, পবিত্র হওয়া, অলঙ্ঘনীয় হওয়া।

~ ب : আশ্রয় চাওয়া।

إِحْتَرَمَ : (إِحْتِرَام) সম্মান করা, শ্রদ্ধা করা।

إِسْتَحْرَمَ : (إِسْتِحْرَام) পবিত্র মনে করা; নিষিদ্ধ মনে করা।

حِرْم : নিষেধাজ্ঞা। ব حُرُوم

حَرَم : নিষিদ্ধ; পবিত্র; পবিত্র বস্তু; পবিত্র স্থান; হেরেম; স্ত্রী; মাযার। ব أَحْرَام

حَرَم جَامِعِيّ : বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণ, Campus.

الحَرَمَانِ : পবিত্র স্থানদ্বয়, মক্কা ও মদীনা।

ثَالِثُ الحَرَمَيْنِ : তৃতীয় পবিত্র ভূমি, বাইতুল মাকদিস।

حُرْمَة : নিষিদ্ধতা, পবিত্রতা; পবিত্র বস্তু, নিষিদ্ধ বস্তু; স্ত্রীলোক; স্ত্রী; শ্রদ্ধা, সম্মান; আশ্রয়। ব حُرُمَات، حُرَم

بِحُرْمَة : কল্যাণে, খাতিরে।

حَرَام : নিষিদ্ধ, অবৈধ, পবিত্র স্থান বা বস্তু, নিষিদ্ধবস্তু, অবৈধ বস্তু; অপরাধ, পাপ। ব حُرُم

إِبْنُ حَرَام : জারজ সন্তান, হারামজাদা।

~ شِقَّة : নিরপেক্ষ এলাকা।

البَيْتُ الحَرَام : কা'বা।



www.pathagar.com

الْمَسْجِدُ الْحَرَامُ : মক্কার চতুর্ভুজ বৃহৎ মসজিদ যাহার মধ্যস্থলে কা'বা অবস্থিত।

~ الْبَلَدُ : মক্কা শরীফ।

~ الشَّهْرُ : পবিত্র মাস, মুহাররম মাস।

الأشْهُرُ الْحُرُمُ : পবিত্র চারিমাস : রজব, যুল-কাদা, যুল-হিজ্জা ও মুহাররাম।

حِرَام : ইহরামের পোশাক। ব أَحْرِمَة، حِرَامَات

حَرَامِيّ : চোর, ডাকাত, দুষ্টলোক। ব حَرَامِيَّة

حِرْمَان : বঞ্চনা; বিড়ম্বনা; বিরতকরণ দারিদ্র্য।

حَرِيم : পবিত্র স্থান; অন্তঃপুর, হেরেম; মুসলিম ললনা; স্ত্রীলোক; স্ত্রী; নিষিদ্ধ; ইহরামের পোশাক। ব أَحْرَام، حُرُم

حَرِيمَة : হারিয়ে যাওয়া প্রত্যাশিত বস্তু।

إِحْرَام : হজ্জ সম্পাদনের নিয়ত, ইহরাম বন্ধন, ইহরামের পোশাক।

إِحْتِرَام : সম্মান, শ্রদ্ধা।

تَحْرِيم : নিষেধাজ্ঞা।

مَحْرَم : নিষিদ্ধ কাজ; অপরাধ, শ্রদ্ধাস্পদ বিষয়। ব مَحَارِم

مُحْرِم : ইহরামরত।

مُحَرَّم : নিষিদ্ধ, পবিত্র, আরবী প্রথম মাস, মুহাররাম।

مَحْرَمَة : পকেট-রুমাল, লজ্মন, নিষিদ্ধ বিষয়। ব مَحَارِم

مَحْرُوم : বঞ্চিত, দরিদ্র।

مُحْتَرَم : সম্মানিত, শ্রদ্ধেয়।

حَرْمَد : কালো ও দুর্গন্ধময় কাদামাটি।

حِرْمِس : নিষ্ফলা বৎসর। ব حَرَامِس

حَرْمَل : কালো দানাবিশিষ্ট মরুভূমির উদ্ভিদ বিশেষ; তিলের ন্যায় এক প্রকার দানা।

حَرْمَلَة : আস্তিনবিহীন ঢিলা জামা বা চাদর। ব حَرَامِل

حَرْمُون : (جَبَلُ الشَّيْخ) লেবাননের একটি পর্বত।

حَرَنَ، حَرُنَ : ـُ حَرَنَ، (حُرُون، حِرَان، حُرَان) একগুঁয়ে হওয়া, জেদী হওয়া, অগ্রসর হইতে না চাওয়া, গোঁরা (পশু); হঠাৎ আসিয়া যাওয়া, আঠার মত লাগিয়া থাকা।

حَرَنَ بِالْمَكَان : আঁকড়াইয়া থাকা।

حَرَنَ فِي الْبَيْع : ন্যায্য দামে বিক্রয় করা।

حُرُون، حُرَان : একগুঁয়েমি, গোঁ (অশ্বের)।

حَرُون، حَرْنَان : একগুঁয়ে (অশ্ব); জেদী, অনমনীয়। ব حُرُن

حَارُون : জ্বলন্ত আগুন রাখিবার পাত্র; brazier.

حَرَاة : অগ্নিঝলক; গাছের পাতার ঝরঝর শব্দ।

حَرْوَة : বুক জ্বালা, গলাজ্বালা, জ্বলন; ক্রোধ; তিক্তস্বাদ; দুর্গন্ধ।

حَرَاوَة : সরিষার ঝাঁঝ।

حَرَى : ـِ (حَرْي) : কমিয়া যাওয়া।

أَحْرَى : (إِحْرَاء) ক্ষয় করা (সময়)।

مَا أَحْرَاهُ بِهِ : সে ইহার কতই না যোগ্য।

تَحَرَّى : চাওয়া; পশ্চাদ্ধাবন করা; অন্বেষণ করা; পরীক্ষা করা; অনুসন্ধান করা; যত্ন লওয়া, মনোযোগ দেওয়া, পছন্দ করা, মনোনীত করা।

~ بِ : অবস্থান করা।

حَرًى : শব্দ, (পাখির) কিচিরমিচির ধ্বনি; বাড়ির সীমানা, হরিণের বিশ্রাম স্থান। ব أَحْرَاء

حَرِيّ : সুবিধাজনক, অনুকূল, যথাযথ, যথাযোগ্য। ব أَحْرِيَاء

حَرِيٌّ بِالذِّكْر : উল্লেখযোগ্য।

~ بِالتَّصْدِيق : বিশ্বাসযোগ্য।

حَرِيٌّ بِهِ : উহার জন্য সমীচীন।

أَحْرَى بِهِ : উহার জন্য অধিকতর সমীচীন।

بِالأَحْرَى، بِالْحَرِيّ : অধিকতর সমীচীনরূপে বা সংগত কারণে।

حِرَاء : হেরা পর্বত। ইহা কাবাগৃহের উত্তর-পূর্বে অবস্থিত। এখানে রাসূলুল্লাহ (স)-এর উপর সর্বপ্রথম ওহী নাযিল হয়।



www.pathagar.com

تَحَرِّي : অনুসন্ধান। ব تَحَرِّيَات

حَزَبَ ـُ : (حَزْب) আপতিত হওয়া, ঘটা; অধ্যায়ে অধ্যায়ে বিভক্ত করা (বই)।

حَزَّبَ : (تَحْزِيب) দল গঠন করা; লোক সমাগম করা।

حَازَبَ : (مُحَازَبَة) পক্ষাবলম্বন করা, দলভুক্ত হওয়া।

تَحَزَّبَ : দলভুক্ত হওয়া, দল গঠন করা; পক্ষাবলম্বন করা।

حِزْب : দল, সংঘ; ভাগ। ব أَحْزَاب

حِزْبِيّ : দলীয়, দল সম্পর্কিত।

حِزْبِيَّة : দলীয় কাজকর্ম; দলীয় মনোভাব; দলাদলি; পক্ষপাতিত্ব।

تَحَزُّب : দলীয় প্রবণতা; পক্ষপাতিত্ব।

مُتَحَزِّب : পক্ষপাতভুক্ত; পক্ষভুক্ত; সহচর।

حَيْزَبُون : বুড়ি (অবজ্ঞার্থে)।

حَزَرَ ـُ : (مَحْزَرَة، حَزْر) পরিমাপ করা; আন্দাজ করা, অনুমান করা; মোটামুটি হিসাব করা।

~ : (حُزُور) টক্ হওয়া (দুধ)।

مَحْزَرَة، حَزْر : আন্দাজ, অনুমান, মোটামুটি হিসাব, ভবিষ্যদ্বাণী।

حَزَرَة : শ্রেষ্ঠাংশ।

حَزُّورَة : হেঁয়ালি, ধাঁ ধাঁ, নিপীড়িত উষ্ট্রী।

حَزِيرَان : জুন মাস।

حَزَّ ـُ : (حَزّ) (حَزَّز، حَزَّزَ، إِحْتَزَّ، تَحْزِيز، إِحْتِزَاز) কর্তন করা, খাঁজ কাটা।

حَزّ : খাঁজ; কাটা স্থান; যথা সময়। ব حُزُوز

حَزَّة : খাঁজ; সময়; যথাসময়; সন্ধিক্ষণ, সংকটাবস্থা, দুঃখজনক অবস্থা; বুকজ্বালা।

حِزَّة : (তরমুজ) ইত্যাদির ফালি।

حَزَاز : মাথার খুসকি; ফুসকুড়ি; দাদ।

حَزَاز الصَّخْر : শৈবাল, শেওলা।

حَزَازَة : ঘৃণা, বৈরিতা, অন্তর্জ্বালা।

حَزَّاز : অম্লরোগ, হৃদযন্ত্রণা।

حَزِيز : কর্মঠ ও উদ্ধত লোক। ব حُزُز، أَحِزَّة، حُزَّان

مَحَزّ : খাঁজ, সঠিক স্থান।

مِحَزّ : খাঁজ কাটিবার ছুরি। ব مَحَازّ

حَزَأَ ـَ : (حَزْء) একত্রিত করিয়া তাড়াইয়া নেওয়া (পশু)।

حَزَقَ ـِ : (حَزْق) বাতকর্ম করা (গাধার); আঁটিয়া বাঁধা, সংকুচিত করা, দড়ি দিয়া বাঁধা; চাপ দেওয়া, পেষণ করা।

أَحْزَقَ : বাধা দেওয়া।

تَحَزَّقَ : সংকুচিত হওয়া।

حَزَاقَة، حَازِقَة، حِزْقَة، حِزْق : (মানুষের) দল, (পাখির) ঝাঁক।

حَزِيقَة : (মানুষের) দল। ব حُزُق، حَزِيق، حَزَائِق

مُتَحَزِّق، حُزُق : নাছোড়বান্দা, অনমনীয়।

حُزُقَّة : ক্রোধপ্রবণ।

حَزْقَة، حَزُوقَّة، حَزُوقَة، حَازُوقَة : হিক্কা।

مَحْزُوق : সরু, চাপা।

مَحْزُوقُ الْعُنُق : সরু গ্রীবা বিশিষ্ট কলসি; বদনা ইত্যাদি।

مَحَازِق : (আ) বল্টুর নাট, Nut of bolts.

حَزَمَ ـِ : (حَزْم) বাঁধা; আঁটি বাঁধা, গাঁটরি বাঁধা (দ্রব্যাদি); চামড়ার পেটি দ্বারা বাঁধা (পশু)।

~ ـَ : (حَزَم) বদ্ধ হওয়া, শ্বাসরুদ্ধ হওয়া।

حَزُمَ ـُ : (حُزُومَة، حَزَامَة، حَزْم) দৃঢ় সংকল্প হওয়া, অকুতোভয় হওয়া, আত্মপ্রত্যয়ী হওয়া।

حَزَّمَ : (تَحْزِيم) একত্রে বাঁধা।

أَحْزَمَ : চামড়ার পেটি দ্বারা বাঁধা (পশু)।

تَحَزَّمَ، إِحْتَزَمَ : (إِحْتِزَام) বদ্ধ হওয়া, নিজেকে বাঁধা, বেল্ট পরা।

إِحْزَوْزَمَ : সংগৃহীত হওয়া (দ্রব্যাদি); স্থূলোদর হওয়া, অসমান হওয়া (স্থান)।

حَزْم : বন্ধন; প্যাকিং, (Packing); বিচক্ষণতা; বিবেচনা।



www.pathagar.com

~ : حَزَامَة، حُزُومَة সিদ্ধান্ত, সংকল্প, উদ্যম।

حَزَم : গলার প্রতিবন্ধকতা।

حُزْمَة : আঁটি, গাঁটরি, বান্ডিল; গুচ্ছ; প্যাকেট, পার্সেল; আলোক রশ্মি। ব حُزَم

حِزَام : পেটি; ফিতা; বেল্ট; কটিবন্ধ। ব أَحْزِمَة، حُزُم

حِزَام الأَمَان، حِزَام الأَمْن : নিরাপত্তা বন্ধনী, Safety belt.

~ السَّرْج : জিনের পেটি, Saddle-girth.

~ شُعَاعِيّ : বিকিরণমণ্ডল।

~ الفَتْق : শল্যবন্ধনী, সার্জিক্যাল বেল্ট।

~ النَّجَاة : নিরাপত্তা বন্ধনী, লাইফ বেল্ট, Lifebelt.

مِشْبَكُ حِزَام : বেল্টের হুক, Belt clask.

حَازِم : দৃঢ়সংকল্প; উদ্যমশীল; বিচক্ষণ। ব حَزِيم، حُزَمَاء ব حَزَمَة

أَحْزَم : প্রশস্তবক্ষ, রুক্ষ মালভূমি।

حَيْزُوم : বক্ষ, বক্ষের মধ্যস্থল। ব حَيَازِم

حَيْزُومُ السَّفِينَة : জাহাজের অগ্রভাগ।

(إِحْزَان) أَحْزَنَ، (تَحْزِين) حَزَّنَ، (حُزْن) : ـُ حَزَنَ দুঃখ দেওয়া, দুঃখিত করা।

حَزِنَ : ـَ (حُزْن، حَزَن) ~ لِ দুঃখিত হওয়া, দুঃখ অনুভব করা।

~ عَلَى : শোক করা।

(احْتِزَان، احْزَان) : إِحْتَزَنَ، تَحَازَنَ، تَحَزَّنَ দুঃখিত হওয়া, দুঃখ করা।

حَزَن، حَزْن : দুঃখ; শোক। ব أَحْزَان

حَزْن : কঠোর অসমতল ভূমি। ব حُزُون

حَزِين، حَزِن : দুঃখিত, বিষণ্ন, শোকাকুল; শোক পালনরত। ব حَزْنَان، حَزَانَى، حِزَان، حُزَنَاء

الجُمْعَةُ الحَزِينَة : গুড ফ্রাইডে, Good Friday.

حَزَايِن : দুঃখজনক, বিষাদময়, শোক সম্বন্ধীয়; কাল।

قُمَاش حَزَايِنِيّ : শোকের পোশাক।

تَحَزُّن : দুঃখ, শোক।

مُحْزِن : দুঃখজনক, বিষাদময়, করুণ।

رِوَايَة مُحْزِنَة : বিয়োগান্ত কাহিনী, Tragedy.

مُحْزِن مُضْحِك : বিষাদময় হাস্যরসাত্মক, Tragi-comic.

مَحْزُون : দুঃখিত, ব্যথিত ব্যক্তি।

تَحَزِّى، (حَزْى) - حَزَى، (حَزْو) : ـُ حَزَا আন্দাজ করা, অনুমান করা, ধারণা করা।

أَحْزَى : উচ্চ হওয়া।

~ بِ : জানা।

(حُسْبَان، حِسَاب، حَسْب) : ـُ حَسَبَ হিসাব করা; গণনা করা; বিবেচনা করা; মনে করা; শ্রদ্ধা করা; বিবেচনার বিষয়ীভূত করা।

~ عَلَى : হিসাবের ঋণাত্মক দিক লেখা, To debit.

~ لِ : হিসাবের ধনাত্মক দিক লেখা, To credit with.

(مَحْسَبَة، حِسْبَان) : ـَ حَسِبَ মনে করা, ধারণা করা।

(حَسَابَة، حَسَب) : ـُ حَسُبَ সদ্বংশীয় হওয়া, অভিজাত হওয়া।

حَسَّبَ : (تَحْسِيب) পানাহার দিয়া তৃপ্ত করা; দাফন করা।

حَاسَبَ : (حِسَاب) হিসাব নিকাশ করা; সতর্ক হওয়া, মনোযোগ দেওয়া।

أَحْسَبَ : পিঙ্গলবর্ণ হওয়া (উট); পরিতৃপ্তি প্রকাশ করা।

تَحَسَّبَ : হিসাব নিকাশ করা; সতর্ক হওয়া; সাবধানতা অবলম্বন করা; জানিতে চাওয়া; অনুসন্ধান করা; বালিশে হেলান দেওয়া।

تَحَاسَبَ : পরস্পর হিসাব ঠিক করা।



www.pathagar.com

اِحْتَسَبَ : মনে করা, ধারণা করা, হিসাব করা; হিসাব লওয়া; হিসাবে গণ্য করা; সওয়াবের আশা করা।

~ ب : তৃপ্ত হওয়া।

~ عَلَى : অনুমোদন করা।

اِحْتَسَبَ وَلَدًا : সে একটি বয়স্ক পুত্র হারাইল।

حَسْب : হিসাব; চিন্তা, মত; বিশ্বাস, ধারণা; বিবেচনা; যথেষ্ট।

فَحَسْب : কেবল, যথেষ্ট।

حَسَب : পরিমাপ; পরিমাণ; মূল্য; শ্রদ্ধা; গুণ; উচ্চ বংশ; বংশ গৌরব। ব أَحْسَاب

حَسَبَمَا، عَلَى حَسَبِ، بِحَسَبِ : অনুযায়ী, অনুসারে, ভিত্তিতে।

حِسْبَة : অংক; হিসাব; পুরস্কার। ব حِسَب

حِسَاب : হিসাব; গণনা; পরিমাপ; বিবেচনা; কোষাগার চালানো, অর্থ-বিল, হিসাব-রক্ষণ; ব্যাংকের হিসাব, Bank account.

حِسَاب الْجُمَّل : অক্ষর দ্বারা গণনা।

~ الإِحْتِمَال : সম্ভাব্য হিসাব।

~ التَّفَاضُل : অন্তরকলন, Differential calculus.

~ التَّكَامُل : সমাকলন, integral Calculus.

~ المُثَلَّثَات : ত্রিকোণমিতি।

~ جَارٍ : চলতি হিসাব, Current account.

~ مَفْتُوح : উন্মুক্ত হিসাব, Open account.

الحِسَاب الشَّرْقِي : জুলিয়ান ক্যালেন্ডার।

~ الغَرْبِيّ : গ্রেগরিয়ান ক্যালেন্ডার।

عِلْمُ الحِسَاب : অংকশাস্ত্র।

يَوْمُ الحِسَاب : শেষ বিচারের দিন, কিয়ামতের দিন।

عَلَى حِسَاب : ব্যয়ে, খরচে।

دَفَعَ الحِسَابَ : হিসাব পরিশোধ করা।

~ سَدَّدَ : (تَسْوِيد) হিসাব ঠিক করা।

~ سَوَّى : (تَسْوِيَة) হিসাব মিলানো।

~ عَمَلَ : হিসাব পূর্ণ করা।

~ قَدَّمَ : (تَقْدِيم) হিসাব পেশ করা।

حِسَابِيَّات : অংকশাস্ত্র।

حَسِيب : সদ্বংশীয়, অভিজাত, মহৎ, সম্মানিত; যথেষ্ট। ব حُسَبَاء

حَاسِب : গণনাকারী, হিসাবকারী, হিসাবরক্ষক; অংকশাস্ত্রবিদ।

آلَة حَاسِبَة : গণনযন্ত্র, ক্যালকুলেটর।

حِسْبَان : গণনা, হিসাব, ধারণা, অনুমান।

حُسْبَان : হিসাব, গণনা; শাস্তি; ছোট তীর।

حُسْبَانَة : ক্ষুদ্র বালিশ; ক্ষুদ্র পিপীলিকা; বজ্র; মেঘ; শিলা।

أَحْسَب : পিঙ্গলবর্ণ উট; লাল চুল বিশিষ্ট (লোক); শ্বেতবর্ণ (চর্ম), শ্বেতকায় ও শ্বেতকেশ (লোক); কুষ্ঠরোগগ্রস্ত।

اِحْتِسَاب : গণনা, হিসাব, বিবেচনা, মূল্যায়ন; পরিতৃপ্তি, সংযম।

مَحْسُوب : হিসাবকৃত, গণনাকৃত; শান্ত; সংযত; পরিমিত (আচরণ)।

~ : প্রিয়পাত্র। ব مَحَاسِيب

مَحْسُوبِيَّة : প্রিয়তোষণ, পৃষ্ঠপোষকতা; অনুগ্রহ, আনুকূল্য।

مُحَاسِب : হিসাবরক্ষক, অডিটর।

مُحَاسَبَة : হিসাবরক্ষণ; হিসাবনিকাশ।

قِسْم المُحَاسَبَة : হিসাব বিভাগ।

~ دِيوَانُ অডিট অফিস।

~ ~ رَئِيس : সরকারি অডিটর জেনারেল।

حَسْحَسَ : হাতড়ানো; কয়লায় ভুনা করা (গোশত)।

~ لِ : করুণা করা, দয়া দেখানো।

مُحْتَسِب : কোষাধ্যক্ষ; তদন্তকারী; ওজন ও মাপ পরীক্ষাকারী।

حَسَدَ - ُ : (حَسَد) হিংসা করা, ঈর্ষা করা, ঈর্ষান্বিত হওয়া।

أَحْسَدَ : (إِحْسَاد) ঈর্ষান্বিত পাওয়া।



www.pathagar.com

تَحَاسَدَ : পরস্পর ঈর্ষা করা।

حَسَد : হিংসা, ঈর্ষা।

حَاسِد : হিংসুক, ঈর্ষান্বিত, হিংসাকারী, ঈর্ষাকারী। ব حُسَّد ব حُسُود، حَسَدَة، حُسَّاد

حَسَرَ - َ : (حُسُور) শ্রান্ত হওয়া (দৃষ্টি)।

~ : (حَسْر، حَسِرَ، حَسَر) শ্রান্ত হওয়া (উট)।

~ - ُ : (حَسْر) প্রকাশ করা; ছাল তোলা (গাছের); শ্রান্ত করা (উট); ঝাড়ু দেওয়া (ঘর); সরাইয়া দেওয়া (আবরণ)।

~ عَنْ : উন্মোচন করা।

~ - ُ : (حُسُور) অনাবৃত হওয়া; ক্ষীণ হওয়া, অস্পষ্ট হওয়া (দৃষ্টি)।

حَسِرَ - َ : (حَسَر، حَسْرَة، تَحَسُّرَ) ~ عَلَى দুঃখিত হওয়া, ব্যথিত হওয়া, দুঃখ করা, দুঃখ প্রকাশ করা।

حَسَّرَ : (تَحْسِير) যন্ত্রণা দেওয়া; দুঃখ দেওয়া, ব্যথা দেওয়া, শ্রান্ত করা, দুর্বল করা, ক্ষতিগ্রস্ত করা; অবজ্ঞা করা; সরাইয়া দেওয়া (আবরণ); পালক বদলানো (পাখি)।

~ عَنْ : অনাবৃত করা।

أَحْسَرَ : (إِحْسَار) শ্রান্ত করিয়া ফেলা (পশু)।

إِنْحَسَرَ : (اِنْحِسَار) প্রকাশিত হওয়া; দুঃখিত হওয়া; অপসারিত হওয়া; গুটাইয়া আসা; নামিয়া যাওয়া; প্রশমিত হওয়া; হঠাৎ অদৃশ্য হওয়া; অনাবৃত হওয়া।

~ عَنْ : অনাবৃত করা।

إِسْتَحْسَرَ : (اِسْتِحْسَار) শ্রান্ত হওয়া, ক্লান্ত হওয়া।

حَسَر : ক্লান্তি, দুর্বলতা।

حَسِر : দুঃখিত; ক্লান্ত ব্যক্তি।

حَسْرَة : দুঃখ, ব্যথা, পরিতাপ, আফসোস, মনঃকষ্ট। ব حَسَرَات

وَاحَسْرَتَاه، يَاحَسْرَتِى، يَالَلْحَسْرَة : হায়রে, হায় দুঃখ।

حُسُور : দৃষ্টিক্ষীণতা।

حَسِير : ক্লান্ত, দুর্বল; ক্ষীণদৃষ্টি (চক্ষু); দুঃখপূর্ণ। ব حَسْرَى

حَسِير الْبَصَر : ক্ষীণদৃষ্টি সম্পন্ন ব্যক্তি।

حَاسِر : শূন্য, অনাবৃত। ব حَوَاسِر

حَاسِرُ الْبَصَر : ক্ষীণদৃষ্টি, দুর্বল দৃষ্টিসম্পন্ন।

~ الرَّأْس : খালি মাথা।

حَسْرَان : দুঃখিত, দুঃখপূর্ণ।

تَحَسُّر : দুঃখ, পরিতাপ, আফসোস।

تَحْسِير : দুর্ভাগ্য, দুর্যোগ। ব تَحَاسِير

مَحْسِر : জানা বিষয়; মুখমণ্ডল; প্রকৃতি। ব مَحَاسِر

عَارِيَةُ الْمَحَاسِر : উদ্ভিদবিহীন (প্রান্তর)।

مُحَسِّر : মুযদালিফা ও মিনার মধ্যবর্তী উপত্যকা।

حَسَّ - ُ : (حَسّ) গাত্র মর্দন করা, গা আঁচড়াইয়া দেওয়া (ঘোড়ার); ধ্বংস করা; জবাই করা; জ্বলন্ত কয়লায় সেঁকা দেওয়া (গোশত)।

~ - ِ : (حَسّ) أَحَسَّ (إِحْسَاس) ~ بِ অনুভব করা, উপলব্ধি করা।

~ - َ : (حَسّ) নিশ্চিত হওয়া।

حَسَّ، ~ حَسِس : সহানুভূতি প্রদর্শন করা।

حَسَّسَ : (تَحْسِيس) অনুভব করানো, উপলব্ধি করানো; জাগ্রত করা; হস্তস্পর্শে অনুভব করা।

تَحَسَّسَ : ইন্দ্রিয় দ্বারা অনুভব করা; স্পর্শ করা, উপলব্ধি করা, অনুসন্ধান করা; উদ্ঘাটন করিতে চেষ্টা করা।

~ مِنْ : জানিতে চাওয়া (সংবাদ); অনুসন্ধান চালানো।

إِنْحَسَّ : (اِنْحِسَاس) উৎপাটিত হওয়া (দাঁত)।

حَسّ : অনুভূতি, উপলব্ধি; গাত্র মর্দন (ঘোড়ার)।

حِسّ : অনুভূতি, উপলব্ধি; মৃদু শব্দ; শব্দ; বেদনা।



www.pathagar.com

حِسّ مُتَبَلِّد : অনীহা, ঔদাসিন্য।

~ مُشْتَرَك : যৌথ উপলব্ধি।

حِسِّي : অনুভূতি সংক্রান্ত, বোধশক্তি সম্বন্ধীয়।

حَسِيس : মৃদু শব্দ।

حَسَّاس : অনুভূতিসম্পন্ন, অনুভূতিশীল, সংবেদনশীল।

حَسَّاسَة : জ্ঞানেন্দ্রিয়, অনুভব শক্তি।

نُقْطَة حَسَّاسَة : সংবেদনশীল ক্ষেত্র।

حَسَّاسِيّ : অনুভূতিকাতর, স্পর্শকাতর, allergic.

حَسَّاسِيَّة : সংবেদনশীলতা; ইন্দ্রিয় প্রবণতা।

حَاسَّة : জ্ঞানেন্দ্রিয়; পঙ্গপাল; বাতাস। ব حَوَاسّ

الحَوَاسّ الخَمْس : পঞ্চেন্দ্রিয়।

إِحْسَاس : অনুভূতি, উপলব্ধি।

مِحَسَّة : ঘোড়ার গা আঁচড়াইবার চিরুনি বিশেষ, ব্রাশ।

مُحَسّ، مَحْسُوس : অনুভূত, অনুভবযোগ্য, স্পর্শনীয়।

حَسَفَ - ِ : (حَسِيف، حَسْف) হিস্ হিস্ শব্দ করা (সাপ)।

~ : (حَسْف) চয়ন করা, বাছিয়া লওয়া (খেজুর); যত্ন লওয়া, পরিচর্যা করা; তুলিয়া ফেলা (মামড়ি)।

~ : (حُسَاف، حَسْف) কাটা (শস্য)।

حَسِفَ - َ : (حَسَف) ক্রোধান্বিত হওয়া।

حَسَّفَ : (تَحْسِيف) চয়ন করা, বাছিয়া লওয়া (খেজুর)।

أَحْسَفَ : (إِحْسَاف) গাদ-মিশ্রিত করা (খেজুর)।

تَحَسَّفَ : আঁচড়াইয়া যাওয়া (চামড়া), খসিয়া পড়া (চুল)।

إِنْحَسَفَ : চূর্ণ-বিচূর্ণ হওয়া।

حَسِيف، حَسْف : সাপের হিস্ হিস্ শব্দ।

حُسَافَة : পরিত্যক্ত খেজুর, খেজুরের কাইট; স্বল্প পানি; শত্রুতা, ক্রোধ।

حَسِيفَة : শত্রুতা, ক্রোধ। ব حَسَائِفُ

حَسِكَ - َ : (حَسَك) ~ عَلَى রাগান্বিত হওয়া; শত্রুতা করা।

حَسَّكَ : (تَحْسِيك) মাছের কাঁটা বিঁধিয়া শ্বাসরুদ্ধ হওয়া; অবশিষ্টাংশ জমা করা।

أَحْسَكَ : (إِحْسَاك) যব খাইতে দেওয়া (পশুকে)।

حَسَك : কাঁটা; পেরেক; মঞ্জরি, কাঁটা ফলযুক্ত উদ্ভিদ; ক্ষুদ্র নোঙর।

حَسَك السَّمَك : মাছের কাঁটা।

~ السُّنْبُلَة : শস্য মঞ্জরি।

~ النَّسَّاج : ওকড়া, Teasel bur.

حَسَك مَرِس : অপ্রতিদ্বন্দ্বী বীর।

حُسَاكَة، حَسَكَة : শত্রুতা, বিদ্বেষ।

حَسِيكَة : যব; শজারুজাতীয় প্রাণীবিশেষ; বিদ্বেষ, শত্রুতা। ব حَسَائِك

حِسْكِل : রাবিশ্; লৌহখণ্ড। ব حَسَاكِل

حَسَلَ - ُ : (حَسْل) তাড়াইয়া নেওয়া (পশু) উচ্ছিষ্ট ফেলিয়া দেওয়া।

~ مِنْ : আবর্জনা ফেলিয়া দেওয়া।

حُسِلَ بِ : ~ بِ তিরস্কৃত হওয়া।

حَسَّلَ : ~ بِ তিরস্কার করা, নিকৃষ্ট কাজ সংঘটন করা।

إِحْتَسَلَ، تَحَسَّلَ : গিরগিটি প্রভৃতি সরীসৃপ শিকার করা।

حِسْل : নবজাত টিকটিকি, গিরগিটি। ব حِسَلَة، حِسْلَان، أَحْسَال، حُسُول

أَبُو حُسَيْل، أَبُو حِسْل : টিকটিকি, গিরগিটি।

حُسَالَة : রৌপ্যগুঁড়া, আবর্জনা, ভুসি।

حَسِيل : বাছুর, ষাঁড়; আবর্জনা। ব حُسُل

حَسِيلَة : আবর্জনা; পরিত্যক্ত খেজুর।



www.pathagar.com

حَسَمَ - : (حَسْم) কর্তন করা, বিচ্ছিন্ন করা; সমাপ্ত করা; স্থির করা; মূল্যহ্রাস করা; বঞ্চিত করা।

إِنْحَسَمَ : (اِنْحِسَام) কর্তিত হওয়া, বিচ্ছিন্ন হওয়া, সমাপ্ত হওয়া, স্থিরীকৃত হওয়া।

حَسْم : কর্তন; সমাপ্তি; সিদ্ধান্ত; বন্ধুত্ব, রুদ্ধতা; মূল্যহ্রাস।

حُسَام : ধারালো তরবারি, তরবারির ধার; দীর্ঘ (রজনী)।

حُسُوم : মারাত্মক; তীব্র; দুঃসময়।

حَاسِم : চূড়ান্ত, নিশ্চিত।

حَسُنَ - ُ : (حُسْن) সুন্দর হওয়া, চমৎকার হওয়া, ভালো হওয়া; যথাযথ হওয়া; প্রীতিকর হওয়া, আনন্দঘন হওয়া।

حَسَّنَ : (تَحْسِين) সুন্দর করা, সজ্জিত করা; রূপমণ্ডিত করা; উন্নত করা; কেশবিন্যাস করা।

حَاسَنَ : (مُحَاسَنَة) সদয় ব্যবহার করা, সহৃদয় আচরণ করা।

أَحْسَنَ : (إِحْسَان) ভালো ব্যবহার করা, ভালো কাজ করা, সুন্দর করিয়া করা; দক্ষ হওয়া; দানশীল হওয়া।

~ بِ، إِلَى : দান করা।

تَحَسَّنَ : সুন্দর হওয়া; সুসজ্জিত হওয়া; উন্নত হওয়া।

إِسْتَحْسَنَ : ভালো মনে করা, সুন্দর মনে করা; সঠিক বিবেচনা করা, উৎকৃষ্ট মনে করা; অনুমোদন করা।

حُسْن : সৌন্দর্য, চমৎকারিত্ব, উৎকর্ষ। ব مَحَاسِنُ

حُسْن الإِبْتِدَاء : শুভ প্রারম্ভ।

~ الإِنْتِهَاء : শুভ উপসংহার।

~ الحَظّ : সৌভাগ্য।

~ السُّلُوك : ভালো আচরণ।

~ التَّصَرُّف : সুবিবেচনা, সদ্ব্যবহার।

~ الظَّنّ : ভালো ধারণা।

~ التَّعْبِير : সুভাষণ (অল)।

حُسْن النِّيَّة ،~ القَصْد সদিচ্ছা।

بِحُسْنِ نِيَّةٍ، بِحُسْنِ قَصْدٍ : সদিচ্ছায়, নেক নিয়তে।

حُسْن يُوسُف : ইউসুফ (আ)-এর সৌন্দর্য; সুন্দর দৃশ্যময় স্থান; সমুদ্রোপকূলের শেওলা বিশেষ।

حَسَن : সুন্দর, চমৎকার, মনোরম, উত্তম। ব حِسَان

حَسَنًا : সুন্দরভাবে, চমৎকারভাবে; উত্তমরূপে, বেশ চমৎকার।

حَسَنَة، حَسَنَات : ভালো কাজ; কল্যাণ; দান; আনুকূল্য; জন্মদাগ; তিল।

حَسْنَاء : সুন্দরী রমণী। ব حِسَان، حِسَنَة ব حَسَنَات

حُسْنَى : ভালো কাজ, শুভ সমাপ্তি, সুফল, কল্যাণ, বিজয়; বন্ধুত্বপূর্ণ আচরণ। ব حُسْنَيَات

بِالحُسْنَى : বন্ধুত্বপূর্ণভাবে, আপসে।

الأَسْمَاء الحُسْنَى : আল্লাহর গুণবাচক নামসমূহ।

الحُسْنَيَان : বিজয় ও শাহাদাত।

حُسَّان : অত্যন্ত সুন্দর। স্ত্রী حُسَّانَة

حَسُّون : সোনালি পালক; উজ্জ্বলবর্ণ গায়ক পাখি বিশেষ, Gold finch.

أَحْسَن : শ্রেষ্ঠতর; সুন্দরতম, মহোত্তম। ব أَحَاسِن

إِحْسَان : অনুগ্রহ, কল্যাণ, দান, পরোপকার।

إِسْتِحْسَان : অনুমোদন, সম্মতি, উৎকৃষ্ট বলিয়া বিবেচনা।

تَحَسُّن : উন্নয়ন, উন্নতি।

تَحْسِين : সুন্দরকরণ, উন্নতি সাধন, উন্নয়ন; সংশোধন, বিশোধন।

مُحْسِن : অনুগ্রহকারী; বদান্যতাকারী, দানশীল; পরোপকারী।



www.pathagar.com

مُحَسِّن : সৌন্দর্য সাধনকারী; রূপসজ্জাকারী; উন্নতি সাধনকারী; সংশোধনকারী।

مُحَسِّنَة : সৌন্দর্য উপকরণ, আকর্ষণ; সৎগুণ। ব مَحَاسِن

مُسْتَحْسَن : অনুমোদিত; উৎকৃষ্ট বলিয়া বিবেচিত; প্রশংসনীয়; মনোরম।

حَسَا ـُ : (حَسْو) تَحَسَّى، إِحْتَسَى (احْتِسَاء) চুমুক দেওয়া, অল্প অল্প করিয়া পান করা, চুক্ চুক্ করিয়া পান করা।

حَسَّى (تَحْسِيَة) أَحْسَى (احْسَاء) حَاسَى (مُحَاسَاة) : চুমুক দিতে দেওয়া, চুমুক দেওয়ানো।

حَسْو، حَسُوّ، حَسَاء : সুরুয়া, সুপ।

حَسَاءُ الْبَصَل : পেঁয়াজের সুপ।

~ الطَّمَاطِم : টমেটোর সুপ।

~ العَدَس : ডালের সুপ।

~ اللَّحْم : গোশ্‌তের সুপ।

حَسْوَة : চুমুক, ঢোক।

حُسْوَة : ঢোক, চুমুক; সুরুয়া, সুপ। ব أَحْسُوَة، أَحْسِيَة

حَسَى ـِ : (حَسْي) বালুকাময় ভূমি খনন করা।

حَسَى : পরীক্ষায় ফেলা।

إِحْتَسَى : (احْتِسَاء) বালুকাময় ভূমি খনন করা; পরীক্ষায় ফেলা।

حِسْي، حَسْي : বালুকাময় কর্দমাক্ত ভূমি। ব أَحْسَاء

حَشّ ـُ : (حَشّ) শুকাইয়া যাওয়া (উপত্যকা); দ্রুত চলা (ঘোড়া); কাস্তে ইত্যাদি দ্বারা কাটা (ঘাস); ঘাস খাইতে দেওয়া; প্রজ্বলিত করা, (আগুন), উসকাইয়া দেওয়া (আগুন, যুদ্ধ)।

حَشَّشَ : (تَحْشِيش) গাঁজা খাওয়া, হাশীশ সেবন করা।

أَحَشّ : (احْشَاش) শুকাইয়া যাওয়া, কৃশ হইয়া যাওয়া (হাত); ঘাসবহুল হওয়া (ভূমি); ঘাস সংগ্রহে সাহায্য করা।

إِسْتَحَشّ : তৃষ্ণার্ত হওয়া; দীর্ঘ হওয়া (শাখা); কৃশ হওয়া (হাত)।

حَشّ : কাস্তে ইত্যাদি দ্বারা কর্তন করা।

حَشِيش، حَشِيشَة : ভঙ্গুর ঘাস, তৃণলতা, শুকনা ঘাস, খড়কুটা; এক প্রকার মাদক দ্রব্য, ভাং, গাঁজা। ব حَشَائِش

حَشِيشَةُ الأَسَد : এক জাতীয় সরিষার গাছ, Orobanche.

~ الأَفْعَى : এক প্রকার ঘাস, goose-grass.

~ البَحْر : এক প্রকার শৈবাল, lichen.

~ البزَّاز : লাপছানা, Nipple-wort.

~ التَّخْدِير : ভাং, গাঁজা, মারিজুয়ানা।

~ الثُّمِّيَّة : বেষ্টনীগুল্ম বিশেষ, Hedge-garlic.

~ الحَجَل : লিলি গোত্রীয় উদ্ভিদ বিশেষ, Liliaceous plant.

~ الحَلِيب : গ্লোসিয়াম, Hom-poppy.

~ المَحْمُودَة : এক জাতীয় উদ্ভিদ, Scammony plant.

~ الحَمْرَاء : বিষকাঁটালি, Belladonna.

~ الدينار : লতাগাছ বিশেষ, Hop.

~ الزُّوفي : উগ্রগন্ধী উদ্ভিদ বিশেষ, Hyssop.

حَشِيشَةُ القِطَّ، ~ الهِرّ : ঔষধি গুল্ম বিশেষ, Valerian

حِشّ، حُشّ : ফলের বাগান। ব حُشُوش

حُشّ، حَشِيش : মৃত অবস্থায় জাত, মৃত প্রসূত।

حُشَاش، حُشَاشَة : শেষ নিঃশ্বাস, জীবনের শেষ ঝলক, ওষ্ঠাগত প্রাণ।

حَشَّاش : ঘাস বিক্রেতা; গাঁজাখোর, গাঁজাসক্ত ব্যক্তি।



www.pathagar.com

مَحَشّ : ঘাসবহুল স্থান।

مِحَشَّة، مِحَشّ : ঘাস কাটিবার যন্ত্র, কাস্তে; আগুন খোঁচাইবার দণ্ড। ব مَحَاشّ

مَحْشَشَة، مَحْشَش : গাঁজার আড্ডা, গাঁজার দোকান। ব مَحَاشّ

حَشَأَ - َ : (حَشْأً) প্রজ্বলিত করা (আগুন); কশাঘাত করা; পেটে আঘাত করা।

مِحْشَأ، مِحْشَاء : কোমরবন্ধ। ব مَحَاشِيّ

أَحْشَبَ : উত্তেজিত করা, রাগাইয়া দেওয়া।

إِحْتَشَبَ : সমবেত হওয়া (লোক)।

حَوْشَب : খরগোশ; বাছুর; পুরুষ খেঁকশিয়াল; স্থূলোদর; মানুষের দল।

تَحَشْحَشَ، حَشْحَشَ : আন্দোলিত হওয়া।

حَشَدَ - ُ : (حَشْد) সীমিত হওয়া, সমাবেশ করা (সৈন্য); জমা করা, একত্রিত করা, দলবদ্ধ করা; মুকুলিত হওয়া (গুল্ম)।

~ لِ : অংশ লওয়া; পক্ষাবলম্বন করা।

~ : (حُشُود) উদ্ধার করিতে ঝাঁপাইয়া পড়া।

حَشَّدَ : (تَحْشِيد) সমাবেশ করা (সৈন্য), জমা করা, জড়ো করা।

إِحْتَشَدَ، تَحَشَّدَ : (إِحْتِشَاد) সংঘবদ্ধ হওয়া (সৈন্য), একত্রিত হওয়া, জড়ো হওয়া।

إِحْتَشَدَ : ~ لِ ডাকে সাড়া দেওয়া; সচেষ্ট হওয়া, উদ্যোগী হওয়া।

حَشْد، حَشَد : সমাবেশ, ভিড়; জনতা। ব حُشُود

حَشِد، حَاشِد : বিস্তর, বহুসংখ্যক, প্রচুর।

تَحَشُّد، إِحْتِشَاد : ভিড়, সমাবেশ।

حَشَرَ - ُ : (حَشْر) জমা করা, সমবেত করা (লোক); জোর করিয়া ঢুকানো; নির্বাসিত করা, বিতাড়িত করা; ধ্বংস করা।

حَشَرَ أنفه : ~ فِى সে অনধিকার হস্তক্ষেপ করিল, নাক গলাইল।

حَشَرَ نَفْسَهُ بَيْنَ النَّاسِ : সে ভিড় ঠেলিয়া অগ্রসর হইল।

حُشِرَ : স্থূলদেহী হওয়া; মরিয়া যাওয়া (বন্য জন্তু)।

تَحَشَّرَ : ~ فِى অনধিকার প্রবেশ করা; হস্তক্ষেপ করা।

حَشْر : সমাবেশ, ভিড়, চাপ। ব حُشُور

حَشْر : (الرمح، الاذن) সরু (কান); ধারালো (বর্শা)।

يَوْمُ الحَشْرِ : পুনরুত্থান-দিবস, কিয়ামতের দিন।

حَشَرَة : কীট-পতঙ্গ, পোকামাকড়; ছারপোকা। ব حَشَر، حَشَرَات

عِلْمُ الحَشَرَات : কীট-বিদ্যা, Entomology.

حِشْرِيّ، حِشْرِيّ : অনধিকার চর্চাকারী; অনধিকার প্রবেশকারী; অনুসন্ধিৎসু, কৌতূহলী।

حُشْرِيَّة : কৌতূহল, অনুসন্ধিৎসা।

حَاشِر : কর সংগ্রহকারী, খাজনা আদায়কারী, গোমস্তা। ব حُشَّار

مَحْشَر : সমাবেশস্থল, ভিড়, শেষ পরিণতিকাল। ব مَحَاشِر

تَحَشْرَجَ، حَشْرَجَ : কণ্ঠনালীতে শ্বাস আবর্তন করা, ঘড় ঘড় শব্দ করা (মৃত্যুকালে); কর্কশ চিৎকার করা (গাধার)।

حَشْرَج : ক্ষুদ্র মগ; কুজা, ক্ষুদ্র কলসি, পানি আটক থাকে এমন গর্ত।

حَشْرَجَةُ المَوْت : মৃত্যুকাতর ঘড় ঘড় শব্দ।

حَشَفَ : (حشف) কোন বস্তু শুকিয়ে চুপসে যাওয়া।

حَشَّفَ : (تَحْشِيف) চক্ষু মিটমিট করা, চোখ টেপা।



www.pathagar.com

أَحْشَفَ : (إِحْشَاف) খারাপ খেজুর ধারণ করা (খেজুর গাছ); সংকুচিত হওয়া (পশুর স্তন)।

تَحَشَّفَ : জীর্ণ বস্ত্র পরিধান করা; আগোছাল পোশাক পরা; পড়িয়া যাওয়া (চুল)।

حَشَف : নিকৃষ্ট খেজুর।

حَشَفَة : পুরুষাংগের অগ্রভাগ, লিঙ্গমুণ্ড।

حَشِيف : জীর্ণ পোশাক। ব حُشُفٌ

مُتَحَشِّف : জীর্ণ বস্ত্র পরিহিত; আগোছাল পোশাক পরিহিত ব্যক্তি।

مُتَحَشِّفَة : নোংরা স্ত্রীলোক।

حَشَكَ ـِ - : (حَشْك) পরিপূর্ণ হওয়া (পশুর স্তন); ফলে ভরিয়া যাওয়া (গাছ); পানিপূর্ণ হওয়া (মেঘ); ভিড় করা (জনতা); গতি পরিবর্তন করা (বাতাস); তীব্র হওয়া ও কমিয়া যাওয়া (বাতাস); ঠাসিয়া ভরা।

حَشِكَ ـَ : (حَشَك) যব খাওয়া (ঘোড়া); স্তনে জমা হওয়া (দুধ)।

حَشَّكَ : (تشيك) ঠাসিয়া ভরা।

أَحْشَكَ : (إِحْشَاك) যব খাইতে দেওয়া (ঘোড়াকে)।

تَحَشَّكَ : দুগ্ধে ভরিয়া ওঠা (স্তন)।

حَشْكَة : বৃষ্টিপাত, মুষলধারে বৃষ্টি।

حَشَكَة : বহুসংখ্যক সৈন্য। ব حَشَكٌ

حَشِيكَة : যব।

حَاشِك : দুগ্ধপূর্ণ স্তন; ফলে ভরা গাছ; ক্রমাগত; নিরবচ্ছিন্ন, অবিরত বিষয় বা বস্তু।

حَاشِكَة : বিভিন্ন দিক হইতে প্রবাহিত বাতাস, ঘূর্ণিবায়ু। ব حَوَاشِك

حِشَاك، حِشَاكَة : ছাগ-শিশুকে স্তন্য পান হইতে বিরত রাখিবার মুখবন্ধনী, ঠুসি।

حَوْشَكَة : গৃহ, কোলাহল,

حَشَلَ ـُ : (حَشْل) গালি দেওয়া, তুচ্ছ তাচ্ছিল্য করা

حَشَمَ ـِ - : (حَشْم) লজ্জিত করা বা হওয়া; ক্রোধান্বিত করা; চাওয়া, সঙ্কুচিত হওয়া।

حَشِمَ ـَ : (حَشَم) ক্ষিপ্ত হওয়া, ক্রুদ্ধ হওয়া।

حَشَّمَ، أَحْشَمَ : (تَحْشِيم، إِحْشَام) লজ্জিত করা; ক্রুদ্ধ করা; অনিষ্ট করা।

تَحَشَّمَ، إِحْتَشَمَ : (تَحَشُّم، إِحْتِشَام) ~ (عَنْ، مِنْ) লজ্জাবোধ করা, লজ্জিত হওয়া, বিনম্র হওয়া, লাজুক হওয়া; বিরত হওয়া; ক্রুদ্ধ হওয়া প্রশংসার্হ্য পন্থা অবলম্বন করা, গুরুত্ব প্রদান করা।

حَشَم، حِشْمَة، حَشَمَة : ভৃত্য; অনুচরবর্গ, পারিষদবর্গ, পরিবার।

حِشْمَة، إِحْتِشَام، تَحَشُّم : লজ্জা, লাজুকতা; বিনম্রতা; আত্মসংযম; শিষ্টাচার, শালীনতা।

حَشِيم : বিনম্র, লাজুক; শিষ্ট, শালীন; প্রতিবেশী; অতিথি। ব حُشَمَاء

مَحَاشِم : জননেন্দ্রিয়, যৌন-প্রত্যঙ্গ।

مُحْتَشِم : লাজুক, বিনম্র; শিষ্ট, শালীন।

حَشِنَ ـَ : (حَشَن) দুর্গন্ধময় হওয়া (পানির মশক) ঘৃণিত হওয়া।

أَحْشَنَ : দুর্গন্ধময় চামড়ার মশক ব্যবহার করা।

حَاشَنَ : (مُحَاشَنَة) গালি দেওয়া, মন্দ বলা, পরস্পর ঘৃণা করা।

تَحَشَّنَ : (تَحَشُّن) সম্পদ আহরণ করা, ময়লাযুক্ত হওয়া।

حَشَن : ময়লা, অপরিচ্ছন্নতা।

حِشْنَة : ঘৃণা, ঈর্ষা, হিংসা।

حَشَا ـُ : (حَشْو) পূর্ণ করা; বোঝাই করা; প্রবিষ্ট করা; অস্ত্রে আঘাত করা।

حَشَا السِّلَاحَ النَّارِيَّ : গুলি ভরা (আগ্নেয়াস্ত্রে)।

حشا الدَّجَاجَةَ : মসলাদি দ্বারা পূর্ণ করা (মুরগি রান্নার জন্য)।

~ السِّنَّ : ফিলিং করা (দাঁত)।

حَشِيَ ـَ : (حَشًى) হাঁপানিতে ভোগা।



www.pathagar.com

حَشَّى : (تَحْشِيَة) সন্নিবেশিত করা, প্রবিষ্ট করা; মার্জিন রাখা, পার্শ্বটীকা লেখা (পুস্তক ইত্যাদিতে); পাড় রাখা (কাপড়ে)।

حَشَّى بَيْنَ الأَسْطُر : একাধিক ছত্রের মাঝে মাঝে লেখা।

تَحَاشَى، حَاشَى : বাদ দেওয়া।

تَحَشَّى : বর্জন করা, পরিহার করা।

عَنْ، مِنْ ~ تَحَاشَى : বাদ দেওয়া; দূরে থাকা, বিরত থাকা; পরিহার করা, এড়াইয়া চলা; সতর্ক হওয়া।

إِحْتَشَى : (اِحْتِشَاء) পরিপূর্ণ হওয়া, ভরিয়া যাওয়া।

حَشًى، حَشًا : নাড়িভুঁড়ি, অন্ত্র; অভ্যন্তরভাগ; গর্ভ। ব أَحْشَاء

حَشْو : প্রবিষ্ট বস্তু, সন্নিবেশিত বস্তু; প্রক্ষেপ, অতিরিক্তাংশ; বোঝাই, ভরাট; মসলাদি (খাদ্যের); ফিলিং (দাঁতের); আত্মা।

حَشْوَة : প্রবিষ্ট বস্তু, ভরাট, বোঝাই, মসলাদি (খাদ্যের); ফিলিং (দাঁতের); কপাটের প্যানেল।

حُشْوَة : নাড়িভুঁড়ি; পেট; ঝোপ, জঙ্গল।

حَشًى : হাঁপানি।

حَشِيَّة : তোশক, বালিশ, গদি, জিন। ব حَشَايَا

حَاشَا : ব্যতীত।

حَاشَاكَ أَنْ تَفْعَلَه : তোমার ইহা করা উচিত নহে।

لِلّٰه ~ : আল্লাহ না করুন।

حَاشِيَة : প্রান্ত, পার্শ্ব, কিনারা; পাড়; মার্জিন; পাদটীকা; পার্শ্বটীকা; পরিশিষ্ট; অনুচরবর্গ, পারিষদবর্গ, চাকর বাকর। ব حَوَاشٍ

حَاشِيَة القُمَاش، حَاشِيَة الثَّوْبِ : কাপড়ের পাড়।

الكِتَاب ~ : মার্জিন, গ্রন্থ পৃষ্ঠার পার্শ্ব লেখনি।

فِى خِطَاب ~ : পুনশ্চ, ক্রোড়পত্র, স্বাক্ষর করিবার পর যে অংশ লেখা হয়, Post Script.

النَّسَب ~ : বংশীয়, গোত্রীয় গুণাবলি।

المَال ~ : বাড়তি সম্পদ।

مَحْشِىّ، مَحْشُوّ : পরিপূর্ণ; বোঝাইকৃত; গুলি ভর্তি (আগ্নেয়াস্ত্র)।

مُحَشًّى : টীকাযুক্ত (বই)।

المُحَشَّاة : মলনালী, গুহ্যদ্বার।

حَصَّ ـُ (حَصّ) : অংশ ভাগে পড়া, অংশ লওয়া; (চুল) কামানো; ধ্বংস করা।

حَصَّصَ : (تَحْصِيص) পরিষ্কার হওয়া, সুস্পষ্ট হওয়া, ভাগ ভাগ করা।

حَاصَّ : অংশগ্রহণ করা, ভাগাভাগি করা।

أَحَصَّ : (إِحْصَاص) অংশ বরাদ্দ করা, বিভিন্ন অংশে ভাগ করা, অংশ নির্ধারণ করা।

تَحَصَّصَ : পশম পড়িয়া যাওয়া (পশুর)।

تَحَاصَّ : (تَحَاصص) অংশীদারদের পরস্পর ভাগ করিয়া লওয়া।

إِنْحَصَّ : (اِنْحِصَاص) পড়িয়া যাওয়া (চুল, পাতা); কর্তিত হওয়া (লেজ)।

حُصّ : জাফরান; কুমকুম, মুক্তা, রক্তিম ঘাস। ব حُصُوص، أَحْصَاص

حَصَص : চুলের স্বল্পতা (মাথায়)।

حِصَّة : অংশ, ভাগ; টুকরা; কিয়ৎকাল; সময়ের নির্ধারিত ভগ্নাংশ; পিরিয়ড। ব حِصَص

حِصَّة فى الرِّبْح، حِصَّة مَالِيَّة : লভ্যাংশ।

دِرَاسِيَّة ~ : ক্লাসের সময়, পিরিয়ড।

نِسْبِيَّة ~ : সমানুপাতিক অংশ, কোটা।

نِظَامُ الحِصَص : কোটা পদ্ধতি।

حُصَاص : দ্রুত চলন (গাধার)।

حُصَاصَة : অবশিষ্ট; আঙুর গুচ্ছ।

حَاصَّة : চুল-পড়া রোগ।



www.pathagar.com

أَحَصّ : বিরল কেশ (মাথার); অশুভ (মানুষ), স্বল্প পালক (পাখির); মেঘবিহীন ও ঠাণ্ডা (দিন)। স্ত্রী حَصَّاء ব حُصّ

تَخْصِيص : যথাংশ পদ্ধতি (Quota systam).

مُحَاصَّة : অংশবন্টন; অংশগ্রহণ।

شَرِكَة مُحَاصَّة : যৌথ উদ্যোগ (ব্যবসায়)।

حَصَا، حَصِيَ : ـَ (حَصًا) পেট ভরিয়া দুগ্ধ চুষিয়া খাওয়া (শিশু); লোভের সহিত আহার কিংবা পান করা (উট)।

~ مِنْ : তৃষ্ণানিবৃত্ত হওয়া।

أَحْصَا : তৃষ্ণা নিবারণ করা।

حَصَبَ : ـُ (حَصْب) কংকর নিক্ষেপ করা।

حَصَّبَ : (تَحْصِيب) নুড়ি দ্বারা আচ্ছাদিত করা (ভূমি); খোয়া বিছানো (রাস্তায়)।

حَصِبَ : ـَ (حَصَب)، حَصِبَ، حُصِّبَ শিশু হামগ্রস্ত হওয়া, হামে আক্রান্ত হওয়া।

أَحْصَبَ : (إِحْصَاب) দৌড়ানোর সময়ে কংকর ছিটানো (ঘোড়া)।

تَحَصَّبَ : দেশের উদ্দেশ্যে উড্ডয়ন শুরু করা (কবুতর)।

تَحَاصَبَ : পরস্পরের প্রতি কংকর ছোড়া।

حَصَب : প্রস্তর খণ্ড; রাস্তার খোয়া; জ্বালানি, জ্বালানি কাঠ।

حَصِب، مَحْصَب : প্রস্তরময়।

حَصْبَة، حَصَبَة : হাম।

حُمَّى حَصْبِيَّة : হামজ্বর।

حَصْبَاء : কংকর, নুড়ি, পাথর কুচি, খোয়া।

حَاصِب : নুড়ি বিক্ষিপ্তকারী ঝড়ো হাওয়া, শিলা বর্ষণকারী মেঘ; বহুসংখ্যক জনগোষ্ঠী। ব حَوَاصِب

حَاصِبَة : ঝড়, ঘূর্ণিবাত্যা।

مُحَصَّب : মক্কা হইতে মিনার পথে আল বাত্‌হা নামক স্থানের অপর নাম। মিনায় কংকর নিক্ষেপের স্থান।

مَحْصُوب : হামজ্বরে আক্রান্ত শিশু।

حَصْحَصَ : (حَصْحَصَة) পরিষ্কার হওয়া, স্পষ্ট হওয়া, প্রকাশিত হওয়া (সত্য), থামিয়া থামিয়া হাঁটা, খোঁড়াইয়া হাঁটা।

تَحَصْحَصَ : মাটিতে গাড়িয়া যাওয়া।

حَصْحَاص : ধূলি; দ্রুত চলন।

حَصَدَ : ـُ (حَصَاد، حَصْد) কাটা, কাটিয়া আনা (ফসল); সংগ্রহ করা (শস্য); তরবারি দ্বারা বধ করা।

حَصِدَ : ـَ (حَصَد) শক্তভাবে প্রস্তুত হওয়া (দড়ি)।

أَحْصَدَ : (إِحْصَاد) পাকা (ফসলাদি), কাটার সময় হওয়া।

إِحْتَصَدَ : (إِحْتِصَاد) কাটিয়া আনা, পরিপক্ক হওয়া (ফসল)।

إِسْتَحْصَدَ : (إِسْتِحْصَاد) পরিপক্ক হওয়া (ফসল); দল গঠন করা; দৃঢ়ভাবে প্রস্তুত হওয়া (দড়ি); ক্রুদ্ধ হওয়া।

حَصْد : ফসল কাটা, শস্য সংগ্রহ।

حَصَاد : ফসল কাটা, শস্য সংগ্রহ; ফসল কাটার মৌসুম।

حَصَد، حَصِيد، حَصِيدَة : শস্য; সংগৃহীত ফসল। ব حَصَائِد

حَصَائِد الألْسِنَة : কুৎসামূলক কথাবার্তা, নিন্দাসূচক ভাষা, ধ্বংসাত্মক ভাষা।

حَاصِد، حَصَّاد : ফসল কর্তনকারী, শস্য সংগ্রহকারী।

حَاصِدَة، حَصَّادَة، مِحْصَدَة : ফসল কিংবা ঘাস কাটিবার যন্ত্র।

مِحْصَد : কাস্তে। ব مَحَاصِد

مُحْصَد، مُسْتَحْصِد পাকা ফল বা ফসল।

مُحْصَد، مَحْصُود কর্তিত, সংগৃহীত (ফসল)।



www.pathagar.com

حَصَرَ ـُ : (حَصْر) ঘিরিয়া রাখা, বেষ্টন করা; আটকাইয়া রাখা, আবদ্ধ করা, অবরোধ করা; সীমাবদ্ধ করা; কমাইয়া আনা; বন্ধনীর মধ্যে রাখা (শব্দ ইত্যাদি); অসুবিধায় ফেলা; সীমিত করা, অন্তর্ভুক্ত করা, জড়িত করা; জিন-সজ্জিত করা (উট)।

~ حَصِرَ ـَ : (حَصَر) সংকটাপন্ন হওয়া, উভয় সংকটে পড়া; ক্লান্ত হওয়া; তোত্‌লাইয়া কথা বলা; ব্যয়কুণ্ঠ হওয়া।

~ بِ : লুকাইয়া রাখা (গোপন কথা)।

حُصِرَ، أُحْصِرَ : কোষ্ঠবদ্ধ হওয়া (ব্যক্তি), অবরুদ্ধ হওয়া।

حَاصَرَ : (مُحَاصَرَة، حِصَار) বেষ্টন করা, অবরোধ করা, প্রতিবন্ধকতা সৃষ্টি করা; অবরুদ্ধ করিয়া রাখা; কোণঠাসা করা।

أَحْصَرَ : (إِحْصَار) বাধা দেওয়া

إِنْحَصَرَ : (اِنْحِصَار) আবদ্ধ হওয়া, সীমিত হওয়া, সংকুচিত হওয়া, সংকটাপন্ন হওয়া, বিরক্ত হওয়া, অবরুদ্ধ হওয়া; কেন্দ্রীভূত হওয়া; নিহিত থাকা।

إِحْتَصَرَ : (اِحْتِصَار) জিন বাঁধা (উটে)।

حَصْر : বেষ্টন, আটক, অবরোধ, বন্ধন; সীমিতকরণ, সীমাবদ্ধতা, বন্ধনী, সংকট; নির্যাতন, বিধিনিষেধ, সংগ্রহ, তালিকাভুক্তি; গণনা, কেন্দ্রীভূতকরণ, অক্ষমতা।

بِالحَصْر : সঠিকভাবে বলিতে।

عَلَى سَبِيلِ الحَصْر : সামগ্রিকভাবে।

حَصْرُ البَوْل : মূত্রবদ্ধতা।

عَلَامَةُ الحَصْر : বন্ধনী।

حَصْرُ التَّمْوِيل : রেশনিং Rationing.

لَا حَصْرَ لَهُ : অসীম, অনির্দিষ্ট, অসংখ্য।

فَوقَ الحَصْر : পরিমাপের ঊর্ধ্বে।

حُصْر : মূত্রবদ্ধতা, কোষ্ঠবদ্ধতা।

حَصَر : সংকট; তোত্‌লামি; অর্থলিপ্সা।

مِحْصَرَة : জিন।

حِصَار مُحَاصَرَة : বেষ্টন, অবরোধ।

رَفَع الحِصَارَ : অবরোধ তুলিয়া লওয়া।

حَصَّار : মাদুর প্রস্তুতকারী।

حَصُور : বিচক্ষণ, সূক্ষ্মদর্শী।

حَصِير : সংকটাপন্ন; তোত্‌লা, অর্থলিপ্সু।

~ : বন্দি; জেলখানা; ভূপৃষ্ঠ; দেহের পার্শ্বদেশ; রাস্তা, মানুষের সারি। ব أَحْصِرَة، حُصْر

حَصِيرَة : মাদুর, চাটাই। ব حَصَائِر

إِنْحِصَار : সীমাবদ্ধতা, বাধ্যবাধকতা।

مُحَاصِر، مَحْصُور : অবরুদ্ধ; বেষ্টিত, সীমিত, সীমাবদ্ধ, শর্তাধীন, সংকীর্ণ, সংকটাপন্ন।

حَصْرَمَ : শক্ত করিয়া পাকানো (দড়ি); শক্ত করিয়া বাঁধা; পরিপূর্ণ করা (মশক); কাটা (লিখিবার কলম)।

تَحَصْرَمَ : কৃপণ হওয়া; নোংরা হওয়া; টক হওয়া (আঙুর)।

حُصْرُم، حِصْرِم : কাঁচা ও টক আঙুর; কাঁচা ফল; কাঁচা ফলের রস; কৃপণ।

حَصُفَ ـُ : (حَصَافَة) সুবিবেচক হওয়া, অভিজ্ঞ হওয়া, বিচক্ষণ হওয়া, দূরদর্শী হওয়া।

حَصِفَ ـَ : (حَصَف) খোস-পাঁচড়াগ্রস্ত হওয়া।

حَصَفَ ـُ : (حَصْف)، أَحْصَفَ (اِحْصَاف) সরাইয়া দেওয়া; ঘন করিয়া বুনা (কাপড়); শক্ত করিয়া পাকানো (দড়ি)।

أَحْصَفَ : দ্রুত দৌড়ানো।

إِسْتَحْصَفَ : মজবুতভাবে তৈয়ার হওয়া (কাপড়, দড়ি ইত্যাদি)।

حَصَف : খোস-পাঁচড়াজাতীয় চর্মরোগ বিশেষ; ঘামাচি।

حَصِيف، حَصِف : সুবিবেচক, অভিজ্ঞ, বিচক্ষণ, দূরদর্শী; চতুর।

حَصَافَة : সুবিবেচনা, বিচক্ষণতা, দূরদর্শিতা।



www.pathagar.com

مِحْصَاف، مِحْصَف، مُحْصِف : দ্রুত ধাবনকারী।

حَصَلَ ـُ : (حُصُول) হওয়া, থাকা; ঘটা; উৎপন্ন হওয়া, উদ্ভূত হওয়া, প্রাপ্ত হওয়া।

~ لِ : আপতিত হওয়া; ঘটিয়া যাওয়া; অর্জিত হওয়া।

~ عَلَى : লাভ করা, অর্জন করা, জয় করা (পুরস্কার), অধিকারভুক্ত করা, সংগ্রহ করা (সম্পদ); আদায় করা (ঋণ); চাহিয়া পাঠানো (টাকা); গ্রহণ করা।

~ مِنْ : উদ্ভূত হওয়া, উৎপন্ন হওয়া।

اَلَّذِى يَحْصُلُ يَحْصُلُ : যাহা ঘটিবার ঘটুক।

حَصَّلَ : (تَحْصِيل) লাভ করা, অর্জন করা; ঘটান; সিদ্ধান্ত করা; আদায় করা (ঋণ); সংগহ করা (সম্পদ); চাহিয়া পাঠানো (টাকা), সংক্ষেপ করা; সংক্ষেপে পুনরাবৃত্তি করা (কথা), স্মৃতিচারণ করা।

تَحَصَّلَ : উদ্ভূত হওয়া, অর্জিত হওয়া, আদায় হওয়া, সংগৃহীত হওয়া।

~ عَلَى : লাভ করা, অর্জন করা, পাওয়া, আদায় করা।

إِسْتَحْصَلَ : (اِسْتِحْصَال) আদায় করা।

~ عَلَى : লাভ করা, অর্জন করা।

حُصَالَة : চিটা, শস্যশূন্য খোলা (গমের)।

حُصَّالَة النُّقُود، حُصَّالَة : টাকার বাক্স, ক্যাশ-বাক্স।

حُصُول : অর্জন, লাভ; সংঘটন।

حَصِيلَة : মোটা অংক; ফল, ফসল, উৎপন্নদ্রব্য, অর্জিত বস্তু; আদায়কৃত টাকা; অবশিষ্টাংশ। ব حَصَائِل

حَصِيلَةُ المَال : উৎপন্নদ্রব্য, প্রাপ্তি; আয়।

حَاصِل : অর্জিত; সংঘটিত; ফল, মোটফল; উৎপন্নদ্রব্য, অর্জিত বস্তু; আয়, প্রাপ্ত সম্পদ; শস্য; গুদাম; সারমর্ম; বন্দিশালা। ব حَوَاصِل

الحَاصِل : মোট অংক; সংক্ষেপে, এক কথায়।

حَاصِلُ الجَمْع : যোগফল।

~ الضَّرْب : গুণফল।

~ الكَلَام : মোটকথা, ফলকথা, সারকথা।

تَحْصِيل : অর্জন, লাভ, আদায়, সংগ্রহ; আয়; রাজস্ব; সারমর্ম; সাফল্য।

تَحْصِيلْدَار : (তু) তহশীলদার, রাজস্ব আদায়কারী।

مَحْصَل : ফল, পরিণাম, ফলাফল।

تَحْصِيلِىّ، مُحَصِّل : আদায়কারী, কর আদায়কারী; কোষাধ্যক্ষ; কন্ডাক্টর (বাসের)।

مُحَصَّل عَلَيْه : অর্জিত, প্রাপ্ত।

مَحْصُول : ফল, পরিণাম, ফলাফল; উৎপন্ন দ্রব্য, শস্য, উৎপাদন; আয়, মাশুল, সারকথা। ব مَحْصُولَات، مَحَاصِيل

حَصَمَ ـِ : (حَصْم) ~ بِ বাতকর্ম করা (ঘোড়ার)।

إِنْحَصَمَ : ভাঙ্গিয়া যাওয়া (কাঠ)।

حَصَنَ، حَصُنَ ـُ : (حَصَانَة) সুরক্ষিত হওয়া (স্থান), অগম্য হওয়া; সুদৃঢ় হওয়া; সতী হওয়া (নারী)।

حَصَّنَ : (تَحْصِين) সুরক্ষিত করা, অগম্য করা; সুদৃঢ় করা।

~ ضِدَّ : অনাক্রমণীয় করা।

أَحْصَنَ : (إِحْصَان) সুরক্ষিত করা; অগম্য করা; সতী হওয়া, সতী থাকা (নারী); বিবাহ করা, বিবাহ দেওয়া।

تَحَصَّنَ : সুরক্ষিত হওয়া; নিরাপদ হওয়া; সতী হওয়া (নারী)।

حِصْن : দুর্গ; অস্ত্রশস্ত্র; সুরক্ষণ, নিরাপত্তা; নূতন চন্দ্র। ব حُصُون

حَصَان : সতী নারী; বৈধ স্ত্রী; মুক্তা। ব حَصَانَات، حُصُن

حِصَان : ঘোটক, ঘোড়া। ব أَحْصِنَة، حُصُن

حِصَانُ البَحْر : সিন্ধু ঘোটক।



www.pathagar.com

الاجْرِ ~ : ভাড়াটিয়া ঘোড়া।

الحَمْلِ ~ : ভারবাহী অশ্ব।

الرُّكُوب ~ : আরোহণের অশ্ব।

السِّبَاق ~ : বাজি ধরার ঘোড়া।

العَرَبَة ~ : গাড়িটানা ঘোড়া।

أصِيل ~ : ভালো জাতের ঘোড়া।

قُوَّة حِصَان : অশ্ব-শক্তি, horse-power.

حَصْنَاء، حَاصِنَة، حَاصِن : সতী-সধবা নারী; বৈধ স্ত্রী। ব حَاصِنَات، حَوَاصِن

حَصَانَة : সুরক্ষণ, নিরাপত্তা; শক্তি, সুদৃঢ়তা; অগম্যতা, সতীত্ব; অনাক্রম্যতা, অসংক্রমণতা; বাধ্যবাধ্যকতা হইতে মুক্ত।

إحْصَان : নির্দোষিতা, সাধুতা; সতীত্ব; বিবাহ বন্ধন।

تَحَصُّن : সুরক্ষণ, নিরাপত্তা।

تَحْصِين : সুদৃঢ়করণ; সুরক্ষণ; প্রতিরক্ষা; অনাক্রম্যকরণ।

خط التَّحْصِين : প্রতিরক্ষা-রেখা।

مِحْصَن : ঝুড়ি; তালা। ব مَحَاصِن

مُحَصَّن : সুরক্ষিত, সুদৃঢ়; অনাক্রমণীয়।

مُحْصَنَة : সতী নারী।

مُحَصَّنَة : বিবাহিতা মহিলা।

حَصَا ـُ : (حَصْو) বাধা দেওয়া।

حَصَى ـِ : (حَصْي) কংকর দ্বারা আঘাত করা, পাথর নিক্ষেপ করা।

حَصِيَ ـَ : (حَصًا) নুড়িবহুল হওয়া, প্রস্তরময় হওয়া (স্থান)।

حُصِيَ : মূত্রাশয়ে পাথরগ্রস্ত হওয়া, পাথুরি রোগগ্রস্ত হওয়া।

حَصَّى : (تَحْصِيَة) সুরক্ষা করা।

أحْصَى : গণনা করা, হিসাব করা।

غَيْر مُحْصًى، لا يُحْصَى : অগণিত, অসংখ্য।

تَحَصَّى : প্রহরায় থাকা।

حَصًى : ক্ষুদ্র পাথর, নুড়ি, কংকর, সংখ্যা। ব حَصًى، حُصِيّ

حَصَاة، حَصْوَة : প্রস্তরখণ্ড, নুড়ি, কংকর, পাথুরি রোগ, দূরদর্শিতা। ব حَصَيَات، حَصَوَات

حَصَاة بَوْلِيَّة : মূত্রপাথুরি।

صَفْرَاوِيَّة ~ : পিত্ত-পাথুরি, gall-stone.

حَصِيّ : অত্যন্ত দূরদর্শী।

حَصَى لُبَان : সুগন্ধ চিরসবুজ গুল্মবিশেষ, rose mary.

حَصَوِيّ : প্রস্তরময়, নুড়িবহুল।

إحْصَاء : গণনা, হিসাব; পরিসংখ্যান।

إحْصَاءُ النُّفُوس : আদমশুমারি।

إحْصَائِي : পরিসংখ্যান-সংক্রান্ত; পরিসংখ্যানবিদ।

إحْصَائِيَّة : পরিসংখ্যান।

حَضَّ ـُ : (حَضّ) حَضَّضَ، (تَحْضِيض) উত্তেজিত করা, উসকাইয়া দেওয়া, প্ররোচিত করা।

تَحَاضَّ، حضاض : একে অপরকে উত্তেজিত করা।

حَضّ : উত্তেজনা, প্ররোচনা, উসকানি।

حَضِيض : পাহাড়ের পাদদেশ; নিম্নভূমি; তলদেশ, গভীরতা; অবনতি; রসাতল; পৃথিবীর সবচেয়ে নিকটবর্তী চন্দ্রকক্ষ; অনুভূতিক। ব أحِضَّة، حُضُض

حَضَا ـُ : (حَضْا) প্রজ্বলিত হওয়া (আগুন)।

أحْضَا، إحْتَضَا ~ : প্রজ্বলিত করা (আগুন)।

مِحْضَاء، مِحْضَا : অগ্নি উসকাইবার দণ্ড।

حَضَبَ ـِ : (حَضْب) লাকড়ি দেওয়া (উনুনে)।

تَحَضَّبَ : স্বল্প দূরত্বের অসমতল পথ লওয়া।

حِضْب : ধনুকের ছিলার টংকার ধ্বনি; পার্শ্বদেশ পাহাড়ের পাদদেশ; বড় সাপ। ব أحْضَاب

مِحْضَب : অগ্নি উসকাইবার দণ্ড, জ্বলন্ত কাষ্ঠখণ্ড, হিটার।

حَضَجَ ـُ : (حَضْج) লাগানো (আগুন); ভূপাতিত করা; বোঝা নামানো (উটের); উসকান (আগুন)।



www.pathagar.com

إِنْحَضَعَ : ক্রোধে উত্তেজিত হওয়া।

مِحْضَعٌ : আগুন উসকাইবার দণ্ড।

حَضَرَ ـُ : (حُضُور) উপস্থিত হওয়া, হাজির হওয়া; পৌঁছা, আসা; অংশগ্রহণ করা, যোগদান করা; মনে উদয় হওয়া।

~ : (حَضَارَة) স্থায়ী বাসিন্দা হওয়া।

حَضَرَةُ الْمَوْتِ : মুমূর্ষু হওয়া, মরণাপন্ন হওয়া।

حَضَّرَ : (تَحْضِير) হাজির করা; আনয়ন করা; প্রস্তুত করা; সরবরাহ করা; স্থায়ী করা; ভদ্র করা, আধুনিকীকরণ করা।

حَاضَرَ : (مُحَاضَرَة) বক্তৃতা দেওয়া, বক্তব্য উপস্থাপন করা, স্বচক্ষে দেখা; প্রতিযোগিতা করা, পরস্পর সাক্ষাৎ করা।

أَحْضَرَ : হাজির করা; আনয়ন করা; প্রস্তুত করা, সরবরাহ করা; দৌড়ানো (অশ্ব)।

تَحَضَّرَ : (احضار) হাজির হওয়া; প্রস্তুত হওয়া; ভদ্র হওয়া; সংস্কৃতিমান হওয়া, নগরবাসী হওয়া।

إِحْتَضَرَ : হাজির হওয়া, প্রস্তুত হওয়া; উপস্থিত থাকা, নগরে বসবাস গ্রহণ করা।

أُحْتُضِرَ : মৃত্যুর দ্বারপ্রান্তে উপনীত হওয়া।

إِسْتَحْضَرَ : (إِسْتِحْضَار) হাজির করা; আনয়ন করা; প্রস্তুত করা; ডাকিয়া পাঠানো, স্মরণ করা; সঙ্গে আনা।

حَضَر : সভ্যতা, শিষ্টাচার; উন্নত অঞ্চল, সভ্য এলাকা; উপস্থিতি; শহর এলাকা।

حَضَرِيّ : স্থায়ী বাসিন্দা; নগরবাসী; সভ্য নাগরিক; পৌরবাসী।

حَضْرَة : উপস্থিতি; নিকটত্ব; মহামান্য, সমীপে।

حَضَارَة : সভ্যতা; সংস্কৃতি, শিষ্টাচার; উন্নত রীতি; স্থায়ীভাবে বসবাস, নগরবাস।

حَضَار : হাজির কর।

حَضَارِيّ : সভ্যতা-সংক্রান্ত, সাংস্কৃতিক।

حُضُور : উপস্থিতি, আগমন, অংশগ্রহণ।

حُضُورُ الذِّهْنِ : উপস্থিতবুদ্ধি।

وَرَقَةُ حُضُور : আদালতে হাজির হইবার আদেশপত্র, সমন।

حَضِيرَة : ৬ হইতে ১২ জনের ক্ষুদ্র দল; সেকশন; অগ্রগামী সৈন্য; খেজুর শুকাইবার উঠান। ব حَضَائِر، حَضِيْر

حَاضِر : উপস্থিত; বর্তমান; প্রস্তুত; স্থায়ী-বাসিন্দা, নগরবাসী; উন্নত অঞ্চল। ব حُضَّار، حَضَرَة، حُضُور، حُضَّر

حَاضِرُ الذِّهْنِ، حَاضِرُ الْفِكْرِ : উপস্থিত বুদ্ধিসম্পন্ন, তৎপর।

فِي الْوَقْتِ الْحَاضِرِ، فِي الْحَاضِرِ : বর্তমানে, এখনে।

نَقْدٌ حَاضِر : নগদ টাকা।

بِالْحَاضِرِ : নগদে।

حَاضِرَة : রাজধানী শহর, প্রধান নগর। ব حَوَاضِر

إِحْضَار : উপস্থাপনা, আনয়ন, সরবরাহ।

إِحْتِضَار : মৃত্যুক্ষণ।

إِسْتِحْضَار : আনয়ন; তলব, হাজিরকরণ; উৎপাদন, প্রস্তুত করণ; প্রস্তুতি।

إِسْتِحْضَارَات : ভেষজবিদ্যা।

تَحْضِير : প্রস্তুতকরণ; প্রস্তুতি; উপস্থাপনা।

تَحْضِيرِيّ : প্রস্তুতিমূলক, প্রাথমিক।

مَحْضَر : উপস্থিতি, আগমন।

~ : সভা, সমাবেশ; রিপোর্ট; নথিপত্র, লিখিত দলিল। ব مَحَاضِر

مُحْضِر الْمَحْكَمَة : আদালতের পেয়াদা, শেরিফের আর্দালী।

مُحَضِّر : প্রস্তুতকারক, উপস্থাপক; শবব্যবচ্ছেদকারী।

مُحَضَّر : প্রস্তুত; উপস্থাপিত।

مُحَاضِر : বক্তা, লেকচারার, প্রভাষক।

مُحَاضَرَة : বক্তৃতা, ভাষণ।

مُحْتَضِر : মৃত্যুর দ্বারপ্রান্তে উপনীত, মুমূর্ষু ব্যক্তি।



www.pathagar.com

مُتَحَضِّر : সভ্য, উন্নত।

مِحْضِير : ক্ষিপ্রগতি (ঘোড়া)। ব مَحَاضِير

حَضْرَمَ : অস্পষ্টভাবে বলা, বিকৃত করা (কথা); ছাল তোলা (গাছের); মিশ্রিত করা।

حَضْرَمَوْت : এডেন বন্দরের অনতিদূরে দক্ষিণ আরবের একটি শহর, হাযরামাউত।

حَضَنَ ـُ : (حَضْن، حِضَانَة) إِحْتَضَنَ জড়াইয়া ধরা, কোলাকুলি করা, আলিঙ্গন করা; বুকে আশ্রয় দেওয়া, লালন পালন করা (শিশু)।

~ ـُ : (حُضُون، حِضَان، حِضَانَة، حَضْن) ডিমে তা দেওয়া (পাখি)।

أَحْضَنَ : (اِحْضَان) অবজ্ঞা করা; অন্যায় আচরণ করা, অধিকার বঞ্চিত করা।

تَحَاضَنَ : পরস্পর আলিঙ্গন করা, একে অপরকে জড়াইয়া থাকা।

حِضْن : বক্ষ; পার্শ্বদেশ পাহাড়ের পাদদেশ, পশু-পাখির আশ্রয়স্থল। ব أَحْضَان، حُضُون

حُضْنَة : শাবকদল; আলিঙ্গন।

حِضَانَة : লালন-পালন, অভিভাবকত্ব, তত্ত্বাবধান; তা দেওয়া (ডিম ইত্যাদি)।

حَاضِنَة، حَاضِن : ডিমে তা দানকারিণী, শিশু পালনকারিণী, নার্স। ব حَوَاضِن

حَضِين : আলিঙ্গনাবদ্ধ।

مِحْضَن : শিশু আশ্রম। ব مَحَاضِن

إِحْتِضَان : আলিঙ্গন।

مُحْتَضِن : আলিঙ্গনকারী; স্নেহশীল।

حَضَا ـُ : (حَضْو) উসকাইয়া দেওয়া (আগুন)।

حَطَّ ـُ : (حَطّ) নামা, অবতরণ করা (পাখি, উড়োজাহাজ), নামিয়া যাওয়া, কমিয়া যাওয়া (দাম); রাখা, স্থাপন করা; নামানো (বোঝা); কমানো (দাম)।

حَطَّ الرِّحَالَ : চলার গতি থামানো, যাত্রাবিরতি করা, শিবির স্থাপন করা।

حَطَّ من شَرَفه ,حَطَّ مِنْ قَدْرِه : পদমর্যাদা হ্রাস করা, অসম্মান করা।

~ مِنْ قِيمَتِه : মূল্য কমানো।

حَطَّطَ : (تحطيط) : নামাইয়া রাখা (বোঝা)।

أَحَطَّ، إِحْتَطَّ : (إِحْتِطَاط، احطاط) নামাইয়া রাখা, নামাইয়া আনা।

إِنْحَطَّ : (اِنْحِطَاط) উপর হইতে নিচে নামা; নামিয়া যাওয়া; কমিয়া যাওয়া (দাম), পতন হওয়া (স্বাস্থ্য); অবতরণ করা (পাখি, উড়োজাহাজ)।

إِسْتَحَطَّ : (اِسْتِحْطَاط) নামাইতে বলা; কমাইতে বলা, রাখিয়া দিতে বলা।

حَطّ : নিচে স্থাপন; অবতরণ; হ্রাসকরণ।

حِطَّة : অব্যাহতি, উপশম, লাঘব; অসম্মান, অপমান, অমর্যাদা।

حَطَاط : দুধের ফেনা; বিষফোড়াযুক্ত মুখমণ্ডল।

حُطَاط : তীব্র দুর্গন্ধ।

حَطُوط : দ্রুতগামী (উষ্ট্রী), জলপ্রপাত।

حُطَائِط، حَطِيط : খাটো, খর্ব।

حَطِيطَة : মূল্যহ্রাস, বাট্টা, discount.

أَحَطّ : নিম্নতর, নিকৃষ্টতর।

إِنْحِطَاط : অবনতি; অবক্ষয়, পতন; হ্রাস, নিম্নতা।

إِحْسَاسُ الإِنْحِطَاط : হীনতাবোধ, হীনম্মন্যতা।

مَحَطَّة، مَحَطّ : থামিবার স্থান, স্টেশন; বিরতি স্থান বা কাল। ব مَحَاطّ

مَحَطّ الآمَال : আশাস্থল, ভরসাস্থল।

~ الأَنْظَار : আকর্ষণ-কেন্দ্র; ধ্রুবতারা।

~ الكَلَام : কথার মর্ম।

~ النَغَم : সঙ্গীতের শেষ সুর।

مَحَطَّةُ الإِذَاعَة : সম্প্রচার-কেন্দ্র, বেতার-কেন্দ্র।

~ الإِشَارَات : সিগন্যাল পোস্ট, Signal post.



www.pathagar.com

الإِرْسَال ~ : প্রেরণ-কেন্দ্র, Broadcasting station.

الإِسْتِقْبَال ~ : অভ্যর্থনা-কেন্দ্র; গ্রহণকেন্দ্র; receiving station.

أَرْضِيَّة ~ : ভূ-কেন্দ্র, ground station.

بُحُوث ~ : গবেষণা কেন্দ্র।

تَجَارِب ~ : পরীক্ষা-নিরীক্ষার কেন্দ্র, experimental station.

تَحْوِيل التَّيَّار ~ : তড়িৎ প্রবাহের ভল্টেজ কমাইবার কেন্দ্র, transformer station.

رَئِيسِيَّة ~ : প্রধান স্টেশন (রেলওয়ে)।

مَحَطَّةُ القِطَار ,~ سِكَّة الحَدِيد : রেলস্টেশন।

ضَخّ ~ : পাম্পস্টেশন, pump station.

طَيَرَان ~ : বিমান বন্দর।

فَضَاء ~ : মহাশূন্যকেন্দ্র, space station.

مَحَطَّة تَوْلِيد الكَهْرَبَاء ,~ كَهْرَبَائِيَّة : বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র।

مَحَطَّة بَنْزِين ,~ وَقُود : গ্যাসকেন্দ্র।

مِحَطَّة، مِحَطّ : ঘষিয়া পরিষ্কার করিবার যন্ত্র।

مُنْحَطّ : নিম্ন, নীচ, হীন, নিকৃষ্ট।

حَطَأَ - َ : (حَطْأ) ভূমিসাৎ করা; ফিরাইয়া আনা; পিঠে চাপড় মারা।

~ بِزَبَدِهَا : ফেনা উদ্গিরণ করা (ফুটন্ত পাত্র)।

حُطَيْئَة : হীন; কুৎসিত; ক্ষুদ্রকায়; আব্স গোত্রের একজন আরব কবি।

حَطَبَ - َ : (حَطْب) জ্বালানি কাঠ সংগ্রহ করা, জ্বালানি কাঠ আনিয়া দেওয়া; ছাঁটিয়া দেওয়া (দ্রাক্ষালতা), শিকড় ধুইয়া ফেলা (বৃষ্টি); প্রচুর পরিমাণে জ্বালানি কাঠ থাকা।

~ ب : কুৎসা করা।

حَطَبَ فِي حَبْلِه : সাহায্য করা, পৃষ্ঠপোষকতা করা।

أَحْطَبَ : প্রচুর পরিমাণে জ্বালানি কাঠ থাকা।

إِحْتَطَبَ : (احْتِطَاب) জ্বালানি কাঠ সংগ্রহ করা।

حَطَبٌ : জ্বালানি কাঠ; কুৎসা। ব أَحْطَاب

حَطَّاب، حَاطِب : কাঠুরিয়া, লাকড়িওয়ালা। ব حُطَّابٌ، حَطَّابَةٌ

أَحْطَب، حَطِب : অত্যন্ত কৃশ।

حَطِيب : প্রচুর জ্বালানি কাঠ আছে এমন, জায়গা বা ব্যক্তি জ্বালানি কাঠবহুল।

مِحْطَب : ছাঁটিবার ছুরি, কাঁচি।

حَطَرَ - ُ : (حَطْر) ছিলা বাঁধা (ধনুকে)।

حَطَمَ - : (حَطْم)، حَطَّمَ (تَحْطِيم) চূর্ণ-বিচূর্ণ করা, ভাঙ্গিয়া টুকরা টুকরা করা।

حَطِمَ - َ : (حَطَم) বয়সের ভারে ভাঙ্গিয়া পড়া।

حَطَّمَ : (تحطيم) ভঙ্গ করা (রেকর্ড)।

اِنْحَطَمَ، تَحَطَّمَ : (انحطام) ভাঙ্গিয়া যাওয়া, চূর্ণ-বিচূর্ণ হওয়া, ধ্বংসপ্রাপ্ত হওয়া (জাহাজ)।

حِطْمَة : ভাঙা টুকরা। ব حِطَم

حَطْمَة، حُطْمَة : নিষ্ফলা বৎসর, সংকট।

حُطَم : অতিভোজী; চূর্ণ-বিচূর্ণকারী।

حُطَام : ভাঙ্গা টুকরা; ভগ্নাবশেষ, ধ্বংসাবশেষ; বিধ্বস্ত জাহাজ।

حُطَامُ الدُّنْيَا : পৃথিবীর বাজে বস্তু সামগ্রী।

السَّفِينَة ~ : জাহাজের ধ্বংসাবশেষ।

حَطُوم : সিংহ।

حَطِيم : চূর্ণ-বিচূর্ণ; ধ্বংসপ্রাপ্ত; حطيم الكعبة ইবরাহীম (আ) নির্মিত কা'বার কিয়দংশ কুরাইশদের পুনর্নির্মাণকালে উপকরণের অভাবে বাদ রহিয়া যায়। তখন উক্ত অংশটি পৃথক প্রাচীর দ্বারা ঘিরিয়া রাখা হয়। ইহাই হাতীম।

مُحَطِّمَة، حَاطِمَة : বরফ বিদীর্ণকারী, উপকরণ, Ice breaker.

حَاطُوم : আকালের বৎসর; সুপাচ্য খাদ্য।

حَطَا - ُ : (حَطْو) আন্দোলিত করা।

حَطًّ : বড় উকুন।

حَظَّ - َ : (حَظّ)، حُظٌّ ভাগ্যবান হওয়া।



www.pathagar.com

أَحَظَّ : ভাগ্যবান হওয়া; ধনী হওয়া।

إِحْتَظَّ ~ بِ : উপভোগ করা; আনুকূল্য পাওয়া।

حَظّ : ভাগ, অংশ, ভাগ্য; সৌভাগ্য; সুখ; সম্পদ; প্রাচুর্য, সমৃদ্ধি, উপভোগ, আনন্দ; আনুকূল্য। ব أَحَاظ، حُظُوظ

ذُوحَظّ : ভাগ্যবান।

حُسْنُ الحَظّ : সৌভাগ্য।

سُوءُ الحَظّ : দুর্ভাগ্য।

~ مِنْ حُسْنِ الحَظِّ، لِحُسْنِ : সৌভাগ্যক্রমে।

~ لِسُوءِ : দুর্ভাগ্যক্রমে।

~ سَيِّئ : হতভাগা, দুর্ভাগা।

مَحْظُوظ، حَظِيظ، حَظِّي : সৌভাগ্যবান, সুখী, আনন্দিত।

مَحْظُوظِيَّة : আনন্দ পাওয়া, অংশ প্রাপ্ত হওয়া।

حَطَبَ : - حَطِبَ - (حَطَب) মোটা হওয়া, মাংসল হওয়া।

حَطِب : বেঁটে স্থূলোদর ব্যক্তি। স্ত্রী حَطِبَة

حَظَرَ : - ُ (حَظْر) নিষেধ করা, নিষিদ্ধ করা; বিধি-নিষেধ আরোপ করা; বেড়া দিয়া আটকাইয়া রাখা, খোঁয়াড়ে বন্ধ করা (পশু)।

إِحْتَظَرَ : বেড়া নির্মাণ করা, বেড়া দেওয়া।

حَظْر : নিষেধ, নিষেধাজ্ঞা।

حَظْرُ التَجَوُّل : সান্ধ্য আইন।

حَظِر : (اِحْتِظَار) বেড়া দেওয়ার গাছ।

حِظَار : প্রাচীর, বেড়া, পর্দা।

حَظِيرَة : বেড়া; খোঁয়াড়; খাঁচা। ব حَظَائِر، حِظَاءٌ

حَظِيرَة زُجَاجِيَّة : শোকেস, showcase.

حظِيرَةُ سَيَّارَات : গ্যারেজ।

~ الطَائِرَات : বিমান রাখিবার হ্যাঙ্গার।

~ القُدْس : বেহেশ্‌ত।

نَكِدُ الحَظِيرَة : দুর্ভাগ্যবান; কৃপণ।

تَحْظِير : নিষেধাজ্ঞা।

مَحْظُور : নিষিদ্ধ।

مَحْظُورَات : নিষিদ্ধ কাজসমূহ; বিধি-নিষেধ প্রযুক্ত বিষয়াদি।

الضَرُورَةُ تُبِيحُ المَحْظُورَات : প্রয়োজন অবৈধকে বৈধ করে, Neseceity knows no claims.

حَظَرَ ~ بِ : শক্ত করিয়া আটকানো (ধনুক); পানিতে পরিপূর্ণ করা (মশক)।

تَحَظْرَبَ ~ بِ : পানিতে পূর্ণ হওয়া (মশক); পরিতৃপ্ত হওয়া; ঘৃণার্হ হওয়া (মানুষ)।

مُحَظْرَ ~ بِ : সুদৃঢ়; সাহসী, কঠোর।

حَظَلَ : - ُ (حَظْل، حِظْلَان، حَظَلَان) ~عَلَى নিষেধ করা, বিরত রাখা।

~ - ُ : (حَظَلَانًا) হাঁটা বন্ধ করা।

حَظِل، حَظَّال : অতিশয় মিতব্যয়ী।

حَظَا : - ُ (حَظْو) ধীরগতিতে হাঁটা।

حَظِيَ : - َ (حُظْوَة) ~ بِ লাভ করা, অর্জন করা, জয় করা।

إِحْتَظَى : (إِحْتِظَاء) (عِنْدَ ~) ~, অনুগ্রহ লাভ করা, আনুকূল্য ভোগ করা।

أَحْظَى : (إِحْظَاء) যোগাড় করিয়া দেওয়া; সুখী করা; অনুগ্রহ করা; অগ্রাধিকার দেওয়া।

حُظْوَة : অনুগ্রহ, আনুকূল্য; সদিচ্ছা; সম্মান, মর্যাদা, শ্রদ্ধা; সুখ।

حَظْوَة، حُظْوَة : ফলকবিহীন ক্ষুদ্র তীর, সরু লাঠি। ব حِظَاء، حَظَوَات

حُظَيَّا : মন্থর চলন।

حَظِيّ : প্রেমাস্পদ, প্রিয়পাত্র।

حَظِيَّة : প্রেয়সী, প্রিয় স্ত্রী। ব حَظَايَا، حَظَاوِ; مَحْظِيَّة

مَحْظِيّ : প্রিয়পাত্র।

حَفَّ : - ُ (حَفّ، حِفَاف) উপড়াইয়া ফেলা (চুল), মুণ্ডন করা (মস্তক), লোমবিহীন করা (চামড়া), ছাঁটা (দাড়ি); ঘষিয়া তুলিয়া ফেলা; ছুলিয়া ফেলা (চামড়া ইত্যাদি)।



www.pathagar.com

~, حَفَّ (حَوْلَ، ب، احْتِفَاف، تَحْفِيْف) إِحْتَفَّ، حَفَّفَ বেষ্টন করা, ঘিরিয়া রাখা, ঘেরাও করা।

~ - : (حَفِيف) মর্মর, খসখস ইত্যাদি ধ্বনি করা (পাতা, পাখি, ঘোড়া, বর্ষণ ইত্যাদির)।

~ : (حُفُوف) শুকনা হওয়া (মাটি, খাদ্য) বধির হওয়া (কান); কুদৃষ্টিতে বিদ্ধ হওয়া; নিন্দা করা।

حَفّ، حَفَف : পদচিহ্ন।

حَفَّة : বদান্যতা; তাঁতী; দস্যু।

حَافّ : বেষ্টনকারী; কুদৃষ্টিসম্পন্ন ব্যক্তি। স্ত্রী حَافَّة

سَوِيق حَافّ : শুকনা ময়দা।

~ خُبْز : শুকনা রুটি, কাঁচা রুটি।

حَافَّة : প্রান্ত, পার্শ্ব কিনারা; তীর (নদীর)। ব حَافَّات، حَوَافّ

حِفَاف : পার্শ্ব; ফুটপাথ; পদচিহ্ন। ব أَحِفَّة

حَفِيف : খসখস শব্দ, মর্মর-ধ্বনি।

مِحَفَّة : শিবিকা, ডুলি; স্ট্রেচার।

مَحْفُوف : পরিবেষ্টিত; অনটনগ্রস্ত ব্যক্তি।

مَحْفُوف بِالْمَصَائِب : বিপন্ন।

حَفَا - : (حَفْا) ভূপাতিত করা।

إِحْتَفَا : (احْتِفَاء) খাগড়াগাছ উৎপাটন করা।

حَفَا : খাগড়াগাছ।

حَفَتَ - ُ : (حَفْتٌ) ধ্বংস করা।

حِفْث، حَفِث : বৃহদাকার নিরীহ সাপ। ব أَحْفَاث

حَفَدَ - : (حَفْدٌ، حَفَدَانٌ) إِحْتَفَدَ (احتفاد) দ্রুতগতি হওয়া, কর্মতৎপর হওয়া, আনুগত্যে দ্রুত হওয়া, খিদমত করা।

أَحْفَدَ : দ্রুত চালানো।

حَفْد، حَفَدَان : দ্রুত পদক্ষেপ।

حَفِيد : ব حَفَدَة، حُفَدَاء নাতি, পৌত্র; অধঃবংশধর।

حَفِيدَة : নাতনী, পৌত্রী।

حَافِد : চাকর, সাহায্যকারী ব্যক্তি। ব حَفَدَة، حَفَد

مَحْفِد : বংশমূল; কুঁজের নিম্নাংশ। ব مَحَافِد

مُحْتَفِد : ধারালো (তরবারি)।

حَفَرَ - : (حَفْر) খনন করা (মাটি); নলকূপ বসানো; ছিদ্র করা; গর্ত করা; খোদাই করা; নকশা কাটা; খুঁটিনাটি তদন্ত করা।

حَفَرَ حُفْرَةً : ষড়যন্ত্র করা।

~ بِئْرًا : কূপ খনন করা, নলকূপ বসানো।

حَفِرَ - : (حَفَر) حُفِرَ، ক্ষয়রোগগ্রস্ত হওয়া (দাঁত)।

حَافَرَ : (محافرة) গর্তের গভীরে গমন করা।

تَحَفَّرَ : মাটিতে খাদ সৃষ্টি করা (স্রোত)।

إِنْحَفَرَ : (انْحِفَار) খোদিত হওয়া, ছিদ্র হওয়া, গর্ত হওয়া।

إِحْتَفَرَ : (احْتِفَار) খনন করা (মাটি)।

حَفْر : খনন, খোদাই; মাটি ভরাটের কাজ; কারুকাজ; ক্ষয় (দাঁতের), ছিদ্রকরণ।

~ : বৃহৎ কূপ। ব أَحْفَار

حُفْرَة : গর্ত; ছিদ্র, দাঁতের গর্ত, কবর। ব حُفَر

حَفَّار : খননকারী, খননকর্মী; নকশা খোদাইকারী।

حَفَّار الْقُبُور : কবর খনন কারী।

حَفَّارَة : খনন-স্তম্ভ, drilling tower; খনন-যন্ত্র।

حَفْرِيّ : খনন সম্পর্কীয়; নকশা সম্পর্কীয়।

أَعْمَالُ حَفْرِيَّة : খোদাইকর্ম, খননকার্য।

~ عَمَلِيَّات : খননকার্য।

حَفْرِيَّة : খনন; খোদাইকর্মবিষয়ক।

حَفْرِيَّات : প্রত্নতাত্ত্বিক আবিষ্কার।

عِلْم الحَفْرِيَّات : প্রত্নতত্ত্ব বিজ্ঞান।

حَفْرَى : মরুভূমির চিরসবুজ উদ্ভিদ বিশেষ।

حَفِير : খননকৃত; গর্ত; কবর; ঝিনুক বিশেষ।

حَفِيرَة : খননকৃত বস্তু; গর্ত; কবর। ব حَفَائِر

حَافِر : খননকারী, ব حَوَافِر খুর।

حَافِرَة : সাবেক অবস্থা; প্রারম্ভ।

عِنْدَ الحَافِرَة : তৎক্ষণাৎ; প্রথমত; সরাসরি।



www.pathagar.com

رَجَعَ إِلَى حَافِرَتِه : সে তাহার সাবেক অবস্থায় প্রত্যাবর্তন করিল।

~ عَلَى ~ : সে বার্ধক্যে পৌঁছিল।

حَافُور : দাঁতের পাথরি।

مِحْفَار ;مِحْفَرَة، مِحْفَر : কোদাল। ব مَحَافِر ব مَحَافِير

مِحْفَارَة : বালুকাস্তর।

مَحْفُور : খননকৃত; খোদিত, উৎকীর্ণ।

مَحْفُورَات : খোদাই কর্ম, নকশাকৃত কাজ।

حَفَزَ - : (حَفْزًا) বিদ্ধ করা, খোঁচা দেওয়া (বর্শা দ্বারা); পিছন হইতে ধাক্কা দেওয়া; উত্তেজিত করা; প্রলুব্ধ করা, অস্ত্রবলে প্রতিহত করা।

حَافَزَ : (محافزة) সামনা-সামনি বসা, কাছাকাছি বসা।

تَحَفَّزَ ,إِحْتَفَزَ : (احْتِفَاز) প্রস্তুত হওয়া, উদ্যোগ লওয়া, করিতে উদ্যত হওয়া, অস্থিরভাবে বসা।

حَفَز : সীমা।

حَافِز : প্ররোচক, উত্তেজক; উদ্দীপক। ব حَوَافِز

تَحَفُّز : প্রস্তুতি; উদ্যম; উদ্দীপনা; কর্মতৎপরতা।

مُتَحَفِّز : প্রস্তুতকৃত।

حَفَسَ - : (حَفْسًا) খাওয়া।

حَفَشَ - : (حَفْس) সংগ্রহ করা (পানি); সাক্ষাৎ করা (গোত্র); পরপর দুই দফা দৌড়ানো (ঘোড়া); বিতাড়িত করা; নিক্ষেপ করা; নিষ্কাশিত করা; ছাল ছুলিয়া ফেলা; পরিপূর্ণ করা, একই জলাধারে বিভিন্ন দিক হইতে পানি পতিত হওয়া।

~ فِي : মনোনিবেশ করা।

حَفِشَ َ- : حَفَش : বৃষ্টি বর্ষণ করা (মেঘ)।

حَفَّشَ (تَحْفِيْش)، تَحَفَّشَ : তাঁবুতে পড়িয়া থাকা।

حِفْش : পাত্র, থলে; তুচ্ছ আসবাবপত্র; পশম নির্মিত ক্ষুদ্র তাঁবু; ছোট ঘর; জীর্ণ বস্তু। ব حِفَاش، أَحْفَاش

أَحْفَاشُ الأَرْض : গিরগিটি, শজারু ইত্যাদি সরীসৃপ।

أَحْفَاش البَيْت : তুচ্ছ গৃহসামগ্রী।

حَفْشَة : পানিবহুল স্থান।

حَفَصَ - : (حَفْصًا) সংগ্রহ করা, একত্রিত করা।

حَفْص : চামড়ার ঝোলা, তাঁবু, ছোট ঘর, সিংহের শাবক। ব أَحْفَاص، حُفُوص

حُفَاصَة : সংগৃহীত বস্তু ।

حَفَضَ - : (حَفْضًا) বাঁকা করা (লাঠি); নিক্ষেপ করা।

~ ,حَفَّضَ : (تحفيض) পিছনে নিক্ষেপ করা; শুকানো (মাটি)।

حَفَض : তল্পিতল্পা, আসবাবপত্র, ভার বহনকারী উট; দুর্বল উট, তাঁবু; পতাকাবাহী; তাঁবুর খুঁটি। ব أَحْفَاض، حِفَاض

حَفِظَ َ- : (حِفْظًا) হেফাযত করা, রক্ষা করা, সংরক্ষণ করা, মুখস্থ করা, মনে রাখা; মনোযোগী হওয়া; বজায় রাখা, নিরাপদে রাখা, যত্ন লওয়া; নথিভুক্ত করা।

حَفَّظَ : (تَحْفِيظ) মুখস্থ করানো।

حَافَظَ (مُحَافَظَة) : ~ عَلَى সংরক্ষণ করা; সযত্নে পালন করা; বজায় রাখা; তত্ত্বাবধান করা; লক্ষ্য রাখা, যত্নবান হওয়া; মনোযোগ দেওয়া; রক্ষা করা।

أَحْفَظَ : (إِحْفَاظ) বিরক্ত করা, অসন্তুষ্ট করা, রাগাইয়া তোলা।

تَحَفَّظَ : মুখস্থ করা, মনে রাখা; সতর্ক হওয়া, সাবধান থাকা; যত্ন লওয়া; হিফাযতে রাখা; গ্রেপ্তার করা; দূরে থাকা, সংযত থাকা।

إِحْتَفَظَ : রাগান্বিত হওয়া।

~ بِ : রক্ষা করা, সংরক্ষণ করা; যত্ন লওয়া, হিফাযতে রাখা, সংরক্ষিত রাখা।

إِسْتَحْفَظَ : (إِسْتِحْفَاظ) গোপনীয় কথা সংরক্ষণ করিতে বলা, আমানত রাখা।



www.pathagar.com

حِفْظ : হেফাযত; রক্ষা, সংরক্ষণ; যত্ন, মনোযোগ; মুখস্থকরণ; আশ্রয়; প্রহরা।

حِفْظُ الآثَار : প্রাচীন নিদর্শনাবলি সংরক্ষণ।

الأَمَانَات ~ : আমানত রক্ষা।

الصِّحَّة ~ : স্বাস্থ্য রক্ষা।

رِجَالُ الحِفْظ : নিরাপত্তারক্ষী, পুলিশ বাহিনী।

~ غُرْفَة : সেরেস্তা, মোহাফিযখানা।

حِفْظَة : ক্রোধ, ঘৃণা, বিদ্বেষ।

حِفَاظ : রক্ষণ, প্রতিরক্ষা, প্রহরা, সংরক্ষণ; ব্যান্ডেজ, বন্ধনী।

حِفَاظُ الحَيْض : অশুচিকালীন ব্যবহৃত তোয়ালে।

حَفِيظ : মনোযোগী; সংরক্ষক; প্রহরী।

حَفِيظَة : ক্রোধ, রোষ, ঈর্ষা, ঘৃণা, বিদ্বেষ। ব حَفَائِظ

حَفِيظَةُ النُّفُوسِ : (সৌ) পরিচয় পত্র।

حَافِظ : রক্ষক, অভিভাবক, তত্ত্বাবধায়ক।

~ : মুখস্থকারী, কুরআন মুখস্থকারী, হাফিয, গার্ড বাহিনী। ব حَفَظَة، حُفَّاظ

حَافِظَة : স্মৃতিশক্তি; সংক্ষিপ্ত বিবরণ; টাকা রাখিবার পকেট ব্যাগ; কুপন, রসিদ।

تَحَفُّظ : সতর্কতা; সংযম; নিয়ন্ত্রণ; শর্ত।

مَعَ التَّحَفُّظ، بِالتَّحَفُّظ : সংযম সহকারে; সতর্কতার সহিত; শর্ত সাপেক্ষে।

بِلَا تَحَفُّظ : শর্তহীনভাবে, বিনা আপত্তিতে।

مَحْفَظَة : পাত্র, ক্ষুদ্র থলি, মানীব্যাগ, ব্রিফকেস; পকেট বই; পোর্ট ফলিও। ব مَحَافِظ

مَحْفَظَةُ الجَيْب : পকেট বই, পকেট-থলি।

الأَوْرَاق ~ : পোর্ট ফলিও।

مِحْفَظَة : ক্যাপস্যুল।

مُحْفِظَة : ক্রোধোদ্দীপক বিষয়।

مُحَافِظ : তত্ত্বাবধানকারী, নিয়ন্ত্রণকারী; রক্ষক, পর্যবেক্ষক; যত্নবান; রক্ষণশীল; অভিভাবক; গভর্নর; প্রেসিডেন্ট; মেয়র; মহাপরিচালক।

مُحَافِظ عَلَى المَوَاعِيد : সময়নিষ্ঠ ব্যক্তি।

مُحَافَظَة : রক্ষণ, সংরক্ষণ; তত্ত্বাবধান; প্রতিরক্ষা; রক্ষণশীলতা; যত্ন, পালন; গ্যারিসন।

مَحْفُوظ : রক্ষিত, সংরক্ষিত, গচ্ছিত; মুখস্থ; নিরাপদ।

مَحْفُوظَات : সংরক্ষিত কাগজপত্র, নথিপত্র; মুখস্থ বিষয়াদি।

مُتَحَفِّظ : সতর্ক; সংযত; গম্ভীর ব্যক্তি।

مُسْتَحْفَظ : রিজার্ভ বাহিনী।

حَفَلَ - (حَفْل) : একত্রিত হওয়া, মিলিত হওয়া, সমবেত হওয়া; প্রচুর হওয়া, প্রচুর পরিমাণে প্রবাহিত হওয়া।

~ بِ : পরিপূর্ণ হওয়া; মনোযোগ দেওয়া; নিজেকে সংশ্লিষ্ট করা।

حَفَّلَ : (تَحْفِيل) সংগ্রহ করা (পানি); অধিক দুগ্ধবতী দেখাইবার জন্য দুধ দোহন না করিয়া রাখা (পশু); সুসজ্জিত করা, অলঙ্কৃত করা।

تَحَفَّلَ : দুগ্ধ দোহন না করিয়া ওলান স্ফীত রাখা (পশু); ভিড় করা (লোক); সুসজ্জিত হওয়া; বাঁটে জমা হওয়া (দুগ্ধ)।

إِحْتَفَلَ : সমবেত হওয়া, জমায়েত হওয়া (লোক); সুস্পষ্ট হওয়া (রাস্তা); সুন্দর পোশাক পরিধান করা।

~ بِ : উদযাপন করা, পালন করা (উৎসব, পর্ব); মনোযোগ দেওয়া, যত্ন নেওয়া; সম্মান করা, সাদর অভ্যর্থনা করা; অতিরঞ্জিত করা; প্লাবিত হওয়া (উপত্যকা)।

~ لِ : মনোযোগ দেওয়া, যত্ন নেওয়া।

~ فِي : যত্ন লওয়া; অতিরঞ্জিত করা।

حَفْلَة، حَفْل : সমাবেশ, ভিড়, জমায়েত; মাহফিল; অনুষ্ঠান, উৎসব, পর্ব।

حَفْل خِتَامِيّ : সমাপ্তি অনুষ্ঠান।

رِيَاضِيّ ~ : ক্রীড়া উৎসব, অনুষ্ঠান।

سَاهِرِي ~ : সান্ধ্য অনুষ্ঠান, সারা রাত্রির অনুষ্ঠান।



www.pathagar.com

اِفْتِتَاح ~ : উদ্বোধনী অনুষ্ঠান।

حَفْلَةُ الرِّثَاء : শোকসভা, স্মারক সভা।

حَفْلَة حَافِلَة : জনবহুল সমাবেশ।

خَيْرِيَّة ~ : সাহায্যার্থে আয়োজিত অনুষ্ঠান।

الدَّفْنِ ~ : অন্ত্যেষ্টিক্রিয়ার সমাবেশ।

دِينِيَّة ~ : ধর্মীয় অনুষ্ঠান।

سَاهِرَة ~ : সান্ধ্য সমাবেশ, সান্ধ্য অনুষ্ঠান।

سِينَمَائِيَّة ~ : চলচ্চিত্র প্রদর্শনী।

الشَّاي ~ : চা-চক্র।

العُرْسِ ~ : বিবাহোৎসব।

الإِسْتِقْبَال ~ : অভ্যর্থনা সভা।

مُوسِيقِيَّة ~ : সংগীতানুষ্ঠান।

حُفَال : বিরাট জনতা; সংগৃহীত দুগ্ধ।

حُفَالَة : নিকৃষ্ট অংশ; দুধের ফেনা।

حَافِل : পরিপূর্ণ, প্রচুর, পর্যাপ্ত; ঘটনাবহুল; বহুসংখ্যক; প্রচুর দুধ দেয় এমন উষ্ট্রী। ব حَوَافِل، حَافِلَات

حَافِلَة : যাত্রীবাহী বাস। ব حَوَافِل، حَافِلَات

حَفِيل : বহুসংখ্যক ব্যক্তি, আগ্রহী, অধ্যবসায়ী, পরিশ্রমী। স্ত্রী حَفِيلَة

إِحْتِفَال : অনুষ্ঠান, উৎসব; সমাবেশ, শোভাযাত্রা।

مَحْفِل : সমাবেশ, সভা, জমায়েত, অনুষ্ঠান। ব مَحَافِل

مَحْفِل مَاسُونِيّ : ফ্রিম্যাসন সভার অধিবেশন স্থান।

مُحَفَّلَة : অধিক দুগ্ধবতী দেখাইবার উদ্দেশ্যে যে পশু দোহন করা হয় নাই।

مُحْتَفِل : অনুষ্ঠানে অংশগ্রহণকারী।

مُحْتَفَل : সভাস্থল, মিলন-কেন্দ্র।

مُحْتَفَل بِه : উদযাপিত অনুষ্ঠান।

حَفْلَطَة : উৎপাত, বালাই।

حَفَنَ ـُ : (حَفْن) অঞ্জলিপূর্ণ করা (বালি, ময়দা ইত্যাদি)।

~ لِ : একমুষ্টি দান করা, অল্প পরিমাণ দেওয়া।

إِحْتَفَنَ : অঞ্জলি ভরিয়া নেওয়া; উপড়াইয়া ফেলা (গাছ)।

حَفْنَة : এক বা দুই করাঞ্জলি, অল্পপরিমাণ; গর্ত। ব حُفَن ব حُفْنَة، حَفَنَات

حَفَا ـُ : (حَفْو) দান করা; বঞ্চিত করা, কোন কাজ অতিমাত্রায় করা।

~ : (حَفْو، حُفَاوَة، حَفْي، حِفَايَة) ـَ ~ بِ সাদর অভ্যর্থনা জানানো, সম্মান প্রদর্শন করা।

حَفِيَ ـَ : (حَفًا، حَفَاء) খালি পায়ে হাঁটা; জীর্ণপদ হওয়া, হাঁটিতে হাঁটিতে পায়ে ক্ষত সৃষ্টি হওয়া।

حَافَى : (مُحَافَاة) ঝগড়া করা।

إِحْفَى : (إِحْفَاء) খালি পায়ে হাঁটিতে দেওয়া; অবিরত যাচ্ঞা করা; গোঁফ ছাঁটিয়া ফেলা; পুনঃপুন জিজ্ঞাসা করা (প্রশ্ন)।

تَحَفَّى : নগ্নপদ হওয়া।

~ بِ : সম্মান প্রদর্শন করা; সদয় আচরণ করা।

~ فِي : কঠোর চেষ্টা করা।

إِحْتَفَى : (إِحْتِفَاء) খালি পায়ে হাঁটা; খুলিয়া লওয়া; চয়ন করা (সবজি); নিঃশেষ করা (চারণ-ভূমি)।

~ بِ : সদয় আচরণ করা; সম্মান প্রদর্শন করা; সাদর অভ্যর্থনা জানানো; আতিথ্য প্রদর্শন করা; উদযাপন করা (উৎসব, পর্ব)।

حَفًا : নগ্নপদ হওয়া, পায়ের বা ক্ষুরের ক্ষত; জুতা।

حَفَاوَة : অভ্যর্থনা; অভিবাদন।

حَافٍ : নগ্নপদ; নালবিহীন (ঘোড়া); অভ্যর্থনাকারী; বিচারক; পণ্ডিত। ব حُفَاة

إِحْتِفَاء : অভ্যর্থনা; অভিবাদন; অনুষ্ঠান; উৎসব।

حَقَّ ـُ : (حُقُوق، حقة، حَقّ) সত্য হওয়া; সঠিক হওয়া; নিশ্চিত হওয়া।



www.pathagar.com

حَقَّ (عَلَى) বাধ্যতামূলক হওয়া; অপরিহার্য হওয়া; যথাযথ হওয়া।

~ : حُقَّ (لِ) যথাযথ হওয়া।

حَقَّ ~ الامـر। নিশ্চিত করা, প্রমাণ করা, সনাক্ত করা; স্বীকৃতি দেওয়া; নিশ্চিত হওয়া।

حَقَّقَ : (تَحْقِيْق) প্রমাণ করা, সত্যতা যাচাই করা; তদন্ত করা, অনুসন্ধান করা; প্রতিষ্ঠা করা; বাস্তবায়িত করা; পূর্ণকরা, কার্যকর করা; অপরিহার্য করা; বিশ্বাস করা (বর্ণনা)।

حَقَّقَ الذَّاتِيَّةَ : সনাক্ত করা, ব্যক্তি পরিচয় দেওয়া।

النَّظَرَ ~ : মনোযোগের সহিত তাকানো, পরীক্ষা করা; তদন্ত করা, যাচাই করা; সতর্কতার সহিত সম্পাদন করা (গ্রন্থ)।

حَاقَّ، تَحَاقَّ، إِحْتَقَّ অধিকার প্রতিষ্ঠার জন্য বাদানুবাদ করা।

أَحَقَّ : (احْقَاق) সত্য বলা; সঠিক হওয়া; সত্যপন্থী হওয়া; কার্যকর করা; অধিকার লাভ করা, অপরিহার্য করা; নিশ্চিত করা।

تَحَقَّقَ : নিশ্চিত হওয়া; বাস্তবায়িত হওয়া; সত্য প্রতিপন্ন হওয়া, সঠিক প্রমাণিত হওয়া; কার্যকর হওয়া; পরীক্ষিত হওয়া; নিশ্চিত করা; পরীক্ষা করা; সত্য প্রতিপন্ন করা; বাধ্যতামূলক করা।

إِنْحَقَّ : (انْحِقَاق) শক্ত হওয়া (গিঁট)।

إِسْتَحَقَّ : (اسْتِحْقَاق) যোগ্য হওয়া; উপযুক্ত করা; দাবিদার হওয়া, অধিকারী হওয়া, দাবি করা; অপরিহার্য করা; প্রদত্ত হওয়া (পাওনা)।

يَسْتَحِقُّ الدَّفْعَ : দেয় বস্তু পরিশোধযোগ্য।

الذِّكْرَ ~ : উল্লেখযোগ্য ।

الإِهْتِمَامِ ~ : গুরুত্ব দেওয়ার যোগ্য।

حَقٌّ : সত্য; সঠিক; প্রকৃত; ন্যায়; যোগ্য, উপযুক্ত। ব حُقُوق অধিকার, দাবি, কর, ফি, পাওনা, সম্পত্তি।

الحَقّ। : আল্লাহর একটি নাম।

عِلْم الحُقُوق : আইনশাস্ত্র, আইন বিজ্ঞান।

بِالحَقِّ، حَقًّا : প্রকৃতপক্ষে; বাস্তবে, বাস্তবিকপক্ষে, যথার্থভাবে, সত্য বলিতে, ন্যায় সঙ্গতভাবে, ন্যায়তঃ।

حَقُّ التَّأْلِيف : লেখকের স্বত্ব।

صَاحِبُ الْحَقِّ : দাবিদার।

الْحَقُّ عَلَيْكَ। : সত্য তোমার বিপক্ষে, তুমি ভ্রান্ত।

الحَقُّ مُرٌّ : সত্য কথা তিক্ত লাগে।

مَعَكَ ~ : সত্য তোমার পক্ষে, তুমি অভ্রান্ত, তোমার দাবি সত্য।

مَعَ القُوَّةِ ~ : জোর যার মুল্লুক তার।

يُقَال ~ : সত্য বলাই কর্তব্য।

عَلِمَ حَقَّ العِلْمِ : সে যথাযথভাবে জানিল।

حُقُوقُ الطَّبْعِ : প্রকাশনা-স্বত্ব, কপিরাইট।

كُلِّيَّةُ الحُقُوقِ : আইন কলেজ, আইন অনুষদ।

مَجْلِسُ ~ : দেওয়ানি আদালত, সিভিল কোর্ট।

الحُقُوق المَدَنِيَّة। : নাগরিক অধিকার।

حِقٌّ : চারি বৎসর বয়সে পদার্পণকারী উট। ব حِقَاق; স্ত্রী حِقَّة ব حِقَق

حُقٌّ : বাহুর উপরিভাগ; গর্ত, দেহ-গ্রন্থির খাঁজ, গোলাকার ভূমিখণ্ড; ক্ষুদ্র বাক্স, পাত্র। ব أحْقَاق، حِقَاق

حُقَّة : ক্ষুদ্র বাক্স, পাত্র; দুর্যোগ। ব أحْقَاق، حُقَق، حُقَق، حِقَاق

حِقَّة : অধিকার, কর্তব্য।

حُقُوقِي : আইন শাস্ত্রীয়; আইনশাস্ত্রবিদ।

حَقِيق : যোগ্য; উপযুক্ত। ব أحِقَّاء

حَقِيقَة : সত্য, বাস্তবতা, প্রকৃত অবস্থা বা ঘটনা, প্রকৃত অর্থ। ব حَقَائِق

حَقِيقَةُ الأَمْرِ : প্রকৃত অবস্থা, আসল ব্যাপার।

فِي حَقِيقَةِ الأمْرِ، فِي الْحَقِيقَةِ، حَقِيقَةً : আসলে, বাস্তবে, প্রকৃতপক্ষে, নিশ্চিতরূপে।

حَقِيقِيّ : বাস্তব, প্রকৃত, আসল, যথার্থ।

حَاقّ : সত্য, প্রকৃত, পূর্ণাঙ্গ; মধ্যস্থল। ব حَوَاقّ

حَاقَّة : দুর্যোগ, কিয়ামত।



www.pathagar.com

مُحَاقَّة، حِقَاق : ঝগড়া, বিতর্ক, বাদানুবাদ।

حَقَّانِيّ : ন্যায্য, সঠিক, যথাযথ, ন্যায়পন্থি; আইনসম্মত।

حَقَّانِيَّة : বিচার, আইন।

أَحَقّ : যোগ্যতর, অগ্রাধিকার সম্পন্ন, অধিকতর দাবিদার।

أَحَقِيَّة : অগ্রাধিকারপ্রাপ্যতা।

تَحَقُّق : নিশ্চয়তা; নিরূপণ; প্রতিপাদন; বাস্তবায়ন; পরীক্ষা।

تَحْقِيق : বাস্তবায়ন, কার্যকরকরণ, পূর্ণকরণ, সম্পাদন; নিরূপণ, প্রতিপাদন; প্রতিষ্ঠিতকরণ; বাস্তবতা উদ্‌ঘাটন, তদন্ত, অনুসন্ধান; শনাক্তকরণ।

تَحْقِيق الذَّاتِيَّة، تَحْقِيقُ الشَّخْصِيَّة : ব্যক্তিগত শনাক্তকরণ।

لَجْنَةُ التَّحْقِيق : তদন্ত কমিটি।

إِسْتِحْقَاق : যোগ্যতা; উপযুক্ততা, গুণ, মর্যাদা; পাওনা; অধিকার, দাবি।

عَنْ إِسْتِحْقَاق : উপযুক্তরূপে, ন্যায়ভাবে।

~ بِدُون : অনুপযুক্তরূপে, অন্যায়ভাবে।

تَارِيخُ الإِسْتِحْقَاق : বন্ড ইত্যাদির পূর্ণতা প্রাপ্তির তারিখ।

~ وَقْتُ : পরিশোধের সময়।

إِسْتِحْقَاقُ دَفْع الدَّيْن : ঋণ পরিশোধের নির্ধারিত সময়।

مُحِقّ : সত্যবাদী; অভ্রান্ত; ন্যায়বান।

مُحَقِّق : তদন্তকারী; সম্পাদনাকারী।

مُحَقَّق : নিশ্চিত, সন্দেহাতীত, প্রশ্নাতীত, প্রতিষ্ঠিত, গৃহীত, স্বীকৃত।

مَحْقُوق : যোগ্য; দাবি প্রতিষ্ঠিত পরাভূত ব্যক্তি।

مُتَحَقِّق : নিশ্চিত।

مُسْتَحِقّ : যোগ্য, উপযুক্ত, দাবিদার, উত্তরাধিকারী, দেয়।

مُسْتَحِقّ الدَّفْع : পরিশোধযোগ্য।

حَقِبَ - َ : (حَقَب)، أَحْقَبَ (احقاب) বৃষ্টিহীন হওয়া (বৎসর); অনুৎপাদনশীল হওয়া (খনি)।

إِحْتَقَبَ : (إِحْتِقَاب) অপরাধ করা; থলিতে রাখা; সংরক্ষণ করা।

إِسْتَحْقَبَ : (إِسْتِحْقَاب) সংরক্ষণ করা; পিছনে আরোহণ করানো।

حُقُب : বৎসর; দীর্ঘসময়; আশি বৎসর ব্যাপ্ত সময়; শতাব্দী; কাল। ব أَحْقَاب ব حُقُب، حِقَاب

أَحْقَابُ خَالِيَة : প্রাগৈতিহাসিক যুগ।

حَقَب : কটিবন্ধ, মেখলা; উটের জিন বাঁধিবার পেটি। ব أَحْقَاب، حِقَاب

حِقْبَة : সময়; যুগ; দীর্ঘকাল; বৎসর। ব أَحْقَاب، حِقَب

حِقَاب : মেখলা, কটিবন্ধ; মাদুলি; নখমূলের শ্বেতাংশ। ব حُقُب

حَقِيب : পশ্চাদ্গামী; পিছনে আরোহণকারী।

حَقِيبَة : ব্যাগ, স্যুটকেস, ট্রাংক, ব্রিফকেস। ব حَقَائِب

حَقِيبَة النُّقُود : মানিব্যাগ।

~ اليَد : হাত ব্যাগ।

أَحْقَب : বন্য গাধা। স্ত্রী حَقْبَاء

حَقَدَ ~، حَقِدَ - َ (حَقْد) تَحَقَّدَ، إِحْتَقَدَ عَلَى~ (إِحْتِقَاد) বিদ্বেষ পোষণ করা, হিংসা করা।

حَقِدَ - َ : (حَقَد) تَحَقَّدَ، إِحْتَقَدَ বৃষ্টি না হওয়া, চর্বিযুক্ত হওয়া।

أَحْقَدَ : (احقاد) বিদ্বেষী করা; বিরক্ত করা; বিষাইয়া তোলা (মন)।

تَحَاقَدَ : পরস্পর বিদ্বেষ পোষণ করা, একে অপরকে ঘৃণা করা।

حِقْد : ঘৃণা, বিদ্বেষ, শত্রুতা। ব أَحْقَاد، حَقِيدَة ব حَقَائِد

حَاقِد : বিদ্বেষী, ঈর্ষাপরায়ণ, হিংসুক। ব حَقَدَة

حَقُود : কঠোর বিদ্বেষী।



www.pathagar.com

حَقَرَ - (حَقْر) إِحْتَقَرَ (احْتِقَار) ،إِسْتَحْقَرَ (اسْتِحْقَار) অবজ্ঞা করা, ঘৃণা করা; উপেক্ষা করা, তুচ্ছ জ্ঞান করা, হীন জ্ঞান করা।

حَقِرَ - َ (حَقَر) حَقُرَ - ُ (حَقَارَة) তুচ্ছ হওয়া, হীন হওয়া, ঘৃণ্য হওয়া।

حَقَّرَ : (تَحْقِير) নিন্দা করা, অপবাদ দেওয়া, অপমান করা, অপদস্থ করা, লাঞ্ছিত করা, ঘৃণা করা, অবজ্ঞা করা, তুচ্ছ করা।

تَحَاقَرَ : লাঞ্ছিত হওয়া, হীন হওয়া।

حَقَارَة : হীনতা, নীচতা; লাঞ্ছনা, অপমান।

حَقِير : তুচ্ছ; ক্ষুদ্র, সামান্য, হীন, নীচ, ঘৃণ্য, নগণ্য।

أَحْقَر : হীনতর, তুচ্ছতর, ঘৃণ্যতর।

تَحْقِير، إِحْتِقَار : ঘৃণা, অপমান, অবজ্ঞা।

مُحْتَقَر : ঘৃণিত, অপমানিত, ঘৃণ্য, তুচ্ছ।

مَحْقَرَة : লজ্জাকর, অপমানজনক, লাঞ্ছনাদায়ক।

الْمُحَقَّرَات : খুঁটিনাটি, তুচ্ছ বিষয়াদি।

حَقَفَ - ُ (حُقُوف) বক্র হওয়া; কাত হইয়া শয়ন করা (পশু)।

إِحْقَوْقَفَ : লম্বা ও আঁকা-বাঁকা হওয়া (চন্দ্র, বালুকাভূমি)।

حِقْف : ব أَحْقَاف، حِقَاف، حُقُوف দীর্ঘ ও আঁকা-বাঁকা বালুকাভূমি।

حَاقَلَ : (مُحَاقَلَة) ক্ষেতে থাকা অবস্থায় শস্য ক্রয়-বিক্রয় করা; ক্ষেতমজুরির জন্য শস্যের ভাগ লইয়া দরকষাকষি করা।

أَحْقَلَ : (احقال) শিষ বাহির করা (শস্য); উর্বর হওয়া (ক্ষেত) শাখা-প্রশাখায় বিস্তৃত হওয়া (উদ্ভিদ)।

إِحْتَقَلَ : (احْتِقَال) নিজের জন্য ক্ষেত গ্রহণ করা।

حَقْل : ক্ষেত, মাঠ, ক্ষেত্র, জমি, চাষের জমি, পাকা শস্য। ব حُقُول

حَقْل النِّفْط، حَقْل الزَّيْت، حَقْلُ الْبِتْرُول পেট্রলভূমি, তৈলক্ষেত্র।

حِقْل : শিবিকা।

حَقْلَة : দুধ বা পানির অবশিষ্টাংশ; খেজুর ইত্যাদির পরিত্যক্ত অংশ।

حِقْلَة : উর্বর ক্ষেত্র।

حَاقِل : মওজুদদার।

مَحْقَلَة : যে ভূমিতে শস্য বপন করা হইয়াছে। ব مَحَاقِل

مُحَاقَلَة : ক্ষেতে থাকাকালীন শস্য ক্রয়-বিক্রয়।

حَقْم : একজাতীয় কবুতর।

حَقِيم : চোখের বহিঃকোণ, অক্ষি-গোলকের প্রান্তসীমা।

حَقَنَ - ُ (حَقْن) : ধরিয়া রাখা; আটকাইয়া রাখা; সংগ্রহ করা (পানি, দুধ); নিবারণ করা (রক্তক্ষরণ); সংরক্ষণ করা (গোপনীয় কথা); রক্ষা করা (জীবন); ইনজেকশন দেওয়া।

أَحْقَنَ : (احقان) বিভিন্ন প্রকার দুধ মিশ্রিত করা।

إِحْتَقَنَ : (احْتِقَان) সঞ্চিত হওয়া; জমাট বাঁধা (রক্ত ইত্যাদি), ইনজেকশন লওয়া, ডুশ লওয়া।

حَقْن : ধারণ, সংরক্ষণ, রক্ষাকরণ, ইনজেকশন।

حُقْنَة : ইনজেকশন।

حَقْنَة : পেটের ব্যথা। ব أَحْقَان

حَاقِن : মূত্রবদ্ধতাগ্রস্ত।

حَاقِنَة : পাকস্থলী। ব حَوَاقِن

مَحْقُون، حَقِين : পাত্রে সংগৃহীত (পানি, দুধ)।

إِحْتِقَان : জমাট।

إِحْتِقَانُ الدَّم : শরীরের কোনো অংশে অস্বাভাবিক রক্ত সঞ্চয়, রক্তের জমাট।

مِحْقَن : দুধের মশক।



www.pathagar.com

مِحْقَنَة : সিরিঞ্জ, পিচকারি।

مِحْقَنَة جِلْدِيَّة : চামড়ার নিচে প্রবেশ্য ইনজেকশন।

~ عَضَلِيَّة : মাংসপেশীতে প্রবেশার্হ্য ইনজেকশন।

~ وَرِيدِيَّة : শিরার মধ্যে প্রবেশ্য ইনজেকশন।

~ شَرَجِيَّة : গুহ্যদেশে ঔষধ প্রক্ষিপ্ত করিবার পিচকারি।

مِحْقَان : জলাধার; পুকুর; চোঙ, চুঙ্গি। ব مَحَاقِين

مُحْتَقِن : অস্বাভাবিক রক্ত সঞ্চয়ের ফলে পীড়িত।

مُحْتَقِن : অস্বাভাবিক রক্ত সঞ্চয়ের ফলে রক্তিম, লাল (চেহারা)।

حَقَا ـُ : (حَقْو) কুঁচকিতে আঘাত করা।

حُقِيَ : (حَقًا) تَحَقَّى কোমরে ব্যথা অনুভব করা।

حَقْو : কোমর, কুঁচকি। ব أَحْقَاء، حِقَاء

حَقْوَة، حِقَاء : কোমরবন্ধ, লুঙ্গি।

مَحْقِيّ، مَحْقُو : পেটের পীড়াগ্রস্ত ব্যক্তি।

حَكَّ ـُ : (حَكّ) ঘর্ষণ করা, চাঁচা, ঘষিয়া বা বাঁচিয়া তুলিয়া ফেলা (ছাল), পরীক্ষা করা (ধাতু); চুলকানো (মাথা)।

حَكَّ الْقَوْلُ فِي صَدْرِهِ : কথাটি তাহার অন্তরে দাগ কাটিল, মনে ছাপ ফেলিল।

حَاكَّ : অনুকরণ করা।

أَحَكَّ، إِسْتَحَكَّ : চুলকানো।

تَحَكَّكَ : ~ بِ গায়ে পড়িয়া ঝগড়া বাধানো; ক্ষতি করিবার প্রস্তুতি গ্রহণ করা; গা ঘষা।

تَحَكَّكَتِ الْعَقْرَبُ بِالأَفْعَى : ছোট হইয়া বড়র সংগে ঝগড়া বাধানো।

تَحَاكَّ : পরস্পর গা ঘষাঘষি করা।

إِحْتَكَّ : (اِحْتِكَاك) চুলকানো।

~ بِ : গা ঘষা; যোগাযোগ স্থাপন করা।

إِحْتَكَّ الْقَوْلُ فِي صَدْرِهِ : কথাটি তাহার অন্তরে দাগ কাটিল, মনে ছাপ ফেলিল।

حَكّ : ঘর্ষণ, আঁচড়, চাঁছন, ছোলন।

حُكّ : দিকনির্ণয়-যন্ত্র, কম্পাস।

حَكَّة : চুলকানি, খোস পাঁচড়া।

حُكَّة : ক্ষুদ্র বাক্স বা পাত্র।

حَكَك : শ্বেত মর্মর।

حَكَّاك : জহুরী।

حُكَاك : সোহাগা; খোস পাঁচড়া।

حَاكَّة : দাঁত। ব حَوَاكّ

مِحَكّ : কষ্টিপাথর; পরীক্ষণযন্ত্র।

مِحَكَّة : ঘোড়ার গা আঁচড়াইবার চিরুনি-বিশেষ, খররা।

حَكَا ـَ : (حَكْا، أَحْكَا، (احكاء) গিঁঠ বা বন্ধনী; কষা, আঁটা, আটকানো।

إِحْتَكَا : গিঁঠ বা বন্ধন কষানো, আটকানো; পরিহিত হওয়া (কণ্ঠহার)।

حَكَدَ ـِ : (حَكْد) মূলে প্রত্যাবর্তন করা, গোড়ায় ফিরিয়া আসা।

~ عَلَى (احكاد) أَحْكَدَ (محاكدة) : حَاكَدَ নির্ভর করা।

حَكَرَ ـِ : (حَكْر) অন্যায় আচরণ করা, দুর্ব্যবহার করা।

حَكِرَ ـَ : (حَكَر) একগুঁয়ে হওয়া; কলহপ্রিয় হওয়া।

إِحْتَكَرَ : (اِحْتِكَار) মূল্য বৃদ্ধির উদ্দেশ্যে একচেটিয়াভাবে মওজুদ করিয়া রাখা, একায়ত্ত করা, যাবতীয় পরিমাণ ক্রয় করিয়া লওয়া (পণ্য), একচেটিয়া অধিকার করা।

إِحْتَكَرَ السُّوقَ، حَكَرَ السُّوقَ : উচ্চতর মূল্যে বিক্রয় করিবার জন্য বাজারে পৌঁছিবার পূর্বেই পণ্যদ্রব্য কিনিয়া ফেলা।

إِحْتَكَرَ السِّلْعَةَ، حكر السلعة মওজুদ করিবার উদ্দেশ্যে পণ্যের সর্বাংশ ক্রয় করা।



www.pathagar.com

حَكَّرَ : (تَحْكِيْر) নির্মাণ হইতে বিরত রাখা।

حَاكَرَ : (مُحَاكَرَة) বাদানুবাদ করা।

تَحَكَّرَ : একচেটিয়া অধিকার করা।

~ عَلَى : দুঃখ প্রকাশ করা।

حَكَر : অন্যায় আচরণ; পানি ইত্যাদি পান করিবার পাত্র; সামান্য পরিমাণ পানি। ব أَحْكَارٌ

حِكْر : ভূমিকর, অপরের জমির উপর গৃহ নির্মাণের জন্য প্রদত্ত খাজনা।

مَالِك بِالحِكْرِ : ইজারাদার, Leaseholder.

حُكْر : একচেটিয়া অধিকার, একচেটিয়াভাবে আয়ত্ত; পানি ইত্যাদি পান করিবার পাত্র, সামান্য পরিমাণ পানি; অপরের জমির উপর গৃহ-নির্মাণের জন্য প্রদত্ত খাজনা।

حُكْر، حَكَر : মওজুদকৃত সম্পদ। ব أَحْكَارٌ

حَكِر : মওজুদকারী।

حُكْرَة : একচেটিয়া সঞ্চয়, মওজুদ করা।

حَاكُورَة : ক্ষুদ্র সবজিবাগান।

إِحْتِكَار : মওজুদকরণ, একচেটিয়া সঞ্চয়, কর্তৃত্ব, প্রাধান্য।

إِحْتِكَارِيَّة : একচেটিয়াবাদ; মওজুদদার নীতি।

مُحْتَكِر : মওজুদদার; একচেটিয়া সুবিধাভোগী।

حَكَشَ - : (حَكْش) সংগঠিত করা; পরিপূর্ণ করা; আটক রাখা. অন্যায় আচরণ করা; টানিয়া বাহির করা (শলিতা); উসকাইয়া দেওয়া (আগুন)।

مِحْكَاش : শলিতাধার, চেরাগের যে অংশে শলিতা থাকে।

حَكَفَ - : (حُكُوف) কর্মে শিথিল হওয়া।

حَكَلَ - : (حَكْل)، أَحْكَلَ، (احكال) إِحْتَكَلَ

~ عَلَى সন্দেহপূর্ণ হওয়া (সংবাদ), জটিল হওয়া।

إِحْتَكَلَ ~ إِلَى : বাধিত হওয়া।

حُكْل : স্বরবিহীন পোকাবিশেষ।

تَكَلَّمَ كَلَامَ الحُكْلِ : সে নিঃশব্দে কথা বলিল।

حُكْلَة : দুর্বোধ্য উচ্চারণ; তীব্র প্রয়োজন।

حَكَمَ - : (حُكْم) শাসন করা, পরিচালনা করা, নিয়ন্ত্রণ করা; সংযত করা; নির্দেশ দেওয়া; সিদ্ধান্ত দেওয়া, রায় দেওয়া, বিচার করা।

~ بَيْنَ : মীমাংসা করা, সালিসি করা।

~ عَلَى : দণ্ড দেওয়া; বিপক্ষে রায় দেওয়া।

~ لِ : পক্ষে রায় দেওয়া।

حَكَمَ عَلَيْهِ بِالإِعْدَامِ : তাহাকে মৃত্যুদণ্ড দিল।

~ بِإِدَانَتِهِ : তাহাকে দোষী সাব্যস্ত করিল।

~ بِبَرَاءَتِهِ : তাহাকে নিরপরাধ ঘোষণা করিল।

~ بِصِحَّتِهِ : সঠিক বলিয়া রায় দিল।

~ فِيهِ بِتَحْرِيمِ : নিষিদ্ধ বলিয়া রায় দিল।

حَكَمَ - : (حَكْم) ফিরিয়া আসা।

حَكُمَ - : (حِكْمَة، حُكْمًا) জ্ঞানী হওয়া, বিচক্ষণ হওয়া।

حَكَّمَ : (تَحْكِيْم) শাসনকর্তা নিয়োগ করা; বিচারক মনোনীত করা, বিচারের ভার দেওয়া, সালিস মানা।

حَاكَمَ : অভিযুক্ত করা; তলব করা, আদালতে হাজির করা।

حَاكَمَ أَمَامَ مَجْلِس عَسْكَرِيّ : সামরিক আদালতে বিচার উত্থাপন করিল।

أَحْكَمَ : (أَحْكَام) সুদৃঢ় করা, শক্ত করা, সুরক্ষিত করা, সঠিকভাবে করা; পারদর্শী হওয়া।

تَحَكَّمَ فِي : রায় দেওয়া; ইচ্ছা মোতাবেক কাজ করা; নিয়ন্ত্রণ করা; আধিপত্য স্থাপন করা, যথেচ্ছ শাসন করা; শাসনাধীন হওয়া।

~ عَلَى : বিচারক হওয়া; রায় দেওয়া।

~ بِ : সিদ্ধান্তে উপনীত হওয়া।

تَحَاكَمَ ~ : একে অপরকে বিচারকের সম্মুখে হাজির করা, আপিল করা।



www.pathagar.com

بِحُكْمِ : আদেশ মোতাবেক, শক্তিতে, অনুযায়ী।

فِى حُكْمِ : অনুরূপ, ন্যায়।

عِلْمُ الأَحْكَام : শরীআতবিদ্যা, ফিক্‌হশাস্ত্র।

حُكْمِىّ : আইনানুগ, আইনসংক্রান্ত।

حَكَم : বিচারক, সালিস; রেফারি, আম্পায়ার।

حِكْمْدَار : (মি) গভর্নর; অধিনায়ক।

حِكْمْدَار بُولِيس : পুলিশ প্রধান।

حِكْمَة : বুদ্ধি, বিজ্ঞতা, বিচক্ষণতা; জ্ঞানীসুলভ কথা, সারমর্মবোধক উক্তি; অন্তর্নিহিত কার্যকারণ; বিজ্ঞান; দর্শন; চিকিৎসাশাস্ত্র। ব حِكَم

بِحِكْمَة : বিচক্ষণতার সহিত।

لِحِكْمَة : কৌশলের কারণে, জন্য।

حَكَمَة : পেটি, খলিন (ঘোড়ার)।

حُكُومَة : শাসন, প্রশাসন, সরকার, রাষ্ট্র।

حُكُومَة جُمْهُورِيَّة : প্রজাতন্ত্র, গণতান্ত্রিক সরকার।

~ دُسْتُورِيَّة : নিয়মতান্ত্রিক সরকার।

~ العُمَّال : শ্রমিক সরকার।

~ الفَرْد : স্বৈরতন্ত্র, একনায়কতন্ত্র।

~ مَحَلِّيَّة : স্থানীয় সরকার, স্থানীয় কর্তৃপক্ষ।

~ مَلَكِيَّة : রাজতন্ত্র।

~ نِيَابِيَّة : প্রতিনিধিত্বমূলক সরকার।

حُكُومِىّ : সরকারি, রাষ্ট্রীয়।

حَكِيم : বিজ্ঞ, বিচক্ষণ; জ্ঞানী ব্যক্তি; দার্শনিক; চিকিৎসক। ব حُكَمَاء

حَاكِم : শাসক; বিচারক; গভর্নর। ব حَاكِمُون, حُكَّام

حَاكِم بِأَمْرِهِ : নিরঙ্কুশ ক্ষমতাসম্পন্ন শাসনকর্তা; একনায়ক।

~ عَامّ : গভর্নর জেনারেল।

~ المُبَارَاة : আম্পায়ার, রেফারি।

إِحْتَكَمَ ~ : রায় দেওয়া; ইচ্ছা মোতাবেক কাজ করা; শাসন করা।

~ إِلَى : আপিল করা, রায় চাওয়া।

~ عَلَى : শাসন করা; নিয়ন্ত্রণ করা, মালিক হওয়া; জয়ী হওয়া।

إِسْتَحْكَمَ : (اسْتِحْكَام) শক্ত হওয়া, সুদৃঢ় হওয়া, শক্তিশালী হওয়া, দৃঢ়মূল হওয়া, পাকাপোক্ত হওয়া; সুরক্ষিত করা।

حُكْم : শাসন; রাজত্ব; শাসনামল, রাজত্বকাল; প্রশাসন, পরিচালনা; কর্তৃত্ব, প্রভাব।

~ : আদেশ, নির্দেশ; সিদ্ধান্ত; বিচার; রায়; দণ্ডাদেশ; বিধান, নীতি, আইন। ব أَحْكَام

حُكْم ثُنَائِى : দ্বৈত শাসন।

~ مُشْتَرَك : যৌথ শাসন।

~ جِنَائِى : দণ্ডাদেশ।

حُكْم عَسْكَرِىّ, ~ عُرْفِىّ : সামরিক আইন।

حُكْم وَجَاهِىّ, ~ حُضُورِىّ : বিপক্ষের উপস্থিতিতে বিচার।

~ غِيَابِىّ : বিপক্ষের অনুপস্থিতিতে বিচার।

~ البَرَاءَة : নির্দোষ বলিয়া রায় প্রদান।

~ مَحَلِّىّ : স্থানীয় প্রশাসন।

~ شَرْعِىّ : শরীআতের বিধান, শরীআত অনুযায়ী প্রদত্ত রায়।

~ بِالإِعْدَام : মৃত্যু দণ্ডাদেশ।

~ بِالإِفْلَاس : দেউলিয়া বলিয়া আদালতের রায়।

~ قَضَائِىّ : আইনানুগ বিচার।

~ الأَقَلِّيَّة : সংখ্যালঘুর শাসন।

الحُكْم الذَّاتِىّ : স্বায়ত্তশাসন।

~ الجُمْهُورِىّ : গণতান্ত্রিক শাসনব্যবস্থা।

~ المُطْلَق : স্বেচ্ছাচারী শাসন প্রণালী।

~ النِّيَابِىّ : প্রতিনিধিত্বমূলক শাসনব্যবস্থা।

حُكْمًا : আইনত, কার্যত।



www.pathagar.com

حَاكِمِيَّة : শাসন-ক্ষমতা; কর্তৃত্ব; সার্বভৌমত্ব।

إِحْكَام : যথার্থতা, যথাযথতা, পরাকাষ্ঠা।

بِالإِحْكَام : সঠিকভাবে, যথাযথভাবে, উত্তমরূপে।

إِسْتِحْكَام : সুদৃঢ়তা, স্থায়িত্ব; সুরক্ষা; দুর্গ।

تَحَكُّم : স্বেচ্ছাচার; শাসন-ক্ষমতা, কর্তৃত্ব, নিয়ন্ত্রণ।

تَحْكِيم : সালিস নিয়োগ; সালিসি।

لَجْنَةُ تَحْكِيمِيَّة، هَيْئَة التَّحْكِيم : সালিসি বোর্ড; বিচারকমণ্ডলী, আম্পায়ার কমিটি।

مُحْكَم : সুদৃঢ়, শক্ত; সঠিক, যথাযথ, নির্ভুল।

مُحْكَم الصُّنْع : সুন্দরভাবে প্রস্তুত, সুগঠিত।

مُحَكَّم : সালিস, আম্পায়ার, রেফারি।

مَحْكَمَة : আদালত, ট্রাইবুনাল, বিচারালয়। ব مَحَاكِم

مَحْكَمَة إِبْتِدَائِيَّة : প্রাথমিক আদালত।

مَحْكَمَة إِسْتِئْنَافِيَّة ,~ الإِسْتِئْنَاف : আপিল-কোর্ট।

~ الثَّوْرَة : বিপ্লবী ট্রাইবুনাল।

~ جُزْئِيَّة : সংক্ষিপ্ত আদালত।

~ الجِنَايَات : ফৌজদারি আদালত।

~ مُخْتَلِطَة : মিশ্র আদালত।

~ شَرْعِيَّة : শরয়ী আদালত।

~ الشَّعْب : গণ-আদালত।

مَحْكَمَة عُرْفِيَّة ,~ عَسْكَرِيَّة সামরিক আদালত।

~ مَدَنِيَّة : সিভিল কোর্ট, বেসামরিক আদালত।

~ المُرُور : ট্রাফিক কোর্ট।

مَحْكَمَةُ النَّقْضِ والإِبْرَام ,~ التَّمْيِيز : সর্বোচ্চ আপিল-কোর্ট।

~ وَطَنِيَّة : স্থানীয় বিচারালয় বা আদালত।

مَحْكُوم : শাসিত, প্রজা।

مَحْكُوم عَلَيْه : নিন্দিত; দণ্ডপ্রাপ্ত।

مُحَاكَمَة : মকদ্দমা পরিচালনের কার্যধারা, বিচার শুনানি।

مُتَحَكِّم : নিয়ন্ত্রক।

مُتَحَكَّم : নিয়ন্ত্রণযোগ্য; নিয়ন্ত্রিত।

مُسْتَحْكَم : সুরক্ষিত; সুদৃঢ়, শক্ত।

حَكَى - : (حِكَايَة) বর্ণনা করা, বলা, বিবরণ দেওয়া; অনুকরণ করা; সদৃশ করা, দৃঢ় করা।

~ عَنْ : উক্তি উদ্ধৃত করা।

~ عَلَى : নিন্দা করা, গীবত করা।

حَاكَى : (محاكية) অনুকরণ করা; সদৃশ করা; অনুরূপ হওয়া।

أَحْكَى عَلَى : (احكاء) পরাভূত করা।

إِحْتَكَى : (احتكاء) দৃঢ় হওয়া।

حَكْي : কথা, বর্ণনা।

حِكَايَة : গল্প, কাহিনী, বর্ণনা, বিবরণ, উক্তি। ব حِكَايَات

حَكَّاء : কাহিনীকার, বিবরণদাতা।

حَكَوَاتِيّ : (সি) জনপ্রিয় গল্পকথক।

حَاكٍ : বর্ণনাকারী; গল্পকথক; ফোনোগ্রাফ, গ্রামোফোন।

حَكِى : নিন্দুক।

مَحْكِيّ : বর্ণিত, কথিত; অনুকরণকৃত।

مُحَاكَاة : অনুকরণ; সাদৃশ্য।

حَلَّ - ُ : (حَلّ) খুলিয়া দেওয়া (গ্রন্থি, জট, পাক); সমাধান করা (সমস্যা, ধাঁধা, জটিলতা); অর্থ ব্যাখ্যা করা; বিশ্লেষণ করা; দ্রবীভূত করা; গলাইয়া ফেলা, পৃথক করা, ভাঙ্গিয়া দেওয়া (সভা, সংস্থা, দল); শিথিল করা, মুক্তি দেওয়া।

~ - ِ : (حَلّ، حُلُول) থামা, যাত্রাবিরতি করা; অবতরণ করা; উপনীত হওয়া; আরম্ভ হওয়া (সময়); নিবাস স্থাপন করা।

~ بِ : অবস্থান করা, নিবাস স্থাপন করা, আপতিত হওয়া, ঘটা (বিপদ)।

~ عَلَى : আগমন করা, আক্রমণ করা; অভিভূত করা।

~ فِي অবস্থান করা, বাস করা।



www.pathagar.com

حَلَّ الجِفْرَ، حَلَّ الرَّمْزَ : সংকেতের অর্থ উদ্ধার করা।

~ المَكْتُوبَ بِالجِفْرِ : সাংকেতিক লেখা সাধারণ ভাষায় অনুবাদ করা।

~ الدَّيْنُ : ঋণ পরিশোধের সময় হওয়া।

~ مَحَلَّهُ : যথাস্থানে থাকা; স্থলাভিসিক্ত হওয়া।

حَلَّ اللَّوْنُ : বিবর্ণ হওয়া, ফ্যাকাশে হওয়া।

~ ـِ : (حِلّ) হালাল হওয়া, বৈধ হওয়া।

~ ـَ ـِ : (حَلَل) দুর্বলপদ হওয়া (ঘোড়া বা উট)।

حَلَّلَ : (تَحْلِيل) বৈধ করা; বৈধ ঘোষণা করা; মূল উপাদানসমূহ পৃথক করা, বিশ্লেষণ করা; ভাঙ্গিয়া দেওয়া; অনুমতি দেওয়া, অনুমোদন করা, অব্যাহতি দেওয়া, প্রায়শ্চিত্ত করা, কাফ্‌ফরা দেওয়া (শপথের); ত্যাগ করা; অবতরণ করা।

أَحَلَّ : (احلال) হালাল করা, বৈধ করা, বৈধ ঘোষণা করা; অনুমতি দেওয়া, অব্যাহতি দেওয়া, স্থাপন করা, প্রতিষ্ঠিত করা, স্থানান্তরিত করা; স্থলাভিষিক্ত করা; বাধ্যবাধকতামুক্ত হওয়া, ইহরাম পরিত্যাগ করা।

~ عَلَى : বাধ্যবাধকতা আরোপ করা।

تَحَلَّلَ : মূল উপাদানে পৃথক হওয়া, ভাঙ্গিয়া যাওয়া; বিলীন হওয়া।

~ مِنْ : নিজেকে মুক্ত রাখা।

تَحَلَّلَ بِهِ السَّفَرُ : ভ্রমণ তাহাকে ক্লান্ত করিল, সে ভ্রমণক্লিষ্ট হইল।

إِنْحَلَّ : (انْحِلال) খুলিয়া যাওয়া (গ্রন্থি), সমাধান হওয়া (সমস্যা); ভাঙ্গিয়া যাওয়া (দল, সংস্থা ইত্যাদি), বিলীন হওয়া; শিথিল হওয়া; মূল উপাদানে পৃথক হওয়া।

إِحْتَلَّ : (احْتِلال) দখল করা, অধিকার করা (অঞ্চল); অবতরণ করা, বসতি স্থাপন করা।

إِسْتَحَلَّ : (اسْتِحْلال) হালাল মনে করা, বৈধ বিবেচনা করা; অন্যায়ভাবে দখল করা।

حَلّ : বন্ধনমুক্তি, মুক্তিদান, অব্যাহতিদান; বিলোপ সাধন, বাতিলকরণ; সমাধান; উপায়; নিষ্পত্তি; বিশ্লেষণ; ক্ষমা।

قَابِلٌ لِلْحَلِّ : সমাধানযোগ্য।

أَهْلُ الحَلِّ والرَّبْطِ، أَهْلُ الحَلِّ والعَقْدِ : প্রভাবশালী, যোগ্য বা ক্ষমতাবান ব্যক্তিবর্গ।

حِلّ : বৈধ, হালাল; 'হরম' এলাকা বহির্ভূত স্থান; ধর্মীয় বিধান; শপথমুক্তি; অবস্থানকারী।

عَلَى الحِلِّ : খাঁটি, নির্ভেজাল।

حَلَل : পায়ের দুর্বলতা, হাঁটুর ব্যথা।

حَلَّة : রান্নার পাত্র, তামার কড়াই; নল-খাগড়ার তৈরি বৃহৎ ঝুড়িবিশেষ। ব حِلَل

حِلَّة : স্টেশন, যাত্রাবিরতি; শিবির, ছাউনি, মহল্লা, লোকালয়। ব حِلَال، حِلَل

حُلَّة : জোড়া পোশাক, পোশাকের সেট, স্যুট। ব حِلَال، حُلَل

حُلَّة رَسْمِيَّة : উর্দি, ইউনিফরম।

حَلَال : বৈধ, হালাল, আইনানুগ, বিধিসম্মত।

إِبْن حَلَال : আইনানুগ সন্তান, ভালো মানুষ।

حَلَّالَة : রেশম পাকাইবার যন্ত্র।

حُلُول : অবতরণ; অবস্থান; আগমন, আবির্ভাব, সূচনা; পরিবর্তন।

حَلِيل : স্বামী। ব أَحِلَّاء

حَلِيلَة : স্ত্রী। ব حَلَائِل

إِحْلَال : হজ্জের অনুষ্ঠানাদি সম্পন্ন করতঃ ইহরাম মুক্ত হওয়া।

~ : ওলানের বাঁটের ছিদ্র। ব أَحَالِيل

إِحْلِيل : দুগ্ধনালী, মূত্রনালী।

إِحْتِلَال : দখল, অধিকার।

جُيُوش الإِحْتِلَال : দখলদার বাহিনী।

إِنْحِلَال : ভাঙন; বিশ্লেষণ; ক্ষয়, বিলোপ; শৈথিল্য।

إِنْحِلَالُ الظَّهْرِ : দুর্বলতা।

تَحَلُّل : ভাঙন; বিলোপ; দূরত্ব।

تَحِلَّة : যদ্দ্বারা মুক্তি লাভ।



www.pathagar.com

بِالتَّحْلِيل : বিস্তারিতভাবে।

تَحْلِيل طَيْفِي : বর্ণভেদ বিশ্লেষণ।

تَحْلِيلُ الْكَلَام : বাক্য বিশ্লেষণ।

~ كَهْرَبَائِي : তড়িৎ বিশ্লেষণ।

~ الْعَوَامِل : কারণ বিশ্লেষণ।

~ وَظِيفِيّ : কর্তব্য বিশ্লেষণ, দায়িত্ব বিশ্লেষণ।

التَّحْلِيل النَّفْسِيّ : মনস্তাত্ত্বিক বিশ্লেষণ।

مَعْمَل التَّحْلِيل : রাসায়নিক বিশ্লেষণাগার।

مَحَلّ : স্থান, কেন্দ্র; স্টেশন; বাসস্থান; ব্যবসাকেন্দ্র; দোকান; লক্ষ্য; গিয়ার (গাড়ির)। ব مَحَلَّات، مَحَالّ

مَحَلُّ الْعَمَل : কর্মস্থল, কর্মক্ষেত্র।

~ الإِقَامَة : বাসস্থান, ঠিকানা।

~ تِجَارِيّ : ব্যবসাকেন্দ্র।

~ رُهُونَات : বন্ধকী কারবারের দোকান।

~ السِّيَاحَة : ট্রাভেল এজেন্সী।

~ مُرَطِّبَات : বিভিন্ন রকম পানীয় বিক্রয়ের দোকান।

مَحَلّ الْمَلَاهِي ،~ اللَّهْو : বিনোদন কেন্দ্র।

~ نِزَاع : বিতর্কের বিষয়।

~ نَظَر : লক্ষ্যস্থল; লক্ষণীয় বস্তু; চিন্তার ক্ষেত্র।

فِي مَحَلِّهِ : তাহার স্থানে, তাহার পরিবর্তে; যথাযথ স্থানে।

فِي غَيْرِ الْمَحَل : অনুপযুক্ত; অনুচিত স্থানে, অপাত্রে।

مَحَلِّيّ : স্থানীয়, দেশীয়।

مَحِلّ : নির্দিষ্ট তারিখ।

مَحَلَّة : সরাই; স্টেশন; শিবির, ছাউনি; অঞ্চল; মহল্লা।

مُحَلِّل : বিশ্লেষক, দ্রাবক।

مَحْلُول : শিথিল; মুক্ত; খোলা, গলিত; মীমাংসিত; বিলীন, বিলুপ্ত।

مَحْلُول الظَّهْر : দুর্বল; নপুংসক।

مُحْتَلّ : অধিকৃত; দখল।

جُيُوش مُحْتَلَّة : দখলদার বাহিনী।

~ مِنْطَقَة : অধিকৃত এলাকা।

حَلَا - َ : (حَلا) আঘাত করা; সুরমা লাগানো; ছাল তোলা।

حَلَا بِهِ الأَرْضَ : সে তাহাকে ভূপাতিত করিল (আছাড় দিয়া)।

~, حَلَا : প্রদান করা।

حَلِئَ - َ : (حَلا) ব্রণে ছাইয়া যাওয়া।

حَلَا : ঠোঁটের ব্রণ।

حَلَاءَة، حُلُوء : এক প্রকার ঔষধজাতীয় সুরমা (দুই পাথরের মাঝে ঘষিয়া চক্ষুতে লাগানো হয়)।

حَلَبَ - ُ : (حِلَاب، حَلَب، حَلْب) দোহন করা, প্রতারণপূর্বক টাকা পয়সা নিয়া যাওয়া।

حَلِبَ - َ : কাল হওয়া।

حَالَبَ : (مُحَالَبَة) এক সঙ্গে দোহন করা; সাহায্য করা।

أَحْلَبَ : (إِحْلَاب) দোহন করিতে দেওয়া; সাহায্য করা।

اِنْحَلَبَ، تَحَلَّبَ : (اِنْحِلَاب) চুয়াইয়া পড়া, ফোঁটায় ফোঁটায় পড়া।

تَحَلَّبَ رِيقِي، تَحَلَّبَ اللُّعَابُ مِنْ فَمِي : আমার মুখের লালা বাহির হইল।

اِحْتَلَبَ : (اِحْتِلَاب) দুগ্ধ দোহন করা।

اِسْتَحْلَبَ : (اِسْتِحْلَاب) দুগ্ধ দোহন করানো, রস নিংড়ানো।

حَلْب : দোহন।

حَلَب : দুধ; খেজুর রসের মদ; আলেপ্পো নগরী (সিরিয়ার)।

حَلْبَة : একবার দোহন; প্রতিযোগিতার ঘোড়া; দৌড়ের পথ, ঘোড়দৌড়ের ময়দান; মল্লভূমি; দফা (খেলায়); নোঙর। ক حَلَائِبُ



www.pathagar.com

حَلْبَةُ الرَّقْصِ : নৃত্যমঞ্চ।

~ السِّبَاقِ : ঘোড়দৌড়ের মাঠ।

الحَلْبَتَانِ : সকাল ও সন্ধ্যা।

حُلْبَة : মেথি; প্রসূতির খাদ্য। ব حُلَبٌ

حَالِب : মূত্রনালী।

حَلُوب، حَلُوبَة : দুগ্ধবতী। ব حُلُبٌ، حَلَائِبُ

حَلِيب : দুধ।

حَلَّاب : দুগ্ধ দোহনকারী, গোয়ালা।

حَلَّابَة : গোয়ালিনী; দুধের গাভী; দুগ্ধবতী।

حِلَابَة : দুগ্ধশিল্প, ডেইরী।

حُلْبُوب : কালো রং।

مَحْلَب : উদ্ভিদবিশেষ, محالب; দুগ্ধ খামার।

مِحْلَب : দুগ্ধ দোহন করিবার পাত্র।

مُحْلَب : কুঁচকি। ব مَحَالِب

مُحْلِب : সাহায্যকারী।

مَحْلَبِيَّة : দুধ ও আটার তৈরি ক্ষীর বিশেষ।

مُسْتَحْلَب : দুগ্ধবৎ নির্যাসবিশেষ, ইমালশন।

مُسْتَحْلَبُ اللَّوْز : বাদাম জাত দুধ।

حُلْبُوب : পারদ।

حَلَبْلُوب، حِلِبْلَاب : চিরহরিৎ লতাবিশেষ।

حَلَتَ – ءِ (حَلْتًا) মুণ্ডন করা (মাথা); উপড়ানো (চুল); পরিশোধ করা (ঋণ); অবস্থান করা (অশ্বপৃষ্ঠে); বেত্রাঘাত করা।

حُلَاتَة : পশমের স্তর।

حَلِيت : বরফ, তুষার; শিলাবৃষ্টি।

حَلْتِيت، حِلِّيت : হিং, হিঙ্গু।

حَلَجَ – ـُ (حَلْج) বিচি ছাড়ানো (তুলার); গোল করা (কেক); পাকানো (দড়ি), ধীরে চলা; বৃষ্টি বর্ষণ করা (মেঘ)।

~ بِ : প্রচার করা।

تَحَلَّجَ : বিদ্যুৎ বিচ্ছুরণ করা (মেঘ)।

تَحَلَّجَ فِي صَدْرِهِ : মনে সন্দেহের সৃষ্টি হওয়া।

حَلْج، حِلَاجَة : বিচি ছাড়ানো (তুলার)।

حَلْجَة : দূরত্ব।

حَلَّاج : যে তুলার বিচি ছাড়ায়।

حَلِيج : বিচি ছাড়ানো (তুলার); বিচি ছাড়ানো হইয়াছে এমন (তুলা)।

مِحْلَاج، مِحْلَجَة، مِحْلَج : তুলার বিচি ছাড়াইবার যন্ত্র। ব مُحَالِج

مِحْلَاج : বেলুন (রুটি বেলিবার)। ব مَحَالِيج

مَحْلَج : তুলার বিচি ছাড়াইবার ঘর। ব مَحَالِج

حَلْحَلَ : স্তম্ভিত করা; বিতাড়িত করা, স্বস্থান হতে অপসারিত করা।

تَحَلْحَلَ : বিচলিত হওয়া; বিতাড়িত হওয়া, স্বস্থান হতে সরিয়া যাওয়া, নড়িয়া যাওয়া।

حُلَاحِل : গোত্রপ্রধান; শক্তিমান। ব حَلَاحِل

حَلَزَ – ـِ (حَلْز) উপড়ানো (চুল); ছাল তোলা (গাছের)।

تَحَلَّزَ : অবস্থান করা; যন্ত্রণাগ্রস্ত হওয়া (হৃদয়)

~ لِ : প্রস্তুত হওয়া।

تَحَالَزَ بِالْكَلَام : কথোপকথন করা।

إِحْتَلَزَ : (احتلاز) পাওনা গ্রহণ করা।

حِلِّز : দুষ্ট প্রকৃতি বিশিষ্ট; খর্বাকৃতি, বেঁটে; কৃপণ। স্ত্রী حِلِّزَة

حِلِّزَة : এক প্রকার শস্যদানা।

حَلَزُون : শামুক, শঙ্খ।

حَلَزُونَة : শামুক; পেঁচ।

حَلَزُونِيّ : পেঁচালো, পাকানো।

سُلَّم حَلَزُونِيّ : লণ্ঠন সিঁড়ি, পেঁচানো সিঁড়ি।

حَلَسَ – ـِ (حَلْس) أَحْلَسَ (احلاس) অবিরাম বৃষ্টিবর্ষণ করা (আকাশ); বস্ত্রাবৃত করা (উট)।

حَلِسَ – ـَ (حَلَس) حَلَّسَ (تحليس) تَحَلَّسَ (بِ) স্থায়ীভাবে থাকা, লাগিয়া থাকা, বসবাস করা।



www.pathagar.com

اِسْتَحْلَفَ، حَلَّفَ : শপথ করানো, দিব্য দেওয়া, সনির্বন্ধ অনুরোধ করা, মিনতি করা।

حَالَفَ : মৈত্রীবদ্ধ হওয়া, জোটবদ্ধ হওয়া।

أَحْلَفَ : (احلاف) শপথ করানো, দিব্য দেওয়া; বয়ঃপ্রাপ্ত হওয়া, সাবালক হওয়া।

تَحَالَفَ : পরস্পর প্রতিশ্রুতিবদ্ধ হওয়া; মৈত্রী গঠন করা, মৈত্রীবদ্ধ হওয়া।

حِلْفَان، حَلَف، حِلْف : শপথ, শপথ গ্রহণ।

حَلْف كَاذِب : মিথ্যা শপথ।

حِلْف : চুক্তি, মৈত্রী, সংঘ, বন্ধুত্ব, মিত্র। ব أَحْلَاف

حِلْف عَسْكَرِيّ : সামরিক মৈত্রী।

الحِلْفُ الأطْلَنْطِيّ ,~ الأطْلَسِي : আটলান্টিক চুক্তি।

~ وَارْسُو : ওয়ারস চুক্তি।

حِلْفُ الفُضُول : রাসূলুল্লাহ (স)-এর যৌবনকালীন মক্কার নেতৃস্থানীয় ফযল নামক ব্যক্তিদের সমন্বয়ে গঠিত একটি জনকল্যাণমূলক সমিতি।

حَلْفَة، حَلْفَاء : আলফা ঘাস, Alfa.

حَلَّاف : শপথ করিতে অভ্যস্ত, শপথপ্রবণ।

حَلُّوف : বন্য শূকর, শূকর। ব حَلَالِيف

حَلِيف : মিত্র, চুক্তিবদ্ধ। ব مُحَالِف، حُلَفَاء

حَلِيف اللِّسَان : বাগ্মী।

ذُوالحُلَيْفَة : মদীনা হইতে মক্কার পথে ছয় মাইল দূরবর্তী একটি স্থান।

تَحْلِيف : দিব্যদান।

لَجْنَة التَّحْلِيف : নির্ণয়ক সভা, জুরি, Jury.

مُحَالَفَة، تَحَالُف : মৈত্রী, সংঘ।

مُحْلِف : অনিশ্চিত।

مُحَلَّف : নির্ণয়ক সভ্য, জুরার, Juror.

هَيْئَة المُحَلَّفِين والمُحَلَّفُون : নির্ণয়ক সভা, জুরি, Jury.

حَالَسَ : সংযুক্ত থাকা; চট ইত্যাদি দ্বারা আবৃত করা (উট)।

أَحْلَسّ : গাছপালায় সবুজ হওয়া (মাটি); অবিরত লাগিয়া থাকা।

إِحْلَسّ : তাম্রবর্ণ হওয়া (ঘোড়া)।

اِسْتَحْلَسَ : (اسْتِحْلَاس) অবিরাম লাগিয়া থাকা; সবুজ হওয়া (ভূমি); মাটি ঢাকিয়া ফেলা (গাছপালা)।

حِلْس : আসক্ত, অভ্যস্ত, সংযুক্ত, জিনের নিম্নস্থ কাপড়; ভিতরের পোশাক, চট, মোটা পশমি কাপড়। ব حُلُوس، أَحْلَاس

أَحْلَاس الخَيْل : অশ্বপৃষ্ঠে সদা অবস্থানকারী ব্যক্তিবর্গ।

~ اللَّهْو : প্রমোদাসক্ত ব্যক্তিবর্গ।

حَلِس : সাহসী; লোভী।

حِلَّاس : আলগা পোশাক।

أَحْلَس : তাম্রবর্ণ বা বাদামি বর্ণের অশ্ব; টাকযুক্ত। স্ত্রী حَلْسَاء

حَلَشَ – ِ : (حَلْش) কর্তন করা (ঘাস)।

حَالُوش : কাস্তে।

حَلَطَ – ِ : (حَلْط)، أَحْلَطَ ক্রুদ্ধ হওয়া; শপথ করা; জেদ করা; ত্বরা করা।

حَلِطَ – َ : (حَلَط)، اِحْتَلَطَ (اِحْتِلَاط) ~ عَلَى ক্রুদ্ধ হওয়া।

أَحْلَطَ : (احلاط) বাগাইয়া তোলা, ক্রোধান্বিত করা।

~ فِي : শপথ গ্রহণ করা।

اِحْتَلَطَ مِنْ : (اِحْتِلَاط) ক্লান্ত হওয়া।

أَحْلَط : টাকযুক্ত ও শ্মশ্রুবিহীন।

حَلَفَ – ِ : (حَلْف) ~ بِ শপথ করা।

حَلَفَ يَمِينًا : শপথ গ্রহণ করা।

~ كَذِبًا : মিথ্যা শপথ করা।



www.pathagar.com

مُحَلَّف : শপথবদ্ধ।

مَحْلُوفَة، مَحْلُوف : শপথ।

مُتَحَالِف : পরস্পর চুক্তিবদ্ধ।

حَلَقَ - : (حَلْق) (চুল) কামানো; গলায় আঘাত করা; জলাধার পরিপূর্ণ করা; অনুমান করা।

حَلِقَ - : (حَلَق) গলায় অসুখ হওয়া।

حَلَّقَ : (تَحْلِيق) (পাখি, উড়োজাহাজ) উড্ডয়ন করা; (বাঁট) দুগ্ধে ভরিয়া উঠা; (চন্দ্র) উজ্জ্বল বলয় দ্বারা বেষ্টিত হওয়া; (চুল) কামানো; গোলাকার করা।

~ عَلَى : বেষ্টন করা।

تَحَلَّقَ : (চন্দ্র) উজ্জ্বল বলয় দ্বারা বেষ্টিত হওয়া; গোল হইয়া বসা, চারিদিক ঘিরিয়া বসা।

حَلْق : গলা, গলনালী; কণ্ঠনালী, খাদ্যনালী; ঘাড়; প্রণালী, উপত্যকা। ব حُلُوق، أَحْلَاق

حَلْقُ الشَّعْرِ : চুল কামানো।

~ الشُّبَّاك : জানালার ফ্রেম।

سَقْفُ الحَلْق : তালু।

حَلَق : আংটি, দুল।

حَلْقَة : আংটি, দুল; বৃত্ত, চক্র, জনমণ্ডলী, মজলিস; আংটা; বকলস; বাজার; দশক। ব حَلَقَات، حَلَق

~ مِنْ سِلْسِلَة : শিকলের আংটা।

~ مِنَ النَّاسِ : জনমণ্ডলী, দল।

~ شُرْب : মদ্যপানোৎসব।

حَلْقَةُ الأَسْمَاك : মৎস্যবাজার।

~ القُطْنِ : তুলার বাজার।

~ النَّجَاة লাইফবয়, Lifebuoy.

حَلْقَة الوَصْلِ ,~ الإتِّصَالِ সংযোগ-সূত্র যোগাযোগ মাধ্যম।

~ دِرَاسِيَّة : টিউটরিয়াল ক্লাস, সেমিনার, পাঠচক্র।

~ الذِّكْرِ : যিকিরের মজলিস।

~ شَعْرٍ : চুলের গুচ্ছ।

الحَلْقَة المَفْقُودَة : হারানো সূত্র।

حَلْقِيّ : কণ্ঠ; কণ্ঠনালী সম্বন্ধীয়;

حَرْفٌ حَلْقِيّ : কণ্ঠবর্ণ।

حَلَقِيّ : বৃত্তাকার; আংটির আকারে গঠিত।

حُلَاق : গলাব্যথা।

حُلَاقَة : ছাগলের ছাঁটা পশম।

حِلَاقَة : মুণ্ডন; ক্ষৌরকর্ম।

صَابُونُ الحِلَاقَة : ক্ষৌরকর্মে ব্যবহার্য সাবান, Shaving soap.

~ قَاعَةُ الحِلَاقَة، صَالُونُ : কেশবিন্যাস সেলুন, ক্ষৌরকর্মের কক্ষ।

~ مَاكِينَة الحِلَاقَة، آلَةُ : নিরাপদ ক্ষুর, Safety razor

~ فُرْشَةُ : শেভিং ব্রাশ।

حَلَّاق : ক্ষৌরকার, কেশবিন্যাসক, নরসুন্দর।

حَلَّاق صِحِّيّ : বৈদ্য।

حَالِق : উঁচু স্থান; উঁচু পর্বত; দুগ্ধপূর্ণ বাঁট। ব حَوَالِق، حُلَّق

حَالِقَة : শোকে মস্তক মুণ্ডনকারিণী; হতভাগ্য ব্যক্তি, খারাপ বৎসর। ব حَوَالِق

حَالُوقَة : ধারালো (তরবারি); কঠোর (মানুষ)।

حَيْلَق، حَوْلَق : দুর্যোগ, দুর্ভাগ্য।

حَلِيق : মুণ্ডিত, কর্তিত, কামানো মস্তক। ব حَلْقَى

تَحْلِيق : উড্ডয়ন; মুণ্ডন।

مِحْلَق : ক্ষুর। ব مَحَالِق

مِحْلَقَة : নিরাপদ ক্ষুর, Sfety razor.

مُحَلِّق : উর্ধ্বে উড্ডয়নকারী; মস্তক মুণ্ডনকারী।

مُحَلِّقَة : উড়ন্ত দুর্গ।

مِحْلَاق : আকর্ষ, লতাতন্তু, Tendril ব مَحَالِيق، مَحَالِق

حَلْقَمَ : (حَلْقَمَة) গলা কাটা।

حُلْقُوم : গলা, গলানালী, খাদ্যনালী। ব حَلَاقِيم

رَاحَةُ الحُلْقُوم : এক প্রকার মিষ্টান্ন।



www.pathagar.com

إِحْلَوْلَكَ (اِسْتِحْلاك) إِسْتَحْلَكَ (حَلَك) : ـَ حَلِكَ গাঢ় কালো হওয়া।

حُلْكَة، حَلَك : গাঢ় কালো রং, গাঢ় অন্ধকার।

مُحْلَوْلِك، حَلْكُوك، حُلْكُوك، حالِك، حَلِك : গাঢ় কালো; ঘোর অস্পষ্ট, অন্ধকারময়।

حَلَمَ : ـُ (حُلْم، حُلُم) বয়ঃপ্রাপ্ত হওয়া, সাবালক হওয়া।

~ ب স্বপ্ন দেখা, গভীর চিন্তা করা।

حَلُمَ : ـُ (حِلْم) ভদ্র হওয়া, কোমল স্বভাব হওয়া, ধৈর্যশীল হওয়া,সহিষ্ণু হওয়া।

حَلَّمَ : (تَحْلِيْم) ধৈর্যশীল করা।

تَحَلَّمَ : সহিষ্ণুতার ভান করা; মিথ্যা স্বপ্ন বর্ণনা করা; বয়ঃপ্রাপ্ত হওয়া, মোটা হওয়া (পশু)।

إِنْحَلَمَ : (اِنْحِلَام) দুঃস্বপ্ন দেখা।

إِحْتَلَمَ : (اِحْتِلَام) দুঃস্বপ্ন দেখা; বয়ঃপ্রাপ্ত হওয়া, সাবালক হওয়া; স্বপ্নদোষ হওয়া।

حِلْم : ধৈর্য-সহিষ্ণুতা, ভদ্রতা; কোমলতা; বুদ্ধি। ব أَحْلَام، حُلُوم

حُلْم : স্বপ্ন। ব أَحْلَام

أَضْغَاثُ أَحْلَام : খারাপ স্বপ্ন, দুঃস্বপ্ন, অলীক স্বপ্ন।

~ عَالَمُ : স্বপ্নরাজ্য, স্বপ্নজগৎ।

صِغَارُ الأَحْلَام : অতি সরল লোক, নিরীহ লোক।

حُلُم : বয়ঃপ্রাপ্তি, সাবালকত্ব।

حَلَمَة : ক্ষুদ্র কীটবিশেষ; পরগাছা; স্তনের বোঁটা। ব حَلَم

حَلَمَةُ الضَرْعِ، حَلَمَةُ الثَدْيِ : স্তনের বোঁটা।

~ الأُذُنِ : কানের লতি।

حَالُوم، حَلُوم : এক প্রকার মিসরীয় পনির।

حَلِيم : ধৈর্যশীল, সহিষ্ণু; নম্র, ভদ্র, কোমলমনা, মোটা উট। ব حُلَمَاء

حَالِم : স্বপ্নময়; স্বপ্নবৎ; স্বপ্ন দ্রষ্টা।

مُحْتَلِم : প্রাপ্তবয়স্ক, বালেগ, সাবালক, বিবাহযোগ্য।

حَلَنْجِي : (মি) প্রতারক।

حَلَا : ـُ حَلُوَ ، حَلِيَ ، ـَ (حُلْوَان ، حَلَاوَة) মিষ্ট হওয়া, সুস্বাদু হওয়া; সুপক্ব হওয়া (ফল)।

حَلَا : ـُ (حَلْو ، حُلْوَان) পণের বিনিময়ে বিবাহ দেওয়া।

~ : (حَلْو) প্রদান করা (বখশিশ)।

حَلِيَ - ـِ : অলঙ্কৃত করা, শোভিত কর।

حَلِيَ : ـَ (حَلْي) ভূষিত হওয়া, সজ্জিত হওয়া।

~ (ب) : আনন্দদায়ক হওয়া (মনে), মনোরম লাগা (চোখে); চিত্তাকর্ষক হওয়া।

حَلَّى : মধুর করা; মিষ্ট করা; মনোজ্ঞ করা; শোভিত করা, সজ্জিত করা, ভূষিত করা।

حَالَى : সহৃদয়তা প্রদর্শন করা।

أَحْلَى : মধুর বা মনোজ্ঞ পাওয়া; মধুর বা মনোজ্ঞ করা।

تَحَلَّى : সজ্জিত হওয়া, অলঙ্কৃত হওয়া; মধুর বা মনোজ্ঞ পাওয়া।

تَحَالَى : নম্রতা দেখানো, সহৃদ্যতা প্রদর্শন করা।

إِحْلَوْلَى : (اِسْتِحْلَاء) মধুর হওয়া, মনোজ্ঞ হওয়া, মধুর বা মনোজ্ঞ পাওয়া।

إِسْتَحْلَى : মধুর বা মনোজ্ঞ পাওয়া, পছন্দ করা; আনন্দিত হওয়া।

حَلاً : মধুরতা।

حُلْو : মিষ্ট, সুস্বাদু; মধুর, মনোহর, সুন্দর, চমৎকার।

حَلْوَاء، حَلْوَى : মিষ্টান্ন, হালুয়া। ব حَلْوَيَات، حَلَاوَى

يُبَاعُ كَالحَلَاوَى : মিষ্টান্নের ন্যায় বিক্রি হইতেছে; প্রচুর কাটতি হইতেছে।

حَلَاوِيّ، حُلْوَانِيّ، حَلْوَانِيّ، حَلْوَانِيّ : মিষ্টান্ন বিক্রেতা, মিষ্টিওয়ালা।



www.pathagar.com

حُلْوَان : বখশিশ, দান, উপহার; কায়রোর দক্ষিণে অবস্থিত মিসরীয় শহর।

حَلَاوَة : মিষ্টতা, মাধুর্য; মিষ্টান্ন; বখশিশ; মুক্তিপণ।

حَلْى : গহনা। ব حُلِيّ

حَلِيّ : মিষ্ট, সদয়।

حِلْيَة : অলংকার। ব حُلًى، حِلًى

تَحْلِيَة : অলঙ্করণ, ভূষিত করণ; মিষ্টকরণ।

مُحَلًّى : অলঙ্কৃত, ভূষিত, সজ্জিত।

حَـمَّ ـُ ـَ : (حَـمّ) গরম করা; সম্মুখে তাড়াইয়া নেওয়া (পশু); ব্যস্ত রাখা; গলান (চর্বি)।

~ ـَ ـُ : (حَمَم) কৃষ্ণবর্ণ হওয়া, গরম হওয়া।

حُمَّ : জ্বরাগ্রস্ত হওয়া, জ্বরাক্রান্ত হওয়া; নির্ধারিত হওয়া।

حَمَّمَ : (تَحْمِيم) গরম করা; ধৌত করা, গোসল করানো; গজানো (দাড়ি, চুল, চারা); কালো করা (চেহারা)।

حَامَّ : (حمام) নিকটে গিয়া বলা; অন্বেষণ করা।

أَحَمَّ : (احمام) গরম করা; কালো করা (চেহারা); আসন্ন হওয়া (ঘটনা); উষ্ণ হওয়া (দেশ) ঠাণ্ডা পানি দ্বারা গোসল করা।

تَحَمَّمَ : কালো হওয়া; গোসল করা।

إِحْتَمَّ : (اِحْتِمَام) উদ্বিগ্ন হওয়া; নিদ্রাহীন হওয়া (চোখ)।

إِسْتَحَمَّ : (اِسْتِحْمَام) গোসল করা, ঘর্মাক্ত হওয়া।

حَمّ : প্রচণ্ড উত্তাপ।

حُمّ : প্রধান অংশ।

حُمَة : কাঁটা (حمى)।

حَمَّة : উষ্ণ ঝরনা, উষ্ণ প্রস্রবণ।

حِمَّة : ঘাম; মৃত্যু।

حُمَّة : কালো রং; জ্বর; তাপ; বিষ; আল্লাহর বিধান।

حُمَم : কয়লা; ভস্মলাভা; অঙ্গার।

حُمَّى : (স্ত্রী) জ্বর; জ্বরের তাপ। ব حُمَيَّات

حُمَّى نَافِضَة، حُمَّى بَارِدَة : পালাজ্বর, কম্পজ্বর।

~ إِنْتِهَابِيَّة : প্রদাহজনিত জ্বর।

~ خَبِيثَة : দুষ্টজ্বর, মারাত্মক জ্বর।

~ الدِّقّ : ক্ষয়জ্বর, যক্ষ্মা-জ্বর।

~ الرِّبْع : প্রতি চতুর্থ দিবসে সংঘটিত জ্বর।

~ الغِبّ : ত্র্যহিক জ্বর।

~ الوِرْد : প্রাত্যহিক জ্বর।

~ القَشّ : তৃণাদির পরাগ বা ধূলি নাকে যাওয়ার ফলে সৃষ্ট রোগবিশেষ, Hay-fever.

~ الملاريا : ম্যালেরিয়া জ্বর।

الحُمَّى المَعَوِيَّة، الحُمَّى التِيفُودِيَّة، الحُمَّى التِيفِيَّة : টাইফয়েড জ্বর, বাতশ্লেষ্মা জ্বর।

~ الرَّاجِعَة : ফিরতি জ্বর।

حُمَّى مُسْتَدِيمَة، حُمَّى مُطْبِقَة ,حُمَّى مُرْدِم অবিরাম জ্বর।

الحُمَّى المُتَرَدِّدَة : সবিরাম জ্বর।

~ المُتَقَطِّعَة : পুনরাবর্তিত জ্বর।

الحُمَّى الصَّفْرَاوِيَّة ,~ الصَّفْرَاء পাণ্ডু জ্বর, yellow fever.

~ العَفِنَة : পচা জ্বর, Septic fever.

~ الفَحْمِيَّة : বিস্ফোটক জ্বর, Anthrax.

~ القِرْمِزِيَّة : হাম জ্বরবিশেষ, Scarlet fever.

حُمَّى النِفَاس ,~ النِفَاسِيَّة : সূতিকা জ্বর।

ضِدَ الحُمَّى : জ্বর নিরোধক।

حَمَام : কবুতর, ঘুঘু। ব حَمَائِم، حَمَامَات

حِمَام : নিয়তি, মৃত্যু।

حُمَام : ঘোড়া বা উটের জ্বর।

حَمَامَة : কবুতর, ঘুঘু; বক্ষের মধ্যস্থল; সুন্দরী নারী।



www.pathagar.com

حَمَّام : বাথরুম, গোসলখানা; সুইমিংপুল। ব حَمَّامَات

حَمَّامُ بُخَار : বাষ্পস্নান।

حَمَّام حَافّ، حَمَّام شَمْس : সূর্যস্নান।

~ سِبَاحَة : সাঁতার কাটার জলাশয়, Swimming-pool.

حَمِيم : গরম পানি; ঘাম।

~ : ঘনিষ্ঠ, অন্তরঙ্গ; ঘনিষ্ঠ বন্ধু; আত্মীয়। ব أَحِمَّاء

أَحَمّ : কালো। স্ত্রী حَمَّاء ব حُمّ

إِسْتِحْمَام : গোসল করা।

مِحَمّ : পানি ফুটাইবার পাত্র।

مَحْمُوم : উত্তপ্ত; জ্বরাগ্রস্ত, জ্বরাক্রান্ত; ক্রোধান্ধ।

حَمَا : ـَ : (حَمًا) পরিষ্কার করা (কূপ)।

حَمِئَ : ـَ : (حَمَأ، حَمْأ) কর্দমাক্ত হওয়া (পানি)।

~ عَلَى : ক্রোধান্বিত হওয়া।

أَحْمَأَ : (احماء) মাটি নিক্ষেপ করা (কূপে)।

حَمْأَة، حَمَأ : ক্লেদ।

حَمِيء، حَمِئ : পঙ্কিল, কর্দমাক্ত।

حَمَاة : (حمو) শাশুড়ি।

حَمِتَ : ـَ : (حَمَت) বাসি হওয়া, পচিয়া যাওয়া (আখরোট)।

حَمُتَ : ـُ : (حُمُوتَة) অত্যন্ত গরম হওয়া (দিন)।

تَحَمَّتَ : স্বচ্ছ হওয়া, খাঁটি হওয়া (রঙ)।

حَمْت : গরম (দিন); অত্যন্ত মিষ্ট (খেজুর)

حَمِيت : দৃঢ়; তীব্র (ক্রোধ); মিষ্ট (খেজুর)।

حَمَّجَ : কোটরাগত হওয়া (চক্ষু); ক্রোধ ইত্যাদিতে পরিবর্তিত হওয়া (চেহারা); তীক্ষ্ণ দৃষ্টিতে তাকানো; দৃষ্টি ফিরানো।

حَمُوج : অল্পবয়সী হরিণবিশেষ।

تَحَمْحَمَ، حَمْحَمَ : হ্রেষা ধ্বনি করা (ঘোড়া)।

حَمْحَمَة : হ্রেষা ধ্বনি।

حَمَاحِم : সুগন্ধময় সুমিষ্ট উদ্ভিদ-বিশেষ, Sweet basil.

حَمِدَ : ـَ : (مَحْمَد، حَمْد) প্রশংসা করা, শোকর করা, ধন্যবাদ দেওয়া।

~ عَلَى : প্রতিদান দেওয়া।

حَمَّدَ : (تَحْمِيد) ভূয়সী প্রশংসা করা।

أَحْمَدَ : (إِحْمَاد) প্রশংসাযোগ্য হওয়া; প্রশংসাযোগ্য পাওয়া; প্রশংসা অর্জন করা।

تَحَمَّدَ : প্রশংসার ভান করা; আত্ম-প্রশংসা করা।

تَحَامَدَ : একে অন্যের নিকট প্রশংসা করা।

إِسْتَحْمَدَ : (اِسْتِحْمَاد) কৃতজ্ঞতা জ্ঞাপন করিতে বলা।

حَمْد : প্রশংসা; শোকর; ধন্যবাদ; প্রশংসিত।

اَلْحَمْدُ لِلّٰه : সকল প্রশংসা আল্লাহর জন্য নিবেদিত।

حُمَاد : লক্ষ্য; ঐকান্তিক চেষ্টা।

حَمَّاد : অধিক প্রশংসাকারী।

حَمُود : প্রশংসাযোগ্য, প্রশংসনীয়; প্রশংসিত।

حَمِيد : প্রশংসাযোগ্য, প্রশংসনীয়; প্রশংসিত; মারাত্মক নয় এমন (রোগ)।

حَامِد : প্রশংসাকারী; কৃতজ্ঞ।

أَحْمَد : অধিকতর প্রশংসনীয়; মুহাম্মদ (স)-এর অপর নাম।

مَحْمَدَة : ব مَحَامِد প্রশংসনীয় কাজ; প্রশংসা।

مُحَمَّد : বহুল প্রশংসিত; প্রশংসনীয়; মহানবী (স)-এর নাম।

مَحْمُود : প্রশংসিত; প্রশংসনীয়, প্রশংসাযোগ্য।

حمدل : "اَلْحَمْدُ لِلّٰه" (সকল প্রশংসা আল্লাহর)—এই উক্তি উচ্চারণ করা।

حَمْدَلَة "اَلْحَمْدُ لِلّٰه" : (সকল প্রশংসা আল্লাহর)—এই উক্তি।



www.pathagar.com

حَمَرَ - ُ : (حَمْر) চামড়া ছাড়ানো; ছাল তোলা; মুণ্ডন করা (মাথার চুল)।

حَمِرَ - َ (حَمَر) : অধিক ভোজনে অসুস্থ হওয়া (ঘোড়া); অধঃপতিত হওয়া।

~ عَلَى : ক্রোধে জ্বলিয়া ওঠা।

حَمَّرَ : (تحمير) চামড়া ছাড়ানো; কাটিয়া টুকরো টুকরো করা; লাল রঙ-এ রঞ্জিত করা; ভাজা, ঝলসাইয়া পাক করা; গাধা আখ্যায়িত করা; ক্লান্ত ঘোড়ায় আরোহণ করা, হিময়ারি ভাষায় কথা বলা।

تَحَمَّرَ : হিময়ারি বলিয়া ভান করা।

تَحَمْيَرَ : হিময়ারি উপভাষা বলা।

إِحْمَرَّ : (احمرار) লাল হওয়া, লাল রং ধারণ করা; তীব্র হওয়া (যুদ্ধ)।

إِحْمَارَّ : (احميرار) আকস্মিকভাবে লাল হওয়া।

حَمَر : অধিক ভোজন বা দীর্ঘ পিপাসাজনিত প্রদাহ (অশ্বের)।

حُمَر : তেঁতুল; আসফাল্ট, asphalt; লাল মাথা বিশিষ্ট চড়ুই।

حَمْرَة : বাতবিসর্পরোগ, Erysipelas.

حُمْرَة : লাল রং; ইটের গুঁড়া; বাতবিসর্পরোগ, Erysipelas.

صبغة حُمْرَة : অধর-রঞ্জনী, Lipstick.

حِمَار : গাধা; বাহনের সম্মুখস্থ কাষ্ঠ যাহা আরোহী ধরিয়া বসে; যে কাষ্ঠখণ্ডের উপর রাখিয়া লৌহ ধারালো করা হয়। ব حُمُور، أَحْمِرَة، حُمُر، حَمِير

حِمَار وَحْشِيّ، حِمَارُ الوَحْش : বন্য গাধা।

~ الزَّرَد : জেব্রা।

حِمَارَة : গাধী; বৃহৎ প্রস্তর খণ্ড; সমাধির উপর স্থাপিত স্মৃতি প্রস্তর। ব حَمَائِر

حَمَّار : গাধা-চালক।

حَمَّارَة : তীব্রতা।

حُمُور، حَمَار : লাল রং।

حِمْيَر : হিময়ার; ইয়ামানের প্রাচীন গোত্রবিশেষ।

حُمَيْرَة : হাম।

حُمَيْرَاء : গৌরবর্ণের সুন্দরী, হযরত আয়েশা সিদ্দীকার (রা) উপাধি।

أَحْمَر : লাল, রক্তিম; রক্তবর্ণ, রক্তরাঙা গোলাপি; পাটলবর্ণ, Pink. স্ত্রী حَمْرَاء ব حُمْر

الأَحْمَر و الأَبْيَض : লাল ও সাদা; স্বর্ণ ও রৌপ্য।

الأَسْوَد والأَحْمَر : কালো ও লাল; গোটা মানবজাতি।

الأَحْمَرَان : দুই লাল; গোশ্‌ত ও মদ; স্বর্ণ ও জাফরান।

دُونَ الأَحْمَر، تَحْتَ الأَحْمَر : লালচে, infrared.

~ البَحْر : লোহিত সাগর।

~ الصَّلِيب : রেডক্রস।

~ الموت : রক্তাক্ত মৃত্যু।

أَحْمَر الشَّفَايِف، أَحْمَر الشِّفَاه : অধর রঞ্জনী; Lipstick.

حَمْرَاء : উদ্ভিদের রোগবিশেষ, দুর্ভিক্ষের বৎসর, আকাল।

الحَمْرَاء : লালকেল্লা, গ্রানাডার আল-হামরা প্রাসাদ।

مُحَمَّر : ভাজা, ঝলসাইয়া রান্না করা হইয়াছে এমন।

يَحْمُور : লাল মৃগবিশেষ; বন্যগাধা; রক্তের লাল কণিকার রং, Hemoglobin.

حَمْرَقَ : তুচ্ছ আপত্তি করা; অসঙ্গত কারণে খুঁত ধরা।

حَمَزَ - ِ : (حَمْز) ঝাঁঝ লাগা (জিহ্বায়); শাণিত করা, অন্তরে ছাপ রাখা, মনে প্রভাব বিস্তার করা (কথা)।

حَمُزَ - ُ : (حَمَازَة) শক্ত হওয়া, পুরু হওয়া।

حَمْز : তিক্ততা, উগ্রতা, ঝাঁঝ।

حَمُوز : পরিপাকশক্তি বর্ধক ভেষজ; নাছোড়বান্দা।



www.pathagar.com

حَامِز : কটু, উগ্র, তিক্ত, টক (স্বাদ)।

حَامِزُ الْفُؤَاد : হালকামনা, রসিক।

حَمَسَ ـُ : (حَمْس) উত্তেজিত করা; ভুনা করা (গোশত)।

حَمِسَ ـَ : (حَمَس) কঠোর হওয়া, সুদৃঢ় হওয়া।

~ : (حَمَاسَة) সাহসী হওয়া, উৎসাহী হওয়া, উদ্যমশীল হওয়া।

حَمَّسَ : (تَحْمِيْس)، أَحْمَسَ، (إِحْمَاس) উত্তেজিত করা; উৎসাহিত করা; উত্তপ্ত করা।

تَحَمَّسَ : উৎসাহিত হওয়া, আগ্রহান্বিত হওয়া, উত্তেজিত হওয়া; কঠোরতার ভান করা, কঠোরতার সহিত কাজ করা; আত্মরক্ষা করা।

تَحَامَسَ : শ্রেষ্ঠত্বের প্রতিযোগিতা করা।

إِحْمَوْمَسَ : ক্রুদ্ধ হওয়া।

حَمِس، أَحْمَس : উৎসাহী, আগ্রহী, কঠোর সুদৃঢ়; সাহসী।

حَمَسَة : কচ্ছপ। ব حَمَس

حَمَاس، تَحَمُّس : উৎসাহ, আগ্রহ।

حَمَاسَة : উৎসাহ, আগ্রহ, আবেগ, সাহস, বীরত্ব, বীরগাথা।

حَمَاسِي، مُحَمِّس : আবেগময়; উত্তেজনাকর।

حَمِيس : সাহসী; উৎসাহী।

مُتَحَمِّس : উত্তেজিত; উৎসাহী, আগ্রহশীল; অনুসারী, ভক্ত।

حَمَشَ ـُ : (حَمْش) উত্তেজিত করা, ক্রোধান্বিত করা, উত্ত্যক্ত করা; দগ্ধ করা, ঝলসানো (রান্না ইত্যাদি)।

حَمِشَ ـَ : (حَمْش، حَمْشَة) সরু হওয়া (পা); রাগান্বিত হওয়া; তীব্র হওয়া (যুদ্ধ)।

~ : (حَمْش، حَمَش) সরু পা-বিশিষ্ট হওয়া (মানুষ)।

حَمُشَ ـُ : (حُمُوشَة) সরু হওয়া (পা)।

حَمَّشَ : (تَحْمِيْش) একত্রিত করা; জাগ্রত করা; উত্তেজিত করা; রাগান্বিত করা; ইন্ধন যোগানো (আগুনে), আগুনে গলানো (চর্বি)।

تَحَمَّشَ : রাগান্বিত হওয়া।

إِسْتَحْمَشَ : (اِسْتِحْمَاش) রাগান্বিত হওয়া; সরু হওয়া, পাতলা হওয়া।

حَمْش، أَحْمَش : সরু পা-বিশিষ্ট।

حَمْشُ الْخِلْقَة : হালকা গড়নবিশিষ্ট।

حَمْشَة : পশুর অন্ত্র দ্বারা প্রস্তুত তন্তু।

حَمِيش : গলিত চর্বি।

حَمَصَ ـُ : (حَمْص، حُمُوص) কমিয়া যাওয়া (আঘাতের ফুলা); ফুলা কমাইয়া দেওয়া; দোলন বন্ধ করা; শান্ত করা; উৎপাটন করা (খড়)।

حَمَّصَ : (تَحْمِيْص) ভাজা করা, সেঁকা দেওয়া।

تَحَمَّصَ : সংকুচিত হওয়া; শুকাইয়া কুঁচকাইয়া যাওয়া (গোশত)।

إِنْحَمَصَ : (اِنْحِمَاص) কমিয়া যাওয়া (ফুলা); কৃশ হওয়া, দুর্বল হওয়া (উষ্ট্রী)।

حِمْص : মধ্য সিরিয়ার একটি নগরী (Emesa)।

حِمَّص، حِمِّص، حُمَّص : মটরশুটি, মটরকলাই, মিসরীয় حَبَّةُ الأَخْضَر।

حُمْصَة : অস্ত্র চিকিৎসাকালে দগ্ধ করিবার বা ঝলসাইবার জন্য উত্তপ্ত লৌহশলাকা, Cautery.

حَمِيص : যাহার মেদস্ফীতি বন্ধ হইয়াছে।

مُحَمَّص : ভর্জিত, সেঁকা।

مِحْمَصَة : শস্যাদি ভাজিবার উপকরণ।

حَمَضَ ـُ : (حَمْض) حَمِضَ ـَ (حَمَض) حَمُضَ ـُ (حُمُوضَة) টক হওয়া।

ـُ : (حَمْض) ~ عَنْ অপছন্দ করা।



www.pathagar.com

~ ب : কামনা করা।

حَمَّضَ : (تَحْمِيْض) টক করা, অম্ল করা; রাসায়নিক দ্রব্যের সাহায্যে উজ্জ্বল করা (ফটো), To develop a film.

حَمَّضَ اللَّبَنُ : দুধ দধি বা ছানায় পরিণত হওয়া।

أَحْمَضَ : (إحْمَاض) টক করা।

حَمْض : অম্ল সোডা। ব حُمُوض، أَحْمَاض

حَمْضَة : একান্ত কামনা।

حُمُوضَة : অম্লতা, তিক্ততা।

مُوَلِّد الحُمُوضَة : অম্লযান, অক্সিজেন।

حُمَّيض، حُمَّاض : টক পালংশাক।

حُمَيْض : ঈষদম্ল।

حَامِض : টক, অম্ল। জামির, এসিড। ব حَوَامِضَ

حَامِضُ اللَّيْمُون : জাম্বীর এসিড, Citric acid.

~ الفُؤَاد : দুষ্ট হৃদয়।

حَمْض الكِبْرِيت ,~ الكِبْرِيت সাল্‌ফারিক এসিড (Sulpharic acid).

مُحَمَّض : অম্লকৃত।

حَمَطَ - : (حَمْط) চামড়া খসাইয়া ফেলা, ছাল খুলিয়া ফেলা।

حَمَّطَ : (تَحْمِيْط) ছায়ার জন্য বৃক্ষ-রোপণ করা; কমানো; মৃদু আঘাত করা।

حَمَاط : ডুমুর।

حَمَاطَة : অন্তরের অন্তস্তল; খড়; গলার জ্বলন।

حَمِقَ - حَمُقَ - (حَمَاقَة، حُمْق، حُمُق) বোকা হওয়া, আহমক হওয়া, নির্বোধ হওয়া; ক্রুদ্ধ হওয়া।

حَمَّقَ، تَحْمِيْق، أَحْمَقَ، (إحْمَاق) : নির্বুদ্ধিতা আরোপ করা, বোকা বিবেচনা করা, নির্বোধ মনে করা।

مَا أَحْمَقَ الرَّجُل : লোকটি কত বোকা।

أَحْمَقَتِ المَرْأَة : মেয়েলোকটি একটি নির্বোধ সন্তান জন্ম দিয়াছে।

تَحَامَقَ : নির্বোধ সাজা।

إِنْحَمَقَ : (إنْحِمَاق) নির্বোধ হওয়া; বোকার ন্যায় কাজ করা; ক্রুদ্ধ হওয়া, হীনবল হওয়া; মন্দা হওয়া (বাজার)।

إِسْتَحْمَقَ : (إسْتِحْمَاق) নির্বোধ মনে করা, বোকা বিবেচনা করা।

حَمَاقَة، حُمْق : বোকামি, নির্বুদ্ধিতা; ক্রোধ।

حَمِقِيّ : স্পর্শকাতর, খিটখিটে।

حُمَاق : রোগ।

أَحْمَق : বোকা, নির্বোধ, আহ্‌মক, কোপনস্বভাব। স্ত্রী حَمْقَاء ব حُمُق، حَمْقَى، حَمَاقَى

حَمْقَان : রাগী, কোপনস্বভাব।

أُحْمُوقَة : নির্বোধ কাজ।

مَحْمُوق : বসন্তে আক্রান্ত।

حَمَكَ - : (حَمْك) পথ দেখাইয়া লইয়া যাওয়া।

حَمَك : ক্ষুদ্র বস্তু; উকুন; প্রদীপ; নিকৃষ্ট লোক; সুগন্ধি দ্রব্য; পথপ্রদর্শক।

حَمَلَ - : (حَمْل) বহন করা, লইয়া যাওয়া, উঠাইয়া লওয়া, সহ্য করা; ধারণ করা; মুখস্থ করা (বই); বর্ণনা করা (হাদীস); আরোপ করা, চাপাইয়া দেওয়া; ব্যক্ত করা, লালন করা, পোষণ করা (বিশেষ অনুভূতি)।

~ عَلَى : ঘটানো, ত্বরান্বিত করা, উত্তেজিত করা, আক্রমণ করা; আরোপ করা, চাপাইয়া দেওয়া, আরোহণ করানো; সম্পৃক্ত করা; অনুসরণ করা।

حَمَلَ عَلَى عَاتِقِهِ : নিজের ঘাড়ে দায়িত্ব লওয়া।

~ عَنْ : ভারমুক্ত করা, দায়িত্বমুক্ত করা; অব্যাহতি দেওয়া; সহিষ্ণু হওয়া।

حَمَلَ الشَّجَرُ : ফলবান হওয়া (বৃক্ষ)।

حَمَلَتِ الأُنْثَى : গর্ভবতী হওয়া (নারী)



www.pathagar.com

حَرْبِيَّة ~ : সামরিক অভিযান।

اِسْتِكْشَافِيَّة ~ : পরীক্ষামূলক আক্রমণ, পর্যবেক্ষণমূলক অভিযান।

مِيكَانِيكِيَّة ~ : মোটরযান সজ্জিত সেনাদল।

اِنْتِخَابِيَّة ~ : নির্বাচনী অভিযান।

تَطْهِير ~ : শুদ্ধি অভিযান।

حُمْلَة : পরিবহন।

حُمْلَان : মুটের মজুরি; ভারবাহী পশু।

حَمَلِيّ : পানির ফেরিওয়ালা।

حَمَال : ঋণ; দায়িত্ব; কর। ব حُمُل

حِمَالَة : বহন, মুটেগিরি। ব حُمَائِل

حَمَّال : মুটে; বাহক। স্ত্রী حَمَّالَة

حَمَّالَة : খুঁটি, স্তম্ভ; ঠেকনা; বন্ধনী।

حَمَّالَةُ الْحَطَبِ : লাকড়ি বহনকারিণী, আবু লাহাবের স্ত্রীর উপাধি।

حَمَّالَةُ الصَّدْرِ : বক্ষবন্ধনী, Brassiere.

حَمُول : কষ্টসহিষ্ণু, ধৈর্যশীল, বিনম্র।

حَمُولُ الْبَحْرِ : সাগর-শৈবাল।

حُمُولَة : বোঝা, মাল; বহন-ক্ষমতা; বহনমূল্য।

~ : পরিবার। ব حَمَائِل

حَمُولَة : ভারবাহী পশু।

حَمِيل : বহনকৃত; আগন্তুক; জামিনদার, কুড়াইয়া পাওয়া শিশু; গর্ভস্থ সন্তান, ভ্রূণ।

حَمِيلَة : বোঝা; নির্ভরশীল।

حَامِل : মুটে; বাহক, ধারক; অধিকারী; আক্রমণকারী। ব حَمَلَة

~، حَامِلَة : গর্ভবতী। ব حَوَامِل

حَامِلَة : ঝুড়ি, তাক। ব حَامِلَات

حَامِلَةُ طَائِرَات : বিমানবাহী জাহাজ।

قَنَابِل ~ : বোমারু বিমান।

حَمَّلَهُ عَلَى مَحْمَلِهِ : সে ইহার সঠিক ব্যাখ্যা দিয়াছে।

عَلَى غَيْرِ مَحْمَلِهِ ~ : সে ইহার অপব্যাখ্যা দিয়াছে।

حَمَّلَ : (تَحْمِيل) বোঝা চাপাইয়া দেওয়া, দায়িত্ব অর্পণ করা।

حَمَّلَ فَوْقَ الطَّاقَة : অতিরিক্ত বোঝা চাপানো।

حَامَلَ : (مُحَامَلَة) বহন করিতে সাহায্য করা, পুরস্কার দেওয়া।

أَحْمَلَ : (إِحْمَال) বহন করিতে সাহায্য করা।

تَحَمَّلَ : বহন করা; দায়িত্ব লওয়া; সহ্য করা; ভোগ করা; যাত্রা করা; প্রতিরোধ করা।

تَحَامَلَ ~ عَلَى : চাপ প্রয়োগ করা, অন্যায় আচরণ করা, নির্যাতন করা, যুলুম করা।

إِنْحَمَلَ : (إِنْحِمَال) ~ عَلَى প্ররোচিত করা।

إِحْتَمَلَ : (إِحْتِمَال) বহন করা, লইয়া যাওয়া; সহ্য করা, ধারণ করা, ক্ষমতা রাখা; দ্ব্যর্থবোধক হওয়া; সম্ভাবনাময় হওয়া।

يُحْتَمَل : বহনযোগ্য, সহনীয়, সম্ভাব্য।

لَا يُحْتَمَل : অসহনীয়, অসম্ভাব্য।

إِسْتَحْمَلَ : (إِسْتِحْمَال) বহন করিতে সক্ষম হওয়া, বহন করিতে বলা।

حَمْل : বহন; সহন; ধারণ; আরোপণ; প্ররোচন; বহনমূল্য।

~ : গর্ভ, ভ্রূণ। ব حِمَال، أَحْمَال

حِمْل : বোঝা, মাল। ব أَحْمَال

~ : শিবিকা, পালকি, জিন পরিহিত উট। ব حُمُول

حَمَل : মেষশাবক; ভারী মেঘ। ব أَحْمَال، حُمْلَان

الْحَمَل : মেষরাশি।

حَمْلَة : আক্রমণ; অভিযান।

حَمْلَة تَأْدِيبِيَّة : শান্তিমূলক অভিযান।



www.pathagar.com

إِحْتِمَال : বহন, সহন; ধৈর্য; ভোগ; সম্ভাবনা, সম্ভাব্যতা; স্থায়িত্ব, দৃঢ়তা।

تَحَمُّل : ভারগ্রহণ; ধৈর্য, সহ্য, দৃঢ়তা, শক্তি; দায়িত্ব।

مَحْمِل : শিবিকা; পালকি; মৃতের খাটিয়া; ঝুড়ি। ব مَحَامِل

مَحْمَل : হাজীদের কাফেলা। ব مَحَامِل

مُحَمَّل : বোঝাইকৃত; ভারাক্রান্ত।

مَحْمُول : বহনকৃত, আরোপিত, বহনযোগ্য; মাল; বহন ক্ষমতা; বিধেয় (তর্কশাস্ত্র)

مَحْمُول عَلَيْه : উদ্দেশ্য (তর্কশাস্ত্র)।

مُحْتَمَل : বহনযোগ্য; সম্ভাব্য।

أَمْر مُحْتَمَل : সম্ভাব্য কাজ, সম্ভাব্য বিষয়।

مِن الْمُحْتَمَل : সম্ভবত।

حَمْلَجَ : (حَمْلَجَة) শক্ত করিয়া পাকানো (দড়ি)।

حِمْلَاج : হাপর, যাঁতা, ভিস্তি, মশক।

حَمْلَقَ : (حَمْلَقَة) স্থিরদৃষ্টিতে তাকাইয়া থাকা, তীব্রদৃষ্টি নিক্ষেপ করা।

حُمْلُوق، حُمْلَاق : চোখের পাতার অভ্যন্তর। ব حَمَالِيق

حِمْلَايَا : হিমালয়।

حَمُو، حَمْو، حَمًا، حَم : শ্বশুর, দেবর, ভাসুর। ব أَحْمَاء

حَمَاة : শাশুড়ি, ননদ। ব حَمَوَات

حُمُوّ، حَمْو : তাপ, তীব্র উত্তাপ।

حَمْو النِّيل : ঘামাচি।

حُمَة : হুল, কাঁটা। ব حُمًى، حُمَات

حَمَاوَة : উত্তাপ।

حَمَى - : (حِمَايَة، حِمْيَة، حَمْي) রক্ষা করা, প্রতিরক্ষা করা, প্রহরা দেওয়া, আশ্রয় দেওয়া; উত্তপ্ত করা।

حَمَى الْمَرِيض : রোগীকে ক্ষতিকর খাদ্য হইতে নিবৃত্ত করা।

حَمِيَ - : (مَحْمِيَّة، حَمِيَّة) مِنْ ~ ঘৃণা করা।

~ : (حُمَيًّا، حُمُوّ، حَمْي) গরম হওয়া, উত্তপ্ত হওয়া।

~ عَلَى : ক্রুদ্ধ হওয়া।

حَمَّى : (تَحْمِيَة) গরম করা; উত্তপ্ত করা, প্রজ্বলিত করা, উত্তেজিত করা; ধৌত করা।

حَامَى : (مُحَامَاة) ~ عَنْ প্রতিরক্ষা করা; সাহায্য করা, পক্ষ সমর্থন করা।

حَامَى عَلَى ضَيْفِه : সে তাহার অতিথিকে অভ্যর্থনা জানাইল।

أَحْمَى : (احماء) গরম করা; অগম্য করা (স্থান)।

إِحْتَمَى، تَحَمَّى : (إِحْتِمَاء) مِنْ ~ বিরত থাকা, আত্মরক্ষা করা, আশ্রয় লওয়া।

تَحَمَّى الْمَرِيضُ : নির্দিষ্ট পথ্য খাওয়া (রোগী)।

تَحَامَى : দূরে থাকা, এড়াইয়া চলা।

إِحْمَوْمَى : (إِحْمِيمَاء) কালো হওয়া (মেঘ, রাত্রি)।

حِمًى : আশ্রয়, রক্ষা, প্রহরা, প্রতিরক্ষা, আশ্রয়স্থল; পবিত্র স্থান।

حَمِى : গরম, উত্তপ্ত, উত্তেজিত।

حَمِيَّة : শ্লাঘা, গরিমা, দেমাগ; গভীর আগ্রহ; তীব্রতা, প্রচণ্ডতা, ক্রোধ; উত্তেজনা; মেজাজ; ঘৃণা, অবজ্ঞা, শুভ পক্ষপাত।

الْحَمِيَّة الْقَوْمِيَّة : জাতীয় অহমিকা।

الْجَاهِلِيَّة ~ : জাহিলী যুগের অহমিকা।

حِمْيَة : রক্ষিত; পথ্য।

حُمَيَّا : তেজ; উত্তাপ; উত্তেজনা; প্রবল আগ্রহ; আবেগ; তীব্রতা; ক্রোধ; মদ্য।

حِمَايَة : রক্ষা, প্রহরা, পৃষ্ঠপোষকতা।

حِمَايَة دَوْلِيَّة : আশ্রিত রাজ্য।

حَامِيَة، حَامٍ : রক্ষক, পৃষ্ঠপোষক, অভিভাবক; প্রহরী। ব حُمَاة

~ : উষ্ণ, উগ্র; কঠোর; তীব্র।



www.pathagar.com

اَلحَامِي : কুকুর, সিংহ।

حَامِيَة : রক্ষক, রক্ষয়িত্রী, গ্যারিসন।

مُحَامٍ : পক্ষ সমর্থনকারী; উকিল, এডভোকেট।

مُحَامِي الدِّفَاعِ : বিবাদীর উকিল।

مُحَامَاة : প্রতিরক্ষা; ওকালতি; আইনশাস্ত্র।

هَيْئَة المُحَامَاة : আইনজীবী পরিষদ।

مَحْمِيّ : রক্ষিত, আশ্রিত।

مَحْمِيَّة : আশ্রিত রাজ্য।

حَنَّ - : (حَنِين) আকাঙ্ক্ষা করা; শব্দ করা (লাঠি, ধনুক)।

~ إِلَى : ইচ্ছা করা, আকাঙ্ক্ষা করা, চাওয়া, উৎসুক হওয়া, আগ্রহী হওয়া, অভাব অনুভব করা।

~ : (حَنَان، حَنَّة) تَحَنَّنَ ~ عَلَى সহানুভূতিশীল হওয়া; সহানুভূতি প্রদর্শন করা, সমবেদনা অনুভব করা।

حَنَّنَ : মুকুলিত হওয়া (গাছ); নষ্ট হওয়া (পনির)।

حَنَّنَ القَلْبَ : (হৃদয়ে) সহানুভূতির উদ্রেক করা।

أَحَنَّ : (إِحْنَان) টংকার ধ্বনি করা (ধনুক)।

تَحَانَّ، إِسْتَحَنَّ (اِسْتِحْنَان) : ~ إِلَى; ঐকান্তিকভাবে কামনা করা।

حَنَّة، حَنَان، حَنَانَة، حِنِّينَة، تَحْنَان، تَحَنُّن : সহানুভূতি, সমবেদনা, সহৃদয়তা, স্নেহপ্রীতি।

حَنَانَيْكَ، حَنَانَك : দয়া করুন।

حَنَّان، مُتَحَنِّن : সহানুভূতিশীল, প্রেমময়, সহৃদয়, স্নেহশীল।

اَلحَنَّانُ : প্রেমময়, দয়াময়, আল্লাহর একটি গুণবাচক নাম।

حَنُون : সহানুভূতিশীল, সহৃদয়, প্রেমময়, স্নেহশীল; কোমল; করুণ।

حَنِين : আকাঙ্ক্ষা, কামনা, ইচ্ছা, আগ্রহ।

حَنِين إِلَى الوَطَن : স্বদেশের প্রতি আকর্ষণ, দেশে ফিরিবার আকাঙ্ক্ষা।

حُنَيْن : মক্কা ও তায়েফের মধ্যবর্তী একটি উপত্যকা। এই স্থানে ৭ম হিজরীতে মুহাম্মদ (স)-এর নেতৃত্বে মুসলিম বাহিনী ও কাফিরদের মধ্যে এক যুদ্ধ সংঘটিত হয়।

حَنَا - : (حَنَا) সবুজ হওয়া (মাঠ)।

حَنَّا : (تَحْنِيَة) লাল রং-এ রঞ্জিত করা, মেহেদি দ্বারা রঙিন করা।

تَحَنَّا : মেহেদি রঙ-এ রঞ্জিত হওয়া।

حِنَّاء : মেহেদি গাছ, হেনা।

الحِنَّاء الأَحْمَر : স্ট্রবেরি গাছ।

حِنَّا مَجْنُون : নীলগাছ।

زَهْر الحِنَّاء : হেনাফুল।

~ أَبُو : রবিন পাখি।

حِنَّاء قُرَيْش : এক প্রকার শৈবাল, (Lichen).

حَنِبَ - : (حَنَب)، حَنَّبَ، (تَحْنِيب) সম্মুখের পদদ্বয় বক্র হইয়া যাওয়া। (ঘোড়া); নোয়াইয়া আনা (বার্ধক্য)।

تَحَنَّبَ : নুইয়া যাওয়া, বাঁকা হওয়া (বৃদ্ধলোক)।

~ عَلَى : সহানুভূতি অনুভব করা।

أَحْنَبُ مُحَنَّبٌ : বয়সের ভারে নুইয়া পড়িয়াছে এমন; বাঁকা মেরুদণ্ড বিশিষ্ট (ঘোড়া)।

حَنْبَشَ : (حَنْبَشَة) নাচা, লাফানো, হাঁটা; হাততালি দেওয়া; খেলা করা (বালক)।

حَنْبَطَ : (حَنْبَطَة) শক্ত হওয়াা।

مُحَنْبَط : শক্ত।

حَنْبَلَ : শিম, বরবটি খাওয়া; বিশেষ পশুলোমের তৈরি পোশাক পরিধান করা, ফারের তৈরি পোশাক পরিধান করা, Put on fur-garments.

تَحَنْبَلَ : নত হওয়া, হেয় হওয়া।

حَنْبَل : স্থূলোদর, খর্ব, জীর্ণ জুতা, চামড়ার মোজা, চামড়ার পোশাক, কোমল পশুলোম।

حِنْبَل : মাংসল; বাচাল।



www.pathagar.com

حُنْبُل : শিম, বরবটি।

حَنْبَلِيّ : ইমাম আহমদ ইবন হাম্বলের অনুসারী; হাম্বলী মাযহাবের অনুসারী। ব حَنَابِلَة، حَنَابِل

الحَنْبَلِيَّة : হাম্বলী মাযহাব।

حَانُوت : দোকান, মদের দোকান। ব حَوَانِيت

حَانُوتِيّ : দোকানদার।

حَنْتَم : সবুজ বা কালো পাত্র, সবুজ বয়ম; কালো মেঘ। ব حَنَاتِم

حَنِثَ - َ : (حِنْث) শপথ ভঙ্গ করা; অন্যায়প্রবণ হওয়া।

أَحْنَثَ : (إحْنَاث) শপথ ভঙ্গ করানো, শপথ ভঙ্গে প্ররোচিত করা।

تَحَنَّثَ : মূর্তিপূজা ত্যাগ করা; সংসারত্যাগী হওয়া; ইবাদত-বন্দেগী করা।

~ مِنْ : বিরত থাকা (পাপ হইতে)।

حِنْث : পাপ; শপথ ভঙ্গ; সাবালকত্ব বালেগত্ব। ব أَحْنَاث

حَانِث : শপথ ভঙ্গকারী।

مَحْنَث : অপরাধস্থল; অপরাধ। ব مَحَانِث

حَنَجَ - ُ : (حَنْج) নত করা; শক্ত করিয়া পাকানো (দড়ি)।

أَحْنَجَ : (إحْنَاج) নত হওয়া; নীরব হওয়া; নত করা; লুকানো (সংবাদ); দুর্বোধ্য করিয়া বলা (কথা); পিছনে তাকাইয়া দ্রুত চলা।

حِنْج : মূল। ব أَحْنَاجٌ

حَنْجَرَ : কোটরাগত হওয়া (চক্ষু); ছেদন করিয়া মুক্ত করা (কণ্ঠরোধ); জবেহ করা।

حَنْجَرَة : কণ্ঠনালী, গলা, হলকুম; শিশি। ব حَنَاجِر، حُنْجُور ব حَنَاجِير

حَنْجَف، حُنْجُف : নিতম্বের বহির্ভাগ।

حَنْجَلَ، تَحَنْجَلَ : পিছনের পা তুলিয়া লাফানো (ঘোড়া); নর্তন কুর্দন করা, নৃত্য করা।

حَنْجَل : কাঁকড়া। ব حَنَاجِل

الحِنْجِلُ : স্থূলকায় কদাকার (স্ত্রীলোক) ব حَنَاجِل

حَنْحَنَ : (حنحنة) শাঁস পচিয়া যাওয়া (বাদাম, আখরোট ইত্যাদি)।

حُنْدُرَة : চক্ষের পুতুলি।

حَنْدَسَ (حندسة) تَحَنْدَسَ : অন্ধকার হওয়া (রাত্রি), দুর্বল হওয়া।

حِنْدِس : ঘোর অন্ধকার রাত্রি, অন্ধকার। ব حَنَادِس

حَنَادِس : কৃষ্ণপক্ষের শেষ তিন রাত্রি।

حِنْدَقُوق : সুগন্ধি গুল্ম বিশেষ; অপ্রকৃতিস্থ লোক।

حَنَذَ - ِ : (تَحْنَاذ، حَنْذ) ভুনা করা (গোশত); দগ্ধ করা, তীব্র হওয়া (উষ্ণতা)।

~ : (حِنَاذ، حَنْذ) তীব্র হওয়া (উষ্ণতা) ঘর্মাক্ত করা।

إِسْتَحْنَذَ : (إسْتِحْنَاذ) সূর্য-স্নানে ঘর্মাক্ত হইতে চাওয়া।

حُنْذَة : তীব্র উত্তাপ।

حَنَاذ : সূর্য।

حَنِيذ : ভুনা (গোশত); গরম (পানি); সুগন্ধি মলম।

حَنَزَ - ِ : (حَنْز) নির্মাণ করা (খিলান করা ছাদ)।

حَنِيزَة : খিলান করা ছাদ; খিলানের চূড়া; ধনুক। ব حَنَائِز

حَنَسَ - َ : (حَنْس) যুদ্ধের কেন্দ্রস্থলে অবস্থান করা (যোদ্ধা)।

حَنَّسَ : (تَحْنِيس) পুনঃপুন আশা দিয়া নিরাশ করা; বিরক্ত করা।

حُنْس : ধার্মিক লোক।

حَنَشَ - ِ : (حَنْش) শিকার করা (পশু); প্রতারিত করা; তাড়াইয়া দেওয়া; ক্রুদ্ধ করা; দংশন করা (সাপ)।

أَحْنَشَ (إحْنَاش) : ~ عَنْ অপসারিত করা।



www.pathagar.com

حَنَش : সাপ, বিষধর সর্প। ব إِحْنَاش

أَبُو حَنَش : সারসজাতীয় পাখি বিশেষ।

حَنَطَ ـُ : (حُنُوط)، أَحْنَطَ (إِحْنَاط) পোক্ত হওয়া।

حَنَطَ ـِ : (حَنْط) দীর্ঘনিঃশ্বাস ফেলা; লাল হওয়া (চামড়া)।

حَنَّطَ، أَحْنَطَ : (إِحْنَاط، تَحْنِيْط) সুগন্ধি বস্তু দ্বারা সংরক্ষণ করা (মৃতদেহ); মৃত জীবকে জীবিতের ন্যায় দেখাইবার জন্য তাহার চামড়া কোন বস্তু ভরিয়া পূর্ণ করা, মমি করিয়া রাখা।

تَحَنَّطَ : সুগন্ধি বস্তু দ্বারা সংরক্ষিত হওয়া (মৃতদেহ)।

~ لِ : ক্রুদ্ধ হওয়া।

إِسْتَحْنَطَ : (إِسْتِحْنَاط) নির্ভয়ে মৃত্যুর মুখামুখি হওয়া; রাগান্বিত হওয়া।

حِنْطَة : গম; শস্য। ব حِنَط

حِنْطِيّ اللَّوْن، حِنْطِيّ : গোধূম বর্ণ; তাম্রবর্ণ।

حِنَاطَة : সুগন্ধি বস্তু দ্বারা মৃতদেহ সংরক্ষণ প্রণালী, Embolming.

حَنَّاط، حَنَّاطِيّ : সুগন্ধি বস্তু দ্বারা মৃতদেহ সংরক্ষণকারী, মমি প্রস্তুতকারক; গম ব্যবসায়ী।

حَانِط : গম-বিক্রেতা; ফলবান (গাছ); গাঢ় (লাল)।

تَحَنُّط، تَحْنِيط : মমিকরণ বিদ্যা; চর্মসংরক্ষণ বিদ্যা।

مُحَنِّط : চর্মসংরক্ষণবিদ।

مُحَنَّط : মমিকৃত।

حَنْطُور : নিচু ঘোড়ার গাড়ি বিশেষ, টমটম।

حَنْظَل : তিক্ত বন্যফল বিশেষ, মাকাল ফল।

حَنَفَ ـِ : (حَنْف) নুইয়া পড়া, ঝুঁকিয়া পড়া।

حَنِفَ ـَ : (حَنَف)، حَنُفَ ـُ (حَنَافَة) বাঁকা পা-বিশিষ্ট হওয়া।

حَنَّفَ : (تحنيف) বাঁকা করা (পা)।

تَحَنَّفَ : হানাফী বলিয়া ভান করা; আল্লাহর ইবাদাতে আত্মনিয়োগ করা, পৌত্তলিকতা পরিত্যাগ করা।

~ فِي : সঠিকভাবে করা।

حَنْفَاء : ধনুক; ক্ষুর; গিরগিটি; কচ্ছপ; সামুদ্রিক কচ্ছপ। ব حُنْفٌ

حَنِيف : খাঁটি বিশ্বাসী, নিষ্ঠাবান; সোজা, সঠিক (ধর্ম); খাটো। ব حُنَفَاء

الدِّيْنُ الحَنِيف : সঠিক ধর্ম, ইসলাম।

حَنَفِي : ইমাম আবূ হানীফার (র) অনুসারী, হানাফী। ব أَحْنَاف

حَنَفِيَّة : পানির ট্যাপ; নল, ছিপি।

حَنَفِيَّة حَرِيق : ফায়ার প্লাগ, Fire plug.

أَحْنَف : বাঁকা পা-বিশিষ্ট। স্ত্রী حَنْفَاء

حَنِقَ ـَ : (حَنَق) ~ عَلَى، مِنْ রাগান্বিত হওয়া; বিরক্ত হওয়া।

أَحْنَقَ : (إِحْنَاق) রাগান্বিত করা, বিরক্ত করা; বিদ্বেষ পোষণ করা; কৃশকায় করা (পশু)।

إِحْتَنَقَ : (إِحْتِنَاق) মোটা হওয়া (পশু)।

مَحَانِيق، حُنُق : মোটা, হৃষ্টপুষ্ট (পশু)।

حَنَق : ক্রোধ, কোপ; বিরক্তি; বিদ্বেষ।

حَنِق، حَانِق، حَنِيق : ক্রুদ্ধ; বিরক্ত; বিদ্বেষী।

حَنَكَ ـُ : (حَنْك) লাগাম দেওয়া (ঘোড়া); কোনো কিছু চিবাইয়া বাচ্চার তালুতে ঘষিয়া দেওয়া।

حَنَّكَ (تَحْنِيك) أَحْنَكَ (إِحْنَاك) إِحْتَنَكَ : (إِحْتِنَاك) অভিজ্ঞ করা, (দুঃখ বরণে) ভারাক্রান্ত করা।

إِسْتَحْنَكَ : (إِسْتِحْنَاك) অল্প খাওয়ার পর বেশি খাওয়া; উৎপাটিত হওয়া (শিকড়)।

حُنْك، حُنْكَة : অভিজ্ঞতা, বিচক্ষণতা, চতুরতা।

حَنَك : তালু; নিম্নচোয়াল; মুখ। ব أَحْنَاك



www.pathagar.com

حَنَاك : লাগাম, প্রাচীনকালে শাস্তি দিবার জন্য যে কাঠের ফ্রেমে মাথা ও হাতের জন্য গর্ত করা থাকিত; পিলোরি, Pillory. ব حُنُك

مُحَنَّك : অভিজ্ঞ, বিচক্ষণ, চতুর।

حَنْكَلِيس : (الحرّى) বাইন মাছ।

حُنَمَة : পেঁচা। ব حَنَم

حَنَا : ـُ (حَنْو) ~ عَلَى নুইয়া পড়া, ফিরা, ঝুঁকা, আকৃষ্ট হওয়া, সহানুভূতিশীল হওয়া।

حَنَى : ـِ (حِنَايَة) حَنَّى (تَحْنِيَة) নোয়ানো, বাঁকা করা, নত করা।

حَنَى رَأْسَهُ خَجَلاً : সে লজ্জায় মাথা নত করিল।

أَحْنَى ~ عَلَى : ঝুঁকিয়া পড়া, সহানুভূতিশীল হওয়া।

تَحَنَّى : নত হওয়া, বাঁকা হওয়া।

~ عَلَى : সহানুভূতিশীল হওয়া।

إِنْحَنَى : নুইয়া পড়া, ঝুঁকা, অবনত হওয়া, আকৃষ্ট হওয়া, বাঁকা হওয়া; আঁকিয়া বাঁকিয়া যাওয়া (রাস্তা)।

~ عَنْ : ফিরিয়া যাওয়া; বিচ্যুত হওয়া।

~ لِ : নত হওয়া।

إِنْحَنَى إِحْتِرَامًا : সম্মানার্থে বিনত হওয়া।

~ خُضُوعًا : শ্রদ্ধাবনত হওয়া।

مَحْنًى، حِنَايَة، حَنْي، حَنْو : বক্রতা, নতি, ঝোঁক, বাঁক।

حِنْو : পার্শ্ব, পাঁজর; বাঁকা রেখা। ব أَحْنَاء

حُنُوّ : সহানুভূতি, স্নেহ, ভালোবাসা, টান।

حَنْيَة : বাঁক, বক্রতা।

حَنِيَّة : খিলান করা ছাদ; ধনুক; বক্রতা। ব حَنَايَا

حَانَة، حَانَاة، حَانِيَة : দোকান, মদের দোকান, বার, সরাই।

حَانُوت : মদের দোকান। ব حَوَانِيت

حَانِيَّة : মদ, মদ্য ব্যবসায়ী।

أَحْنَى : বাঁকা পিঠবিশিষ্ট; ধনুকাকৃতি। স্ত্রী حَنْيَاء، حَنْوَاء

إِنْحِنَاء : বক্রতা, ঝোঁক, বাঁক।

مُنْحَنٍ، مَحْنِيّ : বাঁকা, নত, অবনত।

حَوَّاء : হাওয়া (আ), মানুষের আদি মাতার নাম, গৌরাঙ্গিনী।

حَابَ : ـُ (حُوب، حَوْب، حَاب) ~ بِ পাপ করা।

تَحَوَّبَ : পাপ হইতে বিরত থাকা; ধার্মিক জীবন যাপন করা।

~ مِنْ : বিরত থাকা।

إِسْتَحْوَبَ : (اسْتِحْيَاب) দুঃখ প্রকাশ করা।

حُوب، حَوْب : অপরাধ, পাপ, দোষ, দুঃখ, কষ্ট।

حُوبَة : অপরাধ, পাপ; মাতৃপ্রেম; অভাব; দুর্বল নারী বা পুরুষ মায়ের দিকের আত্মীয়তা। ব حُوب

حَوْبَة : মায়ের দিকের আত্মীয়তা; প্রয়োজন; অপরাধ, পাপ; গুরুজনের সাথে অপরাধ।

حَوْبَاء : আত্মা, প্রাণ। ব حَوْبَاوَات

حَاتَ : ـُ (حَوْت، حَوَتَان) ~ عَلَى চারিদিকে খুঁজিয়া বেড়ানো; শিকার খুঁজিয়া বেড়ানো (পাখি, পশু)।

حَاوَتَ : (مُحَاوَتَة) পরামর্শ করা; প্রলুব্ধ করা; প্রতারিত করা; বোকা বানানো; নিবৃত্ত করা।

~ عَنْ : প্রতিরোধ করা।

حُوت : মাছ; তিমি। ব حِوَتَة، أَحْوَات، حِيتَان

الحُوت : মীনরাশি।

حُوت سُلَيْمَان : স্যালমন-মাছ, Salmon.

حَوِيت : প্রতারক।

أَحَاثَ : ছড়াইয়া দেওয়া; অনুসন্ধান করা (মাটির নিচে)।

إِسْتَحَاثَ : মাটি খুঁড়িয়া কোন কিছু অনুসন্ধান করা; বাহির করা, উৎপাটন করা।

حَوْث : যকৃতের শিরা।



www.pathagar.com

حَوْثَابَوْثًا، حَاثِ بَاثِ، حَيْثَ بَيْثَ، حَوْثَ بَوْثَ : বিক্ষিপ্তভাবে, বিচ্ছিন্ন অবস্থায়।

حَوْثَ بَوْثَ : উঁচু-নিচু, উঠা-নামা।

حَوْثَاء : যকৃৎ ও তাহার চারিদিকের অংশ; মোটা মেয়েলোক।

مُسْتَحَاث : জীবাশ্ম, ফসিল।

عِلْمُ الْمُسْتَحَاثَات : খনন করিয়া জীবাশ্ম আবিষ্কার করিবার বিদ্যা।

حَاجَ : ـُ (حَوْج)، إِحْتَاجَ، (إِلَى) প্রয়োজন অনুভব করা, চাওয়া, মুখাপেক্ষী হওয়া।

حَوَّجَ : বিপথে পরিচালিত করা।

أَحْوَجَ : ~ إِلَى প্রয়োজন অনুভব করা, মুখাপেক্ষী হওয়া; প্রয়োজনীয় করা; মুখাপেক্ষী করা; বাধ্য করা।

حَوْج : অভাব, প্রয়োজন, দারিদ্র্য।

حَوْجَاء : প্রয়োজন, অভাব।

حَاج : এক প্রকার কাঁটা, উদ্ভিদ বিশেষ।

حوَج، حَاج، حَاجَة : প্রয়োজন, অভাব, চাহিদা, দারিদ্র্য, প্রয়োজনীয় বস্তু; উদ্দেশ্য, ইচ্ছা; প্রাকৃতিক বা শারীরিক প্রয়োজন। ব حَوَائِج، حَاجَات

قَضَى حَاجَتَهُ : সে তাহার প্রয়োজন পূরণ করিল, ইচ্ছা সম্পন্ন করিল, কাজ সমাধা করিল।

قَضَاءُ الْحَاجَة : প্রকৃতির ডাকে সাড়া দেওয়া, মল-মূত্র ত্যাগ করা।

حَاجِيَات : প্রয়োজনীয় দ্রব্যাদি, আসবাবপত্র।

إِحْتِيَاج : প্রয়োজন, অভাব, চাহিদা।

مُحْتَاج : অভাবী; অভাবগ্রস্ত, মুখাপেক্ষী, দরিদ্র।

حَوْجَلَة : শিশি। ব حَوَاجِل

حَادَ : ـُ (حَوْد) ~ عَنْ ফিরিয়া আসা, প্রস্থান করা।

حَوَّدَ : (تَحْوِيد) মোড় লওয়া; বন্ধ করা।

حَاوَدَ : (محاودة) বারবার আক্রমণ করা (জ্বর)।

حَوْدَة : বাঁক, মোড়, দিক পরিবর্তন।

حَاذَ : ـُ (حَوْذ) احْوَذَ (أَحْوَاذ) দ্রুত তাড়াইয়া দেওয়া (পশু)।

إِسْتَحْوَذَ (اسْتِحْوَاذ) : ~ عَلَى দখল করা; পরাভূত করা; কর্তৃত্ব লাভ করা।

حَوْذ : দ্রুত চালনা।

حَوْذَان : পদ্মফুল।

حُوذِيّ : গাড়িচালক, গাড়োয়ান।

حَارَ : ـُ (حَوْر) হতবুদ্ধি হওয়া, ফিরিয়া আসা; কমিয়া যাওয়া, নামিয়া যাওয়া; বিক্রয়ের অযোগ্য হওয়া (পণ্যদ্রব্য)।

حَارَالْقُمَاش : সাদা করা (কাপড়)।

حَوَّرَ : (تَحْوِير) বেলুন দ্বারা ঘুরানো (ময়দার তাল), পরিবর্তন করা, পুনর্গঠন করা; নিরাশ করা।

حَوَّرَالْقُمَاش : (কাপড়) সাদা করা।

~ الْقُرْصَ : বেলন দ্বারা ময়দার পিণ্ড বেলা।

حَاوَرَ : কথাবার্তা বলা, আলোচনা করা, বিতর্ক করা।

أَحَارَ جَوَابًا : বিস্ময়কর জবাব দেওয়া।

تَحَوَّرَ : পরিবর্তিত হওয়া; পুনর্গঠিত হওয়া।

تَحَاوَرَ : পরস্পর আলাপ আলোচনা করা।

إِحْوَرَّ : ধবধবে সাদা হওয়া।

إِسْتَحَارَ : (اِسْتِحَارَة) প্রশ্ন জিজ্ঞাসা করা।

حَارَة : মহল্লা, মরুপথ, গলি; ঘর।

حَوْر : পাপলার গাছ; ষাঁড়, পাকা চামড়া। ব حَوَر، أَحْوَار ব حُورَان

حُور : অভাব; বিনাশ; ফল।

حُورِيَّة : বেহেশতের হুর; পরী, অপ্সরা। ব حُور

حُورِيَّة الْجَرَاد : ফড়িং।

~ الْمَاء : জলপরী, মৎস্য কুমারী।

حُوَار : দুধ ছাড়ানো হয় নাই এমন উষ্ট্র-শাবক। ব حِيرَان، أَحْوِرَة



www.pathagar.com

حُوَّارَى، حَوَّارَة : খড়িমাটি, (Chalk).

حَوَارِى : অনুসারী, শিষ্য; ঈসা (আ)-এর শিষ্য।

الحَوَارِيُّون : ঈসা (আ)-এর দ্বাদশ শিষ্য।

حَوْرَان : হাওরান; দক্ষিণ-পশ্চিম সিরিয়া ও উত্তর জর্দানের পার্বত্য মালভূমি।

مَحَار : ঝিনুক।

مَحَارَة : ঝিনুক; কানের গর্ত; তালু।

مَحَارَة البَنَّاء : কর্ণিক।

مِحْوَر : অক্ষ, Axis, বেলুন; কেন্দ্র। ব مَحَاوِر

مِحْوَرُ الخَبَّاز : রুটি বানাইবার বেলুন।

~ العَجَلَة : চাকার অক্ষদণ্ড।

حِوَار، مُحَاوَرَة : আলোচনা, কথোপকথন, বিতর্ক, বাক-বিতণ্ডা; জবাব।

حَازَ ـُ : (حَوْز، حِيَازَة، احْتِيَاز) إِحْتَازَ একত্রিত করা, সংগ্রহ করা, অধিকার করা, লাভ করা, অর্জন করা; ধারণ করা; অধিকার লাভ করা।

~ ـ : (حَيْز) ، حَوَّزَ (تَحْوِيز) তাড়াইয়া নেওয়া, চালাইয়া নেওয়া (উট)।

حَاوَزَ : (مُحَاوَزَة) ঘন ঘন সাক্ষাৎ করা।

تَحَوَّزَ : কুণ্ডলী পাকানো, পাক খাওয়া, মোচড় খাওয়া।

تَحَاوَزَ : পরস্পর বিচ্ছিন্ন হওয়া।

إِنْحَازَ : (انْحِيَاز) ~ عَنْ পলাইয়া যাওয়া, দূরে চলিয়া যাওয়া, বিচ্ছিন্ন হওয়া, সরিয়া যাওয়া।

~ إِلَى : যোগদান করা, একত্রিত হওয়া; পক্ষ অবলম্বন করা।

حِيَازَة، حَوْز : সংগ্রহ, লাভ, অর্জন, ধারণ, স্বত্বাধিকার, দখল, স্লুইস গেট।

~ : বেষ্টনী, ঘেরাও; ঘেরা জায়গা। ব أَحْوَاز

إِسْتِرْدَادُ الحِيَازَة : অধিকার ফিরাইয়া দেওয়া, স্বত্ব পুনঃপ্রতিষ্ঠিত করা

حَوْزَة : অধিকার, দখল; স্বত্ব; সম্পত্তি; এলাকা; বেষ্টনী; পার্শ্ব; রাজার আসন; প্রকৃতি।

أَحْوَزِىّ، حُوزِىّ : উষ্ট্রচালক; একাকী; কালো বস্তু।

حَائِز : অধিকারী, মালিক।

حَيِّز : ক্ষেত্র, পরিসর, পাল্লা, নাগাল, পরিমাণ, মণ্ডল। ব أَحْيَاز

فِى حَيِّزِ الإِمْكَان : সম্ভাব্য ক্ষেত্রে।

إِنْحِيَاز : বিচ্ছিন্নতা; পক্ষপাতিত্ব।

عَدَمُ الإِنْحِيَاز : নিরপেক্ষতা।

حَرَكَةُ عَدَمِ الانْحِيَاز : জোটনিরপেক্ষ আন্দোলন।

~ ~ دُوَل : জোটনিরপেক্ষ রাষ্ট্রসমূহ।

تَحَيُّز : পক্ষপাতিত্ব।

مُتَحَيِّز : পক্ষপাতী, পক্ষপাতযুক্ত।

مُنْحَاز : বিচ্ছিন্ন, দূরীভূত; আগন্তুক, বহিরাগত।

الدُّوَلُ الغَيْرُ المُنْحَازَة : জোটনিরপেক্ষ রাষ্ট্রসমূহ।

حَاسَ ـُ : (حَوْس) অনুসন্ধান করা, খুঁজিয়া বেড়ানো; ঘুরিয়া বেড়ানো।

حَوِسَ ـَ : (حَوَس) সাহসী হওয়া।

تَحَوَّسَ : সাহস দেখানো।

إِحْتَاسَ : (احْتِيَاس) দ্বিধা করা, ফাঁপরে পড়া, হতভম্ব হওয়া।

إِسْتَحْوَسَ : (اسْتِحَاسَة) আবদ্ধ হওয়া।

حَوْسَة : পরিচিত ব্যক্তিবর্গ।

حُوَاسَة : অভাব; লুণ্ঠিত দ্রব্য।

حُوَيْسَاء : আত্মীয়তা, সম্পর্ক।

حَوَّاس : ঘুমের ঘোরে ভ্রমণকারী।

أَحْوَس : সাহসী; অতৃপ্ত; নেকড়ে। ব حُوس

حَاشَ ـُ : (حَوْش) তাড়াইয়া নিয়া ফাঁদে ফেলা (পশু); একত্র করিয়া তাড়াইয়া নেওয়া (উট); বাধা দেওয়া, গতিরোধ করা।

حَوَّشَ : (تَحْوِيش) জমা করা, জড়ো করা, সংগ্রহ করা, সংরক্ষণ করা; সঞ্চয় করা (টাকা)।



www.pathagar.com

حَاوَشَ : (مُحاوشة) উত্তেজিত করা, প্ররোচিত করা।

إِسْتَحْوَشَ، (احاشة) أَحْوَشَ، أَحَاش : (اسْتِحَاشَة) তাড়াইয়া নিয়া ফাঁদে ফেলা (পশু); একত্র করিয়া তাড়াইয়া নেওয়া (উট)।

تَحَوَّشَ : ~ عَنْ অপসারিত করা।

~ مِنْ : লজ্জাবোধ করা; স্বামী কর্তৃক পরিত্যক্ত হওয়া (স্ত্রী)।

حَوْش : বেড়া, ঘেরা জায়গা, ঘেরাও। ব حِيشَان، أَحْوَاش

حَوْش الدَّار : গৃহের আঙিনা।

حَوَش : উচ্ছৃঙ্খল জনতা।

حُوَاشَة : লজ্জার কারণ; জ্ঞাতিগত আত্মীয়তা; নিকটাত্মীয়; বন্ধু।

حُوشُ الفُؤاد : উগ্রমেজাজ।

حُوشِيّ : উদ্ভূত, অজ্ঞাত, অপরিচিত, বিদঘুটে (শব্দ); বন্য; অমিশুক (লোক); অন্ধকার।

تَحْوِيش : জমা করা, একত্র করা, সঞ্চয় করা।

حَاصَ : ـُ (حِيَاصَة حَوْص) আলগাভাবে লম্বা লম্বা ফোঁড় দিয়া সেলাই করা (কাপড়); মেরামত করা (চামড়া); অস্থির হওয়া, উদ্বিগ্ন হওয়া।

~ حَوْلَ : চক্কর দেওয়া।

حَاوَصَ : আড়চোখে দেখা।

حَوْص : লম্বা ফোঁড়ের আলগা সেলাই; শুল বেদনা।

حِيَاصَة : লম্বা ফোঁড়ের আলগা সেলাই; জিনের পেটি।

أَحْوَص : আড়চোখা। স্ত্রী حَوْصَاء ব حُوص

حَوْصَل : গলার থলি (পাখির); পেলিক্যান, (Palican.) ব حَوَاصِلُ

حَوْصَلَة : গলার থলি (পাখির); মূত্রথলি। ব حَوَاصِلُ

الحَوْصَلَة الصَّفْرَاوِيَّة : পিত্তকোষ।

حُوَيْصِلَة، حُوَيْصِل : ফোসকা।

حَاضَ : ـُ (حَوْض) حَوَّضَ، (تَحْوِيض) হাউজ নির্মাণ করা; পানি সংগ্রহ করা।

حَوَّضَ الأَرْضَ : জলাধার কিংবা কেয়ারিতে বিভক্ত করা (ভূমি)।

إِسْتَحْوَضَ : (اسْتِحْوَاض) হাউজ নির্মাণ করা; হাউজে পানি জমা হওয়া।

حَوْض : হাউজবেসিন, পুকুর, ডক। ব حِيَاض، أَحْوَاض

حَيْضَانٌ، حَوْضُ الغُسْل، حَوْضُ التَّشْطِيف : ওয়াশবেসিন, Washbasin.

~ السُّفُن : ডক।

~ الزَّرْع : কেয়ারি, ফুলের কেয়ারি।

~ جافّ : শুকনা ডক।

~ حَمَّام : বাথটাব, স্নানপাত্র।

~ عَوَّام : ভাসমান ডক।

حَاطَ : ـُ (حَوْط، حِيطَة، حِيَاطَة) تَحَوَّطَ، রক্ষা করা, পাহারা দেওয়া; দেখাশুনা করা, বেষ্টন করা।

حَوَّطَ : (تَحْوِيط) ঘেরাও করা, বেষ্টন করা; প্রাচীরবদ্ধ করা; সংরক্ষণ করা, যত্ন লওয়া।

حَاوَطَ : (مُحَاوَطَة) কৌশলে পরাভূত করা; বোকা বানাইবার বা প্রতারিত করিবার চেষ্টা করা; বিপথগামী করা।

أَحَاطَ ~ ب : (احَاطَة) বেষ্টন করা, ঘেরাও করা; অন্তর্ভুক্ত করা; পুরাপুরিভাবে অবহিত হওয়া, সম্পূর্ণরূপে আয়ত্ত করা; হৃদয়ঙ্গম করা।

أَحَاطَ بِهِ عِلْمًا : সম্পূর্ণরূপে অবহিত হওয়া।

إِحْتَاطَ ~ ب : (احْتِوَاط) বেষ্টন করা, ঘিরিয়া রাখা, সংরক্ষণ করা; লক্ষ্য রাখা

~ لِ : সতর্কতা অবলম্বন করা; বন্দোবস্ত করা।

~ عَلَى : যত্নবান হওয়া, লক্ষ্য রাখা, দেখাশুনা করা, সংরক্ষণ করা।



www.pathagar.com

حِيطَة، حَيْطَة، حَوْطَة : সতর্কতা, সাবধানতা, পরিণামদর্শিতা, যত্ন।

حِيَاطَة : তত্ত্বাবধান, সংরক্ষণ, যত্ন।

حَائِط : প্রাচীর, দেয়াল; বাগান। ব حِيَاط، حِيطَان، حَوَائِطُ

مِصْبَاحُ حَائِط : দেয়াল প্রদীপ।

لِلْحِيطَان آذَان : দেয়ালেরও কান আছে।

حَوَّاط : গ্রামের কর আদায়কারী।

حَوِيط : ধূর্ত, চতুর, ফন্দিবাজ।

تَحَوُّط، إِحْتِيَاط : যত্ন, মনোযোগ; সাবধানতা, সতর্কতা; পরিণামদর্শিতা; সংরক্ষণ।

عَلَى سَبِيل الإِحْتِيَاط : সতর্কতামূলকভাবে।

إِحْتِيَاطِيّ : সতর্কতামূলক, সংরক্ষিতাকারে।

تُحِيط، تَحِيط، تَحُوط : দুর্ভিক্ষের বৎসর।

مَحَاط : বেড়া, বেষ্টনী।

مُحَوَّط، مُحَاط : পরিবেষ্টিত, প্রাচীরবেষ্টিত।

مُحِيط : পরিবেষ্টনকারী, ব্যাপক, সুপরিচিত।

~ : পরিমাণ, পরিধি, বহির্ভাগ; নাগাল, ক্ষেত্র। ব مُحِيطَات

البَحْرُ المُحِيط، المُحِيط : মহাসাগর; পারিপার্শ্বিকতা।

المُحِيط الأَطْلَنْطِيّ : আটলান্টিক মহাসাগর।

~ الهَادِئ : প্রশান্ত মহাসাগর।

مُتَحَوِّط : সাবধান, সতর্ক, পরিণামদর্শী।

حَافَ : ـُ (حَوْف)، (حَوَّف) حَوَّف (تَحْوِيف) পার্শ্বে রাখা, প্রান্তে রাখা।

تَحَوَّفَ : পার্শ্ব হইতে কাটিয়া ছোট করা।

حَافَّة، حَافَة : প্রান্ত, কিনারা। ব حَافَت، حَوْف، أَحْوَاف

حَافَان : জিহ্বার নিচের সবুজ শিরাদ্বয়।

حَاقَ : ـُ (حَوْق) ঝাড়ু দেওয়া (ঘর); ঘষিয়া মসৃণ করা।

حَوَّقَ ~ ب، عَلَى : বেষ্টন করা, ঘেরাও করিয়া রাখা।

حَوْقَة، حَوْق : জনতা।

حُوَاقَة : ময়লা, আবর্জনা।

مِحْوَقَة : ঝাড়ু, ঝাঁটা। ব مَحَاوِق

حَوْلَقَ، حَوْقَلَ : "লা হাওলা ওয়ালা কুওওয়াতা ইল্লা বিল্লাহ" বলা।

حَوْقَلَة : ব حَوَاقِل শিশি, বোতল।

حَاكَ : ـُ (حَوْك، حِيَاك، حِيَاكَة) বিভ্রান্ত হওয়া, বুনা, বয়ন করা, বিনুনি করা; রচনা করা (কবিতা); সেলাই করা; মিথ্যা উদ্ভাবন করা, অভিসন্ধি করা।

حَوَّكَ : পৃথক করা।

حَيَّكَ : (تَحْيِيك) বুনা, বয়ন করা।

حَوْك : রং; আকৃতি; এক প্রকার উদ্ভিদ।

~ حِيَاكَة : বুনন, বয়ন।

حَائِك : বয়নকারী, তাঁতী। ব حَوَكَة، حَيَّاك، حَاكَة

الطَّائِرُ الحَائِك : বাবুই পাখি।

مَحَاكَة : তাঁতঘর।

حَالَ : ـُ (حَوْل، حُؤُول) পরিবর্তিত হওয়া; স্থানান্তরিত হওয়া; বাঁকা হওয়া (ধনুক); সমাপ্ত হওয়া, অতিবাহিত হওয়া।

~ : (حُؤُول، حَيْلُولَة) বন্ধ্যা হওয়া (নারী), এক বৎসর পর পর ফল দেওয়া (গাছ)।

~ : (حَيْلُولَة) ~ بَيْنَ বাধা হওয়া, হস্তক্ষেপ করা; মধ্যবর্তী হওয়া।

~ إِلَى : পরিবর্তিত হওয়া, স্থানান্তরিত হওয়া।

~ عَنْ : সরিয়া আসা, চলিয়া যাওয়া, এড়াইয়া যাওয়া।

~ : (مَحَال، حِيلَة) চাতুরী অবলম্বন করা, প্রবঞ্চনা করা।



www.pathagar.com

حَوَّلَ : (تَحْوِيل) অপসারিত করা, স্থানান্তরিত করা, বদলি করা, ফিরানো, পরিবর্তিত করা, প্রেরণ করা।

~ إِلَى : পরিবর্তিত করা; প্রেরণ করা; ফিরাইয়া দেওয়া।

~ عَلَى : সৈন্য প্রেরণ করা।

~ عَنْ : ফিরাইয়া দেওয়া; সরাইয়া লওয়া (দৃষ্টি); অবতরণ করা (অশ্ব হইতে)।

حَوَّلَ خَطَّ السَّيْر : পার্শ্ববর্তী রেল লাইনে চালানো।

~ الصَّكَّ : চেক এনডোর্স করা, চেকের পিছনে সই করা, চেক অনুমোদন করা।

~ الأَرْضَ : জমি আবাদ করা।

~ نُقُودًا : টাকা প্রেরণ করা।

حَاوَلَ : (مُحَاوَلَة) চেষ্টা করা, প্রচেষ্টা চালান; উদ্যোগ লওয়া; কৌশলে লাভ করিতে চাওয়া; প্রলুব্ধ করা; বিপথগামী করা; এড়াইয়া যাওয়া।

أَحَالَ : (إِحَالَة) পরিবর্তিত করা, রূপান্তরিত করা, বদলান; প্রেরণ করা; হস্তান্তর করা; এক বৎসর বয়সী হওয়া।

~ بِ : এক বৎসর কাটান।

~ عَلَى : বরাত দেওয়া, প্রেরণ করা, বিবেচনার জন্য সমর্পণ করা; হস্তান্তরিত করা।

أَحَالَ الدَّيْنَ ~ عَلَى : ঋণের দায়িত্ব হস্তান্তর করা।

~ عَلَى الْمَعَاش : অবসরবৃত্তি দেওয়া, পেনশন দেওয়া।

تَحَوَّلَ : পরিবর্তিত হওয়া, রূপান্তরিত হওয়া, বিবর্তিত হওয়া; স্থানান্তরিত হওয়া; চলিয়া যাওয়া; প্রেরিত হওয়া।

~ مِنْ، عَنْ : ফিরিয়া যাওয়া; ছাড়িয়া যাওয়া।

تَحَاوَلَ : ~ عَلَى চেষ্টা করা, প্রচেষ্টা চালানো।

تَحَايَلَ (احْتِيَال) إِحْتَالَ : কৌশল প্রয়োগ করা; চেষ্টা করা।

~ عَلَى : প্রতারিত করা; কৌশলে অর্জন করা।

إِحْوَلَّ : (احولال) আড়চোখে তাকানো; সবুজ ও তৃণবহুল হওয়া (ভূমি)।

إِسْتَحَالَ : (اسْتِحَالَة) পরিবর্তিত হওয়া, রূপান্তরিত হওয়া; অসম্ভব হওয়া; বাঁকা হওয়া।

حَالَ : অবস্থা, পরিস্থিতি, অবস্থান, বিষয়, ব্যাপার, বাস্তবতা; বর্তমান; পিঠে বহনযোগ্য পর্যটকদের থলিবিশেষ, Rucksack; বেবি ওয়াকার, Baby-Walker. ব أَحْوَال

فِي حَالٍ، حَالَ : অবস্থান, সময়ে।

فِي الْحَالِ، حَالاً : তৎক্ষণাৎ বর্তমানে, এখন।

عَلَى أَيِّ حَالٍ : যে কোনো অবস্থায়, যেভাবে হউক।

~ عَلَى كُلِّ : সর্বাবস্থায়, যে কোনো উপায়ে; যেভাবেই হউক।

كَيْفَ حَالُكَ : আপনি কেমন আছেন?

حَالَمَا : যে মুহূর্তে, যখনই।

دَفْتَرُ الأَحْوال : চার্জশীট।

حَالَة : অবস্থা, পরিস্থিতি, বিষয়; ক্রিয়ার বিশেষণ (ব্যা)। ব حَالَات

فِي حَالَة، حَالَة : সময়ে, অবস্থায়।

فِي حَالَةِ عَدَمِ الإِتِّفَاق : মতানৈক্যের ক্ষেত্রে।

وَالْحَالَةُ هذه : এমতাবস্থায়।

بِحَالَتِه الرَّاهِنَة : অবস্থা যখন এই, এইরূপ অবস্থায়।

حَالِي : বর্তমান; বিদ্যমান; প্রকৃত; ক্ষণস্থায়ী।

حَالَاتِيّ : সুবিধাবাদী ব্যক্তি; সুযোগ সন্ধানী; পরিবর্তনশীল

حَوْل : বৎসর; ক্ষমতা, শক্তি। ব أَحْوَال

لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللّٰه : আল্লাহর সাহায্য ব্যতীত কাহারও এদিক-ওদিক করার কোনো ক্ষমতা নাই।

حَوْلَ : সম্বন্ধে; চারিপাশে; প্রায়।

حَوْلِيّ : সাময়িক; এক বৎসর বয়সী।

حَوْلِيَّة : বর্ষপঞ্জী; বর্ষলিপি।



www.pathagar.com

حِوَل : পরিবর্তন; নিষ্কৃতি।

حَوَل : বক্রদৃষ্টি, টেরা চাহনি।

أحْوَل، حَول : বক্রদৃষ্টি সম্পন্ন, টেরা।

حَوَلان، حَوَال : পরিবর্তন, বিবর্তন।

حَائل، حِوَال : বাধা, প্রতিবন্ধকতা, বেড়া, পর্দা।

حَوَالَة : বরাত, বদলি; মনিঅর্ডার ; চেক, ড্রাফট, বিনিময়পত্র; নির্দেশ।

حَوَالَى : প্রায়।

حَوَالِيّ، حُوَّلِيّ، حُوَّل : চতুর, কুশলী।

حُؤُول : পরিবর্তন, রূপান্তর; বাধা; অবনতি, অধঃপতন।

حَيْل : শক্তি, ক্ষমতা।

حِيلَة : ছল-চাতুরী, কৌশল, চালাকি ফন্দি, উপায়; যোগ্যতা; দূরদৃষ্টি, প্রতারণা, রণকৌশল। ব أحَابِيل، حِوَالٌ، حِيَل

عَدِيمُ الحِيلَة : নিরুপায়।

حِيلَة قَانُونِيَّة : কূটতর্ক, আইনগত চাতুর্য, আইনের ফাঁক।

حَيْلُولَة : বিচ্ছেদ; বাধা, প্রতিবন্ধক।

حِيَلِيّ : চতুর, ধূর্ত; কুশলী, প্রতারক।

عِلْم الحِيَل، حِيَلِيَّات : যন্ত্রবিজ্ঞান; বলবিদ্যা।

حِيَالَ : সম্মুখে, বিপরীতে, সামনাসামনি, মুখামুখি; সম্পর্কে, প্রেক্ষিতে।

حُيُول : উত্তেজিত, যৌন উত্তেজনা (পশুর)।

تَحَايُل، إحْتِيَال : কৌশল, চাতুরী, প্রবঞ্চনা।

إسْتِحَالَة : পরিবর্তন, রূপান্তর, অসম্ভাব্যতা, অসাধ্যতা।

تَحَوُّل : পরিবর্তন, বিবর্তন, রূপান্তর; বিচ্যুতি।

تَحَيُّل : কৌশল অবলম্বন।

تَحْوِيل : তহবিল; ফান্ড; স্থানান্তর, পরিবর্তন, রূপান্তর সাধন, বদলিকরণ; প্রেরণ; বিনিময়পত্র, চেক, ড্রাফট; পিছনে নামসই; Endorsement.

قَابِلُ التَّحْوِيل : বিনিময়যোগ্য, হস্তান্তরযোগ্য।

~ جَدْوَلُ : মুদ্রাবিনিময় হারের তালিকা, Conversion table.

تَحْوِيلَة : শাখা, প্রশাখা, সাইডিং, রেলের পার্শ্বলাইন। ব تَحَاوِيل

مُحَال : অসম্ভব; দুষ্প্রাপ্য।

طَلَبُ المُحَال : অসম্ভব প্রত্যাশা, দুরাশা পোষণ, মরীচিকার পিছনে ছুটা।

مُحَالَة : ডলনা, রোলার; চাকা। ব مَحَالٌ

لَا مَحَالَة : নিশ্চয়ই, যাহা হইতে গত্যন্তর নাই।

لَا ~ مِنْهُ : আবশ্যিক; অনিবার্য; নিশ্চিত, নিঃসন্দেহ, গত্যন্তর শূন্য।

مُحَاوَلَة : চেষ্টা, প্রচেষ্টা, উদ্যোগ, কৌশল।

مُحْتَال : কুশলী, ধূর্ত, চতুর, প্রতারক, জুয়াচোর, অসৎ।

مُحَوِّل : ভোল্টেজ বদলাইবার যন্ত্র; সুইচ, বোতাম; সুইচম্যান, এনডোর্সকারী; চেক সইকর্তা।

مُحَوَّل عَلَيْه : যাহার নামে চেক দেওয়া হয়।

مُحَوِّلَة : সুইচ।

مِحْوَلْجِيّ : এক লাইন হইতে অন্য লাইনে রেলগাড়ি সরাইবার ভারপ্রাপ্ত ব্যক্তি, সুইচম্যান।

مِحْوَال : অসঙ্গত।

مُتَحَوِّل : পরিবর্তনশীল, পরিবর্তনীয়।

مُسْتَحِيل : অসম্ভব, অসাধ্য; অসঙ্গত।

حَامَ ـُ : (حَوْمَان، حَوْم) বাতাসে উড়িতে থাকা, আকাশে চক্কর দেওয়া, বৃত্তাকারে ঘোরা (পাখি, উড়োজাহাজ), তৃষ্ণার্ত হওয়া; কামনা করা।

~ حَوْلَ، عَلَى : চারিদিকে উড়া; ঝুলিয়া থাকা।

حَوَّمَ : (تَحْوِيم) বাতাসে উড়িতে থাকা, চক্কর দেওয়া, বৃত্তাকারে ঘোরা; আবর্তিত হওয়া, তোলপাড় করা (মনে)।



www.pathagar.com

~ فِي : সতর্কতার সহিত চালাইয়া যাওয়া (কাজ); এখানে ওখানে পাঠ করা (বইয়ের)।

حَام : হাম; নূহ (আ)-এর এক পুত্র।

حَوْم، حَوْمَان : উড্ডয়ন, চক্কর, আবর্তন।

حَوْمَة : প্রচণ্ডতা; হাঙ্গামা, গভীরতা; আক্রমণ; প্রধান অংশ, অধিকাংশ। ব حَوْمَات

حَوْمَةُ القِتَال : যুদ্ধের প্রচণ্ডতা।

~ الوَغَى : যুদ্ধক্ষেত্র।

حُوْمَة : স্ফটিক।

حَوَّامَة : হেলিকপ্টার, হোভার ক্রাফট।

حَائِم : তৃষ্ণার্ত। ব حُوَّم স্ত্রী حَائِمَة ব حَوَائِم

حَوْمَلَ : পানি বহন করা।

حَوْمَل : কালো মেঘ, স্বচ্ছ পানির বন্যা।

تَحَوَّنَ : বিনীত হওয়া; ক্ষয়প্রাপ্ত হওয়া।

حَوَى : - (حَي، حَوَايَة) একত্রিত করা, জমা করা; ধারণ করা; দখল করা, অধিকার করা, শামিল করা, অন্তর্ভুক্ত করা।

حَوِيَ : - (حُوَّة، حَوىً) গাঢ় সবুজ বা লাল হওয়া।

حَوَّى : (تَحْوِيَة) আঁকড়াইয়া ধরা, অধিকার করা।

أَحْوَى : (أَحْوَاء) বলপূর্বক দখল করা।

تَحَوَّى : সংকুচিত হওয়া, পাকাইয়া যাওয়া, সম্মিলিত ঘুরপাক খাওয়া।

إِحْتَوَى : দখল করা; অধিকার করা; সংরক্ষণ করা; শামিল করা, অন্তর্ভুক্ত করা, ধারণ করা।

~ عَلَى : অন্তর্ভুক্ত করা; অধিকার করা।

حُوَّة : গাঢ় সবুজ বা লাল রং।

حَوَاة، حَوَاء : শব্দ, গোলমাল।

حِوَاء : পাশাপাশি বাড়িসমূহের সমষ্টি। ব أَحْوِيَة

حَوَّاء : আদি মাতা হাওয়া (আ), গৌরবর্ণা মহিলা।

حَوِيّ : যোগ্য অধিকারী, ডোবা।

حَوِيَّة : কুণ্ডলী, পাক, প্যাঁচ।

~ : নাড়িভুঁড়ি। ব حَوَايَا

حَاوٍ : সাপুড়িয়া; ভেলকিবাজ, ঐন্দ্রজালিক। ব حُوَاة

حَاوِيُ الحَيَّات : সাপুড়িয়া।

مُحْتَوٍ : ধারণকারী, অন্তর্ভুক্তকারী।

مُحْتَوى : অন্তর্ভুক্ত বিষয়, সূচি। ব مُحْتَوَيَات

حَيِيَ، حَيَّ : - (حَيَاة) জীবিত থাকা, বাঁচিয়া থাকা।

~ : (حَيَاء) مِنْ : লজ্জা পাওয়া।

حَيَّا : (تَحِيَّة) জীবিত রাখা, দীর্ঘজীবন দান করা (আল্লাহ)

حَيَّاكَ اللّٰه : আল্লাহ আপনাকে/তোমাকে বাঁচাইয়া রাখুন, দীর্ঘ জীবন দান করুন।

أَحْيَى : (أَحْيَاء) জীবন দান করা, পুনর্জীবিত করা; ভূমি উর্বর করা (আল্লাহ); উর্বর পাওয়া (ভূমি); উর্বর ভূমির মালিক হওয়া।

أَحْيَى اللَّيْلَ : বিনিদ্র রজনী যাপন করা।

~ الذِّكْرَى : স্মৃতিরক্ষা করা।

~ حَفْلَة : অনুষ্ঠানের আয়োজন করা।

إِسْتَحْيَا : বাঁচিতে দেওয়া, বাঁচাইয়া রাখা, জীবন রক্ষা করা।

إِسْتَحَى : লজ্জা পাওয়া, লজ্জিত হওয়া, লাজুক হওয়া।

حَيّ : জীবিত; জীবন্ত; উর্বর (জমি); প্রাণী; গোত্র; মহল্লা, এলাকা। ব أَحْيَاء

اَلْحَيّ : চিরঞ্জীব, আল্লাহর একটি গুণবাচক নাম।

حَيُّ العَالَم : উদ্ভিদবিশেষ।

حَيُّ الضَّمِير : বিবেকবুদ্ধি সম্পন্ন ব্যক্তি।

عِلْم الأَحْيَاء : জীববিদ্যা।

حَيَّ : (إِسْم فِعْل) অগ্রসর হও, ত্বরায় আস।

حَيَّ عَلَى الصَّلَاة : নামাযে আস।



www.pathagar.com

الْفَلَاح ~ : সফলতার দিকে অগ্রসর হও।

حَيَّة : সাপ, দুষ্ট প্রকৃতির লোক। ব حَيَّات

حَيَّةُ الْوَادِي : সিংহ।

حَيِيّ، حَيّ : লাজুক।

حُيَيّ : রোগ-জীবাণু।

حَيَاء : লজ্জা, শরম, লাজুকতা।

قَلِيلُ الْحَيَاء : নির্লজ্জ, লজ্জাহীন।

~ قِلَّة : লজ্জাহীনতা, নির্লজ্জতা।

حَيَاة : জীবন। ব حَيَوَات

الْحَيَاةُ الْعَامَّة : জনজীবন।

الْعَائِلِيَّة ~ : পারিবারিক জীবন।

مُسْتَوَى الْحَيَاة : জীবনযাত্রার মান।

~ عِلْم : জীববিদ্যা।

حَيَوَان : প্রাণী, পশু। ব حَيَوَانَات

عِلْمُ الْحَيَوَان : প্রাণিবিদ্যা।

حَيَوَانِيّ : জৈব; পাশবিক।

حَيَوَانِيَّة : পশুত্ব, পাশবিকতা, পশু প্রকৃতি।

حَيَوِيّ : জীবন সম্বন্ধীয়; জীবনরক্ষক; গোত্রীয়।

حَيَوِيَّة : জীবনীশক্তি।

حُيَيْوِين، حُوَيّن : অতি ক্ষুদ্রজীব।

تَحِيَّة : অভিবাদন; সালাম; অভিনন্দন। ব تَحَايَا، تَحِيَّات

مَحْيَا : জীবনকাল। ব مَحَايَ

مُحَيَّا : চেহারা, আকৃতি।

مُسْتَحٍ : লজ্জিত।

الْمُسْتَحِيَّة : লজ্জাবতী লতা।

حَيْث : যেখানে, যখন; যেহেতু, অথচ।

بِحَيْثُ : যাহাতে, এমনিভাবে সে।

مِنْ حَيْثُ : যেখান হইতে; সম্পর্কে, কারণে, এমনিভাবে যে, যাহাতে; যেহেতু।

حَيْثُ كَانَ : যাহা হউক, যেভাবে হউক, যথায় থাকুক।

حَيْثُمَا : যেখানেই, যখনই।

حَيْثِيَّة : সম্মান, মর্যাদা; দৃষ্টিকোণ, সম্বন্ধ; বিষয়; বিবেচনা।

حَاجَ – (حَيْج) : অভাবগ্রস্ত হওয়া।

أَحْيَجَ، أَحَاجَ : কাঁটাগাছ উৎপাদন করা (ভূমি)।

حَاج : কাঁটা, কাঁটাগাছ।

حَادَ – (حَيْد، حَيَدَان، حُيُود، مَحِيد) ~ عَنْ : বিপথে যাওয়া, বিচ্যুত হওয়া, প্রস্থান করা; পরিত্যাগ করা, ছাড়িয়া দেওয়া।

حَيَّدَ : ফালি করিয়া কাটা (চামড়া); এক পাশে রাখা; পৃথক করিয়া রাখা; নিরপেক্ষ ঘোষণা করা (দেশকে)।

حَايَدَ : (مُحَايَدَة) দূরে থাকা, পরিহার করা, এড়াইয়া যাওয়া।

إِنْحَادَ : ~ عَنْ বিপথে যাওয়া, প্রস্থান করা।

حَيْد : স্ফীত অংশ; পাঁজর, পাহাড়ি ছাগের শিং-এর গ্রন্থি। ব أَحْيَاد، حُيُود

حَيَدَان ،~ : বিপথে গমন; বিচ্যুতি; প্রস্থান।

حَيْدَة : বিচ্যুতি; নিরপেক্ষতা; কুদৃষ্টি; শিং-এর গ্রন্থি।

عَلَى حَيْدَة : এক পার্শ্বে; পৃথকভাবে।

حَيْدَان : পশুর পদাঘাতে পার্শ্বে নিক্ষিপ্ত নুড়ি।

مُحَايَدَة، حِيَاد : নিরপেক্ষতা।

مُتَحَايِد، مُحَايِد، حَائِد، حِيَادِيّ : নিরপেক্ষ।

حِيَادِيَّة : নিরপেক্ষতাবাদ।

حُيُود : বিচ্যুতি, বিপথে গমন, ব্যত্যয়।

تَحْيِيد : নিরপেক্ষ বলিয়া ঘোষণা।

مَحِيد : বিপথে গমন; পরিহার।

لَا مَحِيدَ عَنْهُ : যা অপরিহার্য।



www.pathagar.com

حَارَ - َ : (حَيْرَان، حَيْرَة، حَيْر) হতবুদ্ধি হওয়া, দ্বিধাগ্রস্ত হওয়া, দিশাহারা হওয়া, উঠানামা করা।

حَيَّرَ : (تَحْيِيْر) হতবুদ্ধি করা, দিশাহারা করা।

تَحَيَّرَ : হতবুদ্ধি হওয়া; ঘুরপাক খাওয়া (পানি), গতিহীন হওয়া (মেঘ); খাদ্যে পূর্ণ হওয়া (বাটি)।

إِحْتَارَ : (اِحْتِيَار) হতবুদ্ধি হওয়া, দিশাহারা হওয়া।

إِسْتَحَارَ : (اِسْتِحَارَة) হতভম্ব হওয়া; প্রস্ফুটিত হওয়া (যৌবন)।

~ بِ : পানিতে পরিপূর্ণ হওয়া (স্থান)।

حَيْر : প্রাচীরবেষ্টিত উদ্যান; বেষ্টনী।

حَيْرُ الحَيَوَان : চিড়িয়াখানা।

تَحَيُّر، حَيْرَة : হতবুদ্ধিতা, কিংকর্তব্যবিমূঢ়তা।

حَيْرَان : হতবুদ্ধি, হতভম্ব, দিশাহারা, কিংকর্তব্য-বিমূঢ়। স্ত্রী حَيْرَى ব حُيَارَى، حَيَارَى

حَائِر : চৌবাচ্চা; উদ্যান; হতবুদ্ধি, বিভ্রান্তি। ব حِيرَان، حُورَان

مَحَارَة : গোলক ধাঁধা।

مُحَيِّر : হতবুদ্ধিকর।

مُحْتَار، مُتَحَيِّر، مُحَيَّر : হতবুদ্ধি।

مُسْتَحِير : মরুগামী পথ; নিশ্চল ঘন মেঘ।

حَازَ - ِ : (حَيْز) তাড়াইয়া নেওয়া (উট); পরিচালনা করা।

حَيَّزَ : (تَحْيِيْز) রেখা টানা।

تَحَيَّزَ : কুণ্ডলী পাকানো (সাপ)।

~ لِ : আক্রান্ত হওয়া, বিজিত হওয়া (দেশ)।

حِيز : লাইন, রেখা, দাগ। ব أَحْيَاز

حَيَّز : (تَحْوِيْز) অবস্থান গ্রহণ করা।

حَيْزَبُون : (حزب) বৃদ্ধা।

حَاسَ - ِ : (حَيْس) মিশ্রিত করা; পাকানো (দড়ি)।

حَيْس : দধি ও মাখনের সহিত খেজুর মিশ্রিত করিয়া প্রস্তুত খাদ্যবিশেষ।

حَاشَ - ِ : (حَيْش) ভীত হওয়া; ত্বরা করা; ভয় দেখানো।

حَيْشَان : ভীত।

حَاصَ - ِ : (حَيْص)، حَيْصَة، إِنْحَاص، (اِنْحِيَاص)، ~ عَنْ পালাইয়া যাওয়া; এড়ানো।

حَايَصَ : পরাভূত বা প্রতারিত করিতে চেষ্টা করা।

حَيْص، حَيْصَة : পলায়ন; এড়ানো।

بَيْص فِي حَيْصَ بَيْصَ : আবদ্ধ, অবরুদ্ধ, অসহায় অবস্থায় পতিত।

وَقَعَ فِي حَيْصَ بَيْصَ : সে অচলাবস্থায় পড়িল, অসুবিধার সম্মুখীন হইল।

حِيَاصَة : (حوص) জীব-জন্তুর বন্ধন।

مَحِيص : পলায়ন; নিষ্কৃতি; আশ্রয়স্থল; বিকল্প।

حَاضَ - ِ : (مَحَاض، مَحِيض، حَيْض)، تَحَيَّضَ ঋতুমতী হওয়া (স্ত্রীলোক)।

حَيْض، حِيَاض : ঋতুস্রাব, রক্তস্রাব।

حَائِض، حَائِضَة : ঋতুমতী। ব حُيَّض، حَوَائِض

حَيْعَلَ : "حَيَّ عَلَى الصَّلَاة"، "حَيَّ عَلَى الفَلَاح" বলা।

حَافَ - ِ : (حَيْف) ~ عَلَى অত্যাচার করা, অন্যায় আচরণ করা, ক্ষতি করা।

تَحَيَّفَ : ক্ষতি করা; লঙ্ঘন করা।

حَيْف : অত্যাচার, অন্যায়; ক্ষতি।

حَيْفَ عَلَيْه : কী দুঃখজনক! কী লজ্জা!

لَا حَيْفَ بِه : ইহা অপ্রাসঙ্গিক নহে, ইহা সম্পূর্ণ যথার্থ।

حِيفَة : পার্শ্ব; তালি। ব حِيَف

حَائِف : অত্যাচারী। ব حُيَّف، حَافَة



www.pathagar.com

أَحْيَفُ : বৃষ্টিহীন (ভূমি)। স্ত্রী حَيْفَاءُ

حَاقَ - : (حُيُوق، حَيْق) أَحَاقَ (حاقة) ~ بِ বেষ্টন করা, ঘিরিয়া ধরা; আপত্তি হওয়া; ঘটা।

~ : (فى) বিদ্ধ করা; চিহ্ন রাখা, প্রভাবিত করা।

حَيَّقَ : (تَحْيِيق) মসলাদিযোগে সংরক্ষণ করা (খাদ্য)।

حَايَقَ : ঘৃণা করা, ঈর্ষা করা।

حَيْق : পরিণাম, কর্মফল।

حَيْقَلَ : কল্যাণহীন।

حَاكَ - : (حَيَكَان، حَيْك) গর্বভরে চলা; কর্তন করা (তরবারি)।

~أَحَاكَ, (احاكة) ~ فِى প্রভাবিত করা (কথা); কর্তন করা (তরবারি)।

حَيَّكَ : বয়ন করা (حوك)।

إِحْتَاكَ : ~ بِ বস্ত্রাবৃত হওয়া।

حِيَاكَة : (حوك) বস্ত্র বয়ন।

حَالَ - : (حُيُول) পরিবর্তিত হওয়া; উত্তেজিত হওয়া (ঘোটকী)।

حَيْل : শক্তি; উপত্যকায় বদ্ধপানি। ব حُيُول، أَحْيَال

حَيْلَة : ভেড়া, ছাগল ইত্যাদির পাল।

حَانَ - : (حَيْنُونَة، حَيْن) আসা, উপস্থিত হওয়া, নিকটবর্তী হওয়া (সময়); পাকিয়া শুষ্ক হওয়া (শস্য); আকস্মিকভাবে ঘটা; ধ্বংস হওয়া।

حَانَ الوَقْتُ : সঠিক সময় আসিয়াছে, ঠিক সময় হইয়াছে।

حَيَّنَ : (تَحْيِين) সময় নির্দিষ্ট করা; ব্যর্থ করা।

حَايَنَ : (مُحَايَنَة) সময় নির্দিষ্ট করা।

أَحَان : (احَانَة) ধ্বংস করা।

أَحْيَنَ ~ بِ : অবস্থান করা।

تَحَيَّنَ : ব্যর্থ হওয়া (মানুষ); ঠিক সময়ে দোহন করা (উষ্ট্রী)।

إِسْتَحَانَ الفُرْصَةَ، تَحَيَّنَ الفُرْصَةَ : সুযোগের অপেক্ষা করা।

حَانَة، حَان : মদের দোকান।

حَيْن : ধ্বংস, মৃত্যু।

حِين : সময়, সুসময়, সঠিক সময়; সুযোগ। ব أَحْيَان

حَيْنَة، حِينَة : একবার, সময় সময়।

حِينًا : কিছু সময়ের জন্য; একবার, একদা

إِلَى حِينٍ : অল্পক্ষণের জন্য।

فِى حِينِهِ : ঠিক সময়ে।

حِينًا بَعْدَ حِينٍ : সময়ে সময়ে।

أَحْيَانًا : কখনও কখনও।

حِينَمَا : যখন, যে সময়ে।

حِينَذَاكَ، حِينَئِذٍ : তখন, সেই দিন, সেই সময়।

حَائِن : বোকা, নির্বোধ।

حَائِنَة : দুর্যোগ।



www.pathagar.com

# خ

خ : 'খা' আরবী বর্ণমালার সপ্তম হরফ, আবজাদ গণনায় বর্ণটির সংখ্যামান ৬০০।

خَاء : 'খা' বর্ণের নাম।

خَاتُون : ভদ্র মহিলা। ব خَوَاتِين

خَاخَام : (হি. সি.) ইহুদী পুরোহিত, (Rabbi).

خَارَصِينِي، خَارَصِين : (মি) দস্তা।

خَازُوق : খুঁটি, ঘৃণ্য কাজ। ব خَوَازِيق

خَاقَان : রাজা; সম্রাট, শাসনকর্তা। ব خَوَاقِين

خال : (خول) সুবন্দবস্ত করা, অহমিকা প্রকাশ করা।

خَام : কাঁচা, অশোধিত; অদক্ষ, অনভিজ্ঞ, অশিষ্ট।

~ : ক্ষৌমবস্ত্র, সাধারণ সাদা সূতি কাপড়, (Calico); কাঁচামাল। ব خَامَات

جُلُودٌ خَام : কাঁচা চামড়া।

~ خُيُوط : কাঁচা তন্তু।

~ زَيْتٌ : অশোধিত তেল।

~ سُكَّر : অশোধিত চিনি।

~ مَادَّة : কাঁচামাল।

خَان : সরাইখানা, পান্থশালা। ব خَانَات

خَانَة : কলাম; (পত্রিকায়); অংশ; স্থান, ক্ষেত্র। ব خَانَات

خَبَّ ـُ ـَ : (خَبّ) লম্বা হওয়া; (গাছ) সম্পদ রক্ষা করা; কপট হওয়া।

~ : (خَبَاب، خَبّ) (সমুদ্র) উত্তাল হওয়া, তরঙ্গায়িত হওয়া।

~ : (خَبِيب، خَبَب، خَبّ) (ঘোড়া) কদমে চলা, স্বচ্ছন্দ গতিতে চলা, (মানুষ) ধীরে চলা। ~ ـَ (خَبّ) ধোঁকা দেওয়া, প্রতারণা করা।

~ فِي : (বালিতে) গাড়িয়া যাওয়া, (কাজে) ত্বরা করা।

خَبَّبَ : (تَخْبِيب) প্রতারিত করা।

أَخَبَّ : (اخباب) (ঘোড়া) কদমে চালানো।

إِخْتَبَّ، تَخَبَّبَ : (اختباب) (ঘোড়া) কদমে চলা, স্বচ্ছন্দ গতিতে চলা।

خَبّ : প্রতারক, ভণ্ড। ব خُبُوب

خَبَاب، خَبّ : সমুদ্রের উত্তালতা।

خُبّ : গাছের ছাল; নিম্নভূমি; বন্য সবজিবিশেষ।

خَبَب : অশ্বের স্বচ্ছন্দ পদক্ষেপ।

خَابّ : প্রতারণাকারী; স্বচ্ছন্দ গতিবিশিষ্ট (ঘোড়া)।

خُبَّة، خَبَّة : বালুকাময় অঞ্চল; মেঘ।

خِبَّة : নেকড়া, ছিন্নবস্ত্র। ব خِبَب

خَبِيبَة : গোশতের ফালি, উপত্যকার নিম্নদেশ। ব خَبَائِب

خَبَأ ـَ : (خَبْأ)، خَبَّأَ (تَخْبِئَة) লুকাইয়া রাখা; সংরক্ষণ করা।

خَابَأَ : (مُخَابَأَة) ধাঁধা জিজ্ঞাসা করা।

إِخْتَبَأَ، تَخَبَّأَ : (اِخْتِبَاء) লুকাইয়া থাকা, আত্মগোপন করা।

خَبْء : গোপন বস্তু।

خِبَاء : তাঁবু; শস্যের খোসা, তুষ। ব أَخْبِئَة، أَخْبِيَة

خَبِيئَة : গোপন বস্তু, গুপ্ত ভাণ্ডার। ব خَبَايَا

خَبَايَا الأَرْضِ : মাটির নিচে লুকানো বস্তু; প্রাকৃতিক সম্পদ।

خَابِيَة : বৃহৎ পাত্র, পিপা। ব خَوَابٍ، خَوَابِي

مَخْبَأ : গোপন জায়গা, আশ্রয়স্থল, বিশ্রামস্থল, আশ্রয়। ব مَخَابِئ

مُخْتَبِئ، مَخْبُوء، مُخَبَّأ : লুক্কায়িত, গুপ্ত।

مُخَبَّأة، مُخْبَأة : অবিবাহিত মেয়ে।

مُخَبَّآت : গোপন বস্তু, গুপ্ত বিষয়।



www.pathagar.com

مَخْبَاة : গুপ্তধন।

خَبَتَ ـُ : (خَبْت) (স্থান) নিরাপদ হওয়া, গোপন হওয়া।

أَخْبَتَ : (إِخْبَات) নিম্নভূমিতে আগমন করা, নত হওয়া, স্বস্থির হওয়া।

~ إِلَى : নম্র হওয়া, (আল্লাহর নিকট) বিনীত হওয়া।

خَبْت : নিম্নাঞ্চল। ব خُبُوت، أَخْبَات

إِخْبَات، خِبْتَة : নম্রতা, বিনয়।

خَبِيت : অতি নিকৃষ্ট বস্তু।

خَبُثَ ـُ : (خَبَاثَة، خُبْث) দুষ্ট হওয়া, খারাপ হওয়া, নিকৃষ্ট হওয়া; অনিষ্টকর হওয়া।

خَبُثَتْ رِيحُهُ : দুর্গন্ধময় হওয়া।

تَخَبَّثَ : দুষ্টের ভান করা, বিনয়ের ভান করা।

تَخَابَثَ : দুষ্টামি প্রদর্শন করা, বিদ্বেষ প্রদর্শন করা, বিব্রত বোধ করা।

إِسْتَخْبَثَ : (إِسْتِخْبَاث) দুষ্টের ন্যায় কাজ করা; খারাপ মনে করা।

خَبَاثَة، خُبْث : দুষ্টামি; নিকৃষ্টতা; অনিষ্ট; বিদ্বেষ।

خَبَث : গাদ, আবর্জনা। ব أَخْبَاثٌ

خَبِيث : দুষ্ট, মন্দ, নিকৃষ্ট; দূষিত; অনিষ্টকর; বিরক্তিকর, মারাত্মক (রোগ)। ব خَبَثَة، أَخْبَاث، خُبَثَاء، خُبُث

خَبِيثُ الرَّائِحَة : দুর্গন্ধময়।

خَبَائِث : দূষিত খাদ্য; ঘৃণ্য কাজকর্ম।

الأَخْبَثَان : মল ও মূত্র।

مَخْبَثَة : ক্ষতিকর বস্তু।

خَبَرَ ـُ : (خِبْرَة، خُبْر) পরীক্ষা করা; অনুভব করা, অভিজ্ঞতার ফলে জানা; উত্তমরূপে জানা।

~ ـُ : (خُبُور)(পশু) অধিক দুগ্ধ হওয়া।

خَبُرَ ـُ : (مَخْبُرَة، خُبْرَة، خُبْر) সম্যক অবহিত হওয়া, তথ্য জানা, পরীক্ষা করা।

خَبَّرَ (تَخْبِير) أَخْبَرَ (إِخْبَار) : অবহিত করা, সংবাদ দেওয়া; বর্ণনা করা; ঘোষণা করা, অধিক দুগ্ধবতী পাওয়া।

خَابَرَ : পত্র বিনিময় করা; সম্বোধন করিয়া লেখা; যোগাযোগ করা; গোয়েন্দাগিরি করা; (জমি) বর্গা চাষ করা; (কাজ) পরিচালনা করা।

~ مَعَ : যোগাযোগ রক্ষা করা, কথাবার্তা বলা।

تَخَبَّرَ، إِسْتَخْبَرَ : (إِسْتِخْبَار) জিজ্ঞাসা করা, জানিতে চাওয়া; অবহিত হওয়া।

تَخَابَرَ : একে অপরকে অবহিত করা, পত্র বিনিময় করা।

~ مَعَ : যোগাযোগ রক্ষা করা, কথাবার্তা বলা।

إِخْتَبَرَ : (إِخْتِبَار) পরীক্ষা করা, পরীক্ষা করিয়া জানা, উত্তমরূপে জানা অনুসন্ধান করা, জানিতে চাওয়া।

إِسْتَخْبَرَ : (إِسْتِخْبَار) জিজ্ঞাসা করা, জানিতে চাওয়া।

~ عَنْ : জিজ্ঞাসাবাদ করা, খবরাখবর লওয়া।

خَبْر : অধিক দুগ্ধবতী উষ্ট্রী; বৃহৎ মশক। ব خُبُور

خُبْر : জ্ঞান, অভিজ্ঞতা।

خَبَر : সংবাদ, খবর, তথ্য, রিপোর্ট, বার্তা, গল্প, বিষয়, বিধেয় (ব্যা)। ব أَخْبَار

خِبْرَة : জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা।

خُبْرَة : ভাগে জবাই করিবার জন্য ক্রীত মেষ; বৃহৎ বাটি, খাদ্য সম্ভার; অংশ।

خَبَار : নরম মাটি; ইঁদুরের গর্ত।

خَبَّارَة : বোরখাবিশেষ, (Mantilla).

خَبَرِيَّة : গল্প; গুজব; জনরব; সংবাদ; রিপোর্ট।

الخَبُور : সিংহ।

خَبِير : অভিজ্ঞ, দক্ষ; অবহিত, সুপরিচিত; বিশেষজ্ঞ। ব خُبَرَاء

الخَبِير : আল্লাহর একটি গুণবাচক নাম।

خَابُور : গোঁজ; পিন; ছিপি। ব خَوَابِير

أَخْبَار : সংবাদ।

إِخْبَار : সংবাদ দান, অবহিতকরণ; বিজ্ঞপ্তি; বার্তা, রিপোর্ট।

إِخْتِبَار : অনুসন্ধান; (যোগ্যতা) যাচাই এর পরীক্ষা; অভিজ্ঞতা।



www.pathagar.com

إِخْتِبَارِيّ : পরীক্ষামূলক।

إِسْتِخْبَار : অনুসন্ধান, জিজ্ঞাসা।

إِسْتِخْبَارَات : গোয়েন্দা বিভাগ।

وَكَالَةُ الإِسْتِخْبَارَاتِ المَرْكَزِيَّة : কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা।

مَخْبَر : পরীক্ষাগার, গবেষণাগার, Laboratory. ব مَخَابِر

مُخْبِر : সংবাদদাতা।

مِخْبَار : টেস্টটিউব, Test Tube. ব مَخَابِير

مَخْبُرَة، مَخْبَرَة : জ্ঞান, অভিজ্ঞতা।

مُخَابَرَة : পত্রবিনিময়, যোগাযোগ, আলাপ-আলোচনা; খবরাখবর; বিভক্তি; গোয়েন্দা বিভাগ; বর্গাচাষ।

مُخَابَرَة سِرِّيَّة : গোপন যোগাযোগ।

قَلَمُ المُخَابَرَات، دَائِرَةُ المُخَابَرَات : গোয়েন্দা বিভাগ, গোয়েন্দা সংস্থা।

وَكَالَةُ المُخَابَرَاتِ المَرْكَزِيَّة : কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা।

مُخْتَبِر : অভিজ্ঞ, অভিজ্ঞতাসম্পন্ন।

مُخْتَبَر : পরীক্ষাগার, গবেষণাগার, Laboratory.

خَبَزَ - ِ (خَبْز) : রুটি তৈয়ার করা, রুটি সেঁকা; রুটি খাওয়ানো; আঘাত করা; (পশু) তাড়াইয়া নেওয়া।

تَخَبَّزَ : তৃণাদি পদদলিত করা (উট)।

إِنْخَبَزَ : (اِنْخِبَاز) (ভূমি) নিচু হওয়া।

إِخْتَبَزَ : (اِخْتِبَاز) রুটি সেঁকা।

خُبْز : রুটি।

خُبْزَة : এক টুকরা রুটি।

خَبْز : সমতল নিচু ভূমি।

خَبَّاز : রুটিওয়ালা।

خِبَازَة : রুটির ব্যবসা, রুটি তৈয়ার, রুটি তৈরির কারখানা, বেকারি।

خُبَّيْزَة، خُبَّازَى، خُبَّازَة : উদ্ভিদবিশেষ, Mallow; ফুলগাছ বিশেষ, Geraniam.

خَبِيز : (বিণ) সেঁকা।

مَخْبِزَة، مَخْبِز : রুটি তৈরির কারখানা, বেকারি। ব مَخَابِز

مَخْبُوزَات : রুটিজাতীয় খাদ্যসামগ্রী।

خَبَسَ - ُ : (خَبْس)، اِخْتَبَسَ (اِخْتِبَاس) কর্তৃত্ব গ্রহণ করা।

تَخَبَّسَ : লুণ্ঠিত দ্রব্য ক্রোক করা।

خُبَاسَة، خُبَاسَا : লুণ্ঠিত দ্রব্য, লুটের মাল।

خَبُوس، خَبَّاس، خَابِس : সিংহ; লুটতরাজকারী, দস্যু।

خَبَشَ - ُ : (خَبْش)، تَخَبَّشَ (বিক্ষিপ্ত বস্তু) কুড়াইয়া তোলা।

خَبَصَ - ِ : (خَبْص) মিশ্রিত করা, একত্রে মিশানো।

~ بَيْنَ : বিবাদ সৃষ্টি করা।

~ عَلَى : নিন্দা করা, অপবাদ দেওয়া।

خَبَّصَ : (تَخْبِيص) মিশ্রিত করা, একত্রে মিশানো; জগাখিচুড়ি করা, এলোমেলোভাবে মিশ্রিত করা, বিজড়িত করা; খেজুর রস ও মাড় দ্বারা মিশ্রিত খাদ্য তৈরি করা।

خَبْصَة : জগাখিচুড়ি; বিশৃঙ্খলা; ঝগড়া।

خَبِيصَة، خَبِيص : জগাখিচুড়ি; মিশ্রিত দ্রব্য; বিশৃঙ্খল জনতা; খেজুর রস ও মাড় দ্বারা প্রস্তুত মিষ্টান্ন; পুডিং।

خَبَّاص : বিশৃঙ্খলাকারী; দায়িত্বহীন ব্যক্তি; নিন্দুক; রটনাকারী; লম্পট।

مِخْبَصَة : খিচুড়ি নাড়িবার চামচ।

خَبَطَ - ِ : (خَبْط) আঘাত করা, ধাক্কা দেওয়া, দরজায় কড়া নাড়া, (মাটিতে) পদাঘাত করা।

يَخْبِطُ خَبْطَ عَشْوَاء : সে অন্ধ উষ্ট্রীর ন্যায় মাটিতে পদাঘাত করে; এলোমেলোভাবে কাজ করে; লক্ষ্যহীনভাবে পথ চলে।

خُبِطَ : শ্লেষ্মাগ্রস্ত হওয়া।



www.pathagar.com

تَخَبَّطَ : আঘাত করা; ফেলিয়া দেওয়া, ভূপাতিত করা; ধাক্কা দেওয়া; হারাইয়া যাওয়া, বিপথে যাওয়া; উদ্দেশ্যহীনভাবে ঘুরিয়া বেড়ানো; হাতড়ানো; সংগ্রাম করা, প্রতিরোধ করা; (ঘোড়া) লাফাইয়া চলা; (দেশ) বিশৃঙ্খল হওয়া; (শয়তান) অনিষ্ট করা।

إِخْتَبَطَ : (اِخْتِبَاط) ধাক্কা লাগা; সজোরে ধাক্কা দেওয়া; (গাছ হইতে) পাতা পাড়া, সংগ্রাম করা, প্রতিরোধ করা; হাতড়ানো; হারাইয়া যাওয়া, বিপথে যাওয়া; তাড়া দেওয়া; আনুকূল্য প্রার্থনা করা।

خَبْط : আঘাত, ধাক্কা, নাড়ানো।

خَبْطَة : আঘাত, ধাক্কা; গণ্ডগোল, শ্লেষ্মা, পাত্রের অবশিষ্ট পানি; সামান্য পরিমাণ।

خَبْطَة بِخَبْطَة : ঢিল মারিলে পাটকেলটি খাইতে হয়।

خِبْطَة : (রাতের) অংশ; মানুষের দল।

خَبَاط : ধূলি। ব خِبَط

خُبَاط : উন্মত্ততা, মানসিক বিকৃতি।

خَبُوط، خَبِيط، أَخْبَط : মাটিতে পদাঘাতকারী (ঘোড়া)।

مِخْبَط : ঢাক বাজাইবার কাঠি, পাতা পাড়িবার লম্বা যষ্ঠি। ব مَخَابِط

مُخْبِط : মুগুড়, হাতুড়ি। ব مَخَابِيط

خَبَعَ - َ : (خُبُوع) ক্রন্দনে কণ্ঠরোধ হওয়া।

فِي ~ : প্রবেশ করা।

بِ ~ : অবস্থান করা।

خَبِقَ - َ : (خَبْق) অবজ্ঞা করা, ঘৃণা করা।

خَبَلَ - ُ : (خَبْل)، خَبَّلَ (تَخْبِيل) হতবুদ্ধি করা; বিশৃঙ্খল করা; নষ্ট করা; মস্তিষ্ক বিকৃত করা; জড়াইয়া ফেলা

خَبِلَ - َ : (خَبَل، خَبَال) বিকৃতমস্তিষ্ক হওয়া, উন্মত্ত হওয়া; (অঙ্গ) শুকাইয়া যাওয়া।

أَخْبَلَ : (اِخْبَال) গবাদি পশু ধার দেওয়া।

تَخَبَّلَ : (অঙ্গ) শুকাইয়া যাওয়া, পঙ্গু হওয়া।

إِخْتَبَلَ : (اِخْتِبَال) (মস্তিষ্ক) বিকৃত হওয়া।

إِسْتَخْبَلَ : (اِسْتِخْبَال) (উষ্ট্রী) ধার চাওয়া।

خَبْل، خَبَل، إِخْتِبَال : মানসিক বিকৃতি, উন্মত্ততা, হতবুদ্ধিতা।

خَبِل، أَخْبَل، مُخَبَّل، مَخْبُول : হতবুদ্ধি; বিকৃতমস্তিষ্ক, উন্মত্ত, বিজড়িত।

خَبَال : ক্ষতি, ধ্বংস, ফিৎনা, ধার-কর্জ।

خَبَنَ - ِ : (خَبْن، خِبَان) (কাপড় ইত্যাদি) মুড়ি সেলাই করা।

أَخْبَنَ : (اِخْبَان) কাপড়ের মধ্যে কোন কিছু ভাঁজ করিয়া রাখা।

إِخْتَبَنَ : (اِخْتِبَان) বক্ষ-স্থলে লুকাইয়া রাখা।

خُبْنَة : কাপড়ের ভাঁজ। ব خُبَن

خَبَا - ُ : (خَبْو، خُبُوّ) (আগুন) নিভিয়া যাওয়া; (যুদ্ধ, ক্রোধ) প্রশমিত হওয়া, শান্ত হওয়া।

أَخْبَى : (আগুন) (اِخْبَاء) নিভানো; তাঁবু নির্মাণ করা।

خَبَّى (تخبية)، تَخَبَّى، إِسْتَخْبَى، (اِسْتِخْبَاء) : তাঁবু নির্মাণ করা।

خِبَاء : তাঁবু, (শস্যাদির) খোসা। ব أَخْبِيَة

خِبْيَارِي : মৎস্যবিশেষের ডিম, কেভিয়ার।

خَتَّ - ُ : (خَتّ) বর্শা দ্বারা আঘাত করা; অংশ হ্রাস করা; লজ্জিত হওয়া।

أَخَتَّ : (اِخْتَات) অংশ হ্রাস করা।

خَتِيت : ত্রুটিপূর্ণ; অর্থলিপ্সু।

خَتَا - َ : (خَتْا) বিরত রাখা।

إِخْتَتَا : (اِخْتِتَاء) ভয়ে কিংবা লজ্জায় আত্মগোপন করা, সরাইয়া নেওয়া।

مِنْ ~ : লজ্জায় লাল হওয়া; ভয় করা।

لِ ~ : প্রতারিত করা।

خَتَرَ - ِ : (خَتْر) বিশ্বাসঘাতকতা করা; প্রতারিত করা।

~ - ُ : (خَتْر) দুষ্ট হওয়া।

خَتِرَ - َ : (خَتَر) মদ্যপানে মাতাল হওয়া।

تَخَتَّرَ : মদ্যপানে মাতাল হওয়া, দুর্বল হওয়া, অবসন্ন হওয়া।

خَتْر، خُتُور : বিশ্বাসঘাতকতা, প্রতারণা।



www.pathagar.com

خَتِّير، خَتُور، خَتَّار، خَاتِر : বিশ্বাসঘাতক, প্রতারক।

خَتْرَم : ভয়ে কিংবা ক্লান্তিতে নীরব থাকা।

خَتَعَ : ـَ (خُتُوع، خَتْع) যাত্রা করা, অন্ধকারে পথ দেখানো, (মরীচিকা) বিলীন হওয়া, (হায়না) খোঁড়াইয়া চলা।

~ عَلَى : আক্রমণ করা।

خَتِع : উৎকৃষ্ট পথ-প্রদর্শক, হায়না।

خَتِيعَة : আঙ্গুশ্তরী, Finger-Stalt. ব خَتَائِع

خَتْعَرَ : (মরীচিকা) বিলীন হওয়া।

خَتْعُور : মরীচিকা; বিকৃত বস্তু, ক্ষণস্থায়ী বস্তু, প্রতারক; নেকড়ে; দুর্যোগ; দৈত্য।

خَتَلَ : ـُ (خَتَلَان، خَتْل) কপটাচরণ করা; (শিকারি) গোপনে নিকটবর্তী হওয়া।

خَاتَلَ : (مُخَاتَلَة) প্রতারণা করা।

تَخَاتَلَ : পরস্পর প্রতারণা করা।

إِخْتَتَلَ : (اِخْتِتَال) প্রতারণা করা।

~ لِ : গোপনে শ্রবণ করা।

مُخَاتَلَة، خَتْل : প্রতারণা।

خَتْلَة : দেয়ালের কোণ।

مُخَاتِل : প্রতারক, ধূর্ত।

خَتَمَ : ـِ (خَتْم، خِتَام)، (تَخْتِيم) خَتَّمَ সীলমোহর করা, ছাপ মারা; সমাপ্ত করা; বন্ধ করা।

خَتَمَ الإِنَاءَ : পাত্র বন্ধ করিয়া দেওয়া।

~ الجُرْحُ : ক্ষত শুকাইয়া যাওয়া, সরিয়া যাওয়া।

~ العَمَلَ : কাজ সম্পন্ন করা, শেষ করা।

~ بِالشَّمْعِ أَوِ الرَّصَاصِ : গালা বা সীসা দ্বারা সীল করা।

~ عَلَى قَلْبِهِ : অন্তরে ছাপ মারিয়া দেওয়া, অন্তর কঠিন করিয়া দেওয়া।

تَخَتَّمَ : ~ بِ আঙটি পরিধান করা; লুকাইয়া রাখা।

إِخْتَتَمَ : (اِخْتِتَام) শেষ করা, সমাপ্ত করা, সমাপ্তি ঘোষণা করা।

خَتْم : সীলমোহরকরণ, সমাপ্তকরণ, বন্ধকরণ।

~ : সীল, ছাপ। ব أَخْتَام خُتُوم

~ : কুরআন খতম। ব خَتْمَة

خَتْمُ البَرِيد : ডাক-মোহর, (Post mark).

~ تَارِيخ : তারিখ চিহ্নিত করা, (dater).

خَاتَام، خَاتَم : সীল, ছাপা, আঙটি, মলদ্বার; ব خَوَاتِيم، خَوَاتِم

خَاتَمُ الدَّوْلَة : সরকারি সীল।

~ الزَوَاج : বিবাহের আঙটি।

~ المَكْتَب : অফিস মোহর।

~ النَّبِيِّين : শেষ নবী মুহাম্মাদুর রাসূলুল্লাহ (স)।

خَاتِمَة : সমাপ্তি, উপসংহার; ফলাফল, পরিণাম। ব خَوَاتِيم

خِتَام : সমাপ্তি, উপসংহার; গালা।

خَتَّامَة : সীলের কালির প্যাড, স্ট্যাম্প প্যাড।

إِخْتِتَام : সমাপ্তি, শেষ, উপসংহার।

مُخَتَّم : আঙটি পরিহিত (আঙুল); কড়া পরিহিত (হাত)।

مَخْتُوم : সীলমোহরকৃত; সারিয়া গিয়াছে এমন (ক্ষত)।

خَتَنَ : ـِ (خَتْن) খাৎনা করা।

إِخْتَتَنَ : (اختتان) (বালক) খাৎনাকৃত হওয়া।

خِتَانَة، خِتَان، خَتْن : খাৎনা।

خَتَن : জামাতা; বর। ব أَخْتَان

خُتُونَة، خُتُون : স্ত্রী পক্ষের কুটুম্বিতা।

مَخْتُون، خَتِين : খাৎনাকৃত।

خَاتُون : ভদ্র মহিলা; বেগম; সুলতান সালাহুদ্দীন আইয়ুবীর স্ত্রীর নাম। ব خَوَاتِين

خَتَا : ـَ (خَتْو)، إِخْتَتَى، (اِخْتِتَاء) (ভয়ে, দুঃখে) ভগ্ন হৃদয় হওয়া।

~ عَنْ : বাধা দেওয়া, বিরত রাখা।

مَخْتُوّ : ছিন্ন বস্ত্র।

خَثَّثَ : (تَخْثِيث) সংগ্রহ করা, কুড়াইয়া লওয়া।



www.pathagar.com

إِخْتَثَّ : (اخْتِثَاث) ভীত হওয়া; লজ্জিত হওয়া।

خُثَّة، خَثَّة : জ্বালানিকাঠের আঁটি।

(خَثَر) ـَ خَثِرَ، (خُثُر، خَثْر) : ـُ خَثُرَ تَخَثَّرَ ঘন হওয়া, শক্ত হওয়া, আঠালো হওয়া, ঘনীভূত হওয়া, জমাট বাঁধা।

(اخثار، تَخْثِير) : أَخْثَرَ، خَثَّرَ ঘন করা, শক্ত করা, ঘনীভূত করা, জমাট বাঁধানো।

خَثَّرَ اللَّبَنَ : দুধকে দধিতে পরিণত করা।

خَثْرَة : রক্তের জমাটবদ্ধতা, Thrombosis.

خُثَار : খাদ্যের অবশিষ্টাংশ, তলানি, ইতর লোক।

خُثَارَة : তলানি।

مُخَثَّر، خَاثِر : ঘনীভূত, জমাটবদ্ধ।

خَاثِرَة : রক্তের জমাট, মানবদেহ।

(خَثَم) : ـَ خَثَمَ চেপটা নাকবিশিষ্ট হওয়া।

أَخْثَم، خَثِم : চেপটা নাকবিশিষ্ট।

(خَثْي) : ـ خَثَى (পশু) মলত্যাগ করা।

(اخثاء) : أَخْثَى শুকনা গোবর জ্বালানো।

خَثْي : পশুমল, গোবর, ঘুঁটে। ব أَخْثَاء، خُثِيّ

(خَجّ) : ـُ خَجَّ ধাক্কা দেওয়া; (কাঠ) বিদীর্ণ করা; সাহায্য করা।

خَجُوج : ঝড়।

(خَجْأ) : ـَ خَجَأ গোপনে (ঘরে) প্রবেশ করা।

(خَجَأ) : ـَ خَجِئَ লজ্জিত হওয়া।

(انْخِجَال) إِنْخَجَلَ، (خَجَل) : ـَ خَجِلَ লজ্জিত হওয়া, লজ্জায় লাল হওয়া।

(اخجال، تخجيل) : أَخْجَلَ، خَجَّلَ লজ্জিত করা।

خَجَالَة، خَجَل : লজ্জা, লাজুকতা।

(انْخِجَال) : مَخْجُول، خَجُول، خَجْلَان، خَجِل লজ্জিত, লাজুক; ভীরু।

مُخْجِل : লজ্জাকর, (اخجال، تَخْجِيل) লজ্জাজনক; ভীতিজনক।

الأَعْضَاءُ الْمُخْجِلَة : লজ্জাস্থানসমূহ।

(خَدّ) : ـُ خَدَّ খাত কাটা, দাগ কাটা, (চামড়া) কুঞ্চিত হওয়া।

خَدَّ الأَرْضَ : লাঙল ইত্যাদি দ্বারা ভূমি কর্ষণ করা।

(تخديد) : خَدَّدَ (চামড়া) কুঞ্চিত করা, কুঞ্চিত হওয়া।

تَخَادَّ، خَادَّ : تَخَادد، مخادة বাধা দেওয়া।

تَخَدَّدَ : খাতযুক্ত হওয়া; দাগযুক্ত হওয়া; কুঞ্চিত হওয়া; (চামড়া) চিড়যুক্ত হওয়া; (লোক) বিভক্ত হওয়া।

خَدّ : চিবুক, গাল; পার্শ্বদেশ। ব خُدُود

خَدّ : ক্ষুদ্র নদী, মানুষের দল। ব خِدَاد، خِدَّان، أَخِدَّة

~ خدة، أخدود : পরিখা; সরু লম্বা খাত বা দাগ। ব خدد، أخاديد

مِخَدَّة : বালিশ, গদি; লাঙলের ফাল। ব مَخَادّ

(خَدْب) : ـُ خَدَبَ মিথ্যা বলা; (সাপে) দংশন করা।

تَخَدَّبَ : মধ্যম পদক্ষেপে হাঁটা।

خَدَب : উচ্চতা, দৈর্ঘ্য, বোকামি।

مُتَخَدِّب، أَخْدَب، خَدِب : দীর্ঘকায় নির্বোধ। স্ত্রী خَدْبَاء ব خُدْبٌ

(خِدَاج) : ـُ خَدَجَ (উষ্ট্রী) পূর্ণতাপ্রাপ্তির পূর্বে বাচ্চা প্রসব করা।

(اخداج) : أَخْدَجَ ত্রুটিপূর্ণ হওয়া; (উষ্ট্রী) ত্রুটিপূর্ণ বাচ্চা প্রসব করা।

(اخداج) : أَخْدَجَ الصَّلٰوة ত্রুটিপূর্ণভাবে নামায আদায় করা।

خِدَاج : অসম্পূর্ণতা, ত্রুটি; ত্রুটিপূর্ণ; গর্ভপাত।

خَدِيج : অকালজাত শিশু।

خَدِيجَة : রাসূলুল্লাহ (স)-এর প্রথমা স্ত্রী উম্মুল মুমিনীন খাদীজা (রা) বিন্‌ত খুওয়াইলিদ।

(خَدْر) : ـُ خَدَرَ হতবুদ্ধি হওয়া; (হরিণ) দলের পিছনে পড়িয়া থাকা; অন্তঃপুরে আবদ্ধ রাখা।

(خَدَر) : ـَ خَدِرَ (অঙ্গ) অবশ হওয়া, অসার হওয়া, (চক্ষু) অবসন্ন হওয়া, (ঠাণ্ডা, তাপ) তীব্র হওয়া।

(اخدار، تَخْدِير) : أَخْدَرَ، خَدَّرَ (মাদক দ্রব্য দ্বারা) অবশ করা, অচেতন করা. (মেয়েকে) অন্তঃপুরবাসিনী করা।



www.pathagar.com

تَخَدَّرَ : অবশ হওয়া, অচেতন হওয়া।

إِخْتَدَرَ : (اختداء) (মেয়ে) অন্তঃপুরবাসিনী হওয়া।

خِدْر : পর্দা; স্ত্রী লোকের খাস কামরা, অন্তঃপুর, সিংহের গুহা, রাত্রির অন্ধকার। ব أَخَادِير، أَخْدَار، خُدُور

خَدِر : অসার, অবশ (অঙ্গ), অচেতন, অলস, অন্ধকারাচ্ছন্ন।

خِدَار : সিংহের গুহা।

خَادِر : অবশ, অসার (অঙ্গ), অচেতন, হতবুদ্ধি, ঢিলা, অলস, গুহায় আস্তানা গ্রহণকারী (সিংহ),।

خُدْرَة : আরবের একটি প্রাচীন গোত্র ও নিসবা خدرى

خَدْرَان : অবশ (অঙ্গ); অচেতন।

خَدْرِيّ : কালো গাধা।

الخُدَارِيَّة : ঈগল।

الخُدَارِيّ، الأَخْدَار : অন্ধকার রাত্রি, কালোমেঘ।

الأَخْدَرِيّ : বন্যগাধা।

تَخْدِير، إِخْدَار : অবশকরণ, অচেতনকরণ।

مُخَدِّر : অচেতনকর, বেদনানাশক (ঔষধ), মাদকদ্রব্য।

مُخَدَّر : অবশ, অচেতন, মাতাল।

مُخَدَّرَة : অন্তঃপুরে আবদ্ধ নারী, অন্তঃপুরবাসিনী, পর্দানশীন মহিলা।

خَدَشَ : - (خَدْش) خَدَّشَ، (تَخْدِيش) ছিঁড়িয়া ফেলা, ছিন্ন করা, চাঁচিয়া ফেলা, (নখ দ্বারা) আঁচড়ানো, লঙ্ঘন করা, ভঙ্গ করা, নষ্ট করা, আহত করা।

خَدَشَ السُّمْعَةَ : সুনাম নষ্ট করা, দুর্নাম করা।

خَدَّشَ الآذَانَ : (অশ্লীল কথা) শ্রুতি আহত করা।

خَادَشَ : (مُخَادَشَة) নখ দ্বারা একে অপরের মুখমণ্ডল আঁচড়ানো।

خَدْش : আঁচড়া, আঁচড়ের দাগ। ব أَخْدَاش، خُدُوش

خُدُوش : মশা, মাছি, ডাশ ইত্যাদি।

مُخَادِش، مُخَدِّش : বিড়াল।

خَدَعَ : - َ (خَدْع)، خَادَعَ (مخادعة) প্রতারিত করা, ধোঁকা দেওয়া, ঠকানো, জালিয়াতি করা।

أَخْدَعَ : (اخداع) প্রতারণামূলক আচরণ করা; প্রতারণা করিতে উদ্বুদ্ধ করা।

تَخَادَعَ : পরস্পর প্রতারণা করা, প্রতারিত হইবার ভান করা।

إِنْخَدَعَ : (انخداع) প্রতারিত হওয়া, ধোঁকা খাওয়া, বিপথগামী হওয়া, (বাজার) মন্দা হওয়া।

خَدِيعَة، خِدَاع، خُدْعَة، خَدْعَة : প্রবঞ্চনা, ছল, কৌশল; কপটতা।

خِدَاعُ الحَوَاس : বিভ্রম, ইন্দ্রিয়বিভ্রম।

~ البَصَر : দৃষ্টিবিভ্রম।

مُخَادِع، خَدُوع، خَدَّاع : প্রতারক, প্রবঞ্চক, ধোঁকাবাজ।

خِدَاعِيّ : প্রতারণাপূর্ণ, প্রবঞ্চনামূলক, বিভ্রান্তিকর।

خَادِع : প্রতারক; প্রতারণাপূর্ণ।

خَيْدَع : মরীচিকা।

مُخْدَع، مُخْدَع : ক্ষুদ্র প্রকোষ্ঠ, চেম্বার। ব مَخَادِع

مَخْدُوع : প্রতারিত।

خَدَفَ : - (خَدْف) দ্রুত হাঁটা, স্বচ্ছন্দ জীবনযাপন করা; নিক্ষেপ করা।

إِخْتَدَفَ : (اختداف) (কাপড়) ছিন্ন করা; সরাইয়া ফেলা।

خَدْف : নৌকার হাল।

خَدِلَ : - (خَدَل) (অঙ্গ) মাংসল হওয়া, কঠিন হওয়া, অবশ হওয়া।

خَدْلَة : স্থূলাঙ্গিনী।

خِدَال : জনপূর্ণ, জমজমাট।

خَدَمَ : - ُ (خِدْمَة) খিদমত করা, চাকুরি করা, সেবায় নিয়োজিত থাকা।

خَدَمَ الأَرْضَ : জমি চাষ করা।

خَدَّمَ : (تَخْدِيم) চাকর নিয়োগ করা, কাজ দেওয়া, চাকুরি দেওয়া।

خَدَّمَ الخَشَبَ : কাঠ সমান করা।



www.pathagar.com

أَخْدَمَ : (اِخْدَام) খাদেম প্রদান করা।

إِخْتَدَمَ : (اِخْتِدَام) আত্মসেবা করা, খাদেম চাওয়া।

إِسْتَخْدَمَ : (اِسْتِخْدَام) নিয়োগ করা, চাকর নিয়োগ করা, চাকুরি দেওয়া, চাকর চাওয়া, ব্যবহার করা, কাজে লাগানো, সেবায় নিয়োজিত হওয়া।

خَدَم : চাকর বাকর।

خِدْمَة : খিদমত, সেবা, পরিচর্যা; চাকুরি, কাজ, পেশা; সাহায্য, ব্যবহার। ব خَدَمَات، خِدَم

خِدْمَةُ الأَرْضِ : জমি কর্ষণ।

~ إِحْتِيَاطِيَّة : সতর্কতামূলক দায়িত্ব।

~ صِحِّيَّة : স্বাস্থ্য কার্যক্রম।

الخِدْمَةُ الإِجْبَارِيَّة : বাধ্যতামূলক চাকুরি।

~ السِّرِّيَّة : গোপনীয় বিষয়ের চাকরি (Secret service)

~ العَسْكَرِيَّة : সামরিক চাকুরি।

الخَدَمَاتُ العَامَّة : সরকারি চাকুরি।

خَدَمَة : পায়ের গহনা, পা; বৃত্তাকারে সমবেত জনমণ্ডলী। ব خَدَمَات، خِدَام، خَدَم

خَدَامَة : সেবা, চাকুরি, কাজ।

خَادِم : খাদিম, চাকর, কর্মচারী (উভয় লিঙ্গ)। ব خُدَّام، خُدَّام خَدَم

خَادِمَة، خَدَّامَة : সেবিকা, চাকরানী।

خَادِمِيَّة : চাকরবৃত্তি।

إِسْتِخْدَام : ব্যবহার; নিয়োগ; চাকুরি, কাজ।

مُخَدِّم : নিয়োগকারী, চাকুরিতে নিয়োগের এজেন্ট।

مُخَدَّم : সমানকৃত।

مَخْدُوم : মালিক, প্রভু।

مَخْدُومِيَّة : প্রভুত্ব।

مُسْتَخْدِم : নিয়োগকর্তা।

مُسْتَخْدَم : কর্মচারী।

خَادَنَ : (مُخَادَنَة) পরস্পর বন্ধুত্ব করা, বন্ধু হওয়া।

خِدْن : বন্ধু, সাথী (স্ত্রী পুং)। ব أَخْدَان خَدِين، خِدْن

خَدَى : - (خَدَيَان، خَدْي) (পশু) দ্রুত পায়ে চলা।

أَخْدَى : ধীরে ধীরে চলা।

خَدَا : গুবরে পোকা।

خُدَيْوِي، خَدِيو : খিদিভ, তুর্কী শাসনামলে মিসরের শাসনকর্তার উপাধি।

خَذَّ : - خَذِيذ، خَذّ، أَخَذّ (ক্ষত হইতে) পুঁজ প্রবাহিত হওয়া।

خَذَا، خَذِئَ : - (خَذَا، خُذُوء، خَذَاء)، إِسْتَخْذَأَ ~ لِ আত্মসমর্পণ করা।

أَخْذَأَ : (اِخذاء) নত করা, হীন করা।

خَذْرَفَ : ত্বরা করা, দ্রুত ছুটা; (পাত্র) পূর্ণ করা; (তরবারি) ধারালো করা।

تَخَذْرَفَ : (কাপড়) বিদীর্ণ হওয়া, ছিন্ন হওয়া।

خُذْرُوف : লাটিম। ব خَذَارِيف

خَذَعَ : - (خَذْع) (ফল) ফালি করিয়া কাটা, (গোশত) খণ্ড খণ্ড করিয়া কাটা।

مِخْذَعَة : ছুরি।

خَذَفَ : - (خَذْف) ~ بِ গুলতি দ্বারা (প্রস্তর খণ্ড) নিক্ষেপ করা।

خَذَفَان : উটের দ্রুত পদক্ষেপ।

خَذُوف : দ্রুত ধাবমান (পশু)। ব خُذُف

مِخْذَفَة : গুলতি

خَذَقَ : - (خَذْق) (পশুকে) দ্রুত চলার জন্য খোঁচা দেওয়া।

خَذْق : গোবর।

خَذَلَ : - (خِذْلَان، خَذْل) পরিত্যাগ করা, ছাড়িয়া আসা; নিরাশ করা; পরাজিত করা।

خَذَّلَ : (تَخْذِيل) পরিত্যাগ করিতে প্রলুব্ধ করা।

خَاذَلَ : (مُخَاذَلَة) পরিত্যাগ করা, অসহায় অবস্থায় ফেলিয়া রাখা।

تَخَاذَلَ : অবসন্ন হওয়া; ম্লান হওয়া; দুর্বল হওয়া; পরিত্যাগ করা।



www.pathagar.com

إِنْخَذَلَ : (اِنْخِذَال) বিফল হওয়া, অসহায় অবস্থায় পরিত্যক্ত হওয়া; নিরুপায় হওয়া; পরাজিত হওয়া; নিরাশ হওয়া।

خِذْلَان : নিরাশা; পরাজয়; ব্যর্থতা।

خَاذِل، خَذَّال : পরিত্যাগকারী।

إِنْخِذَال : অসহায়তা; ব্যর্থতা; পরাজয়।

تَخَاذُل : ক্লান্তি, দুর্বলতা, অবসন্নতা; গরমিল।

مَخْذُول، مُخْذَل : পরিত্যক্ত।

مُتَخَاذِل : অবসন্ন, ক্লান্ত, দুর্বল।

خَذَمَ - : (خَذْم)، خَذَّمَ (تَخْذِيْم) تَخَذَّمَ দ্রুত কর্তন করা।

خَذِمَ - َ : (خَذَم) কর্তিত হওয়া; ত্বরা করা, তাড়াতাড়ি যাওয়া; মাতাল হওয়া।

أَخْذَمَ : (اخذام) অন্যায় স্বীকার করিয়া নিশ্চুপ থাকা, মাতাল করা।

خَذِم : ধারালো (তরবারি); দানশীল; দ্রুতগামী।

خَذِيم : মাতাল।

مِخْذَم : ছুরি, ধারালো তরবারি।

خَذَا : - ُ (خَذْو) خَذًى - ِ خَذِيَ - َ (خَذًّى) (কান) ঝুলিয়া থাকা।

إِسْتَخْذَى : (اِسْتِخْذَاء) অধীন হওয়া, বশীভূত হওয়া।

أَخْذَى : ঝুলন্ত কানবিশিষ্ট। স্ত্রী خذوا

خَرَّ : - ُ (خَرِير) (পানি) কলকল শব্দ করা; নাক ডাকা।

~ : (خُرُور، خَرّ) ফোঁটা ফোঁটা পড়া; চুয়াইয়া পড়া; পতিত হওয়া।

~ لِ، بَيْنَ يَدَيْ : অবনমিত হওয়া, মাথা নত করা।

~ عَلَى : আক্রমণ করা।

خَرَّ سَاجِدًا : মাথা নত করা, সিজদায় পড়া।

أَخَرَّ : (اخرار) কমাইয়া দেওয়া।

إِنْخَرَّ : (اِنْخِرَار) শিথিল হওয়া, নমনীয় হওয়া।

خُرّ : স্রোতজনিত মাটির খাদ; কর্ণফুল, জাঁতাকলের মুখ; গোলাকার শস্যদানা। ব خِرَرَة

خَرَّارَة : ঘূর্ণ্যমান লাটিম; জলপ্রপাত; মৃত্যুকালীন গলার ঘড় ঘড় শব্দ।

خَرُور : মিউমিউকারী (বিড়াল)।

خَرِير : (পানির) কুলকুল শব্দ; মর্মরধ্বনি, নাকডাকা শব্দ।

مَخْرُور : তুরপুন।

خَرِئَ : - َ (خُرُوء، خِرَاءَة، خَرْأ) মলত্যাগ করা।

خُرْء : মল। ব خُرُوء، خَرَاء

خُرْءُ الْحَمَام : গাবজাতীয় গাছবিশেষ, Mango-steen.

~ الدَّجَاجَة : উদ্ভিদবিশেষ।

مَخْرَأ، مَخْرَأَة : মলত্যাগ করিবার স্থান, পায়খানা। ব مَخَارِئ

خُرَاسَان : খোরাসান (উত্তরপূর্ব ইরানের একটি প্রদেশ)।

خَرَبَ : - ُ (خِرَابَة) চুরি করা।

خَرِبَ : (خَرْب) خَرَّبَ (تَخْرِيب) أَخْرَبَ (اِخْرَاب) ধ্বংস করা, বিধ্বস্ত করা।

خَرِبَ : (خَرَاب)، تَخَرَّبَ ধ্বংস হওয়া, বিধ্বস্ত হওয়া।

إِسْتَخْرَبَ : (اِسْتِخْرَاب) দুর্ঘটনায় বিধ্বস্ত হওয়া, (পানির মশক) বিদীর্ণ হওয়া।

~ إِلَى : কামনা করা।

خَرْب، خَرَاب : ধ্বংস, বিনাশ।

خُرْب : গর্ত, সুচের ছিদ্র, মলদ্বার।

خَرِب، خَرِبَان، مُخَرَّب : ধ্বংসপ্রাপ্ত, বিধ্বস্ত, বিনষ্ট।

خَرْبَة : দোষ, অধর্ম, অনিয়ম; চালুনি।

خَرِبَة : ধ্বংসস্থল, ধ্বংসাবশেষে। ব (خَرِبَة) خَرَائِب ব خَرَابَة (خَرِبَات) ব خِرَب

خُرْبَة، خُرَب : গর্ত; সুচের ছিদ্র; মলদ্বার; হাতল।

خَرَاب : ধ্বংস, বিনাশ।

~ : ধ্বংসস্থল, ধ্বংসাবশেষ। ব أَخْرِبَة

خَارِب : ধ্বংসকারী, বিনাশকারী, চোর, দস্যু।

أَخْرَب : ছিদ্র করা কানবিশিষ্ট (পশু)। স্ত্রী خرباء

تَخْرِيب : ধ্বংসকরণ, বিনাশসাধন, ক্ষতিসাধন।

تَخْرِيبِيّ : ধ্বংসাত্মক।



www.pathagar.com

تَخَارِيب : উঁইপোকার বাসা, মৌচাক।

مُخَرِّب، مُخْرِب : ধ্বংসকারী, বিনাশকারী, ধ্বংসাত্মক।

خِرْبِز : তরমুজ।

خَرْبَشَ : নষ্ট করা; হিজিবিজি করিয়া লেখা; আঁচড়ানো।

خَرْبُوش : (সি) তাঁবু। ব خَرَابِيش

خَرْبَصَ : পৃথক করিয়া রাখা; সবকিছু মিশাইয়া ফেলা; জড়িত করা।

خَرْبَصَة : জগাখিচুড়ি; জটিলতা।

خَرْبَطَ : (خَرْبَطَة) নষ্ট করা, বিশৃঙ্খল করা, বিজড়িত করা।

تَخَرْبَطَ : নষ্ট হওয়া।

خَرْبَطَة : বিশৃঙ্খলা, জটিলতা।

خَرْبَقَ : নষ্ট করা; ছিদ্র করা।

خَرْبَق أَسْوَد، خَرْبَق : উন্মাদের ঔষধ বলিয়া বিবেচিত গোলাপ জাতীয় উদ্ভিদবিশেষ, হেলিবোর, Hellebore.

خَرَتَ ـُ : (خَرْت) ছিদ্র করা।

خُرْت، خَرْت : ছিদ্র। ব أَخْرَات، خُرُوت

خُرْتُ الإِبْرَة : সুচের ছিদ্র।

خِرِّيت : অভিজ্ঞ, সুদক্ষ। ব خَرَارِيت

خَرْتِيت : গণ্ডার।

خُرْثِيّ : পতিত অংশ, পরিত্যক্ত অংশ।

خُرْثِيّ الكَلَام : বাজে কথা, অশুভ কথা।

خَرَجَ ـُ : (خُرُوج) বাহির হওয়া, বাহিরে যাওয়া, চলিয়া যাওয়া।

~ مِنْ : বাহির হইয়া আসা; নির্গত হওয়া; ছাড়িয়া যাওয়া; (প্রতিযোগিতা হইতে) বাদ পড়া; নামিয়া আসা; উদ্ভূত হওয়া।

~ عَنْ : পৃথক হওয়া, বিচ্ছিন্ন হওয়া, ভিন্নমত হওয়া, বিরোধী হওয়া; বিচ্যুত হওয়া; ছাড়াইয়া যাওয়া অন্তর্ভুক্ত না হওয়া।

~ بِ : বাহির করিয়া আনা, স্থানচ্যুত করা, আবিষ্কার করা।

~ عَلَى : আক্রমণ করা, বিরুদ্ধে যুদ্ধ করা, বিপক্ষে বিদ্রোহ করা, (আইন, নিয়ম) লঙ্ঘন করা।

خَرَّجَ : (تَخْرِيج) বাহির করা, স্থানচ্যুত করা, বহিষ্কার করা, অপসারিত করা, বাদ দেওয়া, প্রশিক্ষণ দেওয়া, শিক্ষিত করা, প্রতিপালন করা, ফোঁটা ফোঁটা করিয়া ফেলা; নিষ্কাশন করা; উৎপাটন করা; অনুমান করা; খারাজ (ভূমিকর) ধার্য করা।

أَخْرَجَ : (إِخْرَاج) বাহির করা, বাহিরে আনা, নির্গত করা, স্থানচ্যুত করা, অপসারিত করা, উৎপাটন করা, নিষ্কাশন করা, বহিষ্কৃত করা; বরখাস্ত করা; (মালপত্র) খালাস করা; প্রকাশ করা, প্রযোজনা করা; (মত) ব্যক্ত করা; কর পরিশোধ করা; (টাকা) খরচ করা; উৎক্ষিপ্ত করা, প্রেরণ করা, আবিষ্কার করা।

أَخْرَجَ رِيحًا : বাতকর্ম করা।

~ لِسَانَهُ : সে তাহার জিহ্বা প্রসারিত করিল।

~ مِنْ ثَرْوَتِه : সে তাহাকে তাহার স্বত্ব হইতে বঞ্চিত করিল, বেদখল করিল।

تَخَرَّجَ : সুশিক্ষিত হওয়া, দক্ষ হওয়া, প্রশিক্ষণ প্রাপ্ত হওয়া, ডিগ্রি লাভ করা।

تَخَارَجَ : বিচ্ছিন্ন হওয়া, পরস্পর পৃথক হওয়া।

تَخَارَجَ عَنْ حَقٍّ : স্বত্বত্যাগ করা, অধিকার ছাড়িয়া দেওয়া।

إِخْرَجَّ : (إِخْرِجَاج) (পশু) সাদা ও কালো রংযুক্ত হওয়া।

إِسْتَخْرَجَ : বাহির করা, উৎপাটন করা, (খনিজ সম্পদ) উঠাইয়া আনা, লাভ করা, উদ্ধৃত করা, আবিষ্কার করা।

إِسْتَخْرَجَ المَسْئَلَةَ : সে বিষয়টি ব্যাখ্যা করিল, সমস্যাটি সমাধান করিল, মূল হইতে তথ্য বাহির করিল।

خَرْج : খরচ, ব্যয়, ভূমিকর। ব أَخْرَاج

~ : যথাযথ, উপযুক্ত, প্রয়োজনীয়, প্রাপ্য, সামগ্রী, রেশন। ব خُرُوجَة

~ : ঝালর, পাড়, প্রান্ত, বস্ত্রভূষণ। ব خُرُوجَات

خَرْجُ المَشْنَقَة : ফাঁসি হওয়ার যোগ্য।



www.pathagar.com

www.pathagar.com

www.pathagar.com

إِنْخَرَطَ فِى سِلْكٍ : গ্রথিত হওয়া; সংযুক্ত হওয়া; যোগদান করা।

إِنْخَرَطَ فِى الْبُكَاءِ : কান্নায় ভাঙ্গিয়া পড়া।

إِخْتَرَطَ (اِخْتِرَاط) (তরবারি) কোষমুক্ত করা।

إِخْرَوَّطَ : (اخرواط) (দাড়ি) লম্বা হওয়া; ত্বরা করা।

~ ب : (ভ্রমণ) বিলম্বিত করা, জালে আটকা পড়া।

إِسْتَخْرَطَ فِى الْبُكَاءِ : দারুণভাবে কাঁদা।

خَرْط : (গাছ হইতে পাতা ইত্যাদি) পাড়া; লেদমেশিনে গঠন-কার্য।

خَرَّاط : লেদমেশিনে গঠনকারী; কুন্দকার; মিথ্যা বড়াইকারী, দম্ভকারী।

خِرَاطَة : লেদমেশিনে গঠনকার্য।

خُرَاطَة : লেদমেশিন হইতে পড়া কর্তিত অংশ, কুঁদযন্ত্রের ছাঁট।

خَرَّاطَة : খণ্ড খণ্ড করিয়া কাটিবার ছুরি, স্কার্ট, পেটিকোট।

خَرِيطَة : মানচিত্র, থলি। ব خُرُط، خَرَائِط

خَارِطَة : মানচিত্র।

إِنْخِرَاط : গ্রন্থ, যোগদান; প্রবেশ।

مِخْرَطَة : লেদমেশিন, কুঁদযন্ত্র। ব مَخَارِط

مَخْرُوط : লম্বা (চেহারা); মোচার আকারবিশিষ্ট, Conical; শংকু, কৌন, Cone.

مَخْرُوطِيّ : কৌনের আকার বিশিষ্ট, Conical.

خَرْطَشَ : (خرطشة) হিজিবিজি করিয়া লেখা, কাটিয়া দেওয়া।

خَرْطُوش : কার্তুজ, দৈনিক ক্রয়-বিক্রয়ের হিসাব লিখিবার বই, চিরকুট।

خِرْطِيط : উজ্জ্বল বর্ণ প্রজাপতি। ব خَرَاطِيط

خَرْطِيط : গণ্ডার।

خَرْطَال : জই, যব Oats.

خَرْطَمَ (خرطمة)، (اخرنطام) : إِخْرَنْطَمَ নাক উঁচু করা, গর্বিত হওয়া, রাগান্বিত হওয়া।

خُرْطُم : মদ্য।

خُرْطُم، خُرْطُوم : শুঁড়; নাক; পানি দেওয়ার নল। ব خَرَاطِم، خَرَاطِيم

خَرَاطِيمُ الْقَوْمِ : বংশের সর্দার।

الْخَرْطُوم : খার্তুম নগরী।

خَرَاطِين : কেঁচোবিশেষ।

إِنْخَرَعَ (خَرَاعَة، خُرْع) - خَرُعَ (خَرَع) : - خَرِعَ, (انخراع) শিথিল হওয়া, নমনীয় হওয়া, অবসন্ন হওয়া, দুর্বল হওয়া, শক্তিহীন হওয়া।

خَرَعَ : - (خَرْع) বিদীর্ণ করা।

تَخَرَّعَ : দুর্বল হওয়া, নমনীয় হওয়া, শিথিল হওয়া, (অঙ্গ) স্থানচ্যুত হওয়া।

إِخْتَرَعَ : (اِخْتِرَاع) বিদীর্ণ করা, সৃষ্টি করা (আল্লাহ), আবিষ্কার করা, (গল্প) রচনা করা, আত্মসাৎ করা, (সম্পদ) বোকার মত খরচ করিয়া ফেলা, (ডাল) ভাঙ্গিয়া ফেলা।

خَرِيع، خَرِع : দুর্বল, শক্তিহীন, শিথিল, নমনীয়।

خَرَّاعَة : কাকতাড়ুয়া।

خِرْوَع : ভেরেণ্ডা গাছ, রেড়িগাছ, Castoroil plant.

زَيْتُ الْخِرْوَعِ : রেড়ির তেল।

إِخْتِرَاع : আবিষ্কার; সৃষ্টি।

مُخْتَرِع : আবিষ্কর্তা; সৃষ্টিকর্তা।

مُخْتَرَع : আবিষ্কৃত; আবিষ্কার।

خُرْعُوب، خُرْعُب : এক বৎসরের কোমল ক্ষুদ্র ডাল; তরুণী মেয়ে; কোমল নারী; লম্বা ও বলিষ্ঠ লোক। ব خَرَاعِيب ব خَرَاعِب

خَرَّفَ، (خَرَافَة) - خَرُفَ، (خَرَف) : - خَرِفَ (تَخْرِيف) অত্যধিক আসক্ত হওয়া; দুর্বলচিত্ত হওয়া; বোকার ন্যায় কথা বলা; বার্ধক্যজনিত দুর্বল হওয়া।

خَرِفَ الْمَرِيضُ : রোগী বিকারগ্রস্ত হইল, প্রলাপ বকিল।

(اِخْتِرَاف) إِخْتَرَفَ، (خِرَاف، خَرْف) : - خَرَفَ সংগ্রহ করা, (ফল) চয়ন করা।



www.pathagar.com

أَخْرَفَ : (إِخْرَاف) (উষ্ট্রী) শরৎকালে বাচ্চা প্রসব করা।

خَرَف : দুর্বলচিত্ততা, মাত্রাতিরিক্ত অনুরাগ, অত্যধিক আসক্তি, ভীমরতি।

خَرْفَان، خَرِف : দুর্বলচিত্ত, অত্যধিক আসক্ত, ভীমরতিগ্রস্ত।

خَرَاف : ফসল কাটার সময়, ফলের মৌসুম।

خُرَافَة : কুসংস্কার, কল্পিত কাহিনী, উপকথা, সংগৃহীত ফল।

خُرَافِيّ : কল্পিত, কাল্পনিক, কুসংস্কারাচ্ছন্ন।

خَرُوف : মেষ, ভেড়া, দুম্বা। ব خِرْفَان، أَخْرِفَة، خِرَاف

خَرُوفَة : ভেড়ী। ব خَرَائِف

خَرِيف : শরৎকাল; শরৎকালীন বৃষ্টি; বৎসর; তাজা (খেজুর)।

خَرِيفِيّ : শরৎকালীন, শারদীয়।

مَخْرَف : খেজুর বাগান। ব مَخَارِف

مِخْرَف : খেজুর রাখিবার ঝুড়ি। ব مَخَارِف

مُخَرِّف : দুর্বলচিত্ত, বোকা, বাচাল, বাগাড়ম্বরকারী।

مَخْرَفَة : বাচালতা, নিরর্থক কথাবার্তা, অসার বাক্য; অত্যধিক আসক্তি; ভীমরতি।

خَرْفَشَ : মিশানো, জড়াইয়া ফেলা।

خَرْفَشَ فِي الْكَلَامِ : এলোমেলোভাবে কথা বলা।

خَرْفُوشَة : অনাবশ্যক তাস, দুই হইতে পাঁচ পর্যন্ত সংখ্যার তাস। ব خَرَافِيش

خِرْفِيش : বাজে বস্তু, রাবিশ।

خَرَقَ ـُـ : (خَرْق) (বস্ত্র) বিদীর্ণ করা, ছিন্ন করা, (মরুভূমি) অতিক্রম করিয়া যাওয়া; ছিদ্র করা, বিদ্ধ করা, গর্ত করা; (রীতি) লঙ্ঘন করা; মিথ্যা রচনা করা; অসাধারণ হওয়া।

خَرَقَ الْعَادَةَ : সে সাধারণ নিয়ম ছাড়াইয়া গেল, অলৌকিক কার্য সম্পাদন করিল।

~ حُرْمَتَهُ : সে তাহার সম্মান নষ্ট করিল, তাহার অসম্মান করিল।

خَرِقَ ـَـ : (خَرَق) ভয় কিংবা লজ্জায় হতবুদ্ধি হওয়া, (পাখি) উড়িতে অক্ষম হওয়া, বোকা হওয়া।

~ خَرُقَ ـُـ : (خَرَاقَة) ~ بِ (কাজে) অদক্ষ হওয়া।

خَرَّقَ : (تَخْرِيق) বিদীর্ণ করা, ছিন্ন করা, নির্লজ্জভাবে মিথ্যা বলা।

أَخْرَقَ : (إِخْرَاق) হতবুদ্ধি করা (ভয়); ওঁত পাতিয়া থাকা, অপেক্ষারত থাকা।

تَخَرَّقَ : বিদীর্ণ হওয়া, ছিন্ন হওয়া, বিদ্ধ হওয়া; দানশীল হওয়া।

دَاخِلِيّ : অভ্যন্তরীণ, স্বদেশীয়; অন্তরঙ্গ, একান্ত।

دَاخِلِيَّة : অভ্যন্তর।

دَاخِلِيَّة البِلَاد : দেশের অভ্যন্তর।

مَدْرَسَة دَاخِلِيَّة : আবাসিক বিদ্যালয়, দাখিল মাদ্রাসা।

وِزَارَة الدَّاخِلِيَّة : স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

مُدَاخَلَة، تَدَاخُل، تَدَخُّل : হস্তক্ষেপ, অনধিকার প্রবেশ।

مَدْخَل : প্রবেশপথ, প্রবেশিকা। ব مَدَاخِل

مَدْخُول : অসুস্থ, বিকৃতমস্তিষ্ক, ত্রুটিপূর্ণ।

~ : আয়। ব مَدَاخِيل

دُخْلُل : অন্তরঙ্গতা; ধূসর রঙের পাখি।

دَخْمَسَ : (دَخْمَسَة) প্রতারণা করা; ধূর্ত হওয়া, চতুর হওয়া।

دَخْمَسَة : প্রতারণা, শঠতা; ধূর্ততা।

أَدْخَنَ (دُخُون، دَخْن) ـُ دَخَنَ (دَخَن) : ـَ دَخِنَ (إِدْخَان) ধূম্রময় হওয়া, ধূম নির্গত করা।

دَخَّنَ : (تَدْخِين) ধূম নির্গত করা; ধোঁয়া দেওয়া, ধূমপান করা।

دُخْن : জোয়ার, Millet.

دَخَن : ধোঁয়া।

دُخْنَة : ধূপ, ধুনা, ধূম্র বর্ণ।

دُخَّان، دُخَان : ধোঁয়া, ধূমপানের তামাক। ব دَوَاخِن

دَخِينَة : সিগারেট। ব دَخَائِن

دُخَّانِيّ، دخاخني، دَخَاخِنِيّ، دخاني : তামাক বিক্রেতা।

مَدْخَنَة، دَاخِنَة : ধূম নির্গত হইবার চোঙ, চিমনি। ব مَدَاخِن ,دَوَاخِن

تَدْخِين : ধূমপান; ধোঁয়া দেওয়া।

مُدَخِّن : ধূমপায়ী।

دَخْنَان : অত্যন্ত গরম (দিন)।

دَد : ক্রীড়া, খেলা; সময়।

دَدِد : কৌতুককারী, রসিকতাকারী।

دَدَن : কৌতুক, খেলা, আমোদ প্রমোদ।

دَيْدَن : অভ্যাস।

دَرَّ ـُ ـِ : (دَرّ) (দুধ ইত্যাদি) প্রচুর পরিমাণে প্রবাহিত হওয়া; (সম্পদ) পুঞ্জীভূত হওয়া; (গাছ) বর্ধনশীল হওয়া; (প্রদীপ) উজ্জ্বল আলো দেওয়া; (শিরা) রক্তে পরিপূর্ণ হওয়া; নরম হওয়া; (বাজার) কর্মচঞ্চল হওয়া।

~ ـِ : (دَرِير) (ঘোড়া) দ্রুত বেগে দৌড়ানো।

أَدَرَّ : (إِدْرَار) প্রচুর পরিমাণে প্রবাহিত করা, প্রচুর দান করা; পর্যাপ্ত করা; (উষ্ট্রী) দুগ্ধ দোহন করিতে দেওয়া।

إِسْتَدَرَّ : (إِسْتِدْرَار) প্রবাহিত হওয়া, প্রচুর হওয়া; প্রবাহিত করানো; প্রচুর দুধ দেওয়া; লাভ করিতে চাওয়া (মুনাফা); জাগ্রত করা।



www.pathagar.com

دَرٌّ : দুধ, প্রচুর দুধ; আত্মা; সাফল্য।

لِلّٰه دَرُّهُ : সে কতই না উত্তম! শাবাশ!

دُرٌّ، دُرَّةٌ : মুক্তা।

دِرَّةٌ : স্তনের বোঁটা, বাঁট; দুগ্ধ, দুগ্ধপ্রবাহ; রক্ত। ব دِرَر

دُرِّيٌّ : উজ্জ্বল, চকচকে।

كَوْكَب دُرِّيٌّ : উজ্জ্বল তারকা।

دَرَر : সোজা পথ; বাতাসমুখী।

دَارٌّ : প্রচুর পরিমাণে প্রবাহিত (দুগ্ধ); প্রাচুর্যপূর্ণ, লাভজনক।

إِدْرَار، إِدْرَار البَوْل : মূত্রবৃদ্ধি।

مِدْرَ، مُدِرّ البَوْل : মূত্রবৃদ্ধিকারক।

مِدْرَارٌ : প্রচুর বৃষ্টি বর্ষণকারী (মেঘ); প্রচুর অশ্রু বর্ষণকারী (চক্ষু)।

مِدْرَارًا : প্রচুর পরিমাণে।

دَرَأَ - َ : (دَرْأً) প্রতিহত করা; সরাইয়া দেওয়া; (স্রোত) বেগে ধাবিত হওয়া; (আগুন) দীপ্তিময় হওয়া; (তারকা) উদিত হওয়া; (পশু) তাড়াইয়া নেওয়া; (গালিচা) বিছাইয়া দেওয়া।

~ عَلَى : ঝাঁপাইয়া পড়া, আক্রমণ করা।

دَارَأَ : প্রতিরোধ করা; তোষামোদ করা; সদয় আচরণ করা; প্রতারিত করা।

تَدَارَأَ : পরস্পর প্রতিরোধ করা; বিতর্ক করা, প্রতিযোগিতা করা, ভিন্নমত পোষণ করা।

دَرْأ : প্রতিরোধ; বক্রতা; ঝগড়া; চরমসীমা।

دُرْأ : রাস্তার অসমান অংশ।

دَرِيئَة : লক্ষ্যস্থল; উপায়; উট; পর্দা।

دَرَابزِين، دَرَابزُون : (ফা) রেলিং, Railing.

دِرَامَا : নাটক Drama.

دِرَامِيّ، دِرَامَاتِيكِيّ : নাটকীয়।

دَرِبَ - َ : (دُرْبَة، دَرَب) ~ ب ، تَدَرَّبَ، ~ فِي، عَلَى; অভ্যস্ত হওয়া, প্রশিক্ষণপ্রাপ্ত হওয়া, সুদক্ষ হওয়া।

دَرَّبَ : (عَلَى، فِي، ب) প্রশিক্ষণ দেওয়া, অনুশীলন করানো, অভ্যস্ত করা।

دَرْب : বৃহৎ ফটক, রাস্তার গেট। ব دِرَاب

~ : খেজুর শুকাইবার উঠান। ব أَدْرَاب

~ : গিরিপথ; প্রবেশপথ; রাস্তা, গলি, পথ। ব دُرُوب

دَرْبُ التَّبَّانَة : ছায়াপথ, Milky Way.

دُرْبَة : প্রশিক্ষণ, অনুশীলন; অভ্যাস; দক্ষতা, অভিজ্ঞতা।

تَدْرِيب : প্রশিক্ষণ, অনুশীলন।

تَدْرِيب أَسَاسِيّ : মৌলিক প্রশিক্ষণ।

~ تَخَصُّصِيّ : বিশেষজ্ঞ প্রশিক্ষণ।

~ عَسْكَرِيّ : সামরিক প্রশিক্ষণ।

~ فَنِّيّ : প্রযুক্তি প্রশিক্ষণ, Technical training.

~ مِهْنِيّ : বৃত্তিমূলক প্রশিক্ষণ, Vocational training.

دَوْرَة تَدْرِيبِيَّة : প্রশিক্ষণ কোর্স, Training Course.

مُدَرِّب : প্রশিক্ষক।

مُدَرَّب، مُتَدَرِّب : প্রশিক্ষিত, প্রশিক্ষণ প্রাপ্ত; অভ্যস্ত, সুদক্ষ।

دَرْبَان : (ফা) দারোয়ান। ব دَرَابِنَة

دَرَابزِين، دَرْبَزِين : বেড়া, রেলিং, পাঁচিল।

دَرْبَس : (দরজায়) খিল লাগানো, কুলুপ লাগানো।

دِرْبَاس : খিল, দরজার খিল; সিংহ; রক্ষী কুকুর, দংশনকারী কুকুর। ব دَرَابِس

دَرْبَص : ভয়ে নীরব থাকা।

دَرْبَكَة : গড় গড় শব্দ, শোরগোল, হৈ চৈ।

دَرَبُكَّة، دِرْبَكَّة : দামামা, ভেরী।

دَرَجَ - ُ : (دُرُوج) হাঁটা; অগ্রসর হওয়া; ধ্বংস হওয়া, বিলুপ্ত হওয়া; (মানুষ) নিঃসন্তান অবস্থায় মরিয়া যাওয়া; ছড়াইয়া পড়া, প্রচলিত হওয়া; (সময়) অতিবাহিত হওয়া; ভাঁজ করা।

~ عَلَى : অভ্যস্ত হওয়া।

~ مِنْ : ছাড়িয়া যাওয়া, চলিয়া যাওয়া।

دَرِجَ - َ : (دَرَج)، تَدَرَّجَ আস্তে আস্তে অগ্রসর হওয়া।



www.pathagar.com

دَرَّجَ : (تَدْرِيج) ভাঁজ করা; আস্তে আস্তে অগ্রসর করানো; ছড়াইয়া দেওয়া, প্রচার করা; ক্রম অনুসারে সাজানো, স্তরে স্তরে বিভক্ত করা।

أَدْرَجَ : (إِدْرَاج) অন্তর্ভুক্ত করা, প্রবিষ্ট করা, লিপিবদ্ধ করা।

إِنْدَرَجَ : (اِنْدِرَاج) অন্তর্ভুক্ত হওয়া, প্রবিষ্ট হওয়া; লিপিবদ্ধ হওয়া; ধ্বংসপ্রাপ্ত হওয়া।

إِسْتَدْرَجَ : (اِسْتِدْرَاج) প্রলুব্ধ করা, প্রতারিত করা।

~ إِلَى : আস্তে আস্তে অগ্রসর করা; ক্রমে ক্রমে লইয়া আসা।

دَرْج : প্রবিষ্টকরণ, অন্তর্ভুক্তি, নথিভুক্তকরণ।

~ : কাগজের মোড়ক, ভাঁজ, অনর্গল পাঠ। ব أَدْرَاج

فِى دَرْجِ الْكِتَابِ : বইয়ের মধ্যে।

فِى ~ الْكَلَامِ : কথার মধ্যে।

دِرْج، دُرْج : দেরাজ। ব أَدْرَاج ব دُرُوج

دَرَج : পথ; সিঁড়ি। ব أَدْرَاج

دَرَجَة : স্তর; সিঁড়ি; ধাপ; শ্রেণী; পদমর্যাদা; মান; মাত্রা। ব دَرَجَات

الدَّرَجَةُ الأُولَى : প্রথম শ্রেণী।

دَرَجَةُ الْحَرَارَةِ : তাপমাত্রা।

الدَّرَجَةُ السُّفْلَى : নিম্নতম স্তর, মাত্রা।

دَرَجَةُ الطُّولِ : দৈর্ঘ্যের মাত্রা।

~ الْعَقْلِ : বুদ্ধির মাত্রা।

الدَّرَجَةُ الْعُلْيَا : সর্বোচ্চ মাত্রা।

ذُودَرَجَة : উন্নত মানের।

دَرَّاج : দৌড়বিদ; সাইকেল: চালক; নিন্দুক; শজারু।

دُرَّاج : পাখিবিশেষ, Francolin. ব دَرَارِيج

دَرَّاجَة : সাইকেল।

دَرَّاجَةُ الأَطْفَالِ : শিশুদের সাইকেল, Gocart, baby walker.

دَرَّاجَة نَارِيَّة، ~ بُخَارِيَّة : মোটর সাইকেল।

دَرُوج : দ্রুতগামী (তীর, বাতাস)।

دَارِج : প্রচলিত, পরিচিত, সচরাচর, সাধারণ।

طِفْل دَارِج : টলিয়া টলিয়া হাঁটে এমন শিশু।

دَارِجَة : পশুর পা। ব دَوَارِج

اللُّغَة الْعَامِّيَّة، اللُّغَة الدَّارِجَة : চলিতভাষা, কথ্যভাষা।

تُدْرُج : সুন্দর পাখি বিশেষ; Pheasant.

تَدْرِيج، تَدَرُّج : ক্রমোন্নতি; ক্রমবিভক্তি।

عَلَى التَّدْرِيجِ، بِالتَّدْرِيجِ، تَدْرِيجًا : ক্রমে ক্রমে, ক্রমান্বয়ে, আস্তে আস্তে।

مَدْرَج : ধর্মীয় বিশ্বাস; পথ; রানওয়ে, Runway. ব مَدَارِج

مَدْرَجَة : রাস্তা; রানওয়ে; কাগজের মোড়ক; প্রধান অংশ।

مُدْرَج : প্রবিষ্ট, অন্তর্ভুক্ত, নথিভুক্ত।

مُدَرَّج : ক্রমান্বয়ে উত্থিত, ক্রমিক অংশে বিভক্ত; উন্মুক্ত সিঁড়ি; রঙ্গমঞ্চ, Amphitheatre.

مُتَدَرِّج : শিক্ষানবিশ।

دَرَحَ – َ : (دَرْح) তাড়াইয়া দেওয়া।

دَرِحَ – َ : (دَرَح) ভাঙ্গিয়া পড়া, জরাগ্রস্ত হওয়া।

دَرِدَ – َ : (دَرَد) দাঁত হারানো, দন্তহীন হওয়া।

أَدْرَد : দন্তহীন, দাঁত পড়া ব্যক্তি। স্ত্রী دَرْدَاء ব دُرْد

أَبُو الدَّرْدَاء : রাসূলুল্লাহ (স)-এর একজন প্রসিদ্ধ সাহাবী। মৃত্যু ৬৫২ খ্রি.।

دَرَسَ ~ : (دُرُوس) (চিহ্ন) মুছিয়া যাওয়া, (নিদর্শন) নিশ্চিহ্ন হওয়া; পুরাতন হওয়া।

دَرَّسَ (تَدْرِيس)، أَدْرَسَ : (إِدْرَاس) জড়ানো, শিক্ষা দেওয়া।

دَارَسَ (مُدَارَسَة)، تَدَارَسَ : একত্রে পড়া।

إِنْدَرَسَ : (اِنْدِرَاس) মুছিয়া যাওয়া, নিশ্চিহ্ন হওয়া।

دُرُوس، دَرْس : বিলুপ্তি।

~ : পাঠ, অধ্যায়। ব دُرُوس

~ : শস্যমাড়াই। ব دِرَاس

دِرَاسَة : পড়াশুনা, পাঠ, অধ্যয়ন, অনুধ্যান, গভীর মনোনিবেশ পরীক্ষা-নিরীক্ষা, গবেষণা।



www.pathagar.com

دِرَاسَة عُلْيَا : উচ্চশিক্ষা।

دِرَاسِيّ : পাঠসংক্রান্ত, পাঠ্য।

سَنَة دِرَاسِيَّة، عَام دِرَاسِيّ : শিক্ষাবর্ষ।

دَرَّاس : ছাত্র; শস্য মাড়াইকারী।

آلَـةُ دِرَاس، دَرَّاسَـة : শস্যমাড়াইযন্ত্র, শস্যমাড়াইয়ের কাঠ।

دِرْوَاس : কুকুরবিশেষ, Bulldog; সিংহ; শক্ত ঘাড়বিশিষ্ট উট। ব دَرَاوِس

دَرِيس : শুষ্ক তৃণ, খড়; জীর্ণ বস্ত্র; উটের লেজ।

حُمَّى الدَّرِيس : জ্বরবিশেষ, Hay-fever.

دَارِس : পাঠক; ছাত্র, গবেষক।

~ : নিশ্চিহ্ন, বিলুপ্ত, পুরাতন, জীর্ণ। ব دَوَارِس

إِدْرِيس : ইদ্রীস (আ)।

هَيْئَةُ التَّدْرِيس : শিক্ষক মণ্ডলী, অধ্যাপকবর্গ, অনুষদ।

مِدْرَس : পাঠ্যপুস্তক।

مُدَرِّس : শিক্ষক।

مُدَرِّس أَوَّل : প্রধানশিক্ষক।

~ الفَصْلِ : শ্রেণী শিক্ষক, Class Teacher.

~ مُسَاعِد : সহকারী শিক্ষক।

مَدْرَسَة : মাদরাসা, বিদ্যালয়, শিক্ষায়তন। ব مَدَارِس

مَدْرَسَة إِبْتِدَائِيَّة : প্রাথমিক বিদ্যালয়।

~ تِجَارِيَّة : বাণিজ্যিক বিদ্যালয়।

~ ثَانَوِيَّة : মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ বিদ্যালয়।

~ حَرْبِيَّة : সামরিক বিদ্যালয়।

~ خَاصَّة : প্রাইভেট স্কুল।

~ دَاخِلِيَّة : আবাসিক বিদ্যালয়, দাখিল মাদ্রাসা।

~ زِرَاعِيَّة : কৃষি বিদ্যালয়।

مَدْرَسَة كُبْرَى، ~ عَالِيَة : মহাবিদ্যালয়, কলেজ।

~ مِهَنِيَّة : বৃত্তিমূলক বিদ্যালয়, Vocational School.

أَيَّام المَدْرَسَة : বিদ্যালয় দিবস, School Days.

~ رَفِيق : বিদ্যালয় বন্ধু, School mate.

مَدْرَسِيّ : বিদ্যালয় সম্বন্ধীয়।

مِدْرَاس : ইহুদীদের বাইবেল-বিদ্যালয়, গীর্জা। ব مَدَارِيس

مَدْرُوس : পঠিত; জীর্ণ; পদদলিত।

طَرِيق مَدْرُوس : পদচারণায় মসৃণ পথ।

دُرَيْص : বিড়ালছানা, ইঁদুরছানা।

دَرِعَ : ـَ (دَرَع) (মেষ) কালো ও সাদা দেহবিশিষ্ট হওয়া।

دَرَعَ : ـَ (دَرْع) (ভেড়ার) চামড়া ছাড়ানো।

دَرَّعَ : (تَدْرِيع) বর্মপরিহিত করা।

تَدَرَّعَ، إِدَّرَعَ : (إِدِّرَاع) বর্ম পরিধান করা।

دِرْع : বর্ম। ব أَدْرُع، دُرُوع

~ : শেমিজ। ব أَدْرَاع

دُرَّاعَة : হাতাওয়ালা ঢিলা বহির্বাস বিশেষ। ব دَرَارِيع

مُدَرَّع، دَارِع : বর্মপরিহিত।

مُدَرَّعَة، دِرَاعَة، دَارِعَة : অস্ত্র সজ্জিত যুদ্ধ জাহাজ।

سَيَّارَة مُدَرَّعَة : সাঁজোয়া গাড়ি।

أَدْرَع : কালো মাথা ও সাদা দেহবিশিষ্ট (মেষ, অশ্ব); মিশ্রিত বংশীয়, শঙ্কর (মানুষ)। স্ত্রী. دَرْعَاء ব دُرْع

دَرَّفَ : (تَدْرِيف) বিতাড়িত করা।

دَرْف : পার্শ্ব, পার্শ্বভাগ; ছায়া।

دَرْفَة : (দরজা বা জানালার) পাল্লা। ব دِرَف

دَرْفَلَ : (دَرْفَلَة) পেষণ করা, চাপ দিয়া সমান করা।

دَرْفِيل : ডলফিন, গাড়ির গতিরোধ করিবার জন্য চাকায় ব্যবহৃত যন্ত্রবিশেষ, Skid. রোলার।

دَرَقَ : ـُ (دَرْق) তাড়াতাড়ি করা।

دَرَّقَ : (تَدْرِيق) নরম করা।



www.pathagar.com

دَرَقَة : চামড়ার ঢাল। ব أَدْرَاق، دَرَق

دُرَّاقِن، دَرَّاق : পীচফল, খোবানি।

دَرْدَق : শিশু। ব دَرَادِق

دَرْقَلَ : (دَرْقَلَة) দ্রুত গমন করা; নৃত্য করা; হেলিয়া দুলিয়া চলা।

~ لِ : মান্য করা।

دَرَّكَ : (বৃষ্টি) অবিরাম পড়িতে থাকা।

دَارَكَ : (مُدَارَكَة) পৌঁছা; নাগাল পাওয়া, ধরিয়া ফেলা; ছাড়াইয়া যাওয়া; অব্যাহত রাখা; অনুসরণ করিতে থাকা, পশ্চাদ্ধাবন করা।

أَدْرَكَ : (إِدْرَاك) পাওয়া, লোভ করা; পৌঁছা; নাগাল পাওয়া; ধরা; বুঝিতে পারা, অবহিত হওয়া, উপলব্ধি করা; বয়ঃপ্রাপ্ত হওয়া, সাবালক হওয়া; (ফল) পাকা; সুসম্পন্ন হওয়া।

تَدَارَكَ : পরস্পর মিলিত হওয়া, একে অপরের নাগাল পাওয়া; একে অপরকে অনুসরণ করা; অবিরাম চলিতে থাকা; প্রতিকার করা; উপলব্ধি করা; ঠিক করা, সংশোধন করা; ক্ষতিপূরণ দেওয়া।

إِدَّرَكَ : (إِدَّارُك) লাভ করা, পাওয়া।

إِسْتَدْرَكَ : (إِسْتِدْرَاك) সংশোধন করা, ঠিক করা, মেরামত করা; প্রতিকার করা।

~ عَلَى : সীমিত করা।

دَرَك : লাভ, অর্জন; নাগালধরা; দায়িত্ব।

دَرَكُ الْبُولِيس : পুলিশের নির্দিষ্ট কার্য এলাকা।

~ : তলদেশ; কর্মফল। ব أَدْرَاك

دَرَكَة : তল, অতল গহ্বর; প্রহরা।

دَرَّاك : সফল, সক্ষম, বিচক্ষণ।

دَرَاكِ : ধর (তুমি ধর)।

دِرَاكًا : ক্রমাগতভাবে, অবিরামভাবে।

دَرِيكَة : শিকারের পশু।

دَارِك : নির্ভরবিন্দু, আলম্ব, Fulcrum.

إِدْرَاك : লাভ, অর্জন, প্রাপ্তি; বুদ্ধি, উপলব্ধি, চেতনা; বয়ঃপ্রাপ্তি, সাবালকত্ব, পরিপক্বতা।

إِسْتِدْرَاك : ক্ষতিপূরণ, প্রতিকার, প্রতিবিধান; সংশোধন।

إِسْتِدْرَاك ذِهْنِيّ : ধারণাশক্তি।

حَرْفُ الْاِسْتِدْرَاك : সীমাবদ্ধক অব্যয়। যেমন- بَلْ বরং, لٰكِنْ কিন্তু, إِلَّا ব্যতীত, إِلَّا أَنَّ তবে, ইত্যাদি।

تَدَرُّك : ক্রমহ্রাস।

مُدْرِك : বুদ্ধিসম্পন্ন, বুদ্ধিমান; সাবালক, বয়ঃপ্রাপ্ত।

الْقُوَّةُ الْمُدْرِكَة : বুদ্ধিবৃত্তি, বিচারশক্তি।

الْمُدْرِكَاتُ الْخَمْس : পঞ্চেন্দ্রিয়।

الْمُتَدَارِك : কবিতার ছন্দ বিশেষ।

دَرَمَ - (دَرَامَة، دَرَمَان، دَرَم، دَرِم، دَرْم) : শজারু) ঘন পদক্ষেপে গমন করা।

دَرِمَ - (دَرَم) : অঙ্গ মাংসল হওয়া; দন্তহীন হওয়া।

دَرَّمَ : (নখ) কাটা, ছাঁটা; (নখের ) যত্ন করা।

أَدْرَمَ : (শিশুর) নূতন দাঁত গজানো।

دَرِيم، دَارِم، دَرِم : মাংসল; গাছ।

دَرُوم : রাত্রে ভ্রমণকারী, নিশাচর।

دَرَّام : শজারু; কুৎসিত চলনভঙ্গী।

دَرَّامَة : খরগোশ; শজারু।

أَدْرَم : দন্তহীন; মাংসল। স্ত্রী درماء

دَرِنَ - (دَرَن) : ময়লা হওয়া।

أَدْرَنَ : (إِدْرَان) ময়লা হওয়া; নোংরা করা, অপবিত্র করা।

تَدَرَّنَ، دَرَّنَ : ক্ষয়রোগগ্রস্ত হওয়া।

دَرَن : ময়লা, আবর্জনা; ক্ষয়রোগ। ব أَدْرَان

دَرَنَة : ক্ষুদ্র মাংসপিণ্ড, টিউমার।

أُمّ دَرَن : পৃথিবী।

دَرِن : ময়লা, জীর্ণ (কাপড়)।

تَدَرُّنِيّ، دَرَنِيّ : ক্ষয়রোগগ্রস্ত।

تَدَرُّن : ক্ষয়রোগ।

مُتَدَرِّن : টিউমারযুক্ত।

دَرَهَ - (دَرْه) : ~ عَلَى আকস্মিকভাবে আসিয়া পড়া।

~ عَنْ : রক্ষা করা।



www.pathagar.com

دَرَّهُ : (تَدْرِيَة) ত্যাগ করা; গোমড়া মুখে সাক্ষাৎ করা।

دَارِهَاتُ الدَّهْرِ : নিয়তির আঘাতসমূহ।

مِدْرَه : সম্ভ্রান্ত ব্যক্তি; মুখপাত্র। ব مَدَارِه

دَرْهَمَ : টাকাওয়ালা হওয়া।

إِدْرَهَمَّ : (إِدْرِهْمَام) বৃদ্ধ হওয়া; দন্তহীন হওয়া; (দৃষ্টি) ক্ষীণ হওয়া।

دِرْهَم : (গ্রী) মুদ্রাবিশেষ, দিরহাম; মিসরে ওযনের এককবিশেষ; এক-দ্বাদশমাংশ, ওকা অর্থাৎ ৩.১২ গ্রাম। ব دَرَاهِم

دَرَاهِم : নগদ টাকা।

دِرْوَة : নিচু দেওয়াল।

دِرْوَاس : কুকুরবিশেষ, mastiff.

دَرْوِيش : (ফা) দরবেশ। ব دَرَاوِيش

دَرَى - : (دِرَايَة) জানা, অবহিত হওয়া।

دَرَّى (تَدْرِيَة)، أَدْرَى، (إِدْرَاء) : জানানো, অবহিত করা।

وَمَا أَدْرَاكَ : কিসে জানাবে তোমাকে?

دَارَى : (مُدَارَاة) নরম কথায় ভুলানো, তোষামোদ করা, খোশামোদে তুষ্ট করা, সৌজন্য দেখাইয়া প্রতারিত করা; যত্ন লওয়া, মনোযোগ দেওয়া; ঢাকিয়া রাখা।

دِرَايَة : জ্ঞান, পরিচয়; দূরদর্শিতা।

عِلْمُ الدِّرَايَة : আইন-বিজ্ঞান।

لَا أَدْرِيّ : সন্দেহবাদী; অজ্ঞবাদী।

لَا أَدْرِيَّة : সন্দেহবাদ; অজ্ঞবাদ।

مِدْرَى، مِدْرَاة، مِدْرَة : চিরুনি; কাঁটাওয়ালা লৌহদণ্ড; নৌকার মাস্তুল। ব مَدَارٍ

مُدَارَاة : তোষামোদ, খোশামোদ, সৌজন্য, কোমল আচরণ।

دَزَرَ - ُ : (دَزْر) প্রতিরোধ করা।

دَزِينَة : ডজন (১২ সংখ্যক বস্তু)।

دَسَّ - ُ : (دَسّ) دَسَّسَ (تَدْسِيس) অন্তঃপ্রবিষ্ট করা, সন্নিবিষ্ট করা, ঢুকানো; অন্যায়ভাবে বসানো; লুকাইয়া রাখা।

~ عَلَى : ষড়যন্ত্র করা।

تَدَسَّسَ : লুক্কায়িত থাকা; জড়িত থাকা।

إِنْدَسَّ : (إِنْدِسَاس) অন্তঃপ্রবিষ্ট হওয়া, সন্নিবিষ্ট হওয়া, গোপনে ঢুকিয়া পড়া, লুক্কায়িত থাকা।

دَسِيس، دَسَّاس : ষড়যন্ত্রকারী; অন্যায়ভাবে প্রবেশকারী; গুপ্তচর।

دَسَّاسَة : কেঁচো।

دَسِيسَة : ষড়যন্ত্র, বিদ্বেষ। ব دَسَائِس

دَسْت : (ফা) সম্মানের আসন, গদি; পরিষদ; দাবা খেলা; খেলার দান; (কাগজের) দিস্তা; কাপড় ধোয়ার গামলা; পানি ফুটাইবার পাত্র, কেতলি, মরুভূমি। ব دُسُوت

دَسْتُ الحُكْمِ : সিংহাসন।

~ الوِزَارَة : মন্ত্রিপরিষদ।

دَسْتَة : ডজন; প্যাকেট।

دَسْتَان : (ফা) দড়ি; চাবি।

دُسْتُور : (ফা) লিখিত আইন, শাসনতন্ত্র; সংবিধান, নিয়ম; অনুমতি। ব دَسَاتِير

دُسْتُورِيّ : সাংবিধানিক, শাসনতান্ত্রিক, নিয়মতান্ত্রিক।

قَانُون دُسْتُورِيّ : সাংবিধানিক আইন।

دَسَرَ - ُ : (دَسْر) সামনে ঠেলিয়া দেওয়া; বর্শাবিদ্ধ করা; দড়ি ইত্যাদি গুঁজিয়া (নৌকার) ছিদ্র বন্ধ করা, পেরেক দিয়া আঁটা।

دِسَار : গুঁজিয়া ছিদ্র বন্ধ করিবার দড়ি; পেরেক। ব دُسُر

دِسْرَاء : হালকা ক্ষুদ্র নৌকা, ডিঙি। ব دُسْر

دَاسِر : চালকযন্ত্র, চালক-পাখা, Propeller.

دَسَعَ - َ : (دَسْع) বমি করা; উদারহস্তে দান করা, তাড়াইয়া দেওয়া; (পাত্র) পূর্ণ করা; (ছিদ্র) বন্ধ করা।

دَسِيع : ঘাড়ের নিম্নাংশ।

دَسِيعَة : মুক্তহস্তে দান; প্রকৃতি; বড় গামলা; ট্রে, খাঞ্চা; শক্তি। ব دَسَائِع

دَسِقَ - َ : (دَسَق) (পানির ট্যাংক) উপচাইয়া পড়া; (পানি) স্বচ্ছ হওয়া।



www.pathagar.com

أَدْسَقَ : (পাত্র) কানায় কানায় পরিপূর্ণ করা।

دَسْكَرَةٌ : (ফা) বৃহৎ পল্লী; পান্থশালা, চতুর্দিকে কক্ষপরিবেষ্টিত প্রাসাদোপম ইমারত। ব دَسَاكِر

دَسَمَ - ُ : (دَسْم) (বোতল, দরজা) বন্ধ করা; (ক্ষতস্থানে) শলিতা ভরিয়া দেওয়া।

دَسِمَ : (دَسَم) (খাদ্য) চর্বিযুক্ত হওয়া।

دَسَّمَ : (تَدْسِيم) (কাপড়) ময়লা করা।

تَدَسَّمَ : (কাপড়) অপরিষ্কার হওয়া; ধূসরবর্ণ হওয়া; মুখরোচক খাদ্য খাওয়া।

دُسُومَة، دَسَم : তৈলাক্ততা, চর্বি; ময়লা।

أَدْسَم، دَسِم : তৈলাক্ত, চর্বিযুক্ত।

دُسْمَة، دِسَام : ছিপি, কর্ক, Cork.

دَيْسَم : কল্পিত চিরসজীব পুষ্পবিশেষ, amaranth.

دَسَا - ُ : (دَسْو) دَسِيَ - َ (دَسْي) বৃদ্ধিকালে বাধাপ্রাপ্ত হওয়া।

دَسَّى : (تَدْسِيَة) ভ্রষ্ট করা, নষ্ট করা, প্রবিষ্ট করা; প্রবর্তন করা।

تَدَسَّى : লুক্কায়িত থাকা; প্রবেশ করা।

دَشَّ - ُ : (دَشّ) (গম, যব) গুড়া করা; যব ইত্যাদির মণ্ড তৈয়ার করা।

~ فِي : ভ্রমণ করা।

دُشّ : (ফা) ঝরনা, ডুশ, douche.

دَشِيشَة، دَشِيش : মাখনমিশ্রিত গম, যব ইত্যাদির গুড়া দিয়া প্রস্তুত মণ্ডবিশেষ।

دَشْت : (ফা) মরুপ্রান্তর; বাজে বস্তু, আবর্জনা।

وَرَق الدَّشْت : পরিত্যক্ত কাগজ খণ্ড, scrap paper.

دَشَّرَ : (تَدْشِير) পরিত্যাগ করা, ফেলিয়া দেওয়া; (চাকর) বরখাস্ত করা।

دَشْرَة : ক্ষুদ্রগ্রাম। ব مَدَاشِر، دُشُور

دَشَّنَ : (تَدْشِين) নূতন কাপড় পরিধান করা; হস্তান্তর করা; পেশ করা; উৎসর্গ করা; আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা (মসজিদ, প্রকাশনা বা বাড়ি ইত্যাদি)।

تَدَشَّنَ : পাওয়া, গ্রহণ করা।

دَاشِن : নূতন (পোশাক, ঘর)।

تَدْشِين : উৎসর্গ; উদ্বোধন।

دَشَا - ُ : (دَشْو) যুদ্ধে ঝাঁপাইয়া পড়া।

تَدَشَّى : ঢেঁকুর তোলা, উদ্‌গিরণ করা।

دَصَقَ - ُ : (دَصْق) চূর্ণ করা, (কাঁচ) ভাঙ্গিয়া ফেলা।

دَعَّ - ُ : (دَعّ) হটাইয়া দেওয়া, তাড়াইয়া দেওয়া; ধমকানো।

دَعَبَ - َ : (دَعْب، دُعَابَة) রসিকতা করা, কৌতুক করা, তামাশা করা।

دَاعَبَ : (مُدَاعَبَة) খেলা করা; রসিকতা করা, কৌতুক করা; প্রণয় প্রার্থনা করা; ছিনালি করা।

تَدَاعَبَ : পরস্পর খেলা করা।

دَعِب، دَاعِب، دَعَّاب : রসিক, আমোদী, আমোদপ্রিয়, প্রফুল্লচিত্ত, প্রাণবন্ত।

رِيح دَاعِبَة : ঝঞ্ঝা।

مُدَاعَبَة، دُعَابَة : রসিকতা, কৌতুক, তামাশা।

مُدَاعِب : কৌতুককারী, রসিকতাকারী।

دُعْبُوب : বোকা; দুর্বল; প্রাণবন্ত; দীর্ঘকায় (ঘোড়া); কাল (রাত্রি); পদদলিত (রাস্তা)।

دَعْبَسَ : (دَعْبَسَة) প্রত্যাশা করা, প্রতীক্ষা করা।

دُعْبُوس : বোকা।

دَعْبَلَ : (دَعْبَلَة) গোলাকার করা; কুঞ্চিত করা।

دِعْبِل : ব্যাঙের ডিম।

مُدَعْبَل : অসুস্থ; গোলাকার।

دَعَتَ - َ : (دَعْت) সজোরে ধাক্কা দেওয়া।

دَعَثَ - َ : (دَعْث) (মাটি) পদাঘাত করিয়া গুঁড়া করা।

دُعِثَ : জ্বরে অস্বস্তিকর ঠাণ্ডা অনুভব করা।

أَدْعَثَ : (إِدْعَاث) ভাণ্ডারে রাখা, গুদামজাত করা; কাড়িয়া লওয়া; লুণ্ঠন করা।

دَعْث : রোগের প্রারম্ভ।

دِعْث : বিদ্বেষ, ঘৃণা, পানির অবশিষ্টাংশ, কাদামাটি। ব دِعَاث، أَدْعَاث



www.pathagar.com

دَعِجَ - َ : (دَعَج) (চক্ষু) ডাগরকৃষ্ণ হওয়া।

أَدْعَج : ডাগরকৃষ্ণ চোখবিশিষ্ট; কালো (রাত্রি)। স্ত্রী دَعْجَاء ব দُعْج

دَعْدَعَ : (دَعْدَعَة) ভারী পদক্ষেপে দৌড়ানো; (পাত্র) পূর্ণ করা।

دَعِرَ - َ : (دَعَر) দুশ্চরিত্র হওয়া, নীতিভ্রষ্ট হওয়া; (কাঠ) অধিক ধূম্র নির্গত করা; (চকমকি পাথর) অগ্ন্যুৎপাদনে ব্যর্থ হওয়া।

تَدَعَّرَ : (চেহারা) দাগযুক্ত হওয়া; (মানুষ) দুষ্ট হওয়া, দুশ্চরিত্র হওয়া।

دَعَر، دَعَارَة، دِعَارَة : দুশ্চরিত্রতা, নীতিভ্রষ্টতা, লাম্পট্য; পচন।

بَيْت الدَّعَارَة : পতিতালয়।

دَعِر، دَاعِر : দুষ্ট, দুশ্চরিত্র, নীতিভ্রষ্ট, লম্পট।

دَعَسَ - َ : (دَعْس) পদদলিত করা, মাড়াইয়া যাওয়া; অসম্মান করা।

دَعَّسَ : (تَدْعِيس) বর্শাবিদ্ধ করা।

تَدَعَّسَ، اِنْدَعَسَ : (اِنْدِعَاس) পদদলিত হওয়া; অপমানিত হওয়া।

دَعْسَة : সমতল (ভূমি); পায়ের ছাপ।

دُعْسُوقَة : গুবরেপোকা বিশেষ, Ladybird.

دَعَصَ - َ : (دَعْص) أَدْعَصَ (إِدْعَاص) হত্যা করা।

تَدَعَّصَ : (গোশত) পচিয়া যাওয়া।

دِعْص : বালুকাময় গোলাকার টিলা। ব دِعَصَة، أَدْعَاص

دَعْصَاء : কঠিন ও উষ্ণ সমতল ভূমি।

دَعَقَ - َ : (دَعْق) (রাস্তা) মাড়ানো।

دَعْق، مَدْعُوق : মাড়ানো, পদদলিত (রাস্তা)।

دُعْقَة : উষ্ট্রবাহিনী; বর্ষণ।

دَعَكَ - َ : (دَعْك) ঘর্ষণ করা, ঘষিয়া পরিষ্কার করা; পেষণ করা, বাটা; কুঞ্চিত করা; (কাগজ) টুকরা টুকরা করা।

دَعِكَ - َ : (دَعَك) নির্বোধ হওয়া।

دَاعَكَ : (مُدَاعَكَة) জেদের সহিত প্রতিযোগিতা করা।

تَدَاعَكَ : যুদ্ধে পরস্পর প্রতিযোগিতা করা।

مُدَاعِك : অভিজ্ঞ।

مُدَاعَكَة : যুদ্ধ; অনুশীলন।

مَدْعُوك : জনাকীর্ণ (অঞ্চল); জীর্ণ (পোশাক)।

دَعَلَ - : (دَعْل) دَاعَلَ (مُدَاعَلَة) খোশামোদে তুষ্ট করা, মিষ্ট কথায় রাজি করানো।

دَعْلَجَ : (دَعْلَجَة) প্রবৃত্ত হওয়া; লাফ দেওয়া; (রাত্রি) অন্ধকার হওয়া; বহুবর্ণ হওয়া।

دَعْلَج : ভরা থলি; বহুবর্ণ কাপড়; পেটুক, লোভী; অন্ধকার; নেকড়ে; গাধা; মন্থর উষ্ট্রী; পায়ের ছাপ।

دَعَمَ - َ : (دَعْم) دَعَّمَ (تَدْعِيم) (দেওয়াল) ঠেক দেওয়া; সাহায্য করা, সমর্থন করা, শক্তিশালী করা, পৃষ্ঠপোষকতা করা।

إِدَّعَمَ عَلَى : (إِدِّعَام) ভর করা, নির্ভর করা।

دَعْم، تَدْعِيم : সাহায্য, সমর্থন, পৃষ্ঠপোষকতা।

دِعْمَة : ঠেকনা, খুঁটি, অবলম্বন। ব دِعَم، دِعَام ব دَعَائِم ব دِعَامَة، دُعُم

دِعَامَة الْقَوْم : গোত্রপ্রধান।

دَعَا - ُ : (دُعَاء) ডাকা, তলব করা, ডাকিয়া পাঠানো, নাম ধরিয়া ডাকা, আহ্বান করা, নিমন্ত্রণ করা; অনুরোধ করা; আবেদন করা; দোয়া করা, প্রার্থনা করা।

~ لِ : কল্যাণ কামনা করা, আশির্বাদ করা।

~ عَلَى : অমঙ্গল কামনা করা, অভিশাপ দেওয়া।

دَاعَى : (مُدَاعَيَة) নালিশ করা, অভিযোগ করা, আপত্তি করা, মকদ্দমা করা; চ্যালেঞ্জ করা; বিপক্ষে ব্যবস্থাগ্রহণ করা; বিতর্ক করা।

تَدَاعَى : একে অপরকে ডাকা; একে অপরকে প্রতিদ্বন্দ্বিতায় আহ্বান করা; ভাঙ্গিয়া পড়া; পড়িয়া যাওয়া; পতনোন্মুখ হওয়া; ডুবিয়া যাওয়া; একত্রে মিলিত হওয়া; দাবি করা।

اِنْدَعَى : ~ لِ ডাকে সাড়া দেওয়া।



www.pathagar.com

إِدَّعَى : (إِدِّعَاء) দাবি করা, দাবি উপস্থিত করা; সাক্ষ্য দেওয়া।

~ بِ : ভান করা।

~ عَلَى : অভিযোগ করা।

إستدعى : ডাকিয়া পাঠানো, তলব করা, বিচারালয়ে হাজির হইতে আদেশ করা; আহ্বান করা, পরামর্শ দেওয়া, আবেদন করা, দাবি করা, চাওয়া।

دُعَاء : দোয়া, মোনাজাত; আহ্বান; অনুরোধ। ব أَدْعِيَاء

دَعَايَة، دَعَاوَة : প্রচার।

دَعْوَة : আহ্বান, আবেদন; দাবি; অনুরোধ; তলব, প্রচার, দাওয়াত। ব دَعْوات

دَعْوَى : দাবি; অভিযোগ, মকদ্দমা। ব دَعَاوِى

دَعِيّ : পোষ্যপুত্র, দত্তকপুত্র; মিথ্যা দাবিদার, ভণ্ড; বড়াইকারী। ব أَدْعِيَاء

دَاعٍ : আহ্বানকারী, দাওয়াতকারী, দাওয়াতদাতা; প্রচারক; নিমন্ত্রণকারী। ব دُعَاة

~ دَاعِيَة : কারণ। ব دَوَاعِى

دَوَاعِى الدَّهْرِ : পরিস্থিতি, সময়ের চাহিদা।

إِدِّعَاء : দাবি, মিথ্যা দাবি; অভিযোগ; ভান।

إِسْتِدْعَاء : তলব; কামনা; আবেদন, দরখাস্ত।

مُدَّعٍ : দাবিদার; অভিযোগকারী; বাদী, ফরিয়াদী।

المُدَّعِى العُمُومِى، المُدَّعِى العَام : সাধারণের পক্ষে মকদ্দমা পরিচালক, ফৌজদারি মকদ্দমায় সরকারি উকিল, Public prosecutor; এটর্নি জেনারেল।

مُدَّعًى عَلَيْه : বিবাদী; অভিযুক্ত ব্যক্তি।

مُسْتَدْعٍ : আবেদনকারী, দরখাস্তকারী।

دَغْدَغَ : সুড়সুড়ি দেওয়া, কাতুকুতু দেওয়া; (কথায়) আহত করা; চূর্ণ করা।

دَغْدَغَة : (دَغْدَغَة) সুড়সুড়ি, কাতুকুতু।

دَغَرَ : ـَ (دَغْر) হটাইয়া দেওয়া, প্রতিরোধ করা; (শিশুকে) অখাদ্য খাওয়ানো; শ্বাসরোধ করা; মিশ্রিত করা।

~ فِى : বলপূর্বক প্রবেশ করা।

~ عَلَى : আক্রমণ করা, ঝাঁপাইয়া পড়া।

دَغْرَى، دَغْر : আক্রমণ।

دَغْرَة : গোপন ছিনতাই, গুপ্ত অপহরণ।

دُغْرِى : (তু) সোজা, সোজাসুজি; সঠিক।

دَاغِر : দুষ্ট। ব دُغَّار

دَغَشَ : ـَ (دَغْش) أَدْغَشَ ~ إِدْغَاش : (অন্ধকারে) আচ্ছন্ন হওয়া।

~ عَلَى : ঝাঁপাইয়া পড়া।

أَدْغَشَتِ الدُّنْيَا : দুনিয়া অন্ধকারাচ্ছন্ন হইল, অন্ধকার নামিয়া আসিল।

تَدَاغَشَ : একত্রে মিশিয়া যাওয়া।

دَغِشَة، دَغَش : অন্ধকার।

دَغْشَشَ : হতবুদ্ধি করা।

دَغَصَ : ـَ (دَغَص) শ্বাসরুদ্ধ হওয়া; ভরিয়া যাওয়া, পূর্ণ হওয়া; মোটা হওয়া।

دَاغِصَة : হাঁটুর হাড়, মালাই-চাকি, kneepan. ব دَوَاغِص

دَغْفَل : হস্তিশাবক, নেকড়েশাবক।

دَغَل : ঝোপ, জঙ্গল; ত্রুটি, দোষ, বিকৃতি; গোপনবিদ্বেষ। ব أَدْغَال، دِغَال

دَاغِل، دَغِل : নষ্ট, বিকৃত, ত্রুটিপূর্ণ।

مُدْغِل : নিবিড়; গাছবহুল।

دَغَاوِل : দুর্ভাগ্য।

مَدْغَل : উপত্যকার নিম্নভাগ। ব مَدَاغِل

دَغَمَ : ـَ (دَغْم) একত্রিত করা, মিশ্রিত করা, যুক্ত করা।

أَدْغَمَ (إِدْغَام) إِدَّغَمَ (إِدِّغَام) সম্মিলিত করা, একত্রিত করা, অন্তর্ভুক্ত করা, একটি বর্ণকে আরেকটির সহিত সংযুক্ত করিয়া দ্বিত্ব করা, (ইদগাম করা)।

إِنْدَغَمَ : (إِنْدِغَام) একত্রিত হওয়া, সম্মিলিত হওয়া, অন্তঃপ্রবিষ্ট হওয়া।

دُغَام : গলাব্যথা।

إِدْغَام : সম্মিলন, অন্তঃপ্রবেশ, একটি বর্ণকে আরেকটির সহিত সংযুক্ত করিয়া দ্বিত্বকরণ, ইদগাম।



www.pathagar.com

دَغْمَرَ : (دَغْمَرَة) মিশানো; তিরস্কার করা।

دَغْمَرَة : একগুঁয়েমি।

دَغَامِر : ইতর লোক।

دَغَنَ - : (دَغْن) (দিন) অন্ধকার হওয়া।

دُغُنَّة : অন্ধকার; মেঘ।

دَغْوَة : বদঅভ্যাস। ব دَغَوَات

دَفَّ - : (دَفِيف) أَدَفَّ، (إِدْفَاف) (পাখি) ডানা ঝাঁপটানো, দ্রুত চলা।

~ : (دَفّ) ছিনাইয়া লওয়া; উপড়াইয়া ফেলা।

دَافَّ : (دِفَاف) তীব্র আঘাত হানা।

دَفَّفَ : (تَدْفِيف) ছুটিয়া যাওয়া, ত্বরা করা।

أَدَفَّ : (إِدْفَاف) দ্রুত চলিয়া উড্ডয়ন করা।

دَفّ : পার্শ্ব, কিনারা; দরজার পাল্লা। ব دُفُوف

~ دُف : তবলাবিশেষ, তাম্বুরা। ব دُفُوف

دَفَّة : পার্শ্ব, পাল্লা; (বইয়ের) মলাট, প্রচ্ছদ; (নৌকার) হাল।

أَدَارَ الدَّفَّةَ : হাল দ্বারা নৌকা চালানো; হাল ঘুরানো।

قَائِدُ الدَّفَّة، مُدِيرُ الدَّفَّة : কর্ণধার।

يَدُ الدَّفَّة : হাল ঘুরাইবার হাতল।

مِنَ الدَّفَّة لِلشَّابُورَة : সমবেতভাবে সকলে।

دَفَّاف : তাম্বুরা প্রস্তুতকারী।

دَفِئَ - : (دُفُوْ، دَفَا) - دَفُؤَ (دَفَاءَة) গরম হওয়া, গরম অনুভব করা।

دَفَّأَ (تَدْفِئَة) أَدْفَأَ (إِدْفَاء) : গরম করা, গরম রাখা।

تَدَفَّأَ، إِدَّفَأَ، إِسْتَدْفَأَ : নিজেকে গরম করা।

دِفْئ، دَفَاءَة : তাপ, উষ্ণতা।

دِفَاء : গরম কাপড়।

~ مِدْفَأَة، دَفَّايَة : গরম করিবার স্টোভ।

دَفِئ، دَفْآن، مُسْتَدْفِئ : গরম।

دَفْآن : গরম কাপড় পরিহিত। স্ত্রী دَفْأَى

أَدْفَأ : বক্রপৃষ্ঠ (লোক)। স্ত্রী دَفْآء

مِدْفَأ : ঘর গরম করিবার জন্য আগুন রাখিবার স্থান, fire-place.

دَفْتَر : খাতা, লিখিবার বই, নোটবুক, হিসাব বহি, খতিয়ান, নথি। ব دَفَاتِر

دَفْتَرُ الإِشْتِرَاك : চাঁদার বই।

~ التَّوْفِير : সঞ্চয়ী হিসাব বহি।

~ الخِطَابَات : চিঠিপত্রের ফাইল।

~ الصُّنْدُوق : ক্যাশ বহি।

~ المِسَاحَة : (ভূমি-জরিপ) খতিয়ান।

~ المُسَوَّدَة : রাফ খাতা।

~ المَوَالِيد : জন্মতারিখের খাতা, birth register.

دَفْتَر يَوْمِيّ، ~ يَوْمِيَّة : ডায়রি, রোজনামচা।

دَفْتَر خَانَة : (ফা) সেরেস্তা।

دَفْتَرْدَار : (ফা) হিসাবরক্ষক, সেরেস্তাদার, নথিরক্ষক।

دِفْتِيرِيَا : ডিপথিরিয়া (কণ্ঠনালী প্রদাহ রোগ)।

دَفْدَفَ : (دَفْدَفَة) (পাখি) মাটি কিংবা পানির উপর ডানা ঝাঁপটাইয়া আস্তে আস্তে চলিয়া যাওয়া, দপ্‌দপ্‌ করিয়া চলা, ত্বরা করা, (মানুষ) ত্রস্ত করা।

~ عَلَى : পরিচর্যা করা, তত্ত্বাবধান করা।

دَفَرَ - : (دَفْر) বুকে আঘাত করা; ধাক্কা দেওয়া; পিছনে ঠেলিয়া দেওয়া।

دَفِرَ - : (دَفَر) (খাদ্য) দুর্গন্ধময় হওয়া।

دَفْر، دَفَر : দুর্গন্ধ।

دَفِر، أَدْفَر : দুর্গন্ধময়।

دَفَار : পৃথিবী, চাকরানী।

أُم دَفَار : পৃথিবী।

دِفْرَة : কর্ণিকা।

دَفَسَ : (دَفُوس) লুকাইয়া রাখা, পুঁতিয়া রাখা।

دَفَشَ - : (دَفْش) ধাক্কা মারা, কনুই দিয়া আঘাত করা।



www.pathagar.com

دَفَعَ - َ : (دَفْع) দূর করা, অপসারিত করা; ধাক্কা দেওয়া, হটাইয়া দেওয়া, পিছনে ঠেলিয়া দেওয়া, তাড়াইয়া দেওয়া, ঠেকানো, প্রতিহত করা; বর্জন করা; খণ্ডন করা; পরিশোধ করা; দেওয়া।

~ إِلَى : লইয়া যাওয়া, চালিত করা; বাধ্য করা, প্রবৃত্ত করা।

~ إِلَى : রক্ষণ করা, প্রতিরক্ষণ করা; অপসারিত করা, দূর করা; যাত্রা করা।

دَافَعَ : (مُدَافَعَة) প্রতিরোধ করা; সংযত করা, নিবারণ করা।

~ عَنْ : রক্ষা করা, প্রতিরক্ষা করা, পক্ষ সমর্থন করা।

تَدَفَّعَ : ধাক্কা খাওয়া, নিক্ষিপ্ত হওয়া, (পানি) বেগে ধাবিত, প্রবাহিত বা নির্গত হওয়া, লাফাইয়া ওঠা, উত্থিত হওয়া।

تَدَافَعَ : ধাক্কাধাক্কি করা; ঠেলিয়া দেওয়া; পরস্পরবিরোধী হওয়া; একে অপরকে ধাক্কা দেওয়া; সম্মুখে তাড়িত হওয়া; ঝাঁপাইয়া পড়া, ত্বরিত গমন করা।

إِنْدَفَعَ : (إِنْدِفَاع) বেগে ধাবিত, প্রবাহিত বা নির্গত হওয়া; না ভাবিয়া আগাইয়া যাওয়া, (কাজে) হঠকারিতার সহিত প্রবৃত্ত হওয়া; ঝাঁপাইয়া পড়া; বিতাড়িত হওয়া।

إِسْتَدْفَعَ : (إِسْتِدْفَاع) নিবারণ করিতে চাওয়া, প্রতিরোধ করিতে চাওয়া।

دَفْع : বিদূরণ, অপসারণ; বিতাড়ন; খণ্ডন; পরিশোধ।

دَفْع المُدَّعِي : বাদীর জবাব।

~ المُدَّعَى عَلَيْه : বিবাদীর জবাব।

دَفْعَة : ধাক্কা; বার; কিস্তি; নির্গমন। ব دَفَعَات

دُفْعَة : কিস্তি; বার।

مُدَافَعَة، دِفَاع : প্রতিরক্ষা; পক্ষ সমর্থন।

خَطُّ الدِّفَاع : প্রতিরক্ষা ব্যূহ।

~ مَجْلِسُ প্রতিরক্ষা পরিষদ।

~ وِزَارَةُ : প্রতিরক্ষা মন্ত্রণালয়।

الدِفَاعُ البَحْرِي : নৌ-প্রতিরক্ষা।

~ البَرِّي : স্থল-প্রতিরক্ষা।

~ الجَوِّي : অন্তরীক্ষ-প্রতিরক্ষা।

~ الوَطَنِيّ : জাতীয় প্রতিরক্ষা।

دِفَاعِيّ : প্রতিরক্ষা সংক্রান্ত, প্রতিরক্ষামূলক।

دَافِع : প্রতিরোধকারী, প্রতিহতকারী; বিতাড়ক; পরিশোধকারী।

~ دَافِعَة : কারণ, তাড়না, তৎপরতা, ঝোঁক, শক্তি। ব دَوَافِع

قُوَّة دَافِعَة : চালিকাশক্তি।

إِنْدِفَاع : হঠকারিতা, বেপরোয়া ভাব; ত্বরা; ধাবন; উদ্গীরণ, নির্গমন; আকস্মিক প্রকাশ, হঠাৎ আবির্ভাব।

مِدْفَع : বন্দুক, কামান; কোলবালিশ। ব مَدَافِع

مِدْفَع رَشَّاش : মেশিনগান।

~ هَاوُن : মর্টার।

المَدَافِع المُضَادَة للدَبَّابَات : ট্যাংক বিধ্বংসী কামান।

للطَائِرَات ~ ~ : বিমান বিধ্বংসী কামান।

مِدْفَعِيَّة : গোলন্দাজ বাহিনী, তোপখানা, কামান, বন্দুক ইত্যাদি যুদ্ধাস্ত্র, বন্দুক কামান ব্যবহার করিবার বিদ্যা।

مَدْفُوع : পরিশোধিত; চালিত, তাড়িত।

مَدْفُوع إِلَيْه : প্রাপক।

مُدَافِع : প্রতিরোধকারী; প্রতিরক্ষাকারী, (ফুটবলে) ব্যাক।

دَفَقَ - ُ : (دَفْق) সজোরে নির্গত হওয়া, নিঃসরিত হওয়া, প্রবাহিত হওয়া।

دَفَّقَ : (تَدْفِيق) উদারভাবে দান করা।

~ أَدْفَقَ : (إِدْفَاق) (পাত্র) একবারে খালি করা।

إِنْدَفَقَ، تَدَفَّقَ : (إِنْدِفَاق) সজোরে নির্গত হওয়া; প্রবাহিত হওয়া; ঝাঁপাইয়া পড়া; ভিড় করা।

إِنْدِفَاق، تَدَفُّق، دَفْق : সজোরে নির্গমন, প্রবাহ; উচ্ছ্বাস।

صُنْدُوقُ الدَفْق : ফ্লাশ ট্যাংক, flush tank.



www.pathagar.com

دُفْقَة : একবার।

مُتَدَفِّق، دَفَّاق، دَافِق : সজোরে নির্গমনশীল, নিঃসরণশীল; উচ্ছাসপূর্ণ; প্রবহমাণ, ধাবমান, বেগবান।

دَفُوق، دُفَاق : দ্রুতগামী।

دِفْل : আলকাতরা।

~ دِفْل، دِفْلَى : করবী, পুষ্পবিশেষ।

دَفَنَ – : (دَفْن) পুঁতিয়া রাখা, দাফন করা, কবর দেওয়া, লুকাইয়া রাখা।

اِنْدَفَنَ، تَدَفَّنَ : সমাহিত হওয়া, লুক্কায়িত হওয়া; (কূপ) ভরিয়া যাওয়া।

اِدَّفَنَ : (দাস) পলায়ন করা।

دَفْن : দাফন; গোপনকরণ।

دَفِين : সমাহিত; লুক্কায়িত; গুপ্ত। ব مَدْفُون، دُفَنَاء

دَاء دَفِين : গোপন ব্যাধি, গুপ্ত রোগ।

دَفِينَة : গুপ্তধন। ব دَفَائِن

مَدْفَن : কবরস্থান, গোরস্থান। ব مَدَافِن

دِفْنَاس، دِفْنِس : বোকা, নির্বোধ; অলস।

دَقَّ – : (دِقَّة) পাতলা হওয়া; সূক্ষ্ম হওয়া; সুন্দর হওয়া; ছোট হওয়া; (প্রশ্ন) জটিল হওয়া।

~ – ُ : (دَقّ) গুঁড়া করা, চূর্ণ করা; আঘাত করা, ধাক্কা দেওয়া, (দরজায়) কড়ানাড়া; (হৃদয়) স্পন্দিত হওয়া; ছড়াইয়া দেওয়া; (চেহারায়) উলকি দেওয়া; টিকা দেওয়া।

~ عَلَى : (বাদ্যযন্ত্র) বাজানো; (টাইপ রাইটারে) টাইপ করা।

دَقَّ الْبَابَ : দরজায় কড়ানাড়া।

~ الْجَرَسَ : ঘন্টা বাজানো।

دَقَّتِ السَّاعَةُ : ঘন্টা বাজা, সময় হওয়া।

دَقَّ الْعُنُقَ : ঘাড় মটকানো।

~ الْمسمار : পেরেক আঁটা।

دَقَّقَ : (تَدْقِيق) গুঁড়া করা, মিহি করা; নিরীক্ষণ করা, সূক্ষ্মভাবে পরীক্ষণ করা; সূক্ষ্মভাবে সম্পন্ন করা।

~ فِي : যত্নবান হওয়া; কঠোর হওয়া; সূক্ষ্ম হওয়া, নিপুণ হওয়া।

دَاقَّ : (دِقَاق) যত্নবান হওয়া।

أَدَقَّ : (إِدْقَاق) গুড়াঁ করা, পাতলা করা, মিহি করা।

اِنْدَقَّ : (اِنْدِقَاق) গুঁড়া হওয়া, চূর্ণ হওয়া।

اِسْتَدَقَّ : (اِسْتِدْقَاق) পাতলা হওয়া, মিহি হওয়া, সূক্ষ্ম হওয়া।

دَقّ : চূর্ণকরণ, গুড়াকরণ; আঘাত; ধাক্কা; উলকি; টিকাদান।

دِقّ : সূক্ষ্ম, পাতলা, মিহি, ক্ষুদ্র।

دِقُّ الشَّجَرِ : ঝোপ।

حُمَّى الدِّقِّ : ক্ষয়জ্বর।

دَقَّة : ধাক্কা, আঘাত, প্রচার; মুগুর; (হৃদয়ের) স্পন্দন; (সংগীতের) তাল।

دَقَّةً دَقَّةً : আস্তে আস্তে।

دَقَّة بِدَقَّة : আঘাতের বদলে আঘাত, ইটের বদলে পাটকেল।

مِنَ الدَّقَّةِ الْقَدِيمَةِ : প্রাচীনপন্থি, সেকেলে।

دِقَّة : সূক্ষ্মতা; ক্ষুদ্রতা।

~ تَدْقِيق যথার্থতা, নির্ভুলতা।

بِتَدْقِيق، بِدِقَّة : যথার্থভাবে, ঠিক-ঠিকভাবে, সূক্ষ্মভাবে।

دُقَّة : মিহিগুঁড়া; পাউডার; সূক্ষ্ম ধূলি; লবণ; সৌন্দর্য। ব دُقَق

دُقَاق : চূর্ণবস্তু; পাউডার; ময়দা; লুপিনের ছাতু।

دَقَّاق : চূর্ণকারী, আঘাতকারী; ময়দা ব্যবসায়ী।

سَاعَة دَقَّاقَة : ঘন্টা-ঘড়ি।

دَقَّاقَةُ الْبَابِ : দরজার ঘন্টা।

دَقِيق : পাতলা, সূক্ষ্ম, মিহি, অতিক্ষুদ্র; সংকটপূর্ণ, জটিল; যথার্থ; খুঁতখুঁতে, যত্নবান; ময়দা। ব أَدِقَّاء، أَدِقَّة، دِقَاق

أَبُو دَقِيق : প্রজাপতি।

دَقِيقَة : মিনিট; অণু; সূক্ষ্মতা। ব دَقَائِق

مُدُقّ، مِدَقّ : মুগুর, মুষল; ফুটপাথ।

مِدَقَّة : মুগুর, মুষল; গর্ভ-কেশর। ব مَدَاقّ



www.pathagar.com

مَدْقُوق : চূর্ণ; গুঁড়াকৃত।

دَقْدَقَ : (ঘোড়া) চড়চড় শব্দে চলা; গোলমাল করা; সূক্ষ্ম হওয়া।

دَقْدَقَة : ক্ষুরের চড়চড় শব্দ; গোলমাল।

دَقْدَسَ : নিরীক্ষণ করা।

دَقِرَ - َ : (دَقَر) অতিভোজনের ফলে অসুস্থ হওয়া; বমি করা; (মাঠ, গাছ) সবুজ হওয়া।

دَقَرَ - َ : (دَقْر) অনুভূতি আহত করা; স্পর্শ করা।

دَقَّرَ : (تَدْقِير) (দরজা) অর্গলবদ্ধ করা; বিলম্বিত করানো।

دِقْر : অর্গল, খিল; বাধা।

دَاقِرَة : মৃৎপাত্র। ব دَوَاقِر

دَقَسَ - ُ : (دُقُوس، دَقْس) ~ عَلَى প্রবেশ করা; (কূপ) পূর্ণ করা।

دَقْشُوم : ইষ্টকখণ্ড, খোয়া, নুড়ি।

دَقِعَ - َ : (دَقَع) أَدْقَعَ (إِدْقَاع) অবনত হওয়া, হেয় হওয়া; নিঃস্ব হওয়া, দুঃখী হওয়া।

إِدْقَاع : দারিদ্র্য।

مُدْقِع : নিঃস্ব, দুঃখী; হেয়, অবনত।

فَقْرمُدْقِع : চরম দারিদ্র্য, নিঃস্বতা।

دَقَلَ - ُ : (دَقْل) ধরিয়া রাখা; নাকে আঘাত করা।

أَدْقَلَ : (إِدْقَال) (খেজুর) নিম্নমানের হওয়া।

دَقَل : (জাহাজের) মাস্তুল, প্রধান মাস্তুল; নিম্নমানের খেজুর।

دَقَمَ - ُ : (دَقْم) দাঁত ভাঙ্গিয়া ফেলা, বুকে আঘাত করা, প্রহার করা।

دَقِمَ - َ : (دَقَم) সম্মুখের দাঁত হারানো।

دَقْم : হতবুদ্ধিতা, কিংকর্তব্যবিমূঢ়তা, বিব্রত অবস্থা।

أَدْقَم، دَقِم : সম্মুখের দাঁত ভাঙ্গিয়া গিয়াছে এমন।

دُقْمَاق : মুগুর। ব دَقَامِيق

دَقَنَ - ُ : (دَقْن) চিবুকে আঘাত করা।

دَقْن : চিবুক, দাড়ি।

دَكَّ - ُ : (دَكّ) (মাটি, রাস্তা) সমতল করা; ঠাসা, চাপিয়া ভরা, বারুদ ভরা, (বন্দুকে) গুলি ভরা; চূর্ণ করা; ধ্বংস করা; প্রতারণা করা; (রোগ) দুর্বল করা; (পশুকে) ক্লান্ত করা।

دُكَّ : পীড়িত হওয়া।

دَكَّكَ : (تَدْكِيك) মিশ্রিত করা; ফিতা ভরা।

تَدَاكَّ : ~ عَلَى চাপ প্রয়োগ করা, ভিড় করা।

اِنْدَكَّ : (اِنْدِكَاك) সমতল হওয়া, ধ্বংস হওয়া; আঁটসাঁট হওয়া, নিবিড় হওয়া; (বন্দুক) গুলিভর্তি হওয়া।

دَكّ : বিনাশ, ধ্বংস।

~ : সমতল ভূমি। ব دُكُوك

دَكَّة : খোয়া, ইষ্টকখণ্ড, নুড়ি; সমতল টিলা।

دِكَّة : বেঞ্চ; পায়জামার ফিতা।

دَكَّاكَة : ভোঁতা মোটা সূচবিশেষ, বডকিন।

دَكّ : বন্দুকে বারুদ গাদাইবার সিক, মুগুর, দুরমুশ।

دِكْتَاتُور : একনায়ক, dictator.

دِكْتَاتُورِيَّة : একনায়কত্ব, dictatorship, স্বৈরতন্ত্র।

دُكْتُور : ডক্টর, doctor. স্ত্রী دُكْتُورَة ব دَكَاتِرَة

دُكْتُورَاة، دُكْتُورَة : ডক্টরেট, doctorate.

دُكْتُور فِي الحُقُوق : আইনশাস্ত্রে ডক্টর, L.L.D.

~ فِي الطِّبّ : চিকিৎসাশাস্ত্রে ডক্টর, M.D.

~ فِي الفَلْسَفَة : দর্শনশাস্ত্রে ডক্টর, Ph.D.

~ فِي اللاَّهُوت : ধর্মতত্ত্বে ডক্টর, D.D.

الدُّكْتُورَاة الفَخْرِيَّة : সম্মানসূচক ডক্টরেট।

دَكْدَكَ : (دَكْدَكَة) (কূপ) পূর্ণ করা; পায়জামার ফিতা ভরা; (দেয়ালের) ছিদ্র বন্ধ করা; কাতুকুতু দেওয়া।

تَدَكْدَكَ : (পাহাড়) সমতল হওয়া।



www.pathagar.com

دَلَّ ـُ : (دَلَالَةٌ) প্রদর্শন করা, দেখাইয়া দেওয়া, পরিচালিত করা, নির্দেশ করা, পরামর্শ দেওয়া; প্রমাণ করা।

~ تَدَلَّلَ (دَلَال) : ছিনাল হওয়া, ছিনালি করা, সোহাগ করা; সাহসিকতাপূর্ণ আচরণ করা, অভিমান করা।

دَلَّلَ : (تَدْلِيل) প্রমাণ করা, সমর্থন করা; নিলামে দেওয়া; আদর করা, সোহাগ করা; তোষামোদ করা।

أَدَلَّ : (إِدْلَال) সাহস করা; সাহসিকতাপূর্ণ আচরণ করা; পরাভূত করা; নির্ভর করা।

اِسْتَدَلَّ : (اِسْتِدْلَال) দেখাইয়া দিতে বলা, পথ নির্দেশ চাওয়া; সিদ্ধান্ত গ্রহণ করা; অবহিত হওয়া, প্রমাণ গ্রহণ করা।

دَلّ، دَلَال، تَدَلُّل : সাহস; ছিনালি।

دَلَّال : নিলামদার; দালাল।

دَلَالَة : নির্দেশ, পথনির্দেশ, পরিচালনা, নেতৃত্ব; ভার, অর্থ; চিহ্ন, প্রতীক; লক্ষণ; প্রমাণ।

عِلْمُ الدَّلَالَة : সংকেত-বিদ্যা, শব্দের অর্থগত পরিবর্তন ও বিকাশ সম্পর্কিত বিদ্যা, sematies.

دِلَالَة : নিলাম; দালালি।

دَلِيل : যুক্তি, প্রমাণ; সাক্ষী; নির্দেশ; সংকেত; প্রতীক, লক্ষণ; চালক; পরিচালক, গাইডবুক, নির্দেশিকা; সূচি। ব أَدِلَّاء، دَلَائِل

دَالّ : নির্দেশক; অর্থ জ্ঞাপক; প্রমাণ প্রতিস্থাপক।

دَالَّة : সাহস।

اِسْتِدْلَال : যুক্তি প্রদর্শন; সিদ্ধান্ত গ্রহণ; প্রমাণ গ্রহণ।

مَدْلُول : প্রমাণিত; অর্থ।

دُلْب : ডুমুর গাছবিশেষ, Plane-tree.

دُولَاب : আলমারি; সিন্দুক; পানি সেঁচের জন্য পশুচালিত চক্র, চাকা, টায়ার, গিয়ার; মেশিন; যন্ত্র; কৌশল। ব دَوَالِيب

دَكَادِك، دَكْدَك، دَكْدَك : বালুকাময় সমতল ভূমি। ব دَكَادِك

دَكَسَ ـُ : (دَكْس) (মাটি) স্তূপ করা।

دَكِسَ ـَ : (دَكَس) স্তূপীকৃত হওয়া।

اِنْدَكَسَ : (রোগী) পূর্বের খারাপ অবস্থায় প্রত্যাবর্তন করা।

دَاكِس : অশুভ লক্ষণসূচক।

دُكَاس : অলসতা, অন্যমনস্কতা।

اِنْدِكَاس، دَكْسَة (اِنْدِكَاس) (রোগী) পূর্বের খারাপ অবস্থায় প্রত্যাবর্তন।

دَاكَشَ : (مُدَاكَشَة) বিনিময় করা।

دَكِش : আগুন উসকাইবার লৌহ-শলাকা, পোকার, poker.

دِكِيش، دَكِيشَة : বিনিময়।

أَدْكَش : দুর্বলদৃষ্টি। স্ত্রী دَكْشَاء ব دُكْش

دَكَلَ ـُ : (دَكْل) (মাটি) তুলিয়া লওয়া; পদদলিত করা।

دَكَلَة : কালচে মাটি; বিদ্রোহী লোক।

دَكَمَ ـُ : (دَكْم) বুকে ধাক্কা দিয়া তাড়াইয়া দেওয়া; পিটানো।

دَكَّمَ : প্রবেশ করানো; গলাধাক্কা দেওয়া।

تَدَاكَمَ : পরস্পরকে হটাইয়া দেওয়া, ধাক্কাধাক্কি করা।

دَكَنَ ـُ : (دَكْن) دُكُون স্তূপীকৃত করা, (আসবাবপত্র) সাজাইয়া রাখা।

دَكِنَ ـَ : (دَكَن) ঈষৎ কৃষ্ণবর্ণ হওয়া, কালচে হওয়া।

أَدْكَن، دَكِن : ঈষৎ কৃষ্ণবর্ণ, কালচে। স্ত্রী دَكْنَاء ব دُكْن

دُكْنَة : কালচে রং।

دُكَّان : দোকান, বেঞ্চ। ব دَكَاكِين

دُكَّانِجِي، دُكَّانِيّ : দোকানদার।



www.pathagar.com

دُوْلَاب الهـدُوم، دُوْلَاب لِلْمَلَابِس : পোশাকের আলমারি, তোষাখানা।

دَلَثَ - : (دَلِيث) ঘন ঘন পদক্ষেপে হাঁটা।

تَدَلَّثَ : إِلَى ~ ধাবিত হওয়া।

إِدَّلَثَ : (إِدِّلَاث) আবৃত করা, আচ্ছাদিত করা।

مَدَالِث : যুদ্ধক্ষেত্র।

دَلَجَ - : (دُلُوج) পানির মশক বহন করা, পানি সেঁচিয়া ফেলা, দুগ্ধ পাত্রান্তর করা।

أَدْلَجَ : (إِدْلَاج) সারারাত ভ্রমণ করা।

إِدَّلَجَ : (إِدِّلَاج) শেষরাত্রে যাত্রা শুরু করা।

دَلْجَة : প্রভাতকালীন যাত্রা; রাত্রির অংশ।

دَلَجَان : পঙ্গপালের ঝাঁক।

مُدْلِج : সারারাত ভ্রমণকারী; বনী কিনানার একটি শাখা-গোত্র।

أَبُو مُدْلِج : শজারু।

مِدْلَجَة : বালতি।

مِدْلَجَة اللَّبَن : দুধ বহন করিবার পাত্র।

دَلَحَ - َ : (دُلُوح) বোঝা লইয়া মন্থর গতিতে হাঁটা।

دَلُوح، دَالِح : প্রচুর বৃষ্টি বর্ষণকারী (মেঘ)। ব دُلُح، دَوَالِح، دُلَّح

دَلِخَ - َ : (دَلَخ) মোটা হওয়া।

دَلُوخ، دَلِخ : মোটা। ব دَوَالِخ، دُلَّخ

دَلْدَلَ : (دَلْدَلَة) হেলিয়া দুলিয়া চলা, হাঁটিবার সময়ে বাহু দোলানো; ঝুলাইয়া রাখা।

دَلْدَلَ الرَّأْسَ : মাথা দোলাইয়া দোলাইয়া হাঁটা।

تَدَلْدَلَ : দোলা, ঝুলিয়া পড়া।

~ دُلْدُول : বড় শজারু।

دُلْدُل : বিরাট কাজ, গুরুত্বপূর্ণ বিষয়।

دُلْدُولَة : ঝুলন্ত বস্তু।

مُدَلْدَل : ঝুলন্ত।

دَلَّسَ : (تَدْلِيس) (বিক্রেতা) পণ্যের ত্রুটি গোপন করা; ঠকানো, প্রতারণা করা।

دَالَسَ : (مُدَالَسَة) প্রতারিত করা।

أَدْلَسَ : (إِدْلَاس) (গাছ, ভূমি) গ্রীষ্মশেষে সবুজ হওয়া।

إِنْدَلَسَ، تَدَلَّسَ : (إِنْدِلَاس) আত্মগোপন করা; চরা।

~ : অল্প অল্প করিয়া খাওয়া।

دَلْس : প্রবঞ্চনা, কপটতা।

دُلْسَة، دَلَس : অন্ধকার।

تَدْلِيس : প্রতারণা, প্রবঞ্চনা; হাদীসশাস্ত্রে রাবী যাহার নিকট হইতে হাদীস শ্রবণ করিয়াছেন তাহার নামোল্লেখ না করিয়া পূর্ববর্তী অন্য কাহারো নাম উল্লেখ করা। এইরূপ হাদীস বর্ণনাকারীকে مُدَلِّس বলা হয়।

دَلَصَ - ُ : (دَلِيص) জ্বলজ্বল করা, চকচক করা।

دَلَّصَ : (تَدْلِيص) মসৃণ করা; (বর্ম) পালিশ করা; (নুড়ি) ছড়াইয়া দেওয়া।

دَلْصَة، دَلِص : সমতল ভূমি। ব مُدَلَّص، دِلَاص دَلِيص মসৃণ, উজ্জ্বল।

دُلُص، دِلَاص : উজ্জ্বল, চকচকে।

دَلَّاص : সমতল (ভূমি); উজ্জ্বল (পাথর)।

دَلَظَ - : (دَلْظ) دَالَظَ (مُدَالَظَة) বুকে ধাক্কা দেওয়া।

إِنْدَلَظَ : (إِنْدِلَاظ) ধাক্কা খাওয়া।

دَلَعَ - َ : (دَلْع) أَدْلَعَ (لِسَانَهُ) জিহ্বা বাহির করা।

مُدْلِعُ النَّفْس : বমনজনক, অরুচিকর।

دَلَّعَ : (تَدْلِيع) আদর করা, সোহাগ করা।

إِنْدَلَعَ : (জিহ্বা, পেট) বাহির হওয়া, ঝুলিয়া পড়া; (তরবারি) কোষমুক্ত হওয়া; (শিশু) সোহাগপ্রাপ্ত হওয়া;(আগুন) জ্বলিয়া উঠা; (যুদ্ধ) লাগিয়া যাওয়া।

دَلَّاع : তরমুজ।

دَلِيع : প্রশস্ত রাস্তা; সমতল ভূমি। ব دَلَائِع



www.pathagar.com

دَالُوع : ভরতপাখি।

مُدَلَّع : সোহাগপ্রাপ্ত, আদরপ্রাপ্ত; অশিষ্ট।

دِلْغَان : কাদামাটি, দো-আঁশ মাটি।

دَلَفَ - : (دَلَفَان، دُلُوف، دَلْف) আস্তে আস্তে হাঁটা, ধীরপদে হাঁটা; পায়ে পায়ে অগ্রসর হওয়া; উপনীত হওয়া।

أَدْلَفَ : (إِدْلَاف) (পানি) চুয়াইয়া পড়া।

تَدَلَّفَ : ~ إِلَى অগ্রসর হওয়া।

اِنْدَلَفَ : ~ عَلَى নিক্ষিপ্ত হওয়া।

دِلْف : সাহসী।

دَالِف : ধীরগামী; বয়োজীর্ণ। ব دَوَالِف، دُلُف، دُلَّف

دَلُوف : দ্রুতগামী ঈগল, স্থূল উষ্ট্র, ফলবতী খেজুর গাছ। ব دُلُف

دُلْفِين : ডলফিন। ব دَلَافِين (গ্রী)

دَلَقَ - ُ : (دَلْق) (তরল পদার্থ) ঢালিয়া দেওয়া; (তরবারি) কোষমুক্ত করা।

~ عَلَى (دُلُوق) : আক্রমণ করা।

اِنْدَلَقَ، تَدَلَّقَ : (اِنْدِلَاق) (তরল পদার্থ) ঢলিয়া পড়া, স্রোত প্রবাহিত হওয়া; (পেট) ঝুলিয়া পড়া।

اِسْتَدْلَقَ : (اِسْتِدْلَاق) টানিয়া বাহির করা, (তরবারি) কোষমুক্ত করা।

دَلَق : (ফা) বেজি।

مُنْدَلِق : ঝুলন্ত পেটবিশিষ্ট।

دَلَكَ - ُ : (دَلْك) ঘর্ষণ করা, হাত দ্বারা ঘষা, ঘষিয়া পরিষ্কার করা।

~ : (دُلُوك) (সূর্য) অস্ত যাওয়া, ঢলিয়া পড়া।

دَلَّكَ : (تَدْلِيك) ঘর্ষণ করা, ঘষা দেওয়া; মালিশ করা; মাজা; মর্দন করা।

تَدَلَّكَ : অঙ্গমর্দন করা; সুগন্ধি মাখানো।

دَلْك : ঘর্ষণ; মর্দন; স্পর্শ।

دَلُوك : মলম, মালিশ।

دُلُوك : অস্তাগমন।

دَلِيك : দুধ কিংবা পানিতে সিক্ত খেজুর।

مِدْلَكَة، مِدْلَك : ঘষিবার পাথর।

دَلِمَ - َ : (دَلَم) (اِدْلِمَام) اِدْلَامَّ অত্যধিক কালো হওয়া; ঝুলিয়া থাকা।

دُلَم : হাতি।

دَلَام : কালো, কালো রঙ।

الدَّلْمَاء : চান্দ্রমাসের শেষ রাত্রি।

دَيْلَم : কুর্দী গোত্রবিশেষ; দুর্ভাগ্য; শত্রু; পিপীলিকার দল।

دَلْمَزَ : বড় গ্রাস লওয়া।

تَدَلْمَزَ عَلَى ~ : (دَلْمَزَة) একমত হওয়া; সিদ্ধান্ত করা।

اِدْلَمَسَّ : (اِدْلِمَّاس) (রাত্রি) অত্যন্ত অন্ধকার হওয়া।

دُلَامِس، دُلْمِس : গাঢ় অন্ধকার; দুর্যোগ।

دِلْمِس : দুর্ভাগ্য।

دُلَامِص : উজ্জ্বল; চকচকে।

دَلِهَ - َ : (دُلُوه، دَلَه، دَلْه) تَدَلَّهَ; প্রেমে উন্মত্ত হওয়া; হতবুদ্ধি হওয়া।

دَلَّهَ : (تَدْلِيه) হতবুদ্ধি করা, (প্রেম) উন্মত্ত করা।

مُدَلَّه : প্রেমে উন্মত্ত; নির্বাক।

اِدْلَهَمَّ : (اِدْلِهْمَام) (রাত্রি) অন্ধকারাচ্ছন্ন হওয়া; গাঢ় কালো হওয়া; (মানুষ) বৃদ্ধ হওয়া।

مُدْلَهِمّ، دَلْهَم : অন্ধকারাচ্ছন্ন, গাঢ় কালো।

دَلْو : বালতি, ডোল। (স্ত্রী) ব أَدْلَاء، دِلَاء، أَدْلٍ

الدَّلْو : কুম্ভরাশি।

دَلِيَ - َ : (دَلًى) হতবুদ্ধি হওয়া।

دَلَّى : (تَدْلِيَة) ঝুলাইয়া দেওয়া।

دَالَى : (مُدَالَاة) তোষামোদ করা।

أَدْلَى : (إِدْلَاء) ঝুলাইয়া দেওয়া।

~ فِي : কুৎসা রটানো, গীবত করা।

أَدْلَى ~ بِحُجَّة : যুক্তি প্রদর্শন করা, যুক্তি দ্বারা দাবি সাব্যস্ত করা।

~ بِشَهَادَتِه : সাক্ষ্য দেওয়া।



www.pathagar.com

تَدَلَّى : ঝুলিয়া থাকা।

~ ب : নিকটবর্তী হওয়া।

دَلَّايَةٌ : ঝুলন্ত বস্তু; লকেট।

دَالِيَا : ফুলগাছবিশেষ, ডালিয়া ফুল।

دَالِيَةٌ : পানি চালিত চাকা; আঙ্গুর গাছ, দ্রাক্ষালতা। ব دَوَالٍ

مُتَدَلٍّ، مُدَلًّى : ঝুলন্ত।

دَمَّ - ُ : (دَمٌّ) লেপন করা, প্রলেপ দেওয়া, রং করা; (ভূমি) সমতল করা; (ছিদ্র) বন্ধ করা।

~ - ُ : (دَمَامَةٌ) নোংরা হওয়া; নীচ হওয়া।

دَمَّمَ : (تَدْمِيمٌ) রঙ করা, প্রলেপ দেওয়া; মালিশ করা, তেল মাখানো; (চোখে) সুরমা দেওয়া।

أَدَمَّ : (إِدْمَامٌ) খারাপ ব্যবহার করা; কুৎসিত হওয়া।

دَمٌ : রক্ত (دمى)।

دِمَامٌ، دَمٌّ : মালিশ; মলম; রং; প্রলেপ; সুরমা।

دِمَّةٌ : উকুন; পিপীলিকা; জন্তুর মল।

دِمَامٌ : কুসুম রঙ, মহিলাদের চেহারা রঙিন করিবার লাল রংবিশেষ।

الدَّمَّامُ : দাম্মাম : পারস্যোপসাগরের তীরবর্তী সৌদি সমুদ্রবন্দর।

دَمَامَةٌ : কুৎসিত চেহারা, বিকটত্ব।

دَمِيمٌ : কুৎসিত, বিকৃত, বিকট; অতিশয় খাটো বামন। ব دِمَامٌ

دَيْمُومٌ : প্রশস্ত মরুভূমি। ব دَيَامِيمُ

دَمُثَ - َ : (دَمَاثَةٌ) (মেজাজ, চরিত্র) শান্ত হওয়া, কোমল হওয়া।

دَمِثَ - َ : (دَمَثٌ) (ভূমি) সমান ও নরম হওয়া।

دَمَّثَ : (تَدْمِيثٌ) শান্ত করা, নরম করা, কোমল করা।

دَمِثٌ : শান্ত, কোমল। ব دِمَاثٌ

دَمِثُ الْخُلُقِ : ভদ্র, শান্তশিষ্ট, কোমল স্বভাব।

دَمَاثَةٌ : নম্রতা, কোমলতা, বিনয়।

دَمَجَ - ُ : (دُمُوجٌ) প্রবিষ্ট হওয়া, মিলিত হওয়া; ভালো অবস্থায় থাকা; (ইঁদুর) দ্রুত গর্তে প্রবেশ করা; ঠিকভাবে সাজানো, অন্ধকারাচ্ছন্ন হওয়া।

دَمَّجَ : (تَدْمِيجٌ) প্রবিষ্ট করা, সাঁটলিপি লেখা।

دَامَجَ : (مُدَامَجَةٌ) একমত হওয়া।

أَدْمَجَ : (إِدْمَاجٌ) (দড়ি) শক্ত করিয়া পাকানো; প্রবিষ্ট করা; একত্রিত করা; (কেশগুচ্ছ) খোঁপা বাঁধা; (কথা) শুদ্ধ করা; (ঘোড়াকে) কৃশ করা।

تَدَمَّجَ : বস্ত্রাবৃত হওয়া।

~ فِي : تَدَامَجَ فِي প্রবিষ্ট হওয়া, প্রবেশ করিয়া লুকাইয়া যাওয়া; একত্রিত হওয়া, মিলিত হওয়া; মিশিয়া যাওয়া।

اِدِّمَاجٌ، إِدْمَاجٌ، دَمْجٌ : প্রবিষ্টকরণ, সম্মিলন; অন্তর্ভুক্তি।

دَمَجٌ : কেশগুচ্ছ, খোঁপা।

دَامِجٌ : অন্ধকার (রাত্রি)।

تَدْمِيجٌ : সাঁটলিপি, shorthand.

مُنْدَمِجٌ، مُدْمَجٌ : সুদৃঢ়, আঁটসাঁট।

دَامَجَانَةٌ، دَمَجَانَةٌ : বৃহৎ কাচপাত্র, বোতল, Demigohin.

دَمْدَمَ : রাগে বিড়বিড় করা, গোঁ গোঁ করা, গর্জন করা।

~ عَلَى : ধ্বংস করা, রাগান্বিতভাবে কথা বলা।

دِمْدِمٌ : শুষ্ক তৃণবিশিষ্ট ভূমি।

دُمَادِمٌ : নরম উচ্চভূমি, টিলা; লাল প্রসাধনী।

دَمَرَ - ُ : (دَمْرٌ، دُمُورٌ) تَدَمَّرَ، إِنْدَمَرَ (إِنْدِمَارٌ) ধ্বংস হওয়া।

دَمَّرَ : (تَدْمِيرٌ) ধ্বংস করা।

دَامَرَ : (مُدَامَرَةٌ) (রাত্রি) জাগিয়া কাটানো।

إِنْدِمَارٌ، دَمَارٌ : ধ্বংস।

دَمُّورٌ : (মি) অমসৃণ বস্ত্রবিশেষ।

دَمِيرَةٌ : নীলনদের বন্যা মৌসুম।

دَمِيرَةٌ : একজাতীয় তরমুজ, musk-melon.



www.pathagar.com

تَدْمُر : সিরিয়ার এক প্রাচীন নগরী, বর্তমানে একটি ক্ষুদ্র গ্রাম।

تَدْمِير : ধ্বংসকরণ, ধ্বংসসাধন।

مُدَمِّر : ধ্বংসকারী, ধ্বংসাত্মক; দক্ষ শিকারি।

مُدَمِّرَة : জাহাজ বিধ্বংসী রণপোতবিশেষ, destroyer.

دَمَسَ ـُ : (دُمُــــوس) তীব্র হওয়া; (রাত্রি) অন্ধকারাচ্ছন্ন হওয়া।

دَمَّسَ، تَدْمِيْس : লুকাইয়া রাখা, ঢাকিয়া রাখা, পুঁতিয়া রাখা।

دِمْس : ছাই, কয়লা।

دُمْس : গুরুত্বপূর্ণ কাজ।

دَمَس، دَمِيس : লুক্কায়িত, আবৃত।

دَامِس : অন্ধকারাচ্ছন্ন (রাত্রি)।

ظَلَام دَامِس : তীব্র অন্ধকার।

دَمُوس : গুহা, গর্ত। ব دَمَامِيس

دَامُوس : শিকারির কুটীর। ব دَوَامِيس

دَمَاسَة : অন্ধকার।

دَيْمَاس : কারাগার, কবর, গুপ্তস্থান, ভূগর্ভস্থ অন্ধকার স্থান। ব دَيَا مِيس، دَمَامِيس

دِمَشْق : দামেশক।

دَمَعَ ـَ : دَمِـعَ ـَ (دَمْـع) (دَمَـع) (চক্ষু) অশ্রু ফেলা; (মেঘ) বৃষ্টি ঝরানো; (পাত্র) পূর্ণ হওয়া।

دَمْع : অশ্রু। ব أَدْمُع، دُمُوع

دُمُوعُ الرِّبَات : কুম্ভীরাশ্রু।

دَمْعَة : অশ্রুফোঁটা।

دَمْعَةُ الْكَرْم : মদ্য।

دِمْعَة : গোশতের রস বা সুরুয়া।

دَمِعَة، دَمِيع : ক্রন্দনোদ্যত, ক্রন্দনশীল (মহিলা)। ব دَمَائِع، دَمْعَى

دَمِع، دَمُـوع، دَمَّاع : অশ্রুপূর্ণ, অশ্রুবহুল; দ্রুত কাঁদিতে পারে এমন।

دَامِع، دَمْعَان : পূর্ণ (পাত্র)।

مَدْمَع : অশ্রুকোষ; অশ্রুধারা। ব مَدَامِع

دَمَغَ ـُ : (دَمْغ) সীল দেওয়া, ছাপ মারা।

~ ـَ : (যুক্তি) খণ্ডন করা; বিজয়ী হওয়া, অবদমিত করা, মাথায় গভীর আঘাত করা।

أَدْمَغَ : (إِدْمَاغ) প্রবেশ করা; (খাদ্য) গলাধঃকরণ করা; বাধ্য করা।

دَمْغَة : (তু) সীল, ছাপ।

وَرَقُ الدَّمْغَة : সীলযুক্ত কাগজ; রাজস্ব টিকিট।

دِمَاغ : মস্তিষ্ক, মগজ, brain. ব أَدْمِغَة

أُمّ الدِّمَاغ : মস্তিষ্ক-ঝিল্লি।

دَامِغَة : মগজ পর্যন্ত পৌঁছিয়াছে এমন আঘাত।

حُجَّة دَامِغَة : অকাট্য যুক্তি।

دَمَقَ ـُ : (دُمُـوق) إِنْـدَمَقَ (عَـلَى) অনধিকার প্রবেশ করা।

~ : দাঁত ভাঙ্গিয়া ফেলা; চুরি করা।

~ ـُ : (دَمْــــــق) دَمَّقَ (تَـدْمِـيْــق) أَدْمَـقَ (إِدْمَاق)প্রবেশ করানো।

دَمَق : (ফা) তুষার-ঝড়, শিলা-ঝড়।

دَامِق، دَمُوق : ঘৃণাজনক, ঘৃণাব্যঞ্জক।

مُدْمَق : প্রবেশ-পথ।

دِيمُوقْرَاطِيّ، دِمُقْرَاطِيّ : গণতান্ত্রিক, গণতন্ত্রী।

دِيمُوقْرَاطِيَّة، مُقْرَاطِيَّة : গণতন্ত্র।

دِمَقْس، دِمَقَاس উজ্জ্বল রেশম; সাদা রেশমি কাপড়, বুটিদার রেশমি বস্ত্র।

دَمَكَ ـُ : (دُمُـوك) (খরগোশ) দ্রুত দৌড়ানো; সমান হওয়া, মসৃণ হওয়া।

~ : (دَمْك) (গম) চূর্ণ করা; (দড়ি) শক্ত করিয়া পাকানো; আঁটসাঁট করা।

~ فِى الْجَوّ : (সূর্য) আকাশে উদিত হওয়া।

دَامِكَة : দুর্ভাগ্য। ব دَوَامِك

مِدْمَاك : ইট বা পাথরের সারি; রাজমিস্ত্রির লেভেল। ব مَدَامِيك

مُدْمَك، مَدْمُوك : দৃঢ়, শক্ত, আঁটসাঁট।



www.pathagar.com

دَمَّى (تَدْمِيَة) أَدْمَى (إِدْمَاء) : রক্তপাত করানো, রক্ত ঝরানো।

دَم : রক্ত। ব دِمَاء، دُمِى

اِتِّصَالُ الدَّم : রক্ত-সম্বন্ধ, স্বগোত্রতা, জ্ঞাতিত্ব।

~ وَلِيّ : রক্তের প্রতিশোধ গ্রহণকারী, রক্তপণের দাবিদার।

مِنْ دَمٍ وَاحِدٍ : রক্ত সম্বন্ধযুক্ত, স্বগোত্র, জ্ঞাতি।

دَمٍ، دَامٍ : রক্তময়, রক্তাক্ত।

دَامِى الشَّفَة : দরিদ্র।

دَمِّى، دَمَوِيّ : রক্তসংক্রান্ত; রক্তবৎ, রক্তিম; রক্তাক্ত, রক্তময়।

مَعْرَكَة دَمَوِيَّة : রক্তাক্ত যুদ্ধ।

~ : খুনী।

مُدَمًّى : রক্তাক্ত, রক্তরঞ্জিত।

دُمْيَة : প্রতিমূর্তি, ক্ষুদ্রমূর্তি; পুতুল। ব دُمًى

دَنَّ : ـُ دَنَّ (دَنِين، دَنّ) دَنَّنَ (تَدْنِين) ভনভন করা, গুনগুন করা।

أَدَنَّ : ~ بِ অবস্থান করা।

دَنّ، دَنِين : গুনগুন শব্দ, গুঞ্জন।

~ : মাটির তৈরি মদ্যপাত্রবিশেষ; পিপা। ব دِنَان

أَدَنّ : কুঁজওয়ালা, কুঁজা। স্ত্রী دَنَّاء ব دُنّ

دَنَأَ ـَ دَنُؤَ ـُ (دُنُوءَة، دَنَاءَة) হীন হওয়া, নীচ হওয়া।

دَنَّأَ : (تَدْنِيَة) নীচ করা।

تَدَنَّأَ : নোংরা কাজে উদ্বুদ্ধ করা।

دُنُوءَة، دَنَاءَة : নীচতা, হীনতা নিকৃষ্টতা; দুর্বলতা।

دَنِيء : নীচ, হীন, খারাপ, নিকৃষ্ট। ব أَدْنَاء، أَدْنِيَاء

دَنِيئَة : ত্রুটি।

أَدْنَأ : হীনতর, নিকৃষ্টতর।

دِنَّب : খাটো, বামন।

دَنْتِلاَّ : ফিতা।

دَنْتِي : দান্তে : প্রসিদ্ধ ইটালিয় কবি।

دَنَجَ ـُ : (دِنَاج) শক্ত করা, শক্তিশালী করা।

دَمَلَ ـُ : (دَمْل، دَمَلاَن) (জমিতে) সার দেওয়া; সংশোধন করা।

دَمِلَ ـَ : (دَمَل) اِنْدَمَلَ (اِنْدِمَال) (ক্ষত) সারিয়া যাওয়া।

دَامَلَ : (مُدَامَلَة) ভদ্র আচরণ করা।

دَمْل : ভদ্রতা।

دُمَل، دُمَّل : ফোড়া; ক্ষত। ব دَمَامِل، دَمَامِيل

دُمَّل صَغِير : ফুসকুড়ি, ব্রণ।

دَمَال : সার, গোবর; নষ্ট খেজুর; সমুদ্রের ফেনা।

دُمْلُج : মসৃণ (পাথর)। ব دَمَالِج

دَمْلَكَ : (دَمْلَكَة) মসৃণ করা, গোলাকার করা।

دُمْلُوك : গোলাকার কালোপাথর।

دَمَنَ ـُ : (دَمْن) (জমিতে) সার দেওয়া।

دَمَّنَ : (تَدْمِين) (খেজুর গাছ) নষ্ট হইয়া যাওয়া।

أَدْمَنَ : ~ عَلَى আসক্ত হওয়া, অভ্যস্ত হওয়া, লাগিয়া থাকা।

دِمْن، دِمَان : সার, গোবর।

دِمْنَة : গোবরের স্তূপ; বিদ্বেষ; ঘরবাড়ির ধ্বংসাবশেষ, বাস্তুভিটার পরিত্যক্ত নিদর্শন। ব دِمَن

دُمَّان، دُومَان : (তু) হাল; হালের বাঁট, সুকান।

دِمَان : ফোসকা, কড়া।

أَدْمَان : গাছের ক্ষয়রোগবিশেষ।

إِدْمَان : মদ্যাসক্তি; ঝোঁক, বাতিক।

مُدْمِن : আসক্ত, অভ্যস্ত।

مُدْمِنُ خَمْر : মদ্যাসক্ত।

دَمِهَ ـَ : (دَمَه) (বালি) উত্তপ্ত হওয়া।

اِدْمَوْمَهَ : (اِدْمِيمَاه) টগবগ করা; মূর্ছা যাওয়া।

دَمِيَ ـَ : (دَم، دُمِيّ) রক্তাক্ত হওয়া, রক্তরঞ্জিত হওয়া, রক্তাপ্লুত হওয়া, ক্ষতস্থান হইতে রক্ত বাহির হওয়া।



www.pathagar.com

دُنْج : বুদ্ধিমান লোক।

دَنْج : জ্বরবিশেষ, dengue.

دَانَاج : বিচক্ষণ।

دَنَحَ : হীন হওয়া।

عِيدُ الدِّنْح : ৬ই জানুয়ারি পালিত খ্রিস্টোৎসব, epiphany. খ্রিস্টের আবির্ভাব দিবস।

دُنْجُل، دِنْجِل : অক্ষ-দণ্ড, ঘানিগাছ। ব دَنَاجِل

دُمْدُرْمَة : (তু) আইসক্রিম।

دَنْدَشَ : (دَنْدَشَة) ঝুলিয়া পড়া; ঝলঝল করিয়া ঝোলা; ঠুনঠুন শব্দ করা।

دَنْدَش : কণ্ঠহার; রেশমের থোপা।

دَنَادِشَة : সাধারণ লোক, প্রভাববিহীন লোক।

دَنْدَنَ : গুনগুন করা; বিড়বিড় করা; (বিড়াল) ঘড়ঘড় শব্দ করা।

دِنْدِن : গুঞ্জন; বিড়বিড় ধ্বনি।

دِنْدِي : তুর্কি মোরগ, টার্কী, turkey.

دَنَّرَ : (تَدْنِير) (টাকা) বাজানো; (চেহারা) উজ্জ্বল হওয়া।

دِينَار : প্রাচীন স্বর্ণমুদ্রা; দীনার। ব دَنَانِير

حَشِيشَةُ الدِّينَار : লতাগাছবিশেষ।

دَنَانِير : সম্পদ, ধন, টাকা।

دَنِسَ : ـَ (دَنَس، دَنَاسَة) تَدَنَّسَ (কাপড়) ময়লা হওয়া; (সুনাম) কলুষিত হওয়া।

دَنَّسَ : (تَدْنِيس) ময়লা করা; কলুষিত করা, অপবিত্র করা।

دَنَّسَ الْعِرْضَ : অসম্মান করা।

دَنَس : ময়লা, কলুষ, দোষ, কলঙ্ক। ব أَدْنَاس

بِلَادَنَسٍ : নিষ্কলুষ, খাঁটি।

دَنِس : ময়লাযুক্ত, কলুষিত, কলঙ্কিত, নোংরা।

تَدْنِيس : অপবিত্রকরণ, দূষিতকরণ।

تَدْنِيسُ الْعِرْضِ : সম্মানহানি।

تَدَانُس : নোংরা কাজকর্ম।

دَنُعَ : ـَ (دَنَاعَة، دُنُع) নীচ হওয়া, নীচবংশীয় হওয়া।

دَنِعَ : ـَ (دَنَع) ক্ষুধার্ত হওয়া; নীচ হওয়া, বশীভূত হওয়া।

دَنِع، دَنِيع : ক্ষয়হীন ব্যক্তি, নোংরা, কৃপণ।

دَنِفَ : ـَ (دَنَف) গুরুতর রোগে পীড়িত হওয়া, মরণোন্মুখ হওয়া; (সূর্য) অস্ত যাওয়ার উপক্রম করা।

أَدْنَفَ : (إِدْنَاف) গুরুতর রোগে পীড়িত হওয়া; (রোগে) আক্রান্ত হওয়া; নিকটবর্তী হওয়া।

دَنَف : দীর্ঘ রোগ, সূর্যাস্ত।

دَنِف، أَدْنَاف : গুরুতর রোগে পীড়িত।

مُدْنَف : কৃশ দুর্বল।

دَنْقَشَ : আড়ভাবে তাকানো, কটাক্ষ করা।

دَنَقَ : ـُ (دُنُوق) কৃপণ হওয়া; ঠিক ঠিক হওয়া, সঠিক হওয়া।

دَنِقَ : ـَ (دَنَق، دَنِيق) ঠাণ্ডায় মরিয়া যাওয়া।

دَنَّقَ : (تَدْنِيق) (চেহারা) দুঃখে কিংবা রোগে মলিন দেখানো। (চক্ষু) কোটরগত হওয়া; (সূর্য) অস্ত যাওয়ার নিকটবর্তী হওয়া; ব্যয়কুণ্ঠ হওয়া; তন্ন তন্ন করিয়া পরীক্ষা করা।

~ إِلَى : স্থিরদৃষ্টিতে তাকানো।

دَانِق : বোকা; চোর; কৃশ।

~ دَانَق : (ফা) ওজনের এককবিশেষ; এক দিরহামের এক-ষষ্ঠমাংশ; ক্ষুদ্র রৌপ্যমুদ্রা। ব دَوَانِق

دَنِيق : তীব্র ঠাণ্ডা, হাড় কাঁপানো শীত।

~ : নীচ, নীচবংশীয়। ব دُنُق

دَنْقَسَ : (دَنْقَسَة) আড়চোখে তাকানো।

~ بَيْنَ : বিবাদ লাগানো।

دَنْكَل : অক্ষদণ্ড, ঘানিগাছ। ব دَنَاكِل

دَنْكَلَة : বক, বলাকা (পাখি)।

الدَّنْمَارْك : ডেনমার্ক : ইউরোপ মহাদেশের একটি দেশ।

دَنَا : ـَ (دُنُو، دَنَاوَة، دَنَى) إِدَّنَى، (إِدِّنَاء) নিকটবর্তী হওয়া, কাছে আসা, কাছাকাছি হওয়া, (সময়) ঘনাইয়া আসা।



www.pathagar.com

دَنِىَ : ـَ (دَنَاءَة، دَنًى) নীচ হওয়া, হীন হওয়া, নগণ্য হওয়া।

دَنَّى : (تَدْنِيَة) নিকটবর্তী করা, কাছাকাছি আনা।

~ فِي : আত্মনিয়োগ করা।

أَدْنَى، دَانَى : (إِدْنَاء، مُدَانَاة) নিকটবর্তী হওয়া, কাছাকাছি আসা; নিকটবর্তী করা, কাছাকাছি আনা।

تَدَنَّى : আস্তে আস্তে অগ্রসর হওয়া, একটু একটু করিয়া কাছে আসা; নীচে নামিয়া যাওয়া।

تَدَانَى : পরস্পর কাছাকাছি হওয়া।

إِسْتَدْنَى : (إِسْتِدْنَاء) কাছে আসিতে বলা; নিকটবর্তী হইতে চাওয়া।

لَا يُدَانَى : অতুলনীয়, অগম্য।

دُنُوّ : নিকটত্ব, ঘনিষ্ঠতা, সান্নিধ্য; আসন্নতা।

دَنَاوَة : নিকটত্ব, ঘনিষ্ঠতা; নীচতা।

دَانٍ : নিকটবর্তী, কাছাকাছি, ঘনিষ্ঠ।

دَنَاءَة، دَنَايَة : নীচতা; হীনতা; ভীরুতা।

دَنِيء، دَنِيّ : নিকটবর্তী, কাছাকাছি, ঘনিষ্ঠ; নীচ, নগণ্য; অখ্যাত; দুর্বল। ব أَدْنِيَاء

دَنِيَّة : হীন কাজ। ব دَنَايَا

دُنْيَا : জগৎ, বিশ্ব, ইহকাল; ন্যূনতম। ব دُنًى

الدُّنْيَا : পৃথিবী।

أُمّ الدُّنْيَا : কায়রো নগরী।

~ الحَيَاة : পার্থিব জীবন।

~ رَجُلُ : কাজের লোক।

~ صُنْدُوق : পিপ-শো, peep-show.

دَخَلَ الدُّنْيَا : সংসারে প্রবেশ করা, বিবাহ করা।

دُنْيَاوِيّ، دُنْيَوِيّ : পার্থিব, জাগতিক, ইহকালীন; জড়বাদী।

أَدْنَى، أَدَانٍ، أَدْنَوْنَ : নিকটতর, ঘনিষ্ঠতর; নিম্নতর, ন্যূনতম, ক্ষুদ্রতর, নিকৃষ্টতর, নগণ্যতর। স্ত্রী دُنْيَا ব دُنًى، دُنْيَوَات

أَدْنَاهُ : ইহার নিচে, নিম্নে।

الحَدّ الأَدْنَى : ন্যূনতম সীমা।

~ الشرق : নিকটপ্রাচ্য।

~ المغرب : আলজিরিয়া।

دَهَبَ : নিঃশেষ করা, ক্ষয় করা, (বস্ত্র) জীর্ণ করা।

دَهْدَقَ : (دَهْدَقَة) (সিদ্ধ গোশ্‌ত) পাতিলে ওঠানামা করা; চূর্ণ-বিচূর্ণ করা, (গোশ্‌ত) কর্তন করা।

رَاوَنْد، رِوَنْد : রেউচিনি গাছ, rhubarb.

رَأَى : - َ (رَأْي، رُؤْيَة) দেখা, লক্ষ্য করা; তাকানো, মনে করা, বিবেচনা করা, বিচার করা, মত পোষণ করা, মত দেওয়া, সিদ্ধান্ত করা; অনুভব করা। ব آرَاء

رَاءَى : (مُرَاءَة) ভান করা, কপটতা করা, ভণ্ডামি করা; মুখোমুখি হওয়া।

أَرَى : (إِرَاءَة) দেখানো।

تَرَاءَى : আয়নায় নিজেকে দেখা, আত্মদর্শন করা; মনে করা; বিশ্বাস করা।



www.pathagar.com

تَرَاءَى : কপটতা করা, ভান করা, নিজেকে দেখানো, প্রকাশ পাওয়া, মনে হওয়া, যথাযথ মনে হওয়া; একে অপরকে দেখা; আয়নায় নিজেকে দেখা, মত গ্রহণ করা।

إِرْتَأَى : (إِرْتِيَاء) গভীরভাবে চিন্তা করা, বিবেচনা করা, সিদ্ধান্ত করা, মনস্থির করা; সন্দেহ করা; প্রস্তাব করা।

إِسْتَرَى، إِسْتَرَا : (إِسْتِرَاء) মত চাওয়া।

يُرَى : দেখা যায় এমন, স্পষ্ট, প্রতীয়মান।

رَأْى : মত, ধারণা, উপদেশ, পরামর্শ, প্রস্তাব, সিদ্ধান্ত, রায়। ব آرَاء

الرَّأْىُ الْعَامُّ : জনমত।

أَهْلُ الرَّأْى : যুক্তিবাদী ব্যক্তিবর্গ, বিচক্ষণ ব্যক্তিবর্গ।

ذُوالرَّأْى : জ্ঞানী, সুবিজ্ঞ।

~ صُلْبُ، صَلِيبُ الرأى : দৃঢ়মত; একগুঁয়ে, জেদী।

تَبَادُلُ الآرَاء : মতবিনিময়।

رَاءٍ : দর্শনকারী, পর্যবেক্ষক।

رَاءَة : চিহ্ন, লক্ষণ।

رُؤْيَا : দর্শন, স্বপ্ন। ব رُؤًى

رُؤْيَة : দৃষ্টি, দর্শন, দৃষ্টিগোচরতা; পরীক্ষণ, মত।

مُرَاءَاة، رِيَاء، رِئَاء : কপটতা, ভান, ভণ্ডামি।

رِئَة : ফুসফুস। ব رِئَات، رِئُون، رِيَّة

ذَاتُ الرِّئَة : নিউমোনিয়া।

مِرْآة : আয়না। ব مَرَاءٍ، مَرَايَا، مِرْآة ব مِرَايَات

مَرْأَى : দৃশ্য; দৃষ্টি। ব مَرَاءٍ

مَرْئِيّ : দেখা যায় এমন, দৃষ্টিগোচর, স্পষ্ট।

مُرَاءٍ : কপট, ভণ্ড, ভানকারী।

رَاى : সামুদ্রিক মৎস্যবিশেষ, pilchard.

رَايَة : পতাকা। ব رَايَات

رَبَّ - ُ : (رِبَابَة، رَبّ) মালিক হওয়া, শাসন করা, নিয়ন্ত্রণ করা, কর্তৃত্ব করা; বৃদ্ধি করা; সংগ্রহ করা।

~ : (رَبّ) লালন-পালন করা।

رَبَّبَ : লালন-পালন করা; প্রভু বানানো, পূজা করা।

تَرَبَّبَ : প্রভুত্ব দাবি করা, লালন-পালন করা।

رَبّ : মালিক, প্রভু, প্রতিপালক, কর্তা, অভিভাবক। ব أَرْبَاب، رُبُوب স্ত্রী رَبَّة ব رَبَّات

رَبُّ الْعَمَلِ : নিয়োগকর্তা।

~ الْعَائِلَة : পরিবারের কর্তা।

أَرْبَابُ السُّلْطَانِ : শাসকবর্গ।

~ الْمَالِ : পুঁজিপতিগণ।

رَبَّةُ الْمَنْزِلِ، رَبَّةُ الْبَيْتِ : গৃহকর্ত্রী, গৃহিণী।

رَبَّاتُ الْحِجَابِ : মহিলা।

رُبّ : জাল দিয়া পাকানো খেজুর ইত্যাদির ঘনীভূত রস, rob, জ্যাম, jam; আরক, নির্যাস। ব رُبُوب، رِبَاب

رُبُّ سُوس : যষ্টিমধুর আরক।

رُبَّ، رُبَّمَا : অনেক, প্রায়শ, হয়ত, সম্ভবত।

رِبَّة : গ্রীষ্মকালীন তৃণবিশেষ। ব رِبَب

رُبَّى : সদ্য-বিয়ানো বকরি। ব رُبَاب

رَابّ : বিপিতা।

رَابَّة : বিমাতা; পালক মাতা।

رَبَابَة، رَبَاب : এক তারের বেহালাবিশেষ, রাবাব।

رِبَاب : পাহাড়ি ছাগ ও মেষ।

رُبُوبِيَّة، رُبُوبَة، رِبَابَة : প্রভুত্ব।

رُبَّان : (জাহাজের) ক্যাপ্টেন, নাবিক। ব رَبَابِنَة

رَبَّانِيّ : মহৎ; আল্লাহওয়ালা।

رَبِيب : স্বামী বা স্ত্রীর আগের সংসারের পুত্র, পালিত পুত্র; পালক পিতা। ব أَرِبَّاء

رَبِيبَة : স্বামী বা স্ত্রীর আগের সংসারের কন্যা, পালিতা কন্যা; পালক মাতা। ব رَبَائِب

مَرْبُوب : পালিত (সন্তান)।

رَبَأَ - َ : (رَبْأ) আরোহণ করা, উঠা, মন্থর গতিতে হাঁটা। যত্ন লওয়া; লইয়া যাওয়া; দূরীভূত করা; শ্রদ্ধা করা, উর্ধ্বে মনে করা।

~، أَشْرَفَ : দেখাশুনা করা, তত্ত্বাবধান করা।



www.pathagar.com

رَبَّأَ : লইয়া যাওয়া।

رَابَأَ : পাহারা দেওয়া; সতর্ক থাকা।

أِرْتَبَأَ : সতর্কতা অবলম্বন করা।

رَبِيئَة : প্রহরী। ব رَبَايَا

رَبَتَ - ُ : (رَبْت)، رَبَّتَ (শিশু) লালন-পালন করা; (শিশুকে) সোহাগ করা।

رَبِتَ - َ : (رَبَت) বন্ধ হওয়া।

رَبَثَ - ُ : (رَبْث)، رَبَّثَ، (تَرْبِيث) عَنْ ~ বিরত রাখা, বাধা দেওয়া।

تَرَبَّثَ : দীর্ঘসূত্রী হওয়া, মন্থর হওয়া।

إِرْتَبَثَ : (إِرْتِبَاث) মন্থর হওয়া; বিচ্ছিন্ন হওয়া।

إِرْبَثَّ (إِرْبِثَاث) (ভেড়া) চতুর্দিকে ছড়াইয়া পড়া।

مُرَبَّث، مَرْبُوث، رَبِيث : বাধাপ্রাপ্ত, বিঘ্নিত, বিরত।

رَبِيثَة : বাধা, বিঘ্ন। ব رَبَائِث

رَبِحَ - َ : (رَبَح، رِبْح) মুনাফা করা, লাভ করা; জয়ী হওয়া; লাভজনক হওয়া।

أَرْبَحَ، رَبَّحَ : (إِرْبَاح، تَرْبِيح) লাভবান করা, মুনাফা করিতে দেওয়া।

رَابَحَ : (مُرَابَحَة) নির্দিষ্ট লাভে অগ্রিম বিক্রয় করা।

رِبْح : লাভ, মুনাফা, ফায়দা, আয়, সুদ। ব أَرْبَاح

رِبْح بَسِيط : সরল সুদ, simple interest.

~ مُرَكَّب : চক্রবৃদ্ধি সুদ, Compound interest.

رَبَح : খেলায় জয়; বিক্রয়ের ঘোড়া।

رَبَاح : মুনাফা; খাটাশ, গন্ধগোকুল, civet-cat.

رُبَّاح : বানর; বেবুন; ছাগলছানা। ব رَبَابِيح

رَابِح : লাভবান, মুনাফাকারী, জয়ী, লাভজনক।

مُرْبِح : লাভজনক।

مُرَابَحَة : নির্দিষ্ট লাভে অগ্রিম বিক্রয়।

رَبَدَ - ُ : (رُبُود) بِ অবস্থান করা, লাগিয়া থাকা, আটকাইয়া রাখা।

تَرَبَّدَ : (আকাশ) মেঘলা হওয়া; (চেহারা) ফ্যাকাশে হওয়া, কঠিন হওয়া, ভ্রূকুটিপূর্ণ হওয়া।

إِرْبَدَّ، إِرْبَادَّ : ছাইবর্ণ হওয়া, ধূসরবর্ণ হওয়া; (চেহারা) ভ্রূকুটিপূর্ণ হওয়া।

رَبِيد : পানি ছিটানো খেজুর।

رُبْدَة : ধূসর রং।

أَرْبَد : ধূসরবর্ণ, মলিন; সিংহ। স্ত্রী رَبْدَاء ব رُبْد

مِرْبَد : বেড়া, বেষ্টনী; শস্য শুকাইবার উঠান।

مُرْبَدّ : মেঘলা (আকাশ); মলিন, ভ্রূকুটিপূর্ণ (চেহারা)।

رَبَذَ - َ : (رَبَذ) হালকা হওয়া।

أَرْبَذَ : কর্তন করা।

رَبَذ : দ্রুতগতি।

رِبْذَة : উটের গা ঘষিবার পশমি বুরুশ; পরিষ্কার করিবার নেকড়া; চাবুকের গিঁট। ব رِبَاذ، رِبَذ

رَبَسَ - ُ : (رَبْس) চড় মারা, চপেটাঘাত করা; (পানির মশক) পূর্ণ করা।

إِرْتَبَسَ : (إِرْتِبَاس) মিশ্রিত হওয়া, সংযুক্ত হওয়া।

رَبْس : দুর্ভাগ্য; প্রচুর।

رَبْسَاء : অতীব দুর্ভাগ্য। ব رُبْس

رَبِيس : সাহসী; দুর্যোগ, বিপদ।

أَرْبَشَ : (গাছ) ঝোপপূর্ণ হওয়া।

رَبَصَ - ُ : (رَبْص)، تَرَبَّصَ অপেক্ষায় থাকা, প্রতীক্ষা করা, ওত পাতিয়া থাকা, প্রত্যাশা করা।

رُبْصَة : প্রত্যাশা, প্রতীক্ষা।

تَرَبُّص : অপেক্ষা; অপেক্ষাধীন সময়; শিক্ষা-অধিবেশন; প্রশিক্ষণকাল।

مُتَرَبِّص : অপেক্ষমাণ, প্রার্থী, কোর্সে অংশগ্রহণকারী।

رَوْبَصَ : (رَوْبَصَة) (রৌপ্য) শোধন করা।

رُوبَاص : শোধিত রৌপ্য।



www.pathagar.com

تَرَوْبُص، رَوْبَصَة : ঘুমের ঘোরে ভ্রমণ, স্বপ্নচারিতা।

رَبَضَ -ِ : (رُبُوض، رَبْض) (পশু) শুইয়া পড়া, হাঁটু গাড়িয়া বসা, জড়সড় হইয়া বসা; অপেক্ষায় থাকা; (জাহাজ) নোঙর করিয়া থাকা, (গাড়ি) দাঁড়াইয়া থাকা; (সৈন্য) অবস্থান গ্রহণ করা; (পাখি) উড়িয়া আসিয়া পড়া।

رَبَّضَ : (تَرْبِيض) আটকাইয়া রাখা।

أَرْبَضَ : (إِرْبَاض) (সূর্য) উত্তপ্ত হওয়া; (পশু) বাঁধিয়া রাখা; (মদে) মদালস করা।

تَرَبَّضَ : লাগিয়া থাকা, ঝুলিয়া থাকা।

رُبْض، رِبَض، رُبُض، رَبْض : মা, বোন কিংবা স্ত্রী।

رَبَض : শহরতলী; শহরের উপকণ্ঠের সেনাছাউনী; পশুশালা; প্রাসাদ; রশি। ব أَرْبَاض

رِبْضَة : লাশ; খোড়া লোক, দুর্বল ব্যক্তি।

رَبَضَة، رُبْضَة : নাড়িভুঁড়ি; পশুর খোয়াড়।

رَبُوض : বিরাট (গাছ); জনবহুল (গ্রাম)। ব رُبُض

تِرْبَاض : জাফরানি বর্ণের ফুলগাছবিশেষ।

مَرْبِض : পশুশালা। ব مَرَابِض

رَبَطَ -ُ : (رَبْط) বাঁধা; সংযুক্ত করা, একত্রিত করা, (আঘাতে) পট্টি বাঁধা।

~ لِ : ওত পাতিয়া থাকা, প্রতীক্ষা করা।

~ عَلَى : সংযত করা, লাগাম দেওয়া, বাধা দেওয়া, গতিরোধ করা।

رَبَطَ جَاشَهُ : উৎসাহিত হওয়া।

~ الطَّرِيقَ : রাহাজানি করা।

~ اللِّسَانَ : নির্বাক করা, অবাক করা।

~ اللّٰهُ عَلَى قَلْبِهِ : আল্লাহ তাহার অন্তরে ধৈর্য দান করিলেন, তাহাকে সুরক্ষিত করিলেন।

رَابَطَ : (مُرَابَطَة) অবস্থান গ্রহণ করা; যুদ্ধরত হওয়া, সীমান্তরক্ষায় নিয়োজিত থাকা।

تَرَابَطَ : ঘনিষ্ঠ সূত্রে আবদ্ধ হওয়া।

~ فِي : (কোন স্থানে পানি) থামিয়া থাকা।

~ مَعَ : (কাহারও সঙ্গে) ষড়যন্ত্রে লিপ্ত হওয়া।

إِرْتَبَطَ : (إِرْتِبَاط) সংশ্লিষ্ট হওয়া, আবদ্ধ হওয়া; বাধ্য হওয়া; প্রতিশ্রুতিবদ্ধ হওয়া; একত্রিত হওয়া।

رَبْط : বন্ধন; সংযোগ, সংযুক্তি।

رَبَط (তিউ) শহরের অংশ; শহরতলী।

رِبْطَة : বন্ধন, পট্টি; বান্ডিল; পার্সেল; প্যাকেট, থলি।

رِبْطَةُ الْعُنُق، رَبْطَةُ الرَّقَبَة : নেকটাই, necktie.

~ السَّاق : মোজা বাঁধা ফিতা, garter.

~ النُّقُود : টাকার থলি।

رِبَاط : বন্ধন, বাঁধন, বন্ধনী, পট্টি, সরাইখানা, মুসাফির খানা, অশ্বশালা, আশ্রম। ব رِبَاطَات، أَرْبِطَة، رُبُط

رِبَاطُ الْجَوَارِب : মোজা বাঁধিবার ফিতা।

رِبَاطُ الْجَزْمَة ,~ الْحِذَاء : জুতার ফিতা।

~ الرَّقَبَة : টাই, নেকটাই, necktie.

الرِّبَاط : রাবাত নগরী (মরক্কোর রাজধানী)।

رَابِط : বন্ধনকারী; সংযুক্তকারী, তাপস, দরবেশ।

رَابِطُ الْجَاش : প্রশান্তচিত্ত, শান্ত।

رَابِطَة : বন্ধন, সম্পর্ক, সংযোগ, মৈত্রী, মিত্রসংঘ; ইউনিয়ন, লীগ। ব رَوَابِط

رَبِيطَة : চক্রান্ত, ষড়যন্ত্র।

إِرْتِبَاط : সম্পর্ক, সংযোগ, যোগাযোগ; পারস্পরিক সম্বন্ধ; প্রতিশ্রুতি; বাধ্যবাধকতা; সংমিশ্রণ।

بِالإِرْتِبَاط : একত্রে, মিলিতভাবে।

مَرْبَط : পশুশালা, আস্তাবল। ব مَرَابِط

مِرْبَط : দড়ি, কাছি। ব مَرَابِط

مَرْبُوط : বন্ধনযুক্ত, আবদ্ধ; সংযুক্ত; সম্পৃক্ত; নির্ধারিত।

مُرَابِط : সীমান্তে অবস্থানরত, যুদ্ধরত (মুজাহিদ)।

الْمُرَابِطُون : স্পেন-মরক্কোর শাহী বংশ।



www.pathagar.com

مُرَابَطَة : (সৈন্যদের) অবস্থান গ্রহণ; সংঘ।

مُرْتَبِط : সংযুক্ত, বন্ধনযুক্ত; প্রতিশ্রুতিবদ্ধ; নির্ভরশীল।

مُتَرَابِط : পরস্পর সম্পর্কযুক্ত।

رَبَعَ - َ : (رَبْع) প্রতীক্ষা করা; সংযত হওয়া; (উট) চারদিন পর পর পানি পান করা, (ঘোড়া) লাফাইতে লাফাইতে যাওয়া, বসন্তকালীন ঘাস খাওয়া; আসনপিঁড়ি হইয়া বসা; অবস্থান করা।

~ عَلَى : সহানুভূতি অনুভব করা।

~ ـُ : চারগুণবিশিষ্ট দড়ি পাকানো; চার সংখ্যা পূর্ণ করা; চতুর্থ হওয়া; চতুর্থটি লওয়া।

~ عَنْ : বিরত থাকা।

رَبَّعَ : (تَرْبِيع) চৌকা করা, চতুষ্পদ করা; চারগুণ করা; চার দ্বারা গুণ করা, বসন্তকালীন ঘাস খাওয়ানো।

أَرْبَعَ : (إِرْبَاع) চার বৎসর বয়সে উপনীত হওয়া, বসন্তে পদার্পণ করা; চতুর্থ দিনে পানি পান করা; চার সংখ্যাবিশিষ্ট হওয়া।

تَرَبَّعَ : আসনপিঁড়ি হইয়া বসা, বসিয়া পড়া, শুইয়া পড়া; বসন্তকালীন ঘাস খাওয়া।

إِرْتَبَعَ : বসন্তকালীন ঘাস খাওয়া, বসন্তকাল অতিবাহিত করা।

إِسْتَرْبَعَ : (বালি) স্তূপীকৃত হওয়া; (ধূলি) উড়ানো; আসনপিঁড়ি হইয়া বসা।

رَبْع : ঘর, ভবন, আবাস, বাসস্থান, আবাসিক এলাকা, জনগোষ্ঠী; বসন্তকালীন তাঁবু; শবযান। ব أَرْبَاع، أَرْبُع، رُبُوع، رِبَاع

~، رِبع ، رَبَع ، رَبْعَة : মাঝারি আকারের।

رِبْع : প্রতি চতুর্থ দিনে উটের পানি পান।

~، حُمَّى الرِّبْع : প্রতি চতুর্থ দিনে সংঘটিত জ্বর, quartn.

رُبْع : এক-চতুর্থাংশ। ব أَرْبَاع

الرُّبْعُ الخَالِي : সৌদী আরবের একটি মরুভূমি।

آلَةُ الرُّبْع : কোণ পরিমাপক যন্ত্রবিশেষ, quadrant.

رُبَع : বসন্তকালে ভূমিষ্ঠ উট। ব أَرْبَاع، رِبَاع

رَبَعَة : অশ্বের কদম চাল, galop.

رُبَاع : দন্তহীন (পশু)। ব رِبْعَان، رُبُع، رُبْع

رُبَاع : চার দ্বারা গঠিত; একবারে চার, চারচার।

رُبَاعِيّ : মূল চার বর্ণবিশিষ্ট (শব্দ); চৌপদী (কবিতা); চতুর্গুণ, বর্গসম্বন্ধীয়।

رُبَاعِيّ الأَرْجُل : চতুষ্পদ।

~ الأَضْلَاع : চতুর্ভুজ।

رَبَّاع : মল্লযোদ্ধা athlete.

رَبِيع : বসন্তকাল, রবি মৌসুম; বাসন্তী ঘাস, তৃণ ইত্যাদি, রবিশস্য; বসন্তকালীন বৃষ্টি।

~ : পানির অংশ, অনেক চতুর্থাংশ। ব أَرْبِعَاء

رُبُع : চতুর্থাংশ।

زَهْرَة الرَّبِيع : বাসন্তী পুষ্পবিশেষ, Primrose.

رَبِيعِيّ : বসন্তকাল সংক্রান্ত, বসন্তকালীন।

رَبِيعُ الأَوَّل : রবিউল আউয়াল; ইসলামী সনের তৃতীয় মাস।

~ الآخِر : রবিউল আখির; ইসলামী সনের চতুর্থ মাস।

رَبِيعَة : ভারোত্তলনের পাথর, বাগিচা; শিরস্ত্রাণ।

رَابِع : চতুর্থ। স্ত্রী رابعة

رَابِعًا : চতুর্থত।

رَابِع عَشَرَ : চতুর্দশ।

أَرْبَع : চার। স্ত্রী أَرْبَعَة

أَرْبَعَ عَشْرَةَ : চৌদ্দ। স্ত্রী أَرْبَعَةَ عَشَرَ

يَوْم الأَرْبِعَاء، الأَرْبِعَاء : বুধবার।

أَرْبَعُون : চল্লিশ।

الأَرْبَعُون : চল্লিশতম।

الأَرْبَعِينَات : চল্লিশের দশক।

تَرْبِيع : চতুর্গুণকরণ।

تَرْبِيعَة : টালি; চৌকা চত্বর। ব تَرَابِيع

مَرْبَع : বসন্তকালীন নিবাস; বসন্তের বৃষ্টি। ব مَرَابِع



www.pathagar.com

مَرَابِع ব । مِرْبَعَة، مِرْبَع : ভারোত্তলন-দণ্ড।

مُرْبِع : বসন্তকালে বাচ্চা প্রসবকারী (উষ্ট্রী)।

مُرْبَع : প্রতি চতুর্থ দিনে সংঘটিত জ্বরে আক্রান্ত।

مُرَبَّع : চৌকা, চতুষ্কোণী; চতুষ্পদ; চতুর্গুণ; বর্গসূচক; চৌকা বস্তু; চৌকা চত্বর; বর্গক্ষেত্র।

مِتْر مُرَبَّع : বর্গমিটার।

~ مِيل : বর্গমাইল।

~ مربعة : এলাকা, অঞ্চল। ব مَرَابِعُ

مَرْبُوع : প্রতি চতুর্থ দিনে সংঘটিত জ্বরে আক্রান্ত।

مَرْبُوعُ الْقَامَةِ : মাঝারি আকারের।

مُرَابِع : কৃষক; অংশীদার।

يَرْبُوع : জেরবু, jerboa. পার্বত্য মুষিক। ব يَرَابِيع

رَبَغَ - َ : (ن) বিলাসবহুল জীবন যাপন করা।

رَبِغَ - َ : (ـغ) (জীবন) বিলাসবহুল হওয়া।

أَرْبَغَ : (إِرْبَاغ) (উটকে) যথেচ্ছ পানি পান করিতে দেয়া।

رَابِغ : বিলাসীবিলাসবহুল (জীবন); সুখকর, আরামদায়ক।

رَبَاغَة : প্রাচুর্য।

أَرْبَغ : প্রচুর, পর্যাপ্ত

رَبَقَ - ُ : (رَبْق، تَرْبِيق) গলায় রশি দিয়া বাঁধা; নিক্ষেপ করা

رَبَّقَ الْكَلَامَ : কথা সা৮।

تَرَبَّقَ : গলায় ঝুলানো

إِرْتَبَقَ ~ : (إِرْتِبَاق) ল) জড়াইয়া পড়া, (ফাঁদে) আটকা পড়ড়িত হওয়া, লিপ্ত হওয়া।

رِبْق، رِبْقَة، تَرْبِيق : ফাঁদ, ফাঁস।

رَبِيقَة : ফাঁদে পড়া পশু।

رَبَكَ - ُ : (رَبْك) মিশ্রিত জড়িত করা, জটিল করা; পঙ্কে নিক্ষেপ বতবুদ্ধি করা।

رَبِكَ - َ : (رَبَك) জড়িত হওয়া, জটিল অবস্থায় পড়া।

أَرْبَكَ : (إِرْبَاك) হতবুদ্ধি করা।

إِرْتَبَكَ : (إِرْتِبَاك) হতবুদ্ধি হওয়া, মিশ্রিত হওয়া; জটিল হওয়া।

~ فِي : (ফাঁদে) আটকা পড়া, (জালে) জড়াইয়া পড়া; জড়িত হওয়া।

إِرْتِبَاك، رَبَك : জটিল অবস্থা, বিব্রত অবস্থা, জটিলতা।

رَبِك : হতবুদ্ধি; বিব্রত।

رَبِيكَة : পঙ্ক, কর্দম। ব رَبَائِكُ

مُرْبِك : বিব্রতকর, হতবুদ্ধিকর।

مُرْتَبِك : জটিল; জড়িত; হতবুদ্ধি, বিব্রত।

رَبَلَ - ُ : (رَبْل) বর্ধিত হওয়া; বহু সন্তানবিশিষ্ট হওয়া।

رَبَّلَ، أَرْبَلَ : (إِرْبَال، تَرْبِيل) শরৎকালীন গুল্ম উৎপন্ন করা (ভূমি)।

تَرَبَّلَ : মাংসল হওয়া, শরৎকালীন গুল্ম খাওয়া বা অন্বেষণ করা; শরতে সবুজ হওয়া (ভূমি); শিকার করা।

إِرْتَبَلَ : (إِرْتِبَال) প্রচুর হওয়া, পর্যাপ্ত হওয়া।

رَبْل : শরৎকালীন গুল্ম, ঘাস। ব رُبُول

رَبِل، رَبِيل، رَبْلِيّ : মাংসল, মোটাসোটা।

رَبَلَة، رَبْلَة : (দেহের) মাংস, মাংসল দেহাংশ।

رَبَلَةُ السَّاقِ : নলার থলথলে অংশ, পায়ের ডিম বা গুল। ব رَبَلَاتٌ

رَبَالَة : স্থূলতা, মাংসলতা।

رِيبَال : সাহসী (দস্যু); হিংস্র (সিংহ); হীনবল (বৃদ্ধলোক); লম্বা ও লতানো গাছ। ব رَيَابِلَة. رَيَابِيل

مِرْبَال : শারদীয় গুল্মবহুল ভূমি।

أَرْبَنَ : (إِرْبَان) প্রতিশ্রুতি দেওয়া।

تَرَبَّنَ : জাহাজের ক্যাপ্টেন হওয়া।

رُبَّان، رُبَّانِيّ : জাহাজের ক্যাপ্টেন। ব رَبَابِنَة



www.pathagar.com

أَرْبَان، أُرْبُون، رَبُون : আন্তরিক প্রতিশ্রুতি।

رَبَا ـُ : (رُبُو، رِبَاء) বৃদ্ধি পাওয়া; (ক্ষত) ফুলিয়া উঠা; (পাহাড়ে) আরোহণ করা; শিক্ষাপ্রাপ্ত হওয়া; (শিশু) বড় হওয়া।

~ عَلَى : অধিকতর হওয়া, অতিক্রম করা।

رَبَّى : (تَرْبِيَة) লালন-পালন করা, বড় করা, প্রতিপালন করা, পালা; শিক্ষা দেওয়া; বাড়িতে দেওয়া; বাড়ানো; পরিচর্যা করা; বিকশিত করা।

رَابَى : (مُرَابَاة) সুদে ঋণ দেওয়া, আদর করা।

أَرْبَى : (إِرْبَاء) বৃদ্ধি করা, বাড়িতে দেওয়া; অতিক্রম করা, সুদের কাজ করা; আশা দেওয়া।

~ عَلَى : ছাড়াইয়া যাওয়া।

تَرَبَّى : লালিত-পালিত হওয়া, শিক্ষাপ্রাপ্ত হওয়া, বর্ধিত হওয়া।

رَبْو : হাঁপানী।

رَبْوَة، رُبْوَة، رِبْوَة، رَابِيَة : টিলা। ব رُبًى রَبَاة، رَبَاوَة، رِوَابٍ ব

~ : দশলক্ষ, এক মিলিয়ন।

رِبْوَة : দশসহস্র, অযুত।

رِبًا، رِبًى، رِبَاء : সুদ।

رِبَوِيّ : সুদ সম্বন্ধীয়, সুদী।

رَبَاء : উদ্বৃত্ত অংশ, বাড়তি, শ্রেষ্ঠত্ব, প্রাধান্য।

رَبَاة، رَبَاوَة، رَابِيَة : পাহাড়। ব رَوَابٍ

رَبَاوَة : সম্ভ্রান্ত।

رُبْيَان، إِرْبِيَان : চিংড়ি।

أُرْبِيَة : কুঁচকি।

تَرْبِيَة : লালন-পালন, প্রতিপালন; পরিচর্যা; শিক্ষাদান; শিক্ষা।

تَرْبَوِي : শিক্ষা সম্বন্ধীয়, লালন-পালন সংক্রান্ত।

مُرَبٍّ : প্রতিপালক; শিক্ষক।

مُرَبِّيَة : শিক্ষয়িত্রী; শিশুপালনকারিণী, পরিচারিকা, নার্স।

مُرَبًّى : শিক্ষাপ্রাপ্ত, সুশিক্ষিত; লালিত-পালিত; ফলের আচার, jam. মোরব্বা।

مُرَابٍ : সুদে ঋণদানকারী।

مُتَرَبٍّ : সুশিক্ষিত, মার্জিত আচারসম্পন্ন, ভদ্র।

رَتَّ ـَ : (رَتَت) তোতলানো।

أَرَتَّ : (إِرْتَات) তোতলা করা।

رُتَّة : তোতলামি।

رَتّ : প্রধান; যুবরাজ; শূকর। ব رُتُوت

أَرَتّ : তোতলা। স্ত্রী رَتَّاء ব رُتّ

رَتَا ـُ : (رَتْو) (গিঁট) আটকানো; শ্বাসরুদ্ধ করা।

~ : (رَتَان) (উট) ছোট ছোট পায়ে হাঁটা।

رَتَبَ ـُ : (رُتُوب، رَتْب) সুদৃঢ় হওয়া, স্থায়ী হওয়া, স্থির হওয়া; দাঁড়াইয়া যাওয়া।

رَتَّبَ : (تَرْتِيب) বিন্যস্ত করা, সুসজ্জিত করা, ঠিক করা, ঠিকভাবে রাখা, সাজাইয়া রাখা, পরিপাটি করা; প্রস্তুত করা।

تَرَتَّبَ : সুসজ্জিত হওয়া, বিন্যস্ত হও।

~ عَلَى : উৎপন্ন হওয়া, উদ্ভূত হওয়া

رُتْبَة : মান, মর্যাদা, স্তর, পদধাপ, অবস্থান, শ্রেণী, গুণ। ব رُتَب

رَتَابَة : একঘেয়ে।

رَتِيب : নিয়মিত, একঘেয়ে

~ : (সেনাবাহিনীর) ননকমিশনড অফিসার। ব رُتَبَاء

رَاتِب : নিয়মিত, একঘেয়ে, স্থায়ী।

~ : বেতন, মজুরি। ব ر

تَرْتِيب : সাজ, বিন্যাস, নিয়ম; ক্রম; প্রস্তুতি; ধারাবাহিকতা।

بِالتَّرْتِيب : নিয়মিতভাবে, ধারাবাহিকভাবে, একের পর এক

تَرْتِيبِيّ : ক্রমবাচক, ক্রমিক।

عَدَد تَرْتِيبِيّ : ক্রমিক সংখ্যা।

مُرَتَّب : বিন্যস্ত, নিয়মিত; ধারাবাহিক; প্রস্তুত; বেতন, মজুরি।



www.pathagar.com

مَرْتَبَة : মর্যাদা, পদ, শ্রেণী, স্তর, তোশক, গদি। ব مَرَاتِب

رَتَجَ : ـُ (رَتْج) (দরজা) বন্ধ করা, খিল লাগানো, তালা দেওয়া।

~ : (رَتَجَان) (শিশু) হাঁটিতে আরম্ভ করা।

رَتِجَ : ـَ (رَتَج)، أُرْتِجَ বাকরুদ্ধ হওয়া, নির্বাক হওয়া, অবাক হওয়া, কথা আটকাইয়া যাওয়া।

رَتَج، رِتَاج : ফটক, গেট। ব أَرْتَاجٌ، رَتَائِج، رُتُج

رَاتِينَج : রজন, ধুনা, চাঁচ, (resin).

مِرْتَاج : খিল। ব مَرَاتِيجُ

رَتَخَ : ـَ (رُتُوخ) পাতলা হওয়া, মিহি হওয়া।

~ بِ : নিবাস স্থাপন করা।

~ عَنْ : বিরত হওয়া।

رَتَخَة : কর্দম, পঙ্ক।

رَتْرَت : তোতলানো।

رَتَعَ : ـَ (رِتَاع، رُتُوع، رَتْع) চরিয়া বেড়ানো, ঘাস খাওয়া; প্রাচুর্যপূর্ণ জীবনযাপন করা।

أَرْتَع : (إِرْتَاع) চরানো, ঘাস খাওয়ান; (জমি) ঘাসবহুল হওয়া, ঘাস উৎপাদন করা।

رَتْعَة : প্রাচুর্য।

مَرْتَع : ঘাসবহুল চারণক্ষেত্র, উর্বরভূমি। ব مَرَاتِع

رَتَقَ : ـُ (رَتْق) মেরামত করা, রিফু করা, সেলাই করা; বন্ধুত্ব স্থাপন করা।

رَتْق : মেরামত, রিফু। ব رُتُوق

رَتَكَ : ـُ (رَتَكَان، رَتَك، رَتْك) কদমে চলা।

أَرْتَكَ : (إِرْتَاك) (উট) দ্রুত তাড়াইয়া নেওয়া।

رَتِلَ : ـَ (رَتَل) নিয়মিত হওয়া।

رَتَّلَ الْقُرْآنَ : (تَرْتِيل) সুললিতভাবে (আল কুরআন) আবৃত্তি করা।

تَرَتَّل : ধীরে কথা বলা।

رَتْل : লাইন, সারি। ব أَرْتَال

رَتَل : সুবিন্যাস; দাঁতের শুভ্রতা; সুন্দর কথা।

رَتِل : মার্জিত, রুচিপূর্ণ (কথা)।

رُتَيْلَاء : ক্ষতিকর মাকড়সাবিশেষ, Tarantula.

أَرْتَل : মার্জিত; রুচিপূর্ণ, তোতলা।

تَرْتِيل : বিন্যাস; স্পষ্ট উচ্চারণ, সুমধুর আবৃত্তি।

مُرَتِّل : সুর করিয়া আবৃত্তিকারী, গায়ক।

رَتَمَ : ـِ (رَتْم) চূর্ণ করা।

~ بِ : (কথা) বলা, (শব্দ) উচ্চারণ করা।

~ فِي : লালিত-পালিত হওয়া।

رَتَم : উদ্ভিদবিশেষ, Spanish broom; কাগজ নির্মাণের ঘাসবিশেষ, esparto; রাস্তা; লজ্জা।

أَرْتَمَ : (إِرْتَام) আঙুলে স্মারকসূত্র বাঁধা।

رَتِيمَة، رَتْمَة : আঙুলে বাঁধা স্মারকসূত্র। ব رِتَام، رَتَائِم

رَتَا : ـُ (رَتْو) বাঁধা; শান্ত করা, আলগা করা; উৎসাহিত করা; (বালতি) আস্তে আস্তে টানিয়া উঠানো।

~، رَتَى - ، رَتَّى : (تَرْتِيَة) মেরামত করা, রিফু করা।

رَتْوَة : দূরত্ব।

رَثَّ : - (رُثُوثَة، رَثَاثَة) (পোশাক) জীর্ণ হওয়া।

أَرَثَّ : (إِرْثَاث) (পোশাক) জীর্ণ করা।

رَثّ : পুরাতন, জীর্ণ (বস্ত্র)। ব رثيث , رثاث

رِثَّة : পুরাতন আসবাবপত্র; জীর্ণবস্ত্র; নিম্নশ্রেণীর লোক, বোকা স্ত্রীলোক। ব رِثَاث، رِثَث

رُثُوثَة، رَثَاثَة : জীর্ণতা।

رَثَأَ : ـَ (رَثْأ) (ক্রোধ) ঠাণ্ডা হওয়া; (দুধ) দধিতে পরিণত করা; আঘাত করা।

رَثْء : বুদ্ধির অভাব।

رَثَأَة : উটের কাঁধের রোগ।

رَثِيئَة : তাজা দুধের সহিত মিশ্রিত টক দুধ, নির্বুদ্ধিতা।

رَثَدَ : ـُ (رَثْد) (পানি) ঘোলা হওয়া, গাঢ় হওয়া।



www.pathagar.com

أَرْثَدَ : (إِرْثَاد) অবস্থান করা; মাটি খনন করিয়া সিক্তস্তরে পৌঁছা।

إِرْتَثَدَ : (إِرْتِثَاد) (আসবাবপত্র) স্তূপ করিয়া রাখা; (পানি) ঘোলা হওয়া।

رَثَد، رَثِيد : পুরাতন আসবাবপত্র; রাবিশ্; দুর্বল জনগোষ্ঠী।

مَرْثَد : উদার লোক; সিংহ।

رَثِعَ - َ : (رَثَع) লোভী হওয়া, লোলুপ হওয়া।

رَثِع : লোভী লোক।

إِرْثَعَنَّ : (إِرْثِعَان) বিরামহীন (বৃষ্টি) হওয়া; (চুল) আলগা হওয়া; দুর্বল ও শিথিল হওয়া।

رَثَمَ - : (رَثْم) (নাক) ভাঙ্গিয়া দেওয়া; (নাকে) সুগন্ধি লাগানো।

رَثِمَ - َ : (رَثَم)، إِرْثَمَّ (إِرْثِمَام) (ঘোড়ার) নাকের উপরিভাগ সাদা হওয়া।

رَثَم، رُثْمَة : ঘোড়ার নাকের উপরিভাগে সাদা দাগ।

رَثْمَة : গুঁড়িগুঁড়ি বৃষ্টি। ব رِثَام

رَثِم، أَرْثَم : নাকের উপরিভাগের সাদা দাগবিশিষ্ট (ঘোড়া)।

رَثِيم، مَرْثُوم : রক্তাক্ত, রক্তক্ষরণশীল (নাক)।

مَرْثَم، مِرْثَم : নাক। ব مَرَاثِم

أَرْض مُرْثَمَّة : পানি সিঞ্চিত ভূমি।

رَثَام : সবিরাম বৃষ্টির ফোঁটা।

أَرْض مُرْثَنَّة، أَرْض مَرْثُونَة : সবিরাম বৃষ্টিতে সিক্ত ভূমি।

رَثَا - ُ : (رَثْو) رَثَى (رَثْي، رِثَاء، مُرْثَاة، مَرْثِيَة) শোক করা, বিলাপ করা।

رَثَى - ~ لِ : শোক প্রকাশ করা, সহানুভূতি বোধ করা, দুঃখ অনুভব করা, করুণা করা।

رَثَاه بِمَرْثَاةٍ : শোকগাথা আবৃত্তি করা, বিলাপ করা।

يُرْثَى لَهُ : দুঃখজনক, শোচনীয়।

رَثَّى، تَرَثَّى : (تَرْثِيَة) শোকগাথা আবৃত্তি করা।

رَثًى، رِثَاء : শোক বিলাপ, দুঃখ, শোকগাথা।

رَثْيَة : গ্রন্থিপ্রদাহ, গেঁটেবাত; দুষ্টুমি, বোকামি।

رَثَّاءَة، رَثَّايَة : ভাড়াটিয়া বিলাপকারিণী।

مَرْثِيَة، مَرْثَاة : শোকগাথা, মরসিয়া। ব مَرَاثٍ

رَجَّ - ُ : (رَجّ) কম্পিত করা, নাড়া দেওয়া।

~ عَنْ : বাধা দেওয়া, বিরত করা।

رُجَّ، إِرْتَجَّ : (إِرْتِجَاج) কম্পিত হওয়া, কাঁপিয়া উঠা, আন্দোলিত হওয়া।

رَجّ، رَجَّة، رَجَاج، إِرْتِجَاج : কম্পন, ধাক্কা।

إِرْتِجَاج الْمُخّ : মস্তিষ্কের ক্ষত।

مُرْتَجّ : কম্পিত, আন্দোলিত।

صَوْت مُرْتَجّ : কাঁপা স্বর।

أَرْجَا : (إِرْجَاء) মুলতবি রাখা, (উষ্ট্রী) প্রসব করিবার নিকটবর্তী হওয়া; (শিকারি) নিরাশ হওয়া।

مُرْجِئَة : মুসলিমদের ধর্মীয় মতবাদের একটি দল।

رَجَبَ - ُ : (رَجْب)، رَجِبَ - َ (رَجَب) ~ مِنْ ভয় করা, সমীহ করা, শ্রদ্ধা করা।

رَجَّبَ : (تَرْجِيب) শ্রদ্ধা করা; ঠেকনা দেওয়া।

أَرْجَبَ : শ্রদ্ধা করা।

تَرَجَّبَ : ভীত হওয়া।

رَجَب : রজব, আরবী সপ্তম মাস।

رُجْبَة : ঠেকনা, খুঁটি; ফাঁদ।

رَاجِبَة : আঙুলের গ্রন্থি। ব رَوَاجِب

أرجاب : নাড়িভুঁড়ি।

رَجَحَ - َ : (رُجُوح، رُجْحَان) অধিক হওয়া, ভারী হওয়া, অগ্রাধিকারপ্রাপ্ত হওয়া; বেশি মাপা।

رَجَّحَ، أَرْجَحَ : (تَرْجِيح، إِرْجَاح) মাপে বেশি হওয়া, পাল্লা নোয়াইয়া মাপা।

~ عَلَى : অগ্রাধিকার দেওয়া, প্রাধান্য দেওয়া।

رَاجَحَ : (مُرَاجَحَة) একত্রে দোলা, নিজেকে অন্যের সহিত তৌলানো।



www.pathagar.com

تَرَجَّحَ : ভারী হওয়া; অগ্রাধিকারপ্রাপ্ত হওয়া; দোদুল্যমান হওয়া, এদিক ওদিক নড়া।

اِرْتَجَحَ : (اِرْتِجَاح) (দোলনায়) দোলা।

رُجُح : পরিপূর্ণ (পাত্র); ভারী।

رُجْحَان : ভারিত্ব, আধিক্য; প্রাধান্য, অগ্রাধিকার, সম্ভাব্যতা।

رَجَاحَة : প্রশ্রয়, সহিষ্ণুতা, ক্ষমা, স্থৈর্য।

رُجَّاحَة، رُجَاحَة : দোল।

رَاجِح : ভারী; অগ্রাধিকার প্রাপ্ত; সম্ভাব্য।

~, أَرْجَح : অগ্রাধিকারযোগ্য, অধিকতর গ্রহণীয়।

أَرْجَحِيَّة : অগ্রাধিকার; প্রাধান্য, শ্রেষ্ঠত্ব।

أُرْجُوحَة : ঢেঁকিকল; দোলনা। ব أَرَاجِيح; مَرَاجِيح ব مَرْجُوحَة

اِرْجَحَنَّ : (اِرْجِحْنَان) নুইয়া পড়া; কম্পিত হওয়া।

رَجْرَجَ : দোলানো, আন্দোলিত করা, কাঁপানো।

تَرَجْرَجَ : দোলা, আন্দোলিত হওয়া, কম্পিত হওয়া।

مُتَرَجْرِج، رَجْرَاج : কম্পমান, আন্দোলিত।

الرَّجْرَاج : সমুদ্র।

رَجَزَ : ـُـ (رَجْز) 'রাজায' তথা বীরত্ব জ্ঞাপক ছন্দে কবিতা রচনা বা আবৃত্তি করা।

تَرَجَّزَ : গর্জন করা।

اِرْتَجَزَ : "রাজায" ছন্দে কবিতা রচনা বা আবৃত্তি করা; (মেঘ) গর্জন করা।

رُجْز، رِجْز : ময়লা, শাস্তি।

رَجَز : আরবী কবিতার একটি ছন্দ, রাজায।

أَرْجَاز : 'রাজায' ছন্দের কবিতামালা।

أُرْجُوزَة : রাজায ছন্দের কবিতা। ব أَرَاجِيز

رَجَسَ : ـُـ (رَجْس) (উট) আর্তনাদ করা; (মেঘ) গর্জন করা।

~ عَنْ ـُـ : বিরত রাখা।

رَجِسَ : ـُـ رَجُسَ، ـَـ رَجِسَ (رَجَاسَة) ময়লা হওয়া, নোংরা হওয়া; লজ্জাকর কাজ করা, নোংরা কাজ করা।

اِرْتَجَسَ : (اِرْتِجَاس) কম্পিত হওয়া; বজ্রধ্বনি করা।

رِجْس : ময়লা; ময়লা বস্তু; নোংরা কাজ, খারাপ কাজ; নৃশংসতা, শাস্তি। ব أَرْجَاس

رَجَس، رَجَاسَة : ময়লা, অপরিচ্ছন্নতা, নোংরামি।

رَجِس : নোংরা, ময়লা, অপরিচ্ছন্ন।

رَجَّاس : গর্জনকারী (সমুদ্র, মেঘ)।

مِرْجَاس : পানির গভীরতা মাপের যন্ত্রবিশেষ, ওলনদড়ি, Plumb. ব مَرَاجِيسُ

رَجَعَ : ـِـ (رُجُوع) ~ إِلَى ফিরিয়া আসা বা যাওয়া, প্রত্যাবর্তন করা, পুনরারম্ভ করা; আশ্রয় লওয়া, শরণাপন্ন হওয়া।

~ عَنْ : বিরত হওয়া, ত্যাগ করা, প্রত্যাহার করা; বাতিল করা।

~ عَلَى : দাবি করা।

رَجَّعَ، أَرْجَعَ : (إِرْجَاع، تَرْجِيع) ফিরাইয়া আনা, ফিরাইয়া দেওয়া, ফেরত দেওয়া, ফেরত পাঠানো, إِنَّا لِلّٰه বলা।

رَاجَعَ : (مُرَاجَعَة) ফিরিয়া আসা; পুনরায় বলা বা করা, (বই) পুনরায় পাঠ করা; পরীক্ষা করা; (হিসাব) মিলাইয়া দেখা; পরামর্শ করা, মতামত চাওয়া; প্রতিরোধ করা।

تَرَجَّعَ : পুনরায় আসা; প্রতিধ্বনিত করা; إِنَّا لِلّٰهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُون বলা।

تَرَاجَعَ : একে অন্যের নিকট ফিরিয়া আসা; পশ্চাদপসরণ করা; সরিয়া যাওয়া।

اِرْتَجَعَ : (اِرْتِجَاع) পুরাতন হওয়া, বাসি হওয়া।

اِسْتَرْجَعَ : ফেরত চাওয়া; ফিরিয়া পাওয়া; পুনরুদ্ধার করা; ফিরাইয়া আনা, প্রত্যাহার করা, إِنَّا لِلّٰه বলা।

رَجْع : প্রত্যাবর্তন; জবাব; বৃষ্টি; জলাশয়; মুনাফা।

رَجْعُ الصَّوْتِ، رَجْعُ الصَّدَى : প্রতিধ্বনি।



www.pathagar.com

رَجْعُ الْبَصَرِ : চোখের পলক।

رَجْعَة : প্রত্যাবর্তন; জবাব; পুনরুত্থান; পুনরাবৃত্তি; রসিদ; প্রতিক্রিয়া; প্রত্যাহার; বাতিলকরণ।

رِجْعَة : তালাক দেওয়ার পর পুনরায় স্ত্রীর নিকট প্রত্যাবর্তন।

رُجْعَة : রসিদ, ভাউচার।

رَجْعِيّ : প্রতিক্রিয়াশীল; পশ্চাদ্‌গামী, পশ্চাদমুখী; বাতিলযোগ্য।

رَجْعِيَّة : প্রতিক্রিয়াশীলতা, প্রতিক্রিয়া; পশ্চাদ্‌গামিতা, পশ্চাদমুখিতা। ব رَجَائِعُ

رُجْعَى : প্রত্যাবর্তন; জবাব; প্রতিক্রিয়া।

رُجُوع : প্রত্যাবর্তন; আশ্রয় গ্রহণ; প্রত্যাহার।

رَجِيع : বার বার উচ্চারিত (শব্দ)।

~ : মল, বিষ্ঠা; ঘাম; শ্রান্ত (উট)। ব رُجُع

رَاجِع : প্রত্যাবর্তনকারী, আশ্রয় গ্রহণকারী।

~ : জাহাজ নির্মাণ বা মেরামতের স্থান, শিপইয়ার্ড, ডকইয়ার্ড। ব رَوَاجِع

إِسْتِرْجَاع : প্রত্যাহার, খণ্ডন; পুনরুদ্ধার।

تَرَاجُع : প্রত্যাহার , পশ্চাদপসরণ; মত পরিবর্তন।

التَّرْجِيع : আযানে শাহাদাতাইন একবার জোরে ও একবার আস্তে উচ্চারণ করা।

مَرْجِع : প্রত্যাবর্তনস্থল; আশ্রয়স্থল; রেফারেন্স বই, সূত্র; কর্তৃপক্ষ; মূল। ব مَرَاجِع

مُرَاجِع : পরীক্ষাকারী, যাচাইকারী, নিরীক্ষক, (ডাক্তারের সহিত) পরামর্শকারী (রোগী)।

مُرَاجِع الْحِسَابَات : হিসাব পরীক্ষক, অডিটর, Auditor.

مُرَاجَعَة : পুনরাবৃত্তি; পরীক্ষা; যাচাই, নিরীক্ষা; (বই) পুনরায় পাঠ; অনুরোধ, দরখাস্ত; পরামর্শ।

مُرَاجَعَة الْحِسَابَات : হিসাব পরীক্ষা, অডিট।

مَرْجُوعَة، مَرْجُوع : চিঠির জবাব, নূতন করিয়া দেওয়া উলকি-চিহ্ন। ব مَرَاجِيع

~ : প্রত্যাহৃত।

مُتَرَاجِع : পশ্চাদ্‌গামী।

رَجَفَ : ـُ (رَجَفَان، رَجْف) কম্পিত হওয়া, আন্দোলিত হওয়া, কাঁপা, গর্জন করা; (সমুদ্র) উত্তাল হওয়া; যুদ্ধের জন্য প্রস্তুত হওয়া; বিরামহীন হওয়া; প্রবলভাবে কম্পিত করা, আন্দোলিত করা, উত্তেজিত করা।

أَرْجَفَ : কাঁপাইয়া তোলা, আন্দোলিত করা; মিথ্যা রটনা করা, গুজব ছড়ানো।

إِرْتَجَفَ : কাঁপা, প্রকম্পিত হওয়া, আন্দোলিত হওয়া।

رَجْفَة : কম্পন, কাঁপুনি।

رَجَّاف : কম্পমান; উত্তাল সমুদ্র; পুনরুত্থান-দিবস।

رَاجِف : কাঁপাইয়া আসা জ্বর। ব رَوَاجِفُ

رَاجِفَة : শেষ দিবসে শিঙ্গার প্রথম ফুঁক।

إِرْجَاف : মিথ্যা রটনা, গুজব। ব أَرَاجِيف

رَجَلَ : ـُ (رَجْل) : স্তন্যপান করা, স্তন্যপান করানো; পায়ে বাঁধা।

رَجِلَ : ـَ (رَجَل) : পদব্রজে চলা, হাঁটা।

رَجَّلَ : চিরুনি দ্বারা (চুল) আচড়ানো; (চুল) ঝুলাইয়া দেওয়া; সান্ত্বনা দেওয়া।

أَرْجَلَ : (إِرْجَال) হাঁটানো; অবকাশ দেওয়া; মায়ের সঙ্গে (বাচ্চাকে) ছাড়িয়া দেওয়া।

تَرَجَّلَ : হাঁটিয়া চলা; মার্চ করা; (মেয়েলোক) পুরুষের ভান করা, পুরুষের বেশ ধারণ করা।

~ مِنْ، عَنْ : (বাহন হইতে) অবতরণ করা।

إِرْتَجَلَ : (إِرْتِجَال) কেটলিতে রান্না করা; মাঝারি পদক্ষেপে গমন করা।

إِرْتَجَلَ الْعَمَلَ : তাৎক্ষণিকভাবে কাজ করা।

~ الْكَلَامَ : তাৎক্ষণিকভাবে কথা বলা।

~ بِرَأْيِهِ : নিজ মতানুযায়ী চলা।

رَجْل : পদব্রজে গমন।

رِجْل : পা। ব أَرْجُل

~ : ঝাঁক, পাল; অংশ; দুর্ভাগ্য; পদাতিক বাহিনী। ব أَرْجَال

رجل : কোঁকড়ানো কেশযুক্ত। ব رَجَالَى، أَرْجَال



www.pathagar.com

رَاجِل، رَجِل، رَجْل : পদব্রজে গমনকারী। ব رُجَالَى ব رَجْلَان، رُجْلَان، رُجَّال، رَجَّالَة

شَعْر رَجِل : কোকড়ানো চুল।

جُنْدِيّ رَاجِل : পদাতিক সৈন্য।

رَجُل : পুরুষ, লোক। ব رِجَال

رِجَالُ الْأَمْنِ : পুলিশ।

~ الْبِحَار : নাবিক।

~ الدَّوْلَة : রাজকর্মচারী।

~ السَّنَد : সংবাদদাতা।

رِجَالَات : সম্মানিত ব্যক্তিবর্গ।

رِجْلَة : উদ্ভিদবিশেষ, garden purslin. ব رِجَل

رُجُولِيَّة، رُجُولَة، رُجْلَة : পৌরুষ, পুরুষত্ব, সাহসিকতা।

رَجِيل : পদাতিক। ব أَرْجِلَة

أَرْجَل : বৃহৎ পা-বিশিষ্ট (লোক), এক পা সাদা (ঘোড়া)।

إِرْتِجَال : তাৎক্ষণিক কথা বা কাজ।

إِرْتِجَالاً : তাৎক্ষণিকভাবে, উপস্থিতভাবে।

مُرْتَجَل، إِرْتِجَالِيّ : তাৎক্ষণিক।

مِرْجَل : রন্ধনপাত্র, কড়াই, ডেগ; চিরুনি। ব مَرَاجِل

قُوَّات مُتَرَجِّلَة، مُتَرَجِّل : পদাতিক বাহিনী।

رَجَمَ - ُ (رَجْم) : প্রস্তর নিক্ষেপ করা, প্রস্তরাঘাতে হত্যা করা; গালি দেওয়া; বিতাড়িত করা।

رَجَّمَ بِالْغَيْبِ، رَجَمَ بِالْغَيْبِ : অনুমানে কথা বলা, ভবিষ্যদ্বাণী করা।

رَاجَمَ (مُرَاجَمَة، رِجَام) عَنْ : রক্ষা করা।

تَرَاجَمَ : একে অন্যের প্রতি পাথর নিক্ষেপ করা।

إِرْتَجَمَ (إِرْتِجَام) : পাথর ছোড়া-ছুড়ি করা, একটার উপর আরেকটা স্তূপীকৃত হওয়া।

رَجْم : প্রস্তর নিক্ষেপ।

~ : ক্ষেপণাস্ত্র, ভিত্তিহীন কথা। ব رُجُوم

رَجْم بِالْغَيْبِ : আন্দাজ, অনুমান; ভবিষ্যদ্বাণী।

رَجَم : সমাধি-ফলক; কূপ; চুল্লী। ব رِجَام

رُجُم : উল্কা; সমাধিপ্রস্তর।

رَجْمَة : সমাধিপ্রস্তর।

رُجْمَة : খণ্ড খণ্ড জমির সীমানা প্রস্তর; পাথরের স্তূপ; হায়নার আবাস। ব رِجَام، رُجَم

رَجِيم : প্রস্তরনিক্ষিপ্ত; বিতাড়িত; অভিশপ্ত।

مُرَجَّم : অনুমানপ্রসূত; সন্দেহপূর্ণ। ব مَرَاجِمُ

مَرَاجِم : অশ্লীল কথা-বার্তা।

رَجَنَ - ُ رَجِنَ، رَجُنَ : (رُجُون) ~ بِ অবস্থান করা; সুরক্ষিত হওয়া।

رَجَّنَ، إِرْجَنَ : (إِرْجَان، تَرْجِين) (পশু) আস্তাবলে রাখা; লজ্জিত হওয়া।

إِرْتَجَنَ : (إِرْتِجَان) (মাখন) বাসি স্বাদযুক্ত হওয়া।

~ بِ : বসবাস করা।

~ عَلَى : (কাজ) জটিল হওয়া; বিকৃত হওয়া।

رَاجِن : গৃহপালিত।

رَجِين : মারাত্মক বিষ।

رَجِينَة : দল। ব رَجَائِن

مَرْجُونَة : ঝুড়ি।

رَجَهَ - (رَجْه) : উত্তেজিত হওয়া।

~ بِ : (দাঁত দ্বারা) কামড়াইয়া ধরা।

أَرْجَهَ : (إِرْجَاه) বিলম্বিত করা, রাখিয়া দেওয়া।

رَجَا - ُ (رَجَاء، رَجْو، رَجَاة، مَرْجَاة) تَرَجِّي : আশা করা, চাওয়া; অপেক্ষা করা; প্রত্যাশা করা; অনুরোধ করা, মিনতি করা।

~ عَنْ : ভয় করা।

رَجِيَ - ُ (رَجًا) : নীরব থাকা, নীরব হওয়া।

رُجِيَ : ~ عَلَى বাকরুদ্ধ হওয়া।

أَرْجَى : (إِرْجَاء) বাচ্চা দেওয়ার নিকটবর্তী হওয়া; বিলম্বিত করা; (লক্ষ্যভেদে) ব্যর্থ হওয়া।

إِرْتَجَى : (إِرْتِجَاء) আশা করা, প্রত্যাশা করা, অপেক্ষা করা; ভয় করা।



www.pathagar.com

رَجَا : দিক; পার্শ্ব, প্রান্ত; অঞ্চল, এলাকা; দেয়াল। ব أَرْجَاء

رَجَاء : আশা-আকাঙ্ক্ষা, প্রত্যাশা; অনুরোধ, মিনতি; ভয়।

مَرْجَاة، رَجَاة : আশা, প্রত্যাশা।

رَجِيَّة : আশার বস্তু, কাম্য বিষয়।

رَاجٍ : আশান্বিত, প্রত্যাশী।

مَرْجُوّ : প্রত্যাশিত, কাম্য।

تَرَجٍّ : সম্ভাব্য আকাঙ্ক্ষিত বস্তুর আশা; অনুরোধ, অনুনয়, প্রার্থনা।

رَحُبَ (رَحَابَة، رُحْب) : ـُ رَحُبَ، (رَحب) : ـَ رَحِبَ (স্থান) প্রশস্ত হওয়া।

رَحَّبَ : (تَرْحِيب) (স্থান) প্রশস্ত করা।

تَرَحَّبَ : بِ ~ অভ্যর্থনা করা, স্বাগত জানানো, অভিবাদন জানানো।

أَرْحَبَ : (إِرْحَاب) (স্থান) প্রশস্ত হওয়া; বিস্তৃত করা।

تَرَاحَبَ : প্রশস্ত হওয়া; সহজ হওয়া।

رُحَاب، رَحِيب، رَحْب : প্রশস্ত, বিস্তৃত।

رَحِيبُ الْبَاعِ، رَحْبُ الْبَاعِ : মুক্তহস্ত, দানশীল।

~ الصَّدْرِ، ~ الصَّدْرِ : উদারমনা, দরাজদিল।

رَحَابَة، رَحَب، رُحْب : প্রশস্ততা; উদারতা।

رَحَبَة، رَحْبَة : প্রশস্ত স্থান, খোলা জায়গা, মুক্তাঙ্গন, গৃহপ্রাঙ্গণ; কর্ষিত ভূমি। ব رِحَاب، رَحَبَات

تَرْحَاب : অভ্যর্থনা, অভিবাদন।

بِتَرْحَاب : সানন্দে; মুক্তহস্তে।

تَرْحِيب : অভ্যর্থনা জ্ঞাপন, অভ্যর্থনা, অভিবাদন।

مَرْحَبًا بِكَ : খোশ আমদেদ! স্বাগতম!

رَحْرَحَ (رَحْرَحَة) : رَحْرَحَ بِالْكَلَامِ، رَحْرَحَ অস্পষ্টভাবে কথা বলা, দ্ব্যর্থবোধক বাক্য ব্যবহার করা।

~ عَنْ : রক্ষা করা।

رَحْرَاح، رَحْرَح : প্রশস্ত, চওড়া; স্বচ্ছন্দ (জীবন)।

رَحَضَ : ـَ رَحَضَ (رَحْض، رُحُوض) أَرْحَضَ (إِرْحَاض) ধৌত করা।

إِرْتَحَضَ : (إِرْتِحَاض) অপমানিত হওয়া।

مِرْحَاض : শৌচাগার, পায়খানা, টয়লেট। ব مَرَاحِيض

رَحِيق، رُحَاق : অমৃত, সুমধুর পানীয়; বিশুদ্ধ সুরা।

رَحَلَ : ـَ رَحَلَ (رَحْل، رَحِيل، تَرْحَال)، إِرْتَحَلَ، (إِرْتِحَال) রওয়ানা করা, যাত্রা করা, চলিয়া যাওয়া; ত্যাগ করা; হিজরত করা; আরোহণ করা।

رَحَّلَ : (تَرْحِيل) রওয়ানা করানো, যাত্রা করানো, বদলি করা, পাঠাইয়া দেওয়া; স্থানান্তরিত করা; তাড়াইয়া দেওয়া; বহিয়া নেওয়া।

تَرَحَّلَ : সরিয়া যাওয়া, চলিয়া যাওয়া; ঘুরিয়া বেড়ানো; বিদেশে বাস করা; পরিত্যক্ত হওয়া।

إِسْتَرْحَلَ : (إِسْتِرْحَال) যাত্রার জন্য (বাহন) প্রস্তুত করিতে বলা, (আরোহণের জন্য) বাহন চাওয়া; নিচু করা।

رَحْل : উটের জিন; মালপত্র; আবাস; বিশ্রামস্থল। ব رِحَال

أَلْقَى رِحَالَهُ : থামিল, যাত্রাবিরতি করিল।

~ شَدَّ : তল্পিতল্পা গুটাইয়া যাত্রা করিল।

رِحْلَة : ভ্রমণ, প্রমোদ ভ্রমণ, সফর, যাত্রা; (বিমানের) ফ্লাইট। ব رِحْلَات

رُحْلَة : ভ্রমণ, ভ্রমণের সামর্থ্য; ভ্রমণের লক্ষ্য; গন্তব্যস্থান।

إِرْتِحَال، رَحِيل : যাত্রা, দেশত্যাগ, প্রস্থান; মৃত্যু।

رَحَّال : যাযাবর, পর্যটক, সন্ধানী; জিননির্মাতা।

رَحَّالَة : পর্যটক, ভূ-পর্যটক, সন্ধানী।

رَاحِل : গমনকারী, যাত্রাকারী, সফরকারী, দেশত্যাগকারী, উদ্বাস্তু, লোকান্তরিত, মৃত।

رَاحِلَة : উষ্ট্রীবাহন।

تَرْحَال : যাত্রা, ভ্রমণ।



www.pathagar.com

تَرْحِيل : প্রস্থান; বদলি; পরিবহন; স্থানান্তর; প্রেরণ।

تَرْحِيل الحِسَابَات : হিসাব বহিতে তোলা।

مُرَحِّل : (বিদ্যুৎ) নিয়ন্ত্রণযন্ত্র; (রেডিও-টেলিভিশনের অনুষ্ঠান) রিলে করিবার যন্ত্র।

مَرْحَلَة : স্তর, ধাপ; একদিনের পথ; স্টেশন, মনজিল। ব مَرَاحِل

رَحِمَ - َ : (رُحْم، مَرْحَمَة، رَحْمَة) দয়া করা, করুণা করা; রহমত করা; ক্ষমা করা; দয়াপরবশ হওয়া, দয়ালু হওয়া।

لاَيَرْحَم : নিষ্ঠুর, নির্দয়।

رَحُم - ُ : (رَحَامَة، رَحَم) জরায়ুতে ব্যথা অনুভব করা, সন্তান প্রসবের পর (প্রসূতি) মরিয়া যাওয়া।

تَرَحَّمَ، رَحَّمَ : (تَرْحِيم) عَلَى ~ আল্লাহর নিকট রহমত করিবার আবেদন করা; সহানুভূতি প্রকাশ করা; আল্লাহ তোমাকে রহমত করুন– এই দোয়া করা।

تَرَاحَمَ : পরস্পর সহানুভূতিশীল হওয়া, একে অপরের প্রতি দয়া দেখানো।

إِسْتَرْحَمَ : (إِسْتِرْحَام) দয়া চাওয়া, করুণা ভিক্ষা করা।

رَحِم، رِحْم : গর্ভ, জরায়ু; রক্ত-সম্পর্ক, আত্মীয়তা। ব أَرْحَام

ذَوُالأَرْحَام : আত্মীয়-স্বজন; মাতৃকুল; ইসলামী উত্তরাধিকার আইনে এমন নিকটাত্মীয়, যাহারা কোনো নির্দিষ্ট হিস্‌সা কিংবা অবশিষ্টাংশের অধিকারী নহে, যেমন– ভাগিনেয়ী।

الأَقَارِبُ الذين لَيْسُوا مِنْ العَصَبَة وَلاَ مِنْ ذَوِي الفُرُوض

مَرْحَمَة، رُحْمَى رُحْم، رَحْمَة : দয়া, করুণা, রহমত, সহানুভূতি। ব مَرَاحِم

بِسَاطُ الرَّحْمَة : শবাধারের আচ্ছাদনী, pal.

~ عَدَمُ : নির্দয়তা, নিষ্ঠুরতা, নির্মমতা।

~ عَدِيمُ : নির্দয়, নিষ্ঠুর, নির্মম।

رُحَام : জরায়ুর ব্যথায় আক্রান্ত; পরম দয়ালু।

رَحِيم : পরম দয়ালু, অতিশয় মেহেরবান; করুণাময়, সহানুভূতিশীল। ব رُحَمَاء

الرَّحِيم، الرَّحْمن : পরম করুণাময় (আল্লাহ)।

مَرْحُوم : করুণা প্রদত্ত, মৃত।

رَحَا - ُ : (رَحْو)، (رَحْي) - رَحَى، تَرَحَّى (সাপ) কুণ্ডলী পাকানো; (জাঁতাকল) ঘুরানো; (গম) গুঁড়া করা।

رَحَى : (স্ত্রী) ব أَرْحَاء، رُحِيّ، أَرْحِيَة، رَحَايَة জাঁতাকল, পেষণযন্ত্র; উষ্ট্রবাহিনী; গোত্রপ্রধান, পেষণদণ্ড; উটের পা।

حَجَر الرَّحَى : জাঁতাকলের পাথর, Millstone.

رَحَى الحَرْب : ভয়াবহ যুদ্ধ, প্রচণ্ড লড়াই।

رَحَوِي : ঘূর্ণায়মান, আবর্তনশীল।

رَحَوِيَّة : ভারবহন ও উত্তোলন-যন্ত্র।

مَرْحَى : জাঁতাকলের দণ্ড।

مَرْحَى الحَرْب : যুদ্ধক্ষেত্র।

رَخَّ - ُ : (رَخّ) পদদলিত করা।

~ - ُ : (رَخّ) (মদ) পানিতে মিশানো, তরল করা; (ময়দার তাল) নরম হওয়া; বৃষ্টিবর্ষণ করা।

أَرَخَّ : (إِرْخَاخ) فِي ~ উৎকর্ষ লাভ করা।

إِرْتَخَّ : (إِرْتِخَاخ) শিথিল হওয়া; নরম হওয়া; বিজড়িত হওয়া।

رَخّ : হালকা বৃষ্টি।

رَخَّة : (বৃষ্টির) পশলা।

رُخّ : রক নামক কল্পিত বৃহদাকার পাখি, Roc; নরম।

~ : (দাবাখেলার) কিশতি। ব رِخَاخ، رِخَخَة

رَخَاخ : নরম (মাটি); সুখী, স্বচ্ছন্দ (জীবন)।

رَخْت : (ফা) অশ্ব-জিন; অশ্বসজ্জা। ব رُخُوت

رَخْرَخَ : (رَخْرَخَة) শিথিল করা, আলগা করা, ঢিলা করা।



www.pathagar.com

تَرَخْرَخَ : শিথিল হওয়া, ঢিলা হওয়া।

مُرَخْرَخ : শিথিল, ঢিলা।

تَرَخَّشَ : উত্তেজিত হওয়া; প্রণোদিত হওয়া।

إِرْتَخَشَ : (إِرْتِخَاء) বিরক্ত হওয়া; আলোড়িত হওয়া।

رُخْشَة : উত্তেজনা, আলোড়ন, গোলমাল।

رَخُصَ ـُ : (رُخْص) সস্তা হওয়া, (দাম) কমিয়া যাওয়া।

~ : (رُخْصَان، رُخُوصَة، رَخَاصَة) নরম হওয়া, কোমল হওয়া, নমনীয় হওয়া।

رَخَّصَ : (تَرْخِيص) মূল্য কমাইয়া দেওয়া, সস্তা করা।

~ لِ : অনুমতি দেওয়া, ক্ষমতা দেওয়া, লাইসেন্স দেওয়া।

أَرْخَصَ : (إِرْخَاص) মূল্য কমাইয়া দেওয়া, সস্তা করা; সস্তায় ক্রয় করা, সস্তা মনে করা, সস্তা পাওয়া।

تَرَخَّصَ : অনুমতি দেওয়া, খাতির করা, নমনীয় হওয়া, আপস করিতে প্রস্তুত হওয়া।

إِرْتَخَصَ : (إِرْتِخَاص) সস্তায় ক্রয় করা, সস্তা পাওয়া।

إِسْتَرْخَصَ : (إِسْتِرْخَاص) সস্তা পাওয়া, সস্তা মনে করা, অনুমতি চাওয়া।

رَخْص : কোমল, নরম, নমনীয়; তাজা, প্রাচুর্য।

رُخْص : কম দাম, সুলভ্য, cheapness.

رُخْصَة : অনুমতি, সুযোগ, ক্ষমতা; লাইসেন্স, পারমিট। শরীআতের পরিভাষায় ওজরের কারণে প্রদত্ত বিকল্প বিধান। ব رُخَص

رَخِيص : সস্তা, সুলভ; কোমল, নরম, নমনীয়; নীচ, হীন; জঞ্জাল, তুচ্ছ পদার্থ।

تَرْخِيص : অনুমতি দান, ক্ষমতাপ্রদান।

~ : অনুমতি, ক্ষমতা, সুযোগ; লাইসেন্স; মূল্যহ্রাস। ব تَرَاخِيص

مُرَخَّص : অনুমতিপ্রাপ্ত; ক্ষমতাপ্রদত্ত; প্রতিনিধি, রেজিস্টার্ড।

مُرْتَخَص : কমদামি, সস্তা, সুলভ।

رَخُفَ ـُ, رَخَفَ (رَخَف)ـَ رَخِفَ، (رَخْف) : ـُ رَخُفَ (رُخُوفَة، رَخَافَة)

(ময়দার তাল) নরম হওয়া।

أَرْخَفَ : (إِرْخَاف) (আঠা) নরম করা।

رَخْف، رَخْفَة : নরম মাখন, ননী, এক প্রকার রঙ। ব رِخَاف

رَخْفَة : হালকা পাথর।

رَخَف، رَخْفَة، رُخْفَة : (ময়দার তালের) নরমত্ব।

ترخل : বাচ্চাভেড়ী পোষা।

رِخْل، رَخِل، رِخْلَة : বাচ্চাভেড়ী। ব رِخْلَان، رِخَال، أَرْخُل

مُتَرَخِّل : বাচ্চা ভেড়ীপালের মালিক।

رَخَمَ ـُ : (رَخْم) رَخُمَ ـُ (رَخَامَة) (স্বর) মধুর হওয়া, সুরেলা হওয়া, কোমল হওয়া।

رَخَمَتِ الدَّجَاجَةُ عَلَى بَيْضِهَا : মুরগিটি উহার ডিমে তা দিল।

رَخِمَ ـَ : (رَخَم) দুর্গন্ধময় হওয়া; (অশ্ব) শ্বেতমস্তক ও কৃষ্ণদেহ হওয়া।

رَخَّمَ : (تَرْخِيم) (স্বর) কোমল করা, মধুর করা; (শব্দের) শেষাংশ লোপ করা; (মেঝে) মর্মরাবৃত করা; (মুরগি) তা দিতে বসানো।

رَخَّم، إِرْخَام : (ডিমে) তা দেওয়া।

رَخَم، رَخَمَة : শকুন বিশেষ।

رُخَام : মর্মর, মার্বেল।

رُخَامَة : মর্মর-ফলক।

رَخِيم، رَخِم : কোমল, মধুর, সুরেলা (আওয়াজ); নরম (গদি)।

أَرْخَم : শ্বেতমস্তক ও কৃষ্ণদেহ (অশ্ব)। স্ত্রী رَخْمَاء ব رُخْم

تَرْخُوم، يَرْخُوم : পুরুষ শকুন।



www.pathagar.com

تَرْخِيم : সম্বোধনের সময়ে (শব্দের) শেষাংশ বিলুপ্তকরণ (ব্যা)।

رَخَا ـُ : (رَخَاء) (জীবন ) সুখী হওয়া, সহজ হওয়া, স্বচ্ছন্দ হওয়া, ঐশ্বর্যপূর্ণ হওয়া।

رَخُوَ ـُ رَخِيَ ـَ : (رَخْي، رَخَاء، رَخَاوَة) ঢিলা হওয়া, শিথিল হওয়া; নরম হওয়া।

رَاخَى : (مُرَاخَاة) নরম করা, ঢিলা করা, সরাইয়া দেওয়া; (প্রসবকাল) নিকটবর্তী হওয়া।

أَرْخَى : (إِرْخَاء) শিথিল করা; ঝুলাইয়া দেওয়া, ছাড়িয়া দেওয়া, যাইতে দেওয়া, নিচে ফেলিয়া দেওয়া; (ঘোড়া) দ্রুত দৌড়ানো; স্বাচ্ছন্দ্য লাভ করা।

تَرَاخَى : ঢিলা হওয়া, শিথিল হওয়া; অলস হওয়া, ঝুলিয়া পড়া; নিরুৎসাহিত হওয়া; (মূল্য) নামিয়া যাওয়া; (বাজার) মন্দা হওয়া; (আকাশ) হালকা বৃষ্টি বর্ষণ করা।

إِسْتَرْخَى، إِرْتَخَى : (إِسْتِرْخَاء، إِرْتِخَاء) ঢিলা হওয়া, আলগা হওয়া, নরম হওয়া, শিথিল হওয়া; অবসন্ন হওয়া।

رَخْو : ঢিলা, শিথিল; নরম, কোমল; নমনীয়; আঠালো (মাটি)।

رَخَاء : আরাম, সুখ, সমৃদ্ধি, প্রাচুর্য, ঐশ্বর্য; কল্যাণ।

رُخَاء : মৃদুমন্দ বায়ু।

رَخْوَة، رَخَاوَة : ঢিলামি, শিথিলতা, কোমলতা, নমনীয়তা।

رَخِيّ : নমনীয়, দুর্বল, শিথিল; আরামদায়ক, সুখকর।

رَاخٍ : অবসাদগ্রস্ত, অবসন্ন; নরম, ঢিলা।

تَرَاخٍ، إِسْتِرْخَاء، إِرْتِخَاء : ঢিলামি, শিথিলতা; প্রশমন; অলসতা, অবসাদ।

إِرْتِخَاء الْعِظَام : শিশুর অস্থিরোগবিশেষ, (rickets), অস্থি ক্ষীণতা।

مِرْخَاء : দ্রুত ধাবনশীল। ব مَرَاخٍ

مُتَرَاخٍ : ঢিলা, শিথিল; অবসাদগ্রস্ত, অবসন্ন; অমনোযোগী।

رَدَّ ـُ : (رَدّ) ফিরাইয়া দেওয়া, ফিরাইয়া আনা, ফেরত পাঠানো, পিছনে তাড়াইয়া দেওয়া; প্রতিরোধ করা, বিরোধিতা করা, ঠেকাইয়া রাখা, নিবারণ করা; হটাইয়া দেওয়া; জবাব দেওয়া, রদ করা, খণ্ডন করা; (ঋণ) পরিশোধ করা, পূর্বপদে পুনরায় বহাল করা; স্থলাভিষিক্ত করা; (আলো) প্রতিবিম্বিত করা, (তাপ) প্রতিফলিত করা, (শব্দ) প্রতিধ্বনিত করা, (দরজা) বন্ধ করা।

~ عَلَى : জবাব দেওয়া, খণ্ডন করা।

~ عَنْ : বারণ করা, বিরত রাখা, নিবৃত্ত রাখা।

لَا يُرَدّ : অখণ্ডনীয়, অপ্রতিরোধ্য।

مَا يَرُدُّ هٰذَا عَلَيْكَ شَيْئًا : ইহা তোমার কোনো উপকারে আসিবে না।

رَدَّدَ : (تَرْدِيد) পুনরাবৃত্তি করা; বারবার ব্যবহার করা; স্মরণ করা; প্রতিধ্বনিত করা; জোরপূর্বক হটাইয়া দেওয়া; নিবারণ করা; জবাব দেওয়া।

رَادَّ : (مُرَادَدَة) ফিরাইয়া দেওয়া, বিতর্ক করা, (বিক্রয়) রদ করা, বাতিল করা।

تَرَدَّدَ : বার বার ঘটা।

~ إِلَى : আসা-যাওয়া করা, বারংবার গমন করা।

~ فِي : দ্বিধা করা, দ্বিধাগ্রস্ত হওয়া, ইতস্তত করা, সন্দিহান হওয়া।

تَرَدَّدَ فِي الْكَلَامِ : তো তো করা; তোতলানো।

إِرْتَدَّ : প্রস্থান করা, পশ্চাদপসরণ করা, ফিরিয়া যাওয়া।

~ عَنْ : বিরত থাকা; পরিত্যাগ করা, ছাড়িয়া যাওয়া।

إِرْتَدَّ عَلَى عَقِبَيْهِ : সে পশ্চাদপসরণ করিল।

إِسْتَرَدَّ : (إِسْتِرْدَاد) ফিরিয়া পাওয়া; ফেরত চাওয়া; ফিরাইয়া আনা; প্রত্যাহার করা, (ব্যাংক হইতে টাকা) উঠাইয়া আনা; إِسْتَرَدَّ خَسَارَةً ক্ষতিপূরণ পাওয়া।

رَدّ : প্রত্যাবর্তন; জবাব, প্রতিফলন, প্রতিরোধ; রদ, খণ্ডন; ফেরত, প্রত্যর্পণ; প্রতিদান; পরিশোধ; বিতাড়ন; নিবারণ; প্রত্যাখ্যান; বন্ধুর ভূমি; তোতলামি; জালমুদ্রা। ব رُدُود



www.pathagar.com

رَدُّ الإِعْتِبَار : পুনর্বাসন।

~ الحِيَازَة : পুনঃপ্রবেশ।

~ الفِعْلِ : প্রতিক্রিয়া।

رَدًّا عَلَى : উত্তরে, জবাবে।

رِدٌّ : অবস্থান, আশ্রয়।

رَدَّة : বিকৃতি, প্রতিধ্বনি; অসার অংশ, তুষ, ভুষি।

رَدَّة فِعْل : প্রতিক্রিয়া।

رِدَّة : স্বধর্মত্যাগ।

رِدَاد : অপছন্দ, বিমুখতা; বারংবার গমন।

إِرْتِدَاد : পশ্চাদপসরণ, পশ্চাদ্‌গমন, প্রস্থান, প্রত্যাহার, পরিত্যাগ।

إِرْتِدَاد عَنِ الدِين : স্বধর্মত্যাগ।

إِسْتِرْدَاد : পুনঃপ্রাপ্তি, পুনরুদ্ধার, প্রত্যাহার, প্রত্যাবর্তন।

تَرَدُّد : দ্বিধা, অস্থিরচিত্ততা, সিদ্ধান্তহীনতা, অনীহা; বারংবার গমন।

تَرْدَاد : পুনরাবৃত্তি; বারংবার গমন।

تَرْدِيد : পুনরাবৃত্তি; পশ্চাদপসরণ, নিবারণ, খণ্ডন।

مَرَدّ : কারণ; নিবারণ, প্রতিরোধ।

لَا مَرَدَّ لَهُ : অপ্রতিরোধ্য।

مُرِدّ : রাগান্বিত; স্ফীত (সমুদ্র); স্ফীত বাঁটবিশিষ্ট (ভেড়ী); স্ত্রীর নিকট হইতে বহুদূরে অবস্থিত (ব্যক্তি)। ব مَرَادّ

مُرَدِّد : পুনরাবৃত্তিকারী; দ্বিধাগ্রস্ত; অনীহ; গানের দোহার।

مُرَدَّد : কিংকর্তব্যবিমূঢ়।

مَرْدُود : বিতাড়িত; খণ্ডনীয়; উৎপন্ন দ্রব্য, মুনাফা।

مَرْدُودَة : ক্ষুর; পরিত্যক্তা স্ত্রী।

مُرْتَد : পশ্চাদ্‌গামী; স্বধর্মত্যাগী, স্বপক্ষত্যাগী।

مُتَرَدِّد : দ্বিধাগ্রস্ত, সিদ্ধান্তহীন, সংকল্পহীন, অস্থিরচিত্ত।

رَدَأَ ـَ : (رَدْءًا) সমর্থন করা, শক্তিশালী করা, (দেয়ালে) ঠেকনা দেওয়া।

رَدُؤَ ـُ : (رَدَاءَة) খারাপ হওয়া, নষ্ট হওয়া; দুর্বল হওয়া।

أَرْدَأَ : (إِرْدَاء) খারাপ করা; খারাপ কাজ করা; খারাপ বস্তু পাওয়া; সাহায্য করা; শান্ত করা; নষ্ট করা; (পর্দা) ঝুলাইয়া দেওয়া; শক্ত করা।

~ عَلَى : বৃদ্ধি করা।

تَرَدَّأَ : খারাপ হওয়া, নষ্ট হওয়া।

رِدْء : সাহায্য, সমর্থন; সাহায্যকারী; ভারী বোঝা। ব أَرْدَاء

رَدَاءَة : দুষ্টতা, দোষ, মন্দত্ব, নিকৃষ্টতা; নীচতা, বিদ্বেষ।

رَدِيء : খারাপ; দুষ্ট, নীচ, বিদ্বেষপরায়ণ। ব أَرْدِيَاء

رَدِيءُ التَرْبِيَة : অশিষ্ট, অসভ্য।

~ الطَبْع : খিটখিটে, বদমেজাজী।

أَرْدَأ : নিকৃষ্টতর।

تَرَدَّبَ : ভদ্র ব্যবহার করা।

رَدْب : কানা গলি, blind alley.

إِرْدَبّ : মাপবিশেষ, আরদেব; খাল। ব أَرَادِب

رَدَجَ ـُ : (رَدَجَان) এক পা এক পা করিয়া হাঁটা।

رَدَحَ ـَ : (رَدْح) স্থির হওয়া, দৃঢ় হওয়া; বিদ্রূপ করা, নিন্দা করা।

رَدْح : শারীরিক অস্বস্তি, অস্বাচ্ছন্দ্য; বিদ্রূপ, নিন্দা, ভর্ৎসনা।

رَدَح : দীর্ঘ সময়।

رَدَاح : স্থূলদেহী; অতিরিক্ত বোঝাইকৃত; উর্বর (ভূমি); মারাত্মক (দাঙ্গা); বড় বাটি। ব رُدُح

رَدْحِيّ : সবজি বিক্রেতা।

رَدَخَ ـَ : (رَدْخ) চূর্ণ করা; (খুলি) ভাঙ্গা।

رَدَسَ ـُ : (رَدْس)، رَادَسَ، (مُرَادَسَة) প্রস্তর নিক্ষেপ করা।

~ ـُ : (رَدْس) চূর্ণ করা; (মাটি) দুরমুশ করা।

مِرْدَس : দুরমুশ, মুগুড়।

مِرْدَاس : বাষ্পীয় ডলনা, Steam roler.



www.pathagar.com

رَدَعَ : ـَ (رَدْع) বিরত রাখা; বাধা দেওয়া; হটাইয়া দেওয়া; রঞ্জিত করা।

إِرْتَدَعَ : (إِرْتِدَاع) ~ عَنْ প্রতিহত হওয়া, বিরত থাকা; পিছাইয়া আসা।

رَدْع : ঘাড়; জাফরান; রক্তের দাগ।

رِدَاع : কর্দম, ক্লেদ।

رَادِع : বাধাদানকারী, নিবারক।

~ : প্রতিবন্ধকতা, বাধা, নিয়ন্ত্রণ। ব رَوَادِع

رَادِعَة : জাফরান রঞ্জিত জামা।

رَدِيع : ভূপাতিত; নির্বোধ; সর্বশরীরে ব্যথাযুক্ত; সুগন্ধির চিহ্নযুক্ত; ফলাবিহীন (তীর)।

مِرْدَع : বিফল; অলস নাবিক; বেঁটে, ফলাবিহীন (তীর); সরু অগ্রভাগবিশিষ্ট (তীর)। ব مَرَادِع

رَدِغَ : ـَ (رَدَغ) কর্দমাক্ত হওয়া।

أَرْدَغَ : (إِرْدَاغ) (মাটি) কর্দমাক্ত হওয়া।

إِرْتَدَغَ : (إِرْتِدَاغ) পঙ্কে নিমজ্জিত হওয়া।

رَدِغ : কর্দমাক্ত।

رَدْغَة، رَدَغَة : কর্দম, ক্লেদ, পঙ্ক। ব رِدَاغ، رَدْغ

مَرْدَغَة : সজীব শ্যামল বাগিচা; গ্রীবা ও কণ্ঠাস্থির মধ্যবর্তী স্থান, স্কন্ধ ও বক্ষাস্থির মধ্যবর্তী মাংস, বুকের গোশত। ব مَرَادِغ

ذُومَرَادِغ : স্থূল, মাংসল।

رَدِفَ : ـُ (رَدْف، رَدَف) - ـَ رَدِفَ পশ্চাতে আরোহণ করা, অনুগমন করা, অনুসরণ করা, পরে আসা; পিছনে আসা।

~، رَدِفَ : ~ لِ ধ্বংস করা।

رَادَفَ : (مُرَادَفَة) পশ্চাতে আরোহণ করা; স্থলাভিষিক্ত হওয়া; সমার্থ হওয়া।

أَرْدَفَ : (إِرْدَاف) পশ্চাতে আরোহণ করানো; অনুগামী করা; নিরবচ্ছিন্নভাবে অনুসরণ করা; পূর্ণ করা; যুক্ত করা।

تَرَادَفَ : একে অপরকে অনুসরণ করা, একের পর এক আগমন করা, একটির পর একটি স্তূপীকৃত হওয়া; সমার্থ হওয়া; সাহায্য করা; একই পশুর পিঠে একাধিক ব্যক্তি আরোহণ করা।

إِرْتَدَفَ : (إِرْتِدَاف) (শত্রুর) পশ্চাদ্ভাগে আক্রমণ করা; পশ্চাতে আরোহণ করা।

إِسْتَرْدَفَ : (إِسْتِرْدَاف) পিছনে আরোহণ করিতে চাওয়া।

رِدْف : অনুগামী; পশ্চাতে আরোহী; পরে আগমনকারী; পশ্চাদ্ভাগ, পাছা, নিতম্ব; ফলাফল। ব أَرْدَاف

الرِّدْفَان : দিনরাত্রি, নৌকার পিছনের যুগল মাল্লা।

رِدَافَة : রাজ-প্রতিনিধিত্বের পদ।

رِدَاف : (পশুর) পশ্চাদ্ভাগ, পাছা।

رَدِيف : পশ্চাতের আরোহী; লাইনের পশ্চাদ্ভাগে আগমনকারী (তু), সংরক্ষিত বাহিনী। ব رُدَفَاء، رِدَاف

الرَّادِفَة : (কিয়ামতের দিন) সিঙ্গার দ্বিতীয় ফুঁক।

أَرْدَف : রাজহাঁস। ব أَرَادِف

تَرَادُف : পরম্পরা; সমার্থতা।

مُرَادِف : সমার্থ (শব্দ); অনুরূপ।

مُتَرَادِف : সমার্থ (শব্দ)।

رَدَمَ : ـُ (رَدْم) মাটি দ্বারা (গর্ত) ভরাট করা; (দরজা) আটকাইয়া দেওয়া; (ধনুক) টংকার ধ্বনি করা।

أَرْدَمَ : (إِرْدَام) (জ্বর) অব্যাহত থাকা, (গাছ) পুনরায় সবুজ হওয়া।

رَدَّمَ : (تَرْدِيم) (কাপড়) মেরামত করা, তালি লাগানো, সংশোধন করা।

تَرَدَّمَ : (কাপড়) মেরামত করা, তালি লাগানো; মেরামতকৃত হওয়া, তালিযুক্ত হওয়া; (ঝগড়া) দীর্ঘস্থায়ী হওয়া।

~ عَلَى : স্নেহপরবশ হওয়া।

إِرْتَدَمَ : (إِرْتِدَام) (কাপড়) তালিযুক্ত হওয়া।

رَدْم : টুকরা-টুকরা আলগা পাথর, দালানের ভগ্নাবশেষ; বড় বাঁধ; ধনুকের টংকার ধ্বনি। ব رُدُوم

رَدِيم : জীর্ণ ক্ষয়প্রাপ্ত (বস্ত্র); কাঁথা। স্ত্রী رَدِيمَة ব رُدُم



www.pathagar.com

أَرْدَم : দক্ষ নাবিক।

مُتَرَدَّم : (কাপড়ের) তালি-দেওয়া স্থান, তালি।

رَدَنَ ـِ (رَدْن) : সুতা কাটা; মিউমিউ করা; বিড়বিড় করা।

رَدَّنَ : (আসবাবপত্র) সাজাইয়া রাখা।

رَدِنَ ـَ (رَدَن) : (চামড়া) কুঞ্চিত হওয়া, কুঁচকাইয়া যাওয়া।

أَرْدَنَ، رَدَّنَ (إِرْدَان، تَرْدِيْن) : (জামায়) আস্তিন লাগানো।

أَرْدَنَ : (জ্বর) অব্যাহত থাকা।

رُدْن : জামার আস্তিন। ব أَرْدَان، أَرْدِنَة

رَدَن : রেশমি কাপড়; জাফরান।

رُدَيْنِي : বর্শা।

أُرْدُن : এক প্রকার লাল রেশম।

الأُرْدُنّ : জর্দান।

مِرْدَن : টাকু, spindle. ব مَرَادِن

مُرْدِن : অস্পষ্ট, দুর্গন্ধময় (ঘাম)।

رَدَهَ ـَ (رَدْه) : নেতা হওয়া, সম্মানিত হওয়া; (ঘর) বড় করা।

~ ب : (পাথর) ছুড়িয়া মারা।

رِده : দৃঢ়, স্থিরসংকল্প।

رَدْهَة : হলঘর, বৈঠকখানা, উপশালা, প্রবেশ-কক্ষ; বৃহৎ ভবন; পাথুরিয়া ভূমির গর্ত; পানির মধ্যস্থিত পাথর; বরফ গলা পানি; ঘাট। ব رِدَاه، رَدْه

رَدْهَة الإِسْتِقْبَال : অভ্যর্থনা কক্ষ।

~ المُحَاضَرَات : বক্তৃতা কক্ষ।

رَدَى ـِ (رَدْي، رَدَيَان) : (ঘোড়া) দৌড়ানোর সময় ক্ষুর দ্বারা মাটি আঘাত করা; (কাক) খোড়াইয়া হাঁটা; (শিশু) নৃত্য করা; উধাও হওয়া; পতিত হওয়া; ভাঙ্গিয়া ফেলা; ধাক্কা মারা; আঘাত করা; বৃদ্ধি পাওয়া।

رَدِيَ ـَ (رَدًى) : ধ্বংস হওয়া।

~ ب : (প্রস্তরাঘাতে) ধ্বংস করা।

رَادَى (مُرَادَاة) ~ عَنْ : প্রতিরোধ করা।

~ عَلَى : সংকল্প করা।

أَرْدَى، رَدَّى (إِرْدَاء، تَرْدِيَة) : ধ্বংস করা; ফেলিয়া দেওয়া; হত্যা করা।

تَرْدِيَة : চাদর পরানো।

تَرَدَّى : পড়িয়া যাওয়া, পতিত হওয়া; অধিকতর খারাপ হওয়া।

إِرْتَدَى (إِرْتِدَاء) : (কাপড়) পরিধান করা, পরিহিত হওয়া; চাদর গায়ে দেওয়া।

رَدًى : ধ্বংস।

رِدَاء : ঢিলা বড় জামা, গাউন, আলখিল্লা, জুব্বা, চাদর; পোশাক, বস্ত্র; তরবারি; ধনুক; মন; অজ্ঞতা; ঋণ। ব أَرْدِيَة

رَدَاة : শিলা, প্রস্তর। ব رَدًى

رَدٍ : ধ্বংসপ্রাপ্ত।

رِدْيَة : পোশাক পরিধানের স্টাইল, ফ্যাশন।

مِرْدَاة : ঢিলা বড় জামা, গাউন; উষ্ট্রী; পাথর ভাঙ্গা পাথর। ব مَرَادٍ

مِردى : ভারী পাথর, কোমরবন্ধ; ঘোড়া, উট, হাতি ইত্যাদির পা। সাহসী, সহিষ্ণু। ব مَرَادِي، مَرَادٍ

مُرْدِيّ : নৌকা চালাইবার লগি। ব مَرَادِيّ

مُتَرَدٍّ : অধিকতর খারাপ, অধঃপতিত; পরিহিত; পোশাক পরিহিত।

رَدْيَتُور : রেডিয়েটর, radiator.

رَذَّ ـُ (رَذَاذ) أَرَذَّ، (إِرْذَاذ) : গুঁড়িগুঁড়ি বৃষ্টি ঝরানো।

أَرَذَّ : (পাত্র হইতে) পানি চুয়ানো, (ক্ষত হইতে) রক্ত ঝরা।

رَذَاذ : গুঁড়িগুঁড়ি বৃষ্টি; ক্ষুদ্র ফোঁটা, সামান্য সম্পদ।

مِرْذَاذ : তরল পদার্থ সূক্ষ্ম কণার আকারে ছিটাইবার যন্ত্র, ধারাযন্ত্র, atomizar.

رَذَلَ ـُ (رَذْل) : ছুড়িয়া ফেলা, প্রত্যাখ্যান করা, ঘৃণা করা।



www.pathagar.com

رَذُلَ - ـُ رَذُلَ : ـَ رَذِلَ، رَذَالَـةً (رُذُولَـةً، رَذَالَـةً) নীচ হওয়া, হীন হওয়া, জঘন্য হওয়া।

أَرْذَلَ : (إِرْذَال) ছুড়িয়া ফেলা, প্রত্যাখ্যান করা; অন্যায় কাজ করা, খারাপ গণ্য করা, দুষ্ট লোকের সঙ্গী হওয়া।

إِسْتَرْذَلَ : (إِسْتِرْذَال) নীচ জ্ঞান করা, ঘৃণ্য মনে করা; অবজ্ঞা করা, ভর্ৎসনা করা।

رَذَّل : (تَرْذِيـل) প্রত্যাখ্যান।

الرَّذْلُ : ব رُذُول، أَرْذَال، رَذِيل، رُذَلَاء، رِذَال، رُذَالَى নীচ, হীন, ঘৃণ্য, জঘন্য, নিকৃষ্ট; নোংরা, দুষ্ট।

رُذَالَـة : বর্জিতাংশ।

رَذِيـلَـة : দুশ্চরিত্র, চরিত্রহীন, খারাপ, দুষ্ট। ব رَذَائِـل، أَرْذَلُـون، مَرْذُول

رَذَمَ - ـُ رَذَمَ : ـَ رَذِمَ، (رَذْم) أَرْذَمَ (رَذَم) (إِرْذَام) (পাত্র) ভরিয়া উপচাইয়া পড়া।

أَرْذَمَ عَلَى : বেশি হওয়া।

رَذَم : ছিন্নবস্ত্র; বিচ্ছিন্ন দল।

رَذُوم : উপচাইয়া পড়া বস্তু। ব رُذُم

رَذَمَان : ক্ষুদ্র দল।

رَذِيَ - ـَ رَذِيَ : (رَذَاوَة) নিঃশেষিত হওয়া, ক্লান্ত হওয়া; ক্লান্ত করা, দুর্বল করা।

أَرْذَى : (إِرْذَاء) দুর্বল বাহনবিশিষ্ট হওয়া, দুর্বল করা।

رَذِيّ : (রোগে) নিঃশেষিত; দুর্বল; ক্লান্ত। ব رُذَاة؛ রِذَايَا ব رَذِيَّـة স্ত্রী

مَرْذِيّ : অস্পৃশ্য।

رَزَّ - ـُ رَزَّ : (رَزّ) প্রবেশ করানো, স্থাপন করা; প্রোথিত করা, রোপণ করা; (পঙ্গপাল) ডিম পাড়া; (বৃষ্টি) প্রতিধ্বনি করা; ছোরা মারা।

رَزَّزَ : (تَرْزِيـز) মসৃণ করা, পালিশ করা, বার্নিশ করা; সহজ করা।

أَرَزَّ : (إِرْزَاز) (পঙ্গপাল) ডিম পাড়া; (বৃষ্টি) প্রতিধ্বনি করা; টেলিফোন করা।

إِرْتَزَّ : (إِرْتِـزَاز) ঢুকিয়া পড়া; (তীর) গাঁথিয়া পড়া।

رِزّ : ধ্বনি, অস্পষ্ট ধ্বনি, বজ্রধ্বনি, পেটের বুটবুট শব্দ।

رُزّ، أُرُزّ، أُرْز : চাউল।

رَزَّة : আলতরাপ, Staple. কড়া, আংটাওয়ালা স্ক্রু, ringed screw, কবজা। ব رَزَّات، رِزَاز

رَزَاز : সীসা।

رَزَّاز : চাউল-ব্যবসায়ী।

رِزَازَة : চাউলের ব্যবসা।

إِرْزِيـز : বজ্রধ্বনি, দূরাগত ধ্বনি, শিহরণ; ছুরিকাঘাত; ক্ষুদ্র শিলা; দীর্ঘ আওয়াজ; টেলিফোন।

رَزَأَ - ـَ رَزَأَ : (رَزْء، رُزْء)، ـَ رَزِئَ، (رُزْء) বঞ্চিত করা।

~ : (رُزْء، مَرْزِئَـة) লাভ করা।

إِرْتَزَأَ : (إِرْتِزَاء) হ্রাসপ্রাপ্ত হওয়া, কমিয়া যাওয়া।

رُزْء : মহাক্ষতি; দুর্ভাগ্য, দুর্যোগ। ব رَزِيَّـة، أَرْزَاء، رَزِيـئَـة ব رَزَايَـا

مُرَزَّأ : উদার; শ্রেষ্ঠ লোক গতায়ু (গোত্র), ক্ষতিগ্রস্ত।

رَزَبَ - ـُ رَزَبَ : (رَزْب) লাগিয়া থাকা।

إِرْزَبّ : বিরাটকায়; বেঁটে রুক্ষ ব্যক্তি।

إِرْزَبَّـة : পাথর ভাঙ্গার বিরাট হাতুড়ি। ব أَرَازِب

مِرْزَبَّـة : লৌহদণ্ড, পাথর ভাঙ্গার বিরাট হাতুড়ি। ব مَرَازِب

مِرْزَاب : পানির নল, ছাদের পানি নিষ্কাশনের জন্য ধাতুনির্মিত বিশেষ পাইপ; বড় নৌকা, ছিপ নৌকা। ব مَرَازِيـب

رُزْبِـيـت : খুচরা অংশ, অতিরিক্ত, সংরক্ষিত।

مَـرْزُبَـان : (ফা) পারস্যের প্রাচীন প্রাদেশিক শাসনকর্তা। ব مَرَازِبَـة

رَزَحَ - ـَ رَزَحَ : (رُزُوح، رَزَاح) দুর্বল হইয়া নিশ্চল পড়িয়া থাকা; অবসন্ন হওয়া, পড়িয়া যাওয়া, তলাইয়া যাওয়া, তলায় পড়া।



www.pathagar.com

رَزَّحَ : (تَرْزِيح) ক্লান্ত করা, অবসন্ন করা।

رَازَحَ : (مُرَازَحَة) ভোগ করা, সহ্য করা।

أَرْزَحَ : (إِرْزَاح) তলায় পড়া, আঙ্গুর চয়ন করা, পতিত লতা মাচায় তুলিয়া দেওয়া।

رَازِح : ক্লান্ত, নিঃশেষিত। ব رُزَّح

مِرْزَح : আঙুর গাছের ঠেকনা। ব مَرَازِح

رَزَخَ : ـَ (رَزْخ) (বর্শা দ্বারা) খোঁচানো।

رَزَغَ : ـَ (رَزَغ)، رَزْغ، (إِرْزَاغ) কাদায় পড়া।

أَرْزَغَ : (ভূমি) কর্দমাক্ত হওয়া; সিক্ত করা; (পানি) অপর্যাপ্ত হওয়া, (বায়ু) জলীয় বাষ্প লইয়া আসা; খনন করিতে করিতে ভিজা মাটি পর্যন্ত পৌঁছা; দুর্বল মনে করা।

إِسْتَرْزَغَ : (إِسْتِرْزَاغ) দুর্বল মনে করা।

رَزْغَة : কাদামাটি; কর্দম। ব رِزَاغ، رَزَغ

مُرْزِغ : কর্দমাক্ত; পঙ্কিল।

رَزَفَ : ـِ (رَزِيــف، رَزْف) (উট) শব্দ দ্বারা দ্রুত গমন করা, অগ্রসর হওয়া, নিকটবর্তী হওয়া।

رَزَّفَ : (تَرْزِيف) (উট) শব্দ করা।

أَرْزَفَ : (إِرْزَاف) (উট) শব্দ করা; ভয়ে পলায়ন করা; (উষ্ট্রী) তাড়াইয়া নেওয়া।

~ إِلَى : নিকটবর্তী হওয়া।

رَزَّافَة : নিকটবর্তী।

رَزَقَ : ـُ (رِزْق) দান করা, রিযিক দেওয়া, ধন্যবাদ দেওয়া, আশীর্বাদ করা; অধিকারী করা।

رُزِقَ : প্রাপ্ত হওয়া; রিযিকপ্রাপ্ত হওয়া।

رُزِقَ بِالْبَنِين : সন্তান লাভে সৌভাগ্যবান হওয়া।

إِرْتَزَقَ : (إِرْتِزَاق) জীবিকা লাভ করা, রসদ লাভ করা, রিযিকপ্রাপ্ত হওয়া; বাঁচিয়া থাকা, রিযিক চাওয়া।

إِسْتَرْزَقَ : (إِسْتِرْزَاق) জীবিকা চাওয়া, রিযিক চাওয়া।

رِزْق : রিযিক, জীবিকা, দান, সম্পদ, পৈতৃক সম্পত্তি, আয়; ভাগ্য; বেতন, মাহিনা, ভাতা; বৃষ্টি। ব أَرْزَاق

أَرْزَاق تَاشِفَة : শুকনা খাদ্য, জরুরী খাদ্যসামগ্রী।

رَزْقَة : একবারে প্রদত্ত সৈনিকের রসদ। ব رَزَقَات

رَزَّاق، رَازِق : রিযিকদাতা, ভাগ্যবিধাতা, আল্লাহর অন্যতম নাম।

رَازِقِيّ : এক প্রকার আঙ্গুর, ঐ আঙ্গুরের তৈরি মদ; মিহিন কাপড়; দুর্বল। স্ত্রী رَازِقِيَّة

مَرْزُوق : রিযিকপ্রাপ্ত, ভাগ্যবান, সফল, সুখী।

رَوَازِق : হিংস্র কুকুর ও পাখি।

مُرْتَزِق : বেতনভোগী।

مُسْتَرْزِقَة، مُرْتَزِقَة : ভাড়াটিয়া (সৈনিক)।

مُرْتَزَق : জীবিকা।

رَزَمَ : ـُ (رَزْم)، رَزَّمَ আঁটি বাঁধা, গাঁট বাঁধা, বান্ডিল বাঁধা।

أَرْزَمَ : (إِرْزَام) গর্জন করা, ঘর্ঘর করা।

رِزْمَة : বান্ডিল, আঁটি, গাঁট; পার্সেল, প্যাকেট, কাগজের রিম। ব رِزَم

رَزْمَة : একদিনের খাদ্য।

رَازِم : ক্লান্ত (উট)।

رَزَّام : গর্জনকারী (সিংহ)।

رَزَنَ : ـُ (رَزْن) ওজন করা, হাতের আন্দাজে ওজন করা।

~ بِ : নিবাস স্থাপন করা, বসবাস করা।

رَزُنَ : ـُ (رَزَانَة) ভারী হওয়া, গম্ভীর হওয়া, শান্ত হওয়া।

رَازَنَ : (مُرَازَنَة) সঙ্গী হওয়া, বন্ধু হওয়া, বন্ধুত্ব করা।

تَرَزَّنَ : গম্ভীর হওয়া, শান্ত হওয়া; গাম্ভীর্য প্রদর্শন করা।

تَرَازَنَ : মুখামুখি হওয়া।

رِزْن : দিক; পানি জমে এমন পাথর ইত্যাদির গর্ত। ব أَرْزَان

رَزْن : পানি ধারণকারী উচ্চভূমি। ব رِزَان، رُزُون

رِزْنَة : পঙ্কিল ভূমি; জলাভূমি। ব رِزَان



www.pathagar.com

رَزَان : গম্ভীর মেয়েলোক।

رَزَانَة : গাম্ভীর্য, শান্তভাব, ভারসাম্য।

رَفَاغِيَة، رَفْغ : প্রাচুর্য, নিম্নশ্রেণীর লোক; পার্শ্ব; ভুট্টার খড়। ব أَرْفَاغ

- : শরীরের ময়লা; দেহের যে সকল ভাঁজে ময়লা জন্মে; বগল; অনুর্বর ভূমি। ব أَرْفَاغ، رُفُوغ

رَفِيغ، رَافِ : সুখী, স্বচ্ছন্দ (জীবন)।

رَفَقَ ـُ : (رِفْق) উপকার করা, উপকারী হওয়া; কনুইতে আঘাত করা।

رَفَقَ ـُ، رَفِقَ ـَ (رِفْق) (رَفَق) ~ ب، عَلَى، ل : কোমল আচরণ করা, ভদ্র ব্যবহার করা; সদয় হওয়া, বন্ধুত্বপূর্ণ হওয়া।

رَافَقَ : (مُرَافَقَة) সঙ্গী হওয়া, সাথী হওয়া, বন্ধু হওয়া, সঙ্গে চলা।

أَرْفَقَ : (إِرْفَاق) উপকারী হওয়া, সহায়ক হওয়া, সাহায্য করা।

~ بِ : সংযুক্ত করা, সঙ্গে দেওয়া।

تَرَفَّقَ بِي : কোমল আচরণ করা, ভদ্রতা দেখানো, বন্ধুত্ব প্রদর্শন করা।

~ عَلَى : অনুগ্রহ করা।

~ فِي : আস্তে আস্তে করা, ধীরে ধীরে অগ্রসর হওয়া।

تَرَافَق : একত্রে ভ্রমণ করা।

إِرْتَفَقَ : (إِرْتِفَاق) (পাত্র) পরিপূর্ণ হওয়া; কনুইতে ভর করা, কনুই রাখা।

~ بِ : উপকৃত হওয়া, লাভবান হওয়া।

إِسْتَرْفَقَ : সাহায্য চাওয়া; সফরসঙ্গী অন্বেষণ করা।

رَافِقَة، رِفْق : বন্ধুত্ব; ভদ্রতা; দয়া, সহানুভূতি।

رُفْقَة : সঙ্গ।

~ : দল; যাত্রীদল। ব رُفَق، رِفَاق، أَرْفَاق

رِفَاق : পশু বাঁধিবার দড়ি। ব رُفُق

رَفِيق : সাথী, সঙ্গী, বন্ধু, অংশীদার; সদয়, ভদ্র। ব رُفَقَاء، رِفاق

رَفِيقُ المَدْرَسَة : সহপাঠী, বিদ্যালয়-বন্ধু।

رَفِيقَة : সঙ্গিনী, বান্ধবী, প্রণয়িনী।

مَرْفِق، مِرْفَق : কনুই, (চেয়ারের) হাতল; সুবিধা; উপকারী বস্তু, সৌখিন দ্রব্য। ব مَرَافِق

مَرَافِق الدَّار : বাড়ির আনুষঙ্গিক কক্ষাদি, যেমন রান্নাঘর, গোসলখানা ইত্যাদি।

مِرْفَقَة : ব্লটিং প্যাড।



www.pathagar.com

مُرْفَق : ~ فِى সংযুক্ত।

مُرْفَقَات : সংযুক্ত কাগজপত্র, enclosures.

مُرَافِق : সঙ্গী, সাথী, সহচর।

مُرَافَقَة : সঙ্গ, সাহচর্য।

مُرْتَفَق : অবলম্বন, তাকিয়া; শৌচাগার, টয়লেট।

رَفَلَ : ـُ (رَفْل) পরিধানের কাপড়, ভূমিতে লুটাইয়া টানিয়া চলা, রাজকীয় গাম্ভীর্যে ধীর গতিতে চলা।

رَفَّلَ : (تَرْفِيل) কূপে (পানি) জমা হইতে দেওয়া; হেয় করা; পরিধানের কাপড় ভূমিতে লুটাইয়া টানিয়া চলা।

تَرَفَّل : রাজকীয় চালে চলা।

رِفْل : পোশাকের যে অংশ মাটিতে লুটানো থাকে, আঁচল, লেজ।

رَفَل : কূপের তলদেশ।

رَفِلَة : কুৎসিত (মেয়েলোক); স্বচ্ছন্দ (জীবন)।

رِفَلّ : লম্বা লেজবিশিষ্ট; মাংসল; স্বচ্ছন্দ জীবন।

رَفَال : আলগা, লম্বা (চুল)।

أَرْفَل : ঝুলন্ত কানওয়ালা (গাধা)। স্ত্রী رَفْلاء

رَفَهَ : ـَ (رُفُوه، رَفْه) تَرَفَّهَ، স্বচ্ছন্দ জীবন যাপন করা।

رَفُهَ : ـُ (رَفَاهِيَة، رَفَاهَة، رَفَاه) (জীবন) প্রাচুর্যপূর্ণ হওয়া, সুখকর হওয়া, বিলাসবহুল হওয়া।

رَفَّهَ : (تَرْفِيه) (জীবনকে) স্বাচ্ছন্দ্যপূর্ণ করা; স্বচ্ছন্দ জীবন দান করা, বিলাসিতায় অভ্যস্ত করা, (উটকে) স্বাচ্ছন্দ্যে পানি পান করিতে দেওয়া।

~ عَنْ : অবকাশ দেওয়া, উপশম করা, সহজ করিয়া দেওয়া; উৎসাহ বৃদ্ধি করা; বিনোদনের ব্যবস্থা করিয়া দেওয়া, আনন্দ দেওয়া।

رَفَّهَ عَنِ النَّفْسِ : উপভোগ করা, আনন্দ লাভ করা।

أَرْفَهَ : (إِرْفَاه) বিলাসী জীবন যাপন করা; (উট) পানির নিকটে বসবাস করা; (উটকে) স্বাচ্ছন্দ্যে পানি পান করিতে দেওয়া।

رَفَاهِيَة، رَفَاهَة، رَفَاه، رِفْه : বিলাসিতা; সুখ, স্বাচ্ছন্দ্য; কল্যাণ।

تَرْفِيه : বিনোদন।

تَرْفِيه عَنِ النَّفْسِ : চিত্তবিনোদন।

قِسْم التَّرْفِيه : বিনোদন বিভাগ।

رَفَا : ـُ (رَفْو) রিফু করা; শান্ত করা।

رَافَى : (مُرَافَيَة) একমত হওয়া; ভদ্র আচরণ করা।

تَرَافَى : পরস্পর সম্মত হওয়া।

رِفَاء : ঐকমত্য; মিল।

رَقَّ : ـِ (رِقَّة) পাতলা হওয়া, সূক্ষ্ম হওয়া; নরম হওয়া; লজ্জিত হওয়া; দুর্বল হওয়া; চেপটা করা; মার্জিত করা।

~ لِ : সদয় হওয়া, সহানুভূতিশীল হওয়া।

أَرَقَّ، رَقَّقَ : (إِرْقَاق، تَرْقِيق) পাতলা করা; নরম করা; চেপটা করা; মসৃণ করা; (কথা) মার্জিত করা; (হৃদয়) নাড়া দেওয়া।

تَرَقَّقَ : সূক্ষ্ম কণায় পরিণত হওয়া।

~ لِ : সদয় হওয়া, দয়ার্দ্র হওয়া, সহানুভূতিশীল হওয়া।

إِسْتَرَقَّ : (إِسْتِرْقَاق) পাতলা হওয়া, সূক্ষ্ম হওয়া; নরম করা; দাসে পরিণত করা, দাসের অধিকারী হওয়া।

رَقّ : সামুদ্রিক কচ্ছপ; কুম্ভীর। ব رُقُوق

رَقّ، رَقَق : প্রশস্ত নরম ভূমি।

رِقّ : দাসত্ব; দাস ব্যবসা; লিখিবার চামড়া; তাম্বুরা দাস।

إِلْغَاء الرِّقّ : দাসমুক্তি।

رِقَّة : সূক্ষ্মতা; নম্রতা; দয়া, সহানুভূতি লাজুকতা।

رِقَّةُ الجَانِب : দুর্বলতা, নম্রতা,

~ الحَاشِيَة : ভদ্রতা, বন্ধুত্ব।

~ الشُّعُور : সংবেদনশীলতা; বিচক্ষণতা।

~ الطَّبْع : দয়ার্দ্রতা; অমায়িকতা।



www.pathagar.com

العَيْش ~ : স্বচ্ছন্দ জীবন।

القَلْب ~ : সহৃদয়তা।

المِزَاج ~ : নরম মেজাজ, ভদ্রতা।

رَقَاق : গরম (দিন); মরুভূমি; নরম জায়গা।

رُقَاق : পাতলা রুটি; বকবকানি। ব رِقَاق

رَقِيق : পাতলা; সূক্ষ্ম; নরম; চেপটা; মসৃণ; ভদ্র; বিচক্ষণ। ব رِقَاق

~ : দাস; পাতলা রুটির টুকরা। ব أَرِقَّاء

رَقِيقَة : (ধাতুর) পাত; সীসার পাতলা পাত, ছাপার কাজে ব্যবহৃত লেড্; পাতলা চামড়া। ব رَقَائِق

مُرِقّ : পাতলা খুরবিশিষ্ট (ঘোড়া)।

مِرْقَاق : বেলন, বেলনা।

مَرْقُوق : পাতলা রুটি; পেস্ট্রি।

رَقَأَ : ـَ (رُقُوء، رَقْأ) থামা, প্রবাহ বন্ধ হওয়া।

~ بَيْن : শান্তি স্থাপন করা।

أَرْقَأَ : (إِرْقَاء) প্রবাহ বন্ধ করা; রক্তপাত থামানো।

رَقُوء : রক্তরোধক।

مِرْقَأة : রক্তরোধক যন্ত্রবিশেষ।

رَقَبَ : ـُ (رِقَابَة، رُقُوب) পর্যবেক্ষণ করা; লক্ষ রাখা; মনোযোগ দেওয়া; পাহারা দেওয়া, সতর্ক থাকা; অপেক্ষা করা; (আল্লাহ্‌কে) ভয় করা; তত্ত্বাবধান করা; নিয়ন্ত্রণ করা, ঘাড়ে বাঁধা।

رَاقَبَ : (مُرَاقَبَة) পাহারা দেওয়া, নজরে রাখা; পর্যবেক্ষণ করা; (আল্লাহ্‌কে) ভয় করা; নিয়ন্ত্রণ করা; তত্ত্বাবধান করা।

تَرَقَّبَ، إِرْتَقَبَ : (إِرْتِقَاب) অপেক্ষা করা, অপেক্ষায় থাকা; প্রত্যাশা করা, তাকাইয়া থাকা।

رِقْبَة : পর্যবেক্ষণ; নিয়ন্ত্রণ, মনোযোগ; সতর্কতা; ভয়।

رَقَبَة : ঘাড়; মাথা; ব্যক্তি; দাস। ব رِقَاب

غَلِيظُ الرَّقَبَةِ، صُلْبُ الرَّقَبَةِ : একগুঁয়ে, জেদী, অবাধ্য।

رُقْبَى : এমন দান যাহা দাতার পূর্বে দানগ্রহীতা মারা গেলে দাতা ফেরত পাইবে এবং দাতা আগে মারা গেলে ইহা গ্রহীতার স্বত্বাধীন হইবে।

رِقَابَة : তত্ত্বাবধান; নিয়ন্ত্রণ, সেন্সরশিপ।

رَقُوب : সাহায্য প্রত্যাশী অতি বৃদ্ধ ও বিধবা; নিঃসন্তান।

أُمّ الرَّقُوب : দুর্ভাগ্য।

تَرَقُّب، إِرْتِقَاب، رُقُوب : প্রত্যাশা, অপেক্ষা।

رَقِيب : ব رُقَبَاء সতর্ক; তত্ত্বাবধায়ক; প্রহরী; অভিভাবক; রক্ষক; পরিদর্শক; পর্যবেক্ষক; নিয়ন্ত্রক, গুপ্তচর; সার্জেন্ট।

الرَّقِيب : আল্লাহর একটি গুণবাচক নাম।

مَرْقَبَة، مَرْقَب : পর্যবেক্ষণের জন্য উচ্চ স্থান, পর্যবেক্ষণ যন্ত্র, দুরবিন। ব مَرَاقِب

مُرَاقِب : পর্যবেক্ষক, অভিভাবক, নিয়ন্ত্রক, তত্ত্বাবধায়ক, পরিদর্শক।

مُرَاقَبَة : পর্যবেক্ষণ; নিয়ন্ত্রণ; তত্ত্বধান; পরিদর্শন, সেন্সরশিপ; নিয়ন্ত্রণ-কার্যালয়।

مُتَرَقَّب، مُرْتَقَب : প্রত্যাশিত।

رَقَّحَ : (تَرْقِيح) সুচারুরূপে পরিচালনা করা।

إِرْتَقَحَ : (إِرْتِقَاح) বৃদ্ধি পাওয়া।

تَرَقَّحَ : উপার্জন করা।

رِقَاحَة : ব্যবসায়; মুনাফা।

رَقَاحِيّ : ব্যবসায়ী।

رَقَدَ : ـُ (رُقُود، رُقَاد، رَقْد) নিদ্রা যাওয়া, ঘুমানো, শোয়া; কমিয়া যাওয়া; ঠাণ্ডা হওয়া; বাজার মন্দা হওয়া।

~ عَنْ : উপেক্ষা করা; বিলম্বিত করা।

رَقَدَ عَلَى الْبَيْض : ডিমে তা দেওয়া।

رَقَّدَ : (تَرْقِيد) ঘুম পাড়ানো, শোয়ানো; (ডিমে) তা দেওয়া; কলমের দ্বারা (গাছের) বংশ বৃদ্ধি করা।

أَرْقَدَ : (إِرْقَاد) ঘুম পাড়ানো, শোয়ানো।

~ بِ : বসবাস করা।



www.pathagar.com

تَرَاقَدَ : ঘুমের ভান করা, ঘুমাইবার চেষ্টা করা।

رُقُود، رُقَاد، رَقْدَة : নিদ্রা, শয়ন।

رَاقِد : ঘুমন্ত, শায়িত; শান্ত; মন্দা (বাজার)। ব রُقُود، رُقَّد

رَاقُود : (ফা) বড় জগ। ব رَوَاقِيد

تَرْقِيدَة : দাবা-কলস।

مَرْقَد : বিছানা, শয্যা। ব مَرَاقِد

مُرَقِّد، مُرْقِد : ঘুমের ঔষধ। ব مُرَقِّدات

رَقْرَقَ : (رَقْرَقَة) (পানির সহিত মদ) মিশ্রিত করা।

تَرَقْرَقَ : চকচক করা; অস্পষ্টভাবে জ্বলা।

تَرَقْرَقَتِ الْعَيْنُ بِالدُّمُوعِ : চক্ষু অশ্রু প্লাবিত হওয়া।

رُقَارِق : অগভীর।

رَقَشَ : ـُ (رَقْش)، (رَقْش)، رَقَّشَ (تَرْقِيش) চিত্র বিচিত্র করা, নানাবর্ণে রঞ্জিত করা; অলঙ্কৃত করা; সজ্জিত করা।

تَرَقَّشَ : নিজে সজ্জিত হওয়া।

أَرْقَش : চিত্র বিচিত্র, নানাবর্ণে রঞ্জিত, বহুবর্ণ; ডোরা-কাটা। স্ত্রী رَقْشَاء ব رُقْش

رَقَصَ : ـُ (رَقْص) নৃত্য করা, লাফানো, কদমে চলা।

أَرْقَصَ، رَقَّصَ : (إِرْقَاص، تَرْقِيص) নাচানো।

رَاقَصَ : সঙ্গে নাচা, সহনৃত্য করা।

تَرَقَّصَ : দোলা, দোদুল্যমান হওয়া।

رَقْص، رَقْصَة : নৃত্য, লম্ফ।

أَبُو الرَّقْصِ : মাছরাঙা পাখি।

~ قَاعَةُ : নাচঘর, ball-room.

رَاقِص : (رَقَّاص) নৃত্যকারী, নর্তক। স্ত্রী رَاقِصَة، رَقَّاصَة

مَرْقَص : নাচঘর, নৃত্য। ব مَرَاقِص

رَقَّطَ : (تَرْقِيط) সাদা-কালো ছোট ছোট দাগ দেওয়া, ডোরা কাটা।

إِرْقَطٌ، تَرَقَّطَ : সাদা-কালো ছোট ছোট দাগ। (إِرْقِطَاط)

أَرْقَط : সাদা-কালো দাগযুক্ত, ডোরাকাটা; চিতাবাঘ। স্ত্রী رَقْطَاء ব رُقْط

رَقَعَ : ـَ (رَقْع) তালি দেওয়া; মেরামত করা; আঘাত করা।

رَقُعَ : ـُ (رَقَاعَة) নির্বোধ হওয়া; ধৃষ্ট হওয়া; নির্লজ্জ হওয়া।

رَقَّعَ، تَرْقِيع : তালি দেওয়া; (শস্য) পুনরায় বপন করা, রোপণ করা; (দরজায়) কড়া নাড়া।

رَاقَعَ : (مُرَاقَعَة) আসক্ত হওয়া।

أَرْقَعَ : (إِرْقَاع) বোকামি প্রদর্শন করা।

تَرَقَّعَ : জীবিকা উপার্জন করা।

رُقْعَة : তালি, কাপড়ের টুকরা; ভূমিখণ্ড; কাগজের টুকরা; টিকিট, কুপন; চিঠি; লক্ষ্যস্থল; এলাকা; (দাবার) কোর্ট। ব رِقَاع، رُقَع

خَطّ رُقْعَة : টানা হাতের লেখা।

رُقْعَةُ الْعُنْوَان : ঠিকানা সম্বলিত চিরকুট, label, tag.

رَقَاعَة : নির্লজ্জতা; নির্বুদ্ধিতা।

رَقَّاع : মুচি।

رَقِيع : নির্বোধ, নির্লজ্জ।

تَرْقِيع : তালিদান, জোড়াদান; রোপণ।

تَرْقِيعُ الْقَرْنِيَّة : কর্ণিয়া সংযোজন।

جِرَاحَة تَرْقِيعِيَّة : প্লাস্টিক সার্জারি, plastic Surgery.

مُرَقَّع : তালিযুক্ত; পাঁচড়াযুক্ত।

مُرَقِّعَة : ছাপ দিবার জন্য নকশা-কাটা পাত, স্টেনসিল, stencil.

أَرْقَلَ : (إِرْقَال) দ্রুত গমন করা, কদমে চলা; (মরুভূমি) অতিক্রম করা।

مُرْقِل، مِرْقَال : দ্রুতগামী (উষ্ট্রী)।



www.pathagar.com

رَقَـمَ : ـُ (رَقْـم) লেখা; যতি-চিহ্ন দেওয়া; ছাপ দেওয়া; নম্বর দেওয়া।

رَقَّمَ : (تَرْقِيْم) যতিচিহ্ন দেওয়া; (কাপড়) ডোরা কাটা; নম্বর দেওয়া।

رَقْم : সংখ্যা, নম্বর। ব اَرْقَام

رَقْم الجُلُوس : আসন নম্বর।

~ قِيَاسِي : রেকর্ড, record. (প্রতিযোগিতায়)।

رَقْم قِيَاسِيّ عَالَمِيّ , ~ عَالَمِيّ : বিশ্ব-রেকর্ড।

~ اُولِيمْبِيّ : অলিম্পিক রেকর্ড।

بِنْت الرَقِم، رَقِم : দুর্ভাগা।

رَقْمَة : উপত্যকার প্রান্ত; তৃণক্ষেত্র; জলাধার।

رَقَامَة : ভগ্নাংশের লব।

رَقِيم : চিঠি, বার্তা; লেখা। ব رَقَائِم

اَرْقَم : ডোরা-কাটা সাপ। ব اَرَاقِم

مِرْقَم : নম্বর দেওয়ার যন্ত্র; আঁকিবার পেন্সিল; (চিত্রকরের) তুলি। ব مَرَاقِم

مَرْقُوم : ডোরা-কাটা কম্বল। ব مَرَاقِيم

مَرْقُومَة : স্বল্প গাছপালাবিশিষ্ট (ভূমি)।

رَقَّنَ : (تَرْقِيْن) সুন্দর করিয়া লেখা; উন্নত করা; সজ্জিত করা; (দাড়িতে) লাল রং দেওয়া।

اَرْقَنَ : দাড়িতে লাল রং দেওয়া; লাল রঙে রঞ্জিত হওয়া।

تَرَقَّنَ : মেহেদীর রঙ্গে রঞ্জিত হওয়া।

إِسْتَرْقَنَ، إِرْتَقَنَ : (إِسْتِرْقَان، إِرْتِقَان) লাল রঙে রঞ্জিত হওয়া।

رَقْن : টাইপরাইটিং।

رَاقِن : টাইপিস্ট।

إِرْقَان، رَقُون، رِقَان : জাফরান, মেহেদী।

اٰلَة رَاقِنَة : টাইপরাইটার।

رَقْوَة، رَقْو : বালির টিলা।

إِرْتَقَى، تَرَقَّى (رُقِيّ، رَقْي) : ـَ رَقِيَ (إِرْتِقَاء) আরোহণ করা, উপরে উঠা; অগ্রসর হওয়া, উন্নতি করা; পদোন্নতি লাভ করা।

رَقَى : ـِ (رُقْيَة) জাদু করা; মন্ত্র পড়া, মন্ত্রমুগ্ধ করা; মন্ত্র দ্বারা ভূত তাড়ানো।

رَقَّى : (تَرْقِيَة) উপরে উঠানো, উন্নত করা, অগ্রসর করানো।

إِسْتَرْقَى : (إِسْتِرْقَاء) মন্ত্রমুগ্ধ করিতে বলা।

رُقِيّ : উন্নতি, অগ্রগতি, উর্ধ্বগতি।

رُقْيَة : মন্ত্র, যাদু, সম্মোহন; কবচ। ব رُقًى

رَاقٍ : জাদুকর, ঐন্দ্রজালিক। ব رَقَّاء، رُقَاة

~ : উচ্চ; উন্নত , সংস্কৃতিমান।

إِرْتِقَاء : আরোহণ; উন্নতি; অগ্রসরতা; বৃদ্ধি।

تَرَقٍّ : উন্নতি; অগ্রসরতা।

تَرْقِيَة : উন্নতি, পদোন্নতি।

تَحْتَ التَرْقِيَة : পদোন্নতিযোগে, On promotion.

مَرْقِيّ : মন্ত্রমুগ্ধ, সম্মোহিত।

مِرْقَاة : সিঁড়ি; লিফ্‌ট; ধাপ। ব مَرَاقٍ

مُرْتَقٍ : উচ্চ, উন্নত।

رَكَّ : ـِ (رَكَاكَة، رِكَّة، رَكّ) দুর্বল হওয়া, কৃশ হওয়া; সামান্য হওয়া, লাঞ্ছিত হওয়া।

~ : ـُ (رَكّ) فِي عُنُقِهِ দায়িত্ব অর্পণ করা, ঘাড়ে চাপাইয়া দেওয়া।

اَرَكَّ، رَكَّكَ : (إِرْكَاك، تَرْكِيك) গুঁড়িগুঁড়ি বৃষ্টি বর্ষণ করা।

إِرْتَكَّ : (إِرْتِكَاك) কম্পিত হওয়া।

رَكّ : গুঁড়িগুঁড়ি বৃষ্টি। ব أَرْكَاك، رِكَاك

رِكَّة : দুর্বলতা।

رُكَّة : সুতা কাটিবার সময় তুলা, পশম ইত্যাদি জড়াইয়া রাখিবার কাঠি; distaff.



www.pathagar.com

رَكِكٌ، رَكَاكٌ، رَكِيكٌ ব رَكَاكٌ، رِكَاكٌ : দুর্বল; নড়বড়ে; অসুস্থ; কৃশ; বিবর্ণ; অপর্যাপ্ত, শিথিল।

رَكَاكَةٌ : দুর্বলতা; অসুস্থতা, অপর্যাপ্ততা; নীচতা; বিবর্ণতা।

رَكِبَ - َ : (رُكُوب، رُكْب) আরোহণ করা, সওয়ার হওয়া; যাত্রা করা, ভ্রমণ করা।

رَكِبَ الأَهْوَالَ : বিপদে পতিত হওয়া।

~ البَحْرَ : সমুদ্র ভ্রমণ করা।

~ الذَّنْبَ : অপরাধ করা।

~ الهَوَاءَ : আকাশ-ভ্রমণ করা, বিমানে সফর করা।

~ الهَوَى : প্রবৃত্তির অনুগত হওয়া।

رَكِبَ : বড় হাঁটুবিশিষ্ট হওয়া।

رَكَبَ : (رَكْب) হাঁটুতে কিংবা হাঁটু দ্বারা আঘাত করা।

رَكَّبَ : (تَرْكِيب) আরোহণ করানো, বাহন দান করা; একত্রিত করা, যুক্ত করা, সংযোজিত করা; সন্নিবেশিত করা; গঠন করা, রচনা করা; নির্মাণ করা, বিন্যস্ত করা, ব্যাকরণগতভাবে (বাক্য) বিশ্লেষণ করা।

أَرْكَبَ : আরোহণ করানো, চড়ানো।

تَرَكَّبَ : ~ مِنْ গঠিত হওয়া; রচিত হওয়া; সংযোজিত হওয়া।

تَرَاكَبَ : একটির উপর একটি স্থাপিত হওয়া; স্তূপীকৃত হওয়া।

إِرْتَكَبَ الذَّنْبَ : অপরাধ করা।

رَكْبٌ : আরোহী দল, কাফেলা, বাহিনী। ব رُكُوب، أَرْكُب

رَكَبٌ : নাভির নিম্নভাগ। ব أَرْكَابٌ

رُكْبَةٌ : হাঁটু। ব رُكُبَات، رُكَب

أَبُو الرُّكْبَةِ : ওলকপি, শালগম।

أَبُو الرُّكَبِ : ইনফ্লুয়েঞ্জা, ডেংগু জ্বর।

رَاكِبٌ : আরোহী; যাত্রী। ব رُكْبَان، رُكَّاب

رِكَابٌ : আরোহীর পা-দান, জিনের রেকাব। ব رُكُب

~ : আরোহণের উট, উষ্ট্র-বাহন। ব رِكَابٌ، رُكُب

رِكَابُ الأَمِيرِ : রাজার সহচর।

رَكَّابٌ : আরোহী; সুদক্ষ।

رَكُوبَةٌ، رَكُوبٌ : আরোহণের পশু, পশু-বাহন, উষ্ট্রী। ব رَكَائِب

رُكُوبٌ : আরোহণ; যানবাহনে ভ্রমণ।

رَكِيبٌ : সহ-আরোহী। ব رُكُب

تَرْكِيبٌ : গঠন, সংযোজন, রচনা; কাঠামো; ব্যাকরণগতভাবে বাক্য বিশ্লেষণ।

مَرْكَبٌ : জাহাজ, নৌকা; নৌযান; যানবাহন। ব مَرَاكِب

مَرْكَبَةٌ : যানবাহন, গাড়ি।

مُرَكَّبٌ : গঠিত, সংযোজিত; রচিত; সন্নিবেশিত; মিশ্র, যৌগিক; কমপ্লেক্স।

~ : যৌগিক পদার্থ, মিশ্র বস্তু। ব مُرَكَّبَات

جَهْلٌ مُرَكَّبٌ : নিরেট বোকামি।

رِبْحٌ ~ : চক্রবৃদ্ধি হারে সুদ।

مَرْكُوبٌ : আরোহণের পশু, পশু-বাহন; জুতা। ব مَرَاكِيب

مُرْتَكِبٌ : (অপরাধ) সম্পাদনকারী, সাধনকারী।

رَكَحَ - َ : (رَكْح)، إِرْتَكَحَ (إِرْتِكَاح) ~ عَلَى ঝুঁকিয়া পড়া।

~ : (رُكُوح) ~ إِلَى নির্ভর করা; আশ্রয় চাওয়া।

أَرْكَحَ : (إِرْكَاح) আশ্রয় দেওয়া।

رُكْحٌ : পর্বতের পার্শ্বদেশ। ব أَرْكَاح، رُكُوح

رَكَدَ - ُ : (رُكُود) থামিয়া যাওয়া, নিশ্চল হওয়া; (সূর্য) মাথার উপরে আসা; (তলানি) জমা; (তুলাদণ্ড) সমান্তরালে ঝুলিয়া থাকা।



www.pathagar.com

رَاكِد : স্থির, নিশ্চল, গতিহীন। ব رُكَّد

رَكُود : পরিপূর্ণ (পাত্র); দুগ্ধবতী উষ্ট্রী।

مَرَاكِد : বিশ্রামস্থল।

رَكَــزَ : ـُ (رَكْــز) মাটিতে গাড়া, পুঁতা, রোপণ করা; প্রবেশ করানো, লাগাইয়া দেওয়া; অল্পক্ষণ থামা; হেলান দেওয়া; ভর করা; স্থায়ী হওয়া।

رَكَّزَ : (تَرْكِـيْز) মাটিতে গাড়া, পুঁতা; স্থাপন করা; শিকড় গাড়ানো; স্বর্ণ কিংবা রৌপ্য ধারণ করা (খনি); কেন্দ্রীভূত করা।

أَرْكَزَ : (إِرْكَـاز) (খনি) স্বর্ণ কিংবা রৌপ্য ধারণ করা; খনিজ পদার্থ পাওয়া, গুপ্তধন লাভ করা; দৃঢ় করিয়া, স্থাপন করা।

تَرَكَّزَ : কেন্দ্রীভূত হওয়া।

إِرْتَكَزَ : (إِرْتِكَاز) দৃঢ় হওয়া, স্থাপিত হওয়া, স্থায়ী হওয়া; ভর করা, হেলান দেওয়া; অল্পক্ষণ থামা।

رِكْز : ক্ষীণ শব্দ, উদার লোক। ব رُكُوزٌ، أَرْكَازٌ

رَكْزَة : সংক্ষিপ্ত বিরতি, বিশ্রাম।

رِكْزَة : দৃঢ়তা; খেজুর গাছের শিকড়।

رَاكِز : শান্ত, প্রশান্ত।

رِكَاز : স্বর্ণ কিংবা রৌপ্যের আকরিক, মূল্যবান খনিজ পদার্থ, গুপ্তধন। ব أَرْكِزَة، رِكْزَان

رَكِـيْزَة : সঞ্চিত ধন; অবলম্বন; ঠেকনা; খুঁটি। ব رَكَائِز

إِرْتِكَاز : অবলম্বন।

تَرْكِـيْز : স্থাপন; রোপণ; প্রতিষ্ঠা; কেন্দ্রীভূতকরণ।

تَرَاكُز : এককেন্দ্রিকতা।

مَرْكَز : কেন্দ্র; মধ্যস্থল; স্থান; স্টেশন; অবস্থা; অবস্থান; পদ; কর্মস্থল, প্রধান কর্মকেন্দ্র, সদর; জেলা; অবলম্বন। ব مَرَاكِز

مَرْكَز الشُّرْطَة، مَرْكَزُ الْبُوْلِيْس : পুলিশ স্টেশন।

~ الإِدَارَة : প্রধান কর্যালয়, কেন্দ্রীয় অফিস।

~ التَّـوْلِـيْد : বিদ্যুৎ কেন্দ্র, (Power station).

~ الثِّقَل : মাধ্যাকর্ষণকেন্দ্র।

~ الجَذْب : আকর্ষণকেন্দ্র।

مَرْكَزِيّ : কেন্দ্রীয়।

لَامَرْكَزِيّ : একই কেন্দ্র নয় এমন (বৃত্ত); বিকেন্দ্রীকৃত।

مَرْكَزِيَّة : কেন্দ্রত্ব, কেন্দ্রীয় অবস্থান।

لَامَرْكَزِيَّة : বিকেন্দ্রীকরণ।

مُرَكَّز : কেন্দ্রীভূত।

مُتَرَاكِز : এককেন্দ্রিক।

رَكَسَ : ـُ (رَكْس) উল্টানো; বাঁধিয়া রাখা।

أَرْكَسَ : ~ فِى পূর্বের খারাপ অবস্থায় ফিরাইয়া দেওয়া।

تَرَاكَسَ : মিশ্রিত হওয়া, এলোমেলো হওয়া।

إِرْتَكَسَ : (إِرْتِـكَاس) উল্টাইয়া যাওয়া; পূর্বের খারাপ অবস্থায় প্রত্যাবর্তন করা; অধঃপতিত হওয়া; বাধার সম্মুখীন হওয়া।

رِكْس : ময়লা; জনতা; পড়ো ধ্বংস স্তূপ; সেতু।

رِكَاس : উট বাঁধিবার দড়ি।

رَكَضَ : ـُ (رَكْض) দৌড়ানো; পদসঞ্চালন করা; লাফাইয়া চলা; দৌড়াইয়া যাওয়া; পলায়ন করা।

رَاكَضَ : (مُرَاكَضَة) দৌড় প্রতিযোগিতা করা।

تَرَاكَضَ : একত্রে দৌড়ানো; দ্রুত দৌড়ানো, দৌড়-প্রতিযোগিতা করা।

إِرْتَكَضَ : (إِرْتِـكَاض) নড়া, কম্পিত হওয়া, আন্দোলিত হওয়া।

رَكْض : দৌড়, ধাবন।

رَكْضَة : তাড়না; প্ররোচনা।

مِرْكَاض، رَكُوض، رَكَّاض : দ্রুত ধাবনকারী, দৌড়বিদ।

مِرْكَض : অগ্নি উসকাইবার শলাকা।

رَكَعَ : ـَ (رُكُوع) (নামাযে) রুকূ করা, মাথা নত করা, শরীর ঝুঁকানো।

رَكَّعَ، أَرْكَعَ : (إِرْكَاع، تَرْكِيْع) মাথা নত করানো।



www.pathagar.com

رَكْعَة : (নামাযের) রাকাত। ব رَكَعَات

رُكْعَة : গভীর গর্ত।

رَاكِع : রুকূকারী। ব رُكَّع

رُكُوع : (নামাযের) রুকূ; দুই হাতে হাঁটুতে ভর করিয়া নতমস্তক হওয়া।

اِرْتَكَفَ : (اِرْتِكَاف) (বরফ) মাটিতে পড়া।

رَكَلَ : ـُ (رَكْل) পদাঘাত করা।

رَكَّلَ : (تَرْكِيل) পা দ্বারা (পশু) তাড়ানো; (ঘোড়া মাটিতে) সামনের পা পাতা।

تَرَاكَلَ : পরস্পর পদাঘাত করা।

رَكْل : পিঁয়াজজাতীয় সবজিবিশেষ, leek.

رَكْلَة : পদাঘাত; সবজির বাণ্ডিল।

مَرْكَل : পশুর পার্শ্বদেশ; রাস্তা। ব مَرَاكِل

مِرْكَل : আরোহীর পা। ব مَرَاكِل

رَكَمَ : ـُ (رَكْم) স্তূপীকৃত করা, জড়ো করা।

اِرْتَكَمَ، تَرَاكَمَ : স্তূপীকৃত হওয়া, জড়ো হওয়া; গাঢ় হওয়া, স্থূল হওয়া।

رُكَام، رَكْم : স্তূপরাশি; পুঞ্জীভূত মেঘ।

مِرْكَم : (বিদ্যুৎ শক্তি) সঞ্চিত রাখিবার যন্ত্রবিশেষ, (accumulator). ব مَرَاكِم

رَكَنَ ـَ رَكِنَ، ـُ رَكَنَ : (رُكُون) (اِلَى ~) أَرْكَنَ، ভর করা, হেলান দেওয়া; নির্ভর করা; বিশ্বাস করা, আস্থা স্থাপন করা।

أَرْكَنَ إِلَى الفِرَار : পলায়ন করা।

يُرْكَنُ إِلَيْه : নির্ভরযোগ্য।

تَرَكَّنَ : শক্ত হওয়া; শান্ত হওয়া।

اِرْتَكَنَ : (اِرْتِكَان) ~ عَلَى ঝুঁকিয়া পড়া, ভর করা, হেলান দেওয়া।

رُكْن : অংশ; স্তম্ভ; শক্তি; অবলম্বন; কোণ; ভিত্তি; মৌল উপাদান। ব أَرْكَان

أَرْكَانُ الحَرْبِ : স্টাফ অফিসার (সামরিক)।

~ العَسَاكِرِ : সেনাবিভাগের সহকারী কর্মচারী বিশেষ : (adjutant general).

وَثِيقُ الأَرْكَانِ : শক্ত, সবল।

إِرْكَان، رُكُون : নির্ভরতা, আস্থা, বিশ্বাস।

رَكِين : দৃঢ়, স্থির, আস্থাবান; শান্ত।

مِرْكَن : কাপড় ধৌত করিবার গামলা। ব مَرَاكِن

رَكَا : ـُ (رَكْو) খনন করা; মেরামত করা।

أَرْكَى : (إِرْكَاء) ~ إِلَى আশ্রয় চাওয়া।

~ : ~ عَلَى পরনিন্দা করা।

رَكْوَة : ছোট বালতি, চামড়ার ব্যাগ; কফি-দানি; ডিঙ্গি নৌকা। ব رَكَوَات، رِكَاء

رَكِيَّة : কূপ। ব رُكِيّ، رَكَايَا

مَرْكُوّ : বড় ট্যাংক।

مُرْتَك : স্থায়ী, স্থির; নির্ভরশীল।

رَمَّ : ـُ (مَرَمَّة) মেরামত করা, সংস্কার করা।

لَا يُرَمُّ : মেরামতের অযোগ্য।

~ : ـِ (رِمَّة، رَمّ) ক্ষয়প্রাপ্ত হওয়া, পচিয়া যাওয়া; নীরব হওয়া।

رَمَّمَ : (تَرْمِيم) মেরামত করা, সংস্কার করা; ক্ষয়প্রাপ্ত হওয়া, পচিয়া যাওয়া।

أَرَمَّ : (إِرْمَام) ক্ষয়প্রাপ্ত হওয়া; নীরব হওয়া; (হাড়) মজ্জায় পরিপূর্ণ হওয়া।

~ إِلَى : ঝুঁকিয়া পড়া।

تَرَمَّمَ : সংস্কৃত হওয়া; সংস্কারাধীন হওয়া।

تَرْمِيم، مَرَمَّة، رَمّ : মেরামত, সংস্কার।

رَمُّ الأَسْنَان : দন্তক্ষয়, দাঁতের ক্ষয়রোগ।

رِمّ : মজ্জা; ওষধি; সিক্ত মাটি।

رُمّ : লক্ষ্য; ইচ্ছা; গৃহের আসবাবপত্র।

رِمَّة : ক্ষয়প্রাপ্ত অস্থি; মৃতদেহ। ব رِمَام، رِمَم

رُمَّة : গোটা বস্তু। ব رُمَم

بِرُمَّتِه : গোটা, পুরা, সম্পূর্ণ, সমগ্র।

ذُو الرُّمَّة : উমাইয়া যুগের বেদুঈন আরব কবি। মৃত : ৭৩৫ খ্রি। তাহার প্রকৃত নাম গাইলান ইবন আকাবা।

رَامَّة : চতুর বালিকা। ব رُمَّم

رُمَام، رَمِيم : ক্ষয়প্রাপ্ত, পচা (হাড়)।



www.pathagar.com

رَمَثَ ـُ : (رَمْث) বিন্যস্ত করা; চুরি করা; মিশ্রিত করা, হাত দ্বারা মোছা।

رَمَّثَ عَلَى : (تَرْمِيْث) ~ عَلَى অতিক্রম করা।

رَمَث : ভাসমান কাষ্ঠ খণ্ড, ভেলা; চারণভূমি; বাঁটে অবশিষ্ট দুগ্ধ। ব أَرْمَاث

رَمَحَ ـَ : (رَمْح) বর্শা দ্বারা আঘাত করা; দৌড়ানো, লাফাইয়া চলা; পদাঘাত করা।

رُمْح : বর্শা, বল্লম। ব أَرْمَاح، رِمَاح

رَامِح، رَمَّاح : বর্শা নিক্ষেপকারী; বল্লমধারী বর্শাধারী।

مَرْمَح : সার্কাস, ঘোড়দৌড়-ময়দান।

رَمَدَ ـِ : (رَمَادَة، رَمْد) ঠাণ্ডায় অনাহারে মরা। মৃতের ছাই রং ধারণ করা, ধ্বংস করা।

رَمِدَ ـَ : (رَمَد) চক্ষুরোগে আক্রান্ত হওয়া, (চক্ষু) রোগগ্রস্ত হওয়া।

رَمَّدَ : (تَرْمِيْد) ছাইয়ের মধ্যে রাখা; ছাই দ্বারা ঢাকিয়া রাখা; (মৃত দেহ) দাহ করা; ছাই করিয়া দেওয়া; নষ্ট করা।

أَرْمَدَ : (إِرْمَاد) অভাবে পড়া; পশুপাল হারাইয়া ফেলা; চক্ষুরোগে আক্রান্ত করা।

تَرَمَّدَ : পুড়িয়া ছাই হওয়া, ভস্মে পরিণত হওয়া, ভস্মাবৃত হওয়া, চক্ষুরোগগ্রস্ত হওয়া।

إِرْمَدَّ : (إِرْمِدَاد) চক্ষুরোগে আক্রান্ত হওয়া; ছাইবর্ণ হওয়া; দ্রুত দৌড়ানো।

رَمَد : চক্ষুরোগ, চক্ষু-প্রদাহ।

رَمَدِيّ : চক্ষু চিকিৎসক।

رَمِد : চক্ষুরোগে আক্রান্ত; ময়লা (কাপড়)।

رَمَاد : ছাই। ব أَرْمِدَة

كَثِيْر الرَّمَاد : অতিথিপরায়ণ, দানশীল।

~ مَاء : এলকেলি সলিউশন।

رَمَادَة : ক্ষতি; ধ্বংস।

عَامُ الرَّمَادَة : ওমর (রা) এর আমলের দুর্ভিক্ষের বৎসর।

رَمَادِيّ : ছাইবর্ণ, ধূসরবর্ণ।

أَرْمَد : চক্ষুরোগে আক্রান্ত; ছাইবর্ণ; ধূসরবর্ণ।

تَرْمِيْد : শবদাহ।

مُرْمَد : চক্ষুরোগগ্রস্ত।

مُرَمَّد : অঙ্গারে ঝলসানো (মেষশাবক)।

رَمَزَ ـُ : (رَمْز) إِلَى ~ চক্ষু বা ঠোঁট দ্বারা ইশারা করা, নির্দেশ করা, ইংগিত দেওয়া, সংকেত দেওয়া; প্রতীকের সাহায্যে প্রকাশ করা।

رَمُزَ : (رَمَازَة) বিরামহীন হওয়া; বুদ্ধিমান হওয়া, মহৎ হওয়া; ক্ষমতা ভোগ করা।

تَرَمَّزَ : উত্তেজিত হওয়া; প্রস্তুত হওয়া।

رَمْز : ইশারা, ইঙ্গিত; চিহ্ন, নিদর্শন, সংকেত, প্রতীক। ব رُمُوز

رَمْزِيّ : প্রতীকরূপে ব্যবহৃত; সাংকেতিক।

رَمْزِيَّات : সংকেত।

رَامُوز : নমুনা; সমুদ্র; মূল। ব رَوَامِيز

رَمِيز : বিরামহীন; বহুসংখ্যক; প্রশান্ত; বুদ্ধিমান, মহৎ; সম্মানিত।

رَمَسَ ـُ : (رَمْس) أَرْمَسَ (إِرْمَاس) ঢাকিয়া রাখা, পুঁতিয়া রাখা; কবর দেওয়া; গোপন করা।

إِرْتَمَسَ : (إِرْتِمَاس) ~ فِي নিমজ্জিত হওয়া।

رَمْس : কবর, সমাধি; কবরের মাটি। ব رَامُوس، أَرْمَاس، رُمُوس

رَمِيس : মেষশাবক। ব رُمْسَان

رُومِس : ভেলা।

رَوَامِس : রাতের পাখি।

رَمَشَ ـُ : (رَمْش) আঙ্গুলের ডগা দিয়ে লওয়া; দৃষ্টিপাত করা, (চক্ষু) মিটমিট করা; (প্রস্তর) নিক্ষেপ করা।

رَمَش : চক্ষুর পাতা, চক্ষুর পাতার লোম। ব رُمُوش

رَمَش : চক্ষুর পাতার প্রদাহ; চুলের ভাঁজ; নখের দাগ।

رَمِصَ ـَ : (رَمَص) (চক্ষু হইতে) পিঁচুটি নির্গত হওয়া।

رَمَص : পিঁচুটি (চোখের ময়লা)।



www.pathagar.com

رَمَضَ – ُ : (رَمْض) পাথরে ধার দেওয়া; উত্তপ্ত পাথরে ঝলসানো।

رَمِضَ – َ : (رَمَض) উত্তপ্ত হওয়া, দগ্ধ হওয়া; পুড়িয়া মরা, ক্রোধে জ্বলিয়া ওঠা।

أَرْمَضَ : (إِرْمَاض) পোড়ানো; যন্ত্রণা দেওয়া; ক্রোধে প্রজ্বলিত করা।

إِرْتَمَضَ : (إِرْتِمَاض) (ঘোড়া) লাফ দেওয়া; প্রজ্বলিত হওয়া, ব্যথিত হওয়া; দুঃখপ্রাপ্ত হওয়া; অশান্ত হওয়া।

رَمَض : দাহ, উত্তাপ। ব رَمَضَانَات

رَمَضِى : গ্রীষ্মের বৃষ্টি বা মেঘ।

رَمْضَاء : উত্তপ্ত ভূমি; তীব্র উত্তাপ।

رَمِيض : ধারাল (তরবারি), ভেড়ার ঝলসানো গোশ্‌ত।

رَمَضَان : রমযান মাস, হিজরী নবম মাস।

رَمَطَ – : (رَمْط) নিন্দা করা।

رَمَغَ – َ : (رَمْغ) হাত দ্বারা (চামড়া) ঘর্ষণ করা, মর্দন করা।

رَمَّغَ : (تَرْمِيغ) মিথ্যা প্রমাণ করা; (মাথায়) তেল দেওয়া।

رَمَقَ – ُ : (رَمْق) দৃষ্টি নিক্ষেপ করা, পর্যবেক্ষণ করা, তাকাইয়া থাকা।

رَمَّقَ : (تَرْمِيق) অপলকনেত্রে তাকাইয়া থাকা; যেনতেনভাবে (কাজ) করা, (কথাবার্তা) গুছাইয়া বলা; অল্প পানি পান করানো।

تَرَمَّقَ : অপেক্ষা করা; বারবার চুমুক দেওয়া।

إِرْمَقَّ : (إِرْمِقَاق) ধ্বংস হওয়া; প্রসারিত হওয়া।

إِرْمَاقَّ : (إِرْمِيقَاق) কৃশ হওয়া, দুর্বল হওয়া।

رَمَق : শেষ নিঃশ্বাস, অবশিষ্ট জীবন; মেষপাল। ব أَرْمَاق

الرَّمَق الأَخِير : শেষ নিঃশ্বাস।

سَدَّ رَمَقَهُ : কোনমতে জীবিত রাখা, শুধুমাত্র অস্তিত্ব টিকাইয়া রাখা, ক্ষুধা নিবারণ করা।

على آخِر رَمَق : মৃত্যুর মুহূর্তে, শেষ মুহূর্তে।

رِمَاق : কুদৃষ্টি।

مُرَمَّق : অপর্যাপ্ত, অভাবগ্রস্ত।

مَرْمُوق : আকাঙ্ক্ষিত; পরিলক্ষিত; লক্ষণীয়; গুরুত্বপূর্ণ; উচ্চ।

رَمَكَ – ُ : (رُمُوك) ~ بِ (কোথাও) থামা।

أَرْمَكَ : (إِرْمَاك) ~ بِ (কোন স্থানে) রাখা।

رُمْكَة : উটের ছাই রং, ধূসর বর্ণ।

رَمَكَة : ঘোটকী; দুর্বল লোক। ব أَرْمَاك، رِمَاك

أَرْمَك : ছাইবর্ণ, ধূসরবর্ণ। স্ত্রী رَمْكَاء ব رُمْك

رَمَلَ – ُ : (رَمْل)، رَمَّلَ، (تَرْمِيل) বালি ছড়াইয়া দেওয়া।

~ – ُ : (رَمَلَان، رَمَل) দ্রুত হাঁটা।

أَرْمَلَ : (إِرْمَال) : تَرَمَّلَ، বিপত্নীক হওয়া; রক্তরঞ্জিত হওয়া বালুকাময় হওয়া, নিঃস্ব হওয়া।

أَرْمَلَتْ : বিধবা হওয়া।

رَمْل : বালি। ব رِمَال

ضَرْبُ الرَّمْل، عِلْمُ الرَّمْلِ : বালুতে রেখা টানিয়া অদৃষ্ট গণনা বিদ্যা, Geomancy.

رَمْلِيّ : বালুকাময়। স্ত্রী رَمْلِيَّة

سَاعَة رَمْلِيَّة : বালির ঘড়ি, Sand glass.

رَمَل : অপর্যাপ্ত বৃষ্টি; আধিক্য; দ্রুত চলন, আরবী কবিতার অন্যতম ছন্দ, তওয়াফের সময়ে স্কন্ধ দুলাইয়া দ্রুত চলন।

رَمْلَة : বালুকাময় ভূমি, বালির গর্ত।

رَمَّال : বালি বিক্রেতা, বালিতে রেখা টানিয়া অদৃষ্ট গণনাকারী।

أَرْمَل : বিপত্নীক। ব أَرَامِل

أَرْمَلَة : বিধবা। ব أَرَامِل، أَرَامِلَة

رَمْلَاء : কালো পা-বিশিষ্ট (সাদাভেড়ী)।

تَرَمُّل : বৈধব্য।

مِرْمَل : ক্ষুদ্র বেড়ি।

مُرْمِل : বালুকাময়; নিঃস্ব।

مِرْمَلَة : লেখার সময় কালি শুকাইবার জন্য ব্যবহৃত বালির পাত্র, Sand-box.

رُمَّان : ডালিম।



www.pathagar.com

رُمَّانَة : একটি ডালিম; ডালিম গাছ; দরজা ইত্যাদির বলের মতো হাতল; গোলাকার স্ফীত অংশ, তুলাদণ্ড।

مَرْمَنَة : ডালিম বাগান।

رَمَى - : (رِمَايَة، رَمْى) নিক্ষেপ করা, ফেলিয়া দেওয়া।

~ إِلَى : লক্ষ্য স্থির করিয়া মারা, উদ্দেশ্য করা।

~ بِ : নিক্ষেপ করা; ছুড়িয়া মারা; অভিযুক্ত করা; দোষ দেওয়া।

~ بَيْن : বিবাদ সৃষ্টি করা।

~ عَنْ : ছিটকাইয়া ফেলা।

رَامَى : (مُرَامَيَة) একত্রে নিক্ষেপ করা; নিক্ষেপের প্রতিযোগিতা করা।

أَرْمَى : (إِرْمَاء) নিক্ষেপ করা, ফেলিয়া দেওয়া, বিতাড়িত করা।

تَرَامَى : একে অপরকে ছুড়িয়া মারা; মাটিতে পড়িয়া যাওয়া; নিজেকে ফেলিয়া দেওয়া; ধাবিত হওয়া, হঠাৎ প্রবেশ করা।

إِرْتَمَى : (إِرْتِمَاء) নিক্ষিপ্ত হওয়া, নিজেকে ফেলিয়া দেওয়া, পড়িয়া যাওয়া।

رَمْى : বড় বড় ফোঁটায় বৃষ্টি বর্ষণকারী ক্ষুদ্রমেঘ। ব رَمَايَا، أَرْمَاء

رَمْى : নিক্ষেপ।

رَمْيَة : নিক্ষেপ।

~ : শিকারের প্রাণী। ব رَمَايَا

رَمْيَة مِنْ غَيْرِ رَامٍ : অপ্রত্যাশিত সাফল্য (প্রবাদ)।

رَامٍ : নিক্ষেপকারী; নিপুণ লক্ষ্যভেদী। ব رُمَاة

الرَّامِى : ধনুরাশি।

مَرْمَى : লক্ষ্য, উদ্দেশ্য, পাল্লা, নাগাল; (ফুটবলের) গোলপোস্ট। ব مَرَامٍ

حَارِس الْمَرْمَى : গোলরক্ষক।

رَنَّ - : (رَنِين) বাজিয়া উঠা, টুং টাং শব্দ করা, টংকার-ধ্বনি করা, প্রতিধ্বনি করা; কাঁদা, বিলাপ করা।

أَرَنَّ (إِرْنَان) إِلَى ~ শ্রবণ করা।

رَنَّنَ : (تَرْنِين) টংকার-ধ্বনি করানো।

رَنِين، رَنَّة : টুংটাং শব্দ; টংকার ধ্বনি; প্রতিধ্বনি; অনুরণন; বিলাপ।

~ : বলগা হরিণ।

رَنَّان : প্রতিধ্বনিকারী; বিলাপকারী।

مُرِنَّة : ধনুক; প্রতিধ্বনিকারী মেঘ।

أَرْنَب : খরগোশ; অলঙ্কার। ব أَرَانِب

أَرْنَبَة : স্ত্রী খরগোশ; (নাকের) ডগা।

مُؤَرْنَب، مُرْنِب : খরগোশবহুল (স্থান)।

رَنْكَة، رَنْجَة : সামুদ্রিক মৎস্যবিশেষ, herring.

رَنَّحَ : (تَرْنِيح) ঝুলানো, টলমল করানো, নোয়ানো।

تَرَنَّحَ : টলমল করা, কম্পিত হওয়া।

إِرْتَنَحَ : (إِرْتِنَاح) টলমল করা।

رُنْح : ঘূর্ণিরোগ।

مُرَنَّح : টলমলে।

مَرْنَحَة : জাহাজের অগ্রভাগ।

مُتَرَنِّح : টলমলে; কম্পমান; আধা-মাতাল।

رَنَخَ - : (رَنْخ) অবসন্ন হওয়া।

رَنَّخَ : (تَرْنِيخ) অবসন্ন করা; বশীভূত করা; সিক্ত করা।

رَنَّخَ : ~ بِ দীর্ঘকাল অবস্থান করা।

تَرَنَّخَ : বৃষ্টিসিক্ত হওয়া।

~ بِ : লাগিয়া থাকা।

رَنْرَحَ : (رَنْرَحَة) (কবিতার) মাত্রা নির্ণয় করা; গাওয়া।

رَنَعَ - : : (رُنُوع) (রং) নষ্ট হওয়া।

رَنَّعَ : (تَرْنِيع) (মাথা) এদিক ওদিক নাড়ানো।

مَرْتَعَة : তৃণক্ষেত্র।

أَرْنَفَ : (إِرْنَاف) দ্রুত হাঁটা।

رَنَف، رَنْف : বন্য উইলো গাছ।

رَانِفَة : জামার আস্তিন বা নাসিকার প্রান্ত। ব رَوَانِف



www.pathagar.com

رَنَقَ ـُ : (رُنُوق، رَنْق) ـَ رَنِقَ، (رَنَّق) تَرَنَّقَ، (পানি) ঘোলা হওয়া।

رَنَّقَ : (تَرْنِيق) (পানি) ঘোলা করা; বিতাড়িত করা; চক্ষু জড়াইয়া আনা (ঘুম); (পাখি) ডানা ঝাপটানো; (দৃষ্টি) অস্পষ্ট হওয়া; (মন) বিষণ্ণ হওয়া; (শরীর) দুর্বল হওয়া।

~ بِ : দীর্ঘকাল অবস্থান করা, লাগিয়া থাকা, থামা।

~ نحو : তাকানো।

رَنَّقَ النَّظَرَ إِلَى : অনেকক্ষণ ধরিয়া তাকাইয়া থাকা।

أَرْنَقَ : (إِرْنَاق) (পতাকা) পত্‌পত্‌ করিয়া উড়া, আন্দোলিত হওয়া; আন্দোলিত করা।

رَنْق، رَنِق : ঘোলা (পানি)।

رَنْقَة : ঘোলা পানি। ব رَيَانِق

رَنْقَاء : ডিমে তা দিতেছে এমন (মুরগি); অনুর্বর ভূমি। ব رَنْقَاوَات

رَوْنَق : উজ্জ্বলতা, দীপ্তি; সৌন্দর্য।

رَنْكَة : সামুদ্রিক মৎস্যবিশেষ, herring.

رَنَمَ ـَ : (رَنِيم) গান গাওয়া।

رَنَّمَ، تَرَنَّمَ : (تَرْنِيم) গাওয়া, সুর করিয়া আবৃত্তি করা; গান গাওয়া, (ধনুক) টংকার ধ্বনি করা।

رَنَم، رَنْمَة، تَرْنُومَة : সুরেলা আওয়াজ, কম্পিত স্বর; ঘণ্টাধ্বনি।

تَرْنِيمَة : গান, সঙ্গীত; স্তব। ব تَرَانِيم

رَنَا ـُ : (رُنُوّ) تَرَنَّى، ~ لِ، إِلَى তাকানো।

~ عَنْ : উপেক্ষা করা, অবহেলা করা।

رَنَّى، أَرْنَى : আনন্দিত করা, উৎফুল্ল করা।

رَانَى : (مُرَانَيَة) সৌন্দর্যে সমান হওয়া; তোষামোদ করা।

رَنًا : আকর্ষণীয় সৌন্দর্য।

رُنَاء : শব্দ; আনন্দ।

رَهِبَ ـَ : (رَهْبَة، رُهْب، رَهَب) ভয় করা; ভয় পাওয়া; ভীত হওয়া।

رَهَّبَ : (تَرْهِيب) ভীতি প্রদর্শন করা।

أَرْهَبَ : (إِرْهَاب) ভীতি প্রদর্শন করা, ভয় দেখাইয়া বাধ্য করা; কৃশ উষ্ট্রে আরোহণ করা; আস্তিন লম্বা হওয়া।

~ عَنْ : (উটকে) পানি পান হইতে বিরত রাখা।

تَرَهَّبَ : ভীতি প্রদর্শন করা, সন্ন্যাসী হওয়া।

تَرَهْبَنَ : সন্ন্যাসী হওয়া।

رَهَب : জামার আস্তিন।

رَهْبَة، رُهْبَى : ভয়।

رَاهِب : খ্রিস্টান সন্ন্যাসী; সিংহ। ব رُهْبَان

رَاهِبَة : সন্ন্যাসিনী। ব رَوَاهِب، رَاهِبَات

رَهِيب، مَرْهُوب : ভীত; ভয়ংকর, ভয়ানক, ভীতিজনক।

رَهْبَانِيّ، رُهْبَانِيّ : সন্ন্যাসী; সন্ন্যাসবাদী।

رَهْبَانِيَّة، رَهْبَنَة، تَرَهُّب : সন্ন্যাসবাদ, সন্ন্যাসী-জীবন, সন্ন্যাসধর্ম।

رَهَبُوت : আতঙ্ক, ভয়, সন্ত্রাস।

إِرْهَاب : ভীতিপ্রদর্শন; সন্ত্রাস, সন্ত্রাসবাদ।

إِرْهَابِيّ : সন্ত্রাসমূলক; সন্ত্রাসবাদী।

إِرْهَابِيَّة : সন্ত্রাসবাদ।

تَرْهِيب : ভীতি প্রদর্শন।

أَرْهَجَ : (إِرْهَاج) ধূলি উড়ানো; (আকাশ) বর্ষণোপক্রম হওয়া।

~ بَيْنَ : বিবাদ লাগানো।

رَهْج، رَهَج : ধূলি; বৃষ্টিহীন মেঘ; দাঙ্গা, বিবাদ।

رَهَدَ ـَ : (رَهْد) চূর্ণ করা।

رَهَادَة : জীবন-মাধুর্য।

رُهُودِيَّة : দয়া; ভদ্রতা।

رَهِيد : কোমল, মধুর, সুন্দর।

مَرْهُود : চঞ্চল, অস্থির, দ্বিধাগ্রস্ত।

رَهَسَ ـَ : (رَهْس) পদদলিত করা।

تَرَهَّسَ : ধাক্কা খাওয়া, ঝাঁকুনি খাওয়া, আন্দোলিত হওয়া।

اِرْتَهَسَ : (اِرْتِهَاس) (উপত্যকা) প্লাবিত হওয়া; ঠাসাঠাসি করা; জড়ো হওয়া।



www.pathagar.com

تَرَهَّشَ : দানশীল হওয়া; (উষ্ট্রী) অধিক দুধ দেওয়া।

اِرْتَهَشَ : (اِرْتِهَاش) ঢিলা হওয়া; কম্পিত হওয়া, শিহরিত হওয়া; মিলিত হওয়া; গৃহযুদ্ধে লিপ্ত হওয়া।

رُهْشَة : বদান্যতা; অংশ।

رَهِيش : খুরের আঘাত; দুর্বল; পাতলা; কৃশ; সূক্ষ্ম ধূলি।

رَاهِشَة، رَاهِش : বাহুর আভ্যন্তরীণ দিকের ধমনী। ব رَوَاهِش

رَهْصَة : (ঘোড়ার) পায়ের তলার আঘাত।

مَرْهُوص، رَهِيص : পায়ের তলায় আঘাতপ্রাপ্ত (ঘোড়া)।

رَوَاهِص : পদতল আহতকারী প্রস্তরখণ্ড, শক্ত পাথর।

مَرْهَصَة : পদমর্যাদা। ব مَرَاحِصُ

رَهَطَ : ـَ (رَهْط) গোগ্রাসে গেলা।

رَهْط : তিন হইতে অনধিক দশ সংখ্যক পুরুষের দল; শত্রু; ব্যক্তি। ব أَرَاهِيط، أَرَاهِط، أَرْهَاط، أَرْهُط

~ : কৌপীন, কটিবস্ত্র; কুমারীর কটিবন্ধ। ব رِهَاط

رَاهِطَاء، رُهَطَاء، رُهْطَة : ছুঁচার গর্ত। ব رَهَاطَى

رِهَاط : গৃহের আসবাবপত্র।

رَهَفَ : ـَ (رَهْف) পাতলা করা, ধারালো করা।

رَهُفَ : ـُ (رَهَافَة) পাতলা হওয়া, ধারালো হওয়া।

أَرْهَفَ : (إِرْهَاف) পাতলা করা, ধারালো করা।

~ بِـ : পূর্বপ্রস্তুতি ব্যতীত (কথা) বলা।

أَرْهَفَ السَّمْعَ، أَرْهَفَ الأُذُنَ : মনোযোগ সহকারে শ্রবণ করা।

رَهِف : পাতলা।

مُرْهَف، رَهِيف : পাতলা; কৃশ; ধারালো।

رَهِقَ : ـَ (رَهَق) বোকা হওয়া; মিথ্যা বলা; পাপী হওয়া, অধার্মিক হওয়া; নাগাল ধরা।

رَهَّقَ : (تَرْهِيق) অভিযুক্ত করা।

رَاهَقَ : (مُرَاهَقَة) (বালক) বয়ঃপ্রাপ্তির নিকটবর্তী হওয়া।

أَرْهَقَ : (إِرْهَاق) অন্যায় আচরণ করা; অত্যাচার করা; চাপাইয়া দেওয়া; সহ্য করা, বিরত রাখা; বিলম্বিত করা।

رَهَق : বিদ্বেষ; অভিযোগ; নিন্দা।

مُرْهِق : কষ্টদায়ক।

مُرَهَّق : চঞ্চল; উদার; দুষ্ট।

مُرَاهِق : বয়ঃসন্ধিতে উপনীত।

رَهَكَ : ـَ (رَهْك) চূর্ণ করা, পিষ্ট করা।

~ بِـ : বাস করা, অবস্থান করা।

رَهْكَة : দুর্বলতা।

رَهِلَ : ـَ (رَهَل)، تَرَهَّلَ কোমল হওয়া, থলথলে হওয়া, মোটা হওয়া, স্ফীত হওয়া।

أَرْهَلَ، رَهَّلَ : (إِرْهَال، تَرْهِيل) অবসন্ন করা।

مُتَرَهِّل، رَهِل : কোমল, দুর্বল, শিথিল, থলথলে।

أَرْهَمَ : (إِرْهَام) গুঁড়িগুঁড়ি বৃষ্টিবর্ষণ করা (আকাশ)।

رِهْمَة : গুঁড়িগুঁড়ি বৃষ্টি, হালকা বৃষ্টি। ব رِهَام، رِهَم

مَرْهَم : মলম; ক্রীম; প্রলেপ; প্লাস্টার। ব مَرَاهِم

رَهَنَ : ـَ (رَهْن) বন্ধক রাখা; জামানত রাখা।

رَاهَنَ : (مُرَاهَنَة) বাজি রাখা; বাজি ধরা; প্রতিযোগিতা করা।

أَرْهَنَ : (إِرْهَان) বন্ধক রাখা, জামানত রাখা; দুর্বল করা; অগ্রিম পরিশোধ করা; সদা প্রস্তুত রাখা।

تَرَاهَنَ : একত্রে বাজি রাখা।

اِرْتَهَنَ : (اِرْتِهَان) বন্ধক লওয়া, বন্ধকরূপে গ্রহণ করা; বন্ধক রাখা।

~ بِـ : শর্তাধীন করা।

اِسْتَرْهَنَ : (اِسْتِرْهَان) বন্ধক চাওয়া, জামানত চাওয়া।



www.pathagar.com

رَهْن : বন্ধক, পণ, জামানত; জামিন; ভোগদখল। ব رُهُونَات، رُهُون، رِهَان

رَاهِن : বন্ধকদাতা; স্থায়ী, স্থির, প্রতিষ্ঠিত; বর্তমান; প্রকৃত, বাস্তব; প্রস্তুত (খাদ্য); কৃশ; দ্রুত।

الحَالَة الرَّاهِنَة : বর্তমান অবস্থা।

الوَضْعُ الرَّاهِن : বর্তমান পরিস্থিতি।

مُرَاهَنَة، رِهَان : বাজি; প্রতিযোগিতা।

مُرْتَهَن، مَرْهُون، رَهِين : বন্ধকরূপে প্রদত্ত; জামানত স্বরূপ রক্ষিত (বস্ত্র ইত্যাদি), জামানত।

~ بِ : দায়ী, কৈফিয়ত দিতে বাধ্য; জামিন, জামিনদার, শর্তাধীন।

رَهِينَة : বন্ধক, গচ্ছিত বস্তু, পণ; জামানত; দায়বদ্ধ। ব رَهَائِن

مَرْهَن : বন্ধকী কারবারের দোকান। ব مَرَاهِن

مُسْتَرْهِن، مُرْتَهِن : যাহার নিকট বন্ধক রাখা হয়, বন্ধক-গ্রহীতা।

رَهْنَامَج : (ফা) নৌ-চলাচলের মানচিত্র, Marine-chart.

رَهَا : ـُ (رَهْو) (ঘোড়া) কদমে চলা; শান্তভাবে চলা।

رَاهَى : (مُرَاهَاة) নিকটবর্তী হওয়া; একমত হওয়া।

أَرْهَى : (إِرْهَاء) প্রশস্ত জায়গায় আসা।

تَرَاهَى : পুনরায় বন্ধুত্ব স্থাপন করা।

إِرْتَهَى : (إِرْتِهَاء) একত্রে মিশ্রিত হওয়া; মণ্ড প্রস্তুত করা।

رَهْو : সারস (পাখি); জনতা; উচ্চ চতুষ্পার্শ্ববিশিষ্ট নিরাপদ ভূমি। ব رِهَاء

~, رَهْوَة : টিলা।

رَهْوًا : একের পর এক।

رَهِيَّة : চূর্ণ গম ও দুধের তৈরি মণ্ড।

رَاهٍ : স্বচ্ছন্দ (জীবন)।

رَاهِيَة : মৌমাছি।

رَهْوَنَ، تَرَهْوَنَ : (رَهْوَنَة) (ঘোড়া) কদমে চলা।

رَهْوَان : যে ঘোড়া কদমে চলে।

رَابَ : ـُ (رَوْب) (দুধ) দধি বা ছানায় পরিণত হওয়া; হতবুদ্ধি হওয়া।

رَوَّبَ، أَرَابَ : (إِرَابَة، تَرْوِيب) (দুধকে) দধি বা ছানায় পরিণত করা।

رَاب : পরিমাণ।

رَوْب : দধি, ছানা।

رَوْبَة : (দুধের) দম্বল, দধিবীজ, rennet; জীবিকা।

رُوبَة : অভাব; স্বচ্ছন্দ জীবন; রাত্রির অংশ; গোশতের টুকরা; উর্বর ভূমি।

مُرَوَّب، رَائِب : দধি বা ছানায় পরিণত (দুধ)।

مِرْوَبَة، مِرْوَب : মন্থন-পাত্র, churn.

تَرَوْبُص، رَوْبَصَة : ঘুমের ঘোরে ভ্রমণ, স্বপ্নচারিতা।

رُوبِل : রুবল, Ruble.

رُوبِيَّة : রুপী, Rupee.

رَاثَ : ـُ (رَوْث) (পশু) মলত্যাগ করা।

رَوْث : পশুর মল। ব أَرْوَاث

رَاجَ : ـُ (رَوَاج) ছড়াইয়া পড়া; চালু হওয়া, প্রচলিত হওয়া; (পণ্যদ্রব্য) ভাল বিক্রয় হওয়া, চাহিদা পূর্ণ হওয়া; (বাজার) মেলা, কর্মচঞ্চল হওয়া; গতিশীল হওয়া; (খাদ্য) প্রস্তুত হওয়া।

رَوَّجَ : (تَرْوِيج) ছড়াইয়া দেওয়া, চালু করা; ত্বরান্বিত করা; প্রচার করা; গতিশীল করা।

مُرَوَّج، رَائِج : চালু; প্রচলিত; বিক্রয়যোগ্য; চাহিদাপূর্ণ; কর্মচঞ্চল।

رَوَاج : প্রচলন, রেওয়াজ, প্রচার; চাহিদা।

مُرَوِّج : (পণ্যদ্রব্যের) প্রচারকারী, Canvasser; প্রবর্তক, উদ্যোক্তা।

رَاحَ : ـُ (رَوَاح) সন্ধ্যায় গমন করা; চলিয়া যাওয়া; মরিয়া যাওয়া; উপক্রম হওয়া; আরম্ভ করা, করিতে উদ্যত হওয়া।

رَاحَ لِلْمَعْرُوف : কল্যাণে অগ্রসর হওয়া।

رَوِحَ : ـَ (رَوَح) প্রশস্ত হওয়া, বড় হওয়া।



www.pathagar.com

رَوَّحَ (تَرْوِيْح) : আরাম দেওয়া; বিশ্রাম দেওয়া, বিনোদনের ব্যবস্থা করা; সতেজ করা, প্রফুল্ল করা; বাতাস দেওয়া; বাড়ি যাওয়া; সন্ধ্যায় দেখা করা, তারাবীর নামায পড়া।

~ ب : তারাবীর নামায পড়ানো।

رَوَّحَ عَنْ نَفْسِه : আমোদ-প্রমোদ করা।

رَيَّحَ : শান্ত করা; বিশ্রাম দেওয়া।

رَاوَحَ (مُرَاوَحَة) : সন্ধ্যায় গমন করা।

~ بَيْن : পরস্পর আদান প্রদান করা, পারস্পরিক প্রতিদান দেওয়া, পালাক্রমে করা।

أَرَاحَ (إِرَاحَة) : বিশ্রাম দেওয়া, আরাম দেওয়া; শ্বাস লওয়া; বিশ্রাম গ্রহণ করা, মরিয়া যাওয়া; অবতরণ করা।

أَرْوَحَ : দুর্গন্ধ ছড়ানো।

تَرَوَّحَ : (গাছ) বর্ধিত হওয়া; পল্লবিত হওয়া; সন্ধ্যায় গমন করা; বাতাস করা; দুর্গন্ধ ছড়ানো।

تَرَاوَحَ : উঠা-নামা করা; অদল-বদল করিয়া করা।

إِرْتَاحَ (إِرْتِيَاح) : প্রফুল্ল হওয়া; আনন্দ পাওয়া, বিশ্রাম গ্রহণ করা।

~ لِ، إِلَى : সন্তুষ্ট হওয়া, আনন্দিত হওয়া, খুশি হওয়া; পছন্দ করা।

إِسْتَرَاحَ (إِسْتِرَاحَة) : বিশ্রাম করা, বিশ্রাম গ্রহণ করা, বিশ্রাম পাওয়া; শান্ত হওয়া।

~ إِلَى : নির্ভর করা, আনন্দিত হওয়া, খুশি হওয়া।

~ مِنْ : মুক্তি পাওয়া, অব্যাহতি পাওয়া।

رَاح : মদ; আনন্দ; প্রফুল্লতা।

رَاحَة : আরাম; শান্তি; অবকাশ, ছুটি; বিশ্রাম; বিনোদন, আনন্দ।

رَاحَة : হাতের তালু, হাত। ব رَاح، رَاحَات

بِكُلِّ رَاحَة، بِالرَّاحَة : আরামে, সহজে, অনায়াসে।

بَيْت الرَّاحَة : শৌচাগার, পায়খানা।

رَاحَةُ الحُلْقُوم : টার্কিশ ডিলাইট, Turkish delight.

رَوْح : বিশ্রাম, আনন্দ; বিজয়।

رَوْحَة : সান্ধ্যভ্রমণ।

رُوح : (পু; স্ত্রী) জীবন, প্রাণ, প্রাণশক্তি; আত্মা; আল-কুরআন, উৎসাহ। ব أَرْوَاح

الرُّوحُ القُدُس، رُوْح القُدُس، الرُّوْح الأَمِين জিবরাঈল (আ)।

الرُّوحُ الأَعْظَم : পরমাত্মা, মহান আল্লাহ।

رُوح الله : ঈসা (আ)।

ثَقِيلُ الرُّوح : বিষণ্ণ, নিরানন্দ।

~ خَفِيف : প্রফুল্ল, প্রাণবন্ত।

~ طَوِيل : অতিসহিষ্ণু।

رُوحَانِي، رُوحِيّ : আত্মিক, আধ্যাত্মিক; অশরীরী; পবিত্র।

رُوحِيَّة : আধ্যাত্মিকতা; মানসিকতা।

~ مَشْرُوبَات : সুরাজাতীয় পানীয়।

رُوحَانِيَّة : আধ্যাত্মিকতা।

رَوَاح : সন্ধ্যা, বিকাল; গমন, রওয়ানাকরণ।

رِيح : বায়ু, পাকস্থলীর বায়ু; শ্বাস, গন্ধ, ঘ্রাণ; ক্ষমতা, বিজয়; দয়া। ব أَرْيَاح، أَرْوَاح، رِيَاح

أَبُو رِيَاح : কাকতাড়ুয়া।

دَوَّارَة الرِيح : বায়ুমান যন্ত্র।

أَخْرَجَ رِيحًا : (إِخْرَاج) বাতকর্ম করা।

رِيحَة : ঘ্রাণ, গন্ধ, বায়ু।

رَيِّح : বায়ুময়, windy; শীতল।

رَيَّاح : প্রধান খাল, ফীডার, feeder.

رَائِحَة : ঘ্রাণ, গন্ধ; সুগন্ধ; সান্ধ্যবৃষ্টি। ব رَوَائِح

رَيْحَان : সুগন্ধিগুল্ম; তুলসী গাছ। ব رَيَاحِين

رَيْحَانَة : শস্য-ফুল; ভাল মেয়েলোক।

أَرْيَحِيّ : উদার, মহানুভব; প্রফুল্ল।

أَرْيَحِيَّة : উদারতা, মহানুভবতা; প্রফুল্লতা।

إِرَاحَة : যন্ত্রণালাঘব; আরামদান; বিশ্রামদান।

إِرْتِيَاح : সন্তোষ, আনন্দ।

إِسْتِرَاحَة : আরাম, বিশ্রাম, বিনোদন, অবকাশ; বিশ্রামাগার, রেস্ট হাউস, ওয়েটিংরুম।



www.pathagar.com

تَرْوِيح : আরামদান, বিশ্রামদান; বাতাসকরণ; প্রমোদ।

~ : আরাম, বিশ্রাম। ব تَرَاوِيح

تَرْوِيح النَّفْسِ، تَرْوِيح الْقَلْبِ : চিত্তবিনোদন।

صَلاَة التَّرَاوِيح : তারাবীর নামায।

تَرْوِيحَة : পদব্রজে ভ্রমণ।

مَرَاح : আরম্ভস্থল, প্রত্যাবর্তনস্থল; সান্ধ্যভ্রমণস্থল।

مُرَاح : আস্তাবল; চারণক্ষেত্র।

مِرْوَحَة، مِرْوَح : পাখা, ভেন্টিলেটার। ব مَرَاوِح

مِرْوَحَة السَّقْف : সিলিং পাখা।

مُرِيح : আনন্দদায়ক; সন্তোষজনক; সুখকর, আরামদায়ক; বায়ুপূর্ণ।

مُرْتَاح : বিশ্রামরত, স্বচ্ছন্দ; শান্ত; আনন্দিত, সন্তুষ্ট।

مُرْتَاح الْبَال : প্রশান্তচিত্ত।

مُسْتَرَاح : বিশ্রামস্থল; পায়খানা, টয়লেট।

مُسْتَرِيح : বিশ্রামরত; স্বাচ্ছন্দ্য, শান্ত।

رَادَ ـُ : (رَوْد) চাওয়া; অনুসন্ধান করা; প্রদক্ষিণ করা; খাদ্যের তালাশে যাওয়া।

رَوَّدَ : (تَرْوِيد) খাদ্যের জন্য প্রেরণ করা।

رَاوَدَ : (مُرَاوَدَة) প্রতারণা করা; ফুসলাইয়া নেওয়া, অন্যায়ে প্ররোচিত করা।

رَاوَدَ عَنِ النَّفْسِ : কুকর্মে প্রলুব্ধ করা।

أَرَادَ : (إِرَادَة) ইচ্ছা করা, কামনা করা; চাওয়া; পছন্দ করা।

أَرَادَ أَوْ لَمْ يُرِد : ইচ্ছায় কিংবা অনিচ্ছায়।

إِرْتَادَ : (إِرْتِيَاد) চাওয়া, দাবি করা, কঠোর চেষ্টা করা।

إِسْتَرَادَ : (إِسْتِرَادَة) পাইতে চাওয়া, আকাঙ্ক্ষা করা; অনুগত হওয়া।

رِيَادَة، رَوْد : অনুসন্ধান।

رُوَيْدًا : আস্তে, ধীরে, শান্তভাবে।

رَائِد : অনুসন্ধানকারী, গোয়েন্দা; অগ্রদূত, নেতা; পথপ্রদর্শনকারী; স্কাউট; মেজর। ব رُوَّاد، رَادَة

إِرَادَة : ইচ্ছা, পছন্দ, কামনা।

بِحَسْبِ الإِرَادَة : স্বেচ্ছায়।

إِرَادِي : স্বেচ্ছামূলক।

إِرْتِيَاد : ভ্রমণ, অনুসন্ধান।

مُرَاد : ঈপ্সিত; উদ্দেশ্য; ইচ্ছা, কামনা।

مِرْوَد : (চোখে) সুরমা লাগাইবার কাঠি; ঘূর্ণন-কীলক, Pivot. অক্ষ।

مُرِيد : ইচ্ছুক; প্রার্থী; অনুসারী, শিষ্য, ভক্ত।

مُسْتَرَاد، مُرْتَاد : ঈপ্সিত লক্ষ্য; কাম্যবস্তু।

رُودِيسِيَا : রোডেসিয়া।

رَاذَ ـُ : (رَوْذ) এদিক ওদিক যাওয়া।

رَازَ ـُ : (رَوْز) ওজন করা; পরীক্ষা করা; বিবেচনা করা; চাওয়া, কামনা করা; উন্নত করা।

رَوَّزَ : (تَرْوِيز) আনুমানিক হিসাব করা।

رَاز : প্রধান স্থপতি; রাজমিস্ত্রি। ব رَازَة

رِيَازَة : স্থাপত্য-বিদ্যা, রাজমিস্ত্রির কাজ।

رُوزْنَامَة : (ফা) পঞ্জিকা, বর্ষপঞ্জী; পেনশন অফিস।

رَاسَ ـُ : (رَوْس) গর্বভরে চলা; অতিভোজন করা।

رَوَّسَ : (تَرْوِيس) সুঁচালো করা, ধারালো করা; শিরোনাম দেওয়া।

تَرْوِيسَة : শিরোনাম।

رُوسِيَا : রাশিয়া।

الرُّوسِيَّة : রুশ ভাষা।

رَوْشَن : চিলেকোঠার জানালা; উঁকি দেওয়ার ছিদ্র। ব رَوَاشِن

رَاضَ ـُ : (رِيَاضَة، رَوْض) رَوَّضَ، تَرْوِيض : পোষ মানানো; প্রশিক্ষণ দেওয়া।

رَاوَضَ : (مُرَاوَضَة) তোষামোদ করা; বশ মানাইবার চেষ্টা করা, মিষ্ট কথায় ভুলানো।



www.pathagar.com

أَرَاضَ : (إِرَاضَة) তৃষ্ণা নিবৃত্ত করা।

تَرَوَّضَ : অনুশীলন করা।

تَرَيَّضَ : বিনোদন-ভ্রমণ করা, ব্যায়াম করা; প্রশিক্ষণ লাভ করা।

تَرَاوَضَ : প্রতিযোগিতা করা; দর-কষাকষি করা।

إِرْتَاضَ : (إِرْتِيَاض) প্রশিক্ষণপ্রাপ্ত হওয়া, পোষ মানা, বশীভূত হওয়া।

إِسْتَرَاضَ : (إِسْتِرَاضَة) (স্থান) প্রশস্ত হওয়া, আনন্দিত হওয়া, প্রফুল্ল হওয়া।

رَوْض : তৃণক্ষেত্র।

رَوْضَة : বাগান, তৃণক্ষেত্র। ব رَوْضَات، رِيَاض، رَوْض

رَوْضَةُ الأَطْفَال : কিন্ডারগার্টেন, নার্সারি স্কুল।

رَيِّض : অবশীভূত, পোষ না-মানা।

الرِّيَاض : রিয়াদ।

رِيَاضَة : ব্যায়াম; শারীরিক প্রশিক্ষণ, খেলাধুলা, শরীরচর্চা, অনুশীলন; সুস্বাস্থ্য; আধ্যাত্মিক সাধনা।

الرِّيَاضِيَّات : গণিতশাস্ত্র।

رِيَاضِيّ : গণিতশাস্ত্র সম্বন্ধীয়; গণিতশাস্ত্রবিদ, ক্রীড়াবিদ, খেলোয়াড়, খেলাধুলা সংক্রান্ত।

الأَلْعَاب الرِّيَاضِيَّة : খেলাধুলা; শরীরচর্চা।

تَرْوِيض : খেলাধুলা।

رَاعَ : ـُ (رَوْع) : ~ مِنْ ভয় পাওয়া, ভীত হওয়া।

~، رَوَّعَ، أَرَاعَ : (إِرَاعَة، تَرْوِيع) ভয় দেখানো, ভীত করা, মুগ্ধ করা, উত্তেজিত করা; আনন্দিত করা।

تَرَوَّعَ، إِرْتَاعَ : ~ مِنْ ভয় পাওয়া, ভীত হওয়া।

رَوْع، إِرْتِيَاع : ভয়, আতঙ্ক।

~ : যুদ্ধ।

رَوْعَة : ভয়; বিস্ময়, হতবুদ্ধিতা; সৌন্দর্য, আড়ম্বর, জাঁকজমক; উত্তেজনা।

رُوع : অন্তর, হৃদয়।

رَوَع : সৌন্দর্য; আড়ম্বর, জাঁকজমক।

رَائِع : অদ্ভুত, বিস্ময়কর; চমৎকার; মুগ্ধকর, ভয়ঙ্কর।

رَائِعَة : ভয়ানক বা বিস্ময়কর বস্তু। ব رَوَائِع

فِي رَابِعَةِ النَّهَارِ : প্রকাশ্য দিবালোকে।

مُرِيع، مُرَوِّع : ভয়ানক, ভয়ঙ্কর, ভীতিজনক।

مُرْتَاع، مُرَوَّع : ভীত, সন্ত্রস্ত, আতঙ্কগ্রস্ত।

رَاغَ : ـُ (رَوَغَان، رَوْغ) ফিরিয়া যাওয়া, বিপথে গমন করা; শঠতার সহিত দ্রুতগতিতে এদিক ওদিক দৌড়ানো, হঠাৎ পাশ কাটাইয়া যাওয়া, কৌশলে এড়াইয়া যাওয়া।

~ إِلَى : চলিয়া যাওয়া, রওয়ানা করা; চুপিসারে ঝুঁকিয়া পড়া।

رَوَّغَ : (تَرْوِيغ) মিশ্রিত করা।

رَاوَغَ : (مُرَاوَغَة) ঠকানো, প্রতারণা করা, পাশ কাটাইয়া যাওয়া; হীন কৌশল ব্যবহার করা; আক্রমণ করা; প্রলুব্ধ করা।

رَاوَغَ فِي الْكَلَامِ : বাকচাতুরী করা, দ্ব্যর্থবোধক বাক্য ব্যবহার করা।

أَرَاغَ، إِرْتَاغَ : (إِرْتِيَاغ، إِرَاغَة) চাওয়া, কামনা করা।

تَرَوَّغَ : (পশু) গড়াগড়ি দেওয়া।

رَوَاغ، رُوَيْغَة : কৌশল, ছল; ধূর্ততা।

رَوَّاغ : ধূর্ত, কুশলী; শৃগাল।

رَوَغَان، مُرَاوَغَة : প্রতারণা, ছল-চাতুরী।

مُرَاوِغ : বাক-চতুর।

رَافَ : ـُ (رَوْف) নিশ্চল হওয়া।

رَاقَ : ـُ (رَوْق) পরিষ্কার হওয়া, স্বচ্ছ হওয়া, খাঁটি হওয়া; বিস্ময় জাগ্রত করা; আনন্দিত করা, মুগ্ধ করা।

~ عَلَى : উৎকর্ষে ছাপাইয়া যাওয়া, শ্রেষ্ঠ হওয়া।

رَوَّقَ : (تَرْوِيق) স্বচ্ছ করা; খাঁটি করা; পরিস্রুত করা।

رَوَّقَ الْبِضَاعَةَ : সম্যক পণ্য বিক্রয় করা, বিক্রয় করিয়া স্টক খালি করা।



www.pathagar.com

أَرَاقَ : (إِرَاقَة) ঢালিয়া দেওয়া, প্রবাহিত করা।

تَرَوَّقَ : ভোরের নাশতা গ্রহণ করা, প্রাতরাশ গ্রহণ করা।

رَاقَ : স্তর। ব رَاقَات

رَوْق : দরদালান, বারান্দা; শিং; গ্যালারি; পর্দা; জীবন; খাঁটিপ্রেম, স্বচ্ছপানি; রাত্রির প্রারম্ভ; প্রধান; মানব-দেহ। ব أَرْوَاق

رَوْقَة : পরম সৌন্দর্য।

رُوقَة : সুন্দর, চমৎকার।

رِوَاق : হলঘর।

رُوَاق : বারান্দা, দরদালান; পর্দা; তাঁবু; উন্মুক্ত গ্যালারি; ভ্রূ। ব أَرْوِقَة

رِوَاقِيّ : দার্শনিক জেনোর শিষ্য, সুখ-দুঃখে উদাসীন।

رِوَاقِيَّة : জেনোর (দার্শনিক) মতবাদ।

رَاوُوق : ছাঁকনদার, শোধনকারী, পরিস্রাবক; ছাঁকনি।

رَائِق : পরিষ্কার, স্বচ্ছ; খাঁটি; নির্মল।

تَرْوِيقَة : প্রাতরাশ, ভোরের নাশতা।

مُرَوِّق : শোধনকারী, পরিস্রাবক।

مُرَوَّق : দরদালানযুক্ত, বারান্দাবিশিষ্ট (ভবন); পরিস্রুত, শোধিত।

رُوك : সাধারণ।

مَال الرُّوك : সরকারি সম্পত্তি।

رَوْكَاء : প্রতিধ্বনি, শব্দের অনুরণন।

رَوَّلَ : (تَرْوِيل) লালা পড়া।

رُوَال : লালা।

رَامَ ـُ : (مَرَام، رَوْم) কামনা করা, চাওয়া।

رَوَّمَ، تَرْوِيم : অপেক্ষা করানো; কামনা করানো, আগ্রহী করা।

مَرَام، رَوْم : ইচ্ছা, কামনা, উদ্দেশ্য।

~ : কানের লতি।

رُوم : রোমান, গ্রীক (বি)। ব رُومَان، أَرْوَام

بَحْرُ الرُّوم : ভূমধ্যসাগর।

رُومَة، رُومَا : রোম।

رُومَانِيّ، رُومِيّ : রোমান, গ্রীক (বিণ)।

رُومِيَّة : আড়া, বিম (beam)। ব رَوَامِيّ

رُومَانِيَا : রুমানিয়া।

رُومَانْسِي، رُومَنْطِيقِيّ، رُومَانْتِيكِي : রোমান্টিক (Romantic).

رُومَانْسِيَّة، رُومَنْطِيقِيَّة، رُومَانْتِيكِيَة : রোমান্টিসিজম Romanticism.

رُومِس : ভেলা।

رُون : দুর্ভাগ্য। ব رُؤُون

رُونَة : প্রধান অংশ।

رَاوَنْد، رِوَنْد : রেউচিনি গাছ।

رَاوَنْدِيَّة : খোরাসানের অধিবাসী একটি দল, যারা আব্বাসীয়দের প্রতি পৃথিবীর অধিশ্বর রূপে শ্রদ্ধা পোষণ করত।

راه ـُ : (رُوَاه، رَوْه) (পানি) তরঙ্গায়িত হওয়া।

رَوَى ـِ : (رِوَايَة) বর্ণনা করা; বহন করা।

~ عَنْ : উদ্ধৃত করা।

رَوَّى، أَرْوَى : (إِرْوَاء، تَرْوِيَة) পানি দেওয়া, সিক্ত করা, তৃষ্ণা নিবারণ করা।

رَوِيَ ـَ : (رِيّ) পানে তৃপ্ত হওয়া; পানি সিঞ্চিত হওয়া, সিক্ত হওয়া।

تَرَوَّى : পানে তৃপ্ত হওয়া; গভীরভাবে চিন্তা করা, বিবেচনা করা; লাভ করা, বর্ণনা করা।

إِرْتَوَى : (إِرْتِوَاء) পানি সিঞ্চিত হওয়া, পানে তৃপ্ত হওয়া, সুপেয় পানি লাভ করা, সিক্ত হওয়া; লাভ করা; শক্ত হওয়া।

رِوًى : প্রচুর পানি।

رَوِيّ : প্রচুর (পানি); তৃষ্ণা নিবারক; বড় বড় ফোঁটায় বৃষ্টি বর্ষণকারী (মেঘ); (কবিতায়) অন্ত্যমিলের বর্ণ মিল।



www.pathagar.com

رَوِيَّة : প্রয়োজন, গভীর চিন্তা; বিবেচনা; ঋণের অবশিষ্টাংশ।

رَوَاء : টাটকা পানি, মিষ্ট পানি।

رِوَاء : বোঝা বাঁধিবার দড়ি। ব أَرْوِيَة ব مَرَاوٍ ব مِرْوًى

رُوَاء : চেহারার সৌন্দর্য, কমনীয়তা।

رِوَايَة : বর্ণনা; ঘটনা; গুজব; গল্প; কাহিনী; বিবরণ; উপন্যাস; নাটক; চলচ্চিত্র।

رِوَايَة بُولِيسِيَّة : ডিটেকটিভ গল্প, রহস্যোপন্যাস।

~ تَمْثِيلِيَّة : নাটক।

~ خَيَالِيَّة : উপন্যাস।

رِوَايَة هَزْلِيَّة ,~ مُضْحِكَة : হাস্যরসাত্মক নাটক, Comedy, কমেডি।

~ مُحْزِنَة : দুঃখজনক ঘটনা, বিয়োগান্ত নাটক, ট্রাজেডি।

رِوَائِيّ : ঔপন্যাসিক, নাট্যকার; লেখক।

رَاوٍ : রাবী, বর্ণনাকারী। ব رُوَاة، رَاوِيَة ব رَوَايَا

رَاوِيَة : পানি বহনকারী পশু। ব رَوَايَا

رَيّ : সেঁচ, সিঞ্চন।

الرَّيّ : ইরানের একটি প্রাচীন শহর, উরওয়া ইবন যায়দ ৬৪০ খ্রিষ্টাব্দে ইহা জয় করেন। আব্বাসী খলীফা হারুনুর রশীদ এখানে জন্মগ্রহণ করেন। নিসবত : رَازِي ।

رَيَّا : সুগন্ধ।

رِيّ : সুদর্শন চেহারা।

رِئَة : ফুসফুস।

رَايَة : পতাকা, ব্যানার। ব رَايَات

رَيَّان : পানিপানে পরিতৃপ্ত, পর্যাপ্ত পরিমাণে পানিসিক্ত, সুসিঞ্চিত; পরিপূর্ণ; সরস, রসাল , মাংসল; কমনীয়। স্ত্রী رَيَّا ব رِوَاء

تَرَوٍّ، تَرْوِيَة، رَوِيَّة : গভীর চিন্তা, বিবেচনা।

يَوْمُ التَّرْوِيَة : ৮ই যিলহজ্জ।

مَرْوِيّ : বর্ণিত, কথিত।

مَرْوِيَّات : বর্ণনাসমূহ, ঘটনাবলি, কাহিনী।

رَابَ – : (رَيْب) বিরক্ত করা, অশান্ত করা, বিব্রত করা; সন্দেহে ফেলা, সন্দিহান করা; সন্দেহ করা, সংশয়ের উদ্রেক করা।

أَرَابَ : (إِرَابَة) সন্দিহান করা, সন্দেহে ফেলা; সংশয়ের উদ্রেক করা।

تَرَيَّبَ، إِرْتَابَ (إِرْتِيَاب) إِسْتَرَابَ (إِسْتِرَابَة) : ~ بِ، فِي সন্দিহান হওয়া, সন্দেহ করা।

رَيْب، رِيبَة، إِرْتِيَاب : সন্দেহ, সংশয়, অনিশ্চয়তা।

رَيْبُ الْمَنُون : ভাগ্যবিবর্তন, দুর্ভাগ্য।

بِلَارَيْب : নিঃসন্দেহে; সংশয়হীন।

لَارَيْبَ فِيهِ : ইহাতে কোন সন্দেহ নাই।

مُرِيب، رَيَّاب : সন্দেহজনক।

مُرْتَاب : সন্দিহাকুল, সন্দিগ্ধ মনা।

مُرْتَاب فِي الْعَقِيدَة : সংশয়বাদী, নাস্তিক।

رَاثَ – : (رَيْث) تَرَيَّثَ মন্থর হওয়া, বিলম্ব করা, সময় নেওয়া।

رَيَّثَ : (تَرْيِيث) ক্লান্ত হওয়া; কোমল করা।

أَرَاثَ : (إِرَاثَة) বিলম্ব করানো।

رَيْث : বিলম্ব; সামান্য-সময়।

رَيْثَمَا : যখন, যে সময়ে, যতক্ষণ যাবৎ, যতক্ষণ না।

رَيْد : দীর্ঘ পর্বত-শিখর। ব رُيُود، أَرْيَاد

رَاسَ – : (رَيْس) গর্বভরে চলা; কর্তৃত্ব গ্রহণ করা; পরাভূত করা।

رَاشَ – : (رَيْش) সম্পদ সংগ্রহ করা, সম্পদশালী হওয়া; (পাখির) পালক গজানো; পালকযুক্ত করা, দুর্বল করা।

رَيَّشَ : (تَرْيِيش) (পাখির) পালক গজানো; পালকযুক্ত করা।

تَرَيَّشَ : সম্পদ সংগ্রহ করা, সম্পদশালী হওয়া; পালকযুক্ত হওয়া।

رِيش : পালক; প্রাচুর্য; সম্পদ, আসবাবপত্র, পোশাক পরিচ্ছদ। ব أَرْيَاش، رِيَاش



www.pathagar.com

رِيشَة : পালক; কলম; (চিত্রকরের) তুলি; (কলমের) নিব; (শল্য চিকিৎসকের) ছুরি; (লাঙলের) ফলা। ব رِيَاش

رِيشِيّ : পালক-সম্বন্ধীয়, পালকাকৃতি, পালকযুক্ত।

رَائِش : ফলা সম্পন্ন তীর, ঘুষদাতা-গ্রহীতার মাধ্যম দূত।

مُرَيَّش : দুর্বল মেরুদণ্ডবিশিষ্ট ব্যক্তি, রাজার তমগাপ্রাপ্ত ব্যক্তি।

رَيْط : মিহিন বস্ত্র।

رَاعَ - : (رَيْعًا، رِيَاعًا، رُيُوعًا، رَيَعَانًا) বৃদ্ধি পাওয়া, বর্ধিত হওয়া; ভীত হওয়া।

رَيَّعَ : (تَرْيِيعًا) বৃদ্ধি করা; পর্যাপ্ত হওয়া; বিনিয়োগ করা।

تَرَيَّعَ : (পানি) প্রবাহিত হওয়া; মিলিত হওয়া; বিলম্বিত হওয়া; থামিয়া যাওয়া।

رَيْع : ফসল, উৎপন্ন দ্রব্য; রাজস্ব, আয়, মুনাফা। ব رُيُوع

رَيْعَان : প্রধান অংশ, শ্রেষ্ঠাংশ।

رِيع : উচ্চ পাহাড়; পাহাড়ি রাস্তা। ব رِيَاع

تَرِيع، تَارِيع : ভূমি জরিপের খতিয়ান; Cadastre; ভূমি জরিপ।

أَرْض مَرِيعَة : উর্বর জমি।

رَافَ - : (رَيْفًا) أَرْيَفَ، تَرَيَّفَ উর্বর অঞ্চলে আগমন করা।

أَرَافَ : (إِرَافَة) (ভূমি) উর্বর হওয়া।

رِيف : উর্বর ভূমি; কৃষি-জমি; গ্রাম, ময়দান, প্রাচুর্য, সচ্ছলতা, মরক্কোর উত্তর-পূর্ব উপকূলীয় পার্বত্য অঞ্চল। ব أَرْيَاف

رِيفُ مِصْر، الريف : মিসরের নিম্নাঞ্চল।

رِيف الْبَحْر : সমুদ্রোপকূল।

رِيفِيّ : গ্রামীণ, গ্রাম্য; কৃষক; রীফ অঞ্চলের।

رِيفِيَة : অসভ্য আচরণ।

رَيِّف : উর্বর।

رَاقَ - : (رَيْقًا) চকচক করা, জ্বলজ্বল করা; গড়াইয়া যাওয়া।

أَرَاقَ : (إِرَاقَة) ঢালিয়া দেওয়া, ঝরানো।

رِيق : থুথু, লালা। ব أَرْيَاق

عَلَى الرِّيق : অভুক্ত অবস্থায়; খালি পেটে, প্রাতরাশ গ্রহণের পূর্বে।

رَائِق : পরিষ্কার, স্বচ্ছ; খাঁটি; অভাবগ্রস্ত; ক্ষুধার্ত; প্রাতরাশ, ভোরের নাশ্‌তা।

رَالَ - : (رَيْل)، (رَيَل)، رَيَّلَ (تَرْيِيل) লালা ঝরানো।

رِيَال : লালা; সৌদী মুদ্রা।

~ : রিয়াল। ব رِيَالَات

مَرْيُول : শিশুর চিবুকের তলায় রক্ষিত বস্ত্র, bile.

مَرْيَلَة : এপ্রন।

رَامَ - : (رَيْم) চলিয়া যাওয়া; নড়া; (স্থান) ত্যাগ করা, মাথা নোয়াইয়া দেওয়া (বোঝা); (ক্ষত) সারিতে আরম্ভ করা।

رَيَّمَ : (تَرْيِيم) ~ بِ বাস করা, অবস্থান করা।

رَيَّمَ : ~ عَلَى ধমকানো; ধাপ্পা দেওয়া; অব্যাহত থাকা নির্যাতন করা।

رَيْم : সমাধি; টিলা; শ্বেতহরিণ; দীর্ঘকাল; জবাইকৃত পশুর হাড়।

رِيم : শ্বেতহরিণ।

~, رِيمَة : ফেনা, গাঁজলা।

تَرْيِيم : ধাপ্পাবাজি, প্রতারণা; নির্যাতন; অতিরঞ্জন।

رَانَ - : (رَيْن) (পোশাক) ময়লা হওয়া; মরিচা ধরা; জং পড়া; দখল করা; পরাভূত করা।

رَيْن : ময়লা; মরিচা।

رَيْنَة : মদ।

رَاهَ - : (رَيْه) আসা-যাওয়া।

رَيَّهَ : (تَرْيِيه) আসা-যাওয়া করানো।

أَرْيَى : পতাকা উত্তোলন করা।

رَايَة : পতাকা; ব্যানার।

رَايَة شَادِن : ঘুড়ি।



www.pathagar.com

ز : যা, আরবী বর্ণমালার একাদশ হরফ। আবজাদ গণনায় সংখ্যামান ৭।

زَاء : ز বর্ণের নাম।

زَأَبَ : ـَ (زَأْب) লম্বা ঢোকে পান করা, অধিক পান করা; (সময়) পরিবর্তিত হওয়া; (পশু) তাড়াইয়া নেওয়া।

زَأبَرَ : (কাপড়ের) রোঁয়া বাহির করা।

زِئْبِر، زَأبِر : কাপড়ের রোঁয়া।

زَأَجَ : ـَ (زَأْج) উসকানি দিয়া একের বিরুদ্ধে অপরকে লাগানো।

زَاج : গন্ধক-দ্রাবক, Sulphuric acid.

زَأَدَ : ـَ (زُؤْد، زَأْد، زَأد) আতঙ্কিত করা।

زُؤْد : ভয়।

زَأَرَ : ـَ (زَئِير، زَأْر) গর্জন করা।

زَأرَة : ঝোপ; বাগান, উষ্ট্রপাল।

زَائِر : গর্জনকারী; ক্রুদ্ধ।

زَئِير : গর্জন।

تَزَأزَأَ، زَأزَأَ : মাথা ও লেজ উঁচু করিয়া দ্রুত চলা।

زَأطَ : (زِئَاط) শোরগোল করা, হৈচৈ করা।

زَأبَقَ : (زَأبَقَة) পারদ লাগানো।

زِئْبَق : পারদ, পারা।

زِئْبَقِيّ : পারদের ন্যায়, পারাযুক্ত ধাতু।

زَاوُوق، زَاوُوق : পারদ।

زَأَمَ : ـَ (زَأْم) হঠাৎ মরিয়া যাওয়া; শঙ্কিত করা; (সত্যাসত্য না জানিয়া) বলা; নীরব থাকা; অতিভোজন করা।

زَئِمَ : ـَ (زَأَم) আতঙ্কিত হওয়া।

أَزْأَمَ : বাধ্য করা; (ক্ষত) আরোগ্য করিয়া তোলা।

مَوْت زُؤَام، زُؤَام : ভয়াবহ মৃত্যু, আকস্মিক মৃত্যু।

زَئِم : ভীত।

زُؤَان : আগাছা।

زَان : (সি মি) বৃক্ষবিশেষ, becel.

زَانَة : বর্শা; দীর্ঘ যষ্ঠি।

زَأَى : ـَ (زَأْى) গর্বিত হওয়া।

أَزْأَى : (إِزْءَاء) ভারী করা।

زَبَّبَ، أَزْبَ : (إِزْبَاء، تَزْبِيب) (আঙ্গুর) শুকাইয়া কিশমিশ ও মনক্কায় পরিণত করা, (সূর্য) অস্ত যাওয়ার নিকটবর্তী হওয়া, (কথা বলিতে বলিতে) কেশ বাহিয়া ফেনা পড়া।

تَزَبَّبَ : (আঙ্গুর) শুকাইয়া কিশমিশ ও মনক্কায় পরিণত হওয়া।

زُبّ : নাক; শ্মশ্রু, পুরুষাঙ্গ। ব أَزْبَاب।

زَبِيب : কিশমিশ; মনক্কা; মুখের ফেনা।

زَبَّاب : কিশমিশ ও মনক্কা বিক্রেতা।

أَزَبّ : লোমশ, লোমবহুল। স্ত্রী زَبَّاء ব زُبّ।

زَبَدَ : ـُ (زَبْد) মাখন তুলিবার জন্য (দুধ) মন্থন করা; তাজা মাখন খাইতে দেওয়া।

زَبَّدَ (تَزْبِيد) : (দুধে) সর পড়া, মাখন উঠা; ফেনায়িত হওয়া; চিরুনি দ্বারা আঁচড়ানো।

أَزْبَدَ : (إِزْبَاد) ফেনা উদগীরণ করা; অত্যধিক সাদা হওয়া; রোষান্বিত হওয়া।

زَبَد : ফেনা; গাদ, গাঁজলা। ব أَزْبَاد।

لَبَن زَبَدِيّ : দধি; টক দুধ।

زُبْدَة : মাখন; সর।

~ : শ্রেষ্ঠাংশ; সারাংশ। ব زُبَد

زَبْدِيَّة : বাটি। ব زَبَادِيّ

زَبَاد : খাটাশের শরীরজাত গন্ধদ্রব্য।

قِطّ الزَبَاد، سِنَّور الزَبَاد : খাটাশ, গন্ধগোকুল।



www.pathagar.com

مِزْبَدَة، مِزْبَد : মন্থন-পাত্র। ব مَزَابِد

زَبَرَ ـُ : (زَبْر)، زَبَّرَ (تَزْبِير) (বই) লেখা, কপি করা; তিরস্কার করা।

~ ـُ : (زَبْر) প্রস্তর নিক্ষেপ করা; নিষিদ্ধ করা; বিরত করা।

زَبُرَ ـُ : (زَبَارَة) (ভেড়া) বৃহদাকার হওয়া।

أَزْبَرَ : (إِزْبَار) (মানুষ) স্থূলকায় হওয়া, নির্ভীক হওয়া।

زِبْر : শক্তিশালী; প্রস্তরখণ্ড; লিপি।

زِبْر : পুস্তক , গ্রন্থ। ব زُبُور

زُبْر : পুরুষাঙ্গ।

زُبْرَة : লৌহখণ্ড; নেহাই; সিংহের কেশর। ব زُبَر

زَبُور : গ্রন্থ , পুস্তক, কিতাব। ব زُبُر

الزَّبُور : দাউদ (আ)-এর উপর অবতীর্ণ আসমানী কিতাব।

زِبْرِج : (ফা) অলঙ্কার, ভূষণ; স্বর্ণ; পাতলা মেঘ। ব زَبَارِج

زَبَرْجَد : গোমেদ মণি, ঈষৎ পীতবর্ণ মূল্যবান প্রস্তরবিশেষ, পান্না।

زَبْرَقَ : লাল কিংবা হলুদ রঙে (কাপড়) রঞ্জিত করা।

زَبَطَ ـِ : (زَبْط) (হাঁস) প্যাক প্যাক করা।

زَبَط : কর্দম, পঙ্ক।

زُبَاطَة : (খেজুরের) গুচ্ছ, ছড়া।

تَزَبَّعَ : ক্রোধোন্মত্ত হওয়া।

زَبِيع : ক্রোধোন্মত্ত।

زَوْبَع : খাটো; নিচ।

زَوْبَعَة : প্রবল ঝড়, ঘূর্ণিঝড়, ঘূর্ণিবাত্যা। ব زَوَابِع

زَبَعْرِى : দুশ্চরিত্র; লোমশ মুখমণ্ডলবিশিষ্ট, কুৎসিত।

زَبَقَ ـُ : (زَبْق) উৎপাটন করা; ভাঙ্গিয়া ফেলা; (তালা) খুলিয়া ফেলা; আটক করিয়া রাখা; মিশ্রিত করা।

إِنْبَزَقَ : ~ فِي ঢুকিয়া পড়া।

زَابُوقَة : গৃহের কোণ।

أَزْبَق : নিরেট বোকা।

زَبَلَ ـِ : (زَبْل)، زَبَّلَ (تَزْبِيل) (জমিতে) সার দেওয়া।

زِبْلَة، زِبْل : পশুমল, সার।

زُبَال : অণু, ক্ষুদ্র বস্তু; পিপীলিকার বহনকৃত বোঝা; সামান্য পরিমাণ।

زُبْلَة : গ্রাস।

زُبَالَة : আবর্জনা, ময়লা।

صُنْدُوقُ الزُّبَالَة : ময়লা ফেলিবার পাত্র, ডাস্টবিন।

عَرَبَة ~ : ময়লার গাড়ি।

مِجْرَفَة ~ : ময়লা তুলিবার কোদাল।

زَبَّال : ঝাড়ুদার।

زَبِيل : তালপাতার ঝুড়ি।

زِبِّيل : ঝুড়ি; খড়ের থলি। ব زَنَابِيل، زَبَابِيل

مَزْبُلَة، مَزْبَلَة : গোবর ইত্যাদির স্তূপ, গোবর-গাদা; ময়লা ফেলিবার স্থান। ব مَزَابِل

زَبَنَ ـِ : (زَبْن) গাছে থাকা অবস্থায় (খেজুর) বিক্রয় করা; বাচ্চাকে দুগ্ধপান হইতে বিরত রাখা (উষ্ট্রী)।

أَزْبَنَ : (إِزْبَان) সরাইয়া দেওয়া, অপসারণ করা।

إِنْزَبَنَ : (إِنْزِبَان) সরিয়া আসা , দূরে হটিয়া যাওয়া।

زِبْن : পার্শ্ব; তাঁবুর পর্দা।

زِبَانَة : ক্রেতাসমষ্টি।

زُبَانَى : হুল, কাঁটা।

زَبَانِيَة : দোযখীদের দোযখে ধাক্কা দিয়া ফেলিবার জন্য নির্ধারিত ফেরেশতাগণ।

زَبُون : লাথি মারিতে অভ্যস্ত পশু; তীব্র, প্রচণ্ড (যুদ্ধ)।

~ : নির্বোধ, বোকা। ব زُبُن

~ : ক্রেতা, খরিদ্দার। ব زَبَائِن



www.pathagar.com

زَبُّونَة : ঘাড়; ঔদ্ধত্য।

مُزَابَنَة : সংখ্যা, ওজন, মাপ ও পরিমাণ অজানা পণ্যের বিক্রয়।

زَبَا - ِ : (زَبْى) বহন করা; তাড়াইয়া নেওয়া।

زَبَّى، تَزَبَّى : (تَزْبِيَة) খনন করা।

تَزَابَى : গর্বিত হওয়া।

زُبْيَة : পানি পৌঁছিতে পারে না এমন উচ্চ স্থান; চুলার গর্ত; বন্যজন্তুর গর্ত। ব زُبًى

بَلَغَ السَّيلُ الزُّبَى : বিষয়টি চরম সীমায় পৌঁছিয়াছে, চূড়ান্ত পর্যায়ে উপনীত হইয়াছে।

زَتَّ - ُ : (زَتّ)، زَتَّتَ، (تَزْتِيت) নিক্ষেপ করা, ছুঁড়িয়া মারা; (কনে) সাজানো।

تَزَتَّتَ :(কনে) সজ্জিত হওয়া।

زَجَّ - ُ : (زَجّ) (উটপাখি) ধাবন করা; (তীর) নিক্ষেপ করা, তাড়াইয়া নেওয়া।

زَجَّجَ : (تَزْجِيج) পেনসিল দ্বারা (ভ্রূতে) রং দেওয়া; (ভ্রূ) ধনুকের ন্যায় বাঁকা করা; কাচে পরিণত করা; কাচ বসান; সমতল করা।

زُجّ : বর্শা বা তীরের ফলা; (লাঠি বা নলের) মাথার ধাতব বন্ধনী, ferrule; (ফিতার) প্রান্তস্থিত ধাতুখণ্ড। ব زِجَاج

زُجَاج : কাচ।

زُجَاجَة : কাচের টুকরা; বোতল, গ্লাস ইত্যাদি কাচের পাত্র।

زُجَاجِى : কাঁচের ন্যায়, কাচের তৈরি।

زَجَّاج ،~ : কাচ-ব্যবসায়ী, কাচ-মিস্ত্রি।

أَزَجّ : ধনুকের ন্যায় বাঁকা ভ্রূবিশিষ্ট; ধনুকের ন্যায় বাঁকা (ভ্রূ)। স্ত্রী زَجَّاء ব زُجّ

مِزَجّ : খাটো; বল্লম।

مُزَجّ : লৌহযুক্ত (বর্শার বাঁট)।

مُزَجَّج : কাচযুক্ত , কাচ বসানো।

زَجَرَ - ُ : (زَجْر) তাড়াইয়া দেওয়া; বিরত রাখা; তিরস্কার করা, ধমকানো।

تَزَاجَرَ : বিরত হওয়া।

اِنْزَجَرَ، اِزْدَجَرَ : (اِنْزِجَار، اِزْدِجَار) বিরত হওয়া; বিতাড়িত হওয়া; তিরস্কৃত হওয়া; ধমক খাওয়া।

زَجْر : বাধা, নিষেধ; ধমক, তিরস্কার।

زَاجِر : বিরতকারী; বাধা, প্রতিবন্ধক; বিবেকের দংশন।

أَبُو زَاجِر : কাক।

زَاجِرَة : প্রতিবন্ধক, বাধা, বিধিনিষেধ। ব زَوَاجِر

زَجَلَ - ُ : (زَجْل) নিক্ষেপ করা; বিদীর্ণ করা; প্রতিরোধ করা।

زَجَلَ الحَمَامَ : কবুতর প্রেরণ করা।

زَجِلَ - َ : (زَجَل) প্রাণবন্ত হওয়া; আওয়াজ তোলা।

زَجَل : আনন্দ; এক প্রকার কবিতা; সাধারণ সঙ্গীত; গর্জন। ব أَزْجَال

زَجْلَة : অস্পষ্ট শব্দ; মানুষের চিৎকার ও কোলাহল। ব زَجَلَات

زُجْلَة : অবস্থা; মানুষের দল; সামান্য পরিমাণ। ব زُجَل

زَاجِل : মশকের মুখবন্ধনী, বর্শার বাঁটের আংটা; সেনাবাহিনীর নেতা; উচ্চ স্বরবিশিষ্ট (গান)। ব زَوَاجِل

حَمَام الزَّاجِل : বার্তাবাহী কবুতর।

مِزْجَل : বর্শার ফলা; খাটো বর্শা।

مِزْجَال : কাঠের তৈরি তীর।

زَجَمَ - ُ : (زَجْم) ফিসফিস করিয়া কথা বলা।

زَجَا - ُ : (زَجْو)، زَجَّى، (تَزْجِيَة) اِزْدَجَى، (اِزْدِجَاء) তাড়াইয়া নেওয়া।

~ : (زَجَاء، زُجُو، زَجْو) সহজে সফল হওয়া; সহজে (করা) আদায় হওয়া; (মুদ্রা) চালু হওয়া।

أَزْجَى : (إِزْجَاء) তাড়াইয়া নেওয়া; (ধন্যবাদ) জ্ঞাপন করা।

تَزَجَّى : بِ ~ সন্তুষ্ট হওয়া।

زَجَاء : সাফল্য।



www.pathagar.com

أَزْجَى : অধিক কার্যকর।

مُزْجًى : সামান্য, অকিঞ্চিৎকর।

مُزَجًّى : দুর্বল, ক্ষীণ।

زَحَّ - ُ : (زَحٌّ) ছিনাইয়া লওয়া; দ্রুত বাধা দেওয়া, ধাক্কা দেওয়া।

زَحَرَ - َ : (زَحْر، زُحَار، زَحِير) زَحَّرَ، (تَزْحِير) تَزَحَّرَ، বিলাপ করা, আর্তনাদ করা; আমাশয়ে ভোগা।

زَحِير، زُحَار : বিলাপ, আর্তনাদ; আমাশয়।

زَحْزَحَ : সরাইয়া দেওয়া, নড়ানো, অপসারিত করা, বিচ্ছিন্ন করা; ছিনাইয়া লওয়া।

تَزَحْزَحَ : (زَحْـزَحَـة) সরিয়া যাওয়া, নড়া, অপসারিত হওয়া।

زَحَفَ - َ : (زَحْف) হামাগুড়ি দেওয়া, বুঁকে হাঁটা; চার হাত-পায়ে হাঁটা; (সৈন্য) অগ্রসর হওয়া, মার্চ করিয়া যাওয়া।

زَحَّفَ : (تَزْحِيف) (মাটি) সমান করা।

أَزْحَفَ : (إِزْحَاف) (উট) ক্লান্ত হওয়া; (ইচ্ছা) পূরণ করা; (সৈন্য) সংঘবদ্ধ হওয়া।

~ لِ : যুদ্ধ করা।

إِزْدَحَفَ، تَزَحَّفَ : ~ إِلَى মার্চ করিয়া যাওয়া।

زَحْف : অগ্রযাত্রা, কুচকাওয়াজ।

~ : ধীরে অগ্রসরমান সৈন্যদল। ব زُحُوف

زَحَّاف، زَاحِف : হামাগুড়িরত।

زِحَاف : ছন্দ-শাস্ত্রে سَبَب خَفِيف ও سَبَب ثَقِيل -এর শেষ বর্ণে সূচিত পরিবর্তন।

زَحَّافَة : সরীসৃপ।

زَحَّافَة الأَرْضِ : মই।

زَحَكَ - َ : (زَحْك)، أَزْحَكَ ক্লান্ত হওয়া।

~ بِ : যাত্রাবিরতি করা।

~ عَنْ : সরিয়া আসা।

زَاحَكَ : (مُزَاحَكَة) অপসারিত করা, সরাইয়া দেওয়া।

زَحَلَ - َ : (زُحُول، زَحْل) تَزَحَّلَ، সরিয়া যাওয়া, চলিয়া যাওয়া; স্থানচ্যুত হওয়া।

~ : (زَحْل) ক্লান্ত হওয়া।

زَحَّلَ، أَزْحَلَ : (إِزْحَال، تَزْحِيل) সরাইয়া দেওয়া, দূরীভূত করা।

أَزْحَلَ : ~ إِلَى ন্যস্ত করা।

زُحَل : শনিগ্রহ।

زُحْلُول : সংকীর্ণ স্থান; মসৃণ পাথর; হালকা পাতলা।

زَحْلِيل : দ্রুত।

مَزْحَل : দূরে সরিয়া থাকিবার স্থান, আশ্রয়স্থল।

زَحْلَفَ : (زَحْلَفَة) গুটানো; (পাত্র) পূর্ণ করা; নিবারণ করা; প্রদান করা।

زَحْلَفَ فِي الْكَلَامِ : অনর্গল কথা বলা।

تَزَحْلَفَ : গুটাইয়া যাওয়া; (সূর্য) ঢলিয়া পড়া, অস্তগামী হওয়া।

زُحْلُوفَة : ঢালু জায়গা। ব زَحَالِيف

زَحَالِف : ছোট পা-বিশিষ্ট কীট-পতঙ্গ।

زَحْلَقَ : গড়াইয়া দেওয়া; (স্থান) পিচ্ছিল করা।

تَزَحْلَقَ : (زَحْلَقَة) গড়াইয়া যাওয়া, পিছলাইয়া যাওয়া, ধীরে ধীরে চলা।

تَزَحْلُق، زَحْلَقَة : পিচ্ছিলতা, মসৃণতা।

قَبْقَابُ الزَّحْلَقَة : স্কেটিং এর পাদুকা, Roller-skates.

~ مَرْكُوب : স্কী (Ski), বরফের উপর চলিবার ৮×৪ পাদুকাবিশেষ।

زُحْلُوقَة : ঢালু জায়গা; শিশুদের খেলিবার ঢেঁকিকল, seesaw.

زَحَمَ - َ : (زِحَام، زَحْم) চাপ দেওয়া, ধাক্কা দেওয়া, ভিড় করা, চাপাচাপি করিয়া বসা।

زَاحَمَ : (مُزَاحَمَة) ধাক্কা দেওয়া, চাপ দেওয়া; প্রতিযোগিতা করা।



www.pathagar.com

اِزْدَحَمَ، تَزَاحَمَ : إِزْدِحَام (اِزْدِحَام) ধাক্কাধাক্কি করা, ভিড় করা, জড়ো হওয়া।

اِزْدَحَمَ : ~ ب ভিড়ে পূর্ণ হওয়া, জনাকীর্ণ হওয়া।

زَحْم، زَحْمَة، زِحَام، إِزْدِحَام : ভিড়।

مُزَاحِم : প্রতিযোগী, প্রতিদ্বন্দ্বী; হস্তী; এক শিং ভাঙ্গা ষাঁড়।

تَزَاحُم، مُزَاحَمَة : প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা।

مُزْدَحِم : ভিড়ে পূর্ণ; জনাকীর্ণ।

زَحَنَ : ـَ (زَحْن)، تَزَحَّنَ মন্থর হওয়া।

زَحْنَة : প্রচণ্ড উত্তাপ।

زَخَّ : ـُ (زَخّ) ক্রোধান্বিত হওয়া; লাফ দেওয়া; ঝাঁপাইয়া পড়া; (পশু) তাড়াইয়া নেওয়া; নুইয়া পড়া; (বৃষ্টি) মুষলধারে বর্ষিত হওয়া।

~ : ـِ (زَخِيخ، زَخّ) (অঙ্গার) জ্বলিয়া রক্তিমবর্ণ হওয়া, উজ্জ্বল হওয়া।

زَخَّة : ক্রোধ, প্রচণ্ড বর্ষণ, প্রচুর বৃষ্টি।

زَخِيخ : ঔজ্জ্বল্য; রক্তিমাভা; উত্তাপ।

زَخَرَ : ـَ (زُخُور، زَخْر) (সমুদ্র) স্ফীত হওয়া; কানায় কানায় পূর্ণ হওয়া; (নদী) উঁচুতে প্রবাহিত হওয়া; (কেতলি) টগবগ করা; (যুদ্ধ) ছড়াইয়া পড়া; (গাছ) বর্ধিত হওয়া; পূর্ণ করা; সজ্জিত করা; প্রফুল্ল করা।

~ ب : গর্বিত হওয়া।

زَاخَرَ : (مُزَاخَرَة) গৌরব-প্রতিযোগিতায় পরাজিত করা।

تَزَخَّرَ : (সমুদ্র) স্ফীত হওয়া, (নদী) উঁচুতে প্রবাহিত হওয়া।

زَاخِر : মহৎ; প্রফুল্ল; সুখী; স্ফীত, পরিপূর্ণ, প্রাচুর্যপূর্ণ; অতিরিক্ত।

زَخْرَفَ : (زَخْرَفَة) (কথা) সাজাইয়া বলা; সজ্জিত করা, অলঙ্কৃত করা।

تَزَخْرَفَ : সজ্জিত হওয়া।

زُخْرُف : সাজ , ভূষণ, শোভা, অলঙ্কার; চাকচিক্য। ব زَخَارِف

زُخْرُف بَاطِل : বৃথা আড়ম্বর ।

زَخْرَفَة : রূপসজ্জা, অলঙ্করণ।

زُخْرُفِي : শোভাপ্রদ, শোভাবর্ধক।

زَخَفَ : ـَ (زَخِيف، زَخْف) গর্বিত হওয়া, দম্ভ করা।

زَخَّفَ : (تَزْخِيف) লওয়া, গ্রহণ করা।

زَخَّفَ فِي الْكَلَامِ : অধিক কথা বলা।

تَزَخَّفَ : পোশাক পরিধান করা।

مُزْخَف، زَاخِف : গর্বিত, উদ্ধত।

زَخَمَ : ـَ (زَخْم) সজোরে ধাক্কা দেওয়া।

زَخِمَ : ـَ (زَخَم)، أَزْخَمَ (إِزْخَام) (গোশত) দুর্গন্ধ ছড়ানো, দূষিত হওয়া।

إِزْدَخَمَ : (বোঝা) বহন করিয়া নেওয়া।

زَخْم : বেগ, শক্তি।

زَخِم، أَزْخَم : দুর্গন্ধময়, দূষিত।

زَخْمَة : দুর্গন্ধ; চাবুক; বাজাইবার কাঠি বা ঠুঁসি।

زَخَمَة : দুর্গন্ধ।

زِدْب : অংশ, ভাগ। ব أَزْدَاب

زَرَّ : ـُ (زَرّ) বোতাম লাগানো; স্তূপ করা; (চুল) উৎপাটন করা; চাপ দেওয়া; তাড়াইয়া দেওয়া; দংশন করা, আঘাত করা।

زَرَّ الْعَيْنَ : চক্ষু মিটমিট করা, চোখের বক্র দৃষ্টি।

زَرِير : উজ্জ্বল হওয়া, চকচক করা।

زَرَّرَ، أَزَرَّ، إِزْرَار : (تَزْرِير) বোতাম লাগানো।

زَارَّ : দংশন করা।

زِرّ : বোতাম, মাথামোটা পেরেক; রেশম ইত্যাদির থোবা; তরবারির ধার; স্তম্ভ। ব أَزْرَار، زُرُور

زِرُّ الزَّهْرَة : ফুলের কুঁড়ি।

زِرَّة : কামড়ের দাগ।

زَرَبَ : ـُ (زَرْب) زَرَّبَ (تَزْرِيب) (পশু) খোঁয়াড়ে বন্ধ করা; আটকাইয়া রাখা।

زَرِبَ : ـَ (زَرَب) (পানি) প্রবাহিত হওয়া, গড়াইয়া যাওয়া।

إِنْزَرَبَ : (إِنْزِرَاب) খোঁয়াড়ে আবদ্ধ হওয়া; (শিকারি) ওত পাতিবার স্থানে প্রবেশ করা।



www.pathagar.com

إِزْرَبَّ : (إِزْرِبَاب) (গাছ) আংশিক হলুদ হইয়া যাওয়া।

زَرْب : পশুর খোঁয়াড়, পশুশালা; শিকারির আস্তানা। ব زُرُوب

زَرْبِيَّة، زُرْبِيّ : বালিশ-গালিচা। ব زَرَابِيّ

زَرِيبَة : পশুর খোঁয়াড়, বেড়া; শিকারির ওত পাতিবার স্থান। ব زِرَاب، زَرَائِب

زَارُوب : সংকীর্ণ পথ, গলি। ব زَوَارِيب

مُزَرَّب : খোঁয়াড়ে আবদ্ধ।

مِزْرَاب : ছাদের পানি নিষ্কাশনের নল, নর্দমা। ব مَزَارِيب

زَرْبُول : উচ্চ গোড়ালিবিশিষ্ট চর্ম-পাদুকা। ব زَرْبُون ব زَرَابِين ,زَرَابِيل

زَرْجَنَ : (زَرْجَنَة) প্রতারিত করা।

زَرْجُون : (ফা) দ্রাক্ষালতা; মদ; বৃষ্টির স্বচ্ছ পানি; লাল রং।

زَرَحَ - َ : (زَرْح) চূর্ণ করা, থেঁতলাইয়া দেওয়া।

زَرِحَ - َ : (زَرَح) অপসারিত হওয়া।

زَرْوَح، زَرْوَحَة : ক্ষুদ্র বালির পাহাড়। ব زَرَاوِح

زَرَدَ - ُ : (زَرْد) গলা টিপিয়া ধরা, শ্বাসরুদ্ধ করা; (বর্ম) বানানো।

زَرِدَ - َ : (زَرْد) تَـزَرَّدَ، إِزْدَرَدَ (إِزْدِرَاد) গলাধঃকরণ করা; গিলিয়া ফেলা।

زَرْد : বর্ম। ব زُرُود

حِمَار الزَّرَد : জেব্রা।

زَرَدَة : শিকলের আংটা।

زَرَدِيَّة : সাঁড়াশি।

مِزْرَد، زِرَاد : পশুর গলায় বাঁধিবার দড়ি।

زَرَّاد : বর্ম-নির্মাতা; শ্বাসরোধকারী (ব্যক্তি)।

مِزْرَد : কণ্ঠ; কণ্ঠনালী।

زَرْزَرَ : (পাখি) কিচিরমিচির শব্দ করা; বিরক্ত করা, রাগাইয়া দেওয়া; (পুষ্প) মুকুলিত হওয়া।

زُرْزُور، زُرْزُر : হরবোলা পাখি, starling. ব زَرَازِير

زَرَعَ - َ : (زَرْع) বীজ বপন করা, ছড়াইয়া দেওয়া; চারা রোপণ করা; চাষ করা; পরিচর্যা করা; পুঁতিয়া রাখা।

إِزْدَرَعَ : (إِزْدِرَاع) বীজ বপন করা।

زَرْع : বপন, রোপণ, চাষ, পরিচর্যা।

~ : ব زُرُوع বীজ; কৃষি; শস্য; ক্ষেত।

زُرْعَة : বীজ।

زِرَاعَة : কৃষি; চাষ; শস্য।

زِرَاعَة الْبَسَاتِين : বাগান পরিচর্যা, উদ্যান-পালন।

زِرَاعِيّ : কৃষি সংক্রান্ত।

خَبِير زِرَاعِيّ : কৃষি-বিশারদ।

أَرْض زِرَاعِيَّة : কৃষি-ভূমি।

زَرِيعَة : শস্য; কৃষি; বীজ।

زَارِع : কৃষক; চাষী; উৎপাদনকারী। ব زُرَّاع، زَرَّع

مِزْرَعَة : কৃষি-ক্ষেত; খামার। ব مُزْدَرَع، مَزَارِع

مُزَارِع : কৃষক, কৃষিবিদ।

مُزَارَعَة : ভাগে চাষাবাদ।

زَرَفَ - ُ : (زَرْف) লাফ দেওয়া।

~ فِي : (কথা) বাড়াইয়া বলা।

~ عَلَى : বৃদ্ধি করা; কাছাকাছি হওয়া।

زَرِفَ - َ : (زَرَف)، أَزْرَفَ (إِزْرَاف) (ক্ষত) পুনরুন্মোচিত হওয়া।

زَرَّفَ : (تَـزْرِيف) পাশে রাখা; বৃদ্ধি করা; (লোকজন) সরাইয়া দেওয়া; বর্শা দ্বারা খোঁচা দেওয়া।

~ فِي : (কথা) বাড়াইয়া বলা।

أَزْرَفَ : (إِزْرَاف) অগ্রসর হওয়া; জিরাফ ক্রয় করা।

أَزْرَفَ فِي الْمَشْي : তাড়াতাড়ি হাঁটা।

زَرَافَة : দল, গোষ্ঠী, দলে দলে। ব زَرَافَات, زَرَفَات

~ : জিরাফ। ব زَرَافَى ,زُرَافِي



www.pathagar.com

مِزْرَاف، زَرَّاف، زَرُوف : দ্রুতগামী (উষ্ট্রী)।

زَرْفَنَ : (زَرْفَنَة) (চুল) কোঁকড়ানো, কুঞ্চিত করা।

زُرْفِين : (ফা) কোঁকড়ানো চুল, কুঞ্চিত, কুন্তল; বৃত্তাকারে সমবেত জনমণ্ডলী। ব زَرَافِين

زَرَقَ : ـُ (زَرْق) (পক্ষী) মলত্যাগ করা; নিক্ষেপ করা; আঘাত করা; খোঁচা মারা, বিদ্ধ করা।

زَرِقَ : ـَ (زَرَق) إِزْرَقَّ (إِزْرِقَاق) নীল হওয়া; অন্ধ হওয়া।

زَرْق، زَرْق الإِبَر : ইঞ্জেকশন।

زَرَق، زُرْقَة : নীল রঙ; অন্ধত্ব।

زُرَّق : শ্বেত বাজপাখিবিশেষ; কপালের সাদা চুল। ব زَرَارِيق

زُرَيق، أَبُو زُرَيق : কাকজাতীয় পাখিবিশেষ, Jay.

زُرَيْقَا : গন্ধগোকুল-জাতীয় জন্তু, Genet.

زُرَّيقَة : ক্ষুদ্র ডানাওয়ালা গায়ক পাখিবিশেষ, wren.

أَزْرَق : নীল বস্তু। স্ত্রী زَرْقَاء ব زُرْق

الزَّرْقَاء، القُبَّة الزَّرْقَاء : নীলাকাশ।

إِزْرِقَاق : নীল রং।

دَاء الإِزْرِقَاق : সাইনোসিস রোগ (Cyanosis). পাণ্ডু রোগ

مِزْرَاق : ছোট বর্শা, বল্লম। ব مَزَارِيق

زَرْقُون : উজ্জ্বল রক্তবর্ণ বহুমূল্য রত্নবিশেষ, hyacinth.

زَرَكَ : ـُ (زَرْك) চাপ দেওয়া, নিষ্পেষণ করা।

زَرِكَ : ـَ (زَرَك) (শিশু) দুষ্ট হওয়া।

زَرَّكَ : (تَزْرِيك) বিরক্ত করা।

زَرْكَة : চাপ।

زَرْكَشَ : (زَرْكَشَة) (ফা.) বুটি তোলা, সজ্জিত করা।

زَرْكَش : বুটি তোলা রেশমি বস্ত্র; সূচিকর্ম।

مُزَرْكَش : বুটিদার, সূচিকর্মকৃত; সজ্জিত।

زَرَمَ : ـِ زَرْم، (زَرْم) زَرَّمَ (تَزْرِيم) أَزْرَمَ (إِزْرَام) থামানো; কাটিয়া খাটো করা।

زَرِمَ : ـَ (زَرَم) থামা; রহিত হওয়া।

إِزْدَرَمَ : (إِزْدِرَام) গলাধঃকরণ করা।

زِرْنِيخ : সেঁকোবিষ (রাসায়নিক পদার্থ), arsenic.

زَرْنَقَ : (زَرْنَقَة) খাত কাটিয়া (মাটিতে) পানি দেওয়া; ফিনকি দিয়া (পানি) বাহির করা।

تَزَرْنَقَ : বাকিতে ক্রয় করা; বস্ত্রাবৃত করা।

زَرْنَقَة : ঋণ; মাত্রাধিক্য; নিখুঁত সৌন্দর্য; বাকিতে ক্রয়।

زُرْنُوق : পানির খাত, ক্ষুদ্র নদী। ব زَرَانِيق

زَرَى : ـِ (زِرَايَة) تَزَرَّى، নিন্দা করা, তিরস্কার করা, দোষী করা।

أَزْرَى : (إِزْرَاء) بِـ ~ অবজ্ঞা করা, ঘৃণা করা, বিদ্রূপ করা, তুচ্ছ জ্ঞান করা।

إِزْدَرَى، إِسْتَزْرَى : (إِزْدِرَاء، إِسْتِزْرَاء) অবজ্ঞা করা, ঘৃণা করা, হেয় জ্ঞান করা, অগ্রাহ্য করা।

زَرِيّ : ঘৃণ্য, নিকৃষ্ট; তুচ্ছ, নগণ্য।

زِرَايَة، إِزْدِرَاء : ঘৃণা, অবজ্ঞা।

مُزْرٍ : অপমানজনক।

مُزْرًى : ঘৃণ্য।

مُزْدَرٍ : অবজ্ঞাকারী; অপমানকর, অবজ্ঞাপূর্ণ।

زَعَبَ : ـَ (زَعْب) (পানির মশক) পূর্ণ করা; পূর্ণ মশক বহন করা; তিরস্কার করা; বেগে প্রবাহিত হওয়া; প্রদান করা।

~ : (زَعِيب) কর্কশ শব্দ করা।

تَزَعَّبَ : রাগান্বিত হওয়া; তৎপর হওয়া; একত্রে ভাগ করা।

~ فِي : অতিরিক্ত পানাহার করা।

زَعْبَة، زُعْبَة، زِعْب : সম্পদের অংশ।

زَعِيب : কর্কশ শব্দ; তিরস্কার।

زَعْبُوبَة : ঝঞ্ঝা, ঘূর্ণিঝড়।



www.pathagar.com

زَعْبَرَ : (زَعْبَرَة) প্রতারণা করা।

زَعْبَرَة : প্রতারণা।

مُزَعْبَرَاتِي، مُزَعْبِرْجِي، مُزَعْبِر : প্রতারক।

زَعْبُوط : মোটা পশমি বস্ত্রবিশেষ। ব زَعَابِيط

زَعَجَ : ـَ : (زَعْج)، (زَعَج)، أزْعَجَ (إزْعَاج) বিরক্ত করা, কষ্ট দেওয়া, অসুবিধা ঘটানো; অশান্ত করা; তাড়াইয়া দেওয়া; উঠাইয়া দেওয়া।

إنْزَعَجَ : (إنْزِعَاج) বিরক্ত হওয়া, বিরক্তিবোধ করা, কষ্ট পাওয়া, অসুবিধা বোধ করা; অশান্তি অনুভব করা, উদ্বিগ্ন হওয়া।

إنْزِعَاج، زَعَج : বিরক্তি, অশান্তি, কষ্ট, অসুবিধা, উদ্বেগ।

مُزْعِج : বিরক্তিকর, অসুবিধাজনক; কষ্টদায়ক।

زَعِرَ : ـَ : (زَعَر)، إزْعَرَّ، (إزْعِرَار) (চুল) কম হওয়া, পাতলা হওয়া।

زَعَر : প্রতারণা।

زَعِر : পাতলা চুলবিশিষ্ট।

أزْعَر : স্বল্প চুলবিশিষ্ট; লেজবিহীন; অল্প গাছপালা বিশিষ্ট (ভূমি); দুষ্টলোক, বদমাশ। স্ত্রী زَعْرَاء ব زُعْر

زُعْرُور : কোপনস্বভাব, বদমেজাজি, খিটখিটে; আপেলজাতীয় ফল। ব زَعَارِير

زَعْزَعَ : (زَعْزَعَة) নাড়া দেওয়া; তাড়াইয়া নেওয়া।

تَزَعْزَعَ : নড়া, আন্দোলিত হওয়া।

زَعْزَعَان، زَعْزَع : ঝড়।

زَعْزَعَة : কম্পন, ধাক্কা। ব زَعَازِع

زَعْزُوع : লম্বা ও রোগা, কৃশ।

مُتَزَعْزِع، مُزَعْزَع : কম্পমান, নড়বড়ে, অনিশ্চিত।

زَعَطَ : ـَ : (زَعْط) গলা টিপিয়া ধরা; তাড়াইয়া দেওয়া; (গাধা) কর্কশ চিৎকার করা।

زَعَفَ : ـَ : (زَعْف)، أزْعَفَ، (إزْعَاف) অকুস্থলে তৎক্ষণাৎ হত্যা করা।

مُزْعِف، زُعَاف : মারাত্মক (বিষ)।

مِزْعَاف : সাপ।

زَعْفَرَ : রং করা, জাফরান-মিশ্রিত করা।

زَعْفَرَان : জাফরান, কুমকুম।

زَعَقَ : ـَ : (زَعْق) চিৎকার করা, স্বর উঁচু করা; ভীতিগ্রস্ত করা; তাড়াইয়া নেওয়া।

زَعِقَ : ـَ : (زَعَق) তৎপর হওয়া; ভয় পাওয়া।

أزْعَقَ : (إزْعَاق) ভীতিগ্রস্ত করা; দ্রুত হাঁটা।

إنْزَعَقَ : (إنْزِعَاق) ভয় পাওয়া; তাড়াহুড়া করিয়া বলা; সম্মুখে অগ্রসর হওয়া।

زَعِيق، زَعْقَة، زَعْق : চিৎকার, হৈচৈ।

زَعِق : তৎপর, ভীত।

زَعَّاق : দ্রুতগামী।

زُعَاق : তিক্ত, লোনা (পানি)।

زُعُوقَة : তিক্ততা, লবণাক্ততা।

زَعِلَ : ـَ : (زَعَل) বিরক্ত হওয়া; বিষণ্ন হওয়া; ক্লান্ত হওয়া; রাগান্বিত হওয়া; তৎপর হওয়া।

أزْعَلَ، زَعَّلَ : (إزْعَال، تَزْعِيل) বিরক্ত করা, কষ্ট দেওয়া, ক্লান্ত করা।

تَزَعَّلَ : তৎপর হওয়া, প্রাণবন্ত হওয়া।

زَعْلَة : উটপাখি; ক্লান্তি, অশান্তি।

زَاعُولَة، زَعَل : বিরক্তি; ক্রোধ; অসন্তোষ।

زَعْلَان، زَعِل : বিরক্ত; রাগান্বিত; অসন্তুষ্ট; বিষণ্ন; প্রাণবন্ত।

زَعَمَ : ـُ : (زَعْم) দাবি করা; চিন্তা করা, ধারণা করা; ঘোষণা করা; বর্ণনা করা।

زَعِمَ : ـَ : (زَعَم) ~ فِي লোভ করা।

زَاعَمَ : (مُزَاعَمَة) চাপ দেওয়া, সংকুচিত করা।

أزْعَمَ : (إزْعَام) সম্ভব হওয়া; চমৎকার হওয়া; লোভী করা।

~ إلَى : মান্য করা, অনুগত হওয়া।

~ عَلَى : (দলের) প্রধান হওয়া।

تَزَعَّمَ : মিথ্যা দাবি করা; নেতা হওয়া; নেতৃত্ব দেওয়া।

زَعْم : দাবি; ধারণা; অনুমান; অহঙ্কার।



www.pathagar.com

زَعَامَة : নেতৃত্ব।

زَعِيم : নেতা, প্রধান; জামিন; মুখপাত্র; ব্রিগেডিয়ার। ব زُعَمَاء

مَزْعُوم : তথাকথিত।

زَعْنَفَ : (زَعْنَفَة) (কনে) সাজানো।

زِعْنِفَة، زَعْنَفَة : বিক্ষিপ্ত দল; নিম্নশ্রেণীর লোক; (মাছের) ডানা; (তিমি, সীল ইত্যাদির) ডানা; দুর্বিপাক। ব زَعَانِف

زَغِبَ : ـَ (زَغَب)، زَغَّبَ কোমল পালক বা কেশযুক্ত হওয়া।

أَزْغَب، زَغِب : কোমল পালক বা কেশযুক্ত।

زُغْبَة : একজাতীয় বড় ইঁদুর, dormouse.

زَغَبَر، زُغْبَار : কোমল পালক বা কেশ; পশম; আঁশ।

زَغَدَ : ـَ (زَغْد) ধাক্কা দেওয়া, খোঁচা দেওয়া; ঘা মারা; চাপ দেওয়া; (উট) আর্তনাদ করা; (নদী) স্ফীত হওয়া।

أَزْغَدَ : (إِزْغَاد) (শিশুকে) স্তন্য পান করানো।

زَغَرَ : ـَ (زَغْر) প্রচুর হওয়া; (নদী) স্ফীত হওয়া; ছিনাইয়া লওয়া।

~ ل، إِلَى : নিরীক্ষণ করা, কটমট করিয়া তাকানো, আড়চোখে তাকানো।

زَغْر : প্রাচুর্য; প্রয়োজনের অতিরিক্তাংশ।

زَغْرَدَ، زَغْرَطَ : কম্পিতস্বরে গান গাওয়া, বিয়ের গান গাওয়া; কাঁপাইয়া উচ্চারণ করা।

زَغْرَدَة : (আনন্দের) কম্পিত ক্রন্দন ধ্বনি। ব زَغَارِيد ,زَغَارِيط ব زَغْرَطَة।

زَغْرَغَ : লুকাইয়া রাখা; সুড়সুড়ি দিয়ে হাসানো।

زَغْرَغَ الكَلَامَ : ক্ষীণ স্বরে কথা বলা।

زَغْرَغ : প্রাণবন্ত, প্রফুল্ল।

زَغْطَ : (زَغْرَغَة) গিলিয়া ফেলা।

زَغْطَة، زَغَطَّة، زُغْطَّة : হিক্কা।

زَغَفَ : ـَ (زَغْف) (পানি) প্রচুর হওয়া; খোঁচা মারা।

زَغْفَة، زَغَفَة : বৃহৎ বর্ম।

مِزْغَف : লোভী।

زَغَلَ : ـَ (زَغْل) ঢালিয়া দেওয়া; ভেজাল দেওয়া; (মুদ্রা) জাল করা; ঢোক ঢোক স্তন্য পান করা; টেরা চোখে তাকানো।

أَزْغَلَ : (إِزْغَال) ঢালিয়া দেওয়া; বাচ্চাকে খাওয়ানো; শিশুকে স্তন্য পান করানো।

أَزْغَلَ بِالدَّمِ : বেগে রক্ত নির্গত করা।

زَغَل : প্রতারণা; ভেজাল; জাল মুদ্রা।

زُغْلَة : ফিনকি, মুখের কুলি।

أَزْغَل : টেরা চক্ষুবিশিষ্ট।

مَزْغَل : গোলা-গুলি নিক্ষেপের জন্য দুর্গের প্রাচীরস্থ ছিদ্র, loophole. ব مَزَاغِل

زَغْلَلَ : (زَغْلَلَة) (চক্ষু) ঝলসাইয়া দেওয়া।

زُغْلُول : শিশু; বাচ্চা কবুতর; হল্‌দে খেজুর : তৎপর, চঞ্চল-প্রাণ। ব زَغَالِيل

تَزَغَّمَ : (উট) বারবার আর্তনাদ করা; রাগের সহিত কথা বলা।

زُغْمُوم، زَغُوم : তোতলা।

زَفَّ : ـِ (زَفِيف، زُفُوف، زَفّ) ত্বরা করা; (পাখি) ডানা ছড়াইয়া দেওয়া; (বাতাস) ধীরে প্রবাহিত হওয়া।

~ : ـُ (زِفَاف، زَفّ) নব-দম্পতিকে বাসর-ঘরে দেওয়া; (সুসংবাদ) ঘোষণা করা।

أَزَفَّ : (إِزْفَاف) দ্রুত চলা; দ্রুত চালানো।

إِزْدَفَّ : (إِزْدِفَاف) (বোঝা) বহন করা।

زِفّ : পাখির সরু পালক।

زَفَّة : শোভাযাত্রা; বরযাত্রা; একবার।

زُفَّة : দল।

زِفَاف : বিবাহ, বিবাহোৎসব, কনের পতিগৃহে যাত্রা।

لَيْلَة الزِّفَاف : বাসর রাত।

زَفُوف : উটপাখি; দ্রুতগামী (উষ্ট্রী)।



www.pathagar.com

زَفِيف : দ্রুতগামী; পাখির উড্ডয়ন; (বাতাসের) শোঁ শোঁ শব্দ।

مِزَفَّة : বিবাহের পালকি।

زَفَتَ ـُ : (زَفْت) (পাত্র) পূর্ণ করা; তাড়াইয়া দেওয়া; বাধা দেওয়া; রাগান্বিত করা; ক্লান্ত করা।

زَفَّتَ : পিচ মাখানো; আলকাতরা লাগানো; পিচঢালা।

زِفْت : পিচ।

مِزْفَتَة : (تَزْفِيْت) পিচ ঢালিবার যন্ত্র। ব مَزَافِت

زَفَدَ ـُ : (زَفْد) (পাত্র) পূর্ণ করা।

زَفَرَ ـ : (زَفِير، زَفْر) দীর্ঘশ্বাস ছাড়া; বিলাপ করা; শ্বাসত্যাগ করা।

زَفَّرَ : (تَزْفِير) চর্বি মাখানো; চর্বিযুক্ত খাদ্য খাইতে দেওয়া।

تَزَفَّرَ : চর্বিযুক্ত খাদ্য গ্রহণ করা।

زِفْر : ভারী বোঝা; পানির মশক; দল। ব أَزْفَار

زَفَر : চর্বি; চর্বিযুক্ত খাদ্য।

زَفِر : চর্বিযুক্ত; ময়লা; দুর্গন্ধময়।

زُفَر : সিংহ; সাহসী; উদার; সমুদ্র, বড় নদী; স্থূলকায় উষ্ট্র।

زَفْرَة : দীর্ঘশ্বাস; বিলাপ। ব زَفَرَات

يَوْمِيَّة الزَّفْرَة : জাবদা, দৈনিক হিসাবের খাতা।

زَفِير : নিঃশ্বাস; দীর্ঘশ্বাস, বাষ্পনির্গমন; বিলাপ; দুর্ভাগ্য।

زَافِرَة : বড় উট; গোত্র; পানি বহনকারিণী। ব زَوَافِر

مُزْدَفَر، مُزْفَر : গভীর দীর্ঘশ্বাস।

زَفْزَفَ : (زَفْزَفَة) পূর্ণ গতিতে দৌড়ানো; ডানা ছড়াইয়া দেওয়া; বিলাপ করা; কম্পিত হওয়া।

زَفْزَفَة : বাতাসের শোঁ শোঁ শব্দ।

زَفْزَاف : উটপাখি; দ্রুতগামী; প্রবল বেগে প্রবহমান (বায়ু)।

زَفَنَ ـ : (زَفْن) ধাক্কা দেওয়া; নৃত্য করা; লাথি মারা।

زَافِنَة، زَفُون : নর্তকী; খোঁড়া (উষ্ট্রী)।

زَيْزَفُون : বৃক্ষবিশেষ।

زَفَى ـ : (زَفَيَان، زَفْي) (ধনুক) টংকার-ধ্বনি করা; (পাখি) ডানা ছড়াইয়া দেওয়া; তাড়াইয়া নেওয়া।

أَزْفَى : (إِزْفَاء) বহন করা।

مُشْرَف، مَزْفِيّ : ভীত।

زَقَّ ـُ : (زَقّ) (পাখি) মলত্যাগ করা; ঠোঁট দ্বারা বাচ্চাকে খাওয়ানো; ধাক্কা দেওয়া।

زِقّ : (পানির) মশক। ব زُقَّاق، زِقَاق، أَزْقَاق

زُقّ : মদ। ব زَقَقَة

زُقَّة، زُقَّ : পক্ষীবিশেষ।

زُقَاق : সরুপথ, গলি; প্রণালী। ব زُقَّاق، زُقَاق، أَزِقَّة

زُقَيْقِيَّة : ক্ষুদ্র পক্ষীবিশেষ।

زَقْزَقَ : (زَقْزَقَة) কিচমিচ শব্দ করা; চড়চড় শব্দ করা; (বাচ্চাকে) খাওয়ানো; (শিশুকে) বাহুতে করিয়া নাচানো; সুড়সুড়ি দিয়া হাসানো।

مُزَقْزَق : দ্রুত সম্পাদিত (কাজ)।

زَقَفَ ـُ : (زَقْف) ছিনাইয়া লওয়া।

زُقْل : ডাকাতদল।

زُقْلَة : মুগুর, লাঠি, দণ্ড। ব زُقْلِيَّة، زُقَل

زَقِيلَة : সংকীর্ণ রাস্তা; গলিপথ। ব زَقَائِل

زَوْقَلَ : (زَوْقَلَة) পাগড়ির প্রান্তভাগ ঝুলাইয়া দেওয়া।

زَقَمَ ـُ : (زَقْم)، تَزَقَّمَ، إِزْدَقَمَ গিলিয়া ফেলা।

زَقَّمَ : (تَزْقِيْم) গিলানো; মারাত্মক খাদ্য খাওয়ানো।

زَقَّمَ الكِتَابَ : বইয়ের কোণা কাটিয়া ফেলা।

أَزْقَمَ : (إِزْقَام) গিলানো।

زَقُّوم : অতিশয় তিক্ত ফলবিশিষ্ট কণ্টকবৃক্ষ।

زَقَنَ ـُ : (زَقْن) (বোঝা) বহন করা।

أَزْقَنَ : (إِزْقَان) (বোঝা) বহন করিতে সাহায্য করা।



www.pathagar.com

زَقَا ـُ : (زَقْو، زُقَاء) (পাখি) চিঁচিঁ, কা কা, কিচিরমিচির ইত্যাদি শব্দ করা।

زُقْيَة : স্তূপ।

زَكَّ ـِ : (زَكّ، زَكِيك، زَكِيك) টলমল করিতে করিতে হাঁটা, পড়পড় হওয়া, উঠি-পড়ি হওয়া।

أَزَكَّ : ~ عَلَى লাভ করা, সংরক্ষণ করা।

زِكَّة : অস্ত্র।

زَكْزَكَ : (زَكْزَكَة) কম্পিত হওয়া; সুড়সুড়ি দিয়া হাসানো।

زَكَبَ ـُ : (زُكُوب) পূর্ণ করা।

زَكِيبَة : থলি, বস্তা। ব زَكَائِب

زُكْرَة : ক্ষুদ্র পাত্র; নাভি। ব زُكَر

زَكَمَ ـُ : (زَكْم) أَزْكَمَ (إِزْكَام) সর্দিতে আক্রান্ত করা।

زُكِمَ : সর্দিতে আক্রান্ত হওয়া।

زَكْمَة، زُكَام : সর্দি, ঠাণ্ডা।

زَكَنَ ـُ (زَكْن) হৃদয়ঙ্গম করা; মনে করা; চিন্তা করা।

زَكَّنَ : (تَزْكِين) ~ عَلَى সন্দেহ করা।

زَاكَنَ : (مُزَاكَنَة) নিকটবর্তী হওয়া।

أَزْكَنَ : (إِزْكَان) মনে করাইয়া দেওয়া; অবহিত করা; অনুমান করা।

زَكَانَة، زَكَانِيَة : সঠিক রায়; সূক্ষ্ম বিচার-বুদ্ধি; বিচক্ষণতা; প্রজ্ঞা।

زَكَا ـُ (زَكَاء، زُكُوّ)، زَكِيَ ـَ (زَكًى) বর্ধিত হওয়া; বৃদ্ধি পাওয়া; অনুকূল হওয়া; মানানসই হওয়া; সঠিক হওয়া।

زَكَّى : (تَزْكِيَة) বর্ধিত করা; উন্নতি করা; পবিত্র করা; শোধন করা,. সমর্থন করা, সঠিক বলিয়া ঘোষণা করা; প্রত্যয়ন করা; প্রশংসা করা, প্রশংসা-পত্র দেওয়া, সুপারিশ করা; যাকাত আদায় করা। ব أَزْكِيَاء

أَزْكَى : (إِزْكَاء) বর্ধিত করা।

تَزَكَّى : পবিত্র হওয়া, শোধিত হওয়া; বর্ধিত হওয়া; যাকাত দেওয়া।

زَكَاء : বৃদ্ধি; সততা, ন্যায়পরায়ণতা; পবিত্রতা।

زَكَاة : যাকাত; পবিত্রতা। ব زَكَوَات، زَكًا

زَكِيّ : পবিত্র; নির্দোষ; নিষ্পাপ; ন্যায়পরায়ণ। ব أَزْكِيَاء

تَزْكِيَة : পবিত্রতা; প্রত্যয়ন; প্রশংসা-পত্র।

زَلَّ ـَ : (زَلّ، زَلَل، مَزَلَّة) স্খলিত হওয়া; হোঁচট খাওয়া; ভুল করা; (জীবন) অতিবাহিত হওয়া; গ্রহণ করা।

أَزَلَّ : (إِزْلَال) স্খলিত করা; হোঁচট খাওয়ানো; ভুল করানো।

~ إِلَى : প্রদান করা, অর্পণ করা, ন্যস্ত করা।

زَلّ : এক প্রকার নলখাগড়া (সি)।

زِلّ : মসৃণ পাথর।

زُلّ : পিচ্ছিল (স্থান)।

زَلَل، زَلَّة : স্খলন, হোঁচট; ত্রুটি, ভ্রান্তি।

زُلَال : ঠাণ্ডা পানি, টাটকা পানি।

زُلَالُ الْبَيْض : ডিমের শ্বেতাংশ।

زِلِّيَّة : গালিচা; পশমি কম্বল। ব زَلَالِيّ

أَزَلّ : দ্রুত। স্ত্রী زَلَّاء ব زُلّ

مَزَلَّة : পিচ্ছিল ভূমি।

زَلِبَ ـَ : (زَلَب) ~ بِ সংলগ্ন হওয়া।

زَلَابِيَة : খোলা পিঠা, pancake.

زَلَجَ ـُ : (زَلْج)، أَزْلَجَ (إِزْلَاج) (দরজায়) খিল লাগানো।

زَلِجَ ـَ : (زُلُوج)، تَزَلَّجَ পিছলাইয়া যাওয়া, গড়াইয়া যাওয়া, ধীরে ধীরে চলিয়া যাওয়া।

~ عَلَى : স্কেটিং করা।

زَلْج، زَلِج، زَلِيج : পিচ্ছিল, মসৃণ।

زِلَاج، مِزْلَاج : (দরজার) খিল। ব مَزَالِيج

مِزْلَج : স্কেট, skate. ব مَزَالِج

مَزْلَجَة : স্কেটিং রিং।

زَلَعَ ـَ : (زَلْع)، تَزَلَّعَ স্বাদ লওয়া, চাখা।



www.pathagar.com

زَلِحَتْ رَأْسُهُ : তাহার মাথায় টাক পড়িল।

أَزْلَحُ : টাকযুক্ত, টেকো।

زُلَّخَةٌ : কটিবাত, lumbago.

زَلِزَ : ـَ (زَلَزٌ) উদ্বিগ্ন হওয়া।

زَلْزَلَ : (زَلْزَلَةٌ) কম্পিত করা; অস্থির করা।

تَزَلْزَلَ : কম্পিত হওয়া।

زَلْزَلَةٌ، زَلْزَالٌ، زِلْزَالٌ : ভূমিকম্প, ভূ-কম্পন। ব زَلَازِلُ

مِقْيَاسُ الزَّلَازِلِ : ভূমিকম্প-নির্দেশক যন্ত্র।

زَلَطَ : - (زَلْطٌ) দ্রুত হাঁটা; গিলিয়া ফেলা।

زَلَّطَ : (تَزْلِيطٌ) বিবস্ত্র করা; খোয়া, কংকর ইত্যাদি দ্বারা পাকা করা।

تَزَلَّطَ : বিবস্ত্র হওয়া।

زَلَطٌ، زَلَطَةٌ : নুড়ি; পাথরকুচি; খোয়া।

وَابُورُ الزَّلَطِ : রাস্তা সমান করিবার স্টিম রোলার।

زُلْطٌ : নগ্নতা।

زَلْعَةٌ : (মি) লম্বা মৃৎপাত্রবিশেষ, (jar). ব زِلَعٌ

زَلْعُومٌ : গলা; খাদ্যনালী, হলকুম। ব زَلَاعِيمُ

زَلَفَ : ـُ (زَلْفٌ، زَلِيفٌ)، تَزَلَّفَ، ~ إِلَى অগ্রসর হওয়া, নিকটে যাওয়া; তোষামোদ করা।

زَلَّفَ : (تَزْلِيفٌ) ~ فِي সম্প্রসারিত করা, বাড়াইয়া বলা।

أَزْلَفَ : (إِزْلَافٌ) নিকটবর্তী করা; সংগ্রহ করা।

زَلَفٌ، تَزَلُّفٌ : তোষামোদ।

زُلْفَةٌ : নৈকট্য; মর্যাদা; বড় থালা; রাত্রির প্রথমাংশ; তোষামোদ।

زَلَفَةٌ : পানিতে পরিপূর্ণ ট্যাংক; থালা; ঝিনুকের খোলা; মসৃণ পাথর; কঠিন ভূমি; আয়না; চামচ। ব زَلَفٌ

زُلْفَى : নৈকট্য; তোষামোদ।

زَلُوفٌ : দূরবর্তী (ভ্রমণ)।

زَلِيفٌ : সম্মুখে অগ্রসরমান।

مُتَزَلِّفٌ : তোষামোদকারী, চাটুকার।

زَلِقَ : ـَ (زَلَقٌ)، زَلَقَ : ـُ (زَلْقٌ) পিছলাইয়া যাওয়া, স্খলিত হওয়া; মুণ্ডন করা।

زَلَّقَ، أَزْلَقَ : (إِزْلَاقٌ، تَزْلِيقٌ) স্খলিত করা; পিচ্ছিল করা; অকালে প্রসব করা।

تَزَلَّقَ، إِنْزَلَقَ : (إِنْزِلَاقٌ) মসৃণ হওয়া; পিচ্ছিল হওয়া; পিছলাইয়া যাওয়া; পিছলাইয়া চলা।

زَلَقٌ، زَلِقٌ : পিচ্ছিল, মসৃণ।

زَلْقَةٌ : স্খলন, ভুল। ব زَلَقٌ

زَلَاقَةٌ : পিচ্ছিলতা, মসৃণতা।

زَلَّاقَةٌ، مِزْلَقَةٌ : স্লেজগাড়ি, বরফের উপর দিয়া পিছলাইয়া চলিবার গাড়ি।

زَلُوقٌ : দ্রুতগামী (উষ্ট্রী); দূরবর্তী।

زَلِيقٌ : অকালজাত ভ্রূণ।

مَزْلَقٌ، مَزْلَقَةٌ : পিচ্ছিল জায়গা, ঢালু স্থান। ব مَزَالِقُ

مَزْلَقَانٌ : রেলক্রসিং।

زَلَمَ : ـُ (زَلْمٌ) ভুল করা; (পাত্র) পূর্ণ করা।

تَزَلَّمَ : অশ্ব হইতে অবতরণ করা।

زَلَمٌ : গণকের তীর। ব أَزْلَامٌ

زَلَمَةٌ : আকৃতি; লোক; পদযাত্রী।

زَلْمَاءُ : স্ত্রী বাজপাখি; পাহাড়ি ছাগী।

زُلُّومَةٌ : (হাতির) শুঁড়; (পাত্রের) চুংগি, নল। ব زَلَالِيمُ

مُزَلَّمٌ : ক্ষুদ্রকায়; ঝলঝলে কানযুক্ত প্রাণী; বন-বিড়াল; অপ্রতুল, সামান্য (দান)।

زَمَّ : ـُ (زَمٌّ) আটকানো, বাঁধা; (পানির মশক) পূর্ণ করা; লইয়া যাওয়া; পশ্চাতে ফেলিয়া যাওয়া।

زَمَّمَ : (تَزْمِيمٌ) (উট) লাগাম দেওয়া।

زَامَّ : (زِمَامٌ، مُزَامَّةٌ) বিরোধিতা করা।

أَزَمَّ : বাঁধা।

زِمَامٌ : লাগাম, ফিতা, দড়ি; ভূমি; তত্ত্বাবধান, নির্দেশ; নেতা। ব أَزِمَّةٌ



www.pathagar.com

لاَزِمَام لَهُ : অবিশ্বাস্য, বেলে গাম।

أَرْض خَارِج الزِمَام : সীমান্তভূমি, borderland.

زَمُتَ : ـُ (زَمَاتَة)، تَزَمَّتَ গম্ভীর হওয়া, প্রশান্ত হওয়া; ফিটফাট হওয়া।

زَمِيت : গম্ভীর, প্রশান্ত, ফিটফাট। ব زِمِّيت، زُمَتَاء

تَزَمُّت : গাম্ভীর্য, প্রশান্তি; গোঁড়ামি।

زَمِجَ : ـَ (زَمَج) রাগান্বিত হওয়া।

زَمِج : রাগান্বিত।

زُمَّج : লালচে বাজপাখি। ব زَمَامِج

زُمَّجُ الماء : গাংচিল।

زَمْجَرَ : (زَمْجَرَة) ক্রুদ্ধ হওয়া; বকবক করা; গর্জন করা; জোরে চিৎকার করা।

زَمَرَ : ـُ (زَمْر، زَمِير)، زَمَّرَ (تَزْمِير) (বাঁশি) বাজানো।

زَمَر : গান ; স্বর; বাঁশি। ব زُمُور

زُمْرَة : দল, গ্রুপ। ব زُمَر

زُمْرَة دَمَوِيَّة : রক্তের গ্রুপ; blood group.

زَمَّار : বংশীবাদক।

زَمَّار الرَمْل : কাদাখোঁচা পাখি।

زَمَّارَة : বাঁশি, সাইরেন। ব زَمَامِير

مِزْمَار : বংশী, ক্লারিনেট। ব مَزَامِير

زَمِير : ক্ষুদ্রাকৃতি; সুদর্শন। ব زِمَار

زُمَّير : জই।

مَزْمُور : দাউদ (আ) এর স্তোত্র। ব مَزَامِير

زُمُرُّد : পান্না।

زَمْزَمَ : (مَزْمَزَة) প্রতিধ্বনি করা; গুড়গুড়, কলকল, গুনগুন, দাউ দাউ ইত্যাদি শব্দ করা; গর্জন করা।

تَزَمْزَمَ : (উট) গোঁ গোঁ করা।

زَمْزَم : প্রচুর (পানি); কা'বার সন্নিকটে অবস্থিত যমযম কূপ।

زَمْزَمَة : বজ্র-গর্জন; সিংহ-গর্জন। ব زَمَازِم

زَمْزَمِيَّة : ক্ষুদ্র পানির মশক; বোতল; ফ্লাস্ক।

زَمَطَ : ـُ (زَمْط) পলায়ন করা, সরিয়া পড়া।

زَمِعَ : ـَ (زَمَع) হতবুদ্ধি হওয়া, ভীত-বিহ্বল হওয়া।

زَمَعَ، زَمَّعَ، أَزْمَعَ : (إِزْمَاع، تَزْمِيع) عَلَى ~ সংকল্প করা, সিদ্ধান্ত গ্রহণ করা, দৃঢ়সংকল্প হওয়া।

زَمَع، زَمَاع : স্থিরচিত্ততা, ঐকান্তিকতা।

زَمْعِيّ : উগ্রমস্তিষ্ক; কৃপণ; ধূর্ত।

زَمُوع : দ্রুতগামী (খরগোশ)।

أَزْمَع : দুর্ঘটনা, দুর্ভাগ্য। ব أزامِع

مُزْمِع : স্থিরসংকল্প, দৃঢ়সংকল্প; উদ্যমশীল; সম্ভাব্য; আসন্ন (ঘটনা)।

زِمِكّ، زِمِكَى : পাখির পুচ্ছমূল।

زَمَلَ : ـُ (زَمْل) সঙ্গী হওয়া; (বোঝা) বহন করা।

~ : (زُمُول) অনুসরণ করা।

زَمَّلَ : (تَزْمِيل) বস্ত্রাবৃত করা, লুকাইয়া রাখা।

زَامَلَ : (مزاملة) সঙ্গে গমন করা, সঙ্গী হওয়া; সহকর্মী হওয়া, সহযোগী হওয়া; পিছনে আরোহণ করানো।

تَزَمَّلَ، إِزَّمَّلَ : বস্ত্রাবৃত হওয়া।

زَمِل، زُمَل، زُمَّل : দুর্বল, ভীরু।

زُمْلَة : দল, সঙ্গীদল; সঙ্গ।

زَمَلَة : পরিবার।

زَامِلَة : ভারবাহী পশু; খাদ্য-সামগ্রী বহনের থলি। ব زَوَامِل

زَمِيل : সঙ্গী, সাথী, সহকর্মী, সহযোগী, বন্ধু; সহআরোহী। ব زُمَلاَء

زَمِيل المَدْرَسَة : বিদ্যালয়-বন্ধু, সহপাঠী।

~ الكَاس : অন্তরঙ্গ বন্ধু, পান-সাথী।

زَمَالَة : সঙ্গ, বন্ধুত্ব।

أَزْمَل : অস্পষ্ট শব্দ। ব أزامِل



www.pathagar.com

إِزْمِيل : বাটালি, chisel; মুচির ছুরি। ব أَزَامِيل

مُزَمَّل : বস্ত্রাবৃত।

زَوْمَلَ : (زَوْمَلَة) (উট) তাড়াইয়া নেওয়া।

زَمْلَق، زَمْلُوق : তৎপর।

زَمِنَ ـَ : (زَمَانَة، زَمَن) পক্ষাঘাতগ্রস্ত হওয়া, দীর্ঘস্থায়ী রোগে আক্রান্ত হওয়া, দীর্ঘকাল যাবৎ অসুস্থ হওয়া।

أَزْمَنَ : (إِزْمَان) দীর্ঘস্থায়ী হওয়া; দীর্ঘকাল অবস্থান করা; পুরাতন হওয়া।

زَمَن : সময়, কাল, যুগ। ব زَمَان، أَزْمَان ব أَزْمِنَة، أَزْمُن

تَصَارِيفُ الزَّمَان : কালচক্র, সময়ের বিবর্তন।

زَمَنًا، زَمَانًا : কিছুক্ষণের জন্য।

زَمِن، زَمِين : দীর্ঘস্থায়ী রোগে আক্রান্ত, স্থায়ীভাবে পীড়িত।

زَمَنِيّ، زَمَانِيّ : পার্থিব, জাগতিক; ক্ষণস্থায়ী।

قُنْبُلَة زَمَنِيَّة : টাইম বোমা।

زَمَانَة : দীর্ঘস্থায়ী রোগ, পুরাতন ব্যাধি।

مُزْمِن : দীর্ঘস্থায়ী, পুরাতন; দৃঢ়মূল।

زَمْهَرَ : (زَمْهَرَة) রক্তবর্ণ হওয়া।

إِزْمَهَرَّ : (إِزْمِهْرَار) রক্তবর্ণ হওয়া; অধিক ঠাণ্ডা হওয়া।

زَمْهَرِير : তীব্র ঠাণ্ডা; চন্দ্র।

زَنَّ ـُ : (زَنّ) গুনগুন করা; ভনভন করা, গুঞ্জন করা; (স্নায়ু) শুকাইয়া যাওয়া।

زَنّ : গুনগুন শব্দ, গুঞ্জন।

زِنّ : ক্ষুদ্র, সামান্য, অপর্যাপ্ত।

زَنَان : সংকীর্ণ।

زَنَا ـَ : (زَنًا) আশ্রয় চাওয়া; আরোহণ করা; প্রফুল্ল হওয়া; ত্বরা করা; সীমাবদ্ধ হওয়া, আবদ্ধ হওয়া।

زَنَا الْبَوْلَ : প্রস্রাব আটকাইয়া রাখা।

زَنَّى : (تَزْنِيَة) ~ عَلَى সীমাবদ্ধ রাখা, কোণঠাসা করিয়া রাখা, হয়রান করা।

أَزْنَى : (إِزْنَاء) বলপূর্বক লইয়া যাওয়া; আরোহণ করান।

زَنَاء : সংকীর্ণ।

زَنَاةُ الْبَوْلِ : মূত্রবদ্ধতা।

زَنِبَ ـَ : (زَنَب) মোটা হওয়া।

زُنْبَة : ছিদ্র করিবার যন্ত্র, পাঞ্চমেশিন, Punch.

زَنْبَرَ، تَزَنْبَرَ : ~ عَلَى অহঙ্কার প্রদর্শন করা; ঔদ্ধত্য দেখানো।

زُنْبُور : ভীমরুল; বোলতা; শক্তিশালী গাধা; বড় ইঁদুর। ব زَنَابِير

زَنْبَرَك، زُنْبُرُك : (তু) স্প্রিং; বন্দুকের ঘোড়া। ব زَنَابِك

زَنْبَق :শ্বেতপদ্ম; মদ।

زَنْبِيل : তালপাতার ঝুড়ি, থলে। ব زَنَابِيل

زَنْج : নিগ্রো। ব زُنُوج، زِنْجِيّ

زَنْجَبَار : জাঞ্জিবার।

زَنْجَبِيل : আদ্রক; মদ।

زَنْجَرَ : (زَنْجَرَة) তুড়ি দেওয়া, টোকা মারা।

زَنْجَرَ الْمَسْكُوكَات : মুদ্রাংকিত করা।

زِنْجَار : তামা, পিতল ইত্যাদির সবুজ মরিচা।

زِنْجَر : শিকল; তুড়ি, টোকা। ব زَنَاجِير

زِنْجَفْر، زُنْجُفْر : সিন্দূর।

زَنَخَ ـَ : (زَنْخ) প্রশংসা করা; হটাইয়া দেওয়া।

زَنَّخَ : বারবার (পানি) পান করা।

تَزَنَّخَ : গর্বিত হওয়া; নিঃসংকোচে কথা বলা।

زَنِخَ ـَ : (زَنَخ)، زَنَّخَ، (تَزْنِيخ) বাসি হওয়া, দুর্গন্ধযুক্ত হওয়া।

زَنِخ : বাসি, দুর্গন্ধযুক্ত।

زَنْخَرَ : (زَنْخَرَة) নাসিকাধ্বনি করা, নাক ডাকা।



www.pathagar.com

زَنَدَ - : (زَنْد) অগ্নি প্রজ্বলিত করা, (পাত্র) পূর্ণ করা।

~ ـَ : (زَنَد) তৃষ্ণার্ত হওয়া

زَنَّدَ : (تَزْنِيد) (পাত্র) পূর্ণ করা, মিথ্যা বলা।

أَزْنَدَ : (إِزْنَاد) বৃদ্ধি পাওয়া।

تَزَنَّدَ : রাগান্বিত হওয়া; নির্বাক থাকা।

زَنْد : কবজি; কনুই হইতে কবজি পর্যন্ত হাতের অংশ; কাঁটাগাছ; কাঠের কুঁদা, log. ব أَزْنَاد، زِنَاد

زِنَاد : চকমকির উপরের খণ্ড; বন্দুকের ঘোড়া। ব أَزْنِدَة

حَجَر الزِنَاد : চকমকি-পাথর।

زَنْدَة : চকমকির নিচের খণ্ড।

مُزَنَّد : কৃপণ; আঁটসাঁট (কাপড়)।

تَزَنْدَقَ : নাস্তিক হওয়া।

زَنْدَقَة : নাস্তিকতা।

زِنْدِيق : নাস্তিক, ধর্মে অবিশ্বাসী। ব زَنَادِيق، زَنَادِقَة

زَنَّرَ : (تَزْنِير) স্থিরদৃষ্টিতে তাকাইয়া থাকা।

زُنَّارَة، زُنَّار : বেল্ট; কটিবন্ধ; কোমরে পরিবার ফিতা। ব زَنَانِير

زِنْزَانَة : বন্দিশালা।

زَنْزَلَخْت : (ফা) এক প্রকার গাছ।

زَنِفَ ـَ : (زَنَف) تَزَنَّفَ রাগান্বিত হওয়া।

زَنَقَ - : (زَنْق) আটকানো; সংকীর্ণ করা; আলগা করিয়া পা বাঁধা; ঘোড়ার লাগামে আংটা লাগানো।

زَنَّقَ، أَزْنَقَ (إِزْنَاق) : ~ عَلَى কার্পণ্য করা; ব্যয়কুণ্ঠ হওয়া।

زَنَقَة : সংকীর্ণ রাস্তা, গলি। ব زِنَق

زِنَاق : গলাবন্ধ, কলার; পশুকে গলায় বাঁধিয়া রাখিবার দড়ি; কণ্ঠহার। ব زُنُق

زِنْك : দস্তা, zinc.

زَنَمَة : কানের কর্তিত ও ঝুলন্ত অংশ; গলার নিচে ঝুলন্ত মাংসখণ্ড; কচিপাতা, উপপত্র; প্রতীক।

أَزْنَم، زَانِم : কর্তিতকর্ণ, কান-কাটা।

مُزَنَّم، زَنِيم : হীন, নীচ, জারজ; বহিরাগত।

زَنَا ـُ : (زُنُوّ) সংকীর্ণ হওয়া।

زَنَى - : (زِنَاء، زِنًى) ব্যভিচার করা, যিনা করা।

زَنَّى : (تَزْنِيَة) ব্যভিচার আরোপ করা, যিনার অভিযোগ আনা।

زِنَاء، زِنًى : ব্যভিচার, যিনা।

وَلَد الزِنَا، إِبْنُ الزِنَا : জারজ সন্তান।

زَانٍ : যিনাকারী, ব্যভিচারী। স্ত্রী زَانِيَة ব زُنَاة، زَوَان

زِه : সাবাস!

زَهَدَ، زَهِدَ ـَ، زَهُدَ ـُ : (زُهْد) ~ عَنْ، فِي বিরত থাকা, পরিত্যাগ করা, সরিয়া আসা; তাপস হওয়া, সংসারত্যাগী হওয়া; উদাসীন হওয়া।

زَهَّدَ : (تَزْهِيد) বিরত রাখা; নিরুৎসাহিত করা।

تَزَهَّدَ : সংসারত্যাগী হওয়া; তপস্যা করা; কঠোর সংযমী হওয়া।

تَزَاهَدَ، إِزْدَهَدَ، إِسْتَزْهَدَ : (إِسْتِزْهَاد، إِزْدِهَاد) ছোট মনে করা, তুচ্ছ জ্ঞান করা।

زُهْد، تَزَهُّد : তপস্যা; বৈরাগ্যবাদ; সন্ন্যাসবাদ; সংযম; উদাসীনতা।

زَاهِد : সংযমী; তাপস, দরবেশ; সন্ন্যাসী, সংসার-বিরাগী; উদাসীন। ব زُهَّاد

زَهِيد : সামান্য; ক্ষুদ্র; তুচ্ছ, নগণ্য; গুরুত্বহীন।

زَهَرَ ـَ : (زُهُور)، إِزْدَهَرَ (إِزْدِهَار) আলো দেওয়া; উজ্জ্বল হওয়া।

أَزْهَرَ، زَهَّرَ : (تَزْهِير، إِزْهَار) উজ্জ্বল হওয়া; আলো দেওয়া; চকমক করা; জ্বল জ্বল করা; মুকুলিত হওয়া, পুষ্পিত হওয়া।



www.pathagar.com

أزَاهِر، زَهَر، زَهَر : ফুল, মুকুল; শ্রেষ্ঠাংশ। ব زُهُور، أزْهَار، أزْهُر

زَهْرُ الـثَـالُوث : পুষ্পবিশেষ, pansy.

~ الـرَّبِـيع : বসন্তকালীন পুষ্পবিশেষ, primrose.

~ الـعَـسَل : সুগন্ধি পুষ্পসম্বলিত লতাবিশেষ, honeysuckle.

~ اللُّؤْلُؤ : ডেইজি ফুল, daisy.

~ الـنَّرْد : পাশা, ছক্কা।

زَهْرَة : ফুল; সৌন্দর্য; ঔজ্জ্বল্য, জাঁকজমক। ব زَهَرَات

زَهْرَةَ الـرَبِـيع : ফুলগাছবিশেষ, onemone.

زُهْرَة : আলো, ঔজ্জ্বল্য,সৌন্দর্য।

الزُّهْرَة : শুক্রগ্রহ, শুকতারা, প্রেম ও সৌন্দর্যের দেবতা, venus.

مَزْهَرِيَّة، زَهْرِيَّة : ফুলদানি।

مُزْهِر، زَاهِر : উজ্জ্বল; মুকুলিত।

زَهَّار : ফুল-বিক্রেতা, ফুল-চাষী।

زَهْرَاء : সুন্দরী (নারী); বন্য গাভী।

زَهْرَاوِيّ : হাসিখুশি, প্রফুল্ল।

أزْهَر : উজ্জ্বল, শুক্রবার; বন্য ষাঁড়; সদ্য দোহিত দুগ্ধ।

الأَزْهَرَان : চন্দ্র-সূর্য।

الـجَـامِـع الأَزْهَر، جَـامِـع الأَزْهَـر : আল-আয্হার বিশ্ব-বিদ্যালয়।

مِزْهَر : বাদ্যযন্ত্রবিশেষ। ব مَزَاهِر

زَهَـفَ : ـَ (زُهُـوف) ধ্বংস হওয়া; নিকটবর্তী হওয়া।

أزْهَفَ : (إزْهَـاف) অনিষ্ট করিতে উদ্যত হওয়া; মিথ্যা বলা; নিন্দা করা, কুৎসা করা।

تَزَهَّـفَ : ~ عَنْ ফিরিয়া আসা, বিরত হওয়া।

إزْدَهَفَ : (إزْدِهَاف) নিকটবর্তী হওয়া; মিথ্যা বলা; বিরত হওয়া; লইয়া যাওয়া; বহন করা।

زَهَـقَ : ـَ (زُهُـوق) নিঃশেষ হওয়া, বিলুপ্ত হওয়া; প্রস্থান করা; অদৃশ্য হওয়া; মরিয়া যাওয়া; লক্ষ্যভেদ করা, অগ্রগামী হওয়া।

زَهِقَ : ـَ (زَهَق) ক্লান্ত হওয়া, বিরক্ত হওয়া, ধ্বংস হওয়া, লক্ষ্য ভেদ করা।

أزْهَقَ : (إزْهَاق) ধ্বংস করা; সমাপ্ত করা; (লক্ষ্য) ভেদ করা।

إنْزَهَقَ : (إنْزِهَاق) অগ্রবর্তী হওয়া।

زَهَق : সমতল ভূমি।

زَهِق : দ্রুত।

زَهُوق، زَاهِق : ধবংসশীল; অস্থায়ী।

زَهْقَان : ক্লান্ত; বিরক্ত।

زَهَكَ : ـَ (زَهْك) চূর্ণ করা।

زَهَـلَ : ـُ (زَهْـل) ~ عَـنْ পরিহার করা, এড়াইয়া যাওয়া।

زَاهِل : শান্ত, প্রশান্তচিত্ত।

زَهْلَقَ : (زَهْلَقَة) মসৃণ করা, স্বচ্ছ করা।

زُهْلُوق : মোটা। ব زَهَالِق

زَهَـمَ : ـُ (زَهْـم)، أزْهَـمَ (إزْهَـام) (হাড়) মজ্জায় পরিপূর্ণ হওয়া।

زَهِـمَ : ـَ (زَهَـم) অজীর্ণে ভোগা; তৈলাক্ত হওয়া; (হাত) চর্বিযুক্ত হওয়া।

زَاهَمَ : (مُزَاهَمَة) নিকটবর্তী হওয়া; শত্রুভাবাপন্ন হওয়া; বিচ্ছিন্ন হওয়া।

زُهُومَة، زُهْمَة، زُهْم : দুর্গন্ধ, দুর্গন্ধময়তা।

زَهِم : দুর্গন্ধময়।

زَهَـا : ـُ (زُهُـو، زَهْـو) আলো দেওয়া; (রং) উজ্জ্বল হওয়া; বর্ধিত হওয়া; রঙ ধারণ করা।

زَهَّى : (تَزْهِيَة) (ফলে) রঙ ধরা; (পাখা ইত্যাদি) চালানো।

أزْهَـى : বর্ধিত হওয়া; মুকুলিত হওয়া; আত্মশ্লাঘাপূর্ণ হওয়া।



www.pathagar.com

أَزْدَهَى : আত্মতৃপ্ত হওয়া; আত্মশ্লাঘাপূর্ণ হওয়া; গর্ব করা।

زَهْو : গর্ব, অহমিকা, আত্মশ্লাঘা; মিথ্যা; সৌন্দর্য, উৎকর্ষ; প্রমোদ।

زَهَاء : সৌন্দর্য, ঔজ্জ্বল্য; চমৎকারিত্ব।

زُهَاء : সংখ্যা, পরিমাণ, প্রায়, কাছাকাছি।

زَهِيّ، زَاهٍ : উজ্জ্বল; চমৎকার; সুন্দর; জাঁকালো; পুষ্পিত।

مَزْهُوّ : গর্বিত; উদ্ধত, আত্মশ্লাঘাপূর্ণ।

زَوَّجَ : (تَزْوِيج) বিবাহ দেওয়া; যুগলবদ্ধ করা; দ্বিগুণ করা।

زَاوَجَ : (زِوَاج، مُزَاوَجَة) যুগলবদ্ধ হওয়া; বিবাহ-সূত্রে আবদ্ধ হওয়া।

تَزَوَّجَ : বিবাহ করা।

تَزَاوَجَ : অসবর্ণ বিবাহ করা, আন্তঃবিবাহ করা, বদল বিবাহ করা; যুগলবদ্ধ হওয়া; দ্বিগুণ হওয়া।

إِزْدَوَجَ : (إِزْدِوَاج) যুগলবদ্ধ হওয়া, দ্বিগুণ হওয়া।

زَوْج : স্বামী, স্ত্রী; সাথী; জোড়া, যুগল। ব أَزْوَاج

زَوْجُ البِنْت : জামাতা।

~ الأُخْت : ভগ্নিপতি।

~ الخَالَة : খালু।

~ العَمَّة : ফুফা।

زَوْجَان : স্বামী-স্ত্রী, দম্পতি।

زَوْجَة : স্ত্রী। ব زَوْجَات

زَوْجَة الأَب : বিমাতা।

~ الإِبْن : পুত্রবধূ।

~ الأَخ : ভাবি।

~ الخَال : মামী।

~ العَمّ : চাচী।

عَدَد زَوْجِيّ، زَوْجِي : জোড়-সংখ্যা।

تَزَوُّج، زِيجَة، زَوْجِيَّة، زَوَاج : বিবাহ।

حَفْلَة زَوَاج : বিবাহোৎসব।

وَحْدَةُ الزَوَاج : এক বিবাহ, monogamy.

تَعَدُّد الأَزْوَاج : বহু বিবাহ (এক স্ত্রীর) polyandry.

~ الزَوْجَات : বহু বিবাহ, polygamy.

زِيجِيّ : বৈবাহিক, দাম্পত্য।

مُزَوَّج، مُتَزَوِّج : বিবাহিত।

مُزْدَوِج : যুগ্ম, দ্বৈত, যুগল, দ্বিগুণ।

زَاحَ ـُ : (زَوْح)، إِنْزَاح দূরে চলিয়া যাওয়া, সরিয়া যাওয়া।

أَزَاحَ : (إِزَاحَة) সরাইয়া দেওয়া, অপসারিত করা, দূর করা।

زَوَّدَ : (تَزْوِيد) যোগান দেওয়া, সরবরাহ করা।

أَزَادَ : (إِزْوَاد) খাদ্যদ্রব্য যোগান দেওয়া।

تَزَوَّدَ : সরবরাহ লাভ করা, খাদ্যসামগ্রী সংগে লওয়া।

إِسْتَزَادَ : (إِسْتِزْوَاد) খাদ্যসামগ্রী চাওয়া।

زَاد : পাথেয় খাদ্যদ্রব্য, সঞ্চয়। ব زُوَّادَة، أَزْوِدَة، أَزْوَاد

تَزْوِيد : সরবরাহ।

مِزْوَد، مَزَادَة، مَزَاد : খাদ্যাদি বহন করিবার থলি, provision bag. ব مَزَائِد، مَزَاوِد

مُزَوِّد : সরবরাহকারী, যোগানদার।

زَارَ ـُ : (زِيَارَة) ভ্রমণ করা, সফর করা, পরিদর্শন করা, সাক্ষাৎ করা।

زَوِرَ ـَ : (زَوَر) নুইয়া পড়া; বাঁকা হওয়া।

زَوَّرَ : (تَزْوِير) জাল করা, নকল করা, মিথ্যা সাজানো; বানানো, উদ্ভাবন করা; উন্নত করা।

تَزَاوَرَ : সফর বিনিময় করা।

إِزْوَرَّ، إِزْوَارَّ : (إِزْوِرَار،إِزْوِيرَار) ~ عَنْ ফিরিয়া আসা, বিমুখ হওয়া; সম্পর্ক ছিন্ন করা।

إِسْتَزَارَ : (إِسْتِزَارَة) সাক্ষাৎ কামনা করা, সাক্ষাৎ করিতে বলা।

زَوْر : বক্ষের উপরিভাগ, গলা; বুদ্ধি। ব أَزْوَار



www.pathagar.com

زُور : মিথ্যা; অসত্য, বানানো, সাজানো; শক্তি; হুমকি; বিচক্ষণতা; প্রতারণা।

بِالزُّور : বলপূর্বক।

شَهَادَة الزُور : মিথ্যা সাক্ষ্য।

زَوَر : ঝোঁক; বক্রতা; মিথ্যা; বিশ্বাসঘাতকতা।

زَوْرَة : ভ্রমণ, সফর; সাক্ষাৎ।

زِيَارَة : যিয়ারত; ভ্রমণ, সফর; সাক্ষাৎ।

زَائِر : যিয়ারতকারী, সাক্ষাৎকারী; সফরকারী, সফররত; আগন্তুক।

أَزْوَر : বক্র; তির্যক; বক্রদৃষ্টি। স্ত্রী زَوْرَاء ব زُور

تَزْوِير : জালিয়াতি, প্রতারণা।

مَزَار : দর্শনস্থল; স্মৃতিসৌধ; পবিত্র স্থান; মাযার।

زَوْرَق : নৌকা, লঞ্চ। ব زَوَارِق

زَوْرَق بُخَارِيّ : স্টীম লঞ্চ।

النَجَاة ~ : জীবন-তরী, lifeboat.

زَاغَ : ـُ (زَوَغَان، زَوْغ) অন্যদিকে ফিরা, অন্য পথে যাওয়া, বিপথে গমন করা; এড়ানো; সত্য হইতে বিচ্যুত হওয়া; (উটকে) লাগাম ধরিয়া টানা; প্রতারণা করা।

تَزَايَغَ : অন্য পথে যাওয়া, বিপথে গমন করা।

زَوَّاغ : ফন্দিবাজ।

زَافَ : ـُ (زَوْف) (কবুতর) ডানা ও লেজ বিস্তার করিয়া মাটিতে চলা।

زُوفَى، زُوفَاء : উগ্রগন্ধী উদ্ভিদবিশেষ, hyssop.

زَوَّقَ : (تَزْوِيق) সজ্জিত করা, অলঙ্কৃত করা, অঙ্কন করা, রঙ লাগানো।

زَوَاق : সচিত্র তাস।

زَاوُوق : পারদ।

مُزَوَّق : সজ্জিত, অলঙ্কৃত; বর্ণোজ্জ্বল, অলঙ্কারপূর্ণ; চটকদার।

زَالَ : ـُ (زَوَال) চলিয়া যাওয়া, ছাড়িয়া যাওয়া; ধ্বংস হওয়া, বিলীন হওয়া, বিলুপ্ত হওয়া, অতিক্রান্ত হওয়া, অস্তমিত হওয়া; প্রশমিত হওয়া; ক্ষান্ত হওয়া; (সূর্য) হেলিয়া পড়া।

زَوَّلَ : (تَزْوِيل) সরানো, অপসারণ করা।

زَاوَلَ : (مُزَاوَلَة) চেষ্টা করা, অনুশীলন করা; আত্মনিয়োগ করা; চালাইয়া যাওয়া।

أَزَالَ : (إِزَالَة) দূরীভূত করা, অপসারণ করা; ক্ষান্ত করা; বিলীন করা, নিশ্চিহ্ন করা।

أَزَالَ الضَرُورَة : প্রস্রাব করা।

تَزَوَّلَ : সরস হওয়া, বিশিষ্ট হওয়া।

تَزَاوَلَ : একত্রে আলোচনা করা।

تَزَايَلَ : অসংলগ্ন হওয়া; অতিক্রান্ত হওয়া, ক্ষান্ত হওয়া।

اِنْزَالَ ~ : عَنْ বিচ্ছিন্ন হওয়া।

زَوْل : ব্যক্তি; দেহ; ভূত; অশরীরী আত্মা; আশ্চর্য বস্তু; বাজপাখি; সাহসী; প্রাণবন্ত। ব أَزْوَال

زَوَال : সমাপ্তি, অবসান; পতন, ধ্বংস; বিলুপ্তি ; অস্তগামিতা; দ্বিপ্রহর।

زَوَال الشَمْس : দ্বিপ্রহরের পর সূর্যের পশ্চিমে ঢলিয়া পড়া।

خَطّ الزَوَال : মধ্যাহ্ন-রেখা।

زَائِل : পতনশীল; অস্থায়ী, ক্ষণস্থায়ী।

إِزَالَة : অপসারণ, দূরীকরণ।

مِزْوَل : টেলিফোন-ডায়েল। ব مَزَاوِل

مِزْوَلَة : সূর্যঘড়ি, sundial. ব مَزَاوِل

مُزَاوَلَة : অনুশীলন; অভ্যাস।

زُولُوجِيَا : প্রাণিবিদ্যা, প্রাণিতত্ত্ব।

زُولُوجِيّ : প্রাণিতত্ত্ব সম্বন্ধীয়, প্রাণিবিদ্যাসংক্রান্ত।

زَامَ : ـُ (زَوْم) (কুকুর) গর্জন করা, গোঁ গোঁ করা।

زَوَّمَ : (تَزْوِيم) বিড়বিড় করা, গজগজ করা।



www.pathagar.com

زَامَة : মানুষের দল।

زُوم : বৃক্ষের রস। ব أَزْوَام

زُون : মূর্তি; প্রতিমাগৃহ।

زُؤَان، زُوَان، زَوَان : আগাছা।

زَوَى - : (زَوِيّ) পরিত্যাগ করা; সরাইয়া দেওয়া; কুঞ্চিত করা; লুকাইয়া রাখা।

زَوَّى، تَزْوِيَة : নিভৃতে গমন করা, আত্মগোপন করা; বিকৃত করা।

زَوَّى مَابَيْنَ عَيْنَيْهِ : সে তাহার ভ্রূ কুঞ্চিত করিল।

إِنْزَوَى، تَزَوَّى : নিভৃতে গমন করা, আত্মগোপন করা; নিজেকে গুটাইয়া রাখা।

زَاوِيَة : কোণ; দরবেশের খানকা। ব زَوَايَا

حَجَرُ الزَاوِيَة : ভিত্তি-প্রস্তর।

مِزْوَاة : কোণ পরিমাপক যন্ত্র।

مُنْزَوٍ : নিভৃত, নির্জন।

زَيَّ : পোশাক পরানো, সজ্জিত করা।

تَزَيَّ : (تَزَيِّيْءٌ) পোশাক পরা, বেশ:ভূষা পরিধান করা, সজ্জিত হওয়া।

زِيّ : পোশাক; বেশ-ভূষা, আকৃতি; ফ্যাশন, স্টাইল, রীতি। ব أَزْيَاء

زِيّ : ন্যায়, মত।

زَيْبَق : পারদ।

زَاتَ - : (زَيْت)، زَيَّتَ (تَزْيِيْت) তৈল দেওয়া, তৈল লাগানো, তৈল ভরা।

زَيْت : তৈল। ব زُيُوت

زَيَّات : তৈল-ব্যবসায়ী, তৈল-বিক্রেতা।

مَزْيَتَة : তৈল দিবার পাত্র, oiler.

مُزَيَّت : তৈলাক্ত, তৈলযুক্ত।

زَيْتُونَة، زَيْتُون : জলপাই, জলপাই গাছ।

زِيج : (ফা) গাঁথুনি সোজা করিবার কাজে ব্যবহৃত রাজ-মিস্ত্রির সুতা; জ্যোতিষশাস্ত্রীয় পঞ্জিকা।

زَاحَ - : (زَيْح، زُيُوح، زَيَحَان)، إِنْزَاحَ চলিয়া যাওয়া, প্রস্থান করা, দূরবর্তী হওয়া।

أَزَاحَ : (إِزَاحَة) সরানো, তাড়াইয়া দেওয়া; দূর করা, লইয়া যাওয়া।

أَزَاحَ اللِثَام : ~ عَنْ উন্মোচিত করা, প্রকাশ করা।

زِيح : লাইন, লম্বা দাগ; খণ্ড, ফালি। ব أَزْيَاح

زِيَاح، زَيَّاح : ধর্মীয় শোভাযাত্রা।

إِزَاحَة : দূরীকরণ, অপসারণ।

زَادَ : (زِيَادَة، زَيْد) বৃদ্ধি পাওয়া, অধিক হওয়া; বৃদ্ধি করা।

~ عَلَى، عَنْ : ছাড়াইয়া যাওয়া, অতিক্রম করা।

زَوَّدَ، زَيَّدَ : (تَزْيِيْد) বৃদ্ধি করা।

زَايَدَ : (مُزَايَدَة) উচ্চতর মূল্য হাঁকা, নিলাম ডাকা।

تَزَيَّدَ : বৃদ্ধি পাওয়া; অতিরঞ্জিত করা, বাড়াইয়া বলা।

تَزَايَدَ : ক্রমে বাড়িতে থাকা, (নিলামে) অন্যের চেয়ে অধিক মূল্য হাঁকা; অতিরঞ্জিত করা।

إِزْدَادَ : (إِزْدِيَاد) বৃদ্ধি পাওয়া; অতিরিক্ত লওয়া।

إِسْتَزَادَ : (إِسْتِزَادَة) বেশি চাওয়া, বেশি পাইতে চেষ্টা করা।

زِيَادَة : বৃদ্ধি, বাড়তি; উদ্বৃত্ত অংশ; বেশি, অতিরিক্ত।

زَائِد : বর্ধনশীল; অত্যধিক, অতিরিক্ত; উদ্বৃত্ত, বেশি।

زَائِدَة : অতিরিক্ত অংশ, সংযুক্ত পদার্থ। ব زَوَائِد

الزَيْدِيَّة : শিয়াদের একটি উপদল।

إِزْدِيَاد : বৃদ্ধি।

مَزَاد : নিলাম।

مَزِيد : বর্ধিত, অতিরিক্ত।

مُزَايِد : যে নিলাম ডাকে, নিলাম ক্রয়কারী, bidder.



www.pathagar.com

مُزَايَدَة : নিলাম ডাক।

مُتَزَايِد : বর্ধিষ্ণু, বর্ধনশীল।

زَيَّرَ : (تَزْيِيْر) আটকানো; (পশুকে) নাকে দড়ি দিয়া বাঁধা; সংকটে ফেলা; (বোতাম) লাগানো।

زِير : পানির বৃহৎ কলসি; মহিলাদের সংসর্গে আসক্তি, ফুলবাবু। ব زِيَار، أَزْيَار

زِيَار : (পশুর) নাকে বাঁধিবার দড়ি; সংকট।

زِيَارَة : সফর, সাক্ষাৎ (زور)।

زِيز : পতঙ্গবিশেষ, ঝিঁঝিঁ পোকা। ব زِيزَان

زَيْزَاء : টিলা; পালক, শক্ত ভূমি। ব زَيَازِي

زَيْزَفُون : লেবুজাতীয় গাছবিশেষ, linden.

زَاطَ - : (زِيَاط، زَيْط) চিৎকার করা, হৈচৈ করা; কোলাহলপূর্ণ হওয়া।

زَيَّطَ : (تَزْيِيْط) কোলাহলপূর্ণ হওয়া।

زَيَّاط :কোলাহলপূর্ণ, হৈচৈমুখর।

زِيطَة : হৈচৈ, শোরগোল, খঞ্জন পক্ষী।

زَاغَ - : (زَيَغَان، زَيْغ) ~ عَنْ সরিয়া যাওয়া, বিপথগামী হওয়া, ভ্রষ্ট হওয়া; বিচ্যুত হওয়া।

زَيَّغَ : (تَزْيِيْغ) বাঁকা করা; বক্রতা সোজা করা।

أَزَاغَ : (إِزَاغَة) বিপথগামী করা, সরাইয়া আনা।

زَاغ : দাঁড়কাক। ব زِيغَان

زَيْغ، زَيَغَان : ভ্রষ্টতা, বিচ্যুতি; অন্যায়।

زَائِغ : বিপথগামী, ভ্রষ্ট, বিচ্যুত।

زَافَ - : (زُيُوف، زَيْف) (মুদ্রা) জাল হওয়া।

زَيَّفَ : (تَزْيِيْف) (মুদ্রা) জাল করা, নকল বলিয়া ঘোষণা করা।

زَيْف، زَائِف، مُزَيَّف : জাল, নকল (মুদ্রা)।

عُمْلَة زَائِفَة : নকল মুদ্রা।

مُزَيِّف : জালকারী।

زَيَّقَ : (تَزْيِيْق) (জামায়) কলার লাগানো; ক্যাঁচ ক্যাঁচ, চিঁ চিঁ; সাঁ সাঁ ইত্যাদি শব্দ করা।

زِيق : কলার; গলাবন্ধ; পাড়; রাজমিস্ত্রির লেবেল; লম্বা দাগ; ফালি। ব أَزْيَاق

زَالَ - : (زَيْل، أَزَال، (إِزَالَة) সরানো, দূরীভূত করা।

زَيَلَ (زَيْل) : ক্ষান্ত হওয়া, সমাপ্ত হওয়া, থামিয়া যাওয়া।

لَمْ يَزَلْ، مَا زَال : এখনও, সর্বদা।

زَيَّلَ : (تَزْيِيْل) পৃথক করা, ছাড়িয়া যাওয়া।

تَزَايَلَ، تَزَيَّلَ : দূরে থাকা।

مِزْيَل : বিচক্ষণ, সুদক্ষ।

زَانَ - : (زَيْن) সজ্জিত করা, সুন্দর করা।

زَيَّنَ : (تَزْيِيْن) সজ্জিত করা, সুন্দর করা, শোভিত করা, অলঙ্কৃত করা; ক্ষৌরকর্ম করা।

اِزْدَانَ، تَزَيَّنَ : (اِزْدِيَان) সজ্জিত হওয়া, শোভিত হওয়া।

~ : শেভ করা, চুল ছাঁটানো।

زَان : বীচ গাছ।

زَيْن : সৌন্দর্য; সুন্দর উত্তম।

زِيَان، زِينَة : সৌন্দর্য; সাজ, পোশাক, অলঙ্কার।

خِوَانُ الزِينَة : ড্রেসিং টেবিল।

~ غُرْفَة : সজ্জাকক্ষ, dressing room.

زَيَّان : সুন্দর।

تَزْيِين : অলঙ্করণ, বিন্যাস, রূপসজ্জা, ক্ষৌরকর্ম।

مُزَيِّن : নরসুন্দর, ক্ষৌরকার; কেশবিন্যাসক।

مُزْدَان، مُزَيَّن : সজ্জিত, শোভিত, অলঙ্কৃত, ভূষিত।



www.pathagar.com

س : সীন ঃ আরবী বর্ণমালার ১২শ হরফ। আবজাদ গণনায় সংখ্যামান ৬০। فِعْل مُضَارِع এর শুরুতে সংযুক্ত হইলে ইহা ক্রিয়ার নিকট-ভবিষ্যৎ কাল নির্দেশ করে।

سَأَبَ : ـَ ـَ (سَأْب) গলা টিপিয়া ধরা, শ্বাসরুদ্ধ করিয়া হত্যা করা।

سَئِبَ : ـَ ـَ (سَأَب) مِنْ ~ (পানি পানে) তৃপ্ত হওয়া।

سَأب : (مِسْأَب) পানির মশক। ব سُئُوب، مَسَائِب

سَاج : সেগুন-গাছ বা ইহার কাঠ। ব سِيجَان

سَأَدَ : ـَ ـَ (سَأْد، سَأَد) গলা টিপিয়া ধরা।

أَسْأَدَ : (إِسْآد) অব্যাহতভাবে ভ্রমণ করা।

سَأَرَ : ـَ ـَ (سَأْر)، أَسْأَرَ পাত্রে (অবশিষ্টাংশ) রাখিয়া দেওয়া।

سَئِرَ : ـَ ـَ (سَأَر) থামিয়া যাওয়া।

تَسَأَّرَ : অবশিষ্টাংশ; শ্রেষ্ঠাংশ।

سَأْسَأَ : (سَأْسَأَة) ভিজানো, ডুবানো; ভাজিবার সময় গলানো চর্বি দ্বারা সিক্ত করা।

سَأْسَأَ بِالْحِمَار : গাধাকে পানি পান করিতে ডাকা; তাড়াইয়া নেওয়া।

تَسَأْسَأَ : বিজড়িত হওয়া, জটিল হওয়া।

سَأْس، سِئَاسَة، سُؤْسَة : সংযোগকারী কাষ্ঠখণ্ড, বাতা, টানা।

سَاغُو : সাগু।

سَأَلَ : ـَ ـَ (سُؤَال، تَسْآل، مَسْأَلَة) জিজ্ঞাসা করা, প্রশ্ন করা, চাওয়া, দোয়া করা, অনুরোধ করা, দাবি করা; ভিক্ষা করা।

~ عَنْ : জানিতে চাওয়া।

سَاءَلَ : (مُسَاءَلَة) জিজ্ঞাসাবাদ করা।

أَسْأَلَهُ سُؤْلَهُ : সে তাহার ইচ্ছা পূরণ করিল, অনুরোধ রক্ষা করিল, প্রার্থনা মঞ্জুর করিল।

تَسَوَّلَ، تَسَآلَ : ভিক্ষা করা।

تَسَاءَلَ : প্রশ্ন জিজ্ঞাসা করা, একে অপরের নিকটে জিজ্ঞাসা করা।

سُؤْل، سُؤْلَة : ইচ্ছা, দাবি, অনুরোধ, আবেদন।

سُؤَال : প্রশ্ন; জিজ্ঞাসা; দাবি, অনুরোধ, প্রার্থনা। ব أَسْئِلَة

سَائِل : প্রশ্নকারী, অনুরোধকারী; তরল পদার্থ।

سُؤَّال، مُتَسَوِّل ভিক্ষুক।

سَأُول، سُؤُول : কৌতূহলী, অনুসন্ধিৎসু।

مَسْأَلَة، مَسْئَلَة : প্রশ্ন; বিষয়; সমস্যা; দাবি, অনুরোধ। ব مَسَائِل

مَسْئُول : দায়ী।

مَسْئُولِيَّة : দায়িত্ব।

سَام : সাম; নূহ (আ)-এর জ্যেষ্ঠ পুত্র।

سَامِي : সামী, সেমিটিক, Semetic; সেমাইট, Semite.

سَئِمَ : ـَ ـَ (سَأَم، سَآمَة) বিরক্ত হওয়া, ক্লান্ত হওয়া; অপছন্দ করা।

أَسْأَمَ : (إِسْآم) বিরক্ত করা, ক্লান্ত করা।

سَأَم، سَآمَة : বিরক্তি, ক্লান্তি।

سَئِم، سَؤُوم : বিরক্ত, ক্লান্ত।

سَبَّ : ـُ ـَ (سَبّ) গালি দেওয়া, অপমান করা; কর্তন করা; আহত করা।

سَبَّبَ : (تَسْبِيب) ঘটানো, সংঘটিত করা; উপায় বাহির করা।

سَابَّ، تَسَابَّ : (سِبَاب) একে অপরকে গালি দেওয়া, গালাগালি করা।



www.pathagar.com

تَسَبَّبَ : উদ্ভূত হওয়া; সংঘটিত হওয়া; প্রস্তুত হওয়া; ক্ষুদ্র ব্যবসায় চালানো; জীবিকা অনুসন্ধান করা।

~ بِ : কারণ হওয়া।

سَبٌّ، سِبَابٌ، مَسَبَّةٌ : গালি, নিন্দা।

سِبٌّ : ওড়না; পাগড়ি। ব سُبُوبٌ

سَبَّةٌ : সময়।

سُبَّةٌ : অসম্মান, অপমান, লজ্জা; মলদ্বার।

سَبَبٌ : কারণ, হেতু; সূত্র; মূল; উপায়, মাধ্যম; পন্থা; দড়ি, রাস্তা। ব أَسْبَاب

بِسَبَبٍ : কারণে।

سَبَّاب، مِسَبٌّ : গালিদাতা, নিন্দুক।

سَبَّابَة، مِسَبَّةٌ : তর্জনী, fore-finger.

سَبِيبٌ : কেশগুচ্ছ। ব سَبَائِب

سَبِيبَةٌ : কেশগুচ্ছ; বস্ত্রখণ্ড। ব سَبَائِب

أُسْبُوبَةٌ : অশ্লীল ভাষা। ব أَسَابِيبُ

مُسَبِّب : উদ্ভাবক, সংঘটক; প্রবর্তক।

مُسَبَّب : উদ্ভূত, সংঘটিত, প্রবর্তিত।

مُتَسَبِّب : কারণ; ক্ষুদ্র ব্যবসায়ী।

سَبَأ : সাবা- প্রাচীনকালীন ইয়ামেনের একটি গোত্র; আল-কুরআনের একটি সূরা।

سَبَأ : ইয়ামানের একটি অঞ্চল।

سَبِيئَة : আমদানিকৃত মদ।

سَبَتَ - ـُ : (سَبْت) বিশ্রাম করা, আরাম করা; শনিবার পালন করা; (মস্তক) মুণ্ডন করা; (চুল) ঝুলাইয়া দেওয়া।

أَسْبَتَ : (إِسْبَات) শনিবারে প্রবেশ করা।

إِسْتَبَتَ : (إِسْتِبَات) শনিবার পালন করা।

سَبْت : সপ্তাহ; সময়; বিশ্রাম-দিবস, উৎকৃষ্ট ঘোড়া; সাহসী বালক; নিদ্রাসক্ত। ব أَسْبُت، سُبُوت

السَّبْت، يَوْمُ السَّبْت : শনিবার।

سِبْت : পাকা-করা চামড়া।

سَبَت : (ফা) ঝুড়ি।

سُبَات : বিশ্রাম; নিদ্রা; অবসাদ; সময়; দুর্বিপাক।

سُبَاتِي : চিড়িতন, তাস।

مَسْبُت : সংজ্ঞাহীন, নিশ্চল, অলস।

مَسْبُوت : ঘুমন্ত, মূর্ছিত, সংজ্ঞাহীন, মৃত।

سِبْتَمْبِر : সেপ্টেম্বর মাস।

سَبَج : (ফা) কালো খনিজপদার্থ বিশেষ, jet.

سَبِيجَة، سُبْجَة : আস্তিনবিহীন কালো গাউন বিশেষ।

سَبَحَ - ـَ : (سَبْح، سِبَاحَة) সাঁতার কাটা; ভাসা; ছড়াইয়া পড়া।

سَبَّحَ : (تَسْبِيح) প্রশংসা করা, মহিমা বর্ণনা করা, তাসবীহ্ পাঠ করা, স্তুতিবাদ করা।

سُبْح : প্রশংসা, মহিমা।

سُبْحَة : مِسْبَحَة তাসবীহ; তাসবীহর দানা। ব سُبُحَات، سُبَح، مَسَابِح

سَبَّاح : সাঁতারু।

سِبَاحَة : সাঁতার।

سَابِحَة : দ্রুতগামী অশ্ব; ইঞ্জিনবিহীন পাল-চালিত বিমান। ব سَوَابِح

سَبُوح : সাঁতারু, দৌড়বিদ।

السُّبُّوح : পরম মহিমাময় (আল্লাহ)।

تَسْبِيح : আল্লাহর গৌরব বর্ণনা, তাসবীহ। ব تَسَابِيح

تَسْبِيحَة : আল্লাহর গৌরব বর্ণনা; স্তুতিগান, বন্দনা। ব تَسَابِيح

تَسْبِحَة : স্তুতিগান, বন্দনা।

مُسَبِّحَة : তর্জনী।

سَبْحَلَة : আল্লাহর গৌরব বর্ণনা, সুবহানাল্লাহি বলা।

سَبَخَ - ـُ : (سَبْخ) গভীরভাবে নিদ্রা যাওয়া।

سَبَّخَ : (تَسْبِيخ) গভীরভাবে নিদ্রা যাওয়া; (জমিতে) সার দেওয়া; দূরীভূত করা; প্রশমিত করা।



www.pathagar.com

تَسَبَّخَ : ঠাণ্ডা হওয়া, প্রশমিত হওয়া।

سَبَخ : সার; অনাবাদী জমি।

سَبْخ، سَبِخ : লবণাক্ত (ভূমি)।

سَبَخَة، سَبْخَة : জলাভূমি, লবণক্ষেত্র। ব سِبَاخ

سِبَاخ : সার। ব أَسْبِخَة

سَبِيخ : আলগা তুলা; ছড়ানো পালক। ব سَبَائِخ

تَسْبِيخ : গভীর নিদ্রা।

سَبَدَ ـُ : (سَبْد)، أَسْبَدَ، (إِسْبَاد) (চুল) কামানো।

سَبَّدَ : (تَسْبِيد) গজাইয়া উঠা; (চুলে) তেল দেওয়া বন্ধ করা; (চুল) আঁচড়াইয়া ঝুলাইয়া দেওয়া।

سِبْد : নেকড়ে; দুর্ভাগ্য; কাল পোশাক। ব أَسْبَاد

سُبَد : নিশাচর পক্ষিবিশেষ। ব سِبْدَان

سَبَرَ ـُ : (سَبْر) পরীক্ষা করা, শলাকা দ্বারা (ক্ষত) পরীক্ষা করা; পরিমাপ করা, (কূপের) গভীরতা মাপা; তলাইয়া দেখা।

سِبَار : ক্ষত পরীক্ষার শলাকা। ব مِسْبَر، سُبُر ব مَسَابِير ব مِسْبَار، مَسَابِر

سَبُّورَة : ব্লাকবোর্ড, বোর্ড স্লেট।

مَسْبَر : অভ্যন্তরীণ অবস্থা।

مَسْبُور : সুদর্শন।

سَبِطَ ـَ : (سَبَط)، سَبُطَ ـُ (سَبَاطَة، سُبُوطَة) (কেশ) মুক্ত হওয়া, সোজা ও নমনীয় হওয়া; উদার হওয়া।

سَبَّطَ : (تَسْبِيط) (ভেড়ী) বাচ্চা প্রসব করা।

أَسْبَطَ : (إِسْبَاط) ভয়ে নির্বাক থাকা, নিশ্চলভাবে পড়িয়া থাকা, দুর্বল হওয়া।

~ بِ : লাগিয়া থাকা।

~ عَنْ : উপেক্ষা করা।

سَبِط، سَبْط : সোজা ও নমনীয়; মুক্ত (কেশ)। ব سِبَاط

سَبْط الْيَدَيْنِ : মুক্তহস্ত, উদার।

سِبْط : পৌত্র, দৌহিত্র; (ইহুদী) গোত্র। ব أَسْبَاط

سُبَاط : জ্বর।

سَبَّاط : জুতা। ব سَبَابِيط

سُبَاطَة : ফলের কাঁদি; আবর্জনা ফেলিবার স্থান; মুক্তকেশ।

سَابَاط : খিলানের নিম্নস্থ পথ, ছাদযুক্ত পথ; করিডোর। ব سَوَابِيط

سِبَطْر : লম্বা; দ্রুতগামী।

سِبَطْرَة : স্থূলকায় মহিলা।

سِبَطْرَى : উদ্ধত চলন-ভঙ্গি।

سَبَنْطَر : দীর্ঘ।

سَبَعَ ـَ : (سَبْع) সপ্তম হওয়া; সাতগুণ করা।

سَبَّعَ : (تَسْبِيع) সাতগুণ করা; সাতভাগে ভাগ করা; সপ্তম মাসে বাচ্চা প্রসব করা; (কোন কাজ) সাতবার করা।

سَبُع، سَبْع، سَبَع : হিংস্র জন্তু; সিংহ। ব أَسْبُع، سُبُوع

سَبُع الْبَحْرِ : সীল-মাছ।

~ الْجَبَلِ : চিতাবাঘ সদৃশ হিংস্র জন্তুবিশেষ, Puma.

~ اللَّيْلِ : কুকুর।

سَبْعَة : সাত। স্ত্রী سَبْع

سَبْعَةَ عَشَرَ : সতেরো। স্ত্রী سَبْعَ عَشْرَةَ

سُبْع : এক-সপ্তমাংশ। ব أَسْبَاع

سَبْعُون : সত্তর।

السَّبْعُون : সত্তরতম।

سَبْعُونِيّ : সত্তর বৎসর বয়স্ক।

سَابِع : সপ্তম। স্ত্রী سَابِعَة

سُبَاعِيّ : সাতগুণ, সাত অক্ষরবিশিষ্ট।

أُسْبُوع : সপ্তাহ। ব أَسَابِيع

أُسْبُوعَانِ : পক্ষকাল, fortnight.

أُسْبُوعِيًّا، أُسْبُوعِيّ সাপ্তাহিক।



www.pathagar.com

سَبَغَ ـُ : (سُبُوغ) পূর্ণ হওয়া, প্রচুর হওয়া, লম্বা-চওড়া হওয়া।

أَسْبَغَ : (إِسْبَاغ) পূর্ণ করা, বড় করা; যথাযথভাবে করা।

~ عَلَى : প্রচুর পরিমাণে দেওয়া, দানে ভরিয়া দেওয়া।

سَبْغَة : প্রাচুর্য।

سَابِغ : পূর্ণ, পরিপূর্ণ; প্রচুর; লম্বা-চওড়া; যথাযথ।

سَبَقَ ـُ : (سَبْق) অগ্রবর্তী হওয়া, পূর্ববর্তী হওয়া; পিছনে ফেলিয়া যাওয়া, ছাড়াইয়া যাওয়া।

~ عَلَى : পরাজিত করা, ছাড়াইয়া যাওয়া।

سَبَّقَ : (تَسْبِيق) অগ্রবর্তী করা, পূর্ববর্তী করা, আগাইয়া নেওয়া।

سَابَقَ : (مُسَابَقَة) আগে যাইবার চেষ্টা করা, দৌড়ের পাল্লা দেওয়া, প্রতিযোগিতা করা।

أَسْبَقَ : (إِسْبَاق) দ্রুত গমন করা, দৌড়াইয়া যাওয়া।

تَسَابَقَ، اِسْتَبَقَ : (اِسْتِبَاق) পরস্পর দৌড়ের পাল্লা দেওয়া, দৌড়-প্রতিযোগিতা করা, প্রতিযোগিতা করা।

سَبْق : অগ্রবর্তিতা, পূর্ববর্তিতা।

أَحْرَزَ قَصَبَةَ السَّبْق : সে বাজি জিতিল, শীর্ষস্থান অধিকার করিল।

سَبَق : বাজি, দৌড়। ব أَسْبَاق

سُبْقَة : বাজি।

سِبَاق : প্রতিযোগিতা, দৌড়।

سِبَاق التَّسَلُّح : অস্ত্র প্রতিযোগিতা।

~ الخَيْل : ঘোড়দৌড়।

حِصَانُ السِّبَاق : দৌড়ের ঘোড়া।

~ المَرَاكِب سِبَاق القَوَارِب : নৌকাবাইচ।

مَيْدَانُ السِّبَاق، حَلْبَة السِّبَاق : ঘোড়দৌড় ময়দান, রেসকোর্স।

سَابِق : পূর্ববর্তী, অগ্রবর্তী, ভূতপূর্ব, সাবেক; প্রতিযোগিতায় বিজয়ী। ব سَابِقُون، سُبَّاق

فِي السَّابِق، سَابِقًا : পূর্বে।

سَابِقَة : পূর্ববর্তী ঘটনা, পূর্বসূত্র, নজির। ব سَوَابِق

سَبَّاق : অগ্রগামী, অগ্রবর্তী, বিজয়ী।

أَسْبَق : পূর্ববর্তী, অগ্রবর্তী, সাবেক, ভূতপূর্ব, অগ্রাধিকার প্রাপ্ত।

أَسْبَقِيَّة : পূর্ববর্তিতা, অগ্রবর্তিতা; অগ্রাধিকার।

مَسْبُوق : পিছনে পড়িয়াছে এমন, পশ্চাদ্বর্তী; নামাযে জামাতে প্রথম রাকাতের পর যোগদানকারী, মাসবূক।

غَيْر مَسْبُوق : নজিরবিহীন, অভূতপূর্ব।

مُسَابِق : প্রতিযোগী।

مُسَابَقَة : প্রতিযোগিতা।

سَبَكَ ـُ : (سَبْك) ছাঁচে ঢালা।

سَبَّكَ : (تَسْبِيك) (ধাতু) ছাঁচে ঢালা; মৃদু জ্বালে সিদ্ধ করা।

سَبْك : ঢালাই-কাজ; গঠন।

سَبَّاك : ঢালাইকর; সীসক-কর্মকার।

سِبَاكَة : ঢালাইকাজ।

سَبِيكَة : ধাতুর পিণ্ড। ব سَبَائِك

مَسْبَك : ঢালাই কারখানা, ফাউন্ডরি। ব مَسَابِك

سَبَلَ ـُ : (سَبْل) গালি দেওয়া।

سَبَّلَ (تَسْبِيل) : উৎসর্গ করা; ওয়াকফ করিয়া দেওয়া, অনুমোদন করা।

أَسْبَلَ : (إِسْبَال) (কাপড়) ঝুলাইয়া দেওয়া, লটকাইয়া দেওয়া, (পর্দা) টাংগাইয়া দেওয়া; (অশ্রু) নিক্ষেপ করা; ঢালিয়া দেওয়া; (শস্য) শিষ বাহির করা।

سَبَل : বৃষ্টি; শস্যের শিষ।

سَبْلَة : গোবর-সার।

سَبَلَة : দাড়ির সম্মুখভাগ; গোঁফ; শস্যের শিষ। ব سِبَال

سَبِيل : (পুং. স্ত্রী) পথ, পন্থা, রাস্তা, উপায়; দায়িত্ব; সম্পর্ক; বাধা; অভিযোগ।

~ : সর্বসাধারণের পানি পানের স্থান বা কূপ, public fountain. ব سُبُل ব أَسْبِلَة



www.pathagar.com

اِبْن السَّبِيل : পথিক, সহায়-সম্বলহীন।

~ عَابِر : পথিক, পর্যটক।

عَنْ سَبِيل، بِسَبِيل : মাধ্যমে, উপায়ে।

عَلَى سَبِيل : রূপে, উপায়ে।

فِى سَبِيل : জন্য।

فِى سَبِيل اللّٰه : আল্লাহর পথে, আল্লাহর সন্তুষ্টির জন্য।

سَابِلَة : পথিকদল, গণপথ। ব سَوَابِل

سَبَه : বার্ধক্যজনিত মতিভ্রষ্টতা।

سَبَهْلَل : উদাসীন, আনমনা, উদ্দেশ্যহীন।

سَبَى (سَبَاء، سَبْى) : - اِسْتَبَى (اِسْتِبَاء) أَسْبَى (اِسْبَاء) বন্দী করা; মুগ্ধ করা, মোহিত করা; আকৃষ্ট করা; নির্বাসিত করা।

سَبْى : বন্দিত্ব; নির্বাসন।

سَبِىّ : বন্দী, যুদ্ধবন্দী। ব سَبَايَا

سَبِيَّة : বন্দিনী; সামুদ্রিক মুক্তা; আমদানিকৃত মদ।

سِبِيدَاج : সীসা হইতে প্রস্তুত সাদা রং, সফেদা।

سِتَّة : ছয়। স্ত্রী سِتّ

سِتَّة عَشَرَ : ষোল। স্ত্রী سِتّ عَشْرَة

سِتُّون : ষাট।

سَاتّ : ষষ্ঠ।

سَتَرَ : - ُ سَتْر (سَتْر)، سَتَرَ লুকাইয়া রাখা, ঢাকিয়া রাখা, গোপন করা; আশ্রয় দেওয়া।

اِسْتَتَرَ، تَسَتَّرَ : (اِسْتِتَار) লুক্কায়িত হওয়া, পলায়ন করা, আত্মগোপন করা।

سِتْر : পর্দা, আবরণ; আশ্রয়। ব. أَسْتَار، سِتَار، سَتَائِر ব سِتَارَة، سُتُر ব سُتُور

سُتْرَة : পর্দা, আবরণ; এক প্রকার কোট, জ্যাকেট; উন্মুক্ত স্থানে নামাযীর সম্মুখে প্রোথিত লাঠি, কাষ্ঠখন্ড ইত্যাদি। ব سُتَر

سُتَرِىّ : ভাঁড়।

سَتَّار : গোপনকারী।

السَّتَّار : আল্লাহর একটি গুণবাচক নাম।

تَسَتُّر : আত্মগোপন, পলায়ন; আশ্রয়।

مُسْتَتِر، مَسْتُور : লুক্কায়িত; আবৃত, আচ্ছাদিত; সুপ্ত; নিহিত, উহ্য।

مُتَسَتِّر : নামবিহীন, বেনামী, ছদ্মনামযুক্ত।

سَتَّفَ : (تَسْتِيف) সাজাইয়া রাখা, স্তূপ করিয়া রাখা।

تَسَاتَلَ : একত্রে বাহির হইয়া আসা; ছিন্ন মালা হইতে (মুক্তার দানা ইত্যাদি) খসিয়া পড়া; প্রবাহিত হওয়া।

سَتَل : ঝরনা; শকুন। ব سُتْلَان

مَسْتَل : সংকীর্ণ রাস্তা। ব مَسَاتِل

سَتَه، إِسْت : নিতম্ব, পাছা। ব أَسْتَاه

أَسْجَح : সুন্দর, সুসম, সুগঠিত। স্ত্রী سَجْحَاء

سَجَدَ : - ُ (سُجُود) সেজদা করা, ঝুঁকিয়া পড়া; মাথা নত করা; হাঁটু গাড়িয়া বসা।

~ لِ : ইবাদাত করা।

سَجْدَة : সিজদা। ব سَجَدَات

سُجُود : মাথা নতকরণ, ইবাদত।

سَاجِد : সেজদাকারী, মাথা নতকারী, নতমস্তক। ব سُجُود، سُجَّد

سَجَّادَة : কার্পেট; জায়নামায।

مَسْجِد : মসজিদ। ব مَسَاجِد

مَسْجِد جَامِع : বড় মসজিদ, জুম্‌আর মসজিদ।

المَسْجِد الحَرَام : মক্কার পবিত্র মসজিদ, হারাম শরীফ।

المَسْجِدُ الأَقْصَى : (জেরুসালেমের) আল-আকসা মসজিদ।

المَسْجِدُ النَّبَوِى : রাসূলুল্লাহ (স) কর্তৃক মদীনায় প্রতিষ্ঠিত প্রথম মসজিদ।

سَجَرَ : - ُ سَجْر (سَجْر، سُجُور)، سَجَّرَ (تَسْجِير) (চুলা ইত্যাদি) জ্বালানো; (পাত্র) পূর্ণ করা; (চুল) ঝুলাইয়া দেওয়া; (কুকুরের) গলায় লৌহবন্ধনী পরানো।



www.pathagar.com

سُجِّرَ : (সমুদ্র) স্ফীত হওয়া।

سَاجَرَ : (مُسَاجَرَة) বন্ধুত্ব করা।

إِنْسَجَرَ : (إِنْسِجَار) (পাত্র) পূর্ণ হওয়া।

سَجَرَ، سُجْرَة : (চক্ষুর) লালচে বর্ণ।

سَجُور، مِسْجَر : জ্বালানি।

سَجِير : খাঁটি বন্ধু। ব سُجَرَاء

سَاجِر : স্রোত, ঢল।

سَاجُور : কুকুরের গলায় বাঁধিবার লৌহবন্ধনী।

أَسْجَر : লালচে (চক্ষু)।

مُسَجَّر : আলগা, ঝুলন্ত (চুল)।

سَجِسَ – َ : (سَجَس) (পানি) পচিয়া যাওয়া, দূষিত হওয়া।

سَجَّسَ : (تَسْجِيس) (পানি) দূষিত হওয়া; দূষিত করা; বিপর্যস্ত করা; উত্তেজিত করা।

سَجَس : গণ্ডগোল, দাঙ্গা।

سَجِس، سَجِيس : বিনষ্ট, দূষিত (পানি)।

سِجِسْتَان، سِيسْتَان : আফগানিস্তানের উত্তরে কিরগিজিস্তান সীমান্তে অবস্থিত একটি অঞ্চল।

سَجَعَ – َ : (سَجْع)، سَجَّعَ (تَسْجِيع) (কবুতর) বাকবাকুম ডাকা; (উট) শব্দ করিতে থাকা; (ধনুক) টংকারধ্বনি করা; অন্ত্যমিলযুক্ত গদ্যে কথা বলা।

سَجْع : (কবুতরের) বাকবাকুম ডাক; মিলযুক্ত গদ্য।

~, تَسْجِيع : (কথার) মিল।

سَاجِع : মিলযুক্ত গদ্য-বিন্যাসক; সোজা; সুদর্শন।

مُسَجَّع : অন্ত্যমিলযুক্ত, অন্ত্যমিলবিশিষ্ট, অলঙ্কারময়।

سَجَفَ – ُ : (سَجْف) سَجَّفَ (تَسْجِيف) أَسْجَفَ, (إِسْجَاف) ঝুলাইয়া দেওয়া।

سَجِفَ – َ : (سَجَف) পাতলা কোমরবিশিষ্ট হওয়া।

سَجْف : পর্দা, ঘোমটা। ব سِجَاف، سُجُوف، سُجُف ব أَسْجَاف

سُجُق، سُجُوق : (তু) কাবাববিশেষ, sausage.

سَجَلَ – ُ : (سَجْل) ঢালিয়া দেওয়া।

سَجَّلَ : (تَسْجِيل) নথিযুক্ত করা, তালিকাভুক্ত করা; লিখিয়া রাখা, লিপিবদ্ধ করা; রেকর্ড করিয়া রাখা; (চিঠি) রেজিস্ট্রি করা।

سَاجَلَ : (مُسَاجَلَة) প্রতিযোগিতা করা; বিতর্ক করা।

أَسْجَلَ : (إِسْجَال) ধনী হওয়া; পরিত্যাগ করা; (পাত্র) পূর্ণ করা।

سَجْل : বড় বালতি; পানি-ভরা বালতি; ভাগ, দানশীল ব্যক্তি; দান, উপহার। ব سِجَال، سُجُول

سِجِلّ : খাতা, নথি, রেজিস্ট্রার; রেকর্ড; তালিকা। ব سِجِلَّات

سِجِلَّات : নথিপত্র, সেরেস্তা।

أَمِينُ السِّجِلَّات : সেরেস্তাদার।

سِجَال : প্রতিযোগিতা, যে প্রতিযোগিতায় উভয় দল পালাক্রমে জয়ী হয়।

الحَرْبُ بَيْنَهُمْ سِجَال : যুদ্ধে বিবদমান দলের পালাক্রমে জয়লাভ।

سِجِّيل : (ফা) কঠিন মৃত্তিকাখণ্ড, কঙ্কর।

تَسْجِيل : নিবন্ধন; তালিকাভুক্তি; নথিভুক্তকরণ; রেজিস্ট্রিকরণ।

مَكْتَب التَّسْجِيل : রেজিস্ট্রি-অফিস।

آلَة تَسْجِيل الصَّوْت : টেপ রেকর্ডার।

مُسَجِّل : নিবন্ধক, রেজিস্টার, নোটারি পাবলিক; টেপ রেকর্ডার।

مُسَجَّل : নথিভুক্ত, রেকর্ডকৃত; রেজিস্ট্রিকৃত।

رِسَالَة مُسَجَّلَة، خِطَاب مُسَجَّل রেজিস্ট্রিকৃত পত্র।

مُسَاجَلَة : প্রতিযোগিতা, বিতর্ক।

سَجَمَ – ُ : (سُجُوم، سِجَام)، إِنْسَجَمَ (إِنْسِجَام) প্রবাহিত হওয়া; অনর্গল হওয়া; সামঞ্জস্যপূর্ণ হওয়া।



www.pathagar.com

(تَسْجِيم) سَجَّمَ (سَجَمَان، سُجُوم، سَجْم) : ـُ ~ ، أَسْجَمَ (إِسْجَام) প্রবাহিত করা।

سَجَم : পানি, অশ্রু।

إِنْسِجَام : অনর্গল বলিবার ক্ষমতা; সামঞ্জস্য, মিল, বিন্যাস।

مُنْسَجِم : অনর্গল (কথা); সুসামঞ্জস্য।

سَجَنَ : ـُ (سَجْن) বন্দি করা, কারারুদ্ধ করা।

سَجْن : কারাদণ্ড, বন্দিত্ব।

سَجْن مُؤَبَّد : যাবজ্জীবন কারাদণ্ড।

~ مَعَ الأَشْغَالِ الشَّاقَّة : সশ্রম কারাদণ্ড।

سِجْن : কারাগার, বন্দীশালা, জেল। ব سُجُون

سَجَّان : কারারক্ষক, জেলরক্ষক।

مَسْجُون، سَجِين : বন্দী, কারারুদ্ধ। ব مَسَاجِين، سَجْنَى، سُجَنَاء

سَجِين سِيَاسِيّ : রাজনৈতিক বন্দী, রাজবন্দী।

سِجِّين : অনন্ত, চিরস্থায়ী; দোযখের আগুন।

سَجَا : ـُ (سُجُوّ) শান্ত হওয়া, নীরব হওয়া।

سَجَّى : (تَسْجِيَة) (মৃতদেহ) বস্ত্রাবৃত করা।

سَاجَى : (مُسَاجَاة) স্পর্শ করা।

تَسَجَّى : বস্ত্রাবৃত হওয়া।

سَاجٍ : শান্ত; অন্ধকার (রাত্রি)।

سَجِيَّة : স্বভাব, প্রকৃতি, মেজাজ, চরিত্র; বৈশিষ্ট্য। ব سَجَايَا

سَحَّ : ـُ (سُحُوح، سَحّ) নিচে প্রবাহিত হওয়া; প্রবাহিত করা; অত্যন্ত মোটা হওয়া।

سَحَّتْ عَيْنُهُ : সে অশ্রু বিসর্জন করিল, ক্রন্দন করিল।

سَحَّاحَة : অশ্রুপূর্ণ, অশ্রুসজল (চক্ষু)।

سَحَبَ : ـَ (سَحْب) টানিয়া আনা; প্রত্যাহার করা; ফিরাইয়া আনা; (চেক, লটারি ইত্যাদি) ড্র করা; প্রলুব্ধ করা।

إِنْسَحَبَ، إِنْسِحَاب : প্রত্যাহৃত হওয়া, ফিরিয়া আসা, উঠিয়া আসা।

سَحْب : প্রত্যাহার; আকর্ষণ।

سَحَاب : মেঘ। ব سَحَائِبُ، سُحُب

سُحَابَة : চক্ষুর ঝিল্লি।

سَاحِب : হুন্ডিদাতা, drawer.

إِنْسِحَاب : প্রত্যাহার, প্রত্যাবর্তন।

مَسْحُوب عَلَيْهِ : যাহার নামে হুন্ডি কাটা হয়, drawee.

سَحْبَل : প্রশস্ত উপত্যকা; বড় (পেট)।

سَحَتَ : ـَ (سَحْت) سَحَّفَ (تَسْحِيف)، أَسْحَتَ، (إِسْحَاب) অবৈধ মুনাফা করা; ধ্বংস করা; সম্পূর্ণরূপে কাটিয়া ফেলা।

سَحْت : জীর্ণ (বস্ত্র); শাস্তি; প্রচণ্ড ঠাণ্ডা।

سُحُت، سُحْت : নিষিদ্ধ বস্তু; অবৈধ ব্যবসা; বে আইনী সম্পদ। ব أَسْحَات

سُحْتُوت : জীর্ণ বস্ত্র; কড়ি, পয়সা; সামান্য।

سَحَجَ : ـَ (سَحْج)، سَحَّجَ (تَسْحِيج) চাঁচিয়া ফেলা, ঘষিয়া তোলা, ঘষিয়া (চামড়ায়) ক্ষত করা।

(إِنْسِحَاج) إِنْسَحَجَ، تَسَحَّجَ : ঘর্ষণে উঠিয়া যাওয়া, ক্ষত সৃষ্টি হওয়া।

سَحَّاج : ধীরে চলমান (উট)।

مِسْحَج : (مِسْحَاج) কাঠ চাঁচিয়া মসৃণ করিবার যন্ত্র, রাঁদা। ব مَسَاحِج، مَسَاحِيج

مَسْحُوج : (ঘর্ষণজনিত) ক্ষতযুক্ত; চর্মক্ষত।

سَحَرَ : ـَ (سِحْر)، سَحَّرَ (تَسْحِير) মুগ্ধ করা, সম্মোহিত করা, যাদু করা; নরম কথায় প্রলোভিত করা, মিষ্ট কথায় রাজী করানো।

أَسْحَرَ : (إِسْحَار) প্রত্যুষে গমন করা।

تَسَحَّرَ : সেহেরী খাওয়া, প্রত্যুষে খাদ্য গ্রহণ করা।

إِسْتَحَرَ : (إِسْتِحَار) প্রত্যুষে গমন করা; প্রভাতে (মোরগ) ডাকা।



www.pathagar.com

سُحَارَةٌ : হৃদযন্ত্র ও ফুসফুস থেকে কণ্ঠ পর্যন্ত সংযোগ শিরাসমূহ।

سِحْرٌ : জাদু; সম্মোহন।

سَحَرٌ : প্রত্যূষ, ঊষা, প্রভাত; প্রান্ত। ব أَسْحَارٌ

سُحْرَةٌ : প্রভাতের সূচনা।

سَاحِرٌ : জাদুকর। স্ত্রী سَاحِرَةٌ ব سَحَرَةٌ، سُحَّارٌ

سَحَّارٌ : জাদুকর; ভেলকিবাজ। স্ত্রী سَحَّارَةٌ

سَحَّارَةٌ : বাক্স; কালভার্ট।

سَحُورٌ : শেষরাত্রির খাদ্য, সেহেরী।

سُحُورٌ : সেহেরী ভোজন।

سَحَقَ - : (سَحْقٌ) سَحَّقَ (تَسْحِيقٌ) চূর্ণ করা, গুঁড়া করা; বিনাশ করা, ধ্বংস করা; থেঁতলানো; নিঃশেষ করা; জীর্ণ করা; মস্তক মুণ্ডন করা।

سَحُقَ - : (سُحْقٌ) দূরবর্তী হওয়া, দূরে যাওয়া; (গাছ) উঁচু হওয়া।

~ : (سُحُوقَةٌ) (বস্ত্র) জীর্ণ হওয়া।

تَسَحَّقَ، إِنْسَحَقَ : (إِنْسِحَاقٌ) চূর্ণ হওয়া; থেঁতলানো।

سَحْقٌ : জীর্ণ বস্ত্র। ব سُحُوقٌ

سُحْقٌ، سُحُقٌ : দূরত্ব; গভীরতা।

سُحْقًا لَهُ : সে দূর হউক, আল্লাহর রহমত হইতে বঞ্চিত হউক।

سَاحِقٌ : চূর্ণকারী।

سِحَاقٌ : নারী-সমকামিতা।

سَحِيقٌ : দূরবর্তী; গভীর।

سَحِيقَةٌ : প্রবল বৃষ্টি।

إِنْسِحَاقُ الْقَلْبِ : অনুশোচনা, অনুতাপ।

مَسْحُوقٌ : চূর্ণিত।

~ : পাউডার, চূর্ণ। ব مَسَاحِيقُ

مُنْسَحِقُ الْقَلْبِ : অনুতপ্ত।

سَحَلَ - : (سَحْلٌ) চাঁচিয়া ফেলা, ছাল ছাড়ান; উখা দ্বারা মসৃণ করা, রাঁদা দ্বারা সমান করা; চূর্ণ করা; নগদ পরিশোধ করা, গালি দেওয়া।

سَاحَلَ : (مُسَاحَلَةٌ) সমুদ্রোপকূলে আগমন করা।

إِنْسَحَلَ : (إِنْسِحَالٌ) ছুলিয়া যাওয়া; মসৃণ হওয়া।

سَحْلٌ : নগদ টাকা।

سَحِيلٌ : এক সুতি কাপড়; দড়ি।

سَاحِلٌ : উপকূল, তীর; সমুদ্রোপকূল। ব سَوَاحِلُ

سِحَالٌ : লাগামের খলিন।

سُحَالَةٌ : উখার গুঁড়া, তুষ; বাজে লোক।

سِحْلِيَّةٌ : গিরগিট, টিকটিকি। ব سَحَالِيُّ

مِسْحَلٌ : লাগাম; জিহ্বা; সমতল করিবার যন্ত্র; রাঁদা; উখা। ব مَسَاحِلُ

سَحِمَ - : (سَحَمٌ) কালো হওয়া।

سَحَّمَ : (تَسْحِيمٌ) কালো করা।

أَسْحَمَ : (إِسْحَامٌ) (আকাশ) বৃষ্টি ঢালিয়া দেওয়া।

سُحْمَةٌ، سُحَامٌ، سَحَمٌ : কৃষ্ণতা, কাল রং।

سُحُمٌ : কামারের হাতুড়ি।

أَسْحَمُ : কালো। স্ত্রী سَحْمَاءُ ব سُحْمٌ

سَحَنَ - : (سَحْنٌ) চূর্ণ করা, গুঁড়া করা; ঘষিয়া মসৃণ করা।

سَاحَنَ : (مُسَاحَنَةٌ) সাক্ষাৎ করা; ভালো ব্যবহার করা।

سَحْنَةٌ، سَحْنٌ : চেহারা, বাহ্যিক আকৃতি।

سَحَا - : (سَحْيٌ) চাঁচিয়া ফেলা, কোদাল দ্বারা পরিষ্কার করা।

إِسْتَحَى : (إِسْتِحَاءٌ) (চুল) কামান।

سَحَّى (تَسْحِيَةٌ)، أَسْحَى : পাতলা চামড়ায় (বই) বাঁধাই করা।

سِحَاءٌ : বই বাঁধাই করিবার পাতলা চামড়া। ব أَسْحِيَةٌ

سِحَاءَةٌ : অঞ্চল, কণ্টকময় বৃক্ষ। ব سَحًى

~ : মস্তিষ্কের ঝিল্লি। ব سَحَايَا

سَاحِيَةٌ : বৃষ্টি।



www.pathagar.com

سَحَّاء : কোদাল প্রস্তুতকারক।

مِسْحَاة : নরম ভূমি।

سِخَاب : পুষ্পহার। ব سُخُب

سِخْتِيَان : পাকা-করা ছাগলের চামড়া; মরক্কো লেদার।

سَخْد : উষ্ণ।

سُخْد : প্রসূতির গর্ভের ফুল; চেহারার হলুদ রঙ।

سَخَرَ : ـَ (سَخْر) (নৌকা) বাতাসের অনুকূলে চলা।

~ : ـَ (سُخْرِيّ) বাধ্যতামূলকভাবে খাটানো, জবরদস্তিমূলক চাপাইয়া দেওয়া, অবৈতনিক কাজ করানো; বেগার খাটানো।

سَخِرَ : ـَ (سَخْر، سَخَر، سُخْر، سُخْرَة، مَسْخَر) ~ مِنْ، بِ মস্করা করা, ঠাট্টা করা, উপহাস করা, বিদ্রূপ করা।

سَخَّرَ : (تَسْخِير) বশ করা, অনুগত করা, অধীন করা, নত করা; কাজে লাগানো, ব্যবহার করা, বিনা পারিশ্রমিকে কাজ করিতে বাধ্য করা, জোরপূর্বক কাজ করান; বেগার খাটানো; শোষণ করা।

تَسَخَّرَ : বশীভূত করা; উপহাস করা; বিদ্রূপ করা।

سُخْرَة : হাস্যাস্পদ; উপহাসের পাত্র; পারিশ্রমিক বিহীন কাজ, বেগার; বাধ্যতামূলক কাজ।

سُخْرِيّ : জোরপূর্বক করানো কাজ; উপহাসযোগ্য, উপহাসের পাত্র; তামাশা; বিদ্রূপাত্মক।

سُخْرِيَّة : উপহাস, বিদ্রূপ, ঠাট্টা, পরিহাস; উপহাসের পাত্র।

تَسْخِير : বশীভূতকরণ; শোষণ।

مَسْخَرَة : মস্করা; উপহাসযোগ্য, ঠাট্টা, তামাশা, উপহাস, বিদ্রূপ; হাস্যাস্পদ, উপহাসের পাত্র, ছদ্মবেশ, মুখোশ। ব مَسَاخِرُ

مَوَاخِر سَوَاخِر : অনুকূল বাতাসে চালিত নৌকা; আবহাওয়া যাহার অনুকূলে।

سَخِطَ : ـَ (سَخَط) عَلَى تَسَخَّطَ، বিরক্ত হওয়া; অসন্তুষ্ট হওয়া; ক্রুদ্ধ হওয়া।

أَسْخَطَ : বিরক্ত করা ; অসন্তুষ্ট করা; রাগান্বিত করা।

سَخَط، سُخْط، سُخُط : বিরক্তি; অসন্তুষ্টি; ক্রোধ।

مَسْخَطَة : বিরক্তিকর কিংবা ক্রোধোদ্দীপক কাজ। ব مَسَاخِط

مَسْخُوط : ঘৃণ্য; বিরক্তিকর।

~ : মূর্তি। ব مَسَاخِيط

سَخْسَخَ : (سَخْسَخَة) সংজ্ঞাহীন হওয়া।

سَخُفَ : ـُ (سَخَافَة) দুর্বল হওয়া; পাতলা হওয়া; বোকা হওয়া।

سَاخَفَ : (مُسَاخَفَة) বোকার ন্যায় আচরণ করা।

سَخَافَة، سُخْف، سَخْف : দুর্বলতা; দুর্বলচিত্ততা; নির্বুদ্ধিতা, বোকামি।

سَخِيف : দুর্বল, পাতলা; নির্বোধ, বোকা; অসঙ্গত; তুচ্ছ। ব سِخَاف

سَخِيفُ الْعَقْلِ : দুর্বলচিত্ত; চপল।

سَخَائِف : তুচ্ছবস্তু।

سَخْل : দুর্বল, অকেজো; ত্রুটিপূর্ণ বস্তু।

سَخْلَة : মেষশাবক। ব سِخَال

مَسْخُول : অখ্যাত, অস্পষ্ট।

سَخَّمَ : (تَسْخِيم) কালো করা, ভুসা মাখাইয়া কালো করা; (পানি) গরম করা।

سَخَّمَ بِصَدْرِهِ : রাগান্বিত করা।

تَسَخَّمَ : ~ عَلَى ঘৃণা করা; বিদ্বেষ পোষণ করা; ক্রুদ্ধ হওয়া।

سُخْمَة، سَخَم : কৃষ্ণতা, কালো রং; ঘৃণা; বিদ্বেষ।

سُخَام : কাল রং; কালো কয়লা; ঝুল; ভুসা।

سُخَامِيّ : ঈষৎ কালো, কালচে।

سَخِيمَة : ঘৃণা, বিদ্বেষ। ব سَخَائِم

أَسْخَم : কৃষ্ণবর্ণ, কালো। স্ত্রী سَخْمَاء ব سُخْم

سُخْمَط : ময়লা।



www.pathagar.com

سَخَنَ ـُ سَخِنَ ـَ سَخُنَ ـُ (سُخُونَة، سُخْنَة، سَخَانَة) গরম হওয়া; জ্বরে আক্রান্ত হওয়া।

سَخَّنَ، أَسْخَنَ : (إِسْخَان، تَسْخِين) গরম করা; উত্তপ্ত করা, জ্বরাক্রান্ত করা।

سُخْن، سَاخِن، سَخِين : উষ্ণ, উত্তপ্ত; জ্বর জ্বর ভাব।

سَخَانَة، سُخُونَة : উষ্ণতা; তাপ; জ্বর।

سَخَّانَة، مِسْخَن : পানি গরম করিবার যন্ত্র, geyser.

سَخَّانَات : উষ্ণ প্রস্রবণ।

سَخُون : গরম শুরুয়া।

سِخِّين : উষ্ণ; লাঙ্গলের হাতল; মুচির ছুরি। ব سَخَاخِين

مِسْخَنَة : রান্নার কড়াই। ব مَسَاخِن

سَخَا ـُ سَخِيَ ـَ (سَخَاء) (سَخُوَ ـُ سَخَاوَة) উদার হওয়া; দানশীল হওয়া; দান করা।

تَسَخَّى، تَسَاخَى : উদারতা দেখানো, বদান্যতা প্রদর্শন করা; উদার হইতে চেষ্টা করা।

سَخَاء، سَخَاوَة : বদান্যতা; দানশীলতা, উদারতা।

سَخِيّ : দানশীল, উদার, বদান্য, মুক্তহস্ত। ব أَسْخِيَاء

سَدَّ ـُ (سَدّ) : বন্ধ করা; (নদীতে) বাঁধ দেওয়া; বাধা প্রদান করা; (দাবি ইত্যাদি) পূরণ করা; নিবারণ করা।

سَدّ الرَّمَق : কেবলমাত্র জীবন রক্ষা পরিমাণ আহার্য যোগান।

~ فَرَاغًا : শূন্যস্থান পূরণ করা।

~ مَسَدَّهُ : স্থলাভিষিক্ত হওয়া।

~ النَّفَقَات : ব্যয়ভার বহন করা।

~ ـِ (سَدَاد، سُدُود، أَسَدّ (إِسْدَاد) : সঠিক হওয়া, উপযুক্ত হওয়া, যথাযথ হওয়া।

سَدَّدَ (تَسْدِيد) : ঠিকভাবে পরিচালিত করা, সুপথ প্রদর্শন করা; তাক করা, (হিসাব) মিটাইয়া দেওয়া।

تَسَدَّدَ : যথাযথ হওয়া।

إِنْسَدَّ : (إِنْسِدَاد) বন্ধ হইয়া যাওয়া; বাধাপ্রাপ্ত হওয়া।

إِسْتَدَّ : (إِسْتِدَاد) বন্ধ-হওয়া; সঠিক হওয়া।

سَدّ، سُدّ : বাধা, প্রতিবন্ধক; বাঁধ। ব أَسْدَاد، سُدُود

السَّدّ العَالِي : মিসরের আসোয়ান বাঁধ।

طَرِيق سَدّ : অন্ধগলি, বদ্ধগলি।

سُدَّة : দরজা, ফটক; আসন, মঞ্চ, সিংহাসন, মর্যাদা। ব سُدَد

سَدَد : বাধা, গতিরোধ।

سِدَاد : বাঁটে ঘনীভূত দুধ; জীবিকার উপায়।

سُدَاد : নাসারন্ধ্রের প্রতিবন্ধকতা।

سِدَادَة : ছিপি, কর্ক।

سَدِيد : লক্ষ্যভেদী; সঠিক, যথাযথ; ন্যায্য।

تَسْدِيد : তাককরণ, নিশানা স্থিরীকরণ; পরিশোধ, পূরণ; নিষ্পত্তি।

تَحْتَ التَّسْدِيد : দেয়, অপরিশোধিত, অনাদায়ী; বকেয়া।

مَسْدُود : বন্ধ।

سَدَرَ ـُ (سُدُور، سَدْر) : (বস্ত্র) বিদীর্ণ করা; (কেশ) আলগা করা।

سَدِرَ ـَ (سَدَارَة، سَدَر) : হতভম্ব হওয়া; দিশাহারা হওয়া; (চক্ষু) ধাঁধাইয়া যাওয়া।

إِنْسَدَرَ : (إِنْسِدَار) ত্বরা করা; (চুল) ঝুলিয়া পড়া।

سِدْر، سِدْرَة : কুল-বৃক্ষ। ব سِدَر، سُدُور

سِدْرَة المُنْتَهَى : বেহেশতের একটি কুল-বৃক্ষ, হযরত জিবরাঈল (আ)-এর ঊর্ধ্বলোকে গমনের প্রান্তসীমা।



www.pathagar.com

بَلَغَ سِدْرَةَ الْمُنْتَهَى : চূড়ান্ত লক্ষ্য অর্জন করা, পরম কাঙ্ক্ষিত ফল লাভ করা।

سَدَر : বায়ুরোগ।

سَدِر : হতভম্ব, দিশাহারা; অমনোযোগী; সমুদ্র।

سَادِر : উদাসীন, বেপরোয়া।

سَدَسَ - : (سَدْس) ষষ্ঠ হওয়া, ছয় সংখ্যা পূর্ণ করা।

سَدَّسَ : (تَسْدِيس) ছয়গুণ করা; ছয়কোণবিশিষ্ট করা।

أَسْدَسَ : (إِسْدَاس) সংখ্যায় ছয় হওয়া; ছয়দিন পরপর উটকে পানি পান করানো।

سُدُس، سُدْس : ষষ্ঠাংশ। ব أَسْدَاس

سُدَاسِيّ : ছয়গুণ; ছয় অংশে গঠিত; ছয়কোণবিশিষ্ট; ছয় অক্ষরবিশিষ্ট (শব্দ)।

سَادِس : ষষ্ঠ। স্ত্রী سَادِسَة

سَادِس عَشَر : ষষ্ঠদশ।

مُسَدَّس : ছয় অংশবিশিষ্ট; ষড়পদী (কবিতা); রিভলবার।

مُسَدَّس الأَرْكَان : ষড় ভুজাকার।

~ السُّطُوح : ষড় ভুজক্ষেত্র।

أَسْدَفَ : (إِسْدَاف) (রাত্রি) অন্ধকার হওয়া; (দৃষ্টি) ক্ষীণ হওয়া; নিদ্রা যাওয়া; (প্রদীপ) জ্বালানো; (দরজা) খোলা; (পর্দা) উঠানো।

~ عَنْ : প্রস্থান করা।

سَدَف : অন্ধকার; গোধূলিকাল; ঊষা।

سُدْفَة : অন্ধকার; গোধূলিকাল, ঊষা; পর্দা।

سِدَافَة : পর্দা।

أَسْدَف : কালো; অন্ধকার (রাত্রি)। স্ত্রী سَدْفَاء ব سُدْف

سَدَلَ - : (سَدْل) سَدَّلَ (تَسْدِيل) أَسْدَلَ (إِسْدَال) ঝুলাইয়া দেওয়া; টাঙ্গানো।

إِنْسَدَلَ، تَسَدَّلَ : (إِنْسِدَال) ঝুলিয়া পড়া।

سِدْل : হার, Necklace.

~، سُدْل : পর্দা, ঘোমটা। ব أَسْدَال، سُدُول

سَدَل : ঝোঁক, প্রবণতা।

سَدِيل : পালকির পর্দা; দরজার পর্দা। ব سَدَائِل، سُدُل

سَدَمَ - : (سَدْم) (দরজা) বন্ধ করা।

سَدِمَ - : (سَدَم) দুঃখিত হওয়া, অনুতপ্ত হওয়া।

إِنْسَدَمَ : (إِنْسِدَام) শুকাইয়া যাওয়া।

سَدَم : দুঃখ, অনুতাপ।

سَدْمَان، سَادِم : দুঃখিত, অনুতপ্ত।

سَدُوم (sodome) প্রাচীনকালীন ফিলিস্তিনের একটি বিধ্বস্ত শহর, কাওমে লূতের আবাস।

سَدِيم : কুয়াশা, কুজ্ঝটিকা; নীহারিকা; প্রসিদ্ধ ব্যক্তি। ব سُدُم

سَدِيمِي : নীহারিকাবৎ বস্তু, অস্পষ্ট।

سَدَان، سَدَن، سِدْن : পর্দা, ঘোমটা।

سَادِن : কা'বার দ্বাররক্ষক; গীর্জার ভারপ্রাপ্ত কর্মচারী, রক্ষী। ব سَدَنَة

سِدَانَة : পবিত্রস্থানের রক্ষণাবেক্ষণ।

سَدِين : চর্বি; রক্ত; পশম; পর্দা। ব أَسْدَان

سَدِيَ - : (سَدًى) সিক্ত হওয়া; নরম হওয়া।

أَسْدَى، سَدَّى : (إِسْدَاء، تَسْدِيَة) إِلَى ~ দান করা; উপকার করা।

أَسْدَى بَيْنَ : শান্তি স্থাপন করা।

تَسَدَّى : আরোহণ করা; অনুসরণ করা।

إِسْتَدَى : (إِسْتِدَاء) (অশ্ব) ঘর্মাক্ত হওয়া; ঘাম নির্গত করা।

سَدًى : (কাপড়ের) তানা; শিশির; উপকার। ব أَسْدِيَة

سُدًى : বৃথা।

أَرْض سُدًى : বসতিহীন ভূমি।

سَدَاة : (কাপড়ের) তানা; পুংকেশর।



www.pathagar.com

سَذَاب : ভেষজ উদ্ভিদবিশেষ, Rue.

سَذَاجَة : সরলতা।

سَاذِج : সরল, সাদাসিধা।

سَرَّ ـُ (تَسْرِيْر) سَرَّرَ (مَسَرَّة، تَسِرَّة، سُرُور) : আনন্দিত করা, প্রফুল্ল করা, খুশি করা।

سُرَّ : আনন্দিত হওয়া, খুশি হওয়া, আনন্দ লাভ করা।

سَارَّ : (سِرَار) গোপনে কথা বলা; গোপনীয় কথা অবহিত করা।

أَسَرَّ : (إِسْرَار) আনন্দিত করা, খুশি করা, প্রফুল্ল করা; গোপনীয় রাখা; লুকাইয়া রাখা; গোপনে বলা, গোপনীয় কথা অবহিত করা।

تَسَرَّى، تَسَرَّرَ : দাসী বা উপপত্নী গ্রহণ করা।

تَسَارَّ : গোপনীয় কথা বর্ণনা করা; গোপনে কথা বলা।

إِسْتَسَرَّ : (إِسْتِسْرَار) লুকাইতে চেষ্টা করা; লুকাইয়া থাকা; দাসী গ্রহণ করা।

سِرّ : গোপনীয় কথা, গোপন বস্তু, রহস্য, গোপনীয়তা, অন্তঃকরণ; মূলকথা; স্বাস্থ্য। ব أَسْرَار

سِرّ تُجَار : ব্যবসায়ীদের নেতা, প্রধান ব্যবসায়ী।

~ عَسْكَر : ফিল্ড-মার্শাল।

~ اللَّيْل : সংকেত-বাক্য।

سِرًّا : গোপনে, চুপিসারে।

كَاتِمُ السِّرِّ، كَاتِبُ السِّرِّ : একান্ত সচিব।

سِرِّيّ : গোপন, গোপনীয়, একান্ত; রহস্যময়।

سِرِّيَّة : গোপনীয়তা।

سُرّ : নবজাত শিশুর নাভিসংলগ্ন নাড়ি। ব سُرُر، سَرَر، أَسِرَّة

سُرَّة : নাভি; নাড়ি; কেন্দ্রস্থল, বোঁচকা, বান্ডিল। ব سُرَر، سُرَّات

سُرِّيّ : নাভিসংক্রান্ত।

سُرُر، سَرَر : শিশুদের নাভিসংলগ্ন নাড়ি; হস্ত কিংবা ললাটের রেখা।

سَرَار : চান্দ্রমাসের শেষ রাত্রি।

سِرَار : হস্ত কিংবা ললাটের রেখা। ব أَسَارِير، أَسِرَّة

مَسَرَّة، سُرُور : সুখ, আনন্দ।

سَرِير : খাট, শয্যা; আসন; শিবিকা; সিংহাসন; দোলা। ব سُرُر، أَسِرَّة

سَرِيرَة : গুপ্ত বিষয়, মন, আত্মা, অন্তর, অভিলাষ। ব سَرَائِر

سَرَّاء : সুখ, উন্নতি, সমৃদ্ধি, সৌভাগ্য।

فِي السَّرَّاءِ وَالضَّرَّاءِ : সুদিনে ও দুর্দিনে, সুসময়ে ও দুঃসময়ে।

سُرِّيَّة : দাসী, উপপত্নী। ব سَرَارِي

مُسِرّ، سَارّ : আনন্দময়, আনন্দপূর্ণ, প্রফুল্লকর।

مِسَرَّة : কথা বলিবার টিউব; টেলিফোন। ব مَسَارّ

مَسْرُور : আনন্দিত, খুশি, প্রফুল্ল, উল্লসিত।

سَرَبَ ـُ (سُرُوب) : (পশু) স্বাধীনভাবে চরা; (পানি) প্রবাহিত হওয়া; গমন করা।

سَرِبَ ـَ (سَرَب) : (পাত্র) ভরিয়া পড়া; চুয়াইয়া পড়া; গোপনে সরিয়া পড়া।

سَرَّبَ : (تَسْرِيب) অল্প অল্প করিয়া গোপনে প্রেরণ করা; (পানি) প্রবাহিত করা।

تَسَرَّبَ : চুয়াইয়া পড়া; প্রবাহিত হওয়া; গোপনে সরিয়া পড়া; (সংবাদ) ছড়াইয়া পড়া।

~ فِي : হঠাৎ ঢুকিয়া পড়া।

إِنْسَرَبَ : (إِنْسِرَاب) (পানি) চুয়াইয়া পড়া; প্রবেশ করা, আশ্রয় লওয়া।

سَرْب : পশু; রাস্তা; বক্ষ; কর্মপদ্ধতি। ব سُرُوب

سِرْب : পাল, দল, ঝাঁক; অন্তর; মন; পথ, রাস্তা; উড্ডয়ন; ফ্লাইট। ব أَسْرَاب



www.pathagar.com

سَرَب : (পশুর) গুহা; সুড়ঙ্গপথ; প্রবহমান পানি। ব أَسْرَاب

سُرْبَة : পাল, ঝাঁক; দল; পথ। ব سُرَب

سَرَاب : মরীচিকা; ভূত।

سَارِب : স্পষ্ট; সোজা গমনকারী।

سَارِبَة : সরীসৃপ। ব سَوَارِب

أُسْرُب، أَسْرُب : কাল সীসা।

مَسْرَب : পথ; স্রোত; নর্দমা। ব مَسَارِب

مَسْرَبَة : চারণক্ষেত্র; খাল। ব مَسَارِب

مُنْسَرِب : লম্বা; দ্রুত প্রবহমান।

سَرْبَلَ : (سَرْبَلَة) পরিধান করানো।

تَسَرْبَلَ : পরিধান করা।

سِرْبَال : পোশাক, পরিধেয়। ব سَرَابِيل

سَرَجَ : ـُ (سَرْج) (চুল) খোঁপা বাঁধা।

سَرِجَ : ـَ (سَرَج) (চেহারা) সুন্দর হওয়া।

سَرَّجَ، تَسْرِيج : (চুল) খোঁপা বাঁধা; লম্বা লম্বা ফোঁড় দিয়া সেলাই করা; জিন লাগানো।

أَسْرَجَ : (إِسْرَاج) জিন লাগানো; (প্রদীপ) জ্বালানো।

سَرْج : জিন। ব سُرُوج

سِرَاج : প্রদীপ, বাতি; সূর্য। ব سُرُج

سِرَاجُ اللَّيْل : জোনাকি।

سُرُوجِيّ، سَرَّاج : জিন নির্মাতা।

سُرُجِيَّة، سِرَاجَة : জিন নির্মাতার পেশা।

~ : ঘোড়ার সংক্রামক রোগবিশেষ, glanders.

مَسْرَجَة : প্রদীপ, পিলসুজ। ব مَسَارِج

سَرْجِين : গোবর, সার।

سِيرَج : তিলের তৈল।

سِيرَجَة : ঘানি।

سَرَحَ : ـَ (سُرُوح، سَرْح) চলিয়া যাওয়া, ছাড়িয়া যাওয়া, চরিতে যাওয়া, চরিয়া বেড়ানো, বিচরণ করা; ছাড়িয়া দেওয়া; ছড়াইয়া দেওয়া; পাঠাইয়া দেওয়া।

سَرِحَ : ـَ (سَرَح) নিজের কাজে চলিয়া যাওয়া, নিজের কাজে মন দেওয়া; স্বাধীনভাবে অগ্রসর হওয়া।

سَرَّحَ : (تَسْرِيح) ঘাস খাইতে ছাড়িয়া দেওয়া; প্রেরণ করা, যাইতে দেওয়া, মুক্তি দেওয়া; অব্যাহতি দেওয়া, (স্ত্রীকে) তালাক দেওয়া, সহজ করা; (চুল) আচড়ান।

تَسَرَّحَ : চলিয়া যাওয়া।

إِنْسَرَحَ : বিবস্ত্র হওয়া; ছুটিয়া যাওয়া।

سَرَاح : মুক্তি, বিদায়দান; তালাক; আরাম।

أَطْلَقَ سَرَاحَهُ : মুক্ত করিয়া দেওয়া, মুক্তি দেওয়া; দাসত্বমুক্ত করা।

سَرِيح : সহজ, দ্রুততা; দ্রুত।

سَرِّيح : ফেরিওয়ালা।

سَرِيحَة : জঙ্গলের সরুপথ। ব سَرَائِح

سِرْحَان : নেকড়ে, সিংহ। ব سَرَاحِين

مُنْسَرِحُ الْفِكْرِ، سَارِحُ الْفِكْر : অন্যমনস্ক।

تَسْرِيح : বিদায়দান, মুক্তিদান, অব্যাহতি প্রদান।

~ : অনুমতি; ক্ষমতা প্রদান। ব تَسَارِيح

تَسْرِيحَة : কেশবিন্যাস; ড্রেসিং টেবিল।

مَسْرَح : চারণক্ষেত্র; মঞ্চ; নাট্যশালা। ব مَسَارِح

مِسْرَح : চিরুনি। ব مَسَارِح

مَسْرَحِيَّة : নাটক, অভিনয়।

مُنْسَرِح : কবিতায় এক প্রকার ছন্দ; দ্রুতগামী।

سُرْحُوب : শৃগাল; দীর্ঘকায়। ব سَرَاحِيب

سَارُوخ : রকেট। ব سَوَارِيخ

سَرْخَس، سِرْخِس : সিজজাতীয় উদ্ভিদ।

سَرْخَس، سَرَخْس : ইরানের একটি প্রাচীন শহর।

سَرَدَ : ـُ (سَرْد) বিদ্ধ করা, ছিদ্র করা; চালাইয়া যাওয়া; বর্ণনা করা, উদ্ধৃত করা, বিশদভাবে উপস্থাপিত করা; দ্রুত পাঠ করা।

~ : ـُ (سِرَاد، سَرْد) সেলাই করা।



www.pathagar.com

سَرَّدَ : (تَسْرِيد) ছিদ্র করা; সেলাই করা।

أَسْرَدَ : (إِسْرَاد) ছিদ্র করা।

تَسَرَّدَ : ক্রমাগত আসিতে থাকা।

سَرْد : উদ্ধৃতি, উল্লেখ; ক্রমাগত।

سَرَاد : কাঁচা খেজুর।

سِرَاد : তুরপুন।

مَسْرَد : সূচিপত্র।

مِسْرَد : তুরপুন; চালুনি।

مَسْرُودَة، مُسَرَّد : বর্ম।

سِرْدَاب : ভূগর্ভস্থ ঘর; সুড়ঙ্গপথ। ব سَرَادِيب

سَرْدَار : (ফা) প্রধান সেনাপতি।

سَرْدَقَ : (سَرْدَقَة) শামিয়ানা দ্বারা আচ্ছাদন করা।

سُرَادِق : শামিয়ানা, চাঁদোয়া; তাঁবু।

سِرْسَام، سِرْسَاب : মস্তিষ্কের রোগবিশেষ, বিষাদ, hypochondria.

~ : মস্তিষ্ক–ঝিল্লির প্রদাহ, meningitis.

مُسَرْسَم، مُسَرْسَب : বিষাদরোগে আক্রান্ত, hypochondria.

سَرَطَ - سَرِطَ - ـَ : (سَرَط، سَرَطَان)، تَسَرَّطَ، إِسْتَرَطَ (إِسْتِرَاط) গোগ্রাসে গেলা।

سِرَاط : রাস্তা, পথ।

سُرَاط : ধারালো (তরবারি)

سُرَاطِيّ : ধারালো (তরবারি); দ্রুতগামী (অশ্ব)।

سَرَطَان : কাকড়া; কর্কট-রোগ, ক্যান্সার, কর্কটরাশি।

سَرَطَان الْبَحْرِ : চিংড়িমাছ।

مَسْرَط : অন্ননালী।

سَرُعَ ـُ : (سُرْعَة) দ্রুত হওয়া; ত্বরা করা।

سَرَّعَ : (تَسْرِيع) দ্রুত করা; তাড়াইয়া নেওয়া; ত্বরান্বিত করা।

سَارَعَ، تَسَرَّعَ، تَسَارَعَ : (مُسَارَعَة) ~ إِلَى ছুটিয়া যাওয়া, ধাবিত হওয়া।

أَسْرَعَ : (إِسْرَاع) ত্বরা করা।

سُرْع : লাগাম। ব أَسْرَاع

سُرْعَة : গতি, দ্রুততা, ত্বরা।

سُرْعَةُ الْخَاطِرِ : উপস্থিত বুদ্ধি।

بِسُرْعَةٍ : দ্রুততার সাথে।

سُرْعَان، سَرْعَان : তাড়াতাড়ি; শীঘ্র; কত দ্রুত।

سَرِيع : দ্রুত; গতিশীল।

السَّرِيع : কবিতার একটি ছন্দ; এক্সপ্রেস ট্রেন।

سَرِيعًا، سِرَاعًا : দ্রুত, শীঘ্র, তাড়াতাড়ি করা।

سَرِيع التَّأَثُّر : সংবেদনশীল।

~ الْجَرْى : দ্রুত ধাবনক্ষম।

~ الْخَاطِر : উপস্থিতবুদ্ধি সম্পন্ন।

سَرِيْع الزَّوَال : ক্ষণস্থায়ী।

أَسْرَع : দ্রুততর।

تَسَرُّع : ত্বরা, হঠকারিতা।

مُتَسَرِّع : দ্রুত; হঠকারী।

سَرَفَ ـُ : (سَرْف) খাইয়া ফেলা।

سَرِفَ ـَ : (سَرَف) অনবহিত হওয়া; আসক্ত হওয়া।

أَسْرَفَ : (إِسْرَاف) অপচয় করা; অমিতব্যয়ী হওয়া।

سَرَف، إِسْرَاف : অপচয়, অমিতব্যয়, অমিতাচার।

سَرُوف : ভয়াবহ; অত্যধিক।

سَرِيف : আঙ্গুর গাছের সারি।

أُسْرُف : (ফা) সীসা।

مُسْرِف : অপচয়কারী, অমিতব্যয়ী, অমিতাচারী।

إِسْرَافِيل : ইস্রাফীল (আ) নামক ফেরেশতা।

سَرَقَ ـِ : (سَرَق، سَرِقَة، سَرْقَان) চুরি করা, লুট করা, অপহরণ করা।

سَرَّقَ : (تَسْرِيق) চুরির অভিযোগ আনা, চোর বলা।



www.pathagar.com

سَارَقَهُ النَّظَرَ، سَارَقَ النَّظَرَ إِلَى : লুকাইয়া লুকাইয়া তাকানো, গোপনে গোপনে দেখা।

تَسَرَّقَ : অল্প অল্প করিয়া চুরি করা, গোপনে গোপনে দেখা বা শোনা।

إِنْسَرَقَ : (إِنْسِرَاق) চুরি হওয়া।

إِسْتَرَقَ : (إِسْتِرَاق) চুরি করা; আলগা হওয়া, দুর্বল হওয়া।

إِسْتَرَقَ السَّمْعَ : চুপি চুপি শোনা, আড়ি পাতিয়া শোনা।

سَرِقَة، سَرْقَة : চুরি, অপহরণ।

سَرِقَة بِإِكْرَاه : লুট, ডাকাতি।

~ الْبِحَار : জলদস্যুতা।

سَارِق : চোর। ব سَرَقَة، سُرَّاق

سَرَّاق : চোর; ছোট করাত।

مَسْرُوقَات، سُرَاقَة : চোরাই-মাল।

سَرْقُع : টক মদ।

سِرْقِين : পশুমল, সার।

سِرْك : (ফা) সার্কাস। ব أَسْرَاك

سَرْكِي : বিল, পে-অর্ডার, মনি-অর্ডার, বিল অফ এক্সচেঞ্জ।

سَرَّمَ : (تَسْرِيم) কাটিয়া খণ্ড-বিখণ্ড করা।

تَسَرَّمَ : কর্তিত হওয়া।

سُرْم : গুহ্যদ্বার, মলদ্বার। ব أَسْرَام

سَرَم : মলদ্বারের ব্যথা।

سَرْمَد : দীর্ঘ (রজনী); নিত্যতা।

سَرْمَدِيّ : নিত্য; শাশ্বত।

سَرَا ـُ : (سَرْو) (পঙ্গপাল) ডিম পাড়া।

سَرْو : বৃক্ষবিশেষ, cypress.

سَرْوَلَ : (سَرْوَلَة) পাজামা পরিধান করানো।

تَسَرْوَلَ : (سَرْوَلَة) পাজামা পরিধান করা।

سِرْوَال، سِرْوَالَة : পাজামা। ব سَرَاوِيل، سَرَاوِيلَات

سَرَى : - (مَسْرًى، سِرَايَة، سُرْيَة، سَرْيَة، سُرًى) সারিয়ান রাত্রিকালে ভ্রমণ করা, রাত্রে বাহির হওয়া; গমন করা, ঘুরা; প্রবাহিত হওয়া; ছড়াইয়া পড়া; সংক্রমিত হওয়া; প্রবেশ করা; কার্যকর হওয়া; প্রযোজ্য হওয়া।

سَرَى مَفْعُولُهُ : কার্যকর হওয়া, তাহার কর্ম সফল হইল।

سَرَّى : (تَسْرِيَة) ছোড়া, ক্ষেপণ করা, প্রেরণ করা।

سَرَّى عَنْ قَلْبِهِ، سَرَّى عَنْهُ : উদ্বেগ দূর করা; নিরুদ্বিগ্ন করা।

سُرِّيَ، إِنْسَرَى ~ عَنْ : (দুশ্চিন্তা ইত্যাদি) দূরীভূত হওয়া, (দুশ্চিন্তা ইত্যাদি হইতে) মুক্তি পাওয়া।

سَارَى : (مُسَارَيَة) সঙ্গে চলা।

أَسْرَى : (إِسْرَاء) নৈশভ্রমণ করা।

~ بِ : নৈশভ্রমণ করানো।

تَسَرَّى : সাহস দেখানো।

سَرِيّ : মহৎ, মহানুভব, মর্যাদাবান, উন্নতমনা; বিশিষ্ট ব্যক্তি; উচ্চশ্রেণীর লোক। ব سُرَوَاء، أَسْرِيَاء، سَرَاة، سُرَى

~ : ছোট নদী, ক্ষুদ্র খাঁড়ি, নালা। ব سُرْيَان، أَسْرِيَة

سَرِيَّة : অভিযান, সৈন্যদল, আক্রমণকারী দল; বাহিনী; (সেনাবাহিনীর) কোম্পানি। ব سَرِيَّات، سَرَايَا

سَرَايَة، سَرَايَا، سَرَاي : (ফা) প্রাসাদ।

سَرَاة : আরাফাতের নিকটবর্তী স্থান হইতে নাজরান সীমানা পর্যন্ত বিস্তৃত পাহাড়।

سَارِي الْمَفْعُول : কার্যকর।

سَارِيَة : খুঁটি; মাস্তুল; রাত্রিকালীন মেঘ। ব سَوَارٍ

سَرَيَان : বিস্তৃতি; কার্যকারিতা।

سُرْيَانِي : সিরীয়; সিরীয় ভাষা, syriac.

مَسْطَبَة : পাথরের বেঞ্চ; উপবেশন-মঞ্চ। ব مَسَاطِب



www.pathagar.com

سَطَحَ ـَ : (سَطْح)، سَطَّحَ (تَسْطِيْح) বিছাইয়া দেওয়া, বিস্তৃত করা, ছড়াইয়া দেওয়া; সমতল করা, সমান করা; শোয়াইয়া দেওয়া; ভূপাতিত করা।

اِنْسَطَحَ، تَسَطَّحَ : চিৎ হইয়া শোয়া; বিস্তৃত হওয়া; সমতল হওয়া।

سَطْح : উপরিভাগ; ছাদ; উচ্চতা; সমতলক্ষেত্র। ব سُطُوح

سَطْحِيّ : বাহ্য; ভাসাভাসা; অগভীর; সমতল।

سَطْحِيًّا : ভাসাভাসাভাবে, উপরে উপরে।

سَطْحِيَّة : সমতলতা, ভাসাভাসা ভাব।

سَطِيح : সমতল; সমান; চিৎ হইয়া শায়িত; বিস্তৃত; ছড়ানো।

مَسْطَح : সমতলভূমি; শস্য শুকাইবার উঠান। ব مَسَاطِح

مِسْطَح : তাঁবুর খুঁটি।

مُسَطَّح : সমান; শায়িত, সমতলক্ষেত্র।

سَطَرَ ـُ : (سَطْر) রেখা টানা; রুল করা; লেখা; লিখিয়া রাখা; রচনা করা।

سَطَّرَ : (تَسْطِيْر) কাহিনী বর্ণনা করা।

أَسْطَرَ : (إِسْطَار) পড়িতে ভুল করা।

سَطْر، سَطَر : লাইন, সারি; হস্তলিপি। ব أَسْطَار، أَسْطُر، سُطُور

سُطْرَة : ইচ্ছা, কামনা।

سَاطِر، سَطَّار : কসাই।

سَاطِر : কসাই। ব سَوَاطِر

سَاطُور : কসাইয়ের বড় ছুরি। ব سَوَاطِير

أُسْطُورَة : কাহিনী, উপাখ্যান, গল্প। ব أَسَاطِير

عِلْمُ الأَسَاطِير : পুরাণ-বিজ্ঞান, mythology.

مُسَطَّر : লাইনযুক্ত, রুলকৃত।

مِسْطَرَة : রুলার, ruler; নমুনা। ব مَسَاطِر

مِسْطَار، مِسْطَرِين : কর্ণিক।

سَطَعَ ـَ : (سُطُوع، سَطْع) (আলো) উজ্জ্বল হওয়া; (ধূলি) উড়া; (সুগন্ধ) বিচ্ছুরিত হওয়া, ছড়াইয়া পড়া; পরিষ্কার হওয়া, স্পষ্ট হওয়া।

سَطَعَ بِالْيَدَيْن : হাততালি দেওয়া।

سَطِعَ ـَ : (سَطَع) দীর্ঘগ্রীবা হওয়া।

سَطَّعَ : (تَسْطِيْع) (ধূলি) উড়ান, (উটের) ঘাড়ে চিহ্ন দেওয়া।

سَطْع، سُطُوع : উজ্জ্বলতা, ঝলক; বিচ্ছুরণ।

سَطَع : ধপ বা ধপাস করিয়া পড়িবার শব্দ; হাততালি।

سَاطِع : উজ্জ্বল, চকচকে; সুস্পষ্ট। ব سَوَاطِع

سَطَاع : তাঁবুর দীর্ঘতম খুঁটি; বিরাটকায় উট।

سَطِيع : দীর্ঘ; উষাকাল।

أَسْطَع : দীর্ঘগ্রীবা।

مِسْطَع : বাক্‌পটু, বাগ্মী।

سَطَلَ ـُ : (سَطْل) নেশাগ্রস্ত করা, মাতাল করা।

اِنْسَطَلَ : (اِنْسِطَال) নেশাগ্রস্ত হওয়া, মাতাল হওয়া।

سَطْل : বালতি। ব سُطُول، أَسْطَال

سُطَل : মাদকদ্রব্য।

أُسْطُول : বহর (أسط)

مَسْطُول : নেশাগ্রস্ত, মাতাল; নির্বোধ।

سَطَمَ ـُ : (سَطْم) বন্ধ করা, আটকাইয়া দেওয়া।

سَطْم : তরবারির ধার।

سُطُم : মূল।

سِطَام : তরবারির ধার; ছিপি; অগ্নি উসকাইবার লৌহ-শলাকা, poker.

سَطَا ـُ : (سَطْو، سَطْوَة) (পানি) পর্যাপ্ত হওয়া; বড় বড় পদক্ষেপে চলা।

~ عَلَى : জোরপূর্বক প্রবেশ করা।

~ عَلَى، بِ : ঝাঁপাইয়া পড়া, প্রচণ্ড আক্রমণ করা।



www.pathagar.com

سَاطَى : (مُسَاطَبَة) কঠোর আচরণ করা।

سَطْو : প্রচণ্ড আক্রমণ; সিঁধ কাটিয়া প্রবেশ।

سَطْوَة : আক্রমণ; প্রভাব; ক্ষমতা, কর্তৃত্ব।

سَعَدَ - َ : (سُعُود، سَعْد) শুভ হওয়া।

سَعِدَ - َ : (سَعَادَة)، سُعِدَ সুখী হওয়া; সৌভাগ্যবান হওয়া; সমৃদ্ধিশালী হওয়া।

سَاعَدَ : (مُسَاعَدَة) সাহায্য করা, সমর্থন করা।

أَسْعَدَ : (إِسْعَاد) সুখী করা, সমৃদ্ধিশালী করা; সৌভাগ্যবান করা।

سَعْد : ভাগ্য, সৌভাগ্য; শুভ লক্ষণ। ব سُعُود

سُعْد، سُعَادِى : উদ্ভিদবিশেষ।

سَعَادَة : সৌভাগ্য, সুখ, সমৃদ্ধি; উন্নতি; কল্যাণ।

سَعَادَتُكُم : সম্মানসূচক সম্বোধন, your excellency.

صَاحِب السَّعَادَة : সম্মানসূচক সম্বোধন, his excellency.

سَاعِد : কনুই হইতে কবজি পর্যন্ত হাতের অংশ, বাহু, forearm. বাহুর বহির্ভাগের অস্থিবিশেষ, radius; প্রধান। ব سَوَاعِد

سَاعِدَة : উপনদী; বাজুবন্ধ। ব سَوَاعِد

سَعُودِىّ : সৌদী।

المَمْلَكَة العَرَبِيَّة السَّعُودِيَّة : সৌদী আরব রাজ্য।

سَعِيد : সুখী, সমৃদ্ধিশালী; সৌভাগ্যবান। ব سُعَدَاء

~ : শুভ; পানিসেচের খাল।

بُور سَعِيد : পোর্ট সাঈদ; মিসরের একটি সামুদ্রিক বন্দর।

مُسْعَد، مَسْعُود : সুখী, সৌভাগ্যবান।

مُسَاعِد : সাহায্যকারী, সহায়ক; সহকারী।

مُسَاعَدَة : সাহায্য, সহায়তা; সমর্থন।

سَعْدَان : বানর। ব سَعَادِين

سَعْدَانَة : স্তনের বোঁটা; কপোত।

سَعَرَ - َ : (سَعْر)، أَسْعَرَ (إِسْعَار) প্রজ্বলিত করা; উসকাইয়া দেওয়া, লাগাইয়া দেওয়া।

سُعِرَ، إِنْسَعَرَ : (إِنْسِعَار) উন্মত্ত হওয়া।

سَعَرَ - َ : (سَعَرَان) (ঘোড়া) দ্রুত দৌড়ানো।

سَعَّرَ : (تَسْعِير) প্রজ্বলিত করা, উসকাইয়া দেওয়া; মূল্য নিরূপণ করা।

سَاعَرَ : (مُسَاعَرَة) দরকষাকষি করা, দামাদামি করা।

تَسَعَّرَ، إِسْتَعَرَ : (إِسْتِعَار) প্রজ্বলিত হওয়া; আগুন লাগিয়া যাওয়া, ক্ষেপিয়া যাওয়া।

سِعْر : মূল্য; দর; হার। ব أَسْعَار

سِعْرُ التَّعَادُل : বিনিময় হার, সমাহার।

سِعْر القَطْع ، ~ الخَصْم : বাটার হার, rate of discount.

~ السُّوق : বাজারদর।

بِسِعْر : দরে।

بِسِعْرِ التَّعَادُل : সমমূল্যে, সমহারে।

سُعْر : উত্তাপ, প্রকোপ; উন্মত্ততা; প্রচণ্ড ক্ষুধা; জলাতঙ্ক।

سُعُر : উন্মত্ততা।

سُعَار : উত্তাপ; ক্ষুধা; প্রচণ্ড লোভ।

سَعِير : আগুন; প্রজ্বলিত অগ্নি; উজ্জ্বল অগ্নিশিখা; দোযখ। ব سُعُر

سَاعُور : আগুন; চুল্লি।

تَسْعِرَة : দরপত্র, quotation.

تَسْعِير : মূল্য নিরূপণ।

مِسْعَر : অগ্নি উসকাইবার লৌহ-শলাকা, poker. ব مَسَاعِر، مَسَاعِير، مِسْعَار

مَسْعُور : উন্মত্ত; জলাতঙ্কগ্রস্ত।

سَعَطَ - َ : (سَعْط)، سَعَّطَ (تَسْعِيط)، أَسْعَطَ، (إِسْعَاط) নিঃশ্বাসের মাধ্যমে নাকে (ঔষধ) প্রবেশ করানো, নস্য গ্রহণ করানো।

إِسْتَعَطَ : (إِسْتِعَاط) নিঃশ্বাসের সহিত (ঔষধ) টানিয়া লওয়া; নস্য গ্রহণ করা।



www.pathagar.com

سَعُوط : নিঃশ্বাসের সাহায্যে গ্রহণ করিবার ঔষধ; নস্য।

مِسْعَط : নিঃশ্বাসের সাহায্যে ঔষধ গ্রহণের পাইপ; নস্যের কৌটা।

سَعَفَ - َ : (سَعْف) أَسْعَفَ (إِسْعَاف) সাহায্য করা; উদ্ধার করা।

~، ~ بِ পূরণ করা, রক্ষা করা; অনুমোদন করা।

سَعَّفَ : (تَسْعِيف) (সুগন্ধিদ্রব্য) মিশ্রিত করা।

سَاعَفَ : (مُسَاعَفَة) সাহায্য করা।

سَعَف : খেজুর পাতা, খেজুর-শাখা; গৃহের আসবাবপত্র; মেজাজ। ব سُعُوف

سَعَفَة : ঘা; আর; অর্থ-সাহায্য।

أَسْعَف : ললাটে সাদা কেশগুচ্ছবিশিষ্ট (অশ্ব)। স্ত্রী سُعْف ব سَعْفَاء

سَعْف، إِسْعَاف : সাহায্য; উদ্ধার, ত্রাণ; চিকিৎসা।

الإِسْعَاف : প্রাথমিক চিকিৎসা।

سَيَّارَة الإِسْعَاف : এম্বুলেন্স, ambolance.

مَسْعُوف : মাথায় ঘা-বিশিষ্ট (শিশু)।

مُسَاعِف : নিকটবর্তী, পার্শ্ববর্তী।

سَعَلَ - ُ : (سُعَال، سُعْلَة) কাশি দেওয়া।

سَعِلَ - َ : (سَعَل) প্রফুল্ল হওয়া।

أَسْعَلَ : (إِسْعَال) কাশির উদ্রেক করা; প্রফুল্ল করা।

سُعْلَة، سُعَال : কাশি।

السُّعَال الكَلْبِيّ، السُّعَال الدِيكِيّ : হুপিংকাশি।

سِعْلَاة : سِعْلَى রাক্ষসী; পেতনী। ব سَعَالٍ سِعْلَيَات

مَسْعَل، سَاعِل : গলা, গলদেশ।

سَعَمَ - َ : (سَعْم) (উট) দ্রুত হাঁটা।

سَعُوم : দ্রুতগামী (উট)।

أَسْعَنَ : (إِسْعَان) তাঁবু স্থাপন করা, শামিয়ানা টাঙানো।

تَسَعَّنَ : মোটা হওয়া।

سُعْن : পানি বহন করিবার মশকবিশেষ; তাঁবু, শামিয়ানা।

أَبُو سُعْن : পক্ষিবিশেষ।

سُعْنَة : তাঁবু, শামিয়ানা। ব سُعَن

سَعَى - َ : (سَعْي) দ্রুত চলা, দৌড়ানো, কাজ করা।

~ إِلَى : অগ্রসর হওয়া, গমন-করা, ধাবিত হওয়া।

~ بِ : নিন্দা করা, অপবাদ দেওয়া।

~ لِ : প্রচেষ্টা চালানো; উদ্যোগ লওয়া; আত্মনিয়োগ করা; কামনা করা।

سَاعَى : (مُسَاعَاة) একত্রে ধাবিত হওয়া; দৌড়ের পাল্লা দেওয়া।

أَسْعَى : (إِسْعَاء) কাজ করানো, ধাবিত করা।

مَسْعَى، سَعْي : প্রচেষ্টা; ধাবন, দৌড়। ব مَسَاعٍ

سِعَايَة : যাকাত আদায়ের কাজ; কুৎসা, নিন্দা, অপবাদ।

سَاعٍ : বার্তাবাহক; যাকাত আদায়কারী; নিন্দুক। ব سُعَاة

سَاعِي البَرِيد : ডাক-পিয়ন।

سَغَبَ - ُ : (سَغْب، سَغَب) - سَغِبَ (سَغَب) ক্ষুধার্ত হওয়া।

سَغَابَة، سَغَب : ক্ষুধা।

سَغْبَان، سَاغِب، سَغِب : ক্ষুধার্ত, ক্ষুধায় কাতর।

مُسَغَّب : বৈধ, অনুমোদিত।

مَسْغَبَة : ক্ষুধা, দুর্ভিক্ষ।

سَغْد : সামান্য বৃষ্টি।

سَغْسَغَ : ভিজানো, ডুবানো; নাড়ানো; গাড়িয়া দেওয়া; (খাদ্য) চর্বিমিশ্রিত করা; (মাথায়) তৈল দেওয়া।

تَسَغْسَغَ : নড়া; (ভূমিতে) প্রবেশ করা।



www.pathagar.com

سَغَلَ : ـَ (سَغَل) কৃশ হওয়া; ক্ষুদ্র হওয়া।

سَغِل : কৃশ; ক্ষুদ্র।

سَغَّمَ، أَسْغَمَ : (تَسْغِيْم، إِسْغَام) খাওয়াইয়া তৃপ্ত করা।

سَفَّ : ـُ (سَفِيف) হালকাভাবে ও দ্রুতগতিতে মাটির উপর দিয়ে যাওয়া (পাখি)।

~ : (سَفّ) হাতে বোনা।

أَسَفَّ : (إِسْفَاف) হালকাভাবে ও দ্রুত গতিতে মাটির উপর দিয়া যাওয়া; হাতে বোনা; নিচে নামা; মাটির নিকটবর্তী হওয়া; (উটকে) শুকনা ঘাস খাইতে দেওয়া।

أَسَفَّ النَّظَرَ إِلَى : তীক্ষ্ণভাবে স্থিরদৃষ্টিতে তাকাইয়া থাকা।

أُسِفَّ : (চেহারা) পরিবর্তিত হওয়া।

إِسْتَفَّ : (إِسْتِفَاف) (শুকনা ঔষধ ইত্যাদি) গিলিয়া ফেলা।

سُفَّة : পাতার ঝুড়ি; একমুষ্টি। ব سُفَف

سَفُوف : চূর্ণ, পাউডার।

سُفْتَجَة : (ফা) হুন্ডি, চেক, ড্রাফট। ব سَفَاتِج

سَفَحَ : ـَ (سُفُوح، سَفْح) (রক্ত, অশ্রু) ঢালিয়া দেওয়া, প্রবাহিত করা।

سَفَّحَ : (تَسْفِيْح) বিনা লাভে কাজ করা।

سَافَحَ، تَسَافَحَ : (مُسَافَحَة) যিনা করা, ব্যভিচার করা।

سَفْح : (পাহাড়ের) পাদদেশ। ব سُفُوح

سِفَاح : যিনা, ব্যভিচার, যুদ্ধ, রক্তপাত।

سَفَّاح : রক্তপাতকারী, খুনী।

سَفِيح : মোটা ঢিলা পোশাক।

مَسْفُوح : প্রবাহিত।

سَفَدَ - سَفِدَ : ـَ (سِفَاد) سَافَدَ (مُسَافَدَة) সঙ্গমার্থে নরের মাদীর উপর চড়াও হওয়া, সঙ্গম করা।

سَفَّدَ : (تَسْفِيْد) (গোশত) সিকে গাঁথা।

أَسْفَدَ : (إِسْفَاد) সঙ্গমার্থে ক্ষিপ্ত করা, সঙ্গম করানো।

سَفُّود : সিক। ব سَفَافِيد

سَفَرَ : ـِ (سُفُور) সফরে বাহির হওয়া; (প্রভাত) উদ্ভাসিত হওয়া; (ঘর) পরিষ্কার করা; লিখা।

~ عَنْ، مِنْ : উন্মোচিত করা, অনাবৃত করা, ঘোমটা খোলা।

سَفَّرَ : (تَسْفِيْر) রওয়ানা করানো; সফর করানো, ভ্রমণে পাঠানো; প্রেরণ করা, পাঠাইয়া দেওয়া।

سَافَرَ : (مُسَافَرَة) রওয়ানা করা, সফর শুরু করা।

أَسْفَرَ : (إِسْفَار) উদ্ভাসিত হওয়া; (যুদ্ধ) তীব্র হওয়া; পল্লববিহীন হওয়া; টাকযুক্ত হওয়া।

~ عَنْ : উন্মোচিত হওয়া; উদ্‌ঘাটিত হওয়া; অর্জিত হওয়া, উদ্ভূত হওয়া।

إِنْسَفَرَ : (إِنْسِفَار) উঠিয়া যাওয়া, পরিষ্কার হইয়া যাওয়া।

سَفْر : যাত্রী। ব سُفُور

سِفْر : পুস্তক; পবিত্র গ্রন্থ। ব أَسْفَار

سَفَر : সফর, ভ্রমণ। ব أسفار ; سفرة

سُفْرَة : সফরের খাদ্য; খাবার টেবিল। ব سُفَر

سُفْرَة الجُنْدِيّ : সৈনিকের দৈনিক রসদ, ভাতা।

سَافِر : উন্মোচিত, অনাবৃত; ঘোমটাবিহীন, উন্মুক্ত বদন; স্পষ্ট।

~ : লিপিকর। ব سَفَرَة

سِفَارَة : মধ্যস্থতা; দূতাবাস।

سُفُور : উন্মোচন, চেহারার উন্মুক্ততা, আবরণহীনতা।

سَفِير : মধ্যস্থ ব্যক্তি; দূত, রাষ্ট্রদূত। ব سُفَرَاء

سَفِير فَوْقَ العَادَة : বিশেষ দূত, Ambassador Extraordinary.

سَفِيرَة : স্বর্ণ কিংবা রৌপ্যের হার। ব سَفَائِر



www.pathagar.com

مِسْفَار، مِسْفَر : পর্যটক; সহিষ্ণু (উট)।

مِسْفَرَة : ঝাড়ু, ঝাঁটা। ব مَسَافِر

مُسَافِر : যাত্রী; ভ্রমণকারী, সফরকারী; সফররত; অতিথি।

مُتَسَفِّر : তত্ত্বাবধায়ক।

سُفْرَجِي : পরিচারক, পরিবেশক। ব سُفْرَجِيَّة

سَفَرْجَل : পেয়ারাজাতীয় ফলবিশেষ, quince. ব سفارج

سَفَرْجَل هِنْدِيّ : আতা।

سُوفِسْطَائِيَّة، سَفْسَطَة : (গ্রী) কূটতর্ক, বিভ্রান্তিকর সূক্ষ্ম কূট তার্কিকতা, sophism.

سُوفِسْطَائِي، سَفْسَطِيّ : কূটতার্কিক, কূটতর্ক সম্বন্ধীয়।

سَفُطَ ـُ : (سَفَاطَة) উদার হওয়া, দানশীল হওয়া; প্রশমিত হওয়া; মাছের আঁশ ছাড়ানো।

سَفَّطَ : (تَسْفِيط) (পানির ট্যাংক) মেরামত করা।

أَسْتَفَطَ، تَسَفَّطَ : নিঃশেষ করা।

سَفْط : মাছের আঁশ।

سَفَط : ঝুড়ি; মাছের আঁশ। ব أَسْفَاط

سُفَاطَة : গৃহের আসবাবপত্র।

سَفَعَ ـَ : (سَفْع) দাগ দেওয়া; তাম্রবর্ণ করিয়া দেওয়া; ঝলসাইয়া দেওয়া; দগ্ধ করা; ডানা ঝাপটানো; চড় মারা।

سَفَعَ بِالنَّاصِيَة : চুল ধরিয়া টানা।

سَافَعَ : (مُسَافَعَة) তাড়াইয়া দেওয়া; চড় মারা; যুদ্ধ করা।

تَسَفَّعَ : ~ بِ (অগ্নিতে) উষ্ণ হওয়া।

سَفْع : পোড়া দাগ; রঞ্জিত বস্ত্র। ব سُفُوع

سُفْعَة : কালো দাগ, তিলক। ব سُفَع

أَسْفَع : লালচে কাল, গাঢ় তামাটে। স্ত্রী سَفْعَاء ব سُفْع

سَفَقَ ـُ : (سَفْق) أَسْفَقَ (إِسْفَاق) (দরজা) বন্ধ করা; ধাক্কা দিয়া বন্ধ করা।

سَفَكَ ـِ : (سَفْك) (অশ্রু, রক্ত) প্রবাহিত করা, ঝরানো।

تَسَافَكَ : খুনাখুনি করা।

إِنْسَفَكَ : (إِنْسِفَاك) প্রবাহিত হওয়া, ঝরিয়া পড়া।

سَفْكُ الدِّمَاء : রক্তপাত।

سَفَّاك : রক্তপাতকারী।

سَفُلَ ـُ : (سُفُول، سَفَال) ـَ سَفِلَ، ـُ سَفُلَ (سَفَالَة) إِسْتَفَلَ (إِسْتِفَال) নীচ হওয়া, নিকৃষ্ট হওয়া।

سَفَّلَ : (تَسْفِيل) নীচ করা।

تَسَفَّلَ : নীচে নামা, হীন কাজ করা।

سُفْل، سُفَالَة : নিম্নাংশ; তলা; গভীরতা।

سَافِل : নীচ, নিকৃষ্ট। ব سَفَلَة

سَافِلَة : নিম্নাংশ।

سَفَالَة : নীচতা, নিকৃষ্টতা।

أَسْفَل : নিম্নাংশ; তলা; নীচ, নিকৃষ্টতর। স্ত্রী سُفْلَى ব أَسَافِل

أَسْفَلَ سَافِلِين : চরম অধঃপতিত।

تَسَفْلَقَ : ~ عَلَى গলগ্রহ হওয়া, sponge upon.

سَفْلَقَة : গলগ্রহতা, sponging.

سِفْلَاق : গলগ্রহ, sponger.

سَفَنَ ـُ : (سُفُون) ভূপৃষ্ঠের উপরিভাগ দিয়া প্রবাহিত হওয়া, উড়াইয়া নেওয়া।

~ ـِ : (سَفْن)، سَفَّنَ (تَسْفِين) খোসা ছাড়ানো।

سَفَن : ঘষিয়া মসৃণ করিবার পাথর; সিরিশকাগজ; চাঁদা মাছ।

سِفْنَة : (বীজের) আবরণ, খোসা।

سَافِنَة : ভূপৃষ্ঠের উপরিভাগ দিয়া প্রবহমান (বাতাস)। ব سَوَافِن

سَفَّان : জাহাজ প্রস্তুতকারক, জাহাজের মিস্ত্রি।

سِفَانَة : জাহাজ নির্মাণ।



www.pathagar.com

سَفَّانَة : মুক্তা।

إِسْفِين، سَفِين : গোঁজ।

سَفِينَة : জাহাজ, নৌকা। ব سَفَائِن، سُفُن

سَفِينَة تِجَارِيَّة : বাণিজ্যিক জাহাজ।

~ حَرْبِيَّة : যুদ্ধ জাহাজ।

~ الدَّجَاجَة : মুরগির বক্ষদেশ।

~ مِدْفَعِيَّة : গানবোট।

إِسْفَنْج، سَفَنْج : স্পঞ্জ।

سَفِهَ : - سَفُهَ ـُ (سَفَاهَة) (سَفَه) নির্বোধ হওয়া, বোকা হওয়া; নীচ প্রকৃতির হওয়া।

سَفَّهَ : (تَسْفِيه) নির্বোধ বলা, বোকা বানানো, বোকা সাব্যস্ত করা।

سَافَهَ : (مُسَافَهَة) গালি দেওয়া।

تَسَفَّهَ : (বাতাস) চঞ্চল হওয়া; বোকা সাজা, বোকামি প্রদর্শন করা।

~ عَلَى : নিন্দা করা।

~ عَنْ : ঠকানো।

تَسَافَهَ : বোকা হওয়া; বোকা সাজা, অজ্ঞতার ভান করা।

سَفَه، سَفَاه، سَفَاهَة : বোকামি, নির্বুদ্ধিতা; নির্লজ্জতা, ঔদ্ধত্য; অপচয়।

سَفِيه : নির্বোধ, বোকা, নির্লজ্জ; উদ্ধত; নিকৃষ্ট; অপচয়কারী। ব سُفَهَاء، سِفَاه

سَفَا : ـُ (سُفُوّ) দ্রুতগামী হওয়া।

سَفَى : - (سَفْي) أَسْفَى، (إِسْفَاء) ধূলি উড়ানো।

سَفِي : - (سَفًى) হালকা পাতলা হওয়া।

سَافِي، سَافِيَاء : ধূলি, ধূলিকণা।

سَقَبَ : ـَ (سُقُوب، سَقَب) নিকটবর্তী হওয়া।

أَسْقَبَ : (إِسْقَاب) নিকটবর্তী হওয়া; নিকটবর্তী করা।

تَسَاقَبَ : কাছাকাছি হওয়া।

سَقْب : সদ্য প্রসূত উষ্ট্রশাবক; তাঁবুর খুঁটি। ব سُقْبَان، سُقُوب، سِقَاب، أَسْقُب

سَقَب : প্রতিবেশী; নিকটবর্তী।

سَقَدَ : - (سَقْد) سَقَّدَ، (تَسْقِيد) أَسْقَدَ، (إِسْقَاد)(ঘোড়াকে) কৃশ করা, কাহিল করা, দুর্বল করা।

سُقْد : কৃশ ঘোড়া। ব إِسْقَاد

سُقْدَة : লাল পালকবিশিষ্ট ক্ষুদ্রপক্ষী। ব سُقَد

سَقَرَ : ـُ (سَقْر) দূরবর্তী হওয়া; ঝলসাইয়া দেওয়া।

أَسْقَرَ : (إِسْقَار) (খেজুর গাছ) মিষ্ট খেজুর ধারণ করা।

سَقْر : (সূর্য বা আগুনের) তাপ; মিষ্ট খেজুর। ব سُقُور

سَقْرَة : সূর্যের প্রচণ্ড তাপ। ব سَقَرَات

سَقَر : দোযখের আগুন, দোযখ, জাহান্নাম।

سَقَّار : কাফির; অধার্মিক, অবিশ্বাসী।

سِقَارَة : সিগারেট।

سُقْرَاط : গ্রীক দার্শনিক সক্রেটিস (খ্রিস্টপূর্ব ৪৬৮-৩৯৯)

سَقْسَقَ : (سَقْسَقَة) ভিজানো, চুবানো; চিঁচিঁ, কিচমিচ ইত্যাদি শব্দ করা।

سَقْسَقَة : চিঁ চিঁ, কিচিরমিচির ইত্যাদি শব্দ।

سَقَطَ : ـُ (سُقُوط) নীচে পড়া, পড়িয়া যাওয়া, স্খলিত হওয়া; পতিত হওয়া; বাদ পড়া; খসিয়া পড়া; ঝরিয়া পড়া; নামা, অবতরণ করা; ভুল করা।

سَقَطَ فِي الإِمْتِحَان : পরীক্ষায় অকৃতকার্য হওয়া।

~ فِي العَيْن : হিসাবে গণ্য না হওয়া।

أُسْقِطَ فِي يَدِه، سُقِطَ فِي يَدِه : অনুতপ্ত হওয়া; হতবুদ্ধি হওয়া।

أَسْقَطَ : (إِسْقَاط) ফেলিয়া দেওয়া; ভূপাতিত করা; বাদ দেওয়া, বিয়োগ করা; নামাইয়া আনা; (পরীক্ষায়) ফেল করানো; গর্ভপাত করানো।



www.pathagar.com

أَسْقَطَتِ الْمَرْأَةُ : গর্ভপাত হওয়া।

أَسْقَطَ الدَّعْوَى : মকদ্দমা প্রত্যাহার করা, নালিশ খারিজ করা।

~ حَقًّا : অধিকার খর্ব করা।

تَسَقَّطَ : (সংবাদ ইত্যাদি) সংগ্রহ করা; ভুল করিতে প্ররোচিত করা।

تَسَاقَطَ : পড়িয়া যাওয়া; নামিয়া আসা; ভাঙ্গিয়া পড়া; পর পর পড়া।

~ عَلَى : ভাঙ্গিয়া পড়া; ঝাঁপাইয়া পড়া।

سَقِيط، سَقْط : তুষার, শিশির।

سُقْط : অকাল প্রসূত ভ্রূণ। ব أَسْقَاطٌ

سَقْطَة : পতন, স্খলন।

سَقَط : ব أَسْقَاط বাজে বস্তু; আবর্জনা; পুরাতন কাপড়।

سَقَطُ الْمَتَاعِ : টুকরা-টুকরা বস্তু।

سَقَطِيّ : পুরাতন কাপড় বিক্রেতা।

سَاقِط : পতিত; নীচ; অখ্যাত; বর্জিত। ব سُقَّاط

سَقَّاط : ধারালো তরবারি।

سَقَّاطَة : দরজার খিল।

سُقُوط : পতন; ধ্বংস; বিলুপ্তি।

إِسْقَاط নিক্ষেপ; বিয়োগ; ভূপাতিতকরণ; গর্ভপাত।

مَسْقَط : মাস্কাট; ওমানের রাজধানী।

مَسْقِط : পতনস্থল। ব مَسَاقِط

مَسْقَطُ الرَّأْسِ : জন্মস্থান।

~ رَأْسِيّ : উচ্চতা।

~ مِيَاه : জলপ্রপাত।

فَلْيَسْقُطْ فُلَان : অমুক ধ্বংস হউক, মুর্দাবাদ।

سُقُطْرَاء، سُقُطْرَى সুকুত্‌রা (Socotora). এডেন উপ সাগরের পূর্ব দিকে ওমান উপকূল বরাবর দক্ষিণে ভারত মহাসাগরের একটি দ্বীপ।

سَقَعَ ـَ : (سَقْع) চড় মারা; (কঠিন বস্তু) আঘাত করা; (মোরগ) ডাকা।

سَقَّعَ : (تَسْقِيع) (কঠিন বস্তু) আঘাত করা।

سُقْع : অঞ্চল, এলাকা। ব أَسْقَاع

أَسْقَع : সবুজ পালক বিশিষ্ট শ্বেতমস্তক পক্ষী বিশেষ। ব أَسَاقِع

سَقَفَ ـُ : (سَقْف)، سَقَّفَ (تَسْقِيف) ছাদযুক্ত করা, ছাদ দ্বারা ঢাকা; সীলিং লাগান; হাততালি দেওয়া।

سَقْف : ছাদ : সিলিং; আকাশ। ব أَسْقُف، سُقُف، سُقُوف

سَقْفُ الْحَلْقِ : তালু।

مِصْبَاحُ السَّقْف : সীলিং প্রদীপ।

سَقِيفَة ছাদযুক্ত পথ, ছাদযুক্ত গ্যালারি; চালা; ছাউনী; আশ্রয়স্থল; জাহাজের তক্তা; বন্ধফলক, splint. ব سَقَائِف

سَقِيفَةُ بَنِي سَاعِدَة : মসজিদে নববীর অদূরে অবস্থিত সাকীফা বানী সাইদা নামক আনসারদের মন্ত্রণালয়। এইখানে আবূ বকর (রা)-এর খেলাফতের বায়আত গ্রহণ করা হয়।

أُسْقُفّ، أَسْقُف : (গ্রী) বিশপ। ব أَسَاقِفة، أَسَاقِف

تَسْقِيفَة : চালা, ছাউনী।

سَقْلَبَ : (سَقْلَبَة) ভূপাতিত করা।

سَقْلَبِي : স্লাভ; স্লাভজাতি সম্বন্ধীয়; স্লাভজাতির লোক। ব سَقَالِبَة

سَقِمَ ـَ : (سَقَم)، سَقُمَ ـُ (سَقَام، سُقْم) পীড়িত হওয়া; কৃশ হওয়া।

سَقَّمَ، أَسْقَمَ : (إِسْقَام، تَسْقِيم) পীড়িত করা, রোগাক্রান্ত করা; কৃশ করা।

سُقْم، سَقَم : রোগ, পীড়া; কৃশতা। ব . أَسْقَام

سَقِم، سَقِيم : পীড়িত, অসুস্থ রোগাক্রান্ত; রুগ্ন; কৃশ; দুর্বল। ব سِقَام، سُقَمَاء

مِسْقَام : গুরুতর অসুস্থ।

سُقُمْرِي، أَسْقُمْرِي : মৎস্য বিশেষ, Mackerel.



www.pathagar.com

سَقَنْقُور : স্থলকুমির, Skink.

سَقَى - : (سَقْي) পান করিতে দেওয়া; পান করানো; পানি দেওয়া, সিক্ত করা; পানিসেচ করা; পান দেওয়া, temper.

سَقَّى، تَسْقِيَة : বেশি পরিমাণে পান করা; سَقَاكَ اللّٰه অথবা سُقْيًا لَكَ বলিয়া দোয়া করা।

سَاقَى : (مُسَاقَاة) পান করিতে দেওয়া; পানীয় দান করা; একত্রে পান করা।

سَاقَاهُ فِي أَرْضِه উৎপন্ন ফসলের অংশের বিনিময়ে কাহাকেও জমি চাষে নিয়োগ করা।

أَسْقَى : (إِسْقَاء) পান করিতে দেওয়া, পান করা; পানি দেওয়া; বিষ প্রয়োগ করা।

تَسَقَّى : সিক্ত হওয়া।

إِسْتَقَى : (إِسْتِقَاء) পানীয় চাওয়া; পানি আনা; লাভ করা।

إِسْتَسْقَى : (إِسْتِقَاء) পানীয় চাওয়া; বৃষ্টির জন্য প্রার্থনা করা।

سَقْي : পানিসেচন, পানিপ্রদান; সিঞ্চিতভূমি; শোথ Dropsy.

سِقْي : পানীয়; পানির অংশ।

سِقَاء : মশক। ব أَسْقِيَة، أَسَاقٍ، أَسْقِيَات

سَقَّاء : পানি বহনকারী, ভিস্তি ওয়ালা।

سِقَايَة : পানি সরবরাহের কাজ; পানি পানের স্থান; পানশালা; পানপাত্র।

سَاقٍ : পানীয় সরবরাহকারী, শরাব পরিবেশনকারী সঙ্গী। ব سُقَاة

سَاقِيَة : মদ পরিবেশনকারিণী, পানশালার সেবিকা।

~ : ছোট নদী; পানিসেচের খাল; পানি উত্তোলনের চাকা। ব سَوَاقٍ

إِسْتِسْقَاء : শোথ; বৃষ্টি প্রার্থনা।

صَلَاةُ الإِسْتِسْقَاء : বৃষ্টি প্রার্থনার নামায।

مِسْقَى : পানিসেচের খাল। ব مَسَاقٍ

مَسْقَاة : পানি পানের স্থান; পেয়ালা; ট্যাঙ্ক। ব اَلْمَسَاقِي

مَسْقِيّ : সিঞ্চিত; সিক্ত; পান দেওয়া, tempered.

مُسَاقَاة : উৎপন্ন ফসলের অংশের বিনিময়ে কাহাকেও জমি চাষে নিয়োগ।

مَسْقَوِيّ : পানি সিঞ্চিত; সেচ ব্যবস্থাধীন।

سَكَّ - ُ : (سَكّ) বন্ধ করা; তালা লাগানো; বধির করা; কান কাটিয়া ফেলা; (কূপ) খনন করা।

سَكَّ النُّقُود : টাকা ছাপানো, মুদ্রা তৈয়ার করা।

سَكَّ : (سَكَك) ক্ষুদ্রকর্ণ হওয়া; বধির হওয়া।

إِسْتَكَّ : (إِسْتِكَاك) বন্ধ হইয়া যাওয়া; বধির হওয়া।

سَكّ : গোঁজ; সংকীর্ণ কূপ; সারি। ব سِكَاك، سُكُوك

سُكّ : সংকীর্ণ কূপ; বিচ্ছু, ইত্যাদির গর্ত; বন্ধ রাস্তা; মিশ্র সুগন্ধিবিশেষ। ব سِكَاك، سُكُوك

سِكَّة : মুদ্রা তৈরির ছাঁচ; মুদ্রা; রাস্তা, সড়ক; গলি; লম্বা লম্বা গাছের সারি। ব سِكَك

سِكَّة حَدِيدِيَّة، سِكَّة الحَدِيد : রেললাইন, রেলপথ।

~ المِحْرَاث : লাঙলের ফাল।

دَار السِّكَّة : টাকশাল।

سَكَك : বধিরতা।

سُكَاك : আবহাওয়া; বায়ুমণ্ডলের স্তরবিশেষ, Stratosphere.

سُكَاكَة : কাহারও প্রতি ভ্রূক্ষেপহীন নিজমতে একগুঁয়ে ব্যক্তি।

أَسَكّ : বধির। স্ত্রী سَكَّاء ব سُكّ

مَسْكُوكَة : মুদ্রা। ব مَسْكُوكَات

عِلْم المَسْكُوكَات : মুদ্রাবিজ্ঞান, Numismatics.

سَكَبَ - ُ : (سَكْب) ঢালা, ফেলা, ঝরানো, প্রবাহিত করা; ছাঁচে ঢালা।

إِنْسَكَبَ : বহা, ঝরা, প্রবাহিত হওয়া।



www.pathagar.com

سَكْبٌ : অবিরাম বর্ষণ; দীর্ঘকায় (লোক); প্রয়োজনীয় বস্তু; ধাতব পদার্থ।

مُنْسَكِبٌ، سَكِيبٌ : প্রবাহিত।

مَسْكَبٌ : ধাতু গলাইবার পাত্র, Crucible. ব مَسْكُوبِيَّة، مَسَاكِب

سَكْبَاج : (ফা) গোশত ও সিরকা দ্বারা প্রস্তুত খাদ্য বিশেষ।

سَكَتَ ـُ : (سُكَات، سُكُوت، سَكْت) নীরব হওয়া, নির্বাক হওয়া, চুপ করা, শান্ত হওয়া; নীরব থাকা, জবাব না দেওয়া।

سُكِتَ : বাকশক্তিহীন হওয়া; পক্ষাঘাত আক্রান্ত হওয়া।

سَكَّتَ، أَسْكَتَ : চুপ করানো, নীরব করা, নির্বাক করা, হতবাক করা।

~ : নীরব থাকা; লুকানো, বলিতে অস্বীকার করা।

سَكْت، سُكُوت : (تَسْكِيت، إِسْكَات) নীরবতা, মৌনতা।

سَكْتَة নীরবতা, বাকশক্তিহীনতা, পক্ষাঘাত; যতি-চিহ্ন, কমা।

سُكَات : নীরবতা, মৌনতা, বাকশক্তিহীনতা।

سُكَاتَة : চূড়ান্ত জবাব।

سَكُوت، سِكِّيت : মৌনস্বভাব, অভ্যাসবশত চাপা।

سَاكِت : নীরব, নিস্তব্ধ, মৌন, শান্ত, চুপচাপ, স্বল্পভাষী।

سُكَّيْت : ডাশ, ছোট মশা।

مُسْكِت : নির্বাককারী।

سَكَرَ ـُ : (سَكْر) ভরা, পূর্ণ করা; বাঁধ দেওয়া; বন্ধ করা।

سَكِرَ ـَ : (سُكْر، سَكَر) মাতাল হওয়া, নেশাগ্রস্ত হওয়া।

سَكَّرَ : (تَسْكِير) বন্ধ করা; গলা টিপিয়া মারা; চিনিতে পরিণত করা; চিনি দেওয়া, চিনির সাহায্যে সংরক্ষণ করা।

أَسْكَرَ : (إِسْكَار) মাতাল করা, নেশাগ্রস্ত করা।

تَسَاكَرَ : মাতাল সাজা, মাতলামি দেখানো।

سُكْر : মাতলামি, নেশা, নেশাগ্রস্ততা।

سِكْر : বাঁধ; খাল। ব سُكُور

سَكَر : মদ, শরাব।

سَكْرَة : মদ্যপান; মাতলামি, নেশাগ্রস্ততা।

سَكْرَةُ الْمَوْتِ : মৃত্যুযন্ত্রণা।

سُكَّر : চিনি।

~ : মিষ্টান্ন। ব سَكَاكِر

سُكَّرْخَام : লাল চিনি।

~ مَكَنَة : চিনির চাকতি, Lump sugar (in cubes).

~ نَاعِم : মিহি চিনি।

~ نَبَات : মিছরি।

قَصَبُ السُّكَّرِ : আখ, Sugar-cane.

~ مَرَض : বহুমূত্র, diabetes.

سَكَّار : মদ্যব্যবসায়ী, মদ্যবিক্রেতা।

سَكْرَان : মাতাল, নেশাগ্রস্ত। স্ত্রী سَكْرَى ব سُكَارَى، سَكَارَى

سِكِّير : মদখোর, মদ্যপ।

سُكَّرِين، سُكَّرِى : স্যাকারিন।

سُكَّرِيَّة : চিনির বাটি।

سُكَّرِيَّات : কনফেকশনারি দ্রব্যাদি।

مُسَكَّرَات : মিষ্টান্ন।

سِكُورْتَاه، سِكُرْتَاه : বীমা, ইনস্যুরেন্স।

سِكْرِتَارِيَّة : (ফ) সচিবালয়, Secretariat.

سِكْرِتِير : (ফ) সচিব, সেক্রেটারি।

سِكْرِتِير عَامّ : মহাসচিব, সেক্রেটারি জেনারেল।

سِكْرِتِيرِيَّة : সচিবালয়।

سُكُرُجَة، سُكُرَّجَة، سُكْرُجَة : (ফা) থালা, পেয়ালা। ব سَكَارِيج



www.pathagar.com

سُكْسُكَة : ক্ষুদ্র গায়ক পক্ষিবিশেষ।

سَكَعَ – َ : (سَكْع) ইতস্তত ঘুরিয়া বেড়ানো; চড় মারা।

تَسَكَّعَ : ইতস্তত ঘুরিয়া বেড়ানো; (অন্ধকারে) হাতড়ানো; দিশাহারা হওয়া, অকাজে সময় নষ্ট করা।

سَاكِع، سَكِع : ভবঘুরে।

سَكَفَ – َ : (سَكْف)، تَسَكَّفَ (দরজায়) গোবরাট লাগানো।

أَسْكَفَ : (إِسْكَاف) মুচি হওয়া।

سَاكِف : সর্দল, Lintel.

سِكَافَة : জুতা প্রস্তুত করিবার কাজ, মুচিবৃত্তি।

إِسْكَاف، سَكَّاف : জুতা প্রস্তুতকারক; চর্মকার, মুচি।

أُسْكُفَّة : (দরজা বা জানালার) গোবরাট; সর্দল, lintel.

سَكَنَ – ُ : (سُكُون) থামা, শান্ত হওয়া, নীরব হওয়া; প্রশমিত হওয়া; ক্ষান্ত হওয়া, (হরফ) সাকিন (হসন্ত) হওয়া।

~ : (سُكْنَى، سَكَن) বাস করা, থাকা।

~ إِلَى : আস্থাবান হওয়া, আস্থাভাজন হওয়া।

~ عَنْ : (কষ্ট) চলিয়া যাওয়া, লাঘব হওয়া।

سَكَّنَ : (تَسْكِين) শান্ত করা; প্রশমিত করা, লাঘব করা; সান্ত্বনা দেওয়া; (হরফ) সাকিন (হসন্ত) করা।

تَسَاكَنَ، سَاكَنَ : (مُسَاكَنَة) সঙ্গে বাস করা, একত্রে বাস করা, একই ঘরে বাস করা।

أَسْكَنَ : (إِسْكَان) বাস করিতে দেওয়া; থাকিতে দেওয়া; বাসস্থান দেওয়া।

إِسْتَكَانَ : (إِسْتِكَانَة) নত হওয়া, নীচ হওয়া।

سَكَن : বসবাস; বাসস্থান; লোকালয়; আরাম, বিশ্রাম।

سَكَنَة : বাড়ি।

سُكْنَى : বসবাস, অবস্থান।

سَاكِن : শান্ত, নীরব, নিস্তব্ধ; সাকিন, হসন্ত (হরফ)।

~ : বাসিন্দা; বসবাসকারী, অধিবাসী। ব سَكَنَة، سُكَّان

سَكَّان، سَكَاكِينِيّ : ছুরি প্রস্তুতকারক, ছুরি বিক্রেতা, cutler.

سُكَّان : হাল; জনসংখ্যা, জনগণ।

كَثِيرُ السُّكَّانِ : জনবহুল।

سُكُون : শান্তি; নীরবতা, (হরফের) জযম (হসন্ত) চিহ্ন।

سِكِّين : ছুরি। ব سَكَاكِين

سَكِينَة : শান্তি; প্রশান্তি।

إِسْكَان : বাসস্থান প্রদান, বাড়ি বরাদ্দ।

تَسْكِين : শান্তিস্থাপন; সান্ত্বনা প্রদান।

مَسْكَن : বাসস্থান, বাড়ি। ব مَسَاكِن

مُسَكِّن : বেদনা-নাশক (ঔষধ)। ব مُسَكِّنَات

مَسْكَنَة : দারিদ্র্য, দীনতা, নিঃস্বতা।

مَسْكُون : জনবসতিপূর্ণ।

المَسْكُونَة : পৃথিবী।

مِسْكِين : মিসকীন, দরিদ্র, দীন, নিঃস্ব, কপর্দকহীন; বেচারা, নিরীহ। ব مَسَاكِين

سَكَنْجَبِين : সিরকা ও মধু দ্বারা প্রস্তুত পানীয় বিশেষ, Oxymel.

سَلَّ – ُ : (سَلّ)، إِسْتَلَّ (إِسْتِلَال) আস্তে আস্তে টানিয়া বাহির করা; (তরবারি) কোষমুক্ত করা।

سُلَّ : যক্ষ্মায় আক্রান্ত হওয়া।

أَسَلَّ : (إِسْلَال) যক্ষ্মায় আক্রান্ত করা; লুট করা।

تَسَلَّلَ : পলায়ন করা, গা ঢাকা দেওয়া; ছড়াইয়া যাওয়া; প্রবেশ করা, অনুপ্রবেশ করা।

إِنْسَلَّ : (إِنْسِلَال) যক্ষ্মায় আক্রান্ত হওয়া; পলায়ন করা; ফসকাইয়া যাওয়া; (তরবারি) কোষমুক্ত হওয়া।



www.pathagar.com

سِلال ব سَلَّة، سَلّ : ঝুড়ি।

سَلَّة المُهْمَلات : বাজে কাগজ ফেলিবার ঝুড়ি; wastepaper basket.

كُرَة السَّلَّة : বাস্কেট বল।

سِلّ : যক্ষ্মা, ক্ষয়রোগ।

سَلَّال : ঝুড়ি-নির্মাতা; ঝুড়ি বিক্রেতা।

سُلالَة : জাতি, কুল, বংশ, পরিবার; সন্তান; বংশধর; সারাংশ, বীর্যবিন্দু।

سَلِيل : কোষমুক্ত (তরবারি); পুত্র; বংশধর; খাঁটি মদ।

سَلِيلَة : নারী বংশধর; গোশতের ফালি; তুলা। ব سَلائِل

مِسَلَّة : বড় সুচ; দীর্ঘ চতুষ্কোণ সূক্ষ্মাগ্র স্তম্ভবিশেষ, obelisk. ব مَسَالّ، مِسَلّات

مَسْلُول : ক্ষয়রোগগ্রস্ত, যক্ষ্মায় আক্রান্ত।

مُسْتَلّ : কোষমুক্ত (তরবারি)।

سَلا : ـَ (سَلا)، إِسْتَلا، (إِسْتِلاء) (মাখন) শোধন করা।

سِلاء : শোধিত মাখন, ঘি। ব أَسْلِئَة

سَلَبَ : ـُ (سَلْب)، إِسْتَلَبَ، (إِسْتِلاب) লুণ্ঠন করা, ছিনাইয়া লওয়া।

سَلِبَ : ـَ (سَلَب)، تَسَلَّبَ، শোকের পোশাক পরিধান করা, শোক পালন করা।

أَسْلَبَ : (إِسْلاب) (বৃক্ষ) পল্লববিহীন হওয়া; সন্তানহারা হওয়া।

سَلْب : লুণ্ঠন, লুট, নঞ্, নাস্তিত্ব, negation.

سَلْبِي : না-সূচক, না-বোধক; নেতিবাচক।

سَلَب : লুণ্ঠিত দ্রব্য; জবাই করা পশুর চামড়া, জংঘা ও পেট। ব أَسْلاب

سَلَبَة : দড়ি, কাছি।

سَلِب : লম্বা; হালকা।

سَالِب : না-সূচক, না-বোধক; নেগেটিভ, না-ধর্মী (ফটো)।

سِلاب : শোকবস্ত্র। ব سُلُب

سَلَّاب : লুণ্ঠনকারী, লুটেরা; রজ্জু নির্মাতা।

سَلِيب : লুণ্ঠিত।

أُسْلُوب : রীতি, রেওয়াজ, পদ্ধতি, পন্থা; স্টাইল। ব أَسَالِيب

سَلَبْنَد : (অশ্বের) পেটি।

سَلَتَ : ـُ (سَلْت) টানিয়া বাহির করা, কর্তন করা, মুণ্ডন করা; ঘষিয়া উঠানো; প্রহার করা; (কাপড়) খুলিয়া ফেলা।

إِنْسَلَتَ : (إِنْسِلات) গোপনে পালাইয়া যাওয়া।

سُلاتَة : পাত্রে লাগিয়া থাকা খাদ্যের অবশিষ্টাংশ।

أَسْلَت : নাক-কাটা। ব سُلْت

سَلِجَ : ـَ (سَلْج) গোগ্রাসে গেলা।

تَسَلَّجَ : সহজে গিলিয়া ফেলা।

إِسْتَلَجَ : অধিক পান করা।

سُلْجَة : শামুক, ঝিনুক। ব سُلَج

سِلِّجَان : গলা, কণ্ঠনালী।

سَلِيج : সহজে গিলিয়া ফেলা খাদ্য।

سَلْجَم : শালগম। ব سَلاجِم

سَلَحَ : ـَ (سَلْح) (পশু-পাখি) মলত্যাগ করা।

سَلَّحَ : (تَسْلِيح) অস্ত্রসজ্জিত করা।

تَسَلَّحَ : অস্ত্রসজ্জিত হওয়া, অস্ত্রধারণ করা।

تَسَالَحَ : যুদ্ধে লিপ্ত হওয়া, যুদ্ধ করা।

سَلْح، سُلاح : পশু-পাখির পায়খানা।

سِلاح : অস্ত্র; তরবারি; বর্ম; (লাঙলের) ফাল; বাহিনী। ব أَسْلِحَة، سِلْح

أَسْلِحَة نَارِيَّة : আগ্নেয়াস্ত্র।

سِلاحْدار : অসিধারী, বর্মধারী, দলপতি।

تَسَلُّح : অস্ত্রসজ্জা।

سِبَاق التَّسَلُّح : অস্ত্র-প্রতিযোগিতা।

مُسَلَّح : অস্ত্রসজ্জিত। ব مَسَالِح



www.pathagar.com

الْقُوَّاتُ الْمُسَلَّحَة : সশস্ত্রবাহিনী।

سُلَحْفَاة : কচ্ছপ। ব سَلَاحِف

سَلَخَ - َ : (سَلْخ) ছাল তোলা; (চামড়া) খসানো; (সময়) শেষ হওয়া বা করা; (গাছ) পুনরায় সবুজ হওয়া; (কাপড়) খুলিয়া ফেলা; পৃথক করা; (সাপ) খোলসমুক্ত হওয়া।

تَسَلَّخَ : (ছাল) খুলিয়া আসা।

إِنْسَلَخَ (إِنْسِلَاخ) : (ছাল) খুলিয়া আসা; (সময়) অতিক্রান্ত হওয়া; পৃথক হওয়া।

سَلْخ : খসানো চামড়া বা ছাল; খোলস; মাসের শেষ।

سَلْخَة : মেষশাবক; ফালি।

سَالِخ : কাল সাপ। ব سَوَالِخ

سَلَّاخ : কসাই।

سَلَاخَة : স্বাদহীনতা।

سَلِيخ : স্বাদহীন, বিস্বাদ।

مُنْسَلِخ، مَسْلُوخ ছাল বা চামড়া খসানো হইয়াছে এমন।

سَلِيخَة : সন্তান; দারুচিনি।

مَسْلَخ، سَلْخَانَة : কসাইখানা। ব مَسَالِخ

مِسْلَاخ : সাপের চামড়া, খোলস।

مَسْلُوخَة : চামড়া খসানো বকরি।

سَلِسَ - َ : (سَلَس) নরম হওয়া, অনুগত হওয়া; সহজ হওয়া; সুপেয় হওয়া; চলমান হওয়া; (খেজুর গাছের) নিচের ডাল খসিয়া পড়া।

سَلُسَ - ُ : (سَلَاسَة) সহজ হওয়া; নরম হওয়া; অনুগত হওয়া।

سَلَّسَ : (تَسْلِيس) (রত্ন) সাজানো; (মুক্তা) গাঁথা। ব سُلُوسٌ

أَسْلَسَ : (إِسْلَاس) সহজ করা; অনুগত করা, নরম করা।

سَلْس : মালা গাঁথিবার সূতা; দুল। ব سُلُوس

سَلَس : সহজতা, নমনীয়তা; মূত্রধারণে অক্ষমতা।

سَلِس : সহজ, নম্র; অনুগত; আলগা; সাবলীল।

سَلَاس : বুদ্ধিহীনতা।

سَلَاسَة : নম্রতা, কোমলতা; আনুগত্য; সাবলীলতা।

سَلْسَبِيل : বেহেশ্‌তের একটি ঝরনা, পানীয় অমৃত। ব سَلَاسِب، سَلَاسِيب

سَلْسَلَ : (سَلْسَلَة) একত্রে সংযুক্ত করা, সম্পৃক্ত করা; (পানি) ঢালিয়া দেওয়া; শৃঙ্খলিত করা।

تَسَلْسَلَ : (পানি) গড়াইয়া যাওয়া, ফোঁটায় ফোঁটায় পড়া, একত্রে সংযুক্ত হওয়া, শৃঙ্খলিত হওয়া; ধারাবাহিক হওয়া; পরম্পরাযুক্ত হওয়া।

سَلْسَل : ঠাণ্ডা বিশুদ্ধ পানি; জলপ্রপাত।

سِلْسِلَة : শিকল, শৃঙ্খল, জিঞ্জির; ধারা পরম্পরা। ব سَلَاسِل

سِلْسِلَةُ الظَّهْرِ : মেরুদণ্ড।

~ الْمَسَّاحِ : সার্ভেয়ারের চেইন।

تَسَلْسُل : ধারাবাহিকতা, ক্রম।

بِالتَّسَلْسُلِ : ধারাবাহিকভাবে, ক্রমাগতভাবে।

رَقَمُ التَّسَلْسُلِ : ক্রমিক নম্বর।

مُسَلْسَل : শৃঙ্খলিত; ধারাবাহিক, পরম্পরাযুক্ত।

مُتَسَلْسِل : ধারাবাহিক, পরম্পরাযুক্ত; ক্রমিক।

رَقَم مُتَسَلْسِل : ক্রমিক নম্বর।

رِوَايَة مُتَسَلْسِلَة : ধারাবাহিক গল্প।

سَلِطَ - َ ، سَلُطَ - ُ : (سُلُوطَة، سَلَاطَة) লম্বা ও ধারালো জিহ্বাবিশিষ্ট হওয়া, বাকপটু হওয়া।

سَلَّطَ (تَسْلِيط) : ~ عَلَى ক্ষমতা প্রদান করা, কর্তৃত্ব দান করা; আরোপ করা, অর্পণ করা; উসকানি দেওয়া।

تَسَلَّطَ : (تَسَلُّط) ~ عَلَى বিজয়ী হওয়া; বশীভূত করা, নিয়ন্ত্রণ করা, শাসন করা; প্রভাবিত করা।

سَلْطَة : জ্যাকেট।

سُلْطَة : ক্ষমতা, কর্তৃত্ব, শক্তি, প্রভাব; কর্তৃপক্ষ। ব سُلَط، سُلُطَات



www.pathagar.com

سُلْطَة تَشْرِيعِيَّة : আইনপরিষদ।

~ زَمَنِيَّة : পার্থিব ক্ষমতা।

~ عَسْكَرِيَّة : সামরিক কর্তৃপক্ষ।

~ الْقَضَاء : বিচারালয়, বিচারকার্য নির্বাহের কর্তৃত্ব।

~ مَحَلِّيَّة : স্থানীয় কর্তৃপক্ষ।

~ مُطْلَقَة : নিরঙ্কুশ ক্ষমতা।

عَصَا السُّلْطَة : রাজদণ্ড, শাসনদণ্ড।

سَلَاطَة، سَلْطَة : সালাদ।

سَلَاطَة : ঔদ্ধত্য।

سَلِيط : শক্ত, সুদৃঢ়; ধারালো; উদ্ধত, জলপাইয়ের তেল, olive oil.

تَسَلُّط : কর্তৃত্ব, নিয়ন্ত্রণ, শাসন, প্রভাব, প্রাধান্য।

مِسْلَاط : চাবির দাঁত।

تَسَلْطَنَ : সম্রাট নিয়োগ করা, সুলতান বানানো।

تَسَلْطَنَ : সম্রাট নিযুক্ত হওয়া, সুলতান হওয়া।

سَلْطَنَة : সুলতান বা সম্রাটের পদ, রাজত্ব, সাম্রাজ্য।

سُلْطَان : ক্ষমতা, শক্তি, কর্তৃত্ব, প্রভাব।

~ : সুলতান, সম্রাট, শাসক, রাজা। ব سَلَاطِين

سُلْطَان إِبْرَاهِيم : মৎস্যবিশেষ, Red mullet.

طَرِيق سُلْطَانِ : রাজপথ, মহাসড়ক।

سُلْطَانَة : সুলতানা, রাণী, সম্রাজ্ঞী।

سُلْطَانِيَّة : বড় বাটি।

إِسْلَنْطَحَ : (إِسْلِنْطَاح) প্রশস্ত হওয়া।

سُلَاطِح : প্রশস্ত, অগভীর।

سَلْطَعُون، سَلْطَعَان : কাঁকড়া। ব سَلَاطِعِين

سَلَعَ : ـَ (سَلْع) ফাটাইয়া দেওয়া, বিদীর্ণ করা।

سَلِعَ : ـَ (سَلَع) ফাটিয়া যাওয়া; কুষ্ঠরোগে আক্রান্ত হওয়া, কুঁজো হওয়া।

سَلَّعَ : (تَسْلِيع) বিদীর্ণ করা।

إِنْسَلَعَ، تَسَلَّعَ : (إِنْسِلَاع) ফাটিয়া যাওয়া, চিড়যুক্ত হওয়া।

سَلْع : ফাট, ফাটল, চিড়। ব أَسْلَاع، سُلُوع

سِلْعَة : পণ্য; চর্বিকোষ; আব। ব سِلَع

سِلْعَة كَاسِدَة : অচল পণ্য।

أَسْلَع : চিড়যুক্ত ত্বকবিশিষ্ট, কুষ্ঠরোগগ্রস্ত। স্ত্রী سُلْع ব سَلْعَاء

مِسْلَع : পথপ্রদর্শক। ব مَسَالِع

سَلَفَ : ـُ (سَلْف) অতিক্রান্ত হওয়া, অতীত হওয়া; অগ্রসর হওয়া; মই দিয়া সমান করা।

سَلَّفَ : (تَسْلِيف) ধার দেওয়া; অগ্রিম দেওয়া।

سَالَفَ : (مُسَالَفَة) অগ্রবর্তী হওয়া; সমান সমান হওয়া।

أَسْلَفَ : (إِسْلَاف) অগ্রিম দেওয়া, ধার দেওয়া; মই দিয়া সমান করা।

إِسْتَلَفَ، تَسَلَّفَ : ঋণ লওয়া; ঋণ-চুক্তি করা।

إِسْتَسْلَفَ : (إِسْتِسْلَاف) ঋণ গ্রহণ করা।

سِلْف : ভায়রা; দেবর বা ভাশুর। ব أَسْلَاف

سِلْفَة : দেবর বা ভাশুর-পত্নি, জা; ননদ; ভ্রাতৃবধূ।

سُلْفَة : ঋণ; মই দেওয়া জমি; অগ্রবর্তী দল। ব سُلَف

سُلْفَة مُسْتَدِيمَة : বায়না।

~ الْحِذَاء : সুখতলা।

سَلَف : অগ্রিম পরিশোধ; সুদবিহীন ঋণ; সৎকাজ, অগ্রিম যাত্রী।

~ : পূর্ব পুরুষ। ব أَسْلَاف

سَلَفًا : অগ্রিম, আগে।

سُلَف : তিতির পক্ষী। ব سِلْفَان

سُلَافَة، سُلَاف : আঙ্গুরের প্রথমবারের রস; উৎকৃষ্ট মদ; শ্রেষ্ঠাংশ।

سُلَاف الْعَسْكَر : অগ্রগামী সৈন্য।



www.pathagar.com

سَالِف : পূর্ববর্তী, অতীত, বিগত, সাবেক; অগ্রবর্তী।

~ : পূর্বপুরুষ। ব سَلَف

سَالِفًا : পূর্বে, ইতঃপূর্বে।

سَالِفُ الذِّكْرِ : পূর্বোল্লিখিত।

~ العَرُوس : কল্পিত অম্লান পুষ্পবিশেষ; amaranth.

فِى سَالِف الزَّمَانِ : অতীতকালে, প্রাচীনকালে।

سَالِفَة : গ্রীবাপার্শ্ব; অতীত ঘটনা; প্রাচীন কাহিনী। ব سَوَالِف

مُسْلِف : মধ্যবয়সী মহিলা।

مِسْلَفَة : বিদে, মই; কর্ণিক।

سُلْفَات : গন্ধক-লবণ, sulphate.

سَلَقَ - ُ : (سَلْق) সিদ্ধ করা, তাপে বা ঠাণ্ডায় নষ্ট করা, ঝলসাইয়া দেওয়া; চর্বি মাখানো।

~ بِ : আঘাত করা, বিদ্ধ করা; (চাবুক মারিয়া) চামড়া ছিন্ন করা।

~ بِاللِّسَان : ভর্ৎসনা করা।

~ عَنْ : খুলিয়া ফেলা, বিচ্ছিন্ন করা।

أَسْلَقَ : (إِسْلاَق) নেকড়ে শিকার করা।

تَسَلَّقَ : আরোহণ করা, উঁচুতে উঠা, উঁচু হওয়া; ডিঙ্গানো; (উদ্ভিদ) উদ্‌গত হওয়া।

تَسَلَّقَ عَلَى فِرَاشِهِ : দুঃখ কিংবা যন্ত্রণায় অস্থির হওয়া।

إِسْتَلْقَى : (إِسْتِلْقَاء) চিৎ হইয়া শোয়া।

سَلْق : সিদ্ধকরণ।

سِلْق : সালাদরূপে ব্যবহৃত বীটজাতীয় সবজিবিশেষ। ব سُلْقَان

سِلْق : নেকড়ে। ব سُلْقَان

سِلْقَة : নেকড়ী; স্ত্রী পঙ্গপাল; দুশ্চরিত্রা নারী, উচ্চৈঃস্বরে ক্রন্দনকারিণী।

سَلَق : উর্বর সমভূমি। ব أَسْلاَق

سَالِقَة : ক্রন্দনকারিণী, বিলাপকারিণী। ব سَوَالِق

سُلاَق : জিহ্বার ব্রণ।

مِسْلَق، سَلاَّق : বাকপটু; তীক্ষ্ণভাষী। ব مِسْلاَق، مَسَالِق، مَسَالِيق

سَلاَقَة : (ভাষার) তীক্ষ্ণতা।

سَلاَقَة اللِّسَان : মুখখারাপ।

سَلَقُون، سَلاَقُون : লাল সীসা।

سَلُوق، سَلاَق : শিকারি কুকুরবিশেষ।

سَلُوق : ইয়ামেনের একটি গ্রাম।

سَلُوقِيَّة : (জাহাজের) মাস্টার ব্রিজ।

سَلِيق : সিদ্ধ; (রাস্তার) পার্শ্ব।

سَلِيقَة : সিদ্ধ (খাদ্য); শুরুয়া; মেজাজ প্রকৃতি, স্বভাব; পদচিহ্ন। ব سَلاَئِق

تَسَلُّق : আরোহণ।

مَسْلُوق : সিদ্ধ।

مَسْلُوقَة : শুরুয়া, ঝোল। ব مَسَالِيق

مُتَسَلِّق : বাহিয়া আরোহণকারী।

نَبَات مُتَسَلِّق : লতা।

سَلَكَ - ُ : (سُلُوك، سَلْك) (রাস্তায়) চলা, (পন্থা) লওয়া (কৌশল) সফল হওয়া।

أَسْلَكَ : (إِسْلاَك) প্রবেশ করানো, লিপ্ত করা; (সুতায়) গাঁথা।

سَلَّكَ : (تَسْلِيك) গিঁট খোলা; পরিষ্কার করা, ব্যাখ্যা করা; খিলাল করা।

إِنْسَلَكَ : (إِنْسِلاَك) প্রবিষ্ট হওয়া; প্রবেশ করা, গ্রথিত হওয়া।

سَلْكُ البَحْرِ : নৌবাহ-বিজ্ঞান navigation.

~ الهَوَاء : বিমান চালনা বিদ্যা, aeronautics.

سِلْك : সুতা, তার; লাইন; সংস্থা; সংগঠন। ব أَسْلاَك

سِلْكِيّ : তারসংক্রান্ত, তারযুক্ত।

لاَسِلْكِيّ : তারবিহীন; বেতার।

~ عَامِل : রেডিও অপারেটর, ওয়্যারলেস অপারেটর।



www.pathagar.com

إِشَارَة لاَسِلْكِيَّة : বেতার-সংকেত।

~ رِسَالَة : বেতারবার্তা।

~ مُخَابَرَة : বেতার যোগাযোগ।

جِهَاز إِلْتِقَاط لاَسِلْكِيّ : বেতারবার্তা গ্রহণ-যন্ত্র, wireless receiving set.

سِلْكَة : সুতা, তার। ব سِلْك

سُلَك : তিতিরছানা। ব سِلْكَان

سُلُوك : আচরণ, চরিত্র, চালচলন।

حُسْنُ السُّلُوك : সদাচরণ।

~ سُوْءُ : অসৎ আচরণ।

~ أَدَابُ السُّلُوك ;علم : শিষ্টাচার।

سَالِك : পরিষ্কার, উন্মুক্ত, বাধামুক্ত; সুগম; আধ্যাত্মিক পথের অনুসারী, তরীকাপন্থি।

سَلاَّكَة : খিলাল, খড়িকা।

مَسْلَك : পথ, পন্থা, রাস্তা, কর্মপদ্ধতি। ব مَسَالِك

سَلَمَ ـُ : (سَلْم) দংশন করা।

~ ـ : (سَلْم) (চামড়া) পাকা করা।

سَلِمَ ـَ : (سَلاَمَة، سَلاَم) ~ مِنْ নিষ্কৃতি পাওয়া; নিরাপদ হওয়া; (দোষ-ত্রুটি হইতে) মুক্ত হওয়া।

سَلَّمَ : (تَسْلِيْم) রক্ষণ করা, নিরাপদ রাখা; অর্পণ করা; সমর্পণ করা; পেশ করা।

~ ل، إِلَــى : হস্তান্তর করা, সমর্পণ করা, আত্মসমর্পণ করা।

~ ب : মানিয়া লওয়া, স্বীকার করিয়া লওয়া, অনুমোদন করা, সম্মতি দেওয়া।

~ عَلَى : সালাম দেওয়া, অভিবাদন জানানো।

سَلِّمْ سَلاَحَك : অস্ত্র সমর্পণ কর! hands up!

سَالَمَ : (مُسَالَمَة) সন্ধি করা, সমঝোতা করা।

أَسْلَمَ : (إِسْلاَم) মুসলমান হওয়া, ইসলাম গ্রহণ করা; আত্মসমর্পণ করা, আনুগত্য প্রকাশ করা; ন্যস্ত করা; পরিত্যাগ করা।

تَسَلَّمَ، إِسْتَلَمَ (إِسْتِلاَم) : পাওয়া, লাভ করা, গ্রহণ করা, চুম্বন করা, স্পর্শ করা।

تَسَالَمَ : সন্ধিবদ্ধ হওয়া, শান্তিচুক্তিতে আবদ্ধ হওয়া।

إِسْتَسْلَمَ : সমর্পণ করা, পরিত্যাগ করা, ছাড়িয়া দেওয়া; আত্মসমর্পণ করা।

سِلْم : শান্তি, নিরাপত্তা।

سِلْمِيّ : শান্তিপূর্ণ; শান্তিবাদী।

سَلَم : অগ্রিম মূল্য পরিশোধ; বন্দি।

بَيْع السَّلَم : পণ্য আদান প্রদানের পূর্বে অগ্রিম মূল্যে ক্রয়-বিক্রয়।

~ رَبُّ : অগ্রিম মূল্যে ক্রয়কারী।

مُسْلَم إِلَيه : অগ্রিম বিক্রয়কারী।

مُسْلَم فِيه : অগ্রিম মূল্যে ক্রয়-বিক্রয়ের পণ্য।

سُلَّم : সিঁড়ি, ধাপ; যন্ত্র; উপায়। ব سَلاَلِيم، سَلاَلِم

سَلاَم : শান্তি, নিরাপত্তা; সালাম, অভিবাদন, জাতীয় সঙ্গীত।

سَلاَم عَسْكَرِيّ : সামরিক সালাম।

دَارُ السَّــلاَم : বেহেশ্‌ত; বাগদাদ নগরী; দারেসসালাম; তান্‌জানিয়ার রাজধানী।

~ مَدِينَة : বাগদাদ নগরী।

~ نَهْرُ : তাইগ্রিস নদী।

اَلسَّلاَمُ عَلَيْكُمْ : আপনাদের উপর আল্লাহর শান্তি বর্ষিত হউক, ইসলামী অভিবাদন।

يَا سَلاَم : আশ্চর্যবোধক ধ্বনি।

سَلاَمَة : নিরাপত্তা; ত্রুটিমুক্ততা; সুস্থতা; কল্যাণ।

سَلاَمَةُ النِّيَّة : সরলতা, অকপটতা।

بِسَلاَمَةِ النِّيَّة : সরল মনে, অকপটে।

بِالسَّلاَمَة، مَعَ السَّلاَمَة : বিদায়কালীন সম্ভাষণ-বাক্য, good bye.

سُلاَمَى : (سُلاَمِيَّة) আঙ্গুলের ক্ষুদ্র অস্থি, অঙ্গুলিনোলক। ব سُلاَمَيَات



www.pathagar.com

سَالِم : নিরাপদ; মুক্ত; নির্দোষ, ত্রুটিমুক্ত; অক্ষত; সুস্থ; পূর্ণাঙ্গ।

سَلِيم : সর্পদংশিত; সাপে-কাটা; মারাত্মকভাবে আহত, মৃত্যুপথ যাত্রী, আহত ব্যক্তি। ব سُلَمَاء، سَلْمَى

سَلِيم العَاقِبَة : বিপজ্জনক নয় এমন (রোগ)।

سَلِيم القَلْبِ ,~ النِّيَّة : সরলমনা, অকপট।

ذَوْق سَلِيم : সুরুচি, সুস্থরুচি।

جَمْع سَالِم : অভগ্ন বহুবচন; অপরিবর্তিত রূপ বহুবচন; এক বচনের রূপ অপরিবর্তিত রাখিয়া যে বহুবচনের রূপ গঠিত। যেমন- مُسْلِم হইতে مُسْلِمُون এবং مُسْلِمَة হইতে مُسْلِمَات

سَالِمًا غَانِمًا : নিরাপদে লাভবান হইয়া (প্রত্যাবর্তন হউক)।

إِسْلَام : আত্মসমর্পণ, আনুগত্য।

الإِسْلَام : ইসলাম ধর্ম।

إِسْلَامِيّ : ইসলামী।

إِسْلَامِيَّة : ইসলামী আদর্শ, ইসলামী মতবাদ, ইসলামিয়াত।

تَسَلُّم، إِسْتِلَام : প্রাপ্তি, গ্রহণ।

إِسْتِسْلَام : আত্মসমর্পণ।

تَسْلِيم : সমর্পণ, হস্তান্তর, প্রদান, জ্ঞাপন; আত্মসমর্পণ; তসলিম, অভিবাদন, সম্মতি, স্বীকৃতি।

مُسْلِم : মুসলিম, মুসলমান। ব مُسْلِمُون

مُسَلَّم بِهِ : স্বীকৃত; গৃহীত; অনুমোদিত।

مُسَالِم : শান্তিপ্রিয়, শান্তিকামী, কোমলস্বভাব, শান্তশিষ্ট।

مُسْتَلِم : গ্রহণকারী; গ্রহীতা।

سُلَيْمَان : নবী সুলায়মান ইবন দাউদ (আ) (আনু ১০০৮-৯৭৮ খ্রিষ্টপূর্ব)।

حُوت سُلَيْمَان : স্যামন মাছ।

سُلَيْمَانِي : ক্ষয়কারক শোধিত রাসায়নিক পদার্থ বিশেষ, পারদজাতীয় সোডা।

سُلَيْمَانِيَّة : ইরাকের উত্তর পূর্ব সীমান্তের একটি প্রদেশ।

ـَ سَلِيَ، (سُلْوَان، سُلُوّ، سَلْو) : ـُ سَلاَ (سُلِيّ) ভুলিয়া থাকা, স্মৃতিমুক্ত হওয়া; নিজেকে প্রবোধ দেওয়া।

أَسْلَى، سَلَّى : সান্ত্বনা দেওয়া; ভুলাইয়া রাখা; মজাইয়া রাখা।

تَسَلَّى : সান্ত্বনা লাভ করা; আনন্দলাভ করা, আরাম করা; মজিয়া থাকা।

إِسْتَلَى : (إِسْتِلَاء) (মেষ) মোটা হওয়া।

تَسْلِيَة، سُلْوَة، سَلْوَة : সান্ত্বনা; আরাম, আনন্দ; বিনোদন; আকর্ষণ।

سَلْوَى : সান্ত্বনা, আরাম; তিতিরজাতীয় পক্ষিবিশেষ; মধু।

سُلْوَان : সান্ত্বনা; আরাম।

مُسَلٍّ : সান্ত্বনাপ্রদ; আরামদায়ক, আমোদজনক।

مَسْلَاة : বিনোদন, আমোদ, প্রমোদ, সান্ত্বনা, আরাম; আনন্দস্থল। ব مَسَالٍ

مَسْلِي : রান্নার তেল, ভোজ্য তেল, ঘি।

مَسْلِي نَبَاتِي : উদ্ভিজ্জ তৈল, ডালডা ইত্যাদি।

ـُ سَمَّ : (سَمّ) বিষ প্রয়োগ করা, বিষ মিশানো; বিষ খাওয়ানো; নিরীক্ষণ করা।

~ : (سُمُوم) (বাতাস) উষ্ণ হওয়া, উত্তপ্ত হওয়া।

سَمَّمَ : (تَسْمِيم) বিষ মিশানো; বিষাক্ত করা; দূষিত করা; পচন ধরানো।

تَسَمَّمَ : বিষ খাওয়ানো; বিষাক্ত হওয়া; পচন ধরা।

سَمّ، سُمّ، سِمّ : বিষ; সুচের ছিদ্র। ব سِمَام، سُمُوم

سَمّ قَتَّال : মারাত্মক বিষ।

~ نُوْعِي : ভাইরাস।

سُمَّة : খেজুর পাতার মাদুর; সম্পর্ক। ব سُمَم

مُسِمّ، سَامّ : বিষাক্ত, বিষধর।



www.pathagar.com

سَامٌّ أَبْرَص : গিরগিটিবিশেষ।

سَامَّة : বিষধর প্রাণী; মৃত্যু। ব سَوَامّ

سَمَامَة : দোয়েল।

سَمُوم : লু হাওয়া, উত্তপ্ত বালুঝড়, সাইমুম। ব سَمَائِم

السَّمُوم الْبَيْضَاء : শ্বেত মাদক; হিরোইন, কোকেন ইত্যাদি।

تَسَمُّم : বিষাক্ত, বিষক্রিয়া।

تَسَمُّم بَوْلِيّ : মূত্র প্রদাহ, uraemia.

~ دَمَوِيّ : রক্তদুষ্টি, toxaemia.

~ ذَاتِي : শরীরে উৎপন্ন বিষাক্ত পদার্থ, autotoxin.

أَعْرَاض التَّسَمُّم : বিষক্রিয়ার লক্ষণ।

مَسَامّ : ছিদ্র, লোমকূপ। ব مَسَامَّات

مَسَامِّيّ : ছিদ্রময়; লোমকূপবিশিষ্ট।

مَسَامِّيَّة : ছিদ্রময়তা।

مَسْمُوم : বিষাক্ত, বিষযুক্ত, বিষমিশ্রিত।

سَمَتَ ـُ : (سَمْت) سَمَّتَ (تَسْمِيت) (تَسْمِيت) আন্দাজে পথ চলা।

سَامَتَ : (مُسَامَتَة) মুখামুখি হওয়া; সামনাসামনি হওয়া।

تَسَمَّتَ : মনস্থ করা।

سَمْت : রাস্তা, পথ; আচরণ, আকৃতি; কোলন ড্যাশ— ব سُمُوت

سَمْت السُّمُت، السَّمْت : দিগংশ, Azimuth.

سَمْتُ الرَّأْس : আকাশের যে বিন্দু মাথার ঠিক উপরে অবস্থিত, সুবিন্দু; Zenith.

~ الشَّمْس : ক্রান্তিবৃত্ত, Ecliptic.

نَظِير السَّمْت، ~ الْقَدَم অধোবিন্দু, Nadir.

تَسْمِيت : কোনো কিছুতে আল্লাহর নাম স্মরণ করা।

تَسْمِيتُ الْعَاطِس : হাঁচির উত্তরে উচ্চারিত দোয়া।

سَمُجَ ـُ : (سَمَاجَة) কদাকার হওয়া, নোংরা হওয়া।

سَمَّجَ : (تَسْمِيج) কদাকার করা, নোংরা করা।

سَمْج، سَمِج، سَمِيج : নোংরা, কদাকার, কুৎসিত, ঘৃণ্য। ব سِمَاج، سُمَجَاء

سَمَاجَة : নোংরামি, অশিষ্টতা; ঘৃণ্য।

سَمَحَ ـَ : (سَمَاح) ~ لِ মঞ্জুর করা, অনুমতি দেওয়া, দান করা, ক্ষমতা দেওয়া।

~ بِ : অনুমতি দেওয়া, মঞ্জুর করা, অনুমোদন করা; মানিয়া লওয়া, সম্মতি দেওয়া।

لاسَمَحَ اللّٰهُ : আল্লাহ না করুন।

سَمُحَ ـُ : (سَمَاحَة، سَمَاح) উদার হওয়া, দয়াশীল হওয়া; মুক্তহস্ত হওয়া।

سَمَّحَ : (تَسْمِيح) উপেক্ষা করা; সদয় আচরণ করা।

سَامَحَ : (مُسَامَحَة) ক্ষমা করা, ক্ষমা প্রদর্শন করা, সহৃদয়তা দেখানো।

تَسَامَحَ : অনুগ্রহশীল হওয়া, সদয় হওয়া, সহিষ্ণু হওয়া।

إِسْتَسْمَحَ : (إِسْتِسْمَاح) ক্ষমা চাওয়া; অনুমতি চাওয়া।

سَمَاحَة، سَمْح : বদান্যতা, উদারতা, মহানুভবতা, সহৃদয়তা।

صَاحِبُ السَّمَاحَة، سَمَاحَتُهُ : মাননীয়, his eminence).

سَمْحَة : মহানুভব, উদার, দানশীল, মুক্তহস্ত। ব سِمَاح

~ : ঋজু।

الشَّرِيعَة السَّمْحَة : ইসলামী শরীয়া।

سَمَاح : উদারতা, মহানুভবতা, সহৃদয়তা, সহিষ্ণুতা; ক্ষমা; অনুমতি; সম্মতি।

سَمِيح : মহানুভব, উদার, দয়ালু, দানশীল। ব سُمَحَاء



www.pathagar.com

تَسَامُح : অনুগ্রহ, অনুকম্পা; অব্যাহতি; দয়া; সহিষ্ণুতা।

مُسَامَحَة : ক্ষমা; অবকাশ।

مَسْمُوح بِهِ : অনুমোদিত, বৈধ।

مُتَسَامِح : সদয়, অনুগ্রহশীল; সহিষ্ণু।

سِمْحَاق : পেশী; করোটির আবরক, ঝিল্লি, periosteum. হালকা মেঘখণ্ড। ব سَمَاحِيق

سَمَدَ ـُ : (سُمُود) গর্বভরে মাথা উঁচু করিয়া দাঁড়ানো, হতবুদ্ধি হওয়া; উদাসীন হওয়া; গান গাওয়া।

سَمَّدَ : (تَسْمِيد) সার দেওয়া।

سِمَاد : সার। ব أَسْمِدَة

سِمَاد صِنَاعِي : রাসায়নিক সার।

~ عُضْوِي : জৈব সার।

سَامِد الرَّأْس، سَامِد : উন্নতমস্তক, গর্বিত।

~ : অন্যমনস্ক, অসতর্ক।

سَمِيذ، سَمِيد : সাদা আটা; সুজি।

سُمْدُور : বায়ুরোগ। ব سَمَادِير

سَمَيْدَع : দানশীল ব্যক্তি, বীরপুরুষ; নেকড়ে; তরবারি। ব سَمَاذِع، سَمَيْذَع، سَمَادِع

سَمَرَ : (سُمُور، سَمْر) রাত্রিকালে গল্পগুজব করা।

سَمُرَ : (سُمْرَة)، (إِسْمَرَّ)، (إِسْمِرَار) পিঙ্গলবর্ণ হওয়া।

سَمَّرَ : (تَسْمِير) পেরেক দিয়া আঁটা; পেরেক মারা।

سَامَرَ، تَسَامَرَ : (مُسَامَرَة) রাত্রিকালে একত্রে গল্পগুজব করা, পরস্পর খোশগল্প করা।

تَسَمَّرَ : পেরেকযুক্ত হওয়া।

سَمَر : রাত্রিকালীন গল্পগুজব, খোশগল্প; রাত্রি, অন্ধকার; নৈশ সাক্ষাৎ। ব أَسْمَار

سُمْرَة : তামাটে বর্ণ।

سَمَار : মাদুর বুননের নলখাগড়া; পানিমিশ্রিত দুগ্ধ।

سَمُور : দ্রুতগামী, উৎকৃষ্ট (উট)।

سَمُّور : বেজিজাতীয় জন্তুবিশেষ, sable. ব سَمَامِير

سَمِير : নৈশ গল্পগুজবের সাথী, বিনোদন-সঙ্গী। স্ত্রী سَمِيرَة، سُمَّار

أَسْمَر : পিঙ্গলবর্ণ, তাম্রবর্ণ। স্ত্রী سَمْرَاء ব سُمْر

السَّمْرَاء : গম, আটা।

إِمْرَأَة سَمْرَاء : যে স্ত্রী লোকের চামড়া, চুল ও চোখ কালো, brunette.

سَامَرَّاء : আব্বাসীয়দের নির্মিত তাইগ্রিস তীরবর্তী ইরাকের একটি শহর।

سَمْسَرَ : (سَمْسَرَة) দালালি করা, ক্রেতা ও বিক্রেতার মধ্যে মধ্যস্থতা করা।

سَمْسَرَة : দালালি।

سِمْسَار : দালাল, মধ্যস্থতাকারী। ব سَمَاسِرَة، سَمَاسِير، سَمَاسِر

سِمْسَار بُورصَة : কোম্পানির কাগজের দালাল, stockbroker.

سَمْسِيرَة : ঘটক

سِمْسِم : তিল।

سَمَطَ ـُ : (سُمُوط، سَمْط) উষ্ণ তরল পদার্থে ঝলসানো; ধারালো করা; নীরব থাকা।

سَمَّطَ : (تَسْمِيط) জিনের সহিত ঝুলাইয়া বাঁধা; ঝুলাইয়া রাখা।

تَسَمَّطَ : ঝুলিয়া থাকা।

سِمْط : মালার সুতা; জিনের সহিত মালামাল বাঁধিয়া রাখিবার দড়ি; পাগড়ির ঝুলন্ত অংশ। ব سُمُوط

سَمْط : পশমি বস্ত্র।

سِمَاط : টেবিল ক্লথ, খাবার টেবিল; আহার্য। ব أَسْمِطَة، سُمُط

مِسْمَط : দ্রাক্ষালতার ঠেকনা। ব مَسَامِط

سَمِعَ ـَ : (سَمْع، سِمَاع، سَمَاعَة، مَسْمَع) শ্রবণ করা, শোনা; মান্য করা, অবহিত হওয়া।

سَمِعَ عَرَضًا : অলক্ষিত শোনা।



www.pathagar.com

لَمْ يُسْمَعْ بِهِ : অশ্রুতপূর্ব।

سَمَّعَ : (تَسْمِيع) শোনানো, শুনিতে দেওয়া; আবৃত্তি করা; খ্যাতি ছড়ানো।

~ بِ : নিন্দা করা, কুৎসা রটানো; অসম্মান করা।

أَسْمَعَ : (إِسْمَاع) শোনানো, শুনিতে দেওয়া, জানিতে দেওয়া, কানে কানে বলা।

إِسْتَمَعَ، تَسَمَّعَ : (إِسْتِمَاع) ~ إِلَى শ্রবণ করা; মনোযোগ দিয়া শোনা; কান দেওয়া।

~ عَلَى : আড়ি পাতা।

تَسَامَعَ : ~ بِ জনশ্রুতির মাধ্যমে অবহিত হওয়া।

سَمْع : শ্রবণ, শ্রবণশক্তি।

~ : কান, খ্যাতি। ব أَسْمَاع

سَمْعًا وَطَاعَةً : শোনা ও মানা।

ثَقُلَ سَمْعُهُ : কান ভারী হওয়া; বধির হওয়া।

سُمْعَة : খ্যাতি, সুনাম।

سُمْعَة حَمِيدَة : সুনাম, সুখ্যাতি।

~ رَدِيئَة : দুর্নাম, বদনাম।

حَمِيد السُّمْعَة، حَسَن السُّمْعَة : খ্যাতিমান, সম্মানীয়, সম্মানজনক।

~ رَدِئ : কুখ্যাত।

سِمَاع : শ্রবণ; খ্যাতি।

شَهَادَة سِمَاع : শোনা সাক্ষ্য।

سَمَاعِى : শ্রবণশক্তি সম্বন্ধীয়; শ্রবণযোগ্য, শ্রাব্য; শ্রুতিমূলক; ঐতিহ্যগত; অলিখিত।

سَمِيع : শ্রবণকারী, শ্রোতা। ব سُمَعَاء

السَّمِيع : মহাশ্রবণকারী (আল্লাহ)।

سَمَّاعَة : ইয়ারফোন, earphone; রিসিভার, সাউন্ডবক্স, sound-box; (দরজার) কড়া।

مُسْتَمِع، سَامِع : শ্রোতা।

تَسَمُّع، إِسْتِمَاع : শ্রবণ।

مَسْمَع : শ্রবণস্থল; শ্রবণ-দূরত্ব, earshot.

مِسْمَع : কান; হৃদবীক্ষণ যন্ত্র, stethoscope. ব مَسَامِع

مَسْمُوع : শ্রুত, শ্রাব্য, শ্রবণযোগ্য; জনশ্রুতি, গুজব।

غَيْر مَسْمُوع : অশ্রুত।

سَمَقَ ـُ : (سُمُوق) উঁচু হওয়া।

سَمُوق، سَامِق : উঁচু।

سُمَّاق : তিক্ত ফলবিশিষ্ট উদ্ভিদবিশেষ।

حَجَر سُمَّاقِىّ : কঠিন প্রস্তরবিশেষ; porphyry.

سَمِيق : জোয়াল।

سَمَكَ ـُ : (سَمْك) উঁচু করা, উপরে উঠানো।

~ (سُمُوك) : উপরে উঠা, উঁচু হওয়া।

سَمُكَ ـُ : (سَمَاكَة) ঘন হওয়া।

سَمَّكَ : (تَسْمِيك) ঘন করা।

سَمْك : ছাদ; সিলিং।

سَمَاكَة، سُمْك : পুরুত্ব।

سَمَك : মাছ। ব أَسْمَاك، سِمَاك

سَمَكِىّ : মৎস্যসংক্রান্ত।

سِمَاك : খুঁটি, অবলম্বন। ব سُمُك

السِّمَاك الرَّامِح : স্বাতিনক্ষত্র, Arcturus.

سَمَّاك : জেলে, মৎস্যবিক্রেতা।

مَسْمُوك، سَمِيك : পুরু, উঁচু গভীর।

مَسْمَكَة : মৎস্যভাণ্ডার। ব مَسَامِك

سَمْكَرِيَّة، سَمْكَرَة : টিনের কারিগরি।

سَمْكَرِىّ : টিনের কারিগর।

سَمَلَ ـُ : (سَمْل)، إِسْتَمَلَ (إِسْتِمَال) (কাহারো চক্ষু) উপড়াইয়া ফেলা।

~ : (سَمُولَة، سُمُول) أَسْمَلَ (إِسْمَال) (কাপড়) জীর্ণ হওয়া, ছিন্ন হওয়া।

~ بَيْنَ : মিটমাট করা, আপস করানো।

سَمَّلَ : (تَسْمِيل) (কূপ) পরিষ্কার করা।

تَسَمَّلَ : পান করা, বারবার (মদ্য) পান করা।

سَمَل : জীর্ণ বস্ত্র; পাত্রে তরল পদার্থের অবশিষ্টাংশ। ব أَسْمَال

سَمِيل، سَمُول، سَمِل : জীর্ণ, ছিন্ন (বস্ত্র)।



www.pathagar.com

اِسْمَهَرَّ : (اِسْمِهْرَار) শক্ত হওয়া; কঠিন হওয়া; (অন্ধকার) গাঢ় হওয়া।

سَمْهَرِيٌّ : সোজা; খাড়া, শক্ত; শক্ত বর্শা।

سَمَا ـُ : (سُمُوٌّ) উঁচু হওয়া, খাড়া হওয়া, উপরে উঠা।

~ ب : উঁচু করা, উত্তোলন করা।

سَمَّى : تَسْمِيَة নাম দেওয়া, শিরোনাম দেওয়া; উপাধি দেওয়া; অভিহিত করা; বিসমিল্লাহ বলা।

سَامَى : (مُسَامَاة) শ্রেষ্ঠত্বের প্রতিযোগিতা করা, গৌরব-প্রতিযোগিতা করা।

أَسْمَى : (إِسْمَاء) নাম দেওয়া, শিরোনাম দেওয়া, উপাধি দেওয়া; অভিহিত করা; উঁচু করা, উত্তোলন করা।

تَسَمَّى : অভিহিত হওয়া, নাম বা উপাধিযুক্ত হওয়া।

تَسَامَى : একত্রে গৌরব-প্রতিযোগিতা করা।

اِسْتَسْمَى : (اِسْتِسْمَاء) নাম জিজ্ঞাসা করা, নাম জানিতে চাওয়া।

سُمُوٌّ : উচ্চতা, মার্যাদা, মহত্ত্ব।

سُمُوُّ الأَمِير : মহামান্য যুবরাজ।

صَاحِبُ السُّمُوِّ المَلَكِيِّ : মহামান্য বাদশাহ।

سُمًا : সুনাম, খ্যাতি।

سَمَاء : আকাশ, আসমান, উর্ধ্বলোক; বেহেশত। ব سَمَاوَات

سَمَاءُ السَّمَوَات : সর্বোচ্চ আকাশ।

سَمَاوِيٌّ، سَمَائِيٌّ : আসমানী; বেহেশতী; আকাশী (রং)।

سَمِيٌّ : উচ্চ; সমান; এক নামের লোক। স্ত্রী سَمِيَّة

سَامٍ : উচ্চ। ব سُمَاة

إِسْم : নাম; শিরোনাম; উপাধি; খ্যাতি; বিশেষ্য; noun. (ব্যা)। ব أَسْمَاء

إِسْمُ الإِشَارَة : নির্দেশক সর্বনাম, demonstrative pronoun.

~ الآلَة : করণ কারক (ব্যা)।

سَمَلَة، سُمْلَة : কালো কাদামাটি, পানির অবশিষ্টাংশ।

سُمْلَان : (মদের) অবশিষ্টাংশ।

سَوْمَلَة : ক্ষুদ্র পেয়ালা।

سَمْلَقَة : শূন্য প্রান্তর। ব سَمَالِق

سَمِنَ ـَ : (سَمَانَة، سِمَن) تَسَمَّنَ মোটা হওয়া, মাংসল হওয়া; ভারী হওয়া।

سَمَّنَ : (تَسْمِين) মোটা করা, মাংসল করা; মাখন লাগানো।

أَسْمَنَ : (إِسْمَان) স্বাভাবিকভাবে মোটা হওয়া; মাখনের অধিকারী হওয়া; মোটা পশু ক্রয় করা; মোটা করা।

سَمْن : ঘি। ব سُمُون

سِمَن، سِمْنَة : মাংসলতা, স্থূলতা।

سُمَّن : তিতিরজাতীয় পক্ষীবিশেষ, quail. ব سُمَانَى، سُمَّان، سَمَامِن

سُمَنِيَّة : নবুওয়াত অস্বীকারকারী ও পুনর্জন্মে বিশ্বাসী একটি ভারতীয় নাস্তিক সম্প্রদায়। ইহারা সোমনাথ মন্দিরের প্রতি সম্পর্কিত নামে আখ্যায়িত।

سَامَانِيٌّ : (بَنُو سَامَان) ইরানের একটি রাজবংশ; তাহাদের শাসনামলে জ্ঞান-বিজ্ঞান চর্চা বিশেষত ফারসী সাহিত্যের বিশেষ উৎকর্ষ সাধিত হয়। রূদাকী, ফিরদৌসী প্রমুখ এই আমলের কবি।

سَمَّان : মাখন বিক্রেতা, ঘি-ব্যবসায়ী, মুদী।

سَمَانَة، سِمَّانَة : (পায়ের) গুল, calf.

سَمِين : মোটা, মাংসল, স্থূল। ব سِمَان

مُسَمَّن : মোটা।

سَمَنْتُو : সিমেন্ট।

سَمَنْجُونِيٌّ : আকাশী নীল।

سَمَنْدَر، سَمَنْدَل : গিরগিটিজাতীয় সরীসৃপ বিশেষ, সালামাণ্ডার।

سَمَنْدَرُ المَاء : গোসাপবিশেষ, জলগোধিকা; গুইসাপ।

سِمَة : চিহ্ন (وسم)।



www.pathagar.com

اِسْم مُنْتَحَل , ~ التَّالِيف : লেখক নাম, pen-name.

~ التَّصْغِير : ক্ষুদ্রত্ববাচক বিশেষ্য, diminutive noun.

~ التَّفْضِيل : আধিক্যজ্ঞাপক বিশেষ্য (ব্যা)।

~ الجَمْع : সমষ্টিবাচক বিশেষ্য, collective-noun.

~ الجِنْس : জাতিবাচক বা শ্রেণীবাচক বিশেষ্য, generic noun.

~ جَامِد : মৌল বিশেষ্য, নিরেট বিশেষ্যপদ।

~ الشُّهْرَة : খেতাব, পদবি।

~ الظَّرْف : অধিকরণকারক।

~ العَائِلَة : পারিবারিক নাম, surname.

~ العَدَد : সংখ্যাবাচক বিশেষ্য, সংখ্যা।

~ عَلَم : নামবাচক বিশেষ্য, proper noun.

~ الفِعْل : ক্রিয়াবাচক বিশেষ্য, Verbal noun.

~ الفَاعِل : কর্তৃবাচক বিশেষ্য।

~ الكَاذِب , إِسْم مُصْطَنَع : ভুয়া নাম।

~ الكَثْرَة : সমষ্টিবাচক বিশেষ্য, collective noun.

~ مُسْتَعَار : উপনাম, ওরফ।

~ مَعْرِفَة : নির্দিষ্ট বস্তুজ্ঞাপক বিশেষ্য, নামবাচক বিশেষ্য।

~ مَعْنَى : গুণবাচক বিশেষ্য, abstract noun.

~ المَفْعُول : কর্মবাচক বিশেষ্য।

~ نَكِرَة : অনির্দিষ্ট বস্তুজ্ঞাপক বিশেষ্য।

الأَسْمَاء الحُسْنَى : সুন্দরতম নামসমূহ আল্লাহ তাআলার গুণবাচক নামসমূহ।

بِاسْم : নামে, পক্ষে।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيم : করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে।

إِسْمِيّ : নামমাত্র; অবাস্তব; নামসংক্রান্ত, বিশেষ্য সম্বন্ধীয়। স্ত্রী إِسْمِيَّة

جُمْلَة إِسْمِيَّة : বিশেষ্য প্রধান বাক্য।

تَسْمِيَة : নামকরণ, নাম, উপাধি, খেতাব; বিসমিল্লাহ।

مُسَمًّى : নামযুক্ত, নামকরণকৃত, অভিহিত; নির্দিষ্ট।

سَنَّ ـُ : (سَنّ) ধারালো করা, শান দেওয়া; খাঁজ কাটা, (দাঁত) পরিষ্কার করা; (পশু) তাড়াইয়া নেওয়া; খোঁচা মারা; দাঁত দ্বারা কামড়াইয়া ধরা; দাঁত ভাঙ্গিয়া দেওয়া; সহজ করা; পানি ঢালিয়া দেওয়া; (রীতি) প্রবর্তন করা, (আইন) প্রণয়ন করা, প্রতিষ্ঠা করা।

سَنَّنَ : (تَسْنِين) ধারালো করা, শান দেওয়া; খাঁজকাটা, দাঁত গজানো।

أَسَنَّ : (إِسْنَان) বয়স্ক হওয়া, বৃদ্ধ হওয়া।

إِسْتَنَّ : (إِسْتِنَان) মেসওয়াক দ্বারা দাঁত পরিষ্কার করা, পথ অনুসরণ করা; পন্থা অবলম্বন করা; (আইন, রীতি) প্রবর্তন করা, প্রণয়ন করা।

سِنّ : দাঁত; (কলমের) নিব; কাঁটা; ধারালো অগ্রভাগ; (লাঙলের) ফাল। ব أَسْنَان، أَسِنَّة، أَسُنّ

سِنّ طَاحِن : পেষণদন্ত, molar tooth.

~ قَاطِع : কর্তন-দন্ত, incisor tooth.

وَجَعُ السِّنِّ، أَلَمُ السِّنِّ : দন্ত-শূল, দাঁতের ব্যথা।

طَبِيبُ أَسْنَان : দন্ত-চিকিৎসক, dentist.

~ طَقْم : দাঁতের সেট।

~ فُورْشَة : দাঁতের ব্রাশ।

سِنّ الثُّوم : রসুনের কোয়া।

~ الرُّشْد : প্রাপ্তবয়স্কতা।

~ اللَّبَن : দুধদাঁত।

صَغِيرُ السِّنِّ : অল্পবয়স্ক, তরুণ।

~ كَبِير : বয়স্ক।

السِّنّ : বয়স। ব أَسْنَان

سَنَّة : দ্বিমুখী কুঠার। ব سِنَن

سُنَّة : স্বভাব, আচরণ; রীতি; আইন, নিয়ম; রাসূল (স)-এর তরীকা; রাসূল (স)-এর হাদীস। ব سُنَن



www.pathagar.com

سُنْجَة বন্দুকের সঙ্গীন; বেয়োনেট, bayonet. ব سُنَج

سَنَاج : ঝুল, ভুসা; ধোঁয়ার দাগ।

مُسَنَّج : ছোট ছোট দাগযুক্ত; ডোরাকাটা (কাপড়)।

سُنْجَاب : কাঠবিড়াল।

سِنْجَابِيّ : ছাই-বর্ণ; ধূসরবর্ণ।

سَنْجَق : (তু) পতাকা, ব্যানার; প্রদেশ; বিভাগ; গভর্নর। ব سَنَاجِق

سَنَحَ : ـَ (سُنُوح) সহজ হওয়া; ডান দিক দিয়া গমন করা।

~ : ـَ (سُنُوح، سُنْح، سُنْح) ~ لِ মনে উদয় হওয়া; (সুযোগ) উপস্থিত হওয়া।

~ عَنْ : ফিরাইয়া আনা, বিরত থাকা।

عِنْدَ مَا تَسْنَحُ الْفُرْصَة : সুযোগমতো, ফুরসতমতে, সুযোগ আসিলে।

سَنَّحَ : (تَسْنِيح) ~ لِ প্রশ্রয় দেওয়া।

~ عَنْ : গুরুত্ব না দেওয়া, উপেক্ষা করা।

تَسَنَّحَ : আশ্রয় গ্রহণ করা, লুকাইয়া থাকা।

إِسْتَسْنَحَ : (إِسْتِسْنَاح) ব্যাখ্যা চাওয়া।

سُنْح : ভাগ্য, কল্যাণ, (রাস্তার) মধ্যস্থল।

سَانِح : ডানপার্শ্ব দিয়া গমনকারী (শিকার, পাখি); শুভ, অনুকূল। ব سَوَانِح

سَوَانِح : শুভ লক্ষণসমূহ; ধারণা, চিন্তা।

سَانِحَة : সুযোগ।

سَنِيح : মুক্তা, অলঙ্কার। ব سُنُح

سَنِخَ : ـَ : (দাঁতের) মূল উৎপাটিত হওয়া।

سَنَخَ : ـَ (سُنُوخ) ~ فِي বিশেষজ্ঞ হওয়া, সুদৃঢ় হওয়া।

سِنْخ : মূল; গোড়া। ব أَسْنَاخ

سَنَخ، سَنَاخَة : বাসিগন্ধ, দুর্গন্ধ।

سَنَدَ : ـُ (سُنُود) إِسْتَنَدَ (إِسْنَاد) ~ إِلَى ভর করা, নির্ভর করা, হেলান দেওয়া, ঠেস দেওয়া; আস্থা স্থাপন করা।

~ لِ : নিকটবর্তী হওয়া; কাছাকাছি হওয়া।

السُّنَّة الْمُؤَكَّدَة : ফরয ও ওয়াজিব ব্যতীত যাহা রাসূলুল্লাহ (স) নিয়মিতভাবে পালন করিতেন।

السُّنَّة الزَّائِدَة : যাহা রাসূলুল্লাহ (স) সময় সময় পালন করিতেন।

سُنِّيّ، أَهْلُ السُّنَّة : সুন্নী, সুন্নতের অনুসারী।

سَنَة : বর্ষ (سنو)

سَنَن : অভ্যাস, প্রথা, রীতি, নিয়ম।

سُنَن : ফিক্‌হ-এর পদ্ধতিতে সংকলিত হাদীসগ্রন্থ।

سِنَان : বর্শার ফলা। ব أَسِنَّة

سَنُون : দশন-চূর্ণ, মেসওয়াক।

مِسَنّ : শান দেওয়ার যন্ত্র, শান-পাথর। ব مَسَانّ

مُسِنّ : বয়স্ক, বৃদ্ধ, প্রাপ্তবয়স্ক। ব مَسَانّ

مُسَنَّن : দন্তযুক্ত, খাঁজকাটা; ছুঁচালো।

مُسَنَّنَة : দন্তযুক্ত, চক্র, cog-wheel.

مَسْنُون : সুন্নাতসম্মত; ধারালো; ছুঁচালো; উজ্জ্বল।

سُنْبَاذَج : শান-পাথর, পালিশ ইত্যাদির জন্য ব্যবহৃত গুঁড়া কঠিন খনিজ পদার্থ বিশেষ, emery.

سُنْبُوق : নৌকা, বার্জ, ডিঙ্গি। ব سَنَابِيق

سُنْبُك : খুরের ধার; তরবারির ধার; ক্ষুদ্র নৌকা; বিদ্ধ করিবার যন্ত্র। ব سَنَابِك

سَنْبَلَ : (سَنْبَلَة) মঞ্জরিত হওয়া, (শস্য) শিষ বাহির করা।

سُنْبُلَة، سُنْبُل : (শস্যের) শিষ, মঞ্জরী; ফুলগাছবিশেষ, hyacinth, tulip. ব سَنَابِل

بُرْجُ السُّنْبُلَة، السُّنْبُلَة : কন্যারাশি।

سِنْت : সেন্ট।

مُسْنِت، سَنِت : অনুর্বর (ভূমি); নিঃস্ব (ব্যক্তি)।

سَنُّوت : পনির; মধুর; খেজুর; জিরা।

سَنْتِيغْرَاد، سَنْتِغْرَاد : সেন্টিগ্রেড।

سَنْتِيمِتْر، سَنْتِمِتْر : সেন্টিমিটার।

سَنَجَ : ـُ (سَنْج) কলঙ্কিত করা, কলুষিত করা।

سَنْجَة : বাটখারা। ব سَنَجَات، سِنَج



www.pathagar.com

سَنَّدَ : (تَسْنِيْد) ঠেকনা দেওয়া, রক্ষা করা, সাহায্য করা; পৃষ্ঠপোষকতা করা, সমর্থন করা।

سَانَدَ : (الْمُسَانَدَة) পৃষ্ঠপোষকতা করা, সাহায্য করা, সমর্থন করা; পুরস্কৃত করা।

أَسْنَدَ : (إِسْنَاد) ভর করানো, নির্ভর করানো, ঠেস দেওয়ানো; আরোপ করা, সম্পৃক্ত করা; উপরে উঠানো; ভিত্তি করা।

تَسَانَدَ : একে অপরের উপর নির্ভর করা, একে অপরকে সমর্থন করা।

~ إِلَى : নির্ভর করা, হেলান দেওয়া; ঠেস দেওয়া।

سَنَد : ঠেকনা; পৃষ্ঠপোষকতা, সমর্থন; হাদীসের সূত্র, সনদ; পর্বতশৃঙ্গ। ব أَسْنَاد

~ : দলীল, রেকর্ড, কাগজপত্র, বিল, ভাউচার। ব سَنَدَات

سَنَد شَحْنِ الْبَضَائِع : বহন-পত্র, bill of lading.

سَنَدَاتُ حُكُومَة : সরকারি বন্ড।

السِّنْد : সিন্ধু (প্রদেশ, নদী)।

سِنْدَان : কামারের নেহাই। ব سَنَادِين

إِسْنَاد : সম্পৃক্তকরণ, আরোপণ।

~ : (হাদীসের) সূত্র; প্রমাণ, দলীল, রেকর্ড, ভাউচার। ব أَسَانِيد

إِسْنَاد : নির্ভরশীলতা, নির্ভরতা।

إِسْتِنَادًا إِلَى : ভিত্তিতে, ভিত্তি করিয়া, ভর করিয়া।

مُسْنَد : সনদযুক্ত (হাদীস); কাল; যুগ; বিধেয় (ব্যা)। ব مَسَانِيد، مَسَانِد

مُسْنَد إِلَيْهِ : উদ্দেশ্য (ব্যা)।

مَسْنَد، مِسْنَد : ঠেকনা; আরাম-কেদারা, বালিশ। ব مَسَانِد

مُسْتَنِد إِلَى : নির্ভরশীল, আস্থাবান।

مُسْتَنَد : কারণ, উদ্দেশ্য।

~ : দলীল; প্রমাণপত্র; কাগজপত্র; রেকর্ড; ভাউচার; বিল। ব مُسْتَنَدَات

مُسْتَنَد الْمِلْكِيَّة : স্বত্বাধিকারের দলিল।

مُسْتَنَدَات الشَّحْن : বহন-পত্র bill of lading.

دَارُ الْمُسْتَنَدَات : সেরেস্তা, archives.

السِّنْدِبَاد الْبَحْرِيّ : সিন্দাবাদ : আরব্য উপন্যাসের নাবিক, সমুদ্র-পর্যটক।

سَنْدَرَ : (سَنْدَرَة) দ্রুত গমন করা।

سَنْدَرَة : চিলেকোঠা; বার্চ বৃক্ষ; শস্যের মাপবিশেষ।

سَنْدَرِيّ : লম্বা; সাহসী; বড় চক্ষুবিশিষ্ট সিংহ।

سُنْدُس : উন্নতমানের মিহিন রেশমি বস্ত্র, বুটিদার রেশমি বস্ত্র, কিঙখাব।

سِنْدِيَان : চিরসবুজ ঔকবৃক্ষ।

سِنْدِيك : (ফা) কর্পোরেশনের এজেন্ট, প্রতিষ্ঠানের সদস্য।

سِنَّارَة : বড়শি। ব سَنَانِير

سِنَّوْر : বিড়াল। ব سَنَانِير স্ত্রী سِنَّوْرَة

سَنَوَّر : লৌহনির্মিত অস্ত্র।

السُّنُوسِيَّة : সীদী মুহাম্মাদ আস-সুনূসী (১৭৯১-১৮৫৯ খ্রি.) কর্তৃক প্রতিষ্ঠিত সূফী মতবাদ।

اللُّغَة السَّنْسكْرِيتِيَّة، السَّنْسكْرِيتِيَّة : সংস্কৃত ভাষা।

سَنِطَ - سَنُطَ : (سَنَط)، (سَنَاطَة) - سَنِطَ শ্মশ্রুবিহীন হওয়া।

سَنْط : কাঁটাবৃক্ষবিশেষ।

سِنْط : কবজি।

سَنْطَة : আব, রোগজনিত মাংসপিণ্ড, wart.

سِنَاط، سَنُوط، سَنَاط : শ্মশ্রুবিহীন। ব أَسْنَاط، سُنُط

سِنْطَاب : কামারের হাতুড়ি।

سِنْطِير، سَنْطُور : বাদ্যযন্ত্র বিশেষ, dulcimer.

سِنْع : কবজি। ব أَسْنَاع، سِنَعَة

سَنِيع، أَسْنَع : লম্বা; সুদর্শন।

سَنِيعَة : পাহাড়ি রাস্তা। ব سَنَائِع

سِنْغَافُورَة : সিঙ্গাপুর।



www.pathagar.com

سِنْغَال : সেনেগাল।

أَسْنَفَ : (إِسْنَاف) পেটি দ্বারা (উট) বাঁধা।

سِنْفَة، سِنْف : বীজকোষ।

سِنَاف : উষ্ট্রজিনের পেটি। ব أَسْنِفَة، سُنُف

سَنْفِيرَة، سَنْفَرَة : পালিশ ইত্যাদির জন্য ব্যবহৃত গুঁড়া খনিজ পদার্থ বিশেষ, emery.

وَرَق سَنْفَرَة : সিরিশ কাগজ।

سَنِقَ - َ : (سَنَق) (শিশু) দুগ্ধ পানজনিত অজীর্ণে আক্রান্ত হওয়া।

سُنُّوقَة : সুন্দরী স্ত্রীলোক।

سَنْكَرَ : (سَنْكَرَة) (দরজায়) তালা লাগানো।

سَنْكَرِيّ : টিনের বাসন-কোসন মেরামতকারী, টিনের কারিগর। ব سَنَاكِرَة

سُنْكِي : বেয়নেট।

سَنِمَ - َ : (سَنَم) বড় কুঁজবিশিষ্ট হওয়া (উট)।

سَنَّمَ : (تَسْنِيم) (পাত্র) পূর্ণ করা; উপরে উঠানো।

أَسْنَمَ : (إِسْنَام) উপরে উঠা।

تَسَنَّمَ : উপরে উঠা, আরোহণ করা; ছাড়াইয়া যাওয়া।

سَنَام : (উটের) কুঁজ, গোত্রপ্রধান। ব أَسْنِمَة

سَنِم : বড় কুঁজবিশিষ্ট (উট); পুষ্পসমন্বিত, মুকুলিত (বৃক্ষ)।

سَنَمَة : মুকুল; শীর্ষ, চূড়া।

سَنِيم : উচ্চমর্যাদাসম্পন্ন।

تَسْنِيم : (বেহেশতের) সুমধুর পানীয়, অমৃত।

تَسْنِيمَة : পৃষ্ঠদেশ, উর্ধ্বদেশ।

سَنَمُورَة : (তু) মৎস্যবিশেষ, anchovy.

سَنِهَ - َ : (سَنَه)، تَسَنَّه অধিক পুরাতন হওয়া, বাসি হওয়া।

سَانَهَ : এক বৎসরের চুক্তি করা।

مُسَانَهَة : বাৎসরিক, প্রতি বৎসর।

سَنَا (سَنو) : ~ عَلَى উপরে উঠা, উন্নত হওয়া।

سَنَا - ُ : (سَنَاء) ঝলকাইয়া উঠা, জ্বলিয়া উঠা, উজ্জ্বল হওয়া।

سَنَّى : (تَسْنِيَة) সহজ করা, সম্ভব করা; শিথিল করা।

سَانَى : (مُسَانَاة) সদয় আচরণ করা।

أَسْنَى : (إِسْنَاء) আলোকিত করা; উন্নত করা।

تَسَنَّى : সহজ হওয়া; সম্ভব হওয়া; প্রস্তুত হওয়া; খুলিয়া যাওয়া; উন্নত হওয়া; সন্তুষ্ট করা।

سَنًى، سَنًا : চমক, ঝলক, ঔজ্জ্বল্য।

سَنَاء : চমৎকারিত্ব; প্রভা; দীপ্তি; জাঁকজমক; উচ্চ পদমর্যাদা।

سَنَة : বৎসর, সন। ব سِنِين، سَنَوَات، سِنُون

سَنَة شَمْسِيَّة : সৌরবৎসর।

~ قَمَرِيَّة : চান্দ্রবৎসর।

~ كَبِيسَة : অধিবর্ষ, leap year.

~ مَالِيَة : অর্থবৎসর।

سَنَة مَسِيحِيَّة ,~ مِيلَادِيَّة : খ্রিস্টীয় সন, খ্রিস্টাব্দ।

~ هِجْرِيَّة : হিজরী সন।

رَأْس السَّنَة : নববর্ষ।

~ يَوْم ~ : নববর্ষ দিবস, বৎসরের প্রথম দিন।

سِنَة : নিদ্রা, তন্দ্রা (وسن)।

سَنَوِيّ : বাৎসরিক, বার্ষিক।

سَنَوِيًّا : প্রতি বৎসর, বার্ষিক।

سَنِيّ : উচ্চ, উন্নত; মহৎ; চমৎকার।

سَانِيَة : পানি উত্তোলন চক্র। ব سَوَانٍ

مُسَنَّاة : বাঁধ; জেটি। ব مُسَنَّوَات، مُسَنَّيَات

سُنُودس : ধর্মসভা; synod.

سُنُونُوة، سُنُونُو : দোয়েল।

سَهَبَ - َ : (سَهْب) লওয়া; গ্রহণ করা।

أَسْهَبَ : (إِسْهَاب) স্বাধীনভাবে চরিতে দেওয়া; স্তন্যপান করানো।

أَسْهَبَ فِى الكَلَامِ : বিস্তারিতভাবে বলা।

سَهْب : বিস্তৃত প্রান্তর। ব سُهُوب



www.pathagar.com

إِسْهَاب : বিস্তারিত বিবরণ।

مُسْهَب : সুদীর্ঘ, বিস্তারিত।

سَيْهُوج : ঝঞ্ঝা।

سَهِدَ - سَهْدًا (سُهْد) : تَسَهَّدَ নিদ্রাহীন হওয়া; অনিদ্রাগ্রস্ত হওয়া; জাগ্রত থাকা।

سَهَّدَ : (تَسْهِيد) নিদ্রাহীন করা, জাগ্রত রাখা।

سُهْد، سُهَاد : নিদ্রাহীনতা, অনিদ্রা।

سُهُد، مُسَهَّد : বিনিদ্র, অনিদ্রাগ্রস্ত; জাগ্রত।

سَهِرَ - سَهْرًا (سَهَر) : বিনিদ্র রজনী যাপন করা, রাত্রিকালে সজাগ থাকা, ঘুম না আসা; জাগ্রত থাকা, সতর্ক থাকা।

~ عَلَى : দেখাশুনা করা, পর্যবেক্ষণ করা।

سَهَّرَ، أَسْهَرَ، تَسْهِير : (إِسْهَار، تَسْهِير) জাগ্রত রাখা, নিদ্রাহীন করা।

سُهَار، سَهَر : নিদ্রাহীনতা; অনিদ্রা; জাগরণ, সতর্কতা।

سَهْرَة : সন্ধ্যা, সান্ধ্য সমাবেশ।

لِبَاس السَّهْرَة : সান্ধ্য পোশাক।

سَهْرَان، سَاهِر : বিনিদ্র, জাগ্রত, সজাগ, সতর্ক।

لَيْل سَاهِر : বিনিদ্র রজনী।

سَهَّار : রাত্রি জাগরণে অভ্যস্ত।

سَاهِرَة : ভূপৃষ্ঠ; অফুরন্ত ঝরনা; বিস্তীর্ণ প্রান্তর; চন্দ্র-মণ্ডল।

حَفْلَة سَاهِرَة : সান্ধ্য সমাবেশ।

سَاهُور : সতর্কতা; প্রাচুর্য; চন্দ্র-মণ্ডল।

مَسْهَر : নৈশ ক্লাব, night club. ব مَسَاهِر

سَهِفَ - سَهَفًا (سَهَف) : পিপাসায় কাতর হওয়া।

سَهْف : মাছের আঁশ।

سُهَاف : তীব্র পিপাসা।

مَسْهُوف : তৃষ্ণা নিবারণে অক্ষম।

سَهَك : ঘামের দুর্গন্ধ।

سَهُلَ - سُهُولَة (سُهُولَة) : সহজ হওয়া, কোমল হওয়া; সমতল হওয়া।

سَهَّلَ : (تَسْهِيل) সহজ করা; কোমল করা; সমতল করা; যোগান দেওয়া।

سَاهَلَ، تَسَاهَلَ : নম্র হওয়া; সদয় হওয়া; সহনশীল হওয়া; বশ্যতা প্রদর্শন করা।

أَسْهَلَ : (إِسْهَال) সমতল ভূমিতে আগমন করা, সহজ পাওয়া; মল অপসারিত করা, জোলাপ লওয়া, (পেট) নরম করা।

أُسْهِلَ : (পেট) নরম হওয়া, উদরাময়ে আক্রান্ত হওয়া।

تَسَهَّلَ : সহজ হওয়া।

اِسْتَسْهَلَ : (إِسْتِسْهَال) সহজ মনে করা, সহজ পাওয়া।

سَهْل : সহজ, সরল, সমতল।

~ : সমতল ভূমি। ব سُهُول

سَهْل الإِسْتِعْمَال : সহজে ব্যবহারযোগ্য, সুবিধাজনক।

~ الخُلُق : কোমলস্বভাব।

~ الهَضْم : সহজপাচ্য, সুপাচ্য, লঘু।

سَهْلَة : হরফের ফরমা সমতল করিবার কাষ্ঠখণ্ড, planer.

عُمْلَة سَهْلَة : বহুল প্রচলিত মুদ্রা, সহজে বিনিময়যোগ্য মুদ্রা, soft currency.

مُسْهِل، سَهُول : জোলাপ।

سُهُولَة : সহজতা, সুবিধা, সুযোগ, আরাম।

بِسُهُولَة : অনায়াসে।

سُهَيْل : তারকাবিশেষ, অগস্ত্য তারা, canopus.

إِسْهَال : উদরাময়।

تَسْهِيل : সহজকরণ।

تَسْهِيلَات : সুযোগ-সুবিধা, facilities.

تَسَاهُل : সহৃদয়তা, সহনশীলতা; সহিষ্ণুতা; অসতর্কতা; অবহেলা।

مُسْهَل : উদরাময়ে আক্রান্ত।

مُتَسَاهِل : সহৃদয়, সহিষ্ণু, নম্র, অসতর্ক।

سَهَمَ - سَهُمَ، - سُهُومًا (سُهُوم) : ভ্রূকুটি করা; শুকাইয়া যাওয়া; বিষণ্ন হওয়া।

سَاهَمَ، تَسَاهَمَ : (مُسَاهَمَة) অংশগ্রহণ করা, অংশীদার হওয়া, ভাগ্য পরীক্ষা করা, লটারি ধরা।



www.pathagar.com

أَسْهَمَ : (إِسْهَام) অংশ দেওয়া, অংশীদার করা।

سَهْم : তীর, বর্শা, জাহাজের মাস্তুল। ব أَسْهُم، سِهَام

~ : ভাগ্য, অংশ, শেয়ার; লটারির টিকিট। ব أَسْهُم

سَهْمُ الرَّامِي : ধনুরাশি।

~ نَارِيّ : রকেট।

أَسْهُم عَادِيَة : সাধারণ শেয়ার।

~ التَّأْسِيس : প্রতিষ্ঠাতার অংশ, founders shares.

~ مَالِيَة مَضْمُونَة : গ্যারান্টিযুক্ত ঋণপত্র।

حَمَلَةُ الأَسْهُم : শেয়ারধারী, shareholders.

نَفَذَ السَّهْمُ : যাহা হইবার হইয়া গিয়াছে, the die is cast.

سُهُم : তীব্র উত্তাপ।

سُهَام : কৃশতা, উষ্ট্ররোগবিশেষ।

سُهُوم : দুঃখ, বিষণ্ণতা; শোক।

مُسَاهِم : অংশগ্রহণকারী; অংশীদার, শেয়ারধারী, shareholder.

مُسَاهَمَة : অংশগ্রহণ, অংশীদারিত্ব, শেয়ার।

شَرِكَة سِهَامِيَّة، شَرِكَة المُسَاهَمَة : জয়েন্ট স্টক কোম্পানি, লিমিটেড কোম্পানি।

سَهَا : ـُ : (سُهُوّ، سَهْو) অমনোযোগী হওয়া; অন্যমনস্ক হওয়া; ভুলিয়া যাওয়া; অবহেলা করা, উপেক্ষা করা।

سَهُوَ : ـُ : (سَهَاوَة) শান্তশিষ্ট হওয়া; অনুগত হওয়া।

أَسْهَى : (إِسْهَاء) ভুলাইয়া রাখা।

سَهْو : ভুল, অমনোযোগ, অন্যমনস্কতা; অবহেলা, উপেক্ষা।

سَهْوًا : ভুলে, বেখেয়ালে; অন্যমনস্কতার সহিত।

سَهْوَة : অমনোযোগিতা; তাক; প্রকোষ্ঠ, কামরা, কুটির; মশারি, জানালা। ব سِهَاء

سَهْوَان، سَاهٍ : অমনোযোগী; অন্যমনস্ক; বিস্মৃতিশীল; উপেক্ষাকারী।

سَهْيَان : স্বপ্নাবিষ্ট, অন্যমনস্ক।

سَاءَ : ـُ : (سَوْء) মন্দ হওয়া, খারাপ হওয়া; দুঃখ দেওয়া; কষ্ট দেওয়া; অসন্তুষ্ট করা; অন্যায় ব্যবহার করা; ক্ষতি করা।

سَاءَ طَالِعُهُ : সে হতভাগ্য হইল।

~ بِهِ ظَنًّا : খারাপ ধারণা করালো, অবিশ্বাস করালো।

سَوَّأَ : (تَسْوِيئًا) খারাপ করা, নষ্ট করা; নিন্দা করা; অপছন্দ করা।

أَسَاءَ : (إِسَاءَة) নষ্ট করা; অন্যায় আচরণ করা, দুর্ব্যবহার করা; খারাপ কাজ করা; অসন্তুষ্ট করা, ক্ষতি করা; কষ্ট দেওয়া।

أَسَاءَ اسْتِعْمَالَهُ : অপব্যবহার করালো।

~ التَّصَرُّفَ : দুর্ব্যবহার করানো, অন্যায় আচরণ করা।

~ الفَهْمَ : ভুল বুঝল।

اِسْتَاءَ : ~ مِنْ অসন্তুষ্ট হওয়া, বিরক্ত হওয়া; অপছন্দ করা।

سُوء : মন্দ, খারাপ; ক্ষতি; অন্যায়; দোষ; দুর্ভাগ্য। ব أَسْوَاء

سُوءُ الإِدَارَة : অব্যবস্থা, মন্দ পরিচালনা।

~ الاِسْتِعْمَال : অপব্যবহার।

~ التَّصَرُّف : দুর্ব্যহার, অন্যায় আচরণ।

~ التَّغْذِيَة : অপুষ্টি।

سُوءُ البَخْتِ، ~ الحَظّ : দুর্ভাগ্য।

~ الخُلُق : মন্দ প্রকৃতি।

~ السُّلُوك : মন্দ আচরণ।

~ الظَّنّ : খারাপ ধারণা, সন্দেহ, অবিশ্বাস।

~ العَلَاقَات : খারাপ সম্পর্ক।

~ الفَهْم : ভুল ধারণা, ভুল বোঝাবুঝি।

~ التَّفَاهُم : পারস্পরিক ভুল বোঝাবুঝি, অমিল।

سُوء النِّيَّة، ~ القَصْد : খারাপ উদ্দেশ্য; অসদুদ্দেশ্য।

~ الهَضْم : অজীর্ণ, বদহজম।

تَقْدِيرُ السُّوء : নৈরাশ্যবাদ, pessimism.

مُقَدِّرُ ~ : নৈরাশ্যবাদী, pessimist.



www.pathagar.com

سَوْءَة : লজ্জা; লজ্জাকর কাজ; খারাপ কাজ; লজ্জাস্থান; অপমান, নিন্দা। ব سَوْآت

سَيِّئ : খারাপ, মন্দ, নিকৃষ্ট।

سَيِّئ التَّرْبِيَة : অভদ্র, অশিষ্ট।

سَيِّئ الطَّالِع ،~ الحَظّ : হতভাগ্য, দুর্ভাগা।

سَيِّئ الطَّبْع ،~ الخُلُق : মন্দ স্বভাব, বদমেজাজী।

~ السُّمْعَة : কুখ্যাত।

سَيِّئَة : (إِسَاءَة) খারাপ কাজ, পাপ, অন্যায়, অপরাধ। ব سَيِّئَات

إِسَاءَة الإِسْتِعْمَال : অপব্যবহার।

~ المُعَامَلَة : অন্যায় আচরণ।

إِسْتِيَاء : অসন্তুষ্টি, বিরক্তি।

مَسَاءَة : খারাপ কাজ, অন্যায়। ব مَسَاوِئ

مُسِيئ : অসন্তুষ্টিকর, বিরক্তিকর; অনিষ্টকর।

مُسْتَاء : অসন্তুষ্ট, বিরক্ত।

سَاجَ ـُ : (سَوْج) শান্তভাবে চলা।

سَاج : সেগুন গাছ। ব سِيجَان

سَاجَات : গজদন্ত-নির্মিত ক্ষুদ্র করতাল বিশেষ, castanets.

سَاحَ : (سِيَاحَة) ঘুরিয়া বেড়ানো, ভবঘুরে জীবন যাপন করা।

سَاحَة : অঙ্গন, প্রাঙ্গণ, উঠান, আঙিনা; মাঠ; ময়দান। ব سَاحَات، سَاح

سَاحَةُ الأَلْعَاب : খেলার মাঠ।

~ القِتَال : যুদ্ধক্ষেত্র।

~ القَضَاء : বিচারালয়।

بَرَّأَ سَاحَتَهُ : (تَبْرِئَة) নির্দোষ বলিয়া ঘোষণা করা।

سَوَّاح، سَائِح : পর্যটক।

سَاخَ ـُ : (سَوْخ) (মাটিতে) গাড়িয়া যাওয়া।

سُوَاخ : ক্লেদ।

سَادَ ـُ : (سُؤْدُد، سُوْدَد، سِيَادَة) নেতা হওয়া; প্রধান হওয়া, প্রভু হওয়া; শাসন করা, নেতৃত্ব দেওয়া; প্রভুত্ব করা; ছাইয়া যাওয়া, প্রাদুর্ভূত হওয়া।

سَوِدَ ـَ : (سَوَاد) إِسْوَدَّ (إِسْوِدَاد) إِسْوَادَّ (إِسْوِيدَاد)، কালো হওয়া।

سَوَّدَ : (تَسْوِيد) কালো করা; নেতা বানানো; (জমিতে) সার দেওয়া; খসড়া লেখা।

سَوَّدَ وَجْهَهُ : অসম্মান করা, কলঙ্কমুক্ত করা।

تَسَوَّدَ : নেতা হওয়া; কালো হওয়া; বিবাহ করা।

سَوْد : কালো প্রস্তরময় উপত্যকা; শ্যামল-সবুজ ভূমি। ব أَسْوَاد

سُود، سُؤْدَد، سُؤْدُد : নেতৃত্ব।

سَوَاد : কালো রং; কৃষ্ণতা, অন্ধকার; বড় সংখ্যা; সংখ্যাগরিষ্ঠতা; সার। দিজলা ও ফুরাতের মধ্যবর্তী উর্বর শ্যামল অঞ্চল, ইরাক।

~ : ব্যক্তি। ব أَسْوِدَة

سَوَاد العَيْن : চক্ষুর তারা।

~ المَدِينَة : শহরের উপকণ্ঠ।

~ المُسْلِمِين : সর্বস্তরের মুসলমানদের ব্যাপক সংখ্যাগুরু অংশ।

~ النَّاس : সাধারণ মানুষ।

السَّوَاد الأَعْظَم : সংখ্যাগরিষ্ঠ অংশ।

أَسْوَد : কালো, কৃষ্ণবর্ণ, শ্যামল। স্ত্রী سَوْدَاء ব سُود

أَسْوَدَان : সাপ ও বিচ্ছু; খেজুর ও পানি। ব أَسَاوِد

أَسْوَد فَاحِم : গাঢ় কালো।

الحَجَر الأَسْوَد : পবিত্র কা'বাগৃহ সংলগ্ন কালো পাথর।

~ : কালো, নিগ্রো। ব سُودَان

سَوْدَاء، سُوَيْدَاء : বিষণ্ণতা, বিষাদ; পিত্তরস।

سَوْدَاوِيّ، مَسْؤُود : বিষণ্ণ, বিষাদগ্রস্ত।

السُّودَان : সুদান দেশ।

مُسَوَّدَة، مُسْوَدَّة : খসড়া, জাবেদা।

مُسَوَّدَة الطَّبْع : প্রুফশিট।

سَيِّد : নেতা, প্রধান, প্রভু, কর্তা, স্বামী; জনাব; মহানবী হযরত মুহাম্মাদ (স)-এর বংশধর। ব أَسْيَاد، سَادَة



www.pathagar.com

سَيِّدَة : নেত্রী, সম্মানীয়া স্ত্রীলোক, মিসেস। ব سَيِّدَات

سَيِّدِي : মহোদয়, sir.

سَيِّدَتِي : মহোদয়া, madam.

سَيِّدَاتِي وَسَادَتِي : ভদ্রমহিলা ও ভদ্রমহোদয়গণ।

سَائِد : প্রভাব বিস্তারকারী; সার্বভৌম; নেতা। ব سَادَة

سِيَادَة : নেতৃত্ব; কর্তৃত্ব; প্রভুত্ব; শাসন; সার্বভৌমত্ব; সম্মানসূচক উপাধিবিশেষ।

سَارَ - ُ : (سَوْر) (দেয়াল) ডিঙ্গানো।

سَارَ : (سير) ভ্রমণ করা।

سَوَّرَ : (تَسْوِير) প্রাচীরবেষ্টিত করা; চুড়ি পরানো।

سَاوَرَ : (مُسَاوَرَة) আক্রমণ করা, ঝাঁপাইয়া পড়া; অভিভূত করা, মগ্ন করিয়া রাখা।

تَسَوَّرَ : (দেয়াল) ডিঙ্গানো; চুড়ি পরিধান করা; প্রাচীর বেষ্টিত হওয়া।

سُور : প্রাচীর, দেয়াল, বেড়া, রেলিং; উৎকৃষ্ট উট। ব أَسْوَار

سَوْرَة : তীব্রতা, প্রচণ্ডতা; আক্রমণ, প্রকোপ; শক্তি।

سُورَة : আল কুরআনের অধ্যায়, সূরা, মর্যাদা; চিহ্ন; প্রাচীরস্থ পাথরের সারি। ব سُوَر

إِسْوَار، سُوَار : চুড়ি, বালা; কঙ্কন; বাজুবন্ধ; হাতকড়ি। ব أَسَاوِرَة، أَسَاوِر، أَسْوِرَة، سُوْر

سُوار القَمِيص : আস্তিনের কপ।

مِسْوَرَة، مِسْوَر : চামড়ার বালিশ। ব مَسَاوِر

مُسَوَّر : প্রাচীরবেষ্টিত; শক্তিশালী।

سُورِيَة، سُورِيَا : সিরিয়া, আরবের উত্তরে প্রাচীন শামদেশ।

سُورِيّ : সিরীয়।

سَوَارِيّ : (ফা) আরোহী, অশ্বারোহী, অশ্বারোহী সৈনিক।

سَاسَ - ُ : (سِيَاسَة) শাসন করা, পরিচালনা করা, নির্বাহ করা; প্রশিক্ষণ দেওয়া, পরিচর্যা করা।

أَسَاسَ (تَسْوِيس) سَوَّسَ (سَوَاس) : - َ سَوِسَ (إِسَاسَة) تَسَوَّسَ কীটদষ্ট হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া।

سُوس : মথ-পোকা; যষ্টিমধু; প্রকৃতি; মূল। ব سِيسَان

رُبّ السُّوس : যষ্টিমধুর ঘনীভূত রস।

~ عِرْق : যষ্টিমধুর শিকড়, যষ্টিমধু।

سِيَاسَة : পরিচালনা, ব্যবস্থাপনা, প্রশাসন, পরিচর্যা; নীতি। ব سِيَاسَات

السِّيَاسَة : রাজনীতি।

السِّيَاسَة الدُّوَلِيَّة : কূটনীতি, diplomacy.

عِلْم السِّيَاسَة : রাষ্ট্রবিজ্ঞান।

سِيَاسِيّ : রাজনৈতিক, কূটনৈতিক; রাজনীতিবিদ; কূটনৈতিক ব্যক্তি, কূটনীতিজ্ঞ; বুদ্ধিমান, বিচক্ষণ।

سِيَاسِيّ مُحَنَّك : ঝানু রাজনীতিবিদ।

سَجِين سِيَاسِيّ : রাজবন্দি।

مَسَائِل سِيَاسِيَّة : রাজনৈতিক কার্যকলাপ।

عِلْم الإِقْتِصَاد السِّيَاسِيّ : রাজনৈতিক অর্থনীতি, অর্থনীতি বিজ্ঞান, political economy.

سَائِس : চালক, পরিচালক, ব্যবস্থাপক, প্রশাসক; পরিচর্যাকারী, সহিস। ব سُوَّاس، سَاسَة

تَسَوُّس : (দাঁতের) ক্ষয়রোগ।

مُسَوَّس : পোকায় কাটা, কীটদষ্ট, ক্ষয়প্রাপ্ত।

سُوسَان، سُوسَن، سَوْسَن : (ফা) লিলিফুল, পদ্মফুল।

سَاطَ - ُ : (سَوْط) চাবুক মারা।

سَوَّطَ : (تَسْوِيط) মিশাইয়া ফেলা, বিজড়িত করা।

إِسْتَوَطَ : (إِسْتِوَاط) বিজড়িত হওয়া।

سَوْط : চাবুক কশা, কশাঘাত, বেত্রাঘাত; ভাগ্য, দুর্ভাগ্য। ব سِيَاط، أَسْوَاط

سَوَّاط : চাবুকধারী পুলিশ।

مِسْوَط : মন্থন করবার বা ঘুঁটবার দন্তবিশেষ মিশ্রণ-কাঠি, ঘুঁটনি।



www.pathagar.com

مُتَسَوِّط : (পুণ্যের উদ্দেশ্যে) আত্মনিগ্রহকারী, নিজেকে বেত্রাঘাতকারী।

سَاعَ ـُ : (سَوْع) স্বাধীনভাবে চরিয়া বেড়ানো; হারাইয়া যাওয়া।

سَاوَعَ : (مُسَاوَعَة) দর কষাকষি করা; ঘণ্টা হিসাবে নিয়োগ করা।

أَسَاعَ : (إِسَاعَة) অবহেলা করা; হারানো।

سَاعَة : ঘণ্টা, সময়, ঘড়ি। ব سَاعَات، سَاع

السَّاعَة : কিয়ামত।

سَاعَة الجَيْب : পকেট ঘড়ি।

~ حَائِط : দেয়াল ঘড়ি।

~ رَمْلِيَّة : বালির ঘড়ি, sand-glass.

~ سِبَاق : প্রতিযোগিতায় ব্যবহৃত নির্ধারিত সময় নির্দেশক ঘড়ি, stop-watch.

~ شَمْسِيَّة : সূর্য-ঘড়ি, sundial.

~ اليَد : হাতঘড়ি।

السَّاعَة : এখন, এখনই।

حَتَّى السَّاعَة : এখন পর্যন্ত।

مُنْذُ السَّاعَة، مِنَ ~ : এখন হইতে।

لِسَاعَتِه، مِنْ سَاعَتِه : তৎক্ষণাৎ।

اِبْنُ ~ : ক্ষণস্থায়ী।

سَاعَاتِي : ঘড়ি নির্মাতা, ঘড়ি বিক্রেতা, ঘড়ি মেরামতকারী।

سُوَيْعَة : অল্পক্ষণ।

سَاغَ ـُ : (مَسَاغ، سَوْغ) গিলিতে সহজ হওয়া; সুবিধাজনক হওয়া, অনুমোদিত হওয়া, অনুমোদনযোগ্য হওয়া; গিলিয়া ফেলা; অনুমোদন করা, অনুমতি দেওয়া, গ্রহণ করা।

~ لِ : মানানসই হওয়া, উপযোগী হওয়া।

سَوَّغَ : (تَسْوِيغ) অনুমতি দেওয়া, অনুমোদন করা, গ্রহণ করা; সঠিক মনে করা; প্রদান করা।

أَسَاغَ : (إِسَاغَة) পানির সাহায্যে গিলিয়া ফেলা, উদরস্থ করা; স্বাচ্ছন্দ্য দেওয়া।

سَوْغ : যমজ।

سِوَاغ : যাহা দ্বারা আহারের সময় গলবদ্ধতা দূর করা হয়।

سَائِغ : গিলিতে সহজ, সহজে গলাধঃকরণযোগ্য, সুস্বাদু; রুচিকর; অনুমোদনযোগ্য, অনুমোদিত।

مَسَاغ : উপায়, সুযোগ।

مُسَوِّغ : যুক্তিযুক্ততা, সমর্থন।

مُسْتَسَاغ : গিলিতে সহজ, সুস্বাদু, রুচিকর।

سَوَّفَ : স্থগিত রাখা, মুলতবি রাখা; গড়িমসি করা; বিলম্বিত করা; পূর্ণ ক্ষমতা প্রদান করা।

أَسَافَ : (إِسَافَة) হারানো।

سَوْفَ : ক্রিয়ার ভবিষৎকাল নির্দেশক শব্দ, যেমন سَوْفَ تَرَى -তুমি দেখিবে।

سَافَة، سَاف : স্তর।

تَسْوِيف : মুলতবিকরণ, দীর্ঘসূত্রিতা, গড়িমসি।

مَسَاف : নাক।

مَسَافَة : দূরত্ব; বিরতি। ব مَسَاوِف، مَسَافَات

سَاقَ ـُ : (مَسَاق، سِيَاقَة، سَوْق) চালানো, পরিচালিত করা, তাড়াইয়া নেওয়া; আগাইয়া নেওয়া; উত্তোলিত করা; প্রেরণ করা; চরানো।

~ إِلَى : আদায় করা।

سَاقَ الحَدِيث : কথাবার্তা চালানো।

~ الخَبَر : সংবাদ আরম্ভ করা।

~ مَسَاقَهُ : অনুসরণ করা।

سَوَّقَ : (تَسْوِيق) বাজারজাত করা, বিক্রয় করা; কাণ্ডবিশিষ্ট হওয়া (গাছ)।

سَاوَقَ : (مُسَاوَقَة) সঙ্গী হওয়া; একমত হওয়া; চালনা-প্রতিযোগিতা করা।

تَسَوَّقَ : বাজার করা, ক্রয়-বিক্রয় করা।

تَسَاوَقَ : পর্যায়ক্রমে আসা; একত্রে আসা।

اِنْسَاقَ : (اِنْسِيَاق) তাড়িত হওয়া, চালিত হওয়া।

اِسْتَاقَ : (اِسْتِيَاق) চালানো, পরিচালিত করা, তাড়াইয়া নেওয়া; আগাইয়া নেওয়া; চরানো।

سَاق : (স্ত্রী) পা, জংঘা, (গাছের) গুঁড়ি, কাণ্ড, ডাঁটা। ব سِيقَان، سُوق

سَاقُ الحَمَام : ভেষজ উদ্ভিদবিশেষ, bugloss, columbine.



www.pathagar.com

أَبُو السَّاقِ : পাখিবিশেষ, stilt.

~ رَبْطَة : মোজা-বাঁধা ফিতা, garter.

~ عَظْم : জঙ্ঘাস্থি, shin-bone.

سَاقَة : সেনাবাহিনীর পশ্চাদংশ; পশ্চাৎরক্ষী।

سُوق : (স্ত্রী) বাজার, মেলা। ব أَسْوَاق

سُوق خَيْرِيَّة، سُوق الإِحْسَان : দান সংগ্রহের উদ্দেশ্যে আয়োজিত বাজার, charity Bazar.

~ دَوْرِيَّة : অস্থায়ী বাজার, মেলা।

~ رَاقِدَة : মন্দাবাজার।

~ مُسْتَطَارَة : সরগরম বাজার, জমজমাট।

~ النَّقْد : মুদ্রাবাজার।

السُّوق الأَسْوَد : কালোবাজার, black market.

~ الحُرَّة : মুক্তবাজার, free market.

~ المُشْتَرَكَة : সাধারণ বাজার, common market.

السُّوقُ الأُورُوبِيَّةُ المُشْتَرَكَة : ইউরোপীয় সাধারণ বাজার।

سِعْر السُّوق : বাজার-দর।

سُوقَة : প্রজা, সাধারণ মানুষ, জনতা। ব سُوَق

سُوقِيّ : সাধারণ, ইতর।

سَائِق، سَوَّاق : চালক।

سِيَاق : পরম্পরা, প্রসঙ্গ; মধ্যস্থতাকারী।

سَوِيق : গম ও যব দ্বারা প্রস্তুত মণ্ডবিশেষ। ব أَسْوِقَة

سُوَيق : মিহি আটা; কাণ্ড (গাছের), গুঁড়ি।

سُوَيْقَة : ক্ষুদ্র বাজার।

تَسْوِيق : বাজারজাতকরণ, বিক্রয়।

تَسْوِيقَة : সুবিধাজনক ক্রয়, দর-কষাকষি।

مَسَاق : গতি; উন্নতি; লক্ষ্য; চালনা।

سَاكَ ـُ : (سَوْك) ঘর্ষণ করা, মাজা।

سَوَّكَ : (تَسْوِيك) ঘর্ষণ করা, (দাঁত) পরিষ্কার করা, মেসওয়াক করা।

إِسْتَاكَ، تَسَوَّكَ : (إِسْتِيَاك) দাঁত পরিষ্কার করা, মেসওয়াক করা।

مِسْوَاك، سِوَاك : মেসওয়াক, দাঁতন। ব مَسَاوِيك، سُوك

سَوْكَرَ : বীমা করা; নিরাপত্তা দেওয়া; রেজিস্ট্রি করা (চিঠি)।

مُسَوْكَر : বীমাকৃত; নিরাপদ; রেজিস্ট্রিকৃত।

قُفْل مُسَوْكَر : নিরাপদ তালা, safety lock.

سَوِلَ ـَ : (سَوَل) থলথলে পেটবিশিষ্ট হওয়া।

سَوَّلَ : (تَسْوِيل) ~ لِ প্রলুব্ধ করা, প্ররোচিত করা।

تَسَوَّلَ : ভিক্ষা করা।

سَوِيل : সমান সমান।

أَسْوَل : থলথলে ও ঝুলন্ত পেটবিশিষ্ট। স্ত্রী سَوْلَاء ব سُول

سَوْلَاء : বড় বালতি।

تَسَوُّل : ভিক্ষা, ভিক্ষাবৃত্তি।

مُتَسَوِّل : ভিক্ষুক।

سَامَ ـُ : (سَوْم) চরিতে যাওয়া; বিক্রয়ের জন্য পেশ করা; ক্রয় করিতে চাওয়া; আরোপ করা, চাপাইয়া দেওয়া।

سَامَهُ خَسْفًا : অন্যায় আচরণ করা, অপদস্থ করা।

سَوَّمَ : (تَسْوِيم) আরোপ করা, চাপাইয়া দেওয়া; মূল্য নিরূপণ করা; ঘাস খাইতে ছাড়িয়া দেওয়া; (পশুর গায়ে) ছাপ মারা।

سَاوَمَ، تَسَاوَمَ : (مُسَاوَمَة) দরকষাকষি করা।

أَسَامَ : (إِسَامَة) চরানো, ঘাস খাইতে ছাড়িয়া দেওয়া; অবাধে বিচরণ করিতে দেওয়া।

تَسَوَّمَ : ছাপ মারা।

إِسْتَامَ : (إِسْتِيَام) দাম জিজ্ঞাসা করা, দর-কষাকষি করা, ক্রয় করিতে চাওয়া।

سَائِمَة : চারণভূমিতে বিচরণকারী পশু। ব سَوَائِم

سَوَام : মুক্তভাবে বিচরণকারী উষ্ট্রপাল।

مُسَاوَمَة : দর-কষাকষি।

السَّامُ : মৃত্যু, ভূঅভ্যন্তরীণ স্বর্ণকণা।



www.pathagar.com

سَوِىَ - َ سَوِىَ : (سَوًى) সমান হওয়া, সমমান হওয়া, সোজা হওয়া।

سَوَّى : (تَسْوِيَة) সমান করা, সমতল করা, মসৃণ করা, সোজা করা, ঠিক করা; দুরস্ত করা; বিন্যস্ত করা, মীমাংসা করা; পরিপক্ব করা; রান্না করা।

~ بَيْنَ : সমান জ্ঞান করা, সমান আচরণ করা, বন্ধুত্ব স্থাপন করা, সামঞ্জস্য বিধান করা।

سَاوَى : (مُسَاوَاة) সমান হওয়া, সমমান হওয়া; মীমাংসা করা।

~ بِ : সমান করা, ঠিক করা, একরূপ করা।

~ بَيْنَ : সমতা বিধান করা, সমান জ্ঞান করা, একই পর্যায়ভুক্ত করা; বন্ধুত্ব স্থাপন করা।

تَسَاوَى : সমান হওয়া, একরূপ হওয়া; ভারসাম্য রক্ষা করা।

إِسْتَوَى : (إِسْتِوَاء) সোজা হওয়া, ঠিক হওয়া; সমান হওয়া; সমমান হওয়া; পরিপক্ব হওয়া, ঠিকভাবে রান্না হওয়া।

~ إِلَى : ইচ্ছা করা, মনোযোগ দেওয়া, লক্ষ্য করা।

~ عَلَى : উপবেশন করা, আরোহণ করা।

سَوَاء : সমান; সমতা, মিল, অভিন্নতা।

عَلَى حَدٍّ سَوَاء، عَلَى السَّوَاء : একইভাবে; অনুরূপভাবে।

سَوَاء كَذَا أَوْكَذَا : এইটি কিংবা সেইটি একই সমান।

سَوَاء السَّبِيل : সোজা পথ, সঠিক পথ।

سِوَى : ব্যতীত।

سَوِيّ : সাজা; সঠিক; যথাযথ; সামঞ্জস্যপূর্ণ; সুগঠিত; সমান, সমতল। ব أَسْوِيَاء

سَوِيَّة : সমতা। ব سَوَايَا

سَوِيَّةً : একত্রে, একসঙ্গে।

سِيّ : (পু স্ত্রী) সমান, একই রকম, অনুরূপ। ব أَسْوَاء

هُمَا سِيَّانِ : তাহারা দুই জন একই রকম।

لَاسِيَّمَا : বিশেষ করিয়া, প্রধানত।

إِسْتِوَاء : সমতা; স্থিরতা; সরলতা; সঠিকতা।

خَطُّ الإِسْتِوَاء : বিষুবরেখা, নিরক্ষরেখা, equator.

إِسْتِوَائِيّ : নিরক্ষীয়; বিষুবীয়; গ্রীষ্মমণ্ডল সংক্রান্ত।

المِنْطَقَةُ الإِسْتِوَائِيَّة، المَدَارُ الإِسْتِوَائِي : গ্রীষ্মমণ্ডল।

تَسْوِيَة : সমতলকরণ; বিন্যাস; নিষ্পত্তি, মীমাংসা, আপস; সামঞ্জস্য।

تَحْتَ التَّسْوِيَة : অমীমাংসিত, মীমাংসাধীন, মুলতবি; বিদ্যমান; অপরিশোধিত।

تَسَاوٍ : সমতা, সামঞ্জস্য, মিল; সমানাধিকার।

بِالتَّسَاوِي : সমভাবে।

مُسَاوَاة : সমতা; সমানাধিকার।

مُسَاوٍ : সমান; অনুরূপ; সমমান।

مُتَسَاوٍ : সমান, অনুরূপ।

مُتَسَاوِي الأَبْعَاد : সমদূরবর্তী, সমকোণবর্তী।

~ الأَجْزَاء : সম-অংশবিশিষ্ট।

~ الأَضْلَاع : সমভুজ, সমবাহু।

~ الحَرَارَة : সমতাপবিশিষ্ট।

~ الزَّوَايَا : সমকোণী।

~ السَّاقَيْنِ : সমদ্বিবাহু (ত্রিভুজ)।

مُسْتَوٍ : সোজা, সমান, সমতল, সরল, সঠিক; সুপক্ব; রান্নাকৃত।

مُسْتَوَى : মান, স্তর।

مُسْتَوَى الحَيَاة : জীবনযাত্রার মান।

~ المَاء : পানির স্তর।

السُّوَيد : সুইডেন।

السُّوَيس : সুয়েজ (বন্দর)।

قَنَاةُ السُّوَيس، قَنَالُ السُّوَيس : সুয়েজ খাল।

سُوِيسْرَا : সুইজারল্যান্ড।

سَابَ - ُ سَابَ : (سَيْب) إِنْسَاب (إِنْسِيَاب) ধীরে ধীরে চলিয়া যাওয়া, বহিয়া যাওয়া, প্রবাহিত হওয়া, দৌড়ানো।



www.pathagar.com

سَيَّبَ : (تَسْيِيْب) পরিত্যাগ করা, ছাড়িয়া দেওয়া, অবহেলা করা; শিথিল করা, ঢিল দেওয়া; মুক্তি দেওয়া।

سَيْب : গমন, বহন, চলন, প্রবাহ।

~ : দান; লেজের পশম; ধন-সম্পদ। ব سُيُوب

سِيب : নদীর তলদেশ; আপেল। ব سُيُوب

سِيبَة : তেপায়া।

سَائِب : পরিত্যক্ত; মুক্ত; স্বাধীন; শিথিল; বিপথগামী।

سَائِبَة : মুক্তউষ্ট্রী; মুক্তদাস; লজ্জাহীনা। ব سُيَّب، سَوَائِب

سُيَّاب، سَيَاب : কাঁচা খেজুর।

سِيبَان : উকুন ইত্যাদির ডিম।

إِنْسِيَابِيّ : অবাধে যাইতে পারে এমন, stream-lined.

سَيَّجَ : (تَسْيِيْج) বেড়া দেওয়া।

تَسَيَّجَ : বেড়াবেষ্টিত হওয়া।

سِيَاج : বেড়া, বেষ্টনী। ব. أَسْيَاج، أَسْوِجَة، سِيَاجَات

مُسَيَّج : বেড়া দ্বারা বেষ্টিত।

سِيجَار : সিগার।

سِيجَارَة : সিগারেট। ব سَجَائِر، سَجَايِر

سَاحَ - : (سَيَحَان، سَيْح) চলা, বহিয়া যাওয়া; গলিয়া যাওয়া।

~ : (سِيَاحَة) ভ্রমণ করা, সফর করা, ঘুরিয়া বেড়ানো।

سَيَّحَ، أَسَاحَ : (إِسَاحَة، تَسْيِيْح) বহাইয়া দেওয়া, প্রবাহিত করা, গলানো, দ্রবীভূত করা।

إِنْسَاحَ : (إِنْسِيَاح) ছড়াইয়া যাওয়া, গড়াইয়া যাওয়া; (পেট) ঝুলিয়া পড়া; (কাপড়) ছিঁড়িয়া যাওয়া।

سَائِح : বহমান, প্রবহমান; দ্রবীভূত। ব سُيَّاح

سَيَّاح : ভ্রমণকারী, পর্যটক। ব سَيَّاحُون

سِيَاحَة : পর্যটন, ভ্রমণ।

مُسَيَّح : দ্রবীভূত, তরল; ডোরাকাটা (বস্ত্র); বন্য গাধা।

سَاخَ - : (سَيَخَان، سَيْخ) মাটিতে গাড়িয়া যাওয়া, ডুবিয়া যাওয়া; স্থির হওয়া।

سِيخ : সিক, লৌহশলাকা; বড় ছুরি; শিখ (সম্প্রদায়)। ব أَسْيَاخ

سَارَ - : (مَسِيرَة، مَسِير، تَسْيَار، سَيْرُورَة، سَيْر) চলা, নড়া; যাত্রা শুরু করা; কার্জ করা; চালু হওয়া; গমন করা; চলিয়া যাওয়া; অগ্রসর হওয়া; আচরণ করা।

~ بِ : চালানো, পরিচালিত করা, লইয়া যাওয়া, আনয়ন করা।

سَارَ بِمُقْتَضَى : চাহিদা অনুসারে করা।

سَيَّرَ : (تَسْيِيْر) চালানো, চালু করা; আরম্ভ করা, প্রেরণ করা; ডোরা কাটা; বিতাড়িত করা।

سَايَرَ : (مُسَايَرَة) সঙ্গে চলা, একত্রে চলা; তাল রক্ষা করিয়া চলা, নিজেকে খাপ খাওয়ানো; পরিতুষ্ট করা, রসিকতা করা; একমত হওয়া।

تَسَيَّرَ، أَسَارَ : (চামড়া) খসিয়া আসা।

تَسَايَرَ : একত্রে ভ্রমণ করা, একসঙ্গে চলা।

سَيْر : ভ্রমণ, গমন, চলন, অগ্রযাত্রা, প্রক্রিয়া।

~ : চামড়ার পট্টি, চামাটি; বেল্ট; কটিবন্ধ। ব سُيُور

سِيرَة : আচরণ, গতি, প্রণালী, পদ্ধতি, ভঙ্গি; খ্যাতি; কাহিনী, বিবরণ; ইতিহাস, জীবন-পদ্ধতি, জীবন-চরিত, জীবন বৃত্তান্ত। ব سِيَر

سِيرَةُ النَّبِي، السِّيرَة : রাসূলুল্লাহ (স)-এর জীবন চরিত, রাসূলুল্লাহ (স)-এর জীবন চরিত সম্পর্কিত বিদ্যা, সীরাতশাস্ত্র।

سَائِر : চলমান, অগ্রসরমান, প্রচলিত, চালু; সকল; গোটা; অবশিষ্টাংশ।

سَيَّار : অবিরাম চলমান, ঘূর্ণায়মান; গ্রহ।

سَيَّارَة : গাড়ি, মোটর গাড়ি; কাফেলা; গ্রহ। ব سَيَّارَات

سَيَّارَة الأُجْرَة : ট্যাক্সি।

~ الإِسْعَاف : এম্বুলেন্স।

~ النَّقْل : ট্রাক, লরি।



www.pathagar.com

مَسَار : পথ।

مَسِيرَة، مَسِير : ভ্রমণ, সফর, যাত্রা, দূরত্ব।

مُسَيَّر : ডোরাকাটা (বস্ত্র); চালিত, পরিচালিত; নিয়ন্ত্রিত; স্বয়ংক্রিয়।

سِيرَج : তিলের তৈল।

سِيرَك : (ফ) সার্কাস।

سِيسَبَان : বৃক্ষবিশেষ, sesban.

سِيسِي : টাট্টু ঘোড়া। ব سِيسِيَات، سَيَاسِي

سَيْطَرَ، تَسَيْطَرَ : (سَيْطَرَة) ~ عَلَى শাসন করা, নিয়ন্ত্রণ করা; কর্তৃত্ব করা, প্রভাব বিস্তার করা; দখল করা।

سَيْطَرَة : শাসন, নিয়ন্ত্রণ, প্রভাব, কর্তৃত্ব, ক্ষমতা দখল।

مُسَيْطِر : শাসনকর্তা; কর্তৃত্বকারী, নিয়ন্ত্রণকারী; তত্ত্বাবধায়ক, অধিস্বামী।

سَيَّعَ (تَسْيِيع) : আস্তর করা।

سَاغَ - : (سَيْغ) (খাদ্যদ্রব্য) গিলিতে সহজ হওয়া, সহজে গলার মধ্যে চলিয়া যাওয়া।

سَافَ - : (سَيْف) (চামড়া) চিড়যুক্ত হওয়া; ফাটিয়া যাওয়া।

تَسَيَّفَ : তরবারি দ্বারা আঘাত করা।

سَايَفَ، تَسَايَفَ، إِسْتَافَ : (إِسْتِيَاف، مُسَايَفَة) অসিযুদ্ধে লিপ্ত হওয়া।

سَيْف : তরবারি, তলোয়ার। ব أَسْيُف، إِسْيَاف، سُيُوف

سَيْفُ اللّٰه : আল্লাহর তরবারি (মহাবীর খালিদ ইব্‌ন ওয়ালিদ (রা)-এর উপাধি)।

سَبَقَ السَّيْفُ الْعَزْلَ : অতিবিলম্বে আসা, যথাসময়ে না আসা।

سِيف : সমুদ্রতীর; তলোয়ার মাছ, swordfish. ব أَسْيَاف

سَائِف : তলোয়ার সজ্জিত, অসিধারী।

سَيَّاف : অসি চালনায় পারদর্শী ব্যক্তি; অসিযোদ্ধা; ঘাতক, জল্লাদ।

سَيَّافُ الْبَحْرِ : তলোয়ার মাছ, swordfish.

سِيكَارَة : সিগারেট।

سِيكُورْتَاه : বীমা, ইনস্যুরেন্স।

سِيكُورْتَاه الْحَرِيق : অগ্নিবীমা।

~ الْحَيَاة : জীবন বীমা।

سَالَ - : (سَيْل، سَيَلَان) প্রবাহিত হওয়া; গড়াইয়া যাওয়া; গলিয়া যাওয়া; চুয়াইয়া পড়া, ঝরা।

سَيَّلَ، أَسَالَ : (تَسْيِيل) গড়াইয়া দেওয়া, প্রবাহিত করা; গলানো; ঝরানো।

سَيْل : ঢল, স্রোত, প্রবাহ। ব سُيُول

سَيْلَة، مَسِيل : স্রোত; পানির ধারা; ছোট নদী। ব مَسَايِل، مُسُل، مُسْلَان

سَائِل : তরল, জলীয়; তরল পদার্থ, জলীয় পদার্থ। ব سَوَائِل

سَائِلِيَّة، سُيُولَة : তরলতা; জলীয়তা; প্রবাহ।

سَيَّال : প্রবহমান; প্রচলিত; বৃষ্টি বর্ষণকারী (মেঘ); তরল; তরলপদার্থ, জলীয় পদার্থ; নদী।

سَيَّالَة : ছোট নদী; পকেট।

سَيَلَان : প্রবাহ; নিঃসরণ; মেহ।

سَيَلَانُ الْبَطْنِ : উদরাময়।

سِيلَان : মণিবিশেষ, garnet. ব سَيَالِين

~ : সিংহল।

مُسِيل : নিঃসারক।

مُسِيلُ الدُّمُوع : অশ্রু ঝরায় এমন, অশ্রু নিঃসারক।

~ ~ غَاز : কাঁদানে গ্যাস, tear-gas.

سِيمَة، سِيمَاء، سِيمَى : চিহ্ন, নিদর্শন, বৈশিষ্ট্য, চেহারা। ব سِيَم

سِين : সীন, "س" বর্ণের নাম।

سِينَاء، سِينَا : সিনাই পর্বত।

اِبن سِينَا : বিখ্যাত আরব্য চিকিৎসক ও দার্শনিক ইব্‌ন সীনা, Avicenne (৯৮০-১০৩৭ খ্রি)।

سِينَمَا : সিনেমা।

سِينُودس : ধর্মসভা, synod.



www.pathagar.com

ش : শীন; আরবী বর্ণমালার ১৩শ হরফ। আবজাদ গণনায় সংখ্যামান ৩০০।

شُؤْبُوب : বৃষ্টির পসলা, বর্ষণ; সূর্যের উত্তাপ; তীব্রতা। ব شَابِيب

شَـئِـزَ - َ : (شَــاز) (ভূমি) উঁচু হওয়া, অসমান হওয়া।

أَشْأَزَ : (إِشْـئَـاز) উদ্বিগ্ন করা, কষ্ট দেওয়া, বিচলিত করা।

إِشْـتَأَزَّ : (إِشْـتِـبَـاز) ভয়ে পলায়ন করা।

شَـئِـز، شَاز : কঠিন, অসমান (ভূমি)।

شَـئِـسَ - َ : (شَـاس) (মাটি) শক্ত হওয়া।

شَـئِـس، شَـاس : শক্ত; প্রস্তরময় (মাটি)।

شَـاشَـاب : (গাধাকে) তাড়াইয়া নেওয়া; ঘাস খাইতে ডাকা।

شَـئِـفَ - َ : (شَـاف)، شُـئِـفَ ক্ষতযুক্ত হওয়া, বিদীর্ণ হওয়া (পা)।

~ : (شَـاْفَـة، شَـاف) ঘৃণা করা, শত্রুতা করা।

شُـئِـفَ : ভীত হওয়া।

إِسْـتَـشْـأَفَ : (إِسْـتِـشْـئَـاف) (ক্ষত) দুষ্ট হওয়া।

شَـأْفَـة : পায়ের ঘা; মূল।

شَـآفَـة : শত্রুতা, নিপীড়ন।

شَـأَمَ - َ : (شَـأْم) দুর্ভাগ্য টানিয়া আনা।

شَـؤُمَ - ُ : (شَـآمَـة)، شُـئِـمَ ~ عَـلَـى অশুভ হওয়া।

شَـأَمَ : শামদেশে (সিরিয়া) প্রেরণ করা।

شَـاءَمَ ~ بِ : বাম পার্শ্বে গমন করা।

أَشْـأَمَ : শামদেশে (সিরিয়া) গমন করা।

مَـا أَشْـأَمَـهُ : সে কতই না হতভাগ্য।

تَـشَـأَمَ : শামদেশীয় (সিরীয়) বলিয়া ভান করা; বাম পার্শ্বে গমন করা।

تَـشَـاءَمَ، إِسْـتَـشْـأَمَ (إِسْـتِـشْـئَـام) : অশুভ লক্ষণ বলিয়া বিবেচনা করা।

شَـأْم، شَـام : শামদেশ, সিরিয়া।

شُـؤْم، شُـوم : অশুভ লক্ষণ, দুর্ভাগ্য; মন্দ; কালো (উট)।

شَـأْمَـة : বাম (দিক), অশুভ লক্ষণ।

شَـأْمَـة : তিল।

شِـئْـمَـة، شِـيـمَـة : প্রকৃতি, মেজাজ, চরিত্র, অভ্যাস। ব شِـئَـم

شَـائِـم : অশুভ।

أَشْـأَم : অশুভ; দুর্ভাগ্যবান; বাম। স্ত্রী شُـؤْمَـى ব أَشَـائِـم

مَـشْـأَمَـة : বাম (দিক); মন্দ।

مَـشْـؤُوم، مَـشُـوم : অশুভ, দুর্ভাগ্যবান। ব مَـشَـائِـيم

مُـتَـشَـائِـم : দুঃখবাদী।

شَـأْن : বিষয়, ব্যাপার, অবস্থা, পরিস্থিতি; স্বভাব, চরিত্র; প্রকার, ধরন; গুরুত্ব; সম্মান, মর্যাদা; সম্পর্ক; অশ্রুনালী। ব شُـؤُون

ذُوشَـأْن :গুরুত্বপূর্ণ।

ذُو الشَّـأْن : দায়িত্বে নিয়োজিত ব্যক্তি, the man in charge.

~ أُولُو الشَّـأْن، ذَوُو : প্রভাবশালী ব্যক্তিবর্গ।

~ رَفِـيـعُ : উচ্চ মর্যাদাসম্পন্ন।

~ صَـاحِـبُ : সংশ্লিষ্ট ব্যক্তি।

مُـكَـلَّـف بِـالـشُّـؤُون : ভারপ্রাপ্ত; চার্জ দ্য এ্যাফেয়ার্স, charge the affairs.

بِـشَـأْن : সম্পর্কে।

عَـلَـى شَـأْن : জন্য, নিমিত্ত।



www.pathagar.com

أَنْتَ وشَأنُكَ : আপনি যেমন চাহেন।

مَاشَأنُكَ : আপনি কী চাহেন? আপনার কাজ কী?

مِنْ شَأنِهِ أن يَفْعَلَ كَذَا : ইহা তাহারই কাজ।

الشُّئُون الخَارِجِيَّة : পররাষ্ট্র বিষয়ক কার্যাবলি।

~ ~ وَزَارَة : পররাষ্ট্র মন্ত্রণালয়।

شَانْتَاج : (ফ) ভয় দেখাইয়া (কিছু) আদায়, blackmail

شَأو : লক্ষ্য, উদ্দেশ্য; শীর্ষ, চূড়া; দফা; বার, পদক্ষেপ।

بَعِيد الشَّأو : দূরের আশা পোষণকারী।

شَاى : চা।

شَبَّ - : (شَبِيبَة، شَبَاب) বড় হওয়া, যুবক হওয়া, যৌবনপ্রাপ্ত হওয়া।

~ - : (شَبِيب، شِبَاب) (ঘোড়া) সামনের দুই পা উত্তোলন করা।

~ - : (شُبُوب) (আগুন) জ্বলিয়া উঠা, (যুদ্ধ) লাগিয়া যাওয়া; উপরে উঠা।

~ - : (شُبُوب، شَبّ) (আগুন) লাগানো, জ্বালানো, সজ্জিত করা, প্রস্তুত করা; বর্ধিত করা।

شَبَّ عَنْ طَوْقِ الحَصْرِ : সীমা অতিক্রম করা।

شَبَّبَ : (تَشْبِيب) যৌবনের জয়গান করা; নবযৌবন দান করা, পুনর্যৌবন দান করা।

~ بِ : প্রেমমূলক কবিতা রচনা বা আবৃত্তি করা।

أشَبَّ : (إشْبَاب) যৌবনপ্রাপ্ত হওয়া; পুনর্যৌবন লাভ করা; পূর্ণতাপ্রাপ্ত হওয়া; যৌবনে উপনীত করা; উত্তেজিত করা।

تَشَبَّبَ : যৌবনপ্রাপ্ত হওয়া, পুনর্যৌবন লাভ করা; (আগুন) জ্বলিয়া উঠা, (যুদ্ধ) লাগিয়া যাওয়া।

~ بِ : প্রেম কবিতা রচনা বা আবৃত্তি করা।

شَبّ، شَبَّة : ফটকিরি, alum.

شَابّ ،~ : যুবক, তরুণ। ব شَبَبَة، شَبَاب، شُبَّان

شَابَّة، شَبَّة : যুবতী, তরুণী। ব شَوَابّ، شَبَائِب

شَبَب : বড় বাছুর, অল্পবয়স্ক ষাঁড়।

شَبَاب : যৌবন, তারুণ্য।

جَدَّدَ شَبَابَهُ : পুনর্যৌবন দান করা।

تَجَدَّدَ شَبَابُهُ : পুনর্যৌবন লাভ করা।

شَبَابِيّ : তারুণ্যসুলভ, যৌবনসুলভ।

شُبُوب : (যুদ্ধ ইত্যাদির) আকস্মিক প্রকাশ, outbreak.

شَبِيبَة : যৌবন; যুবশ্রেণী।

تَشَبُّب : নবযৌবন, পুনর্যৌবন।

مَشْبُوب : প্রজ্বলিত, জ্বলন্ত; সুন্দর, সুদর্শন। ব مَشَابِيب

مَشْبُوبَتَان : যোহরা ও মুশতারী গ্রহদ্বয়; শুক্র ও বৃহস্পতি, venus & Jupiter.

شَبِثَ - : (شَبَث)، تَشَبَّثَ ~ بِ লাগিয়া থাকা, ঝুলিয়া থাকা, আঁটিয়া থাকা।

شَبَث : মাকড়সাজাতীয় ক্ষুদ্র বিষাক্ত পোকাবিশেষ; মাকড়সা। ব أشْبَاث، شِبْثَان

شِبِتّ، شِبِثّ : সুগন্ধি বীজযুক্ত ঔষধিবিশেষ, dill.

رَجُل شَبِث : নাছোড়বান্দা।

تَشَبُّث : সংসক্তি; একগুঁয়েমি।

مُتَشَبِّث : সংসক্ত; একগুঁয়ে, নাছোড়বান্দা।

شَبَحَ - : (شَبْح) প্রসারিত করা, ছড়াইয়া দেওয়া; হস্ত প্রসারিত করা, (দোয়ার জন্য) হস্তদ্বয় উত্তোলন করা।

شَبُحَ - : (شَبَاحَة) দীর্ঘবাহু হওয়া।

شَبَّحَ : (تَشْبِيح) ক্ষীণদৃষ্টি হওয়া; প্রসারিত করা; অঙ্গভঙ্গির সাহায্যে প্রকাশ করা।

شَبَح، شَبْح : আকৃতি, ছায়া, মূর্তি, প্রতিমূর্তি; ভূত; দুঃস্বপ্ন। ব أشْبَاح، شُبُوح

شَبَح الحَرْب : যুদ্ধের ঘনঘটা।

~ الخَوْف : ভয়ের ছায়ামূর্তি।

شَبْحَة : পায়ের বেড়ি; (ছাদের) আড়া, বিম, beam.



www.pathagar.com

شَبْحَان : লম্বা, দীর্ঘ।

تَشْبِيح : অঙ্গভঙ্গি, আকার ইঙ্গিত।

مُشَبَّح : শক্ত কাপড়।

مِشْبَاح : অনুবীক্ষণ-যন্ত্র, stereoscope.

شَبَرَ ـُ ـِ : (شَبْر) : বিঘত দ্বারা মাপা।

شَبِرَ ـَ : (شَبَر) উল্লসিত হওয়া; উদ্ধত হওয়া।

شَبَّرَ : (تَشْبِير) বিঘত দ্বারা মাপা; অঙ্গভঙ্গির সাহায্যে প্রকাশ করা, অঙ্গভঙ্গি করা।

شِبْر : বিঘত; জীবনকাল। ব أَشْبَار

شِبْرًا فَشِبْرًا : ইঞ্চি ইঞ্চি করিয়া, একটু একটু করিয়া।

شَبُّور : شَبَابِير শিঙ্গা, বিউগল।

شَابُورَة، شَبُّورَة، شَبُورَة : কুয়াশা।

شَبْرَقَ : (شَبْرَقَة) টুকরা টুকরা করিয়া ছিন্ন করা, ফালি ফালি করিয়া বিদীর্ণ করা।

شَبْرَقَة : পকেট-খরচ।

شِبْشِب : চটিজুতা, স্লিপার। ব شَبَاشِب

شَبَّصَ : (تَشْبِيص) মেরামত করা।

شَبَطَ ـُ : (شَبْط)، تَشَبَّطَ ~ فِيْ লাগিয়া থাকা, আঁটিয়া থাকা।

شُبَاط : (সি) ফেব্রুয়ারি (মাস)।

شَبُّوط : রুই-কাতলাজাতীয় মৎস্যবিশেষ। ব شَبَابِيط

شَبِعَ ـَ : (شَبَع، شِبْع) পরিতৃপ্ত হওয়া, পরিপূর্ণ হওয়া।

~ مِنْ : বিরক্ত হওয়া।

شَبَّعَ (تَشْبِيع) : أَشْبَعَ، (إِشْبَاع) পরিতৃপ্ত করিয়া খাওয়ানো, পরিতৃপ্ত করা, পরিতুষ্ট করা; পরিপূর্ণ করা, যথেষ্ট পরিমাণ দেওয়া, মিটানো।

تَشَبَّعَ : পরিতৃপ্ত হওয়া, পরিতুষ্ট হওয়া, পরিপূর্ণ হওয়া।

شِبْع، شَبَع، إِشْبَاع : তৃপ্তি; পরিতৃপ্তি; পরিতুষ্টি; পরিপূর্ণতা।

شِبْع : তৃপ্তিকর।

شُبْعَة : তৃপ্তিকর, পুরোপুরি (খাদ্য)।

شَبْعَان : ব شِبَاع، شَبَاعَى স্ত্রী شَبْعَاء তৃপ্ত, পরিতৃপ্ত; পরিপূর্ণ; সমৃদ্ধ।

شَبِيع : পর্যাপ্ত, প্রচুর; সম্পৃক্ত।

مُشْبِع : তৃপ্তিকর; পুষ্টিকর; সন্তোষজনক; যথেষ্ট।

مُشَبَّع : তৃপ্ত, পরিতৃপ্ত; সম্পৃক্ত; পরিপূর্ণ।

شَبِقَ ـَ : (شَبَق) কামাসক্ত হওয়া, কামুক হওয়া, বিবাহের তীব্র আকাঙ্ক্ষা করা।

شَبَق : কাম, কামাসক্তি, বিবাহের তীব্র আকাঙ্ক্ষা।

شَبِق : কামুক, কামাসক্ত।

شَبَكَ ـِ : (شَبْك) شَبَّكَ (تَشْبِيك) জড়ানো, বিজড়িত করা, এক হাতের আঙুলের ফাঁকে অন্য হাতের আঙুল প্রবেশ করানো।

اِشْتَبَكَ، تَشَابَكَ : (اِشْتِبَاك) বিজড়িত হওয়া, জড়াইয়া পড়া।

شُبُك : (ধূমপানের) পাইপ।

شُبُكَة : বাগদাদের উপহার।

شَبَكَة : ফাঁদ; বিস্তৃতি, network. ব شِبَاك، شَبَك

شُبْكَة : জটিলতা।

شُبَّاك : জানালা; গ্রিল; কাউন্টার। ব شَبَابِيك

شَبَكِيَّة : অক্ষিপট, retina.

اِشْتِبَاك : জটিল অবস্থা; জটিলতা; হাতাহাতি; সংঘর্ষ।

تَشَابُك : সংশয়, অস্পষ্টতা, জটিলতা, দুর্বোধ্যতা।

شَوْبَك : বেলুন। ব شَوَابِك

مِشْبَك : আঁকড়া, হুক, পিন, ক্লিপ। ব مَشَابِك

مُشَبَّك : বিনুনিকৃত; বিজড়িত; বিনুনি; পাথরের কারুকাজ।

مُشْتَبِك : বিজড়িত, জড়িত, জটিল।

مُشْتَبَك : বিনুনি; গুচ্ছ।



www.pathagar.com

شَبَلَ ـُ : (شُبُول) (শিশু) বড় হওয়া।

أَشْبَلَ : (إِشْبَال) ~ عَلَى যত্ন লওয়া, দেখাশুনা করা, সাহায্য করা, দায়িত্ব গ্রহণ করা।

شِبْل : সিংহ-শাবক। ব أَشْبَال

مُشْبِل : বাচ্চাওয়ালা (সিংহী)।

شَبَم : ঠাণ্ডা, শীতলতা।

شَبِم : শীতল, ঠাণ্ডা।

شَبَنَ ـُ : (شَبْن) (শিশু) প্রাচুর্যের মধ্যে লালিত পালিত হওয়া; হৃষ্টপুষ্ট হওয়া।

شَابِن : হৃষ্টপুষ্ট, মোটাতাজা।

شَبِين : إِشْبِين মিতবর, groomsman; ধর্মপিতা, godfather. ব شَبَائِن، أَشَابِين

شَبِينَة، إِشْبِينَة : মিতকনে, bridesmaid; ধর্মমাতা, godmother. ব شَبَائِنُ

شَبَّهَ (تَشْبِيه) : তুলনা করা, উপমা দেওয়া।

شُبِّهَ عَلَى : সন্দেহপূর্ণ হওয়া, অস্পষ্ট হওয়া; অনিশ্চিত হওয়া।

شَابَهَ، أَشْبَهَ : অনুরূপ হওয়া, সদৃশ হওয়া।

تَشَبَّهَ : ~ بِ অনুকরণ করা; তুল্য হওয়া।

تَشَابَهَ، إِشْتَبَهَ : সদৃশ হওয়া; অনুরূপ হওয়া, একরকম হওয়া; অস্পষ্ট হওয়া।

فِي ~ : সন্দিহান হওয়া, সন্দেহ করা।

عَلَى ~ : অস্পষ্ট হওয়া, সন্দেহপূর্ণ হওয়া।

شَبَه، شِبْه : সাদৃশ্য, সামঞ্জস্য, তুলনা, আকৃতি, ছবি; পিতল। ব أَشْبَاه

شَبِيه : অনুরূপ, সদৃশ। ব شِبَاه

شِبْهُ جَزِيرَة : উপদ্বীপ।

جَرِيمَة ~ : অপরাধতুল্য, quasi-crime.

حَرْبِيّ ~ : আধা-সামরিক।

شَبِيه بِالرَّسْمِيّ، ~ رَسْمِيّ : আধা-সরকারি।

قَارَة ~ : উপ-মহাদেশ।

شَبِيه بِالمُعَيَّن، ~ مُعَيَّن : যে চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় ও কোণদ্বয় সমান, rhomboid.

شَبِيه بِالمُنْحَرِف، ~ مُنْحَرِف : যে চতুর্ভুজের একটি বাহুও সমান্তরাল নহে, trapezoid.

وُجْهُ الشَّبَه، وَجْه الشَّبَه : উপমেয় ও উপমানের মধ্যে বিদ্যমান সাধারণ গুণ, উপমিত সাদৃশ্য (অলঙ্কারশাস্ত্র)।

شُبْهَة : সন্দেহ, সংশয়, অনিশ্চয়তা। ব شُبُهَات، شُبَه

تَحْتَ الشُّبْهَة : অনিশ্চিত, সন্দেহজনক।

شَبَهَان : পিতল।

اشْتِبَاه : সাদৃশ্য, মিল; অস্পষ্টতা, সন্দেহ।

تَشَبُّه : অনুকরণ, সাদৃশ্য গ্রহণ।

تَشَابُه : সাদৃশ্য, মিল; অস্পষ্টতা।

تَشْبِيه : তুলনা, উপমা, রূপক, simile.

مُشَبَّه بِه : যাহার উপমা দেওয়া হয়, উপমেয় (অলঙ্কারশাস্ত্র)।

مَشْبُوه : সন্দেহপূর্ণ, সংশয়পূর্ণ; সন্দেহের পাত্র; কুখ্যাত।

مُشَابِه : অনুরূপ।

مُشَابَهَة : সাদৃশ্য, মিল, তুলনা।

مُتَشَابِه : সদৃশ, একরূপ, সমজাতীয়; দ্ব্যর্থবোধক, অস্পষ্ট।

مُتَشَابِهَات : আল কুরআনের দ্ব্যর্থবোধক ও অস্পষ্ট অর্থসংবলিত বর্ণ, শব্দ ও বাক্যসমূহ।

شَبَا ـُ : (شُبُو) উঁচু হওয়া; উজ্জ্বল হওয়া; সম্মুখের দুই পদ উত্তোলন করিয়া দাঁড়ানো (অশ্ব); (আগুন) জ্বালানো।

أَشْبَى : (إِشْبَاء) সেরা সন্তানবিশিষ্ট হওয়া; সম্মান করা।

عَلَى ~ : দয়াপরবশ হওয়া, সাহায্য করা।

شَبَا : শৈবাল, শেওলা।

شَبَاة : ধার; হুল, কাঁটা। ব شَبَوَات، شَبًى

شَبْوَة : (বিচ্ছুর) হুল।



www.pathagar.com

جَارِيَة شَبْوَة : সাহসী মেয়েলোক।

تَشَتَّتَ، (شَتِيت، شَتَات، شَتّ) : ـ شَتَّ বিক্ষিপ্ত হওয়া, চতুর্দিকে ছড়াইয়া পড়া, বিভক্ত হওয়া।

شَتَّتَ (تَشْتِيت)، أَشَتَّ : (إِشْتَات) বিক্ষিপ্ত করা, চতুর্দিকে ছড়াইয়া দেওয়া, ছিন্নভিন্ন করা, বিভক্ত করা।

شَتّ : বিক্ষিপ্ত, ছিন্নভিন্ন, বিভক্ত। ব شَتَات، أَشْتَات

شَتِيت : বিক্ষিপ্ত, বিভিন্ন, বিবিধ। ব شَتَّى

شَتَّانَ : দূরবর্তী হওয়া।

تَشْتِيت : বিক্ষিপ্তকরণ, বিভক্তকরণ: বিভেদ।

مُشَتَّت : বিক্ষিপ্ত, ছিন্নভিন্ন, বিভক্ত।

شَتَرَ : ـ (شَتْر) ছিঁড়িয়া ফেলা; কর্তন করা; আঘাত দেওয়া।

شَتِرَ : ـَ (شَتَر) কর্তিত হওয়া, বিদীর্ণ হওয়া; ছিঁড়িয়া যাওয়া, চোখের নিচের পাতা উল্টাইয়া যাওয়া বা বিদীর্ণ হওয়া; নিচের ঠোঁট কর্তিত হওয়া।

شَتَّرَ (تَشْتِير) ~ بِ : গালি দেওয়া, নিন্দা করা।

شَتَر : ফাটল, ত্রুটি।

شَتْرَة : দুই অঙ্গুলির মধ্যবর্তী ফাঁক।

شِتِّير : দুশ্চরিত্র, খারাপ।

أَشْتَر : উল্টানো (চোখের পাতা); যাহার চোখের নিচের পাতা উল্টিয়া গিয়াছে অথবা ঝুলিয়া পড়িয়াছে; যাহার নিম্নের ঠোঁট বিদীর্ণ। স্ত্রী شَتْرَاء ব شُتْر

مُشَتَّر : কর্তিত, বিদীর্ণ।

شِتْرَات : অম্লক্ষারবিশেষ, citrate.

شَتَلَ : ـ (شَتْل) (চারাগাছ) সরাইয়া অন্য স্থানে রোপণ করা, স্থানান্তরিত করা।

شَتْلَة : চারাগাছ। ব شَتَائِل، شُتُول

مَشْتَل : চারাগাছের বাগান, নার্সারি। ব مَشَاتِل

شَتَمَ : ـُ (شَتْم)، شَاتَم (مُشَاتَمَة) গালি দেওয়া, তিরস্কার করা।

شَتُمَ : ـُ (شَتَامَة) কুৎসিত চেহারাবিশিষ্ট হওয়া।

تَشَاتَمَ : পরস্পর গালাগালি করা, একে অপরকে গালি দেওয়া।

شَتْم : গালি, তিরস্কার।

شَتَّام : গালি দিতে অভ্যস্ত; কটুভাষী, গালিবাজ।

شَتِيم : কুৎসিত চেহারাবিশিষ্ট।

مَشْتُوم : যাহাকে গালি দেওয়া হইয়াছে, তিরস্কৃত।

شَتِيمَة : গালি, তিরস্কার। ব شَتَائِم

شَتَا : ـُ (شَتْو)، تَشَتَّى ~ بِ (কোন স্থানে) শীতকাল অতিবাহিত করা, শীতকালে অবস্থান করা; ঘুমাইয়া শীত কাটানো।

شَتَّى : বৃষ্টি পড়া।

~ بِ : (কোন স্থানে) শীতকাল অতিবাহিত করা, শীতকালে অবস্থান করা; ঘুমাইয়া শীত কাটানো।

تُشَتِّي : বৃষ্টি পড়িতেছে।

أَشْتَى : (إِشْتَاء) শীতকালে প্রবেশ করা।

شِتَاء : (مَشْتَاة) শীতকাল; বৃষ্টি; বর্ষাকাল। ব شُتِيّ، أَشْتِيَة، مَشَات

شَتَوِيّ، شَاتٍ : শীতকালীন, শীতল; বর্ষাকালীন।

مَشْتًى : শীতকালীন বাসস্থান। ব مُشَتًّى، مَشَات

شَثّ : সুগন্ধি বৃক্ষবিশেষ।

شَثِنَ : ـَ (شَثَن) (অঙ্গুলি) শক্ত ও পুরু হওয়া।

شَثْن : শক্ত ও পুরু (অঙ্গুলি)।

شَجَّ : ـُ (شَجًّا) ফাটানো, ভাঙা, বিদীর্ণ করা; আঘাত করা; (মরুভূমি) পার হইয়া যাওয়া; মিশ্রিত করা।

تَشَاجَّ، شَاجَّ : (مُشَاجَّة) যুদ্ধ করা, মারামারি করা।

شَجَّة : ভাঙন, আঘাত, ক্ষত; মাথা বা মুখের আঘাত; খুলির ফাটল। ব شِجَاج



www.pathagar.com

مَشْجُوج، أَشَجّ : ভগ্ন; মাথায় আঘাতপ্রাপ্ত।

شَجَبَ ـُـ شَجْبًا (شُجُوب) ، شَجِبَ ـَـ شَجَبًا (شَجَب) تَشَجَّبَ : ধ্বংস হওয়া; দুঃখ পাওয়া।

شَجَبَ : (شَجْب) ، شَجَّبَ (تَشْجِيب) ধ্বংস করা; তীক্ষ্ণ সমালোচনা করা।

أَشْجَبَ : (إِشْجَاب) দুঃখ দেওয়া, কষ্ট দেওয়া।

تَشَاجَبَ : (ব্যাপার) বিশৃঙ্খল হওয়া, এলোমেলো হওয়া।

شَجْب : ধ্বংস।

~ : তাঁবুর খুঁটি। ব شُجُوب

شَجَب : দুঃখ, কষ্ট, দুর্দশা।

شِجَاب : (مِشْجَب) কাপড় ঝুলাইয়া রাখিবার হ্যাংগার। ব مَشَاجِب، شُجُب

شَاجِب : বাচাল; দুঃখপ্রাপ্ত, দুঃখজনক; ধ্বংসপ্রাপ্ত।

شَجَرَ ـُـ : (شَجْر) সংঘটিত হওয়া; সৃষ্টি হওয়া; খোঁচা দেওয়া; আঘাত করা; বাঁধিয়া রাখা; ঠেকনা দেওয়া ।

~ : (شُجُور) ~ بَيْن বিতর্কের বস্তু হওয়া, ঝগড়ার কারণ হওয়া; বিতর্কে লিপ্ত হওয়া।

~ عَنْ : বিরত রাখা।

شَاجَرَ (مُشَاجَرَة) تَشَاجَرَ، اِشْتَجَرَ (اِشْتِجَار) : ঝগড়া করা, বিবাদ করা, বিতর্ক করা।

أَشْجَرَ : (إِشْجَار) (ভূমি) বৃক্ষ উৎপন্ন করা; বৃক্ষবহুল হওয়া।

شَجَر : (شَجَرَة) গাছ, বৃক্ষ। شَجَرَةُ النَّسَب বংশপীঠিকা। ব شَجَرَات، أَشْجَار

شَجِر، أَشْجَر، مُشْجِر : বৃক্ষবহুল, গাছে ভরা।

شِجَار : দরজার খিল, কাষ্ঠ-কীলক; ক্ষুদ্র শিবিকা; স্ট্রেচার। ব شُجُر

مُشَاجَرَة : ঝগড়া, বিবাদ, বিতর্ক।

شَجِير : বৃক্ষবহুল। ব شُجَرَاء দুষ্ট সঙ্গী।

شَجْرَاء : বৃক্ষবহুল স্থান, ঝোপ।

مَشْجَر : বৃক্ষ সমন্বিত স্থান। ব مَشَاجِر

مِشْجَر : মালপত্র ঝুলাইয়া রাখিবার কাষ্ঠখণ্ড।

مُشَجَّر : গাছের আকৃতিতে সজ্জিত।

شَجُعَ ـُـ : (شَجَاعَة) সাহসী হওয়া; বীর হওয়া।

شَجَّعَ : (تَشْجِيع) সাহস দেওয়া; উৎসাহিত করা, উদ্দীপ্ত করা।

تَشَجَّعَ : সাহস দেখানো, সাহস করা; উৎসাহী হওয়া।

شُجَاع : সাহসী, বীর। ব شِجْعَة، شُجْعَان

~ : এক প্রকার সাপ।

شَجَاعَة : সাহস, বীরত্ব।

أَشْجَع : সাহসী। স্ত্রী شَجْعَاء

إِشْجَع : অঙ্গুলিপর্ব, অঙ্গুলিনোলক। ব أَشَاجِع

تَشْجِيع : উৎসাহ, উৎসাহ প্রদান।

مُشَجِّع : উৎসাহদাতা; উৎসাহজনক।

شَجَنَ ـُـ : (شَجْن، شُجُون) شَجَّنَ (تَشْجِين) ، أَشْجَنَ (إِشْجَان) দুঃখ দেওয়া, দুঃখিত করা।

شَجِنَ ـَـ : (شَجَن) ، شَجُنَ ـُـ (شُجُون) দুঃখিত হওয়া, (কবুতর) বাকবাকুম ডাকা।

شَجْن : উপত্যকার রাস্তা। ব شُجُون، شَوَاجِنُ

شَجَن : দুঃখ, ব্যথা; অভাব; উদ্বেগ। ব أَشْجَان، شُجُون

مُثِير الشُّجُون : হৃদয়স্পর্শী, করুণ।

شَجْنَة، شُجْنَة : ডাল, শাখা।

شَجَا ـُـ : (شَجْو) ، شَجَّى (تَشْجِيَة) أَشْجَى، (إِشْجَاء) দুঃখ দেওয়া, কষ্ট দেওয়া।

شَجِيَ ـَـ : (شَجًا) দুঃখিত হওয়া, উদ্বিগ্ন হওয়া।

شَجْو، شَجًا : দুঃখ, দুশ্চিন্তা, উদ্বেগ।

شَجَوِيّ : দুঃখিত; দুঃখজনক, করুণ।

رِوَايَة شَجَوِيَّة : বিষাদাত্মক কাহিনী, নাটক।

شَجِيّ : বিষণ্ন, দুশ্চিন্তাগ্রস্ত, দুঃখিত।

مُشْجٍ : দুঃখজনক, কষ্টদায়ক, বেদনাদায়ক, হৃদয়স্পর্শী, করুণ।



www.pathagar.com

شَحَّ ـُ ـَ : (شُحّ) কৃপণ হওয়া, ব্যয়কুণ্ঠ হওয়া, কার্পণ্য করা; কমিয়া যাওয়া, হ্রাসপ্রাপ্ত হওয়া।

~ ب، عَلَى : লোভ করা, লোভী হওয়া।

شَاحَّ : (مُشَاحَّة) ~ بِ কৃপণতার সহিত দেওয়া, কার্পণ্য দেখানো।

شُحّ : কার্পণ্য, কৃপণতা; লোভ; হ্রাস।

شَحِيح : কৃপণ, ব্যয়কুণ্ঠ, লোভী। ব أَشِحَّاء، أَشِحَّة، شِحَاح

شَحّ : অপর্যাপ্ত, সামান্য।

شَحِيحَة : অল্প দুগ্ধবতী উষ্ট্রী। ব شَحَائِح

أَيَّام شَحَائِح : খরা, শুকনা মৌসুম।

مُشَاحَّة : বিতর্ক।

لَا مُشَاحَّةَ فِي : বিতর্কমুক্ত, বিতর্কের ঊর্ধ্বে।

شَحَبَ ـُ : (شُحُوب)، شَحُبَ ـُ (شُحُوبَة)، شَحِبَ ফ্যাকাশে হওয়া, মলিন হওয়া, নিষ্প্রভ হওয়া; কৃশ হওয়া।

شُحُوب : ফ্যাকাশে বর্ণ, মলিনতা, নিষ্প্রভতা; কৃশতা।

شَاحِب : ফ্যাকাশে, মলিন, নিষ্প্রভ, কৃশ। ব شَوَاحِب

شَحَتَ : ভিক্ষা চাওয়া, দান চাওয়া, ভিক্ষাবৃত্তি করিয়া জীবিকা নির্বাহ করা।

شَحَّات : ভিক্ষুক।

شَحَّاتُ الْعَيْنِ : অঞ্জনি, sty.

شَحَجَ ـِ ـُ : (شَحِيج) কর্কশ শব্দে ডাকা।

شَحِيج : কর্কশ ডাক।

شَحَذَ ـَ : (شَحْذ) শান দেওয়া, ধারালো করা; ভিক্ষার জন্য পীড়াপীড়ি করিতে থাকা, দান চাওয়া; তাড়াইয়া নেওয়া; বিতাড়িত করা।

تَشَحَّذَ : বিতাড়িত করা।

شَحْذ : ধারালোকরণ।

شَحَّاذ : নাছোড় ভিক্ষুক।

شَحَّاذ الْعَيْن : অঞ্জনি sty.

شِحَاذَة : ভিক্ষাবৃত্তি।

شَحِيذ، مَشْحُوذ : শাণিত, ধারালো।

مِشْحَذ، مِشْحَذَة : শান-পাথর।

شَحَرَ ـَ : (شَحْر) (মুখ) খোলা।

شَحَّرَ، شَحْوَرَ : (تَشْحِير) ভুসাকালি মাখাইয়া কালো করা।

شُحَّار، شُحْوَار : পাতিল, চিমনি ইত্যাদির কালি, ভুসা।

شُحْرُور : গায়ক পক্ষিবিশেষ, blackbird. ব شَحَارِير، شَحْوَر

شَحَطَ ـَ : (شَحْط، شُحُوط) দূরবর্তী হওয়া; পশ্চাতে ফেলিয়া যাওয়া; দংশন করা; দিয়াশলাই ঘর্ষণ করা।

شَحَّطَ : (تَشْحِيط) (জাহাজ) চড়ায় আটকানো, তীরে লাগানো।

أَشْحَطَ : (إِشْحَاط) দূরীভূত করা, বিতাড়িত করা।

شَحْط : গাছের ঠেকনা।

شَحْطَة : আঁচড়ের দাগ, আচড়ের চিহ্ন; ডোরা।

شَاحِط : দূরবর্তী।

مُشَحَّط : চড়ায় আটক (জাহাজ)।

شَحَّاطَة، شُحَيْطَة : দিয়াশলাই, দীপশলাকা।

شَحَمَ ـَ : (شَحْم) চর্বি মাখানো; চর্বি খাওয়ানো।

شَحِمَ ـَ : (شَحَم) মোটা হওয়া; লোভ করা।

شَحُمَ ـُ : (شَحَامَة) চর্বিদার হওয়া; অত্যন্ত মোটা হওয়া।

شَحَّمَ : (تَشْحِيم) চর্বিদার হওয়া; মোটা হওয়া; চর্বি মাখানো, তেল লাগানো।

أَشْحَمَ : (إِشْحَام) চর্বিদার হওয়া; চর্বি খাওয়ানো।

شَحْم : চর্বি; তেল। ব شُحُوم، شُحُومَات

شَحْمُ الثَّمَرِ : ফলের শাঁস।

~ مُذَاب : গলানো চর্বি।

شَحْمَة : চর্বির টুকরা।



www.pathagar.com

شَحْمَةُ الأذُنِ : কানের লতি।

~ الأرْضِ : মসলারূপে ব্যবহৃত কন্দজাতীয় ছত্রাকবিশেষ, truffle.

~ العَيْنِ : অক্ষিগোলক eyeball.

مُشْحِم، شَحِم : শাঁসবহুল (ফল)।

شَحَّام، شَاحِم : চর্বি বিক্রেতা।

مُشَحَّم، شَحِيم : চর্বিদার, মোটা।

شَحْمِى : চর্বিযুক্ত, তৈলাক্ত।

شَحَنَ - َ : (شَحْن) (আসবাবপত্র দ্বারা) পূর্ণ করা; (জাহাজ) বোঝাই করা; (মালামাল) জাহাজে তোলা, জাহাজযোগে প্রেরণ করা; (ব্যাটারি) চার্জ করা; বিতাড়িত করা।

شَحِنَ - َ : (شَحْن) ~ عَلَى বিদ্বেষ পোষণ করা, শত্রুতা প্রকাশ করা।

شَاحَنَ : (مُشَاحَنَة) ঘৃণা করা, শত্রুতা করা; বিবাদ করা, বিতর্ক করা।

أشْحَنَ : (إشْحَان) (আসবাবপত্র দ্বারা) পূর্ণ করা; বোঝাই করা; (তরবারি) খাপে ভরা।

تَشَاحَنَ : পরস্পর ঘৃণা করা, একে অপরের প্রতি বিদ্বেষ পোষণ করা, বিতর্কে লিপ্ত হওয়া।

شَحْن : বোঝাইকরণ, জাহাজযোগে প্রেরণ।

شَحْنَة : (জাহাজের) মাল, বোঝা; বিদ্যুৎ চার্জ। ব شُحَنٌ

بُولِيصَةُ الشَّحْنِ : বহন-পত্র, bill of lading.

~ سَيَّارَةُ : ট্রাক, লরি।

شِحْنَة : (জাহাজের) মাল; বিদ্যুৎ চার্জ; জাহাজযোগে প্রেরণ, shipment; পুলিশ, পুলিশ-বাহিনী।

شَحْنَاء : বিদ্বেষ, ঘৃণা, শত্রুতা।

مَشْحُون، شَاحِن : বোঝাইকৃত, মাল-বোঝাই (জাহাজ)।

شَاحِنَة : ট্রাক, লরি, মালগাড়ি।

مُشَاحَنَة : বিদ্বেষ, ঘৃণা, শত্রুতা; বিতর্ক, বিবাদ।

مُشَاحِن : বিদ্বেষপূর্ণ।

مَشْحُونَات : মালামাল।

شَحَا - ُ : (شَحْو)، شَحِىَ - َ (شَحْى) (মুখ) উন্মুক্ত হওয়া।

أشْحَى : (إشْحَاء) (মুখ) খোলা)।

تَشَحَّى : স্বাধীনভাবে কথা বলা, অবাধে কথা বলা।

شَحًى : প্রশস্ত।

شَحْوَة : পদক্ষেপ; পাত্রের ভিতরের ফাঁকা জায়গা, খোল।

شَحْوَرَ : (شَحْوَرَة) ভুসা মাখাইয়া কালো করা।

شَحْوَر : গায়ক পক্ষিবিশেষ, blackbird.

شُحْوَار : ভুসা।

شَخَّ - ُ : (شَخّ) সশব্দে প্রস্রাব করা; (দুধ) দোহনকালে শব্দ করা; (নিদ্রায়) নাক ডাকা।

شَخَاخ، شَخّ : মূত্র।

مَشْخَة : জনসাধারণের প্রস্রাবখানা।

شَخَبَ - ُ : (شَخْب) (তরলপদার্থ) প্রবাহিত হওয়া, গড়াইয়া যাওয়া, স্তন থেকে দুধ সশব্দে বের হওয়া।

شُخْب، شَخْب : রক্ত প্রবাহ, একবারে দোহনকৃত দুগ্ধ। ব شِخَاب

أشْخُوب : দুগ্ধদোহনের শব্দ। ব أشَاخِيب

شَخُتَ - ُ : (شُخُوتَة) কৃশ হওয়া।

شَخَّتَ : বহন করিয়া নেওয়া।

شَخِيت، شَخَت، شَخْت : কৃশ; ছোট, সামান্য। ব شِخَات

شَخْتُورَة، شَخْتُور : বড় চেপ্টা নৌকা, ডিঙ্গি। ব شَخَاتِير

شَخَرَ - ِ : (شَخِير) নাক ডাকা; নাসিকাধ্বনি করা।

شَخِير : নাক ডাকার শব্দ, নাসিকাধ্বনি।

شَخَسَ - َ : (شَخْس) বিশৃঙ্খল হওয়া।

شَخِيس : বিশৃঙ্খল।



www.pathagar.com

شَخْشَخَ : (شَخْشَخَة) খটখট করা, খড়খড় করা, ঠকঠক করা, ঝনঝন করা।

شَخْشَخَة : (অস্ত্রের) ঝনঝন শব্দ, ঝনঝনানি।

شُخْشِيخَة، شَخْشِيخَة : ঝুমঝুমি; খেলনা; ছাদে বসানো জানালা। ব شَخَاشِخ

شَخَصَ ـَ : (شُخُوص) উপরে উঠা, উঁচু হওয়া; লক্ষ্যস্থল অতিক্রম করা, দৃষ্টিগোচর হওয়া; রওয়ানা করা, প্রস্থান করা।

~ إِلَى : দৃষ্টি নিবদ্ধ করা, তাকাইয়া থাকা।

شَخَصَ بِبَصَرِه، شَخَصَ بَصَرُهُ : চক্ষু খোলা; দৃষ্টি নিবদ্ধ করা, স্থির দৃষ্টিতে তাকাইয়া থাকা।

شَخَصَ ـَ : (شَخَص) ~ بِ আপতিত হওয়া।

شَخَّصَ : (تَشْخِيص) সনাক্ত করা; নির্দিষ্ট করা; অভিনয় করা; (রোগ) নির্ণয় করা; মানবমূর্তিতে রূপায়িত করা, personify.

أَشْخَصَ : (إِشْخَاص) প্রেরণ করা; ভীত করা, (তীর) লক্ষ্যভ্রষ্ট হওয়া।

~ بِ : নিন্দা করা।

تَشَخَّصَ : নির্দিষ্ট হওয়া, আত্মপ্রকাশ করা।

~ لِ : মনে হওয়া, দৃষ্টিগোচর হওয়া।

شَخْص : ব্যক্তি; আকৃতি; (নাটকের) চরিত্র; কেহ; পুরুষ (ব্যা)। ব شُخُوص، أَشْخَاص

شَخْص مَعْنَوِيّ : কল্পিত ব্যক্তি।

شَخْصِيّ : ব্যক্তিগত, নিজস্ব।

شَخْصِيًّا : ব্যক্তিগতভাবে।

شَخْصِيَّة : ব্যক্তিত্ব, নিজস্বতা; পরিচয়।

شَخْصِيَّة بَارِزَة : প্রখ্যাত ব্যক্তিত্ব।

تَحْقِيق الشَّخْصِيَّة : সনাক্তকরণ, পরিচিতি।

شَهَادَةُ تَحْقِيقِ الشَّخْصِيَّة ,تَذْكِرَةُ ~ ~ : পরিচয়পত্র।

قَانُونُ الأَحْوَالِ الشَّخْصِيَّة : ব্যক্তিগত বিষয় সম্বন্ধীয় আইন।

مَحْكَمَة ~ ~ : ব্যক্তিগত বিষয় সম্বন্ধীয় আদালত।

شَاخِص : অপলক নেত্রে দৃষ্টিপাতকারী; খুঁটি।

شَخِيص : বড়; প্রভু।

تَشْخِيص : নির্দিষ্টকরণ, সনাক্তকরণ, (রোগ) নির্ণয়; অভিনয়; মানবমূর্তিতে রূপায়িতকরণ।

تَشْخِيصِيّ : রোগনির্ণয় সংক্রান্ত, রোগনির্ণয়ক; নাটকীয়।

مُشَخِّص : অভিনেতা।

شَخْلَلَ : (شَخْلَلَة) ঝনঝন, টুনটুন, ঠংঠং ইত্যাদি শব্দ করা।

شُخْلُلَة، شَخْلِيلَة : ঝনঝন, টুনটুন, ঠংঠং ইত্যাদি শব্দ।

شَخَمَ ـُ شَخِمَ ـَ شَخُمَ ـُ : (شُخُوم) أَشْخَمَ (إِشْخَام) (খাদ্য) নষ্ট হওয়া, দূষিত হওয়া।

شَخَّمَ (تَشْخِيم) : (খাদ্য) নষ্ট করা, দূষিত করা।

شَدَّ ـِ : (شِدَّة) শক্ত হওয়া, শক্তিশালী হওয়া; দৃঢ় হওয়া; তীব্র হওয়া, প্রচণ্ড হওয়া।

شَدَّ ـُ : (شَدّ) শক্ত করা, কঠিন করা, সুদৃঢ় করা, শক্তিশালী করা, বন্ধন করা; জোর দেওয়া; টানিয়া ধরা।

~ عَلَى : কড়াকড়ি করা, চাপ প্রয়োগ করা।

شَدَّ الرِّحَالَ : সফর শুরু করা।

شَدَّ عَضُدَهُ , ~ أَزْرَهُ সমর্থন করা, পৃষ্ঠপোষকতা করা; শক্তি যোগানো।

شَدَّدَ : (تَشْدِيد) শক্তিশালী করা, সুদৃঢ় করা; অপরিহার্য করা; বাড়াবাড়ি করা, পীড়াপীড়ি করা; (হরফ) দ্বিত্ব উচ্চারণ করা, তাশদীদ দেওয়া।

~ عَلَى : জোর দেওয়া, চাপ প্রয়োগ করা।

تَشَدَّدَ : কঠোর হওয়া, কঠিন হওয়া; তীব্র হওয়া; জোরদার হওয়া; কঠোরতা করা।

إِشْتَدَّ : (إِشْتِدَاد) বৃদ্ধি পাওয়া, তীব্র হওয়া; শক্তিশালী হওয়া।

~ عَلَى : কঠিন হওয়া, কষ্টকর হওয়া।

شَدّ : বন্ধন, আকর্ষণ, টান।

شَدّ الحَبْل : দড়ি-টানাটানি (খেলা), শক্তিপরীক্ষা।



www.pathagar.com

شَدَّة : বান্ডিল, পার্সেল, প্যাকেট; সেট; তাশদীদ চিহ্ন (ّ) জোর, ঝোঁক, শ্বাসাঘাত।

شِدَّة : শক্তি; তীব্রতা; প্রচণ্ডতা, আধিক্য; কঠোরতা, কাঠিন্য; বিপদ, প্রতিকূলতা, অসুবিধা।

مِنْ شِدَّة : জোরে, বলে।

شَدِيد : শক্তিশালী, শক্ত, কঠোর, তীব্র, প্রচণ্ড, অধিক, অত্যন্ত; মন্দ, কঠিন, ভয়াবহ। ব شِدَاد، أَشِدَّاء

شَدِيد الاِعْتِنَاء : অত্যন্ত মনোযোগী, অধিক সতর্ক।

~ البَأْس : দুঃসাহসী, নির্ভীক।

~ الشَّكِيمَة : জেদি, একগুঁয়ে।

~ الوَطْأَة : নিষ্ঠুর।

إِحْتِيَاطَات شَدِيدَة : কঠোর সতর্কতা।

شَدِيدَة : বিপদ, দুর্বিপাক, দুর্দৈব; দুর্ভাগ্য; কষ্ট। ব شَدَائِد

أَشَدّ : অধিকতর শক্তিশালী বা জোরালো; তীব্রতর, কঠিনতর।

أَشُدّ : প্রাপ্তবয়স্কতা, পরিপক্বতা।

بَلَغَ أَشُدَّهُ : সাবালক হওয়া, বালেগ হওয়া, পরিণত বয়সে উপনীত হওয়া, প্রাপ্তবয়স্ক হওয়া।

تَشْدِيد : চাপ, পীড়াপীড়ি ; শক্তিপ্রয়োগ, (হরফের) দ্বিত্ব উচ্চারণ।

مِشَدّ : মেয়েদের শক্ত কাঁচুলিবিশেষ, stays.

مُشَدَّد : জোরালো, শক্ত; প্রচণ্ড; তাশদীদযুক্ত (হরফ)।

مُتَشَدِّد : কঠোর; প্রচণ্ড, শক্তিশালী।

شَدَخَ – َ : (شَدْخ)، شَدَّخَ (تَشْدِيخ) চূর্ণ করা, ফাড়া, বিদীর্ণ করা, ভাঙ্গিয়া ফেলা।

إِنْشَدَخَ، تَشَدَّخَ : চূর্ণ হওয়া, বিদীর্ণ হওয়া, ভাঙ্গিয়া যাওয়া।

شَدَخ : অকালজাত ভ্রূণ।

شَدْخَة : কচি চারাগাছ।

شَادِخ : কোমল; লক্ষ্যচ্যুত।

مُشَدَّخ : চূর্ণ, বিদীর্ণ, ভগ্ন; ঘাড়ের পশ্চাদ্ভাগ।

شَادِر : তাঁবু; গুদামঘর, আড়ত। ব شَوَادِر

شَدَفَ – ِ : (شَدْف) কাটিয়া টুকরা টুকরা করা।

إِشْدَفَ : (إِشْدَاف) (রাত) অন্ধকার হওয়া।

تَشَادَفَ : বাঁকাইয়া যাওয়া; ঝুঁকিয়া পড়া।

شَدَف : দীর্ঘ; মহান।

شَادُوف : সেচযন্ত্রবিশেষ, shadoof.

أَشْدَف : নেটা, বাঁ-হাতী। স্ত্রী شَدْفَاء ব شُدْف

مُتَشَادِف : বক্র, বাঁকানো।

شَدِقَ – َ : (شَدَق) প্রশস্ত চোয়ালবিশিষ্ট হওয়া।

تَشَدَّقَ ~ بِ : বড় মুখে ঘোষণা করা, বড়াই করিয়া বলা।

تَشَدَّقَ بِالكَلَام : টানিয়া টানিয়া কথা বলা, অনর্গল বলিয়া যাওয়া।

شِدْق : চোয়াল। ব أَشْدَاق

شَدِيق : উপত্যকার পার্শ্ব। ব شُدُق

أَشْدَق : প্রশস্ত চোয়ালবিশিষ্ট, বড় মুখবিশিষ্ট। স্ত্রী شَدْقَاء ব شُدْق

مُتَشَدِّق : বড়াইকারী, দাম্ভিক, চাপাবাজ।

شَدَنَ – ُ : (شُدُون) (শাবক) মাইছাড়া হওয়া, বড় হওয়া, হাঁটিতে সক্ষম হওয়া।

شَادِن : মৃগশাবক। ব شَوَادِن

شَدَهَ – َ : (شَدْه) হতবুদ্ধি করা; বিমুগ্ধ করা।

إِشْتَدَهَ (إِشْتِدَاه) إِنْشَدَهَ، إِنْشِدَاه، إِنْشَدَهَ : হতবুদ্ধি হওয়া, হতবাক হওয়া।

شُدَاه، شَدَه، شَدْه : হতবুদ্ধিতা, কিংকর্তব্যবিমূঢ়তা।

مَشْدُوه : হতবুদ্ধি, হতবাক, কিংকর্তব্যবিমূঢ়।

شَدَا – ُ : (شَدْو) মধুর সুরে গাওয়া; সুর করিয়া আবৃত্তি করা; গান করা; তাড়াইয়া নেওয়া; তুলনা করা।

~ فِي : শিক্ষা লাভ করা, শিক্ষাপ্রাপ্ত হওয়া।

~ مِنْ : কিছু পরিমাণ আয়ত্ত করা, খানিকটা রপ্ত করা।



www.pathagar.com

شَذًا : চরম সীমা; উত্তাপ।

شَذْو : গান; পাখির কূজন; সামান্য পরিমাণ।

شَاد : শিক্ষাপ্রাপ্ত; গায়ক।

شَادِيَة : গায়িকা।

شَذَّ ـُ ـِ : (شُذُوذ، شَذّ) একাকী হওয়া, বিচ্ছিন্ন হওয়া; অনিয়মিত হওয়া, ব্যতিক্রম হওয়া।

~ عَنْ : বিচ্যুত হওয়া, দূরে চলিয়া যাওয়া।

شَذَّذَ : (تَشْذِيذ) অনিয়মিত করা।

أَشَذَّ : (إِشْذَاذ) ব্যতিক্রম ব্যবহার করা।

شُذُوذ، شَذّ : অনিয়ম, ব্যতিক্রম; বিচ্যুতি।

شَاذّ : একাকী, বিচ্ছিন্ন; নিয়মবহির্ভূত, অস্বাভাবিক, ব্যতিক্রমধর্মী; বিরল; বিচ্যুত। ব شَوَاذّ، شُذَّاذ

لِكُلِّ قَاعِدَةٍ شَوَاذّ : প্রত্যেক নিয়মেই ব্যতিক্রম আছে।

شَذَبَ ـُ : (شَذْب)، شَذَّبَ কাটা, ছাঁটা, (গাছের) ডালপালা ছাঁটিয়া দেওয়া, ছাল তোলা।

تَشَذَّبَ : বিচ্ছিন্ন হওয়া।

شَذَب : কর্তিত ডাল; গৃহের আসবাবপত্র। ব أَشْذَاب

شَاذِب : বিচ্ছিন্ন, দূরে অবস্থিত।

شَذَرَ، شَذَّرَ : (تَشْذِير، شُذُوْر) মাঝখানে প্রবেশ করানো, অন্তঃপ্রবিষ্ট করা।

تَشَذَّرَ : ছিন্নভিন্ন হওয়া, বিক্ষিপ্ত হওয়া, শতধাবিভক্ত হওয়া; বিবাদের জন্য প্রস্তুত হওয়া, হুমকি দেওয়া।

شَذْر : স্বর্ণখণ্ড; ক্ষুদ্র ক্ষুদ্র মুক্তা; কাচের গুটিকা। ব شُذُور

شَذَرَ مَذَرَ : ইতস্তত, চতুর্দিকে, বিভিন্ন পথে, নানা মতে বিক্ষিপ্ত হইল।

شَذَا ـُ : (شَذْو) কস্তূরীর ঘ্রাণ লওয়া; সুগন্ধ ছড়ানো।

أَشْذَى : (إِشْذَاء) অনিষ্ট করা; কষ্ট দেওয়া, দূরে সরাইয়া দেওয়া।

شَذْو : কস্তূরীর সুগন্ধ।

شَذًى : সুগন্ধ, সৌরভ।

شَذَاة : ছোট নৌকা। ব شَذَاوَات

شَذِيّ : অনিষ্ট, ক্ষতি।

شَذِيّ : সুরভিত, সুগন্ধযুক্ত।

شَرَّ ـُ ـِ : (شَرّ) মন্দ হওয়া, দুষ্ট হওয়া; (পানি) চুয়াইয়া পড়া, বিছাইয়া দেওয়া।

~ ـُ : (شَرّ) দোষ পাওয়া; দোষারোপ করা।

شَرَّرَ، شَرَّ، أَشَرَّ : (إِشْرَار، تَشْرِير) দুর্নাম করা, দোষী করা, বিছাইয়া দেওয়া; ছড়াইয়া দেওয়া।

شَارَّ : (شِرَار) দুর্ব্যবহার করা, বিবাদ করা।

تَشَارَّ : পরস্পর ঝগড়া করা, বিবাদ করা।

شَرّ : দোষ, দুষ্কর্ম; ক্ষতি, অনিষ্ট, অত্যাচার, বিপদ, অন্যায়, পাপ। ব شُرُور

~ : মন্দ; দুষ্ট, দোষী; দুশ্চরিত্র; অধিকতর খারাপ, মন্দতর। ব أَشْرَار

شُرّ : পক্ষিবিশেষ dunlin.

شِرَّة : ক্রোধ; আবেগ।

شَرَارَة، شَرَار، شَرَر : অগ্নিস্ফুলিংগ।

شَرَّار : স্ফুলিংগ নির্গমনকারী, অগ্নিময়।

شَرِير : মন্দ, দুষ্ট, অপকারী। ব أَشِرَّاء

شِرِّير : অত্যন্ত দুষ্ট, বদমাশ, পাজি, পাপিষ্ঠ, অনিষ্টকর।

الشِّرِّير : শয়তান, ইব্‌লীস।

شَرَّانِيّ : দুষ্ট; কোপনস্বভাব।

شَرِبَ ـَ : (مَشْرَب، شُرْب) পান করা; চুষিয়া লওয়া, চুমুক দেওয়া।

شَرِبَ الدُّخَانَ : (شُرْب) ধূমপান করা।

شَرَّبَ (تَشْرِيب) أَشْرَبَ (إِشْرَاب) : পান করানো, পান করিতে দেওয়া; (মনে ধারণা ইত্যাদি) আস্তে আস্তে প্রবেশ করানো; অনুপ্রবিষ্ট করা; সিক্ত করা; আর্দ্র করা।

شَرَّبَ الْخَشَبَ : কাষ্ঠ রাঁদা দ্বারা সমান করা।

شَارَبَ : (مُشَارَبَة) একসঙ্গে পান করা।



www.pathagar.com

شَرَجَ : ـُ (شَرْج) একত্রিত করা, মিশ্রিত করা।

أَشْرَجَ : (إِشْرَاج) (থলি) বন্ধ করা।

شَرَّجَ : (تَشْرِيج) লম্বা লম্বা ফোঁড় দিয়া (কাপড়) সেলাই করা, (থলি) বন্ধ করা।

شَارَجَ : (مُشَارَجَة) অনুরূপ হওয়া।

تَشَرَّجَ : মিশ্রিত হওয়া, মিশিয়া যাওয়া।

إِنْشَرَجَ : (إِنْشِرَاج) ফাটিয়া যাওয়া, বিদীর্ণ হওয়া, দ্বিধাবিভক্ত হওয়া।

شَرْج : দল; পদ্ধতি; প্রকার।

~ : পাথরের ফাটল। ব شُرُوج، شِرَاج

شَرْجَة : পানি পান করাইবার ডোবা। ব شِرَاج

شَرَج : ফাঁস, বোতামের ঘর; মলদ্বার। ব أَشْرَاج

شَرِيج : অনুরূপ।

شَرِيجَة : খেজুর পাতা ইত্যাদির থলি। ব شَرَائِج

شَيْرَج : তিলের তৈল।

شَرَحَ : ـَ (شَرْح) বিশ্লেষণ করা, ব্যাখ্যা করা, বর্ণনা করা; ব্যক্ত করা; ফালি করিয়া কাটা; উন্মুক্ত করা, খুলিয়া দেওয়া; প্রশস্ত করা।

~ إِلَى : ঝুঁকিয়া পড়া।

شَرَحَ الخَاطِرَ : আনন্দিত করা।

شَرَّحَ : (تَشْرِيح) ফালি ফালি করিয়া কাটা, ব্যবচ্ছেদ করা; পরীক্ষার জন্য খণ্ড খণ্ড করিয়া কাটা; ময়না তদন্ত করা।

إِنْشَرَحَ : (إِنْشِرَاح) খুলিয়া যাওয়া; শিথিল হওয়া; বিস্তৃত হওয়া; আনন্দিত হওয়া।

شَرْح : ব্যাখ্যা, বিশ্লেষণ, বর্ণনা, বিবরণ, ভাষ্য, টীকা। ব شُرُوح

شَرْحِيّ : ব্যাখ্যামূলক, ব্যাখ্যাসংক্রান্ত।

شَرِح : উজ্জ্বল, প্রফুল্ল।

شَرْحَة : ফালি; (গোশতের) টুকরা।

شَارِح : ব্যাখ্যাকারী, ভাষ্যকার।

شَرِيحَة : ফালি; গোশতের টুকরা; (কাঠ বা ধাতুর) লম্বা পাতলা পাত; কাচের ফ্রেম; খড়খড়ি, shutter. ব شَرَائِح

تَشَرَّبَ : সিক্ত হওয়া, পরিপূর্ণ হওয়া; চুষিয়া লওয়া।

شُرْب : পান, শোষণ।

شِرْب : পান, পানির অংশ; পান করিবার সময়, পানি দেওয়ার সময়।

شُرْبَة، شَرْبَة : পান; ঢোক; চুমুক; (ঔষধের) মাত্রা, dose; শুরুয়া।

~ : জোলাপ।

شَرَاب : পানীয়, শরবত, সিরাপ; মদ। ব أَشْرِبَة

شِرِّيب، شَرَّاب : অধিক পানকারী; মদ্যপ, মাতাল।

شُرَّاب : মোজা।

شَرَّابَة : রেশমের থোবা, রেশমি ঝাপ্পা। ব شَرَارِيب

شُرَّابَة الرَّاعِي : চিরহরিৎ গুল্মবিশেষ, holly.

شَارِب : পানকারী। ব شُرُوب، شَرْب

~ : গোঁফ। ব شَوَارِب

شَارِبَة : নদীর পারের বাসিন্দা। ব شَوَارِبُ

شَرِيب : পানযোগ্য, পেয়; পানসঙ্গী।

شُورْبَة : শুরুয়া, soup.

تَشَرُّب : চুষণ, শোষণ।

مَشْرَب : পান; স্বাদ; ঝোঁক।

~ : পান করিবার স্থান, কক্ষ, কূপ; ঝরনা। ব مَشَارِب، مَشْرَبَة

مَشْرَبَة : পানি পান করিবার পাত্র। ব مَشَارِب

مَشْرُوب : পানীয়, শরবত; পানযোগ্য, পেয়। ব مَشْرُوبَات

شَرْبَكَ : (شَرْبَكَة) জটিল করা, বিজড়িত করা।

شَرْبُوكَة، شَرْبَكَة : জটিল বিষয়।

شِرْبِين : পাইনজাতীয় বৃক্ষবিশেষ।

شَرَتَ : ـَ (شَرْت)، (شَرَت)، إِنْشَرَتَ (إِنْشِرَات) ফাটিয়া যাওয়া।

شَرَت : ফাটল।



www.pathagar.com

تَشْرِيحُ الْجُثَّةِ : শবব্যবচ্ছেদ; মৃতদেহের ময়না তদন্ত।

تَشْرِيحُ الْمُقَابَلَةِ : প্রাণিব্যবচ্ছেদ-বিদ্যা, তুলনামূলক শবব্যবচ্ছেদ-বিদ্যা।

عِلْمُ التَّشْرِيحِ শবব্যবচ্ছেদ-বিদ্যা, anatomy.

مُشَرِّحٌ : শবব্যবচ্ছেদ-বিদ্যায় নিপুণ ব্যক্তি, anatomist.

مَشْرَحٌ : যোনি।

مَشْرَحَةٌ : অস্ত্রোপচার কক্ষ, operation theatre, ব্যবচ্ছেদ কক্ষ।

شَرَخَ ـُ : (شُرُوخٌ) বড় হওয়া, বয়ঃপ্রাপ্ত হওয়া।

~ ـَ : (شَرْخٌ) ফাটিয়া যাওয়া।

شَرْخٌ : প্রথম যৌবন, জীবন বসন্ত; প্রারম্ভ; অগ্রভাগ; ফাটল, ভাঙন। ব شُرُوخٌ

شَارِخٌ : তরুণ, যুবক। ব شَرْخٌ

شَرَدَ ـُ : (شُرُودٌ، شِرَادٌ) বেগে প্রস্থান করা, দৌড়াইয়া পলায়ন করা; ঘুরিয়া বেড়ানো; বিপথে গমন করা, পথভ্রষ্ট হওয়া।

شَرَّدَ (تَشْرِيدٌ) أَشْرَدَ : (إِشْرَادٌ) ভয় দেখাইয়া তাড়াইয়া দেওয়া, গৃহহীন করা; দেশ হইতে বিতাড়িত করা, ছিন্নভিন্ন করিয়া দেওয়া।

تَشَرَّدَ : ঘুরিয়া বেড়ানো, ভবঘুরে জীবন যাপন করা; বিতাড়িত হওয়া, গৃহহীন হওয়া।

شَرْدٌ : উষ্ণ বায়ু, উত্তপ্ত ধূলিঝঞ্ঝা।

شُرُودٌ : পলায়ন, প্রস্থান; বিপথে গমন।

شُرُودُ الْفِكْرِ : অমনোযোগিতা, অন্যমনস্কতা।

شَارِدٌ : পলায়নপর, পলাতক; বিপথগামী; বিতাড়িত, নিরাশ্রয়, ভবঘুরে। ব شُرُدٌ

شَارِدُ الْفِكْرِ : অন্যমনস্ক, অমনোযোগী, উদাসীন।

شَارِدَةٌ : ব্যতিক্রম; অনিয়ম; অস্বাভাবিক বা অদ্ভুত বস্তু। ব شَوَارِدُ

شَوَارِدُ اللُّغَةِ : ভাষার ব্যতিক্রমসমূহ, অনিয়মসমূহ।

تَشَرُّدٌ : ভবঘুরেমি, আশ্রয়হীনতা।

تَشْرِيدٌ : বিতাড়ন, গৃহহীনকরণ, ভবঘুরেমি, আশ্রয়হীনতা।

مُشَرَّدٌ : বিতাড়িত, স্থানচ্যুত; গৃহহীন, শরণার্থী, পলাতক; অবহেলিত।

شَرِيدٌ، مُتَشَرِّدٌ : গৃহহীন, নিরাশ্রয়, ভবঘুরে।

شَرْدَقَ، تَشَرْدَقَ : (شَرْدَقَةٌ) শ্বাসরুদ্ধ হওয়া।

تَشَرْذَمَ : খাঁজযুক্ত হওয়া।

شِرْذِمَةٌ : ক্ষুদ্র দল, বাহিনী। ব شَرَاذِمُ، شَرَاذِيمُ

شَرَزَ ـُ : (شَرْزٌ) কর্তন করা।

شَرَّزَ : (تَشْرِيزٌ) শাস্তি দেওয়া; কুৎসা করা, গালি দেওয়া।

شَارَزَ : (مُشَارَزَةٌ) ঝগড়া করা।

أَشْرَزَ : (إِشْرَازٌ) দুর্ভাগ্যে ঠেলে দেওয়া।

شَرَزٌ : কঠোরতা, রূঢ়তা; কঠোর, রূঢ়।

شَرَزَةٌ : ক্ষতি, ধ্বংস।

شَرِسَ ـَ : (شَرَاسَةٌ، شَرَسٌ) দুষ্ট হওয়া; খিটখিটে হওয়া; বদমেজাজী হওয়া; কলহপ্রিয় হওয়া; অমিশুক হওয়া।

شَارَسَ، تَشَارَسَ : (مُشَارَسَةٌ) কঠোর আচরণ করা; ঝগড়া করা।

شَرَسٌ، شَرَاسَةٌ : দোষ, দুশ্চরিত্রতা; হীনতা, কলহপ্রিয়তা, অমিশুকতা।

شِرْسٌ : মূল; শিরা। ব شُرُوسٌ

شَرِسٌ، شَرِيسٌ، أَشْرَسُ : দুষ্ট; খিটখিটে; বদমেজাজী; কলহপ্রিয়; অমিশুক; অনিষ্টকারী। স্ত্রী شَرْسَاءُ

شِرَاسٌ : আঠা।

شُرْسُوفٌ : পাঁজরের উপাস্থি; দুর্ভাগ্য। ব شَرَاسِيفُ

شَرَّشَ : (تَشْرِيشٌ) শিকড় বিস্তার করা।

شِرْشٌ : শিকড়, মূল। ব شُرُوشٌ

شِرْشُ اللَّبَنِ : ছানার পানি, whey.



www.pathagar.com

شِرْشِر : খাঁজকাটা।

شِرْشِر : তৃণবিশেষ।

شَرْشَرَة : খাঁজ, আল; কাস্তে।

شُرْشُور : ক্ষুদ্র গায়ক পক্ষিবিশেষ, chaffinch, bishopbird. ব شَرَاشِير

شَرْشِير : বুনোহাঁস, বালিহাঁস।

شَرَاشِر : আত্মা; প্রকৃতি, পূর্ণাঙ্গ অবয়ব।

مُشَرْشَر : খাঁজযুক্ত, খাঁজকাটা।

شَرْشَف : বিছানার চাদর। ব شَرَاشِف

شَرَطَ : ـُ ـِ (شَرْط)، اِشْتَرَطَ (اِشْتِرَاط) শর্ত করা, শর্ত আরোপ করা।

شَرَّطَ : (تَشْرِيط) আঁচড়ানো, খোদাই করা; ছেদন করা, ছিন্ন করা।

شَارَطَ، تَشَارَطَ : (مُشَارَطَة) পরস্পর শর্ত করা, চুক্তি করা।

~ : দরকষাকষি করা; বাজি রাখা।

تَشَرَّطَ : ~ عَلَى কঠিন শর্ত আরোপ করা।

~ فِى عَمَلِهِ : সুচারুরূপে কাজ করা, সযত্নে কাজ করা।

شَرْط : শর্ত; চুক্তি; আঁচড়; চিড়। ব شُرُوط

عَلَى شَرْطِ أَنْ، بِشَرْطِ أَنْ، شَرْطًا أَنْ : এই শর্তে যে।

مِنْ دُونِ شَرْطٍ، بِلَا شَرْطٍ : বিনা শর্তে, নিঃশর্তভাবে।

شَرْط جَزَائِى : দণ্ড বিষয়ক ধারা, penal clause.

شُرُوطُ الاِتِّفَاق : চুক্তির শর্তাবলি।

شَرْطِىّ، اِشْتِرَاطِىّ : শর্তমূলক, শর্তাধীন।

شَرَط : চিহ্ন, লক্ষণ, সূচনা। ব أَشْرَاط

شُرَط : রাজার দেহরক্ষী বাহিনী।

شَرْطَة : ড্যাশচিহ্ন, dash (—) ব شُرَط

شَرْطَة قَصِيرَة : হাইফেন, hyphen (-).

شُرْطَة পুলিশ বাহিনী, শান্তিরক্ষী বাহিনী। ব شُرَط

صَاحِبُ الشُّرْطَة : শাসক, পুলিশপ্রধান।

شُرْطِىّ : পুলিশ কর্মচারী, পুলিশ।

شُرْطِيَّة : চুক্তি।

شَرِيط : ফিতা, তার, দড়ি, রিবন; প্রশস্ত রেখা। ব أَشْرِطَة، شُرُط

شَرِيطُ الْجُنْدِىّ : সৈনিকের পদমর্যাদা-নির্দেশক ব্যাজ,. insignia.

~ سِكَّةِ الْحَدِيد : রেলওয়ে লাইন।

~ الْقِيَاس : মাপিবার ফিতা।

~ النَّار : ফিউজ, দাহ্য পদার্থপূর্ণ নল, fuse.

شَرِيطَة : শর্ত; দড়ি, তার, রিবন। ব شَرَائِط

اِشْتِرَاط : শর্ত; শর্তকরণ, শর্ত নির্ধারণ।

مَشْرَط : প্রোগ্রাম।

مِشْرَط : শল্যচিকিৎসকের ছুরি। ব مَشَارِط

شَرَعَ : ـَ (شَرْع)، اِشْتَرَعَ (اِشْتِرَاع) বিধান দেওয়া, আইন প্রবর্তন করা, বিধান প্রণয়ন করা, আইন করা।

~ : (شُرُوع) শুরু করা, আরম্ভ করা; (তরবারি) উত্তোলন করা; (দড়ি) টান করিয়া বাঁধা; বন্ধন খুলিয়া দেওয়া; পরিকল্পনা করা।

~ عَلَى : (অস্ত্র) তাক করা।

شَرَّعَ (تَشْرِيع) أَشْرَعَ : (إِشْرَاع) (অস্ত্র) তাক করা; (তরবারি) উত্তোলন করা; (দড়ি) টান করিয়া বাঁধা, আইন প্রবর্তন করা।

أَشْرَعَ : পথ প্রদর্শন করা।

شِرْعَة، شَرْع : আইন, বিধান।

خَاضِع لِلشَّرْع : আইন মান্যকারী।

شَرْعِىّ : আইনসম্মত, আইনানুগ; বৈধ; বিচারসংক্রান্ত।

شَرْعِيًّا : আইনসম্মতভাবে, বৈধভাবে।

شَرْعِيَّة : আইনানুগতা, বৈধতা।



www.pathagar.com

شَرْعَة : দড়ি, তার, (ধনুকের) ছিলা; চামড়ার পাতলা ফালি। ব أَشْرَاعٌ

شِرَاع : পাল; তাঁবু। ব أَشْرِعَة، شُرُع

سَفِينَة شِرَاعِيَّة : পালের নৌকা।

شَرَاعَة : সাহস।

شَرَاعِيّ : লম্বা; লম্বা ঘাড়বিশিষ্ট (উট)।

شُرُوع : আরম্ভ, শুরু; সূচনা; পরিকল্পনা; উদ্যোগ, চেষ্টা।

شَرِيع : সাহসী।

شَرِيعَة : আইন, বিধান; পানির রাস্তা; পানি পানের জায়গা। ব شَرَائِع

الشَّرِيعَة الغَرَّاء، الشَّرِيعَة السَّمْحَاء، الشَّرِيعَة : ইসলামী শরী'আহ, ইসলামী বিধান।

صَاحِبُ الشَّرِيعَة : বিধানপ্রণেতা, আইনদাতা।

~ عِلْمُ : আইনশাস্ত্র।

~ نَهْرُ : জর্ডান নদী।

مُشْتَرِع، مُشَرِّع، شَارِع : বিধান-প্রণেতা; আইন-দাতা।

~ : সড়ক, রাস্তা, পথ। ব شَوَارِع

شَارِع رَئِيسِيّ : প্রধান সড়ক।

~ عَامّ : জনপথ, রাজপথ।

تَشْرِيع : আইন প্রণয়ন, বিধান প্রবর্তন।

سُلْطَةُ التَّشْرِيع : আইন প্রণয়ন কর্তৃপক্ষ, ব্যবস্থাপক সভা, legislature.

تَشْرِيعِيّ : আইন সম্পর্কিত, বিধান সম্বন্ধীয়।

جَمْعِيَّة تَشْرِيعِيَّة : বিধানসভা।

~ سُلْطَة : আইন প্রণয়ন-ক্ষমতা, আইন প্রণয়নের কর্তৃত্ব, legislative power.

مَشْرُعَة، مَشْرَعَة، مَشْرَع : পানি পানের স্থান; দুই দিকে উন্মুক্ত রাস্তা। ব مَشَارِع

مَشْرُوع : আইনসম্মত, বৈধ; অনুমোদিত।

~ : প্রকল্প; পরিকল্পনা; নকশা; পরিকল্পনাধীন কাজ। ব مَشَارِيع

مَشْرُوعُ قَانُونِيّ : আইনের খসড়া, বিল।

مُتَشَرِّع : বিধানপ্রণেতা, আইনদাতা; ব্যবহার শাস্ত্রবিদ; উকিল, ব্যারিস্টার।

شَرَفَ ـُ : (شَرْف) মর্যাদায় ছাড়াইয়া যাওয়া।

شَرِفَ ـَ : (شَرَف) উচ্চ হওয়া।

شَرُفَ ـُ : (شَرَافَة) মর্যাদাবান হওয়া, সম্মানিত হওয়া, অভিজাত হওয়া।

شَرَّفَ : (تَشْرِيف) মর্যাদা দেওয়া, মর্যাদাবান করা, মর্যাদায় ভূষিত করা, সম্মান করা, সম্মান প্রদর্শন করা।

شَارَفَ : (مُشَارَفَة) মর্যাদা, আভিজাত্য কিংবা মহত্ত্বের প্রতিযোগিতা করা, গৌরবে প্রতিযোগিতা করা; তত্ত্বাবধান করা।

أَشْرَفَ : (إِشْرَاف) উঁচু হওয়া; উপরে উঠা।

~ عَلَى : তত্ত্বাবধান করা, পর্যবেক্ষণ করা, দেখাশুনা করা; দৃষ্টি রাখা; লক্ষ্য রাখা; নিয়ন্ত্রণ করা; পরিচালনা করা; ভারপ্রাপ্ত হওয়া; নিকটবর্তী হওয়া।

أَشْرَفَ عَلَى الْمَوْت : মৃত্যুর দ্বারে উপনীত হওয়া, মুমূর্ষু অবস্থায় পৌঁছা।

تَشَرَّفَ : সম্মান লাভ করা, সম্মানিত হওয়া, মর্যাদায় ভূষিত হওয়া।

إِسْتَشْرَفَ : (إِسْتِشْرَاف) উপরে উঠা; চক্ষু উঠাইয়া দেখা।

~ إِلَى : তাকানো, দৃষ্টি দেওয়া।

شَرَف : সম্মান, মর্যাদা, গৌরব, আভিজাত্য, মহত্ত্ব।

أُسْتَاذُ شَرَف : প্রফেসর ইমেরিটাস।

~ عُضْوُ : অবৈতনিক সদস্য, honorary member.

~ كَلِمَةُ : ভদ্রলোকের কথা, word of honour.

شَرَفِيّ : সম্মানসূচক।

شُرْفَة : (شُرَّافَة، شَرَفَة) বেলকনি, গ্যালারি। ব شُرَف

شُرْفَةُ الْقَصْر، شَرَفَةُ الْقَصْر : গুলি চালাইবার জন্য অট্টালিকার উপর নির্মিত ফোকরবিশিষ্ট প্রাচীর, battlement.



www.pathagar.com

شَوَارِفُ، شُرَّف، شُرُف ব । বৃদ্ধ (উট) : شَارِف

شَرِيف : সম্ভ্রান্ত, মহৎ উচ্চবংশীয়, অভিজাত, মর্যাদাবান, সম্মানিত। ব شُرَفَاء، أَشْرَاف

إِشْرَاف : তত্ত্বাবধান; পর্যবেক্ষণ; নিয়ন্ত্রণ; পৃষ্ঠপোষকতা।

تَحْتَ إِشْرَاف : তত্ত্বাবধানে, পৃষ্ঠপোষকতায়।

تَشْرِيفَة : অনুষ্ঠান, ceremony (কূটনৈতিক, আদব-কায়দা)।

تَشْرِيفَاتِيّ : আনুষ্ঠানিক; অনুষ্ঠান প্রধান।

مُشْرِف : তত্ত্বাবধায়ক; পৃষ্ঠপোষক; পর্যবেক্ষক।

مُشْرِفٌ عَلَى الْمَوْتِ : মুমূর্ষু।

مُشْرَف : বারান্দা।

مَشْرَف : উচ্চভূমি। ব مَشَارِف

مَشَارِفُ الْمَدِيْنَة : শহরতলী।

مُسْتَشْرَف : উচ্চ সমতল স্থান।

شَرَقَ ـُ : (شَرْق) চুমুক দেওয়া।

~ ـُ : (شُــرُوق) উদিত হওয়া; প্রদীপ্ত হওয়া, উদ্ভাসিত হওয়া।

شَــرِقَ ـَ : (شَــرَق) শ্বাসরুদ্ধ হওয়া, বাকরুদ্ধ হওয়া।

شَرَّقَ : (تَشْرِيْق) পূর্বদিকে যাওয়া; (গোশত টুকরা টুকরা করিয়া কাটিয়া) রৌদ্রে শুকানো; আস্তর করা।

أَشْرَقَ : (إِشْــرَاق) উদিত হওয়া; প্রদীপ্ত হওয়া, উদ্ভাসিত হওয়া; আলো দেওয়া; (খেজুর) হলুদ বর্ণ হওয়া; সূর্যোদয়ের সময়ে প্রবেশ করা।

تَشَرَّقَ : প্রাচ্যদেশীয় হওয়া, প্রাচ্যবিশারদ হওয়া।

شَرْق : পূর্ব; প্রাচ্য; সূর্যোদয়; উদীয়মান সূর্য; ফাঁক।

شَرْقُ الأُرْدُنّ : ট্রান্স-জর্ডান, trans-jordan.

الشَّرْقُ الأَدْنَى : নিকটপ্রাচ্য।

~ الأَقْصَى : দূরপ্রাচ্য।

~ الأَوْسَط : মধ্যপ্রাচ্য।

شَرْقًا : পূর্বদিকে।

شَرْقِي : পূর্বদিকের, পূর্বদিক হইতে আগত, পূর্বাভিমুখী; প্রাচ্য, পূর্ব দেশীয়; প্রাচ্যবাসী।

شَرْقَة : উদীয়মান সূর্য; শীতকালীন রৌদ্রোজ্জ্বল স্থান; ধূম্রজনিত চোখের ব্যথা।

شَرَق : আগুন জ্বালাইবার ক্ষুদ্র কাঠ।

شِرَاق : পিচপাইন-কাঠ, হালকা কাঠ।

شُرُوق : উদয়, আবির্ভাব।

شَارِق : উদীয়মান, প্রদীপ্ত।

شَارُوق : আস্তর, plaster.

إِشْرَاق : প্রভা, ঔজ্জ্বল্য; বিকিরণ।

تَشْرِيق : (গোশত টুকরা টুকরা করিয়া) রৌদ্রে শুষ্ককরণ।

أَيَّامُ التَّشْرِيق : ঈদুল আযহার পরবর্তী তিন দিন, অর্থাৎ ১১, ১২ ও ১৩ ই যিলহজ্জ।

مَشْرِق : পূর্ব, প্রাচ্য; উদয়স্থল। ব مَشَارِق

مَشَارِقُ الأَرْضِ ومَغَارِبُهَا، الْمَشْرِقَانِ والْمَغْرِبَانِ : গোটা বিশ্ব, সারা পৃথিবী।

مُشْرِق : উজ্জ্বল, প্রদীপ্ত, উদ্ভাসিত।

مُشَرَّق : রৌদ্রে ঝলসানো; সাদা আস্তরকৃত।

مُسْتَشْرِق : প্রাচ্যবিশারদ, প্রাচ্যভাষাবিদ।

شَرَقْرَاق، شَرَقْرَق : সবুজ কাঠ-ঠোকরা।

شَرِكَ ـَ (شَــرِكَــة، شِــرْكَــة، شِــرْك) : شَارَكَ (مُشَارَكَة) অংশীদার হওয়া, সঙ্গী হওয়া, সহযোগী হওয়া; অংশগ্রহণ করা।

شَرَّكَ : (تَشْرِيْك) স্যান্ডেলে ফিতা লাগানো।

أَشْرَكَ : (إِشْرَاك) অংশীদার করা, অংশ দেওয়া; শরীক করা; স্যান্ডেলে ফিতা লাগানো।

أَشْرَكَ بِاللّٰه : আল্লাহর সহিত শরীক করা, ইবাদতে আল্লাহর সহিত অন্যকে শরীক করা, মুশরিক হওয়া।

إِشْتَرَكَ، تَشَارَكَ : (إِشْتِرَاك) অংশীদার হওয়া, শরীক হওয়া, অংশগ্রহণ করা।



www.pathagar.com

اِشْتَرَكَ : ~ فِي চাঁদা দেওয়া, গ্রাহক হওয়া।

شِرْك : আল্লাহর সহিত অন্য কিছুকে অংশীদারকরণ, শিরক; দেব-দেবীতে বিশ্বাস, পৌত্তলিকতা। ব أَشْرَاكٌ

أَهْلُ الشِّرْك، مُشْرِك : আল্লাহর সহিত অন্য কিছুকে অংশীদারকারী, মুশরিক; দেব-দেবীতে বিশ্বাসী, পৌত্তলিক।

شَرَك : জাল; ফাঁদ; বিস্তৃতি। ব شِرَاك، أَشْرَاك، شُرُك

شُرُك : ত্রুটিপূর্ণ; দোষযুক্ত; নকল।

شَرِكَة، شِرْكَة : অংশীদারিত্ব, সংঘ, সমিতি; সংগঠন, কোম্পানী, কর্পোরেশন।

شَرِكَة تِجَارِيَّة : ব্যবসায় প্রতিষ্ঠান, কোম্পানি, কর্পোরেশন।

الشَّرِكَات ~ : ট্রাস্ট, trust.

شَرِكَة سِهَامِيَّة ,~ مُسَاهَمَة : জয়েন্ট-স্টক, কোম্পানি, লিমিটেড কোম্পানি।

شِرَاك : জুতার বা স্যান্ডেলের ফিতা। ব أَشْرَاك، أَشْرُك، شُرُك

شَرِيك : অংশীদার, অংশগ্রহণকারী; সঙ্গী, দোসর, মিত্র। ব شُرَكَاء، أَشْرَاك

شَرِيك مُوَصٍّ : নিষ্ক্রিয় অংশীদার, sleeping partner.

~ فِي جَرِيمَة : দুষ্কর্মের সহচর।

اِشْتِرَاك : অংশগ্রহণ, অংশীদারিত্ব; দান, চাঁদা।

بِالاِشْتِرَاك، مَعَ ~ : একত্রে, সহযোগে।

اِشْتِرَاكِيّ : সমাজবাদী, সমাজতন্ত্রী।

اِشْتِرَاكِيَّة : সমাজবাদ, সমাজতন্ত্র।

مُشْتَرِك : অংশগ্রহণকারী, অংশীদার; চাঁদাদানকারী, গ্রাহক।

مُشْتَرَك : যুক্ত, যৌথ, সম্মিলিত, পারস্পরিক; সাধারণ।

بَلَاغ مُشْتَرَك : যুক্ত ইশতেহার।

مُشَارِك : অংশীদার; অংশগ্রহণকারী; সহযোগী।

أُسْتَاذ مُشَارِك : সহযোগী অধ্যাপক।

مُشَارَكَة : অংশীদারিত্ব; অংশগ্রহণ; সহযোগিতা।

شَرَمَ - شَرْم (شَرْم) : বিদীর্ণ করা, ফালি করা, নাকের ডগা কর্তন করা।

شَرَّمَ : (تَشْرِيم) (শিকার) জখমি হইয়া পলায়ন করা; বিদীর্ণ করা, ফালি করা।

اِنْشَرَمَ، تَشَرَّمَ : (اِنْشِرَام) বিদীর্ণ হওয়া; খাঁজযুক্ত হওয়া।

شَرْم : নাকের কাটা দাগ, ফাটল, ক্ষুদ্র উপসাগর, খাড়ি। ব شروم

أَشْرَم : বিদীর্ণ, ফালিকৃত; নাক কাটা; গন্নাকাটা; খোনা, harelipped. স্ত্রী شَرْمَاء ব شُرْم

شَرْمَطَ : টুকরা টুকরা করিয়া ছিঁড়া; ফালি ফালি করিয়া চিরা।

شَرْمُوطَة : টুকরা, ফালি, খণ্ড; নেকড়া; পতিতা। ব شَرَامِيط

شَرْنَقَة : রেশমের গুটি, গুটিপোকা, সাপের খোলস; শণের বীজ। ব شَرَانِق

شَرِهَ - َ (شَرَه) : অত্যধিক লোভ করা, লোভী হওয়া; লোলুপ হওয়া; পেটুক হওয়া, পেটুকের মতো খাওয়া।

شَرَه، شَرَاهَة : অত্যধিক লোভ, লোলুপতা, লালসা; পেটুকতা।

شَرِه، شَرْهَان : লোভী, লোলুপ; পেটুক।

شَرْو : মধুমক্ষিকার মধু।

شِرْوَال : প্যান্ট, পাজামা। ব شَرَاوِيل

شَرَى - (شِرًى، شِرَاء) اِشْتَرَى، (اِشْتِرَاء) : ক্রয় করা, বিক্রয় করা।

شَرَّى : (تَشْرِيَة) বিক্রয়ের জন্য প্রদর্শন করা; রৌদ্রে শুকানো।

شَارَى : ক্রয়-বিক্রয়-চুক্তি সম্পন্ন করা।

تَشَرَّى : বিক্ষিপ্ত হওয়া।

اِسْتَشْرَى : খারাপ হওয়া, জটিল হওয়া।

~ فِي : আত্মনিয়োগ করা।



www.pathagar.com

شَرْى : উদ্ভিদবিশেষ, colocynth, মাকাল ফল।

شِرًى : ক্রয়, বিক্রয়। ব أَشْرِيَة

شَرًى : ফুস্কুড়ি, পাঁচড়া।

شَرِىٌّ : উত্তেজনাপ্রবণ, অগ্নিময়।

شَرِيَّة : পদ্ধতি; প্রকৃতি।

شَرْوَة : ক্রয়, ক্রয়চুক্তি, লাভজনক ক্রয়, দরকষাকষি।

شَرْوَى : ন্যায়, মতো, সদৃশ।

شَرْيَان : ধমনি। ব شَرَايِين

شَارٍ : ক্রেতা, বিক্রেতা। ব شُرَاة

شُرَاة : খারিজী সম্প্রদায়ের অপর নাম। জান্নাতের বিনিময়ে নিজদিগকে বিক্রয় করিয়াছে, এই ধারণায় তাহারা নিজদিগকে شُرَاة নামে অভিহিত করিত।

إِشْتِرَاء : ক্রয়।

مُشْتَرٍ : ক্রেতা, বিক্রেতা।

المُشْتَرِى : বৃহস্পতি গ্রহ, jupiter.

شَزَّ ـِ : (شَزَازَة) বন্ধ্যা হওয়া।

شَزٌّ، شَزِيز : বন্ধ্যা।

شَزَازَة : বন্ধ্যাত্ব।

شَزَبَ، شَزُبَ ـُ : (شُزُوب، شَزْب) শক্ত হওয়া; কৃশ হওয়া।

شَزَّبَ : (تَشْزِيب) কৃশ করা, কাহিল করা।

شُزْبَة : সুযোগ।

شَازِب : শক্ত; শুষ্ক; পাতলা, কৃশ। ব شَوَازِب، شُزَّب

شَزِيب : সজীব বৃক্ষ-শাখা। ব شُزُوب

شَزَرَ ـُ : (شَزْر) বক্র দৃষ্টিতে তাকানো, আড়নয়নে তাকানো; (দড়ি) পাকানো।

تَشَزَّرَ : ক্রুদ্ধ হওয়া।

~ لِ : প্রস্তুত হওয়া।

تَشَازَرَ : ক্রোধপূর্ণ দৃষ্টিতে একে অপরের প্রতি তাকানো।

شَزْر : ক্রুদ্ধ দৃষ্টি; বক্র দৃষ্টি; উল্টা পাকের দড়ি।

شَزْرًا : বক্র দৃষ্টিতে, আড়নয়নে, তেরচাভাবে।

شَزَر، شُزْرَة : চক্ষুর রক্তিম বর্ণ।

أَشْزَر : বক্র, তেরচা (দৃষ্টি); ক্রোধে লাল, রোষরক্তিম (চক্ষু)। স্ত্রী شَزْرَاء

شَزَنَ ـَ : (شَزَن) প্রাণবন্ত হওয়া, প্রফুল্ল হওয়া।

تَشَزَّنَ : শক্ত হওয়া, কঠিন হওয়া।

~ لِ : প্রস্তুতি লওয়া, উদ্যত হওয়া; কঠোরভাবে ঝগড়া করা; ফেলিয়া দেওয়া; ভূপাতিত করা, শোয়ানো।

~ عَلَى : কঠিন হওয়া।

شَزْن، شُزُن : ক্ষুদ্র হাড়।

شَزَن : কাঠিন্য, ক্লান্তি; শক্ত মাটি। ব شُزُن، شُزُون

شُزُن : পার্শ্ব।

شَسَّ ـِ : (شُسُوس) শুষ্ক হওয়া।

شَسّ : সুকঠিন ভূমি। ব شُسُوس، شِسَاس

شَسَعَ ـَ : (شُسُوع، شَسْع) দূরবর্তী হওয়া।

~، شَسَّعَ (تَشْسِيع)، أَشْسَعَ (إِشْسَاع) : (স্যান্ডেলে) ফিতা লাগানো।

شُسُوع : দূরবর্তিতা, দূরত্ব।

شِسْع : সামান্য, পার্শ্ব, প্রান্ত; স্যান্ডেলের ফিতা। ব أَشْسَاع، شُسُوع

شَاسِع : দূরবর্তী, সুদূর; বিরাট (ব্যবধান); অনেক (দূরত্ব)।

شِسْف : শুকনা রুটিখণ্ড।

شَاسِف، شَسِيف : শুকনা, শুষ্ক; পাতলা, কৃশ।

شِشْم : চক্ষুর ঔষধরূপে ব্যবহৃত সুরমাবিশেষ।

شَشْمَة : পায়খানা, টয়লেট।

شَشْنَة، شِشْنِى : নমুনা, sample.

شَشْنَجِى : ধাতু-পরীক্ষক, assayer.

شَصَّ ـِ : (شِصَاص، شُصُوص) সামান্য পরিমাণ দুধ দেওয়া; (জীবন) কঠিন হওয়া; নিজের ঠোঁট কামড়ানো।

~، أَشَصَّ : ~ عَنْ হটাইয়া দেওয়া।



www.pathagar.com

شِصّ : বড়শি; সুচতুর চোর। ব شُصُوص

شَصُوص : স্বল্প দুগ্ধবতী (উষ্ট্রী); ফসলহীন (বৎসর)। ব شِصَاص، شُصُص

(شَصَب) - َ شَصِبَ، (شُصُوب) : - ُ شَصَبَ (জীবন) কঠিন হওয়া, কষ্টকর হওয়া।

~ : (شَصْب) চামড়া ছাড়ানো।

أَشْصَبَ : (إِشْصَاب) (জীবন) কঠিন করা, কষ্টদায়ক করা।

شِصْب : অনুর্বরতা, বন্ধ্যাত্ব; কাঠিন্য, কঠোরতা। ব أَشْصَاب

~, شَصِيب : অংশ; ভাগ্য।

شَصِيبَة : দুর্ভাগ্য; বন্ধ্যাত্ব; কূপের তলদেশ। ব شَصَائِب

شَاصِب : কঠিন, কষ্টকর (জীবন)।

شَصَّاب : কসাই।

شَصَرَ : - ُ (شَصْر) সেলাই করা; গুঁতা দেওয়া।

شَصَر : অল্পবয়স্ক হরিণ। ব أَشْصَار

شَاصِرَة : বন্যজন্তুর ফাঁদ। ব شَوَاصِر

شَصَا : - ُ (شُصُوّ) স্থিরদৃষ্টিতে তাকাইয়া থাকা; (মেঘের) আবির্ভাব হওয়া।

أَشْصَى : (إِشْصَاء) (দৃষ্টি) উত্তোলন করা; (চক্ষু) উন্মুক্ত করাইয়া রাখা।

شَصْو : দুর্ভাগ্য, কষ্ট।

شَطَّ : - ُ (شَطّ، شَطَط، شُطُوط) إِشْتَطّ (إِشْتِطَاط) দূরে চলিয়া যাওয়া, সীমা অতিক্রম করা।

~ : (عَنْ) সরিয়া যাওয়া, বিচ্যুত হওয়া।

شَطَّطَ، أَشَطَّ : (إِشْطَاط، تَشْطِيط) ~ فِى যুল্‌ম করা।

شَطَّ فِى الْقَوْل : কড়া কথা বলা।

~, أَشَطّ، إِشْتَطّ : মূল্যবৃদ্ধি করা।

شَطَّطَ : (নদীর) তীর ঘেঁষিয়া চলা।

~ فِى : প্রবেশ করা।

شَاطَّ : (مُشَاطَّة) মূল্য বৃদ্ধির প্রতিযোগিতা করা।

شَطّ : তীর, উপকূল, প্রান্ত। ব شُطُوط

شَطُّ الْعَرَب : শাতিল আরব; পারস্য উপসাগরের সঙ্গমস্থলে ফুরাত ও দিজলার সম্মিলিত প্রবাহ। ইহার দৈর্ঘ্য ১৬০ কিলোমিটার ও প্রস্থ ১২০০ মিটার।

شَطَّة : এক প্রকার মরিচ।

شَطَاطَة، شَطَاط، شِطَّة : দূরত্ব।

شَطَط : সীমা অতিক্রম, নিয়ম লঙ্ঘন।

مُشِطّ : চরম, অপরিমিত।

شَطَا : - َ (شُطُوء، شَطْأ) নদীর তীরে হাঁটা।

~ بِ : বহন করিতে সক্ষম হওয়া।

~, أَشْطَأ : (إِشْطَاء) অঙ্কুরিত হওয়া।

شَطْأ : (شَاطِئ) (নদীর) তীর, (সমুদ্রের) উপকূল। ব شُطُوء، شَوَاطِئ، شُطْآن

~ : অঙ্কুর।

شَطَبَ : - ُ (شَطْب) ফালি করা; ঘষিয়া তোলা; (লেখা) কাটিয়া দেওয়া; বাদ দেওয়া; বাতিল করা; অনুপস্থিত হওয়া।

شَطَبَ الدَّعْوَى : মকদ্দমা খারিজ করা।

شَطَّبَ : (تَشْطِيب) ফালি করা; আঁচড় দেওয়া; চাঁচিয়া ফেলা; সমাপ্ত করা; সমাপ্ত হওয়া; (হিসাব) খতিয়ান বহিতে তোলা।

إِنْشَطَبَ، تَشَطَّبَ (إِنْشِطَاب) : (পানি) প্রবাহিত হওয়া।

شَطْبَة، شَطْب : ফালি।

شَطْب : ব شُطُوب দীর্ঘ।

شَطْبَة : সবুজ প্রশাখা। ব شَطَب

شَطَحَ : - َ (شَطْح) চলিয়া যাওয়া; বিপথে গমন করা, ঘুরাফিরা করা।

شَطَرَ : - ُ (شَطْر)، شَطَّرَ (تَشْطِير) ভাগ করা, অর্ধেক করা, দ্বিখণ্ডিত করা; বিচ্ছিন্ন করা, ছত্রভঙ্গ করা।

~ : (شُطُور، شُطُورَة، شَطَارَة) ~ عَنْ সরিয়া আসা, পৃথক হওয়া, সম্পর্কহীন হওয়া।



www.pathagar.com

شَطَرَ ـُ : (شَطَارَة) চতুর হওয়া, ধূর্ত হওয়া, দক্ষ হওয়া।

شَاطَرَ : (مُشَاطَرَة) অর্ধেক করিয়া ভাগাভাগি করা, সমান অংশীদার হওয়া; অংশগ্রহণ করা।

تَشَطَّرَ : চাতুর্য দেখানো, ধূর্ততা প্রদর্শন করা।

تَشَاطَرَ : প্রতারণা করা।

شَطْر : অর্ধেক, অংশ, ভাগ; অর্ধাংশ; দিক। ব أشْطُر، شُطُور

شَطَارَة : ধূর্ততা, চালাকি, চাতুর্য; দক্ষতা।

شَطِير : দূরবর্তী; বিদেশী; নিঃসঙ্গ; অর্ধাংশ।

شَطِيرَة : স্যান্ডউইচ, (এমন দুইখণ্ডে রুটি যাহার মধ্যস্থল গোশত, মৎস্য, টমেটো ইত্যাদি দ্বারা পূর্ণ।) sandwich. ব شَطَائِرُ

شَاطِر : ধূর্ত, চতুর; দক্ষ; প্রতারক। ব شُطَّار

مَشْطُور : বিভক্ত, দ্বিখণ্ডিত।

شِطْرَنْج : (ফা) দাবাখেলা।

لَوْحَة الشِطْرَنْج : দাবার কোর্ট।

شَطَفَ ـُ : (شَطْف) চলিয়া যাওয়া, প্রস্থান করা।

~، شَطَّفَ : ধৌত করা।

شُطْف : চকমকি পাথর।

شُطْفَة : খণ্ড, টুকরা, ফালি। ব شطف

شَاطِف : লক্ষ্যভ্রষ্ট (তীর)।

شَطَنَ ـُ : (شَطْن) (দড়ি দ্বারা) বাঁধা; বাধা দেওয়া।

~ عَنْ : দূরে থাকা।

أشْطَنَ : (إشْطَان) সরাইয়া দেওয়া, অপসারিত করা।

شَطَن : দড়ি। ব أشْطَان

شَطُون : দূরবর্তী; গভীর।

شَاطِن : দুষ্ট।

تَشَيْطَنَ (شَيْطَنَة) شَيْطَنَ : শয়তানি করা, ইবলীসের ন্যায় আচরণ করা; দুষ্ট হওয়া, দুষ্কর্ম করা।

شَيْطَنَة : শয়তানি, দুষ্টামি; দুষ্কর্ম।

شَيْطَان : দুষ্ট ও অবাধ্য জিন, ইনসান ও জানোয়ার, শয়তান, ইবলীস; দুষ্ট। ব شَيَاطِين

بِهِ شَيْطَان : ভূতে-পাওয়া।

فَرَسُ الشَيْطَان : শয়তানের ঘোড়া, এক প্রকার পাখি।

شَظَّ ـُ : (شَظّ) কঠিন হওয়া।

شَظَّظَ، أشَظَّ : (إشْظَاظ، تَشْظِيظ) ছড়াইয়া দেওয়া, বিক্ষিপ্ত করা।

شَظّ : দিনের অবশিষ্টাংশ। ব أشْظَاظ

شَظِيظ : কাঠের চিড়। ব أشْظَاظ

شَظَفَ ـُ : (شَظْف) নপুংসক করা।

شَظَفَ ـَ : চামড়া ভেদ করিয়া প্রবেশ করা।

شَظِفَ ـُ : (شَظَافَة، شَظَف) শুষ্ক হওয়া; সংকীর্ণ হওয়া; কঠিন হওয়া।

شَظْف : কাষ্ঠখণ্ড।

شِظْف : পায়ের গোঁজ; গুলফ; শুকনা রুটিখণ্ড। ব شِظْفَة

شَظَف : কষ্ট, প্রতিকূলতা। ব شِظَاف

شَظِف : কষ্টকর, কঠিন, কঠোর।

شِظَاف : দূরত্ব।

شَظِيَ ـَ : (شَظًى)، تَشَظَّى খণ্ড খণ্ড হইয়া যাওয়া, ফালি ফালি হইয়া যাওয়া।

شَظَّى : (تَشْظِيَة) বিভক্ত করা, বিক্ষিপ্ত করা।

شَظِيَّة : খণ্ড, ফালি, টুকরা; জঙ্ঘাস্থি। ব شَظِيّ، شَظَايَا

شَعَّ ـِ : (شَعّ، شَعَاع) ছড়াইয়া পড়া; বিকীর্ণ হওয়া।

أشَعَّ : (إشْعَاع) ছড়াইয়া দেওয়া, রশ্মি বিকীর্ণ করা।

شُعّ : মাকড়সার জাল। ব شِعَاع

شُعَاع : কিরণ, রশ্মি; (চাকার) স্পোক; (শস্যের) শুঁয়া। ব شُعُع، أشِعَّة

أشِعَّةُ الشَمْس : সূর্যরশ্মি।



www.pathagar.com

شَعَاع السُّنْبُلَة : শস্যের শুঁয়া।

تَشَعُّع، إِشْعَاع : বিকিরণ।

مِشَعَّة : রেডিয়েটর, radiator.

مِشْعَاع : রেডিওগ্রাফ, radiograph.

شَعَبَ : - َ (شَعْب) : إِلَى ~ একত্রিত করা, সমবেত করা; ~ عَنْ; ছড়াইয়া দেওয়া।

شَعَّبَ : (تَشْعِيب) শাখা গঠন করা, শাখাযুক্ত হওয়া, শাখায় বিভক্ত হওয়া, ভিন্ন ভিন্ন হওয়া।

شَعْب : জনগণ; জাতি; গোত্র, বংশ। ব شُعُوب

شِعْب : গিরিপথ, রাস্তা। ব شِعَاب

شَعْبِيّ : জাতীয়; গণ; জনপ্রিয়। স্ত্রী شَعْبِيَّة

أَغَانِي شَعْبِيَّة : লোকসঙ্গীত।

~ جَبْهَة : পপুলার ফ্রন্ট।

~ حِكَايَة : লোক-কাহিনী।

~ دِيمُوقْرَاطِيَّة : গণতন্ত্র।

شَعْبِيَّة : জনপ্রিয়তা।

شُعْبَة : শাখা; বিভাগ; অংশ। ব شِعَاب، شُعَب

شُعْبَتَان : দুই পা, কাঁটা।

شَعُوب : মৃত্যু।

الشُّعُوبِيَّة : অনারবদের উপর আরবদের শ্রেষ্ঠত্ব অস্বীকারকারী একটি দল।

شَعِيب : বিক্ষিপ্ত, অসংগঠিত।

~ : পুরাতন পানির মশক। ব شُعُب

شَعْبَان : আরবী অষ্টম মাস, শা'বান মাস।

مَشْعَب : পথ। ব مَشَاعِب

شَعْبَذَ : (شَعْبَذَة) ভেলকি দেখানো, হাত-সাফাই করা।

شَعْبَذَة : ভেলকি, হাত-সাফাই।

مُشَعْبِذ : ভেলকিবাজ, হাত সাফাইকারী।

شَعِثَ : - َ (شَعَث)، تَشَعَّثَ বিশৃঙ্খল হওয়া; এলোমেলো হওয়া; (কেশ) আলুথালু হওয়া।

شَعَّثَ : (تَشْعِيث) ছড়াইয়া দেওয়া; বিশৃঙ্খল করা; (কেশ) আলুথালু করা।

أَشْعَث، شَعِث : আলুথালু (কেশ)।

شَعَرَ : - ُ (شُعُور) জানা, অবহিত হওয়া, উপলব্ধি করা।

~ : (شِعْر) কবিতা বলা, কবিতা রচনা করা।

شَاعَرَ : (مُشَاعَرَة) কাব্য প্রতিযোগিতা করা।

أَشْعَرَ : (إِشْعَار) অবহিত করা, অবগত করা; সতর্ক করা।

تَشَاعَرَ : কবি হওয়ার ভান করা।

إِسْتَشْعَرَ : (إِسْتِشْعَار) অনুভব করা, উপলব্ধি করা; সতর্ক হওয়া।

شَعْر، شَعَر : شِعَار চুল, পশম। ব شُعُور، أَشْعَار

عَلَى الشَّعْرَة : চুলচেরা।

قَدْر شَعْرَة : চুল পরিমাণ।

شَعْرِيّ : চুলসম্বন্ধীয়, কৈশিক।

الجَاذِبِيَّة الشَّعْرِيَّة، شَعْرِيَّة : কৈশিক আকর্ষণ।

شَعْرِيَّة الشُّبَّاك : জাফরি, lattice.

شَعْرِيَّة : সেমাই।

شِعْر : কবিতা, শ্লোক; জ্ঞান; অনুভূতি। ব أَشْعَار

لَيْتَ شِعْرِي : আমি যদি জানিতাম!

عَرُوس الشِّعْر : কাব্য-প্রতিভা।

شِعْرِيّ : কাব্যিক।

كَوْكَبُ الشِّعْرَى، الشِّعْرَى : নক্ষত্রবিশেষ, লুব্ধক।

شِعَار : চিহ্ন, সংকেত; বিশেষ, লক্ষণ; প্রতীক; ব্যাজ; সূত্র, বৈশিষ্ট্য; শ্লোগান। ব أَشْعِرَة، شُعُر

شِعَار تِجَارِيّ : ট্রেডমার্ক, trade-mark.

~ الحَجّ : হজ্জের অনুষ্ঠানাদি।

شُعُور : উপলব্ধি, অনুভূতি, চেতনা, বোধ, বুদ্ধি, সতর্কতা; ধারণা।



www.pathagar.com

أمّ الشُعُور : মৎস্য বিশেষ; বৃক্ষবিশেষ।

~ دِقَّة : সূক্ষ্ম অনুভূতি, অনুভূতিপ্রবণতা।

~ عَدِيم : অনুভূতিহীন, উদাসীন।

~ فَاقِد : অচেতন, সংজ্ঞাহীন।

شَعِير : যব, বার্লি।

بُلْبُل الشَعِير : সুস্বাদু গোশতবিশিষ্ট এক প্রকার পাখি, Ortolan.

شَعِيرَة : যবের দানা।

~، شَعَارَة : ধর্মীয় অনুষ্ঠান। ব شَعَائِر

شَعِيرَةُ الجَفْنِ : অঞ্জনি, sty.

شَعِيرِيَّة : সেমাই।

شَاعِر : কবি। ব شُعَرَاء

شَاعِر الدَوْلَة : রাজকবি।

شَاعِرِيَّة : কাব্য, কবিত্ব।

شُعْرُور، شُوَيْعِر : নিম্নমানের কবি।

أَشْعَر : দীর্ঘকেশী।

إِشْعَار : অবহিতকরণ; বিজ্ঞপ্তি।

مَشْعَر : হজ্জের পবিত্র স্থানসমূহ; ইন্দ্রিয়; অনুভূতি। ব مَشَاعِر

المَشْعَر الحَرَام : মুয্‌দালিফার প্রান্তস্থিত পাহাড়, মুয্‌দালিফা।

مَشْعُور : চিড়যুক্ত; ফাটা।

مَشْعُور العَقْلِ : বিকৃত মস্তিষ্ক, উন্মাদ।

مُشَاعَرَة : কাব্য-প্রতিযোগিতা; কবিতার আসর।

مُتَشَاعِر : ভুয়া কবি, ভণ্ড কবি।

شَعْشَعَ : (شَعْشَعَة) পানি মিশ্রিত করা; উজ্জ্বল হওয়া, চকচক করা।

مُشَعْشَع : পানি মিশ্রিত, তরলীকৃত; মাতালপ্রায়।

شَعَطَ : ـَ (شَعْط) পুড়িয়া নষ্ট হওয়া, ঝলসাইয়া যাওয়া; ক্রোধে জ্বলিয়া ওঠা।

شَعْطَة : বুকজ্বালা।

شَعَفَ : ـَ (شَعْف) মত্ত করা, অভিভূত করা।

شَعِفَ : ـَ (شَعَف) ~ بِ (প্রেমে) মত্ত হওয়া, অভিভূত হওয়া।

شَعَف : স্নেহ, প্রীতির আতিশয্য।

شَعْفَة : শীর্ষ, চূড়া। ব شُعُوف، شُعَف، شِعَاف

شُعَاف : উন্মত্ততা।

مَشْعُوف : উন্মাদ।

شَعَلَ : (شَعْل) شَعَّلَ (تَشْعِيل) أَشْعَلَ (إِشْعَال) প্রজ্বলিত করা, আগুন লাগানো, আগুন ধরানো।

إِشْتَعَلَ : (إِشْتِعَال) প্রজ্বলিত হওয়া, আগুন লাগা।

إِشْتَعَلَ غَضَبًا : ক্রোধে জ্বলিয়া ওঠা।

إِشْتَعَلَ رَأْسُهُ شَيْبًا : তাহার মাথায় বার্ধক্যের ছাপ পড়িয়াছে।

شُعْلَة : অগ্নিশিখা। ব شُعَل

شُعَيْلَة : বহ্ন্যোৎসব, bonfire.

إِشْعَال : প্রজ্বলন।

إِشْتِعَال : প্রজ্বলন।

مَشْعَلَة، مَشْعَل : মশাল, প্রদীপ। ব مَشَاعِل

مِشْعَال : মশাল। ব مَشَاعِلُ

مَشَاعِلِيّ : মশালধারী, মশালবাহী; জল্লাদ। ব مَشَاعِلِيَّة

مُشْتَعِل : জ্বলন্ত, শিখায়িত।

شَعْنَوْن : অস্থির, চঞ্চল, অবিবেচক।

شَعْنِينَة : খেজুর শাখা। ব شَعَانِين

عِيدُ الشَعَانِين، أَحَدُ الشَعَانِين : ঈস্টার উৎসবের পূর্ববর্তী রবিবার, palm Sunday.

أَشْعَى : (إِشْعَاء) আক্রমণের জন্য (সৈন্য) ছড়াইয়া দেওয়া।

شَعْوَاء : বিস্তৃত, ব্যাপক।

غَارَة شَعْوَاء : ব্যাপক আক্রমণ, সর্বগ্রাসী আক্রমণ।



www.pathagar.com

شَعْوَذَ : ভেলকি দেখানো, হাত-সাফাই করা।

شَعْوَذَة : ভেলকিবাজি, হাত-সাফাই, ম্যাজিক।

مُشَعْوِذ : ভেলকিবাজ, হাত-সাফাইকারী।

شَغَبَ، شَغِبَ : ـَ (شَغَب، شَغْب) শান্তি বিনষ্ট করা, দাঙ্গা করা, গোলযোগ সৃষ্টি করা।

~ ب، عَلَى : শত্রুতায় প্ররোচনা দেওয়া।

شَاغَبَ : (مُشَاغَبَة) শান্তি বিনষ্ট করা, দাঙ্গা করা, গোলযোগ সৃষ্টি করা, ক্ষতি করিতে চাওয়া।

~ عَلَى : বিদ্রোহ করা।

تَشَاغَبَ : অবাধ্য হওয়া, অমান্য করা।

شَغَب، شَغْب : অশান্তি, গোলযোগ, গণ্ডগোল, দাঙ্গা-হাঙ্গামা, কলহ-বিবাদ; উত্তেজনা।

مُشَاغِب، شَغَّاب : দাঙ্গাকারী, গোলযোগ সৃষ্টিকারী, দুষ্কৃতকারী।

مَشَاغِب : গোলযোগ, গণ্ডগোল, বিশৃঙ্খলা।

شَغَرَ : ـُ (شُغُور) (পদ) শূন্য হওয়া; (স্থান) মুক্ত হওয়া; দখলমুক্ত হওয়া; অরক্ষিত হওয়া; চতুর্দিকে ছড়াইয়া পড়া, (মূল্য)হ্রাস পাওয়া।

~ عَن : বিতাড়িত করা, বহিষ্কার করা।

شَاغَرَ : (مُشَاغَرَة) বিনা মহরে একে অন্যের ভগ্নি বিবাহ করা।

تَشَغَّرَ : প্রচেষ্টা চালানো, অধ্যবসায়ী হওয়া।

إِشْتَغَرَ : (إِشْتِغَار) বিজড়িত হওয়া; (সংখ্যা) বড় হওয়া।

شُغُور : (পদের) শূন্যতা।

شَاغِر : শূন্য (পদ); মুক্ত; দখলমুক্ত; অরক্ষিত।

شَاغُور : জলপ্রপাত।

شَغَفَ : ـَ (شَغْف) আসক্ত করা, মোহিত করা, প্রেমদগ্ধ করা, অন্তরে আঘাত দেওয়া।

شُغِفَ، إِنْشَغَفَ : ~ ب আবেগাপ্লুত হওয়া, প্রেমমত্ত হওয়া, প্রেমাসক্ত হওয়া।

شَغَف : আসক্তি, তীব্র বাসনা, প্রচণ্ড মোহ, প্রেমাবেগ।

شَغَاف : হৃদ্ধরা ঝিল্লি, pericardium.

شَغِف، مَشْغُوف : ~ ب প্রেমমত্ত, আবেগাপ্লুত, আসক্ত, মোহিত।

شَغَلَ : ـَ (شُغْل، شَغْل) কাজ দেওয়া; নিয়োগ করা; ব্যস্ত রাখা; লিপ্ত রাখা; ভুলাইয়া রাখা; অন্যমনস্ক করা; কাজে লাগানো; বিরক্ত করা, কষ্ট দেওয়া।

شَغَّلَ : (تَشْغِيل) কাজ দেওয়া; নিযুক্ত করা; ব্যস্ত রাখা; (যন্ত্র) চালু করা; বিনিয়োগ করা; ব্যবহার করা।

شَاغَلَ : (مُشَاغَلَة) বিমোহিত করিয়া রাখা, অন্যমনস্ক করা।

أَشْغَلَ : (إِشْغَال) কাজ দেওয়া; ব্যস্ত রাখা, লিপ্ত রাখা; দখল করিয়া রাখা।

مَا أَشْغَلَهُ : কত ব্যস্ত সে!

إِنْشَغَلَ، تَشَاغَلَ (إِنْشِغَال) : ব্যস্ত থাকা, লিপ্ত থাকা, নিয়োজিত থাকা।

إِشْتَغَلَ : (إِشْتِغَال) ব্যস্ত থাকা, লিপ্ত থাকা; কাজ করা; চালু হওয়া।

إِشْتَغَلَ قَلْبُهُ : বিষণ্ন হওয়া, অস্থিরতা বোধ করা।

شُغْل : কাজ, পেশা; চাকুরি; শ্রম; বিষয়, ব্যাপার। ব شُغُول، أَشْغَال

شُغْلُ يَد : হস্তনির্মিত, হাতের তৈরি।

إِلْزَم شُغْلَكَ : নিজের কাজে মন দাও, নিজের চর্কায় তেল দাও।

شَغْلَة : শস্য মাড়াইয়ের স্থান; খামার; গমের স্তূপ। ব شَغْل

شَغِل : ব্যস্ত।

شَغَّل : অত্যন্ত কর্মব্যস্ত; কঠোর পরিশ্রমী; কর্মঠ।

شَغِيل : শ্রমিক, কারিগর।

شَاغُول : পালের দড়ি।

أُشْغُولَة : কাজ; ব্যস্ততা। ব أَشَاغِيلُ

إِشْتِغَال : ব্যস্ততা; কাজ; পেশা।

تَشْغِيل : কর্মে নিয়োগ; বিনিয়োগ; চালুকরণ।



www.pathagar.com

مَشْغَل : কর্মশালা, কারখানা। ব مَشَاغِل

مَشْغَلَة : কাজ; পেশা; ব্যস্ততা; প্রচেষ্টা। ব مَشَاغِل

مُشَغِّل : কর্মচারী।

مَشْغُول : ব্যস্ত; ব্যাপৃত; নিযুক্ত; কর্মব্যস্ত; অন্যমনস্ক; দখলকৃত; উদ্বিগ্ন।

مَشْغُول البَال : উদ্বিগ্ন, আশঙ্কিত; বিষণ্ন।

دَارمَشْغُولَة : যে ঘরে লোকজন আছে, ব্যবহৃত ঘর।

~ جَارِيَة : বিবাহিতা মেয়ে।

مَال مَشْغُول : ব্যবসায়ে নিয়োজিত মাল।

مَشْغُولِيَّة البَال : উদ্বেগ, আশঙ্কা, বিষণ্নতা।

مُشْتَغِل : ব্যস্ত, নিযুক্ত; চালু।

شَفَّ - : (شَفَف، شَفِيف، شُفُوف) পাতলা হওয়া; স্বচ্ছ হওয়া; নির্মল হওয়া।

~ : (شَفّ) পাতলা করা; কৃশ করা; হ্রাস পাওয়া; বৃদ্ধি পাওয়া।

شَفَّفَ : (تَشْفِيف) পাতলা করা; কৃশ করা।

أَشَفَّ : ~ عَلَى প্রাধান্য দেওয়া, অগ্রাধিকার দেওয়া।

إِشْتَفَّ : (إِشْتِفَاف) শুকাইয়া ফেলা, নিঃশেষিত করা।

إِسْتَشَفَّ : (إِسْتِشْفَاف) নিরীক্ষণ করা।

شَفّ : মিহিন স্বচ্ছ বস্ত্র, gauze. ব شُفُوف

شَفَف، شُفُوف، شَفَّافِيَّة : স্বচ্ছতা, নির্মলতা।

شَفَّاف : স্বচ্ছ, নির্মল; পাতলা।

شُفَافَة : পাত্রের অবশিষ্ট পানি।

شَفِيف، شَاف، شِبْهُ شَفَّاف : আংশিক স্বচ্ছ।

~ وَرَق : ট্রেসিং পেপার, tracing paper.

شَفِيف، شَفَّاف : ঠাণ্ডা; ঠাণ্ডা আর্দ্র বাতাস।

شِفْت : চিমটা, সন্না। ব شُفُوت

شَفْتَرَ : (شَفْتَرَة) ঠোঁট ফুলানো, অভিমান করা, গোমরামুখী হওয়া।

شَفْتُورَة، شَفْتَرَة : ঠোঁটের পুরুত্ব; মোটা ঠোঁট; নিচের ঠোঁট।

شَفِرَ - : (شَفَارَة) شَفَّرَ (সম্পদ)হ্রাস পাওয়া।

شُفْر، شَفْر : চক্ষুর পাতার প্রান্তদেশ, চক্ষুর পাতার লোম গজাইবার স্থান; প্রান্ত, কিনারা; ধার। ব أَشْفَار، شَفِير

عَلَى شَفِيرِ الإِفْلَاسِ : দেউলিয়া হইবার উপক্রম।

شَفْرَة : বড় ছুরি; (তরবারি বা ছুরির) ফলক; ধার; প্রান্ত, কিনারা। ব شِفَار، شَفَرَات، شَفْرٌ

شِفْرَة : লিপিসংকেত, cipher; কাস্তে।

مِشْفَر : খোতনা, চোয়াল। ব مَشَافِر

شَفْشَفَ : শূন্য করা, শুকাইয়া ফেলা, নিঃশেষিত করা।

شَفْشَاف : ঠাণ্ডা বাতাস; শিলাবৃষ্টি।

شَفْشَق :পানি রাখিবার কাচপাত্র; মদ ঢালিবার পাত্র।

شَفَطَ : (شَفْط) শুষিয়া লওয়া; শূন্য করা; নিঃশেষিত করা; চুমুক দেওয়া।

شَفَّاطَة : বক্রনল।

شَفَّاطَة المَدْخَنَة : হাপর, ভস্ত্রা; blower.

شَفَعَ - : (شَفْع) দ্বিগুণ করা; সংযুক্ত করা; অগ্রক্রয়াধিকার দেওয়া; অগ্রক্রয়াধিকার বলে লাভ করা, হকশোফা প্রদান করা, হকশোফা বলে ক্রয় করা।

~ : (شَفَاعَة) تَشَفَّعَ সুপারিশ করা; মধ্যস্থতা করা; পক্ষ সমর্থন করা।

شَفَّعَ : (تَشْفِيع) দ্বিগুণ করা, অগ্রক্রয়াধিকার দেওয়া, হকশোফা প্রদান করা।

إِسْتَشْفَعَ : (إِسْتِشْفَاع) সুপারিশ চাওয়া।

شَفْع : জোড়া; যুগল; জোড়ার একটি; জোড়সংখ্যা। ব أَشْفَاع، شِفَاع

شَفْعًا : জোড়াবদ্ধভাবে, যুগলভাবে।

شَفْعِيّ : জোড়; জোড় সংখ্যা।



www.pathagar.com

شَفَاهًا، شَفَهِيًّا : মৌখিকভাবে।

شُفَاهِيّ : বৃহদোষ্ঠ।

أَشْفَى : (إِشْفَاء) নিকটবর্তী হওয়া; প্রান্তে অবস্থান করা।

شَفًا : প্রান্ত, কিনারা, ধার। ব أَشْفَاء

شَفَوِيّ : ওষ্ঠসম্বন্ধীয়; ওষ্ঠ্যবিষয়ক; মৌখিক।

الحُرُوف الشَّفَوِيَّة : ওষ্ঠ্যবর্ণ।

شَفَوِيًّا : মৌখিকভাবে।

مُشْفٍ : মুমূর্ষু, মৃতপ্রায়।

شَفَى - : (شِفَاء) আরোগ্য করা, সুস্থ করিয়া তোলা; (পিপাসা) নিবৃত্ত করা।

شُفِيَ : আরোগ্য লাভ করা, সুস্থ হইয়া ওঠা, সারিয়া যাওয়া।

أَشْفَى : ~ عَلَى নিকটবর্তী হওয়া, উপক্রম হওয়া।

تَشَفَّى : ~ بِ আরোগ্য লাভ করা, সুস্থ হইয়া ওঠা।

~ مِنْ : প্রতিশোধ লওয়া।

إِشْتَفَى : (إِشْتِفَاء) মনোবাঞ্ছা লাভ করা; তৃপ্ত হওয়া।

~ بِ : আরোগ্য লাভ করা; সুস্থ হইয়া ওঠা।

إِسْتَشْفَى (إِسْتِشْفَاء) : (ডাক্তারের) পরামর্শ লওয়া; চিকিৎসা চাওয়া; আরোগ্য কামনা করা।

~ بِ : সুস্থ হইয়া ওঠা।

~ مِنْ : প্রতিশোধ গ্রহণ করা।

شِفَاء : আরোগ্য; চিকিৎসা।

شِفَائِيّ، شَافٍ : আরোগ্যযোগ্য।

~ : চূড়ান্ত; স্পষ্ট; সন্তোষজনক।

إِشْفَى : তুরপুন। ব أَشَافِيّ، أَشَافٍ

إِسْتِشْفَاء : আরোগ্য কামনা; আরোগ্য; চিকিৎসা।

مُسْتَشْفَى : হাসপাতাল; আরোগ্য নিকেতন; স্বাস্থ্যনিবাস। ব مُسْتَشْفَيَات

عَدَد شَفْعِيّ : জোড় সংখ্যা।

شُفْعَة : অগ্রক্রয়াধিকার, হকশোফা, pre-emption.

شَفَاعَة : সুপারিশ; মধ্যস্থতা, পক্ষসমর্থন।

شَفِيع، شَافِع : মধ্যস্থতাকারী, সুপারিশকারী, পক্ষ সমর্থনকারী; অগ্রক্রয়াধিকারী। ব شُفَعَاء

شَفِقَ - : (شَفَق) أَشْفَق، (إِشْفَاق) ~ عَلَى দয়াপরবশ হওয়া; সহানুভূতিশীল হওয়া; উদ্বিগ্ন হওয়া; শংকিত হওয়া; যত্নবান হওয়া।

أَشْفَقَ : ~ مِنْ শঙ্কিত হওয়া; সতর্ক থাকা।

شَفَق : সূর্যাস্তের পরে পশ্চিমাকাশে দৃশ্যমান লালিমা, শুভ্র আভা। ব أَشْفَاق

الشَّفَق الجَنُوبِيّ : দক্ষিণ মেরু-জ্যোতি; কুমেরু জ্যোতি।

~ الشَّمَالِيّ : উত্তর মেরু জ্যোতি: সুমেরু জ্যোতি।

شَفَق، شَفَقَة : সহানুভূতি; করুণা; দয়া; স্নেহ।

عَدِيمُ الشَّفَقَة : নির্দয়।

مُشْفِق، شَفِيق، شَفُوق، شَفِق : সহানুভূতিশীল, দয়ালু, সদয়।

إِشْفَاق : সহানুভূতি, দয়া, স্নেহশীলতা; যত্ন; উদ্বেগ, আশঙ্কা।

شَفَنَ - شَفِنَ - : (شُفُون) আড়নয়নে তাকানো।

شَفْن : বুদ্ধিমান, সুন্দর; প্রত্যাশা।

شَافِن : গর্বিত।

شَفْنِين : মৎস্যবিশেষ, ray.

شَفَهَ - : (شَفْه) ঠোঁটে আঘাত করা; (সম্পদ) নিঃশেষিত করা।

شَافَهَ : (شِفَاه) মুখামুখি কথা বলা।

شَفَة : ঠোঁট; প্রান্ত; কিনারা। ব شِفَاه، شَفَوَات

بِنْتُ الشَّفَة : কথা।

شَفَهِيّ : ওষ্ঠসম্বন্ধীয়; ওষ্ঠ্য; মৌখিক।



www.pathagar.com

مُسْتَشْفَى الأَمْرَاضِ ,مُسْتَشْفَى المَجَاذِيبِ العَقْلِيَّةِ : মানসিক ব্যাধির হাসপাতাল।

مُسْتَشْفَى مَيْدَانِي : ফিল্ড হাসপাতাল।

مُسْتَشْفَى الأَمْرَاضِ المُعْدِيَةِ : সংক্রামক ব্যাধি হাসপাতাল।

شَقَّ ـُ : (شَقّ) বিদীর্ণ করা; চিরিয়া ফেলা; ছিন্ন করা; ভাঙ্গিয়া ফেলা, (জমি) চাষ করা; অতিক্রম করিয়া যাওয়া; উদ্ভাসিত হওয়া।

~ : (شُقُوق) গজাইয়া উঠা, ফুটিয়া বাহির হওয়া।

~ : (مَشَقَّة، شَقّ) عَلَى ~ ভারী হওয়া; কঠিন হওয়া; দুর্বহ হওয়া; কষ্টকর হওয়া; কষ্ট দেওয়া, অসুবিধায় ফেলা; সাক্ষাৎ করা, দেখিতে যাওয়া।

شَقَّقَ : (تَشْقِيق) বিদীর্ণ করা, চিরিয়া ফেলা।

شَاقَّ : (شِقَاق) দ্বিমত পোষণ করা, বিরোধ করা।

تَشَقَّقَ، اِنْشَقَّ : (اِنْشِقَاق) বিদীর্ণ হওয়া, ফাটিয়া যাওয়া, ফাটলযুক্ত হওয়া।

اِنْشَقَّ : ~ عَنْ বাহির হওয়া; উদ্ভূত হওয়া।

اِشْتَقَّ : (اِشْتِقَاق) (এক শব্দ হইতে অন্য শব্দ) গঠন করা, শব্দের ব্যুৎপত্তি নির্ণয় করা; অর্ধাংশ লওয়া।

شَقّ : ফাটল; চিড়; টুকরা; অংশ; অর্ধেক। ব شُقُوق

شِقّ : অংশ, অর্ধেক; পার্শ্ব, কষ্ট; প্রতিকল্প; লিঙ্গ।

شِقَّة : ফাটল, খণ্ড, কামরা, ফ্লাট।

شِقَّة : অর্ধাংশ; খণ্ড। ব شِقَاق، شِقَق

~, مَشَقَّة : কষ্ট।

شُقَّة : কষ্ট; কষ্টকর ভ্রমণ; গন্তব্য; দূরত্ব; চন্দ্র; (কাপড়ের) টুকরা। ব شُقَق

شَاقّ : কঠিন, কষ্টকর, বেদনাদায়ক। ব شَوَاقّ

شِقَاق : অনৈক্য; মতানৈক্য; মতভেদ; অমত, বিরোধ।

شَقِيق : অর্ধেক।

~ : ভাই, বন্ধু, ভ্রাতৃপ্রতিম। ব أَشِقَّة، أَشِقَّاء

أخ شَقِيق : আপন ভাই।

شَقِيقَة : বোন, আপন বোন; আধ-কপালে মাথাধরা, hemicrania. ব شَقَائِق

شَقَائِقُ النُّعْمَانِ : এক প্রকার লাল ফুলের গাছ।

اِنْشِقَاق : ফাটল, অনৈক্য, বিভেদ।

اِشْتِقَاق : (শব্দের) ব্যুৎপত্তি।

عِلْمُ الاِشْتِقَاق : শব্দতত্ত্ব, শব্দের ব্যুৎপত্তি সম্বন্ধীয় বিজ্ঞান, etymology.

مُشْتَق : (অন্য শব্দ হইতে) গঠিত, গৌণ (শব্দ)।

شَقْب : পাথরের ফাটল। ব شُقُوب، شِقَاب

شَقَحَ ـَ : (شَقْح) পণ্ড করা।

شَقُحَ ـُ : (شَقَاحَة) কুৎসিত হওয়া, নোংরা হওয়া।

أَشْقَحَ : (إِشْقَاح) বিদূরিত করা, দূরীভূত করা।

شَقَاحَة : নোংরামি।

شَقِيح : নোংরা, কুৎসিত।

أَشْقَح : ঈষৎ লাল, লালচে। স্ত্রী شَقْحَاء ব شُقْح

شَقْدَف : উষ্ট্র-শিবিকা। ব شَقَادِفُ

شَقِرَ ـَ : (شَقَر)، (شُقْرَة) ـُ شَقُرَ، সুবর্ণ ত্বক ও কেশবিশিষ্ট হওয়া।

شَقَّرَ : ~ عَلَى সাক্ষাৎ করা।

شَقَر، شُقْرَة : ত্বক ও কেশের সুন্দর রং।

شُقُور : প্রয়োজন, অভাব।

أَشْقَر : সুবর্ণ ত্বক ও কেশবিশিষ্ট; সুন্দর, স্বর্ণাভ। স্ত্রী شَقْرَاء ব شُقْر

شَقْرَقَ : (شَقْرَقَة) অট্টহাস্য করা, প্রফুল্ল হওয়া।

شَقِرَّاق، شَرَقْرَق : সবুজ কাঠঠোকরা।

شَقِرَّاق : কাকজাতীয় পক্ষীবিশেষ, roller.

شَقْشَقَ : (شَقْشَقَة) চিঁচিঁ শব্দ করা, কিচির মিচির শব্দ করা; (প্রভাত) উদ্ভাসিত হওয়া।

شَقْشَقَة : চিঁচিঁ শব্দ, কিচিরমিচির ধ্বনি। ব شَقَاشِقُ



www.pathagar.com

شَقْشَقَةُ اللِّسَان : নিরর্থক কথা, বাচালতা, বকবকানি।

~ النَّهَار : প্রভাত, ভোরের প্রথম আলো।

شِقْشِقَة : (উটের বা বাগ্মীর) মুখের ফেনা; বাগ্মী। ব شَقَاشِق

شَقَّصَ (تَشْقِيص) : (জবাহকৃত পশু) কাটিয়া টুকরা টুকরা করা।

شِقْص : অংশ, ভাগ। ব شِقَاصٌ، أَشْقَاص

شَقِيص : অংশীদার, সঙ্গী।

مُشَقِّص : কসাই। ব مَشَاقِصٌ

شَقَعَ - َ : (شَقْع) ~ فِي (পাত্র) মুখের কাছে নেওয়া।

شَقَفَ - ُ ، شَقَّفَ : কাটা, ভাঙ্গা, টুকরা টুকরা করা।

شَقَف، شَقَفَة، شُقَافَة : ভাঙ্গা মৃৎপাত্রাদির টুকরা।

شَقِيف : বিশাল প্রস্তর।

شَاقُوف : বড় হাতুড়ি।

شَقَلَ - ُ : (شَقْل) ওজন করা, মাপা।

شَاقِل : হিব্রু মুদ্রা, ওজনবিশেষ, shekel.

شَاقُول : ওলন-দড়ি।

شَقْلَبَ : (شَقْلَبَة) উল্টাইয়া দেওয়া।

تَشَقْلَبَ : উল্টাইয়া যাওয়া, ডিগবাজি খাওয়া।

شَقْلَبَة : ডিগবাজি।

شَقَا - ُ : (شَقْو)، أَشْقَى، (إِشْقَاء) অসুখী করা, হতভাগ্য করা।

شَقِيَ - َ : (شَقَاء، شَقْوَة، شَقَاوَة) অসুখী হওয়া, হতভাগ্য হওয়া।

شَاقَى : (مُشَاقَيَة) প্রতিরোধ করা, মোকাবেলা করা; প্রতিকূলতার বিরুদ্ধে সংগ্রামে প্রতিযোগিতা করা, ধৈর্য সহকারে কাজ করা।

شَقَاوَة، شَقًا، شَقَاء، شَقْوَة : দুর্ভাগ্য, দুঃখ, কষ্ট।

~ : অপকার, অপরাধ, অসদাচার।

شَقِيّ : হতভাগ্য; দুর্ভাগ, নিঃস্ব; অপরাধী; অপকারী, অসদাচারী। ব أَشْقِيَاء

شَكَّ - ُ : (شَكّ) বিদ্ধ করা, খোঁচা মারা; ফোঁড়া; জমাট বাঁধা; সারিবদ্ধ করা, সন্নিকটস্থ করা।

~، تَشَكَّكَ : ~ فِي، بِ সন্দেহ করা, অবিশ্বাস করা, সন্দেহ পোষণ করা।

شَكَّ فِي السِّلَاح : পরিপূর্ণভাবে অস্ত্রসজ্জিত হওয়া।

شَكَّكَ : (تَشْكِيك) সন্দিহান করা, সন্দেহে ফেলা; ধারে ক্রয়-বিক্রয় করা।

شَكّ : সন্দেহ, সংশয়, অনিশ্চয়তা, অবিশ্বাস। ব شُكُوك

مِنْ دُونِ شَكٍّ، بِلَا شَكٍّ : নিঃসন্দেহে, নিশ্চিতভাবে।

لَا يَتَطَرَّقُ إِلَيْهِ الشَّكّ : নিঃসন্দেহ, সন্দেহমুক্ত, সন্দেহাতীত, নিশ্চিত।

شَك : চেক।

شَكَّة : ফোঁড়, খোঁচা।

شِكَّة : অস্ত্রশস্ত্র, বর্ম। ব شِكَك

شَاكّ : সন্দিহান।

شَاكُّ السِّلَاح : পরিপূর্ণভাবে অস্ত্রসজ্জিত।

شُكُك : ধারে।

شَكِيكَة : দল; ফলের ঝুড়ি। ব شَكَائِك

تَشَكُّك : সন্দেহ।

مَشْكُوك فِيه : সন্দেহপূর্ণ, অনিশ্চিত।

مَشْكُوك فِي أَمْرِهِ স্বীয় কাজে সন্দিহান, সন্দিগ্ধ, সন্দেহপ্রবণ।

شَكَزَ - ُ شَكْز : আঘাত করা।

شَكِسَ - َ : (شَكَس)، شَكُسَ - ُ (شَكَاسَة) রুক্ষ হওয়া, রূঢ় হওয়া, অভদ্র হওয়া, ঝগড়াটে হওয়া, বদ মেযাজী হওয়া।

شَاكَسَ : (مُشَاكَسَة) ঝগড়া বাধানো, রূঢ় আচরণ করা।

تَشَاكَسَ : ঝগড়া করা, বিপরীত হওয়া।



www.pathagar.com

شَكْس : অমাবস্যার আগের দিন।

شَكِس : রুক্ষ, রূঢ়, অভদ্র, ঝগড়াটে, বদমেযাজী, খিটখিটে, কোপন স্বভাব। ব شُكْس

شَكَاسَة : রুক্ষতা, রূঢ়তা, অভদ্রতা, খিটখিটেপনা।

مُتَشَاكِس : বিপরীত, বিবদমান।

شَاكُوش، شَكُوش : হাতুড়ি।

أَبُو شَكُوش : এক প্রকার মাছ।

شَكُوش السَّاعَة : ঘড়ির যে অংশ গতি নিয়ন্ত্রণ করে।

شَكِيص، شَكِص : কৃপণ, খিটখিটে।

شَكَلَ ـُ : (شَكْل) অস্পষ্ট হওয়া, সন্দেহপূর্ণ হওয়া; জটিল হওয়া; জটিল করা; (লেখায়) হরকত দেওয়া, শৃঙ্খলিত করা।

شَكَّلَ : (تَشْكِيل) (লেখায়) হরকত দেওয়া; গঠন করা; বিচিত্র করা; নানারকম করা, চিত্র-বিচিত্র করা; অস্পষ্ট হওয়া, জটিল হওয়া; শৃঙ্খলিত করা।

شَاكَلَ : (مُشَاكَلَة) অনুরূপ হওয়া, সদৃশ হওয়া; ঝগড়া লাগানো।

أَشْكَلَ : (إِشْكَال) জটিল হওয়া, সন্দেহপূর্ণ হওয়া, অস্পষ্ট হওয়া; ফলবান হওয়া।

تَشَكَّلَ : রূপ ধারণ করা; আকৃতি লাভ করা; গঠিত হওয়া; চিত্র-বিচিত্র হওয়া।

تَشَاكَلَ : অনুরূপ হওয়া।

إِسْتَشْكَلَ : (إِسْتِشْكَال) জটিল হওয়া, জটিল মনে করা।

شَكْل : আকৃতি, গঠন, রূপ; ছবি; প্রকার, ধরন, রকম; হরকত। ব شُكُول، أَشْكَال

شَكْلِيّ : আনুষ্ঠানিক, Formal

شَكْلًا : আনুষ্ঠানিকভাবে Formally

شِكْل : ছেলেমি।

شُكْلَة : লাল-সাদা রং।

شُكَلِيّ، شِكْلِيّ : খিটখিটে, ঝগড়াটে।

شِكَال : শৃঙ্খল, নিগড়, বেড়ি। ব شُكُل

شُكْلَة، شَاكِل : সাদৃশ্য।

شَاكِلَة : প্রকার, রকম, ধরন; পার্শ্ব, প্রান্ত। ব شَوَاكِل

عَلَى شَاكِلَتِه : তাহার ন্যায়, তাহার সদৃশ।

شَوَاكِل : পার্শ্ব রাস্তা।

~ طَرِيق ذُو : যে রাস্তা হইতে বিভিন্ন পার্শ্ব রাস্তা বাহির হইয়াছে।

شَكِيل : রক্ত মিশ্রিত লালা।

أَشْكَلَة، شَكْلَاء : অভাব, প্রয়োজন।

إِشْكَال : জটিলতা, অস্পষ্টতা।

تَشْكِيل : গঠন, সৃষ্টি; আকৃতি প্রদান, রূপদান; চিত্র-বিচিত্রকরণ; সংগঠন।

تَشْكِيلَة : রকমারি।

مُشْكِل : জটিল; অস্পষ্ট, সমস্যা।

مُشْكِلَة : সমস্যা, জটিলতা, অমীমাংসিত বিষয়। ব مَشَاكِل

مُشَكَّل : বিভিন্ন, বিবিধ, চিত্র-বিচিত্র; হরকতযুক্ত।

تَشَاكُل، مُشَاكَلَة : সাদৃশ্য, মিল।

شَكَمَ ـُ : (شَكْم) ঘুষ দেওয়া; চুপ করানো, মুখবন্ধনী পরানো; লাগাম বাঁধা; সংযত করা।

~ : (شَكِيم، شَكْم) কামড়ানো, দংশন করা।

أَشْكَمَ : (إِشْكَام) পুরস্কার দেওয়া, প্রদান করা।

شُكْمَى، شُكْم : ঘুষ; উপহার, প্রতিদান।

شَكِيمَة : লাগামের খলিন; ঘৃণা; একগুঁয়েমি, জেদ, অবাধ্যতা। ব شَكِيم، شُكُم، شَكَائِم

شَدِيد الشَّكِيمَة : একগুঁয়ে; জেদী, অবাধ্য।

~ قُوَّة : কর্মশক্তি, উদ্যম।

شَكْمَجِيَّة : (তু) সিন্দুক, মণি-রত্নাদি রাখিবার ছোট বাক্স।

شَاكَهَ : (مُشَاكَهَة) অনুরূপ হওয়া, সদৃশ হওয়া।



www.pathagar.com

أَشْكَىَ : (إِشْكَاء) অস্পষ্ট হওয়া, জটিল হওয়া।

تَشَاكَهَ : অনুরূপ হওয়া।

شَكَا : ـُ (شَكْوَى، شَكَاة، شِكَايَة، شَكِيَّة)، (إِشْتَكَى (إِشْتِكَاء)، تَشَكَّى অভিযোগ করা, অভিযোগ পেশ করা, অভিযোগ উত্থাপন করা।

أَشْكَى : (إِشْكَاء) অভিযোগ শ্রবণ করা, অভিযোগ মিটানো।

تَشَاكَى : একে অন্যের নিকট অভিযোগ করা।

شَكْوَة، شَكْوَى، شِكَايَة، شَكِيَّة : অভিযোগ, কষ্ট। ব شَكَايَا، شُكًى

شُكَيَّة : পানির ক্ষুদ্র মশক।

شَكَاة، شَكَاء، شَكْوَاء : রোগ; অভিযোগ।

شَاكٍ، مُتَشَكٍّ، مُشْتَكٍ : অভিযোগকারী, বাদী, ফরিয়াদী।

شَاكِي السِّلَاح : অস্ত্রসজ্জিত, সশস্ত্র।

مِشْكَاة : (প্রদীপের) কুলঙ্গি, প্রদীপ, পিলসুজ। ব مَشَاكٍ، مِشْكَاوَات

مُشْتَكًى عَلَيْهِ، مَشْكُو مِنْهُ، مَشْكُوٌّ : অভিযুক্ত; আসামি; বিবাদী।

شُكُولَاتَه : চকোলেট, Chocolate.

شَلَّ : ـَ (شَلّ، شَلَل)، شُلَّ، أَشَلَّ (إِشْلَال) শুকাইয়া যাওয়া, পক্ষাঘাতগ্রস্ত হওয়া, শক্তিহীন হওয়া।

~ : ـُ (شَلّ، شَلَل) তাড়াইয়া নেওয়া।

شَلَّل : (تَشْلِيل)লম্বা লম্বা ফোঁড় দিয়া সেলাই করা।

~، أَشَلَّ : (إِشْلَال) পক্ষাঘাতগ্রস্ত করা, শক্তিহীন করা, অসাড় করা।

إِنْشَلَّ : (إِنْشِلَال) পক্ষাঘাতগ্রস্ত হওয়া; বড় বড় ফোঁটায় (বৃষ্টি) পড়া।

شَلَّة : উদ্দেশ্য, লক্ষ্য, গন্তব্য।

شِلَّة : (সুতার) ফেটি; নাটাই; দল। ব شِلَل

شَلَل : পক্ষাঘাত; স্থায়ী দাগ।

شَلَّال : জলপ্রপাত।

شِلَالَة : লম্বা ফোঁড়ের সেলাই।

شَلِيل : পশমি কাপড়; নদীর তলদেশ। ব أَشِلَّة

أَشَلّ : (مَشْلُول) পক্ষাঘাতগ্রস্ত, অসাড়। স্ত্রী شَلَّاء ব شُلّ

شِلْبَة : মৎস্য বিশেষ।

شَلَبِيّ : (তু) সুন্দর; কমনীয়; ফুলবাবু; নরসুন্দর।

شَلْبَنَ : (شَلْبَنَة) চুল পরিপাটি করা; শেভ করা।

شَلَّتَ : (تَشْلِيت) লাথি মারা, লাফ দেওয়া।

شَلْتَة : পাতলা তোশক, গদি। ব شِلَت

شَلْجَم : শালগম।

شَلَحَ : ـَ (شَلْح) (কাপড়) খুলিয়া ফেলা, বিবস্ত্র হওয়া; (পাখি) পালক বদলানো; পৌরোহিত্য ত্যাগ করা; পৌরোহিত্য হইতে অপসারিত করা।

شَلَّحَ : (تَشْلِيح) বিবস্ত্র করা; উলঙ্গ করা; লুণ্ঠন করা; বঞ্চিত করা।

شَالِح : পৌরোহিত্য ত্যাগকারী, স্বধর্মত্যাগী (সন্ন্যাসী)।

شَلْحَاء : ধারালো তরবারি। ব شُلُح

تَشْلِيح : লুণ্ঠন, রাহাজানি।

مَشْلَح : লম্বা পশমি গাউনবিশেষ। ব مَشَالِح

مُشَلَّح (গোসলখানায়) পোশাক পরিধান কক্ষ।

شَلْشَلَ : (شَلْشَلَة) ফোঁটায় ফোঁটায় পড়া।

شِلْف : লোহার রড।

شَلْفَة : ব্লেড; ক্ষুদ্র থলি।

شَالُوف : জলপ্রপাত।

شَلَّافَة : ব্যভিচারিণী।

مِشْلَاف : তালপাতার দড়ি।



www.pathagar.com

شَلَقَ ـُ : (شَلْق) ফালি করা; আঘাত করা।

شَلَق، شِلْق : বাইন মাছ।

شِلْقَة : টিকটিকির ডিম।

شِلْقَاء : ছুরি।

شَلَّاق : ভিক্ষার থলি।

شَوْلَقِيّ : মিষ্টান্ন-বিলাসী।

مِشْلِيق : হাসিবার কালে মুখ ব্যাদান করে যে।

شَلَّمَ : (تَشْلِيم) হতবুদ্ধি করা।

إِنْشَلَمَ : (إِنْشِلَام) হতবুদ্ধি হওয়া।

شِلَّم : স্ফুলিঙ্গ, ফুলকি।

شَالِم : (মুদ্রণে) সংযোজক চিহ্ন (২)

~، شَيْلَم، شَوْلَم : শস্যের মধ্যে উৎপন্ন আগাছাবিশেষ।

شِلِن : শিলিং (মুদ্রা), Shilling.

شَلَا ـُ : (شَلْو) প্রস্থান করা; উত্তোলন করা। ব أَشْلَاءٌ

شَلَّى : (تَشْلِيَة) ঠাণ্ডা করিবার জন্য (তরল পদার্থ) ঢালিয়া দেওয়া।

أَشْلَى : (إِشْلَاء) (পশুকে) ডাকা; ~ عَلَى (কুকুর) লেলাইয়া দেওয়া।

إِشْتَلَى : (إِشْتِلَاء) সাহায্যের জন্য ডাকা।

إِسْتَشْلَى : (إِسْتِشْلَاء) সাহায্যের জন্য ডাকা; ক্রুদ্ধ হওয়া।

شِلْو : অবশিষ্টাংশ; অঙ্গ; গোশতের টুকরা; বিকৃত দেহাংশ। ব أَشْلَاء

شَلِيَّة : অবশিষ্টাংশ; গোশতের টুকরা। ব شَلَايَا

مِشْلَى : বড় চামচ।

شُلَيك : স্ট্রবেরি (ফল)।

شَمَّ ـُ : (شَمّ، شَمِيم) تَشَمَّمَ، إِشْتَمَّ (إِشْتِمَام) ঘ্রাণ লওয়া, শোঁকা।

~ : (شَمَم) অহংকার করা।

~ مِنْ : সংক্রমিত হওয়া।

شَمَّمَ (تَشْمِيم)، أَشَمَّ : (إِشْمَام) ঘ্রাণ লওয়ানো।

شَمّ : ঘ্রাণ লওয়া; ঘ্রাণ; ঘ্রাণ শক্তি।

شَمَّة : ঘ্রাণ।

شَامَّة : ঘ্রাণ শক্তি, ঘ্রাণেন্দ্রিয়।

شَمِّي : ঘ্রাণ সম্বন্ধীয়।

شَمَم : গর্ব, অহংকার, ঔদ্ধত্য।

شَمَّام : প্রখর ঘ্রাণ-শক্তি, ফুটি।

شَمَّامَة : (প্রদীপের) সলিতা।

شَمَّامَات : সুগন্ধ দ্রব্য।

أَشَمّ : উদ্ধত; গর্বিত; সম্ভ্রান্ত। স্ত্রী شَمَّاء ব شُمّ

مَشْمُوم : (ফুল ইত্যাদি) সুগন্ধ দ্রব্য; মেশ্‌ক।

شِمْبَانْزِي : শিম্পাঞ্জী।

شَمِتَ ـَ : (شَمَاتَة، شَمَات) ب ~ (অন্যের কষ্টে) আনন্দ বোধ করা, বিদ্বেষ পোষণ করা।

شَمَّتَ : (تَشْمِيت) হতাশ করা, নিরাশ করা; হাঁচির জবাবে يَرْحَمُكَ اللّٰهُ অর্থাৎ "আল্লাহ তোমাকে রহমত করুন" বলা।

~، بِاشْمَتَ، إِشْمَات : ب ~ (অন্যের কষ্টে) আনন্দ বোধ করানো, বিদ্বেষী করা।

تَشَمَّتَ : নিরাশ হওয়া, হতাশ হওয়া।

شَمَاتَة : অন্যের কষ্টে আনন্দ, বিদ্বেষ।

شَامِت : অন্যের কষ্টে আনন্দ উপভোগকারী, বিদ্বেষপরায়ণ। ব شُمَّات স্ত্রী شَامِتَة ব شَوَامِت

شَامِتَة : (প্রাণীর) পা। ব شَوَامِت

شَمَجَ ـُ : (شَمْج) দ্রুত করা; মিশ্রিত করা; (কাপড়) সেলাই করা।

شَمَاج : সামান্য পরিমাণ।

شَمَخَ ـَ : (شُمُوخ، شَمْخ) উচ্চ হওয়া।

شَمَخَ بِأَنْفِه، شَمَخَ أَنْفُهُ : উন্নাসিক হওয়া, অহংকারী হওয়া।



www.pathagar.com

شَمَّخَ : (تَشْمِيخ) উচ্চ করা, উর্ধ্বে তোলা।
تَشَامَخَ : উচ্চ হওয়া, অহংকারী হওয়া, উদ্ধত হওয়া।
شَامِخ : (مُتَشَامِخ) উচ্চ; উদ্ধত; অহংকারী। ব شُمَّخ، شَوَامِخ
شُمُوخ : উচ্চতা।
تَشَامُخ : অহংকার, ঔদ্ধত্য।
شَمَرَ ـُ : (شَمْر) দ্রুত চলা, সদম্ভে হাঁটা; প্রত্যাহার করা; হটিয়া যাওয়া।
شَمَّرَ : (تَشْمِير) গুটানো, ভাঁজ করা, উত্তোলন করা; প্রস্তুত হওয়া; নিক্ষেপ করা।
~ فِي : দ্রুত করা; প্রচেষ্টা চালানো, অধ্যবসায়ী হওয়া।
~ لِ : প্রবৃত্ত হওয়া, করিতে উদ্যত হওয়া।
شَمَّرَ عَنْ سَاعِدِه : সে তাহার আস্তিন গুটাইল।
أَشْمَرَ : (উট) তাড়াইয়া নেওয়া।
تَشَمَّرَ : প্রস্তুত হওয়া; তৎপর হওয়া।
إِنْشَمَرَ : (إِنْشِمَار) দ্রুত গমন করা, গর্বভরে চলা।
شَمَر، شَمَار، شُمْرَة : উদ্ভিদ বিশেষ, Fennel.
شِمْر : অভিজ্ঞ, অধ্যবসায়ী, দানশীল।
شِمِرّ : তীব্র (বেদনা)।
شِمَار : বন্ধনী, বক্ষবন্ধনী।
شُمَارِيَّة : সিরিয়ার একটি পাহাড়।
شَمُّور : হীরক।
شَمْرَجَ : (شَمْرَجَة) (কাপড়) খারাপভাবে সেলাই করা।
شَمْرَجَ فِي الْكَلَامِ : অস্পষ্ট কথা বলা।
شِمْرَاج : সত্য মিশ্রিত (মিথ্যা); তুচ্ছ জিনিস। ব شَمَارِيج
شُمْرُوج : বৃন্ত। ব شَمَارِيج
شَمَزَ ـُ : (شَمْز) ঘৃণা করা।

إِشْمَأَزَّ : (إِشْمِئْزَاز) সংকুচিত হওয়া, গুটাইয়া আসা।
~ مِنْ : ঘৃণা করা; বিতৃষ্ণ হওয়া; কম্পিত হওয়া, শিহরিত হওয়া।
تَشَمَّزَ : (চেহারা) সংকুচিত হওয়া, বিকৃত হওয়া, ভ্রূকুটিপূর্ণ হওয়া।
إِشْمِئْزَاز : ঘৃণা; শিহরণ, বিরূপভাব; বিতৃষ্ণা।
مُشْمَئِزّ : ঘৃণাকারী; বিতৃষ্ণ, বিরূপ, রুষ্ট।
شَمَسَ ـُ : (شِمَاس، شُمُوس) অবাধ্য হওয়া, একগুঁয়ে হওয়া।
~ ـُ ـَ : (شَمْس) ـَ شَمِسَ، (شَمَس)، أَشْمَسَ، (إِشْمَاس) (দিন) উজ্জ্বল হওয়া, রৌদ্রময় হওয়া।
شَمَّسَ : (تَشْمِيس) রৌদ্রে ছড়াইয়া দেওয়া; রৌদ্রে শুকাইতে দেওয়া; সূর্যের পূজা করা।
تَشَمَّسَ : রৌদ্রে বিস্তৃত হওয়া; রৌদ্র সেবন করা
شَمْس : সূর্য। (স্ত্রী) ব شُمُوس
طُلُوع الشَّمْسِ، شُرُوق الشَّمْسِ : সূর্যোদয়।
~ ضَرْبَةُ : সর্দিগরমি, Sunstroke.
~ ضَوْء : সূর্যের কিরণ, সূর্যালোক।
~ عَبَّاد : সূর্যমুখী (ফুল)
~ غُرُوب : সূর্যাস্ত।
شَمْسِي : সৌর; রৌদ্রোজ্জ্বল। স্ত্রী شَمْسِيَّة
حَرْف شَمْسِيّ : শামসী হরফ।
التَّصْوِير الشَّمْسِي : ফটোগ্রাফি।
سَاعَة شَمْسِيَّة : সূর্যঘড়ি, Sundial.
~ سَنَة : সৌরবৎসর।
~ صُورَة : ফটো।
شَمْسِيَّة : ছাতা; প্যারাসুট।
شَمْسِيَّة الشُّبَّاك : জানালার পর্দা।
الطَّيَّار ~ : প্যারাসুট।
الْمَطَر ~ : ছাতা।



www.pathagar.com

مُشْمِس، شَامِس : রৌদ্রোজ্জ্বল (দিন)।

شَمُوس : অবাধ্য; দুষ্ট। ব شُمُسٌ

شَمَّاس : নিম্নপদের পাদরি, Deacon, ব شَمَامِسَة

شَمِيس : রৌদ্রে বিস্তৃত।

مَشْمَسَة : রৌদ্র সেবনের জন্য কাচের তৈরি ঘর, Solarium.

شَمْشَمَ : (شَمْشَمَة) গন্ধ লওয়া।

شَمِصَ - َ : (شَمَص) অনর্গল কথা বলা।

شَمَصَ - ُ : (شُمُوص، شَمْص) شَمَّصَ (تَشْمِيص) বেগে তাড়াইয়া নেওয়া।

شُمَاص : দ্রুততা।

شَمُوص : অবাধ্য। ব شُمُصٌ

شَمَطَ - : (شَمْط) شَمَّطَ (تَشْمِيط) أَشْمَطَ, (إِشْمَاط) মিশ্রিত করা।

شَمِطَ - َ : (شَمَط) أَشْمَطَ، إِشْمَاط، إِشْمَاطَّ, (إِشْمِئْطَاط) (কেশ) শুভ্র হওয়া, ধূসর বর্ণ হওয়া।

شَمِيط : মিশ্রিত।

أَشْمَط : শুভ্রকেশী। স্ত্রী شَمْطَاء ব شُمْط

شِمْطَاط : দল; ছিন্ন (বস্ত্র)। ব شَمَاطِيط

شَمَعَ - َ : (شُمُوع، شَمْع) কৌতুক করা, তামাশা করা।

شَمَّعَ : (تَشْمِيع) মোম লাগানো, মোম দিয়া ঘষা।

أَشْمَعَ : (إِشْمَاع) (প্রদীপ) উজ্জ্বল হওয়া, জ্বলিয়া ওঠা।

شَمْع، شَمَع : মোম, মোমবাতি। ব شُمُوع

الشَّمْع الأَحْمَر، شَمْعُ الخَتْم : গালা।

شَمْعَة، شَمَعَة : মোমবাতি।

شَمْعِيّ : মোম সদৃশ, মোমের তৈরি।

شَمَّاع : মোমবাতি প্রস্তুতকারী বা বিক্রেতা, মোমবাতিওয়ালা।

شَمَّاعَة : (পোশাকের) তাক, Rack; (টুপি কিংবা কোট) ঝুলাইয়া রাখিবার ব্রাকেট।

شَمُوع : স্ফূর্তিবাজ।

مُشَمَّع : মোম লাগানো, মোম-মাখানো, মোমযুক্ত, ওয়াটারপ্রুফ, Waterproof; অয়েল ক্লথ, Oilcloth.

مُشَمَّع الأَرْض : মেঝেতে লাগাইবার তেলা আস্তরণ বিশেষ, Linoleum.

شَمْعَدَان : দীপাধার, মোমদানি, পিলসুজ, Candlestick. ব شَمْعَدَانَات، شَمَاعِد

شَمْعَلَ، تَشَمْعَلَ، إِشْمَعَلَّ (إِشْمِعْلَال) : ছড়াইয়া যাওয়া, অন্তর্হিত হওয়া।

شَمْعَل، شَمْعَلَة، مُشْمَعِلّ، مُشْمَعِلَّة : দ্রুতগামী (উষ্ট্রী)

شَمِقَ - َ : (شَمَق)، تَشَمَّقَ প্রফুল্ল হওয়া, প্রাণবন্ত হওয়া

شَمَلَ - ُ : (شُمُول، شَمْل) شَمِلَ - َ (شَمَل) অন্তর্ভুক্ত করা, শামিল করা, ধারণ করা, সন্নিবেশিত করা, ব্যাপ্ত করা; সর্বব্যাপী হওয়া, প্রচলিত হওয়া।

تَشَمَّلَ، إِشْتَمَلَ (إِشْتِمَال) ~ بِ : বস্ত্রাবৃত হওয়া।

إِشْتَمَلَ ~ عَلَى : অন্তর্ভুক্ত করা, শামিল করা, ধারণ করা; গঠিত হওয়া; সর্বব্যাপী হওয়া, প্রচলিত হওয়া।

شَمْل : একতা, ঐক্য, মিল; সংগ্রহ।

جَمْعُ الشَّمْلِ : পুনর্মিলন, ঐক্য পুনঃপ্রতিষ্ঠা।

شَمْلَة : ঢিলা পোশাক বিশেষ, আলখাল্লা; পাগড়ি। ব شِمَالٌ

شَمَل : সামান্য পরিমাণ, ক্ষুদ্র সংখ্যা। ব أَشْمَال

شَمَال، شَمْال : উত্তর; উত্তরা বায়ু।

شِمَال : উত্তর দিক; উত্তরা বায়ু; বাম, বাম পার্শ্ব, বাম হাত; ব্রেসিয়ার। ব أَشْمُلٌ

شِمَالاً : বাম দিকে, উত্তর দিকে।

شِمَال شَرْقِي : উত্তর-পূর্ব; ঈশান কোণ।



www.pathagar.com

غَرْبِي ~ : উত্তর-পশ্চিম; বায়ুকোণ।

اليَد الشِّمَال : বাম হাত।

شِمَالِي : উত্তরের, উত্তর দিকস্থ, উত্তরে অবস্থিত; বামপন্থী।

شَمُول : মদ।

شُمُول : অন্তর্ভুক্তি।

شَامِل : শামিলকারী, অন্তর্ভুক্তকারী; ব্যাপক; পূর্ণ, সম্পূর্ণ; সাধারণ, প্রচলিত, বিশ্বজনীন।

شَمِيلَة : মহৎ গুণ, প্রকৃতি, চরিত্র। ব شَمَائِل

مَشْمُول : অন্তর্ভুক্ত, শামিল, সন্নিবেশিত, অন্তর্গত।

مَشْمُول بِرِعَايَة : পৃষ্ঠপোষকতায়।

مَشْمُولَة : ঠাণ্ডা মদ।

مُشْتَمِل عَلَى ~ : عَلَى অন্তর্ভুক্তকারী, শামিলকারী, ধারণকারী; ব্যাপী।

مُشْتَمَلَات বিষয়বস্তু, সূচি।

شَمْلَلَ : (شَمْلَلَة) চটপটে হওয়া, দ্রুতগামী হওয়া।

شُمْلُول : স্বল্প পরিমাণ; দ্রুতগামী, চটপটে। ব شَمَالِيل

شَمَنْدُور، شَمَنْدَر : বীট।

شَمَنْدُورَة : বয়া।

شَمْوَاه : হরিণের ন্যায় প্রাণীবিশেষ, Chamois.

شَنَّ : - ُ (شَنّ) ঢালিয়া দেওয়া, নিক্ষেপ করা।

أَشَنَّ الغَارَةَ، شَنَّ الغَارَةَ : ~ عَلَى আক্রমণ করা, আঘাত হানা।

شَنَّنَ : (تَشْنِين) ফোঁটায় ফোঁটায় পড়া।

تَشَنَّنَ : ফোঁটায় ফোঁটায় পড়া; শুষ্ক হওয়া; ধুলায় আবৃত হওয়া।

إِسْتَشَنَّ : (إِسْتِشْنَان) শুষ্ক হওয়া, কৃশ হওয়া।

شَنّ : পানির মশক। ব شِنَان، شُنُون

شِنَان : গুঁড়া, ধুলা।

شُنُون : লম্বা; কৃশ।

مَشَنَّة নল-খাগড়ার ঝুড়ি।

شَنَأ : - َ (شَنَان، شَنْآن، شَنْأ) ঘৃণা করা, বিদ্বেষ পোষণ করা।

شَنِئَ : - َ (شُنَّاءَة) স্বীকার করা।

شَنَان، شَنَاءَة : বিদ্বেষ, ঘৃণা।

شَانِئ : ঘৃণাকারী। ব شُنَّاء

مَشْنَأ : কুৎসিত।

مَشْنُوء : ঘৃণ্য, ঘৃণিত।

شَنِبَ : - َ (شَنَب) ঠাণ্ডা হওয়া, সুন্দর দন্তবিশিষ্ট হওয়া।

شَنَب : দাঁতের শুভ্রতা; গোঁফ। ব أَشْنَاب

شَانِب : ঠাণ্ডা।

شَنْبَر : চাকার বেড়, বৃত্ত, প্রান্ত।

شَنْبَرحَدِيد : লৌহ-পেটি।

شِنْتِيَان : মেয়েদের ঢিলা পাজামা। ব شَنَاتِين

شَنْتَرَ : (شَنْتَرَة) (কাপড়) ছিঁড়িয়া ফেলা।

شُنْتُرَة : আঙুল। ব شَنَاتِر

شَنِتَ : - َ (شَنَت) (হাতের তালু) শক্ত হওয়া।

شَنِجَ : - َ (شَنَج) সঙ্কুচিত হওয়া, কুঁচকাইয়া যাওয়া; ধনুষ্টঙ্কারে আক্রান্ত হওয়া।

تَشَنُّج : সংকোচন; পেশী সংকোচন, খিঁচুনি; ধনুষ্টঙ্কার।

شَنَّعَ : (تَشْنِيع) ~ عَلَى অসম্মান করা।

شَنَاحِي، شَنَاح : দীর্ঘকায় (উট)।

شُنْخُوبَة، شُنْخُوب : বৃহৎ প্রস্তরখণ্ড; পর্বতশৃঙ্গ। ব شَنَاخِيب

شَنْدِي بَنْدِي : লক্ষ্যহীনভাবে, এলোমেলোভাবে।

شَنَّرَ : (تَشْنِير) ~ عَلَى নিন্দা করা, গালি দেওয়া, অসম্মান করা।

شَنَار : অসম্মান, লজ্জা।



www.pathagar.com

شَنِّير : দুষ্ট প্রকৃতি।

شَنْشَنَة : খসখস শব্দ, কর্কশ ধ্বনি।

شِنْشِنَة : প্রকৃতি, স্বভাব, অভ্যাস। ব شَنَاشِن

شَنَطَ ـُ : (شَنْط) গিঁট দেওয়া, বাঁধা, অর্ধভাজা করা।

شَنْطَة : ব্যাগ, সুটকেস। ব شُنَط

شَنْطَةُ الْيَد : হাত-ব্যাগ।

~ الْكُتُب : বইপত্র রাখিবার থলে, book case.

شُنَيْطَة : গিঁট, ফাঁস।

شَنَعَ ـَ : (شَنْع) গালি দেওয়া, অসম্মান করা; নোংরা পাওয়া।

شَنِعَ ـَ : (شَنَع) ঘৃণা পোষণ করা।

شَنُعَ ـُ : (شَنَاعَة) নোংরা হওয়া, কুৎসিত হওয়া।

شَنَّعَ (تَشْنِيع) : ~ عَلَى অসম্মান করা, নিন্দা করা, গালি দেওয়া।

تَشَنَّعَ : (অশ্বে) আরোহণ করা; (অস্ত্র) ধারণ করা; দ্রুতগামী হওয়া।

اِسْتَشْنَعَ : (اِسْتِشْنَاع) ঘৃণিত মনে করা।

شَنِيع، شَنِع : কুৎসিত, কদর্য; বিকট; ভয়ানক। ব شُنُع

شَنَاعَة، شُنْعَة : কদর্যতা; বিতৃষ্ণা; ভয়াবহতা।

شَنَفَ ـُ : (شَنْف) ~ إِلَى অবজ্ঞাভরে তাকানো, বিস্ময়ের সাথে তাকানো।

شَنِفَ ـَ : (شَنَف) ~ لِ ঘৃণা করা।

شَنَّفَ، أَشْنَفَ : (إِشْنَاف، تَشْنِيف) কানে দুল পরানো, সুমধুর করা।

شَنَّفَ الآذان : শ্রুতিমধুর করা।

تَشَنَّفَ : কানে দুল পরা।

شَنْف : কানের দুল। ব شُنُوف

شَنَقَ ـُ : (شَنْق) ফাঁসি দেওয়া, ফাঁস পরানো।

شَنِقَ ـَ : (شَنَق) পছন্দ করা।

شَنَّقَ : (تَشْنِيق) কর্তন করা, বিভক্ত করা, টুকরা টুকরা করিয়া কাটা।

أَشْنَقَ : (إِشْنَاق) ~ উদ্ধত আচরণ করা।

شَنْق : গলায় দড়ির ফাঁস।

شَنَق : দড়ি; রক্তমূল্য। ব أَشْنَاق

شَنِق : লোভী, লোলুপ। ব أَشْنَاق

شِنَاق : দড়ি, ধনুকের ছিলা। ব أَشْنِقَة، شُنُق

مُشَنَّق : টুকরা টুকরা করিয়া কর্তিত।

مَشْنَقَة : ফাঁসির মঞ্চ। ব مَشَانِق

مِشْنَقَة : ফাঁসিকাষ্ঠ। ব مَشَانِق

شِنْقَاب، شُنْقُب : কাদাখোঁচা পাখি, snipe.

شِنْكَار : (কাঠমিস্ত্রির) পরিমাপ-দণ্ড।

شَنْكَلَ : (شَنْكَلَة) হোঁচট খাওয়ানো, আছাড় দেওয়া; আটকাইয়া রাখা, ঝুলাইয়া রাখা।

شَنْكَل : আঁকড়া; (কাপড়) ঝুলাইয়া রাখিবার ব্রাকেট। ব شَنَاكِل

شَنَمَ ـُ : (شَنْم) (চামড়া) নখে আঁচড়ানো।

شَنْهَفَ : (شَنْهَفَة) প্যান প্যান করা, ঘ্যান ঘ্যান করা।

شَنْهَقَ : (شَنْهَقَة) (গাধা) কর্কশ চিৎকার করা।

شَهِبَ ـَ : (شُهْبَة، شَهَب) ধূসর বর্ণ হওয়া।

أَشْهَبَ : (إِشْهَاب) প্রজ্বলিত করা, সম্পদ কাড়িয়া লওয়া।

شَهْب : তুষারাবৃত পর্বত।

شُهْبَة، شَهَب : ধূসর বর্ণ।

شِهَاب : উজ্জ্বল অগ্নিশিখা; উল্কা; তারকা; রকেট। ব أَشْهُب، شُهْبَان، شُهُب

أَشْهَب : ধূসর বর্ণ। স্ত্রী شَهْبَاء

يَوْم أَشْهَب : অন্ধকার ও ঠাণ্ডা দিন।

~ عَام : দুর্ভিক্ষের বৎসর।



www.pathagar.com

الشَّهْبَاءُ : আলেপ্পোর অপর নাম।

شَهِدَ ـَ (شُهُود) : সাক্ষ্য দেওয়া, সাক্ষী হওয়া, স্বচক্ষে দেখা; উপস্থিত হওয়া; যোগদান করা; সামনে আসা।

~ (شَهَادَة) : সনদ প্রদান করা, সার্টিফিকেট দেওয়া; সত্যায়িত করা, প্রত্যয়ন করা; প্রমাণ করা, সাক্ষ্য দেওয়া, সাক্ষ্য হওয়া; স্বীকার করা।

~ عَلَى : বিপক্ষে সাক্ষী দেওয়া।

~ لِ : পক্ষে সাক্ষ্য দেওয়া, স্বীকৃতি দেওয়া।

شَاهَدَ (مُشَاهَدَة) : দেখা, প্রত্যক্ষ করা।

أَشْهَدَ (إِشْهَاد)، إِسْتَشْهَدَ (إِسْتِشْهَاد) : সাক্ষ্য দিতে বলা, সাক্ষ্য তলব করা।

إِسْتَشْهَدَ : ~ بِ উদ্ধৃত করা।

أَشْهِدَ، أُسْتُشْهِدَ : শহীদ হওয়া, শাহাদাত বরণ করা।

تَشَهَّدَ : কালেমা শাহাদাত পড়া; নামাযে التَّحِيَّاتُ পড়া।

شَهْد، شُهْد : মধু, মৌচাক। ব شِهَادٌ

شَهَادَة : সাক্ষ্য; প্রমাণ, প্রমাণপত্র; সনদ, সার্টিফিকেট; প্রত্যয়ন; স্বীকার; ধর্মযুদ্ধে মৃত্যুবরণ, শাহাদাত।

شَهَادَةُ الإِثْبَات : বাদীপক্ষের সাক্ষ্য।

شَهَادَةُ حُسْنِ السِّيَرِ السُّلُوك : প্রশংসাপত্র।

~ خُلُوِّ الطَّرَف : ডিসচার্জ সার্টিফিকেট।

~ زُور : মিথ্যা সাক্ষ্য।

~ عَالِيَة : উচ্চ উপাধিপত্র।

~ النَّفْي : বিবাদী পক্ষের সাক্ষ্য।

شَاهِد : সাক্ষী; প্রত্যক্ষদর্শী; উদ্ধৃতি; জিহ্বা। ব شُهَّد، شُهُود

شَاهِدَة : সমাধিপ্রস্তর; অনুলিপি; তর্জনী। ব شَوَاهِد

وَرَقُ الشَّاهِدَة : কার্বন পেপার।

الشَّاهِدَة : পৃথিবী; কপিবুক, Copy-book.

شُهُود : সত্য দর্শন।

شَهِيد : বিশ্বস্ত সাক্ষী; শহীদ, ধর্মযুদ্ধে মৃত্যুবরণকারী। ব شُهَدَاءُ

إِسْتِشْهَاد : শাহাদাত; ধর্মযুদ্ধে মৃত্যুবরণ; উদ্ধৃতি।

تَشَهُّد : নামাযে التَّحِيَّات পাঠ।

مَشْهَد : সমাবেশস্থল; সমাবেশ; শোভাযাত্রা; শাহাদাতস্থল; পবিত্র স্থান, দৃশ্য, দৃষ্টি। ব مَشَاهِد

المَشْهَد : ইরানের একটি শহর। এখানে ইমাম আলী রেযার মাযার অবস্থিত।

مَشْهُود : স্মরণীয়।

يَوْم مَشْهُود : স্মরণীয় দিন।

اليَوْمُ المَشْهُود : কিয়ামত-দিবস।

مُشَاهِد : দর্শক, প্রত্যক্ষকারী।

مُشَاهَد : দৃষ্টিগোচরীভূত।

مُشَاهَدَة : দর্শন, পর্যবেক্ষণ; প্রত্যক্ষ অবহিতি, সন্দর্শন, দৃষ্টি, অন্তর্দর্শন।

شَهَرَ ـَ (شَهْر) : প্রসিদ্ধ করা, ছড়াইয়া দেওয়া, প্রচার করা, (তরবারি) কোষমুক্ত করা; (যুদ্ধ) ঘোষণা করা, (অস্ত্র) তাক করা।

شُهِرَ : প্রসিদ্ধ হওয়া, খ্যাতনামা হওয়া, খ্যাতি লাভ করা।

شَهَّرَ (تَشْهِير) : প্রসিদ্ধ করা, ছড়াইয়া দেওয়া, প্রচার করা।

شَاهَرَ (مُشَاهَرَة) : মাস হিসাবে ভাড়া করা।

أَشْهَرَ (إِشْهَار) : প্রসিদ্ধ করা; ছড়াইয়া দেওয়া, প্রচার করা; (তরবারি) কোষমুক্ত করা; নিলামে বিক্রয় করা।

إِشْتَهَرَ (إِشْتِهَار) : প্রসিদ্ধ হওয়া, সুপরিচিত হওয়া; ছড়াইয়া পড়া, প্রচার করা, প্রকাশ করা, ইশতেহার দেওয়া।

شَهْر : মাস, নূতন চাঁদ। ব أَشْهُر، شُهُور

شَهْرُ العَسَل : মধুচন্দ্রিমা।

الشَّهْرُ الحَالِى، الشَّهْرُ الجَارِى : চলতি মাস, বর্তমান মাস।



www.pathagar.com

اَلشَّهْرُ الْقَادِم ,~ الْمُقْبِل : আগামী মাস।

اَلشَّهْرُ الْمُنْصَرِف ,~ الْمَاضِي : বিগত মাস।

رَأْسُ الشَّهْرِ : মাস পহেলা।

شَهْرِيٌّ : মাসিক।

نِصْفُ شَهْرِيٍّ : পাক্ষিক।

شَهْرِيَّةٌ : মাসিক বেতন, মাহিনা।

شَهْرِيًّا : প্রতি মাসে, মাসিক হারে।

شُهْرَةٌ : প্রসিদ্ধি, খ্যাতি; পরিচিতি; প্রচারণা।

مَشْهُور، شَهِير : বিখ্যাত, প্রসিদ্ধ, সুপরিচিত। ব مَشَاهِير

عَلَى الْمَشْهُور : সর্বজনীনভাবে।

إِشْهَار : বিজ্ঞপ্তি, ঘোষণা; প্রচার; বিজ্ঞাপন; নিলাম।

إِشْهَارُ الإِفْلَاس : আদালতের দেউলিয়া বলিয়া ঘোষণা।

إِشْتِهَار : ইশতেহার; খ্যাতি।

مُشَهَّر : বিখ্যাত; প্রসিদ্ধ; সুপরিচিত; কুখ্যাত।

مُشَاهَرَة : মাসিক বেতন বা ভাতা, মোশাহারা।

مُشَاهَرَةً : প্রতি মাসে, মাসিক।

شَهَقَ ـَ : (شَهِيق) (গাধা) ডাকা; কর্কশ চিৎকার করা।

~ : (شُهُوق) উঁচু হওয়া।

شَهِقَ ـَ : (تَشْهَاق، شُهَاق، شَهِيق) (গাধা) ডাকা; কর্কশ চিৎকার করা; শ্বাস গ্রহণ করা; দীর্ঘশ্বাস লওয়া; বিলাপ করা; হিক্কা তোলা, গোঙ্গানো।

شَهْقَة : চিৎকার; বিলাপ; হিক্কা, হুপিং কাশি।

شَاهِق : উচ্চ।

عُلُوّ شَاهِق : উত্তুঙ্গ, উর্ধ্বতল।

تَشْهَاق، شَهِيق : গাধার ডাক; কর্কশ চিৎকার; বিলাপ; দীর্ঘশ্বাস; হিক্কা।

شَهَّلَ : (تَشْهِيل) তাড়াতাড়ি করা; ত্বরান্বিত করা।

شَاهَلَ : (مُشَاهَلَة) গালি দেওয়া।

شَهْل : দ্রুত, তৎপর।

شَهَل، شُهْلَة : (চক্ষুর) গাঢ় নীল রং।

أَشْهَل : নীলাক্ষী। স্ত্রী شَهْلَاء ব شُهْل

شَهَمَ ـُ : (شُهُوم، شَهْم) ভয় দেখানো, আতঙ্কিত করা; সংযত করা, বাধা দেওয়া।

شَهُمَ ـُ : (شَهَامَة) বিচক্ষণ হওয়া; উদ্যমশীল হওয়া; প্রাণবন্ত হওয়া।

شَهْم : বিচক্ষণ; চতুর; দ্রুতগামী, উদ্যমশীল; প্রাণবন্ত; মহৎ; সাহসী। ব شُهُوم، شِهَام

شَهَامَة : বিচক্ষণতা; বুদ্ধি; উদ্যম, প্রাণশক্তি; মহত্ত্ব; সাহসিকতা।

شَهَا ـُ، شَهِيَ ـَ، تَشَهَّى، إِشْتَهَى : (شَهْوَة) (إِشْتِهَاء) কামনা করা; আকাঙ্ক্ষা করা, লাভ করা।

شَهَّى، أَشْهَى : (إِشْهَاء، تَشْهِيَة) কামনা জাগ্রত করা; আশান্বিত করা, আকাঙ্ক্ষী করা, উৎসাহিত করা; লোভী করা; রুচি বৃদ্ধি করা।

شَهْوَة، إِشْتِهَاء : কামনা, আকাঙ্ক্ষা; প্রবল ইচ্ছা, আগ্রহ; লোভ। شَهَوَاتٌ

شَهْوَان، شَهْوَانِيّ : লোভী, লোলুপ; কামুক। ব شَهَاوَى

شَهِيّ، مُشْتَهَى : কাম্য, আকাঙ্ক্ষিত; ঈপ্সিত; প্রিয়।

شَهِيَّة : রুচি।

مُشَهٍّ : রুচিবর্ধক।

مُشْتَهٍ : আগ্রহী; আকাঙ্ক্ষী; লোভী।

شَابَ ـُ : (شَوْب، شِيَاب) মিশ্রিত করা; ভেজাল দেওয়া; বিকৃত করা, দূষিত করা।

إِنْشَابَ (إِنْشِيَاب)، اشْتَابَ (إِشْتِيَاب) : মিশ্রিত হওয়া।

شَوْب : মিশ্রণ; মিশ্রিত দ্রব্য; উষ্ণ বায়ু।

شَوْبَة : প্রতারণা, আত্মসাৎ।



www.pathagar.com

شَائِبَة : ময়লা, কলঙ্ক; দোষত্রুটি, দুর্ভাগ্য। ব شَوَائِب

شِيَاب : মিশ্রণ।

مَشِيب، مَشُوب : মিশ্রিত; দূষিত; বিকৃত; ভেজাল মিশ্রিত।

شَوْبَق : বেলুন। ব شَوَابِق، شَوْبَك ব شَوَابِك

شَوَّحَ : (تَشْوِيح) অস্বীকার করা; (গোশত) আগুনে ঝলসানো।

شُوح : ফার-গাছ।

شُوحِيَّة : কড়িকাঠ, তক্তা। ব شَوَاحِيّ

شَوَّذَ : (تَشْوِيذ) (সূর্য) অস্ত যাওয়া; (মেঘ) সূর্যকে ঢাকিয়া দেওয়া, পাগড়ি বাঁধিয়া দেওয়া।

إِشْتَاذَ، تَشَوَّذَ : (إِشْتِيَاذ) পাগড়ি বাঁধা, পাগড়ি পরিধান করা।

مِشْوَذ : مِشْوَاذ পাগড়ি। ব مَشَاوِذ ,مَشَاوِيذ

شَارَ : ـُ (شَوْر، شِيَار، شَوْر)، شَوَّر (মধু) আহরণ করা; (পশু) ক্রয়-বিক্রয়ের পূর্বে আরোহণ করিয়া পরীক্ষা করা, সুসজ্জিত দেখানো।

شَوَّرَ : (تَشْوِير) চিহ্নিত করা, ইশারা দেওয়া; ইঙ্গিত করা; সংকেত দেওয়া; সজ্জিত করা।

شَاوَرَ، تَشَاوَرَ : (مُشَاوَرَة) পরামর্শ করা; পরামর্শ চাওয়া; মতামত গ্রহণ করা।

أَشَارَ : (إِشَارَة) ইশারা দেওয়া; ইঙ্গিত করা; সংকেত দেওয়া; নির্দেশ করা; বরাত দেওয়া; পরামর্শ দেওয়া।

تَشَوَّرَ : লজ্জিত বোধ করা।

إِشْتَارَ : (إِشْتِيَار) মধু আহরণ করা, নর জন্তু মাদীর যোনি শোঁকা।

إِسْتَشَارَ : (إِسْتِشَارَة) পরামর্শ করা, পরামর্শ চাওয়া; মধু আহরণ করা; (পশু) মোটা হওয়া।

شَوْر : মৌচাক হইতে আহরিত মধু; পরামর্শ, উপদেশ।

مَشَار، شُورَة : মৌচাক।

شَارَة : চিহ্ন, সংকেত, ব্যাজ, পদমর্যাদা জ্ঞাপক ব্যাজ। ব شَارَات

مَشُورَة، مَشْوَرَة، شُورَى : পরামর্শ, উপদেশ, মত।

شُورِيّ : পরামর্শ সংক্রান্ত।

مَجْلِسُ الشُّورَى : পরামর্শ সভা।

شَوَار : রান্নাঘরের আসবাবপত্র; বর-কনের প্রসাধনী।

شَيِّر : পরামর্শদাতা; মন্ত্রী। ব شُوَرَاء

إِشَارَة : ইশারা; ইঙ্গিত; সংকেত; নিদর্শন; নির্দেশ; আদেশ; পরামর্শ; প্রস্তাব।

إِشَارَة بَرْقِيَّة : তারবার্তা, টেলিগ্রাম।

~ الْخَطَر : বিপদ-সংকেত।

~ الصَّلِيب : ক্রুশচিহ্ন।

إِسْمُ الإِشَارَة : নির্দেশক সর্বনাম (ব্যা)।

كُشْكُ الإِشَارَات : সংকেত কক্ষ, Signal-box.

مَحَطَّةُ الإِشَارَات : সিগন্যাল-পোস্ট, Signal-post.

رَهْنُ إِشَارَتِه : তাহার বংশবদ।

أَشَرْجِيّ، إِشَارْجِيّ، إِشَارِيّ : সিগন্যালম্যান, Signal man.

إِسْتِشَارَة : পরামর্শ, উপদেশ, পরামর্শ গ্রহণ, উপদেশ গ্রহণ।

إِسْتِشَارِيّ : পরামর্শ সংক্রান্ত, উপদেষ্টা।

مُشَاوَرَة، تَشَاوُر : পারস্পরিক পরামর্শ, আলোচনা।

مَشَارَة : ফসল বোনা হইয়াছে এমন জমি। ব مَشَاوِر

مَشُور : সজ্জিত।

مِشْوَار : কার্য, উদ্দেশ্য; সংক্ষিপ্ত ভ্রমণ। ব مَشَاوِير

مُشَارٌ إِلَيْه : প্রাগুক্ত; পূর্বোল্লিখিত।



www.pathagar.com

شَوَّصَ ، أَشَاصَ ، (إِشَاصَة، تَشْوِيْص) : (দাঁত) খিলাল করা; মেসওয়াক করা।

شَوِصَ ـَ : (شَوَص) টেরা হওয়া।

شَوْصَة : পেটের ব্যথা; প্লুরিসি, pleurisy.

أَشْوَصَ : টেরা। স্ত্রী شَوْصَاء ব شُوص

شَوَّطَ : (تَشْوِيْط) দীর্ঘ সফর করা; (গোশত) রান্না করা।

تَشَوَّطَ : ক্লান্ত করা।

شَوْط : লক্ষ্য, উদ্দেশ্য দূরত্ব; দফা, বার; রাউন্ড; নির্দিষ্ট লক্ষ্যে দৌড়। ব أَشْوَاط

شَوْط الطَّوَاف : হাজারে আসওয়াদ হইতে শুরু করিয়া হাজারে আসওয়াদ পর্যন্ত একবার কা'বা প্রদক্ষিণ করা।

شَوْطَة : মহামারী।

شُوَاظ : (আগুনের) শিখা; অগ্নি; প্রচণ্ডতা; তীব্রতা; উচ্ছ্বাস।

شَافَ ـُ : (شَوْف) পালিশ করা, আলকাতরা মাখানো; পরিষ্কারভাবে দেখা।

شَوَّفَ : (تَشْوِيْف) পালিশ করা; সুন্দর করা; সাজানো; প্রদর্শন করা।

تَشَوَّفَ : সজ্জিত হওয়া।

~ إِلَى : সাগ্রহে অপেক্ষা করা, প্রতীক্ষা করা, প্রত্যাশা করা।

شَوْف : বিদে, মই।

شَوْفَة : দৃষ্টি।

شُوفَان : জই, oats.

شَاقَ ـُ : (شَوْق) : আনন্দিত করা, আনন্দ দেওয়া, বাঁধা।

~، شَوَّقَ : (تَشْوِيْق) ~ إِلَى আগ্রহী করা, ইচ্ছুক করা, আকাঙ্ক্ষা জাগ্রত করা; আকৃষ্ট করা।

تَشَوَّقَ : আগ্রহ দেখানো, স্পৃহা ব্যক্ত করা।

مُشِير : নির্দেশক; প্রদর্শক; ফিল্ডমার্শাল (মি-ই)।

مُشَاوِر ، مُسْتَشَار : উপদেষ্টা।

مُسْتَشَار مَالِيّ : অর্থ-উপদেষ্টা।

~ مَلَكِيّ : রাজ-উপদেষ্টা।

شُورَبَا ، شَوْرَبَة : সুরুয়া।

شُورَبِيّ : (ফা) কমিউনিজম।

أَشْوَس : স্ত্রী شَوْسَاء গর্বিত; সাহসী বীর। ব شُوس

شَوَّشَ : (تَشْوِيْش) জটিল করা, বিশৃঙ্খল করা, একত্রে মিশাইয়া ফেলা; অশান্ত করিয়া তোলা; বিরক্ত করা।

تَشَوَّشَ : বিরক্ত হওয়া; অসুস্থ হওয়া; সিফিলিস রোগে আক্রান্ত হওয়া।

~ عَلَى : জটিল হওয়া, বিশৃঙ্খল হওয়া, গোলমেলে হওয়া।

شَاش : মসলিন কাপড়; উজবেকিস্তানের রাজধানী তাশকন্দের প্রাচীন নাম। ৭৫১ খ্রিস্টাব্দে এটি মুসলিম দখলে আসে।

شَاشَة : শ্বেত বস্ত্র।

الشَّاشَةُ الْبَيْضَاء، الشَّاشَة : (ছায়াছবির) রূপালি পর্দা।

شُوشَة : (চুলের) গুচ্ছ; ঝুঁটি।

شَوَاش : জটিলতা; বিশৃঙ্খলা; গোলমাল; গণ্ডগোল।

شَاوِيش : সার্জেন্ট।

تَشْوِيش : বিশৃঙ্খলা, গোলযোগ, জটিলতা, অশান্তি; সিফিলিস রোগ।

مُشَوَّش : বিশৃঙ্খল, গোলযোগপূর্ণ, জটিল, অশান্ত; অস্পষ্ট; সিফিলিস রোগে আক্রান্ত।

مُشَوَّشُ الْفِكْرِ : হতবুদ্ধি, কিংকর্তব্যবিমূঢ়।

شَوْشَرَة : গোলমাল, হৈচৈ।

شَاصَ ـُ : (شَوْص) ধৌত করা, হাত দ্বারা ঘষে পরিষ্কার করা।



www.pathagar.com

اِشْتَاقَ : (اِشْتِيَاق) আগ্রহী হওয়া, ইচ্ছুক হওয়া, উৎসুক হওয়া।

تَشَوَّق، اِشْتِيَاق، شَوْق : প্রবল ইচ্ছা; আগ্রহ; স্পৃহা; ঔৎসুক্য; আকাঙ্ক্ষা। ব أَشْوَاقٌ

شَائِق : আগ্রহজনক; আনন্দদায়ক; সুন্দর, মনোরম; চমৎকার, অনুরাগী।

مُشْتَاق، شَيِّق : প্রবল ইচ্ছুক; আগ্রহান্বিত; আগ্রহী; উৎসুক।

تَشْوِيق : আগ্রহান্বিতকরণ, উৎসাহ প্রদান।

مَشُوق : ঈপ্সিত।

مُشَوِّق : আগ্রহজনক, আকর্ষণীয়।

شَاكَ ـُ : (شَوْك) সুচালো হওয়া; খোঁচা মারা; কাঁটা দ্বারা বিদ্ধ করা; কণ্টকাকীর্ণ করা; প্রতিপত্তি প্রকাশ পাওয়া।

شَوَّكَ : (تَشْوِيك) (বৃক্ষ) কণ্টকময় হওয়া, কণ্টকযুক্ত হওয়া; পালক গজানো; চুল গজানো; খোঁচা মারা; কাঁটা দ্বারা বিদ্ধ করা। ব أَشْوَالٌ

أَشَاكَ : (إِشَاكَة) খোঁচা মারা; কাঁটা দ্বারা বিদ্ধ করা, কণ্টকাঘাতে আহত করা।

شَوْكَة، شَوْك : কাঁটা, সুচালো যন্ত্র; পেরেক; হুল; অস্ত্র; ক্ষমতা; প্রতিপত্তি।

جَدِيد بِشَوْكَتِهِ : আনকোরা, একদম নূতন।

شَوِك، شَائِك، شَوْكِيّ : কণ্টকযুক্ত; কণ্টকময়; জটিল।

الحَبْل الشَّوْكِيّ : মেরুদণ্ডের মধ্যে লম্বালম্বিভাবে অবস্থিত স্নায়ু-রজ্জু।

~ العَمُود : মেরুদণ্ড।

~ النُّخَاع : মেরুদণ্ডের মজ্জা।

سِلْك شَائِك : কাঁটাতার।

مَسْئَلَة شَائِكَة : জটিল বিষয়।

شَوْكَرَان : বিষাক্ত উদ্ভিদ বিশেষ, hemlock.

شَالَ ـُ : (شَوْل) জাগিয়া উঠা; উপরে উঠা।

أَشَالَ : (إِشَالَة) বহন করা, জাগানো, উত্তোলন করা।

شَالَتْ نَعَامَتُهُ : সে চলিয়া গেল, মরিয়া গেল।

شَوَّلَ : (تَشْوِيل) স্বল্প হওয়া; শূন্য হওয়া।

شَاوَلَ : (مُشَاوَلَة) আক্রমণ করা, উত্তোলন করা।

تَشَاوَلَ : আক্রমণ করা।

شَال : শাল। ব شِيلَانٌ

شَالِيَة : পাত্র।

شَوْل : পাত্রে অবশিষ্ট পানি; মরুভূমি; পতিত জমি। ব أَشْوَال

شَوِل : দ্রুত, তৎপর।

شَوْلَة : বিচ্ছুর হুলের উপরের অংশ; বোকা (স্ত্রীলোক); কমা (,)।

شَوَال : বড় থলি, বস্তা। ব شَوَاوِيلُ

شَوَّال : আরবী দশম মাস। ব شَوَاوِيل، شَوَّالَات

شَوَّالَة : গায়ক পক্ষী; বিচ্ছু; অশ্লীলভাষিণী।

شَائِل : লেজ উত্তোলনকারী (উষ্ট্রী)। ব شُوَّل، شَوَائِلُ، شُوَّل

شَائِلَة : সাত মাসের গর্ভবতী (উষ্ট্রী)। ব أَشْوَال، شَوْل

أَشْوَل : বাঁ-হাতি, ন্যাটা। স্ত্রী شَوْلَاء

مِشْوَل : ছোট কাস্তে।

شَوَّنَ : (تَشْوِين) (ভাণ্ডারে শস্য) সঞ্চিত করা, স্তূপীকৃত করা।

شَوْنَة : নির্বোধ স্ত্রীলোক, শস্যভাণ্ডার। ব شُوَن

~ : যোদ্ধা, যুদ্ধজাহাজ। ব شَوَان

شُونَة : শস্য-ভাণ্ডার। ব شُوَن، شُونَات

شَاهَ ـُ : (شَوْه) ـَ شَوِهَ، (شَوْهَة، شَوَه) تَشَوَّهَ বিকৃত হওয়া, কুৎসিত হওয়া।

شَوَّهَ : (تَشْوِيه) বিকৃত করা; কুৎসিত করা; কুৎসা রটানো; দুর্নাম করা।



www.pathagar.com

تَشَوُّه، شَوَه : কদর্যতা, বিকৃতি।

شُوهَة : অনেক দূরত্ব, মন্দ।

شَاه : শাহ, পারস্যের সম্রাট, রাজা।

شَاهَانِيّ، شَاهِيّ : রাজকীয়, সম্রাট-সম্বন্ধীয়।

مُشَوَّه، شَائِه : বিকৃত, কুৎসিত।

أَشْوَه : বিকৃত; কুৎসিত; কুদৃষ্টিসম্পন্ন। স্ত্রী شَوْهَاء ব شُوه

شَاة : ছাগল, বকরি; ভেড়া; ভেড়ী। ব شِوَاه، شِيَاه، شَاء

شَوَى - : (شَيّ) (إِشْتِوَاء) إِشْتَوَى، (গোশত) আগুনে ঝলসানো, রোস্ট করা, ভুনা করা।

شَوِّى، أَشْوَى : (إِشْوَاء، تَشْوِيَة) রোস্ট খাওয়ানো; রোস্ট করিতে দেওয়া;

إِنْشَوَى : (إِنْشِوَاء) (গোশত) ভুনা হওয়া।

مَشْوِيّ، شَوِيّ : ঝলসানো, ভুনা (গোশত)।

شَوًى : বাজে বস্তু, মাথার খুলি, পার্শ্ব।

شَوَاة : মাথার খুলি, মাথার চামড়া। ব شَوًى

شِوَاء : ভুনা গোশত, রোস্ট।

مِشْوَاة، شَوَّايَة : গোশত ঝলসাইয়া বাঁধিবার ঝাঁঝর, grill. ব مَشَاوٍ

شَاءَ - : (مَشِيئَة) ইচ্ছা করা, চাওয়া।

بِمَشِيئَةِ اللّٰه، إِنْ شَاءَ اللّٰه : আল্লাহ চাহিলে, আল্লাহ ইচ্ছা করিলে, আল্লাহর ইচ্ছায়।

مَاشَاءَ اللّٰهُ : আল্লাহ যেমন চাহিয়াছেন, শাবাশ!

إِلَى مَاشَاءَ اللّٰه : চিরতরে।

شَيَّأ : (تَشْيِئَة) কুৎসিত করা; প্ররোচিত করা।

تَشَيَّأ : ক্রোধের পর ঠাণ্ডা হওয়া।

شِي : পশু তাড়াইবার ধ্বনিবিশেষ।

شَيْئ : জিনিস, বস্তু, বিষয়। ব أَشْيَاء

شَيْءٌ مَا : কোন কিছু।

لَاشَيْءَ : কিছুই না; শূন্য।

لَيْسَ بِشَيْءٍ : ইহা কিছুই নহে।

لَاشَيْئِيَّة : 'কোন বস্তুর প্রকৃত কোন অস্তিত্ব নাই'- এই মতবাদ।

شَيْئًا فَشَيْئًا : অল্প অল্প করিয়া, ক্রমে ক্রমে।

شُيَيْءٌ، شُوَيَّة، شُوَىّ : ক্ষুদ্র বস্তু, সামান্য।

شُوَيَّة شُوَيَّة، شُوَىّ شُوَىّ : অল্প অল্প, আস্তে আস্তে।

مَشِيئَة : ইচ্ছা।

إِيش : (أَيّ شَيْءٍ) কী?

مَافِيش : (لِأَيِّ شَيْءٍ) কেন?

مَافِيش : (مَافِيهِ شَيْء) কিছু না।

مَالِشَيْءٍ : বিষয়টি কাজেরই নয়।

شَابَ - : (شَيْب، شَيْبَة، شَيْب) (কেশ) বার্ধক্যজনিত শুভ্র হওয়া; শুভ্রকেশী হওয়া, বৃদ্ধ হওয়া।

شَيَّبَ، أَشَابَ : (تَشْيِيب، إِشَابَة) বৃদ্ধ করা, চুল পাকাইয়া দেওয়া।

مَشِيب، شَيْبَة، شَيْب : শুভ্র কেশ, বার্ধক্য।

شَائِب : أَشْيَب (ব شُيَّب) (স্ত্রী شَيْبَاء ব شِيب) শুভ্রকেশী, বৃদ্ধ (ব্যক্তি); শুভ্র (কেশ)।

شِيت : ছাপা শুভ্র বস্ত্র বিশেষ। ব شُيُوتَات

شَاحَ - : (شَيْح) সতর্কতার সহিত করা; সচেষ্ট হওয়া, উদ্যোগী হওয়া।

شَيَّحَ : (تَشْيِيح) সতর্ক করা; শুকাইয়া ফেলা, শুষিয়া লওয়া।

شَايَحَ : (مُشَايَحَة) যুদ্ধ করা।

~, أَشَاحَ : (إِشَاحَة) সচেষ্ট হওয়া, উদ্যোগী হওয়া।

أَشَاحَ ~ مِنْ : সতর্ক হওয়া।

~ عَنْ : (মুখ, চক্ষু) ফিরাইয়া আনা।



www.pathagar.com

شِيح : তিক্ত উদ্ভিদবিশেষ।

مُشِيح، مُشَايِح : সতর্ক, মনোযোগী।

شِيَاح : অনুর্বরতা, বন্ধ্যাত্ব।

شَيَّاح : চোষ কাগজ, blotting paper.

شَاخَ : - (شَيْخُوخَة، شُيُوخَة، شَيَخ) বৃদ্ধ হওয়া; (বৃক্ষ, ফল) বীজময় হওয়া।

شَيَّخَ : বৃদ্ধ হওয়া; বীজময় হওয়া; প্রধান রূপে নিয়োগ করা।

شَيْخ : বৃদ্ধ লোক; বয়স্ক ব্যক্তি; প্রধান; সম্মানিত ব্যক্তি, শেখ। ব أَشْيَاخ، شِيخَان، مَشْيَخَة، شُيُوخ، مَشَائِخ، مَشَايِخ، مُشْيُوخَاء স্ত্রী شَيْخَة বয়স্কা মহিলা।

شَيْخُوخَة : বার্ধক্য।

شَيْخُوخِيّ : বার্ধক্য সম্বন্ধীয়, বার্ধক্যজনিত।

شَايِخ : বীজপূর্ণ, বীজময় (বৃক্ষ, ফল)।

شَادَ : - (شَيْد)، (شَيَدَ) شَيَّدَ (تَشْيِيد) নির্মাণ করা, সুদৃঢ় করা, উঁচু করা; প্রতিষ্ঠা করা।

أَشَادَ : (إِشَادَة) নির্মাণ করা; সুদৃঢ় করা; ধ্বংস করা; (স্বর) উঁচু করা; (কবিতা) আবৃত্তি করা।

أَشَادَ بِذِكْرِهِ، أَشَادَبِه : কাহারো সুখ্যাতি করা।

شِيد : আস্তর; প্লাস্টার, plaster of paris.

إِشَادَة : প্রশংসা, সুখ্যাতি।

تَشْيِيد : নির্মাণ; সুদৃঢ়ীকরণ; প্রতিষ্ঠাকরণ।

مُشَيَّد : উচ্চ, সুউচ্চ; সুদৃঢ়।

شِير : খাড়া উঁচু পাহাড়।

تِشِيرَج : তিলের তৈল।

شِيرَاز : দক্ষিণ-পূর্ব ইরানের একটি নগরী।

شِيرَة : শীরা, ফলের রস।

شِيز : এক প্রকার কালো কাঠ।

شِيش : খেলনা তরবারি, foil; খড়খড়ি; venetian blind.

لُعْبَةُ الشِّيش : তরবারি-খেলা।

شِيشَة : হুক্কা; গুটি বসন্ত।

أَشَاصَ : (إِشَاصَة) (খেজুর গাছ) নিকৃষ্ট খেজুরবিশিষ্ট হওয়া, (গাছের) খেজুর শুকাইয়া যাওয়া।

شِيص : নিকৃষ্ট খেজুর।

شَاطَ : - (شَيْط) পুড়িয়া যাওয়া; বৃথা যাওয়া; (রক্তের) ক্ষতিপূরণ না পাওয়া; ঘনীভূত হওয়া; ধ্বংস হওয়া; ক্রোধে জ্বলিয়া উঠা।

شَيَّطَ، أَشَاطَ : (إِشَاطَة، تَشْيِيط) পোড়ানো; ঝলসানো।

تَشَيَّطَ : পুড়িয়া যাওয়া।

اِسْتَشَاطَ : (اِسْتِشَاطَة) (কবুতর) ডানা ঝাপটাইয়া উঠা।

اِسْتَشَاطَ غَضَبًا : ক্রোধে জ্বলিয়া উঠা।

شَوِيط، شِيَاط : পোড়া-গন্ধ; পোড়া গোশত।

تَشْيِيط : ভুনাকরণ; ভুনা গোশত।

مِشْيَاط : মোটা, দ্রুতগামী (উষ্ট্রী)। ব مَشَايِيط

شَاعَ : - (شُيُوع، شَيْع) ছড়াইয়া পড়া; ছড়াইয়া দেওয়া।

~ : (شِيَاع) ~ بِ সঙ্গে যাওয়া, সঙ্গী হওয়া।

شَيَّعَ : (تَشْيِيع) বিদায় জানানো, বিদায়-অভ্যর্থনা দেওয়া; প্রেরণ করা; পরপরই করা।

شَايَعَ : (مُشَايَعَة) অংশীদার হওয়া; পক্ষাবলম্বন করা; অনুসরণ করা।

أَشَاعَ : (إِشَاعَة) ছড়াইয়া দেওয়া।

تَشَيَّعَ : অংশীদার হওয়া, পক্ষাবলম্বন করা; শিয়া মতাবলম্বী হওয়া।

اِشْتَاعَ، تَشَايَعَ : দল গঠন করা।

~ عَلَى : একমত হওয়া।

شِيعَة : দল, শ্রেণী, সম্প্রদায়; অনুসারীবৃন্দ। ব أَشْيَاع، شِيَع

الشِّيعَة : শিয়া সম্প্রদায়।

شِيعِيّ : সম্প্রদায়ভুক্ত; শিয়া।



www.pathagar.com

شَيِّع : অংশীদার। ব شُيَعَاء

شُيُوع : প্রচার; প্রসার; বিস্তার।

عَلَى الشُّيُوع : সমঅংশীদারিত্বের ভিত্তিতে, যৌথভাবে।

شُيُوعِيّ : কমিউনিস্ট।

شُيُوعِيَّة : কমিউনিজম।

مُشَاع، شَائِع : চতুর্দিকে ছড়াইয়া পড়িয়াছে এমন; দিগন্ত বিস্তৃত; সুদূরপ্রসারী; সাধারণ; যৌথ।

مِلْك شَائِع : যৌথ মালিকানা।

شَائِعَة : গুজব, রটনা। ব شَوَائِع

إِشَاعَة : প্রচার; বিস্তার; প্রকাশিত সংবাদ; গুজব।

مُشَايَعَة، تَشَيُّع : পক্ষপাতিত্ব, পক্ষাবলম্বন।

تَشْيِيع : বিদায়-অভ্যর্থনা; জানাযার অনুসরণ।

مُتَشَيِّع، مُشَايِع : পক্ষপাতী, পক্ষাবলম্বী।

مُشْتَاع : অংশীদার, সমঅংশীদার।

شَيَّفَ : (تَشْيِيف) টুকরা করা, ফালি করা।

أَشْيَاف : টুকরা, ফালি।

شَيْفُون : শিফন (কাপড়)।

شِيك : চেক।

شِيكُ السِّيَاحَة : ট্রাভেলার্স চেক, Traveler's Check.

شَالَ – : (شَيْل) লইয়া যাওয়া, বহন করিয়া নেওয়া, উত্তোলন করা।

شَيَّلَ : (تَشْيِيل) উত্তোলন করা; আগাইয়া দেওয়া।

شَيْلَة : বোঝা।

شِيَالَة : ভারবহন; মুটেগিরি; মুটের মজুরি।

شَيَّال : কুলি, মুটে।

مَشَال : বহন, বহন মূল্য।

بِالْمُشَايَلَة : সর্বসাকুল্যে, মোটের উপর।

شِيلِى : চিলি (দেশ)।

شَامَ – : (شَيْم) প্রতীক্ষা করা, প্রত্যাশা করা; তিলচিহ্নিত হওয়া।

تَشَيَّمَ أَبَاهُ : পিতৃস্বভাবের অধিকারী হওয়া।

شَامَة : তিল, আঁচিল, কালো উষ্ট্রী। ব شام، شامات

شِيمَة : প্রকৃতি, চরিত্র, মেজাজ, অভ্যাস। ব شِيَم

كَرِيمُ الشِّيَم : মহৎ চরিত্র।

شَيْمَة : ঘূর্ণিজল, আবর্ত। ব شَيَامِى

شِيَام : মাটি, ধূলি; ইঁদুর। ব شِيَم

أَشْيَم : তিল চিহ্নিত। স্ত্রী شَيْمَاء، ব مَشْيُوم، مَشُوم، شُوم

مَشِيمَة : প্রসবের পরে নির্গত ফুল, অমরা। ব مَشَايِم، مَشِيم

شَانَ – : (شَيْن) شَيَّنَ (تَشْيِين) বিকৃত করা; নষ্ট করা; অসম্মান করা।

شَانَ سُمْعَتَهُ : সুনাম নষ্ট করা।

شَيْن : বিকৃতি; অসম্মান; লজ্জা; খারাপ।

شِين : "ش" বর্ণের নাম।

مُشَيِّن، شَيِّن، شَائِن : অসম্মানজনক; লজ্জাকর; কুৎসিত।

شَاهَ – : (شَيْه) কুদৃষ্টিতে তাকানো।

أَشْيَه، شَيُوه : কুদৃষ্টিসম্পন্ন।

شِيَة : চিহ্ন। ব شِيَات

شَاى : চা।

إِبْرِيق شَاى : চা-দানি।

~ حَفْلَة : চায়ের মজলিস।

~ مِلْعَقَة : চা-চামচ।



www.pathagar.com

# ص

ص : সোয়াদ; আরবী বর্ণমালার চতুর্দশ হরফ। আবজাদ গণনায় সংখ্যামান ৯০।

ص، ب : صُنْدُوق البَرِيد (পোস্ট অফিস বক্স) এর সংক্ষিপ্ত রূপ।

صَئِبَ - َ : أصْأبَ (إصْئَاب، صَأب) (মাথা) উকুনের ডিমে পূর্ণ হওয়া।

~ مِنْ : পূর্ণ হওয়া।

صُؤَابَة، صُؤَاب : উকুনের ডিম। ব صِئْبَان

صَاج : লোহার পাত, টিন।

صَاج مُمَوَّج، صَاج مُضَلَّع : ঢেউ-টিন।

صَاد : "ص" বর্ণের নাম।

صَالَة : বৃহৎ কক্ষ, হলঘর।

صَالُون : সেলুন, অভ্যর্থনাকক্ষ, বৈঠকখানা।

صَايَ - ِ : (صَئِيّ) (পাখি) কিচিরমিচির করা।

صَبَّ - ُ : (صَبّ) ঢালা, ঢালাই করা, গড়াইয়া দেওয়া।

~ - ِ : (صَبِيب) প্রবাহিত হওয়া; গড়াইয়া যাওয়া; আপতিত হওয়া।

تَصَبَّبَ : গড়াইয়া যাওয়া; প্রবাহিত হওয়া; বেগে ছুটিয়া যাওয়া।

اِصْطَبَّ، تَصَابَّ : (إصْطِبَاب) পানির অবশিষ্টাংশ পান করা।

اِنْصَبَّ : (إنْصِبَاب) গড়াইয়া যাওয়া; প্রবাহিত হওয়া।

~ عَلَى : সমবেত হওয়া; ছোঁ-মারা; ঝুঁকিয়া পড়া; মনোযোগী হওয়া; আত্মনিয়োগ করা; পরিচালিত হওয়া।

صَبّ : প্রবাহ, ঢালাই; ভাবোচ্ছ্বাস; প্রণয়াসক্তি।

صُبَابَة، صُبَّة : দল; পাল; পাত্রে পানির ৫১৩ ক্ষখষ্টাংশ।

صَبَب : ক্রমনিম্নতা; ঢালু জায়গা; পাহাড়ের ঢালু। ব أصْبَاب

صَبَابَة : তীব্র আকাঙ্ক্ষা, গভীর আসক্তি।

مَصْبُوب، صَبِيب : প্রবাহিত।

~ : রক্ত, ঘাম; তুষার।

مَصَبّ : (নদীর) মোহনা। ব مَصَابّ

صَبَا - ُ صَبُوَ، - َ صَبَا : (صُبُوء، صَبْأ) ধর্মান্তরিত হওয়া।

~ - َ : (صُبُوء) গজাইয়া উঠা; উদ্গত হওয়া; উদয় হওয়া।

~ عَلَى : আক্রমণ করা।

صَابِئ : সাবায়ী; sabian. স্বধর্মত্যাগী; তারকাপূজারী। ব صَابِئُون

صَابِئَة : সাবায়ীদের ধর্মীয় মতবাদ, sabaism.

صَبَحَ - َ : (صَبْح) প্রত্যুষে সাক্ষাৎ করা; সকালে পান করিতে দেওয়া।

صَبُحَ - ُ : (صَبَاحَة) সুন্দর হওয়া; মনোরম হওয়া; চমৎকার হওয়া; (চেহারা) উজ্জ্বল হওয়া।

صَبَّحَ : (تَصْبِيح) প্রত্যুষে আগমন করা, প্রভাতে অভিনন্দন জানানো; সকালে পান করিতে দেওয়া।

أصْبَحَ : (إصْبَاح) সকাল হওয়া; প্রত্যুষে আগমন কিংবা প্রবেশ করা; পরিষ্কার হওয়া; রূপান্তরিত হওয়া, পরিণত হওয়া।

تَصَبَّحَ : সকালে নিদ্রা যাওয়া।

~ بِ : প্রভাতকালে খাওয়া; প্রত্যুষে সাক্ষাৎ করা।

اِصْطَبَحَ : (إصْطِبَاح) প্রাতরাশ গ্রহণ করা, প্রভাতে পান করা; আলোর জন্য ব্যবহার করা; প্রদীপ জ্বালানো।



www.pathagar.com

إِسْتَصْبَحَ : আলোর জন্য ব্যবহার করা, প্রদীপ জ্বালানো।

~ بِ : উপদেশ গ্রহণ করা; প্রভাতে বিক্রয় করা।

صُبْح : প্রভাত; সকাল। ব صَبَاح، أَصْبَاح

صَبَاحًا : সকালে।

صَبَاحَ الْخَيْرِ، صَبَاحًا، عِمْ صَبَاحًا : সুপ্রভাত।

صَبَاحَ الْيَوْمِ : আজ সকালে।

صَبْحَة : প্রভাতী নিদ্রা।

صُبْحَة : প্রাতরাশ, সকালের নাশ্তা; প্রভাতী নিদ্রা; উজ্জ্বলতা, চাকচিক্য।

صُبَاح : প্রদীপের আলো।

صَبْحَان : সুন্দর, মনোরম, চমৎকার, উষা-পানকারী। স্ত্রী صَبْحَى

صَبَاحَة، صَبَاحِيَّة : সৌন্দর্য, মধুচন্দ্রিমার উষালগ্ন।

صَبُوح : সুন্দর; চমৎকার; সকালের পানীয়; সকালে দোহনকৃত দুগ্ধ।

صَبِيح : সুন্দর, মনোরম, কমনীয়। ব صِبَاح

صَبِيحَة : সুন্দরী, মনোরমা, ললিতা, কমনীয়া; সকাল, পূর্বাহ্ণ।

صَابِح : তাজা, নূতন।

إِصْبَاح، مَصْبَح، مُصْبَح : প্রভাত, ভোর।

مِصْبَاح : প্রদীপ, লণ্ঠন, বাতি। ব مَصَابِيح

مِصْبَاح كَهْرَبَائِيّ : বৈদ্যুতিক বাতি, বাল্ব।

كَشَّاف ~ : সার্চ-লাইট।

صَبَرَ - (صَبْر) : تَصَبَّرَ، إِصْطَبَرَ (إِصْطِبَار) সহিষ্ণু হওয়া, ধৈর্যশীল হওয়া, ধৈর্যধারণ করা, সবুর করা।

~ : বাঁধা, আটকাইয়া রাখা।

~ عَلَى : সহ্য করা।

~ عَنْ : বিরত থাকা; বিরত রাখা।

صَبَّرَ : (تَصْبِير) ধৈর্যধারণে উদ্বুদ্ধ করা, ধৈর্যধারণ করিতে বলা; সান্ত্বনা দেওয়া; রাসায়নিক দ্রব্য দ্বারা (মৃতদেহ) সংরক্ষণ করা; ভারী জিনিসপত্র দ্বারা (জাহাজ) বোঝাই করা।

صَابَرَ : (مُصَابَرَة) সহনশীল আচরণ করা, ধৈর্যের প্রতিযোগিতা করা।

أَصْبَرَ : (إِصْبَار) দুর্ভাগ্যে পতিত হওয়া; তিক্ত হওয়া; কঠিন হওয়া।

إِسْتَصْبَرَ : (إِسْتِصْبَار) ঘনীভূত হওয়া, জমাট বাঁধা।

صَبْر : ধৈর্য, সহিষ্ণুতা, সবুর, সহনশীলতা; বন্দিদশা; বাধ্যবাধকতা, জমাট বস্তু।

قَلَّ صَبْرُهُ : অসহিষ্ণু হওয়া, অধীর হওয়া।

قِلَّةُ الصَّبْرِ : অসহিষ্ণুতা, অধীরতা।

قَلِيلُ ~ : অসহিষ্ণু, অধীর।

صَبِر، صَبْر : ঘৃতকুমারী, aloes.

صُبْر : প্রান্ত, পার্শ্ব, শীর্ষস্থান; সাদা মেঘ। ব أَصْبَار

صِبْر : তিক্ত ঔষধ।

صَبَر : বরফ। ব أَصْبَار

صَبْرَة، صَبَارَة : তীব্র ঠাণ্ডা।

صُبْرَة : স্তূপ। ব صِبَار

صُبْرَةً : সর্বসাকুল্যে।

صِبَار : ছিপি।

صَبَار، صُبَّار، صُبَّيْر : উদ্ভিদবিশেষ ও তাহার ফল, Indian fig cactus.

صَبَّار، صَابِر، صَبُور، مُتَصَبِّر، مُصْطَبِر : সহিষ্ণু; সহ্যকারী; ধৈর্যশীল, সহনশীল; অটল, স্থির।

أُمُّ صَبَّار، أُمُّ صَبُّور : তাপ; দুর্ভাগ্য; যুদ্ধ।

صَبَّارَة : অনুর্বর উচ্চভূমি; ঘৃতকুমারী aloes.

صَبِير : পর্বত। ব صُبَرَاء

~ : সাদা মেঘ। ব صُبُر



www.pathagar.com

صَابُورَة : স্থির রাখিবার উদ্দেশ্যে জাহাজে বোঝাই করিবার ভারী জিনিসপত্র।

صَابُورِيَّة : নলখাগড়ার তৈরি ঝুড়ি।

تَصْبِيرَة : হালকা খাবার।

صَبَعَ : ـَ (صَبْع) : عَلَى، بِ ~ অঙ্গুলি দ্বারা ইশারা করা; দেখাইয়া দেওয়া; নির্দেশ করা।

إِصْبَع، أُصْبُع : أُصْبُوع (ব أَصَابِع) (ব أَصَابِيع) অঙ্গুলি।

أُصْبُعُ الأَحْمَر : ঠোঁটে রঙ লাগাইবার কাঠি, অধর রঞ্জনী।

مَصْبَعَة : অহংকার।

مُصَبَّع : মাছ বা গোশত রাঁধিবার ঝাঁঝরি।

صَبَغَ : ـُ (صَبْغ، صِبْغ) রং করা, রং দেওয়া; রঞ্জিত করা; (পানিতে) অবগাহন করানো।

صَبُغَ : (صُبُوغ) (বাঁট) দুগ্ধপূর্ণ হওয়া।

صَبَّغَ : (تَصْبِيغ) গাঢ় রং করা।

أَصْبَغَ : (إِصْبَاغ) (ফল) পাকিতে শুরু করা; (উষ্ট্রী) বাচ্চা প্রসব করা।

تَصَبَّغَ : فِي ~ সুপ্রতিষ্ঠিত হওয়া।

إِصْطَبَغَ : (إِصْطِبَاغ) রঞ্জিত হওয়া।

صَبْغ : রঞ্জিতকরণ।

صِبْغ : রঙ। ব أَصْبَاغ، صِبَاغ ব أَصْبِغَة

صِبْغَة : রং; ধরন; প্রকার; আকৃতি; ধর্ম; মত; আরক।

صِبْغِيّ : প্রাণ সঞ্চরণের মৌল উপাদান। ব صِبْغِيَّات chromosome.

صُبْغَة : পাকিতে শুরু করিয়াছে এমন খেজুর।

صِبَاغَة : রং করিবার কাজ, চিত্রকর্ম।

صَابِغ، صَبَّاغ : রঞ্জক, চিত্রকর। ব أَصْبِغَةٌ

صَابُوغَة، صُبُوغَة : মৎস্যবিশেষ।

مَصْبَغَة : রঞ্জন-গৃহ। ব مَصَابِغُ

مَصْبُوغ : রঞ্জিত।

صَبَّنَ : (تَصْبِين) সাবান মাখানো, সাবান দ্বারা ধৌত করা।

صَابُون : সাবান।

صَابُونَة : সাবানের পিণ্ড।

صَابُونِي : সাবানের ন্যায়; সাবানময়; সাবানের তৈরি।

صَابُونِيَّة : উদ্ভিদবিশেষ, soapwort.

صَبَّان : সাবান প্রস্তুতকারী, সাবান বিক্রেতা।

مَصْبَنَة : সাবানের কারখানা। ব مَصَابِنُ

صَبَا : ـُ (صَبَاء، صِبَا، صُبُوّ، صَبْو) শিশু হওয়া, শিশুর মত হওয়া।

~ إِلَى : ঝুঁকিয়া পড়া, কামনা করা, আকাঙ্ক্ষা করা।

صَبَاء، صُبُوّ : (পুবালি হাওয়া) প্রবাহিত হওয়া।

صَبِيَ : ـَ (صِبَاء) শিশুসুলভ আচরণ করা।

صَبَّى : (تَصْبِيَة) যৌবন ফিরাইয়া দেওয়া; পুনরায় যুবকে পরিণত করা।

أَصْبَى : (إِصْبَاء) বাচ্চাওয়ালা হওয়া; বিমোহিত করা।

تَصَابَى، تَصَبَّى : শিশুসুলভ আচরণ করা; প্রমোদে আকৃষ্ট হওয়া; পুনর্যৌবন লাভ করা; প্রেম করা; প্রতারিত করা, প্রলুব্ধ করা।

إِسْتَصْبَى : (إِسْتِصْبَاء) শিশুসুলভ আচরণ করা।

صُبُوَّة : তারুণ্য, শৈশব।

صِبًى، صَبَا : শৈশব; তারুণ্য; ঝোঁক; বাসনা।

صَبَا : পুবালি হাওয়া। ব أَصْبَاء، صَبَوَات

صَبِيّ : বালক, ছেলে; শিক্ষানবিস। ব أَصْبِيَة، صِبْيَة، صِبْيَان

صَبِيَّة : বালিকা; মেয়ে; তরুণী। ব صَبَايَا

صَابٍ : শিশুসুলভ।

صَابِيَة : উত্তর-পূর্ব দিকের বায়ু।

صِبْيَانِي : বালকসুলভ, শিশুসুলভ।

مُصْبِيَة، مُصْبٍ : বাচ্চাওয়ালী।



www.pathagar.com

صُبَيدَح : সামুদ্রিক মৎস্যবিশেষ, cuttle-fish.

صَتَّ - ُ (صَتٌّ) চিৎকার করা; হটাইয়া দেওয়া।

تَصَاتَّ : ঝগড়া করা, বিবাদ করা।

صَتٌّ : ভিড়।

صِتٌّ : ভিড়; বিরুদ্ধ।

صَتِيت : ভিড়; শোরগোল।

صَحَّ - ِ (صِحَاح، صِحَّة) : সুস্থ হওয়া; আরোগ্য লাভ করা; সঠিক হওয়া; সত্য হওয়া; শুদ্ধ হওয়া; সারিয়া যাওয়া; (সিদ্ধান্ত) সঠিক হওয়া।

صَحَّحَ : (تَصْحِيح) সুস্থ করা; ঠিক করা; শুদ্ধ করা; সংশোধন করা; সত্যতা প্রমাণ করা।

تَصَحَّحَ : সংশোধিত হওয়া।

إِسْتَصَحَّ : (إِسْتِصْحَاح) সুস্থ হওয়া; আরোগ্য লাভ করা।

صَحّ : শুদ্ধ, সঠিক।

صِحَّة : স্বাস্থ্য; সুস্থতা; সঠিকতা; সত্যতা; বাস্তবতা; বৈধতা, কার্যকারিতা।

حِفْظ الصِّحَّة : স্বাস্থ্যরক্ষা।

~ وِزَارَة : স্বাস্থ্যমন্ত্রণালয়।

صِحِّيّ : স্বাস্থ্যগত; স্বাস্থ্য সম্বন্ধীয়; স্বাস্থ্যকর; স্বাস্থ্যসম্মত।

غَيْر صِحِّيّ : অস্বাস্থ্যকর।

~ مَحْجَر : রোগ-সংক্রমণ ভয়ে পৃথকীকরণ, quarantine.

صَحِيح : সুস্থ, স্বাস্থ্যবান; সঠিক; সত্য; শুদ্ধ; সুদৃঢ়; বৈধ; প্রকৃত; পূর্ণাঙ্গ; সম্পূর্ণ; ত্রুটিমুক্ত। ব أَصِحَّاء، أَصِحَّة، صِحَاح

صَحِيح الجِسْمِ : স্বাস্থ্যবান, সবল।

جَمْع صَحِيح : পূর্ণাঙ্গ বহুবচন, যে বহুবচনে একবচনের রূপ অপরিবর্তিত থাকে এবং শেষে "ون" অথবা "ات" যুক্ত হয়। যথা– مُسْلِمُونَ، مُسْلِمَات

~ عَدَد : পূর্ণ সংখ্যা; অখণ্ড সংখ্যা।

أَصْحَاح : গ্রন্থের অধ্যায়।

تَصْحِيح : সংশোধন, শুদ্ধি, যাচাই।

مَصَحَّة، مَصَحّ : স্বাস্থ্যনিবাস।

مصحح : সংশোধনকারী; শুদ্ধকারী।

صَحِبَ - َ (صُحْبَة، صَحَابَة)، صَاحَبَ (مُصَاحَبَة) সাথী হওয়া; বন্ধু হওয়া; সহযোগী হওয়া।

أَصْحَبَ : (إِصْحَاب) সঙ্গে দেওয়া; সাথে পাঠানো।

تَصَحَّبَ : লাগিয়া থাকা।

تَصَاحَبَ : পরস্পর সাথী হওয়া, বন্ধু হওয়া, বন্ধুভাবাপন্ন হওয়া।

إِصْطَحَبَ : (إِصْطِحَاب) সঙ্গী করা, সঙ্গে লওয়া; একত্রে বাস করা।

إِسْتَصْحَبَ : (إِسْتِصْحَاب) বন্ধুরূপে গ্রহণ করা, সঙ্গী মনোনীত করা; সঙ্গে লওয়া।

صُحْبَة : সাহচর্য, সঙ্গ, সম্পর্ক, বন্ধুত্ব, বন্ধু-বান্ধব, সঙ্গী-সাথী; (ফুলের) তোড়া।

صَاحِب : সঙ্গী, সাথী, সহচর, অনুসারী; বন্ধু; মালিক; কর্তা; শাসক। ব صُحْبَان، صَحَابَة، صَحْب، أَصْحَاب

صَاحِبُ الأَمْرِ : কর্মকর্তা।

صَاحِبُ العَظَمَة ~، الجَلَالَة : মহামান্য রাজা, সম্রাট, বাদশাহ, His Majesty.

الحَال ~ : যুল-হাল (ذُوالحَال) (ব্যা), ধ্যানমগ্ন।

الدَّوْلَة ~ : প্রশাসন-প্রধানের সম্বোধন।

صَاحِب المَعَالِي ~، السَّعَادَة মাননীয়, His Excellency.

السَّمَاحَة ~ : ধর্মীয় নেতাদের সম্বোধন, His Eminence.

السُّمُوّ ~ : আমীর-ওমারাদের সম্বোধন, His Highness.

السُّمُوالمَلَكِيّ ~ : রাজপরিবারভুক্ত ব্যক্তিদের সম্বোধন, His Royal Highness.

الفضيلة ~ : ধর্ম বিষয়ে পারদর্শী ব্যক্তিদের সম্বোধন।



www.pathagar.com

~ الدَّيْن : ঋণদাতা, মহাজন।

~ العَمَل : নিয়োগকর্তা, মনিব।

صَاحِبَة : সঙ্গিনী, বান্ধবী; কর্ত্রী; স্ত্রী। ব صَوَاحِب

صَحَابِيّ : রাসূলুল্লাহ (স)-এর সহচর, সাহাবী।

الصَّحَابَة : রাসূলুল্লাহ (স)-এর সহচরবৃন্দ; সাহাবায়ে কেরাম (রা)।

مَصْحُوب، مُصْطَحَب : যাহার সাথে সঙ্গী সহচর থাকে।

مُصَاحِب : সঙ্গী, অন্তরঙ্গ বন্ধু।

مُصَاحَبَة : সঙ্গ, অন্তরঙ্গতা।

صَحَرَ : ـَ (صَحْر) দুধ আউটানো।

~ : (صَحِير، صُحَار) (গাধা) কর্কশ চিৎকার করা।

صَحِرَ : ـَ (صَحَر) পিঙ্গল বর্ণ হওয়া।

أَصْحَرَ : (إِصْحَار) মরুভূমিতে গমন করা; (স্থান) প্রশস্ত হওয়া; ছড়াইয়া দেওয়া; প্রকাশ করা।

صَحَر، صُحْرَة : পিঙ্গল বর্ণ।

صَحْرَةً، صُحْرَةً : প্রকাশ্যে।

صَحَّارَة : বাক্স, সিন্দুক। ব صَحَاحِير

صَحِير، صُحَار : গাধার কর্কশ চিৎকার।

صَحْرَاء : মরুভূমি। ব صَحَارٍ، صَحَارَى، صَحْرَاوَات

الصَّحْرَاء : সাহারা মরুভূমি।

أَصْحَر : পিঙ্গল বর্ণ। স্ত্রী صَحْرَاء ব صُحْر

صَحَّفَ : (تَصْحِيف) ভুলভাবে লেখা বা পড়া, লিখিতে বা পড়িতে ভুল করা; বিকৃত করা; হরফের ছাঁচ হইতে প্রস্তুত ধাতুর পাত দ্বারা মুদ্রিত করা, stereotype.

أَصْحَفَ : (إِصْحَاف) (পুস্তক) বাঁধাই করা।

تَصَحَّفَ : ভুলভাবে লিখিত বা পঠিত হওয়া; বিকৃত হওয়া; ভুলভাবে লেখা বা পড়া।

صَحْفَة : প্রশস্ত অগভীর বড় পাত্র, থালা, বাসন। ব صِحَاف

صِحَافَة : সাংবাদিকতা।

صَحِيفَة : লিখিত কাগজ বা চর্মখণ্ড, (বইয়ের) পৃষ্ঠা, পাতা; পুস্তিকা; সংবাদপত্র, পত্রিকা, সাময়িকী; খাতা; উপরিভাগ, বহির্ভাগ। ব صُحُف، صَحَائِف

صَحِيف : ভূপৃষ্ঠ।

صُحُفِيّ، صَحَافِيّ : সাংবাদিক; পুস্তক পাঠে বিদ্যা অর্জনকারী।

مُؤْتَمَر صُحُفِيّ : সাংবাদিক সম্মেলন।

تَصْحِيف : ভুল পঠন বা লিখন; বিকৃতি।

مُصْحَف، مَصْحَف : গ্রন্থ, বইয়ের কপি। ব مَصَاحِف

المُصْحَف الشَّرِيف : পবিত্র গ্রন্থ আল্-কুরআন।

صَحِلَ : ـَ (صَحَل) (স্বর) কর্কশ হওয়া; কর্কশ স্বরবিশিষ্ট হওয়া।

صَحَل : কর্কশ স্বর।

صَحِل، أَصْحَل : কর্কশ স্বরবিশিষ্ট।

إِصْحَامَّ : হলদে হওয়া; ধূসর বর্ণ হওয়া।

صُحْمَة : (إِصْحِمَام) হলদে রঙ, ধূসর রং।

أَصْحَم : ধূসর বর্ণ, হলদে। স্ত্রী صحماء

صَحْن : বাটি, থালা, খাদ্য রাখিবার পাত্র, থালায় রক্ষিত খাদ্য; (গৃহের) আঙিনা, অভ্যন্তর। ব صُحُون

صَحْنُ السَّجَائِر : ছাইদানি।

صَحْنَاة، صَحْنَاء، صَحْنَى : সামুদ্রিক মৎস্যবিশেষ, sardine.

مَصْحُون : চূর্ণিত।

مِصْحَنَة : জাঁতা-কল, hand-mill.

صَحَا : ـُ (صَحْو)، ـَ صَحِيَ، (صَحًا) পরিষ্কার হওয়া; উজ্জ্বল হওয়া; নির্মল হওয়া; মেঘমুক্ত হওয়া; জাগ্রত হওয়া; চেতনা ফিরিয়া পাওয়া, নেশার ঘোর কাটিয়া যাওয়া।

صَحَّى : (تَصْحِيَة) জাগ্রত করা।

أَصْحَى : (إِصْحَاء) পরিষ্কার হওয়া; উজ্জ্বল হওয়া; নির্মল হওয়া; মেঘমুক্ত হওয়া; জাগ্রত করা।



www.pathagar.com

صَحْو : উজ্জ্বলতা; নির্মলতা; সতর্কতা; চেতনা; উজ্জ্বল; নির্মল; মেঘমুক্ত।

صَحْوَة : সতর্কতা, চৈতন্য, নেশামুক্তি।

صَاحٍ : উজ্জ্বল, নির্মল।

~ : জাগ্রত; সতর্ক; সচেতন, মোহমুক্ত। ব صُحَاة

مِصْحَاة : বাটি, পেয়ালা।

صَخَّ : ـُ (صَخِيخ، صَخّ) উচ্চৈঃস্বরে প্রতিধ্বনিত হওয়া; আঘাত করা; অভিযুক্ত করা।

صَخِيخ، صَخَّة، صَخّ : প্রস্তরাঘাতের শব্দ।

صَاخَّة : বিকট শব্দ; শোরগোল; কিয়ামত; বিষম দুর্দৈব।

صَخِبَ : ـَ (صَخَب)، تَصَاخَبَ، إِصْطَخَبَ، (إِصْطِخَاب) চিৎকার করা, হৈচৈ করা, শোরগোল করা, গর্জন করা।

صَخَب، إِصْطِخَاب : চিৎকার, কোলাহল, শোরগোল, হৈচৈ, গর্জন।

صَخِب، صَاخِب، صَخَّاب، صَخْبَان : চিৎকারকারী; গর্জনকারী; হৈচৈপূর্ণ; শোরগোলকারী।

صَخِدَ : ـَ (صَخَد) (দিন) অত্যন্ত উষ্ণ হওয়া; গলানো।

صَخَدَ : ـَ (صُخُود) ~ إِلَى কান দেওয়া।

أَصْخَدَ : (إِصْخَاد) গ্রীষ্মকালে প্রবেশ করা।

صَاخِدَة، مَصْخَدَة : মধ্যাহ্নের সূর্যতাপ।

صَخْدَان، صَخَدَان، صَيْخُود : অত্যন্ত উষ্ণ (দিন)।

صَخَّرَ : (تَصْخِير) (প্রস্তরের ন্যায়) কঠিন হওয়া।

أَصْخَرَ : (إِصْخَار) (স্থান) প্রস্তরময় হওয়া।

صَخْر، صَخَر : পাথর, কঠিন পাথর। ব صُخُور، صُخُورَة

صَخْرَة : প্রস্তরখণ্ড। ব صَخْر، صُخُور، صَخَرَات

قُبَّةُ الصَّخْرَة : জেরুসালেমে আল মাসজিদুল আকসার নিকটস্থ খলীফা আব্দুল মালেক কর্তৃক নির্মিত মসজিদ, Dome of the Rocks.

صَخِر، صَخْرِيّ، مُصْخِر : প্রস্তরময়।

صَاخِرَة : মাটির তৈরি বাটি।

صَخَفَ : ـَ (صَخْف) কোদাল দ্বারা (মাটি) খনন করা।

مِصْخَفَة : কোদাল। ব مَصَاخِف

صَخَمَ : ـُ (صَخْم) দগ্ধ করা।

صَدَّ : ـُ (صَدّ، صُدُود) ~ عَنْ পরিহার করা, সরিয়া আসা, বিরত থাকা, পশ্চাদপসরণ করা।

~ : ـُ (صَدّ)، صَادَّ، (صِدَاد) বিরত রাখা, ফিরাইয়া আনা, বাধা দেওয়া; প্রতিরোধ করা; হটাইয়া দেওয়া।

~ - : (صَدِيد) উপহাস করা।

صَدَّدَ، أَصَدَّ : (تَصْدِيد، إِصْدَاد) (ক্ষত) পাকিয়া উঠা, পুঁজযুক্ত হওয়া।

تَصَدَّدَ : ~ لِ মুখামুখি হওয়া, সামনাসামনি হওয়া।

إِصْطَدَّ : (إِصْطِدَاد) অবগুণ্ঠিত হওয়া।

صَدّ : বাধা, নিষেধ, প্রতিরোধ, নিবারণ, নিবৃত্তি, বাঁধ।

صُدّ : পর্বত, (উপত্যকার) পার্শ্ব। ব أَصْدَاد، صُدُود

صَدَد : নৈকট্য; সান্নিধ্য; উদ্দেশ্য; লক্ষ্য; বিষয়, ব্যাপার, সম্বন্ধ।

صَدَدَ، بِصَدَد، عَلَى صَدَد : সম্মুখে।

فِي صَدَدَ : বিষয়ে, ব্যাপারে, সম্বন্ধে।

فِي هٰذَا الصَّدَد : এই ব্যাপারে, এই বিষয়ে, এই সম্বন্ধে।

مِنْ صَدَد : নিকট হইতে।

صِدَاد : অবগুণ্ঠন। ব أَصِدَّة

صَدِيد : পুঁজ; হৈচৈ; উপহাস।

صُدَّاد : পানির দিকে যাইবার পথ; গিরগিটি; সাপ। ব صَدَائِد



www.pathagar.com

صَدِئَ : ـَ صَدَأٌ، (صَدَأ) ـُ صَدُؤَ، (صَدَاءَة) মরিচাযুক্ত হওয়া।

صَدَّأَ : (تَصْدِئَة) মরিচাযুক্ত হওয়া; মরিচাযুক্ত করা; মরিচা ছাড়ানো।

صَدَأ : মরিচা।

صَدِئ : (مُصْدَأ) মরিচাযুক্ত বস্তু। স্ত্রী صَدِئَة

صَدَحَ : ـَ (صُدَاح، صَدْح) গাওয়া, বাজানো; উচ্চ শব্দ করা।

صَدَح : পতাকা, প্রতীক, চিহ্ন; পাথরের পাহাড়।

صَدَّاح : গায়ক; চিৎকারকারী।

طَائِر صَدَّاح : গায়ক-পক্ষী।

صَدَرَ : ـُ (صُدُور) বাহির হওয়া, সৃষ্টি হওয়া, সংঘটিত হওয়া, প্রকাশিত হওয়া।

~ إِلَى : গমন করা, অগ্রসর হওয়া।

صَدَرَ : ـُ (صَدْرا) বক্ষে আঘাত করা।

صُدِرَ : বুকে ব্যথা অনুভব করা।

صَدَّرَ : (تَصْدِير) প্রেরণ করা, রপ্তানি করা, (বই) প্রকাশ করা, শুরু করা; ভূমিকা বা শিরোনাম লিখা; নেতা বানানো।

صَادَرَ : (مُصَادَرَة) আটক করা, বাজেয়াপ্ত করা; চাপ দেওয়া।

أَصْدَرَ : (إِصْدَار) প্রেরণ করা, রপ্তানি করা; বাহির করা; প্রকাশ করা, ইস্যু করা; জারি করা; ঘোষণা করা।

تَصَدَّرَ : প্রেরিত হওয়া; নেতৃত্ব দেওয়া; সভাপতি হওয়া, সামনের আসনে বসা, সামনে চলা।

~ لِ : বাধা দেওয়া; প্রতিরোধ করা।

صَدْر : বক্ষ, হৃদয়; অগ্রভাগ; সম্মুখভাগ; অংশ; নেতা; শুরু; প্রারম্ভিক কাল, প্রথম শ্লোকার্ধ। ব صُدُور

الصَّدْرُ الأَعْظَم : (উসমানী সাম্রাজ্যের) প্রধানমন্ত্রী।

بَنَاتُ الصَّدْرِ : দুশ্চিন্তা।

~ بَابٌ : সম্মুখ দরজা।

~ ذَاتُ : গোপন চিন্তা, মনের কথা; বুকের ব্যথা; বুকের অসুখ।

~ رَحِيبُ الصَّدْرِ، رَحْبٌ : উদারমনা।

~ ضَيِّقٌ : সংকীর্ণমনা।

~ مُنْقَبِضٌ : ভগ্নোৎসাহ, নিস্তেজ।

صَدْرِيّ : বক্ষসংক্রান্ত; বক্ষ সম্বন্ধীয়।

صُدْرِيَّة : বক্ষবন্ধনী, বডিস।

صُدْرَة، صِدَار বডিস, ব্লাউজ; হাতা কাটা জামা; ওয়েস্টকোট।

~ : বক্ষ, বক্ষের উপরিভাগ।

صَدَارَة : নেতৃত্ব, সভাপতিত্ব, প্রধানমন্ত্রিত্ব।

صُدُور : প্রকাশ, সংঘটন, নির্গমন।

صَادِر : নির্গত, প্রকাশিত, সংঘটিত, সৃষ্ট, উদ্ভূত; রপ্তানিকৃত।

~ : বহির্দেশে রপ্তানিকৃত মাল। ব صَادِرَات

أَصْدَر : সাহসী।

إِصْدَار : প্রেরণ, রপ্তানিকরণ, প্রকাশনা, ইস্যুকরণ, জারিকরণ, ঘোষণা।

تَصْدِير : রপ্তানিকরণ।

مَصْدَر : সূত্র, উৎস; মূল; ফলাফল; ক্রিয়াবোধক বিশেষ্য, verbal noun. (ব্যা)। ব مَصَادِر

مُصَدِّر : রপ্তানিকারক।

مَصْدُور : বুকে ব্যথার রোগী; ক্ষয়রোগী, consumptive.

صَدَعَ : ـَ (صَدْع) বিদীর্ণ করা, ভাঙ্গিয়া ফেলা; ছড়াইয়া দেওয়া, প্রচার করা; অতিক্রম করা।

~ بِ : ঘোষণা করা; স্বীকার করিয়া লওয়া; কার্যকর করা।

صُدِعَ، صُدِّعَ : মাথাব্যাথায় আক্রান্ত হওয়া।

صَدَّعَ الخَاطِرَ : (تَصْدِيع) বিরক্ত করা, কষ্ট দেওয়া।



www.pathagar.com

اِنْصَدَعَ، تَصَدَّعَ : (اِنْصِدَاع) বিদীর্ণ হওয়া; ফাটিয়া যাওয়া; উদ্ভাসিত হওয়া।

صَدْع : ফাটল, ভাঙন। ব صُدُوع

صِدْع : টুকরা; মানুষের দল।

صَدْعَة : টুকরা, খণ্ড। ব صَدَعَات

صِدْعَة : খণ্ডিত বস্তুর অর্ধাংশ। ব صِدَعٌ

صُدَاع : মাথাব্যথা।

مَصْدَع : পাহাড়ি অঞ্চলের সমতল রাস্তা। ব مَصَادِع

مِصْدَع : বাক্‌পটু, বাগ্মী।

مَصْدُوع : ফাটলযুক্ত, ভগ্ন; মাথাব্যথায় আক্রান্ত।

صَدَغَ - َ : (صَدْغ) কর্ণমূলে আঘাত করা, কর্ণমূল চিহ্নিত করা।

~ إِلَى : অনুরাগী হওয়া।

~ عَنْ : বিরাগী হওয়া, বিরত রাখা।

صَادَغَ : (مُصَادَغَة) পাশাপাশি একত্রে চলা।

صَدُغَ - ُ : (صَدَاغَة) দুর্বল হওয়া।

صُدْغ : চক্ষু ও কর্ণের মধ্যবর্তী স্থান, কর্ণমূলের রগ। ব أَصْدَاغ

~, قُصَّةُ الصُّدْغ : কানের কাছে ঝুলন্ত কেশগুচ্ছ, জুলফি, earlock.

صِدِغ : লঘুচিত্ত, উদ্ধত, ধৃষ্ট।

صُدْغِيّ : রগ সম্বন্ধীয়।

صَدِيغ : দুর্বল; সাত দিন পর্যন্ত বয়সের শিশু।

مِصْدَغَة : বালিশ, গদি।

مَصْدُوغ، مُصَدَّغ : দাগযুক্ত অক্ষিকোণ।

صَدَفَ - ِ : (صَدْف) হঠাৎ সংঘটিত হওয়া, আকস্মিকভাবে ঘটা, মুখ ফিরাইয়া নেওয়া।

~ - ُ : (صُدُوف، صَدْف) ~ عَنْ ফিরিয়া আসা, বিরত হওয়া, পরিহার করা, ফিরাইয়া রাখা, বিরত রাখা, নিরুৎসাহিত করা।

صَادَفَ : (مُصَادَفَة) আকস্মিকভাবে ঘটা; হঠাৎ সম্মুখীন হওয়া; আসিয়া পড়া।

تَصَدَّفَ : সংঘটিত হওয়া।

~ عَنْ : ফিরিয়া আসা, বিরত হওয়া, পরিহার করা।

تَصَادَفَ : সাক্ষাৎ করা; হঠাৎ সংঘটিত হওয়া।

صَدَف : (صَدَفَة) ঝিনুক, শামুক, শক্ত খোলস। ব أَصْدَاف

صَدَفَةُ الأُذُن : কর্ণের বহির্ভাগ, বহিঃকর্ণ।

صُدْفَة : আকস্মিকতা,অলৌকিকতা, দৈব; আকস্মিক মিলন। ব صُدَف

بِالصُّدْفَة، صُدْفَةً : হঠাৎ করে, আকস্মিকভাবে, অপ্রত্যাশিতভাবে; বিরলভাবে।

مُصَادَفَة : সাক্ষাৎ, আকস্মিকতা, আকস্মিক মিলন।

صَدَقَ - ُ : (صِدْق) সত্য হওয়া, খাঁটি হওয়া; সঠিক হওয়া; সত্য বলা; সত্যবাদী হওয়া; সত্য প্রমাণিত হওয়া; সত্যে পরিণত হওয়া।

صَدَقَ فِي وَعْدِهِ : ওয়াদা রক্ষা করা, প্রতিজ্ঞা পালন করা।

صَدَقَةُ الحُبِّ : আন্তরিকভাবে ভালোবাসা।

~ النُّصْحَ : অকপটভাবে উপদেশ দেওয়া।

صَدَّقَ : (تَصْدِيق) সত্য বলিয়া গ্রহণ করা, সত্য মনে করা, বিশ্বাস করা, বিশ্বাসযোগ্য মনে করা, সত্যবাদী বলা।

~ عَلَى : সম্মতি দেওয়া; অনুমোদন করা, সমর্থন করা, সত্যায়িত করা।

يُصَدَّق : বিশ্বাসযোগ্য।

لَا يُصَدَّق : অবিশ্বাসযোগ্য।

صَادَقَ : (مُصَادَقَة) বন্ধুত্ব করা, বন্ধুরূপে গ্রহণ করা, বন্ধুসুলভ আচরণ করা; বন্ধুত্ব বজায় রাখা; বন্ধু হওয়া।

~ عَلَى : অনুমোদন করা; সমর্থন করা, প্রত্যয়ন করা; স্বাক্ষর প্রদান করা।

أَصْدَقَ : (إِصْدَاق) মোহরানা ধার্য করা।

تَصَدَّقَ : সদকা দেওয়া, ভিক্ষা দেওয়া, দান করা।



www.pathagar.com

تَصَادَقَ : পরস্পর নির্ভরশীল হওয়া; বন্ধুরূপে বসবাস করা।

صِدْق : সত্য, সত্যতা; সত্যবাদিতা; আন্তরিকতা; অকপটতা; সততা; বিশ্বস্ততা।

صِدْقًا : প্রকৃতপক্ষে, সত্যই; নিশ্চয়ই।

صَدَقَة : সওয়াবের উদ্দেশ্যে দান, সদকা, ভিক্ষা। ব صَدَقَات

صَدَقَةُ الفِطْر : রমযানের রোযাশেষে প্রদত্ত দান, ফিত্‌রা।

صَدَاق : صَدُقَة মোহরানা। ব أَصْدِقَة، صُدُق، صَدُقَات

صَدَاقَة : বন্ধুত্ব; আন্তরিকতা।

صَادِق : সত্য; প্রকৃত; খাঁটি।

صَدُوق : সত্যবাদী, সৎ, সরল। ব صُدُق، صُدْق

صَدِيق : বন্ধু, খাঁটি বন্ধু। ব صُدْقَان، صُدَقَاء، أَصْدِقَاء

صِدِّيق : অত্যন্ত সৎ, ন্যায়পরায়ণ, সত্যবাদী; খাঁটি বন্ধু।

الصِّدِّيق : প্রথম খলীফা হযরত আবু বকর (রা)-এর উপাধি।

تَصْدِيق : বিশ্বাস, সম্মতি, অনুমোদন, সমর্থন; প্রত্যয়ন; সত্যায়ন; সত্যতা প্রমাণ।

سُرْعَةُ التَّصْدِيق : বিশ্বাসপ্রবণতা।

~ سَرِيعُ : বিশ্বাসপ্রবণ।

تَصَادُق : বন্ধুত্ব, সুসম্পর্ক; সত্যতা প্রমাণ।

مُصَدِّق : সত্যায়নকারী; সত্য বলিয়া স্বীকারকারী; যাকাত আদায়কারী।

مُصَدَّق : বিশ্বাসযোগ্য।

غَيْر مُصَدَّق : অবিশ্বাসযোগ্য।

مُصَدَّقَة : সার্টিফিকেট, প্রত্যয়নপত্র।

مِصْدَاق : সমর্থন; পরখ; মানদণ্ড; কষ্টিপাথর।

مُصَادَقَة : সমর্থন, অনুমোদন, সত্যায়ন; সম্মতি।

مُتَصَدِّق : সদকা দানকারী; যাকাত দানকারী।

صَدَمَ : ـِ (صَدْم) আঘাত করা, ধাক্কা দেওয়া।

~ بِ : ধাক্কা লাগা; ধাক্কা খাওয়া।

صَادَمَ : (مُصَادَمَة) আঘাত করা, ধাক্কা দেওয়া; বাধা দেওয়া; প্রতিরোধ করা; যুদ্ধ করা।

تَصَادَمَ، إِصْطَدَمَ : (إِصْطِدَام) ধাক্কা লাগা, সংঘর্ষ বাধা, পরস্পরবিরোধী হওয়া।

صَدْمَة : আঘাত; ধাক্কা; বাধা; কষ্ট।

صَدْمَة عَصَبِيَّة : স্নায়বিক আঘাত।

صِدَام : সংঘর্ষ, সংঘাত; ধ্বংস, পতন।

أَصْدَم : টাকযুক্ত। স্ত্রী صَدْمَاء

تَصَادُم، إِصْطِدَام : সংঘাত, সংঘর্ষ, বিবাদ, পরস্পরবিরোধিতা; ধাক্কার জোর কমাইবার যন্ত্র; buffer, bumper, fender.

مُصَدَّم : অভিজ্ঞ, পরীক্ষিত।

مُصَادَمَة : সংঘর্ষ, সংঘাত।

صَدَا : ـُ (صَدْو)، صَدَّى (تَصْدِيَة) হাততালি দেওয়া।

صَدِيَ : ـَ (صَدًى) পিপাসার্ত হওয়া, তৃষ্ণাকাতর হওয়া।

صَادَى : (مُصَادَيَة) প্রতারণা করা, কপটতা করা।

أَصْدَى : (إِصْدَاء) প্রতিধ্বনি করা; মরিয়া যাওয়া।

تَصَدَّى : ~ لِ বাধা দেওয়া, প্রতিরোধ করা, প্রতিবন্ধক হওয়া।

~ إِلَى : আত্মনিয়োগ করা, গ্রহণ করা; চাওয়া।

صَدًى : প্রতিধ্বনি; স্বর; পিপাসা। ব أَصْدَاء

تَصْدِيَة : হাততালি।

صَرَّ : ـُ (صَرّ) থলি বাঁধা; থলিতে (টাকা) রাখা; (উষ্ট্রীর) স্তনের বোঁটা বাঁধিয়া রাখা।

~ ـِ : (صَرِير، صَرّ) ক্যাঁচ ক্যাঁচ শব্দ করা; কর্কশ শব্দ করা; চিৎকার করা; (দাঁত) কড়মড় করা।

صَرَّرَ، أَصَرَّ : (إِصْرَار، تَصْرِير) (কান) খাড়া করা।



www.pathagar.com

عَلَى ~ : أَصَرَّ عَلَى জিদ ধরা, পীড়াপীড়ি করা; অবিরত লাগিয়া থাকা; স্থিরসংকল্প হওয়া।

صَرِير، صَرّ : ক্যাঁচ ক্যাঁচ শব্দ, কর্কশ শব্দ; চিৎকার; (দাঁতের) কড়মড়ানি।

صِرّ : তীব্র ঠাণ্ডা; ক্যানেরি পাখি।

صَرَّة : তীব্রতা; গণ্ডগোল; দল।

صُرَّة : বান্ডিল, পার্সেল, প্যাকেট; (টাকার) থলি। ব صُرَر

صَارّ : ঘন ডালপালাবিশিষ্ট গাছ।

صَارَّة : পিপাসা, চাহিদা। ব صَرَائِر، صَوَارّ

صِرَار : উষ্ট্রীর স্তনের বোঁটা বাঁধিয়া রাখিবার নেকড়া। ব أَصِرَّة

صَرَّار : হৈচৈকারী, চিৎকারকারী।

صَرَّارُ اللَّيْلِ : ঝিঁঝিঁ পোকা।

صَرُورِيّ، صَارُور، صَرُور : অবিবাহিত ব্যক্তি।

صَرِيرَة : রৌপ্যমুদ্রা; থলিবদ্ধ মুদ্রা।

إِصْرَار : জিদ, পীড়াপীড়ি; অধ্যবসায়; সংকল্প।

سَبْقُ الإِصْرَار : পূর্ব পরিকল্পনা।

مُصِرّ : জিদকারী, পীড়াপীড়িকারী, অধ্যবসায়ী, স্থিরসংকল্প।

مَصَارّ : নাড়িভুঁড়ি, অন্ত্র।

صَرَبَ - : (صَرْب) কর্তন করা, উপার্জন করা।

صَرِبَ - : (صَرَب) (দুধ) বাঁটে জমা হওয়া।

صَرَّبَ (تَصْرِيب) : টক দুধ পান করা।

إِصْرَأَبَّ : মসৃণ করা।

صَرِيب، صَرَب، صَرْب : টক দুধ।

صِرْب : ক্ষুদ্র তাঁবু।

صِرَاب : বীজ।

صَرَحَ - : (صَرْح)، أَصْرَحَ : (إِصْرَاح) স্পষ্ট করিয়া বলা, ব্যাখ্যা করা।

صَرُحَ - : (صَرُوحَة، صَرَاحَة) খাঁটি হওয়া; পরিষ্কার হওয়া।

صَرَّحَ : (تَصْرِيح) স্পষ্ট করিয়া বলা, ব্যাখ্যা করা, জ্ঞাত করা, ঘোষণা করা, অনুমতি দেওয়া, সুযোগ দেওয়া; সুস্পষ্ট হওয়া; পরিষ্কার হওয়া।

~ بِ : ঘোষণা করা, প্রকাশ করা, ব্যক্ত করা, বিবৃত করা।

صَارَحَ (مُصَارَحَة) : খোলাখুলিভাবে বলা; জ্ঞাত হওয়া।

~ بِ : ব্যক্ত করা, প্রকাশ করা।

اِنْصَرَحَ، تَصَارَحَ (اِنْصِرَاح) : পরিষ্কার হওয়া; স্পষ্ট হওয়া।

صَرْح : প্রাসাদ, দুর্গ, উচ্চ ভবন। ব صُرُوح

صَرْحٌ مُمَرَّد : আকাশচুম্বী সুরম্য অট্টালিকা।

صَرْحَة : কঠিন ভূমি; হলঘর।

صُرَاح، صَرَاح، صَرَح : খাঁটি; সরল; সুস্পষ্ট।

صَرَاحَة : স্পষ্টতা, স্বচ্ছতা, খাঁটিত্ব; উদারতা, আন্তরিকতা।

صَرِيحًا، بِصَرَاحَة، صَرْحَةً، صَرَاحَةً : সুস্পষ্টভাবে, পরিষ্কারভাবে, খোলাখুলিভাবে, সোজাসুজিভাবে।

صُرَاحِيَة : খাঁটি মদ।

صُرَاحِيَّة : মদের বড় পাত্র।

صَرِيح : সুস্পষ্ট, প্রকাশ্য; খাঁটি; আন্তরিক; সরল। ব صُرَحَاءُ

جَوَاب صَرِيح : সুস্পষ্ট জবাব।

رَأْي ~ : সুস্পষ্ট মত, সরল মত।

صَرِيحٌ بِذَاتِهِ : স্বতঃপ্রমাণিত, স্বয়ংসিদ্ধ।

تَصْرِيح : স্বীকৃতি; অনুমতি, অনুমোদন।

~ : ঘোষণা, বিবৃতি। ব تَصَارِيح

مُصَرَّح : সুস্পষ্ট; পরিষ্কার, অনুমোদিত।

صَرَخَ - : (صَرِيخ، صُرَاخ) চিৎকার করা।

اِسْتَصْرَخَ : (اِسْتِصْرَاخ) সাহায্যের জন্য ডাকা, চিৎকার করিয়া ডাকা।

أَصْرَخَ : (إِصْرَاخ) সাহায্য করা।



www.pathagar.com

تَصَرَّخَ : বার বার চিৎকার করা, চিৎকার করিতে থাকা।

إِصْطَرَخَ، تَصَارَخَ : (إِصْطِرَاخ) চিৎকার করিয়া ডাকাডাকি করা।

صَرْخَة، صَرِيخ، صُرَاخ : চিৎকার।

صَارِخ : চিৎকারকারী; মোরগ; জাঁকাল, চোখ ঝলসানো (রঙ)।

صَارِخَة : তীক্ষ্ণ চিৎকার; বিপদসূচক সংকেত ধ্বনি।

مُصْرِخ، صَرِيخ : সাহায্যকারী।

صَرَّاخ : চিৎকারকারী; ময়ূর।

صَارُوخ : রকেট, ক্ষেপণাস্ত্র। ব صَوَارِيخ

صَارُوخَة : টর্পেডো, torpedo.

بُنْدُقِيَّة صَارُوخِيَّة : রকেটগান, rocket-gun.

~ قُنْبُلَة : রকেট-বোমা, rocket-bomb.

صَرَدَ : ـُ (صَرْد)، أَصْرَدَ، (إِصْرَاد) লক্ষ্যে আঘাত হানা।

صَرِدَ : ـَ (صَرَد) তীব্র ঠাণ্ডা অনুভব করা।

صَرَّدَ : (تَصْرِيد) সামান্য পরিমাণ দেওয়া।

صَرْد، صَرَد : খাঁটি; তীব্র ঠাণ্ডা।

صَرَد : ধীরে অগ্রসরমান বিশাল বাহিনী।

صُرَد : বাজপাখি, সবুজ কাঠ-ঠোকরা। ব صِرْدَان

صُرَّاد، صُرَّيْد : বৃষ্টিবিহীন হালকা মেঘ।

مُصَرَّد : সামান্য পানি আছে এমন নদী বা পাত্র।

مِصْرَاد : শীতল, শীতে কম্পমান।

صَرْصَرَ : (صَرْصَرَة) চিঁচিঁ শব্দ করা; তীক্ষ্ণ চিৎকার করা।

صَرْصَر : প্রচণ্ড, শীতল (বায়ু)।

صُرْصُر : صِرْصَار، صُرْصُور ঝিঁঝিঁ পোকা; তেলা পোকা। ব صَرَاصِر، صَرَاصِير

صَرْصَرِيّ، مُصَرْصَر : তীক্ষ্ণ, কর্কশ (স্বর)।

صِرَاط : পথ, রাস্তা। ব صُرُط

الصِّرَاطُ الْمُسْتَقِيم : সরল সঠিক পথ, দীন ইসলাম।

صَرَعَ : ـَ (مَصْرَع، صَرْع) ধরাশায়ী করা, ভূপাতিত করা; আতঙ্কগ্রস্ত করা।

صُرِعَ : (صَرَع) মৃগীরোগে আক্রান্ত হওয়া; পাগল হইয়া যাওয়া; ভূপাতিত হওয়া।

صَرَّعَ : (تَصْرِيع) নিক্ষেপ করা, ফেলিয়া দেওয়া।

صُرِّعَ : কর্তিত হওয়া।

صَارَعَ (مُصَارَعَة) تَصَارَعَ، إِصْطَرَعَ (إِصْطِرَاع) : কুস্তি লড়া, লড়াই করা, পরস্পর দ্বন্দ্বযুদ্ধে লিপ্ত হওয়া।

تَصَرَّعَ : ~ لِ বিনীত হওয়া।

إِنْصَرَعَ : (إِنْصِرَاع) ভূপাতিত হওয়া; পাগল হইয়া যাওয়া; জলাতঙ্কগ্রস্ত হওয়া।

صَرْع : মৃগীরোগ, পতন, ধ্বংস।

ذُو صَرْعَيْن : বহুরূপী।

صَرْعَا النَّهَار : দিবসের প্রান্তদ্বয়।

صِرْع : রীতি; সদৃশ; রজ্জুর গুণ; কুস্তিগির। ব صُرُوع

صُرْع : লাগাম, রাশ।

صَرَع : জলাতঙ্ক, উন্মত্ততা।

صَرْعَة : অবস্থা, পরিস্থিতি।

صِرْعَة : ধরাশায়ী করিবার পদ্ধতি।

صُرْعَة : কুস্তিতে বার বার ধরাশায়ী।

مُصَارَعَة، صِرَاعَة، صِرَاع : কুস্তি; লড়াই; দ্বন্দ্বযুদ্ধ; সংগ্রাম।

صُرَعَة، صِرِّيع، صَرُوع، صَرَّاع : ধরাশায়ীকারী।

صَرِيع : কুস্তিতে ধরাশায়ী, ভূমিতে নুইয়া পড়া (বৃক্ষ শাখা); ভূপাতিত, পরাভূত; নিহত; মৃগীরোগে আক্রান্ত, উন্মাদ। ব صَرْعَى

مَصْرَع : পতন, ধ্বংস।

~ : পতনস্থল; মল্লভূমি; যুদ্ধক্ষেত্র; মৃত্যু। ব مَصَارِع



www.pathagar.com

مِصْرَاع : দরজার পাল্লা; (কবিতার) এক চরণ। ব مَصَارِيع

مَصْرُوع : ভূপাতিত; মৃগীরোগগ্রস্ত, উন্মত্ত; আতঙ্কগ্রস্ত।

مُصَارِع : কুস্তিগির, মল্লযোদ্ধা, gladiator প্রাচীন রোমের পেশাদার মল্লযোদ্ধা, যে মানুষ বা জন্তুর সঙ্গে যুদ্ধ করিত।

صَرَفَ - : (صَرْف) দূরীভূত করা, বরখাস্ত করা; ব্যয় করা; পরিশোধ করা; (সময়) অতিবাহিত করা; নিঃশেষ করা; ইস্যু করা, বাহির করা; হুন্ডি করা; বিনিময় করা; অলঙ্কৃত করা; (ক্রিয়া) রূপান্তরিত করা।

~ عَنْ : বিরত করা, ফিরানো।

صَرَفَ النَّظَرَ عَنْ ~ : عَنْ দৃষ্টি ফিরানো, অমনোযোগী হওয়া।

صَرَفَ الْبَابُ : দরজা ক্যাঁচক্যাঁচ শব্দ করা।

صَرَفَتْ الأَسْنَانُ : দাঁত কড়মড় করা।

صَرَّفَ : (تَصْرِيف) (ক্রিয়া) রূপান্তরিত করা; হুন্ডি করা; বিনিময় করা; বিক্রয় করা; প্রবাহিত করা; (মুদ্রা) চালু করা; গলাইয়া দেওয়া; নিষ্কাশিত করা।

~ فِي : স্বাধীনতা দেওয়া; ক্ষমতা প্রদান করা।

تَصَرَّفَ : আচরণ করা, কাজ করা; ক্ষমতা প্রয়োগ করা; (শব্দ বা ক্রিয়া) রূপান্তরিত হওয়া।

~ فِي : স্বাধীনভাবে কাজ করা, ক্ষমতা লাভ করা।

اِصْطَرَفَ : (اِصْطِرَاف) উপার্জন করা।

اِنْصَرَفَ : (اِنْصِرَاف) চলিয়া যাওয়া, প্রস্থান করা; (শব্দ) مُنْصَرِف রূপে ব্যবহৃত হওয়া (ব্যা); (ক্রিয়া) রূপান্তরিত হওয়া।

~ عَنْ : বিরত হওয়া; পরিত্যাগ করা।

صَرْف : হুন্ডি; বিনিময়; বিদূরণ; বরখাস্তকরণ; ব্যয়; রূপান্তর; ইস্যু।

~ : দুর্বিপাক। ব صُرُوف

صُرُوف الدَّهْرِ، صَرْفُ الدَّهْرِ : কালচক্র; আকস্মিক বিপদ।

عِلْمُ الصَّرْف : শব্দতত্ত্ব, শব্দ ও ধাতুরূপ প্রকরণ শাস্ত্র।

~ مَمْنُوع : অরূপান্তরযোগ্য, গায়ের মুনসারিফ, غير منصرف

بِصَرْفِ النَّظَر عَنْ ~ : নির্বিচারে; নির্বিশেষে।

صَرْفِي : শব্দতত্ত্ববিশারদ (ব্যা)।

صِرْف : খাঁটি; অবিমিশ্র, নির্ভেজাল মদ্য; একমাত্র; চর্ম রঞ্জিত করিবার রঙবিশেষ।

صِرْفًا : হুবহু।

صَيْرَفِيّ : صَيْرَف، صَرَّاف মুদ্রা বিনিময়কারী; হুন্ডিকারী; পোদ্দার, খাজাঞ্চি। ব صَيَارِف، صَيَارِفَة

صَرَّافَة : বাক্স, সিন্দুক।

صَرَفَان : মৃত্যু; তাম্র; সীসক।

صَرِيف : ক্যাঁচ ক্যাঁচ শব্দ, (দাঁত) কড়মড়ানি; খাঁটি রৌপ্য; সদ্য দোহনকৃত দুগ্ধ।

اِنْصِرَاف : প্রস্থান।

تَصَرُّف : আচরণ, কাজ, বিন্যাস, ব্যবস্থাপনা, স্বাধীন ইচ্ছা; অধিকার, ক্ষমতা।

مُطْلَقُ التَّصَرُّف : অবাধ অধিকারসম্পন্ন; পূর্ণ ক্ষমতার অধিকারী।

بِتَصَرُّف : স্বাধীনভাবে।

تَحْتَ تَصَرُّفِه : তাহার অধিকারে।

تَصْرِيف : (পণ্য) বিনিময়, হস্তান্তর; বদলি; রূপান্তরণ।

تَصْرِيف الْبَضَائِع : পণ্য বিনিময়।

~ الجُرُوح : ক্ষত নিঃসারণ।

~ الوَرَم : ফোড়া গালিয়া দেওয়া।

تَصَارِيفُ الدَّهْر : কালের বিবর্তন, উত্থান-পতন।

تَحْتَ التَّصْرِيف : চালানভুক্ত, on consignment.

مَصْرِف : পয়ঃনালী; ড্রেন; ব্যয়ের খাত; ব্যাংক। ব مَصَارِف



www.pathagar.com

مَصَارِفُ الزَّكٰوة : যাকাত প্রদানের খাতসমূহ।

مَصْرُوف : নিবেদিত; ব্যয়িত।

~ : ব্যয়, খরচ। ব مَصَارِيف

مَصْرُوف الجَيْب : পকেট-খরচ।

مَصَارِيف الدَّعْوَى : মামলার খরচ।

وَفَى المَصَارِيفَ : ব্যয়ভার বহন করা।

مُتَصَرِّف : শাসক, গভর্নর।

مُنْصَرِف : (ব্যাকরণে) রূপান্তরযোগ্য (শব্দ)।

مُنْصَرَف : প্রস্থান; আরম্ভস্থল।

مُصَارَفَة : মুদ্রার বিনিময় হার।

صَرَمَ ـِ : (صُرْم، صَرْم)، صَرَّمَ (تَصْرِيم) কাটিয়া ফেলা, বিচ্ছিন্ন করা; (ফল) সংগ্রহ করা, পরিত্যাগ করা; বাধা দেওয়া।

صَرُمَ ـُ : (صَرَامَة) ধারালো হওয়া; কঠোর হওয়া; কঠিন হওয়া; দৃঢ় হওয়া।

صَارَمَ : (صِرَام) বিচ্ছিন্ন হওয়া; পৃথক হওয়া।

أصْرَمَ : (إِصْرَام) দরিদ্র হওয়া।

تَصَرم : হ্রাস পাওয়া; ক্ষান্ত হওয়া; সমাপ্ত হওয়া; উদ্যমী হওয়া।

إنْصَرَمَ : (إِنْصِرَام) কর্তিত হওয়া; চলিয়া যাওয়া; অতিক্রান্ত হওয়া; শেষ হওয়া।

تَصَارَمَ : পরস্পর বিচ্ছিন্ন হওয়া।

صَرْم : কর্তন, পৃথকীকরণ। ব صَرْمَانُ، اَصْرَامُ

صِرْم، صَرْمَة : (صُرْمَايَة) জুতা, পুরাতন জুতা। ব صَرَامِي ,صُرُوم

~ : উষ্ট্রসহ পানির ঘাটে আগত মানুষের দল। ব صُرْمَان، أصارِيم، أصَارِم، أصْرَام

صُرْم، صُرْم : মেরুদণ্ডের নিম্নপ্রান্ত; মলদ্বার।

صِرْمَة : উষ্ট্রপাল; মেঘখণ্ড। ব صِرَم

صُرَام، صَرَام : যুদ্ধ।

صَرَامَة : তীক্ষ্ণতা; একাগ্রতা, তীব্রতা; কঠোরতা; সাহসিকতা।

صَارِم : ধারালো (তরবারি); নিষ্ঠুর; কঠোর; কঠিন; একাগ্র; তীব্র; প্রচণ্ড; দৃঢ়।

صَرِيم : উষা; রাত্রি।

صَرِيمَة : উদ্যম; দৃঢ়তা।

~ : বালির ঢিবি; অশ্বের লাগাম। ব صَرَائِم

صَرْمَاء : পানিবিহীন মরুভূমি।

مِصْرَم : বাঁকা ছুরি।

مُصْرِم : দরিদ্র।

مُنْصَرِم : বিগত।

مُصَارَمَة : বিরোধিতা, শত্রুতা।

صَرَى ـِ : (صَرْى) (পানি) জমা করা, অগ্রবর্তী হওয়া, পূর্ববর্তী হওয়া; রক্ষা করা।

~ عَنْ : পশ্চাতে পড়া; পশ্চাদ্বর্তী হওয়া।

~ بَيْنَ : পার্থক্য দূর করা, বিরোধ মীমাংসা করা।

صَرِيَ ـَ : (صَرًى)(পানির) প্রবাহ বন্ধ হওয়া; (দুধ) স্তনে জমা করিয়া রাখা।

صَرَّى (تَصْرِيَة) : দুধ দোহন না করিয়া জমা রাখা।

صَرًى : বদ্ধ পানি; বাসী দুধ।

صَارٍ، صَارِيَة : (জাহাজের) মাস্তুল; খুঁটি; লাঠি; দণ্ড। ব صَوَارٍ

صَارِي العَلَم : পতাকা-দণ্ড।

اَلصَّارِيْ : নাবিক। ব صُرَّاء

صَارِيَة : দূষিত পানিবিশিষ্ট পুরাতন কূপ।

صَرَاة، صُرَّى، مُصَرَّاة : অনেক দিন দোহন করা হয় নাই এমন (বকরি, ভেড়ী ইত্যাদি)।

مَصْطَبَة : অনড় আসন, দেওয়াল বা মেঝেতে স্থিরীকৃত বসিবার আসন, fixed seat. ব مَصَاطِب

صَعُبَ ـُ : (صُعُوبَة) ~ عَلَى কঠিন হওয়া, কষ্টকর হওয়া; ব্যথিত হওয়া।

صَعَّبَ : (تَصْعِيب) কঠিন করা।



www.pathagar.com

: (اِسْتَصْعَاب) اِسْتَصْعَبَ، (اِصْعَاب) أَصْعَبَ কঠিন হওয়া; কঠিন পাওয়া, কঠিন মনে করা।

تَصَعَّبَ : কঠিন হওয়া, কঠিন করা।

تَصَاعَبَ : কঠিন হওয়া।

صَعَاب، صَعْب : কঠিন, কষ্টকর।

صَعْبُ الإِحْتِمَال : দুর্বহ।

~ الإِرْضَاء : খুঁতখুঁতে।

~ الرَّاس : দুর্দম্য, অনমনীয়।

صُعُوبَة : কাঠিন্য, জটিলতা, অসুবিধা।

مُصْعَب : আরোহণ করা হয় নাই এমন অশ্ব; নেতা। ব مَصَاعِب

مَصَاعِب : কঠিন বস্তুসমূহ, অসুবিধাসমূহ।

صَعْتَر : সুগন্ধি লতাবিশেষ, thyme.

صَعِدَ : ـَ (صُعُود) আরোহণ করা, উপরে উঠা, বৃদ্ধি পাওয়া।

~ بِ : উপরে উঠানো, উত্তোলন করা।

صَعَّدَ : (تَصْعِيد) আরোহণ করা; (চর্বি) গলানো; উত্তোলন করা; আরোহণ করানো; উপরে প্রেরণ; উৎক্ষিপ্ত করা, (নদীর) উজানে যাওয়া; বাষ্পে পরিণত করা।

صَعَّدَ الزَّفَرَات : দীর্ঘশ্বাস ফেলা।

أَصْعَدَ : (اِصْعَاد) আরোহণ করানো, উপরে উঠানো, অগ্রসর করা; (নদীর উজানে যাওয়া।

تَصَعَّدَ : আরোহণ করা, উপরে উঠা; উৎক্ষিপ্ত হওয়া; বাষ্পে পরিণত হওয়া; কঠিন হওয়া।

تَصَاعَدَ : উপরে উঠা, আরোহণ করা; কঠিন হওয়া।

صُعْد : উচ্চতা, উন্নতি, উচ্চস্থান, উর্ধ্বাংশ।

صَعْدَة : ঢালু স্থান।

صُعُود : আরোহণ, উন্নতি, অগ্রগতি; উড্ডয়ন।

صَعُود : উচ্চ খাড়া পর্বত।

صَعِيد : মাটি, ভূমি; উচ্চভূমি; ভূপৃষ্ঠ। ব صُعُد

الصَّعِيد، صَعِيد مِصْر : দক্ষিণ মিসর, Upper Egypt.

مُتَصَاعِد، صَاعِد : উর্ধ্বগামী, আরোহণরত। ব صَوَاعِد

فَصَاعِدًا : আরও অধিক।

مِنَ الان فَصَاعِدًا : এখন হইতে অনবরত।

صُعَدَاء : দীর্ঘশ্বাস।

تَنَفَّس الصُّعَدَاء : দীর্ঘশ্বাস ছাড়া।

مَصْعَد : আরোহণস্থল; হাঁ-ধর্মী বিদ্যুৎবাহী তার বা দণ্ড, anode. ব مَصَاعِد

مِصْعَدَة، مِصْعَد : উত্তোলন-যন্ত্র, লিফট। ব مَصَاعِد

صَعِرَ : ـَ (صَعَر) (চেহারা, মুখ) বক্র হওয়া, বিকৃত হওয়া।

صَعَّرَ (تَصْعِير) صَاعَرَ (مُصَاعَرَة) أَصْعَرَ، (خَدَّه) إِصْعَار ঘৃণায় মুখ ভ্যাংচানো, অহঙ্কার করিয়া মুখ ফিরাইয়া নেওয়া।

تَصَعَّرَ : বিকৃতমুখ হওয়া।

اِنْصَعَرَ : (اِنْصِعَار) উন্মাদ হওয়া; জলাতঙ্কগ্রস্ত হওয়া।

صَعَر : (মুখের, চেহারার) বিকৃতি, বক্রতা; (অহংকারজনিত) গোঁড়ামি।

صَعْرَان : উন্মাদ, জলাতঙ্কগ্রস্ত।

أَصْعَر : বিকৃত মুখ। স্ত্রী صَعْرَاء ব صُعْر

صُعْرُور : গাছের জমাট রস; অশোধিত রাবার। ব صَعَارِير

صَعْفَق، صُعْفُوق، صَعْفَقِي : যে ব্যক্তি বিনা পুঁজিতে বাজারে আসিয়া অন্য ক্রেতার সাথে ভাগ বসায়; নিরস্ত্র ও ভীরু দুর্বল ব্যক্তি; ইতর। ব صَعَافِقَة، صَعَافِيق

صَعَقَ : ـَ (صَاعِقَة)، أَصْعَقَ (اِصْعَاق) বজ্রাঘাত করা, ধ্বংস করা; মূর্ছিত করা, সংজ্ঞাহীন করা।

~ : (صَعَق) (বজ্র) উচ্চৈঃস্বরে গর্জন করা।

صَعِقَ : ـَ (صَعَق) মরিয়া যাওয়া; (বজ্রধ্বনি শ্রবণে) মূর্ছিত হওয়া।

صَعَق : বজ্র; মৃত্যু।



www.pathagar.com

مَصْعُوق، صَعِق : বজ্রাহত; মূর্ছিত; সংজ্ঞাহীন; বিস্ময়াভিভূত।

صَاعِقَة : বজ্র, বিদ্যুৎ; মারাত্মক শাস্তি। ব صَوَاعِق

مَانِعَة الصَّوَاعِق : বজ্রনিরোধক তড়িৎপরিবাহী দণ্ড।

صَعْلَكَ : নিঃস্ব করা।

تَصَعْلَكَ : নিঃস্ব হওয়া।

تَصَعْلُك، صَعْلَكَة : নিঃস্বতা, দারিদ্র্য।

صُعْلُوك : নিঃস্ব, রিক্তহস্ত, সর্বহারা, কপর্দকহীন; ভিক্ষুক; দরিদ্র। ব صَعَالِيك

صَعَا - ُ : (صَعْو) অকিঞ্চিৎকর হওয়া।

صَعْو : ক্ষুদ্র পক্ষীবিশেষ, পালকযুক্ত পতঙ্গবিশেষ। ব صِعَاء، صَعَوَات

صَغَرَ - َ : (صَغَر)، صَغُرَ - ُ (صَغَارَة)ছোট হওয়া, ক্ষুদ্র হওয়া; কমিয়া যাওয়া।

كَانَ أَصْغَرَ مِنْهُ، صَغَرَ فُلاَنًا : সে তাহার চেয়ে ছোট।

صَغَّرَ، أَصْغَرَ : (إِصْغَار، تَصْغِير) ছোট করা, হেয় করা, অবজ্ঞা করা; কমানো।

تَصَاغَرَ : নিজেকে ছোট করা, হেয় প্রতিপন্ন হওয়া; হীন কাজ করা।

إِسْتَصْغَرَ : (إِسْتِصْغَار) ছোট মনে করা, হেয় জ্ঞান করা, তুচ্ছ গণ্য করা।

صَغَارَة، صَغَار، صُغْر، صِغَر : ক্ষুদ্রত্ব, নীচতা, গুরুত্বহীনতা।

~, صِغَرُ السِّنِّ : শৈশব, তারুণ্য।

صِغْرَة : কনিষ্ঠতম, ক্ষুদ্রতম।

صُغْرَان، صُغَار : ক্ষুদ্র ; ছোট; গুরুত্বহীন।

صَغِير : ক্ষুদ্র, ছোট, নীচ, সামান্য, অকিঞ্চিৎকর; গুরুত্বহীন। ব صُغَرَاء، صِغَار

صَغِير السِّنِّ : অল্পবয়সী, তরুণ।

~ النَّفْسِ : নীচমনা।

كُلّ صَغِيرَة وكَبِيرَة : সবকিছু, পুঙ্খানুপুঙ্খ।

صَاغِر : নীচ; ঘৃণ্য; অধীন; বিনত। ব صَغَرَة

أَصْغَر : ক্ষুদ্রতর, কনিষ্ঠতর। স্ত্রী صُغْرَى ব أَصَاغِر

الأَصْغَر : ক্ষুদ্রতম।

الأَصْغَران، الأَصْغَرَانِ : হৃদয় ও রসনা।

أَسِيَا الصُّغْرَى : এশিয়া মাইনর।

النِّهَايَةُ ~ : ন্যূনতম সংখ্যা বা পরিমাণ, The minimum.

إِصْغَار : অবজ্ঞা, অসম্মান।

تَصْغِير : হ্রাস।

إِسْم التَّصْغِير : ক্ষুদ্রত্ববাচক শব্দ (ব্যা)।

مُصَغَّر : হ্রাসকৃত।

فِلْم مُصَغَّر : মাইক্রোফিলম, Microfilm.

صَغَا - ُ (صُغُوّ، صَغْو) : صَغِيَ - َ (صُغِيّ، إِلَى ~ صَغًى) ঝুঁকিয়া পড়া।

~ لِ : শ্রবণ করা।

أَصْغَى : (إِصْغَاء) ~ إِلَى، لِ শ্রবণ করা, কান দেওয়া; মনোযোগ দেওয়া; মনোযোগ দিয়া শ্রবণ করা।

صَغًى، صَغْو : ঝোঁক, প্রবণতা, আকর্ষণ।

مُصْغٍ، صَاغٍ : শ্রবণকারী, মনোযোগী।

صَاغِيَة : পোষ্যবর্গ, আশ্রিতজন।

إِصْغَاء : শ্রবণ, মনোযোগ।

إِصْغَ : শ্রবণ কর! মনোযোগ দাও!

صَفَّ - ُ : (صَفّ) সারিবদ্ধ করা, বিন্যস্ত করা, সাজাইয়া রাখা; শ্রেণীবদ্ধ করা; (হরফ) সাজানো।

صَفَّفَ : (تَصْفِيف) সারিবদ্ধ করা, সাজাইয়া রাখা, সোজা করিয়া (চুল) আঁচড়ানো।

إِصْطَفَّ، تَصَافَّ (إِصْطِفَاف) : সারিবদ্ধ হওয়া, লাইনে দাঁড়ানো, লাইন দেওয়া, অবস্থান গ্রহণ করা।



www.pathagar.com

صَفّ : সারি, লাইন; শ্রেণী; স্তর; বিভাগ; দল; বিন্যাস। ব صُفُوف

صَفّ جَانِبِيّ : পাশাপাশি লাইন।

~ طُولِيّ : লম্বা লম্বা লাইন।

~ ضَابِط : ননকমিশন্ড অফিসার, ওয়ারেন্ট অফিসার।

مِنْ صَفِّي : আমার সহিত।

صَفَّة : কেশগুচ্ছ; তাক।

صُفَّة : ছাপড়া ঘর, তাক; চওড়া পাথর; জিনের গদি। ব صُفَف

صُفَّةُ الْمَسْجِد : মসজিদ সংলগ্ন বসিবার চালওয়ালা স্থান।

أَهْلُ الصُّفَّة : মসজিদে নববী সংলগ্ন ছাপড়া ঘরে বসবাসকারী সাহাবীবৃন্দ।

صَفَّاف الحُرُوف، صَفَّاف : হরফ বিন্যাসক, কম্পোজিটর।

صَفِيف : শুকাইবার জন্য রোদে বিছানো হইয়াছে এমন বস্তু।

مَصَفّ : সৈন্যব্যূহ, যুদ্ধক্ষেত্র; লাইন; সারি; (ছাপাখানায়) হরফ সারিবদ্ধ করিয়া রাখিবার পাত্রবিশেষ। ব مَصَافّ

تَصَفَّتَ : শক্তি অর্জন করা।

صَفْتَة : বিজয়।

صَفَحَ - َ : (صَفْح)، صَفَّحَ (تَصْفِيْح) চ্যাপটা করা, পাতলা করা; চওড়া করা; পাতলা পাতে পরিণত করা, পাতলা পাত দ্বারা আবৃত করা; পাতলা পাতের প্রলেপ দেওয়া; বর্মাচ্ছাদিত করা; (বইয়ের) পাতা উল্টানো।

~ عَنْ : মার্জনা করা; মুখ ফিরাইয়া নেওয়া, বর্জন করা।

صَفَّحَ بِيَدَيْه : হাততালি দেওয়া।

صَافَحَ : (مُصَافَحَة) মোসাফাহা করা; করমর্দন করা; (রোগী) বিপন্মুক্ত হওয়া।

أَصْفَحَ : (إِصْفَاح) (ভিক্ষুককে) তাড়াইয়া দেওয়া।

تَصَفَّحَ : সতর্কতার সহিত পরীক্ষা করা, নিরীক্ষা করা, (বই) পড়িয়া যাওয়া।

تَصَافَحَ : মোসাফাহা করা, করমর্দন করা।

إِسْتَصْفَحَ : (إِسْتِصْفَاح) ক্ষমা চাওয়া; কৈফিয়ত দেওয়া, ওজর পেশ করা।

صَفْح : ক্ষমা, মার্জনা।

صُفْح : পার্শ্ব, উপরিভাগ, প্রস্থ। ব صِفَاح

ضَرَبَ عَنْهُ صَفْحًا : খেয়াল না করা, মনোযোগ না দেওয়া, অবহেলা প্রদর্শন করা।

صَفْحَة : ব صَفَحَات বহির্ভাগ, উপরিভাগ; চেহারা; পৃষ্ঠা, পাতা।

صَفْ : صَفْحَة (পৃষ্ঠা)-এর সংক্ষিপ্ত রূপ।

صَفَح : ললাটের প্রশস্ততা।

صِفَاح : চিবুকের প্রশস্ততা।

لَقِيتُهُ صِفَاحًا : আমি তাহার সহিত সামনাসামনি সাক্ষাৎ করিয়াছি।

صَفَّاح، صَفُوح : ক্ষমাকারী, মার্জনাকারী; ক্ষমাশীল।

صَفِيح : চওড়া পার্শ্ব, (ধাতুর) পাত, টিন।

صَفِيحَة : (টিন ইত্যাদি ধাতুর) পাত, (কাঠের) ফালি; টিনের কৌটা; প্রশস্ত পাথর। ব صَفَائِح

تَصَفُّح : পরীক্ষা, নিরীক্ষা, পর্যালোচনা।

تَصْفِيح : পাতলা ধাতুর পাত দ্বারা আবৃতকরণ, plating; উচ্চ প্রশংসা, হাততালি।

مُصَفَّح : পাতলা পাতে পরিণত; পাতলা ধাতুর পাত দ্বারা আবৃত; বর্মাচ্ছাদিত, প্রশস্ত; প্লাইউড।

مُصَفَّح الرَّأْسِ : দীর্ঘমস্তক।

مُصَافَحَة : মোসাফাহা, করমর্দন।

صَفَدَ - : (صَفْد) صَفَّدَ (تَصْفِيْد)، أَصْفَدَ (إِصْفَاد) বাঁধা, পায়ে শৃঙ্খল বাঁধা।

صَفَد، صِفَاد : বন্ধন, বেড়ি, নিগড়, শৃঙ্খল। ব أَصْفَاد

صِفَادُ الْيَدَيْن : হাতকড়া।

صَفَرَ - : (صَفِير)، صَفَّرَ (تَصْفِير) শিস দেওয়া; (সাপ) হিস্‌হিস্ শব্দ করা, (সাইরেন) বাজানো।



www.pathagar.com

صَفِرَ - َ : (صَفَر) শূন্য হওয়া; খালি হওয়া।

صَفَّرَ : শিস দেওয়া; (সাপ) হিস্‌হিস্‌ শব্দ করা; হলুদ রঙে রঞ্জিত করা; শূন্য করা।

أَصْفَرَ : (إِصْفَار) শূন্য হওয়া; শূন্য করা; দরিদ্র হওয়া। ব صُفْرٌ

إِصْفَرَّ (إِصْفِرَار) إِصْفَارَّ (إِصْفِيرَار) : হলদে হওয়া, (শস্য) পাকা; ফেকাশে হওয়া, বিবর্ণ হওয়া।

صَفْر : শিস।

صِفْر : (অঙ্কের) শূন্য। ব أَصْفَار

صِفْرُ الْيَدَيْنِ : রিক্তহস্ত।

صُفْر : স্বর্ণ; পিতল; টাকা।

صَفَر : হিজরী সনের দ্বিতীয় মাস। ব أصفار

~ : ক্ষুধা; পাণ্ডুরোগ, জন্ডিস।

صَفْرَة : ক্ষুধা।

صُفْرَة، إِصْفِرَار : হরিদ্রাবর্ণ, বিবর্ণতা।

صَفْرَاء : পিত্ত; স্বর্ণ।

قَنَاةُ الصَفْرَاء : পিত্তনালী।

صَفَار : হরিদ্রাবর্ণ; বিবর্ণতা; (ডিমের পীতাংশ)।

صُفَار : শিস; পিত্ত।

صَفَّار : পিতলের কারিগর।

صَفَّارَة : শিস, হুইসেল, সাইরেন।

صَفَّارَة الأَمَانِ : বিপন্মুক্তির সাইরেন।

~ الإِنْذَار : সতর্কীকরণ সাইরেন।

صُفَارِيَّة : এক প্রকার পাখি।

صَفِير : শিস, (সাপের) হিস্‌হিস্‌ শব্দ; সাইরেন।

صَافِر، مُصَفِّر : শিসদাতা, হুইসেলবাদক।

أَصْفَر : হলদে, বিবর্ণ, ফ্যাকাশে। স্ত্রী صَفْرَاء ব صُفْر، مُصْفَرٌّ

~ : শূন্য, খালি।

الْهَوَاءُ الأَصْفَر : ওলাওঠা, কলেরা।

الأَصْفَرَانِ : স্বর্ণ ও জাফরান।

مُصْفِر : রিক্ত হস্ত, কপর্দকহীন।

مِصْفَار : এক প্রকার বাদ্যযন্ত্র।

مَصْفُور، مُصَفَّر : ক্ষুধাক্লিষ্ট।

صِفْرِد : বুলবুলি পক্ষীবিশেষ।

صَفْصَاف : উইলো-গাছ।

صفع - َ : (صَفْع) চড় মারা, চপেটাঘাত করা।

صَافَعَ، تَصَافَعَ : একে অপরকে চড় মারা।

صَفْعَة : চড়, চাপড়, চপেটাঘাত।

صَفَقَ - : (صَفْق) চড় মারা, চপেটাঘাত করা; আঘাত করা; (দরজা) সজোরে বন্ধ করা।

~، صَفَّقَ (تَصْفِيق) : (بِيَدِيهِ) হাততালি দেওয়া।

~، ~ : (بِجَنَاحَيْهِ) (পাখি) দ্রুত ডানা ঝাপটানো।

~، ~ : (ل) করতালি দিয়া প্রশংসা করা।

صَفَقَ الدَّمَ : একজনের রক্ত অপরজনকে দেওয়া।

صَفُقَ - ُ : (صَفَاقَة) পুরু হওয়া; ভারী হওয়া; ঘন হওয়া; নির্লজ্জ হওয়া।

أَصْفَقَ : (إِصْفَاق) (পেয়ালা) পূর্ণ করা; তাড়াইয়া দেওয়া, (দরজা) বন্ধ করা।

~ عَلَى ~ : একমত হওয়া।

تَصَفَّقَ : উত্তেজিত হওয়া; ব্যাকুল হওয়া।

إِنْصَفَقَ : (إِنْصِفَاق) পশ্চাদপসরণ করা।

إِصْطَفَقَ : (إِصْطِفَاق) ধাক্কা খাওয়া; ঝাঁকুনি খাওয়া; কম্পিত হওয়া।

صَفْق : ব صُفُوق পার্শ্ব, প্রান্ত।

صِفْق : দরজার পাল্লা। ব صُفُوقٌ، أَصْفَاقٌ

صَفْقَة : হাততালি; ব্যবসায়ের চুক্তি।

صَفْقَة خَاسِرَة : অলাভজনক ব্যবসা, বেশি দামে ক্রয়।

~ رَابِحَة : লাভজনক ব্যবসা, সস্তা দরে ক্রয়।

~ وَاحِدَةً : সাকুল্যে, একত্রে, এক চুক্তিতে।

صِفَاق : ভিতরের চামড়া, নিচের চামড়া; উদরের উপরের ঝিল্লি, peritoneum. ব صُفُق



www.pathagar.com

صَفَّاق : পর্যটক।

صَفَاقَة : নির্লজ্জতা, ধৃষ্টতা।

صَفُوق : খাড়া, অসমান (পর্বত)। ব صُفُق

صَفِيق : পুরু, ঘন, ভারী, নিবিড়। ব صِفَاق

صَفِيق الجِلْد : মোটা চামড়া, অনুভূতিহীন।

~ الوَجْه : নির্লজ্জ, চশমখোর।

إِصْفَاق : একজনের রক্ত আরেকজনকে দান, blood transfusion.

تَصْفِيق : হাততালি, করতালি।

مَصْفَق : (মুদ্রা) বিনিময়।

صَفَنَ - : (صُفُون) (ঘোড়া) তিন পায়ে দাঁড়ানো, এক পা সামান্য উঁচু করিয়া দাঁড়ানো; গভীর চিন্তা করা, ধ্যান করা।

صَفَّنَ : (تَصْفِين) (বোলতা) জাল বানানো।

تَصَافَن، صَافَنَ : পানি ভাগাভাগি করা।

صَفْن : টেবিল ক্লথ। ব صُفْن، أَصْفَان

صَفَن : অণ্ডকোষ, অণ্ডকোষ-চর্ম; ভীমরুলের বাসা; শস্যের মঞ্জরি। ব صُفْنَانٌ، أَصْفَان

صَافِن : এক পা সামান্য উঁচু করিয়া তিন পায়ে দাঁড়ানো ঘোড়া; হাঁটুর নিম্নের শিরা। ব صَافِنَات، صُفُون، صَوَافِن

صَفِينَة، صَفِين : বৃক্ষবিশেষ, savin.

صَفَا - ُ : (صَفَاء، صُفُوّ، صَفْو) পরিষ্কার হওয়া, নিষ্কলুষ হওয়া, স্বচ্ছ হওয়া, নির্মল হওয়া; (আকাশ) মেঘমুক্ত হওয়া; (জীবন) সুখী হওয়া।

صَفَّى : (تَصْفِيَة) পরিষ্কার করা; শোধন করা, ছাঁকা; চূড়ান্ত করা। ব أَصْفِيَاءُ

صَافَى : (مُصَافَاة) খাঁটি বন্ধুত্ব করা; আন্তরিক আচরণ করা।

أَصْفَى : (إِصْفَاء) পরিষ্কার করা; (মুরগি) ডিম পাড়া ক্ষান্ত করা, (কবি) কবিতা রচনা ক্ষান্ত করা; খাঁটি বন্ধুত্ব করা; আন্তরিক আচরণ করা; প্রাধান্য দেওয়া।

تَصَافَى : পরস্পর খাঁটি বন্ধুর ন্যায় বসবাস করা; পরস্পর শুভেচ্ছাপূর্ণ হওয়া।

إِصْطَفَى : (إِصْطِفَاء) মনোনীত করা, পছন্দ করা, সম্মানিত করা।

إِسْتَصْفَى (إِسْتِصْفَاء) : পরিষ্কার বা খাঁটি মনে করা; মনোনীত করা।

صَفَاء، صَفْوَة : স্বচ্ছতা; নির্মলতা, আন্তরিকতা, হৃদ্যতা; সততা; সুখ।

صُفْوَة، صَفْوَة : শ্রেষ্ঠাংশ; সারাংশ।

~ : ছাই।

صِفْوَة : আন্তরিক বন্ধু।

صَفَا : হরম শরীফের সন্নিকটস্থ একটি পাহাড়; সিরিয়ার একটি পর্বত শ্রেণীর নাম; দামূর নদীর উৎসমুখে লেবাননের প্রস্রবণ।

صَفَاة : প্রস্তর। ব صَفْوَان، صَفَوَات، صَفًا

صَاف : পরিষ্কার, স্বচ্ছ, নির্মল; খাঁটি; অমিশ্র; মেঘমুক্ত (আকাশ); সুখী (জীবন)।

صَفِيّ : খাঁটি, পরিষ্কার; স্বচ্ছ, পছন্দনীয়; মনোনীত। স্ত্রী صَفِيَّة

~ : খাঁটি বন্ধু। ব أَصْفِيَاء

صَفِيَّة : যুদ্ধলব্ধ দ্রব্যাদিতে নেতার জন্য নির্ধারিত অংশ; উৎকৃষ্ট দুগ্ধবতী উষ্ট্রী। ব صفايا

صَفِيَة بِنْت حُيَي : একজন উম্মুল মুমিনীন। মৃত্যু ৬৭২ খ্রিস্টাব্দ।

تَصْفِيَة : পরিষ্করণ, শোধন; নিষ্পত্তি।

مُصَفٍّ : শোধনকারী, পরিষ্কারকারী।

مُصَفِّي التَرِكَة : সম্পত্তির তত্ত্বাবধায়ক।

مُصَفًّى : শোধিত; খাঁটি; পরিষ্কৃত, নির্মল; মেঘমুক্ত।

مَصْفًى : শোধনাগার।

مِصْفًى : চালুনি, ঝাঁঝরি, ছাঁকনি।

مِصْفَاة : ছাঁকনি, চালুনি, ঝাঁঝরি; পরিস্রবক; শোধনাগার। ব مَصَافٍ



www.pathagar.com

مُصْطَفَى : মনোনীত, সম্মানিত।

المُصْطَفَى : মুহাম্মদ (স)-এর উপাধি।

صَقِبَ : ـَ (صَقَب) নিকটবর্তী হওয়া; পরবর্তী হওয়া; দূরবর্তী হওয়া।

صَقَبَ : ـُ (صَقْب) চপেটাঘাত করা; জমা করা।

صَاقَبَ : (مُصَاقَبَة) নিকটবর্তী হওয়া; মুখামুখি হওয়া, পার্শ্ববর্তী হওয়া; সংলগ্ন হওয়া; যথোপযুক্ত হওয়া।

أَصْقَبَ : (إِصْقَاب) নিকটবর্তী করা, নিকটবর্তী হওয়া।

صَقْب : ছিপছিপে। ব صُقْبَان، صِقَاب

~ : তাঁবুর খুঁটি। ব صُقُوب

صَقَب : নৈকট্য, সান্নিধ্য।

مُصَاقَبَة : সুবিধা, যথার্থতা; সম্বন্ধ, ঘনিষ্ঠ সম্পর্ক।

صَقَحَة، صَقَح : টাক।

أَصْقَح : টাকযুক্ত। স্ত্রী صَقْحَاء

صَقَرَ : ـُ (صَقْر) আঘাত করা; পাথর ভাঙ্গা।

صَقْر : শ্যেন, শাহীন, বাজপাখি। ব أَصْقُر، صُقُور

صَقْرَة অত্যন্ত টক দুধ; ঝোলা গুড়।

صَقِر : মিষ্ট (আঙ্গুর, খেজুর)।

صَاقِرَة : আকস্মিক বিপদ, দুর্ভাগ্য। ব صَوَاقِرُ

صَاقُور : পাথর ভাঙ্গা কুঠার; গাঁতি। ব صَوَاقِيرُ

صَقَّار : অবিশ্বাসী; ঝোলাগুড় বিক্রেতা।

صَقَعَ : ـَ (صَقْع) বিপথে গমন করা।

~ : (صَقِيع، صُقَاع، صَقْع) (মোরগ) ডাকা।

صَقِعَ : ـَ (صَقَع) ভাঙ্গিয়া পড়া; (পাখি) মাথায় সাদা দাগবিশিষ্ট হওয়া; বজ্রধ্বনিতে মূর্ছা যাওয়া।

أَصْقَعَ، صُقِعَ : (ভূমি) তুষারাবৃত হওয়া; ঠাণ্ডাগ্রস্ত হওয়া।

صَقَّعَ : (تَصْقِيع) শীতল হওয়া; হিমায়িত হওয়া।

صُقْع : অঞ্চল, এলাকা, ভূখণ্ড। ব أَصْقَاع

صَقِع : ঠাণ্ডাগ্রস্ত।

صَقْعَة : তীব্র ঠাণ্ডা।

صِقَاع : ঘোমটা; মুখবন্ধনী; বিষাক্ত গ্যাস-প্রতিরোধক মুখোশ।

صُقَاع : মোরগের ডাক।

صَقِيع : মোরগের ডাক; তুষার।

صَقْعَاء : সূর্য।

مِصْقَع : উচ্চ স্বরবিশিষ্ট; বাগ্মী। ব مَصَاقِع

مَصْقُوع : তুষারাবৃত।

صَقَلَ : ـُ (صِقَال، صَقْل) ঘষিয়া মসৃণ করা, বার্নিশ করা, চকচকে করা।

صَقِلَ : ـَ (صَقَل)، إِنْصَقَلَ মসৃণ হওয়া; চকচকে হওয়া।

صِقَال، صَقْل : মসৃণকরণ; পালিশ; বার্নিশ।

صَقَالَة : মঞ্চ; মাচা; জাহাজ হইতে তীরে উঠা-নামা করিবার সিঁড়ি। ব صَقَائِل

صَاقِل : صَيْقَل، صَقَّال মসৃণকারী। ব صَقَلَة، صَيَاقِلَة، صَيَاقِل

صِقِلِّيَّة، صَقَالِيَة، صَقْلِيَة : সিসিলি দ্বীপ।

صَقِيل : উজ্জ্বল, চকচকে। صِقَال

~، مَصْقُول : মসৃণকৃত।

مِصْقَلَة، مِصْقَل : ঘষিয়া মসৃণ করিবার যন্ত্র, উখা। ব مَصَاقِل

صَقْلَب : স্লাভ জাতি। ব صَقَالِبَة

صُقْلَابِيّ، صَقْلَبِيّ : স্লাভ জাতির লোক।

صَكَّ : ـُ (صَكّ) চেক প্রদান করা; ক্যাশমেমো দেওয়া; আঘাত করা, চপেটাঘাত করা, (দরজা) বন্ধ করিয়া দেওয়া।

صَكَّتِ الأَسْنَانُ : দাঁত ঠকঠক করা।

رُكْبَتَاهُ ~ : (صَكَك) বক্রজানু হওয়া।

إِصْطَكَّ : (إِصْطِكَاك) (দাঁত) ঠকঠক করা, (হাঁটু) কম্পিত হওয়া।



www.pathagar.com

صَكّ : চুক্তি, দলীল; চেক। ব أصُكّ، صِكَاك، صُكُوك

صَكَّة : দ্বিপ্রহরের প্রচণ্ড তাপ।

صَكِيك : দুর্বলচিত্ত।

أصَكّ : বক্রজানু; শক্ত। স্ত্রী صَكَّاء ব صُكّ

مِصَكّ : শক্ত খিল।

صَكَمَ - ُ : (صَكْم) আঘাত করা।

صَكَمَ اللِّجَامَ : লাগাম কামড়ানো; অধীরতা দেখানো।

صَوَاكِم الدَّهْر : দুর্ভাগ্য।

صَكَا - ُ : (صَكْو) লাগিয়া থাকা, আঁটিয়া থাকা।

صَلَّ - ُ : (صَلّ) আঘাত করা।

صَلَّ - : (صَلِيل) বাজিয়া উঠা; ঝনঝন করা; প্রতিধ্বনি হওয়া।

~ - ُ : (صُلُول، صَلّ، أصَلّ) (إصْلَال) দুর্গন্ধ ছড়ানো।

صَلّ : হালকা বৃষ্টি।

صِلّ : গোখরা, ভয়ঙ্কর লোক। ব أصْلَال، صِلَال

صُلّ : বাসি গোশত।

صَلَّة : চামড়া; শুকনা মাটি, নিতম্ব। ব صِلَال

صُلَّة : পানির অবশিষ্টাংশ; দুর্গন্ধ।

صَالَّة : দুর্ভাগ্য; দুর্ঘটনা।

صُلَالَة : গমের বর্জিতাংশ।

صَلِيل : ধ্বনি, ঝনঝনানি।

صَلِيلُ السِّلَاح : অস্ত্রের সংঘাত।

مِصَلَّة : ছাঁকনি।

صَلَبَ - : (صَلْب) ক্রুশবিদ্ধ করা, শূলে চড়ানো; অস্থি হইতে মজ্জা বাহির করা; (গোশত) ভুনা করা; (জ্বর) দীর্ঘস্থায়ী হওয়া।

صَلُبَ - ُ صَلُبَ، - صَلَبَ : (صَلَابَة) কঠিন হওয়া, শক্ত হওয়া। ব أصْلَابُ

صَلَّبَ : (تَصْلِيب) ক্রুশবিদ্ধ করা; ক্রসচিহ্ন দেওয়া; ক্রসচিহ্নের আকার দেওয়া; শক্ত করা, কঠিন করা; ঠেকনা দেওয়া।

تَصَلَّبَ : কঠিন হওয়া, শক্ত হওয়া, দৃঢ় হওয়া, কঠোর হওয়া।

إصْطَلَبَ : (إصْطِلَاب) অস্থির মজ্জা বাহির করা।

صَلْب، تَصْلِيب : ক্রুশবিদ্ধকরণ, শূলে চড়ানো।

صَلْبَة : ঠেকনা।

صُلْب : কঠিন, শক্ত, কঠোর, দৃঢ়।

~ : মেরুদণ্ড, পৃষ্ঠ। ব أصْلُب، أصْلَاب

صُلْبُ الرَّأي : স্বমতে দৃঢ়।

~ الرَّقَبَة : একগুঁয়ে, গোঁয়ার।

صُلْبُ الكِتَاب : গ্রন্থের মূল পাঠ, text.

صُلَّب : শক্ত, কঠিন; শানপাথর।

صُلْبَةُ العَيْن : অক্ষিগোলকের শ্বেত আবরণ।

صَلَابَة، تَصَلُّب : কাঠিন্য, কঠোরতা, দৃঢ়তা, অনমনীয়তা।

صَلِيب : কঠিন, কঠোর; হাড়ের মজ্জা।

~ : ক্রুশ; ক্রসচিহ্ন। ব صُلُب، صُلْبَان

الصَّلِيبُ الأحْمَر : রেডক্রস, Red Cross.

إشَارَةُ الصَّلِيب، شَارَةُ الصَّلِيب : ক্রুশচিহ্ন।

~ عُودُ : ফুলগাছবিশেষ, peony.

الحُرُوب الصَّلِيبِيَّة : ক্রুসেড্স, crusades.

مُصَلَّب : ক্রসচিহ্নযুক্ত; ধারালো; (রাস্তার) ক্রসিং; ঠেকনাযুক্ত।

مَصْلُوب : ক্রুশবিদ্ধ; ঠেকনাযুক্ত।

صَلُتَ - ُ : (صُلُوتَة) উজ্জ্বল হওয়া, চকচকে হওয়া, মসৃণ হওয়া।

أصْلَتَ : (إصْلَات) (তরবারি) কোষমুক্ত করা।

صَلْت : উজ্জ্বল, চকচকে, মসৃণ।

مِصْلَت، مِصْلَات : কর্মঠ, তৎপর।

صُلْت : বড় ছুরি। ব أصْلَات

مُنْصَلِت : খরস্রোতা (নদী)।

صُلَّجَة : রেশমের গুটি।



www.pathagar.com

صَلِيجَة : খাঁটি রৌপ্যপিণ্ড।

صَوْلَجَة، صَوْلَج : খাঁটি রৌপ্য।

صَوَالِجُ ব صَوالِجَةٌ ব। দণ্ড : صَوْلَجَان

صَوْلَجَان السُّلْطَة : রাজদণ্ড, ক্ষমতা-দণ্ড।

صَلَحَ - ُ صَلَحَ، (صُلُوح، صَلاَح)، (صَلاَحِيَة) সঠিক হওয়া; সৎ হওয়া; ভালো হওয়া, উপযোগী হওয়া।

~ , ~ لِ : যোগ্য হওয়া; যথাযথ হওয়া।

صَلَّحَ، تَصْلِيح : মীমাংসা করা, নিষ্পত্তি করা।

أَصْلَحَ : (إِصْلاَح) ঠিক করা, সংস্কার করা, মেরামত করা, ভালো করা, সংশোধন করা, শুদ্ধ করা, ভালো কাজ করা।

أَصْلَحَ : ~ بَيْنَ বিরোধ মীমাংসা করা; বন্ধুত্ব স্থাপন করা।

صَالَحَ : (مُصَالَحَة) সন্ধি স্থাপন করা, শান্তি স্থাপন করা; একমত হওয়া।

تَصَالَحَ : পরস্পর বন্ধুত্ব স্থাপন করা।

اِنْصَلَحَ : (اِنْصِلاَح) ঠিক হওয়া, শুদ্ধ হওয়া; ভালো হওয়া; উন্নত হওয়া।

اِصْطَلَحَ : (اِصْطِلاَح) শান্তি স্থাপন করা; বন্ধুত্ব স্থাপন করা; সংশোধিত হওয়া; উন্নত হওয়া।

~ عَلَى : সম্মত হওয়া; গ্রহণ করা, অনুসরণ করা।

اِسْتَصْلَحَ : (اِسْتِصْلاَح) ভালো পাওয়া, যোগ্য পাওয়া, যথাযথ পাওয়া; ভালো চাওয়া; শান্তি স্থাপন করিতে বলা; (ভূমি) সংস্কার করা।

صُلْح : শান্তি; সন্ধি; মিল; বন্ধুত্ব; আপস, মীমাংসা।

صَلاَح : সঠিকতা, সততা, যোগ্যতা, উৎকৃষ্টতা; যথার্থতা, যথোপযুক্ততা; নৈতিকতা; মক্কা নগরীর একটি নাম।

صَلاَحِيَة : যথার্থতা, যথোপযুক্ততা; কার্যকরতা; ক্ষমতা, যোগ্যতা।

صَالِح : ভালো; ঠিক; সৎ; সঠিক; যোগ্য; যথাযথ; যথোপযুক্ত; কার্যকর।

~ : উপকার, কল্যাণ; মঙ্গল; স্বার্থ। ব صَوَالِح

~ : সৎকাজ। ব صَالِحَات

صَلِيح : সৎ, ধার্মিক। ব صُلَحَاء

إِصْلاَح : সংশোধন, শুদ্ধি, সংস্কার, মেরামত; উন্নয়ন; মীমাংসা।

إِصْلاَحِيّ : সংস্কারমূলক; সংশোধনমূলক; সংস্কারক।

إِصْلاَحِيَّة : সংশোধনবাদ।

ضَلَّ : ـِ (ضَلاَلَة، ضَلاَل) ভ্রষ্ট হওয়া, বিপথে যাওয়া; বিপথগামী হওয়া, ভুল করা, পাপ করা; (প্রচেষ্টায়) ব্যর্থ হওয়া, গোল্লায় যাওয়া।

ضَلَّ عَنِ الطَّرِيقِ، ضَلَّ الطَّرِيقَ : পথ হারাইয়া ফেলা।

~ بِ : বিপথগামী করা।

ضَلَّلَ (تَضْلِيل) أَضَلَّ (إِضْلاَل) : বিপথগামী করা, ভুল পথে পরিচালিত করা; প্রতারিত করা; গোপন করা, লুকাইয়া রাখা; হারাইয়া ফেলা।

تَضَالَّ : পথ ভুলিবার ভান করা।

إِسْتَضَلَّ (إِسْتِضْلاَل) : বিপথগামী করিতে চাওয়া।

ضَلاَلَة، ضَلاَل، ضُلّ، ضَلّ : ভুল, ভ্রান্তি; ভ্রষ্টতা; প্রতারণা।

ضَلَّة : অনিশ্চয়তা, দুশ্চিন্তা; অনুপস্থিতি।

ضِلَّة : ভুল।

ضَالّ : ভ্রষ্ট, পথভ্রষ্ট; ভবঘুরে; ভ্রান্ত; দিশেহারা। ব ضَوَالّ، ضَالُّون

~ : স্ত্রী ضَالَّة হারানো (বস্তু, পশু)।

أُضْلُولَة، ضَلَل : ভুল। ব أَضَالِيل

تَضْلِيل، إِضْلاَل : বিপথগামীকরণ, বিভ্রান্তকরণ; প্রতারণা।

مُضَلِّل، مُضِلّ : বিভ্রান্তিকর; প্রতারণামূলক।

ضَلَعَ : ـَ (ضَلْع) পূর্ণ হওয়া; ঝুঁকিয়া পড়া; অন্যায় করা; পাঁজরে আঘাত করা; প্রচণ্ড আক্রমণ করা, যথেষ্ট প্রভাব বিস্তার করা।

ضَلِعَ : ـَ (ضَلَع) বক্র হওয়া, নত হওয়া।

ضَلُعَ : ـُ (ضَلاَعَة) শক্ত হওয়া; সবল হওয়া।

ضَلَّعَ : (تَضْلِيع) নোয়ানো, ঝুঁকানো; বাঁকা করা, পাঁজরাকৃতি করা।

أَضْلَعَ : (إِضْلاَع) নোয়ানো, ঝুঁকানো।

~ بِ : সক্ষম হওয়া।

تَضَلَّعَ، إِسْتَضْلَعَ (إِسْتِضْلاَع) : ~ مِنْ পারদর্শী হওয়া, দক্ষ হওয়া; উদরপূর্তি করা।

إِضْطَلَعَ : ~ بِ বহন করিতে সক্ষম হওয়া; দক্ষ হওয়া, পারদর্শী হওয়া; গ্রহণ করা, বহন করা।

ضَلْع : ঝোঁক, আকর্ষণ, টান; প্রবণতা।

ضِلَع، ضِلْع : পাঁজর; (ত্রিভুজের) বাহু; কাটলেট, চপ। ব أَضْلُع، ضُلُوع، أَضْلاَع

ضِلْع البَرْمِيل : পিপার পাতলা তক্তা।

مُتَسَاوِي الأَضْلاَع : সমবাহু, সমভুজ।

~ مُتَوَازِي : সামন্তরিক ক্ষেত্র।

لَهُ ضِلْع فِي هذَا الأَمْرِ : ইহাতে তাহার হাত রহিয়াছে। এই কাজে তাহার একটি ভূমিকা আছে।

ضِلْعَة : পার্শ্ব।

ضَلِع : বাঁকা, বক্র।

ضَالِع : ~ فِي দক্ষ, পারদর্শী।

ضَلاَعَة : শক্তি, তেজ।

ضَلِيع : শক্ত, সবল; সুদক্ষ। ব ضُلُع

ضَلِيع الفَم : বড় মুখবিশিষ্ট।

أَضْلَع : শক্ত, সবল; বড় দাঁতবিশিষ্ট। স্ত্রী ضَلْعَاء ব ضُلْع

مُضْطَلِع، مُضْلِع : ~ لِ সক্ষম, যোগ্য।

حِمْل مُضْلِع : গুরুভার, বোঝা।

~ دَابَّة : স্বীয় বোঝা বহন করিতে অক্ষম পশু।



www.pathagar.com

مُضَلَّعٌ : পাঁজরাকৃতির নকশাযুক্ত (কাপড়); পাঁজরযুক্ত; বহুভুজবিশিষ্ট।

~ : বহুভুজ ক্ষেত্র। ব مُضَلَّعَات

مُتَضَلِّع : ~ مِنْ সুদক্ষ, পারদর্শী, ব্যুৎপত্তিসম্পন্ন।

ضَمَّ : ـُ (ضَمّ) যোগ করা, সংযুক্ত করা, একত্রিত করা, মিলিত করা, জড়ো করা, সংগ্রহ করা; আলিঙ্গন করা, অন্তর্ভুক্ত করা, পেশ (ُـ) উচ্চারণ করা (ব্যা)।

~ إِلَى : যোগ করা, যুক্ত করা, একত্র করা; সংগী করিয়া লওয়া।

ضَمَّ إِلَى صَدْرِه، ضَمَّ إِلَيهِ : আলিঙ্গন করা।

~ عَلَى : দখল করা, অধিকার করা, হস্তগত করা।

تَضَامَّ : জোটবদ্ধ হওয়া, এক হওয়া, পরস্পর সংযুক্ত হওয়া।

إِنْضَمَّ (إِنْضِمَام) : ~ إِلَى একত্রিত হওয়া, সংযুক্ত হওয়া; যোগদান করা, অন্তর্ভুক্ত হওয়া।

~ عَلَى : শামিল করা, অন্তর্ভুক্ত করা; ধারণ করা।

ضَمّ : একত্রীকরণ, যুক্তকরণ; যোগকরণ; যোগ; সংযোগ; সংগ্রহ।

ضَمَّة : দাম্মাহ, পেশ ( ُـ ); আলিঙ্গন।

ضِمَام : সংযোগ মাধ্যম; কাগজ আঁটিবার বিকল্প।

ضَمُوم : দুই পাহাড়ের মধ্য দিয়া প্রবাহিত নদী।

ضَمِيم : সাথী।

ضَمِيمَة : বর্ধিতাংশ; পরিশিষ্ট; বৃদ্ধি। ব ضَمَائِم

ضَمَائِم : অতিরিক্ত ভাতা।

إِضَمَامَة : সঙ্গী; দল; লেখার বই; লেখার বান্ডিল। ব أَضَامِيم

إِنْضِمَام : মিলন; সংযোগ; যোগদান; অন্তর্ভুক্তি।

مَضْمُوم : মিলিত, একত্রিত; বদ্ধ; পেশযুক্ত (হরফ)।

ضَمَخَ : ـُ (ضَمْخ)، ضَمَّخَ (تَضْمِيخ) সুগন্ধি মাখানো।

ضَمْخ : ছারপোকা।

ضَمَخ : আকস্মিক বিপদ দুর্ভাগ্য।

إِضْمَحَلَّ : (إِضْمِحْلَال) বিলীন হওয়া; বিলুপ্ত হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া; হ্রাস পাওয়া।

إِضْمِحْلَال : বিলুপ্তি, অবনতি, ক্ষয়প্রাপ্তি, হ্রাস।

مُضْمَحِلّ : বিলুপ্ত, বিলীন, ক্ষয়প্রাপ্ত, হ্রাসপ্রাপ্ত।

ضَمَخَ : ـُ (ضَمْخ)، ضَمَّخَ (تَضْمِيخ) ~ بِ (সুগন্ধি) লাগানো, (তেল) মাখানো।

تَضَمَّخَ : ~ بِ সুগন্ধযুক্ত হওয়া।

ضَمَدَ : ـُ (ضِمَاد، ضَمْد)، ضَمَّدَ পট্টি বাঁধা; উপপতি গ্রহণ করা।

~ بِ : লাঠি দ্বারা আঘাত করা।

ضَمِدَ : ـَ (ضَمَد) শুকাইয়া যাওয়া।

~ عَلَى : ঘৃণা করা, রাগ করা।

أَضْمَدَ : (إِضْمَاد) সমবেত করা, জড়ো করা, জড়ানো, বাঁধা।

تَضَمَّدَ : পট্টিযুক্ত হওয়া।

ضِمْد : বন্ধু, প্রেমিক।

ضِمَاد، ضِمَادَة : পট্টি। ব أَضْمِدَة، ضَمَائِدُ

~ : আক্রাকালে (নারীর) বহু পুরুষের সঙ্গে প্রণয়।

مُضَمِّد : নার্স। স্ত্রী مُضَمِّدَة

مَضْمُود، مُضَمَّد : পট্টিযুক্ত।

ضَمَرَ، ضَمُرَ : ـُ (ضُمُور) কৃশ হওয়া, ছোট হওয়া, সংকুচিত হওয়া।

ضَمَّرَ : (تَضْمِير) কৃশ করা।

أَضْمَرَ : (إِضْمَار) কৃশ করা, সংকুচিত করা; সংরক্ষিত রাখা; গোপন রাখা; পোষণ করা।

تَضَمَّرَ : কৃশ হওয়া।

إِنْضَمَرَ، إِنْضِمَار : শুকাইয়া যাওয়া।

ضَمْر : কৃশ।

ضُمْر : কৃশতা।



www.pathagar.com

ضِمَار : যে ঋণ আইনের মাধ্যমে আদায় করা যায় না; যে মাল ফেরত পাইবার আশা নাই।

ضَامِر : কৃশ; শুকনা।

ضُمُور : কৃশতা; ত্রুটি; অপুষ্টিজনিত ক্ষয়, atrophy.

ضَمِير : হৃদয়, মন, অভ্যন্তর, বিবেক; গোপন চিন্তা; সর্বনাম (ব্যা)। ব ضَمَائِر

تَقْرِيعُ الضَّمِيرِ، تَأْنِيبُ الضَّمِيرِ : বিবেকের দংশন; অনুতাপ।

~ حَيٌّ : বিবেক বুদ্ধিসম্পন্ন, নীতিজ্ঞানসম্পন্ন।

~ شَرِيعَةُ : বিবেকের বিধান।

~ فَاقِدُ : নীতিজ্ঞানশূন্য; বিবেকহীন।

~ مُرْتَاحُ : প্রশান্ত চিত্ত।

إِضْمَار : গোপনকরণ, গোপনে সংরক্ষণ; সর্বনাম ব্যবহারকরণ (ব্যা); (ছন্দশাস্ত্রে) দ্বিতীয় বর্ণ সাকিনকরণ। যথা– مُتَفَاعِلُنْ থেকে مُسْتَفْعِلُنْ হইয়া مُتْفَاعِلُنْ এ রূপান্তরিতকরণ।

مُضْمَر : লুক্কায়িত, গুপ্ত, সুপ্ত; উহ্য।

مِضْمَار : ঘোড়াদৌড়-ময়দান; কর্মক্ষেত্র। ব مَضَامِير

ضَمَزَ : ـُ (ضَمْز) নিশ্চুপ থাকা।

~ عَلَى : কার্পণ্য করা।

ضَمْز، ضَمُوز : বিচ্ছিন্ন পাহাড়। ব ضُمُوز

ضَامِز، ضَمُوز : নিশ্চুপ, কৃপণ।

ضَمَسَ : ـِ (ضَمْس) চুপিসারে ভক্ষণ করা।

ضَمِنَ : ـَ (ضَمَان، ضَمْن) জামিন হওয়া, নিশ্চয়তা দেওয়া, নিরাপত্তা দেওয়া।

ضَمَّنَ : (تَضْمِين) জামিন করা, প্রবিষ্ট করা, অন্তর্ভুক্ত করা, সংযুক্ত করা।

تَضَمَّنَ : জামিন হওয়া; ধারণ করা, অন্তর্ভুক্ত হওয়া; অন্তর্ভুক্ত করা, শামিল করা, উদ্‌গত করা।

تَضَامَنَ : যৌথভাবে জামিন হওয়া, যৌথ দায়িত্ব গ্রহণ করা; সুসংহত হওয়া।

ضِمْن : অভ্যন্তর।

ضِمْنَ : অভ্যন্তরে, মধ্যে।

ضِمْنًا : সমেত, অন্তর্ভুক্ত করিয়া; পরোক্ষভাবে।

ضِمْنِيّ : অন্তর্ভুক্ত, অধীন, পরোক্ষ; উহ্য, অন্তর্নিহিত।

ضَمَانَة، ضَمَان : জামানত, গ্যারান্টি; বীমা।

~ : দায়িত্ব, দায়।

الضَّمَان الإِجْتِمَاعِيّ : সামাজিক নিরাপত্তা, social security.

الضَّمَانَة الدُّوَلِيَّة : আন্তর্জাতিক নিরাপত্তা।

شَرِكَةُ الضَّمَان : বীমা কোম্পানি।

ضَمِين، ضَامِن : জামিন, জামিনদার, প্রতিভূ; দায়ী।

تَضَامُن : পারস্পরিক সম্বন্ধ, যৌথ দায়িত্ব; সংহতি।

مُضَمَّن : অন্তর্ভুক্ত, শামিল; প্রবিষ্ট; অন্তর্নিহিত; অসম্পূর্ণ (বাক্য)।

مَضْمُون : জামানতপ্রাপ্ত; নিরাপদ; বীমাকৃত।

~ : অর্থ, বক্তব্য, বিষয়বস্তু। مَضَامِين

ضَنَّ : ـَ (ضَنّ، ضِنَّة، ضَنَانَة) ~ بِ ধরিয়া রাখা; কার্পণ্য করা।

ضِنّ : নির্দিষ্ট, বিশেষ, যথাযথ।

ضَنَن : সাহসী।

ضَنِين : কৃপণ, ব্যয়কুণ্ঠ; অপ্রতুল।

ضَنَا : ـَ (ضَنْا) ~ فِي আত্মগোপন করা।

ضَنِئَ : ـَ (ضَنْا، ضَنَا، أَضْنَاء) (إِضْنَاء) অধিক সন্তানবিশিষ্ট হওয়া।

ضَنْء : অনেক সন্তান। ব ضُنُوء

ضَنَاءَة، ضُنَاءَة : দারিদ্র্য, অভাব।



www.pathagar.com

ضَانِئَة، ضَانِئ : বহু সন্তানের জননী। ব ضَوَانِئ

ضَنَطَ ـَ : (ضَنْط) হৃষ্টপুষ্ট হওয়া, মাংসল হওয়া।

إِنْضَنَطَ : (إِنْضِنَاط) ঠেলাঠেলি করা।

ضَنْط : ক্লেশ, দুর্দশা।

ضَنُكَ ـُ : (ضُنُوكَة، ضَنَاكَة، ضَنْك) সংকীর্ণ হওয়া; কঠিন হওয়া, কষ্টকর হওয়া; দুর্বল হওয়া, ক্লান্ত হওয়া।

ضَنْك : দুঃখ, কষ্ট, দারিদ্র্য, কঠিন, কষ্টসাধ্য।

عِيْش ضَنْك কঠিন জীবন, কষ্টসাধ্য জীবন, দুস্থ জীবন।

ضِنَاك : (পুং স্ত্রী) দৃঢ় গঠন, সবলদেহী; বিশাল বৃক্ষ।

ضُنْكَة، ضُنَاك : শ্লেষ্মা।

ضَنِيك : দুর্বল, ক্লান্ত। ব مُضْنِك، ضُنْك

مَضَانِك : দুঃখ কষ্ট।

ضِنْو : সন্তান, শিশু।

ضَنِيَ ـَ : (ضَنًى) কৃশ হওয়া, শুকাইয়া যাওয়া, দুর্বল হওয়া, রুগ্‌ণ হওয়া।

أَضْنَى : (إِضْنَاء) দুর্বল করা, ক্লান্ত করা, ক্ষয় করা, কৃশ করা, কাহিল করা।

إِنْضَنَى : (إِنْضِنَاء) অবসন্ন হওয়া; শুকাইয়া যাওয়া।

ضَنًى : দুর্বলতা, ক্লান্তি, অবসন্নতা; কৃশতা; ক্ষয়; দুঃখ; সন্তান, শিশু।

ضَنٍ، مُضْنًى : রুগ্‌ণ; জীর্ণ, ক্লান্ত; অবসন্ন, কৃশ, ক্ষয়প্রাপ্ত, ক্লিষ্ট।

ضَهَبَ ـَ : (ضَهْب) আগুনে ঝলসানো।

~ : (ضُهُوب) দুর্বল হওয়া।

ضَهَّبَ : (تَضْهِيب) (গোশত) ভুনা করা; (ধনুক) আগুনে সেঁকিয়া সোজা করা।

ضَهْبَاء : আগুনে সেঁকিয়া সোজা করা হইয়াছে এমন (ধনুক)। ব ضُهْبٌ

مُضَهَّب : ভুনাকৃত, ঝলসানো (গোশত)।

ضَهَدَ ـَ : (ضَهْد) أَضْهَدَ (إِضْهَاد) إِضْطَهَدَ، (إِضْطِهَاد) অন্যায় আচরণ করা, দুর্ব্যবহার করা, অত্যাচার করা, নির্যাতন করা; উৎপীড়ন করা।

إِضْطِهَاد : দুর্ব্যবহার; অত্যাচার, নির্যাতন, উৎপীড়ন।

مُضْطَهِد : দুর্ব্যবহারকারী, অত্যাচারী; নির্যাতনকারী, উৎপীড়নকারী।

مُضْطَهَد : অত্যাচারিত; নির্যাতিত, উৎপীড়িত।

ضَهْر : পাহাড়ের চূড়া, শীর্ষদেশ, শৃঙ্গ। ব ضُهُور

~، ضَاهِر : কচ্ছপ। ব ضَوَاهِرُ

ضَهَزَ ـَ : (ضَهْز)، ـَ ضَهَسَ (ضَهْس) কামড় দেওয়া, দংশন করা; দলন করা।

ضَهَلَ ـَ : (ضَهْل، ضُهُول) (দুধ) অল্প অল্প করিয়া জমা হওয়া; (ভেড়ী) অল্প দুধ দেওয়া; স্বল্প পরিমাণ হওয়া।

أَضْهَلَ : (إِضْهَال) (খেজুর গাছে) খেজুর পাকিতে আরম্ভ করা।

ضَهْل : অল্প অল্প করিয়া সঞ্চিত (দুধ); সামান্য পরিমাণ পানি।

ضَاهِلَة : স্বল্প পানিবিশিষ্ট (ঝরনা)। ব ضَوَاهِلُ

ضَهُول : অল্প দুধ দেয় এমন (ভেড়ী), স্বল্প পানিবিশিষ্ট (কূপ)। ব ضُهُل

ضَهِيَ ـَ : (ضَهًى) (ভূমি) অনুর্বর হওয়া, (স্ত্রীলোক) দুগ্ধবিহীন হওয়া।

ضَاهَى : (مُضَاهَاة) অনুরূপ হওয়া, সদৃশ হওয়া; সদৃশ বানানো।

~ عَلَى، بِ : তুলনা করা।

ضَهِيّ : অনুরূপ, সদৃশ।

ضَهْيَاء : অনুর্বর (ভূমি), স্তনের স্ফীতিশূন্য ও দুগ্ধবিহীন (স্ত্রীলোক)। ব ضُهًى



www.pathagar.com

مُضَاه : সদৃশ, অনুরূপ।

مُضَاهَاة : সাদৃশ্য, মিল; তুলনা।

ضَاءَ : ـُ (ضِيَاء، ضُوء، ضَوْء) উজ্জ্বল হওয়া, আলোকিত হওয়া; আলো দেওয়া।

ضَوَّءَ : (تَضْيِئَة) আলোকিত করা, উজ্জ্বল করা, জ্বালানো।

أَضَاءَ : (إِضَاءَة) উজ্জ্বল হওয়া, আলোকিত হওয়া; আলো দেওয়া; আলোকিত করা, উজ্জ্বল করা; আলোকময় করা।

~ عَلَى : আলো নিক্ষেপ করা।

تَضَوَّءَ : আলোকিত হওয়া।

إِسْتَضَاءَ : (إِسْتِضَاءَة) আলোকিত হওয়া।

~ بِ : আলো চাওয়া, আলো পাওয়া; আলোর জন্য ব্যবহার করা, আলো লাভ করিতে দেওয়া।

~ مِنْ : জ্ঞান লাভ করা; উপদেশ চাওয়া।

ضِيَاء، ضِوَاء، ضُوء، ضَوْء : আলো, উজ্জ্বলতা। ব أَضْوَاء

ضُوءُ الشَّمْسِ : সূর্যালোক, রৌদ্র।

~ القَمَرِ : চন্দ্রালোক; জ্যোৎস্না।

~ المِصْبَاحِ : দীপালোক।

~ النَّهَارِ : দিবালোক।

فِي ضَوْءِ، عَلَى ضَوْءِ : আলোকে, নিরিখে।

إِضَاءَة : আলোকিতকরণ; আলোকসজ্জা।

مُضِيء : উজ্জ্বল, আলোকময়।

ضَاجَ : ـُ (ضَوْج) ঝুঁকিয়া পড়া, প্রশস্ত হওয়া।

تَضَوَّجَ : অধিক মোড় বা বাঁকবিশিষ্ট হওয়া (উপত্যকা, নদী)।

ضَوْج : (উপত্যকা বা নদীর) বাঁক, মোড়। ব أَضْوَاج

ضَوَّحَ : পানি মিশ্রিত করা।

ضَاد : "ض" দোয়াদ বর্ণের নাম।

ضَارَ : ـُ (ضَوْر) ক্ষতি করা; অত্যন্ত ক্ষুধার্ত হওয়া, অনাহারে মৃত্যুবরণ করা।

تَضَوَّرَ : (ব্যথায়, ক্ষুধায়) মোচড় খাওয়া, চিৎকার করা।

ضَوْر : প্রচণ্ড ক্ষুধা।

ضُور : কালো মেঘ।

ضُورَة : হীন, নীচ। ব ضُوَرٌ

ضَازَ : ـُ (ضَوْز) চিবানো;হ্রাস করা।

ضَوَّطَ : (تَضْوِيط) একত্রিত হওয়া।

ضَوَط : চোয়ালের বক্রতা।

أَضْوَط : বক্র চোয়াল, আহমক।

ضَوْضَى، ضَوْضَاء : হৈচৈ, শোরগোল, গণ্ডগোল।

ضَاعَ : ـُ (ضَوْع)، تَضَوَّعَ (সুগন্ধ) ছড়ানো।

ضَوَّعَ : (تَضْوِيع) আন্দোলিত করা; প্রণোদিত করা, ভীতি প্রদর্শন করা।

تَضَوُّع، ضَوْع : নির্গমন; নিঃসরণ; প্রসারণ।

ضِيعَان، أَضْوَاع، ضُوَع : নিশাচর পাখিবিশেষ, পুরুষ পেঁচা।

ضُوَاع : পেঁচার ডাক।

ضَافَ : ـُ (ضَوْف) ~ عَنْ ফিরিয়া আসা।

ضَانَ : ـُ (ضَوْنَة)، تَضَوَّنَ অনেক সন্তানবিশিষ্ট হওয়া।

ضَوْنَة : ক্ষুদ্র বালিকা।

ضَيْوَن : হুলো বিড়াল। ব ضَيَاوِن

ضَيَان : সুদৃঢ়, শক্ত

ضَوَى : ـِ (ضُوِيّ، ضَيّ) ~ إِلَى আশ্রয় গ্রহণ করা, রাত্রিকালে আগমন করা; ঝুঁকানো।

ضَوِيَ : ـَ (ضَوًى) কৃশকায় হওয়া; হালকা হওয়া; ক্ষুদ্রকায় হওয়া; সামান্য হওয়া ।

أَضْوَى : (إِضْوَاء) কৃশ হওয়া; দুর্বল করা; ক্ষতি করা; ঠকানো।



www.pathagar.com

إِنْضَوَى : ~ إِلَى যোগদান করা, একত্রিত হওয়া; সমবেত হওয়া সম্পৃক্ত হওয়া।

ضَاوٍ : কৃশ, হালকা; সামান্য।

ضَاوِيٌّ : কৃশকায়।

ضَاجَ : - (ضَيَجَان، ضُيُوج) ~ إِلَى ঝুঁকিয়া পড়া।

ضَيَّحَ : (تَضْيِيح) পানি মিশ্রিত করা (দুধ); পানি মিশ্রিত (দুধ) পরিবেশন করা।

تَضَيَّحَ : (দুধ) পানি মিশ্রিত হওয়া।

ضَيَاح، ضَيْح : পানি মিশ্রিত দুধ।

~ : মধু।

ضَارَ : - (ضَيْر) ক্ষতি করা।

ضَيْر : ক্ষতি, অন্যায়।

لاَضَيْرَ : কোনো ক্ষতি নাই।

ضَائِر : ক্ষতিকর।

ضَازَ : - (ضَيْز) অন্যায়ভাবে কাজ করা; অবিচার করা, না দেওয়া; কম দেওয়া।

قِسْمَة ضِيزَى : অন্যায় বণ্টন।

ضَاعَ : - (ضَيَاع، ضَيْعَة، ضَيْع) হারাইয়া যাওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া।

أَضَاعَ، ضَيَّعَ : (إِضَاعَة، تَضْيِيع) হারানো; খোয়ানো; নষ্ট করা; ধ্বংস করা; অপচয় করা; উপেক্ষা করা; ছাড়িয়া দেওয়া, হাতছাড়া করা।

أَضَاعَ : (إِضْوَاع) অধিক ভূসম্পত্তির মালিক হওয়া।

ضَيَاع، ضَيْع : হারানো (বি), হানি, নাশ, ধ্বংস, ক্ষয়।

ضَيْعَة : ভূসম্পত্তি; ক্ষুদ্র গ্রাম; খামার। ব ضِيَاع

ضَائِع : হারানো (বিণ); খোয়া গিয়াছে এমন; বিনাশপ্রাপ্ত। ব ضِيَاع، ضُيَّع

تَضْيِيع، إِضَاعَة : হারানো, খোয়ানো; বিনাশ; অপচয়; উপেক্ষা।

مُضِيع : অধিক ভূসম্পত্তির মালিক।

مِضْيَاع، مُضَيِّع : অপব্যয়, অমিতব্যয়ী, উড়নচণ্ডে।

مَضْيَعَة : ধ্বংস, নাশ, নষ্ট।

ضَافَ : - (ضِيَافَة، ضَيْف) মেহমান হওয়া, অতিথি হওয়া।

~ إِلَى : ঝুঁকিয়া পড়া।

~ عَنْ : লক্ষ্যভ্রষ্ট হওয়া; বিরত করা।

أَضَافَ : ~ مِنْ ভয় পাওয়া।

ضَيَّفَ (تَضْيِيف) أَضَافَ (إِضَافَة) : অতিথিরূপে গ্রহণ করা; মেহমানদারি করা, আপ্যায়ন করা।

أَضَافَ : ~ إِلَى যোগ করা, যুক্ত করা; সংযোজিত করা; আশ্রয় চাওয়া; সম্বন্ধযুক্ত করা (ব্যা)।

تَضَايَفَ : পাশাপাশি দাঁড়ানো, কিনারায় উপনীত হওয়া।

إِنْضَاف (إِنْضِيَاف) : ~ إِلَى যুক্ত হওয়া।

إِسْتَضَافَ : (إِسْتِضَافَة) দাওয়াত করা, নিমন্ত্রণ করা; আশ্রয় প্রার্থনা করা।

~ بِ : মেহমান হইতে চাওয়া, আতিথেয়তা যাচ্ঞা করা।

ضَيْف : মেহমান, অতিথি; দেখা করিবার জন্য আগত ব্যক্তি। ব ضِيفَان، أَضْيَاف، ضُيُوف

إِكْرَامُ الضَّيْفِ : অতিথিপরায়ণতা।

ضِيف : পার্শ্ব।

ضِيَافَة : আতিথেয়তা, আপ্যায়ন, মেহমানদারি, যিয়াফত।

إِضَافَة : যোগকরণ, সংযোজন, সংযুক্তি; বৃদ্ধি; অনুপাত; সম্বন্ধ পদ, ইদাফা (ব্যা)।

بِالإِضَافَةِ إِلَى : ছাড়াও, ব্যতীত; অনুপাতে; সম্পর্কে।

بِالإِضَافَةِ إِلَى ذٰلِكَ : অধিকন্তু, তাছাড়া।



www.pathagar.com

إِضَافِيٌّ : অতিরিক্ত; অনুসঙ্গী; আনুপাতিক, আপেক্ষিক।

إِضَافِيَّة : আপেক্ষিকতা।

مُضَاف : যুক্ত, সংযোজিত; যাহাকে সম্বন্ধ করা হয়। (ব্যা)

مُضَاف إِلَيْه : যাহার সহিত সম্বন্ধ করা হয় (ব্যা)।

مَضَافَة : অতিথিশালা, মেহমানখানা, সরাইখানা।

مَضِيف، مُضَيَّفَة : অতিথি কক্ষ।

مُضِيف : মেযবান, অতিথি সেবক, আপ্যায়নকারী, নিমন্ত্রণকারী; স্বাগতিক। স্ত্রী مُضِيفَة

مُضِيفَةُ الطَّائِرَات : বিমানবালা।

مِضْيَاف : অতিথিপরায়ণ।

ضَاقَ - : (ضِيْق) সংকীর্ণ হওয়া, সঙ্কুচিত হওয়া; কষ্টসাধ্য হওয়া; ক্লান্ত হওয়া।

ضَيَّقَ : (تَضْيِيق) সংকীর্ণ করা; সংকুচিত করা; আঁটিয়া বাঁধা।

~ عَلَى : চাপ দেওয়া; কঠোরতা করা; সংকটে ফেলা; অবরোধ করা।

ضَايَقَ (مُضَايَقَة) : কঠোরতা করা; বিরক্ত করা; কষ্ট দেওয়া।

أَضَاقَ : (إِضَاقَة) সংকীর্ণ করা, সংকুচিত করা; দরিদ্র হওয়া।

تَضَيَّقَ : সংকীর্ণ হওয়া।

تَضَايَقَ : সংকীর্ণ হওয়া; বিরক্ত হওয়া; অস্বস্তি বোধ করা।

~ مِنْ : ক্লান্ত হওয়া।

ضِيق : সংকীর্ণতা, অপ্রতুলতা; কষ্ট, অসুবিধা; অস্বস্তি, বিরক্তি।

ضِيقَة : দুরবস্থা; সংকটাবস্থা; দারিদ্র্য; খাতনা।

ضَائِق، ضَيِّق : সংকীর্ণ, সংকুচিত; কঠিন, কষ্টসাধ্য; আঁটসাঁট; সীমিত।

ضَيِّقُ الخُلُق : অসহিষ্ণু, খিটখিটে, অনুদার।

~ الصَّدْرِ : বিরক্ত, অনুদার।

~ العَقْلِ : স্বল্পবুদ্ধি, সীমিত বুদ্ধি, সংকীর্ণমনা।

~ النِّطَاق : সীমাবদ্ধ, সীমিত; স্বল্প পরিসর।

ضَائِقَة : অসুবিধা, সংকট, দুরবস্থা, দারিদ্র্য। ব ضَوَائِق

ضَائِقَة مَالِيَة : আর্থিক সংকট।

تَضْيِيق : সংকীর্ণকরণ, সংকোচন; চাপ; বিধি-নিষেধ; আঁটিয়া বন্ধন।

تَضْيِيقُ الخِنَاق : শ্বাসরোধ, অত্যাচার।

مَضِيق : সঙ্কীর্ণ পথ; গিরিপাশ; প্রণালী; সংকট। ব مَضَايِق، مضَائِق

مُضَائِق : বিরক্তিকর, ক্লান্তিকর।

مُضَايَقَة : কষ্ট, অসুবিধা; বাধা; বিরক্তি।

مُتَضَايِق : বিরক্ত, সংকটগ্রস্ত।

ضَامَ - : (ضَيْم)، إِسْتَضَامَ (إِسْتِضَامَة) অন্যায় করা, অত্যাচার করা; ক্ষতি করা; কষ্ট দেওয়া।

إِنْضَامَ : (إِنْضِيَام) গুরুতররূপে অসুস্থ হওয়া।

ضَيْم : অন্যায়, অত্যাচার; ক্ষতি, অনিষ্ট। ব ضُيُوم

ضِيم : পর্বত পার্শ্ব।

ضَائِم : অন্যায়কারী, অত্যাচারী।

مِنْضَام، مُسْتَضَام، مَضِيم : অত্যাচারিত; মযলুম।

مُنْضَام : গুরুতররূপে অসুস্থ।



www.pathagar.com

ط : তোয়া, আরবী বর্ণমালার ষোড়শ হরফ। সংখ্যামান ৯।

طَاء : "ط" বর্ণের নাম।

طَوَاوِيس ব طَاوُوس، طَاؤُوس : ময়ূর।

طَاطَا : (মস্তক) নত করা, নিচু করা।

طَأْطَاء : নিচু ভূমি।

مُطَاطِئ : মাথা নতকারী।

مُطَأْطَا : নতমস্তক।

طَبَّ : ـُ (طُبّ، طَبّ) চিকিৎসা করা; প্রতিকার করা; কোমল আচরণ করা; পতিত হওয়া।

طَبَّبَ : (تَطْبِيب) চিকিৎসা করা।

تَطَبَّبَ : চিকিৎসা লাভ করা; চিকিৎসাধীন হওয়া; চিকিৎসাশাস্ত্র চর্চা করা; চিকিৎসায় নিয়োজিত হওয়া।

إِسْتَطَبَّ : (إِسْتِطْبَاب) ঔষধ চাওয়া, ডাক্তারি পরামর্শ চাওয়া; (ডাক্তারের সহিত) পরামর্শ করা।

طِبّ : চিকিৎসা, ঔষধ; চিকিৎসাবিজ্ঞান; ইচ্ছা; অভ্যাস।

طِبّ الأَسْنَان : দন্ত চিকিৎসা।

~ الآذَان : কর্ণ চিকিৎসা।

~ أَمْرَاض الفَم : মুখ-ব্যাধির চিকিৎসা।

~ الأَمْرَاضِ الجِلْدِيَّة : চর্মরোগ চিকিৎসা।

~ شرعى : যৌন চিকিৎসা।

طِبّ امْرَاضِ النَّفْسِ ,~ العُقُول : মানসিক ব্যাধির চিকিৎসা।

~ العُيُون : চক্ষু চিকিৎসা।

~ النَّفْسِ : মনস্তাত্ত্বিক চিকিৎসা।

كُلِّيَّةُ الطِّبّ : চিকিৎসা মহাবিদ্যালয়, মেডিক্যাল কলেজ; চিকিৎসা অনুষদ।

طِبِّيّ : চিকিৎসা সংক্রান্ত, চিকিৎসা বিষয়ক।

طَبَّة : ছিপি; গদি।

طِبَّة : (ব طِبَابَة (ব طِبَاب) (طِبَب লম্বা ফালি।

طِبَابَة : চিকিৎসা পেশা।

طَبِيب : চিকিৎসক। ব أطباء, أطبة

طَبِيبُ الآذَانِ : কর্ণ চিকিৎসক।

~ الأَسْنَانِ : দন্ত চিকিৎসক।

~ الأَمْرَاض الجِلْدِيَّة : চর্মরোগ-চিকিৎসক।

~ ~ العَصَبِيَّة : স্নায়ুরোগ চিকিৎসক।

~ ~ العَقْلِيَّة : মানসিক ব্যাধির চিকিৎসক।

~ ~ النِسَائِيَة : স্ত্রীরোগ চিকিৎসক।

~ البَيْطَرِيّ : পশু চিকিৎসক।

~ اجَرَّاح : শল্য চিকিৎসক, সার্জন।

~ اخَاصّ : ব্যক্তিগত চিকিৎসক।

~ الشَيْخُوخَة : বার্ধক্যজনিত রোগের চিকিৎসক।

~ العُيُون : চক্ষু চিকিৎসক।

~ مُقِيم : আবাসিক ডাক্তার।

~ نَفْسَانِيّ : মনস্তাত্ত্বিক চিকিৎসক।

طَبِيبَة : মহিলা ডাক্তার।

تَطْبِيب، طِبَابَة : ডাক্তারি, ডাক্তারি চিকিৎসা।

مُتَطَبِّب : ডাক্তারি পেশায় নিয়োজিত ব্যক্তি, হাতুড়ে ডাক্তার।

طَبَخَ : ـُ (طَبْخ) রান্না করা, সিদ্ধ করা; সাজানো; মিথ্যা উদ্ভাবন করা।

طَبَّخَ : (تَطْبِيخ) রান্না করা; (শিশু) বর্ধিত হওয়া।



www.pathagar.com

اِنْطَبَخَ (اِنْطِبَاخ) اِطَّبَخَ، (اِطِّبَاخ) : রান্না হওয়া, সিদ্ধ হওয়া।

طَبْخ : রান্না; রান্না করা খাদ্য।

طِبَاخَة : রন্ধনকার্য, পাক প্রণালী।

طَبَّاخ : পাচক।

طَبِيخ : রান্নাকৃত।

~ : রান্না করা খাদ্য। ব أَطْبِخَة

طَبِيخَة : উষ্ণ বায়ু। ব طَبَائِخ

مَطْبَخ : রান্নাঘর। ব مَطَابِخ

مِطْبَخ : রান্না করিবার চুল্লিবিশেষ, cooking range. ব أَطْبَاخ

مَطْبُوخ : রান্নাকৃত; মিথ্যা উদ্ভাবিত, সাজানো।

طَبَرَ ـُ : (طَبْر) লম্ফ দেওয়া; আত্মগোপন করা।

طَبَر : কুঠার, যুদ্ধ কুঠার।

طِبْر : খুঁটি।

طَابُور : রেজিমেন্ট, ব্যাটেলিয়ান।

طَبَرْزَد : মিছরি।

طَبَرْزِين : কুঠার।

طَبَزَ ـُ : (طَبْز) (পাত্র) পূর্ণ করা।

طِبْز : প্রস্তর।

طَبَسَ ـُ : (طَبْس) ~ بِ (পানিতে, কাদায়) পা ডুবানো।

طَبَّسَ : (تَطْبِيس) কাদা মাখা; কাদায় খেলা করা।

طَبْش : মানুষ।

طَبَاشِير، طَبْشُورَة : খড়িমাটি, চক।

طَبْطَبَ : (طَبْطَبَة) কুলকুল ধ্বনিতে প্রবাহিত হওয়া।

~ عَلَى : চাপড়ানো, সোহাগ করা।

طَبْطَبَة : কুলকুল ধ্বনি।

طَبْطَابَة : ব্যাট, র‍্যাকেট।

طَبَعَ ـَ : (طَبْع) ছাপ দেওয়া, সীল দেওয়া; মুদ্রিত করা, ছাপানো; গঠন করা, গড়া।

طَبَّعَ : (تَطْبِيع) ছাপ মারিয়া দেওয়া; ভরিয়া দেওয়া; ময়লাযুক্ত করা; পোষ মানানো, অভ্যস্ত করা, প্রশিক্ষিত করা।

تَطَبَّعَ : পরিপূর্ণ হওয়া; পোষ মানা, প্রশিক্ষণপ্রাপ্ত হওয়া।

~ بِ : ধারণ করা, গ্রহণ করা, অভ্যস্ত হওয়া।

اِنْطَبَعَ : (اِنْطِبَاع) ছাপযুক্ত হওয়া; প্রভাবিত হওয়া।

~ فِي : ছাপ রাখা।

طَبْع : মুদ্রণ, ছাপযুক্তকরণ।

~ : ছাপ, সীল; স্বভাব ; বৈশিষ্ট্য; মেযাজ; ছাঁচ, নমুনা। ব طِبَاع

طَبْعُ الحَجَر : লিথোগ্রাফি, lithography.

~ الحُرُوف : মুদ্রণবিদ্যা, typography.

إِعَادَةُ الطَّبْع : পুনর্মুদ্রণ।

~ تَحْتَ : যন্ত্রস্থ।

~ مُسَوَّدَة : প্রুফশিট, proof sheet.

~ سَيِّئ : দুশ্চরিত্র।

~ شَاذّ : বিরল প্রকৃতি।

~ صِنَاعَة : মুদ্রণ শিল্প।

~ وَرَق : ছাপার কাগজ।

بِالطَّبْع، طَبْعًا : স্বভাবত, অবশ্যই।

طَبْعَة : মুদ্রণ, সংস্করণ।

طَبَّاع : মুদ্রণকারী, মুদ্রাকর; কুম্ভকার, তরবারি প্রস্তুতকারী।

طِبَاعَة : মুদ্রণ, ছাপার কাজ।

آلَةُ الطِّبَاعَة : মুদ্রণ যন্ত্র, ছাপাখানা।

طَابِع : মুদ্রণকারী, মুদ্রাকর।

طَابَع : সীল, ছাপ, স্ট্যাম্প, টিকিট; বড়ি। ব طَوَابِع

طَابَعُ الأَصَابِع : আঙুলের ছাপ।



www.pathagar.com

طَبَقَ : ـُ (طَبْق) ~ عَلَى আচ্ছন্ন করা; চাপা দেওয়া।

طَبِقَ : ـَ (طَبَق) বন্ধ হইয়া যাওয়া।

طَبَّقَ : (تَطْبِيْق) আচ্ছন্ন করা, ছাইয়া যাওয়া; পরিব্যাপ্ত করা, আবৃত করা; খাপ খাওয়ানো, সামঞ্জস্য বিধান করা; একত্রিত করা; বন্ধ করা; ভাঁজ করা; (ঘোড়ার পায়ে) নল বাঁধা; একই বিন্দুতে মিলিত করা।

طَابَقَ : (مُطَابَقَة) সম্মত হওয়া; যথাযথ হওয়া; অনুযায়ী হওয়া; অনুরূপ হওয়া; খাপ খাওয়ানো, মানানসই করা, উপযোগী করা, সমন্বয় বিধান করা; ক্ষুদ্র পদক্ষেপে হাঁটা।

~ بَيْنَ : সমন্বয় বিধান করা।

~ عَلَى : অভ্যস্ত হওয়া; সম্মত হওয়া।

أَطْبَقَ : (إِطْبَاق) বন্ধ করা; আবৃত করা, আচ্ছাদিত করা; ভাঁজ করা।

~ عَلَى : পরিব্যাপ্ত করা, পরিবেষ্টিত করা, সম্মত হওয়া, একমত হওয়া।

تَطَبَّقَ : বন্ধ হওয়া; ভাঙ্গিয়া পড়া; আবৃত হওয়া; আচ্ছাদিত হওয়া।

تَطَابَقَ : একমত হওয়া।

إِنْطَبَقَ : (إِنْطِبَاق) বন্ধ হওয়া।

~ عَلَى : প্রযোজ্য হওয়া; অনুযায়ী হওয়া; অনুরূপ হওয়া; উপযোগী হওয়া, যথাযথ হওয়া, মানানসই হওয়া।

طِبْق، طِبَاق : অনুযায়ী, অনুসারে। ব أَطْبَاق، طِبَاقٌ

طِبْقَ الْمَرَام : সন্তোষজনকভাবে।

صُوْرَةٌ طِبْقَ الأَصْلِ : অনুলিপি, true copy.

طَبَق : আবরণ, আচ্ছাদন; থালা; ট্রে; প্লেট। ব أطباق

~ : طِبَاق স্তূপ।

~ : ব طِبَاق، أَطْبَاق স্তর।

طَبِق، مَطْبُوق : বন্ধ; আবদ্ধ।

طِبْقَة : ফাঁদ। ব طِبْق، طِبَق

~ البَرِيد ,طَابَع بَرِيدِيّ : ডাক-টিকিট।

~ الحُسْنِ : সৌন্দর্য তিলক, beauty-spot.

طَبِيْعَة : প্রকৃতি, স্বভাব, চরিত্র, মেযাজ। ব طَبَائِع

عِلْمُ الطَّبِيْعِيَّات، عِلْمُ الطَّبِيْعَة : পদার্থবিদ্যা, প্রকৃতি বিজ্ঞান।

~ الطَّبِيْعَة الحَيَوِيَّة : জীবপদার্থ বিদ্যা, biophysics.

~ عَالِمُ : পদার্থ বিজ্ঞানী, প্রকৃতি বিজ্ঞানী।

~ فَوْق : অতিপ্রাকৃতিক।

الطَّبِيْعَةُ البَشَرِيَّة : মানব প্রকৃতি।

بِطَبِيْعَةِ الحَال : স্বভাবতই।

الطَّبَائِع الأَرْبَع : (শরীরের) চারি উপাদান।

طَبِيْعِيّ : প্রাকৃতিক, স্বভাবজাত, স্বাভাবিক; সচরাচর, চিরাচরিত। স্ত্রী طَبِيْعِيَّة

تَارِيخ طَبِيْعِيّ : প্রাকৃতিক ইতিহাস।

جُغْرَافِيَة طَبِيْعِيَّة : প্রাকৃতিক ভূগোল।

عَالِم طَبِيْعِيّ : পদার্থ বিজ্ঞানী।

مَطْبَعَة، مَطْبَع : ছাপাখানা, মুদ্রণালয়; সংবাদপত্র। ব مَطَابِع

حُرِّيَّةُ المَطَابِع : প্রেসের স্বাধীনতা।

مَطْبَعِيّ : মুদ্রণসংক্রান্ত।

غَلْطَة مَطْبَعِيَّة، خَطَا مَطْبَعِيّ : মুদ্রণ প্রমাদ, ছাপার ভুল।

مَطْبَعْجِي : মুদ্রাকর।

مِطْبَعَة : মুদ্রাযন্ত্র, প্রেস। ব مَطَابِع

مُطَبَّع : প্রশিক্ষণপ্রাপ্ত, পোষা।

مَطْبُوع : ছাপযুক্ত, মুদ্রিত; অভ্যস্ত; সহজাত।

شَاعِر مَطْبُوع : সহজাত কবি।

مَطْبُوعَات : মুদ্রিত বস্তু, printed matter.

قَلَمُ المَطْبُوعَات : প্রেস ব্যুরো, press bureow.



www.pathagar.com

طَبَقَة : শ্রেণী; স্তর; (ভবনের) তলা; সমকালীন লোক; অবস্থা; (সুরের) মাত্রা। ব طَبَقَات

الطَّبَقَةُ الْمُتَوَسِّطَة : মধ্যবিত্ত শ্রেণী।

حَرْبُ الطَّبَقَات : শ্রেণীযুদ্ধ, শ্রেণী সংগ্রাম।

عِلْمُ طَبَقَاتِ الأَرْضِ : ভূতত্ত্ববিদ্যা।

طَابَق : ইট, (ভবনের) তলা। ব طَوَابِق

الطَّابَق الأَرْضِي : নিচ তলা।

طَبِيق، طِبَاق : অনুযায়ী, অনুরূপ, উপযোগী।

~ : বিপরীত অলংকার, antithesis.

طَبَاق، طُبَاق : তামাক, ধূমপানের ধোঁয়া।

تَطْبِيق : সমন্বয় সাধন, সামঞ্জস্য বিধান; প্রয়োগ, ব্যবহার; ভাঁজকরণ।

تَطْبِيقِي : ব্যবহারিক; ফলিত।

مُطْبِق : আবৃতকারী, আচ্ছন্নকারী; সামগ্রিক; সম্পূর্ণ; নিরঙ্কুশ, গোটা, মোট; ব্যাপক; বদ্ধ কারা; পাতাল-প্রকোষ্ঠ।

الحُرُوف المُطْبِقَة : ص، ض، ط، ظ এই চারটি বর্ণ।

مُطَابِق : অনুযায়ী, মোতাবেক; অনুরূপ; সঙ্গতিপূর্ণ।

مُطَابِق لِلحَقِيقَة : বাস্তবসম্মত।

تَطَابُق، مُطَابَقَة : সামঞ্জস্য, সংগতি, মিল।

(تَطْبِيل) طَبَّلَ، (طَبْل) : ـُ طَبَلَ ঢাক বাজানো, ঢোল পিটানো; প্রচার করা।

طَبْل : ঢাক, ঢোল, দামামা, তবলা। ব طَبْلَة، أَطْبَال، طُبُول

طَبْلَة الأُذُنِ : কানের পর্দা।

~ الفُنُغْرَاف : সাউন্ডবক্স, sound-box.

طَبَّال : ঢাকি, ঢুলি।

طَبْلِيَّة : নিচু গোলাকার টেবিলবিশেষ, ঘূর্ণায়মান গোলাকার মঞ্চ বিশেষ, turn-table; কানের পর্দা। ব طَبَالِيّ

تَطَبَّل : ফাঁপা; স্ফীত।

تَطَبُّلُ البَطْنِ : উদরস্ফীতি, পেটফাঁপা।

مُطَبَّل : সিক্ত, স্যাঁতসেঁতে।

طَبَنَ - : (طَبْن) (আগুন) ঢাকিয়া রাখা, চাপা দিয়া রাখা।

(طَبَانِيَة، طُبُونَة، طَبَانَة، طَبْن) : ـَ طَبِنَ চতুর হওয়া, দক্ষ হওয়া; বুদ্ধিমান হওয়া।

طَابَنَ : (مُطَابَنَة) (গর্ত) খনন করা; একমত হওয়া।

طَبَن، طَبْن : বিশাল জনতা।

طُبْن : গিটার, লিউট।

طِبْنَة : চাতুর্য, দক্ষতা, বুদ্ধিমত্তা। ব طِبَن

طَابِن، طَبِن : চতুর, দক্ষ, বুদ্ধিমান।

طَابُون : আগুন ঢাকিয়া রাখিবার গর্ত।

طُبُونَة، طَابُونَة : রুটি সেঁকিবার চুল্লি; তন্দুর; রুটির কারখানা, বেকারি।

طَبَّان : (চাকার) টায়ার।

طَبَنْجَة : পিস্তল।

إِطَّبَى (إِطِّبَاء) أَطْبَى (طَبْي)- طَبَى (طَبْو) :ـُ طَبَا আহ্বান করা।

طُبْي : স্তনের বোঁটা। ব أَطْبَاء

طَابِيَة : ছোট দুর্গ। ব طَوَابٍ

(দুধ) تَطْثِير، طَثَّرَ، (طُثُور، طَثْر) : ـُ طَثَرَ সরে পূর্ণ হওয়া।

أَطْثَرَ : (إِطْثَار) বৃদ্ধি করা।

طَثْرَة : সর; কাদামাটি; বিলাসময় জীবন; মসৃণ পশম; সবুজ শেওলা।

طَاثِر : সরে পূর্ণ (দুধ)।

طَيْثَار، طَثْيَار : মশা, ডাঁশ।

طَجَنَ : ـُ (طَجْن) ভুনা করা, ঝলসাইয়া রান্না করা।

طَاجِن : (ব طَوَاجِن) طَيْجَن (ব طَيَاجِن) চাটু; কড়াই; রান্না করিবার জন্য অগভীর মৃৎপাত্রবিশেষ।



www.pathagar.com

طَحَّ ـُ : (طَحٌّ) ছড়াইয়া দেওয়া।

اطَّحَّ : (إِطِّحَاح) নিচে ফেলিয়া দেওয়া, নিক্ষেপ করা।

إِنْطَحَّ : (إِنْطِحَاح) ছড়াইয়া যাওয়া।

طَحَثَ ـَ : (طَحْث) হটাইয়া দেওয়া।

طَحَرَ ـَ : (طَحِير، طَحْر) দীর্ঘশ্বাস টানা; (ময়লা) বাহির করিয়া দেওয়া।

طَحْر، طَحَر، طَحَرَة : ক্ষুদ্র স্বচ্ছ মেঘ।

طُحَار، طَحِير : দীর্ঘশ্বাস।

مِطْحَر : অনেক দূরে তীর নিক্ষেপকারী (ধনুক); দ্রুত ধাবমান (তীর)।

مِطْحَرَة : বেপরোয়া যুদ্ধ।

طُحْرُور : বিচ্ছিন্ন মেঘ। ব طَحَارِير

طَحْطَحَ : (طَحْطَحَة) চূর্ণ করা; ভাঙ্গিয়া ফেলা।

طَحَلَ ـَ : (طَحْل، طَحَل) প্লীহায় আঘাত করা।

طُحِلَ : প্লীহা রোগে আক্রান্ত হওয়া।

طَحِلَ ـَ : (طَحَل) প্লীহা বর্ধিত হওয়া; (পানি) দুর্গন্ধময় হওয়া; (পশু) ঈষৎ কালো বর্ণের হওয়া।

طَحْل، طُحْل : তলানি, গাঁদ।

طِحَال : প্লীহা। ব أَطْحِلَة، طُحُل

طُحَال : প্লীহা, প্লীহা রোগ।

أَطْحَل : ছাই বর্ণ। স্ত্রী طَحْلَاء ব طُحْل

مَطْحُول : প্লীহা-রোগে আক্রান্ত, রোগাক্রান্ত প্লীহা বিশিষ্ট।

طَحْلَبَ : (طَحْلَبَة) শেওলাপূর্ণ হওয়া।

طِحْلِب، طُحْلُب : শেওলা। ব طَحَالِب

مُطَحْلَب : শেওলাপূর্ণ।

طَحَنَ ـَ : (طَحْن)، طَحَّنَ চূর্ণ করা, ধ্বংস করা।

تَطَحَّنَ : চূর্ণ হওয়া।

تَطَاحَنَ : ঝগড়া করা, বিতর্কে লিপ্ত হওয়া।

طِحْن، طَحِين : গোধূম চূর্ণ, আটা, ময়দা।

طَحِينَة : তিলের তৈলের তলানি; তিলের তৈল দ্বারা প্রস্তুত আচারবিশেষ।

طَحِينِيَّة : তিল, ময়দা ও চিনি দ্বারা প্রস্তুত মিষ্টান্ন বিশেষ।

طَاحِن، طَاحِنَة : পেষণ-দন্ত। ব طَوَاحِن

طَحَّان : শস্য চূর্ণকারী, জাঁতিকলের মালিক।

طَاحُون، طَاحُونَة : (ব طَوَاحِين) مِطْحَنَة (ব مَطَاحِن) জাঁতিকল, আটার চাকি।

طَاحُونُ الْهَوَاءِ، طَاحُونُ الرِيحِ : বায়ুচালিত কল।

~ الْمَاءِ : পানিচালিত কল।

~ ~ دُولَابُ : পানিচালিত চাকা।

مَطْحَنَة : ময়দার কল। ব مَطَاحِن

طَحَا ـُ : (طَحْو) চলিয়া যাওয়া, ধ্বংস হওয়া; ফেলিয়া দেওয়া।

~ ـَ : (طَحْو) মাটিতে ছড়াইয়া দেওয়া।

~ بِ : অস্থির করা; (বল) নিক্ষেপ করা।

طَحًا : সমতল ভূমি।

طَاحٍ : চারিদিকে ছড়ানো বস্তু।

طَخَمَ ـَ : (طَخْم)، طَخُمَ ـُ (طَخَامَة) গর্বিত হওয়া।

إِطْخَمَّ : (إِطْخِمَام) (গোশত) কালো হইয়া যাওয়া।

طَخْمَة : ছাগলের পাল।

طُخْمَة : নাকের অগ্রভাগের কালো তিল।

طَخِيم : কালো শুকনা গোশত।

طَخَا ـُ : (طُخُوٌّ) (রাত) অন্ধকার হওয়া।

طَخَاء : উঁচু মেঘ; উদ্বেগ।

طَخْيَة، طُخْيَة : অন্ধকার।

طَاخِيَة : ঘন, গাঢ় (অন্ধকার)।

طَخْيَاء : অন্ধকার রাত্রি।



www.pathagar.com

طَـرَّ ـُ : (طَرّ) (পশু) তাড়াইয়া নেওয়া; চুনকাম করা, ছিনাইয়া লওয়া; কর্তন করা।

~ ـُ : (طَرّ) গজাইয়া উঠা, উদ্‌গত হওয়া।

~ ـُ : (طُرُور، طَرّ) ধারালো করা।

أطَرَّ : (إطْـرَار) ভূপাতিত করা; প্ররোচিত করা; খাটো করা।

طُرَّة : ললাট; মাথার সম্মুখভাগের কেশগুচ্ছ; পার্শ্ব, কিনারা; নদীর তীর; ডোরা; সীল; মনোগ্রাম। ব طُـرَر

طَرَّار : তাম্বুরাবাদক; পকেটমার; বদমাশ।

طَرِير : সুদর্শন।

مَـطْـرُور ,~ : ধারালো।

طَـرَأ ـَ : (طُـرُوء، طَـرْء) ~ عَلَى আপতিত হওয়া, আকস্মিকভাবে ঘটা, আকস্মিকভাবে আসিয়া পড়া।

~ : উপনিবেশ স্থাপন করা।

طَرُأ ـُ : (طَرَاء، طَرَاءَة) তাজা হওয়া।

أطْرَأ : উচ্চ প্রশংসা করা।

طَرِئ : (إطْرَاء) তাজা, নূতন; সাম্প্রতিক।

طَـارِئ : অপ্রত্যাশিত; আকস্মিক; বিদেশী; আকস্মিক ঘটনা। ক طُرَّاء، طُرَاء

طَـارِئَة : আকস্মিক ঘটনা, অপ্রত্যাশিত বিষয়; দুর্ঘটনা, বিপদ; উপনিবেশ। ব طَوَارِئ

حَالَةُ الطَّوَارِئ : জরুরি অবস্থা।

طُرْآنِيّ : অজ্ঞাত স্থান হইতে আগত; অজ্ঞাত বংশোদ্ভূত, অদ্ভুত, বন্য।

طَـرِبَ ـَ : (طَـرَب) উল্লসিত হওয়া, প্রফুল্ল হওয়া; আনন্দিত হওয়া; অশান্ত হওয়া; অস্থির হওয়া।

طَـرَّبَ (تَـطْـرِيـب)، اَطْـرَبَ (إطْـرَاب) : উল্লসিত করা, আনন্দিত করা; গান করা, সঙ্গীত পরিবেশন করা।

طَرَب : আনন্দ, উল্লাস; বিনোদন; সঙ্গীত। ব أطْرَاب

آلَةُ الطَّرَب : বাদ্যযন্ত্র।

طَرِب : আনন্দিত, উল্লসিত; প্রফুল্ল; বিমুগ্ধ; ব্যথিত; বিষণ্ন।

طَرُوب : প্রাণবন্ত, প্রফুল্ল; উল্লসিত। ব طِرَابٌ

إطْرَاب : আনন্দ।

مَطْرَبَة، مَطْرَب : সংকীর্ণ পথ। ব مَطَارِب

مُطْرِب : আনন্দজনক, মুগ্ধকর, মনোহর; সুরেলা (আওয়াজ); গায়ক।

مُطْرِبَة : গায়িকা।

طَرْبُوش : রুমী টুপী; তুর্কী টুপি। ব طرابيش

طِرْبَال : দেয়াল কিংবা পাহাড়ের অংশ; প্রস্তর ফলক সুউচ্চ পাকা গৃহাদি। ব طَرَابِيل

طِرْبِيل : শস্য মাড়াইয়ের যন্ত্র। ব طَرَابِيل

طَرَابُلُس : ত্রিপোলি। লিবিয়ার রাজধানী। লেবাননের একটি বন্দর নগরী।

طُرْبِيد، طُورْبِيد : টর্পেডো।

طَـرَحَ ـَ : (طَرْح) নিক্ষেপ করা, ছুঁড়িয়া মারা ; ফেলিয়া দেওয়া; বিতাড়িত করা, বর্জন করা; বিয়োগ করা, বাদ দেওয়া।

طَرَحَتِ الْمَرْأةُ : স্ত্রীলোকটি গর্ভপাত করিল।

طَرَحَ ~ بِ : নিক্ষেপ করা।

~ عَلَى : (কাপড়) পরিধান করানো; (প্রশ্ন) জিজ্ঞাসা করা; উপস্থাপিত করা, পেশ করা।

طَرَحَ عَلَى الأرْضِ : ভূপাতিত করা।

~ عَنْ : ছুঁড়িয়া ফেলা, ফেলিয়া দেওয়া, প্রত্যাখ্যান করা।

طَرِحَ ـَ : (طَرَح) বিলাসিতায় জীবন যাপন করা।

طَـرَّحَ : (تَـطْـرِيـح) দূরে নিক্ষেপ করা; গর্ভপাত করানো।

طَارَحَ (مُطَارَحَة)، تَطَارَحَ : বিনিময় করা।

طَارَحَ الْحَدِيث، طَارَحَ الْكَلَام : কথাবার্তা বলা, আলোচনা করা।

طَارَحَهُ الأسْئِلَة : জিজ্ঞাসাবাদ করা।

تَطَرَّحَ : মাটিতে পড়া; ডিগবাজি খাওয়া।



www.pathagar.com

إِنْطَرَحَ : (إِنْطِرَاح) বিতাড়িত হওয়া; নিক্ষিপ্ত হওয়া, পতিত হওয়া; ধাবিত হওয়া।

طَرْح : নিক্ষেপ; প্রত্যাখ্যান; গর্ভপাত; বিয়োগ, বাদ।

طَرْح البَحْر : (নদী বা সমুদ্রের) চর।

طِرْح : অকালজাত ভ্রূণ; গর্ভপাত।

طَرْحَة : মস্তকাবরণ; ঘোমটা। ব طُرَح

طَرَح، طِرَاح، طُرُوح : দূরবর্তী স্থান।

طَرَّاحَة : তোশক, গদি। ব طَرَارِيح

طَرْحِيَّة : কাগজের তা। ব طَرَاحِيّ

طَرِيح : নিক্ষিপ্ত, ভূপাতিত; ভূমিতে শায়িত; বিতাড়িত; বিদূরিত, প্রত্যাখ্যাত। ব طَرْحَى

طَرِيحُ الفِرَاش শয্যাগত।

طَرِيحَة : নির্দিষ্ট কাজ।

أُطْرُوحَة : গবেষণামূলক প্রবন্ধ, অভিসন্দর্ভ। ব أَطَارِيحُ

مَطْرَح : নিক্ষেপস্থল; আসন; স্থান। ব مَطَارِح

مَطْرُوح : নিক্ষিপ্ত; বিয়োজিত।

مَطْرُوح مِنْهُ : বিয়োজ্য।

مُنْطَرِح : নিক্ষিপ্ত।

طَرْخَان : রাজকুমার; প্রধান। ব طَرَاخِنَة

طَرْخُون : উদ্ভিদবিশেষ, tarragon.

طَرَدَ ـُ : (طَرْد) তাড়াইয়া দেওয়া, বিদূরিত করা।

طَرَّدَ : (تَطْرِيد) তাড়াইয়া দেওয়া; পশ্চাদ্ধাবন করা।

طَارَدَ : (مُطَارَدَة) আক্রমণ করা, পিছু ধাওয়া করা।

أَطْرَدَ : (إِطْرَاد) বিতাড়িত করা, নির্বাসিত করা।

تَطَارَدَ : একে অপরকে আক্রমণ করা।

اِنْطَرَدَ : (اِنْطِرَاد) বিতাড়িত হওয়া।

إِطَّرَدَ : (إِطِّرَادٌ) পারম্পর্য হওয়া; অনুক্রমিক হওয়া, ধারাবাহিক হওয়া, নিরবচ্ছিন্ন হওয়া; প্রচলিত হওয়া; (নদী) প্রবাহিত হওয়া; বিতাড়িত হওয়া।

إِسْتَطْرَدَ : (إِسْتِطْرَاد) বলিতে থাকা; প্রসঙ্গ বদল করা; অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা করা।

إِسْتَطْرَدَ لَهُ فِي الحَرْب : কৌশলে পশ্চাদপসরণ করিয়া পুনরায় আক্রমণ পরিচালনা করা।

طَرْد، طَرْدَة : বিতাড়ন, নির্বাসন; অপসারণ; পশ্চাদ্ধাবন।

~ : পার্সেল, গাঁটরি। ব طُرُود

طَرْدًا وَعَكْسًا : সার্বিকভাবে, পুঙ্খানুপুঙ্খভাবে।

طِرَاد، مُطَارَدَة : পশ্চাদ্ধাবন।

طَرَّاد، طَرَّادَة : ক্রুজার, cruiser.

~ : (নদীর) বাঁধ।

طَرِيد : বিতাড়িত, বিদূরিত, নিক্ষিপ্ত; বঞ্চিত; পলায়নপর; (দীর্ঘ) দিন; আরেকজনের পূর্বে কিংবা পরে জাত।

الطَرِيدَانِ : দিবা ও রাত্রি।

طَرِيدَة : শিকারের পশু, শিকার; ভূখণ্ড; কাপড়ের লম্বা ফালি। ব طَرَائِد

إِطِّرَاد : পারম্পর্য, অনুক্রমিকতা, ধারাবাহিকতা; নির্বাসন।

إِسْتِطْرَاد : অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা, সংযোজন।

مِطْرَد : বর্শা, বল্লম।

مُطَّرِد : পারম্পর্য, অনুক্রমিক, ধারাবাহিক, নিরবচ্ছিন্ন; সাধারণ; প্রচলিত।

قَاعِدَة مُطَّرِدَة : সাধারণ নিয়ম।

مُطَارِد : পশ্চাদ্ধাবনকারী; শিকারি।

طَرِزَ : (طَرَز) সজ্জিত হওয়া।

طَرَّزَ : (تَطْرِيز) সজ্জিত করা, অলঙ্কৃত করা, (কাপড়ে) সূচিকর্ম করা, এম্ব্রয়ডারি করা।

طَرْز : (طِرَاز) আকার; রীতি; পদ্ধতি; ধরন; ডিজাইন, নমুনা, মডেল, ব্রান্ড। ব أَطْرِزَة، طُرُز، طُرُوز



www.pathagar.com

تَطْرِيز، طِرَازَة، طِرَاز : সূচিকর্ম; এম্ব্রয়ডারি, এম্ব্রয়ডারি করা কাপড়।

مِنْ طِرَاز : মডেলের।

جَدِيد الطِّرَاز ,مِنْ طِرَاز حَدِيث : নূতন মডেলের, আধুনিক ডিজাইনের।

قَدِيم الطِّرَاز، مِنْ طِرَاز قَدِيم : প্রাচীন মডেলের, পুরাতন ডিজাইনের।

مُطَرَّز : নকশিকৃত, কারুকার্যকৃত (কাপড়)।

طَرَسَ - ِ : (طَرْس) বিলুপ্ত করা, মুছিয়া ফেলা।

طَرَّسَ : (تَطْرِيس) মুছিয়া পুনরায় লেখা।

طِرْس : কাগজের পৃষ্ঠা, কাগজ। ব طُرُوس، أطْرَاس

طَرَسُوس : তুরস্কের একটি শহর, Tarse.

طَرَشَ - ُ : (طَرْش) চুনকাম করা; বমন করা; উদ্‌গিরণ করা।

طَرِشَ - َ : (طَرَش) বধির হওয়া।

طَرَّشَ : (تَطْرِيش) বধির করা; বমন করানো।

تَطَارَشَ : না শোনার ভান করা, বধির সাজা।

طَرْش : চুনকাম।

~ : গবাদিপশুর পাল। ব طُرُوش

طَرَش، طُرْشَة : বধিরতা।

أطْرَش : বধির। স্ত্রী طَرْشَاء ব طُرْش

أطْرَش أسَكّ : বদ্ধ কালা।

مُطَرِّش : বমনকারক।

طَرِطَ - َ : (طَرَط) নির্বোধ হওয়া।

طَرِط، طَارِط : নির্বোধ।

طَرْطَرَ : (طَرْطَرَة) দম্ভ করা, অহমিকা প্রদর্শন করা।

طُرْطُر : শুঁয়া পোকা।

طُرْطُور : মস্তকাবরণ; মোচাকৃতি টুপি, সুচালো শীর্ষক টুপি। ব طَرَاطِير

طَرْطَشَ : (طَرْطَشَة) অমসৃণ আস্তর করা।

طَرْطَشَة : অমসৃণ আস্তর।

طَرْطَقَ : (طَرْطَقَة) (কান) খাড়া করা।

طَرْطَلَ : (طَرْطَلَة) তোতলামি করা।

طَرْطُوفَة : প্রান্ত; ডগা; অগ্রভাগ; ছত্রাকবিশেষ, ব্যাঙের ছাতা, truffle.

طَرْطِير : (দাঁতের) পাথরি।

طَرَفَ - ِ : (طَرْف) চক্ষু পিটপিট করা, মিটমিট করা; মুখে চপেটাঘাত করা।

~ عَيْنَهُ : চোখে আঘাত করিয়া পানি বাহির করা।

~ بِعَيْنِه : চক্ষু পিটপিট করা, মিটমিট করা।

طَرُفَ - ُ : (طَرَافَة) (সম্পদ) নূতন দখলে আসা, নবলব্ধ হওয়া।

طَرَّفَ : কিনারায় লইয়া যাওয়া; কিনারায় চলা; দাঁত হারানো; পছন্দ করা; আঙুলের ডগায় রং লাগানো।

أطْرَفَ : (إطْرَاف) নূতন কিছু বলা; নূতন বস্তু উপহার দেওয়া; চক্ষু বন্ধ করা।

تَطَرَّفَ : চরমপন্থী হওয়া, বাড়াবাড়ি করা, সীমালঙ্ঘন করা; কিনারায় চলা; ধারালো হওয়া।

إطَّرَفَ : (إطِّرَاف) নূতন বস্তু ক্রয় করা।

إسْتَطْرَفَ : (إسْتِطْرَاف) নূতন দেখিতে পাওয়া, নূতন মনে করা, অপূর্ব মনে করা।

طَرْف : চক্ষু; দৃষ্টি; পলক।

طِرْف : সম্ভ্রান্ত; নূতন, সদ্য পরিচিত। ব أطْرَاف

~ : উচ্চ জাতের ঘোড়া; সম্ভ্রান্ত, মহৎ; নবলব্ধ (সম্পদ)। ব طُرُوف، أطْرَاف

طَرَف : পার্শ্ব, প্রান্ত, কিনারা, সীমা; অগ্রভাগ, ডগা; শেষ, সমাপ্তি; অঞ্চল; এলাকা; অংশ; দিক; অঙ্গ; দল; পক্ষ। ব أطْرَاف

أخْلَى طَرَفَهُ : তাকে বরখাস্ত করিল; মুক্ত করিয়া দিল, দায়মুক্ত করিল, অব্যাহতি দিল।

طَرْفَة : দৃষ্টি; পলক; আহত চক্ষুতে রক্তের দাগ।

فِي طَرْفَة عَيْنٍ : চোখের পলকে, মুহূর্তের মধ্যে।



www.pathagar.com

طُرْفَة : সরস উক্তি; অভিনব বস্তু, বিরল দ্রব্য, দুর্লভ পদার্থ; উপহার। ব طُرَف

طَرَفَة : তরফা ইব্‌নুল 'আবদ (৫৪৩-৫৬৯ খ্রি.) মু'আল্লাকার অন্যতম কবি।

طَرْفَاء : ঝাউগাছ।

طِرَاف : অভিনব বস্তু, মর্যাদা।

~ : চামড়ার তাঁবু। ব طُرُف

طَرَافَة : নূতনত্ব, অভিনবত্ব।

طَارِف : নবলব্ধ।

طَرِيف : নবলব্ধ; নূতন; অভিনব; বিরল; দুর্লভ; অদ্ভুত; ভুঁইফোড়। ব طِرَاف، طُرُف

طَرِيفَة : অভিনব বস্তু; বিরল দ্রব্য; দুর্লভ পদার্থ; সরস উক্তি। ব طَرَائِف

تَطَرُّف : বাড়াবাড়ি, সীমালঙ্ঘন, চরম পন্থা।

مُطْرِف : নবলব্ধ।

مِطْرَف، مُطْرَف : শাল কাপড়। ব مَطَارِف

مِطْرَاف : অস্থির, চঞ্চল।

مُتَطَرِّف : চরম; প্রত্যন্ত; দূরতম; সীমালঙ্ঘনকারী; চরমপন্থী।

مُسْتَطْرَف : নূতন, অপূর্ব, অনবদ্য।

طَرْفَسَ : মিটমিট করা; অনেক পোশাক পরিধান করা; (রাত্রি) অন্ধকার হওয়া।

طِرْفِسَان : অন্ধকার।

طِرْفِسَاء : অন্ধকার (রাত্রি)।

طَرْفَشَ : (طَرْفَشَة) মিটমিট করা।

طَرَقَ ـُ : (طَرْق) শব্দ করা, আঘাত করা, কড়া নাড়া, মুগুর দ্বারা আঘাত করা; (ঘণ্টা, বাদ্যযন্ত্র) বাজানো; আপতিত হওয়া।

~ ـُ : (طُرُوق، طَرْق) রাত্রে আগমন করা।

طَرَقَ أُذُنَهُ : তার কানে আঘাত করিল, কানে লাগিল।

~ أَسْوَاقًا جَدِيدَةً : নূতন বাজার পরখ করা।

~ الْبَابَ : দরজায় আঘাত করা, ধাক্কা দেওয়া; কড়া নাড়া।

~ بِالْبَالِ : মনে উদয় হওয়া।

~ الطَّرِيقَ : রাস্তা মাড়ানো; রাস্তায় চলা।

~ الْمَوْضُوعَ : বিষয় আলোচনা করা।

طَرَّقَ : (تَطْرِيق) মুগুর দ্বারা আঘাত করা, পিটাইয়া পাতলা করা।

~ بِ : অস্বীকৃতির পর স্বীকার করা।

~ لِ : রাস্তা খুলিয়া দেওয়া।

أَطْرَقَ : (إِطْرَاق) নীরবে মাথা নত করিয়া থাকা; একে অন্যকে অনুসরণ করা।

أَطْرَقَ بِرَأْسِهِ، أَطْرَقَ رَأْسَهُ : মাথা নিচু করা।

~ مُفَكِّرًا : ধ্যানমগ্ন হওয়া।

تَطَرَّقَ : ~ إِلَى কাছে যাওয়া, নিকটবর্তী হওয়া; প্রবেশ করা; উপনীত হওয়া; প্রবৃত্ত হওয়া।

إِطَّرَقَ : (إِطِّرَاق) বিস্তৃত হওয়া; একে অন্যকে অনুসরণ করা।

إِسْتَطْرَقَ : (إِسْتِطْرَاق) পরামর্শ করা; অভ্যাসে পরিণত করা; পথ অনুসরণ করা।

طَرْق : আঘাতকরণ।

يُمْكِنُ طَرْقُهُ : অভঙ্গুর, ঘাতসহ; malleable. নমনীয়।

طَرْقَة : আঘাত, ধাক্কা; একবার। ব طَرَقَات

طُرْقَة : রাস্তা; পথ, পন্থা; পদ্ধতি; অভ্যাস; বারান্দা। ব طُرَق

طَرِيق : রাস্তা; পথ; সড়ক; পন্থা; পদ্ধতি। ব طُرُقَات، طُرُق

~ : ভঙ্গুর, ঘাতসহ।

طَرِيقُ الْبَحْرِ : সমুদ্র পথ, নৌ-পথ।

~ الْجَوِّ : আকাশ-পথ, বিমান-পথ।

~ رَئِيسِيّ : প্রধান সড়ক।

طَرِيق عُمُومِيَّة ،~ عَامّ : সড়ক, রাজপথ।

عَنْ طَرِيقِ : পথ ধরিয়া, পথে; মাধ্যমে, ভায়া।

عَابِرُ الطَّرِيقِ : পথিক, যাত্রী।

~ قَطَعَ : রাহাজানি করা।

~ قَاطِع : দস্যু, রাহাজান।



www.pathagar.com

أَطْرَى : (إِطْرَاء) উচ্চ প্রশংসা করা, অতিশয় প্রশংসা করা।

طَرَاوَة : সতেজতা, সিক্ততা, কোমলতা, নম্রতা; শীতল; শীতল বায়ু।

طَرِي : তাজা, টাটকা, নূতন; কোমল; নম্র; শীতল; সিক্ত (বায়ু)। ব طِرَاء

إِطْرَاء : উচ্চ প্রশংসা, অতিশয় প্রশংসা।

إِطْرِيَّة : সেমাই; পিঠাবিশেষ; macaroni.

مُطَرًّى : সুগন্ধযুক্ত, সুবাসিত।

طَازِج : তাজা, টাটকা।

طُرْلُق : হাঁটুর নিচ হইতে পায়ের গিরা পর্যন্ত পরিধান করিবার আচ্ছাদন বিশেষ, legging. ব طَزَالِق

طَسَّ : ـُ (طَسّ) ঝগড়া করা; চুপ করানো; প্রহার করা; ডুবাইয়া দেওয়া।

طَسَّسَ : (تَطْسِيس) সফর করা।

~ فِي : প্রবেশ করা।

طَسّ : طَسَّة কাঠের পেয়ালা। ব طِسَاس، طُسُوس، طَسَّات

طَسَّاس : পেয়ালা প্রস্তুতকারী।

طَسَا : ـَ (طَسًا)، طَسِيَ ـَ (طَسًا) অজীর্ণতায় ভোগা।

أَطْسَى : (إِطْسَاء) অজীর্ণতায় ভোগানো।

طَسْت : ধৌত করিবার পাত্র, চিলমচি, গামলা, বেসিন, basin. ব طُسُوت

طَسَعَ : ـَ (طَسْع) فِي ~ প্রবেশ করা।

طَسَمَ : ـُ (طَسْم) বিলুপ্ত করা।

~ ـ (طُسُوم) বিলুপ্ত হওয়া।

طَسِمَ ـَ (طَسَم) অজীর্ণতায় ভোগা।

طَسَم : ধূলি; অন্ধকার।

طَسَّام، طُسَام، طَسَام : ধূলির স্তূপ।

طَشَّ : ـُ (طَشّ)، أَطَشَّ (إِطْشَاش) (আকাশ) গুঁড়ি গুঁড়ি বৃষ্টি বর্ষণ করা।

طَرِيقَة : পথ, পন্থা; উপায়; পদ্ধতি; রীতি; ধর্মমত, বিশ্বাস। ব طَرَائِق

طَارِق : আঘাতকারী, রাত্রে আগমনকারী; শুকতারা। ব طُرَّاق

جَبَل طَارِق : জিব্রাল্টার।

مَضِيقُ جَبَل طَارِق ,بُوغَاز ~ ~ : জিব্রাল্টার প্রণালী।

طَارِقَة : আকস্মিক ঘটনা, দুর্ভাগ্য, দুর্ঘটনা, বিপদ; গোত্র; পরিবার। ব طَوَارِق

مُطْرِقُ الرَّأْسِ، مُطْرِق : অবনত মস্তক।

مِطْرَقَة، مِطْرَق : মুগুর, হাতুড়ি। ব مَطَارِق

مِطْرَقَةُ الْبَابِ : দরজায় আঘাত করিবার কড়া।

مَطْرُوق : পিটাইয়া পাতলা করা হইয়াছে এমন (ধাতব পদার্থ); লোকজন যাতায়াত করিয়াছে এমন (স্থান; রাস্তা); বহুল আলোচিত (বিষয়)।

مُتَطَرِّق : ঘাতসহ পদার্থ।

طَرِمَ : ـَ (طَرْم) (মৌচাক) মধুতে পূর্ণ হওয়া।

~ : (طَرَم) মৌচাক হইতে (মধু) প্রবাহিত হওয়া।

تَطَرَّمَ : নির্বাক হইয়া থাকা; হতবুদ্ধি হওয়া।

طِرْم : মৌচাক; মধু।

طَرْمَة : যকৃৎ। ব طِرَمٌ، طُرَمٌ

طَارِمَة : (ফা) কাঠের ঘর, কুটীর। ব طَارِمَات

مَطْرُوم : নির্বোধ।

طُرُمْبَة : পাম্প; পিচকারি।

طَرْمَذَ : (طَرْمَذَة) মিথ্যা দম্ভ করা; বড়াই করা।

طَرْمَذَة : বড়াই, দাম্ভিকতা।

مُطَرْمِذ، طِرْمِذَان، طِرْمَاذ : বড়াইকারী; দাম্ভিক।

طَرَأَ : ـُ (طُرُوء) দূর হইতে আগমন করা।

طَرُوَ، ـُ طَرِيَ، ـَ : (طَرَاوَة) তাজা হওয়া, সিক্ত হওয়া, কোমল হওয়া, নম্র হওয়া।

طَرَّى : (تَطْرِيَة) কোমল করা, সিক্ত করা, তাজা করা; সুগন্ধযুক্ত করা, সুবাসিত করা; মাটি দ্বারা লেপন করা।



www.pathagar.com

طُشَّ : শ্লেষ্মাগ্রস্ত হওয়া।

طَشِيش، طَشّ : গুঁড়ি গুঁড়ি বৃষ্টি।

طُشَاش، طُشَّة : শ্লেষ্মা।

طَشَاش : দৃষ্টি-ক্ষীণতা।

مَطْشُوش : গুঁড়ি গুঁড়ি বর্ষণসিক্ত (মাটি)।

طَشْت : ধৌত করিবার পাত্র, চিলমচি, গামলা, বেসিন, basin. ব طُشُوت

طَشْقَنْد : তাশখন্দ (উজবেকিস্তানের রাজধানী)।

طَصْلَقَ : (طَصْلَقَة) জোড়াতালি দিয়া সম্পন্ন করা, কোনমতে করা, অযত্নে রচনা করা।

طَصْلَقَة : জোড়াতালি; অযত্নে সম্পন্ন কাজ।

مُطَصْلَق : জোড়াতালি দিয়া সম্পন্ন, অযত্নে রচিত বস্তু।

طَعِمَ : ـَ (طُعْم، طَعْم) ভক্ষণ করা; চাখা; স্বাদ লওয়া; উপভোগ করা।

طَعَّمَ : (تَطْعِيم) (গাছ) কলম করা; টিকা দেওয়া; খচিত করা।

تَطَاعَمَ، (مُطَاعَمَة) طَاعَمَ : (পাখি) ঠোকরাঠুকরি করা।

أَطْعَمَ : (إِطْعَام) খাওয়ানো, আহার করিতে দেওয়া।

تَطَعَّمَ : চাখা, স্বাদ লওয়া; টিকা লওয়া।

اِسْتَطْعَمَ : (اِسْتِطْعَام) স্বাদ লওয়া; টিকা লওয়া; আহার্য চাওয়া; সুস্বাদু পাওয়া।

طَعْم : স্বাদ, সুস্বাদু। ব طُعُوم

لَاطَعْمَ لَهُ : স্বাদহীন।

طُعْم : (গাছের) কলম; টোপ; প্রলোভন; খাদ্য; ঘুষ।

~ : টিকা। ব طُعُوم

طَعِم : সুস্বাদু।

طِعْمَة : খাওয়ার পদ্ধতি; জীবিকা।

طُعْمَة : খাদ্য; টোপ; স্বাদ; নিমন্ত্রণ। ব طُعَم

طَعَام : খাদ্য; খাদ্যদ্রব্য, পথ্য। ব أَطْعِمَة

إِطْعَام : খাওয়ানো; খাদ্য প্রদান।

تَطْعِيم : টিকাদান; (বৃক্ষাদির) কলমকরণ।

تَطْعِيمُ الْعَيْنِ : চক্ষু ফোটা, মুকুলিত হওয়া।

مَطْعَم : খাবার ঘর, রেস্টুরেন্ট; খাদ্য। ব مَطَاعِم

مِطْعَام : অতিথিপরায়ণ। ব مَطَاعِمُ

مَطْعُوم : খাদ্য; আস্বাদিত বস্তু। ব مَطَاعِيم

طَعَنَ : ـُ (طَعْن) নিন্দা করা, অপবাদ দেওয়া।

~ بِ : খোঁচা দেওয়া; বিদ্ধ করা, আহত করা, আক্রমণ করা।

~ فِي : গমন করা, প্রবেশ করা; (কাহারো কথা) খণ্ডন করা, মিথ্যা প্রমাণিত করা।

~ عَلَى، فِي : নিন্দা করা, কুৎসা রটানো, অপবাদ দেওয়া; সুনাম নষ্ট করা।

~ فِي السِّنِّ : বয়োবৃদ্ধ হওয়া।

~ فِي الْحُكْمِ : রায় চ্যালেঞ্জ করা, রায়ের বিরুদ্ধে আপিল করা।

طُعِنَ : ছুরিকাহত হওয়া; মহামারীতে আক্রান্ত হওয়া।

طَعْن : আঘাতকরণ, বিদ্ধকরণ, নিন্দাকরণ; সুনাম নষ্টকরণ, বিরোধিতা, চ্যালেঞ্জ।

~ : নিন্দা, অপবাদ, আক্রমণ। ব طُعُون

طَعْنَة : বর্শার আঘাত, ছুরিকাঘাত, খোঁচা ; নিন্দা, অপবাদ, আক্রমণ।

طَاعِن فِي السِّنِّ، طَاعِن : বৃদ্ধ।

طَعَّان : নিন্দুক।

طَاعُون : প্লেগ, মহামারী। ব طَوَاعِين

مَطْعُون : মহামারীতে আক্রান্ত; ছুরিকাহত ব্যক্তি।

مَطْعُون فِيه : নিন্দনীয়, গর্হিত।

طُغْرَى، طُغْرَاء : আরবী লিপিবিশেষ, মনোগ্রাম।

الطُّغْرَائِيّ : মুয়াইদুদ্দীন আল ইসফাহানী (১০৬১–১১২১ খ্রি.) সালজুক আমলের একজন কবি। তাঁর হস্তলিপি ছিল অতি সুন্দর। তিনি লামিয়াতুল আজম কসীদার প্রণেতা।

تَطَغَّمَ : ~ عَلَى অবজ্ঞা করা।



www.pathagar.com

طَغَم : প্রচুর পানি; মহাসাগর।

طَغَام : নিম্নশ্রেণীর মানুষ; নিকৃষ্ট, গুরুত্বহীন।

طُغْمَة، طَغْمَة : দল।

طَغْمَشَ : (طَغْمَشَة) ক্ষীণ দৃষ্টিসম্পন্ন হওয়া।

~ إِلَى : ক্ষীণ দৃষ্টিতে তাকানো।

طَغْمَشَة : ক্ষীণ দৃষ্টি।

طَغَا - ـُ (طُغْو، طُغْوَان) ، طَغِيَ - ـَ (طُغْيَان، طَغَى، طَغْيَ - ـَ (طَغْي) সীমালঙ্ঘন করা, বাড়াবাড়ি করা; অতিরিক্ত হওয়া; প্রচণ্ড হওয়া; (নদী) উপচাইয়া পড়া, (সমুদ্র) উত্তাল হওয়া; অত্যাচার করা।

طَغَّى، أَطْغَى : (إِطْغَاء، تَطْغِيَة) সীমালঙ্ঘন করানো, অন্যায় করানো, অত্যাচারী বানানো।

طَغْوَى : অন্যায়, বাড়াবাড়ি; খোদাদ্রোহিতা।

طَغْيَة : উচ্চ খাড়া পর্বত।

طُغْوَان : প্লাবন।

طُغْيَان : প্লাবন; অত্যাচার; স্বেচ্ছাচারিতা।

طَاغٍ : অন্যায়কারী, অত্যাচারী; স্বেচ্ছাচারী; নিষ্ঠুর; বিদ্রোহী। ব طُغَاة

طَاغِيَة : অত্যাচারী; স্বেচ্ছাচারী; বর্বর, পাষণ্ড; বজ্র। ব طَوَاغٍ

طَاغُوت : সীমালঙ্ঘনকারী, ভ্রষ্ট নেতা, খোদাদ্রোহী, আল্লাহ ব্যতীত যাবতীয় উপাস্য, দেবতা, ঠাকুর; মূর্তি; শয়তান; বিদ্রোহী; অন্যায়ে প্রলুব্ধকারী, বিপথে পরিচালনাকারী। ব طَوَاغِيت، طَوَاغ

طَوَاغِيت، طَوَاغِي : ঠাকুরঘর, মন্দির।

طَفَّ - ـُ (طَفّ) : ~ مِنْ নিকটবর্তী হওয়া; নাগালের মধ্যে হওয়া।

طَفَّفَ : (تَطْفِيف) (পাখি) ডানা ছড়াইয়া দেওয়া; (অশ্ব) লম্ফ দেওয়া; (মাপে) কম দেওয়া।

~ عَلَى : কার্পণ্য করা।

أَطَفَّ : (إِطْفَاف) পূর্ণ করা, ভরিয়া দেওয়া।

~ عَلَى : উপর হইতে দৃষ্টি দেওয়া; দখলে আনা; আঘাত করা।

~، اِسْتَطَفَّ : ~ عَلَى নাগালের মধ্যে থাকা।

اِسْتَطَفَّ : (اِسْتِطَاف) উঁচু হওয়া।

طَفّ : পার্শ্ব, প্রান্ত, সীমা, তীর।

~ طُفَافَة، طِفَاف، طَفَف : অতিরিক্ত পরিমাপ।

طَفَّة : দল, গোষ্ঠী।

طَفَاف الشَّمْس : সূর্যাস্তের প্রাক্কাল।

طَفِيف : স্বল্প, সামান্য; অসম্পূর্ণ; গুরুত্বহীন, তুচ্ছ।

طَاقَّة : পরিবেষ্টিত অংশ; মরুভূমি ও পর্বতের মধ্যবর্তী অঞ্চল।

طَفَّاف : তৎপর, কর্মচঞ্চল, প্রাণবন্ত।

طَفَّان : কানায় কানায় পূর্ণ।

تَطْفِيف : মাপে কম দান; কার্পণ্য।

مُطَفِّف : মাপে কম দানকারী।

طَفِئَ - ـَ (طُفُوء)، اِنْطَفَأ (اِنْطِفَاء) নির্বাপিত হওয়া, নিভিয়া যাওয়া।

طَفَّأ (تَطْفِيَة) أَطْفَأ (إِطْفَاء) : নির্বাপিত করা, নিভাইয়া দেওয়া; প্রশমিত করা; পানি মিশাইয়া (চুন) গলানো।

إِطْفَاء : নির্বাপণ, প্রশমন।

إِطْفَاءُ الأَنْوَار : নিষ্প্রদীপ, black out.

إِطْفَائِي : অগ্নি-নির্বাপক ব্যক্তি।

إِطْفَائِيَّة : অগ্নি-নির্বাপণ বিভাগ, ফায়ার বিগ্রেড, দমকল বাহিনী।

مَطْفِيّ، مُطْفَأ، طَافِئ : নির্বাপিত।

مُطْفِئ : নির্বাপণকারী, নির্বাপক।

مِطْفَأَة : (طَفَّايَة) অগ্নিনির্বাপক যন্ত্র, দমকল। ব مِطْفَايَة، مَطَافِي

طَفَحَ - ـَ (طُفُوح، طَفْح) উপচাইয়া পড়া, কানায় কানায় পূর্ণ হওয়া।

~ مِنْ : অধিক পূর্ণ হওয়া; বিরক্ত হওয়া।

طَفَّحَ، أَطْفَحَ : (إِطْفَاح، تَطْفِيح) কানায় কানায় পূর্ণ করা; অতিমাত্রায় পূর্ণ করা (যাহাতে উপচাইয়া পড়ে)।

طَفْح، طُفُوح : অতিমাত্রায় প্রাচুর্য, পূর্ণতা, পর্যাপ্ততা।



www.pathagar.com

~, طَفْح جِلْدِيّ : ফুসকুড়ি।

طَفَاح : পূর্ণতা; ফুসকুড়ি।

طُفَاحَة : আধিক্য; ফেনা, গাঁজলা।

طَفْحَان، طَافِح : উপচাইয়া পড়ে এমন, কানায় কানায় পূর্ণ। স্ত্রী طَفْحَى

مِطْفَحَة : ছাঁকিয়া ফেনা তুলিবার হাতা।

مَطْفَحَة : ফাঁদ।

طَفَّرَ : (تَطْفِير) বিতাড়িত করা; ধ্বংস করা; হতভাগ্য করা।

طَفْر : লম্ফ প্রদান।

طَفْرَة : উল্লম্ফন; দুধের সর; গাছের অঙ্কুর; পল্লব।

طَفَر : অশ্বের পুচ্ছবন্ধ।

طَفْرَان : কপর্দকহীন।

طَفِسَ : ـَ : (طَفَاسَة، طَفَس) ময়লা হওয়া।

طَفَس : ময়লা।

طَفَشَ : ـ : (طَفْش) পলায়ন করা।

طَفْشَانَة : তালা খুলিবার যন্ত্র।

طَفِقَ : ـَ طَفِقَ، ـ طَفَقَ : (طُفُوق، طَفَق، طَفْق) আরম্ভ করা।

طَفِقَ يَفْعَلُ : করিতে আরম্ভ করা।

~ بِمُرَادِه : ইচ্ছা পূরণ করা, উদ্দেশ্য অর্জন করা।

طَفَلَ : ـُ : (طُفُول) উদিত হওয়া; অস্ত যাইবার নিকটবর্তী হওয়া।

طَفُلَ : ـُ : (طَفَالَة، طُفُولَة) শিশু হওয়া; কোমল হওয়া।

طَفَّلَ : (تَطْفِيل) (রাত্রি) আগমন করা; (সূর্য) অস্ত যাইবার নিকটবর্তী হওয়া; ধীরে তাড়াইয়া নেওয়া; পরজীবী হওয়া; পরান্নভোজী হওয়া; পরের গলগ্রহ হওয়া।

~ عَلَى : অনাহূতভাবে প্রবেশ করা, শাবককে লেহন করা, লালন পালন করা।

أَطْفَلَ : (إطْفَال) শিশুসন্তান বিশিষ্ট হওয়া; (সূর্য) অস্ত যাইবার উপক্রম হওয়া; সূর্যাস্তের কাছাকাছি সময়ে উপনীত হওয়া।

تَطَفَّلَ : পরজীবী হওয়া, পরান্নভোজী হওয়া, পরের গলগ্রহ হওয়া; শিশুসুলভ হওয়া; বিরক্ত করা।

~ عَلَى : অনাহূতভাবে প্রবেশ করা।

طَفْل : কোমল, নরম। ব طُفُول، طِفَال

~, طَفْلَة، طُفَال : মৃত্তিকা, কাদামাটি, কুম্ভকারের মাটি।

طِفْل : শিশু। ব أَطْفَال

طُفُولِيّ، طِفْلِيّ : শিশু সম্বন্ধীয়, শিশুসুলভ।

رَوْضَة الأَطْفَال : শিশু শিক্ষালয়, কিন্ডার গার্টেন।

طَفَل : সূর্যাস্তের পূর্ববর্তী সময়।

~, طَفَالَة، طُفُولَة، طُفُولِيَّة : শৈশব।

طَفِيل : ট্যাংকের তলার ঘোলা পানি।

مُتَطَفِّل، طُفَيْلِيّ : অনাহূত প্রবেশকারী, অনিমন্ত্রিত অতিথি; পরান্নজীবী; অন্যের গলগ্রহ।

طُفَيْلِيَّات، نَبَات طُفَيْلِيّ : পরগাছা।

مُطْفِل : বাচ্চাওয়ালী।

طَفَنَ : ـُ : (طَفْن) মরিয়া যাওয়া; বাঁধিয়া রাখা।

طَفَانِين : মিথ্যা, প্রতারণা।

طَفَا : ـُ : (طُفُوّ، طَفْو) ভাসা, ভাসিয়া উঠা, লম্ফ দেওয়া।

طَاف : ভাসমান; ভাসা ভাসা; মরিয়া ভাসিয়া উঠিয়াছে এমন; উন্নত শির।

طَافِيَة : ভাসমান বরফ।

طُفَاوَة : ভাসমান বস্তু; ফেনা; সূর্যের চারিদিকে অবস্থিত উজ্জ্বল মণ্ডল; কিয়দংশ।

طُفْيَة : একজাতীয় তাল গাছের পাতা। ব طُفًى

طَقَّ : ـُ : (طَقّ) তীব্র শব্দ করা, বিস্ফোরিত হওয়া।

طَقَّقَ : (تَطْقِيق) তীব্র শব্দ করানো, বিস্ফোরিত করা।

طَقّ : তীব্র শব্দ, বিস্ফোরণ।

طَقْس : আবহাওয়া।

~ : পদ্ধতি, রীতি, আচার। ব طُقُوس



www.pathagar.com

طَقْطَقَ : মটমট চটচট ইত্যাদি শব্দ করা, উচ্চ শব্দ করা।

طَقْطَقَة : মটমট, চটচট ইত্যাদি শব্দ।

طَقْطُوقَة : পটকা।

~ : চটুল গান। ব طَقَاطِيق

طَقَّمَ : (تَطْقِيم) (অশ্ব) সজ্জিত করা।

تَطَقَّمَ : পোশাক পরিহিত হওয়া; পূর্ণ সাজে সজ্জিত হওয়া।

طَقْم : সেট, স্যুট; (ঘোড়ার) সাজ; উর্দি। ব طُقُومَة، طُقُوم

طَاقِم : সুট, সেট; (জাহাজের) নাবিকদল।

مُطَقَّم : পোশাক পরিহিত; পূর্ণ সাজে সজ্জিত।

طَلَّ - ُ : (طُلُول، طَلّ) শিশিরসিক্ত করা, অল্প অল্প ভিজানো; গুঁড়ি গুঁড়ি বৃষ্টি বর্ষণ করা।

~ عَلَى : সাক্ষাৎ করিতে যাওয়া; পর্যবেক্ষণ করা।

~ - ُ : (طَلّ، طُلُول) إِطَلّ (إِطْلَال) রক্তপাতের প্রতিশোধ রহিত করা।

أَطَلّ : নিকটবর্তী হওয়া।

~، إِسْتَطَلّ : ~ عَلَى উপর হইতে দেখা; উঁকি মারিয়া দেখা; দৃষ্টি দেওয়া; লক্ষ্য রাখা, তত্ত্বাবধান করা।

أَطَلّ عَلَى الْحَقّ : প্রাপ্য না দেওয়া, অধিকার হরণ করা।

طَلّ : ঘন শিশির, হালকা বৃষ্টি। ব طِلَال، طِلَل

طِلّ : সর্প।

طُلّ : দুধ, রক্ত।

طَلَّة : সুবাস; পরিচ্ছন্ন; ছায়াশীতল উদ্যান, সুখী জীবন; স্ত্রী; দৃষ্টি।

طُلَّة : গাঢ়। ব طُلَل

طَلَل : (বিধ্বস্ত বাড়িঘরের) ধ্বংসাবশেষ, জাহাজের পাটাতন। ব أَطْلَال، طُلُول

طَلَلُ الدَّارِ : বৈঠকখানা।

~ الْمَاء : পানির উপরিভাগ।

طَلَالَة : বাহ্যিক আকার; সৌন্দর্য, লালিত্য, প্রফুল্লতা।

طَلِيل : যে রক্তপাতের প্রতিশোধ গ্রহণ করা হয় নাই।

~ : খেজুর পাতার মাদুর। ব أَطِلَّة

مُطِلّ : উচ্চ স্থান, পর্যবেক্ষণস্থল; দৃশ্য। ব مَطَالّ

مَطَلَّة : সংক্ষিপ্ত সাক্ষাৎ।

مَطْلُول : শিশিরসিক্ত (স্থান); যে রক্তপাতের প্রতিশোধ গ্রহণ করা হয় নাই।

طَلَبَ - ُ : (طَلَب) খোঁজ করা, তালাশ করা, অন্বেষণ করা; চাওয়া; প্রার্থনা করা, দাবি করা; দরখাস্ত করা, আবেদন করা, আহ্বান করা, অনুরোধ করা, তলব করা, অর্ডার দেওয়া; ফরমাশ দেওয়া।

طَالَبَ : (مُطَالَبَة) দাবি করা।

أَطْلَبَ : (إِطْلَاب) (পানি) দূরে অবস্থিত হওয়া; দাবি পূরণ করা, আবেদন গ্রহণ করা; প্রার্থী করা।

تَطَلَّبَ : চাওয়া, দাবি করা; প্রয়োজনীয় করা।

إِنْطَلَبَ : (إِنْطِلَاب) কাম্য হওয়া, কাঙ্ক্ষিত হওয়া; ঈপ্সিত হওয়া; প্রার্থিত হওয়া।

طَلَب : খোঁজ, তালাশ, অন্বেষণ; প্রার্থনা, দাবি, দরখাস্ত, আবেদন, আহ্বান; অনুরোধ; তলব, অর্ডার, ফরমাশ; চাহিদা।

تَحْتَ الطَّلَب : নির্দেশাধীন, ফরমাশাধীন।

~ لَدَى الطَّلَب، عِنْدَ : চাহিলে, প্রয়োজন হইলে।

~ لِحِين : অবিলম্বে, চাহিবামাত্র।

~ الْعَرْض و : সরবরাহ ও চাহিদা।

طَلَبُ الْعِلْم : জ্ঞানান্বেষণ, বিদ্যান্বেষণ, লেখাপড়া।

طَلْبَة : প্রার্থনা।

طَلِبَة، طِلْبَة : অভিলাষ, কামনা, দাবি, আবেদন, প্রার্থনা।

طُلْبَة : দূরবর্তী ভ্রমণ।

طَلَبِيَّة : ফরমাশ; কমিশন।

طَالِب : প্রার্থী, অন্বেষণকারী, দাবিদার, আবেদনকারী, ফরমাশদাতা, শিক্ষার্থী, ছাত্র। ব طَلَبَة، طَوَالِب، طَالِبَات ব طَالِبَة স্ত্রী طُلَّاب

طَالِبُ الزَّوَاج পাণিপ্রার্থী।



www.pathagar.com

العلم ~ । বিদ্যার্থী, শিক্ষার্থী, ছাত্র।

طَالِب : (طَلَبَة) আবেদনকারী, طُلَّاب، طُلُوب، দাবিদার। ব طُلَبَاء، طُلَّب

مَطْلَب : লক্ষ্য, উদ্দেশ্য, মতলব, দাবি, আহ্বান, অনুরোধ; প্রশ্ন, বিষয়, সমস্যা। ব مَطَالِب

مُطْلِب : দূরবর্তী, দূরে অবস্থিত (পানি)।

مَطْلُوب : প্রার্থিত, কাম্য, ঈপ্সিত, দাবিকৃত; নির্দেশিত, প্রয়োজনীয়; চাহিদাপূর্ণ; প্রাপ্য।

~ : ইচ্ছা, কামনা, দাবি, লক্ষ্য। ব مَطَالِيب

~ : পাওনা। ব مَطْلُوبَات

مُطَالِب : দাবিদার।

مُطَالَب : যাহার নিকট দাবি করা হয়; দায়ী।

مُطَالَبَة : দাবি, আবেদন।

مُتَطَلَّبَات : প্রয়োজনীয় জিনিসপত্র, দাবিদাওয়া।

طَلَّحَ، أَطْلَحَ : (إِطْلَاح، تَطْلِيح) ক্লান্ত করা।

طَلَّحَ : ~ عَلَى অত্যধিক পীড়াপীড়ি করা।

~ ـُ : (طَلَاح) খারাপ হওয়া; দুষ্ট হওয়া।

طَلِحَ : ـَ (طَلَح)، طَلِحَ، শূন্যোদর হওয়া।

طَلْح، طِلَاح : বাবলা গাছবিশেষ; কলাগাছ, কলা।

طَالِح : খারাপ, মন্দ, দুষ্ট।

طَلِيحَة : কাগজের রিম।

طَلْحِيَّة : কাগজের তা, শিট। ব طَلَاحِيّ

طَلَخَ : ـُ (طَلْخ) কর্দমাক্ত করা, কালো করা; লেপটাইয়া দেওয়া।

إِطْلَخَّ : (إِطْلِخَاخ) ছড়াইয়া যাওয়া, লেপটাইয়া যাওয়া।

طَلْخ : কর্দমাক্ত পানি, ঘোলা পানি।

طَلَسَ : ـِ (طَلْس)، طَلَّسَ (تَطْلِيس) (লেখা) মুছিয়া ফেলা, তুলিয়া ফেলা, বিলুপ্ত করা; ধূসর বর্ণ করা।

طَلِسَ : ـَ (طَلَس)، طَلُسَ ـُ (طُلْسَة) ধূসর বর্ণ হওয়া।

تَطَلَّسَ : মুছিয়া যাওয়া; বিলুপ্ত হওয়া।

طَلْس : বিলোপ সাধন; বিলুপ্তকরণ।

طِلْس : বিলুপ্ত; অস্পষ্ট (লেখা); জীর্ণ (বস্ত্র); কাগজের পাতা; তা।

طُلْسَة : ধূসর বর্ণ।

طَلِيس، طِلِّيس : অন্ধ।

أَطْلَس : রেশমি বস্ত্র, সার্টিন। ব طُلْسٌ

~ : মসৃণ; ধূসর বর্ণ। স্ত্রী طَلْسَاء

~ : ভূচিত্রাবলি, এটলাস। ব أَطَالِس

أَطْلَسِيّ : রেশমি।

المُحِيطُ الأَطْلَسِيّ : আটলান্টিক মহাসাগর।

طَلْسَانَة : প্রাচীরের উপরস্থ ঢালু স্থান, coping.

طَيْلَسَان : শালজাতীয় বস্ত্রবিশেষ। ব طَيَالِسَة

مُتَطَلِّس : বিলুপ্ত; কালো; অন্ধকার।

طِلَّسْم، طِلَسْم : কবচ, মাদুলি; জাদুমন্ত্র, তেলেসমাত, talisman. ব طَلَاسِم

طَلَعَ : ـُ (مَطْلَع، طُلُوع) উদিত হওয়া, গজাইয়া উঠা, উপরে উঠা, দৃষ্টিগোচর হওয়া, আবির্ভূত হওয়া।

~ عَلَى : হঠাৎ আসিয়া পড়া।

~ عَنْ : অদৃশ্য হওয়া; লক্ষ্যভ্রষ্ট হওয়া।

~ ـُ، طَلِعَ ـَ : (طُلُوع) আরোহণ করা; বাহিরে আসা; চলিয়া যাওয়া।

~، ~ عَلَى : অবহিত হওয়া।

طَلَعَ فِي بَالِهِ، طَلَعَ فِي عَقْلِهِ : মনে উদয় হওয়া।

خُلُقُهُ ~ : রাগান্বিত হওয়া।

طَلَّعَ : (تَطْلِيع) পৌঁছা; বাহির করা; আরোহণ করানো, উপরে উঠানো; উদ্গিরণ করা।

~ مِنْ : বাহির হওয়া, আবির্ভূত হওয়া।

~ عَلَى : তাকাইয়া থাকা; অনুসন্ধান করা।

طَالَعَ : (مُطَالَعَة) অধ্যয়ন করা, মনোযোগ সহকারে পাঠ করা; সতর্কতার সহিত পরীক্ষা করা; ব্যাখ্যা করা।



www.pathagar.com

أَطْلَعَ : (إِطْلَاع) উদিত হওয়া; উদ্গত হওয়া; উদ্গিরণ করা।

عَبِيّ : অংশ, ভাগ; ঘন।

عَبَايَة : ঢিলা জামাবিশেষ, আবা।

عَتَّ - ُ : (عَتّ) প্রশ্ন করিয়া বিরক্ত করা।

عَاتَّ : (عِتَات) ঝগড়া করা।

تَعَتَّتَ : পীড়াপীড়ি করিতে থাকা।

عَتَت : কর্কশতা, রূঢ়তা।

عَتَبَ - ُ : (عَتْب، مَعْتَب، (مُعَاتَبَة) عَاتَبَ، عَلَى ~ তিরস্কার করা, নিন্দা করা, ভর্ৎসনা করা।

~ : ~ عَنْ অসন্তুষ্ট হওয়া।

عَتَّبَ : (تَعْتِيب) বিলম্বিত করা; ইতস্তত করা; (দরজায়) গোবরাট কিংবা অর্গল লাগানো; (দরজায়) প্রবেশ করা।

أَعْتَبَ : (إِعْتَاب) সন্তুষ্ট করা; অভিযোগ দূর করা।

~ عَنْ : দূরে চলিয়া যাওয়া।

تَعَتَّبَ : ~ عَلَى নিন্দনীয় কাজের জন্য অভিযুক্ত করা।

تَعَاتَبَ : পরস্পর নিন্দা করা, তিরস্কার করা।

عَتْب، عِتَاب، مُعَاتَبَة : নিন্দা, তিরস্কার, ভর্ৎসনা।

عَتِب : নিন্দাপ্রবণ।

عَتَب : ত্রুটি; কঠোরতা।

عَتَبَة : (দরজার) গোবরাট, অর্গল; (সিঁড়ির) ধাপ। ব أَعْتَاب، عَتَبَات، عَتَب

أُعْتُوبَة : নিন্দার বিষয়, ঝগড়ার বিষয়। ব أَعَاتِيب

تَعَاتُب : পারস্পরিক নিন্দা।

مَعْتُوب : নিন্দিত, নিন্দনীয়।

عَتُدَ - ُ : (عَتَاد) প্রস্তুত হওয়া, প্রস্তুত করা, উদ্যোগী করা।

تَعَتَّدَ : ~ فِي সতর্কতার সহিত করা।

عَتَاد، عَتَادَة : সরঞ্জাম, উপকরণ; গোলাবারুদ। ব أَعْتَاد، أَعْتِدَة، أَعْتُد

عَتِد : প্রস্তুত।

عَتُود : এক বৎসর বয়স্ক ছাগলছানা। ব أَعْتِدَة

عَتِيد : প্রস্তুত; আগামী, আসন্ন।

عِتْر : মূল; জবাইকৃত পশু।

عِتْرَة : পরিবার, আত্মীয়-স্বজন; বংশধর; কস্তুরীর টুকরা; বৃক্ষের কাণ্ড।

عَتَّار : শক্তিশালী, সাহসী।

عَتِيرَة : আরব পৌত্তলিক রজব মাসে দেবতার উদ্দেশ্যে যে বকরি জবাই করিত। ব عَتَائِر

عَتْرَسَ : (عَتْرَسَة) শক্তিপ্রয়োগ করা, বলপূর্বক লইয়া যাওয়া, প্রতিরোধ করা, বিরোধিতা করা।

عَتْرَسَة : দৃঢ়ভাবে ধারণ, ক্রোধ।

عِتْرِيس : কোপন স্বভাব; কঠোর, দুর্বিপাক।

عَتَشَ - ِ : (عَتْش) নোয়ানো, ভাঁজ করা।

عَتَفَ - ِ : (عَتْف) (চুল) উৎপাটন করা।

عِتْف : (রাত্রির) অংশ।

عَتَقَ - ِ : (عِتْق)، عَتُقَ - ُ (عَتَاقَة) পুরাতন হওয়া; বৃদ্ধ হওয়া; পরিপক্ব হওয়া।

~ : (দাস) মুক্ত হওয়া; ভদ্র হওয়া।

~، أَعْتَقَ : (إِعْتَاق) (দাস) মুক্তি দেওয়া।



www.pathagar.com

عَتَّقَ : (تَعْتِيق) (দাস) মুক্তি দেওয়া; পুরাতন; পরিপক্ব করা।

تَعَتَّقَ : পুরাতন হওয়া; জীর্ণ হওয়া।

إِنْعَتَقَ : (إِنْعِتَاق) নিজেকে মুক্ত করা।

عِتْق : প্রাচীনত্ব; সৌন্দর্য; শ্রেষ্ঠত্ব; চমৎকারিত্ব; মুক্তি; স্বাধীনতা।

عَتَاقَة : প্রাচীনত্ব; মুক্তি।

عَاتِق : মুক্ত, বৃদ্ধ; স্কন্ধ, গ্রীবা। ব عُتُقٌ، عَوَاتِق

أَخَذَ عَلَى عَاتِقِه : কাঁধে তুলিয়া লওয়া, দায়িত্ব গ্রহণ করা।

~ ~ أَلْقَى : কাঁধে চাপাইয়া দেওয়া, দায়িত্ব অর্পণ করা।

عَتِيق : প্রাচীন, পুরাতন; পরিপক্ব; মুক্ত; মহৎ, শ্রেষ্ঠ। ব عِقَاقٌ، عُتَقَاءُ

إِعْتَاق : মুক্তিদান, মুক্তকরণ।

مُعْتِق : মুক্তিদাতা, মুক্তকারী।

مُعَتَّق : প্রাচীন, পুরাতন; পরিপক্ব।

عَتَكَ – ِ : (عَتْك) আক্রমণ করা।

~ : (عُتُوك، عَتْك) টক হওয়া; (ধনুক) পুরাতন হওয়া।

عَتْك : সময়, কাল।

عَاتِك : মহৎ, উদার; স্বচ্ছ, পরিষ্কার; পুরাতন।

إِمْرَأة عَاتِكَة : অধিক খোশবু ব্যবহারকারী স্ত্রীলোক। ব عَوَاتِلُ

عَتَلَ – ُ (عَتْل) বহন করা; জোরপূর্বক লইয়া যাওয়া।

إِنْعَتَلَ، تَعَتَّلَ : (إِنْعِتَال) একস্থানে স্থির থাকা।

عَتَلَة : শাবল। ব عَتَل

عُتُلّ : দুষ্ট; রূঢ়; পেটুক।

عَتَّال : কুলি।

عِتَالَة : ভারবহন; কুলিগিরি।

عَتِيل : ভাড়া করা লোক; মজুর। ব عُتُلٌ، عُتَلَاءُ

دَاءٌ عَتِيل : মারাত্মক রোগ।

عَتَمَ – ِ : (عَتْم) ইতস্তত করা, বিলম্বিত করা।

عَتَّمَ : (تَعْتِيم) বিলম্বিত করা; ইতস্তত করা; অন্ধকার করা; অস্পষ্ট করা; অন্ধকার হওয়া।

أَعْتَمَ : বিলম্বিত করা, ইতস্তত করা।

عَتْمَة، عَتْم : অন্ধকার।

عُتْمَة، عُتْم : বন্য জলপাই গাছ।

عَتَمَة : রাত্রির প্রথম তৃতীয়াংশ; রাত্রির অন্ধকার।

عَتَامَة : অস্বচ্ছতা; অস্পষ্টতা; অন্ধকার।

عَتُوم، عَاتِم : বিলম্বিত।

مُعْتِم : অন্ধকার; অস্পষ্ট।

مِعْتَام : মন্থর।

عَتَهَ – َ، عُتِهَ : (عَتَاهِيَة، عَتَاهَة، عَتَه، عُتْه) নির্বোধ হওয়া, হাবা হওয়া; মূর্খ হওয়া, দুর্বলচিত্ত হওয়া।

~ فِي : আসক্ত হওয়া; বিরক্ত করিতে থাকা।

تَعَتَّهَ : হাবা হওয়া; নির্বোধ হওয়া; উদাসীন হওয়া।

~ عَنْ : অজ্ঞতার ভান করা।

عَتَاهِيَة، عَتَاهَة، عَتَه، عُتْه : মূর্খতা; দুর্বলচিত্ততা।

مَعْتُوه : নির্বোধ; হাবা, মূর্খ, দুর্বলচিত্ত। ব مَعَاتِيه

عَتَا – ُ : (عُتُوّ، عُتِيّ)، تَعَتَّى উদ্ধত হওয়া; স্বেচ্ছাচারী হওয়া, অবাধ্য হওয়া; প্রচণ্ড হওয়া; বয়স্ক হওয়া, বৃদ্ধ হওয়া।

عُتُوّ، عُتِيّ : ঔদ্ধত্য, অহমিকা, স্বেচ্ছাচারিতা, অবাধ্যতা।

عَاتٍ : (ব عُتَاة، عِتِيّ) عَتِيّ (ব أَعْتَاء) উদ্ধত, স্বেচ্ছাচারী, অবাধ্য, বয়স্ক, বৃদ্ধ; প্রচণ্ড।

عَثَّ – ُ : (عَثّ) বিরক্ত করা, সাগ্রহে অনুরোধ করা।

عُثّ، عُثَّة : তেলাপোকা। ব عُثَث



www.pathagar.com

عَثٌّ : সর্প। ব عِثَاثٌ، عِثَاءٌ

مَعْثُوث : তেলাপোকাপূর্ণ, তেলাপোকায় কাটা বস্তু।

عَثَرَ ـُ : (عَثْر، عِثَار، عَثِير) আছাড় খাওয়া; হোঁচট খাওয়া, স্খলিত হওয়া।

~ ـُ : (عُثُور) ~ ب، عَلَى অবহিত হওয়া, হঠাৎ পাইয়া যাওয়া, আকস্মিকভাবে লাভ করা, আবিষ্কার করা।

عَثَرَ جَدُّهُ : তাহার কপাল ভাঙিয়াছে।

عَثَّرَ، تَعْثِير : আছাড় দেওয়া, হোঁচট খাওয়ানো।

أَعْثَرَ : (إِعْثَار) হোঁচট খাওয়া, তোতলানো।

~ فِي : জড়িত হওয়া।

عَثْرَة : আছাড়, হোঁচট, স্খলন, পতন। ব عَثَرَات

حَجَرُ عَثْرَةٍ : বাধা।

عُثُور : আবিষ্কার, সন্ধান লাভ।

عِثْيَر : ধূলি।

مُتَعَثِّر، عَاثِر : স্খলিত।

عَاثُور : বন্য জন্তু ধরিবার খেদা; চোরা গর্ত; ফাঁদ। ব عَوَاثِير

~، عِثَار : বিপদ।

عَثَرِيّ : অমনোযোগী, প্রস্রবণ সিঞ্চিত উদ্ভিদ।

مُعَثَّر : নিঃস্ব, অভাগা, হতভাগা, দুরাত্মা।

تَعَثْكَلَ : (تَعَثْكُلَة) (ডাল) ফলের ভারে নুইয়া পড়া।

عُثْكُول، عِثْكَال : ফলের ভারে নত ডাল। ব عَثَاكِيل

عَثِلَ ـَ : (عَثَل) প্রচুর হওয়া; পুরু হওয়া, মোটা হওয়া।

عَثِل : প্রচুর; পুরু; মোটা।

عَثُول : বোকা। ব عُثُل

عِثْيَل : পুরুষ হায়না।

عَثَمَ ـُ : (عَثْم) (ভাঙা হাড়) ত্রুটিপূর্ণভাবে জোড়া লাগা বা লাগানো; (ক্ষত) শক্ত হওয়া; (কাপড়) সেলাই করা।

اِعْتَثَمَ : (اِعْتِثَام) (কাপড়) সেলাই করা।

~ ب : সাহায্য চাওয়া।

عُثْمَان : সর্পশাবক, সারস-শাবক।

عُثْمَانُ بْنُ عَفَّانَ : খোলাফায়ে রাশেদুন-এর তৃতীয় খলীফা (৬৪৪–৬৫৫ খ্রি.)।

أَبُو عُثْمَان : সাপ।

عُثْمَانِي : ওসমান বংশীয়।

عَثَنَ ـُ : (عُثُون، عُثَان، عَثْن) (আগুন) ধূম্র নির্গত করা।

~ فِي : আরোহণ করা।

عَثِنَ ـَ : (عَثَن)، تَعَثَّنَ সুরভিত হওয়া।

عَثَّنَ : (تَعْثِين) সুরভিত করা।

عَثَن، عُثَان : ধূম্র, সুগন্ধ ধূম্র। ব عَوَاثِن

عُثْنُون : দাড়ি, শ্মশ্রু। ব عَثَانِين

عَثَا ـُ : (عُثُوّ) ـَ عَثِيَ، (عُثِيّ) অপরাধ করা, খারাপ কাজ করা, অনিষ্ট করা।

عَثْوَة : চুলের খোঁপা। ব عُثًى

عَاثٍ : অন্যায়কারী, অপরাধী। ব عُثَاة، عُثِيّ

عَجَّ ـِ : (عَجّ، عَجِيج) উচ্চ শব্দ করা, চিৎকার করা, গর্জন করা।

~ ب : পরিপূর্ণ হওয়া।

~، عَجَّجَ (تَعْجِيج) أَعَجَّ (إِعْجَاج) : (ধূলি) উড়ানো।

عَجَّجَ الْبَيْتَ مِنَ الدُّخَانِ : ঘর ধোঁয়ায় ভরিয়া দেওয়া।

تَعَجَّجَ : (ধোঁয়ায়) ভরিয়া যাওয়া।

عَجّ، عَجِيج : গণ্ডগোল, চিৎকার, হৈচৈ।

عُجَّة : ডিমের বড়াবিশেষ, মামলেট।

عَجَاج، عَجَاجَة : ধূলি, ধূম্র।

~ : বোকা, নিম্নশ্রেণীর লোক।

عَجَّاج : চিৎকারকারী, হৈচৈকারী; হৈচৈপূর্ণ; গর্জনকারী; বকজাতীয় পক্ষীবিশেষ, bittern.



www.pathagar.com

إِسْتَعْجَبَ، تَعَجَّبَ، ل، مِنْ ~ (عَجَب) : ـَ عَجِبَ (إِسْتِعْجَاب)، مِنْ ~ বিস্মিত হওয়া, আশ্চর্যান্বিত হওয়া।

عَجَّبَ : (تَعْجِيب) বিস্মিত করা, আশ্চর্যান্বিত করা।

أَعْجَبَ : (إِعْجَاب) বিস্মিত করা, আশ্চর্যান্বিত করা; মুগ্ধ করা, আনন্দিত করা।

أُعْجِبَ : মুগ্ধ হওয়া; আনন্দিত হওয়া।

أُعْجِبَ بِنَفْسِهِ : আত্মশ্লাঘাপূর্ণ হওয়া।

عُجْب : অহঙ্কার, দম্ভ, অহমিকা।

عَجَب، تَعَجُّب : বিস্ময়।

يَالَلْعَجَب، عَجَبًا : কী আশ্চর্য!

عَجِيب، عُجَاب : আশ্চর্যজনক, অদ্ভুত, অলৌকিক। ব عَجَائِبُ

عَجِيبَة : (ব عَجَائِب، أَعْجُوبَة) (ব أَعَاجِيب) আশ্চর্যজনক বস্তু, অদ্ভুত জিনিস, অলৌকিক ঘটনা।

أَعْجَب : অধিকতর আশ্চর্যজনক।

مُعْجِب : বিস্ময়কর।

مُعْجَب : বিস্মিত; গর্বিত, অহমিকাপূর্ণ।

مُعْجَب بِنَفْسِهِ : আত্মশ্লাঘাপূর্ণ।

مُتَعَجِّب : বিস্মিত।

عَجَرَ : ـُ (عَجْر) ~ (পুনঃপুন অনুরোধে) বিরক্তির উদ্রেক করা, নিষেধ করা, আক্রমণ করা।

عَجِرَ : ـَ (عَجَر) পুরু হওয়া, মোটা হওয়া।

إِعْتَجَرَ : (إِعْتِجَار) পাগড়ি বাঁধা; ওড়না পরা।

عَجْر، عُجْر : কাঁচা।

عَجَر : উদ্ধৃত অংশ, টিউমার।

عُجْرَة : উদ্ধৃত অংশ; গিঁট; আব। ব عُجَر

عُجَرُهُ وَبُجَرُهُ : তাহার দোষ-ত্রুটি।

عَجُّور : কুমড়া।

أَعْجَر : পুরু, মোটা; গিঁটযুক্ত; পূর্ণ; কাঁচা। স্ত্রী عَجْرَاء ব عُجْر

الْعَجْرَاء : গিঁটযুক্ত লাঠি।

مِعْجَر : ওড়না।

عَجْرَدَ : (عَجْرَدَة) উলঙ্গ করা, নগ্ন করা।

تَعَجْرَدَ : উলঙ্গ হওয়া, নগ্ন হওয়া।

مُعَجْرَد : উলঙ্গ, নগ্ন, উদাম।

عُجْرُوز : বালুকাভূমির লম্বা দাগ। ব عَجَارِيز

تَعَجْرَفَ : দেমাগ দেখানো, ঔদ্ধত্য প্রদর্শন করা, রূঢ় হওয়া, অহঙ্কারী হওয়া।

عَجْرَفَة : (কথায় বা আচরণে) রূঢ়তা, কঠোরতা; দেমাগ, ঔদ্ধত্য, অহঙ্কার।

مُتَعَجْرِف : উদ্ধত, অহঙ্কারী।

عَجَزَ، عَجُزَ : ـُ (عُجُوز) (স্ত্রীলোক) বৃদ্ধ হওয়া।

~ ـ ـ، عَجِزَ : ـَ (عَجْز) ~ عَنْ অক্ষম হওয়া, অপারগ হওয়া, দুর্বল হওয়া।

عَجَّزَ : (تَعْجِيز) বৃদ্ধ হওয়া বা করা; দুর্বল করা, ক্লান্ত করা, অক্ষম করা, অপর্যাপ্ত হওয়া।

عَاجَزَ : ~ إِلَى ঝুঁকিয়া পড়া।

أَعْجَزَ : (إِعْجَاز) অক্ষম করা, দুর্বল করা; ক্লান্ত করা; অসম্ভব হওয়া।

أَعْجَزَ فِى الْقَوْلِ : চমৎকারভাবে কথা বলা, কথায় অগ্রগামী থাকা।

عَجْز : অক্ষমতা, অপারগতা, দুর্বলতা, ব্যর্থতা; ঘাটতি, অভাব; তরবারির বাঁট।

عَجُز، ~ : পশ্চাদ্ভাগ; পাছা; শ্লোকের দ্বিতীয় চরণ, দ্বিতীয় শ্লোকার্ধ। ব أَعْجَاز

عُجُوز، ~ : বার্ধক্য।

عُجْزَة : (পিতার) কনিষ্ঠতম সন্তান।

عَاجِز : দুর্বল, অক্ষম, অপারগ, ক্লান্ত; অন্ধ। ব عَوَاجِز

عِجَازَة : কৃত্রিম নিতম্ব।



www.pathagar.com

عَجُوز : বৃদ্ধ, বৃদ্ধা। ব عَجَائِز، عُجُز

عَجُوزَة : বৃদ্ধা।

عَجِيزَة : (স্ত্রীলোকের) নিতম্ব।

إِعْجَاز : অনুপমতা, অদ্বিতীয়তা, অনবদ্যতা; চমৎকারিত্ব।

مُعْجِز : অলৌকিক, বিস্ময়কর।

مُعْجِزَة : নবীদের অলৌকিক ঘটনা, মু'জিযা।

عَجَسَ - عَجَسَ : (عَجْس) عَنْ ~ বিরত রাখা, আটকাইয়া রাখা।

عَجْس : মধ্যভাগ।

عُجْس ,~ : ধনুকের হাতল।

عَجْعَجَ : (عَجْعَجَة) শোরগোল করা, হৈচৈ করা, চিৎকার করা।

عَجْعَجَة : শোরগোল, হৈচৈ, চিৎকার।

عَجْعَاج : হৈচৈপূর্ণ।

عَجَّفَ (عَجْف) - عَجَفَ (عُجُوف) : ـُ عَجَفَ (تَعْجِيف) عَنْ ~ নিজেকে বিরত রাখা, বিরত থাকা।

~ ,ـُ : أَعْجَفَ (إِعْجَاف) কৃশ করা, কাহিল করা।

عَجِفَ : ـَ (عَجَف) কৃশ হওয়া, কাহিল হওয়া।

عَجَف : কৃশতা।

عَجِف، عَجِيف، أَعْجَف : (স্ত্রী عَجْفَاء ব عِجَاف) কৃশ, কাহিল।

عَجِلَ : ـَ (عَجَل، عَجَلَة) ত্বরা করা, তাড়াতাড়ি করা, দ্রুত আগমন করা।

عَجَّلَ : (تَعْجِيل) ত্বরা করা; দ্রুত আনয়ন করা; তাড়াইয়া নেওয়া; ত্বরান্বিত করা; অগ্রিম পরিশোধ করা, নগদ পরিশোধ করা।

تَعَجَّلَ : ত্বরা করা, তাড়াতাড়ি করা, আগে যাইতে চাওয়া; তাড়াইয়া নেওয়া; আগেই আসিয়া পড়া; আগে আগে সম্পন্ন করা; আগাইয়া যাওয়া; নগদ লাভ করা।

~ فِي : ত্বরান্বিত করা, গতি বৃদ্ধি করা।

إِسْتَعْجَلَ : (إِسْتِعْجَال) ত্বরা করা, তাড়াতাড়ি করা; তাড়াইয়া নেওয়া।

~ فِي : ত্বরান্বিত করা, গতি বৃদ্ধি করা।

عَاجَلَ : (مُعَاجَلَة) পূর্বেই আসিয়া পড়া, দ্রুত আগমন করা।

أَعْجَلَ : (إِعْجَال) তাড়াইয়া নেওয়া।

عِجْل : বাছুর। ব عُجُول

عِجْلُ البَحْرِ : সীল মাছ।

إِسْتِعْجَال، عَجَل : ত্বরা, দ্রুততা।

عَلَى عَجَلٍ : দ্রুত।

عَجِل : দ্রুত।

عَجَلَة : ত্বরা, দ্রুততা।

~ : চাকা; বাই সাইকেল; গাড়ি। ব عِجَال، عَجَلَات، عَجَل

عَجَلَة نَارِيَّة، عَجَلَة سَيَّارَة : মোটর সাইকেল।

~ القِيَادَة : হাল নিয়ন্ত্রণ করিবার চাকা, স্টীয়ারিং হুইল, steering wheel.

عَاجِل : দ্রুত; পার্থিব; তাৎক্ষণিক; বর্তমান।

عَاجِلاً : তৎক্ষণাৎ, এখনই, শীঘ্র; অবিলম্বে।

عَاجِلاً أَمْ آجِلاً : এখনই হউক কিংবা পরে হউক, শীঘ্রই হউক আর বিলম্বেই হউক, নগদে কিংবা বাকিতে।

فِي العَاجِل والآجِل : বর্তমানে ও ভবিষ্যতে।

فِي القَرِيب العَاجِل : অদূর ভবিষ্যতে।

عَاجِلَة : এক্সপ্রেস ট্রেন।

العَاجِلَة : পার্থিব জীবন; ক্ষণস্থায়ী অস্তিত্ব।

عَجُول : দ্রুত, হঠকারী; সন্তানহারা (মা); অকালমৃত্যু। ব عُجُل

عَجِيل : দ্রুত। ব عِجَال، عَجْلَان، স্ত্রী عَجْلَى ব عَجَالَى

أَعْجَل : দ্রুততর। স্ত্রী عُجْلَى ব عُجْل



www.pathagar.com

تَعْجِيل : দ্রুতকরণ, ত্বরান্বিতকরণ, গতিবৃদ্ধি।

مِعْجِل : সঙ্গে বাছুর আছে এমন পশু; সবৎসা (গাভী)। ব مَعَاجِيلُ

مُعَجَّل : নগদ; অগ্রিম; জরুরি; যথাসময়ের পূর্বে সংঘটিত।

حُكْم بِالنَّفَاذِ الْمُعَجَّلِ : দ্রুত বিচার।

مُتَعَجِّل : দ্রুত, হঠকারী।

مُسْتَعْجِل : জরুরি; ত্বরাকারী; দ্রুত।

مُسْتَعْجِلَة : মন্থরগতি রেলগাড়ি।

عَجَمَ ـُ : (عَجْم، عُجُوم) যাচাই করা, পরীক্ষা করা; চিবাইয়া দেখা।

عَجَمِيَّة : ঘৃতমিশ্রিত, অমৃত; ঘৃতামৃত।

عَجُمَ ـُ : (عُجْمَة) অশুদ্ধভাষী হওয়া।

عَاجَمَ : (مُعَاجَمَة) পরীক্ষা করা।

أَعْجَمَ : (إِعْجَام) বিন্দু-চিহ্নিত করা; বুঝাইয়া বলা, ব্যাখ্যা করা।

إِنْعَجَمَ : (إِنْعِجَام) ~ عَلَى অস্পষ্ট হওয়া।

إِسْتَعْجَمَ : (إِسْتِعْجَام) জবাব দিতে অক্ষম হওয়া; অস্পষ্টভাবে কথা বলা; পড়িতে বাধাপ্রাপ্ত হওয়া।

عُجْم، عَجَم : অনারব, ইরানের অধিবাসী।

بِلَادُ الْعَجَم، الْعَجَم : ইরান।

عَجَمِيّ : অনারব, ইরানী। ব أَعْجَام

عَجَمَة : (ফলের) শাঁস, বিচি, আঁটি। ব عَجَم

عُجْمَة : অশুদ্ধ আরবী কথা; আরবী ভাষায় ব্যবহৃত বিদেশী শব্দ, অনারবত্ব; অশুদ্ধতা।

عَجْمَاء : পশু। ব عَجْمَاوَات

أعجم : অশুদ্ধভাষী; বোবা; নির্বাক; বুদ্ধিহীন; অনারব; বিদেশী; ইরানী; পশু। স্ত্রী عَجْمَاء ব أَعَاجِم

أَعْجَمِيّ : বিদেশী, অনারব, ইরানী।

مُعْجَم : অভিধান অস্পষ্ট, অবোধগম্য, বিন্দুযুক্ত (হরফ); তালাবদ্ধ (দরজা)।

~ : অভিধান। ব مَعَاجِم

حُرُوف الْمُعْجَم : বর্ণমালা।

عَجَنَ ـُ : (عَجْن)، إِعْتَجَنَ، (إِعْتِجَان) (ময়দা ইত্যাদি) মাখা; চোষা।

~ - : ভর করা, বৃদ্ধ হওয়া।

~ لَتَّ : (فِى) পীড়াপীড়ি করা, একই প্রশ্ন বার বার করা।

عِجَان : অণ্ডকোষ ও মলদ্বারের মধ্যবর্তী স্থান।

عَاجِن : বৃদ্ধ।

عَجَّان : আটা ময়দার খামিরকর্তা।

عَجِين : ময়দার তাল, আঠা। ব عُجُن

عَجِينَة : ময়দার তাল, আঠা, লেই; প্লাস্টিক। ব عَجَائِن

عَجِينَةُ أَسْنَان : টুথপেস্ট।

عَجْنَاء : অত্যন্ত মোটা (উষ্ট্রী)।

مِعْجَن : ময়দা ইত্যাদি মাখাইবার পাত্র বা যন্ত্র। ব مَعَاجِن

مَعْجُون : মাখানো হইয়াছে এমন (ময়দা); মিষ্ট আবরণযুক্ত ঔষধবিশেষ, electuary; মাদক মিষ্টান্নবিশেষ; পুডিং; লেই; কাই। ব مَعَاجِين

مَعْجُون الأَسْنَان : দাঁতের মাজন, toothpaste.

مُعَجَّنَات : পেস্ট্রি।

عَجَا ـُ : (عَجْو) عَاجَى (مُعَاجَيَة) (শিশুকে) লালনপালনের জন্য দেওয়া।

~ : (উট) আর্তনাদ করা।

~, عَجَّى : (تَعْجِيَة) দাঁত বাহির করা।

عَجْوَة : ফলের বিচি পাত্রে ঠাসিয়া রাখা, খেজুর; বিশেষ জাতের খেজুর।

عَجِيّ، عُجِيّ، عَجِيّ : ধাত্রীমাতা কর্তৃক পালিত শিশু, অনাথ। ব عَجَايَا

عَجَايَة : হাত ও পায়ের পেশিতন্তু। ব عَجَايَا، عُجِيّ

عَدَّ ـُ : (عَدّ) গণনা করা, শুমার করা; হিসাব করা, গণ্য করা; বিবেচনা করা, মনে করা, ধারণা করা।



www.pathagar.com

عَدَّ : গণ্য হওয়া, বিবেচিত হওয়া।

لَا يُعَدُّ : অগণিত, বেশুমার।

عَدَّدَ : (تَعْدِيْد) গণনা করা, শুমার করা, সংখ্যা নিরূপণ করা; বহুসংখ্যক করা; (মৃতব্যক্তির) গুণাবলির প্রশংসা করা।

أَعَدَّ : (إِعْدَاد) প্রস্তুত করা; বিন্যাস করা।

تَعَدَّدَ : বহুসংখ্যক হওয়া; বর্ধিত হওয়া; প্রস্তুত হওয়া; বিন্যস্ত হওয়া।

إِعْتَدَّ : (إِعْتِدَاد) মনে করা, বিবেচনা করা, গণনা করা, হিসাব করা; গণ্য হওয়া; বিবেচিত হওয়া; নির্ভর করা।

إِعْتَدَّ بِنَفْسِهِ : আত্মশ্লাঘাপূর্ণ হওয়া।

لَا يُعْتَدُّ بِهِ : নগণ্য।

إِسْتَعَدَّ : (إِسْتِعْدَاد) প্রস্তুত হওয়া; উদ্যত হওয়া।

عَدّ : গণনা, হিসাব।

عِدّ : বিরাট সংখ্যা, বহু পরিমাণ; ঝরনা; কূপের পানি; সমকক্ষ। ব أَعْدَاد

عَدّ : ব্রণ, ফুসকুড়ি।

عِدَّة : সংখ্যা; একাধিক, কতিপয়, অনেক; বিধবা কিংবা তালাকপ্রাপ্তা হইবার পর স্ত্রীলোকের পুনর্বিবাহের পূর্বে শরীআত নির্ধারিত অপেক্ষাকাল। ব عِدَد

عُدَّة : প্রস্তুতি, সরঞ্জাম; (ঘোড়া ইত্যাদির) সাজ। ব عُدَد

عَدَد : সংখ্যা; পরিমাণ। ব أَعْدَاد

عَدَد أَصْلِيّ : মৌলিক সংখ্যা, cardinal number.

~ أَصَمّ : বদ্ধ সংখ্যা, concrete number.

~ أَوَّلِيّ : মৌলিক সংখ্যা, prime-number.

~ خَاصّ : বিশেষ সংখ্যা।

~ زَوْجِيّ : জোড় সংখ্যা।

~ فَرْدِيّ : বেজোড় সংখ্যা।

~ صَحِيح : পূর্ণ সংখ্যা।

~ قَانُونِيّ : অপেক্ষসংখ্যা, গণপূর্তি, quorum.

~ مُبْهَم : abstract number.

~ مُرَكَّب, الأَعْدَاد المُتَنَاسِبَة : মিশ্র সংখ্যা যৌগিক।

عَدَدِيّ : সংখ্যা-সংক্রান্ত, সংখ্যক।

عِدَاد : সংখ্যা, পরিমাণ; হিসাব; সমকক্ষ, সম।

فِي عِدَادِهِمْ : তাহাদের মধ্যে একজন, তাহাদের অন্যতম।

عَدَّاد : গণনাকারী, গণনাযন্ত্র; (বিদ্যুৎ, পানি কিংবা গ্যাসের) মিটার।

عَدِيد : সংখ্যা; গণনা; গণনা করা হইয়াছে এমন; কতক; অনেক; বহুসংখ্যক; সমান; সমকক্ষ।

عَدِيدَة : অংশ, ভাগ। ব عَدَائِد، أَعْدَادٌ

إِعْدَاد : প্রস্তুতকরণ, প্রস্তুতি, বিন্যাস।

إِعْدَادِيّ، إِسْتِعْدَادِيّ : প্রস্তুতিমূলক; প্রাথমিক।

إِعْتِدَاد : আস্থা, বিশ্বাস, নির্ভরশীলতা।

الإِعْتِدَاد بِنَفْسِهِ : আত্মবিশ্বাস, আত্মনির্ভরশীলতা, আত্মপ্রদর্শন।

إِسْتِعْدَاد : প্রস্তুতি, উদ্যোগ, প্রবণতা, প্রবৃত্তি, ক্ষমতা।

تَعَدُّد : বহুত্ব, সংখ্যাধিক্য, প্রকারভেদ।

تَعَدُّد الأَزْوَاج : বহুস্বামীগ্রহণ, polyandry.

~ الزَّوْجَات : বহুবিবাহ, polygamy.

~ الآلِهَة : বহু ঈশ্বরবাদ, পৌত্তলিকতা, শিরক।

~ الأُصُول : বহু উৎস, polygenesis.

تَعْدَاد : গণনা, হিসাব।

تَعْدَاد الأَنْفُس : আদমশুমারি।

تَعْدِيد : গণনা; (মৃত ব্যক্তির) গুণাবলির প্রশংসা, অন্ত্যেষ্টিগাথা।

مُعَدّ : প্রস্তুত; ঈপ্সিত।

مُعَدَّات : উপকরণাদি, সাজ-সরঞ্জাম; ফন্দি-ফিকির।

مِعْدَاد : গণনার ফ্রেম, বলফ্রেম, abacus. ব مَعَادِيد

مَعْدُود : গণনা করা হইয়াছে এমন; গণনাযোগ্য, স্বল্পসংখ্যক, গুটিকতক।



www.pathagar.com

مُعَدِّدَة : (ভাড়াটিয়া) বিলাপকারিণী।

مُعْتَدٌّ بِنَفْسِهِ : আত্মপ্রদর্শনকারী, দাম্ভিক; আত্মপ্রত্যয়ী, আত্মনির্ভরশীল।

مُتَعَدِّد : বহুসংখ্যক, নানারকম, অনেক, বিভিন্ন।

مُتَعَدِّد الأشْكَال : বহু আকারবিশিষ্ট, বহুরূপী, multiform.

~ الأضْلاَع : বহুভুজ (ক্ষেত্র); polygon.

~ الألْوَان : বহুবর্ণ, বিচিত্র, বহুরূপী, multicolour.

~ الأنْوَاع : নানারকম।

مُتَعَدِّدُ السُّطُوح ,~ الجَوَانِب : বহুতলবিশিষ্ট, polyhedral.

~ الخَلاَيَا : বহুকোষবিশিষ্ট, multicellular.

~ الزَّوَايَا : বহুকোণবিশিষ্ট multangular.

~ اللُّغَات : বহুভাষাভাষী, বহুভাষায় লিখিত।

~ المَقَاطِع : বহু শব্দাংশবিশিষ্ট, polysyllable.

~ النَّوَاحِي : বহুবিধ, নানাবিধ।

مُسْتَعِدٌّ : প্রস্তুত, উদ্যোগী, ঔদ্ধত্যপ্রবণ; যোগ্য।

عَدَسَ - : (عَدْس) তত্ত্বাবধান করা, পরিচর্যা করা; পদদলিত করা।

عَدَس : মসুর ডাল।

عَدَسَة : মসুরের দানা।

~, عَدَسِيَّة : দৃষ্টি-সহায় কাচ, পরকলা, lense; বড় করিয়া দেখাইবার কাচ।

عَدَسِيّ : মসুরাকার।

عَدَفَ - : (عَدْف)، تَعَدَّفَ সামান্য পরিমাণ আহার করা।

عَدُوف، عُدَاف، عَدَف، عَدْف : সামান্য পরিমাণ খাদ্য। ব عُدُف

عِدْف : রাত্রির অংশ; দশ হইতে পঞ্চাশ জনের দল।

عِدْفَة : অংশ, মানুষের দল; সমাবেশ। ব عِدَف

عَدَفَة : গাছের শিকড়। ব عَدَف

عَدَّقَ، (عَــــدَق) - عَدِقَ، (عَدْق) : - عَدَقَ (تَعْدِيق) আন্দাজ করা।

عَدَقَة : (ব عَدَق، عَوْدَق) عَوْدَقَة (ব عُدُق) ক্ষুদ্র নোঙর।

عَدَكَ - ـُ : (عَدْك) কাঠি দ্বারা (তুলা, পশম ইত্যাদি) পিটানো।

عَدَلَ - : (عَدَالَة، عَدْل) ন্যায় আচরণ করা, ইনসাফ করা, ন্যায়বিচার করা; সমান বিবেচনা করা।

~ : (عُدُول) ~ عَنْ পরিত্যাগ করা; ভিন্ন পথে গমন করা, ফিরিয়া আসা; (মত বা পথ) পরিবর্তন করা।

~ : (عَدْل) সোজা করা।

عَدَّلَ : (تَعْدِيل) সোজা করা; ঠিক করা, সুবিন্যস্ত করা, সুষম করা; পরিমিত করা; পরিবর্তিত করা; মীমাংসা করা; সঠিক পথে পরিচালিত করা।

عَدَّلَ الحُكْمَ : দণ্ড প্রতিবিধান করা।

عَادَلَ : (مُعَادَلَة) সমান হওয়া; সমতুল্য হওয়া; সমমান হওয়া; সমকক্ষ হওয়া।

~ بَيْنَ : সমীকরণ করা, সমন্বিত করা।

أعْدَلَ : (إعْدَال) সোজা করা।

تَعَدَّلَ : পরিবর্তিত হওয়া।

إنْعَدَلَ : (إنْعِدَال) ~ عَنْ অন্যদিকে যাওয়া।

تَعَادَلَ : সমান হওয়া।

إعْتَدَلَ : (إعْتِدَال) সোজা হওয়া; সমান হওয়া; সুষম হওয়া, পরিমিত হওয়া; মিতাচারী হওয়া।

عَدْل : সরলতা, সততা, ন্যায্য, ন্যায়, ন্যায়পরায়ণতা; নিরপেক্ষতা; ইনসাফ, যথার্থতা; সরল; সঠিক।

عِدْل : সমান, অনুরূপ।

~ : বস্তা, থলি, অর্ধেক বোঝা। ব أعدال, عدول

عَدَالَة : ন্যায্য, সততা, ন্যায়পরায়ণতা, নিরপেক্ষতা, ইনসাফ।

عَادِل : ন্যায়, সরল, সৎ, ন্যায্য; ন্যায়পরায়ণ, নিরপেক্ষ, সঠিক।

عُدُول : পরিত্যাগ; নিবৃত্তি।



www.pathagar.com

عَدِيل : সমান, অনুরূপ, ন্যায়; ভগ্নিপতি। ব أَعْدَال، عُدَلَاءُ

عَدِيلَة : থলি, বস্তা, বান্ডিল।

عَدْلِيَّة : বিচারবিভাগ।

إِعْتِدَال : সরলতা, সাম্য, সমন্বয়, সামঞ্জস্য, মধ্যপন্থা, মিতাচার; বিষুব, equinoctial.

إِعْتِدَال خَرِيفِيّ : শারদীয়বিষুব, জলবিষুব, Autumnal equinox.

~ رَبِيعِيّ : বাসন্তীবিষুব, মহাবিষুব, vernal equinox.

إِعْتِدَالِيّ : বিষুবসম্বন্ধীয়, equinoctial.

تَعْدِيل : সোজাকরণ, সঠিককরণ, সুবিন্যস্তকরণ, সমন্বয়সাধন, মীমাংসা; পরিবর্তন, প্রতিবিধান।

تَعْدِيل الضَرَائِب، تَعَادُل الضرائب : কর পুনঃনির্ধারণ।

~ وِزَارِيّ : মন্ত্রিসভা পুনর্গঠন।

تَعَادُل : সমতা, সামঞ্জস্য; ভারসাম্য।

مُعَدَّل : সোজাকৃত, সমন্বিত, সুবিন্যস্ত, পরিবর্তিত, গড়; হার।

مُعَادِل : সমান, সমমান।

مُعَادَلَة : সমতা, সাম্য, সমকক্ষতা, তুল্য, তুলনা, সামঞ্জস্য, ভারসাম্য; সমীকরণ।

مُعَادَلَة جَبْرِيَّة، مُعَادَلَة حِسَابِيَّة : সমীকরণ।

مُعْتَدِل : সোজা; সরল, সামঞ্জস্যশীল, সুষম, পরিমিত; মধ্যম; নাতিশীতোষ্ণ।

المِنْطَقَة المُعْتَدِلَة : নাতিশীতোষ্ণ অঞ্চল।

مُسْتَعْدِل : বলিষ্ঠ স্বাস্থ্যবান।

مُتَعَادِل : সমান।

عَدِمَ ـَ : (عَدَم، عُدْم) না থাকা, অস্তিত্বহীন হওয়া; বঞ্চিত হওয়া, অভাবগ্রস্ত হওয়া; হারানো।

عَدُمَ ـُ : (عَدَامَة) নির্বোধ হওয়া, বুদ্ধিহীন হওয়া।

عُدِمَ (اِنْعِدَام) اِنْعَدَم : অস্তিত্বহীন হওয়া; অনুপস্থিত হওয়া, অদৃশ্য হওয়া, হারাইয়া যাওয়া।

أَعْدَمَ : (إِعْدَام) অভাবগ্রস্ত হওয়া; দরিদ্র হওয়া; ধ্বংস করা; মারিয়া ফেলা; বঞ্চিত করা।

إِنْعِدَام، عَدَم، عُدْم : অস্তিত্বহীনতা, অনুপস্থিতি, অবিদ্যমানতা।

عَدَم الإِهْتِمَام : অমনোযোগ, অযত্ন।

~ الإِنْحِيَاز : জোটনিরপেক্ষতা।

~ الوُجُود : অস্তিত্বহীনতা, অবিদ্যমানতা।

~ : অভাব, দারিদ্র্য।

عَدَمِيّ : নৈরাজ্যবাদী, nihilist.

عَدَمِيَّة : নৈরাজ্যবাদ, nihilism; অস্তিত্বহীনতা।

عَدِيم : অভাবগ্রস্ত, বঞ্চিত, শূন্য, মুক্ত, বিহীন।

عَدِيمُ الحَيَاة : নিষ্প্রাণ; নির্জীব।

~ الخَوْف : নির্ভয়, শঙ্কাহীন।

~ القُوَّة : শক্তিহীন।

~ النَظِير : অতুল, সমকক্ষহীন, অনুপম।

~ المَال : সম্পদহীন, দরিদ্র।

~ : দরিদ্র ব্যক্তিগণ। ব عُدَمَاء

عَادِم : অস্তিত্বহীন, অবিদ্যমান; বিলুপ্ত; অসংশোধনীয়; পুনরুদ্ধারের অযোগ্য।

دَيْن عَادِم : অনাদায়ী ঋণ।

إِعْدَام : ধ্বংস, হত্যা; প্রাণদণ্ড।

الحُكْم بِالإِعْدَام : মৃত্যুদণ্ড।

تَنْفِيذ حُكْمِ الإِعْدَام : মৃত্যুদণ্ড কার্যকরণ।

مُعْدِم : দরিদ্র, নিঃস্ব; সর্বহারা।

مَعْدُوم : অস্তিত্বহীন, অবিদ্যমান; বিলুপ্ত, ধ্বংসপ্রাপ্ত; বঞ্চিত, বিহীন।

عَدَنَ ـِ ـُ : (عُدُون، عَدْن) বসবাস করা।

~، عَدَّنَ : (تَعْدِين) (জমিতে) সার দেওয়া; খনিজ পদার্থ উত্তোলনের জন্য (মাটি) খনন করা।

عَدْن : শাশ্বত বাসস্থান, আদম (আ) ও হাওয়া (আ)-এর আদি বাসস্থান; বেহেশত; এডেন (নগরী)।



www.pathagar.com

عَدَن : এডেন, এডেন উপসাগরের তীরবর্তী দক্ষিণ-পশ্চিম আরবের একটি সামুদ্রিক বন্দর।

عَدَنِيّ : সম্ভ্রান্ত ব্যক্তি; এডেনবাসী।

عَدَنِيَّات : উৎকৃষ্ট বস্ত্র।

عَدَان : সমুদ্রের উপকূল, নদীর তীর, সাত বৎসর সময়কাল।

عَدَانَة : বহু সংখ্যাবিশিষ্ট দল।

تَعْدِين : ধাতু আহরণ, খনিজ পদার্থ উত্তোলনের জন্য মাটি খনন।

مَعْدِن : খনি; খনিজপদার্থ, ধাতু; উৎস। ব مَعَادِن

مَعْدَن : চমৎকার।

مِعْدَن : গাঁতি, খন্তা, pickaxe.

عِلْمُ الْمَعَادِن : খনিজবিজ্ঞান, ধাতুবিজ্ঞান।

مَعْدِنِيّ : খনিজ, আকরিক পদার্থ।

مُعَدِّن : খনি-কর্মী, খনিজীবী, খননকৃত।

عَدْنَان : ইসমাঈল (আ)-এর পুত্র, উত্তর আরবের অধিবাসীদের ঊর্ধ্বতন পুরুষ।

عَدَا : ـُ : (عَدْو) দৌড়ানো, দ্রুত ধাবিত হওয়া।

~ : (عُدْوَان، عَدْو) ~ عَنْ পরিত্যাগ করা; ফিরাইয়া আনা, বাড়াবাড়ি করা।

~ : অপরাধ করা; অবহেলা করা।

~ عَلَى : ঝাঁপাইয়া পড়া।

~ : (عُدْوَى، عُدْوَان، عَدَاء، عُدُو، عَدْو) ~ عَلَى অন্যায় আচরণ করা, শত্রুতা করা, যুলুম করা।

عَدِيّ : ـَ : (عَدًى) ~ لِ শত্রুভাবাপন্ন হওয়া।

عَدَّى : (تَعْدِيَة) অতিক্রম করা, অতিবাহিত হওয়া; অতিক্রম করানো; (ক্রিয়াকে) সকর্মক করা।

~ عَنْ : বিরত রাখা, নিবারণ করা; পরিত্যাগ করা।

عَادَى : (مُعَادَاة) শত্রুতা করা, শত্রুতাপূর্ণ আচরণ করা।

عَادَى بَيْنَ الصَّيْدَيْنِ : এক ঢিলে দুই পাখি মারা।

أَعْدَى : (إِعْدَاء) (অশ্ব) ধাবিত করা।

~ مِنْ : (রোগ) সংক্রমিত করা।

~ عَلَى : অন্যায় আচরণ করা; বিরুদ্ধে সাহায্য করা।

~ فِي : সীমালঙ্ঘন করা।

تَعَدَّى : (সীমা) লঙ্ঘন করা; ছাড়াইয়া যাওয়া, অনধিকার প্রবেশ করা, (আইন) ভঙ্গ করা, অমান্য করা; অপরাধ করা; (ক্রিয়া) সকর্মক হওয়া।

~ إِلَى : ছড়াইয়া যাওয়া, সংক্রমিত হওয়া।

~ عَلَى : অন্যের অধিকারে হস্তক্ষেপ করা, যুলুম করা।

تَعَادَى : পরস্পর শত্রুতা পোষণ করা।

إِعْتَدَى : (إِعْتِدَاء) অতিক্রম করা, ছাড়াইয়া যাওয়া।

~ عَلَى : যুলুম করা, শত্রুতা প্রদর্শন করা; আক্রমণ করা; অন্যায় হস্তক্ষেপ করা; জীবননাশের চেষ্টা করা।

إِنْعَدَى : (إِنْعِدَاء) সংক্রমিত হওয়া।

إِسْتَعْدَى : (إِسْتِعْدَاء) সাহায্য চাওয়া, আশ্রয় প্রার্থনা করা, উত্তেজিত করা; (অশ্ব) ধাবিত করা।

عَدَا، مَا عَدَا، فِيمَا عَدَا : ব্যতীত।

عَدَاء : শত্রুতা, ঘৃণা, বিদ্বেষ।

عَدَاء : ন্যায়, মতো।

عَدَّاء : ধাবনকারী।

عَدْو : দৌড়, ধাবন।

عِدْو : সমাধি-প্রস্তর।

عَدُوّ : শত্রু। স্ত্রী عَدُوَّة ব أَعْدَاء، عِدًى، عُدَاة، أَعَادٍ

عُدْوَة : (উপত্যকার) পার্শ্ব; (নদীর) তীর; উপকূল; সমান। ব عِدَاء، عُدًى

عَدِيّ : আক্রমণপ্রবণ, আক্রমণ সূচনাকারী; একটি আরব গোত্রের নাম।

عِدًى : পার্শ্ব, তীর। ব أَعْدَاء

قَوْم عُدًى : শত্রুপক্ষ।



www.pathagar.com

عَدَاوَة : শত্রুতা, ঘৃণা, বিদ্বেষ।

عَدْوَى : সংক্রমণ; সংক্রমক ব্যাধি; শত্রুতা।

عَدْوَاء : বাধা; অসুবিধা, উৎপাত।

عُدَوَاء : অনুর্বর ভূমি; বাধা; দূরত্ব।

عَدْوَان، عُدْوَان : শত্রুতা, যুলুম, অন্যায়, অনিষ্ট, সীমালঙ্ঘন।

عَدَوَان : দ্রুত ধাবনশীল।

عَادٍ : ধাবনকারী, ধাবনশীল, ধাবমান। স্ত্রী عَادِيَة ব عَادِيَات

~ : ব عُدَاة শত্রু।

~ : ব عَوَادٍ আক্রমণকারী।

العَادِي : সিংহ।

عَادِيَة : অপরাধ, অন্যায়, বিপদ; দুর্ভাগ্য; বাধা, বিঘ্ন; কঠোরতা; আক্রমণ; দূরত্ব; শত্রুপক্ষ। ব عَوَادٍ

اِعْتِدَاء : আক্রমণ, অত্যাচার; জীবননাশের চেষ্টা; অপরাধ, সীমালঙ্ঘন।

مُعَاهَدَةُ عَدَمِ الاِعْتِدَاء : অনাক্রমণ চুক্তি।

تَعَدٍّ : আক্রমণ; অতিক্রমণ; লঙ্ঘন; অমান্যককরণ।

تَعْدِيَة : (ক্রিয়া) সকর্মককরণ; সকর্মক ক্রিয়ার ব্যবহার; পারাপার।

مُعْدٍ : সংক্রামক (ব্যাধি)।

مَعْدًى : পরিত্রাণ, নিষ্কৃতি; পথ; আশ্রয়।

لَا مَعْدَى عَنْهُ : অনিবার্য, অপরিহার্য।

مَعْدِيَة : খেয়ানৌকা। ব مُعَدِّيَة، مَعَادٍ

أُجْرَة المُعَدِّيَة : খেয়ার পয়সা।

مُعَادٍ : শত্রুভাবাপন্ন, বিরোধী।

مُتَعَدٍّ : সকর্মক (ক্রিয়া); আক্রমণকারী; অন্যায়কারী।

مُعْتَدٍ : আক্রমণকারী, সীমালঙ্ঘনকারী।

مُتْعَادٍ : অসম, প্রস্তরময় (ভূমি); শত্রু।

عَذَبَ ـِ (عَذْب) : বাধা দেওয়া; বিরত রাখা।

عَذُبَ ـُ (عُذُوبَة) : মিষ্ট হওয়া, সুস্বাদু হওয়া।

عَذَّبَ : (تَعْذِيب) আযাব দেওয়া, শাস্তি দেওয়া; নির্যাতন করা, কষ্ট দেওয়া।

عَذَّبَ المُتَّهَم : অভিযুক্ত ব্যক্তিকে স্বীকারোক্তির উদ্দেশ্যে নির্যাতন করা।

أَعْذَبَ : (إِعْذَاب) মিষ্ট পানি লাভ করা, (পুকুর) পরিষ্কার করা।

تَعَذَّبَ : শাস্তিলাভ করা, কষ্টভোগ করা, নির্যাতিত হওয়া।

اِعْتَذَبَ : (اِعْتِذَاب) পাগড়ির লেজ ঝুলাইয়া দেওয়া।

اِسْتَعْذَبَ : (اِسْتِعْذَاب) মিষ্ট ও সুস্বাদু পাওয়া; সুন্দর মনে করা।

عَذْب : মিষ্ট, সুস্বাদু। ব عِذَاب

عَذَبَة : জিহ্বার অগ্রভাগ, পাগড়ির লেজ, রেশমের থোবা, রেশমি ঝাপ্পা। ব عَذَبَات

عَذَاب : আযাব, শাস্তি, নির্যাতিত, কষ্ট, যন্ত্রণা। ব أَعْذِبَة

عُذُوبَة : মিষ্টতা, মধুরতা।

تَعْذِيب : নির্যাতন, শাস্তি প্রদান, যন্ত্রণা প্রদান।

عَذَرَ ـِ (عُذْر، مَعْذِرَة) : ক্ষমা করা, অভিযোগ হতে মুক্তি দেওয়া।

~ : (عَذْر) খাৎনা করানো।

~ ـُ : (عُذْر، عَذْر) (ঘোড়ার) লাগাম বাঁধা।

أَعْذَرَ : (إِعْذَار) ক্ষমা করা, অভিযোগ হতে মুক্তি দেওয়া; ক্ষমা লাভ করা, খাৎনা করানো।

تَعَذَّرَ : সুকঠিন হওয়া, কষ্টকর হওয়া, অসাধ্য হওয়া, অসম্ভব হওয়া।

~ : (إِسْتِعْذَار) سْتَعْذَرَ، (إِعْتِذَار) إِعْتَذَرَ، ~ عَنْ، مِنْ কৈফিয়ত দেওয়া, ওযর পেশ করা, ক্ষমা চাওয়া।

مِعْذَار ( مَعَاذِر ব) مَعْذِرَة (أَعْذَار ব) : عُذْر (مَعَاذِير ব) ওযর, কৈফিয়ত, ক্ষমা।

عُذْرَة : কুমারিত্ব, খাৎনা; একটি আরব গোত্রের নাম।

~ : (ব عُذَر) কেশগুচ্ছ।

عِذَار : চিবুক, চিবুকের পশম, দাড়ি, লজ্জা; লাগাম। ব عُذُر



www.pathagar.com

خَلَعَ العِذَارَ : লজ্জাশরম ত্যাগ করা।

~ خَالِع : নির্লজ্জ; লম্পট।

عَذْرَاء : কুমারী। ব عَذَارَى

العَذْرَاء : ঈসা (আ)-এর মাতা মারইয়াম (আ); কন্যারাশি।

عَذْرَاوِيَّة : কুমারিত্ব।

عُذْرِيّ : কুমারী; পবিত্র, খাঁটি।

عَذِير : কৈফিয়তদাতা, ওযর পেশকারী। ব عُذُر

إِعْذَار : খাৎনা উপলক্ষে প্রদত্ত ভোজ।

عَاذُور : গলার ব্যথা। ব عَوَاذِير

إِعْتِذَار : কৈফিয়তদান।

تَعَذُّر : অসাধ্যতা, অপারগতা।

مَعْذُور : অক্ষম, ক্ষমাযোগ্য, ক্ষমা করা হইয়াছে এমন।

مُتَعَذِّر : কঠিন, কষ্টকর, অসাধ্য, অসম্ভব।

عَذَقَ - : (عَذْق)، عَذَّقَ (تَعْذِيق) (খেজুর গাছ) ছাঁটিয়া দেওয়া।

عَذْق : ফলদার খেজুর গাছ। ব عِذَاق، أَعْذَق

عِذْق : (খেজুর বা আঙ্গুরের) কাঁদি, ফুলের থোকা। ব عُذُوق، أَعْذَاق

عَذَلَ - ُ : (عَذْل)، عَذَّلَ (تَعْذِيل) নিন্দা করা।

تَعَذَّلَ، إِعْتَذَلَ : (إِعْتِذَال) নিন্দিত হওয়া।

عَذْل، عَذَل : নিন্দা।

عَاذِل : নিন্দাকারী, নিন্দুক; সমালোচক। ব عَوَاذِل ব عَاذِلَة স্ত্রী عَذَلَة، عُذَّال

عَذُول، عَذَّال : কঠোর সমালোচক।

عَذَّالَة : গুহ্যদ্বার

مَعْذُول، مُعَذَّل : নিন্দিত।

عَذَا - ُ : (عَذْو) عَذِيَ - َ (عَذًى) عَذُوَ - ُ (عَذَاوَة) (স্থান) স্বাস্থ্যকর হওয়া।

عَاذ، عَذِيّ : স্বাস্থ্যকর (স্থান)।

عَرَّ - ُ : (عَرّ) অসম্মান করা, অপমানকর হওয়া; (উট) পাঁচড়াযুক্ত হওয়া।

عَرَّرَ : (تَعْرِير) (জমিতে) সার দেওয়া।

إِعْتَرَّ : (إِعْتِرَار) বিনীতভাবে সম্বোধন করা।

إِسْتَعَرَّ : (إِسْتِعْرَار) (খোস-পাঁচড়া) ছড়াইয়া যাওয়া।

عَرّ : দোষ; ময়লা, পশুমল; উন্মত্ততা; পাঁচড়াযুক্ত পশু।

عُرّ : পাখির পায়খানা; উটের পাঁচড়া।

عُرَّة : (পশুর) পাঁচড়া, পশুমল, লজ্জাকর বস্তু।

عَرَر، عُرُور : (পশুর) পাঁচড়া।

~ : লজ্জা, অপমান, দোষ।

عَرَار : প্রতিদান, প্রতিশোধ।

~ : যথাসময়ের পূর্বেই মাই ছাড়ানো হইয়াছে এমন (শিশু)। স্ত্রী عَرَارَة

عُرَار : অপরাধ, লজ্জা।

عَرَارَة : খারাপ স্বভাব; শক্তি; মূল।

أَعَرّ : পাঁচড়াযুক্ত (পশু)। স্ত্রী عَرَّاء ব عُرّ

مَعَرَّة : লজ্জা, অপমান; কলঙ্ক, দোষ, অপরাধ; বিরক্তি; জরিমানা, রক্তমূল্য; প্রতারণা। ব مَعَرَّات

المَعَرِّي : আবুল আ'লা আল-মা'আরী (৯৭৯-১০৫৮ খ্রিস্টাব্দ) আব্বাসী আমলের প্রখ্যাত দার্শনিক কবি।

مُعْتَر : পাঁচড়াযুক্ত; কলুষিত।

مُعْتَر : নিঃস্ব, দুঃস্থ; ভিক্ষুক; দুরাত্মা।

عَرَبَ - : (عَرْبًا) খাওয়া; বাছাই করা, বিন্যাস করা।

عَرِبَ - َ : (عَرَب) (পাকস্থলী) নষ্ট হওয়া; (আঘাতে) ফুলিয়া উঠা; (নদী) স্ফীত হওয়া।

عَرُبَ - ُ : (عُرُوبَة، عُرُوبِيَّة) খাঁটি আরব হওয়া।

عَرَّبَ : (تَعْرِيب) আরবী করা, আরবীতে রূপান্তর কিংবা অনুবাদ করা; (বাক্য) বিশ্লেষণ করা।

~ عَنْ : ব্যক্ত করা, প্রকাশ করা।

أَعْرَبَ : (إِعْرَاب) আরবী করা, ভালো আরবী ব্যবহার করা; (বাক্য) বিশ্লেষণ করা, (শব্দের) শেষ বর্ণে হরকত দেওয়া (ব্যা); (খেজুর গাছ) ছাঁটিয়া দেওয়া; বায়না দেওয়া।

~ عَنْ : ব্যক্ত করা, প্রকাশ করা।



www.pathagar.com

(إِسْتِعْرَاب) : إِسْتَعْرَبَ، تَعَرَّبَ আরব হইয়া যাওয়া, আরবের রীতি-নীতি গ্রহণ করা।

عَرَب : আরবদেশের অধিবাসী, আরব; বেদুঈন। ব عُرْب، عُرْبَان، أَعْرَاب، أَعْرُب، عُرُوب

عَرَب عَارِبَة، عَرَب عَرْبَاء : খাঁটি আরব, প্রকৃত আরব।

عَرَب مُسْتَعْرِبَة، عَرَب مُتَعَرِّبَة : অনারব হইতে আরব হইয়াছে এমন।

بِلاَدُ الْعَرَب : আরবদেশ।

عَرَبِيّ : আরবদেশীয়, আরবীয়, আরবী।

اللُّغَةُ الْعَرَبِيَّة، الْعَرَبِيَّة : আরবী ভাষা, আরবী।

جَمْعِيَّةُ الدُّوَل الْعَرَبِيَّة، الْجَمْعِيَّةُ الْعَرَبِيَّة : আরবলীগ।

عَرَبَة : খরস্রোতা নদী; গাড়ি; ওয়াগন। ব عَرَبَات

عَرَبَةُ الرُّكُوب، عَرَبَةُ الأُجْرَة : ভাড়া-গাড়ি।

~ الأَطْفَال : শিশুদের হাতে ঠেলা গাড়ি, perambulator

عَرَبَةُ مَطْعَم ,~ الأَكْل : (রেলগাড়ি) ভোজনকক্ষ, Dining car.

~ رَشّ : পানি ছিটাইবার গাড়ি।

~ سِكَّة الْحَدِيد : রেলগাড়ি।

~ الشَّحْن : মালগাড়ি, Wagon.

~ مُسْتَشْفَى : এম্বুলেন্স, ambulance

~ نَقْل الْبَضَائِع : মালবাহী গাড়ি, ভ্যান।

~ نَقْل الْمَوْتَى : শবযান।

~ النَّوْم : (রেলগাড়ির) শয়ন কক্ষ।

~ يَد : ঠেলাগাড়ি।

عَرَبِيَّة : গাড়ি।

عَرَبَجِيّ : গাড়োয়ান।

عَرَّاب : ধর্মপিতা, godfather.

عَرَّابَة : ধর্মমাতা, godmather.

عُرُوبِيَّة، عُرُوبَة : আরবত্ব, আরববাদ।

عَارِب : স্ফীত (নদী)।

إِعْرَاب : ব্যাকরণিক বিশ্লেষণ, শব্দ বা পদের ব্যাকরণসম্মত বিন্যাস, শব্দের শেষবর্ণে হরকত প্রদান; ই'রাব। প্রকাশকরণ, ব্যক্তকরণ।

إِعْرَابِيّ : বেদুঈন। ব إِعْرَاب

تَعْرِيب : আরবীকরণ, আরবীতে রূপান্তর কিংবা অনুবাদ।

مُعْرَب : অবস্থাভেদে শেষ বর্ণে বিভিন্ন হরকত গ্রহণকারী শব্দ।

مُعَرِّب : আরবীতে অনুবাদকারী।

مُعَرَّب : আরবীকৃত, আরবীতে অনূদিত।

(عَرْبَدَة) : عَرْبَدَ কলহপ্রিয় হওয়া; দাঙ্গা করা; দাঙ্গাবাজ হওয়া।

عَرْبَدَة : কলহ, বিবাদ, দাঙ্গা।

مُعَرْبِد، عِرْبِيد : কলহপ্রিয়, দাঙ্গাকারী, দাঙ্গাবাজ।

عَرْبَسَ : গোলমাল করা, বিশৃঙ্খল করা, বিজড়িত করা, জটিল করা, হতবুদ্ধি করা।

تَعَرْبَسَ : হতবুদ্ধি হওয়া।

مُعَرْبَس : গোলমেলে, বিশৃঙ্খল, বিজড়িত, জটিল, হতবুদ্ধি।

(عَرْبَنَة) : عَرْبَنَ বায়না দেওয়া, বন্ধক দেওয়া।

عَرْبُون، عُرْبُون : বায়না, দাদন, বন্ধক। ব عَرَابِين

(عُرُوج) : ـُ عَرَجَ আরোহণ করা, উপরে উঠা।

(عَرَج) : ـَ عَرِجَ খোঁড়া হওয়া, খোঁড়াইয়া হাঁটা।

(تَعْرِيج) : عَرَّجَ থামানো, নোয়ানো; বাঁকানো, আঁকাইয়া বাঁকাইয়া নেওয়া।

~ عَلَى : ঝুঁকিয়া পড়া।

~ عَنْ : সরিয়া আসা, পরিহার করা।

(إِعْرَاج) : أَعْرَجَ খোঁড়া বানানো, খোঁড়াইয়া হাঁটানো।



www.pathagar.com

تَعَرَّجَ : থামা; আঁকিয়া বাঁকিয়া যাওয়া, সর্পিল-গতি হওয়া।

تَعَارَجَ : খোঁড়া সাজা।

إِنْعَرَجَ : (إِنْعِرَاج) নুইয়া পড়া, ঝুঁকিয়া পড়া; বাঁকা হওয়া বাঁকিয়া যাওয়া; অন্য পথে যাওয়া।

عَرَج، عَرَجَان : খঞ্জত্ব।

أَعْرَج : খোঁড়া, খঞ্জ; বাঁকা। স্ত্রী عَرْجَاء ব عُرْج (তাসের গোলাম)

عَرْجَاء : স্ত্রী হায়না।

تَعَرُّج : সর্পিলতা, বক্রতা।

تَعْرِيج : বক্রকরণ।

مِعْرَج : সিঁড়ি। (ব مَعَارِج) مِعْرَاج (ব مَعَارِيج)

اَلْمِعْرَاج : উর্ধ্বলোকে রাসূলুল্লা: (স)-এর নৈশভ্রমণ, মি'রাজ।

لَيْلَةُ الْمِعْرَاج : মি'রাজ রজনী।

مُتَعَرِّج : আঁকিয়া বাঁকিয়া গিয়াছে এমন সর্পিল গতিসম্পন্ন বক্র।

مُنْعَرِج : বক্র, নত, আঁকাবাঁকা, বাঁক।

عَرْجَنَ : (عَرْجَنَة) লাঠি দ্বারা পিটানো; জাফরান দ্বারা (বস্ত্র) রঞ্জিত করা।

عُرْجُون : খুর্জর-কাঁদির শুষ্ক দণ্ডের গোড়ার অংশ। ব عَرَاجِين

عَرَدَ : ـُ (عُرُود) গজানো, অঙ্কুরিত হওয়া।

~ : (عَرْد) দূরে নিক্ষেপ করা।

~ : (عَرَد) উড্ডয়ন করা, ভয়ে পিছাইয়া আসা।

عَرَّدَ : (تَعْرِيد) উদিত হওয়া, অস্ত যাওয়া; বিপথে যাওয়া।

~ عَنْ : অন্যদিকে যাওয়া, দূরে যাওয়া।

عَرَّادَة : পাথর ছুড়িবার যন্ত্র।

عَرَزَ : ـِ (عَرْز) ، عَرِزَ ـَ (عَرَز) : কঠিন হওয়া।

عَرَّزَ : (تَعْرِيز) লুকাইয়া রাখা।

عَارَزَ : (مُعَارَزَة) বাধা দেওয়া, জিদ করা।

تَعَرَّزَ، إِسْتَعْرَزَ : (إِسْتِعْرَاز) কঠিন হওয়া।

عِرْزَال : পাহাড়ি কুটির। ব عَرَازِيل

عَرِسَ : ـَ (عَرَس) : প্রফুল্ল হওয়া।

عَرَسَ : ـَ (عُرْس) প্রফুল্ল হওয়া; ক্লান্ত হওয়া, দুর্বল হওয়া।

~ ب : লাগিয়া থাকা।

عَرَّسَ : (تَعْرِيس) বিবাহ দেওয়া; বিশ্রামের জন্য অবস্থান করা।

أَعْرَسَ : (إِعْرَاس) বিবাহ ভোজের আয়োজন করা, বৌভাত দেওয়া।

~ ب : (স্ত্রীর সহিত) মিলিত হওয়া।

عِرْس : দুই কক্ষের মধ্যবর্তী প্রাচীর; তাঁবুর খুঁটি। ব أَعْرَاس

عِرْس : স্বামী। ব أَعْرَاس

~ : স্ত্রী। ব عُرْسَات

اَلْعِرْسَان : স্বামী-স্ত্রী, দম্পতি।

عِرْسَة، بَنَات عِرْس، إِبْن عِرْس : বেজি।

عُرْس، عُرُس : বাসর, বিবাহ, বিবাহোৎসব, বিবাহ ভোজ। ব عُرْسَات، أَعْرَاس

عَرِيس، عَرُوس : বর। ব عرس

عَرُوسَة : (বিবাহের) কনে, পুতুল। ব عَرَائِس

عَرُوس الشِّعْر : কাব্য প্রতিভা, কাব্য দেবী।

اَلْعَرُوسَان : বর-কনে।

عِرِّيس، عِرِّيسَة : সিংহের আস্তানা।

عَرَشَ : ـُ (عَرْش) عَرَّشَ (تَعْرِيش) : নির্মাণ করা, ছাদযুক্ত করা, (আঙ্গুর গাছ) জাফরিতে তুলিয়া দেওয়া।

~ ـِ ـُ : (عُرُوش)، عَرْش ~ ب নিবাস স্থাপন করা।

عَرِشَ : ـَ (عَرْش، عَرَش) হতভম্ব হওয়া বিস্মিত হওয়া।

عَرْش : সিংহাসন; (আল্লাহর) আরশ; ক্ষমতা; গোত্র; ছাদ; চাঁদোয়া, শামিয়ানা; গৃহ। ব أَعْرَاش، عُرُوش

عَرِيش : মাচান, চালা; গৃহসদৃশ তাঁবু, চাঁদোয়া, শামিয়ানা; (গাড়ির) দণ্ড, খুঁটি। বা عُرُش

عَرِيشَة : স্ত্রীলোকের শিবিকা, পালকি। ব عَرَائِش



www.pathagar.com

تَـعْـرِيْـشَـة : মাচান; (আঙ্গুর) নিকুঞ্জ। ব تَـعَـارِيْـش

مَـعْـرُوْش، مُـعَـرَّش : ঠেকনা দেওয়া (আঙ্গুরগাছ), নিকুঞ্জে আশ্রয়প্রাপ্ত।

بَـنَـات مُـعَـرَّش : লতানো উদ্ভিদ।

عَـرَصَ - عَـرِصَ (عَـرَص) : (উট) চঞ্চল হওয়া; (শিশু) প্রাণবন্ত হওয়া; (আকাশ) বিদ্যুৎ চমকানো।

عَـرِصَ - ـَ (عَـرَص) : (বিদ্যুৎ) ঝলকানো, প্রফুল্ল হওয়া, প্রাণবন্ত হওয়া।

عَـرَّصَ (تَـعْـرِيْـض) : রৌদ্র ছড়াইয়া দেওয়া।

تَـعَـرَّصَ : ~ بِ অবস্থান করা।

اِعْـتَـرَصَ (اِعْـتِـرَاص) : খেলাধুলা করা; কাঁপিয়া ওঠা; ঝলকাইয়া ওঠা।

عَـرِص، عَـرْص : ঝলকিত (বিদ্যুৎ)।

عَـرْصَـة : আঙিনা, প্রাঙ্গণ, চত্বর। ব عِـرَاص، أَعْـرَاص، عَـرَصَـات

عَـرَّاص : বিদ্যুৎ চমকাইতেছে এমন মেঘ।

مُـعَـرِّص : ব্যভিচারের মাধ্যম ব্যক্তি, কোটনা; অসতী স্ত্রীর স্বামী।

عَـرْصَـم : পেটুক।

عِـرْصَـام : সিংহ।

عُـرْصُـوم : কৃপণ।

عَـرَضَ - عَـرْض (عَـرْض) : সংঘটিত হওয়া, পেশ করা, উপস্থাপন করা, প্রদর্শন করা; ছড়াইয়া দেওয়া; আবেদন করা; প্রস্তাব করা, কুচকাওয়াজ প্রদর্শন করা; বিক্রয়ের জন্য প্রদর্শন করা; প্রস্তুত করা।

~ لِ : দৃশ্যমান হওয়া, প্রকাশ পাওয়া, আপতিত হওয়া, সংঘটিত হওয়া, মনে উদয় হওয়া, স্মরণে আসা, খেয়াল করা; মনোযোগ দেওয়া; প্রবৃত্ত হওয়া।

~عَـلَـى : দাখিল করা; পেশ করা, দেখানো; প্রস্তাব রাখা।

عَـرُضَ - ـُ (عَـرَاضَـة) : প্রশস্ত হওয়া।

عَـرِضَ : উন্মত্ত হওয়া।

عَـرَّضَ (تَـعْـرِيْـض) : প্রশস্ত করা; প্রসারিত করা; প্রদর্শন করা, কটাক্ষ করা।

~ لِ : প্রদর্শন করা; সামনে রাখা; ব্যাখ্যা করা; প্রস্তাব করা।

~ لِ، بِ : পরোক্ষ উল্লেখ করা, ইঙ্গিত করা।

عَـارَضَ (مُـعَـارَضَـة) : বিরোধিতা করা, প্রতিরোধ করা; পরস্পরবিরোধী হওয়া; দূরে থাকা, এড়াইয়া চলা; তুলনা করা।

أَعْـرَضَ (إِعْـرَاض) : প্রশস্ত করা।

~ عَـنْ : বিরত থাকা, পরিহার করা, পরিত্যাগ করা, ফিরিয়া আসা, মুখ ফিরাইয়া লওয়া।

تَـعَـرَّضَ : প্রদর্শিত হওয়া; মুখামুখী হওয়া।

~ لِ : বিরোধিতা করা, প্রতিরোধ করা, বাধা দেওয়া, হস্তক্ষেপ করা; মনোযোগ দেওয়া, প্রবৃত্ত হওয়া, প্রদর্শিত হওয়া; ঝুঁকি লওয়া।

تَـعَـارَضَ : একে অপরের বিরোধিতা করা; পরস্পরবিরোধী হওয়া।

~ مَـعَ : সংঘর্ষ বাধানো।

إِعْـتَـرَضَ (إِعْـتِـرَاض) : সামনে পড়া, সম্মুখীন হওয়া; বাধা দেওয়া; সংঘটিত হওয়া; আপতিত হওয়া।

~ عَـلَـى : আপত্তি তোলা; প্রতিবাদ করা; বিরোধিতা করা; প্রতিরোধ করা।

~ لِ : বাধা দেওয়া, পথরোধ করা; বাধ সাধা।।

إِسْـتَـعْـرَضَ (إِسْـتِـعْـرَاض) : প্রদর্শন করিতে বলা; স্মরণ করা; কল্পনা করা। পরীক্ষা করা; পর্যালোচনা করা; পরিদর্শন করা; জিজ্ঞাসাবাদ করা।

إِسْـتَـعْـرَضَ الـجَـيْـش : কুচকাওয়াজ পরিদর্শন করা।

عَـرْض : প্রদর্শন, উপস্থাপন, পেশকরণ, দাখিলকরণ; প্রশস্ততা।

~ : প্রদর্শনী; প্রস্তাব; দরপত্র, tender; কুচকাওয়াজ; পণ্য। ব عُـرُوْض

بِـالـعَـرْضِ، عَـرْضًـا : আড়াআড়িভাবে; প্রস্থে।



www.pathagar.com

اَلْعَرْض وَالطَّلَب : সরবরাহ ও চাহিদা।
عَرْضُ الأَزْيَاء : পোশাক প্রদর্শনী, fashion show.
عَرْضُحَال، عَرْضُ حَال : দরখাস্ত। ব عرضحالات
خَطّ عَرْضِيّ، خَطُّ الْعَرْضِ : দ্রাঘিমাংশ রেখা।
~ غُرْفَة : শো-রুম, show-room.
~ يَوْمُ : বিচার-দিবস।
عِرْض : সুনাম, সম্মান, মর্যাদা; আত্মা; দেহ; উপদেশ। ব أَعْرَاض
هَتْكُ الْعِرْض : সম্মানহানি।
~ بَيْعُ : দেহ ব্যবসা, পতিতাবৃত্তি।
عُرْض : মধ্য; পার্শ্ব।
عُرْض النَّاسِ : জনতার ভিড়, সাধারণ মানুষ।
فِي ~ الْبَحْرِ : মধ্যসমুদ্রে।
عَرَض : সম্পদ, সামগ্রী; অপ্রধান বস্তু, আকস্মিক ঘটনা, সম্ভাব্য ঘটনা; (রোগের) লক্ষণ; গুণ; ভাগ্য; ক্ষণস্থায়ী বস্তু। ব أَعْرَاض
بِالْعَرَضِ، عَرَضًا : ঘটনাক্রমে, আকস্মিকভাবে।
عَرَضِيّ : আকস্মিক; দৈব, অপ্রধান।
عَرَضِيَّات : আকস্মিক ঘটনাবলি, অপ্রধান বস্তুসমূহ।
خَطِيئَة عَرَضِيَّة : তুচ্ছ অপরাধ।
عُرْضَة : ইচ্ছা, উদ্দেশ্য, লক্ষ্য; যথাযথ।
عُرْضِيّ : একগুঁয়ে, অস্থির, চঞ্চল।
عُرْضِيَّة : একগুঁয়েমি, অস্থিরতা, চঞ্চলতা। ব أَعَارِيْض
عُرُض বা عِرَاض : অংশ, প্রান্ত।
عُرَاض : প্রশস্ত।
عُرَاضَة : দান, উপহার।
عَرُوض : (ছন্দশাস্ত্র) প্রথম শ্লোকার্ধের শেষ পদ; শ্লোকের প্রথম চরণের শেষ জুয্; কবিতার ছন্দ। ব أَعَارِيض
عِلْمُ الْعَرُوض، الْعَرُوض : ছন্দশাস্ত্র।
عَرُوضِيّ : ছন্দ-সংক্রান্ত, ছন্দশাস্ত্রীয়, ছন্দশাস্ত্রবিদ।

عَرِيض : প্রশস্ত, বিরাট, ব্যাপক, পূর্ণ; প্রচুর। ব عِرَاض
عَرِيضُ الْجَاهِ : প্রখ্যাত।
عَرِيضَة : দরখাস্ত, আবেদনপত্র। ব عَرَائِض
عَرِيضَةُ الإِسْتِئْنَاف : আপিলের নোটিশ।
مُقَدِّمُ الْعَرِيضَة : দরখাস্তকারী, আবেদনকারী।
عَارِض : প্রদর্শনকারী; আকস্মিক, হঠাৎ ঘটমান, অপ্রধান; অস্থায়ী, ক্ষণস্থায়ী।
~ : বাধা, বিঘ্ন, দুর্ঘটনা, সাময়িক অসুবিধা; আকস্মিক বস্তু, অস্থায়ী আক্রমণ; গণ্ডদেশ; উন্মত্ততা, আড়া; বীম, কড়িকাঠ। ব عَوَارِض
عَارِضِيّ : আকস্মিক, হঠাৎ ঘটমান, অস্থায়ী, সাময়িক।
إِعْرَاض : পরিহার, পরিত্যাগ, বর্জন।
مُعَارَضَة، إِعْتِرَاض : বাধা, বিরোধিতা, প্রতিরোধ, প্রতিবাদ; আপত্তি।
إِسْتِعْرَاض : পর্যালোচনা, পরীক্ষা, জরিপ, কুচকাওয়াজ, প্রদর্শনী।
تَعْرِيض : ইঙ্গিত, পরোক্ষ উল্লেখ, কটাক্ষ।
تَعَرُّض : আত্মপ্রদর্শন।
تَعَارُض : সংঘাত, পরস্পর বিরোধিতা।
مَعْرِض : প্রদর্শনী; মঞ্চ; মেলা, আকার, ধরন, উপলক্ষ, ক্ষেত্র। ব مَعَارِض
مِعْرَض : বিবাহের গাউন, মেয়েদের পোশাক।
مَعْرُوض : প্রদর্শিত, পেশকৃত, উপস্থাপিত, বিকৃত মস্তিষ্ক।
~ : দরখাস্ত, প্রতিবেদন। ব مَعَارِيض
~ : প্রদর্শিত বস্তু, প্রস্তাব। ব مَعْرُوضَات
مِعْرَاض : ফলকবিহীন তীর; দ্ব্যর্থবোধক কথা।
قَالَ فِي مِعْرَاض كَلَامِهِ : সে কথা প্রসঙ্গে উল্লেখ করিল।
مُعَارِض، مُعْتَرِض : বিরোধী, প্রতিবাদকারী, প্রতিরোধকারী, বাধাদানকারী; প্রতিপক্ষ।
~ مُسْتَعْرِض : আড়াআড়িভাবে স্থাপিত।
عِبَارَة مُعْتَرِضَة، جُمْلَة مُعْتَرِضَة : কোন বাক্যের মধ্যখানে পূর্বাপর সম্পর্কহীন পদ, পদসমষ্টি বা বাক্য, parenthetic clause.



www.pathagar.com

عَرَفَ - : (مَعْرِفَة، عِرْفَان) জানা, অবহিত হওয়া, চিনিতে পারা, পরিচয় লাভ করা; আবিষ্কার করা।

~ بِ : স্বীকার করা।

~ لِ : স্বীকার করা, অনুমোদন করা।

عَرَّفَ : (تَعْرِيف) অবহিত করা, পরিচিত করা; নির্দিষ্ট করা; সংজ্ঞা দেওয়া; ব্যাখ্যা করা।

تَعَرَّفَ : পরিচিত হওয়া, অবহিত হওয়া; আত্মপরিচয় দেওয়া; নির্দিষ্ট হওয়া; আবিষ্কার করা, অনুসন্ধান করা।

~ بِ : পরিচিত হওয়া, অবহিত হওয়া।

~عَلَى، إِلَى : পরিচিত করা, আত্মপরিচয় দেওয়া।

تَعَارَفَ : পরস্পর পরিচিত হওয়া, একে অপরকে জানা।

إِعْتَرَفَ : (إِعْتِرَاف) অনুগত হওয়া, অবহিত হওয়া; জিজ্ঞাসা করা।

~ بِ : স্বীকার করা, স্বীকৃতি দেওয়া, মঞ্জুর করা; সত্য বলিয়া মানিয়া লওয়া।

إِعْتَرَفَ بِالْجَمِيل : কৃতজ্ঞতা স্বীকার করা।

إِسْتَعْرَفَ : জানা, চিনিতে পারা, পরিচয় চাওয়া।

عَرْف : সুগন্ধ।

عِرْف : ধৈর্য।

عُرْف : প্রথা, প্রচলন, রীতি, অভ্যাস, ঐতিহ্য; পরিভাষা; দানশীলতা, দয়া, বদান্যতা, মহত্ত্ব।

~ : (মোরগের) ঝুঁটি; (অশ্ব কিংবা সিংহের) কেশর। ব أَعْرَاف

عُرْف الشَّرْع : শরীআতের পরিভাষা, সাধারণ আইন।

العُرْف السِّيَاسِيّ : কূটনৈতিক রীতিনীতি, protocol.

عُرْفِيّ : প্রচলিত, প্রথাগত, ঐতিহ্যগত; সাধারণ, বেসরকারি।

حُكْم عُرْفِيّ : সামরিক আইন।

~ زَوَاج : ধর্মানুষ্ঠান ব্যতিরেকে চুক্তিমূলক বিবাহ, civil marriage.

مَحْكَمَة عُرْفِيَّة : সামরিক আদালত।

قَانُون عُرْفِيّ : প্রচলিত আইন।

عُرْفِيَّة : সংক্ষিপ্ত সারগর্ভ উক্তি, aphorism.

عُرُف : উচ্চ স্থান, বালুর স্তূপ।

عَرْفَة : প্রবল বায়ু; হাতের তালুর ঘা।

عِرْفَة : প্রশ্ন, জিজ্ঞাসা।

عُرْفَة : প্রসিদ্ধি; পরিচিতি। ব عُرَف

عَرَّاف : গণক।

عِرَافَة : গণকের পেশা, ভবিষ্যৎ কথন।

عَرِيف : জ্ঞাত, অবহিত, অভিজ্ঞ, বিশেষজ্ঞ; শিক্ষক, মনিটর, উপদেষ্টা, কর্মকর্তা, দলপতি। ব عُرَفَاء

عَارِف : জ্ঞাত, অবহিত, পরিচিত, অভিজ্ঞ, সহিষ্ণু, অধ্যাত্ম তত্ত্বজ্ঞ। ব عَرَفَة

عَرَفَات : আরাফাত মক্কার অদূরে একটি ময়দান। এখানে জাবালে রহমত অবস্থিত। ৯ যিলহজ্জ এখানে অবস্থান করা হজ্জের অন্যতম ফরয।

عِرْفَان : জ্ঞান, পরিচয়, অবগতি; স্বীকৃতি, দান, অনুগ্রহ অধ্যাত্ম তত্ত্বজ্ঞান।

عِرْفَان الْجَمِيل : কৃতজ্ঞতা স্বীকার।

أَعْرَف : অধিক পরিচিত।

~ : ঝুঁটিওয়ালা (মোরগ); (কেশরযুক্ত) অশ্ব বা সিংহ। স্ত্রী عَرْفَاء ব عُرْف

الأَعْرَاف : বেহেশত্ ও দোযখের মধ্যবর্তী উচ্চস্থান।

إِعْتِرَافًا : ~ بِ স্বীকার করতঃ স্বীকৃতি স্বরূপ।

تَعَرُّف : পরিচয়, জ্ঞান, পরিচিতি; অনুসন্ধান; উপলব্ধি।

تَعْرِيف : পরিচিতকরণ; অবহিতকরণ, নির্দিষ্টকরণ; সংজ্ঞা; ব্যাখ্যা।

حَرْف التَّعْرِيف، أَدَاةُ التَّعْرِيف : নির্দিষ্ট বস্তুজ্ঞাপক অব্যয় (ال)

~ بِطَاقَة : পরিচয়পত্র।

تَعْرِفَة : মূল্যতালিকা, ধার্যকৃত শুল্কের তফসিল, tariff. ব تَعَارِيف

مَعْرَف : মুখমণ্ডল, মুখাবয়ব, মুখের হাবভাব। ব مَعَارِف



www.pathagar.com

مُعَرَّف : নির্দিষ্ট।

مَعْرِفَة : জ্ঞান, বিজ্ঞান; শিক্ষা, তথ্য; দক্ষতা, অভিজ্ঞতা; পরিচয়; পরিচিত জন বা বন্ধু, তত্ত্বজ্ঞান, নির্দিষ্ট বিশেষ্য। ব مَعَارِف

مَعْرِفَة الجَمِيل : কৃতজ্ঞতা স্বীকার।

وَزَارَةُ المَعَارِف : শিক্ষা মন্ত্রণালয়।

مَعَارِف : বন্ধু-বান্ধব, পরিচিত লোকজন।

مَعْرُوف : জ্ঞাত, সুপরিচিত, সুবিদিত, স্বীকৃত, সুবিখ্যাত; কল্যাণ, মঙ্গল; দান, অনুগ্রহ; সহৃদয়তা, বন্ধুত্ব; ভদ্রতা; কর্তৃবাচ্য।

بِالمَعْرُوف : সহৃদয়তার সহিত, বন্ধুসুলভভাবে।

نَاكِرُ المَعْرُوف : অকৃতজ্ঞ, কৃতঘ্ন।

مُعْتَرِف بِه : স্বীকৃত, অনুমোদিত।

متعارف : সাধারণ, সচরাচর, প্রচলিত।

عَرَقَ ـُ : (عَرْق) (হাড় হইতে) গোশ্‌ত ছাড়ানো, হাড়ের গোশ্‌ত খাওয়া।

~ : (عُرُوق، عَرْق) ~ فِي প্রবেশ করা।

عَرِقَ : কৃশ হওয়া।

عَرِقَ ـَ : (عَرَق) ঘর্মাক্ত হওয়া, ঘাম নির্গত করা।

عَرَّقَ : (تَعْرِيق) ঘর্মাক্ত করা, (ডুমুর) সিদ্ধ করা; (শরাব) তরল করা; শিকড় গাড়া; রেখাঙ্কিত করা।

أَعْرَقَ : (إِعْرَاق) ইরাকে আগমন করা; (শরাব) তরল করা।

إِعْتَرَقَ : (إِعْتِرَاق) শিকড় গাড়া, অস্থিউপরি গোশ্‌ত খাওয়া।

تَعَرَّقَ : (হাড় হতে গোশ্‌ত ছাড়ানো; হাড়ের গোশত খাওয়া; শিকড় গাড়া; (শরাব) তরল করা।

إِسْتَعْرَقَ : (إِسْتِعْرَاق) শিকড় গাড়া; ঘামানো।

عَرْق : গোশ্‌ত ছাড়ানো হইয়াছে এমন হাড়। ব عِرَاق

عِرْق : শিরা; শিকড়; বংশমূল; তাজা দুগ্ধ; বালুকাময় পাহাড়। ব أَعْرَاق، عُرُوق

عِرْق الإِنْجِبَار : উদ্ভিদবিশেষ, tormentil.

~ الحَمْرَة : উদ্ভিদবিশেষ, dragoon's blood.

~ الذَهَب : ভেষজ উদ্ভিদবিশেষ, ipecac.

~ سَاكِن : ধমনি, artery.

~ السُوس، عِرْق سُوس : যষ্টিমধুর শিকড়।

~ ضَارِب : শিরা, Vein

~ النَسَاء : কটিবাত।

طِيبُ العِرْق : উচ্চ বংশ।

~ طَيِّبُ : সদ্বংশীয়, উচ্চ বংশীয়।

العِرْقُ دَسَّاس : আচরণে বংশপরিচয়।

عَرَق : শিকড়, বৃক্ষতন্ত্র। ব عِرَق

عَرَقَة : সারি, শ্রেণী।

عِرَاق : সমুদ্র তীর নিম্নভূমি; নখের পার্শ্ববর্তী গোশ্‌ত; কানের প্রান্ত; প্রাঙ্গণ। ব أَعْرِقَة، عُرُق

العِرَاق : ইরাক।

العِرَاقَان : বসরা ও কুফা নগরীদ্বয়।

عُرَاقَة، عُرَاق : পানির ফোঁটা, প্রচুর বৃষ্টি।

عُرَاقُ الغَيْث : বৃষ্টি হইবার পর গজাইয়া ওঠা উদ্ভিদ।

عَرَاقَة : দৃঢ়মূলতা।

عِرَاقَة : লেজ।

عَرَّاقِيَّة : মাথার আঁটো টুপি, Skull-cap.

عَرِيق : দৃঢ়মূল।

عَرِيقُ النَسَب : উচ্চ বংশী, সদ্বংশীয়।

عَرْقُوَة : বালুর টিলা। ব عَرَاقٍ

عَوَارِق : পেষণদন্ত।

مِعْرَق : হাড় হতে গোশ্‌ত ছাড়াইবার লৌহনির্মিত যন্ত্র।

مُعْرِق : দৃঢ়মূল।

مُعَرِّق : ঘর্মোৎপাদক।

مُعَرَّق : রেখাঙ্কিত, ডোরা-কাটা, শিরবিশিষ্ট।

مَعْرُوق : কৃশ।

عَرْقَبَ : (عَرْقَبَة) হাঁটুর পশ্চাদ্ভাগের তন্তু, কাটিয়া (পশুকে) খোঁড়া করা; (পশুকে) উঠিতে সাহায্য করা।



www.pathagar.com

تَعَرْقَبَ : গিরিপথে ভ্রমণ করা; জটিল হওয়া।

عُرْقُوب : হাঁটুর পশ্চাদ্ভাগের তন্তু, গিরিপথ, জাহিলী যুগের মদীনার জনৈক কুখ্যাত প্রতিজ্ঞাকারী। ব عَرَاقِيب

عُرْقُوبِيٌّ : মিথ্যা প্রতারণামূলক।

عَرْقَلَ : (عَرْقَلَة) কঠিন করা, জটিল করা, বিজড়িত করা, বিঘ্ন সৃষ্টি করা, বাধা প্রদান করা; বিলম্বিত করা।

تَعَرْقَلَ : কঠিন হওয়া, জটিল হওয়া, বিজড়িত হওয়া; বাধাগ্রাপ্ত হওয়া, বিলম্বিত হওয়া; বিঘ্নিত হওয়া।

عَرْقَلَة : বাধা, বিঘ্ন, জটিলতা। ব عَرَاقِيل

سِبَاق العَرَاقِيل : প্রতিবন্ধক দৌড়, Hurdle race

عَرَكَ - ُ : (عَرْكًا) : ঘর্ষণ করা, মুছিয়া ফেলা; (কাপড়) জীর্ণ করা; মিশ্রিত করা; অভিজ্ঞ করা; প্রশিক্ষণ দেওয়া।

~ : (عَرْك، عَرَاك، عُرُوك، أعْرَكَ، (إِعْرَاك) (স্ত্রীলোক ঋতুমতী হওয়া।

عَرِكَ - َ : (عَرَك) : তুখোড় যোদ্ধা হওয়া, যুদ্ধে দৃঢ় থাকা।

عَارَكَ : (عِرَاك) যুদ্ধ করা, সংগ্রাম করা, প্রতিদ্বন্দ্বিতা করা।

تَعَارَكَ، اِعْتَرَكَ : (اِعْتِرَاك) পরস্পর যুদ্ধ করা, বিবাদে লিপ্ত হওয়া।

عَرْك : ঘর্ষণ, অভিজ্ঞতা।

عَرَكَة، عِرَاك، مُعَارَكَة : যুদ্ধ, সংগ্রাম, দ্বন্দ্ব; বিতর্ক।

عَرَك : শব্দ, আওয়াজ।

عَرِك : শক্তিশালী কুস্তিগির; বালির স্তূপ।

عَرُوك : ছোট কুঁজবিশিষ্ট উট।

عَرِيكَة : মেযাজ, স্বভাব; উটের কুঁজ। ব عَرَائِك

لَيِّنُ العَرِيكَة : কোমল স্বভাব।

عَارِك : (عَوَارِك) ঋতুমতী (স্ত্রীলোক)। ব مُعْرِك

مَعْرَك (ব مَعَارِك) مُعْتَرَك : যুদ্ধক্ষেত্র।

مَعْرَكَة، مَعْرُكَة : যুদ্ধক্ষেত্র, যুদ্ধ। ব مَعَارِك

مُعَارِك : যুদ্ধকারী, সংগ্রামকারী, মল্লযোদ্ধা।

عَرَمَ : (عَرْمًا) কামড়ানো; কামড়াইয়া কাটিয়া ফেলা; (পুস্তক) বাঁধাই করা; রূঢ় আচরণ করা।

عَرِمَ - َ عَرُمَ - ُ : (عَرَامَة) খিটখিটে হওয়া।

عَرَّمَ : (تَعْرِيم) মিশ্রিত করা; স্তূপীকৃত করা।

تَعَرَّمَ : স্তূপীকৃত হওয়া; (নদী) স্ফীত হওয়া; কামড়ানো।

اِعْتَرَمَ : (اِعْتِرَام) অবাধ্য হওয়া।

عَرَمَة، عَرْمَة، عُرْمَة : স্তূপ। ব عُرَم

عَرِم، عَارِم : অবাধ্য; কঠোর, তীব্র, প্রচণ্ড শক্তিশালী।

~ : বাঁধ।

عُرَام : অবাধ্যতা, একগুঁয়েমি; তীব্র, প্রচণ্ড।

عَرَّام : পুস্তক বাঁধাইকারী; দফতরি।

عَرِيم : দুর্দৈব; পরিখা। ব عُرْمَان

عَرَمْرَم : রূঢ়; প্রচণ্ড; তীব্র; বিরাট বাহিনী; মুষলধারে বৃষ্টি।

عَرَنَ - ُ : (عَرْن) (উটের) নাকে কাষ্ঠখণ্ড স্থাপন করা।

~ عَلَى : অভ্যস্ত হওয়া।

أعْرَنَ : (إِعْرَان) গোশ্‌ত খাইয়া বাঁচিয়া থাকা।

عَرْن : রান্নাকরা গোশতের ঘ্রাণ।

عَرُون : পায়ে ঘা-যুক্ত (পশু)

عَرِين : ঝোপ, জঙ্গল; শক্তি। ব عُرُن

~, عَرِينَة : বন্য পশুর আবাস, সিংহের আস্তানা। ব عَرَائِن

عِرَان : উটের নাকে প্রবিষ্ট কাষ্ঠখণ্ড।

عُرَانِيَة : তরঙ্গ, উত্তাল সমুদ্র।

عِرْنِين : নাকের উপরিভাগ; প্রথমাংশ; প্রধান। ব عَرَانِين

عِرْنَاس : পাহাড়ের উদ্‌গত অংশ; সুতা কাটিবার সময়ে পেঁজা, তুলা বা পশম জড়াইয়া রাখিবার কাঠি, distaff. লতা-তন্তু, আকর্ষ, tendril. ব عَرَانِيس



www.pathagar.com

عَـرَا : ـُ (عَـرْو) إِعْـتَـرَى، (إِعْـتِـرَاء) আপতিত হওয়া, সংঘটিত হওয়া, আঘাত দেওয়া, কষ্ট দেওয়া।

~, عُرِيَ : ভয় কিংবা জ্বরে কাঁপা।

عُـرْوَة : (জগ ইত্যাদির) হাতল; ফাঁস; বোতামের ঘর; বন্ধন, রশি; শহরতলি; জঙ্গল; মানুষের দল; মূল্যবান সম্পত্তি; সিংহ। ব عُرًى

عُـرَى الـصَّـدَاقَـة : বন্ধুত্বের বন্ধন, bonds of friendship.

الْعُرْوَة الْوُثْقَى : সুদৃঢ় বন্ধন, অটুট সম্পর্ক।

مُعْتَرًى : দুর্ভাগ্যপীড়িত; বিপদগ্রস্ত।

عَـرِيَ : ـَ (عُـرْيَـة، عُـرْي) تَـعَـرَّى، উলঙ্গ হওয়া, নগ্ন হওয়া, অনাবৃত হওয়া, বিবস্ত্র হওয়া; মুক্ত হওয়া, শূন্য হওয়া।

~, ~ مِنْ : মুক্ত হওয়া, শূন্য হওয়া।

تَـعَـرَّى مِـنْ ثِـيَـابِـه، عَرِيَ مِـنْ ثِـيَـابِـه : কাপড় খুলিয়া ফেলা, বিবস্ত্র হওয়া।

عَرَّى : (تَعْرِيَة) উলঙ্গ করা, নগ্ন করা, বিবস্ত্র করা, অনাবৃত করা।

~ مِنْ : মুক্ত করা।

عَـارَى : (مُـعَـارَاة) জিনবিহীন অশ্বে আরোহণ করা।

أَعْـرَى : (إِعْـرَاء) শিবির স্থাপন করা, মরুভূমিতে ভ্রমণ করা; প্রত্যাহার করা; বিবস্ত্র করা, উলঙ্গ করা; ইজারা দেওয়া।

عُرْي، عُرْيَة، عُرَاء : নগ্নতা, আবরণহীনতা।

فَرَس عُرْي : জিনবিহীন অশ্ব।

عَرًى : প্রাচীর, বেষ্টনী, উন্মুক্ত মাঠ।

عَرِيّ، عَرِيَّة : ঠাণ্ডা বাতাস।

عَـرَاء : মরুভূমি, উন্মুক্ত এলাকা, উন্মুক্ত আকাশ। ব أَعْـرَاء

فِي الْعَرَاء : উন্মুক্ত আকাশের নিচে।

عَرَاة : ঠাণ্ডার তীব্রতা।

عَـارٍ : (ব عُرَاة) عُرْيَـان (ব عَرَايَا) নগ্ন, উলঙ্গ, উদাম, বিবস্ত্র।

~ : রিক্ত, নিঃস্ব, বঞ্চিত, শূন্য।

عَارِي الأَقْدَام : নগ্নপদ।

~ الرَّأْس : নগ্নমস্তক।

عُـرْيَـان طُـلـق، عُـرْيَـان مَـلْـط : সম্পূর্ণ উলঙ্গ, নিরাবরণ, উদাম।

عَارِيَة : সুদবিহীন ঋণ; কৃত্রিম।

شَعْرعَارِيَة : পরচুলা।

عُرْيَانِيَّة : নগ্নতাবাদ।

مَعْرًى، مَعْرَاة দেহের উন্মুক্ত অংশ। ব مَعَارٍ

مَـعَـارِي الـجِـسْـم، الـمَـعَـارِي : দেহের উন্মুক্ত অঙ্গ-প্রত্যঙ্গ (অর্থাৎ হাত, পা ও মুখমণ্ডল)।

مُعَرًّى : উলঙ্গকৃত; বিবস্ত্রকৃত, অনাবৃত; মুক্ত।

عَـزَّ : ـِ (عِـزّ، عِـزَّة، عَـزَازَة) শক্তিশালী হওয়া; সম্মানিত হওয়া, মর্যাদাপূর্ণ হওয়া; দুর্বল হওয়া; বিরল হওয়া।

~ عَلَى : কঠিন হওয়া, কষ্টকর হওয়া, কষ্ট দেওয়া।

~ : ـَ (عَزِيز) প্রিয় হওয়া।

عَـزَّزَ (تَـعْـزِيـز) أَعَـزَّ (إِعْـزَاز) : শক্তিশালী করা; সম্মানিত করা, মর্যাদাপূর্ণ করা, গৌরবান্বিত করা; মহান করা; ভালোবাসা, প্রিয় করা।

~ : সাহায্য করা; সমর্থন করা।

تَـعَـزَّزَ، إِعْـتَـزَّ : (إِعْـتِـزَاز) শক্তিশালী হওয়া, সম্মানিত হওয়া, গৌরবান্বিত হওয়া।

~ ~ بِ : গর্ব করা, গর্বিত হওয়া।

~ : দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হওয়া; প্রিয় হওয়া; অস্বীকৃতির ভাব দেখানো।

إِسْـتَـعَـزَّ : (إِسْـتِـعْـزَاز) শক্তিশালী হওয়া, সম্মানিত হওয়া, গৌরবান্বিত হওয়া; প্রিয় করা, সম্মান দেওয়া, শ্রদ্ধা করা।

~ بِ : প্রিয় করা।

~ عَلَى : পরাভূত করা।

عِـزّ، عِزَّة : শক্তি, দাপট; সম্মান, গৌরব, মর্যাদা, মহত্ত্ব; খ্যাতি; আতিশয্য।

عِزّ الشِّـتَـاء : শীতের প্রকোপ।

الصَّـيْـف ~ : গ্রীষ্মের প্রচণ্ডতা।



www.pathagar.com

عِزَّةُ النَّفْسِ : আত্মসম্মান।

صَاحِبُ الْعِزَّةِ : মহামান্য।

فِي عِزِّ غَنَاه : তাহার প্রাচুর্যের শীর্ষে।

فِي ~ صَبَاه : তাহার ভরা যৌবনে।

فِي ~ الْمَعْرَكَةِ : ঘোরতর যুদ্ধের মাঝে।

عَزَّةٌ : মৃগশাবক।

عَزِيزٌ : শক্তিশালী, সম্মানিত, গৌরবান্বিত, মহান, মর্যাদাবান; বন্ধু, প্রিয়, বিরল; মূল্যবান; কঠিন, কষ্টকর। ব أَعِزَّاءُ، أَعِزَّةٌ، عِزَازٌ

عَزِيزُ الْجَانِبِ : শক্তিশালী, শক্তিধর।

~ الْمَنَالِ : দুর্লভ।

~ مِصْرَ : প্রাচীন মিসরের শাসকের উপাধি।

~ النَّفْسِ : মহানুভব।

الْكِتَابُ الْعَزِيزُ : মহান গ্রন্থ আল-কুরআন।

الْعُزَّى : পৌত্তলিক আরবদের একটি প্রতীমা।

إِعْزَازٌ : সম্মান, শ্রদ্ধা, স্নেহ, ভালোবাসা।

تَعْزِيزٌ : শক্তিশালীকরণ, সুদৃঢ়ীকরণ; সমর্থন, পৃষ্ঠপোষকতা।

إِعْتِزَازٌ : গর্ব, গৌরব।

مَعَزَّةٌ : প্রেম, ভালোবাসা, স্নেহ; সম্মান, শ্রদ্ধা।

مُعْتَزٌّ : শক্তিশালী, গর্বিত, গৌরবান্বিত।

مُعْتَزٌّ بِاللّٰهِ : আল্লাহর সাহায্যে শক্তিশালী ও গৌরবান্বিত; ত্রয়োদশ আব্বাসীয় খলীফা (৮৬৬-৮৬৯ খ্রি.)।

عَزَبَ ـُ : (عُزُوبَةٌ، عُزْبَةٌ) تَعَزَّبَ অবিবাহিত থাকা।

~ ـُ : (عُزُوبٌ) عَنْ ~ দূরে যাওয়া, দূরবর্তী হওয়া।

عَزَبَ عَنِ الْأَذْهَانِ، عَزَبَ عَنِ الْبَالِ : বিস্মৃত হওয়া।

أَعْزَبَ : (إِعْزَابٌ) দূরবর্তী হওয়া, দূরে প্রেরণ করা, দূরবর্তী চারণক্ষেত্রে উট চরিতে দেওয়া।

عَزَبٌ : অবিবাহিত। ব أَعْزَابٌ، عُزَّابٌ

عَازِبٌ : অবিবাহিত; দূরবর্তী চারণক্ষেত্র। ব عُزَّابٌ

عَزَبَةٌ : (ব عِزَابٌ) عِزْبَةٌ (ব عِزَبٌ) ক্ষুদ্র গ্রাম; খামার, ক্ষেত্র।

عُزُوبِيَّةٌ، عُزُوبَةٌ، عُزْبَةٌ : অবিবাহিত অবস্থা, কৌমার্য।

أَعْزَبُ، عَزِيبٌ : অবিবাহিত।

مِعْزَبَةٌ : দাসী; স্ত্রী।

عَزَرَ ـِ : (عَزْرٌ) নিন্দা করা, তিরস্কার করা।

عَزَّرَ : (تَعْزِيرٌ) নিন্দা করা; তিরস্কার করা; শায়েস্তা করা; সাহায্য করা; সম্মান করা।

تَعْزِيرٌ، عَزْرٌ : নিন্দা, তিরস্কার; শাস্তি।

مُعَزَّرٌ : নিন্দিত।

عَزْرَائِيلُ : আযরাইল (আ), মওতের ফেরেশতা।

عَزَفَ ـُ : (عُزُوفٌ، عَزْفٌ) عَنْ ~ বর্জন করা, পরিহার করা, বিরত থাকা, মুখ ফিরাইয়া লওয়া, অনিচ্ছুক হওয়া, পরোন্মুখ হওয়া; ক্লান্ত হওয়া।

~ ـِ : (عَزِيفٌ، عَزْفٌ) عَزَّفَ (تَعْزِيفٌ) গান করা; গুনগুন করা।

~ عَلَى : (বাদ্যযন্ত্র, সুর) বাজানো।

أَعْزَفَ : (إِعْزَافٌ) বাতাসের মর্মর-ধ্বনি শোনা।

عَزْفٌ : বাতাসের মর্মরধ্বনি; অস্পষ্ট শব্দ; সঙ্গীত।

عُزْفٌ : বন্য কবুতর।

عَازِفٌ : (সঙ্গীতযন্ত্র) বাদক, musician.

عَزُوفٌ : অসন্তুষ্ট, অনিচ্ছুক।

عَزِيفٌ : অদ্ভুত শব্দ।

عَزِيفُ الرَّعْدِ : মেঘের গর্জন।

~ الرِّيحِ : বাতাসের মর্মর ধ্বনি।

عَزَّافٌ : গর্জনকারী (মেঘ)।

مِعْزَفٌ : বাদ্যযন্ত্র; ম্যান্ডোলিন; পিয়ানো। ব مَعَازِفُ

مِعْزَافٌ، مِعْزَفَةٌ : বীণা, harp (বাদ্যযন্ত্র)।

عَزَقَ ـِ : (عَزْقٌ) (মাটি) কোদলানো, খনন করা, আলগা করা; পরাস্ত করা, ধ্বংস করা।

عَزِيقٌ، عَزْقٌ : (মাটি) খনন।



www.pathagar.com

عَزِق : অবাধ্য, অমিশুক। ব عُزُق

عَزَقَة : ছোট চাকতি, washer.

مِعْزَقَة، مِعْزَق : মাটি খননের কোদাল বিশেষ। ব مَعَازِق

عَزْقَلَة : পোশাকের সৌন্দর্য।

عَزَلَ - : (عَزْل) অপসারিত করা, সরাইয়া দেওয়া, বরখাস্ত করা; বিচ্ছিন্ন করা; অপসারিত হওয়া; বহির্বীর্যপাত করা।

عَزَّلَ : (تَعْزِيل) পরিষ্কার করা; অপসারিত করা।

أَعْزَلَ : (إِعْزَال) পদত্যাগ করা।

إِعْتَزَلَ، تَعَزَّلَ : (إِعْتِزَال) পদত্যাগ করা, সরিয়া আসা, পরিত্যাগ করা, ছাড়িয়া দেওয়া; বিচ্ছিন্ন হওয়া।

إِنْعَزَلَ ~، ~، ~ عَنْ : বিচ্ছিন্ন হওয়া, সম্পর্ক ছিন্ন করা।

تَعَازَلَ : পরস্পর বিচ্ছিন্ন হওয়া।

عَزْل : অপসারণ, বরখাস্তকরণ; বিচ্ছিন্নকরণ; বহির্বীর্যপাত।

عَزَل، عُزُل : নিরস্ত্র অবস্থা; নিরস্ত্র।

عُزْل : দুর্বলতা।

إِنْعِزَال، إِعْتِزَال، عُزْلَة : নিঃসঙ্গতা, বিচ্ছিন্ন অবস্থা; সম্পর্কহীনতা।

عَازِل : পৃথককারী, পৃথক করিবার যন্ত্র, insulator.

عَازِلَة : অপরিবাহী, insulator. ব عَوَازِل

عِزَال : আসবাবপত্র; স্থান পরিবর্তন।

عَزْلَاء : গুহ্যদ্বার; মশকের মুখ। ব عَزَالِي

أَعْزَل : নিরস্ত্র। স্ত্রী عَزْلَاء ব عُزْل

تَعْزِيل : পরিষ্করণ।

مَعْزِل : নিভৃত স্থান, নির্জন স্থান; আশ্রয়গৃহ; অপসরণ, বিচ্ছিন্ন অবস্থা। ব مَعَازِل

مِعْزَال : দুর্বল, নিরস্ত্র। ব مَعَازِيل

مَعْزُول : অপসারিত, বিচ্যুত; পৃথকীকৃত, দূরীভূত; দূরবর্তী।

مُنْعَزِل : নিঃসঙ্গ, বিচ্ছিন্ন।

مُعْتَزَل : নিভৃত স্থান, নির্জন স্থান।

الْمُعْتَزِلَة : ওয়াসিল ইবন 'আতা (৬৯৯–৭৪৮ খ্রি.) কর্তৃক প্রতিষ্ঠিত একটি ধর্মতাত্ত্বিক দল।

عَزَمَ - : (عَزْم، عَزِيمَة) إِعْتَزَمَ (إِعْتِزَام) ~ عَلَى সংকল্প করা; মনস্থ করা; সিদ্ধান্ত করা, দৃঢ় সংকল্প হওয়া।

~ عَلَى : আহ্বান জানানো, আবেদন করা।

عَزَّمَ : (تَعْزِيم) মন্ত্রমুগ্ধ করা, জাদু করা।

عَزْم : (عَزَامَات ব) عَزْمَة (ব عُزُوم) সংকল্প, সিদ্ধান্ত; ক্ষমতা।

أُولُو الْعَزْم : স্থির সংকল্প ব্যক্তিবর্গ।

عُزْمَة : গোত্র। ব عُزَم

عَازِم، عَزُوم، مُعْتَزِم : স্থিরসিদ্ধান্ত, দৃঢ় সংকল্প।

~ : বিশ্বস্ত বন্ধু। ব عَزَمَة

أَمْر عَازِم : স্থিরীকৃত বিষয়।

عَزِيم : স্থিরতা, দৃঢ়তা; দ্রুত ধাবন।

عَزِيمَة : সংকল্প, সিদ্ধান্ত; ক্ষমতা; অবশ্যপালনীয় বিধান; মৌলিক বিধান। ব عَزَائِم

عَزَائِم الْقُرْآن : আল-কুরআনের যে সমস্ত আয়াত দ্বারা রোগ-ব্যাধি নিরাময় করা হয়।

عُزُومَة : নিমন্ত্রণ, ভোজ।

عِزْهَاة : নিরাসক্ত।

عَزَا - ُ (عَزْو) عَزَى - (عَزْي) إِعْتَزَى (إِعْتِزَاء) ~ إِلَى، ل সম্পৃক্ত হওয়া; আরোপ করা, বংশধর হওয়ার দাবি করা।

عَزِيَ - : (عَزَاء) تَعَزَّى সান্ত্বনা লাভ করা, ধৈর্য ধারণ করা।

عَزَّى : (تَعْزِيَة) সান্ত্বনা দেওয়া, শোক প্রকাশ করা।

تَعَازَى : একে অপরকে সান্ত্বনা দেওয়া।

عَزْو : বংশ-সম্পর্ক; আরোপ।

عِزْوَة : কুল, বংশ, গোত্র; আত্মীয়তা, আত্মীয় স্বজন।

عَزَاء : সান্ত্বনা, শোক; ধৈর্য।



www.pathagar.com

تَعْزِيَة : সান্ত্বনা প্রদান; শোকপ্রকাশ; সান্ত্বনা, শোক।

خِطَاب تَعْزِيَة : শোকবার্তা।

قَدَّمَ التَّعَازِى، رَفَعَ التَّعْزِيَة : শোক প্রকাশ করা।

مُعَزٍّ : শোক প্রকাশকারী, সান্ত্বনা প্রদানকারী।

عَسَّ - ُ : (عَسّ) إعْتَسَّ (إعْتِسَاس) রাত্রে ঘুরিয়া বেড়ানো, নৈশ প্রহরা দেওয়া।

~ : বিলম্বে আসা, সামান্য পরিমাণ খাইতে দেওয়া।

عَسّ، عَسَس : নৈশ প্রহরা।

عَاسّ، عَسَّاس : নৈশ প্রহরী।

العَسَّاس : নেকড়ে।

عَسُوس : শিকার অন্বেষণকারী।

مَعَسّ : অনুরোধ, আবেদন।

عَسَبَ - : (عَسْب) (প্রজননের উদ্দেশ্যে মর্দা পশু) ভাড়া করা।

أعْسَبَ : (إعْسَاب) (নেকড়ে) দৌড়াইয়া যাওয়া।

إسْتَعْسَبَ : ~ مِنْ অপছন্দ করা।

عَسْب : সন্তান-সন্ততি।

عَسِيب : লেজের হাড়, লাঙ্গুলাস্থি; পত্রবিহীন খেজুর শাখা। ব أعْسِبَة، عُسْبَان، عُسُب

يَعْسُوب : মক্ষীরাণী; পুরুষ মৌমাছি; ফড়িং; নেতা। ব يَعَاسِيب

عِسْبَار، عُسْبُر : চিতাবাঘ। ব عَسَابِر

عَوْسَج : কণ্টকবৃক্ষবিশেষ, boxthorn.

عَسْجَد : স্বর্ণ; মণি; বড় উট।

عَسْجَدِىّ : সোনালি, স্বর্ণনির্মিত।

مُعَسْجَد : স্বর্ণমণ্ডিত।

عَسَدَ - : (عَسْد) (দড়ি) পাকানো।

عَسَرَ - ُ : (عَسْر)، عَاسَرَ (مُعَاسَرَة) জোর করা, চাপ প্রয়োগ করা, কঠোরতা করা; বিরক্ত করা।

~ عَلَى : বিরোধিতা করা।

عَسِرَ - َ : (عَسَر)، عَسُرَ - ُ (عُسْر، عُسُر) কঠিন হওয়া, কঠোর হওয়া।

~ : নেটা হওয়া।

عَسَّرَ : (تَعْسِير) কঠিন করা।

~ عَلَى : কঠোরতা করা, যুলুম করা।

عَاسَرَ : (مُعَاسَرَة) কঠোর আচরণ করা।

أعْسَرَ : (إعْسَار) অভাবগ্রস্ত হওয়া; অসচ্ছল হওয়া, অনটনে পড়া।

تَعَسَّرَ : কঠিন হওয়া।

تَعَاسَرَ : কঠিন হওয়া; মন কষাকষি করা।

إسْتَعْسَرَ : (إسْتِعْسَار) কঠিন হওয়া; কঠিন পাওয়া, কষ্টসাধ্য মনে করা।

عُسْر، عُسْرَة، مَعْسَرَة : কঠোরতা, সংকীর্ণতা; অভাবগ্রস্ততা; দারিদ্র্য; অচলবস্থা; সংকট।

عُسْرُ البَوْل : মূত্রবদ্ধতা।

عُسْر مَالِىّ : আর্থিক অনটন।

~ الهَضْم : অজীর্ণ।

عَسِر، عَسِير : কঠিন, কঠোর, শক্ত।

مَاء عَسِر : কঠিন পানি, খরজল।

أعْسَر : নেটা; উভয় হস্ত সমভাবে চালনা করিতে সক্ষম; কঠিনতর।

إعْسَار : দারিদ্র্য, দীনতা, অসচ্ছলতা।

تَعَسُّر : কষ্ট, অসুবিধা, কঠোরতা, কাঠিন্য।

مُعْسِر، مَعْسُور : দরিদ্র, অভাবগ্রস্ত, অসচ্ছল; সংকটপূর্ণ (অবস্থা)।

مُعْسِر فِى التِّجَارَة : অসচ্ছল ব্যবসায়ী; দেউলিয়া।

مُتَعَسِّر : কঠিন।

عَسْعَسَ : (عَسْعَسَة) অন্ধকার হওয়া; (অন্ধকার) ঘনাইয়া আসা।

عَسَفَ - : (عَسْف) যুলুম করা, অন্যায় করা।

~ فِى : না ভাবিয়া করা বা বলা।

عَسَّفَ (تَعْسِيف) أعْسَفَ (إعْسَاف) : অতিরিক্ত কাজ চাপাইয়া দেওয়া।



www.pathagar.com

تَعَسَّفَ : যুলুম করা, অন্যায় করা।

~, إِعْتَسَفَ : (إِعْتِسَاف) লক্ষ্যহীনভাবে করা, যথেচ্ছভাবে করা।

~, ~ : ~ عَنْ বিচ্যুত হওয়া।

تَعَسَّفَ فِي رَأْيِهِ : গোঁড়ামি করা, একগুঁয়ে হওয়া।

إِعْتَسَفَ : ~ ب বাধ্য করা, চাপ প্রয়োগ করা।

إِنْعَسَفَ : (إِنْعِسَاف) নত হওয়া।

عَسْف : যুলুম, অন্যায়, অত্যাচার, অবিচার।

عَسْفًا : অন্যায়ভাবে, বলপূর্বক।

مِعْسَف، عَسُوف، عَسَّاف : অত্যাচারী, যালিম।

عَسِيف : ভাড়াটিয়া শ্রমিক। ব عِسَفَة، عُسَفَاء

تَعَسُّف : স্বেচ্ছাচারী, যালিম।

عَسِقَ : ـَ (عَسَق)، تَعَسَّقَ লাগিয়া থাকা।

~ عَلَى : আগ্রহভরে চালাইয়া যাওয়া।

عَسَق : অবিচার; কুপ্রবৃত্তি।

عَسِيقَة : প্রচুর পানি মিশ্রিত মদ্য।

عَسْقَلَان : দক্ষিণ-পশ্চিম ফিলিস্তিনের একটি সমুদ্রবন্দর।

الْعَسْقَلَانِي : ইব্‌নে হাজার আল-আসকালানী (১৩৭১:১৪৪৮ খ্রি.)। প্রসিদ্ধ হাদীসবেত্তা।

عَسْكَرَ : (عَسْكَرَة) জমায়েত হওয়া, সমবেত হওয়া, শিবির স্থাপন করা, সৈন্য সমাবেশ করা; (রাত্রি) অন্ধকার হওয়া।

عَسْكَر : সৈন্যদল, বাহিনী। ব عَسَاكِر

الْعَسْكَرَانِ : আরাফা ও মিনা।

عَسْكَرَة : উদ্বেগ, অশান্তি; দুর্ভিক্ষ।

عَسْكَرِيّ : সেনাবিষয়ক সামরিক।

حُكْم عَسْكَرِيّ : সামরিক আইন, সামরিক শাসন।

~ حَاكِم : সামরিক শাসক।

~ نِظَام : সামরিক শৃঙ্খলা।

عَسْكَرِيَّة : সৈনিকবৃত্তি।

مُعَسْكَر : শিবির, সেনাছাউনী। ব مُعَسْكَرَات

عَسَلَ : ـُ (عَسْل)، عَسَّلَ (تَعْسِيل) মধু মিশ্রিত করা, মধু দেওয়া, মধুর করা।

عَسَّلَتْ عَيْنُهُ : চক্ষু তন্দ্রাচ্ছন্ন হইল।

إِسْتَعْسَلَ : (إِسْتِعْسَال) মধু চাওয়া।

عَسَل : মধু। ব أَعْسَال، عُسُول، عُسُل

عَسَل أَسْوَد، عَسَلُ السُّكَّر : গুড়।

شَهْر الْعَسَل : মধুচন্দ্রিমা, honeymoon.

قُرْص عَسَلِ النَّحْلِ : মৌচাক।

عَسَلِيّ : মধুবর্ণ, মধুবৎ।

عَسُولٌ، عَاسِلٌ : সরল লোক। ব عَوَاسِلُ، عُسُل

عَسَّالٌ : মধু সংগ্রহকারী।

مَعْسَلَة، عَسَّالَة : মৌচাক।

عُسَيْلَة : যৌনাঙ্গ।

تَعْسِيلَة : তন্দ্রা, হালকা নিদ্রা।

مَعْسُول، مُعَسَّل : মধুময়, মধুর।

لِسَان مَعْسُول : সুললিত কণ্ঠ।

عَسْلَجَ (عَسْلَجَة) : নবপল্লব অঙ্কুরিত করা।

عُسْلُج (ব عَسَالِج) عُسْلُوج (ব عَسَالِيج) : নবপল্লব, শাখাপল্লব, কচি ডাল।

عَسَمَ : ـِ (عَسْم) ~ فِي সাগ্রহে কামনা করা, লোভ করা।

~ : (عُسُوم، عَسْم) অর্জন করা, জীবিকা উপার্জন করা।

عَسِمَ : ـَ (عَسَم) কবজির জোড়া শুকাইয়া হাত-পা বাঁকা হওয়া।

أَعْسَمَ : (إِعْسَام) অশ্রু বর্ষণ করা, শক্ত করা।

عَسْمَة : গ্রাস, লোকমা।

عَسُوم، عَسَمَة : শুকনা রুটিখণ্ড।

عَسُوم : পরিবারের জন্য উপার্জনকারী। ব عُسُم

أَعْسَم : কবজির জোড়া শুকাইয়া হাত-পা বাঁকা হইয়াছে এমন। স্ত্রী عَسْمَاء

عَسَا : ـُ (عُسُوّ، عَسَاء)، عَسِيَ - (عَسًى) (কাঠ) শক্ত ও শুকনা হওয়া; (রাত) গাঢ় অন্ধকার হওয়া।

~ : বয়োবৃদ্ধ হওয়া।



www.pathagar.com

عَسْو : মোম।

عُسُوّ : মোটা, পুরু।

عَاسٍ : শুষ্ক।

عَسَى : নিকটবর্তী হওয়া, উপক্রম করা, সম্ভাব্য হওয়া।

~ : হয়তো, সম্ভবত।

عَسِيّ : যথাযথ, উপযোগী।

عَشَّ - ُ : (عَشّ) (পাখি) বাসায় থাকা; অর্জন করা; (কাপড়) রিফু করা।

~, أَعَشَّ : (إِعْشَاش) স্থানচ্যুত করা।

~ : (عَشَش، عَشَاشَة، عُشُوشَة) কৃশ হওয়া।

عَشَّشَ (تَعْشِيش)، (إِعْتِشَاش) إِعْتَشَّ : (পাখি) বাসা বানানো, বাসায় আশ্রয় গ্রহণ করা।

عَشّ : তুচ্ছ উপহার; কৃশ।

عُشّ : পাখির বাসা। ব عِشَاش، أَعْشَاش، عِشَشَة

عَشَّة : চিকন গাছ।

عُشَّة : (ব عَشَش) عِشَّة (ব عِشَش) কুটির, কুঁড়েঘর।

عَشِبَ - َ : (عَشَب) (তৃণাদি) শুষ্ক হইয়া যাওয়া।

~, عَشُبَ - ُ : (عَشَابَة) ঘাস উৎপন্ন হওয়া; ঘাসবহুল হওয়া, ঘাসে আচ্ছাদিত হওয়া।

أَعْشَبَ : (إِعْشَاب) ঘাস উৎপন্ন করা; চারণভূমির সন্ধান পাওয়া।

تَعَشَّبَ : ঘাস খাইয়া বাঁচা, ঘাস খাইয়া মোটা হওয়া।

إِعْشَوْشَبَ : (إِعْشِيشَاب) (ভূমি) প্রচুর ঘাসে ছাইয়া যাওয়া।

عُشْب : ঘাস, তৃণ। ব أَعْشَاب، عُشْبَة

عَشِب، مُعْشِب : ঘাসবহুল, তৃণবহুল।

عَشَبَة : বয়োবৃদ্ধ।

عَشَّاب : ঔষধি সম্বন্ধীয় লেখক, ঔষধি-বিক্রেতা; herbalist.

عَشَابَة : প্রচুর গাছপালা।

عَاشِب : তৃণবহুল (ভূমি); তৃণভোজী। ব عَوَاشِب

عَشَرَ - ُ : (عُشُور، عَشْر) عَشَّرَ (تَعْشِير) দশমাংশ লওয়া বা দেওয়া; দশভাগে ভাগ করা।

~ - : (عَشْر) দশ সংখ্যাপূর্ণ করা, দশম হওয়া।

عَاشَرَ : (مُعَاشَرَة) ঘনিষ্ঠ হওয়া, অন্তরঙ্গ হওয়া, সঙ্গী হওয়া।

أَعْشَرَ : (إِعْشَار) সংখ্যায় দশ হওয়া; দশ করা; গর্ভধারণের দশম মাসে উপনীত হওয়া।

تَعَاشَرَ : একত্রে বসবাস করা, পরস্পর মেলামেশা করা; ঘনিষ্ঠ হওয়া, অন্তরঙ্গ হওয়া।

عِشْر : দশদিন পরপর উষ্ট্রের পানি পান।

عُشْر : দশমাংশ, উশর। ব أَعْشَار، عُشُور

عُشْرِي، أَعْشَارِيّ : উশর সংক্রান্ত, উশরী; দশমিক।

كَسْر عُشْرِي، كَسْر أَعْشَارِي : দশমিক, ভগ্নাংশ।

عَشَرَة : দশ। স্ত্রী عَشْر

~ : (ব عَشَرَات) দশ, দশক।

عِشْرَة، مُعَاشَرَة : বন্ধুত্ব, মেলামেশা, সঙ্গ, অন্তরঙ্গতা, সম্পর্ক; সমাজ।

عِشْرِيّ : মিশুক।

عِشَار، عُشَرَاء : গর্ভবতী (প্রাণী)।

عُشَارًا : দশজন দশজন করিয়া।

عَشَّار : উশর (দশমাংশ ফসল) আদায়কারী, খাজনা আদায়কারী।

عَاشِر : দশম; উশর আদায়কারী। ব عُشَّر

عَشِير : (مُعَاشِر) বন্ধু, সঙ্গী, সাথী। ব عُشَرَاء، أَعْشِرَة

~ : স্বামী, স্ত্রী।

~ : (عُشْر العُشْر) শতাংশ।

عَشِيرَة : গোত্র, জ্ঞাতি, নিকটাত্মীয়, আপনজন। ব عَشَائِر، عَشِيرَات

عَاشُورَاء، عَاشُورَاء، يَوْم عَاشُورَاء : মাসের দশ তারিখ, মুহাররাম মাসের ১০ তারিখ।

عِشْرُون : কুড়ি, বিশ।

العِشْرُون : বিশতম।



www.pathagar.com

مَعْشَر : গোত্র, সম্প্রদায়, দল। ব مَعَاشِر

مُعَشِّرَة : গর্ভবতী (ঘোটকী)।

مِعْشَار : দশমাংশ; সহস্রাংশ।

عَشِقَ (عِشْق) : ~ بِ লাগিয়া থাকা।

عَشَّقَ : (تَعْشِيْق) শক্ত করিয়া লাগানো, আঁটসাঁটভাবে যুক্ত করা; জোড়া লাগানো।

تَعَشَّقَ : প্রেম করা, ভালোবাসা ব্যক্ত করা।

تَعَاشَقَ : একে অপরকে ভালোবাসা।

عِشْق : প্রেম, ভালোবাসা।

عَاشِق : (عِشِّيق) প্রেমিক। ব عُشَّاق

مَعْشُوق، عَشِيق : প্রেমাস্পদ, প্রেমিক, প্রণয়ী।

مَعْشُوقَة ، عَشِيقَة : প্রেমিকা, প্রণয়িনী।

تَعْشِيق : আঁটসাঁটভাবে যুক্তকরণ, জোড়াদান।

عَشَمَ : ـِ (عَشْم) عَشَّمَ، (تَعْشِيْم) আশা দেওয়া।

عَشِمَ : ـَ (عَشَم) (গাছ) শুকাইয়া যাওয়া।

تَعَشَّمَ : আশা করা।

عَشَمَة، عَشَم : লোভ, আশা, আগ্রহ।

عَشَنَ : ـُ (عَشْن) عَشَّنَ (تَعْشِيْن) إِعْتَشَنَ (إِعْتِشَان) অনুরূপ হওয়া; আন্দাজ করা।

عُشَانَة، عُشَان : নিকৃষ্ট খেজুর।

عَشَا : ـُ (عَشْو) রাত্রে গমন করা; দুর্বল দৃষ্টি হওয়া, রাতকানা হওয়া; রাত্রে (পশু) চরানো।

~ : (عَشْي، عَشْو) নৈশ আহার প্রদান করা।

عَشِيَ : ـَ (عَشًا) দুর্বল দৃষ্টি হওয়া, রাতকানা হওয়া।

تَعَشَّى : নৈশ আহার গ্রহণ করা।

عَشَّى (تَعْشِيَة) أَعْشَى (إِعْشَاء) নৈশ আহার প্রদান করা; দুর্বল দৃষ্টি করা, রাতকানা করা, অন্ধ করিয়া দেওয়া।

تَعَاشَى : অন্ধ সাজা, না দেখার ভান করা।

عَشًا، عَشَاوَة، عَشَاء : দৃষ্টির দুর্বলতা, অন্ধত্ব, নৈশ অন্ধত্ব।

~ : নৈশ আহার, সান্ধ্যভোজ। ব أَعْشِيَة

عَشِيّ، عِشَاء : অপরাহ্ণ, সন্ধ্যা, রাত্রি।

صَلَاةُ الْعِشَاء : ইশার নামায।

عَشْوَة : অন্ধকার; নৈশ আহার।

عَشْوَة : রাত্রিকালে দূর হইতে দৃশ্যমান অগ্নি; জ্বলন্ত কাষ্ঠখণ্ড।

عَشِّيّ : পাচক।

عَشِيَّة : সন্ধ্যা। ব عَشَايَا

عَاشِيَة : রাত্রিকালে চরিয়া বেড়ায় এমন পশু। ব عَوَاشٍ

عَشْوَاء : (রাত্রির) অন্ধকার, অন্ধ উষ্ট্রী।

خَبْطَ عَشْوَاء : অন্ধের ন্যায়, এলোপাতাড়িভাবে এলোমেলোভাবে, উদ্দেশ্যহীনভাবে; আন্দাজে কাজ করা।

أَعْشَى : (স্ত্রী عَشْوَاء) عَشٍ (স্ত্রী عَشِيَة) দুর্বল দৃষ্টি, রাতকানা; অন্ধ।

مُتَعَشًّى : নৈশ ভোজনস্থল।

عَصَّ : ـَ (عَصَص، عَصّ) কঠিন হওয়া।

عَصَّصَ (تَعْصِيْص) : ~ عَلَى চাপ দেওয়া।

عُصُص، عُصْص : লেজের হাড়।

عَصَبَ : ـِ (عَصْب) عَصَّبَ (تَعْصِيْب) রশি দ্বারা বাঁধা; পেঁচাইয়া বাঁধা; পট্টি বাঁধা।

~ : (عَصْب) ـَ عَصِبَ، (عَصَب) ~ بِ বেষ্টন করা।

~ : (عُصُوب، عَصْب) (দাঁত) অপরিষ্কার হওয়া, (আকাশ) লাল হওয়া।

~ : (عِصَاب، عَصْب) ~ عَلَى বলপূর্বক লইয়া যাওয়া।

أَعْصَبَ : (إِعْصَاب) (উট) দ্রুত পায়ে হাঁটা।

إِعْتَصَبَ، تَعَصَّبَ : পাগড়ি বাঁধা, পট্টি বাঁধা; সংঘবদ্ধ হওয়া, দল গঠন করা, ধর্মঘট করা; নক-আউট করিয়া দেওয়া।

~ مَعَ، لِ : পক্ষাবলম্বন করা, পক্ষে যাওয়া।

~ عَلَى : বিপক্ষে যাওয়া, বিরোধিতা করা।

~ بِ : সন্তুষ্ট হওয়া।

~ فِي : অনমনীয় হওয়া; অন্ধ অনুরাগী হওয়া; গোঁড়া হওয়া।



www.pathagar.com

إِنْعَصَبَ (إِنْعِصَاب) : কঠিন হওয়া।

إِعْصَوْصَبَ (إِعْصِيصَاب) : কঠিন হওয়া; সঙ্ঘবদ্ধ হওয়া।

عَصْب : পাগড়ি; মুখের শুকনা লালা।

عُصْبَةُ الْجَبِين : ললাট-ভূষণ, frontlet.

عُصْبَة : সঙ্ঘ, সংস্থা, দল; বন্ধনী, পট্টি। ব عُصَب

عُصْبَةُ الأُمَم : জাতিসঙ্ঘ।

عَصَب : স্নায়ু। ব أَعْصَاب

عَصَبَة : স্নায়ু; সংঘ, সংস্থা, দল; আত্মীয়তা, সগোত্র ব্যক্তি, জ্ঞাতি; ললাট-ভূষণ। ব عَصَبَات

عَصَبِيّ : স্নায়ু সংক্রান্ত, স্নায়বিক।

عَصَبِيّ الْمِزَاج : দুর্বল স্নায়ু বিশেষ, সহজেই উত্তেজিত বা ভীত হয় এমন, nervous.

الْجِهَاز الْعَصَبِيّ : স্নায়ুতন্ত্র, মস্তিষ্ক।

~ الضُّعْف : স্নায়বিক দুর্বলতা।

حَالَة عَصَبِيَّة : আতঙ্কগ্রস্ততা, nervousness.

عَصَبِيَّة : স্বপক্ষপ্রীতি, স্বজনপ্রীতি, দলীয় মনোভাব, জাতীয়তাবাদ, আত্মীয়তা, সম্পর্ক।

عَاصِب : জ্ঞাতি।

عِصَاب : বন্ধনী, পট্টি; দড়ি।

عِصَابَة : বন্ধনী, পট্টি; ললাট-ভূষণ, পাগড়ি। ব عَصَائِب

~ : দল, সঙ্ঘ, সংস্থা। ব عِصَابَات

حَرْبُ الْعِصَابَات : গেরিলা-যুদ্ধ।

عَصُوب : কুৎসিত ও কৃশ (স্ত্রীলোক)।

عَصِيب : সংকটময়; উষ্ণ, তপ্ত।

~ : দড়ি দ্বারা বাঁধা (উট)। ব أَعْصِبَة، عُصُب

إِعْتِصَاب : ধর্মঘট, নক-আউট।

تَعَصُّب : স্বপক্ষ-প্রীতি, স্বজনপ্রীতি, দলীয় মনোভাব, বর্ণবাদ; প্রবল আগ্রহ, গোঁড়ামি।

مَعْصُوب، مُعَصَّب : বদ্ধ, পট্টি-বাঁধা।

~ : পাগড়ি পরিহিত।

مُتَعَصِّب : প্রবল আগ্রহী, গোঁড়া অন্ধ অনুরাগী, সংকীর্ণমনা।

عَصَدَ - : (عَصْد) أَعْصَدَ، পেঁচানো, নোয়ানো।

عَصِيدَة : ময়দা, মাখন ও মধু দ্বারা প্রস্তুত খাদ্যবিশেষ। ব عَصَائِدُ

عَصَرَ - : (عَصْر) নিংড়ানো, নিষ্পেষণ করা।

~ عَنْ : প্রত্যাহার করা; বিরত করা।

عَصَّرَ : রস বাহির করা।

عَاصَرَ : সমসাময়িক হওয়া।

أَعْصَرَ : ঋতুমতী হওয়া, বয়স্ক হওয়া।

إِنْعَصَرَ، تَعَصَّرَ : নিষ্পেষিত হওয়া।

إِعْتَصَرَ : নিষ্পেষিত করা, নিংড়ানো, রস বাহির করা; অন্যায়ভাবে আদায় করা; ফেরত আনা।

عَصْر : নিষ্পেষণ, নিংড়াইয়া বাহিরকরণ।

~ : অপরাহ্ণ। ব عُصُور، أَعْصُر

صَلَاةُ الْعَصْر : আসরের নামায।

عَصْرَان : সকাল ও বিকাল।

~، عُصْر : যুগ, কাল, শতাব্দী। ব أَعْصَار، أَعْصُر، عُصُور

عَصَر، عُصْر، عُصْرَة، مُعَصَّر : আশ্রয়।

عَصْرِيّ : সাম্প্রতিক, আধুনিক, বর্তমান, সমসাময়িক।

عَصْرِيَّة : আধুনিকতা।

عُصَار، عُصَارَة، عَصِير، عَصِيرَة : রস, নির্যাস।

عَصَّار : নিষ্পেষণকারী, নিষ্পেষক।

عَصَّارَة : পেষণযন্ত্র, নিংড়াইবার যন্ত্র। ব مِعْصَرَة، مَعَاصِر ব عَصَّارَات

مِعْصَرَةُ الزَّيْتُون، عَصَّارَةُ الزَّيْتُون : ঘানি।

~ قَصَبِ السُّكَّر، قَصَبِ السُّكَّر ~ : আখ মাড়াইয়ের যন্ত্র।

إِعْصَار : ঘূর্ণিঝড়, ঘূর্ণিবায়ু। ব أَعَاصِير

مُعْصِر : ঋতুমতী; বয়স্কা।



www.pathagar.com

مُعْصِرَات : বৃষ্টিবাহী মেঘ।

مُعَاصِر : সমসাময়িক।

عَصْعَصَ : শক্ত হওয়া, কঠিন হওয়া।

عُصْعُص : লেজের হাড়। ব عُصْعُوص، عَصَاعِص ব عَصَاعِيص

عَصَفَ : - (عُصُوف، عَصْف) ঝড়ের বেগে প্রবাহিত হওয়া; প্রচণ্ড গতিতে চলা।

~ ب : উড়াইয়া যাওয়া।

~ ـُ : (عَصْف) কাঁচা ফসল কাটা।

أعْصَفَ : বিপথে গমন করা, ধ্বংস হওয়া।

عَصْف، عَصْفَة : বাতাসের ঝাপটা, দমকা।

~, عُصَافَة : চূর্ণ-বিচূর্ণ খড়কুটা।

عَاصِف، عَصُوف، عَصِيف ، مُعْصِف : ঝড়ের বেগে প্রবহমান, ঝড়ো, প্রচণ্ড (বাতাস)। ব عَوَاصِفُ

عَاصِفَة : ঝড়, ঘূর্ণিঝড়। ব عَوَاصِف

عَصُوف : দ্রুতগামী।

عَصْفَرَ : হলদে করা।

تَعَصْفَرَ : হলদে হওয়া।

عُصْفُر : হলুদ বর্ণের রঞ্জন, safflower.

عُصْفُور : চড়ুই পাখি, ক্ষুদ্র পক্ষী। ব عَصَافِير

عُصْفُور الجَنَّة : দোয়েল।

~ دُورِيّ : চড়ুই।

~ الرِّز : বাবুই।

~ الشَّوْك : এক প্রকার ক্ষুদ্র গায়ক পাখি।

عُصْفُورَة : স্ত্রী চড়ুই, গোঁজ, পিন, দড়ির বাণ্ডিল।

عُصْفُور فى اليَد خَيْر مِنْ الف عَلَى الشَّجَرَة : হাতের একটি বনের দশটির চাইতে উত্তম। অর্থাৎ হাতের আছে বস্তু সম্ভাব্য হাজার বস্তুর চাইতে উত্তম।

عُصْفُورَة : স্ত্রী-চড়ুই, গোঁজ, পিন; দড়ির বাণ্ডিল।

عَصِلَ : - َ (عَصَل) বাঁকা হওয়া।

عَصَلَ : - ُ (عَصْل) বাঁকানো, নোয়ানো।

عَصَّلَ : (تَعْصِيل) বাঁকানো; বিলম্বিত হওয়া।

عَصَل : বক্রতা, বাঁক।

عَصِل : (ব أعْصَال، عِصَال) স্ত্রী عَصْلاء (ব عُصْل) বাঁকা।

مِعْصَل : কঠোর। ব مَعَاصِيلُ

مِعْصَال : বাঁকা লাঠি। ব مَعَاصِيل

عَصْلَبَ : শক্ত হওয়া, কঠিন হওয়া।

عَصْلَب، عُصْلُب، عُصْلُبِيّ : শক্ত, কঠিন।

عَصَمَ : - (عَصْم) বাধা দেওয়া; ফিরাইয়া রাখা; রক্ষা করা; সংক্রমণমুক্ত করা।

~ إلَى : আশ্রয় চাওয়া।

عَصَمَ البَطْنَ : কোষ্ঠবদ্ধ করা, constipate.

عَصِمَ : - َ (عَصَم) (ঘোড়া, ছাগল) সাদা পা-বিশিষ্ট হওয়া।

أعْصَمَ : বাঁধিয়া রাখা, অনিষ্ট হইতে আত্মরক্ষা করা।

اِعْتَصَمَ (اِعْتِصَام) اِسْتَعْصَمَ (اِسْتِعْصَام) : ~ ب দৃঢ়ভাবে ধারণ করা, আঁকড়াইয়া ধরা, লাগিয়া থাকা, সংরক্ষণ করা; আশ্রয় চাওয়া; আশ্রয় লওয়া; বজায় রাখা, রক্ষা করা।

عَصْم : রক্ষা, সংরক্ষণ।

عَصَم : পশুর পায়ের সাদা দাগ।

عِصْمَة : পবিত্রতা, সতীত্ব, পাপহীনতা, রক্ষা, সংরক্ষণ।

عِصْمَةُ النِكَاح : বিবাহ বন্ধন।

فِى عِصْمَة : হেফাযতে, অধীনে; বিবাহ-বন্ধনে।

عُصْمَة : (গলার) হার।

عِصَام : চামড়ার পাতলা ফালি; পোশাক ঝুলাইয়া রাখিবার ফিতা, রজ্জু; (পাত্রের) হাতল। ব أعْصِمَة، عُصُم

عِصَامِيّ : মহৎ, বিশিষ্ট, গুণী; স্বপ্রতিষ্ঠিত।

عَصُوم : লোভী, পেটুক।

عَاصِم : রক্ষক, অভিভাবক; সুরক্ষিত।

عَاصِمَة : রাজধানী, প্রধান নগর; সতী (নারী)। ব عَوَاصِم



www.pathagar.com

أعْصَم : সাদা পা-বিশিষ্ট (পশু); মূল্যবান, চমৎকার। স্ত্রী عَصْمَاء ব عُصْم

إِعْتِصَام : আঁকড়াইয়া ধরন; আশ্রয় গ্রহণ।

مِعْصَم : কবজি। ব مَعَاصِم

مَعْصَم : সড়ক দ্বীপ। ব مَعَاصِم

سَاعَة مِعْصَم : হাত-ঘড়ি।

مَعْصُوم : পবিত্র, নিরপরাধ, নিষ্পাপ; সুরক্ষিত; অভ্রান্ত।

مَعْصُوم البَطْنِ : কোষ্ঠবদ্ধতাগ্রস্ত।

مُعْتَصِم : আশ্রয় গ্রহণকারী, আশ্রয়প্রার্থী; আশ্রিত।

مُعْتَصِم بِاللّٰه : আল্লাহর আশ্রিত।

المُعْتَصِم بِاللّٰه : (৭৯৫-৮৪২ খ্রি.) অষ্টম আব্বাসী খলীফা।

المُسْتَعْصِم بِاللّٰه : (১২১২-১২৫৮ খ্রি.) শেষ আব্বাসী খলীফা।

مُعْتَصَم : আশ্রয়স্থল, আশ্রয়।

عَصَا - ُ : (عَصْو) লাঠি দ্বারা প্রহার করা, লাঠি পেটা করা।

عَصَا : লাঠি, যষ্টি। ব أعْصٍ، عُصِيّ

عَصَا الرَّاعِي : খাগড়া, শর।

أَلْقَى العَصَا : যাত্রাবিরতি করিল।

أَلْقَى عَصَا التَّرْحَالِ : স্থায়ী বসতি স্থাপন করিল।

شَقَّ العَصَا : ভিন্নমত হওয়া।

شَقَّ عَصَا الطَّاعَة : বিদ্রোহ করিল।

إِنْشَقَّتْ عَصَاهُمْ : তাহাদের ঐক্য ভাঙ্গিয়া গেল।

عَصَاة، عَصَايَة : লাঠি, যষ্টি।

عُصَيَّة : ক্ষুদ্র লাঠি।

عَصَى - : (عَصْي، عِصْيَان، مَعْصِيَة) عَاصَى (مُعَاصَيَة) অমান্য করা, অবাধ্য হওয়া, বিরোধিতা করা; বিদ্রোহ করা।

~, عَاصَى : ~ عَلَى; বিদ্রোহ করা, আনুগত্য অস্বীকার করা।

تَعَصَّى : কঠিন হওয়া; জটিল হওয়া, (রোগ) দুরারোগ্য হওয়া।

إِعْتَصَى : (إِعْتِصَاد) কঠিন হওয়া; শক্ত হওয়া।

إِسْتَعْصَى : (إِسْتِعْصَاء) কঠিন হওয়া; জটিল হওয়া; (রোগ) দুরারোগ্য হওয়া।

~ عَلَى : বিদ্রোহ করা, আনুগত্য অস্বীকার করা।

~ عَنْ : এড়াইয়া যাওয়া।

عَصِيّ : বিদ্রোহী। ব أعْصِيَاء

عَاصٍ : বিদ্রোহী, অবাধ্য; পাপী। ব عُصَاة

~ : অবিরাম রক্তস্রাবী (শিরা)। ব عَوَاصٍ

عِصْيَان : বিদ্রোহ, অবাধ্যতা, অমান্যতা।

مَعْصِيَة : অবাধ্যতা, বিদ্রোহ।

~ : পাপ। ব مَعَاصٍ

مُسْتَعْصٍ، مُتَعَصٍّ : কঠিন, জটিল, দুরারোগ্য (ব্যাধি); দৃঢ়মূল।

عَضَّ - َ : (عَضّ، عَضِيض) কামড়ানো, দাঁত দিয়া কামড়াইয়া ধরা, (সময়) কঠিন যাওয়া প্রতিকূল হওয়া।

~ - َ : (عَضِيض) ~ بِ আঁকড়াইয়া ধরা, আঁটিয়া থাকা।

عَضَّضَ (تَعْضِيض) : জোরে কামড় দেওয়া, প্রচণ্ডভাবে কামড়ানো।

عَاضَّ : কামড়ানো।

أعَضَّ : (إِعْضَاض) কামড়াইয়া ধরানো, কাহাকেও দিয়া চিবানো।

تَعَاضَّ : একে অপরকে কামড়ানো, কামড়াকামড়ি করা।

عَضّ، عَضَّة، عَضِيض : কামড়।

عِضّ : কৃপণ; দুষ্ট; ধূর্ত; অটল। ব أعْضَاض، عُضُوض

~, عِضَة، عِضَاء : কাঁটাগুল্মবিশেষ, hawthorn.

عُضّ : গবাদি পশুর শুকনা খাদ্য, জাব।

عَضَاض : গ্রাস, এক কামড়।

عَضُوض، عَضَّاض : কামড়ানোর স্বভাববিশিষ্ট।

عُضَاض، عُضَّاض : হাড়, উপাস্থি।



www.pathagar.com

مَعَضّ : অবলম্বন।

مَعْضُوض : দংশিত ব্যক্তি, বস্তু।

عَضَبَ - : (عَضْب) কর্তন করা, বিচ্ছিন্ন করা; অক্ষম করা; বর্শাবিদ্ধ করা।

~ عَنْ : বিরত রাখা।

عَضَبَ بِلِسَانِه : গালাগালি করা, কুৎসা করা।

عَضِبَ - َ : (عَضَب)، أَعْضَبَ (إِعْضَاب) (পশুর) শিং ভাঙ্গিয়া যাওয়া, কর্ণ বিদীর্ণ হওয়া।

عَضْب : ধারালো তরবারি; অমনোযোগী (শিশু); তীক্ষ্ণ, শ্লেষাত্মক (ভাষা)।

عَضَّاب : গালিদাতা, কুৎসাকারী।

أَعْضَب : ভগ্ন শৃঙ্গ কিংবা বিদীর্ণ কানবিশিষ্ট (পশু); ভ্রাতৃহীন; দুর্বল, অসহায়। স্ত্রী عَضْبَاء ব عُضْب

الْعَضْبَاء : রাসূলুল্লাহ (স)-এর উষ্ট্রীর নাম (উৎকৃষ্ট জাতের)।

مَعْضُوب : দুর্বল, রোগা।

عَضَدَ - ُ : (عَضْد)، عَاضَدَ (مُعَاضَدَة) সাহায্য করা, সহায়তা করা, সমর্থন করা, সহযোগিতা করা।

~ : বাহুতে আঘাত দেওয়া।

~ - : (عَضْد) কর্তন করা।

عَضِدَ : বাহুতে ব্যথা থাকা।

عَضَّدَ (تَعْضِيد)، أَعْضَدَ (إِعْضَاد) : (তীর) লক্ষ্যচ্যুত হওয়া।

تَعَاضَدَ : পরস্পর সহায়তা করা, একে অপরকে সাহায্য করা, সহযোগিতা করা।

اِعْتَضَدَ (اِعْتِضَاد)، تَعَضَّدَ : বুকে তুলিয়া লওয়া, লালনপালন করা।

~ بِ : সহায়তা চাওয়া।

اِسْتَعْضَدَ (اِسْتِعْضَاد) : (ফল) চয়ন করা।

عَضْد : সাহায্য, সহায়তা, সমর্থন, সহযোগিতা। ব مُعَاضَدَة ব تَعْضِيد، أَعْضَاد

~ : সাহায্যকারী, সহায়ক, সমর্থক; পার্শ্ব।

عَضُد : বাহু; শক্তি। ব أَعْضَاد

عَضَد : (উটের) বাহুর রোগবিশেষ।

عَضَاد : খাটো (মানুষ)।

عِضَاد : বড় বালা; উটের বাহুতে দেওয়া তপ্ত লৌহের দাগ।

عِضَادَة : পার্শ্ব, অবিচ্ছেদ্য সঙ্গী।

عَضِيد : খেজুর গাছের সারি; খাটো খেজুর গাছ। ব عِضْدَان

تَعَاضُدِيّ : সহযোগিতামূলক।

مِعْضَد : কাস্তে। ব مَعَاضِد

~ : বাজুবন্দ, মাদুলি। ব مَعَاضِد

مُعَضِّد : সাহায্যকারী, সহায়ক, সহকারী; সমর্থক।

مِعْضَاد : কসাইয়ের বড় ছুরি।

الْمُعْتَضِد بِاللّه : (৮৯২-৯০২ খ্রি.) আব্বাসীয় ষোড়শ খলীফা।

عَضْرَس : প্রচণ্ড শীত, বরফ। ব عَضَارِسُ

عَضْرُط : (ব عَضَارِط) عُضْرُوط (ব عَضَارِيط; عُضَارِط (ব عَضَارِطَة) ভাড়াটিয়া লোক; নীচ; হীন।

~ : খাদ্যনালী। ব عَضَارِيط

عَضَلَ - ُ : (عَضْل) عَضَّلَ (تَعْضِيل) কঠোরতা করা; ক্লান্ত করা।

~ - ُ : (عَضْل) (স্ত্রীলোককে) বিবাহ করিতে বাধা দেওয়া।

عَضِلَ - َ : (عَضَل) মাংসল হওয়া; বলবান হওয়া।

أَعْضَلَ (إِعْضَال) : কঠিন হওয়া, জটিল হওয়া, দুর্বোধ্য হওয়া।

تَعَضَّلَ الدَّاءُ الأَطِبَّاءَ، أَعْضَلَ الدَّاءُ الأَطِبَّاءَ : রোগটি চিকিৎসকদের ব্যর্থ করিল, হতবুদ্ধি করিল।

عِضْل : চতুর লোক।

عَضَل : বড় ইঁদুর। ব عِضْلَان

عَضِل : মাংসল, পেশল, বলবান।

عُضْلَة : দুর্ভাগ্য, হঠাৎ বিপদ। ব عُضَل، عُضْل

عَضَلَة : মাংসল পেশি। ব عَضَل، عَضَلَات



www.pathagar.com

عَضَلَة بَاسِطَة : প্রবৃদ্ধিকর মাংসপেশি, extensor.

~ رَاخِيَة : শিথিলকারী মাংসপেশি, laxator.

عَضَلَة عَاصِرَة ,~ قَابِضَة : সংকোচক মাংসপেশি, flexor.

عَضَلِيّ : মাংসপেশি সংক্রান্ত; মাংসল, পেশল; বলবান।

عُضَال : জটিল; দুরারোগ্য (ব্যাধি)।

مُعْضِل : জটিল, দুর্বোধ্য; হতবুদ্ধিকর।

مُعْضِلَة : সমস্যা, জটিলতা, জটিল বিষয়, সংকট। ব مَعَاضِل، مُعْضِلَات

عَضْم : ধনুকের হাতল, লেজের গোড়া। ব عِضَام

عَضَهَ - َ عَضْهًا (عَضْه، عَضَه)، عَضِهَ - َ (عَضَه), أَعْضَهَ (إِعْضَاه) মিথ্যা বলা; গালি দেওয়া; নিন্দা করা।

عَضِيهَة، عِضَه : মিথ্যা; নিন্দা। ব عَضَائِه

~, عِضَاهَة : কাঁটাগাছ। ব عِضَاه

عَاضِه : ঐন্দ্রজালিক, জাদুকর।

عَاضِهَة : মারাত্মক (সাপ); মিথ্যা। ব عَوَاضِه

عَضَا - ُ (عَضْو) : عَضَّى، (تَعْضِيَة) ভাগ করা, বিভক্ত করা।

~ : (ভেড়ার) চামড়া ছাড়ানো।

عُضْو : অঙ্গ; যন্ত্র; সদস্য। ব أَعْضَاء

عُضْو أَصْلِيّ : নিয়মিত সদস্য।

~ إِحْتِيَاطِيّ : বিকল্প সদস্য।

~ التَّأْنِيث : গর্ভ-কেশর।

~ التَّذْكِير : পুং-কেশর।

~ فَخْرِيّ : অবৈতনিক সদস্য, honorary member.

~ مَجْلِس الشُّيُوخ : উচ্চ পরিষদ সদস্য, সিনেট সদস্য।

~ مَجْلِس النُّوَّاب : নিম্ন পরিষদ সদস্য, সংসদ সদস্য।

أَعْضَاء التَّنَاسُل : জননেন্দ্রিয়।

الدُّوَل الأَعْضَاء : সদস্য রাষ্ট্রসমূহ।

عِلْم وَظَائِف الأَعْضَاء : শারীরবৃত্ত, physiology.

عُضْوِيّ : আঙ্গিক, যান্ত্রিক; জৈব।

لَاعُضْوِيّ : অজৈব; অঙ্গহীন।

عُضْوِيَّة : সদস্যপদ; যান্ত্রিক গঠন

عِضَة : অংশ, দল, সম্প্রদায়, মিথ্যা। ব عِضُون

عَطَّ - ُ (عَطّ) : عَطَّطَ، বিদীর্ণ করা; চিরিয়া ফেলা; ভূপাতিত করা।

إِنْعَطَّ (إِنْعِطَاط)، تَعَطَّطَ : বিদীর্ণ হওয়া; চিরিয়া যাওয়া।

~ : বক্র হওয়া।

عُطَط : কাপড়ের ফালি।

عَطَبَ - ُ (عُطُوب، عَطْب) নরম হওয়া; তুলতুলে হওয়া।

عَطِبَ - َ (عَطَب) : تَعَطَّبَ، إِعْتَطَبَ (إِعْتِطَاب) ধ্বংস হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া।

عَطَّبَ، أَعْطَبَ : (تَعْطِيب، إِعْطَاب) ধ্বংস করা, নষ্ট করা, চূর্ণ করা, ক্ষতি করা।

عَطَب : ধ্বংস, ক্ষতি।

سَرِيع العَطَب : সহজে নষ্ট হইয়া যায় এমন, ভঙ্গুর।

عُطْب، عُطُب : তুলা, পশম।

عَوْطَب : দুই ঢেউয়ের মধ্যবর্তী নিচু ভাঁজ।

مُعْطِب : নিঃস্ব, দরিদ্র।

مَعْطَب : বিপজ্জনক স্থান। ব معاطب

مَعْطُوب، مُعَطَّب : ধ্বংস, নষ্ট, চূর্ণ।

عَطِرَ - َ (عَطَر) : সুবাসিত হওয়া, সুগন্ধ ছড়ানো।

عَطَّرَ : (تَعْطِير) সুবাসিত করা, সুগন্ধযুক্ত করা।

تَعَطَّرَ : সুগন্ধ মাখানো, সুগন্ধযুক্ত হওয়া।

عِطْر : আতর, সুগন্ধিদ্রব্য। ব عُطُور

عِطْرُ الوَرْد : গোলাপের আতর।



www.pathagar.com

عَطَشْجِىّ : যে ব্যক্তি অগ্নিকুণ্ডে কয়লা দেয়; fireman.

عَطَفَ - : (عَطْف) নোয়ানো, ঝুঁকানো, বাঁকা করা; ভাঁজ করা।

~ إِلَى : ঝুঁকিয়া পড়া, নুইয়া পড়া।

~ عَلَى : সহানুভূতিশীল হওয়া; (কোন শব্দ, বাক্যাংশ বা বাক্যকে সংযোজক অব্যয় দ্বারা পূর্ববর্তী শব্দের সহিত) সংযুক্ত করা (ব্যা)।

~ عَنْ : বিরত হওয়া, ফিরিয়া আসা।

عَطَّفَ : (تَعْطِيف) নোয়ানো, বাঁকা করা; ভাঁজ করা; সহানুভূতি জাগ্রত করা।

تَعَطَّفَ، إِعْتَطَفَ : (إِعْتِطَاف) আলখিল্লা পরিধান করা।

~ عَلَى : সহানুভূতিশীল হওয়া, দয়া পরবশ হওয়া।

تَعَاطَفَ : পরস্পর সহানুভূতিশীল হওয়া, সমবেদনা অনুভব করা।

إِنْعَطَفَ : (إِنْعِطَاف) নুইয়া পড়া, ঝুঁকিয়া পড়া, বাঁকা হওয়া, ভাঁজ হওয়া।

إِسْتَعْطَفَ : (إِسْتِعْطَاف) অনুগ্রহ কামনা করা, সহানুভূতি চাওয়া।

عَطْف : ঝোঁক, বক্রতা, স্নেহ, সহানুভূতি; সংযোজন (ব্যা)।

أَدَوَات الْعَطْفِ، حُرُوف الْعَطْفِ : সংযোজক অব্যয় (ব্যা)।

عِطْف : (দেহের) পার্শ্ব; বগল, স্কন্ধ। ব عِطَاف، أَعْطَاف

مُنْعَطَف، عَطْفَة : মোড়, বাঁক, পার্শ্ব পথ, বদ্ধ গলি।

عِطَاف : (ব عُطُف أَعْطِفَة، ) مِعْطَف (ব مَعَاطِف) আলখিল্লা; তরবারি।

عَاطِف : দয়াপরবশ, সহানুভূতিশীল; আলখিল্লা; সংযোগকারী; সংযোজক অব্যয় (ব্যা)।

عَاطِفَة : আবেগ, অনুভূতি; দয়া, সহানুভূতি, পক্ষপাতিত্ব। ব عَوَاطِف

عِطْرِىّ، عَاطِر، عَطِر : সুরভিত, সুগন্ধযুক্ত, সুগন্ধিপ্রেমিক। ব عُطُرٌ

عَطَّار : সুগন্ধিদ্রব্য; ভেষজদ্রব্য বিক্রেতা।

مُعَطَّر : সুরভিত, সুগন্ধযুক্ত।

عَطَرَّد : উচ্চ; দীর্ঘ; উদার।

عُطَارِد : বুধগ্রহ।

عُطَارِد : উতারিদ ইবনুল হাসীব। দশম শতাব্দীর প্রখ্যাত রসায়নশাস্ত্রবিদ। তাঁহার مَنَافِع الْجَوَاهِر والأَحْجَار ও গ্রন্থদ্বয়ের পাণ্ডুলিপি যথাক্রমে প্যারিসে ও ইস্তাম্বুলের আয়া সোফিয়া গ্রন্থাগারে সংরক্ষিত আছে।

عَطَسَ - ُ : (عُطَاس، عَطْس) হাঁচি দেওয়া।

عَطَّسَ : হাঁচানো, হাঁচি করানো।

عُطَاس، عَطْس : হাঁচি দেওয়া।

عَطْسَة : হাঁচি।

عَاطِس : হাঁচিদাতা।

عَطُوس، عَاطُوس : নস্য।

مَعْطِس : নাক। ব مَعَاطِس

عَطِشَ - َ : (عَطَش) পিপাসার্ত হওয়া।

~ إِلَى : প্রবল আগ্রহী হওয়া; কামনা করা।

عَطَّشَ (تَعْطِيش) أَعْطَشَ (إِعْطَاش) : পিপাসার্ত করা, তৃষ্ণা জাগানো।

تَعَطَّشَ : তৃষ্ণা সহ্য করা।

~ إِلَى : কামনা করা।

عَطَش : পিপাসা, তৃষ্ণা।

عَطْش، عَاطِش، عَطْشَان : পিপাসার্ত তৃষ্ণার্ত, আগ্রহী, ইচ্ছুক। স্ত্রী عَطْشَى ব مُتَعَطِّش، عَطْشَى، عِطَاش

مُعَطَّش : পানি পান হইতে বিরত রাখা হইয়াছে এমন (উট)।

مَعْطَش : উটকে পানি পান হইতে বিরত রাখিবার নির্দিষ্ট সময়। ব مَعَاطِش

مَعْطَشَة : শুষ্ক ভূমি। ব مَعَاطِش



www.pathagar.com

عَوَاطِفِيٌّ، عَاطِفِيٌّ : আবেগপ্রবণ, অনুভূতিপ্রবণ।
عَاطِفِيَّة : আবেগপ্রবণতা।
عَطُوف : সহানুভূতিশীল, দয়াপরবশ; আকৃষ্ট ব্যক্তি।
عُطُوفَة : অনুরাগ, আসক্তি, টান।
عَاطُوف : ফাঁদ। ব عَوَاطِيف
عَطِيفَة : ধনুক। ব عِطَافَة، عَطَائِف
مَعْطِف : ঘাড়; কাপড়ের ভাঁজ। ব مَعَاطِف
مَعْطُوف : সংযোজিত (ব্যা)।
مَعْطُوف عَلَيْه : যাহার সহিত অন্য শব্দ বা বাক্যে সংযোজিত।
مَعْطُوفَة : বাঁকা ধনুক।
(عُطُول، عَطَل) : ـَ عَطَلَ، ـُ عَطَلَ গহনাবিহীন হওয়া, (উট) রাখালবিহীন হওয়া।
~، ~ مِنْ : শূন্য হওয়া, বঞ্চিত হওয়া।
~ : (عَطَالَة) বেকার হওয়া; কর্মহীন হওয়া।
عَطَّلَ : (تَعْطِيل) গহনাবিহীন করা; শূন্য করা; অক্ষম করা, বাধা দেওয়া; অকেজো করা; বেকার করা; অবজ্ঞা করা; বন্ধ করা, মুলতবি করা, বিলম্বিত করা; নষ্ট করা, ধ্বংস করা, ব্যর্থ করা।
تَعَطَّلَ : বেকার থাকা, বেকার হওয়া; অকর্মণ্য হওয়া; গহনাবিহীন থাকা; ধ্বংস হওয়া, নষ্ট হওয়া; বাধাপ্রাপ্ত হওয়া; বন্ধ হওয়া; বিলম্বিত হওয়া।
عُطْل : শূন্য, বঞ্চিত; ক্ষতি, ত্রুটি।
عُطْلَة : বেকারত্ব, কর্মহীনতা; ছুটি, অবকাশ।
عُطْلَة أُسْبُوعِيَّة : সাপ্তাহিক ছুটি।
~ رَسْمِيَّة : সরকারি ছুটি।
~ نِهَايَة الأُسْبُوع : সপ্তাহ শেষের ছুটি, week-end.
عَطَالَة، عَطَل : বেকারত্ব, কর্মহীনতা।
عَاطِل : শূন্য, বঞ্চিত; অকেজো; বেকার; মন্দ।
~ : গহনাবিহীন। ব عَوَاطِل
عَوَاطِل : ছুটি।

عَيْطَل : দীর্ঘকায়, সুন্দর (উষ্ট্রী)।
عَطِيلَة : খোঁড়া, পঙ্গু।
عَطْلَان : অকেজো, নষ্ট।
تَعَطُّل : বেকারত্ব, কর্মহীনতা; অকর্মণ্যতা, ব্যর্থতা।
تَعَطُّل : বাধাদান, স্থগিতকরণ, বিরতি; ক্ষতি; বন্ধ; ছুটি, নাস্তিকতা।
مُعَطِّل : নাস্তিক।
مُعَطِّلَة : নাস্তিক সম্প্রদায়।
مُعَطَّل : অকেজো, অকর্মণ্য; বেকার; বন্ধ; নষ্ট।
عَوَاطِلِيٌّ، مِعْطَال : নিষ্কর্মা।
(تَعْطِين) عَطَّنَ، (عَطْن) : ـَ عَطَنَ ভিজাইয়া নরম করা, পচানো।
~ : (عُطُون) (উট) পানি পানের পর বিশ্রাম করা।
تَعْطِين، عَطْن : ভিজাইয়া নরমকরণ।
عَطَّنَ، (إِعْطَان) أَعْطَنَ : (উটকে) পানির নিকট বিশ্রাম করানো।
عَطَن : (পানির নিকটবর্তী) উটের বিশ্রামস্থল; পিতৃভূমি। ব أَعْطَان
رَحْبُ العَطَنِ : উদার।
ضَيِّق ~ : সংকীর্ণমনা।
مُعَطَّن، عَطِين، عَطِن : পচা, দুর্গন্ধযুক্ত।
عَاطِن : পানির নিকট বিশ্রাম গ্রহণকারী (উট)।
عطان : চামড়া পাকা করিতে ব্যবহৃত গাছের ছাল, tanbark.
مَعْطِن : পানির নিকটবর্তী (উটের) বিশ্রামস্থল। ব مَعَاطِن
(عَطْو) : ـُ عَطَا গ্রহণ করা, দান করা।
عَطَّى (تَعْطِيَة) : সাহায্য দেওয়া।
أَعْطَى، عَاطَى : (إِعْطَاء) দান করা, দেওয়া, পেশ করা, যোগাইয়া দেওয়া।
تَعَطَّى : চাওয়া, দান চাওয়া, ভিক্ষা চাওয়া।
تَعَاطَى : দাঁত কামড়াইয়া ধরিয়া দেওয়া, গ্রহণ করা, সেবন করা; সম্পাদন করা; প্রবৃত্ত হওয়া, লিপ্ত হওয়া; অনুশীলন করা।



www.pathagar.com

أَعْطِيَة ব tender. দান; দরপত্র, : عَطَاء، عَطًا

قَدَّمَ عَطَاءً : (تَقْدِيم) দরপত্র পেশ করা, টেন্ডার দেওয়া।

مُقَدِّمُ الْعَطَاء : টেন্ডারদাতা, tenderer.

عَطِيَّة : দান, দক্ষিণা। ব عَطَايَا

صُنْدُوقُ الْعَطَايَا : দান-বাক্স।

إِعْطَاء : দান, প্রদান।

إِسْتِعْطَاء : ভিক্ষাবৃত্তি।

مُعْطٍ : দাতা।

مُعْطًى : প্রদত্ত।

مِعْطَاء : উদারহস্ত। ব مَعَاطٍ، مَعَاطِيّ

مُسْتَعْطٍ : ভিক্ষুক।

عَظَبَ – : (عُظُوب، عَظْب) শুকাইয়া যাওয়া, শক্ত হওয়া।

~ عَلَى : যত্ন লওয়া।

عَظِبَ – : (عَظَب) ~ عَلَى ধৈর্যসহকারে বহন করা।

عَظَّبَ : (تَعْظِيب) বাধা দেওয়া, বিরত রাখা।

عَظِرَ – : (عَظَر) বিরক্তি বোধ করা।

أَعْظَرَ : (إِعْظَار) (পানীয়) পাকস্থলী নষ্ট করা।

عِظَارَة : অধিক পানজনিত পেটের পীড়া।

عَظُور : মাত্রাতিরিক্ত পানে পীড়িত। ব عُظُر

عَظَلَ – : عَظِلَ – : (عَظْل)، تَعَاظَلَ، إِعْتَظَلَ (إِعْتِظَال) জোড়া বাঁধা।

عَاظَلَ : (مُعَاظَلَة) উপরে স্থাপন করা; (কথায়) পুনরুক্তি করা, (কবিতায়) অন্য কবির চরণ প্রবিষ্ট করা।

عَظْلَى، عَاظِل : জোড়াবদ্ধ।

تَعَظْلَمَ : গাঢ় নীলবর্ণ হওয়া।

عِظْلِم : নীলগাছ; অন্ধকার (রাত্রি)।

عَظُمَ – : (عِظَامَة، عِظَم) বড় হওয়া, বিরাট হওয়া, মহান হওয়া, গুরুত্বপূর্ণ হওয়া।

~ عَلَى : কঠিন হওয়া, গুরুতর হওয়া।

~ – : (عَظْم) হাড়ে আঘাত করা।

عَظَّمَ (تَعْظِيم) أَعْظَمَ (إِعْظَام) : বড় করা, মহান করা, গৌরবময় করা; সম্মান করা।

~ : বড় মনে করা, বিরাট ভাবা; গুরুত্ব দেওয়া; কঠিন মনে করা।

تَعَظَّمَ : বড় হওয়া; অহংকার করা; নিজেকে বড় মনে করা; অস্থিতে পরিণত হওয়া।

~ بِ : গর্বিত হওয়া।

تَعَاظَمَ : নিজেকে বড় মনে করা, গর্বিত হওয়া, উদ্ধত হওয়া, অহংকারী হওয়া; বিরাট বিবেচিত হওয়া; গুরুত্বপূর্ণ হওয়া।

إِسْتَعْظَمَ : (إِسْتِعْظَام) বড় মনে করা, বিরাট বা গুরুত্বপূর্ণ মনে করা; অহংকার করা; বৃহত্তম অংশ লওয়া; তীব্র হওয়া।

عَظْم : হাড়, অস্থি। ব أَعْظُم، عِظَام

~, عُظْم : প্রধান অংশ। ব أَعْظَام

عِظَم، عِظْم، عُظْم : বড়ত্ব, বিরাটত্ব; গুরুত্ব।

عَظْمَة : অস্থিখণ্ড।

عَظْمِيّ : অস্থিবৎ; হাড়ের তৈরি; অস্থিসংক্রান্ত।

هَيْكَل عَظْمِيّ : কঙ্কাল।

عَظَمَة، عَظَمُوت، عُظَّامَة : বড়ত্ব, মহত্ত্ব, মর্যাদা; অহংকার।

صَاحِبُ الْعَظَمَة : মহামান্য।

عُظَام : বড়, বিরাট।

عُظَامَة، إِعْظَامَة : কৃত্রিম নিতম্ব।

عَظِيم : বড়, বিরাট, মহান; গুরুত্বপূর্ণ; সম্মানিত; গৌরবময়; কঠিন। ব عِظَام، عُظَمَاء

~ : বেশ, চমৎকার।

عَظِيم الأَهَمِّيَّة : অতি গুরুত্বপূর্ণ।

عَظِيم الأَخْلَاق، ~ النَّفْس : মহাত্মা।

عَظِيمَة : বড় জিনিস; বিরাট ব্যাপার; গুরুত্বপূর্ণ বিষয়; মহাবিপদ; ভয়ানক অপরাধ। ব عَظَائِم

عِظَامِيّ : সদ্বংশীয়, উচ্চবংশীয়, অভিজাত।

أَعْظَم : বৃহত্তর, অধিকতর গুরুত্বপূর্ণ। স্ত্রী عُظْمَى ব أَعَاظِم



www.pathagar.com

مِعْفَاج، مِعْفَجَة : ছোট মুগুর, লাঠি।

عَفَدَ - : (عَفْد، عَفَدَان) দুই পায়ে লাফ দেওয়া।

اِعْتَفَدَ (اِعْتِفَاد) : অনাহারে মরিবার উদ্দেশ্যে রুদ্ধদ্বার কক্ষে অবস্থান করা।

عَفَرَ - : (عَفْر) ধূলি মাখানো, মাটি দ্বারা মাজা; (ফসলে) প্রথমবার পানি দেওয়া; (খেজুর গাছ) ফলশালী করা।

عَفِرَ - : (عَفَر) اِسْتَعْفَرَ (اِسْتِعْفَار) ধূলিযুক্ত হওয়া, ধূলিময় হওয়া; ধূসরবর্ণ হওয়া।

عَفَّرَ : (تَعْفِير) ধূলি মাখানো; ধূলি ছিটানো, ধূলির মধ্যে নিক্ষেপ করা; (গোশত) রৌদ্রে ঝলসানো; শুভ্র করা; (বাচ্চাকে) ক্রমে ক্রমে মাই ছাড়ানো; সংগ্রহ করা, টোকানো।

عُفِّرَ : অভাবগ্রস্ত হওয়া।

تَعَفَّرَ، اِنْعَفَرَ (اِنْعِفَار) اِعْتَفَرَ (اِعْتِفَار) : ধূলিযুক্ত হওয়া, ধূলিময় হওয়া; সংগৃহীত হওয়া।

اِعْتَفَرَ (اِعْتِفَار) : মাটিতে ফেলিয়া দেওয়া; (কাপড়) মাটিতে টানা।

عَفَر : ধূলি। ব أَعْفَار، عُفَار

عِفْر : বন্য শূকর। ব عِفَار، أَعْفَار

عَفْرَة : (ঘোড়া বা সিংহের) কেশর।

عُفْرَة، عَفْرَى : (ঘোড়া বা সিংহের) কেশর।

~ : শিহরণ, কম্পন; ধূসর-বর্ণ।

عُفُرَّة : গরম বা ঠাণ্ডার তীব্রতা, নিম্নশ্রেণীর লোক।

عَفَّارَة : বিদ্বেষ; সংগ্রহকরণ।

عَفَّارَة : ছিটাইবার যন্ত্র, স্প্রে-মেশিন।

عِفْرِيَة : দুর্ভাগ্য; দুষ্ট; চতুর।

عَفِير : শুকনা (রুটি)।

عَفِيرَة : গোবরে পোকাবিশেষ।

عِفِرِّين : সিংহ, দৃঢ়মনা; পূর্ণবয়স্ক লোক; তেলাপোকা।

عَفْرَاء : অকর্ষিত ভূমি। ব عُفْر

أَعْفَر : ধূলিবর্ণ, ধূসরবর্ণ। স্ত্রী عَفْرَاء ব عُفْر

الأَعْظَم : বৃহত্তম, মহত্তম।

السَّوَاد الأَعْظَم : বিপুল জনগোষ্ঠী।

تَعَظُّم : অস্থিতে রূপান্তর।

تَعَاظُم : গর্ব, অহংকার।

تَعْظِيم : বড়করণ, সম্মান প্রদর্শন, শ্রদ্ধাজ্ঞাপন, সামরিক সালাম।

مُعْظَم : প্রধান অংশ, বড় অংশ, বৃহত্তর অংশ, অধিকাংশ, সর্বাধিক। ব مَعَاظِم

مُعَظَّم : বড় করা হইয়াছে এমন, সম্মানিত, মর্যাদাপূর্ণ; অস্থিতে পরিণত।

مَعَاظِم : অহংকারী।

مُتَعَاظِم : গর্বিত, উদ্ধত।

عِظَايَة : গিরগিটি। (ব عِظَايَا) عِظَاءَة (ব عَظَاء)

عَفَّ - : (عَفّ، عِفَّة، عَفَاف) تَعَفَّفَ পবিত্র হওয়া; সংযমী হওয়া; নিষ্পাপ হওয়া; সৎ হওয়া, ন্যায় পরায়ণ হওয়া, সচ্চরিত্র হওয়া।

~، اِسْتَعَفَّ (اِسْتِعْفَاف) : عَنْ ~ (অন্যায় হইতে) বিরত থাকা।

تَعَفَّفَ : عَنْ ~ লজ্জিত হওয়া।

أَعَفَّ : (إِعْفَاف) পবিত্র করা, সচ্চরিত্র করা।

تَعَافَّ : ঔষধ সেবন করা।

اِعْتَفَّ (اِعْتِفَاف) اِسْتَعَفَّ (اِسْتِعْفَاف) : (পশু) শুকনা ঘাস খাওয়া।

عَفّ، عَفِيف : (ব أَعِفَّة، أَعِفَّاء) مُتَعَفِّف পবিত্র, সংযমী, নিষ্পাপ, নিষ্কলুষ, সৎ, ন্যায়পরায়ণ, সচ্চরিত্র।

عِفَّة، عَفَاف، تَعَفُّف : পবিত্রতা, সংযম, নিষ্কলুষতা, সততা, সতীত্ব, ন্যায়পরায়ণতা।

عُفَّة، عُفَافَة : বাঁটে অবশিষ্ট দুধ; সামান্য পরিমাণ।

عَفَتَ - : (عَفْت) বাঁকাইয়া দেওয়া, পেঁচ লাগানো।

عَفَجَ - : (عَفْج) (লাঠি দ্বারা) আঘাত করা।

عَفْج، عَفَج، عَفِج : নাড়ি-ভুঁড়ি। ব أَعْفَاج، عِجَفَة



www.pathagar.com

يَعْفُر : ধূসরবর্ণ (হরিণ); লালচে বালি; রাত্রির অংশ। ব يَعَافِير

مُعَفِّر : কুড়াইয়া সংগ্রহকারী, টোকাই।

مُعَفَّر : ধূলিযুক্ত, ধূলিময়; কুড়াইয়া সংগ্রহ করা হইয়াছে এমন।

تَعَفْرَتَ : ভৌতিক আচরণ করা, শয়তানের মত কাজ করা, দুষ্ট হওয়া।

عِفْرِيت : ভূত, শয়তান; দুষ্ট, ধূর্ত, চতুর; (তাসের) তুরুপ। ব عَفَارِيت

عَفْرَتَة : শয়তানি, ধূর্ততা।

عَفَرِيتَة : ভারী বস্তু উত্তোলন করিবার যন্ত্র, jack.

عَفَارِم : সাবাস!

عَفَسَ - : (عَفْس) ধুলায় গড়াগড়ি দেওয়ানো; আটক রাখা।

عَافَسَ : (مُعَافَسَة) কুস্তি করা।

اِعْتَفَسَ، تَعَافَسَ : (اِعْتِفَاس) একত্রে কুস্তি করা।

اِنْعَفَسَ : (اِنْعِفَاس) ধুলায় গড়াগড়ি দেওয়া।

عَفَشَ - : (عَفْش) একত্রিত করা, স্তূপীকৃত করা।

عُفَاشَة، عَفْشَة، عَفْش : বাজে বস্তু।

~ : (যাত্রির) মাল-সামান; আসবাবপত্র।

عُفَاشَة مِنَ النَّاسِ : অকর্মণ্য লোক, অকেজো ব্যক্তিবর্গ।

عَفَصَ - : (عَفْص) নোয়ানো, পাকানো; কুস্তিতে পরাভূত করা।

~، أَعْفَصَ : (إِعْفَاص) (ছিপি দ্বারা মুখ) বন্ধ করা।

عَافَصَ : (مُعَافَصَة) কুস্তি করা।

اِعْتَفَصَ :আদায় করা।

عَفْص : ওক-বৃক্ষের ফল।

عَفِص : তিক্ত।

عِفَاص : (বোতলের) ছিপি।

عُفُوصَة : তিক্ততা।

عَفَطَ - : (عَفْط) নাক বা ওষ্ঠদ্বয়ের সাহায্যে বিশেষ ধরনের আওয়াজ করা।

عَفْط : বিশেষ ধরনের শব্দ।

عِفْطِيّ، عَفَّاط : তোত্‌লা।

مَا لَهُ عَافِطَة وَلَا نَافِطَة : তাহার উট বকরি কিছুই নাই, সে নিঃস্ব।

أَعْفَط : নির্বোধ, আহমক।

عَفَقَ - : (عَفْق) প্রায়শ আসা-যাওয়া করা, স্বল্পকালীন নিদ্রার পর জাগ্রত হওয়া; ধারণ করা।

عَافَقَ : (مُعَافَقَة) তোষামোদ করা।

أَعْفَقَ : (إِعْفَاق) অকারণে আসা-যাওয়া করা।

تَعَفَّقَ : ~ بِ; আশ্রয় চাওয়া।

اِنْعَفَقَ : ~ فِي তৎপর হওয়া।

عَفِكَ - : (عَفَك، عَفْك) নির্বোধ হওয়া।

عَفِيك، عَفِك : চপল, অস্থিরমনা।

أَعْفَك : নির্বোধ। স্ত্রী عَفْكَاء ব عُفْك

عَفَنَ - : (عَفْن) নষ্ট করা, পচানো।

عَفِنَ - : (عَفَن، عُفُونَة) تَعَفَّنَ নষ্ট হওয়া; পচিয়া যাওয়া; ছাতা পড়া।

عَفَّنَ (تَعْفِين) : নষ্ট করা, পচানো; নষ্ট হওয়া, পচিয়া যাওয়া, দুর্গন্ধময় হওয়া; ছাতা পড়া।

عَفَن، عُفُونَة : পচন, বিকৃতি; ছাতা।

عَفِن، مُعَفَّن، مَعْفُون، مُتَعَفِّن : পচা, নষ্ট, বিকৃত, ছাতা-পড়া বস্তু; পচনশীল।

تَعَفُّن :পচন, বিকৃতি।

عَفَا - ُ : (عَفْو، عَفَاء) নিশ্চিহ্ন হওয়া, বিলুপ্ত হওয়া।

~، عَفَّى : (تَعْفِيَة) নিশ্চিহ্ন করা, বিলুপ্ত করা।

~ : (عَفْو) ~ عَنْ ক্ষমা করা; নিষ্কৃতি দেওয়া; বিরত হওয়া।

~ : বর্ধিত হওয়া; চাওয়া।

~، عَفَّى، أَعْفَى : (إِعْفَاء) বর্ধিত করা।

عُفِيَ عَنْهُ : আল্লাহ তাহাকে ক্ষমা করুন।



www.pathagar.com

عَافَى، اعْفَى : আরোগ্য করা, সুস্বাস্থ্য দান করা, অনিষ্ট হইতে নিরাপদে রাখা।

~, ~ مِنْ : রক্ষা করা, মুক্ত করা, নিষ্কৃতি দেওয়া।

~ : ছাড়িয়া দেওয়া; বরখাস্ত করা।

تَعَفَّى : নিশ্চিহ্ন হওয়া, বিলুপ্ত হওয়া।

تَعَافَى : আরোগ্য লাভ করা, সুস্থ হইয়া ওঠা।

إِعْتَفَى : (إِعْتِفَاء) কিছু চাহিবার জন্য কাহারো নিকট গমন করা।

إِسْتَعْفَى : (إِسْتِعْفَاء) ক্ষমা চাওয়া।

~ مِنْ : অব্যাহতি চাওয়া, ইস্তফা দেওয়া।

عَفْو : বিলুপ্তি; ক্ষমা; অনুগ্রহ; শ্রেষ্ঠাংশ; উদ্বৃত্ত অংশ; অকর্ষিত ভূমি।

عَفْو عَامّ : সাধারণ ক্ষমা।

عَفْوًا : ক্ষমা করুন, মাফ করবেন, ও কথা বলবেন না; বিশৃঙ্খলভাবে; নিঃসংকোচে, না ভাবিয়া, অবলীলাক্রমে, অকস্মাৎ।

عَفْوَ السَّاعَةِ، عَفْوَ الْخَاطِرِ : পূর্ব প্রস্তুতি ব্যতীত, স্বতঃস্ফূর্তভাবে, নির্দ্বিধায়, অবলীলাক্রমে।

حَقُّ الْعَفْوِ عَنِ الْعُقُوبَةِ : শাস্তি হইতে ক্ষমা পাওয়ার যোগ্যতা।

عُفْو : গর্ধভ-শাবক। ব عِفَاء

عَفْوَة : ক্ষমা; রক্তমূল্য।

عُفَاوَة، عُفَاوَة، عُفْوَة : রন্ধনপাত্রের ফেনা; প্রথম ও শ্রেষ্ঠ শুরুয়া; মাথার চুল।

عَفُوّ : ক্ষমাশীল, দয়াবান। ব عِفَاء، أَعْفَاء

عَفَاء : বিলুপ্তি, ধ্বংস, পতন, ধূলি।

عَفِيّ : শক্ত, শক্তিশালী।

مُعْتَفٍ، عَافٍ : বিলুপ্ত, নিশ্চিহ্ন।

عَافِيَة : সুস্থতা, সুস্বাস্থ্য, শক্তি।

مُعَافَاة، إِعْفَاء : আরোগ্যদান; অব্যাহতিদান।

~ : বরখাস্তকরণ।

إِسْتِعْفَاء : ক্ষমা প্রার্থনা; কৈফিয়ত; ইস্তফা।

مُعَافًى : নিষ্কৃতিপ্রাপ্ত, মুক্ত; সুস্থ।

عَقَّ - ُ : (عَقّ) বিদীর্ণ করা, ছিঁড়িয়া ফেলা।

~ : (عُقُوق) (সন্তান) অবাধ্য হওয়া।

~ - : (عَقَق، عَقَاق)، أَعَقَّ (إِعْقَاق) (ঘোটকী) গর্ভবতী হওয়া।

إِنْعَقَّ : (إِنْعِقَاق) বিদীর্ণ হওয়া, ছিঁড়িয়া যাওয়া।

إِعْتَقَّ : (إِعْتِقَاق) (তরবারি) টানিয়া বাহির করা।

عَاقّ، عَقّ : অবাধ্য (সন্তান)

عَقَّة : গভীর গর্ত, দীর্ঘ বিদ্যুৎ-ছটা।

عُقَاق، عُقّ : তিক্ত (পানি)।

عَقُوق، عُقَق : গর্ভবতী, বন্ধ্যা (ঘোটকী)। ব عِقَاق، عُقُوق

عُقُوق : অবাধ্যতা।

عَقِيق : (ব عَقَائِق) عَقِيقٌ يَمَانِيّ বহুমূল্য পাথরবিশেষ, আকীক।

~ : গভীর খাদ। ব أَعِقَّة

عَقِيقَة : বিদ্যুতের ঝলক; নদী; নরম খেজুরবিচি; নবজাতকের চুল; বাচ্চা ভেড়ার পশম; আকীকা, শিশুর জন্মের সপ্তম দিনে আল্লাহর নামে যে পশু জবাই করা হয়। ব عَقَائِق

عَقَبَ - ُ : (عَقْب) পিছনে পিছনে আসা; পরে আসা, অনুসরণ করা; স্থলাভিষিক্ত হওয়া; গোড়ালিতে আঘাত করা।

عَقَّبَ : (تَعْقِيب) অনুসরণ করা, স্থলাভিষিক্ত হওয়া; প্রত্যাবর্তন করা।

~ فِي : বার বার চেষ্টা করা।

~ عَلَى : নিন্দা করা, সমালোচনা করা; দোষ বাহির করা।

عَاقَبَ : (مُعَاقَبَة) অনুসরণ করা, পিছনে পিছনে চলা; অদলবদল করা; পালাক্রমে সংঘটিত হওয়া, শাস্তি প্রদান করা।

أَعْقَبَ : (إِعْقَاب) পরে আসা, অনুসরণ করা; পুনরায় আসা; রাখিয়া যাওয়া; মরিয়া যাওয়া; সংশোধিত হওয়া; বিনিময়ে দেওয়া; শুভ পরিণতিবিশিষ্ট হওয়া, সফল হওয়া।

تَعَقَّبَ : পদাঙ্ক অনুসরণ করা; পিছনে পিছনে চলা, পিছু লওয়া।



www.pathagar.com

عُقْبَى بن نَافِع : মিসর বিজয়ী আমর ইবনুল আসের ভাগিনেয়। ৬৬৩ খ্রিস্টাব্দে তিনি আফ্রিকার গভর্নর নিযুক্ত হন। তিনি আটলান্টিকের পূর্বতীর পর্যন্ত মুসলিম সাম্রাজ্য বিস্তৃত করেন। ৬৮৩ খ্রিস্টাব্দে তিনি শাহাদাত বরণ করেন।

عُقُوبِيّ، عِقَابِيّ : শাস্তিমূলক।

عُقَاب : ঈগল; শ্যেন। ব عِقْبَان، أَعْقُب

عَقُوب : উত্তরাধিকারী।

عُقُوبَة : শাস্তি, দণ্ড। ব عُقُوبَات

عُقُوبَات : শাস্তিমূলক ব্যবস্থা, বিধি-নিষেধ।

عُقُوبَات إِقْتِصَادِيَّة : অর্থনৈতিক বিধি-নিষেধ।

قَانُون العُقُوبَات : দণ্ড-বিধি।

عُقَيْب : ঈগলছানা।

عَقِيب : পরবর্তী, পশ্চাদ্বর্তী, উত্তরকালীন।

عَاقِب : পরবর্তী, প্রতিনিধি।

العَاقِب : রাসূলুল্লাহ (স)-এর অন্যতম উপাধি। তিনি সর্বশেষ নবী ছিলেন বলিয়া এই উপাধিতে ভূষিত।

عُقْبَان : শেষ, সমাপ্তি।

تَعْقِيب، تَعَقُّب : পশ্চাদনুসরণ, তদন্ত।

تَعْقِيبَة : মেহ, গনোরিয়া।

تَعَاقُب : পরম্পরা।

عَلَى التَّعَاقُب، بِالتَّعَاقُب : একটির পর একটি করিয়া, পালাক্রমে, পারস্পরিকভাবে, যথাক্রমে।

مِعْقَب : স্থলাভিষিক্ত; দক্ষ উষ্ট্রচালক; স্ত্রীলোকের মস্তকাবরণ; কানের দুল।

مِعْقَاب : পালাক্রমে একবার পুত্র সন্তান আরেকবার কন্যা সন্তান প্রসবকারিণী।

مُعَاقِب : পরে আগত; পালাক্রমিক; প্রতিশোধ গ্রহণকারী; শাস্তিদাতা।

مُتَعَاقِب : একটির পর একটি আগত, পরম্পরাগত, পারস্পরিক, ধারাবাহিক।

عُقْبُولَة، عُقْبُول : রোগ, ব্যাধি, প্রেমের পরিণাম, ভয়ঙ্কর বিষয়, ফল, কুফল। ব عَقَابِيل

تَعَاقَبَ : একটির পিছনে আরেকটি আসা; পরম্পর সংঘটিত হওয়া।

إِعْتَقَبَ : (إِعْتِقَاب) আটক করিয়া রাখা; ধরিয়া রাখা।

إِسْتَعْقَبَ : (إِسْتِعْقَاب) পদাঙ্ক অনুসরণ করা।

عَقِب، عَقْب : গোড়ালি; শেষাংশ, সমাপ্তি; সন্তান, পৌত্র, দৌহিত্র। ব أعقاب

~ : দৌড়। ব عِقَاب

~ : পরবর্তী, পশ্চাদ্বর্তী, উত্তরকালীন।

عَقِبَ، عَقْبَ : عَقِبَ، عَلَى ~ পরক্ষণে, পরেই।

فِي أَعْقَاب : শেষের দিকে।

جَاءَ بِعَقِبِهِ، جَاءَ عَقِبَهُ : সে তাহার পরেই আসিল।

رَجَعَ عَلَى عَقِبَيْهِ : সাথে সাথে ফিরিয়া আসিল।

ظَهْرًا عَلَى عَقِب، رَأْسًا عَلَى عَقِب : উল্টোভাবে; আমূলভাবে।

عُقْب : পরিণাম, পরিণতি, ফলাফল। (ব.عُقْبَى) عَاقِبَة (ب عَوَاقِب) (أَعْقَاب

~ : সর্বশেষ অংশ, অবশিষ্টাংশ; চেক-মুড়ি, প্রতিপত্র।

عُقْبَة : আবর্তিত, পরিবর্তিত; বদলি; অবশিষ্টাংশ, উপভোজ্য। ব عُقَب

عِقْبَة : চিহ্ন; চিত্রবিচিত্র কাপড়। ব عِقَب

عَقَبَة : গিরিপথ, আরোহণপথ। ব عِقَاب

~ : বাধা, প্রতিবন্ধকতা, অসুবিধা। ব عِقَاب، عَقَبَات

العَقَبَة : মিনা ও মক্কার মধ্যবর্তী স্থান। এখানে জামরা অবস্থিত। ইহার সন্নিকটে ৭০ জন মদীনাবাসী রাসূলুল্লাহ (স) কে সাহায্য করিবার শপথ গ্রহণ করিয়াছিলেন। ইহা ইতিহাসে 'বাইয়াতে আকাবা' নামে খ্যাত।

আকাবা উপসাগরের তীরবর্তী জর্দানের একটি পোতাশ্রয়।

عِقَاب : শাস্তি।



www.pathagar.com

عَقَدَ - : (عَقْد) বাঁধা; গিঁঠ দেওয়া; আটকানো; বন্ধ করা; দৃঢ় করা; সংযুক্ত করা; ঘনীভূত করা; অনুষ্ঠিত করা; সম্পন্ন করা; চুক্তি করা; (চুক্তি ইত্যাদি) পাকা করা; খিলান করা।

~ عَلَى : বিবাহ করা।

عَقِدَ - َ : (عَقَد) (কথা) আটকাইয়া যাওয়া, নির্বাক হওয়া, বাকরুদ্ধ হওয়া, মন্ত্রমুগ্ধ হওয়া।

عَقَّدَ : (تَعْقِيد) গিঁঠ দেওয়া, জটিল করা, বিজড়িত করা; অস্পষ্টভাবে (কথা) বলা।

~, أَعْقَدَ : (إِعْقَاد) ঘনীভূত করা, জমাট বাঁধানো।

عَاقَدَ : (مُعَاقَدَة) চুক্তি করা, চুক্তিবদ্ধ হওয়া।

تَعَقَّدَ، إِنْعَقَدَ : (إِنْعِقَاد) ঘনীভূত হওয়া; জমাট বাঁধা; জটিল হওয়া, বিজড়িত হওয়া; স্তূপীকৃত করা; (চুক্তি) পাকাপাকি হওয়া, অনুষ্ঠিত হওয়া সম্পন্ন হওয়া।

تَعَاقَدَ : পরস্পর চুক্তি করা, চুক্তিতে আবদ্ধ হওয়া।

إِعْتَقَدَ : (إِعْتِقَاد) সুদৃঢ় হওয়া; দৃঢ়ভাবে বিশ্বাস করা, বিশ্বাস পোষণ করা; সঞ্চয় করা।

عَقْد : বন্ধন; সুদৃঢ়করণ; সংযুক্তকরণ; সম্পাদন; পাকাপাকিকরণ, অনুষ্ঠিতকরণ।

~ : চুক্তি; চুক্তিনামা, দলীল; খিলান; দশ; দশক; বৃত্ত। ব عُقُود

عَقْدُ إِيجَار : ইজারা চুক্তি।

~ الْبَيْع : বিক্রয় চুক্তি।

~ الزَّوَاج : বিবাহ চুক্তি, বিবাহ।

~ رَسْمِيّ : নোটারি আইন, notary act.

~ قُوطِيّ : সুচালো খিলান।

~ مَخْمُوس : ছুরিকাকৃতি খিলান।

~ مَرْجُونِي : ডিম্বাকৃতি খিলান।

~ مُسْتَقِيم : সমতল খিলান।

~ مُقَوْصَر : "ي" আকৃতির খিলান।

~ مِلْكِيَّة : মালিকানা প্রমাণের দলীল, title-deed.

~ مَوْتُور : বৃত্তাকার খিলান।

~ نِصْف دَائِرِيّ : অর্ধ-বৃত্তাকার খিলান।

مِفْتَاحُ الْعَقْد : খিলানের মধ্য-প্রস্তর, key-stone.

كَاتِبُ الْعُقُود الرَّسْمِيَّة : নোটারি পাবলিক, notary public.

عِقْد : কণ্ঠহার; মালা। ব عُقُود

عُقْد : নির্বাক, বাকরুদ্ধ।

~, عَقَد : বালির স্তূপ।

عَقَد، عُقْدَة : বাকরুদ্ধতা; দন্তক্ষয়।

~ : গিঁঠ, গিরা, গাঁট, গ্রন্থি, জোড়, বাঁধা, বন্ধন, গোলাকার স্ফীত অংশ, মাংসগ্রন্থি; সমস্যা জটিলতা, হেঁয়ালি; সমুদ্র পথের মাইল, চুক্তি; চারাগাছের বাগান; তৃণক্ষেত্র। ব عُقَد

عُقْدَة بَسِيطَة : সোজা গিঁঠ।

~ الرِّوَايَة : উপন্যাসের কাহিনী।

~ سَائِبَة : পিচ্ছিল গিঁঠ।

~ شِرَاعِيَّة : পাল-গিঁঠ, reef-knot.

~ الشَّاغُول : লবঙ্গ গিঁঠ, বড়শি-গিঁঠ, clove-hitch.

~ الْعَرَكِيّ : জেলে গিঁঠ।

~ مُنْزَلِقَة : আলগা গিঁঠ।

~ نَفْسِيَّة : মানসিক সংকট।

عَقَّاد : ফিতা, দড়ি বা রেশমিঝাপ্পা প্রস্তুতকারী বা বিক্রেতা।

عِقَادَة : ফিতা, দড়ি বা রেশমি ঝাপ্পা প্রস্তুত কিংবা বিক্রয়ের কাজ।

عَقِيد : চুক্তিকারী, চুক্তিবদ্ধ, সন্ধিসূত্রে আবদ্ধ, মিত্র; ঠিকাদার; কর্নেল, লেফটেনেন্ট কর্নেল। ব عُقَدَاء

عَقِيدَة : বিশ্বাস, ধর্মমত, মতাদর্শ। ব عَقَائِد

عَقِيدَة خُرَافِيَّة : কুসংস্কার।

إِنْعِقَاد : অনুষ্ঠান।

مُعْتَقَد، إِعْتِقَاد : বিশ্বাস; মত; ধর্মমত; নীতি, চিন্তাধারা, বিবেচনা।

تَعَقُّد، تَعْقِيد : জটিলতা, অচল অবস্থা, দুর্বোধ্যতা।

~ : জটিল সমস্যা; দুর্বোধ্য ভাষা। ব تَعْقِيدَات



www.pathagar.com

مِعْقَد : হজমী রস-নিঃসারক গ্রন্থিবিশেষ, অগ্ন্যাশয়।

مَعْقِد : বন্ধস্থল, গ্রন্থি, জোড়; সভাস্থল। ব مَعَاقِد

مُعَقِّد : জাদুকর।

مُعَقَّد : গিঁঠযুক্ত; বিজড়িত; জটিল।

مِعْقَاد : মালা বা মাদুলির সুতা। ব مَعَاقِيد

مَعْقُود : বদ্ধ, আবদ্ধ; গিঁঠযুক্ত; খিলানযুক্ত; জমাটবদ্ধ।

مَعْقُود اللِّسَان : মন্ত্রমুগ্ধ, বাকরুদ্ধ, নির্বাক।

مُتَعَاقِد، مُعَاقِد : চুক্তিকারী, চুক্তিবদ্ধ, ঠিকাদার।

عَقَرَ - : (عَقْر) জখম করা, আহত করা; হাতে পায়ে আঘাত করা; কাটিয়া ফেলা, (উট) জবাই করা।

عَقُرَ - : (عَقَارَة، عُقْر، عَقْر) বন্ধ্যা হওয়া, নিঃসন্তান হওয়া।

عَقِرَ - : (عَقَر) ভয়ে স্তম্ভিত হওয়া।

عَقَّرَ : (تَعْقِير) (উট) জবাই করা।

عَاقَرَ : (مُعَاقَرَة) আসক্ত হওয়া; লাগিয়া থাকা।

أَعْقَرَ : (إِعْقَار) বন্ধ্যা করা; স্তম্ভিত করা, হতবুদ্ধি করা।

تَعَقَّرَ : ভূস্বামী হওয়া; (বৃষ্টি) অব্যাহত থাকা; (উদ্ভিদ) গজানো।

عَقْر، عُقْر : বন্ধ্যাত্ব; প্রধান অংশ; মধ্যভাগ; প্রাসাদ, বিধ্বস্ত প্রাসাদ।

فِى عَقْرِ الدَّار، فِى عُقْرِ الدَّار : গৃহাভ্যন্তরে।

عَقَارَة، عَقْرَة، عُقْرَة : বন্ধ্যাত্ব, সন্তানহীনতা।

عَاقِر : বন্ধ্যা; নিঃসন্তান, অনুর্বর।

عَقْرَاء : বালুকাময় পাহাড়।

عَقَار : স্থাবর সম্পত্তি, ভূসম্পত্তি; আসবাবপত্র। ব عَقَارَات

عَقَارِىّ : স্থাবর সম্পত্তি বা ভূসম্পত্তি সংক্রান্ত।

مِلْك عَقَارِىّ : ভূসম্পত্তি।

رَهْن ~ : স্থাবর সম্পত্তির বন্ধক।

عُقَار : মূল্যবান সামগ্রী; মদ; অবশিষ্টাংশ।

عَقَّار : ঔষধ, প্রতিষেধক। ব عَقَاقِير

عَقَاقِيرِىّ : ভেষজী।

عَقُور : হিংস্র (পশু), কামড়াইতে অভ্যস্ত; জ্বালাতনকারী, লোলুপ, ক্ষুধার্ত (প্রাণী)। ব عُقُر

عَقِير : জবাইকৃত (উট)। ব عَقْرى

عَقِيرَة : ধ্বনি, শব্দ; আহত (পশু)। ব عَقَائِر

أَعْقَر : দাঁত ভাঙ্গিয়া গিয়াছে এমন (উট)। স্ত্রী عَقْرَاء ব عُقْر

مُعْقِر : ভূস্বামী, জমিদার।

عَقْرَبَ : (عَقْرَبَة) পাকানো, পেঁচানো; কুঞ্চিত করা।

تَعَقْرَبَ : পাকাইয়া যাওয়া; কুঞ্চিত হওয়া, কোঁকড়ানো।

عَقْرَب : বৃশ্চিক, বিচ্ছু; হুল, কাঁটা; (ঘড়ির) কাঁটা; (কেশ) গুচ্ছ। ব عَقَارِب

عَقْرَبُ السَّاعَات : ঘণ্টার কাঁটা।

الدَّقَائِق ~ : মিনিটের কাঁটা।

الثَّوَانِى ~ : সেকেন্ডের কাঁটা।

العَقْرَب : বৃশ্চিক-রাশি। ব عَقَارِبُ

مُعْقِرِب : বৃশ্চিকবহুল (স্থান)।

مُعَقْرَب : বক্র; কুঞ্চিত, কোঁকড়ানো।

عُقْرُق : বেঙ।

عَقَصَ - : (عَقْص) (চুল) বিনুনি করা, খোঁপা বাঁধা।

عَقِصَ - : (عَقَص) পিছনের দিকে মোড়ানো শিংবিশিষ্ট হওয়া; বদমেযাজী হওয়া; ব্যয়কুণ্ঠ হওয়া; একগুঁয়ে হওয়া।

عَقْصَة، عَقْص : হুল।

عَقِص : ব্যয়কুণ্ঠ।

عِقَاص : খোঁপা বাঁধিবার ফিতা। ব عُقْص

عُقْصَة : গিঁঠ, গুচ্ছ। ব عُقَص

عَقِيصَة : (চুলের) গুচ্ছ; বিনুনী, খোঁপা। (ব عَقَائِص، عِقَاص) عِقْصَة (ব عِقَص)



www.pathagar.com

عَاقُوص : হুল।

مُعَقِّص : দংশনকারী।

مَعْقُوص، مُعَقَّص : দংশিত।

مِعْقَص : বাঁকা কিংবা অগ্রভাগ ভাঙ্গা (তীর)। ব مَعَاقِص

عَقْعَق : ক্ষুদ্র পাখিবিশেষ, magpic. ব عَقَاعِق

عَقَفَ - : (عَقْف)، عَقَّفَ (تَعْقِيْف) ভাঁজ করা, বাঁকা করা।

إِعْتَقَفَ، تَعَقَّفَ : (إِعْتِقَاف) ভাঁজ হওয়া, বাঁকাইয়া যাওয়া, বক্র হওয়া।

عَقْف : খেঁকশিয়াল।

عُقْفَة : ভাঁজ, বক্রতা।

عُقَاف : ভেড়ার পায়ের পক্ষাঘাত রোগ।

عَاقِف : পক্ষাঘাত রোগে আক্রান্ত (ভেড়া)। ব عَوَاقِف

عُقَّافَة : বক্রদণ্ড, আঁকশি, আঁকড়া।

أَعْقَف : (مَعْقُوف) বক্র, কুঁজো (লোক)। স্ত্রী عَقْفَاء

الصَّلِيب المَعْقُوف : নাৎসী জার্মানির জাতীয় চিহ্ন, swastika.

مُنْعَقِف، مَعْقِف : চতুষ্কোণ বন্ধনী, তৃতীয় বন্ধনী।

عَقَلَ - : (عَقْل) (উটের) পা বাঁধিয়া রাখা; আটকাইয়া রাখা; গ্রেপ্তার করা; বুদ্ধিমান হওয়া, জ্ঞানী হওয়া, বুঝিতে পারা, উপলব্ধি করা; রক্তমূল্য প্রদান করা।

~ ـُ : (عَقْل) কোষ্ঠবদ্ধ করা।

~ إِلَى : আশ্রয় গ্রহণ করা।

عَقَّلَ : (تَعْقِيل) বুদ্ধিমান করা, জ্ঞানী করা।

عَاقَلَ : (مُعَاقَلَة) বুদ্ধির প্রতিযোগিতা করা; রক্তমূল্য পরিশোধে অংশীদার হওয়া।

أَعْقَلَ : (إِعْقَال) বুদ্ধিমান পাওয়া।

تَعَقَّلَ : বুদ্ধি প্রদর্শন করা, বুদ্ধিমান হওয়া, বিচার-বুদ্ধিসম্পন্ন হওয়া, চিন্তা করা, বুঝিতে পারা, হৃদয়ঙ্গম করা; বোধগম্য হওয়া, জড়াইয়া পড়া।

إِعْتَقَلَ : (إِعْتِقَال) বন্দী করা, গ্রেপ্তার করা, আটক রাখা, অন্তরীণ রাখা; দোহনকালে পশুর পা বাঁধিয়া রাখা।

اُعْتُقِلَ : বন্দী হওয়া; আবদ্ধ হওয়া; আটকা পড়া।

إِسْتَعْقَلَ : (إِسْتِعْقَال) বুদ্ধিমানরূপে তুলিয়া ধরা।

عَقْل : বুদ্ধি, জ্ঞান, মন; রক্তপণ। ব عُقُول

صَحِيحُ العَقْلِ، سَلِيمُ العَقْلِ : প্রকৃতিস্থ।

~ مُخْتَلّ : অপ্রকৃতিস্থ।

مِنْ عَقْلِه : তাহার নিজ বুদ্ধিতে।

عَقْلَة : বাকরুদ্ধতা।

عَقْلِيّ : মানসিক, বুদ্ধিগত, জ্ঞানসংক্রান্ত, যুক্তি সম্বন্ধীয়; যুক্তিবাদী, বুদ্ধিজীবী।

المَذْهَب العَقْلِي : যুক্তিবাদ।

الأَمْرَاض العَقْلِيَّة : মানসিক রোগ।

عَقْلِيَّة : মানসিক। ব عَقَائِلُ

عُقْلَة : (আখের) গিঁঠ, গিরা; বন্ধন। ব عُقَل

عِقَال : (উট) বাঁধিবার দড়ি, বন্ধন, শৃঙ্খল, বেড়ি, শিরবন্ধনী। ব عُقُل

عَاقِل : (عُقَّال) বুদ্ধিমান, বোধশক্তিসম্পন্ন, বিচক্ষণ, জ্ঞানী, প্রকৃতিস্থ। ব عُقَلَاء

عَقُول : বুদ্ধিমান, জ্ঞানী, কোষ্ঠবদ্ধকর ঔষধ।

عَاقُول : উপত্যকার বাঁক; কঠোরতা, বাঁধা, পথহীন অঞ্চল; গভীর সমুদ্র। ব عَوَاقِيل

عَقِيلَة : শ্রেষ্ঠাংশ; স্ত্রী, সহধর্মিণী। ব عَقَائِل

عَقِيلَة البَحْرِ : মুক্তা।

أَعْقَل : অধিকতর বুদ্ধিমান। স্ত্রী عُقْلَى ব أَعَاقِل

إِعْتِقَال : গ্রেপ্তার; আটক অবস্থা; হাজতবাস, অন্তরিত।

مَعْقِل : দুর্গ; আশ্রয়স্থল, উচ্চ পর্বত। ব مَعَاقِل

~ : বসরার একটি নদী।

مَعْقُلَة : নৈতিক বাধ্যবাধকতা; রক্তপণ। ব مَعَاقِل

مَعْقُول : বোধগম্য; যুক্তিসঙ্গত; আবদ্ধ।



www.pathagar.com

غَيْر مَعْقُول : অবোধগম্য, অযৌক্তিক।

عِلْم الْعَقْلِيَّات، عِلْم الْمَعْقُولَات : বুদ্ধিভিত্তিক বিদ্যা, অধিবিদ্যা, metaphysics.

مَعْقُولِيَّة : বোধগম্যতা, যৌক্তিকতা।

مُعْتَقَل : বন্দিশিবির।

عَقَمَ، عَقُمَ، عَقِمَ : ـُ (عُقْم، عَقْم) বন্ধ্যা হওয়া।

~ ـِ : (عَقْم)، أعْقَمَ، (إعْقَام) বন্ধ্যা করা।

عَقِمَ : ـَ (عَقَم) বন্ধ্যা হওয়া; নীরব থাকা।

عَقَّمَ : (تَعْقِيم) বন্ধ্যা করা, অনুর্বর করা, জীবাণুমুক্ত করা।

تَعَقَّمَ : বন্ধ্যাকৃত হওয়া, জীবাণুমুক্ত হওয়া।

عَقْم، عُقْم، عَقَم، عُقْمَة : বন্ধ্যাত্ব, অনুর্বরতা।

عَقَام : নিঃসন্তান, খিটখিটে।

عَقِيم : বন্ধ্যা, অনুর্বর, নিষ্ফল। ব عُقُم، عِقَام، عَقَائِم

عَاقِم : নিঃসন্তান। ব عُقَمَاء، عِقَام

تَعْقِيم : বন্ধ্যাকরণ; জীবাণুমুক্তকরণ।

مُعَقِّم : জীবাণুনাশক।

مُعَقَّم : জীবাণুমুক্ত।

عَقَا : ـُ (عَقْو)، اِعْتَقَى، (اِعْتِقَاء) (কূপ) খনন করা, পতাকা উত্তোলিত হওয়া; ঘৃণা করা; বাধা দেওয়া।

عَقْوَة : নগর বেষ্টনী, গৃহপ্রাঙ্গণ। ব عِقَاء

عَقِيَ : ـَ (عَقْي) অপছন্দ করা, নবজাত শিশুকে প্রথম স্তন্য পান করানো।

عَقَّى (تَعْقِيَة) : নবজাত শিশুকে প্রথম স্তন্য পান করানো; (পাখি) ঊর্ধ্বাকাশে চক্কর দেওয়া।

أعْقَى : (إعْقَاء) তিক্ত হওয়া; (বিস্বাদ খাদ্য) মুখ হইতে ফেলিয়া দেওয়া।

عِقْي : নবজাত শিশুর মল। ব أعْقَاء

عَكَّ : ـُ (عَكّ) (দিন) প্রচণ্ড গরম হওয়া; গৃহে অবস্থান করা; ব্যাখ্যা করা; ক্লান্ত করা, কষ্ট দেওয়া।

~ عَنْ : বিরত রাখা।

عَكّ، عَكِيك : প্রচণ্ড গরম (দিন)।

عَكَّة، عُكَّة : প্রচণ্ড তাপ; তপ্ত বালু।

عَكَّاء : ফিলিস্তিনের একটি সামুদ্রিক বন্দর, Acre.

عَكَبَ : ـُ (عُكُوب) (উট) একত্রিত করা; দাঁড়াইয়া থাকা।

عَكِبَ : ـَ (عَكَب) পুরু ঠোঁটবিশিষ্ট হওয়া।

تَعَكَّبَ : ধ্বংস করা।

اِعْتَكَبَ : (اِعْتِكَاب) (ধূলি) উড়া।

عَكَب، عُكَاب : ধূলি।

عَاكِب : জনতার ভিড়। ব عُكُوب

عَكَدَ : ـِ (عَكْد)، أعْكَدَ، (إعْكَاد) ~ إلَى আশ্রয় চাওয়া, আশ্রয় গ্রহণ করা।

~ الأمْرُ : সম্ভব হওয়া।

عَكِدَ : ـَ (عَكَد) (উট) মোটা হওয়া।

اِعْتَكَدَ (اِعْتِكَاد) : ~ بِ লাগিয়া থাকা।

عَكْد : মধ্যস্থল।

عَكِد : শুকনা (গাছ); মোটা (উট)।

عَكَدَة : গিরগিটির গর্ত; মেরুদণ্ডের নিম্নাংশ। ব عُكَد

عُكْدَة : লেজ ও জিহ্বার গোড়া; হৃৎপিণ্ডের নিম্নদেশ।

مَعْكَد : আশ্রয়স্থল।

عَكَرَ : ـُ (عُكُور، عَكْر): ঝুঁকিয়া পড়া, ফিরিয়া আসা।

عَكِرَ : ـَ (عَكَر) تَعَكَّرَ (পানি) ঘোলা হওয়া, পঙ্কিল হওয়া।

عَكَّرَ (تَعْكِير) أعْكَرَ (إعْكَار) : ঘোলা করা, পঙ্কিল করা।

عَكَّرَ خَاطِرَهُ : বিরক্ত করা, দুঃখ দেওয়া, কষ্ট দেওয়া,

اِعْتَكَرَ (اِعْتِكَار) : গাঢ় অন্ধকার হওয়া; (বৃষ্টি) ঘন হইয়া পড়া; (বাতাস) ধূলি উড়ানো।

عَكَر : পঙ্কিলতা, কর্দমাক্ততা; গাদ, তলানি, মরিচা।

عِكْر : আরম্ভস্থল; মূল; প্রথা, অভ্যাস।



www.pathagar.com

مُعَكَّر، عَكِر : ঘোলা, পঙ্কিল, কর্দমাক্ত; বিরক্ত, অশান্ত।

عَكَارَة : তলানি, গাদ; পঙ্কিলতা।

عَكْرَمَة : আকরামা ইব্ন আবী জাহ্ল (রা)। ৬৩৫ খ্রিস্টাব্দে আজনাদাইন যুদ্ধে শহীদ হন।

عَكَزَ ـُ : (عَكْز)، تَعَكَّزَ ~ عَلَى (লাঠিতে) ভর দেওয়া।

عَكِزَ ـَ : (عَكَز) কুঞ্চিত হওয়া।

عَكَّزَ (تَعْكِيْز) : (বর্শায়) লৌহ ফলক লাগানো।

عِكْز : দুষ্ট, দুরাত্মা।

عُكَّاز، عُكَّازَة، عُكَازَات : লাঠি, দণ্ড, যষ্টি। ব عُكَازَات, عَكَاكِيْز

عَكَسَ ـِ : (عَكْس) উল্টানো, পরিবর্তন করা; প্রতিফলিত করা; গলা ও পায়ে দড়ি দিয়া (উট) বাঁধিয়া রাখা।

~ عَلَى : প্রত্যাখ্যান করা।

~ عَنْ : বারণ করা।

عَكَّسَ : (تَعْكِيْس) অসুখী করা; বাধা দেওয়া।

عَاكَسَ : (مُعَاكَسَة) বিরোধিতা করা; কষ্ট দেওয়া, উত্যক্ত করা।

تَعَكَّسَ : হামাগুড়ি দেওয়া।

تَعَاكَسَ، اِنْعَكَسَ (اِنْعِكَاس)، اِعْتَكَسَ (اِعْتِكَاس): উল্টাইয়া যাওয়া; প্রতিফলিত হওয়া।

عَكْس : ওলট, পরিবর্তন; প্রতিফলন।

عَكْسَ، عَلَى عَكْسِ : বিপক্ষে, বিপরীতে।

بِالعَكْسِ : বিপরীতক্রমে, উল্টাভাবে।

وَالعَكْسُ بِالعَكْسِ : উল্টাভাবে, vice versa.

طَرْدًا وَعَكْسًا : পুঙ্খানুপুঙ্খরূপে।

عَكْسِيّ : বিরোধী, বিপরীত, উল্টা।

عَكِيْس : নবপল্লব।

عَاكِس : পরিবর্তনকারী, খণ্ডনকারী; প্রতিফলনকারী।

عَاكِسَة : প্রতিফলক।

اِنْعِكَاس : প্রতিফলন।

مُعَاكِس : বিরোধী, পাল্টা।

هَجْمَة مُعَاكِسَة : পাল্টা আক্রমণ।

مَعْكُوس : উল্টানো হইয়াছে এমন; প্রতিকূল।

مُنْعَكِس، ~ : প্রতিফলিত।

مُتَعَاكِس : বিপরীত, বিরোধী।

عَكَشَ ـِ : (عَكْش) সংগ্রহ করা; একত্র করা।

عَكِشَ ـَ : (عَكَش)، تَعَكَّشَ জড়াইয়া যাওয়া; (কেশ) আলুলায়িত হওয়া; জটিল হওয়া।

عَكِش : আলুলায়িত (কেশ): নিষ্কর্মা (লোক); কদাকার, কুৎসিত।

عُكَاش، عُكَّاش، عُكَّاشَة : মাকড়সার জাল।

عُكَاشَة : মাকড়সা; মাকড়সার জাল, কর্দমতা।

عُكَّاشَة : উক্কাশা ইবনে মিহ্সান আল-আনসারী (রা), একজন সাহাবী।

مَعْكُوش : আলুলায়িত (কেশ), বিজড়িত।

عَكَصَ ـِ : (عَكْص) পশ্চাতে ঠেলিয়া দেওয়া।

عَكِصَ ـَ : (عَكَص) খিটখিটে হওয়া; অপরিচালনীয় হওয়া।

تَعَكَّصَ بِ : কার্পণ্য করা।

عَكِص : খিটখিটে, অমিশুক।

عَكَظَ ـِ : (عَكْظ) বাধা দেওয়া, বাঁধিয়া রাখা।

عَكَّظَ : ফিরাইয়া আনা, বিরত রাখা।

عَاكَظَ : (ঋণগ্রহীতাকে) সময় দেওয়া।

تَعَكَّظَ : জটিল হওয়া; ভিড় করা।

تَعَاكَظَ : প্রতিযোগিতা করা।

عُكَاظ : নাখলা ও তায়েফের মধ্যবর্তী আরাফার অদূরে অবস্থিত একটি স্থান। এখানে শাওয়াল অথবা যুলকা'দা মাসে বিশ দিন ব্যাপী জাহিলী যুগের অন্যতম বৃহৎ মেলা অনুষ্ঠিত হইত। এই মেলায় কাব্য প্রতিযোগিতাও হইত।

عَكِيظ : ছোট, খাটো।

عَكَفَ ـُ : (عَكْف) বিন্যস্ত করা; আটকাইয়া রাখা।

~ عَنْ : বাধা দেওয়া, নিবারণ করা।

~ : (عُكُوف، عَكْف) عَلَى লাগিয়া থাকা, ব্যাপৃত হওয়া, নিবেদিত হওয়া, আত্মনিয়োগ করা, আসক্ত হওয়া।



www.pathagar.com

عُكَم (ব عِكَام (أَعْكَام ব) : عِكْم বান্ডিল; বোঝা; মালপত্র বাঁধিবার দড়ি।

عَكْمَة : কোণ।

عَكَّام : উষ্ট্রচালক, খচ্চরচালক।

تَعَكَّنَ : (পেট) মেদবহুল হওয়া।

عُكْنَة : স্থূলতাজনিত পেটের ভাঁজ। ব عُكَن, أَعْكَان

عَكَنَان، عَكْنَان : বড় দল; ২০০-এর অধিক সংখ্যাবিশিষ্ট উষ্ট্রপাল।

عَكْنَنَ : (عَكْنَنَة) বিরক্ত করা।

~ عَلَى : বিপর্যস্ত করা; উল্টাইয়া দেওয়া।

مُعَكْنَن : বিপর্যস্ত; অসুস্থ।

عَكَا : ـُ (عَكْو) (ঘোড়ার লেজ) বাঁধা।

~ عَلَى : দয়া প্রদর্শন করা।

عُكْوَة، عَكْوَة : লেজের গোড়া; জিহ্বামূল; প্রধান অংশ; টাকু। ব عِكَاء، عُكًا

أَعْكَى : বড়, পুরু পার্শ্ববিশিষ্ট। স্ত্রী عَكْوَاء

عَكَى : ـِ (عَكْى)، (عَكِّى، تَعْكِيَة) মরিয়া যাওয়া, (ধূম্র) ঊর্ধ্ব উত্থিত হওয়া।

أَعْكَى : (إِعْكَاء) মরিয়া যাওয়া, শক্ত করিয়া বাঁধা।

عَاك : মৃত। ব عُكَاة

مَعْكُوّ : বাঁধা-লেজ।

عَلَّ : ـُ (عَلّ، عَلَل، تَعِلَّة) দ্বিতীয় বার পান করা, দ্বিতীয় বার পান করিতে দেওয়া; পুনরায় করা।

~ عُلَّ، ـ ـ : পীড়িত হওয়া।

عَلَّلَ : দ্বিতীয় বার পান করিতে দেওয়া, পুনরায় করা, দ্বিতীয় বার (ফল) সংগ্রহ করা; কারণ বর্ণনা করা, ব্যাখ্যা দেওয়া; শব্দরূপ মার্জিত করা; তা'লীল করা (ব্যা)।

~ بِ : ব্যস্ত রাখা, নিয়োজিত রাখা।

عَلَّلَ النَّفْسَ ~ بِ আশায় থাকা, অপেক্ষায় থাকা।

~ فِى : একাকী থাকা, নির্জনে থাকা।

عَكَّفَ : (চুল) কোঁকড়া করা; খোঁপা বাঁধা; আটক করিয়া রাখা।

~ عَنْ : নিবারণ করা; বিরত রাখা।

عَاكَفَ : লাগিয়া থাকা।

إِعْتَكَفَ، تَعَكَّفَ : (فِى) একাকী থাকা, নির্জনে থাকা।

~، ~ عَنْ : বিচ্ছিন্ন থাকা।

إِعْتَكَفَ : ই'তিকাফ করা।

~ إِلَى : ব্যাপৃত হওয়া, নিবেদিত হওয়া।

عَكِف : কোঁকড়ানো (চুল)।

عَاكِف : নিবেদিত, অনুরক্ত, আসক্ত, ব্যাপৃত। ব (عَلَى) عَاكِفُون، عُكَّف، عُكُوف

إِعْتِكَاف : ই'তিকাফ, রমযান মাসে বিশেষত শেষ তৃতীয়াংশে একনিষ্ঠভাবে ইবাদতের উদ্দেশ্যে মসজিদে অবস্থান।

مَعْكُوف : বাঁধা-খোঁপা, বিন্যস্ত (কেশ)।

مُعْتَكِف : ই'তিকাফকারী।

عَكَلَ : ـُ (عَكْل) বাঁধিয়া রাখা, বন্দি করা।

~ فِى : আত্মনিয়োগ করা; মত প্রকাশ করা।

أَعْكَلَ (إِعْكَال) إِعْتَكَلَ (إِعْتِكَال) : ~ عَلَى~ সন্দেহপূর্ণ হওয়া।

عُكْل : নীচ। ব أَعْكَال

عَاكِل : ক্ষুদ্রাকার; লোভী। ব عُكُل

عِكَال : দড়ি, বেড়ি।

عَوْكَل، عَوْكَلَة : বালির ঢিবি।

مَعْكَل : কারাগার, বন্দিশালা; লক্ষ্য।

مِعْكَل : মেষপালকের বক্র যষ্টি। ব مَعَاكِل

عَكَمَ : ـِ (عَكْم) (মালপত্র) বাঁধা, মোড়ক করা; সঞ্চিত করা।

~ عَنْ : বিরত থাকা।

أَعْكَمَ : (إِعْكَام) মোড়ক করিতে সাহায্য করা।

إِعْتَكَمَ : (إِعْتِكَام) স্তূপীকৃত হওয়া।



www.pathagar.com

عَالَلَ (مُعَالَلَة) : সকালে, দুপুরে ও বিকালে তিনবার (উষ্ট্রী) দোহন করা।

أَعَلَّ : (إِعْلَال) রোগাক্রান্ত করা; দ্বিতীয় বার পান করিতে দেওয়া; যুক্তিসম্পন্ন করা, শব্দরূপ করা; তা'লীল করা (ব্যা)।

اِعْتَلَّ، تَعَلَّلَ : (اِعْتِلَال) ب ~ : ওজর দেখানো, ছুতা খোঁজা; লাগিয়া থাকা; নিয়োজিত থাকা।

تَعَالَلَ : (শিশু) মাতৃস্তন্য সবটুকু পান করা।

اِعْتَلَّ : পীড়িত হওয়া; দলীল প্রমাণ দৃঢ়তার সহিত আঁকড়াইয়া ধরা; শব্দ স্বরবর্ণ حَرْف : (ی ـ و ـ ا) (عِلَّة) যুক্ত হওয়া (ব্যা)।

عَلّ : কৃশ ও ক্ষুদ্র, তুচ্ছ। ব أَعْلَال

لَعَلَّ، عَلَّ : হয়ত, সম্ভবত।

عَلَّة : সপত্নী; দ্বিতীয় দফা পান; বিপদ, অভাব। ব عَلَّات

بَنُو الْعَلَّات : এক পিতা ও ভিন্ন মাতার সন্তান।

عِلَّة : রোগ, পীড়া; ত্রুটি; দুর্বলতা; উৎস; দুর্ঘটনা; ছন্দের পরিবর্তন বিশেষ (ছন্দশাস্ত্র)। ব عِلَل، عِلَّات

~ : কারণ; প্রমাণ; ওজর; কৈফিয়ত, ছুতা। ব عِلَل

حُرُوفُ الْعِلَّة : স্বরবর্ণ (ی ـ و ـ ا)

عِلَّةُ الْوُجُود : সৃষ্টিমূল, First Cause. আল্লাহ।

الْعِلَّة وَالْمَعْلُول : কার্যকারণ, cause and effect.

عَلَى عِلَّاتِه : যেমন আছে তেমনই, যাহা আছে তাহাই।

عُلَالَة : সান্ত্বনা; বিনোদন; অবশিষ্টাংশ।

عَلِيل : পীড়িত, রুগ্ণ; রোগী; কোমল, নরম; মৃদুমন্দ (বায়ু)। ব أَعِلَّاء

إِعْلَال : শব্দ মার্জিতকরণ, তা'লীল (ব্যা)।

إِعْتِلَال : রুগ্ণতা; পীড়া; দুর্বলতা, ত্রুটিপূর্ণতা; তা'লীল (ব্যা)।

تَعْلِيل : কারণ বর্ণনাকরণ, ব্যাখ্যাকরণ, কৈফিয়ত প্রদান।

تَعِلَّة : সান্ত্বনা; বিনোদন; ওজর, ছুতা; বদলি; প্রতিনিধি।

مَعْلُول، مُعَلّ : রুগ্ণ, পীড়িত।

مُعْتَلّ : রুগ্ণ, পীড়িত, حَرْف عِلَّة-যুক্ত শব্দ (ব্যা)।

عَلَبَ : ـُ (عَلْب)، عَلِبَ : ـَ (عَلَب) কঠিন হওয়া, শক্ত হওয়া, দাগ দেওয়া।

عَلَّبَ : (تَعْلِيب) (খাদ্য দ্রব্য) টিনজাত করা, কৌটাবদ্ধ করা; দাগ দেওয়া।

عَلْب : দাগ, ছাপ। ব عُلُوبٌ

~، عِلْب : কঠিন, অনুর্বর (ভূমি)। ব عُلُوب

عَلِب : শক্ত, মোটা।

عُلْبَة : কৌটা, বাক্স, পাত্র, টিন। ব عِلَاب، عُلَب

عِلْبَة : (গাছের) গিঁঠ। ব عِلَب

عَلَابِيّ : সীসা।

عِلْبَاء : ঘাড়ের পার্শ্ববর্তী মাংসপেশি। ব عَلَابِيّ

عَلِجَ : ـَ (عَلَج) তীব্র হওয়া।

عَالَجَ (عِلَاج) : চিকিৎসা করা; প্রতিকার করা, ব্যবস্থা করা; পরিচালনা করা; চালাইয়া নেওয়া; নৈপুণ্যের সহিত নাড়াচাড়া করা; অধিগ্রহণ করা; আত্মনিয়োগ করা, প্রচেষ্টা চালানো; সমাধানের চেষ্টা করা; (লৌহ ইত্যাদি) পাইন দেওয়া; কাজ করা, প্রস্তুত করা; বিতর্ক করা; প্রতিযোগিতা করা।

تَعَالَجَ : চিকিৎসা লাভ করা, চিকিৎসাধীন হওয়া।

~، اِعْتَلَجَ : (اِعْتِلَاج) (পরস্পর) দ্বন্দ্বে লিপ্ত হওয়া, (তরঙ্গের) সংঘর্ষ লাগা।

اِسْتَعْلَجَ : (اِسْتِعْلَاج) শক্তিশালী হওয়া; গজানো।

عِلْج : নাস্তিক, অবিশ্বাসী; অভদ্র লোক; গাধা, বন্য গাধা; গাট্টাগোট্টা। ব أَعْلَاج، عُلُوج

مُعَالَجَة، عِلَاج : চিকিৎসা, প্রতিকার, আরোগ্যকরণ।



www.pathagar.com

عُلْجُوم : পুরুষ ব্যাঙ; পাতিহাঁস; ছাগ; খেজুর বাগান; সমুদ্র-তরঙ্গ; রাত্রির অন্ধকার। ব عَلَاجِيم

عَلْجَن : শক্তিশালী (উষ্ট্রী); অমনোযোগী (স্ত্রীলোক)।

عَلَدَ ـَ : (عَلَد) কঠিন হওয়া; অপরিচালনীয় হওয়া।

إعلندى : মোটা হওয়া; শক্তিশালী হওয়া।

عَلْد : কঠোরতা; ঘাড়ের শক্ত পেশিতন্তু; নড়িতে নারাজ ব্যক্তি। ব أعْلَاد

عَلِزَ ـَ : (عَلَز) অশান্ত হওয়া।

أعْلَزَ : দুর্বল করা, কষ্ট দেওয়া।

~ ~ إلَى : অনুরক্ত হওয়া।

أعْلَزَ : (إعْلَاز) অস্থির করা, অক্ষম করা।

عَلِز : অশান্ত।

عِلَّوْز : শূল বেদনা; আকস্মিক মৃত্যু।

عَلَسَ ـِ : (عَلْس) পান করা।

عَلَّسَ : (تَعْلِيْس) মন্দতর হওয়া; খাদ্য প্রদান করা।

عَلُوس، عُلَاس، عَلْس : খাদ্য।

عَلَس : এক প্রকার গম; মসুর, ডাল; ডালজাতীয় কৃষ্ণবর্ণ শস্যদানাবিশেষ।

مُعَلَّس : অভিজ্ঞ।

عَلَّصَ : (تَعْلِيْص) (খাদ্য) পাকস্থলী নষ্ট করিয়া দেওয়া।

عَالَصَ : (مُعَالَصَة) কুস্তি করা।

إعْتَلَصَ : (إعْتِلَاص) সামান্য পরিমাণ লওয়া।

عِلَّوص : অজীর্ণতা, শূল বেদনা।

عَلَطَ ـُ : (عَلْط) (উটের) গলায় দাগ দেওয়া।

عَلَطَ بِالقَوْلِ : কঠোর নিন্দা করা।

عَلَّطَ : (تَعْلِيْط) (পশুর) লাগাম ছাড়িয়া দেওয়া, (উটের) গলায় দাগ দেওয়া।

عَلَّطَ بِشَرٍّ : অসম্মান করা।

إعْتَلَطَ : (إعْتِلَاط) ঝগড়া করা, বিবাদ করা।

إعْلَوَّطَ : লাগাম ব্যতীত উষ্ট্রে আরোহণ করা; না ভাবিয়া ঝাঁপাইয়া পড়া।

عُلُط : খালি (উট)। ব أعْلَاط

عُلْطَة : কণ্ঠহার, মালা; কালো সুরমা, কাজল। ব عُلَط

عِلَاط : ঘাড়ের অগ্রভাগ; উটের গলার রশি। ব عُلُط، أعْلِطَة

~، إعْلِيط : উটের ঘাড়ের দাগ।

أعْلَاط الكَوَاكِب : নামহীন তারকারাজি।

عَلَفَ ـِ : (عَلْف) عَلَّفَ (تَعْلِيْف) عَلَفَ (পশুকে) খাওয়ানো, খাদ্য দান করা।

تَعَلَّفَ : (পশু) খাদ্য চাওয়া।

إعْتَلَفَ : (إعْتِلَاف) (পশু) খাদ্য গ্রহণ করা।

إسْتَعْلَفَ : (إسْتِعْلَاف) (অশ্ব) হ্রেষাধ্বনি করিয়া খাদ্য চাওয়া।

عَلَف : (عُلُوفَة) পশুখাদ্য, জাব। ব عِلَاف، أعْلَاف

عَلَّاف : পশু-খাদ্য বিক্রেতা। ব عَلَّافَة

عَلُوفَة : গোয়ালে বা আস্তাবলে রাখিয়া খাওয়ানো হয় এমন পশু। ব عَلَائِف

~ : পশু খাদ্য, জাব। ব عُلُف

عُلُوفَةٌ : মজুরি, পেনশন, সৈনিকের বেতন। ব عَلَائِفُ

مَعْلُوف، عَلِيْف : গোয়ালে বা আস্তাবলে রাখিয়া খাওয়ানো হয় এমন (পশু)। ব عَلَائِف

مَعْلَف : পশুখাদ্য রাখিবার স্থান, চারণভূমি; ডাবা, চাড়ি। ব مَعَالِف

مُعَلَّف : খাওয়াইয়া মোটাতাজা করা হইয়াছে এমন (পশু)।

عُلْفُوف : সুকেশ ও স্থূলদেহী বৃদ্ধ।

عَلَقَ ـُ : (عُلُوق، عَلْق) مِنْ ~ (পশু) তৃণাদি কামড়াইয়া খাওয়া।



www.pathagar.com

عَلِقَ : ـَ (عَلَق) بِ ~ লাগিয়া থাকা, ঝুলিয়া থাকা; জড়াইয়া পড়া, সংলগ্ন হওয়া, সংযুক্ত হওয়া।

~ : (عَلَاقَة، عُلُوق) সম্পর্ক রাখা, সম্পৃক্ত থাকা, অনুরক্ত হওয়া, আসক্ত হওয়া।

~ فِي : চরিয়া বেড়ানো।

عَلِقَتْ : ـَ (عُلُوق) গর্ভবতী হওয়া।

عَلِقَ يَفْعَلُ : করিতে আরম্ভ করা।

عَلَّقَ : (تَعْلِيق) ঝুলানো, বাঁধা; ঝুলাইয়া রাখা, বিলম্বিত করা; অমীমাংসিত রাখা; (আগুন) লাগা; (যুদ্ধ) বাধা; আগুন লাগানো; (দরজা) বন্ধ করা।

~ فِي : লিখিয়া রাখা।

~ عَلَى : মন্তব্য করা, পর্যালোচনা করা; টীকা কিংবা মন্তব্য সংযোজিত করা, ব্যাখ্যা করা।

~ لِ : (পশুকে) খাদ্য দেওয়া।

~ مِنْ : উদ্ধৃতি দেওয়া।

عَلَّقَ الأَهَمِّيَّة : গুরুত্ব প্রদান করা।

أَعْلَقَ : (إِعْلَاق) ঝুলানো, বাঁধা; ঝুলাইয়া রাখা; ঝুলাইবার দড়ি লাগানো; জোঁক লাগানো।

تَعَلَّقَ : بِ ~ ঝুলিয়া থাকা, লাগিয়া থাকা; সম্পৃক্ত হওয়া; সম্পর্কিত হওয়া; আসক্ত হওয়া, অনুরক্ত হওয়া; নির্ভর করা।

فِيمَا يَتَعَلَّقُ : بِ ~ সম্পর্কে, বিষয়ে।

عَلْق : কাপড়ের ছিদ্র।

عِلْق ,~ : মূল্যবান বস্তু। ব عُلُوق، أَعْلَاق

عِلْقُ شَرٍّ : অনিষ্টকারী, অপকারপ্রবণ।

عِلْمٍ ~ : বিদ্যানুরাগী।

عَلَق : কপিকল; ঝুলাইয়া রাখিবার দড়ি।

عَلَقَة ,~ : জোঁক; যাহা লাগিয়া থাকে; মাতৃগর্ভে শুক্রের রক্তপিণ্ডে পরিণত হওয়ার পরবর্তী স্তর। ব عَلَقَات

عَلْقَة : প্রহার, বেত্রাঘাত।

عُلْقَة : সম্পত্তি, মালামাল, আসক্তি। ব عُلَق

عَلَاق : সামান্য পরিমাণ; অবশিষ্টাংশ।

عَلَاقَة : সম্পর্ক, সংযোগ, বন্ধন; অনুরাগ, টান। ব عَلَاقَات، عَلَائِق

العَلَاقَات العَامَّة : গণ-সংযোগ।

عِلَاقَة : ঝুলাইবার দড়ি; ফলের বোঁটা; উপনাম। ব عَلَائِق

عَلَّاقَة : পোশাক ঝুলাইয়া রাখিবার হ্যাংগার, hanger.

عَلُوق : দুর্ভাগ্য, বিপদ, মৃত্যু; অদুগ্ধবতী উষ্ট্রী।

عَلِيق : পশুখাদ্য। ব عَلَائِق

عَلِيقَة : শস্য আনিবার জন্য প্রেরিত উট। ব عَلِيقَات، عَلَائِق

عُلَّيْقَى، عُلَّيْق : কাঁটাগাছ বিশেষ, লতানো উদ্ভিদ; ব্লাকবেরি গাছ।

عُلَّيْقَة : ঝোপ।

تَعَلُّق : সম্পর্ক, সংযোগ; আসক্তি, টান; নির্ভরশীলতা।

تَعْلِيق : বিলম্বিতকরণ; ঝুলন্ত অবস্থা; শর্তযুক্তকরণ, টীকা সংযোজন।

~ : টীকা, মন্তব্য, ভাষ্য, ব্যাখ্যা। ব تَعَالِيق

تَعْلِيق عَلَى الأَنْبَاء : সংবাদ পর্যালোচনা।

مِصْبَاحُ تَعْلِيق : ঝুলন্ত প্রদীপ।

تَعْلِيقَة : পার্শ্ব-টীকা; পরিশিষ্ট; তালিকা। ব تَعَالِيق، تَعْلِيقَات

مِعْلَق : দোহন-পাত্র। ব مَعَالِق

مُعَلَّق : ঝুলন্ত, অমীমাংসিত; স্থগিত; আসক্ত; শর্তযুক্ত।

حِسَاب مُعَلَّق : শ্রেণীবিভাগের পূর্বে যাহা খাতায় জমা করা হয়, suspense account.

مُعَلَّقَة : পোস্টার, প্লাকার্ড।

المُعَلَّقَات : প্রাক-ইসলামী যুগের নির্বাচিত কাসীদা-সমষ্টি, যাহা কা'বায় ঝুলানো হইয়াছিল।

مِعْلَاق : জিহ্বা; হৃৎপিণ্ড; যকৃৎ; প্লীহা, ফুসফুস। ব مَعَالِيق



www.pathagar.com

مُتَعَلِّق : সম্পৃক্ত, সম্পর্কিত, সংযুক্ত; আসক্ত।

عَلْقَم : তিক্ত ফলবিশেষ, হান্‌যাল, colocynth. ব عَلَاقِم

الْعَلْقَمِي : মুয়াইয়িদুদ্দীন মুহাম্মাদ ইবনুল আলকামী (মৃ ১২৫৮ খ্রি.)। আব্বাসী শেষ খলীফা মুসতা'সিম বিল্লাহর উযীর।

عَلَكَ - ُ : (عَلْك) চর্বণ করা।

عَلَّكَ : (تَعْلِيل) (চামড়া) পাকা করা; পরিচর্যা করা; দেখাশুনা করা; বাজে বকা।

عِلْك : চুইংগাম, chewing-gum. ব أَعْلَاك، عُلُوك

عَلْك : বকবকানি।

عَلِك : আঠালো; শক্ত (খাদ্য)।

عَلَّاك : প্রবঞ্চক।

عَلَمَ - ُ : (عَلْم) চিহ্ন দেওয়া; (ওষ্ঠ) বিদীর্ণ করা।

عَلِمَ - َ : (عِلْم) জানা, অবহিত হওয়া; বিদ্বান হওয়া, জ্ঞানের অধিকারী হওয়া।

~ : (عَلَم) বিদীর্ণ ওষ্ঠবিশিষ্ট হওয়া।

عَلَّمَ : (تَعْلِيم) শিক্ষা দেওয়া; অবহিত করা; শিক্ষিত করা।

~ عَلَى : চিহ্ন দেওয়া; চিহ্নযুক্ত করা।

عَالَمَ : (مُعَالَمَة) জ্ঞানের প্রতিযোগিতা করা।

أَعْلَمَ : (إِعْلَام) জানানো, অবহিত করা।

تَعَلَّمَ : শিক্ষা করা, শিক্ষিত হওয়া; জানা; পড়া।

تَعَالَمَ : একত্রে শিক্ষা করা।

إِعْتَلَمَ : (إِعْتِلَام) জানা, অবহিত হওয়া; (পানি) মাটির উপর দিয়া গড়াইয়া যাওয়া; (বিদ্যুৎ) ঝলকানো।

إِسْتَعْلَمَ : জানিতে চাওয়া; তথ্য সংগ্রহ করা; অনুসন্ধান করা।

عِلْم : জ্ঞান, বিদ্যা, তথ্য; বিজ্ঞান, শাস্ত্র, তত্ত্ব। ব عُلُوم

عِلْم الإِجْتِمَاع : সমাজ বিজ্ঞান।

عِلْم الأَخْلَاق : নীতিশাস্ত্র।

~ الأَدْيَان : তুলনামূলক ধর্মতত্ত্ব।

~ الأَصْوَات : ধ্বনিতত্ত্ব।

~ الإِقْتِصَاد : অর্থনীতি।

~ التَّرْبِيَة : অধ্যাপনাবিদ্যা।

~ الجَرَاثِيم : জীবাণুবিদ্যা।

~ الحِسَاب : অংকশাস্ত্র, গণিতশাস্ত্র, পাটিগণিত।

عِلْم الأَحْيَاء ,~ الحَيَاة : জীববিদ্যা।

~ الحَيَوَان : প্রাণিবিদ্যা।

~ الذَّرَّات : পরমাণু-বিজ্ঞান।

~ الصِّحَّة : স্বাস্থ্য-বিজ্ঞান।

~ الفَلَك : মহাকাশ বিজ্ঞান, জ্যোতির্বিজ্ঞান।

عِلْم أُصُول الدِّين، عِلْم التَّوْحِيد ,~ الكَلَام : ইসলাম ধর্মতত্ত্ব।

~ اللُّغَة : ভাষাতত্ত্ব, ভাষা বিজ্ঞান।

~ مَا بَعْدَ الطَّبِيعَة : অধিবিদ্যা, পরাবিদ্যা, Metaphysics.

~ النَّبَاتَات : উদ্ভিদবিদ্যা।

~ النَّفْس : মনোবিজ্ঞান।

~ النُّجُوم : জ্যোতির্বিদ্যা, astrology.

~ الهَيْئَة : জ্যোতিঃশাস্ত্র, astronomy.

~ وَظَائِف الأَعْضَاء : শারীরবৃত্ত-বিজ্ঞান physiology.

عَنْ عِلْمٍ : জানিয়া, জ্ঞাতসারে।

أُولُو العِلْم : জ্ঞানী লোক, শিক্ষিত লোক।

طَالِبُ العِلْم : শিক্ষার্থী, ছাত্র।

العُلُوم : বিজ্ঞান।

كُلِّيَّةُ ~ : বিজ্ঞান অনুষদ।

عِلْمِيّ : বিজ্ঞানসম্মত; জ্ঞানসংক্রান্ত; পাণ্ডিত্যপূর্ণ; তাত্ত্বিক; বিদ্বান, শিক্ষিত।

عَلَم : চিহ্ন, প্রতীক, নিদর্শন; বৈশিষ্ট্য; রাস্তার দিকনির্দেশক ও দূরত্ব জ্ঞাপক স্তম্ভ; পতাকা, ব্যানার; বিশিষ্ট ব্যক্তি; দলপতি। ব أَعْلَام

إِسْم عَلَم ,~ : ব্যক্তি নির্দেশক বিশেষ্য, নামবাচক বিশেষ্য (ব্যা)



www.pathagar.com

عَلْمَانِى : অদক্ষ লোক, সাধারণ লোক।

عَلَام : লক্ষ্য।

عَلَامَ؟ : (عَلَى مَا؟) কিসের? কিসের জন্য? কি কারণে? কেন?

عَلَامَة : আলামত, চিহ্ন, নিদর্শন, সংকেত, প্রতীক; বৈশিষ্ট্য; লক্ষণ। ব عَلَامَات، عَلَائِم

عَلَامَة الإِسْتِفْهَام : প্রশ্নবোধক চিহ্ন (?)।

~ تِجَارِيَّة : ট্রেড-মার্ক।

~ التَّعَجُّب : আশ্চর্যবোধক চিহ্ন (!)।

~ التَّنْصِيص : উদ্ধৃতিচিহ্ন।

عَالَم : পৃথিবী, বিশ্ব, জগৎ, রাজ্য। ব عَوَالِم

عَالَمُ الحَيَوَان : প্রাণিজগৎ।

~ النَّبَات : উদ্ভিদজগৎ।

~ الخَيَال : স্বপ্ন-রাজ্য।

عَالَمِىّ : পার্থিব, জাগতিক; বিশ্বজনীন, বিশ্ববিখ্যাত; আন্তর্জাতিক।

عَالَمِيَّة : বিশ্বজনীনতা, আন্তর্জাতিকতা।

عَالِم : জ্ঞানী, শিক্ষিত, পণ্ডিত, বিজ্ঞানী। ব عُلَمَاء; স্ত্রী عَالِمَة

~ بِ : জ্ঞাত, অবহিত।

عَلَّام، عَلَّامَة : সর্বজ্ঞাত, সবজান্তা, সর্বজ্ঞ, সুবিজ্ঞ, সুপণ্ডিত, অধিক জ্ঞানী।

العَلِيم : সর্বজ্ঞাতা, আল্লাহর একটি গুণবাচক নাম।

عَيْلَم : প্রচুর পানিবিশিষ্ট কূপ; সমুদ্র; হায়না; ব্যাঙ। ব عَيَالِم

أُعْلُومَة : রাস্তার দিক-নির্দেশক ও দূরত্ব জ্ঞাপক স্তম্ভ, signpost, guidepost; চিহ্ন, নিদর্শন। ব أَعَالِيم

إِعْلَام : অবহিতকরণ, তথ্যপ্রদান; প্রচার, ঘোষণা, বিজ্ঞাপন।

وَزِيرُ الإِعْلَام : তথ্যমন্ত্রী।

إِسْتِعْلَام : অনুসন্ধান।

مَكْتَبُ الإِسْتِعْلَامَات : অনুসন্ধান-দফতর।

تَعَلُّم : শিক্ষাগ্রহণ, অধ্যয়ন; শিক্ষা।

تَعْلِيم : শিক্ষাদান, অধ্যাপনা, অবহিতকরণ।

~ : শিক্ষা; উপদেশ। ব تَعَالِيم

تَعْلِيم عَالٍ : উচ্চ শিক্ষা।

~ مُخْتَلَط : সহশিক্ষা।

فَنُّ التَّعْلِيم : অধ্যাপনা বিদ্যা।

تَعْلِيمَات : নির্দেশাবলি; ঘোষণাসমূহ।

تَعْلِيمِىّ : শিক্ষা-সংক্রান্ত, শিক্ষামূলক।

تَعْلِيمْجِىّ : শরীর-চর্চা শিক্ষক।

مَعْلَم : চিহ্ন, নিদর্শন; রাস্তার দিকনির্দেশক ও দূরত্বজ্ঞাপক স্তম্ভ, signpost; স্থান। ব مَعَالِم

مَعْلَمَة : বিশ্বকোষ। ব مَعْلَمَات

مُعْلَم : চিহ্নিত, চিহ্নযুক্ত।

مُعَلِّم : শিক্ষক।

مُعَلِّم خَاصّ : টিউটর, tutor.

مَدْرَسَةُ المُعَلِّمِين : শিক্ষক প্রশিক্ষণ-বিদ্যালয়।

~ كُلِّيَّة : শিক্ষক প্রশিক্ষণ-কলেজ।

مُعَلِّمَة : শিক্ষয়িত্রী।

مُعَلَّم : শিক্ষাপ্রাপ্ত; চিহ্নযুক্ত, চিহ্নিত।

مَعْلُوم : জ্ঞাত, অবহিত; নির্দিষ্ট, নিশ্চিত; সুবিদিত।

المَعْلُوْم، صِيغَةُ المَعْلُوْم : কর্তৃবাচ্য ক্রিয়া (ব্যা)।

مَعْلُومَات : তথ্যাবলি, বিবরণী।

مَعْلُومِيَّة : জ্ঞান, তথ্য।

مُتَعَلِّم : শিক্ষিত, শিক্ষাপ্রাপ্ত।

عَلَنَ ـُ عَلَنَ، ـُ عَلَنَ، ـَ عَلِنَ (عَلَانِيَة، عَلَن، عُلُون), إِعْتَلَنَ (إِعْتِلَان) জ্ঞাত হওয়া, প্রকাশ পাওয়া।

عَالَنَ : (مُعَالَنَة) প্রকাশ করা।

أَعْلَنَ : (إِعْلَان) প্রকাশ করা; ছড়াইয়া দেওয়া, ঘোষণা।

~ عَنْ : বিজ্ঞাপন দেওয়া; বিজ্ঞপ্তি দেওয়া।



www.pathagar.com

اِسْتَعْلَنَ : (اِسْتِعْلاَن) জ্ঞাত হওয়া, প্রকাশ পাওয়া; প্রকাশ করিতে চাওয়া; প্রকাশিত করা।

عَلَنًا : প্রকাশ্যে।

عَلَنِيّ : প্রকাশ্য।

عَلِن : প্রকাশ্য, স্পষ্ট।

عَلاَنِيَة : প্রকাশ্যতা, অগোপনীয়তা; প্রচার।

فِى عَلاَنِيَة : প্রকাশ্যে।

اِعْلاَن : ঘোষণা; বিজ্ঞপ্তি, বিজ্ঞাপন, ঘোষণা পত্র, পোস্টার, প্লাকার্ড। ব اِعْلاَنَات

اِعْلاَن حُضُور : সমন, তলবনামা।

شَرِكَةُ اِعْلاَنَات : বিজ্ঞাপন-এজেন্সি, বিজ্ঞাপন কোম্পানি।

لَوْحَةُ عَرْضِ الإِعْلاَنَات : নোটিশ-বোর্ড, বিজ্ঞপ্তি-ফলক।

مُعْلِن : ঘোষণাকারী, ঘোষক।

مُعْلَن : ঘোষিত।

مُعْلَن إِلَيْه : তলবকৃত।

اِعْتَلَى، (عَلاَء) - عَلِيَ، (عُلُوّ) : ـُ عَلاَ (اِعْتِلاَء) উচ্চ হওয়া, ঊর্ধ্বে উঠা, আরোহণ করা, উৎকর্ষে ছড়াইয়া যাওয়া।

~ عَنْ : উচ্চতর হওয়া, ঊর্ধ্বে অবস্থান করা।

عَلَى : - عَلَى আরোহণ করা, উঠা।

عَلَّى، اَعْلَى : (اِعْلاَء، تَعْلِيَة) উপরে উঠানো, উত্তোলন করা, উন্নত করা।

عَالَى : উপরে উঠানো, উপরে উঠিবার প্রতিযোগিতা করা।

تَعَلَّى : ঊর্ধ্বে উঠা, উঁচু হওয়া, ধাপে ধাপে উপরে উঠা।

تَعَالَ : ঊর্ধ্বে উঠা; সুউচ্চ হওয়া; মহিমান্বিত হওয়া, মর্যাদাপূর্ণ হওয়া।

تَعَالِ : আস।

اِسْتَعْلَى : (اِسْتِعْلاَء) উপরে উঠা; আরোহণ করা, বৃদ্ধি পাওয়া; ঊর্ধ্বে মনে করা, বড় মনে করা।

~ عَلَى : আয়ত্ত করা, আত্মসাৎ করা।

عَلُ : ঊর্ধ্বাংশ।

مِنْ عَلِ، مِنْ عَلُ : উপর হইতে।

عُلْو، عَلْو : উচ্চতম অংশ, শীর্ষস্থান।

عَلْوًا : জোরপূর্বক।

عُلَى، عُلُوّ : উচ্চতা, মহত্ত্ব, শ্রেষ্ঠত্ব, সম্মান, মর্যাদা।

عَلَوِيّ، عُلْوِيّ : উচ্চ, উপরস্থ, স্বর্গীয়।

العَلَوِيُّون : হযরত আলী (রা)-এর পুত্র কন্যাদিগের সহিত সম্পৃক্ত বংশধর। সিরিয়ার নুসাইরিয়া পার্বত্য অঞ্চলে বসবাসকারী একটি সম্প্রদায়ও এই নামে পরিচিত।

عَلاَة : নেহাই; দীর্ঘকায় উষ্ট্রী। ব عَلاً، عَلَوَات

عَلاَء : উচ্চ মর্যাদা, মহত্ত্ব।

عَلِيّ : উচ্চ, মহৎ, মর্যাদাবান, মহিমান্বিত; ইসলামের চতুর্থ খলীফা হযরত আলী ইবনে আবী তালিব (রা)।

العَلِيّ : মহান (আল্লাহ)।

عِلْيَة النَّاس : উচ্চ শ্রেণীর লোক; বিশিষ্ট ব্যক্তিবর্গ।

عُلِّيَّة : চিলেকোঠা, খাস কামরা; উচ্চ শ্রেণীর লোক। ব عَلاَلِيّ

عِلِّيُّون : ঊর্ধ্বতম বেহেশত, বেহেশতের ঊর্ধ্বতম স্থান; অভিজাত শ্রেণী।

عَلْيَاء : উচ্চস্থান, উচ্চ পর্বত; ঊর্ধ্বলোক।

عُلْيَاء، عُلْيَا : উচ্চতা, মহত্ত্ব, মর্যাদা, উচ্চ স্থান।

عِلاَوَة : বৃদ্ধি, বাড়তি; ভাতা, অনুদান।

عِلاَوَة : ~ عَلَى তাহা ছাড়া, তদতিরিক্ত।

عَلاَيَة : উচ্চতা।

عَالٍ : উচ্চ, মহৎ, মর্যাদাবান; সেরা; চমৎকার; প্রচণ্ড, তীব্র।

ضَغْط عَالٍ : high voltage, উচ্চ তড়িৎ প্রবাহ।

~ تَوَاتُر : high frequency, পুনঃপুন উচ্চতর প্রবাহ।



www.pathagar.com

بِصَوْتٍ عَالٍ : উচ্চৈঃস্বরে।

عَالِ الْعَالِ : চমৎকার, সেরা, সর্বোৎকৃষ্ট।

مَذْكُورٌ بِعَالِيَه : পূর্বোল্লিখিত।

عَالِيَةٌ : ঊর্ধ্বতম অংশ; বর্শা; নাজদের উচ্চভূমি। ব عَوَالٍ، عَالِيَاتٌ

أَعْلَى : উচ্চতর, সর্বোচ্চ, ঊর্ধ্বতন। স্ত্রী عُلْيَا ব أَعَالٍ، عُلًى

الْقَائِدُ الأَعْلَى : সর্বাধিনায়ক।

أَعْلاَهُ : ইতঃপূর্বে।

مَذْكُورٌ ~ : পূর্বোল্লিখিত।

إِسْتِعْلاَءٌ : শ্রেষ্ঠত্ব, প্রাধান্য।

تَعْلِيَةٌ : উত্তোলন, উঁচুকরণ।

مَعَالٍ : শ্রেষ্ঠ, মহামান্য।

مُتَعَالٍ : উচ্চ, সুউচ্চ; মহান, মর্যাদাবান।

عَلْوَنَ : (عَلْوَنَةٌ) ঠিকানা লেখা; শিরোনাম দেওয়া।

عُلْوَانٌ : ঠিকানা, শিরোনাম।

عَلَى : (حَرْفُ جَارٍّ) (ব্যা) উপরে, ঊর্ধ্বে, নিকটে; শীর্ষে; জন্য; বিপক্ষে; সত্ত্বেও; ভিত্তিতে; বলে; কারণে; সময়ে; অনুসারে; অনুযায়ী।

عَلَى أَنْ : এ শর্তে; ভিত্তিতে, হিসাবে।

عَلَى الإِطْلاَقِ : সম্পূর্ণরূপে, নিরঙ্কুশভাবে, যে-কোন অবস্থায়।

~ التَّقْرِيبِ : কাছাকাছি, প্রায়।

~ التَّوَالِي : অবিরামভাবে, ক্রমাগতভাবে।

~ حَسْبِ : অনুযায়ী।

~ حِسَابِهِ : তাহার খরচে।

~ حِينِ غَفْلَةٍ : আকস্মিকভাবে, হতচেতনায়।

~ الْخُصُوصِ : বিশেষভাবে।

~ الرَّأْسِ وَالْعَيْنِ : খুশিমনে, সানন্দে।

~ ضَوْءِ : আলোকে।

~ عَادَتِهِ : তাহার অভ্যাসমতে।

~ عِلْمٍ ~ : ~ ب অবহিত, জ্ঞাত।

~ عَهْدِ : আমলে।

~ غَيْرِ شَيْءٍ : অকারণে।

~ كُلِّ حَالٍ ~ : ~ غَيْرِ مَعْرِفَةٍ : অজ্ঞাতসারে, যে-কোন অবস্থায়, যেভাবেই হোক; সর্বাবস্থায়, যাহা হউক।

عَلاَمَ، عَلَى مَا : কিসের? কিসের জন্য? কেন? কি কারণে?

~ وَشْكِ : প্রায় কাছাকাছি।

عَلَى وَجْهِ اللّٰهِ : আল্লাহর ওয়াস্তে।

~ يَدِهِ : তাহার হাতে, তাহার মাধ্যমে।

~ يَمِينِهِ : তাহার ডানদিকে।

بِنَاءً عَلَيْهِ، عَلَيْهِ : তদনুযায়ী।

عَلَيْهِ أَنْ : তাহার দায়িত্ব, তাহার করণীয়।

عَلَيْهِ دَيْنٌ : সে ঋণগ্রস্ত।

عَلَيَّ : ~ ب আমাকে দাও, লইয়া আস।

مَعَلِيهِشْ، مَا عَلَيْكَ مِنْ : কিছু মনে করিবেন না, never mind. উদ্বেগের কোন কারণ নাই।

عَمَّ : ـُ (عُمُومٌ) ব্যাপক হওয়া, সাধারণ হওয়া; সর্বজনীন হওয়া; অন্তর্ভুক্ত করা, শামিল করা।

عَمَّ : ـُ (عُمُومَةٌ) চাচা হওয়া।

عَمَّمَ : (تَعْمِيمٌ) ব্যাপক করা, সাধারণ করা; সর্বত্র ছড়াইয়া দেওয়া, সর্বজনীন করা; পাগড়ি পরাইয়া দেওয়া।

عُمِّمَ الرَّجُلُ : লোকটিকে পাগড়ি পরিধান করানো হইল, লোকটিকে নেতা বানানো হইল।

تَعَمَّمَ : চাচা ডাকা।

~, إِعْتَمَّ : (إِعْتِمَامٌ) পাগড়ি পরিধান করা।

إِسْتَعَمَّ : (إِسْتِعْمَامٌ) পাগড়ি পরিধান করা, চাচারূপে গ্রহণ করা।

عَمٌّ : পিতৃব্য, চাচা। ব عُمُومٌ، أَعْمَامٌ

إِبْنُ الْعَمِّ : চাচাত ভাই।

~ بِنْتُ الْعَمِّ، إِبْنَةٌ : চাচাত বোন।

~ زَوْجَةٌ : চাচি।



www.pathagar.com

عَمَّة : ফুফু। ব عَمَّات

إِبْن العَمَّة : ফুফাত ভাই।

~ بِنْت العَمَّة، إِبْنَةُ : ফুফাত বোন।

~ زَوْج : ফুফা।

عِمَّة : পাগড়ি।

عَمَّ، عَمَّا : (عَنْ مَا؟) কিসের জন্য? কী সম্পর্কে?

عَمَم : পূর্ণ, সম্পূর্ণ, পূর্ণাঙ্গ; জনতা।

عُمَم : পূর্ণতা, সম্পূর্ণতা, পূর্ণাঙ্গতা, বিশালতা।

عِمَامَة : পাগড়ি। ব عَمَائِم

عُمُوم : ব্যাপকতা, সাধারণত্ব; সর্বজনীনতা; সার্বিক, সকল, গোটা; সার্বিকতা।

العُمُوم : সাধারণ মানুষ।

بِوَجْهِ العُمُوم، عَلَى العُمُوم، عُمُومًا : সাধারণত; সাধারণভাবে, সার্বিকভাবে।

عُمُومِيّ : সাধারণ, সর্বজনীন, সার্বিক। স্ত্রী عُمُومِيَّة

مَكَان عُمُومِيّ : সর্ব সাধারণের বিনোদনস্থল, public house.

أَشْغَال عُمُومِيَّة : গণকল্যাণ, public works.

جَمْعِيَّة عُمُومِيَّة : সাধারণ পরিষদ, general assembly.

عَمِيم : সাধারণ, সর্বজনীন; ব্যাপক, সর্বব্যাপী।

عَامّ : সাধারণ, সর্বজনীন, যৌথ। স্ত্রী عَامَّة ব عَوَامّ

الأَمْنُ العَامّ : গণ-নিরাপত্তা।

~ الرَّأى : জনমত।

~ النَّفْع العَامّ، الصَّلَاح : জনকল্যাণ।

قَاعِدَة عَامَّة : সাধারণ নিয়ম।

مَبْدَأ عَامّ : সাধারণ নীতি।

~ مُدِير : মহাপরিচালক।

عَامَّة : সাধারণত্ব, সার্বিকতা; জনগণ।

عَامَّةُ النَّاسِ : সাধারণ মানুষ।

الخَاصَّة وَالعَامَّة : ছোট বড় সকলে, প্রত্যেক।

عَامَّةً : সাধারণত; সাধারণভাবে, সর্বতোভাবে।

عَامِّيّ : সাধারণ, প্রচলিত; অশিষ্ট, ইতর।

اللُّغَة العَامِّيَّة، العَامِّيَّة : আঞ্চলিক ভাষা, কথ্যভাষা।

العَوَامّ : সাধারণ মানুষ।

أَعَمّ : ব্যাপকতর।

تَعْمِيم : সাধারণকরণ, সর্বজনীনকরণ।

مُعَمّ : যাহার অনেক চাচা আছে।

مُتَعَمِّم، مُعَمَّم : পাগড়ি পরিহিত, পাগড়িধারী, পাগড়িওয়ালা, নেতা, সাধারণ।

عَمَتَ - : (عَمْت) عَمَّتَ লাঠি দ্বারা প্রহার করা। বশীভূত করা।

عَمِيتَة : পশমের থাক। ব اعْمِتَة، عُمُت।

عِمِّيت : সতর্ক প্রহরী; মাতাল; অজ্ঞ, অক্ষম। ব عَمَامِيت

عَمَجَ - (عَمْج) দ্রুত চলা।

عَمَجَ فِى المَاء : সাঁতার কাটা।

~، تَعَمَّجَ : চলার সময়ে পাক খাওয়া; আঁকিয়া বাঁকিয়া যাওয়া।

عَوْمَج، عُمَّج، عَمَّج : সর্প; সরীসৃপ।

عَمَدَ - : (عَمْد) ঠেকনা দেওয়া, ঠেস দেওয়া।

~ لِ، إِلَى : মনস্থ করা; সিদ্ধান্ত করা; আশ্রয় লওয়া; গমন করা; দায়িত্ব লওয়া; অগ্রসর হওয়া; মনোযোগ দেওয়া; নিয়োজিত হওয়া।

عَمِدَ - : (عَمَد) বিস্মিত হওয়া; ক্রুদ্ধ হওয়া; (মাটি) আর্দ্র হওয়া।

~ بِ : লাগিয়া থাকা, আঁটিয়া থাকা।

عَمَّدَ : (تَعْمِيد) খ্রিস্টধর্মে দীক্ষিত করা; থামাইয়া দেওয়া; বাধা দেওয়া।

أَعْمَدَ : (إِعْمَاد) ঠেকনা দেওয়া; ঠেস দেওয়া; খ্রিস্টধর্মে দীক্ষিত করা।

تَعَمَّدَ : করিতে মনস্থ করা; ইচ্ছাকৃতভাবে করা: খ্রিস্টধর্মে দীক্ষিত হওয়া।



www.pathagar.com

اِعْتَمَدَ : (اِعْتِمَاد) খ্রিস্টধর্মে দীক্ষিত হওয়া; ব্যবহার করা; পাকাপাকি করা; অনুমোদন করা; ঋণ দেওয়া।

~ عَلَى : নির্ভর করা; ভর দেওয়া; নির্ভরশীল হওয়া; বিশ্বাস করা; ভিত্তি করা।

تَعَمُّد، عَمْد : ইচ্ছা, উদ্দেশ্য, লক্ষ্য; সিদ্ধান্ত; পূর্ব পরিকল্পনা।

تَعَمُّدًا، عَمْدًا : ইচ্ছাকৃতভাবে, পূর্বপরিকল্পিতভাবে।

تَعَمُّدِيّ، عَمْدِيّ : ইচ্ছাকৃত, পূর্বপরিকল্পিত।

عَمِد : বর্ষণসিক্ত, আর্দ্র (স্থান)।

عُمْدَة : ঠেকনা; খুঁটি; প্রধান বিষয়; গ্রাম-প্রধান। সম্প্রদায়-প্রধান, (শহরের) মেয়র; কমিটি।

عِمَاد : স্তম্ভ, খুঁটি, ঠেকনা; খ্রিস্টধর্মে দীক্ষা। ব عُمُد

رَفِيع العِمَاد : মহৎ, সম্ভ্রান্ত।

~ طَوِيل : অতিথিবহুল।

أَهْلُ العَمَد، أَهْلُ العَمُود، أَهْلُ العِمَاد : যাযাবর।

عِمَاد الدَّوْلَة : আবুল হাসান আলী ইবনে বুওয়াইহি (মৃ ৯৪৯ খ্রি. বানু বুওয়াইহি-এর প্রথম নৃপতি)।

عَمُود (ব عُمُد، أَعْمِدَة ব) عَامُود : (ব عَوَامِيد) খুঁটি; স্তম্ভ, দণ্ড; ভিত্তি; ঠেকনা; দলপতি, পরিবার-প্রধান; পুস্তক বা সংবাদপত্রের কলাম, column.

العَمُود الفَقْرِيّ، العَمُود الشَّوْكِيّ : মেরুদণ্ড।

عَمُودِي : স্তম্ভাকার, ঠিক খাড়া।

طَائِرَة عَمُودِيَّة : হেলিকপ্টার।

عَمِيد : প্রধান কর্মকর্তা; নেতা; (বিদ্যালয়ের) প্রধান শিক্ষক; (কলেজের) অধ্যক্ষ; (অনুষদের) ডীন; ব্রিগেডিয়ার জেনারেল; কর্নেল; লেফটেনেন্ট কর্নেল; গুরুতর অসুস্থ ব্যক্তি। ব عُمَدَاء

اِعْتِمَاد : নির্ভরতা, নির্ভরশীলতা, আস্থা, বিশ্বাস; প্রত্যয়; সমর্থন, অনুমোদন; খ্রিস্টধর্মে দীক্ষা।

~ : ঋণ। ব اِعْتِمَادَات

اِعْتِمَاد إِضَافِيّ : অতিরিক্ত ঋণ, বর্ধিত ঋণ।

~ مَالِيّ : তহবিল।

الاِعْتِمَاد عَلَى النَّفْس : আত্মনির্ভরশীলতা; আত্মপ্রত্যয়।

~ عَلَى الغَيْر : পরনির্ভরশীলতা।

كُتُب الاِعْتِمَاد، أَوْرَاق الاِعْتِمَاد : পরিচয় পত্র।

خِطَابُ اِعْتِمَاد : ঋণপত্র।

تَعْمِيد : খ্রিস্টধর্মে দীক্ষিতকরণ।

مُعَمَّد : দীর্ঘকায়; খ্রিস্টধর্মে দীক্ষা গ্রহণকারী।

مُعْتَمِد : মনস্থকারী; সংকল্পকারী; নির্ভরকারী।

مُعْتَمَد : নির্ভরযোগ্য; বিশ্বস্ত; অনুমোদিত; প্রতিনিধি; রাষ্ট্রদূত;

المُعْتَمَد السَّامِيّ : হাই কমিশনার।

مُعْتَمَد عَلَيْه : নির্ভরযোগ্য, বিশ্বস্ত।

مُعْتَمَدِيَّة : কূটনৈতিক প্রতিনিধিবর্গ, কূটনৈতিক প্রতিনিধির বাসস্থান।

مَعْمُودِيَّة : খ্রিস্টধর্মে দীক্ষা।

عَمَرَ ـُ : (عَمْر) বাস করা, বসতি স্থাপন করা; দীর্ঘজীবী করা।

~ ب : বসতি স্থাপন করা; বসতিপূর্ণ হওয়া।

~ ـَ : (عَمْر، عُمْر) عَمِرَ ـَ (عَمَر) দীর্ঘজীবী হওয়া।

~,~, عَمُرَ ـُ : (عَمَارَة) সমৃদ্ধিশালী হওয়া।

عَمَّرَ : (تَعْمِير) দীর্ঘজীবী হওয়া; দীর্ঘজীবী করা; সমৃদ্ধিশালী করা; নির্মাণ করা; সজ্জিত করা; (প্রদীপে তেল, বন্দুকে গুলি) ভরা।

أَعْمَرَ : (إِعْمَار) সমৃদ্ধ করা, বসতিপূর্ণ করা; উপনিবেশ স্থাপন করা; উমরা পালন করা।

اِعْتَمَرَ : (اِعْتِمَار) মাথায় পাগড়ি বাঁধা; গমন করা, পরিদর্শন করা; উমরা পালন করা।

اِسْتَعْمَرَ : (اِسْتِعْمَار) উপনিবেশ স্থাপন করা; বাসস্থান দেওয়া; আবাদ করতে বলা।

عَمْر : জীবন, জীবনকাল; ধর্ম। ব أَعْمَار

عُمْر، عُمُر : বয়স, জীবন, জীবনকাল। ব أَعْمَار



www.pathagar.com

نِصْف عُمْر : ব্যবহৃত বস্তু, Second hand.

عَمَر : ধর্ম; স্ত্রীলোকের মস্তকাবরণ।

عَمْرَة : শিরভূষণ, মুকুট, পাগড়ি; প্যারাসুট।

عُمْرَة : উমরা। ব عُمَر، عُمَرَات

عُمْرَى : জীবন ভাতা, চাষাবাদ।

عَمَار : অভিবাদন।

عَمَّار : চাষাবাদকারী, রাজমিস্ত্রি, স্থপতি; ন্যায়পরায়ণ; শান্ত, ধীরস্থির।

عَمَّاربن يَاسِر : আম্মার ইবনে ইয়াসির (রা), একজন বিশিষ্ট সাহাবী। ইয়াসির পরিবার কাফিরদের হাতে চরমভাবে লাঞ্ছিত হয়েছিল।

عَمَارَة : বহর, নৌবহর।

عِمَارَة : ভবন, অট্টালিকা; গোত্র। ব عَمَائِر، عِمَارَات

صِنَاعَة العِمَارَة : স্থাপত্য শিল্প।

عَامِر : বসতিপূর্ণ; পরিপূর্ণ; সুসজ্জিত; আবাদ (জমি); উন্নত, সমৃদ্ধ।

عَامِر البَيْت : সাপ।

أُمّ عَامِر : হায়না।

مَعْمُور، عَمِير : আবাদ (জমি); বসতিপূর্ণ (স্থান)।

المَعْمُورَة، المَعْمُور : পৃথিবী।

عَمِيرَة : মৌচাক; সংখ্যাবহুল গোত্র। ব عَمَائِر

عُمَيْرَة : ক্ষুদ্র গোত্র, উপগোত্র।

عُمْرَان : উন্নতি, সমৃদ্ধি; সংস্কৃতি; ভবন, অট্টালিকা।

أعْمَر : অধিকতর বসতিপূর্ণ; অধিকতর জনবহুল; সমৃদ্ধ।

إِسْتِعْمَار : উপনিবেশ স্থাপন; উপনিবেশবাদ, সাম্রাজ্যবাদ।

إِسْتِعْمَارِيّ : উপনিবেশ স্থাপনকারী; ঔপনিবেশিক; উপনিবেশবাদী, সাম্রাজ্যবাদী।

إِسْتِعْمَارِيَّة : উপনিবেশবাদ; সাম্রাজ্যবাদ।

تَعْمِير : নির্মাণ; মেরামত; পূর্ণকরণ; সমৃদ্ধকরণ।

مَعْمَر : বসতিপূর্ণ অঞ্চল।

مُعَمِّر : উপনিবেশবাদী; দীর্ঘজীবী।

مُعَمَّر : বয়স্ক, বয়োবৃদ্ধ।

مِعْمَارِيّ، مِعْمَار : স্থপতি, রাজমিস্ত্রি; নির্মাণকারী।

مُهَنْدِس مِعْمَارِيّ : স্থপতি, স্থাপত্য-প্রকৌশলী।

هَنْدَسَة مِعْمَارِيَّة، الفَنّ المِعْمَارِيّ : স্থাপত্যশিল্প।

مُعْتَمِر : পরিদর্শনকারী, পাগড়ি পরিধানকারী, উমরা পালনকারী।

مُسْتَعْمِر : উপনিবেশবাসী; ঔপনিবেশিক; সাম্রাজ্যবাদী; জবরদখলদার।

مُسْتَعْمَرَة : ডমিনিয়ন, অধিরাজ্য, dominion. ব مُسْتَعْمَرَات

عَمَسَ : ـُ (عَمْس) (লেখা) বিকৃত হওয়া, অস্পষ্ট হওয়া; অজ্ঞতার ভান করা।

~ ,أعْمَسَ : লুকাইয়া রাখা।

عَمِسَ - ـَ (عَمَس، عُمْس)ـُ عَمُسَ، عُمُوس، عَمَاسَة) (দিন) অন্ধকার হওয়া, মেঘাচ্ছন্ন হওয়া।

عَامَسَ : (مُعَامَسَة) গোপন কথা বলিয়া দেওয়া; ভণ্ডামি করা, ভান করা।

تَعَامَسَ : ~ عَنْ অমনোযোগী হওয়া, উপেক্ষা করা।

~ عَلَى : অনিশ্চয়তার মধ্যে ফেলা।

عَمِيس، عَمُوس، عَمَاس، عَمْس : জটিল, কঠিন, কঠোর।

عَمْوَاس : জেরুসালেমের নিকটবর্তী একটি প্রাচীন শহর। হযরত ওমর (রা)-এর আমলে এখানে ভয়াবহ প্লেগে কতিপয় সাহাবীসহ প্রায় পঁচিশ হাজার লোক মারা যায়।

مُعَمَّس : কঠিন; অস্পষ্ট, দুর্বোধ্য।

عَمِشَ : (চক্ষু হইতে) পানি পড়া ও ঝাপসা দৃষ্টিসম্পন্ন হওয়া।

~ فِي : ছাপ রাখা।



www.pathagar.com

عَمَّشَ : (تَعْمِيْش) দৃষ্টির অস্পষ্টতা রোগ হইতে আরোগ্য দান করা।

أَعْمَشَ : (إِعْمَاش) সংস্কার করা, মেরামত করা।

تَعَامَشَ : ~ عَنْ অমনোযোগী হওয়া, অবহেলা করা, উপেক্ষা করা।

عَمَش : দৃষ্টির ক্ষীণতা, ঝাপসা দৃষ্টি।

عَمَاش ,~ : চোখের পিচুটি।

أَعْمَش : ঝাপসা দৃষ্টি, দুর্বল দৃষ্টিসম্পন্ন। স্ত্রী عَمْشَاء ব عُمْش

عَمَّصَ : (تَعْمِيْص) (চক্ষু) পিচুটি নির্গত করা।

عُمَاص : চোখের পিচুটি।

عَمِقَ : ـَ (عَمَاقَة، عُمْق) (স্থান) বহুদূর বিস্তৃত হওয়া।

عَمُقَ : ـُ (عَمَاقَة، عُمْق) : গভীর হওয়া।

أَعْمَقَ، عَمَّقَ : (إِعْمَاق، تَعْمِيْق) গভীর করা।

تَعَمَّقَ : ~ فِي গভীরে প্রবেশ করা।

عُمْق، عُمُق، عَمْق : গভীরতা, অন্তস্তল, তলদেশ; দূরত্ব। ব أَعْمَاق

مِنْ أَعْمَاقِ النَّفْسِ، مِنْ أَعْمَاقِ الْقَلْبِ : অন্তরের অন্তস্তল হইতে।

عَمَاقَة : গভীরতা।

عَمِيق : গভীর; দীর্ঘ; সুদূর বিস্তৃত; দূরবর্তী।

عَمِلَ : ـَ (عَمَل) করা, কাজ করা, সম্পন্ন করা; উৎপাদন করা, আচরণ করা; ক্রিয়া করা।

~ عَلَى : নিয়োজিত হওয়া; গভর্নর হওয়া; (রাজস্ব) আদায় করা।

~ فِي : কাজ করা, ক্রিয়া করা; প্রভাবিত করা।

عَمَّلَ : নিয়োগ করা; গভর্নর নিয়োগ করা; কার্যভার অর্পণ করা; (ক্ষত) পুঁজযুক্ত হওয়া।

عَامَلَ : (مُعَامَلَة) আচরণ করা, লেনদেন করা।

أَعْمَلَ : (إِعْمَال) কাজ করানো; উৎপাদন করানো; (যন্ত্র) চালু রাখা, নিয়োগ করা।

تَعَمَّلَ : নিয়োজিত হওয়া, প্রচেষ্টা চালানো।

تَعَامَلَ : পারস্পরিক লেনদেন করা।

إِسْتَعْمَلَ : (إِسْتِعْمَال) নিয়োগ করা, চাকুরি দেওয়া, কাজ করতে বলা; ব্যবহার করা, কাজে লাগানো।

عَمَل : কাজ-কর্ম, ক্রিয়া, শ্রম, পেশা; অভ্যাস; জেলা, প্রদেশ। ব أَعْمَال

صَاحِبُ الْعَمَل : নিয়োগকর্তা, মালিক।

عَمَلِيّ : ব্যবহারিক, ফলিত, বাস্তবভিত্তিক।

عَمَلِيًّا : কার্যত; বাস্তবপক্ষে।

عَمَلِيَّة : কাজ, কর্ম, ক্রিয়া, কর্মতৎপরতা; উৎপাদন; প্রক্রিয়া; অস্ত্রোপচার; ব্যবহার, অভিজ্ঞতা, অভ্যাস। ব عَمَلِيَّات

عَمْلَة : খারাপ কাজ; চুরি, প্রতারণা।

بِعَمْلَتِهِ : হাতে-নাতে।

عِمْلَة : কর্ম-পদ্ধতি; কর্ম; কারিগরি, মজুরি।

عُمْلَة : মুদ্রা, টাকা; মজুরি।

عُمْلَة زَائِفَة : জাল টাকা, নকল মুদ্রা, অচল মুদ্রা।

~ سَهْلَة : সহজ মুদ্রা, soft currency.

~ صَعْبَة : কঠিন মুদ্রা, hard currency.

~ وَرَقِيَّة : কাগজী মুদ্রা।

مُزَيِّف الْعُمْلَة : মুদ্রা জালকারী।

تَهْرِيب ~ : মুদ্রা পাচার।

عَامِل : কার্যকর।

~ : কর্তা; কর্মী; শ্রমিক, মজুর; কর্মচারী, চাকর; গভর্নর; রাজস্ব আদায়কারী। ব عُمَّال

~ : কারণ, কার্যকারণ। ব عَوَامِل

عَمَّال : শ্রমিক।

عَمَالَة : জেলা, বিভাগ, প্রদেশ।

عُمُولَة، عُمَالَة ,~ : মজুরি; দালালি।

عَمُول : শ্রমিক, কর্মচারী।

عَمِيل : দালাল, এজেন্ট, প্রতিনিধি; খরিদ্দার। ব عُمَلَاء

إِسْتِعْمَال : ব্যবহার; অভ্যাস; নিয়োগ।



www.pathagar.com

سَهْل الإِسْتِعْمَال : সহজ ব্যবহার্য।
~ سُوْءُ : অপব্যবহার, দুর্ব্যবহার।
~ أَسَاءَ : অপব্যবহার করা, দুর্ব্যবহার করা।
تَعَامُل : বাণিজ্যিক সম্পর্ক, লেনদেন; কাজ-কারবার; প্রতিক্রিয়া।
مَعْمَل : কারখানা, পরীক্ষাগার। ব مَعَامِل
مَعْمُول : কৃত; সম্পাদিত; প্রস্তুত; কৃত্রিম।
مَعْمُول بِه : কার্যকর; বৈধ, চালু।
مُعَامِل : সহসংঘটক, সহকারবারী।
مُعَامِل الرِّيَاضَة : সহগ, গুণক।
مُعَامَلَة : আচরণ; মেলামেশা, সহযোগ; পারস্পরিক সম্পর্ক, লেনদেন।
مُسْتَعْمِل : ব্যবহারকারী।
مُسْتَعْمَل : ব্যবহৃত; পুরাতন।
عِمْلَاق : দক্ষিণ ফিলিস্তিনে বসবাসকারী একটি প্রাচীন জাতি, আমালিকী; বিশাল, প্রকাণ্ড। ব عَمَالِيق، عَمَالِقَة
عَمَنَ - عَمِنَ - (عَمْن) ~ بِ : বাস করা।
عُمَان : ওমান : ওমান উপসাগরের তীরবর্তী একটি আরব রাজ্য। ইহার রাজধানী মস্কট।
عَمَّان : আম্মান; জর্দানের রাজধানী।
عَمِهَ - : (عَمَه) পথ হারানো; পথ চিহ্নবিহীন হওয়া।
~، عَمَهَ - : (عُمُوه) تَعَامَهَ হতবুদ্ধি হওয়া।
عَامِه، عَمِه : হতবুদ্ধি; কিংকর্তব্যবিমূঢ়। ব عُمَّه
أَعْمَه : পথহারা; চিহ্নবিহীনপথ। স্ত্রী عَمْهَاء ব عُمْه
عَمِيَ - : (عَمًى) تَعَمَّى অন্ধ হওয়া; দৃষ্টিহীন হওয়া; অজ্ঞ হওয়া; (সংবাদ) গোপন থাকা।
~ عَنْ : বিচ্যুত হওয়া; উপেক্ষা করা।
~ عَلَى : অস্পষ্ট হওয়া।
عَمَّى (تَعْمِيَة)، أَعْمَى (إِعْمَاء) : অন্ধ করে দেওয়া; বিপথগামী হওয়া।
~ : অস্পষ্ট করা, গোপন করা, রহস্যাবৃত রাখা; হেঁয়ালি করা, ধাঁধায় ফেলা, দৃষ্টি আড়াল করা, চোখে ধুলা দেওয়া।

تَعَامَى : অন্ধ সাজা।
~ عَنْ : না দেখার ভান করা, চক্ষু বুজিয়া থাকা।
إِعْتَمَى : (إِعْتِمَاء) পছন্দ করা, বাছিয়া লওয়া, অগ্রাধিকার দেওয়া।
عَمَاوَة، عَمِيَّة، عَمَايَة، عَمَاءَة، عَمًى : দৃষ্টিহীনতা, নির্বুদ্ধিতা, অজ্ঞতা; ভ্রষ্টতা, ভ্রান্তি।
عَمَاء : মেঘ।
عُمِّيَّة : অহংকার, ঔদ্ধত্য; ভ্রান্তি।
عَمٍ : অন্ধ। ব عَمُون
أَعْمَى : অন্ধ। স্ত্রী عَمْيَاء (ব عُمْى)
ثِقَة عَمْيَاء : অন্ধ বিশ্বাসী।
~ طَاعَة : অন্ধ আনুগত্য।
تَعْمِيَة : ছদ্মবেশে প্রতারণা।
تَعَامٍ : অন্ধত্ব।
مَعْمَاة : পথহীন প্রান্তর, রাস্তাবিহীন অঞ্চল। ব مَعَامٍ
مُعَمًّى : ধাঁধা, হেঁয়ালি, প্রহেলিকা। ব مُعَمَّيَات
عَنْ : (حَرْف جَارّ) হইতে, সম্বন্ধে, বিষয়ে, কারণে; জন্য; পরে; চেয়ে; অনুসারে।
عَنْ آخِرِهِمْ : তাহাদের সর্বশেষ জন সমেত, সকলকে, সকলে।
عَنْ إِذْنِه ،~ أَمْرِه : তাহার নির্দেশে।
~ بَصِيرَة : বিচক্ষণতার সহিত।
~ حُسْنِ نِيَّة : সরল মনে।
~ حَقٍّ : ন্যায়ত; অধিকারবলে।
~ خَوْف : ভয়ে।
~ رِضًى : স্বেচ্ছায়।
~ سُرُور : সানন্দে, খুশিতে।
~ طَرِيق : মাধ্যমে।
عَنْ دِرَايَة ،~ عِلْم : সজ্ঞানে, জ্ঞাতসারে।
عَمَّا قَلِيل، عَنْ قَلِيل، عَمَّا قَرِيب ،~ قَرِيب : শীঘ্র, একটু পরে, অনতিবিলম্বে।
~ الْيَمِين : ডানপার্শ্বে।
~ يَد : সাহায্যে, মাধ্যমে।



www.pathagar.com

مَاتَ عَنْ وَلَدٍ : সে একটি সন্তান রাখিয়া মারা গিয়াছে।

~ ~ سِتِّينَ سَنَةً : সে ষাট বৎসর বয়সে মারা গিয়াছে।

عَنَّ ـُ : (عَنَن، عَنّ) (اِعْتَنَّ) (اِعْتِنَان) ~ لِ ঘটা, প্রকাশ পাওয়া, রূপলাভ করা।

~ ـِ : (عَنِين) বিলাপ করা, আর্তনাদ করা।

عَنَّنَ : (تَعْنِين) শিরোনাম দেওয়া, লাগাম বাঁধা।

عَانَّ : (مُعَانَنَة) মুখোমুখি হওয়া, বিরোধিতা করা।

أَعَنَّ : (إِعْنَان) গালি দেওয়া; (উট) বাঁধিয়া রাখা; লাগাম বাঁধা।

عُنَّة، عَنَانَة : পুরুষত্বহীনতা।

~ : উট রাখিবার জন্য ঘেরা জায়গা। (ব عُنَن)

عَنَان : মেঘ।

عِنَان : রশি, লাগাম। ব عُنُن، أَعِنَّة

أَطْلَقَ الْعِنَانَ : ~ لِ লাগাম ছাড়িয়া দেওয়া, স্বাধীনতা দেওয়া।

عِنِّين : পুরুষত্বহীন।

عَانّ : মেঘ।

أَعْنَان : (বৃক্ষের) চূড়া; (আকাশের) দিগন্ত।

مِعَنّ : সকল বিষয়ে হস্তক্ষেপকারী।

مَعْنُون : উন্মত্ত।

عَنَّبَ : (تَعْنِيب) (আঙুর গাছে) আঙুর হওয়া, আঙুর উৎপাদন করা।

عِنَب : আঙ্গুর। ব أَعْنَاب

عِنَبَة : একটি আঙ্গুর।

عَنَّاب : আঙ্গুরওয়ালা।

عُنَّاب، عُنَّابَة : কণ্টকময় উদ্ভিদবিশেষ ও উহার ফল ।

عُنْبُب : প্রচুর পানি।

عَنْبَر : আম্বর; জাফরান; এক জাতীয় তিমি মাছ, গুদাম; (জাহাজের) খোল; (হাসপাতালের কিংবা জেলখানার) ওয়ার্ড। ব عَنَابِر

عَنْبَرَةُ الشِّتَاءِ : শীতের তীব্রতা।

عَنْبَرِيّ : আম্বর দ্বারা সুবাসিত, আম্বরী; মিষ্ট ও সুগন্ধ মদ্যবিশেষ।

مُعَنْبَر : আম্বর দ্বারা সুবাসিত।

عَنِتَ ـَ : (عَنَت) : কষ্টে পড়া, অসুবিধায় পড়া, অপরাধ করা।

عَنَّتَ : (تَعْنِيت) কঠোরতা করা, জোরাজুরি করা, কঠিন কাজ করিতে চাপ দেওয়া।

أَعْنَتَ : (إِعْنَات) অসুবিধায় ফেলা; কষ্ট দেওয়া, কঠোর আচরণ করা; ক্লান্ত করা।

تَعَنَّتَ : বিরক্তির উদ্রেক করা; কষ্ট দেওয়া, হতবুদ্ধি করা; প্রশ্ন করিয়া বেকায়দায় ফেলা; একগুঁয়েমি করা, অবাধ্যাচরণ করা।

عَنَت : অপরাধ, পাপ; ব্যভিচার; ভুল, বিরক্তি, কষ্ট, অসুবিধা।

عَنُوت : খাড়া (পর্বত)

إِعْنَات : যন্ত্রণা, উৎপীড়ন, নির্যাতন, চাপ প্রয়োগ।

تَعَنُّت : একগুঁয়েমি, জেদ, অবাধ্যতা।

عَنْتَ : ~ عَنْ পরিহার করা।

عَنْتُوت : পর্বত; হাড়ের ছিদ্র।

عَنْتَرَ : (عَنْتَرَة) (মাছি) ভনভন করা; বিপদের সম্মুখীন হওয়া; বীরত্ব প্রদর্শন করা।

~ بِ : বর্শা দ্বারা আঘাত করা।

عَنْتَر : নীল মাছি।

عَنْتَرَة : জাহিলী যুগের প্রখ্যাত বীর ও মুআল্লাকাতের পঞ্চম মুআল্লাকার অন্যতম কবি আনতারা ইবন শাদ্দাদ (৫২৫-৬১৫ খ্রি.)।

عَنْتَرِيّ : বডিস্, কাঁচুলি। ব عَنَاتِرَة

عُنْثَة، عَنْثَة : শুক্‌না ঘাস।

عَنَجَ ـُ : (عَنْج) : টানা, আকর্ষণ করা; লাগাম টানিয়া থামানো; নোয়ানো; দড়ি দিয়া (বালতি) বাঁধা।

أَعْنَجَ : (إِعْنَاج) টানা; বিন্যস্ত করা; মেরুদণ্ডে ব্যথা অনুভব করা।



www.pathagar.com

عِنَاج : বালতির দড়ি; মেরুদণ্ডের ব্যথা। ব عُنُج، أَعْنِجَة

عَنْجُوج : দীর্ঘদেহী; দীর্ঘগ্রীবা; দ্রুতগামী। ব عَنَاجِيج

عَنْجَد، عُنْجُد : কিশমিশ, মনক্কা।

عَنَدَ ـُ (عُنُود) ـَ عَنِدَ، (عَنَد) ـَ عَنُدَ، ـُ : একগুঁয়েমি করা, জেদ ধরা, জেদী হওয়া, একগুঁয়ে হওয়া, অবাধ্য হওয়া।

~، ~، ~ (عَنْ) : বিচ্যুত হওয়া, পৃথক হওয়া।

عَانَدَ : (مُعَانَدَة) বিদ্রোহ করা, বিরোধিতা করা, প্রতিরোধ করা।

تَعَانَدَ : পরস্পর দ্বন্দ্বে লিপ্ত হওয়া।

إِسْتَعْنَدَ : (إِسْتِعْنَاد) অবাধ্য হওয়া; জেদ ধরিয়া থাকা।

عِنْدَ : (স্থান ও সময় নির্দেশক অব্যয়) তে, এ, সময়ে, নিকটে, মতে, দৃষ্টিতে, যখন।

مِنْ عِنْدِ : নিকট হইতে; নিজ থেকে।

عِنْدِي : আমার কাছে; আমার সাথে।

عِنْدَ مَا : যখন, যখনই।

عِنْدَئِذٍ : তখন।

عِنْدَكَ : থাম, দাঁড়াও।

عَنَد : পার্শ্ব, প্রান্ত।

مُعَانَدَة، عِنَاد : বিরোধিতা, অবাধ্যতা, শত্রুতা; একগুঁয়েমি, জেদ।

مُعَانِد (ব عُنُد) : عَنِيد، عَانِد বিরোধী, অবাধ্য, একগুঁয়ে, জেদী।

عِنْدَاوَة : প্রবঞ্চনা, চাতুরী।

عَنْدَلِيب : বুলবুল (পাখি)। ব عَنَادِل

عَنْدَم : লাল রং উৎপাদক কাঠবিশেষ।

عَنْدَمِيّ : গাঢ় লাল।

عَنَزَ ـُ (عَنْز) إِعْتَنَزَ (إِعْتِنَاز) إِسْتَعْنَزَ (إِسْتِعْنَاز) ~ عَنْ এড়াইয়া যাওয়া, সরিয়া থাকা।

عَنْز : এক বৎসর বয়সী বকরি, সারসবিশেষ। ব أَعْنُز، عُنُوز، عِنَاز

عَنَزَة : অগ্রভাগে সুচালো পেরেকযুক্ত ছোট লাঠি। ব عَنَزَات، عَنَز

عَنَسَ ـ : (عَنْس) (কাঠ) বাঁকা হওয়া।

~ ـُ ـَ عَنَسَ ـَ : (عُنُوس، عِنَاس) দীর্ঘকাল অবিবাহিত থাকা।

عَنَّسَ : অবিবাহিত রাখা।

أَعْنَسَ : (বয়স) চেহারা নষ্ট করিয়া দেওয়া।

عَنْس : শক্তিশালী উষ্ট্রী; প্রস্তর; ঈগল। ব عُنُوس، عِنَاس

عَانِس : অবিবাহিত।

~ : অবিবাহিত নারী, কুমারী। ব عَوَانِس

عِنَاس : আয়না। ব عُنُس

عَنَشَ ـُ (عَنْش) (কাঠ) বাঁকা হওয়া, কষ্ট দেওয়া, বিরক্ত করা।

عَانَشَ (مُعَانَشَة)، إِعْتَنَشَ (إِعْتِنَاش) : ঘাড় ধরিয়া আনা।

تَعَانَشَ : ঘাড় ধরা।

أَعْنَش : ছয় আঙুলবিশিষ্ট।

أَعْنَصَ : (إِعْنَاص) কেশবহুল হওয়া।

عِنَاص : আলুলায়িত কেশ।

عُنْصُر : মূল; জাতি; বংশ, বর্ণ; উপাদান। ব عَنَاصِر

عُنْصُرِيّ : মৌল, জাতিগত; বর্ণবাদী, উপাদান সংক্রান্ত।

عُنْصُرِيَّة : বর্ণবাদ; গোত্রবাদ।

عُنْصُل : একজাতীয় উদ্ভিদ। ব عَنَاصِل

عَنْعَنَ : ( "عَنْ فُلَانٍ عَنْ فُلَانٍ" : অমুক হইতে অমুকে (বর্ণনা করিয়াছেন) এই ধারায় (হাদীসের) সূত্র বলা; দীর্ঘশ্বাস ফেলা, বিলাপ করা।

مُعَنْعَن : ( "عَنْ فُلَانٍ عَنْ فُلَانٍ" : অর্থাৎ অমুক হইতে অমুকে (বর্ণনা করিয়াছেন) এই সূত্র ধারায় বর্ণিত (হাদীস)।

عَنُفَ ـُ : (عَنَافَة، عُنْف) ~ بِ، عَلَى কঠোর আচরণ করা; দুর্ব্যবহার করা।



www.pathagar.com

عَـنَّـفَ : (تَـعْـنِـيْـف) তীব্র ভর্ৎসনা করা, তিরস্কার করা।

أَعْـنَـفَ : কঠোর আচরণ করা, দুর্ব্যবহার করা।

إِعْـتَـنَـفَ : (إِعْـتِـنَـاف) বলপূর্বক গ্রহণ করা; অপছন্দ করা; অসন্তুষ্ট করা; ভিন্নমত হওয়া; প্রতিকূল হওয়া।

عُـنْـف، عَـنْـف : বল, জোর; তীব্রতা, প্রচণ্ডতা; কঠোরতা।

خَرَجُـوا عَنْـفًا عَنْـفًا : তাহারা একজন করিয়া বাহির হইয়া গেল।

عُنُفَة، عُنْفَة : শুরু, সূচনা।

عُنُفَةً، عُنْفَة : নূতনভাবে, পুনরায়।

عَـنِـيْـف : প্রচণ্ড, তীব্র; কঠোর। ব عُنُف

عُـنْـفُوَان : সূচনা, প্রারম্ভ।

عُـنْـفُوَان الـشَّـبَاب : প্রথম যৌবন।

إِعْـتِـنَـافًا : পরোক্ষভাবে।

تَـعْـنِـيْـف : তীব্র ভর্ৎসনা, তিরস্কার।

مُـعْـتَـنِـف : পরোক্ষ।

عَـنِـقَ : ـَ (عَـنَـق) দীর্ঘগ্রীবা হওয়া, সরু ঘাড়বিশিষ্ট হওয়া।

عَـنَّـقَ : (تَـعْـنِـيْـق) গলা ধরা, টুঁটি চাপিয়া ধরা; হতাশ করা; (খেজুর) পাকিতে আরম্ভ করা।

عَـانَـقَ : (مُـعَـانَـقَـة) বুকে বুকে জড়িয়ে ধরা, কোলাকুলি করা, গলায় গলায় খাতির করা।

أَعْـنَـقَ : (إِعْـنَـاق) ঘাড় লম্বা হওয়া; বড় বড় পায়ে দ্রুত হাঁটা।

تَـعَـنَّـقَ : পরস্পর বুকে জড়িয়ে ধরা, কোলাকুলি করা।

إِعْـتَـنَـقَ : (إِعْـتِـنَـاق) একে অপরের গলা ধরা; (মতাদর্শ) গ্রহণ করা।

عُـنُـق، عُـنْـق : গলা, ঘাড়, গ্রীবা; গাছের গুঁড়ি; (ফল বা পাতার) বোঁটা। ব أَعْـنَـاق

عَـنَـق : ঘাড়ের দৈর্ঘ্য; (পশুর) দ্রুত পদক্ষেপ।

عِـنَـاق، مُـعَـانَـقَـة : বুকে জড়িয়ে ধরা, কোলাকুলি।

عَـنَـاق : বাচ্চা ছাগী। ব أَعْـنُـق، عُـنُـوق

عَـنَـاقُ الأَرْضِ : খাটাশজাতীয় তীক্ষ্নদৃষ্টি জন্তুবিশেষ, lynx.

عَـنْـقَـاء : সিংহদেহ-ঈগলচক্ষু সম্পন্ন রূপকথার পাখিবিশেষ।

عَـنِـيْـق : বুকে বুকে ধারক; গলা।

أَعْـنَـق : লম্বা ঘাড়বিশিষ্ট, দীর্ঘগ্রীবা। স্ত্রী, عَـنْـقَـاء ব عُـنْـق

أَعْـتِـنَـاق : গ্রহণ; আলিঙ্গন।

مُـعْـنِـق : কঠিন, উচ্চভূমি। ব مَـعَـانِـيْـق

مِـعْـنَـاق، مُـعَـنَّـق : সুন্দর গ্রীবাবিশিষ্ট। ব مَـعَـانِـيْـق

مِـعْـنَـقَـة : কণ্ঠহার। ব مَـعَـانِـق

مُـعَـنِّـقَـات : উচ্চ পর্বতমালা।

عُـنْـقُـود : থোকা, কাঁদি। ব عَـنَـاقِـيْـد

عَـنْـقَـشَ : (عَـنْـقَـشَـة) ফেরি করা।

~ بِ : ঝুলিয়া থাকা, লাগিয়া থাকা।

عِـنْـقَـاش : ফেরিওয়ালা।

عَـنَـكَ : ـُ (عُـنُـوك، عُـنْـك)، تَـعَـنَّـكَ : (বালি) স্তূপীকৃত হওয়া।

عَـنَّـكَ (تَـعْـنِـيْـك) أَعْـنَـكَ (إِعْـنَـاك) : (দরজা) বন্ধ করা।

عَـنْـك، عُـنْـك : মূল; রাত্রির অংশ; দরজা; প্রধান অংশ।

عَـانِـك : স্তূপীকৃত (বালি)।

عَـنِـيْـك : স্তূপীকৃত বালি। ব عُـنُـك

عَـنْـكَـبُـوت، عَـنْـك : মাকড়সা। ব عَـنَـاكِـب

نَـسِـيْـج الـعَـنْـكَـبُـوت، بَـيْـتُ الـعَـنْـكَـبُـوت : মাকড়সার জাল,

عَـنَـم : লাল রং-এর ফলবিশিষ্ট হেজাজের বৃক্ষবিশেষ; লতাতন্তু, আকর্ষ, tendril.

عَـنَـمَـة : ঠোঁটের ফাঁক।

عَـنَـمِـيّ : লাল, সুন্দর (চেহারা)।



www.pathagar.com

عَنَا : ـُ (عُنُوٌّ) : অনুগত হওয়া।

~ : (عَنْوَةً) : জোরপূর্বক লওয়া। উদ্বিগ্ন করা, গুরুত্বপূর্ণ হওয়া।

~ : ~ بِ উদ্বিগ্ন করা, গুরুত্বপূর্ণ হওয়া।

عَنْوَةٌ : জোর, বল; বন্দিত্ব।

عَنْوَةً : জোরপূর্বক, বলপূর্বক।

عَانٍ : বন্দি; অনুগত; বিপন্ন; যন্ত্রণাগ্রস্ত। ব عُنَاةٌ

عَنْوَنَ : ঠিকানা লেখা; শিরোনাম দেওয়া।

عُنْوَان : (عَنْوَنَة) ঠিকানা; শিরোনাম; নমুনা; চিহ্ন। ব عَنَاوِين

مُعَنْوَن : ঠিকানাযুক্ত; শিরোনামযুক্ত।

عَنَى : ـِ (عِنَايَة، عَنْى) অর্থ করা, মনে করা, মনস্থ করা; ইঙ্গিত করা; অশান্ত করা, উদ্বিগ্ন করা।

~ : (عُنِيٌّ، عَنَايَة) : কষ্ট দেওয়া, অশান্ত করা, উদ্বিগ্ন করা।

~ بِ : রক্ষা করা, হেফাযত করা, গুরুত্ব দেওয়া।

عُنِيَ : উদ্বিগ্ন হওয়া, চিন্তিত হওয়া; যত্নবান হওয়া।

أَعْنِي، يَعْنِي : অর্থাৎ।

هٰذَا لَا يَعْنِيكَ : ইহা তোমার ব্যাপার নহে।

عَنِيَ : (عَنًا) : বন্দি হওয়া।

~ : (عَنَاء) ক্লান্ত হওয়া, কষ্ট পাওয়া, উদ্বিগ্ন হওয়া; কঠোর পরিশ্রম করা।

عَنَّى (تَعْنِيَة) أَعْنَى (إِعْنَاء) : উদ্বিগ্ন করা, কষ্ট দেওয়া; বন্দি করিয়া রাখা।

عَانَى : (عِنَاء) কষ্ট পাওয়া, কষ্ট করা; চেষ্টা করা; প্রয়াশ পাওয়া; ভোগ করা; সহ্য করা; যত্ন লওয়া; চিকিৎসা করা।

تَعَنَّى : ক্লান্ত হওয়া; (কষ্ট) সহ্য করা; কষ্ট করা; কঠোর পরিশ্রম করা।

إِعْتَنَى : (إِعْتِنَاء) ~ بِ যত্ন লওয়া; দেখাশুনা করা; উদ্বিগ্ন হওয়া উৎকণ্ঠিত হওয়া; মনোযোগ দেওয়া।

تَعَنٍّ، عَنِيَّة، عَنَاء : কষ্ট, ব্যথা, যন্ত্রণা; পরিশ্রম।

إِعْتِنَاء، عِنَايَة : যত্ন, দেখাশুনা, মনোযোগ; উদ্বেগ, উৎকণ্ঠা।

العِنَايَة الإِلٰهِيَّة : আল্লাহর অনুগ্রহ।

عِنَايَة طِبِّيَّة : চিকিৎসা-সংক্রান্ত যত্ন।

تَعْنِّي : আমাশয়।

مَعْنًى : অর্থ, তাৎপর্য। ব مَعَان

إِسْم مَعْنًى : গুণবাচক বিশেষ্য, abstract noun.

~ ذُو : অর্থপূর্ণ, তাৎপর্যপূর্ণ।

لَا مَعْنَى لَهُ : নিরর্থক, অর্থহীন।

أَهْلُ المَعَانِي : অধ্যাত্মবাদী।

~ عِلْمُ : অলঙ্কারশাস্ত্র।

مَعْنِيٌّ : সংশ্লিষ্ট, জড়িত, সম্পৃক্ত।

مُعَنًّى : ছন্দবিহীন কবিতা।

مَعْنَوِيٌّ : অর্থবহ, অর্থপূর্ণ, তাৎপর্যপূর্ণ; অভ্যন্তরীণ, অর্থগত; প্রকৃত; কাল্পনিক; আধ্যাত্মিক, মানসিক।

الرُّوح المَعْنَوِيَّة : আত্মিক বল, মনোবল।

مُعْتَنٍ : যত্নবান, মনোযোগী; উদ্বিগ্ন, উৎকণ্ঠিত।

مُعَانَاة : প্রচেষ্টা, কষ্ট।

عَهِدَ : ـَ (عَهْد) জানা, অবগত হওয়া, অবহিত হওয়া; দেখা; মনোযোগ দেওয়া; পর্যবেক্ষণ করা; নিরীক্ষা করা; সাক্ষাৎ করা; ভারার্পণ করা; ক্ষমতা প্রদান করা; প্রতিশ্রুতি দেওয়া; (প্রতিশ্রুতি) পূরণ করা, রক্ষা করা।

~ بِ : অবহিত করা।

~ إِلَى : প্রতিশ্রুতি দেওয়া, প্রতিজ্ঞাবদ্ধ হওয়া, শর্ত আরোপ করা; অসিয়ত করা; উপদেশ দেওয়া, দায়িত্ব গ্রহণ করা।

عَاهَدَ : (مُعَاهَدَة) চুক্তি করা; প্রতিশ্রুতি দেওয়া, প্রতিজ্ঞা করা।

أَعْهَدَ : (إِعْهَاد) নিশ্চয়তা প্রদান করা; নিশ্চিত করা; গ্যারান্টি দেওয়া।



www.pathagar.com

تَعَهَّدَ : দেখাশুনা করা; রক্ষণাবেক্ষণ করা; যত্ন লওয়া; মনোযোগ দেওয়া; পক্ষ সমর্থন করা; দায়িত্ব গ্রহণ করা।

~ ب، ل : প্রতিশ্রুতি দেওয়া; প্রতিশ্রুতিবদ্ধ হওয়া; গ্যারান্টি দেওয়া।

تَعَاهَدَ : পরস্পর চুক্তিবদ্ধ হওয়া।

إِسْتَعْهَدَ : (إِسْتِعْهَاد) ~ مِنْ লিখিত প্রতিজ্ঞা লওয়া; প্রতিশ্রুতি আদায় করা; চুক্তি স্বাক্ষর করানো।

إِسْتَعْهَدَ مِنْ نَفْسِهِ : জীবনপণ করা; জীবনবীমা করা।

عَهْد : জ্ঞান, পরিচয়; খাঁটি; বন্ধুত্ব, নিকট, সান্নিধ্য; পর্যবেক্ষণ;(প্রতিজ্ঞা) পালন, (প্রতিশ্রুতি) রক্ষা; দায়িত্ব প্রদান; ভারার্পণ।

~ : প্রতিজ্ঞা; প্রতিশ্রুতি, শপথ; দায়িত্ব, চুক্তি; গ্যারান্টি; কাল, আমল, যুগ; বৎসরের প্রথম বৃষ্টি। ব عُهُود

العَهْد الجَدِيد : নূতন বাইবেল, New Testament.

العَهْد العَتِيق ,~ القَدِيم : পুরাতন বাইবেল, Old Testament.

ثَابِتُ العَهْد : দৃঢ় প্রতিজ্ঞা; স্থিরবিশ্বাসী।

~ حَدِيثُ : সাম্প্রতিক; নূতন; সদ্যপরিচিত; নবাগত,

~ قَدِيمُ : পুরাতন, সেকেলে; দীর্ঘদিনের পরিচিত, সুদীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন।

~ قَرِيبُ : সাম্প্রতিক, নূতন।

~ نَقْضُ : প্রতিজ্ঞা ভঙ্গকরণ।

~ وَلِيّ : ভাবী উত্তরাধিকারী, যুবরাজ।

فِي عَهْد، عَلَى عَهْد : আমলে, যুগে।

عِهَادَة، عَهْدَة، عَهَد : বসন্তকালীন বৃষ্টি।

عُهْدَة : দায়িত্ব; জামানত; ঝুঁকি; দুর্বলতা; বিক্রয় : চুক্তি।

عُهْدَتُهُ عَلَيْهِ : ইহার জন্য সে দায়ী।

عَهِيد : মিত্র, মিত্রচুক্তিতে আবদ্ধ; প্রাচীন।

عِهْدَان : জামানত, গ্যারান্টি।

إِسْتِعْهَاد : বীমা।

تَعَهُّد : প্রতিশ্রুতি. প্রতিজ্ঞা; সমর্থন; যত্ন, তত্ত্বাবধান, রক্ষণাবেক্ষণ; চুক্তি; দায়িত্বগ্রহণ।

مَعْهُود : বিদিত; নির্দিষ্ট; নিশ্চিত; প্রদত্ত প্রতিশ্রুতি; বর্ষণ সিক্ত।

مُعَاهَد : মিত্র, সন্ধিসূত্রে আবদ্ধ।

مُعَاهَدَة : মৈত্রী, চুক্তি, সন্ধি।

مُعَاهَدَةُ السَّلَامِ : শান্তি চুক্তি।

~ عَدَمِ الإِعْتِدَاء : অনাক্রমণ-চুক্তি।

مُتَعَهِّد : ঠিকাদার, সরবরাহকারী।

مُتَعَاهِد : চুক্তিকারী পক্ষ।

عَهَرَ – عَهَرَ (عَهْر، عَهَر، عَهَارَة، عُهُور) : লম্পট হওয়া।

عَاهَرَ : (مُعَاهَرَة) ~ إِلَى ব্যভিচার করা।

عَهَارَة، عِهْر : ব্যভিচার, লাম্পট্য, দেহব্যবসা।

عَاهِر : ব্যভিচারী, যেনাকারী, লম্পট। ব عُهَّار

عَاهِرَة : ব্যভিচারিণী, চরিত্রহীনা, পতিতা। ব عَوَاهِر

عَاهِل : শাসক, রাজা, সম্রাট; স্বাধীনা (স্ত্রীলোক)। ব عَوَاهِل

عَهَنَ – عَهُنَ (عُهُون) : (খেজুরের ডাল) শুকাইয়া যাওয়া।

~ : (عَهْن) ~ ب অবস্থান করা।

~ مِنْ : প্রস্থান করা।

~ فِي : আগ্রহ দেখানো।

عَهِنَ – عَهَنَ (عَهْن) : (ডাল) ভাঙ্গিয়া যাওয়া, নুইয়া যাওয়া।

عِهْن : পশম, রঙ্গীন পশম। ব عُهُون

عِهْنَة : পশমের গুচ্ছ।

عَاهِن : খেজুরের ডাল; মানবদেহের অঙ্গ; নিঃস্ব; শক্তিহীন; মন্থর। ব عَوَاهِن

رَمَى الكَلَامَ عَلَى عَوَاهِنِهِ : এলোমেলো কথা বলা।



www.pathagar.com

عَاثَ : ـُ (عَوْث)، عَوَّثَ، (تَعْوِيْث) عَنْ ~ বিরত করা; বিরক্ত করা।

تَعَوَّثَ : হতবুদ্ধি হওয়া।

مَعَاث : পথ, রাস্তা।

عَاجَ : ـُ (عَوْج، مَعَاج) পার্শ্বে ফিরানো।

~ عَنْ : পরিত্যাগ করা।

~ بِ : থামা; থামানো।

عَوِجَ : ـَ (عوج)، تَعَوَّجَ، إعْوَجَّ (إعْتِوِجَاج) বাঁকা হওয়া।

عَوَّجَ : (تَعْوِيْج) বাঁকা করা।

إنْعَاجَ : (إنْعِوَاج) বাঁকা হওয়া।

~ عَلَى : ঝুঁকিয়া পড়া।

عَاج : গজদন্ত; সামুদ্রিক কচ্ছপের খোলস; আইভরি ivory.

عَاجِيّ : আইভরি নির্মিত; গজদন্ত-সদৃশ।

عِوَج، إعْوِجَاج : বক্রতা, বাঁক; অসমতলতা।

عِوَج العِظَام، إعْوِجَاج العِظَام : হাড়ের রোগবিশেষ, rickets.

عَوَّاج : গজদন্ত : বিক্রেতা।

أعْوَج : (স্ত্রী عَوْجَاء ব عُوج) مُعَوَّجَ বাঁকা, বক্র।

مُعَوَّجَة : বকযন্ত্র, retort, ব مُعَوَّجَات

عَادَ : ـُ (عَوْد، عَوْدَة، مَعَاد) ~ إلَى ফিরিয়া আসা বা যাওয়া, প্রত্যাবর্তন করা; আপতিত হওয়া; পুনরায় শুরু করা।

~ لِ : প্রত্যাবর্তন করা; উপকারী হওয়া, সুবিধাজনক হওয়া।

~ عَلَى : পূর্বাবস্থায় প্রত্যাবর্তন করা; উল্লেখ করা; সম্পৃক্ত হওয়া; উপকার করা; অনিষ্টকর হওয়া; উদ্ভূত হওয়া; উৎপন্ন হওয়া।

~ بِ : ফিরাইয়া আনা।

عَادَ بِمَعْرُوفِه : অনুগ্রহ করা।

~ عَنْ : ফেলিয়া আসা, ছাড়িয়া আসা।

~ : (عَوْد) হওয়া, সংঘটিত হওয়া।

~ : (عَوْد، عِيَاد، عِيَادَة) (রোগীকে) দেখিতে যাওয়া।

~ : (عَوْد، عِيَاد) : পুনরায় করা।

عَوَّدَ : (تَعْوِيْد) অভ্যস্ত করা, অনুশীলন করানো, প্রশিক্ষণ দেওয়া।

عَاوَدَ : (مُعَاوَدَة) প্রত্যাবর্তন করা; নূতনভাবে নিয়োজিত হওয়া; আবার ফিরিয়া আসা; পুনরায় শুরু করা।

أعَادَ : (إعَادَة) ফিরাইয়া আনা, প্রত্যাবর্তন করানো, ফেরত পাঠানো, ফেরত দেওয়া; পুনরায় করা; পুনরাবৃত্তি করা।

تَعَوَّدَ، إعْتَادَ : (إعْتِيَاد) অভ্যস্ত হওয়া, অভ্যাস করা।

~ : (রোগীকে) দেখিতে যাওয়া।

تَعَاوَدَ : পালাক্রমে করা।

اسْتَعَادَ : (إسْتِعَادَة) ফিরিয়া আসিতে বলা; ফিরাইয়া আনা, ফেরত চাওয়া; পুনরায় করিতে বলা।

عَاد : প্রাচীন আরবের জনৈক ব্যক্তি; তাঁহার নামানুসারে জাতির নাম।

عَاد أولَى : আদিম আ'দ জাতি; ইহাদের নিকট হূদ (আ) নবীরূপে প্রেরিত হন।

~ ثَانِيَة : পরবর্তী আ'দ জাতি; ইহারা সামূদ সম্প্রদায় নামে পরিচিত; ইহাদের নিকট সালেহ (আ) নবীরূপে প্রেরিত হন।

عَادَة : অভ্যাস, স্বভাব, প্রকৃতি; সাধারণ রীতি; প্রথা; প্রচলন। ব عَادَات، عَوَائِد

عَادَةً : স্বভাবত; স্বাভাবিকভাবে।

خَارِقُ العَادَة : ব্যতিক্রমমূলক, অলৌকিক।

~ فَوْقَ : অস্বাভাবিক, অসাধারণ; জরুরী (সভা)।

العَادَة السِّرِّيَّة : হস্তমৈথুন।

جَرَت العَادَةُ : সচরাচর হওয়া; স্বাভাবিক হওয়া, স্বভাবগত হওয়া, অভ্যাস হওয়া।

عَادِيّ : আদী, প্রাচীন; অভ্যাসগত; রীতিসিদ্ধ, সাধারণ, সচরাচর, স্বাভাবিক, নিয়মিত।

عَادِيَّات : প্রাচীন নিদর্শন, পুরাকীর্তি।

عَوْد، عَوْدَة : প্রত্যাবর্তন; পুনরুক্তি, পুনরারম্ভ।



www.pathagar.com

بِعَوْدَةِ الْبَرِيد : ফেরত ডাকে by return mail.

عُود : কাঠ, কাঠি, দণ্ড, খুঁটি; রড্; সুগন্ধি কাঠবিশেষ, abes-wood বীণাবিশেষ lute. ব عِيدَان، أَعْوَاد

عُود الْكِبْرِيت، عُود الثِّقَاب : দিয়াশলাই, ম্যাচের কাঠি।

~ الصَّلِيب : ক্রুশ-কাঠ।

عَوَّاد : বীণাবাদক।

عَائِد : প্রত্যাবর্তনকারী, প্রত্যাবর্তনশীল; উৎপন্ন, লব্ধ।

~ : (রোগীর) দর্শনার্থী। ব عُوَّد ব عَائِدَة স্ত্রী عُوَّاد

عَائِدَة : উৎপন্ন দ্রব্য; মুনাফা, আয়; প্রতিদান; অনুগ্রহ। ব عَوَائِد

عَوَائِد : কর, শুল্ক।

عَوَائِد جُمْرُكِيَّة : বহিঃশুল্ক।

عِيَاد : পুনরুক্তি, পুনরাবৃত্তি।

عِيَادَة : (রোগীর সহিত) সাক্ষাৎ, (ডাক্তারের) রোগী দেখা।

~ : ডাক্তারখানা, ক্লিনিক। ব عِيَادَات

أَعْوَد : অধিকতর হিতকর।

إِعَادَة : ফেরতদান, প্রত্যর্পণ; পুনরায়করণ, পুনরুক্তি, পুনরাবৃত্তি; পৌনঃপুনিকতা।

إِعَادَة الْبِنَاء : পুনঃনির্মাণ।

إِعَادَة التَّنْظِيم ,~ التَّكْوِين : পুনর্গঠন।

~ الْحُقُوق : অধিকার প্রত্যর্পণ, পুনর্বাসন।

~ النَّظَر : পুনর্বিবেচনা।

تَعَوُّد، إِعْتِيَاد : অভ্যাসগঠন।

إِعْتِيَادِيّ : সাধারণ, রীতিসিদ্ধ, সচরাচর, অভ্যাসগত, স্বাভাবিক, নিয়মিত।

كَسْر إِعْتِيَادِيّ : সাধারণ ভগ্নাংশ।

إِسْتِعَادَة : পুনরুদ্ধার।

مَعَاد : প্রত্যাবর্তন; প্রত্যাবর্তনস্থল; মিলনস্থল; গন্তব্য; পরকাল।

مُعَاوِد، مُعْتَاد، مُتَعَوِّد، مُعَوَّد : অভ্যস্ত; সুদক্ষ।

مُعِيد : পুনরাবৃত্তিকারী; শিক্ষকের সহকারী; demonstrator. সক্ষম; প্রদর্শক।

مُعَاوَدَة : অভ্যাস।

إِسْتَعَاذَ، تَعَوَّذَ (مَعَاذ، عِيَاذ، عَوْذ) :ـُ عَاذَ بِ ~ (إِسْتِعَاذَة) আশ্রয় চাওয়া, আশ্রয় গ্রহণ করা।

أَعُوذُ بِاللّٰه : আমি আল্লাহর আশ্রয় প্রার্থনা করি।

عَوَّذَ (تَعْوِيذ) أَعَاذَ (إِعَاذَة) : আশ্রয় দেওয়া; তাবিজ করা; তাবিজ দেওয়া।

مَعَاذ، عِيَاذ، عَوْذ : আশ্রয়; আশ্রয়গ্রহণ; আশ্রয় প্রার্থনা।

مَعَاذَ اللّٰه، الْعِيَاذُ بِاللّٰه : আল্লাহ আমাকে রক্ষা করুন;

تَعْوِيذَة (تَعَاوِيذ ব) تَعْوِيذ (عُوَذ ব) : عُوذَة (ব تَعْوِيذَات) মন্ত্র; তাবিজ; কবচ।

عَوَاذ : অপছন্দ।

عَوَاذًا : অনিচ্ছায়।

عَائِذ : আশ্রয় গ্রহণকারী, শরণার্থী। ব عُوَّذ

عَارَ :ـُ (عَوْر) কানা করা; নষ্ট করা।

عَوِرَ :ـَ (عَوَر) إِعْوَرَّ (إِعْوِرَار) : কানা হওয়া।

عَوَّرَ : (تَعْوِير) কানা করা; নষ্ট করা; মাপ পরীক্ষা করা; ফিরাইয়া দেওয়া।

~ عَنْ : বঞ্চিত করা।

عَاوَرَ : (مُعَاوَرَة) মাপ পরীক্ষা করা; ধার দেওয়া; পালাক্রমে করা।

أَعْوَرَ : (إِعْوَار) কানা করা; (শিকার) নাগালের মধ্যে হওয়া; আত্মপ্রদর্শন করা।

أَعَارَ : (إِعَارَة) ধার দেওয়া।

تَعَوَّرَ : সাময়িক ব্যবহারের জন্য লাভ করা।

تَعَاوَرَ : পালাক্রমে করা বা লওয়া; একে অপরকে ধার দেওয়া; আদান-প্রদান করা; পরস্পর বিনিময় করা; একটির পর একটি আপতিত হওয়া।



www.pathagar.com

اِعْتَوَرَ : (اِعْتِوَار) একটির পর একটি আপতিত হওয়া; রূপদান করা; বাধা প্রদান করা।

اِسْتَعَارَ : (اِسْتِعَارَة) ধার চাওয়া; ধার করা।

عَوَر : একচক্ষুহীনতা; দুর্বলতা।

عَوْرَة : ত্রুটি।

~ : লজ্জা, লজ্জাস্থান; গুপ্তাঙ্গ; স্ত্রীলোক। ব عَوْرَات

عَوَار، عُوَار : দোষ; ত্রুটি; ছিদ্র; ফাটল।

عُوَّار : দোয়েলজাতীয় পক্ষীবিশেষ; চোখের পিচুটি। ব عَوَاوِير

عِيرَة : কৃত্রিম, নকল (দাঁত, চুল)।

عَارِيَّة، عَارِيَة : ধার; ধারের বস্তু। ব عَوَارٍ

أَعْوَر : কানা; একচক্ষুহীন; নিশ্চিহ্ন; চাবুকবিহীন (আরোহী), এক চক্ষুশূন্য বাহন। স্ত্রী عَوْرَاء ব عُور

إِعَارَة : ধার প্রদান, ঋণদান।

إِسْتِعَارَة : ধারকরণ; রূপকালঙ্কার।

إِسْتِعَارِيّ : কৃত্রিম; নকল; রূপকমণ্ডিত।

مُعَار : ধারকৃত।

مُعْوِر : বিপজ্জনক (স্থান); নীতিভ্রষ্ট, চরিত্রহীন।

مُعِير : ঋণদাতা।

مُسْتَعَار : ধারকৃত; কৃত্রিম, নকল; রূপকরূপে ব্যবহৃত।

مُسْتَعِير : ধারকারী; ঋণগ্রহণকারী।

عَازَ – ُ : (عَوْز) প্রয়োজন অনুভব করা; অভাব বোধ করা, আবশ্যক বোধ করা।

عَوِزَ – َ (عَوَز) : অভাবগ্রস্ত হওয়া, দরিদ্র হওয়া।

أَعْوَزَ (إِعْوَاز) : অভাবগ্রস্ত হওয়া বা করা; দরিদ্র হওয়া বা করা।

عَوْز، عَوَز، عَازَة، إِعْوَاز : অভাব, প্রয়োজন, দরিদ্রতা।

عَوِز، عَائِز، أَعْوَز، مُعْوِز : অভাবগ্রস্ত, দরিদ্র।

مِعْوَز، مِعْوَزَة : জীর্ণ বস্ত্র। ব مَعَاوِز

مُعْوِز : দুষ্প্রাপ্য।

مَعَاوِز : প্রয়োজনীয় সামগ্রী।

عَاسَ – ُ : (عَوْس، عَوَسَان) : রাত্রিকালে ঘুরিয়া বেড়ানো।

~ : (عِيَاسَة، عَوْس) দক্ষতার সহিত পরিচালনা করা।

عَوِسَ – َ : (عَوَس) দাঁত বাহির করিয়া হাসা।

عَائِس : সুদক্ষ পরিচালক।

أَعْوَس : হাসিতে গালে টোল ধরা ব্যক্তি। স্ত্রী عَوْسَاء ব عُوس

عُوَيْسَّة : ছোট ছুরি।

عَوْسَج : কাঁটা গাছ বিশেষ।

عَاصَ – َ عَوِصَ، – َ عَوِص : (عِيَاص، عَوَص) إِعْتَاص (إِعْتِيَاص) কঠিন হওয়া, দুর্বোধ্য হওয়া।

عَوَّصَ (تَعْوِيص) أَعْوَص (إِعَاصَة) : কঠিন করিয়া বলা, দুর্বোধ্য করা।

عَاوَصَ (مُعَاوَصَة) : কুস্তি করা।

عَائِص : বন্ধ্যা (নারী)। ব عُوص

عَوِيص، أَعْوَص : দুর্বোধ্য, অবোধগম্য, অস্পষ্ট; জটিল। স্ত্রী عَوْصَاء

إِعْتِيَاص : জটিলতা, দুর্বোধ্যতা।

عَاضَ – ُ : (عَوْض، عِوَض، عِيَاض) ,عَوَّضَ (تَعْوِيض) ,عَاوَضَ (مُعَاوَضَة) ,أَعَاضَ (إِعَاضَة) বিনিময়ে দেওয়া, পরিবর্তে দেওয়া, প্রতিদান দেওয়া; ক্ষতিপূরণ দেওয়া, এওয়াজবদল করা।

لَا يُعَوَّضُ : অপূরণীয়; ক্ষতিপূরণ দেওয়া যায় না এমন।

تَعَوَّضَ، إِعْتَاضَ : (إِعْتِيَاض) বিনিময়ে গ্রহণ করা; পরিবর্তে লওয়া, ক্ষতিপূরণ লাভ করা।

إِسْتَعَاضَ (إِسْتِعَاضَة) : ক্ষতিপূরণ চাওয়া; পরিবর্তে গ্রহণ করা; ক্ষতিপূরণ লাভ করা।

عِوَض : এওয়াজ, বদলি, পরিবর্তে; বিনিময়, ক্ষতিপূরণ।



www.pathagar.com

عِوَضًا مِنْ، عِوَضًا عَنْ : পরিবর্তে, বদলে, এওয়াজে।

عَوْضُ الْعَائِضِين : কস্মিনকাল।

تَعْوِيض : পরিবর্তে প্রদান; ক্ষতিপূরণ; পরিশোধ, প্রত্যর্পণ; পুনঃস্থাপন।

مُعَاوَضَة : বিনিময়, ক্ষতিপূরণ।

عَافَ ـُ : (عَوْف) ~ عَلَى চক্কর দেওয়া।

عَوَّفَ : (تَعْوِيف) মুক্তি দেওয়া।

تَعَوَّفَ : রাত্রিকালে ঘুরিয়া বেড়ানো।

عَوْف : অবস্থা; ভাগ্য; নেকড়ে।

عُوَافَة، عُوَاف : সিংহের রাত্রিকালে বহিয়া আনা শিকার; অপ্রত্যাশিত মুনাফা।

عَاقَ ـُ : (عَوْق) عَوَّقَ (تَعْوِيق) أَعَاقَ (إِعَاقَة) বাধা দেওয়া; আটকাইয়া রাখা; বিলম্বিত করা।

تَعَوَّقَ : বাধাপ্রাপ্ত হওয়া; বিলম্বিত হওয়া; আটকা পড়া।

عَوْق، إِعَاقَة، تَعْوِيق : বাধাদান, বিলম্বিতকরণ।

~ , عُوق : বাধা, প্রতিবন্ধকতা। ব أَعْوَاق

عَوَق : ক্ষুধা।

عَاقَة : বিলম্ব।

عَيَاقَة : চাতুর্য, দক্ষতা।

عَائِق، عَائِقَة : বাধা, প্রতিবন্ধকতা। ব عَوَائِق

~ : বাধাদানকারী; দক্ষ, চতুর। ব عُوَّق

~ : ফুলবাবু; পোশাকি বাবু। ব عَيُّوق، عُيَّاق

عَايِقَة : কুটনী।

عَيُّوق : একটি তারকার নাম, capella.

عَوَّاقَة الْقِطَار : ব্রেক-ভ্যান, break-van.

عَاكَ ـُ : (عَوْك) ~ عَلَى আক্রমণ করা।

تَعَاوَكَ : পরস্পর যুদ্ধ করা, একে অপরকে আক্রমণ করা।

إِعْتَوَكَ (إِعْتِيَاك) : চাপাচাপি করা।

مَعْوَكَة، عَوِيكَة : যুদ্ধ।

عَالَ ـُ : (عَوْل) পথভ্রষ্ট হওয়া; যুলুম করা; অন্যায় করা; বোঝা চাপাইয়া দেওয়া; বিরক্ত করা, উদ্বিগ্ন করা।

~ : (عَوْل، عِيَالَة) أَعَالَ (إِعَالَة) ভরণ-পোষণ করা; দায়িত্ব গ্রহণ করা; রক্ষণাবেক্ষণ করা; পরিবারে সদস্য সংখ্যা অধিক হওয়া; দরিদ্র হওয়া।

~ : (عَوْل)، عَالَ - (عَيْل) : এক দিকে ঝুঁকিয়া পড়া।

~ فِي : সীমা ছড়াইয়া যাওয়া।

عِيلَ : দরিদ্র হইয়া যাওয়া।

عِيلَ صَبْرُهُ، عَالَ صَبْرُهُ : ধৈর্যহারা হওয়া।

عَوَّلَ : (تَعْوِيل) ক্রন্দন করা; বিলাপ করা; আর্তনাদ করা।

~ عَلَى، بِ : নির্ভরশীল হওয়া; সাহায্য চাওয়া; বোঝা চাপাইয়া দেওয়া; সংকল্প করা।

عَيَّلَ : (تَعْوِيل) নিজ পরিবারের প্রতি অবহেলা প্রদর্শন করা।

أَعْوَلَ : (إِعْوَال) (ধনুক) টংকার-ধ্বনি করা; লোভী হওয়া।

عَوْل : ক্রন্দন, বিলাপ, আর্তনাদ, (পরিবারের) ভরণ-পোষণ, রক্ষণাবেক্ষণ, সাহায্যকারী; অন্যায়, যুলুম।

عِوَل : নির্ভরশীলতা; বিশ্বাস, আস্থা; সাহায্যের জন্য চিৎকার; সাহায্যকারী।

عَوِيل : ক্রন্দন, বিলাপ; পরজীবী, পরান্নভোজী।

عَالَة : ছাতা; বোঝা।

عَيِّل : পরিবার, পোষ্য; শিশু।

~ : পরিবারবর্গ, পোষ্যবর্গ। ব عَالَة، عِيَال

عِيَالَة : (পরিবারের) ভরণ-পোষণ, রক্ষণাবেক্ষণ; পরজীবী, পরান্নভোজী।

عَائِل : (পরিবারের) রক্ষণাবেক্ষণকারী; ভরণ-পোষণকারী, সাহায্যকারী; দরিদ্র; অন্যায় পথ।

عَائِلَة : পরিবার। ব عَوَائِل، عَائِلَات

عَائِلِيّ : পারিবারিক।



www.pathagar.com

إِعَالَة : (পরিবার) পালন, ভরণ-পোষণ, রক্ষণাবেক্ষণ; দরিদ্র।

تَعْوِيل : বিলাপ, ক্রন্দন; আর্তনাদ; নির্ভরশীলতা।

مِعْوَل، مِعْوَال : কুঠার, গাঁতি, খনিত্র। ব مَعَاوِل

مُعَوَّل : দৃঢ়সংকল্প।

مُعَوَّل : নির্ভরযোগ্য; নির্ভরতা; বিশ্বাস।

مُعِيل : (পরিবারের) ভরণ-পোষণকারী।

عَامَ ـُ : (عَوْم) সাঁতার কাটা; পানিতে ভাসা।

عَوَّمَ : (تَعْوِيم) সাঁতার কাটানো; ভাসানো; প্লাবিত করা।

عَاوَمَ : (مُعَاوَمَة) এক বৎসর পরপর ফল ধারণ করা; এক বৎসরের জন্য বাগান বা খামার ভাড়া করা; এক বৎসরের চুক্তি করা।

عَامٌ : বৎসর। ব أَعْوَام

عَامِيٌّ : বাৎসরিক, বার্ষিক।

عَامَئِذٍ : সেই বৎসর।

عَوْم : সন্তরণ, সাঁতার।

عَائِم : সন্তরণকারী; ভাসমান।

عَوْمًا، عَائِمًا : সাঁতার কাটিয়া।

عَوَّام : সাঁতারু।

عَوَّامَة : বয়া, ভেলা। ব عَوَّامَات

مُعَاوَمَة : এক বৎসরের চুক্তি।

مُسْتَعَام : নৌকা, জাহাজ।

عَانَ ـُ : (عَوْن) মধ্যবয়সী হওয়া।

عَاوَنَ، عَوَّنَ : (مُعَاوَنَة، تَعْوِين) সাহায্য করা; সমর্থন করা।

اعَانَ : (إِعَانَة) সাহায্য করা; সমর্থন করা; মুক্তি দেওয়া।

تَعَاوَنَ : সহযোগিতা করা; একে অপরকে সাহায্য করা।

إِسْتَعَانَ : (إِسْتِعَانَة) সাহায্য চাওয়া; যৌনকেশ মুণ্ডন করা।

مَعُونَة، عَوْن : সাহায্য, সহায়তা; সমর্থন; ত্রাণ।

بِئْر مَعُونَة : মক্কা ও মদীনার মধ্যবর্তী একটি ঐতিহাসিক স্থান। এইখানে ৬২৬ খ্রিস্টাব্দে আমের ইবনুত তোফায়েল বিশ্বাসঘাতকতা করিয়া সত্তর জন ক্বারী সাহাবীকে হত্যা করে।

عَوْن : সাহায্যকারী, সহকারী; চাকর; প্রহরী। ব أَعْوَان

عَوْنَة : বাধ্যতামূলক শ্রম।

عَانَة : গাধী, বন্য গাধার পাল; পেটের নিম্নদেশ; যৌনকেশ। ব عُون، عَانَات

عَوَان : মধ্যবয়সী (স্ত্রীলোক বা পশু) মধ্যবর্তী। ব عُون

حَرْب عَوَان : প্রচণ্ড যুদ্ধ, অবিরাম যুদ্ধ।

عَوَانَة : উঁচু খেজুর গাছ, বালির মধ্যে বসবাসকারী কীট।

عَوَانِيٌّ : গুপ্তচর।

إِعَانَة : সাহায্যদান; সাহায্য, ত্রাণ; সমর্থন; ভাতা, subsidy.

إِسْتِعَانَة : সাহায্য প্রার্থনা।

تَعَاوُن : সহযোগিতা, পারস্পরিক সাহায্য।

تَعَاوُنِيٌّ : সহযোগিতামূলক; সমবায় সম্বন্ধীয়।

هَيْئَة تَعَاوُنِيَّة، جَمْعِيَّة تَعَاوُنِيَّة : সমবায় সমিতি, সমবায় মূলধন।

تَعَاوُنِيَّة : সহযোগিতামূলক মনোভাব; সহযোগিতা।

مُعِين، مُعَاوِن : সাহায্যকারী, সহায়ক, সহকারী, সমর্থক।

~, صَاحِب الْمَعُونَة : পুলিশ অফিসার।

مُعَاوِنِيَّة : পুলিশ স্টেশন, থানা (ই)।

عَاهَ ـُ : (عَيْه، عُوه) মহামারীতে আক্রান্ত হওয়া, দুর্যোগগ্রস্ত হওয়া, মড়ক লাগা।

عَوَّهَ : (تَعْوِيه) রোগাক্রান্ত করা; ধ্বংস করা, পঙ্গু করা; অক্ষম করা।

أَعَاهَ (إِعَاهَة)، تَعَوَّهَ : রাত্রিকালে বিশ্রামের জন্য যাত্রাবিরতি করা; স্থায়ীভাবে থাকিয়া যাওয়া।



www.pathagar.com

عَاهَة : রোগ, মহামারী, মড়ক; ধ্বংস; দৌর্বল্য; শারীরিক ত্রুটি; অক্ষমতা, বিকলাঙ্গতা। ব عَاهَات

مُتَعَوّه، مَعْيُوه، مُعَوَّه : রোগা, পঙ্গু, বিকলাঙ্গ, অক্ষম, দুর্ভাগ্যপীড়িত।

عَوى : - (عُوَاء) (কুকুর, শৃগাল, নেকড়ে) চিৎকার করা, ডাকা, বিলাপ করা, আর্তনাদ করা।

عَوَّى (تَعْوِيَة) إِعْتَوَى (إِعْتِوَاء) : পাকানো, বাঁকা করা।

عَاوَى : (কুকুর) লেলাইয়া দেওয়া।

إِنْعَوَى : (مُعَاوَيَة) বাঁকা হওয়া।

إِسْتَعْوَى : (কুকুর) লেলাইয়া দেওয়া; ক্ষেপাইয়া তোলা।

عَوَّة : শোরগোল, হৈচৈ, গোলমাল।

عُوَاء : (কুকুর, শৃগাল, কিংবা নেকড়ের) চিৎকার, ডাক, বিলাপ, আর্তনাদ।

عَوَّاء : ঘেউঘেউকারী; কুকুর।

مُعَاوِيَة : যৌনক্ষুধা-তাড়িত কুকুরী, শৃগালছানা।

أَمِير مُعَاوِيَة : আবূ সুফইয়ানের পুত্র এবং উমাইয়া রাজবংশের প্রতিষ্ঠাতা প্রখ্যাত সাহাবী হযরত মু'আবিয়া (রা)। মৃ: ৬৮০ খ্রি.।

أَبُو مُعَاوِيَة : চিতাবাঘ।

عَيِيَ، عَيَّ : - عَيِيَ، عَيَّ (عَيَاء، عَيّ) অক্ষম হওয়া, অপারগ হওয়া; রুগ্‌ণ হওয়া; ক্লান্ত হওয়া।

عَيِيَ فِي الْمَنْطِق، عَيَّ فِي الْكَلَام : রুদ্ধ গতিতে কথা বলা, তোতলানো।

أَعْيَا : (إِعْيَاء) অক্ষম করা, অপারগ করা; ক্লান্ত করা; ব্যর্থ করা; ক্লান্ত হওয়া।

تَعَيَّا، تَعَايَا، إِسْتَعْيَا : (إِسْتِعْيَاء) অক্ষম হওয়া।

عِيّ، عَيّ : ক্লান্তি, দুর্বলতা, অক্ষমতা।

~ : অক্ষম, অপারগ; দুর্বল; ক্লান্ত; তোতলা। ব أَعْيَاء

عَيَاء : অক্ষমতা, দুর্বলতা, ক্লান্তি; রোগ।

دَاء عَيَاء : দুরারোগ্য ব্যাধি।

عَيَّان : অক্ষম; ক্লান্ত; রুগ্‌ণ, পীড়িত।

مُعْيٍ : ক্লান্ত।

عَابَ : - (عَيْب) ত্রুটিপূর্ণ হওয়া; দোষযুক্ত হওয়া, নিন্দনীয় হওয়া।

عَيَّبَ : (تَعْيِيب) নিন্দা করা; ত্রুটিপূর্ণ করা; নষ্ট করা; অসম্মান করা; দোষী করা; দোষ পাওয়া; দোষারোপ করা।

~ عَلَى : উপহাস করা।

عَابَ فِي حَقِّه : দুর্নাম করা।

عَيْب (ব عُيُوب، مَعَاب) مَعَابَة (ব مَعَايِب) : দোষ, ত্রুটি দুর্বলতা; অপবাদ, দুর্নাম, অসম্মান।

عَيْبَة : চামড়ার ব্যাগ, ট্রাঙ্ক, সুটকেস; দোষ, ত্রুটি। ব عِيَاب، عِيَب

عَائِب : ত্রুটিপূর্ণ, দোষযুক্ত।

عَيَّاب : দোষারোপকারী, নিন্দুক, ছিদ্রান্বেষী।

مَعْيُوب، مَعِيب : দোষযুক্ত, ত্রুটিপূর্ণ; অপমানিত, নিন্দিত।

مُعَيِّب : নিন্দুক, ছিদ্রান্বেষী, ব্যাগ প্রস্তুতকারী।

مَعْيُوب، مَعِيب : দোষযুক্ত, ত্রুটিপূর্ণ; অপমানিত, নিন্দিত।

مُعِيب : নিন্দুক, সমালোচক।

عَاثَ : - (عَيْث) নষ্ট করা, ধ্বংস করা।

~ فِي : ক্ষতিসাধন করা, অনিষ্ট করা।

عَاثَ فِي مَالِه : সম্পদ অপচয় করা।

عَيَّثَ : (تَعْيِيث) অন্ধকারে হাতড়ানো।

عَيَّاث، عَيُوث، عَائِث : ক্ষতিকর; সিংহ।

عَاجَ : - (عَيْج) মনোযোগ দেওয়া; যত্ন করা; মুনাফা করা।

مَا عِجْتُ بِه : আমি ইহাতে সন্তুষ্ট নহি।

مَا أَعِيجُ مِنْ كَلَامِه بِشَيْءٍ : আমি তাহার কথায় কর্ণপাত করি না।

عَيْج : মুনাফা।



www.pathagar.com

تَعَيَّسَ : (উট) ধূসরবর্ণ হওয়া।

أَعْيَس : ধূসরবর্ণ (উট)। স্ত্রী عَيْسَاء ব عِيس

عَيْسَاء : স্ত্রী পঙ্গপাল।

عِيسَوِيّ : খ্রিস্টান।

عَاشَ :- (عَيْش، عِيشَة، مَعَاش، مَعِيش، مَعِيشَة) বাঁচিয়া থাকা, জীবন যাপন করা, জীবিকা নির্বাহ করা।

~ عَلَى : খাইয়া বাঁচা।

عَيَّشَ، أَعَاشَ : (إِعَاشَ، تَعْيِيش) বাঁচানো, জীবিত রাখা, বাঁচিতে দেওয়া; খাদ্য যোগানো, জীবিকার ব্যবস্থা করা।

عَايَشَ : (مُعَايَشَة) এক সঙ্গে বাস করা।

تَعَيَّشَ : জীবিকা উপার্জন করা, জীবিকা চাওয়া, জীবিকা বানানো।

تَعَايَشَ : একত্রে বসবাস করা।

عِشْ وَعَيِّشْ : (নিজে) বাঁচ এবং (অপরকে) বাঁচিতে দাও।

عَيْش، عِيشَة : জীবন, জীবন-পদ্ধতি, জীবন-প্রণালী; জীবনযাত্রা; জীবিকা।

~ : খাদ্য, রুটি।

مُسْتَوَى الْعَيْش : জীবনযাত্রার মান।

عَيْش الْغُرَاب : ব্যাঙের ছাতা।

عِيشَة رَاضِيَة : সুখী জীবন।

عَيَّاش : রুটিবিক্রেতা, রুটিওয়ালা, জীবিত, বিলাসজীবী।

عَائِش : আয়শা সিদ্দীকা (রা)। হযরত আবূ বকর (রা)-এর কন্যা ও উম্মুল-মুমিনীন (৬০৩-৬৯৮ খ্রি.)।

إِعَاشَة : উপজীবিকা, খাদ্য।

بِطَاقَة الإِعَاشَة : রেশন-কার্ড।

مُعَايَشَة، تَعَايُش : সহ-অবস্থান।

مَعَاش : জীবিকা; জীবন; জীবন-প্রণালী; আয়, ভাতা; পেনশন।

ذُو الْمَعَاش : পেনশনভোগী।

عَيَّدَ : (تَعْيِيد) উৎসব পালন করা; ঈদ করা।

~ عَلَى : ঈদের শুভেচ্ছা জ্ঞাপন করা।

عِيد : ঈদ, উৎসব, পর্ব। ব أَعْيَاد

عِيدُ الأَضْحَى : ঈদুল-আয্হা, কুরবানীর ঈদ, যুল-হিজ্জা মাসের দশ তারিখে অনুষ্ঠিত ঈদ।

~ الْفِطْر : ঈদুল-ফিত্র। শাওয়াল মাসের ১ তারিখে অনুষ্ঠিত ঈদ।

عِيدِيَّة : ঈদের উপহার, নববর্ষের উপহার।

مُعَايَدَة : ঈদের শুভেচ্ছা বিনিময়।

عَارَ :- (عَيَار، عَيْر) ঘুরিয়া বেড়ানো; চরিয়া বেড়ানো; (সংবাদ) ছড়াইয়া পড়া।

عَيَّرَ : (تَعْيِير) নিন্দা করা, দোষারোপ করা, মন্দ বলা; ক্ষতি করা; (মুদ্রার ওজন ইত্যাদি) যাচাই করা।

عَايَرَ : (مُعَايَرَة) (ওজন, মাপ) আন্দাজ করা, যাচাই করিয়া দেখা, পরিমাপ করা; নিন্দা করা, দোষারোপ করা; গর্ব করা।

أَعَارَ : (إِعَارَة) ধার দেওয়া; (পশু) ছাড়িয়া দেওয়া; (লেজের পশম) উপড়ানো।

تَعَايَرَ : একে অপরের নিন্দা করা, কুৎসা করা; পরস্পর গালাগাল করা।

عَار : লজ্জা, অপমান, অসম্মান; দোষ। ব أَعْيَار

عَيْر : ভবঘুরেপনা।

~ : বন্য গাধা; চক্ষুর তারা; (পাতার) মধ্যশিরা; পর্বত; প্রধান বিষয় বা বস্তু। ব أَعْيَار

عِير : কাফেলা, দল। ব عِيرَات

عِيَار : ওজন বা মাপের মান; পরিমাপ; (বন্দুক বা কামানের) ভিতরের ব্যাস। ব عِيَارَات

عِيَار نَارِيّ : গুলি, shot.

عَيَّار : ভবঘুরে; ক্রেন, crane.

مِعْيَار : ওজন বা মাপের মান; মাপ, পরিমাপ। ব مَعَايِير

مَعَايِر : দোষত্রুটি।

مُعَايَرَة : (ওজন বা মাপ) যাচাই; মান নির্ধারণ; বিদ্রূপ, কটাক্ষ।



www.pathagar.com

أَحَالَ عَلَى المَعَاش، (إِحَالَة) أَحَالَ إِلَى المَعَاش : পেনশন দেওয়া, চাকুরি হইতে অবসর দান করা।

مَعِيشَة، مَعِيش : জীবিকা; জীবন-প্রণালী; জীবন। ব مَعَايِش

عِيص : বংশ, গোত্র। ব أَعْيَاص، عِيصَان

مَعِيص : গাছের ঝোপ।

مِعْيَاص : দুঃসাধ্য।

عَاطَ - : (عَيْط) (গ্রীবা) দীর্ঘ হওয়া।

عَيِطَ - َ : (عَيَط) দীর্ঘগ্রীবা হওয়া।

عَيَّطَ : (تَعْيِيط) উচ্চ চিৎকার করা; ক্রন্দন করা।

~ عَلَى : ডাকা, সম্বোধন করা।

عِيَاط : চিৎকার, হৈচৈ, ডাকাডাকি; ক্রন্দন।

أَعْيَط : দীর্ঘগ্রীবা। স্ত্রী عَيْطَاء ব عِيط

عَافَ - ُ : (عَيَافَان، عِيَاف، عَيْف) (খাদ্য) অপছন্দ করা, ঘৃণা করা; বিরক্তিবোধ করা।

~ - - : (عِيَافَة) (পাখি উড়াইয়া) শুভাশুভ লক্ষণ গ্রহণ করা।

~ عَلَى : (পাখি) শূন্যে চক্কর দেওয়া।

إِعْتَافَ : সফরের জন্য আসবাবপত্রে সজ্জিত হওয়া।

عَيَافَان، عَيْف : অপছন্দ, ঘৃণা, বিরক্তি।

عَيْفَة : পাখির উড্ডয়ন।

عَائِف : অপছন্দকারী, ঘৃণাকারী।

مُتَعَيِّف، عَيَّاف : ভবিষ্যদ্বক্তা।

مَعِيف : অপছন্দনীয় (খাদ্য)।

عَاقَ - : (عَيْق) বাধাপ্রাপ্ত হওয়া।

عَيْقَة : সমুদ্রতীর; গৃহাঙ্গন।

عَيُّوق : ফুলবাবু, পোশাকি বাবু।

عَاكَ - : (عَيَكَان) গর্বভরে চলা।

عَالَ - : (مَعِيل، عَيُول، عَيْلَة، عَيْل) দরিদ্র হওয়া, নিঃস্ব হওয়া।

أَعْيَلَ، عَيَّلَ : أَعْيَلَ : (إِعْيَال، تَعْيِيل) অধিকসংখ্যক পরিবার-পরিজনবিশিষ্ট হওয়া।

~ : (পরিবারের) ভরণ-পোষণ করা।

عَائِلَة، عَالَة، عِيَال، عَيِّل :

عَيْلَة : দারিদ্র্য, অভাব; পরিবার।

عَيَّال : সগর্ব ভঙ্গিমাবিশিষ্ট।

عِيَالَة: খাদ্য; ভরণপোষণ।

عَائِل : দরিদ্র, অভাবগ্রস্ত।

عَائِلَة : পরিবার। ব عَوَائِل

عَائِلِيّ : পারিবারিক।

عَيْلَان : জনৈক ব্যক্তির নাম, তাহার নামানুসারে قَيْسُ عَيْلَان গোত্র।

مُعِيل : পরিবার-প্রধান; বড় পরিবারবিশিষ্ট।

عَامَ - َ : (عَيْمَة، عَيْم) দুগ্ধ-পিপাসু হওয়া।

أَعَامَ : (إِعْيَام) দুধের অভাববোধ করা; দুধ হইতে বঞ্চিত করা।

إِعْتَامَ : (إِعْتِيَام) সেরা জিনিস পছন্দ করা, মনোনীত করা; ঝোঁকা।

عَيْمَة : দুগ্ধ-পিপাসা।

عِيمَة : পছন্দ।

عِيَام : দিন।

عَيْمَان : দুগ্ধ-পিপাসু। স্ত্রী عَيْمَى ব عَيَامَى

عَانَ - : (عَيْن) চোখে আঘাত করা; কুনজরে তাকানো।

~ - - : (عَيَنَان، عَيْن) (পানি, অশ্রু) প্রবাহিত হওয়া।

عَيِنَ - َ : (عِينَة، عَيَن) ডাগরচক্ষু হওয়া।

عَيَّنَ : (تَعْيِين) নির্দিষ্ট করা, চিহ্নিত করা, নির্ধারিত করা; সীমাবদ্ধ করা; নিযুক্ত করা; বরাদ্দ করা; ছিদ্র করা।

~ عَلَى : দৃষ্টি নিবদ্ধ করা, চোখ রাখা।

عَايَنَ : (مُعَايَنَة) দর্শন করা, নিরীক্ষণ করা, পরিদর্শন করা, পর্যবেক্ষণ করা।



www.pathagar.com

تَعَيَّنَ : নির্দিষ্ট হওয়া, নির্ধারিত হওয়া; স্পষ্ট হওয়া; দেখা, দৃষ্টি দেওয়া।

~ عَلَى : নিযুক্ত হওয়া; আরোপিত হওয়া; বাধ্যতামূলক হওয়া।

~ فِي : তালিকাভুক্ত হওয়া।

اِعْتَانَ : (اِعْتِيَان) বাকিতে পণ্যের বিনিময়ে পণ্য বিক্রয় করা।

عَيْن : (স্ত্রী) চক্ষু; দৃষ্টি; নজর; ছিদ্র; ঝরনা; শ্রেষ্ঠাংশ; সারাংশ; প্রকার; সূর্য। ব أَعْيُن، عُيُون

~ : বিশিষ্ট ব্যক্তি, মহৎ ব্যক্তি; নেতৃস্থানীয় ব্যক্তি; নেতা; বৈপিত্রেয় ভাই। ব أَعْيَان

~ : "ع" বর্ণের নাম; নগদ টাকা; একই, নিজ, স্বয়ং।

عَيْن جَالُوت : ফিলিস্তীনের একটি স্থান। এখানে ১২৬০ খ্রিস্টাব্দে সুলতান বাইবার্স ক্রুসেডার্সদের পরাভূত করেন।

~ الجَمَل : আখরোট।

~ السَّمَكَة : পায়ের কড়া, corn.

~ شَمْس : কায়রো নগরীর উপকণ্ঠে অবস্থিত একটি এলাকা। গ্রীকদের প্রদত্ত নাম Heliopolis. এই নামে একটি বিশ্ববিদ্যালয় আছে।

~ الهِرّ : বৈদূর্যমণি, cat's eye.

رَأْيَ العَيْنِ : স্বচক্ষে, চাক্ষুষভাবে।

~ سَوَاد : অক্ষিগোলক।

شَاهِد عَيْن : প্রত্যক্ষদর্শী।

~ فَرْض : শরীআতে যাহা সকলের জন্য বাধ্যতামূলক।

~ مَدَى : যতদূর দৃষ্টি যায়।

مَجْلِس الأَعْيَان : উচ্চ পরিষদ, সিনেট, senate.

بِعَيْنِه : হুবহু; একেবারে; স্বয়ং।

عَلَى الرَّأْسِ وَالعَيْنِ : স্বেচ্ছায়, সানন্দে।

نَزَلَ مِنْ عَيْنِي : আমি তাঁহাকে এতটুকু শ্রদ্ধা করি না।

عَيْنًا بِعَيْنٍ : নগদে।

عَيْنِيّ : চক্ষু সম্বন্ধীয়, চাক্ষুষ, প্রত্যক্ষ; প্রকৃত; পদার্থগত।

عَيْنِيَّة : অনন্যতা, অভেদ; নমুনা।

عَيِّن : যে সহজেই কাঁদিয়া ফেলে।

عَيِّنَة : নমুনা।

عُيَيْنَة : ক্ষুদ্র চক্ষু; ছিদ্র।

عُوَيْنَات : চশমা।

مُعَايَنَة، عِيَان : দর্শন; অবলোকন; নিরীক্ষণ, পর্যবেক্ষণ, পরিদর্শন।

شَاهِد العِيَان : প্রত্যক্ষদর্শী।

بَدَا لِلْعِيَانِ : স্পষ্ট হওয়া, দৃশ্যমান হওয়া।

عِيَانِيّ : স্পষ্ট; প্রত্যক্ষদর্শী।

عِيَانًا : সামনাসামনি।

عَيُون : কুদৃষ্টিসম্পন্ন। ব عِين

أَعْيَن : বিশালাক্ষী, আয়তলোচন, ডাগরচক্ষুবিশিষ্ট। স্ত্রী عَيْنَاء ব عِين

عَائِن : ঝরনা।

مَعْيُون : ঝরনা হইতে প্রবহমান (পানি)।

مُعَيَّن : নেত্রাকার; বিষমকোণী চতুর্ভুজ।

مُعَيَّن : নির্দিষ্ট; নির্ধারিত; চিহ্নিত; নিযুক্ত; বরাদ্দকৃত।

مُعَايِن : দর্শক, নিরীক্ষক, পর্যবেক্ষক, পরিদর্শক।

مُتَعَيِّن : নির্দিষ্ট; তালিকাভুক্ত।



www.pathagar.com

# بـاب الغـيـن



غ : গাইন, আরবী বর্ণমালার উনিশতম হরফ। সংখ্যামান ১০০০।

غَاز : গ্যাস, gas. الغَازَات السَّامَّة। বিষাক্ত গ্যাস। ব غَازَات

غَال : তালা, কুলুপ। ব غَالَات

غَانَة، غَانَا : ঘানা (আফ্রিকার একটি দেশ)।

غَبَّ : ـُ (غِبّ) একদিন পরপর কিংবা কয়েকদিন বিরতির পর আগমন করা।

~ عَلَى : একদিন পরপর আক্রমণ করা।

~ : ـُ (غَبّ) (পানি) গোগ্রাসে গেলা, এক ঢোকে পান করা।

~ : ـ ـ (غُبُوب، غِبّ) (উট) একদিন পরপর পানি পান করা।

~ عَن : একদিন আসা আরেকদিন না আসা।

أَغَبَّ : (إِغْبَاب) নিশি যাপন করা; (গোশত) বাসি হওয়া।

غَبَّبَ : (تَغْبِيب) ~ فِى যত্নহীন হওয়া; ধ্বংস সাধন করা।

~ عَنْ : অকল্যাণ দূর করা।

إِغْتَبَّ : (إِغْتِبَاب) একদিন পরপর সাক্ষাৎ করা; একদিন পরপর (উটকে) পানি পান করানো; একদিন পরপর আক্রমণ করা।

تَغَبَّبَ : পরিণামের প্রতীক্ষা করা।

غِبّ، مَغَبَّة : শেষ, পরিণাম, ফলাফল। ব مَغَبَّات

غِبَّ : পরে। ব أَغْبَابٌ

مَاء غِبّ : বিরতির পর প্রাপ্ত পানি।

غِبًّا : কিছুকাল পরপর।

زَارَ غِبًّا : কিছুকাল পরপর সাক্ষাৎ করা।

زُرْغِبًّا تَزْدَدْ حُبًّا : (আরবী প্রবাদ) কিছুদিন পর পর সাক্ষাৎ কর ভালোবাসা বৃদ্ধি পাবে।

حُمَّى الغِبّ : পালাজ্বর।

غُبّ : নিচু ভূমি; তীরে আছড়াইয়া পড়া তরঙ্গ; ক্ষুদ্র উপসাগর। ব غُبُوب، أَغْبَاب، غُبَّانُ

غَبَّة، غُبَّة : সামান্য পরিমাণ খাদ্য; এক গ্রাস, ঢোক লুকমা।

غَبَب : (গরু, মহিষ ইত্যাদির) গলস্ফোটক, (মোরগের) গলগণ্ড। ব أَغْبَاب

غَبِيب : বাসি (খাদ্য)।

إِغْبَثَّ : (إِغْبِثَاث) ধূসরবর্ণ হওয়া।

غُبْثَة : ধূসর রঙ।

أَغْبَث : ধূসরবর্ণ। স্ত্রী غَبْثَاء

غُبْجَة : ঢোক।

غَبَرَ : ـُ (غُبُور) চলিয়া যাওয়া, অতিবাহিত হওয়া, অতীত হওয়া, বিগত হওয়া; ধূলিবর্ণ হওয়া; থাকা, অব্যাহত থাকা; অবশিষ্ট থাকা।

غَبَّرَ : (تَغْبِير) ধূলি মাখানো; ধূলি উড়ানো।

أَغْبَرَ : (إِغْبَار) ধূলি মাখানো, ধূলি উড়ানো; ধূলিবর্ণ হওয়া।

تَغَبَّرَ : ধূলিময় হওয়া।

إِغْبَرَّ : (إِغْبِرَار) ধূসরবর্ণ হওয়া।

غِبْر : বিদ্বেষ।

غُبْر : (ব أَغْبَار) غُبَّر (ব غُبَّرَات) (দুধের) অবশিষ্টাংশ।

غُبْرَة : ধূলি, ধূলির রং।

غَبَرَة : ধূলি।

غُبَار : ধূলি; মেঘ। ব أَغْبِرَة

لَا غُبَارَ عَلَيْه : পরিষ্কার, স্পষ্ট, নির্দোষ।

غَبِر : দুষ্ট ক্ষত।

غَابِر : অতীত, বিগত। ব غُبَّر، غَوَابِر

القَدِيم الغَابِر، الأزمَان الغَابِرَة। প্রাচীন কাল, অতীত কাল, বিগত যুগ।



www.pathagar.com

أَغْبَر : ধূলিবর্ণ, ধূসরবর্ণ; ধূলিময়। স্ত্রী غَبْرَاء ব غُبْر

الغَبْرَاء : পৃথিবী।

بَنُو الغَبْرَاء : দরিদ্র শ্রেণী।

غُبْرُور : ধূসরবর্ণ চড়ুইপাখি।

غُبَيْرَاء : জোয়া বা ভুট্টার সুরা।

إِغْبِرَار : বিদ্বেষ।

تَغْبِيْرَة : (মরিচ ইত্যাদির) ছিটা।

مُغَبَّر : ধূলিময়।

مُغَبِّرَة : অবিরাম ইবাদতরত ধর্মপ্রাণ শ্রেণী।

غَبَسَ : ـُ (غَبْس) (غَبَس) إغْبَسّ (إغْبَاسّ) অন্ধকার হওয়া, ধূসরবর্ণ হওয়া।

غَبَس، غُبْسَة : অন্ধকার, ধূসরবর্ণ।

أَغْبَس : ধূসরবর্ণা। স্ত্রী غَبْسَاء ব غُبْس

غَبَشَ : ـَ (غَبَش) أَغْبَش (إِغْبَاش) ঠকানো; অন্ধকার হওয়া।

غَبَّشَ : (تَغْبِيْش) অস্পষ্টভাবে দেখা।

تَغَبَّشَ : ঠকানো; দুর্ব্যবহার করা।

غَبَش، غُبْشَة : অন্ধকার; শেষ রাত্রির অন্ধকার; রাত্রির অবশিষ্টাংশ। ব أَغْبَاش

غَبِش، أَغْبَش : (مُغَبَّش) অস্পষ্ট, অস্বচ্ছ, অন্ধকার; কালো। স্ত্রী غَبْشَاء ব غُبْش

غَبَاشَة : অস্পষ্টতা; দৃষ্টির দুর্বলতা।

غَبَطَ - : (غَبْط) অন্যের অনিষ্ট না করিয়া তদ্রূপ কল্যাণ লাভের ইচ্ছা করা, ঈর্ষা করা।

غَبُطَ : সুখী হওয়া।

غَبَّطَ : (تَغْبِيْط) ঈর্ষান্বিত করা; ভাগ্যবান মনে করা; সুখী বলা।

أَغْبَطَ : (إِغْبَاط) জিন বাঁধা, (মেঘ) অবিরাম বৃষ্টিপাত করা।

تَغَبَّطَ : আনন্দিত হওয়া।

إِنْغَبَطَ، ~ : (إِنْغِبَاط) ক্রুদ্ধ হওয়া; উত্তেজিত হওয়া।

إِغْتَبَطَ : (إِغْتِبَاط) আনন্দিত হওয়া, সন্তুষ্ট হওয়া; পরিতুষ্ট হওয়া।

غِبْطَة : অন্যের অনিষ্ট চিন্তা না করিয়া তদ্রূপ কল্যাণ লাভের ইচ্ছা, ঈর্ষা; সুখ, আনন্দ।

غَبِيْط : উষ্ট্র-জিন। ব غُبُط

غَابِط : অন্যের অনিষ্ট চিন্তা না করিয়া তদ্রূপ কল্যাণ লাভের ইচ্ছাপোষণকারী ঈর্ষাকারী। ব غُبَّط

إِغْتِبَاط : আনন্দ, সুখ; সন্তুষ্টি, তৃপ্তি।

مَغْبَطَة : সবুজ গাছপালায় ভরা (স্থান) ঘূর্ণিজলবহুল (নদী)।

مُغَبَّط : ক্রুদ্ধ; কর্দমাক্ত (রাস্তা)।

مُغْتَبِط، مَغْبُوط : সুখী, ভাগ্যবান; আনন্দিত; তুষ্ট, তৃপ্ত।

غَبْغَب : (গরু, মহিষ ইত্যাদির) গলস্ফোটক; (মোরগের) গলগণ্ড। ব غَبَاغِب

غَبَقَ : ـُ (غَبْق) সন্ধ্যায় পানীয় দান করা।

تَغَبَّقَ : সন্ধ্যায় দোহন করা।

إِغْتَبَقَ : (إِغْتِبَاق) সন্ধ্যায় পান করা।

غَبُوق : সান্ধ্য পানীয়; সন্ধ্যায় দোহনকৃত দুগ্ধ।

غَبْقَان : সন্ধ্যায় পানকারী। স্ত্রী غَبْقَى

غَبَنَ : ـُ (غَبْن) (কাপড়) ভাঁজ করা, কুঞ্চিত করা, প্রতারণা করা; লুকাইয়া রাখা; দুর্ব্যবহার করা, যুলুম করা।

غَبِنَ : ـَ (غَبَن) ভুলিয়া যাওয়া, বিস্মৃত হওয়া; উপেক্ষা করা; হাবলা হওয়া, হাবা হওয়া।

تَغَابَنَ : পরস্পর প্রতারিত করা।

إِغْتَبَنَ : বগলের নিচে লুকাইয়া রাখা।

غَبْن، غَبَن : প্রতারণা; দুর্ব্যবহার, যুলুম, অন্যায়। ব غُبُون

غَبَن : নির্বুদ্ধিতা।

غَبْنَة : (কাপড়ের) ভাঁজ, কুঁচি।

غَبَانَة : স্থূলবুদ্ধিতা, হাবাপনা।

غَابِن : প্রতারক, জুয়াচোর; কাপুরুষ; কুড়ে।

غُبُون : দীর্ঘবাহু বানরবিশেষ, গিবন।

غَبِين : বোকা, হাবা।

غَبِينَة : প্রতারণা।



www.pathagar.com

مُغَابَنَة، تَغَابُن : পারস্পরিক প্রতারণা।

يَوْمُ التَّغَابُن : শেষ বিচারের দিন, কিয়ামত।

مَغْبَن : বগল। ব مَغَابِن

مَغْبُون : প্রতারিত; অত্যাচারিত; ক্ষতিগ্রস্ত; বোকা।

غَبِيَ : ـَ (غَبَاوَة، غَبًى) অজ্ঞ হওয়া, অনবহিত হওয়া, স্থূল বুদ্ধি হওয়া। ব أَغْبِيَاءُ

~ مِنْ، عَلَى : অজ্ঞাত হওয়া, অপরিচিত হওয়া।

غَبَّى (تَغْبِيَة) : লুকাইয়া রাখা, ঢাকিয়া রাখা; (চুল) খাটো করা।

أَغْبَى (إِغْبَاء) : (আকাশ) বৃষ্টি বর্ষণ করা।

تَغَابَى : ~ عَنْ অমনোযোগী হওয়া, উপেক্ষা করা; অজ্ঞতার ভান করা।

غَبَاوَة، غَبَاء : অজ্ঞতা, নিবুর্দ্ধিতা, বোকামি।

غَبْوَة : হেঁয়ালি; অমনোযোগিতা, উপেক্ষা।

غَبِيّ : অজ্ঞ, বোকা, নির্বোধ, হাবা, সরল। ব أَغْبِيَاء

غَبْيَة : বর্ষণ। ব غَبَيَات

أَغْبَى : অজ্ঞতর, অধিকতর বোকা; নিবিড় (বৃক্ষ)। স্ত্রী غَبْيَاء

غَتَّ : ـُ (غَتّ) চাপিয়া ধরা; ঢুকানো; ডুবানো; কষ্ট দেওয়া, ক্লান্ত করা।

غَتَّ الضَّحِكَ : হাসি চাপিয়া রাখা।

غَتِلَ : ـَ (غَتَل) (স্থান) বৃক্ষবহুল হওয়া।

غَتِل : বৃক্ষবহুল (স্থান)।

غَتِمَ : ـَ (غَتَم) কথা আটকাইয়া যাওয়া, অশুদ্ধ ভাষায় কথা বলা।

أَغْتَمَ (إِغْتَام) : বারবার সাক্ষাৎ করিয়া ক্লান্ত করা।

غُتْمَة : অশুদ্ধ ভাষা; কূটতর্ক।

أَغْتَم : অশুদ্ধভাষী। স্ত্রী غَتْمَاء ব غُتْم

غُتْمِيّ : ঘন (দুধ)।

غَثَّ : ـَ (غُثُوثَة، غَثَاثَة) কৃষ হওয়া।

~ ـِ (غَثِيث، غَثّ) পুঁজ নির্গত করা।

~ عَلَى : অপ্রীতিকর হওয়া, অসুবিধায় ফেলা।

أَغَثَّ : (إِغْثَاث) কৃশ হওয়া; পুঁজ নির্গত করা।

أَغَثَّ فِي الْكَلَامِ : খারাপ কথাবার্তা বলা।

إِغْتَثَّ : (إِغْتِثَاث) ঘাস খাইয়া মোটাতাজা হওয়া।

إِسْتَغَثَّ : (إِسْتِغْثَاث) পুঁজ বাহির করা।

غَثّ، غَثِيث : কৃষ; নিঃস্ব, দরিদ্র; দুর্বল, নিকৃষ্ট।

غَثِيثَة : পুঁজ।

غُثْمَة : ছাই বর্ণ।

أَغْثَم : ছাই-রঙা। স্ত্রী غَثْمَاء

مَغْثُوم : মিশ্রিত।

غَثَا : ـُ (غُثُوّ) আবর্জনায় পূর্ণ হওয়া।

غَثَى : ـِ (غَثْي) মিশ্রিত করা, বিজড়িত করা; পেটের পীড়াজনিত অস্বস্তিবোধ করা, বমি বমি ভাব হওয়া।

غُثَاء، غُثَّاء : আবর্জনা, গাঁজলা। ব أَغْثَاءُ

غَثْي، غَثَيَان : বমনেচ্ছা, অরুচি, অনিচ্ছা; অসুস্থতা।

غَجَّرَ : (تَغْجِير) তিরস্কার করা, গালি দেওয়া, অভিশাপ দেওয়া।

غَجَرِيّ : যাযাবর, বেদে। ব أَغْجَار

تَغْجِير : তিরস্কার, গালি, অভিশাপ।

غَدَّدَ : (تَغْدِيد) অংশ লওয়া।

أَغَدَّ : (تَغْدِيد) ~ عَلَى রাগান্বিত হওয়া, রাগে ফুলিয়া উঠা।

غَدَد : পশুর মহামারীবিশেষ। ব غِدَاد

غُدَدَة، غُدَّة : স্ফীত মাংসগ্রন্থি, Gland. ব غُدَد

~ : অংশ, ভাগ। ব غَدَائِد

غُدَدِي : গ্রন্থিময়; গ্রন্থি-সম্বন্ধীয়।

مِغْدَاد : রুক্ষস্বভাব, বদমেযাজী।

غَدَرَ : ـُ (غَدْر) বিশ্বাসঘাতকতা করা, অঙ্গীকার ভঙ্গ করা; প্রতারিত করা; কর্তব্যে অবহেলা করা।

~ عَلَى : ক্রুদ্ধ হওয়া, পরিত্যাগ করা।

غَدِرَ : ـَ (غَدَر) : (ভূমি) প্রস্তরময় হওয়া; বৃষ্টির পানি পান করা; (রাত্রি) অন্ধকার হওয়া।



www.pathagar.com

غَادَرَ : (مُغَادَرَة) বিশ্বাসঘাতকতা করা, প্রতারণা করা; ত্যাগ করা, যাত্রা করা।

غَدْرًا : প্রতারণাপূর্বক।

غَدَر، غَدَرَة، غُدَارَة، غُدْرَة : অবশিষ্টাংশ।

~ : অসমতল, কঠিন (ভূমি)।

غَدِير : পুকুর, ছোট নদী। ব أَغْدِرَة، غُدْرَان، غُدُر

عِيد الغَدِير : ১৮ই যিলহজ্জ তারিখে অনুষ্ঠিত শিয়াদের একটি উৎসব।

غَدِير البُسْتَان : সিরিয়ার একটি গ্রাম (কুনায়তারা)।

~ الخُمّ : মক্কা ও মদীনার মধ্যবর্তী জুহফার নিকটস্থ একটি উপত্যকা। বনূ খুযা'আ ও বনূ কিনানার বাসস্থান।

غَدِيرَة : কেশগুচ্ছ, খোঁপা, বেণী। ব غَدَائِر

غَادِر، غَدَّار : বিশ্বাসঘাতক, প্রতারক। ব غُدَّر، غَدَرَة

غَدَّارَة : পিস্তল। ব غَدَّارَات

غَدَارِيف : মেরুদণ্ডের অস্থিখণ্ড।

غَدَفَ : ـُ (غَدْف) غَدَّفَ (تَغْدِيف) ~ فِي : উদার হওয়া।

أَغْدَفَ : (إِغْدَاف) আচ্ছাদিত করা; অবগুণ্ঠিত হওয়া, জাল ফেলা।

غَدَف : প্রাচুর্য।

غُدْفَة : মস্তকাবরণ। ব غُدَف

غُدَاف : দাঁড়কাক; কালো ও লম্বা চুল; কালো ডানা। ব غِدْفَان

غُدَافِيّ : কালো।

غَادِف : যে দাঁড় টানে, দাঁড়ী।

مِغْدَف، غَادُوف : দাঁড়। ব مَغَادِف

غَدِقَ : ـَ (غَدَق) أَغْدَقَ (إِغْدَاق) পর্যাপ্ত হওয়া, প্রচুর হওয়া; পর্যাপ্ত পরিমাণে কিংবা প্রবল বেগে বর্ষিত হওয়া।

أَغْدَقَ : ~ عَلَى প্রচুর পরিমাণে দেওয়া, উদারভাবে দান করা।

غَدَق : প্রচুর পানি, পর্যাপ্ত বৃষ্টি।

غَدِق، مُغْدِق : প্রচুর, পর্যাপ্ত (পানি, বৃষ্টি)।

غَيْدَق : প্রচুর (বৃষ্টি), শস্যবহুল (বছর), কোমল।

غَيْدَاق : প্রচুর, পর্যাপ্ত; উদার; দীর্ঘকায়। ব غَيَادِق

تَغَدَّنَ : নুইয়া পড়া।

إِغْدَوْدَنَ : (إِغْدِيدَان) বর্ধনশীল হওয়া; তাজা হওয়া।

غَدَن : নিদ্রা।

~، غُدُنَة : কোমলতা; অবসন্নতা।

غِدَان : ঝুলাইয়া রাখিবার পিন।

غُدَانِيّ : কোমল।

مُغْدَوْدِن : বর্ধনশীল (কেশ)।

غَدَا : ـُ (غُدُوّ، غُدْوَة) প্রত্যূষে আগমন, গমন কিংবা রওয়ানা করা; পরিণত হওয়া।

غَدِيَ : ـَ (غَدًا) : প্রাতরাশ গ্রহণ করা।

غَدَّى (تَغْدِيَة) : প্রাতরাশ দেওয়া, মধ্যাহ্নের আহার প্রদান করা।

غَادَى : (مُغَادَيَة) প্রত্যূষে সাক্ষাৎ করা।

تَغَدَّى : প্রাতরাশ ভক্ষণ করা, মধ্যাহ্নের আহার করা।

غَد : (আগামী) কাল, সামনের প্রত্যাশিত দিন।

غَدًا، فِي الغَد : আগামীকালে।

بَعْد غَد : আগামী পরশু।

غَدَاء : প্রাতরাশ, মধ্যাহ্নের আহার। ব أَغْدِيَة

غَدَاة : (ব غَدَوَات، غُدُوّ) غُدْوَة (ব غُدًى) غَدِيَّة (ব غَدَايَا) প্রত্যূষ, প্রভাত।

غَدْوَة : আগমন; মধ্যাহ্নের খাদ্য।

غَدِي : আগামীকাল, শীঘ্র আগত।

غَاد : সকালে আগমনকারী।

غَادِيَة : প্রভাতী মেঘ বা বৃষ্টি। ব غَوَادٍ، غَادِيَات، غَوَاد

مَغْدَاة، مَغْدًى : প্রভাতের আশ্রয়স্থল।

غَذَّ : ـُ (غَذّ) পুঁজ নির্গত করা।

أَغَذَّ : (إِغْذَاذ) পুঁজ নির্গত করা; দ্রুত করা।



www.pathagar.com

أَغَذَّ السَّيْرَ، أَغَذَ فِى السَّيْرِ : দ্রুত চলা।

غَذِيذَة : পুঁজ।

غَذِيرَة : ময়দা ও দুধের তৈরি খাদ্যবিশেষ।

غَذَمَ : ـَ (غَذْم) إِغْتَذَمَ، تَغَذَّمَ (إِغْتِذَام) : গোগ্রাসে গিলা।

غُذْمَة : পশুপাল। ব غُذَم

~ ، غَذَمَة : পর্যাপ্ত পরিমাণ দুধ, পশুপাল।

غُذَم، مُتَغَذِّم : পেটুক।

غَذِيمَة : প্রশস্ত (কূপ)। ব غَذَائِم

غَذْمَرَ : (غَذْمَرَة) বহু বস্তু একত্রে মিশাইয়া ফেলা।

تَغَذْمَرَ : ক্রোধে চিৎকার করা।

غَذْمَرَة : চিৎকার, গোলমাল, হৈচৈ; ক্রোধ। ব غَذَامِير

مُغَذْمِر : খামখেয়ালী।

غَذَا : ـُ (غَذْو) খাওয়ানো; খাদ্য পুষ্টিকর হওয়া।

غَذَّى : (تَغْذِيَة) খাওয়ানো, ভরণপোষণ করা, লালনপালন করা।

تَغَذَّى، إِغْتَذَى : (إِغْتِذَاء) খাদ্য লাভ করা, পুষ্টিপ্রাপ্ত হওয়া।

غِذَاء : খাদ্য। ব أَغْذِيَة

غِذَائِيّ : খাদ্যসংক্রান্ত; পুষ্টিকারক।

غَذِيّ : পশুসম্পদ, মেষশাবক। ব غِذَاء

~ غَذَوِيّ : সম্পদ।

غَاذ : লালনপালনকারী। ব غُذَاة

تَغْذِيَة : খাদ্যদান, ভরণপোষণ, লালনপালন।

مُغَذّ : খাদ্যদাতা; পুষ্টিকারক।

غَرَّ : ـُ (غُرُور، غَرّ) ধোঁকা দেওয়া, প্রতারিত করা, ঠকানো; প্রলুব্ধ করা।

غُرَّ مِنَ الْعِلْمِ : সুশিক্ষিত হওয়া।

~ غَرِرَ : ـَ (غَرَارَة) অনভিজ্ঞ হওয়া।

~ : ـ (غَرَارَة، غَرّ) শিশুসুলভ আচরণ করা।

~ : ـَ (غُرَّة، غَرَارَة، غَرَر) উজ্জ্বল ললাটবিশিষ্ট হওয়া; শুভ্র হওয়া; সম্ভ্রান্ত হওয়া।

غَرَّرَ : (تَغْرِير) ধোঁকা দেওয়া, ঠকানো; (পাখি) ডানা বিস্তার করা; (মশক) পূর্ণ করা।

~ ب : ঝুঁকি লওয়া।

غَارَّ : (غِرَار) (বাজার) মন্দা হওয়া; (পশু) সামান্য পরিমাণ দুধ দেওয়া।

أَغَرَّ : (إِغْرَار) হঠাৎ আসিয়া পড়া।

إِغْتَرَّ : (إِغْتِرَار) প্রতারিত হওয়া, ধোঁকা খাওয়া; অমনোযোগী হওয়া, অপ্রস্তুত হওয়া।

إِغْتَرَّ بِنَفْسِه : আত্মশ্লাঘাপূর্ণ হওয়া।

إِسْتَغَرَّ : (إِسْتِغْرَار) প্রতারিত হওয়া; হঠাৎ আসিয়া পড়া।

غَرّ : ভাঁজ, খাত, ফাঁক, ফাটল; তরবারির ধার। ব غُرُور

غِرّ : নূতন, অনভিজ্ঞ; অজ্ঞ; অমনোযোগী, সহজ প্রতারিত ব্যক্তি। ব أَغْرَار

غِرَّة : অমনোযোগ, অবহেলা।

عَلَى غِرَّة : অসতর্ক মুহূর্তে, অপ্রত্যাশিতভাবে।

غُرَّة : (অশ্বের) ললাটস্থ শুভ্রোজ্জ্বল দাগ; ঊষার আলোক; নবচন্দ্র; মাসের প্রথম দিন; প্রথমাংশ; শ্রেষ্ঠাংশ; সদাচার; দাসদাসী। ব غُرَر

غَرَر : ঝুঁকি, বিপদ, ধোঁকা।

غُرَر : মাসের প্রথম তিন দিন।

غِرَار : তরবারির ধার; স্বল্পতা; বাজারের মন্দাভাব।

عَلَى غِرَار، غِرَارًا : দ্রুতবেগে, তাড়াতাড়ি, ন্যায়।

عَلَى غِرَارٍ وَاحِدٍ : একইভাবে, অনুরূপভাবে।

غَرُور، غَرَّار : প্রতারক; প্রতারণাপূর্ণ, প্রবঞ্চনামূলক।

غَرَارَة : অমনোযোগ, অনভিজ্ঞতা, সরলতা।

غِرَارَة : বস্তা, থলি। ব غَرَائِر

غُرُور : প্রতারণা, প্রবঞ্চনা, ধোঁকা, অহমিকা, আত্মশ্লাঘা; অসার জিনিসিপত্র।

غَرِير : প্রতারিত।

~ : অনভিজ্ঞ, সরল। ব أَغِرَّة، أَغِرَّاء



www.pathagar.com

أَغَرّ : সুন্দর, চমৎকার, উজ্জ্বল; ললাটে উজ্জ্বল দাগবিশিষ্ট (ঘোড়া); মহৎ; নেতা। স্ত্রী غَرَّاء ব غُرّ

أَغَرّ مُحَجَّل : অনুপম, অদ্বিতীয়, বিশেষ চিহ্নিত।

مَغْرُور : প্রতারিত; দাম্ভিক; আত্মশ্লাঘাপূর্ণ।

غَرَبَ : ـُ : (غَرْب) চলিয়া যাওয়া, প্রস্থান করা, দূরে যাওয়া।

~ عَنْ : পরিত্যাগ করা, ছাড়িয়া যাওয়া।

~ : ـُ : (غُرُوب) অস্তমিত হওয়া।

غَرِبَ : ـَ : (غَرَب) কালো হওয়া।

غَرُبَ : ـُ : (غَرَابَة) প্রবাসী হওয়া, দেশত্যাগী হওয়া; অদ্ভুত হওয়া, বিস্ময়কর হওয়া; অস্পষ্ট হওয়া; (শব্দ) দুর্বোধ্য হওয়া, অপ্রচলিত হওয়া।

غَرَّبَ (تَغْرِيب) : চলিয়া যাওয়া, ছাড়িয়া যাওয়া, পরিত্যাগ করা; দূরে যাওয়া; পশ্চিমে গমন করা; দেশত্যাগী করা, নির্বাসিত করা; দূরবর্তী ভূমিতে পশু চরানো।

أَغْرَبَ (إِغْرَاب) : পশ্চিমে গমন করা; প্রবাসী হওয়া; অদ্ভুত কিছু বলা বা করা; দ্রুত দৌড়ানো; দূরে চলিয়া যাওয়া; মশক পূর্ণ করা।

~ فِي : অতিমাত্রায় করা, সীমালঙ্ঘন করা।

أَغْرَبَ فِي الضَّحِك : হাসিতে ফাটিয়া পড়া।

تَغَرَّبَ : বিদেশে গমন করা, বিদেশী হওয়া, দেশত্যাগ করা, পশ্চিমা হওয়া, পশ্চিম হইতে আগমন করা।

اِغْتَرَبَ : (اِغْتِرَاب) বিদেশে যাওয়া, দেশত্যাগ করা; বিদেশী বিবাহ করা।

اِسْتَغْرَبَ : (اِسْتِغْرَاب) অদ্ভুত পাওয়া, উদ্ভট মনে করা, অযৌক্তিক ভাবা; পশ্চিমা হওয়া।

غَرْب : পশ্চিম; ধার, তেজ, প্রচণ্ডতা; অশ্রু; অশ্রুপ্রবাহ; বৃহৎ বালতি; দূরত্ব।

الغَرْب : পাশ্চাত্য।

غَرْبًا : পশ্চিমে।

غَرْبِيّ : পশ্চিমা, পাশ্চাত্য, ইউরোপীয়।

غَرَب : রুপার পেয়ালা; স্বর্ণ; মদ।

غُرْب، غُرْبَة، اِغْتِرَاب، تَغَرُّب : প্রবাসজীবন।

غَرْبَة : দূরত্ব।

غُرَاب : কাক; (তরবারির) ধার। ব. أَغْرِبَة، أَغْرُب، غِرْبَان

غُرَابُ البَحْر : অতিভোজী সামুদ্রিক পক্ষিবিশেষ, Cormorant.

~ البَيْن : অশুভ পাখি।

~ الرَّأْس : মস্তকের পশ্চাদ্ভাগ।

غُرَاب ,غُرَاب نُوحِى، غُرَاب القَيْظ ~ الزَّرْع أَسْحَم : দাঁড়কাক।

غَرَابَة : বিস্ময়, বিরল ব্যবহার, দুর্বোধ্যতা, অস্পষ্টতা।

غُرُوب : অস্ত।

غُرُوب الشَّمْس : সূর্যাস্ত।

غَرِيب : অদ্ভুত, বিস্ময়কর, বিরল, দুর্বোধ্য, অপ্রচলিত, অসাধারণ, অপরিচিত।

~ : বিদেশী, প্রবাসী, আগন্তুক। ব غُرَبَاء، أَغْرَاب

غَرِيبَة : বিস্ময়, আশ্চর্য বস্তু, অদ্ভুত ব্যাপার। ব غَرَائِب

غَارِب : স্কন্ধ; পশ্চিম পার্শ্ব; ঊর্ধ্বাংশ; অস্তগামী। ব غَوَارِب

مَغْرِب : পশ্চিম দিক বা দেশ; সূর্যাস্তের সময় বা স্থান। ব مَغَارِب

مَغْرِب الشَّمْس : সূর্যাস্তকাল।

المَغْرِب : পাশ্চাত্য, উত্তর-পশ্চিম আফ্রিকা, মরক্কো।

مَشَارِق الأرض وَمَغَارِبُهَا، المَشْرِقَان والمَغْرِبَان : গোটা বিশ্ব, সারা পৃথিবী।

مَغْرِبِيّ : পশ্চিমা, পশ্চিমদেশীয়, পাশ্চাত্যবাসী।

مُغَرِّب : পাশ্চাত্যগামী।

مُغَرَّب، مُتَغَرِّب : নির্বাসিত ব্যক্তি।

مُغْتَرِب : প্রবাসী, বিদেশী।

مُسْتَغْرَب : অদ্ভুত, বিস্ময়কর, অপ্রচলিত, অসাধারণ।



www.pathagar.com

غِرْبِيب : চমৎকার আঙ্গুর; কৃষ্ণকেশ (বৃদ্ধ)।

غَرْبَلَ : (غَرْبَلَة) চালুনি দ্বারা ঝাড়া, চালা।

غِرْبَال : চালুনি। ব غَرَابِيل

غَرَابِلِيّ : চালুনি প্রস্তুতকারী, চালুনি ব্যবসায়ী।

مُغَرْبَل : চালুনি দ্বারা ঝাড়া হইয়াছে এমন।

غَرِدَ - : (غَرَد) غَرَّدَ (تَغْرِيد) أَغْرَدَ (إِغْرَاد)، تَغَرَّدَ গান করা, গুন্‌গুন্ করা, গাওয়া।

اِسْتَغْرَدَ : (اِسْتِغْرَاد) গান গাওয়ানো।

غَرَد، تَغْرِيد، أُغْرُودَة : কাকলি। ব أَغَارِيد

غَرْد : ঢালু পাহাড়। ব غُرُود

غَرْد، غَرِد، غَرِيد، مُغَرِّد : সঙ্গীতরত, গুন্‌গুন্‌কারী, গায়ক।

طَائِر مُغَرِّد : গায়ক পাখি।

غَرَزَ - : (غَرْز) غَرَّزَ (تَغْرِيز) أَغْرَزَ (إِغْرَاز) পুঁতা, গাড়া, রোপণ করা, প্রবিষ্ট করা।
~ : বিদ্ধ করা।

تَغَرَّزَ، اِغْتَرَزَ : (اِغْتِرَاز) ~ فِي প্রোথিত হওয়া; গভীরে প্রবেশ করা।

اِغْتَرَزَ السَّيْرَ : ভ্রমণের জন্য প্রস্তুত হওয়া।

غَرْز : আরোহীর পা-দান, Footboard. ব غُرُوز

غُرْزَة : সেলাইয়ের ফোঁড়। ব غُرَز

غَرِيزَة : স্বভাব, প্রকৃতি। ব غَرَائِز

غَرِيزِيّ : স্বভাবজাত, প্রকৃতিগত।

مَغْرِز : কুঞ্জবন; উদ্গামস্থল, উদ্ভিদমূল; তামাশা। ব مَغَارِز

مَغْرُوز : প্রোথিত; স্বভাবগত।

غَرَسَ - : (غَرْس)، أَغْرَسَ (إِغْرَاس) রোপণ করা, স্থাপিত করা।

اِنْغَرَسَ : (اِنْغِرَاس) রোপিত হওয়া, প্রোথিত হওয়া, স্থাপিত হওয়া।

غَرْس : রোপণ, স্থাপন।

غَرْس : চারা। ব أَغْرَاس، غِرَاس

~، مَغْرُوس : রোপিত-বৃক্ষ।

غِرَاس : রোপণ, রোপণকাল; রোপিত।

غِرَاسَة : চাষ, উৎপাদন; বৃক্ষরোপণ।

غَرِيسَة : চারা; দাসী। ব غَرَائِس، غِرَاس

مَغْرِس : রোপণস্থল, ক্ষেত; স্ত্রীলোক। ব مَغَارِس

غُرْش : তুর্কী রৌপ্যমুদ্রাবিশেষ। ব غُرُوش

غَرِضَ - : (غَرَض) ~ إِلَى কামনা করা, আকাঙ্ক্ষা করা।

~ مِنْ : ভয় করা, বিরক্তিবোধ করা।

غَرَضَ - : (غَرْض) সময়ের আগেই শাবককে দুধ ছাড়ানো; (পাত্র) পূর্ণ করা।

أَغْرَضَ (إِغْرَاض) : (জিনের পেটি) বাঁধা।

أَغْرَضَ الغَرَضَ : লক্ষ্য অর্জন করা।

تَغَرَّضَ، اِنْغَرَضَ : (اِنْغِرَاض) ভাঙ্গিয়া যাওয়া।

~ لِ : পক্ষপাতিত্ব করা, পক্ষাবলম্বন করা।

اِغْتَرَضَ : নিশানা তাক করা।

اُغْتُرِضَ : যৌবনে মৃত্যুবরণ করা।

اِسْتَغْرَضَ : (اِسْتِغْرَاض) পক্ষপাতিত্বের অভিযোগে অভিযুক্ত করা।

غَرْض : ভাঁজ, ভাঙন। ব غُرْضَان

~ : জিনের পেটি। ব غُرُوض، أَغْرَاض

غَرَض : লক্ষ্য উদ্দেশ্য, ইচ্ছা; স্বার্থ; ঝোঁক, প্রবণতা; পক্ষপাতিত্ব। ব أَغْرَاض

غَرِيض : তাজা, টাটকা। ব أَغَارِيض

غَرَضِيَّة : স্বার্থ, স্বার্থপরতা; পক্ষপাতিত্ব। ব غَرَضِيَّات

تَغَرُّض : পক্ষপাতিত্ব।

مَغْرِض : জিনের পেটি বাঁধিবার স্থান। ব مَغَارِض

مُغْرِض : পক্ষপাতী।

غُرْضُوف : উপাস্থি, কোমলাস্থি।

غَرْغَرَ : (غَرْغَرَة) গড়গড় শব্দ করা; টগবগ করা।

تَغَرْغَرَ : গড়গড়া দেওয়া; (চোখ) অশ্রুসিক্ত হওয়া।

غِرْغِر : তিতির পাখি।

غَرْغَرَة : গড়গড় শব্দ; গড়গড়া; টগবগানি।



www.pathagar.com

غَـرَفَ : ـُ (غَـرْف) অঞ্জলি ভরিয়া লওয়া, চামচ ভরিয়া তোলা, বড় চামচ দিয়া (খাদ্য) পরিবেশন করা; পরিবেশনের জন্য বড় চামচ দ্বারা হাঁড়ি হইতে (খাদ্য) পাত্রে বাড়া।

~ : ـُ (غَـرْف) উদ্ভিদরস দ্বারা (চামড়া) পাকা করা; (উটের মাথায় দড়ি) বাঁধা।

تَغَرَّفَ : সব একবারে লওয়া।

إغْـتَرَفَ : (إغْـتِرَاف) অঞ্জলি ভরিয়া লওয়া, কোষ ভরিয়া লওয়া; চামচ ভরিয়া তোলা।

إنْـغَرَفَ : (إنْغِرَاف) কর্তিত হওয়া, ভাঙ্গিয়া যাওয়া।

غَرْف، غَرَف : চামড়া পাকা করিবার কারখানা।

غِرْفَة : স্যান্ডেল। ব غِرَف

غُرْفَة : কক্ষ, কামরা, প্রকোষ্ঠ, চিলেকোঠা, চেম্বার; কেশগুচ্ছ; উটের মাথায় বাঁধা দড়ি। ব غُرُفَات، غُرَف

غُـرْفَـة السُّفْـرَة، غُرْفَـة الأكْـلِ : ভোজন-কক্ষ, খাবার ঘর, Dining room.

غُـرفَـة تِـجَـارِيَّـة، ~ الـتِـجَـارَة : চেম্বার অফ কমার্স, Chamber of commerce.

~ الـنَّـوْمِ : শয়নকক্ষ, Bedroom.

غُـرْفَة : غُـرْفَة এক অঞ্জলি পানি। ব غِرَاف

غِرَاف : খাদ্যশস্যের মাপবিশেষ।

غَـرَّاف : প্রশস্ত পদক্ষেপে চলে এমন (ঘোড়া); প্রচুর পানিবিশিষ্ট (নদী)।

~ : পানি উঠাইবার জন্য পশুচালিত চাকা, Water-wheel. ব غَرَارِيف

غَـارِفَة : দ্রুতগামী (উষ্ট্রী)। ব غَوَارِف

غَـرِيـف : ঝোপ।

غَـرِيـفَـة : ঝোপ; চপ্পল, স্যান্ডেল।

مِـغْـرَفَـة : বড় চামচ, হাতা। ব مَغَارِف

غَرِقَ : ـَ (غَرَق) ডুবিয়া যাওয়া, নিমজ্জিত হওয়া, ডুবিয়া মরা, ডুব দেওয়া, নিমগ্ন হওয়া।

غَـرَّقَ (تَـغْـرِيْـق) أغْـرَقَ (إغْـرَاق) : ডুবানো, নিমজ্জিত করা, চুবাইয়া মারা; নিমগ্ন করা; প্লাবিত করা।

أغْـرَقَ ~ فِـى : অত্যধিক করা, সীমালঙ্ঘন করা, বাড়াবাড়ি করা, অতিরঞ্জিত করা।

غَـارَقَ : (مُـغَـارَقَـة) নিকটে আসা; আসন্ন হওয়া।

تَـغَرَّقَ : নিমজ্জিত হওয়া; মগ্ন হওয়া।

إغْـتَـرَقَ : (إغْـتِـرَاق) (দৃষ্টি) আকৃষ্ট করা।

إسْـتَـغْـرَقَ : (إسْـتـغْـرَاق) নিমজ্জিত হওয়া; মগ্ন হওয়া; পুরাপুরি লওয়া, শামিল করা, পুরাপুরি অন্তর্ভুক্ত করা; পরিপূর্ণ করা।

إسْـتَـغْـرَقَ فِـى الـضَّـحِـكِ : অট্টহাস্য করা।

~ فِـى الـنَّـوْمِ : গভীর ঘুমে নিমজ্জিত হওয়া।

إغْـرَوْرَقَ : (إغْـرِيْـرَاق) প্লাবিত হওয়া।

إغْـرَوْرَقَـتِ الـعَـيْـنُ بِـالـدَّمْـعِ : চক্ষু অশ্রুসিক্ত হইল।

غَـرْقَـة، غَـرَق : ডুব, নিমজ্জন, প্লাবন, মগ্নতা।

غُـرْقَـة : ঢোঁক। ব غُـرَق

غَـرِيـق : غَـارِق ডুবন্ত, নিমজ্জিত, নিমগ্ন। ব غَـرقَى، غَـرْقَان، غَـرِق

~ : ডুবিয়া মারা গিয়াছে এমন।

غِـرْيَـاق : অতিভোজী সামুদ্রিক পক্ষিবিশেষ।

إغْـرَاق : অতিরঞ্জিত; অতিশয়োক্তি।

~ تَـغْـرِيـق، নিমজ্জিতকরণ, প্লাবিতকরণ, নিমগ্নকরণ।

مُـغْـرِق، مُـسْـتَـغْـرَق : নিমজ্জিত, নিমগ্ন, নিবিষ্ট।

غَـرْقَـلَ : (غَـرْقَـلَـة) পচিয়া যাওয়া; মাথায় পানি ঢালা।

غَـرِلَ : ـَ (غَـرَل) লিঙ্গমুণ্ডের ত্বক ছেদন না করা, খাৎনা না করা।

غُـرْلَـة : লিঙ্গমুণ্ডের ত্বক। ব غُـرَل

أغْـرَل : লিঙ্গমুণ্ডের ত্বক ছেদন করা হয় নাই এমন, অখাৎনাকৃত; শস্যবহুল (বছর); সুখী (জীবন)। স্ত্রী غَـرْلَاء ব غُـرْل

غَـرِمَ : ـَ (غُـرْم، غُـرْم، غَـرَامَـة، مَـغْـرَم) জরিমানা দেওয়া; লোকসান দেওয়া; অন্যের (ঋণ) পরিশোধ করা।



www.pathagar.com

غَرَّمَ، أَغْرَمَ : (إِغْرَام، تَغْرِيم) জরিমানা করা, জরিমানা আদায় করা, কাহাকেও ঋণাবদ্ধ করা।

أُغْرِمَ : ~ بِ গভীরভাবে আসক্ত হওয়া, অনুরক্ত হওয়া।

تَغَرَّمَ : জরিমানা দেওয়া।

~ إِغْتَرَمَ، : (إِغْتِرَام) পরিশোধের দায়িত্ব লওয়া।

إِنْغَرَمَ : (إِنْغِرَام) আসক্ত হওয়া, অনুরক্ত হওয়া।

غُرْم : লোকসান, ক্ষতি।

غَرَام : প্রেম, আসক্তি, অনুরাগ, ঐকান্তিক বাসনা; জরিমানা; শাস্তি; কঠোরতা।

غَرَامَة : জরিমানা, অর্থদণ্ড, ক্ষতিপূরণ।

غَرَامِيّ : আসক্ত, অনুরক্ত, প্রেমসংক্রান্ত বিষয়।

رِسَالَة غَرَامِيَّة : প্রেমপত্র।

غَرِيم : খাতক, ঋণী, ঋণগ্রস্ত; ঋণগ্রহীতা; প্রতিযোগী, প্রতিদ্বন্দ্বী। ব غُرَمَاء

مَغْرَم : ঋণ; জরিমানা; লোকসান; ক্ষতি। ব مَغَارِم

مُغْرَم : আসক্ত; ঋণগ্রস্ত।

مَغْرُوم : আসক্ত।

غَرِنَ ـَ : (غَرَن) (ময়দার তাল) শুকনা হওয়া।

غُرْنَة : চাড়ি।

غَرِين : ক্লেদ, কাদামাটি।

غَرْنَاطَة : গ্রানাডা (স্পেনের সুরম্য নগরী)।

غُرْنُوق، غِرْنِيق : সারস পাখি; সুদর্শন যুবক; সুন্দরী মেয়ে। ব غَرَانِيق

غَرَا ـُ : (غَرْو) غَرَّى (تَغْرِيَة) আঠা দিয়া লাগানো।

غَرِيَ ـَ : (غَرَاء) লাগিয়া থাকা; সাগ্রহে কামনা করা।

غَارَى (مُغَارَاة) : ঝগড়া করা, বিতর্ক করা।

~ بَيْنَ : একত্র করা, যুক্ত করা।

أَغْرَى (إِغْرَاء) : উত্তেজিত করা, প্রলুব্ধ করা, প্ররোচিত করা, উৎসাহিত করা, আসক্ত করা।

أَغْرَى : ~ بَيْنَ গোলযোগ লাগানো।

~ العَدَاوَة : বিদ্বেষ ছড়ানো, শত্রুতা জাগানো।

أُغْرِيَ، غُرِيَ : ~ بِ গভীরভাবে আসক্ত হওয়া; লাগিয়া থাকা।

تَغَرَّى : লাগিয়া থাকা, সংলগ্ন হওয়া।

غَرًا، غِرَاء : আঠা। ব أَغْرَاء

غِرَائِيّ، غِرَوِيّ : আঠালো, আঠাযুক্ত।

غَرَاء، غَرْوَى : ঐকান্তিক কামনা, আসক্তি।

لَا غَرْوَ، لَا غَرْوَى : আশ্চর্য হইবার কিছুই নাই।

غَرَّايَة : আঠা রাখিবার পাত্র।

غَرِيّ : সুশ্রী, লাবণ্যময়; সংলগ্ন।

إِغْرَاء : উত্তেজিতকরণ, প্রলুব্ধকরণ, উৎসাহিতকরণ, প্ররোচনা দান।

مُغْرٍ : উত্তেজনাকর, উৎসাহব্যঞ্জক।

مُغْرًى : উত্তেজিত, উৎসাহিত।

مِغْرَاة : আঠা রাখিবার পাত্র, আঠা লাগাইবার যন্ত্র।

غَزَّ ـُ : (غَزَز) إِغْتَزَّ ~ بِ সংলগ্ন হওয়া, লাগিয়া থাকা।

~ : (غَزّ) বিদ্ধ করা।

غَازَّ : (إِغْزَاز) কুস্তি করা, প্রতিদ্বন্দ্বিতা করা।

أَغَزَّ : (إِغْزَاز) (বৃক্ষ) কণ্টকময় হওয়া।

تَغَازَّ : বিতর্কে লিপ্ত হওয়া।

إِنْغَزَّ : (إِنْغِزَاز) বিদ্ধ হওয়া।

غُزّ : তুর্কী গোত্রবিশেষ।

غَزَّة : গাযা (ফিলিস্তিনের একটি শহর ও উপত্যকা)।

غَزُرَ ـُ : (غَزَارَة، غَزْر) প্রচুর হওয়া, অধিক হওয়া, প্রচুর দুগ্ধ কিংবা পানিবিশিষ্ট হওয়া।

غَزْر، غَزَارَة : প্রাচুর্য, আধিক্য।

~ : তালপাতার ঝুড়ি। ব غُزْر

غَزِير : প্রচুর, অনেক, দুগ্ধবহুল, পানিবহুল। ব غِزَار

مَغْزُور : প্রচুর বৃষ্টিসিক্ত (ভূমি)।

غَزَلَ ـِ : (غَزْل) إِغْتَزَلَ (إِغْتِزَال) সুতাকাটা।

غَزِلَ ـَ : (غَزَل) تَغَزَّلَ ~ بِ স্তুতি গাওয়া।

~ ، ~ بِ ، غَازَلَ : (স্ত্রীলোকের সহিত) প্রেম করা, ছিনালি করা; (স্ত্রীলোকের) প্রণয় প্রার্থনা করা।



www.pathagar.com

أَغْـزَلَ : (إِغْـزَال) (টাকু) ঘুরানো, পাক খাওয়ানো; (হরিণ) শাবকবিশিষ্ট হওয়া।

تَـغَـازَلَ : সোহাগ করা, প্রেমালাপ করা।

غَـزْل : সুতাকাটানো।

~ : কাটা সুতা; মাকড়সার জাল। ব غُـزُول

غَـزَل، تَـغَـزُّل، مُـغَـازَلَـة : প্রেম, প্রণয়, ছিনালি; প্রেমালাপ; প্রেমকাব্য।

غَـزَلِيّ : প্রেমসংক্রান্ত, প্রণয়মূলক।

غَـزَال : হরিণ, হরিণ-শাবক। ব غِـزْلَان، غِـزْلَـة

غَـزَّال : যে সুতা কাটে। স্ত্রী غَـزَّالَـة

غَـزَالَـة : হরিণী; উদীয়মান সূর্য; পারস্যের তূস নগরীর সন্নিকটস্থ একটি গ্রাম; জনৈকা বীরবাহু মহিলার নাম, নিসবত غَـزَالِيّ

الـغَـزَالِيّ : আবূ হামিদ মুহাম্মাদ আল-গাযালী ঃ غَـزَالَـة গ্রামে জন্ম, এই কারণে তাঁহাকে الـغَـزَالِي বলা হয় (১০৫৯-১১১১ খ্রি.)।

غَـزَّالَـة : মাকড়সা।

مِـغْـزَل، مُـغْـزَل : টাকু। ব مَـغَـازِل

~ ، مَـغْـزِل : সুতা কাটিবার কল, চরকা। ব مَـغَـازِل

أَبُـو مَـغَـازِل : সারস।

مَـغْـزُول : কাটা হইয়াছে এমন (সুতা, তন্তু)।

غَـزَا ـُ : (غَـزْو) লক্ষ্য করা, ইচ্ছা করা, কামনা করা, মনোনিবেশ করা।

~ : (غَـزْو، غَـزَوَان) আক্রমণ করা, অভিযান চালানো, আগ্রাসন চালানো; পরাভূত করা।

أَغْـزَى : (إِغْـزَاء) অভিযানে প্রেরণ করা।

غَـزْو : ইচ্ছা, লক্ষ্য, অভিপ্রায়।

~ ، غَـزْوَة، غَـزَاة : শত্রুভূমিতে আক্রমণ, অভিযান, আগ্রাসন, যুদ্ধ। ব غَـزَوَات

غَـزَوِيّ : আক্রমণসংক্রান্ত, আক্রমণাত্মক।

غَـزِيَّـة : যুদ্ধকর অবস্থা।

غَـازٍ : বিজয়ী, গাজী; আক্রমণকারী; যোদ্ধা। ব غُـزًّى، غُـزَاة

غَـازِيَـة : নর্তকী। ব غَـوَازِي

مَـغْـزًى : অর্থ, মর্ম, তাৎপর্য; গুরুত্ব। ব مَـغَـازٍ

مَـغْـزَاة : সামরিক অভিযান, আক্রমণ। ব مَـغَـازٍ

الـمَـغَـازِي : রাসূলুল্লাহ (স)-এর সামরিক অভিযানসমূহ।

غَـسَّ ـُ : (غَـسّ) ~ فِـي গভীরে প্রবেশ করা; ডুবানো।

إِنْـغَـسَّ : (إِنْـغِـسَـاس) ডুবিয়া যাওয়া।

غُـسّ : তুচ্ছ, অকেজো।

غَـسَّان : আরবের একটি প্রাচীন রাজবংশ।

تَـغَـسَّرَ : বিজড়িত হওয়া; জটিল হওয়া।

غَـسَـر : আবর্জনা।

غَـسِـر : জটিল।

أَغْـسَـفَ : (إِغْـسَـاف) অন্ধকারে হাঁটা।

غَـسَـف : অন্ধকার।

غَـسَـقَ ـِ : (غَـسْـق، غَـسَـق، غَـسَـقَـان) أَغْـسَـقَ (إِغْـسَـاق)(রাত্রি) অন্ধকার হওয়া।

~ : (غَـسْـق، غَـسَـقَـان) (আকাশ) গুঁড়ি গুঁড়ি বৃষ্টি বর্ষণ করা।

غَـسَـق : ঈষৎ অন্ধকার, সন্ধ্যারাত্রির আবছা অন্ধকার।

غَـاسِـق : চন্দ্র; রাত্রি।

غَـسَّـاق، غَـسَاق : তীব্র ঠাণ্ডা; দুর্গন্ধময় পুঁজ।

غَـسَـلَ ـِ : (غَـسْـل، غُـسْـل) ধৌত করা; কাপড় ধোয়া; পরিষ্কার করা; গোসল করা।

غَـسَّـلَ : (تَـغْـسِـيْـل) উত্তমরূপে ধৌত করা; গোসল করানো।

إِنْـغَـسَـلَ : (إِنْـغِـسَـال) বিধৌত হওয়া, পরিষ্কৃত হওয়া।

إِغْـتَـسَـلَ : (إِغْـتِـسَـال) পরিষ্কাররূপে গোসল করা।

غَـسْـل : প্রক্ষালন, ধৌতকরণ।

غُـسْـل، غِـسْـل : ধৌত করিবার পানি, গোসলের পানি।

~ : গোসল। ব أَغْـسَـال

غَـسْـلَـة : গোসল। ব غَـسَـلَات

غُـسَـالَـة : ধৌত-কর্মে ব্যবহৃত পানি।



www.pathagar.com

غُسَالات : উপার্জন।

غَسَّال : ধোপা, রজক।

غَسَّالَة : ধোপানী, রজকিনী; ধুইবার যন্ত্র। ব غَسَّالات

غَسُول : ধুইবার পানি; পরিষ্কারক বস্তু।

غَاسِل : যে মৃতব্যক্তিকে গোসল করায়।

غَاسُول : সাবান, পটাশ।

غَسِيل : বিধৌত, প্রক্ষালিত; পরিষ্কৃত; ধুইবার কাপড়।

~ مَغْسُول : গোসল করানো হইয়াছে এমন; গোসল করানো হইয়াছে এমন মৃতব্যক্তি। ব غَسْلَى، غُسَلاَء

غَسِيلُ الْمَلاَئِكَة : ফেরেশতা কর্তৃক গোসল প্রদত্ত। হযরত হান্‌যালা ইবনুর রাহিব (রা)-এর উপাধি। তিনি উহুদের যুদ্ধে শহীদ হইয়াছিলেন, যুদ্ধে যাওয়ার মুহূর্তে তাঁহার উপর গোসল ফরয ছিল। তাই শাহাদত বরণ করিবার পর তাঁহাকে ফেরেশতারা গোসল করাইয়াছিলেন।

غِسْلِين : পুঁজ।

مَغْسَل : (ব مَغَاسِل) مُغْتَسَل (ব مُغْتَسَلات) প্রক্ষালনকক্ষ; ধোলাইখানা; ধোপাখানা, লন্ড্রি; মৃতব্যক্তিকে গোসল করাইবার স্থান।

مِغْسَل : ধুইবার পাত্র, বেসিন।

مَغْسَلَة : ধুইবার জিনিসপত্র রাখিবার স্ট্যান্ড, Wash-stand. ব مَغَاسِل

غَسَمَ - ُ : (غَسْم) أَغْسَمَ (إغْسَام) (রাত্রি) অন্ধকার হওয়া।

غَسَم : কালো রং, অন্ধকার ধূলি।

غَسَنَ - ُ : (غَسْن) চিবানো।

غَيْسَان، غَسَّان : প্রাণশক্তি, উত্তেজনা।

غَيْسَانِيّ، غَسَّانِيّ : অত্যন্ত সুন্দর।

غُسْنَة : (ব غُسَن) غُسْنَاة (ব غُسْنَات) কেশগুচ্ছ।

غَسَا - ُ : (غَسْو) غَسِيَ - َ (غَسًى) أَغْسَى (إغْسَاء)(রাত্রি) অন্ধকার হওয়া।

غَسَاة : কাঁচা খেজুর। ব غَسًى، غَسَوَات

غَشَّ - ُ : (غَشّ) غَشَّشَ অসৎ কাজ করা; প্রতারণা করা; ধোঁকা দেওয়া; জুয়াচুরি করা।

~ : ভেজাল দেওয়া, জাল করা, খাদ মিশানো।

غَشَّشَتِ الْعَيْنُ : চক্ষু ক্ষীণদৃষ্টি হওয়া।

اِغْتَشَّ، اِنْغَشَّ : (اِنْغِشَاش، اِغْتِشَاش) ধোঁকা খাওয়া, প্রতারিত হওয়া।

~ ، اِسْتَغَشَّ : (اِسْتِغْشَاش) প্রতারক মনে করা, অসৎ ভাবা।

غَشّ : প্রতারণা, ধোঁকা, জুয়াচুরি; জাল, ভেজাল।

غِشّ : অবিশ্বাস; প্রতারণা; ধোঁকাবাজি; বিশ্বাসঘাতকতা; ভান; অসদাচরণ; জাল মুদ্রা; নকল; ত্রুটি।

غُشّ : প্রতারক।

غَشَش : ঘোলা, ময়লা (পানি); জাল (মুদ্রা)।

غَشَاش : রাত্রির শুরু কিংবা শেষ; সামান্য পরিমাণ (পানি)।

عَلَى غَشَاشٍ، غَشَاشًا : দ্রুত গতিতে।

غَشْغَاش، غَشَّاش : প্রতারক, ভণ্ড।

مُغَاش : দ্রুত আগমনকারী।

مَغْشُوش : প্রতারিত; জালকৃত, খাদযুক্ত, ভেজাল।

غَشَمَ - ِ : (غَشْم) অন্যায় করা, অত্যাচার করা; এলোমেলোভাবে করা, লক্ষ্যহীনভাবে করা; নির্বিচারে চয়ন করা, অন্যায় আচরণ করা, অত্যাচার করা; (উটের) সারা গায়ে আলকাতরা মাখানো।

تَغَاشَمَ : অজ্ঞতার ভান করা, অনভিজ্ঞ সাজা।

اِسْتَغْشَمَ : (اِسْتِغْشَام) অজ্ঞ, বোকা কিংবা অনভিজ্ঞ মনে করা।

غَشْم : অন্যায়, অত্যাচার, দুর্ব্যবহার।

غُشْم، غُشُومَة : অজ্ঞতা, অনভিজ্ঞতা, সরলতা, বোকামি।

غَاشِم، غَشُوم : অন্যায় যুদ্ধ, উৎপীড়নমূলক বিষয়; অন্যায়কারী, অত্যাচারী।



www.pathagar.com

غَشِيم : অজ্ঞ, অনভিজ্ঞ, প্রশিক্ষণশূন্য, অদক্ষ, বোকা; অশোধিত, কাঁচা। ব غُشَمَاء

مِغْشَم : সাহসী, উদ্যমশীল।

حَدِيدٌ غَشِيم : কাঁচা, অশোধিত লৌহ।

مِفْتَاح ~ : ফাঁকা চাবি, Blank key.

غَشْمَرَ : (غَشْمَرَة) আত্মপ্রত্যয়ী হওয়া; দ্রুত সম্পাদন করা; অন্যায় আচরণ করা।

تَغَشْمَرَ : জোরপূর্বক কাড়িয়া লওয়া।

~ عَلَى : ক্রুদ্ধ হওয়া, বিরক্ত হওয়া।

غَشْمَرِيَّة، غَشْمَرَة : অন্যায়।

غَشِيَ : ـُ (غَشْي) আগমন করা, আবৃত করা, ছাইয়া যাওয়া।

غَشِيَ : ـَ (غَشَايَة، غَشَاوَة) আবৃত করা, আচ্ছাদিত করা, আচ্ছন্ন করা; লুকাইয়া রাখা, হঠাৎ আপতিত হওয়া, অভিভূত করা, পরাভূত করা; (রাত্রি) অন্ধকারাচ্ছন্ন হওয়া।

~ : (غَشَيَان) আগমন করা; দেখিতে যাওয়া; সাক্ষাৎ করা; (স্ত্রীলোকের সহিত) শয়ন করা; সঙ্গম করা; প্রহার করা।

غُشِيَ : ~ عَلَى অচেতন হওয়া, সংজ্ঞাহীন হওয়া, মূর্ছা যাওয়া।

غَشَّى : (تَغْشِيَة) আবৃত করা, আচ্ছাদিত করা, আবরণ দেওয়া; প্রলেপ দেওয়া; কশাঘাত করা।

أَغْشَى : (إِغْشَاء) (রাত্রি) অন্ধকারাচ্ছন্ন হওয়া; আচ্ছাদিত করা; আবরণ দেওয়া।

أَغْشَى عَلَى بَصَرِه : চক্ষু ঢাকিয়া রাখা, চক্ষু থাকিতে দেখিতে না দেওয়া।

تَغَشَّى، إِسْتَغْشَى : (إِسْتِغْشَاء) আচ্ছাদিত হওয়া, আবৃত হওয়া।

غَشَاوَة، غُشَاوَة، غِشَاوَة، غُشْوَة، غَشْوَة، غِشَايَة : আবরণ, আচ্ছাদন, ঢাকনা।

غَشْي، غُشْي، غَشْيَة، غَشَيَان : অচেতন অবস্থা, সংজ্ঞাহীনতা, মূর্ছা।

غِشَاء : আবরণ, আচ্ছাদন; পর্দা; ঝিল্লী; ঢাকনা; প্রলেপ; ছাল, চামড়া। ব أَغْشِيَة

غَاشِيَة : হৃদ্ধরাঝিল্লী, Pericardium; বিপদ; মূর্ছা, সংজ্ঞাহীনতা; আবরণ, ঢাকনা; চাকর-বাকর, অনুচরবর্গ। ব غَوَاشٍ

أَغْشَى : শ্বেতমস্তক (অশ্ব)। স্ত্রী غَشْوَاء

مَغْشِيٌّ عَلَيْهِ : মূর্ছিত, অচেতন, সংজ্ঞাহীন।

مُغَشًّى، مُغْشًى : আবৃত, আচ্ছাদিত।

غَصَّ : ـَ (غَصَص) ~ بِ শ্বাসরুদ্ধ হওয়া, (দুঃখে) অভিভূত হওয়া।

~ ، إِغْتَصَّ : ভিড়পূর্ণ হওয়া।

أَغَصَّ : (إِغْصَاص) শ্বাসরুদ্ধ করা; অসুবিধায় ফেলা, কষ্ট দেওয়া।

غُصَّة : যাহা শ্বাসরুদ্ধ করে; দুঃখ, যাতনা। ব غُصَص

غُصَّةُ الْمَوت : মৃত্যু-যন্ত্রণা।

غَاصٌّ، مُغْتَصٌّ : জনাকীর্ণ ভিড়ে পূর্ণ।

~ : রুদ্ধশ্বাস।

غَصَبَ : ـِ (غَصْب) ~ عَلَى জোর করা, বাধ্য করা।

~ ، إِغْتَصَبَ : (إِغْتِصَاب) কাড়িয়া লওয়া, ছিনাইয়া লওয়া; জবরদখল করা; অপহরণ করা, বলাৎকার করা।

غَاصَبَ، تَغَاصَبَ : অন্যায় আচরণ করা।

إِنْغَصَبَ : (إِنْغِصَاب) বাধ্য হওয়া; অসুবিধায় পড়া।

غَصْب، إِغْتِصَاب : জবরদখল, বলপ্রয়োগ; অপহরণ; বলাৎকার।

غَصْبًا، بِالْغَصْب : জোরপূর্বক।

غَصْبًا عَنْ : ইচ্ছার বিরুদ্ধে, অনিচ্ছাসত্ত্বে।

غَاصِب : (مُغْتَصِب) জবরদখলকারী, অপহরণকারী। ব غُصَّاب

مَغْصُوب، مُغْتَصَب : জবরদখলকৃত, অপহৃত; বাধ্যকৃত।

غَصَنَ : ـِ (غَصْن) কাড়িয়া লওয়া।

غَصَّنَ، أَغْصَنَ : (إِغْصَان، تَغْصِين) (বৃক্ষ) শাখা নির্গত হওয়া; অঙ্কুরিত হওয়া, বীজ বড় হওয়া।



www.pathagar.com

غُصْن : শাখা, ডাল। ব أَغْصَان، غُصُون

غُصَيْن، غُصْنَة : নবপল্লব, শাখাপল্লব।

غَضَّ ـُ : (غَضَاضَة، غَضَاض، غَضّ) (স্বর, দৃষ্টি) নিচু করা; ছোট করা; হ্রাস করা; অবমূল্যায়ন করা, অবজ্ঞা করা।

غَضَّ الطَّرْفَ، غَضَّ النَّظَرَ : ~ عَنْ দৃষ্টি ফিরাইয়া নেওয়া, উপেক্ষা করা, মনোযোগ না দেওয়া, দৃষ্টি আনত করা।

غَضَّ ـَ : (غُضُوضَة، غَضَاضَة) তাজা হওয়া, টাটকা হওয়া, কোমল হওয়া, রসাল হওয়া।

غَضَّضَ : (تَغْضِيض) কোমল হওয়া; তাজা জিনিস খাওয়া।

إِنْغَضَّ : (إِنْغِضَاض) (চক্ষু) পিটপিট করা।

غَضّ : নিচুকরণ।

غَضُّ الطَّرْفِ : উপেক্ষা, আনত দৃষ্টি।

غَضِيض : তাজা, টাটকা, কোমল; পাতলা ত্বকবিশিষ্ট, রসালো।

~ الطرف : ঢিলাকৃত অক্ষিপাতা।

غُضَّة : ত্রুটি;হ্রাস, লাঞ্ছনা।

غُضَاض، غَضَاض : মুখমণ্ডলের উপরিভাগ।

غَضَاضَة :হ্রাস; ত্রুটি; কোমলতা; সতেজতা।

غُضُوضَة: সতেজতা, কোমলতা।

غَضِبَ ـَ : (غَضَب) تَغَضَّبَ ~ عَلَى، لِ; রাগান্বিত হওয়া, ক্রুদ্ধ হওয়া; বিরক্ত হওয়া, উত্তেজিত হওয়া, ক্ষেপিয়া যাওয়া।

غَاضَبَ، أَغْضَبَ : (إِغْضَاب، غِضَاب) রাগাইয়া তোলা, ক্ষেপাইয়া তোলা, উত্তেজিত করা, বিরক্ত করা।

إِسْتَغْضَبَ : (إِسْتِغْضَاب) রাগান্বিত হওয়া; টগবগ করিয়া ফোটা।

غَضَب، مَغْضَبَة : ক্রোধ, রাগ।

غَضِب، غَضْبَان : রাগান্বিত, ক্রুদ্ধ, বিরক্ত, উত্তেজিত। স্ত্রী غَضْبَى ব غِضَاب، غُضَابَى

غَضُوب، غُضَابِيّ : ক্রোধপ্রবণ, কোপনস্বভাব, রগচটা।

~ : বিষণ্ন, গোমড়ামুখী

إِغْضَاب : ক্রোধ জাগ্রতকরণ, বিরক্তকরণ।

مَغْضُوب عَلَيْه : ক্রোধভাজন।

غَضَرَ ـُ : (غَضْر) প্রাচুর্য দান করা; সুখী জীবন দান করা।

~ ـ : (غَضْر) تَغَضَّرَ ~ عَنْ ফিরিয়া আসা; পরিত্যাগ করা, বর্জন করা।

~ عَلَى : পক্ষে যাওয়া।

~ : (غَضَارَة، غُضْرَة) কোমল হওয়া।

~ عَنْ : বাধা দেওয়া; বিচ্ছিন্ন করা; (চামড়া) পাকা করা।

غَضِرَ ـَ : (غَضَر) সমৃদ্ধ হওয়া, প্রাচুর্যপূর্ণ হওয়া।

غَضَر، غَضَارَة : সমৃদ্ধি, প্রাচুর্য; সতেজতা।

غَضِر، غَضِير : সমৃদ্ধ, প্রাচুর্যপূর্ণ; তাজা, সতেজ, কোমল।

غَضَرِيّ : একপ্রকার পঙ্গপাল।

غَضْرَاء : উর্বর ভূমি; সবুজ বর্ণের মাটি। ব غَضَارَى

مُغْضِر، مَغْضُور : সুখী, স্বচ্ছন্দ।

غُضْرُوف : উপাস্থি, কোমলাস্থি। ব غَضَارِيف

غَضَفَ ـِ : (غَضْف) ডাল মটকানো; মোচড়ানো; সামনে (কান) সামনে ঝুলাইয়া দেওয়া।

غَضِفَ ـَ : (غَضَف) (কান) সামনে ঝুলন্ত হওয়া; (কুকুর) ঝুলন্ত কানযুক্ত হওয়া; (জীবন) সুখী হওয়া; (রাত্রি) অন্ধকার হওয়া।

غَضَّفَ : (تَغْضِيف) ভাঙ্গিয়া ফেলা; ঝুলাইয়া দেওয়া।

أَغْضَفَ : (إِغْضَاف) (রাত্রি) অন্ধকার হওয়া; (আবহাওয়া) মেঘলা হওয়া, বর্ষণসম্ভবা হওয়া; (গাছ) ফলবান হওয়া।



www.pathagar.com

تَغَضَّفَ : (সাপ) কুণ্ডলী পাকানো; ভাঙ্গিয়া যাওয়া, ভাঁজ হওয়া।

~ عَلَى : (ভাগ্য) প্রসন্ন হওয়া; আবৃত করা; সহানুভূতিশীল হওয়া।

إِنْغَضَفَ : (إِنْغِضَاف) ভাঙ্গিয়া পড়া, ধ্বংসপ্রাপ্ত হওয়া।

غَاضِف : সুখী (জীবন), সুখ ভোগকারী।

أَغْضَف : ঝুলন্ত কানযুক্ত (কুকুর); অন্ধকার (রাত্রি); সুখী (জীবন), শস্যবহুল (বছর)। স্ত্রী غَضْفَاء

غَضَنَ : ـُ (غَضْن) বিরত রাখা।

غَضَّنَ : (تَغْضِين) কুঞ্চিত করা, ভাঁজ করা।

غَاضَنَ : (مُغَاضَنَة) প্রণয়দৃষ্টিতে তাকানো।

تَغَضَّنَ : কুঞ্চিত হওয়া, ভাঁজ হওয়া।

غَضْن، غَضَن : কোঁচকা রেখা, ভাঁজ, ভাঁজের দাগ। ব غُضُون

فِي غُضُونِ : সময়ের মধ্যে।

فِي غُضُونِ ذٰلِكَ : ইতোমধ্যে, ইত্যবসরে।

مُتَغَضِّن، مُغَضَّن : কুঞ্চিত, ভাঁজযুক্ত, ভাঁজের দাগযুক্ত।

مُغَاضَنَة : প্রণয়দৃষ্টি।

غَضَنْفَر : সিংহ।

غَضَا : ـُ (غَضْو) (রাত্রি) অন্ধকার হওয়া।

~ : (غُضُوّ) পূর্ণাঙ্গ হওয়া।

أَغْضَى : (إِغْضَاء) (রাত্রি) অন্ধকার হওয়া; (চক্ষু) বন্ধ করিয়া রাখা।

~ عَنْ ~ تَغَاضَى، أَغْضَى عَيْنَه ~ : উপেক্ষা করা, ভ্রূক্ষেপ না করা, চক্ষু বন্ধ করিয়া থাকা।

غَضَى : ঝোপ; ঝাউগাছ।

غَضْيَاء : ঝাউগাছে পরিপূর্ণ (ভূমি)।

غَاضٍ : অন্ধকার (রাত্রি); চমৎকার (বস্তু); সম্পদশালী। স্ত্রী غَاضِيَة ব غَوَاضٍ

إِغْضَاء، تَغَاضٍ : উপেক্ষা, অমনোযোগ; ক্ষমা।

غَطَّ : ـُ (غَطّ) أَغَطَّ (إِغْطَاط) ডুবানো, চুবানো।

~ : ـِ (غَطِيط) নাক ডাকা, (উট) নাসিকাধ্বনি করা; কর্কশ চিৎকার করা; টগবগ করা, কড়কড় করা।

تَغَاطَّ : ডুবাডুবি করা, ডুবের পাল্লা দেওয়া।

إِنْغَطَّ (إِنْغِطَاط) : ডুবিয়া যাওয়া, ডুব দেওয়া।

غَطّ : ডুব।

غُطَاط، غَطَاط : রাত্রির সর্বশেষ অন্ধকার।

غَطِيط : নাসিকাধ্বনি, কড়মড় ধ্বনি।

غَطْيَطَة : কুয়াশা।

غَطْرَسَ (غَطْرَسَة) تَغَطْرَسَ : অহংকার করা, দম্ভ করা, অহমিকাপূর্ণ হওয়া।

تَغَطْرَسَ فِي مِشْيَتِه : উদ্ধত ভঙ্গিমায় চলা।

غَطْرَسَة : গর্ব, অহংকার, দম্ভ, ঔদ্ধত্য।

غَطْرِس (ব غَطَارِس) غِطْرِيس (ব غَطَارِيس) مُتَغَطْرِس দাম্ভিক, উদ্ধত, অহমিকাপূর্ণ।

غَطْرَشَ : (غَطْرَشَة) উপেক্ষা করা, ভ্রূক্ষেপ না করা।

تَغَطْرَفَ، غَطْرَفَ : উদ্ধত ভঙ্গিমাপূর্ণ হওয়া, অহমিকাপূর্ণ হওয়া।

غَطْرَفَة : ঔদ্ধত্য, অহমিকা, দম্ভ।

غِطْرَاف : বিশিষ্ট ব্যক্তি, প্রধান ব্যক্তি, নেতা।

غُطْرُوف، غِطْرِيف : মহৎ ব্যক্তি, প্রখ্যাত ব্যক্তি। ব غَطَارِفَة، غَطَارِيف

غَطَسَ : ـِ (غَطْس) غَطَّسَ (تَغْطِيس) ডুবানো।

تَغَطَّسَ : ডুবিয়া যাওয়া, ডুব দেওয়া।

تَغَاطَسَ : ডুবের পাল্লা দেওয়া; ডুবিয়া থাকা, অমনোযোগিতার ভান করা।

غَطْس : নিমজ্জন।

غَطْسَة : ডুব।

تَغْطِيس নিমজ্জিতকরণ।

غِطَاس : খ্রিস্টধর্মে দীক্ষা।

غَطَّاس : ডুবুরি; ডুবুরি পাখিবিশেষ।

غَطُوس : ডুবুরি; সাহসী লোক।



www.pathagar.com

غَاطِس : ডুবন্ত; (জাহাজের) নিমজ্জিত অংশ।

مَغْطَس : গোসলের টব, বেসিন। ব مَغَاطِس

مَغْنَاطِيس، مَغْنَطِيس : চুম্বক।

غَطَشَ - (غَطْش) (রাত্রি) অন্ধকার হওয়া।

~ : (غَطَشَان، غَطْش) হামাগুড়ি দিয়া চলা।

غَطِشَ - َ : (غَطَش) ক্ষীণদৃষ্টি হওয়া।

غَطَّشَ : (تَغْطِيش) উপদেশ দেওয়া।

أَغْطَشَ : (إِغْطَاش) (রাত্রি) অন্ধকার হওয়া; অন্ধকারাচ্ছন্ন করা, অন্ধকারে প্রবেশ করা।

تَغَطَّشَ : (দৃষ্টি) ক্ষীণ হওয়া, দুর্বল হওয়া; ক্ষীণদৃষ্টি হওয়া।

تَغَاطَشَ : অন্ধ বা অমনোযোগিতার ভান করা।

غَطَش : দৃষ্টির দুর্বলতা, ক্ষীণ দৃষ্টি; রাত্রির অন্ধকার।

أَغْطَش : ক্ষীণদৃষ্টি। স্ত্রী غَطْشَاء ব غُطْش

غَطْشَاء : অন্ধকার রজনী।

غَطَف : সমৃদ্ধি, স্বাচ্ছন্দ্য; ভ্রূর আধিক্য।

أَغْطَف : ঘন ও দীর্ঘ ভ্রূবিশিষ্ট; স্বচ্ছন্দ (জীবন)। স্ত্রী غَطْفَاء

غَطْفَان : গাত্‌ফান, একটি আরব গোত্রের নাম।

غَطِلَ - َ : (غَطَل) (রাত্রি) অন্ধকার হওয়া।

غَيْطَل، غَيْطَلَة : ঘন বৃক্ষ; (মানুষের, পশুর) দল; অন্ধকার, হৈচৈ।

غَيْطَل الضُّحَى : অতি ভোর।

غِطَمّ : বিশাল (সমুদ্র), বিরাট (জনতা); উদার।

غَطْمَطَ (غَطْمَطَة)، تَغَطْمَطَ : (সমুদ্র তরঙ্গ) উত্তাল হওয়া; (হাঁড়ি) টগবগ করা।

غَطْمَطِيط، غُطَامِط : কর্কশ শব্দ; (সমুদ্রের) গর্জন।

غَطَا - ُ : (غُطُوّ، غَطْو) - غَطَى (غَطْي) ,غَطَّى (تَغْطِيَة)، أَغْطَى (إِغْطَاء) ঢাকিয়া রাখা, লুকাইয়া রাখা, আবৃত করা।

تَغَطَّى، إِغْتَطَى : (إِغْتِطَاء) আবৃত হওয়া, আচ্ছাদিত হওয়া, ঢাকা পড়া।

غِطَاء : আবরণ, আচ্ছাদন, ঢাকনা, পর্দা। ব أَغْطِيَة

غِطَاءُ السَّرِير : বেড-কভার, Bed-cover.

غَفَّ - َ : (غَفّ، غَفَّة) অতর্কিতে লওয়া; দখল করা, কাড়িয়া লওয়া।

تَغَفَّفَ، إِغْتَفَّ : (إِغْتِفَاف) ঘাস খাইয়া মোটাতাজা হওয়া।

غُفَّة : প্রচুর ঘাস।

غَفَرَ - ِ : (غَفْر، غُفْرَان، مَغْفِرَة) ক্ষমা করা, মার্জনা করা।

يُغْفَر، يُغْتَفَر : ক্ষমার যোগ্য, মার্জনীয়।

لاَيُغْفَر، لاَيُغْتَفَر : অমার্জনীয়।

~ : (غَفْر) লুকাইয়া রাখা, ঢাকিয়া রাখা।

غَفِرَ - َ : (غَفَر) পূর্বাবস্থায় ফিরিয়া যাওয়া; আরোগ্য লাভ করা।

غَفَّرَ : (تَغْفِير) ঢাকিয়া রাখা, লুকাইয়া রাখা;

غَفَرَ اللّٰه لَكَ : "আল্লাহ তোমাকে মার্জনা করুন" বলা।

عَفَّرَ : ~ عَلَى পাহারা দেওয়া, নজরে রাখা।

أَغْفَرَ : (إِغْفَار) ঢাকিয়া রাখা; (গাছ) গঁদ নির্গত করা; (ভূমি) ঘাস উৎপন্ন করা।

تَغَفَّرَ : গঁদ সংগ্রহ করা।

تَغَافَرَ : একে অপরকে ক্ষমা করা।

إِغْتَفَرَ : (إِغْتِفَار) ক্ষমা করা, মার্জনা করা।

إِنْغَفَرَ : (إِنْغِفَار) ক্ষমাপ্রাপ্ত হওয়া।

إِسْتَغْفَرَ : (إِسْتِغْفَار) ক্ষমা চাওয়া; কৈফিয়ত দেওয়া, ওযর পেশ করা।

أَسْتَغْفِرُ اللّٰهَ : আমি আল্লাহর নিকট ক্ষমা চাহিতেছি; আল্লাহ মাফ করুন।

غَفْر، غُفْرَان، مَغْفِرَة : ক্ষমা, মার্জনা,

~ : আচ্ছাদন, আবরণ।

غُفْر : পাহাড়ি ছাগ-শিশু। ব أَغْفَار، غِفَرَة، غُفُورٌ

غِفْر : কীট; বাছুর।

غُفْرَة، غِفَارَة : আবরণ, আচ্ছাদন, ঢাকনা। ব غَفَائِر



www.pathagar.com

غَافِر : ক্ষমাকারী, মার্জনাকারী। ব غَفَرَة

غِفَار : একটি আরব গোত্র, নিস্‌বা غِفَارِيٌّ

غَفُور، غَفَّار: ক্ষমাশীল (আল্লাহ)।

غَفَّارَة : ধর্মযাজকের পরিচ্ছদবিশেষ, Cope.

غَفِير : ক্ষমা, মার্জনা; অনেক, বহু, অসংখ্য; ঘাড়ের চুল; ঢাকনা।

جَمّ غَفِير: বহু সংখ্যা, অগণিত সংখ্যা, অনেক পরিমাণ, বিরাট সমাবেশ।

~ : প্রহরী। ব غُفَرَاء

إِسْتِغْفَار : ক্ষমাপ্রার্থনা, কৈফিয়ত প্রদান।

مِغْفَرَة، مِغْفَر : হেলমেটের নিম্নস্থ মস্তকাবরণ। ব مَغَافِر

مَغْفِرَة : ক্ষমা, মার্জনা।

غَافَصَ : হঠাৎ আপতিত হওয়া।

غَوَافِص : বিপদাপদ।

غَفَقَ ـُ : (غَفْق) হঠাৎ ফিরিয়া আসা।

~ عَلَى হঠাৎ নিক্ষেপ করা।

غَفَّقَ : অল্প নিদ্রা যাওয়া।

إِغْتَفَقَ بِ : বেষ্টন করা।

غَفْق : হালকা বৃষ্টি।

غَفْقَة : হালকা নিদ্রা, তন্দ্রা।

مَغْفِق : প্রত্যাবর্তনস্থল।

مُنْغَفَق : আরম্ভস্থল।

غَفَلَ ـُ : (غُفُول، غَفَل، غَفْلَة) অমনোযোগী হওয়া, অন্যমনস্ক হওয়া।

~ عَنْ : ভুলিয়া যাওয়া; অবজ্ঞা করা, অবহেলা করা; উপেক্ষা করা।

غَفَّلَ : অমনোযোগী করা, ভুলাইয়া দেওয়া।

(إِغْتِفَال، مُغَافَلَة) : إِغْتَفَلَ، تَغَفَّلَ، غَافَلَ অন্যমনস্কতার সুযোগ লওয়া, আচমকা আসিয়া পড়া।

أَغْفَلَ : ভুলিয়া যাওয়া, অবহেলা করা, উপেক্ষা করা।

تَغَافَلَ : অমনোযোগিতার ভান করা, অন্যমনস্ক ভাব দেখানো।

~ عَنْ : অবজ্ঞা করা, অবহেলা করা, উপেক্ষা করা।

إِسْتَغْفَلَ : (إِسْتِغْفَال) অন্যমনস্কতার সুযোগ লওয়া।

غُفْل : অমনোযোগী, অন্যমনস্ক; অনভিজ্ঞ; চিহ্নবিহীন; নামবিহীন, বেনামী, শূন্য, অলিখিত; অশোধিত।

غُفْل مِنَ التَّارِيخ : তারিখবিহীন।

غُفْل مِنَ الإمضاء، ~ مِنَ التَّوْقِيع : স্বাক্ষরবিহীন; বেনামী।

حَدِيد غُفْل : অশোধিত লৌহ।

غَفَل، غَفْلَة : অবজ্ঞা, উপেক্ষা, অমনোযোগ।

~ : নির্বুদ্ধিতা, বোকামি।

عَلَى ~ غَفْلَةً : অলক্ষ্যে, আচম্বিতে, হঠাৎ।

عَلَى حِين غَفْلَة : অসতর্ক মুহূর্তে; অপ্রত্যাশিতভাবে, অকস্মাৎ।

مَوْتُ الغَفْلَة : আকস্মিক মৃত্যু।

غَفْلَان، غَافِل : অমনোযোগী, অন্যমনস্ক, অযত্নবান। ব غُفَّل، غُفُول، غَافِلُون

~ : তন্দ্রাচ্ছন্ন, ঘুমন্ত।

إِغْفَال : অবহেলা, উপেক্ষা, অযত্ন।

تَغْفِيل : নির্বোধকরণ, বোকা সাব্যস্তকরণ।

تَغَافُل : অবহেলা, উপেক্ষা, অমনোযোগিতা।

مُغْفَل : নামবিহীন, বেনামী।

شَرِكَة مُغْفَلَة : জয়েন্ট স্টক কোম্পানী।

مُغَفَّل : বোকা, হাবা; সরল-সোজা; অমনোযোগী।

مُتَغَفِّل : নির্বোধ ব্যক্তি।

أَغْفَى (غَفْيَة) ـَ غَفِيَ (غُفُوّ، غَفْو) : ـُ غَفَا (إِغْفَاء) হালকা নিদ্রা যাওয়া, তন্দ্রা যাওয়া।

إِغْفَاء، غَفْوَة، غَفْو : হালকা নিদ্রা, তন্দ্রা।

غَاف : তন্দ্রালু, নিদ্রালু।



www.pathagar.com

غَلَّ : ـُ (غَلّ) غَلَّلَ (تَغْلِيل) হাতকড়ি দেওয়া; গলায় লোহার বেড়ি পরানো; প্রবেশ করা; প্রবিষ্ট করা।

غَلَّ بَصَرَهُ : অবিবেচক হওয়া।

غَلَّلَ صَدْرَهُ : মন বিষাইয়া তোলা, তিক্ত করা।

~ : (غُلُول) প্রতারণা করা; বিশ্বাসঘাতকতাপূর্ণ আচরণ করা।

غَلَّ : ـِ (غَلِيل، غِلّ) (অন্তর) প্রতিহিংসাপরায়ণ হওয়া, বিদ্বেষপূর্ণ হওয়া।

غُلَّ : (غُلَّة، غُلّ) প্রচণ্ড পিপাসার্ত হওয়া, তৃষ্ণাকাতর হওয়া।

أَغَلَّ : (إِغْلَال) (ভূমি) শস্য উৎপাদন করা, শস্যবহুল হওয়া; প্রতারণা করা; প্রতারণার অভিযোগে অভিযুক্ত করা; বর্ম পরিধান করা; আক্রমণ করা।

أَغَلَّ الْبَصَرَ : দৃষ্টি নিবদ্ধ করা।

تَغَلَّلَ، إِنْغَلَّ : (إِنْغِلال) ~ فِى প্রবেশ করা, প্রবিষ্ট হওয়া।

إِسْتَغَلَّ (إِسْتِغْلَال) : (শস্য) সংগ্রহ করা; (অধিকার) ভোগ করা; খাদ্যদ্রব্য সরবরাহ করিতে বলা, ভূমি উর্বর করা, (জমির) ফসল লাভ করা; বিনিয়োগ করা; মুনাফা করা।

غِلّ : বিদ্বেষ।

غُلّ، غُلَّة، غَلَل : প্রবল তৃষ্ণা।

~ : হাতকড়ি, লৌহ-শৃঙ্খল, গলার লোহার বেড়ি, নিগড়; স্ত্রী। ব أَغْلَال

غَلَّة : শস্য, ফসল, ফল, উৎপাদন, আয়। ব غِلَال، غَلَّات

غِلَالَة : পাতলা আবরণ; মিহি শেমিজ বা গাউন, অন্তর্বাস; রোমানদের পরিচ্ছদবিশেষ, Tunic. ব غَلَائِل

غَلُول : হালকা খাদ্য।

غَلِيل : প্রবল তৃষ্ণা; বিদ্বেষ, প্রতিহিংসা, প্রতিশোধ-স্পৃহা।

~ : তৃষ্ণাকাতর। ব غِلَال

غَلِيلَة : বর্ম; অন্তর্বাস। ব غَلَائِل

إِغْلَال : প্রতারণা, অবিশ্বস্ততা।

إِسْتِغْلَال : বিনিয়োগ; খনি ইত্যাদির ব্যবহার; শোষণ; ফললাভ; ভোগদখলের অধিকার।

مُغِلّ : বিদ্বেষী, প্রতিহিংসাপরায়ণ।

~ مِغْلَال، : ফলোৎপাদক, উর্বর (ভূমি)।

مَغْلُول : বিদ্বেষপরায়ণ, তৃষ্ণার্ত, তৃষ্ণাকাতর।

مَغْلُول الْيَدِ : অকেজো, অলস, কৃপণ।

~ مُغَلَّل، শৃঙ্খলিত, নিগড় পরিহিত।

مُغْتَل : তৃষ্ণার্ত।

مُسْتَغِلّ : পণ্য ব্যবহারকারী, বিনিয়োগকারী; সুবিধাভোগী।

مُسْتَغَلّ : ফসল, ফল, উৎপাদন। ব مُسْتَغَلَّات

غَلَبَ : ـِ (غَلَبَة، غَلْب) ~ عَلَى পরাজিত করা, পরাভূত করা; বিজয়ী হওয়া, আধিপত্য স্থাপন করা, প্রাধান্য বিস্তার করা; দখল করা, কাড়িয়া লওয়া।

غَلَبَ عَلَى الظَّنِّ : অবশ্যম্ভাব্য হওয়া।

غَلَّبَ : (تَغْلِيب) বিজয়ী করা; বিজয়ী ঘোষণা করা; শ্রেষ্ঠত্ব প্রদান করা।

غَالَبَ : (مُغَالَبَة) শ্রেষ্ঠত্বের প্রতিযোগিতা করা, প্রতিদ্বন্দ্বিতা করা, বিবাদ করা।

تَغَلَّبَ : ~ عَلَى শ্রেষ্ঠত্ব লাভ করা, আধিপত্য বিস্তার করা, বিজয়ী হওয়া।

تَغَالَبَ : পরস্পর প্রতিদ্বন্দ্বিতা করা, বিবাদ করা।

إِنْغَلَبَ : (إِنْغِلَاب) পরাভূত হওয়া।

إِغْلَوْلَبَ : (إِغْلِيلَاب) জট পাকানো।

غَلْب : পরাজিতকরণ, বিজয়লাভ; বিজয়।

غَلَبَة : বিজয়; প্রাধান্য, শ্রেষ্ঠত্ব; বাচালতা।

غَلْبَاوِىّ : বাচাল।

غَالِب : অধিকাংশ; প্রচলিত।

~ : বিজয়ী; প্রভাবশালী। ব غَلَبَة

غَالِبًا، فِى الْغَالِب : অধিকাংশ ক্ষেত্রে, প্রায়শ, সাধারণত; খুব সম্ভবত।



www.pathagar.com

غَالِبِيَّة : সংখ্যাগরিষ্ঠতা, অধিকাংশ।

غَلَّاب : বিজয়ী।

أَغْلَب : বেশিরভাগ, অধিকাংশ; অধিকতর অবশ্যম্ভাব্য।

فِى الأَغْلَب : অধিকাংশ ক্ষেত্রে, বেশিরভাগ ক্ষেত্রে; সাধারণত।

فِى أَغْلَبِ الظَّنِّ : খুব সম্ভবত।

أَغْلَبِيَّة : সংখ্যাগরিষ্ঠতা, অধিকাংশ।

أَغْلَبِيَّة مُطْلَقَة : নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা।

تَغَلُّب : প্রভাব, আধিপত্য, প্রভুত্ব।

مَغْلُوب، مُغَلَّب : পরাজিত, পরাভূত, বিজিত।

~ : বিজয়ী ঘোষিত।

مَغْلَبَة : বিজয়; বিজয়ের স্থান।

غِلَاب، مُغَالَبَة : প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা, বিবাদ।

غَلَتَ - ُ : (غَلْت) রদ করা, রহিত করা, বাতিল করা।

غَلِتَ - َ : (غَلَت) (হিসাবে) ভুল করা।

إغْتَلَتَ، تَغَلَّتَ : (إغْتِلَات) অতর্কিতে ধরা।

غَلْتَة : রাত্রির শুরু, নিশাগম।

غُلْتَة : হিসাবের ভুল।

غَلَثَ - : (غَلْث) মিশ্রিত করা।

غَلِثَ - َ : (غَلَث) إغْتَلَثَ (إغْتِلَاث) অগ্ন্যুৎপাদনে ব্যর্থ হওয়া। বেপরোয়া হইয়া লড়াই করা।

غَلَث : মিশ্রিত দ্রব্য।

مُغَالِث، غَلِث : বেপরোয়া হইয়া যুদ্ধ করিতেছে এমন ব্যক্তি।

مُغْلُوث، غَلِيث : যবমিশ্রিত গম।

غَلَجَ - : (غَلَجَان، غَلْج) (ঘোড়া) সমান জায়গায় দৌড়ানো।

تَغَلَّجَ : ~ عَلَى অন্যায় আচরণ করা।

غُلْج : জীবন-উন্মেষ, Bloom of life.

أُغْلُوج : নরম ডাল, নোয়ানো ডাল। ব أَغَالِيج

غَلَّسَ (تَغْلِيس)، أَغْلَسَ (إغْلَاس) : শেষ রাত্রির অন্ধকারে কার্য সম্পাদন, গমন, প্রবেশ কিংবা রওয়ানা করা।

غَلَس : শেষরাতের অন্ধকার।

غَلَسًا : ভোররাত্রে, খুব সকালে।

غِلس : স্বভাব-বিরুদ্ধ।

غُلَس، غَلِيس : বন্য গাধা।

غَلْصَمَ - ُ : (غَلْصَمَة) গলা কাটিয়া দেওয়া।

غَلْصَمَة : ঘাড়ের পশ্চাদ্ভাগ; আলজিভ; জিহ্বা-মূল; প্রধান ব্যক্তি। ব غَلَاصِم

غَلِطَ - َ : (غَلَط) تَغَلَّطَ ভুল করা; ভুল হওয়া।

غَلَّطَ : (تَغْلِيط) ভুল করানো, ভুল সাব্যস্ত করা, ভুল বলিয়া অভিহিত করা।

غَالَطَ : (مُغَالَطَة) ভুল করানো, কাহারও ভুল করিতে চাওয়া; প্রতারণা করা, কৌশল করা; জাল করা, নকল করা।

غَالَطَ بِالكَلَامِ : বাক্‌চাতুরী করা।

أَغْلَطَ : (إغْلَاط) ভুল করানো।

تَغَالَطَ : একে অপরকে বিভ্রান্ত করা, প্রতারিত করা।

غَلَط : ভুল, অশুদ্ধ। ব أَغْلَاط

غَلْطَة : ভুল। ব غَلْطَات، أغْلَاط

غَلْطَان، غَالِط : ভুলকারী; ভ্রান্ত।

مَغْلَطَة، (أَغَالِيط ব) : أُغْلُوطَة، غَلُوطَة أُغْلُوطَات (ব مَغَالِط) কুতর্কপূর্ণ প্রশ্ন; ভ্রান্তিপূর্ণ কথা।

تَغْلِيط : ভুল আখ্যায়িতকরণ; মিথ্যা, জাল। সাব্যস্তকরণ।

مِغْلَاط : ভুল করিতে অভ্যস্ত, প্রায়শঃ ভুল করে এমন।

مَغْلُوط فِيه : ভুল, অশুদ্ধ।

مُغَالِط : কুতর্কপূর্ণ, কুতার্কিক।

مُغَالَطَة : প্রতারণা, বিভ্রান্তি; কুতর্ক।



www.pathagar.com

غَلَظَ - غَلُظَ - ـُ (غِلَظ، غِلَاظَة، غِلْظَة) : পুরু হওয়া; মোটা হওয়া; অসমতল হওয়া, কঠোর হওয়া; কঠিন হওয়া, ঘন হওয়া।

~ عَلَى : কঠোরতা করা, কঠোর আচরণ করা।

غَلَّظَ : (تَغْلِيْظ) মোটা করা, পুরু করা, ঘন করা, কঠিন করা, অসমতল করা।

غَلَّظَ الْيَمِيْنَ : কঠোর শপথ করা।

أَغْلَظَ : (إِغْلَاظ) (কাপড়) মোটা পাওয়া; মোটা (কাপড়) ক্রয় করা।

أَغْلَظَ لَهُ فِى الْقَوْلِ، أَغْلَظَ لَهُ الْقَوْلَ : রূঢ় ভাষা ব্যবহার করা, কর্কশভাবে কথা বলা।

إِسْتَغْلَظَ : (إِسْتِغْلَاظ) পুরু, মোটা, কঠোর, কঠিন, সুদৃঢ়, অসমতল ঘন হওয়া বা মনে করা।

غَلْظ : অসমতল কঠিন (ভূমি)।

غِلَظ، غِلْظَة، غِلَاظَة : পুরুত্ব, ঘনত্ব, কঠোরতা, কর্কশতা, রূঢ়তা, অসমতলতা।

غَلِيظ : পুরু, মোটা, ঘন, কঠোর, কঠিন, অসমতল। ব غِلَاظ

غَلِيظُ الرَّقَبَة : একগুঁয়ে, অবাধ্য।

~ الْقَلْب : নিষ্ঠুর, কঠোর হৃদয়।

يَمِين مُغَلَّظَة، يَمِين غَلِيظَة : কঠোর শপথ।

مُغَالَظَة : শত্রুতা।

تَغَلْغَلَ، غَلْغَلَ : (غَلْغَلَة) ~ فِيْ গভীরে প্রবেশ করা।

مُتَغَلْغِل : গভীরে প্রবেশকারী, গভীরে প্রবিষ্ট।

غَلَفَ - ـُ (غَلْف) غَلَّفَ (تَغْلِيْف) أَغْلَفَ (إِغْلَاف) আচ্ছাদিত করা, খাম কিংবা মোড়কে পুরিয়া রাখা; বাক্স-ভর্তি করা; (পুস্তকে) মোড়ক লাগানো।

غَلِفَ - ـَ (غَلَف) অখাৎনাকৃত হওয়া।

تَغَلَّفَ، إِغْتَلَفَ : (إِغْتِلَاف) আচ্ছাদিত হওয়া, খাম কিংবা মোড়কবদ্ধ হওয়া, বাক্স-ভর্তি হওয়া।

غُلْفَة : লিঙ্গাগ্রের ত্বক।

غِلَاف : আবরণ, আচ্ছাদন, মোড়ক, খাম; বাক্স। ব غُلُف

أَغْلَف : অখাৎনাকৃত; অশিষ্ট। স্ত্রী غَلْفَاء ব غُلْف

مُغَلَّف : অখাৎনাকৃত; মোড়কবদ্ধ, বাক্স-ভর্তি বস্তু।

~ : আবরণ, আচ্ছাদন, মোড়ক, খাম। ব مُغَلَّفَات

غَلْفَق : শেওলা।

غَلَقَ - (غَلْق) غَلَّقَ (تَغْلِيْق) أَغْلَقَ (إِغْلَاق) (দরজা) বন্ধ করা, আটকানো, অর্গলবদ্ধ করা, তালা লাগানো।

أَغْلَقَ الرَّهْنَ : বন্ধকী জিনিস বাজেয়াপ্ত করা।

أُغْلِق : দ্ব্যর্থক হওয়া, সন্দেহজনক হওয়া, অস্পষ্ট হওয়া।

غَلِقَ - ـَ (غَلَق) (বন্ধকী জিনিস) বাজেয়াপ্ত হওয়া; আটকা পড়া; অস্থির হওয়া, রাগান্বিত হওয়া।

غَالَقَ : (مُغَالَقَة) বাজি রাখা।

تَغَالَقَ : পরস্পর বাজি রাখা।

إِنْغَلَقَ : (إِنْغِلَاق) (দরজা) বন্ধ হওয়া, তালাবদ্ধ হওয়া, অর্গলবদ্ধ হওয়া।

إِسْتَغْلَقَ (إِسْتِغْلَاق) : কঠিন হওয়া, জটিল হওয়া।

إِسْتَغْلَقَ عَلَيْهِ الْكَلَامُ : কথা বলিতে অক্ষম হওয়া, বাকরুদ্ধ হইয়া থাকা।

غَلَق : (ব أَغْلَاق) مِغْلَاق (ব مَغَالِيق) তালা, কুলুপ, খিল, অর্গল।

~ : ঝুড়ি।

غَلِق : দুর্বোধ্য।

غِلَاقَة : সমাপ্তি; অবশিষ্টাংশ।

غِلَاقَةُ حِسَاب : জমাখরচের স্থিতি, Balance of account.

إِغْلَاق : বন্ধকরণ, তালাবদ্ধকরণ।

إِنْغِلَاق : অস্পষ্টতা, দুর্বোধ্যতা।



www.pathagar.com

مَغْلَق : আয়ের সূত্র। ব مَغَالِق

مَغْلُوق، مُغْلَق : বন্ধ, তালাবদ্ধ, অর্গলবদ্ধ, কঠিন।

مُسْتَغْلِق : কঠিন, জটিল, অস্পষ্ট।

غَلِمَ – َ (غُلْمَة، غَلَم) إِغْتَلَمَ (إِغْتِلَام) : কামাসক্ত হওয়া, কামুক হওয়া।

غُلْمَة، غَلَم : কামপ্রবৃত্তি।

مُغْتَلِم، غِلِّيم، غَلِم : কামাসক্ত, কামুক।

غُلَام : বালক, দাস। ব غِلْمَة، غِلْمَان

غُلَامَة : বালিকা, দাসী।

غُلُومِيَّة، غُلَامِيَّة : তারুণ্য।

غُلُومَة : তারুণ্য; কামপ্রবৃত্তি।

غَيْلَم : মর্দা কচ্ছপ; বড় মাথা ও ঘন চুলবিশিষ্ট যুবক।

غَلَا – ُ (غُلُوّ) : বাড়াবাড়ি করা, সীমালঙ্ঘন করা; অতিরিক্ত হওয়া।

~ : (غَلَاء) (মূল্য) বৃদ্ধি পাওয়া; উচ্চমূল্য হওয়া।

غَلَّى : (تَغْلِيَة) মূল্যবৃদ্ধি করা; অধিক মূল্য চাওয়া।

غَالَى، تَغَالَى : (مُغَالَيَة) ~ فِيْ সীমালঙ্ঘন করা, বাড়াবাড়ি করা।

~ بِ : বেশি দামে ক্রয়-বিক্রয় করা।

أَغْلَى (إِغْلَاء) : মূল্যবৃদ্ধি করা, অধিক মূল্য চাওয়া; মূল্যবান করা; মূল্যবান ঘোষণা করা; মূল্য নির্ধারণ করা; উচ্চ প্রশংসা করা।

إِغْتَلَى : (إِغْتِلَاء) (উট) দ্রুত চলা।

إِسْتَغْلَى : (إِسْتِغْلَاء) মূল্যবান পাওয়া।

غُلُوّ، غَلْوَاء، مُغَالَاة : বাড়াবাড়ি, সীমালঙ্ঘন, অতিরঞ্জন।

غَلْوَة : তীরের পাল্লার দূরত্ব, ফার্লং। ব. غِلَاء، غَلَوَات

غَلَاء : উচ্চমূল্য; মূল্যবৃদ্ধি।

غُلْوَان : তারুণ্যের সজীবতা; আধিক্য; বাড়াবাড়ি।

غَالٍ، غَلِيّ : মূল্যবান, উচ্চমূল্য, মহামূল্য।

أَغْلَى : অধিকতর মূল্যবান।

غَلَى – (غَلْي، غَلَيَان) إِنْغَلَى (إِنْغِلَاء) : টগবগ করিয়া ফোটা; সিদ্ধ হওয়া; (মদ) গাঁজিয়া উঠা।

غَلَّى (تَغْلِيَة) أَغْلَى (إِغْلَاء) : ফুটানো, সিদ্ধ করা।

غَلْي، غَلَيَان : ফুটন; উচ্ছ্বাস।

غَلَّايَة : ফুটাইবার পাত্র, কেটলি।

غَالِيَة : মৃগনাভি, তিমি মাছের অন্ত্রজাত সুগন্ধি দ্রব্যবিশেষ। ব غَوَالٍ

مَغْلِيّ، مُغْلَى : যাহা ফুটানো হইয়াছে; ফুটাইয়া নিষ্কাশিত ক্বাথ, Decoction.

غَلْيُون : (ধূমপানের) পাইপ; রণতরীবিশেষ, Galleon. ব غَلَايِين، غَلَاوِين

غِلِيسْرِين : গ্লিসারিন।

غَمَّ – ُ (غَمّ) : غَمَّمَ (تَغْمِيم) আবৃত করা, ঢাকিয়া রাখা, লুকাইয়া রাখা।

أَغَمَّ : (إِغْمَام) বিষণ্ণ করা, দুঃখ-ভারাক্রান্ত করা; দুঃখ দেওয়া, কষ্ট দেওয়া।

أَغَمَّتِ السَّمَاءُ : আকাশ মেঘাচ্ছন্ন হওয়া।

غُمَّ : অস্পষ্ট হওয়া, অবোধগম্য হওয়া।

إِنْغَمَّ (إِنْغِمَام) إِغْتَمَّ (إِغْتِمَام) : দুঃখ-ভারাক্রান্ত হওয়া, দুঃখিত হওয়া, বিষণ্ণ হওয়া।

غَمّ : (ব غُمُوم) غُمَّة (ব غُمَم) দুঃখ, কষ্ট, দুশ্চিন্তা, উদ্বেগ; গুমট, অসহ্য গরম।

غَمَام، غَمَامَة : মেঘ। ব غَمَائِم

حَبُّ الْغَمَام : শিলা।

غِمَامَة : চোখের ঠুলি, Blinkers; (পশুর) মুখবন্ধনী। ব غَمَائِم

غَامّ، مُغِمّ : গুমট, অসহ্য গরম; দুঃখজনক, উদ্বেগজনক; মেঘাচ্ছন্ন (আকাশ)।

غَمَّاء : দুঃখ, বিষণ্ণতা; মেঘলা (রাত্রি)।

غَمِيم : উষ্ণ ও ঘনীভূত (দুগ্ধ)।

أَغَمّ : দীর্ঘ ও ঘন চুলবিশিষ্ট; ঘন (মেঘ)। স্ত্রী غَمَّاء



www.pathagar.com

مُغْتَمّ، مَغْمُوم : বিষণ্ন, দুঃখিত, দুশ্চিন্তাগ্রস্ত; মেঘাচ্ছন্ন (আকাশ)।

غَمَجَ - َ غَمِجَ (غَمْجٌ) : - (غَمَجٌ) লম্বা লম্বা ঢোঁকে পানি পান করা।

غَمْجَة، غُمْجِيَّة : ঢোঁক। ব غُمَجٌ

غَمَدَ - ُ (غَمْدٌ) أَغْمَدَ (إِغْمَادٌ) (তরবারি) খাপে ভরা, কোষবদ্ধ করা; প্রবিষ্ট করা।

غَمَّدَ : (تَغْمِيدٌ) ঢাকিয়া রাখা, দোষ গোপন করা; আশ্রয় দেওয়া।

تَغَمَّدَ : বেষ্টন করা; আশ্রয় দেওয়া; ঢাকিয়া রাখা; (তরবারি) কোষবদ্ধ করা; পাত্র পূর্ণ করা; ক্ষমা করা।

غِمْد : (তরবারির) খাপ, কোষ। ব. غُمُود، أَغْمَاد

غَامِد : বোঝাই (জাহাজ)।

غَامِدَة : মাটিভরতি (কূপ)। ব غَوَامِد

مَغْمَد : (তরবারির) খাপ। ব مَغَامِد

غَمَرَ - ُ (غَمْر) : প্লাবিত করা; অতিক্রম করা; আঁকড়াইয়া ধরা; আলিঙ্গন করা; আচ্ছন্ন করা; (অনুগ্রহে) ভরিয়া দেওয়া; ঢালিয়া দেওয়া; ডুবানো।

غَمِرَ - َ (غِمْر، غَمَر) : শত্রুতাপূর্ণ হওয়া, বিদ্বেষপূর্ণ হওয়া।

غَمُرَ - ُ (غُمُورَة، غَمَارَة) প্রচুর হওয়া, পর্যাপ্ত হওয়া; অশিক্ষিত হওয়া, অনভিজ্ঞ হওয়া।

غَمَّرَ : (تَغْمِير) সিক্ত করা, সিঞ্চিত করা; আঁকড়াইয়া ধরা।

غَامَرَ : (مُغَامَرَة) ঝুঁকি লওয়া, বিপদের সম্মুখীন করা; সাহস করা।

تَغَمَّرَ : ক্ষুদ্র পাত্রে পান করা, সামান্য পরিমাণ পান করা।

تَغَامَرَ : কোলাকুলি করা।

إِغْتَمَرَ، إِنْغَمَرَ : (إِنْغِمَار، إِغْتِمَار) ডুবিয়া যাওয়া, নিমজ্জিত হওয়া।

~ : নিমজ্জিত করা, প্লাবিত করা।

غَمْر : প্লাবিতকরণ; প্লাবন, বন্যা, নিমজ্জন।

~ : মূল সমুদ্র; গভীর পানি; দানশীল (লোক); তেজস্বী (ঘোড়া)। ব غِمَار، غُمُور

~ : অনভিজ্ঞ। ব أَغْمَار

غِمْر : অনভিজ্ঞ; বিদ্বেষ; তৃষ্ণা। ব أَغْمَار، غُمُورٌ

غُمْر : অনভিজ্ঞ; দুই বাহু বেষ্টনীতে যতটা ধরে, বাঁও; বক্ষস্থল; জাফরান। ব أَغْمَار

غُمَر : ছোট পেয়ালা। ব أَغْمَار، غِمَار

غَمْرَة : প্লাবন, নিমজ্জন; গভীর পানি; বিপুল পরিমাণ, প্রাচুর্য; কষ্ট, যন্ত্রণা। ব غُمَر، غِمَار، غَمَرَات

غَمَرَاتُ الْمَوْت : মৃত্যু-যন্ত্রণা।

غُمْرَة : জাফরান; জিপ্‌সাম; জাফরান মিশাইয়া প্রস্তুত প্রসাধন দ্রব্যবিশেষ।

غَمَار، غُمَار، غَمَارَة، غُمَارَة : প্রচণ্ড ভিড়।

غَمَارَة অজ্ঞতা, অনভিজ্ঞতা।

غَامِر : পর্যাপ্ত, প্রচুর, বিপুল, বেষ্টনকারী, আচ্ছন্নকারী; আলিঙ্গনকারী; নির্জন, পরিত্যক্ত (ভূমি)।

غَمِير : গভীরতা। ব غِمَارٌ

مُغَامِر : দুঃসাহসী, দুঃসাহসী অভিযাত্রী; হঠকারী।

مُغَامَرَة، غِمَار : ঝুঁকি, দুঃসাহস, দুঃসাহসিক বা বিপজ্জনক কাজ, হঠকারিতা।

مَغْمُور : অস্পষ্ট, অখ্যাত, চিন্তাক্লিষ্ট।

~ ب : প্লাবিত, আচ্ছন্ন, বেষ্টিত।

مُغْتَمِر : পানিসিঞ্চিত (গাছ); মাতাল।

غَمَزَ - (غَمْز) : স্পর্শ করা, ছোঁয়া; সংকেত দেওয়া।

~ بِالْعَيْن : চোখ দ্বারা ইশারা করা, চোখ টেপা।

~ ب، عَلَى : অপবাদ দেওয়া, নিন্দা করা, কুৎসা রটানো।

غَمَزَ الْجَرَس : ঘণ্টার বোতাম টিপা, ঘণ্টা বাজানো।



www.pathagar.com

قَنَاتَهُ ~ : নাড়ি পরীক্ষা করা।

فِى مَشْيِه ~ : খোঁড়াইয়া হাঁটা।

أَغْمَزَ : ~ فِى ত্রুটি পাওয়া; দুর্বল পাওয়া।

تَغَامَزَ : পরস্পর চোখ টিপাটিপি করা।

إِغْتَمَزَ : (إِغْتِمَاز) নিন্দা করা, দোষারোপ করা।

غَمْز : চোখের ইশারা।

غَمْزَة : চোখের ইশারা, পলক। ব غَمَزَات

غَمَز : দুর্বল লোক; অকর্মণ্য পশু। ব أَغْمَاز

غَمَّاز : বন্দুকের ঘোড়া, Trigger.

غَمَّازَة : (গালের) টোল।

مَغْمَز، غَمِيزَة : দোষ-ত্রুটি, দুর্বলতা। ব مَغَامِز

مَغْمُوز : নিন্দনীয়।

غَمَسَ - : غَمَّسَ (تَغْمِيس، غَمْس) ডুবানো, নিমজ্জিত করা।

~ : (غُمُوس) অস্ত যাওয়া।

غَامَسَ : (مُغَامَسَة) ডুবের পাল্লা দেওয়া; বিপদে ঝাঁপাইয়া পড়া।

إِنْغَمَسَ إِغْتَمَسَ، إِغْتِمَاس : (إِنْغِمَاس) ডুবিয়া যাওয়া, নিমজ্জিত হওয়া, ডুব দেওয়া।

غَمْس : ডুব, নিমজ্জন।

غَمُوس : কষ্টকর বা বিপজ্জনক (কাজ); অশুভ (বিষয়); বিদ্ধকারী (আঘাত)।

يَمِين غَمُوس، الْيَمِين الْغَمُوس : মিথ্যা শপথ।

غَمِيس : অন্ধকার; লুক্কায়িত, রহস্যময়; অজ্ঞাত।

غَمَّاسَة : ডুবুরি পাখিবিশেষ।

مَغْمُوس : ডুবন্ত, নিমজ্জিত।

مُغَامِس : বিপদে ঝাঁপাইয়া পড়ে এমন, দুঃসাহসী।

غَمِشَ - : (غَمَش) ক্ষীণ দৃষ্টি হওয়া।

أَغْمَش : ক্ষীণদৃষ্টি। স্ত্রী غَمْشَاء

غَمَصَ - : (غَمْص) অবজ্ঞা করা, তুচ্ছজ্ঞান করা।

غَمِصَ - : (غَمَص) (চক্ষু) ঝাপসা-দৃষ্টি হওয়া।

إِغْتَمَصَ : (إِغْتِمَاص) অবজ্ঞা করা, ঘৃণা করা।

غَمَص : ঝাপসা দৃষ্টি।

أَغْمَص : ঝাপসা-দৃষ্টি বা ছানি-পড়া চক্ষুবিশিষ্ট। স্ত্রী غَمْصَاء ব غُمْص

غَمَضَ، غَمُضَ - : (غُمُوضَة، غُمُوض) লুক্কায়িত হওয়া, লুকাইয়া থাকা; অস্পষ্ট হওয়া, দুর্বোধ্য হওয়া; (চক্ষু) বন্ধ হওয়া।

~ - : (غَمْض) ~ فِى প্রবেশ করা।

غَمِضَ - : (ভূমি) নিচু হওয়া।

غَمَّض، أَغْضَ : চক্ষু বন্ধ করা, কথা অস্পষ্টভাবে বলা।

أَغْمَضَ : ~ مِنْ উপেক্ষা করা, অন্ধ সাজা।

~ عَلَى : বহন করা, সহ্য করা।

إِنْغَمَضَ، إِغْتَمَضَ : (إِغْتِمَاض، إِنْغِمَاض) (চক্ষু) বন্ধ হওয়া; ঘুমানো।

غَمْض : নিম্নভূমি। ব غُمُوض، أَغْمَاض

ذُو غَمْضٍ : অখ্যাত (লোক)।

غُمْض، غَمَاض : নিদ্রা; চোখের পলক।

غَمْضَة : চোখের পলক।

فِى غَمْضَةِ عَيْنٍ : এক পলকে, মুহূর্তের মধ্যে।

غَمِضَة : দোষ, ত্রুটি।

غُمُوض، غُمُوضَة : অস্পষ্টতা, দুর্বোধ্যতা, রহস্য, অনিশ্চয়তা।

غَامِض : লুক্কায়িত; অস্পষ্ট; দুর্বোধ্য; রহস্যময়; বন্ধ। ব غَوَامِض

غَامِضَة : দুর্বোধ্য বিষয়, রহস্য, হেঁয়ালি, প্রহেলিকা। ব غَوَامِض

غُمَّيْضَة، غُمَيْضَاء : কানামাছি খেলা।

مَغْمَض : অতি নিচু ভূমি। ব مَغَامِض

مُغَمَّض : মুদিত (চক্ষু), দুর্বোধ্য, দ্ব্যর্থক (শব্দ)।

غَمَطَ - : غَمِطَ - (غَمْط) অবজ্ঞা করা, তুচ্ছ করা।

~ : (অধিকার) অস্বীকার করা; অকৃতজ্ঞ হওয়া।



www.pathagar.com

أَغْمَطَ : ~ عَلَى (জ্বর) লাগিয়া থাকা।

تَغَمَّطَ : ~ عَلَى লুকাইয়া রাখা।

غَمْط : নিম্নভূমি।

غَمْغَمَ : (غَمْغَمَة) অস্পষ্টভাবে (কথা) বলা।

غَمْغَمَة : অস্পষ্ট শব্দ, হৈচৈ, চিৎকার। ব غَمَاغِم

غَمَقَ، غَمُقَ ـُ غَمِقَ ـَ : (غَمَق)আর্দ্র হওয়া।

غَمَّقَ : (تَغْمِيق) গভীর করা।

غُمْق : গভীরতা।

غَمِيق : গভীর।

غَامِق : গাঢ় (রঙ)।

غَمَلَ ـُ : (غَمْل) আবৃত করা; আচ্ছাদিত করা, ভূগর্ভে লুকাইয়া রাখা, স্তূপীকৃত করা, সঠিক অবস্থায় রাখা।

غَمِلَ ـَ : (غَمَل) (ক্ষত) দুষ্ট হওয়া।

غَمِل، مَغْمُول : ভূগর্ভে লুক্কায়িত; অখ্যাত।

غُمْلُول : গাছপালায় ঢাকা উপত্যকা। ব غَمَالِيل

غَمْلَج، غَمَلَّج، غِمْلاَج، غُمْلُوج، غِمْلِيج : অস্থির, চঞ্চল।

غَمَنَ ـُ : (غَمْن) ভূগর্ভে লুকাইয়া রাখা; জড়ো করা।

غُمِنَ، اِنْغَمَنَ : (اِنْغِمَان) ~ فِي ভূগর্ভে লুক্কায়িত হওয়া।

غُمْنَة : টয়লেট-পাউডার, Toilet powder.

غَمَا ـُ : (غَمْو) ـِ غَمَى (غَمْي) (গৃহে) ছাদ দেওয়া; আবৃত করা।

غَمَّى : (تَغْمِيَة) চক্ষু আবৃত করা।

أُغْمِيَ عَلَى، غُمِيَ عَلَى : সংজ্ঞাহীন হওয়া, মূর্ছা যাওয়া, অচেতন হইয়া পড়া।

~ : সন্দেহপূর্ণ হওয়া, অস্পষ্ট হওয়া।

غَمْي، إِغْمَاء : সংজ্ঞাহীনতা, মূর্ছা।

غَمًى : غَمْيَان، مَغْمِيّ عَلَيْه، مُغْمًى عَلَيْه সংজ্ঞাহীন, মূর্ছিত, অচেতন। ব أَغْمَاء

اِسْتُغُمَّايَة، لَعْبَةُ الاِسْتُغُمَّايَة : কানামাছি খেলা।

غَنَّ ـَ : (غَنّ، غُنَّة) নাকী সুরে কথা বলা, অনুনাসিকা করা, গুন্না করা।

غَنَّنَ : (تَغْنِين) (বাগান) সতেজ করা।

أَغَنَّ : (إِغْنَان) সুরেলা কণ্ঠে গাওয়া; গুন্‌গুন্ করা; ভন্‌ভন্ করা; (মশক) ভর্তি হওয়া।

غَنّ : নাকী সুরে উচ্চারণ।

غُنَّة : নাকী সুরে উচ্চারণ; নাকী সুর; টঙ্কার শব্দ; গুন্না।

أَغَنّ : সুরেলা, সুমধুর; অনুনাসিকা; জনবহুল (গ্রাম); জাঁকালো (বাগান)। স্ত্রী غَنَّاء

غَنِثَ ـَ : (غَنَث) অনিষ্টপ্রবণ হওয়া।

غَنِجَ ـَ : (غُنْج) تَغَنَّجَ ছিনালি করা; সোহাগ করা।

غَنَّجَ : (تَغْنِيج) আদর করা, সোহাগ করা।

غُنْج، غُنَاج ছিনালি, সোহাগ, অভিমান।

غَنِج، مِغْنَاج : ছিনালের মত।

غَنِجَة، غُنُوجَة، غَنَّاجَة : ছিনাল, অভিমানী।

غُنْجُل : বেজি ও ভল্লুকের মাঝামাঝি চতুষ্পদ জন্তুবিশেষ, Badger. ব غَنَاجِل

غَنْدَرَ : ফুলবাবু সাজানো।

تَغَنْدَرَ : ফুলবাবু সাজা, ফুলবাবুগিরি করা।

غَنْدُر : মোটা।

غُنْدُور : ফুলবাবু, পোশাকি বাবু। ব غَنَادِرَة

غَنْدَقْجِي : অস্ত্রশস্ত্র নির্মাণ ও মেরামতকারী। ব غَنْدَقْجِيَّة

غَنَظَ ـِ : (غَنْظ) মরণোন্মুখ হওয়া; দুঃখ দেওয়া।

غَنْظ، غَنَظ، غَنَاظ : দুঃখ, দুশ্চিন্তা।

غَنِمَ ـَ : (غُنْم، غَنْم، غَنَم، غَنِيمَة) গনীমত লাভ করা, বিনাকষ্টে পাওয়া, লুটের মাল পাওয়া; লুট করা যুদ্ধলব্ধ হওয়া।

غَنَّمَ، أَغْنَمَ : (تَغْنِيم، إِغْنَام) দান করা; গনীমত ভাগ দেওয়া।



www.pathagar.com

تَغَنَّمَ، اِغْتَنَمَ : (اِغْتِنَام) লুট করা, গনীমত পাওয়া।

اِغْتَنَمَ الْفُرْصَةَ، اِسْتَغْنَمَ الْفُرْصَةَ : সুযোগ গ্রহণ করা।

غُنْم، غَنْم، غَنِيمَة، مَغْنَم : অপ্রত্যাশিত সম্পদ, গনীমত, লুণ্ঠিতদ্রব্য, লাভ, সুযোগ। ব مَغَانِم

غَنَم : মেষ, ছাগল। ব أَغْنَام

غَنَّام : মেষপালক।

غَانِم : সফল।

غَنِيَ - : (غِنًى، غَنَاء) اِسْتَغْنَى (اِسْتِغْنَاء) অভাবমুক্ত হওয়া, ধনী হওয়া, স্বাবলম্বী হওয়া।

~ , ~ : (عَنْ) অমুখাপেক্ষী হওয়া, প্রয়োজনমুক্ত হওয়া, ত্যাগ করিতে সমর্থ হওয়া।

غَنَّى، تَغَنَّى : (تَغْنِيَة) গাওয়া, স্তুতি গাওয়া, প্রশংসা করা; কবিতা আবৃত্তি করা।

أَغْنَى : (أَغْنَاء) ধনী করা, অভাবমুক্ত করা।

~ عَنْ : প্রয়োজনমুক্ত করা, অমুখাপেক্ষী করা; যথেষ্ট হওয়া, পর্যাপ্ত হওয়া; কাজে আসা, উপকারে আসা; তুষ্ট করা; তৃপ্ত করা; বিকল্প হওয়া; পরিত্যাজ্য হওয়া; ত্যাগ করা, ছাড়িয়া দেওয়া; সাহায্য করা, রক্ষা করা।

اِغْتَنَى : (اِغْتِنَاء) ধনী হওয়া, ধন-সম্পদ লাভ করা।

غِنًى : সম্পদ, প্রাচুর্য।

غُنْيَة : তৃপ্তি, পরিতুষ্টি।

لاَ غِنًى عَنْهُ : অপরিত্যাজ্য।

مَالَهُ عَنْهُ غِنًى : সে ইহা ত্যাগ করিতে পারে না, সে ইহা ছাড়া চলিতে পারে না।

هُوَ فِي غِنًى عَنْهُ : সে ইহা ত্যাগ করিতে সক্ষম, ইহাতে তাহার প্রয়োজন নাই।

غَنَاء : সম্পদ, প্রাচুর্য, পর্যাপ্ততা; ক্ষমতা, সামর্থ্য; কাজ, উপকারিতা।

لاَغَنَاءَ فِيهِ : ইহা কোন কাজের নহে; ইহা পর্যাপ্ত নহে।

هُوَ فِي غَنَاء عَنْهُ، لَهُ غَنَاء عَنْهُ : সে ইহা ত্যাগ করিতে সক্ষম, ইহাতে তাহার প্রয়োজন নাই।

غِنَاء، أُغْنِيَّة (ব أَغَانِيّ) : أُغْنِيَة (ব إِغْنِيَة أُغْنِيَة (أَغَانٍ) গান, সুর।

غَنِيّ : ধনী, সম্পদশালী, সচ্ছল। ব أَغْنِيَاء

غَانِيَة : সুন্দরী রমণী। ব غَوَانٍ، غَانِيَات

مَغْنًى : বাসস্থান। ব مَغَانٍ

مُغَنٍّ : গায়ক।

مُغَنِّيَة : গায়িকা।

غَهِبَ - : (غَهَب) ~ عَنْ উপেক্ষা করা, অবহেলা করা, অমনোযোগী হওয়া।

اِغْتَهَبَ : (اِغْتِهَاب) অন্ধকারে ভ্রমণ করা।

غَهَبًا : অনিচ্ছাকৃতভাবে, উদ্দেশ্যহীনভাবে।

غَيْهَب : অন্ধকার; গাঢ় কাল; অমনোযোগী; দুর্বল। ব غَيَاهِب

غَاثَ - : (غَوْث) أَغَاثَ (إِغَاثَة) সাহায্য করা; উদ্ধার করা।

غَوَّثَ : (تَغْوِيث) সাহায্যের জন্য চিৎকার করা।

اِسْتَغَاثَ : (اِسْتِغَاثَة) সাহায্য চাওয়া, সাহায্যের আবেদন করা।

غَوْث، غِيَاث، إِغَاثَة : সাহায্য; উদ্ধার, ত্রাণ।

اِسْتِغَاثَة : সাহায্য প্রার্থনা, সাহায্যের আবেদন।

مُغِيث : সাহায্যকারী; উদ্ধারকারী, ত্রাণকর্তা।

غَاجَ - : (غَوْج) تَغَوَّجَ নুইয়া নুইয়া হাঁটা; মাটিতে ঝুঁকিয়া পড়া।

غَوْج : নমনীয়; দ্রুতগামী (অশ্ব)।

غَارَ - : (غَوْر) غَوَّرَ (تَغْوِير) تَغَوَّرَ، ভিতরে প্রবেশ করা; নিচে নামিয়া যাওয়া; ডুবিয়া যাওয়া; চুয়াইয়া পড়া, শুকাইয়া যাওয়া, (চক্ষু) কোটরাগত হওয়া।

غَوَّرَ : (تَغْوِير) পরাজিত করা, হটাইয়া দেওয়া; লুকাইয়া রাখা; শুকাইয়া ফেলা।

غَاوَرَ : (مُغَاوَرَة) ~ عَلَى আক্রমণ করা।



www.pathagar.com

أَغَـارَ : নিম্নভূমিতে চলা, দ্রুতবেগে চলা।

~ عَـلَـى : আক্রমণ করা।

تَـغَـاوَرَ : পারস্পরিক আক্রমণ চালানো, একে অন্যের বিরুদ্ধে অশ্ব পরিচালনা করা।

إِسْـتَـغَـارَ : (إِسْـتِـغْـوَار) নিম্নাঞ্চলে বসতি স্থাপন করা, (পশু) মোটা হওয়া; (আঘাত) ফুলিয়া উঠা।

~ عَـلَـى : আক্রমণ করা।

غَـوْر : তলা; গভীরতা; নিম্নভূমি। ব غِـيْرَانُ، أَغْـوَار

بَـعِـيـدُ الـغَـوْر : সুগভীর।

غَـار : গর্ত, গুহা; চিরসবুজ বৃক্ষবিশেষ ও তাহার পাতা। ব غِـيـرَان، أَغْـوَار

غَـارَة : আক্রমণ, আকস্মিক আক্রমণ, অশ্বের দ্রুত ধাবন। ব غَـارَات

غَـارَة جَـوِّيَّـة : বিমানাক্রমণ।

شَـنَّ الـغَـارَة : ~ عَـلَـى আক্রমণ করা।

غَـائِـر : ডুবন্ত; গর্তে পতিত; নিচু।

غَـائِـرَة : মধ্যাহ্ন; মধ্যাহ্ন-নিদ্রা।

إِغَـارَة : আক্রমণ।

مَـغَـار، مَـغَـارَة : গর্ত, গুহা। ব مَـغَـاوِر، مَـغَـارَات

مِـغْـوَار : পুনঃপুন আক্রমণকারী; আক্রমণপ্রবণ; সাহসী; দ্রুতগামী (অশ্ব)। ব مَـغَـاوِيـر

مُـغِـيـر : আক্রমণকারী, লুণ্ঠনকারী।

غُـورِيـلاَّ : গরিলা, Gorilla.

غَـازَ : ـُ (غَـوْر) উদ্দেশ্য করা, করিতে চাওয়া; গমন করা, আশ্রয় লওয়া।

غَـاز : গ্যাস, পেট্রোল, কেরোসিন। ব غَـازَات

غَـازسَـامّ : বিষাক্ত গ্যাস।

نُـور الـغَـاز : গ্যাস দীপিকা।

غَـازِىّ : গ্যাসের ন্যায়, গ্যাসজাতীয়, গ্যাসের তৈরি।

غَـوَّشَ : অর্থহীন কথা বলা।

غَـوْشَـة : শ্রুতিকটু শব্দ; গোলমাল, হৈচৈ।

غُـوَيْـشَـة : কাচের চুড়ি, বালা। ব غَـوَايِـش، غُـوَيْـشَـات

غَـاصَ : ـُ (غَـوص، غِـيَـاص، غِـيَـاصَـة، مَـغَـاص) ~ فِـى ডুব দেওয়া, ডুবিয়া যাওয়া, নিমজ্জিত হওয়া।

~ عَـلَـى : গভীরে প্রবেশ করা, সূক্ষ্মভাবে পরীক্ষা করা; হঠাৎ আপতিত হওয়া।

غَـوَّصَ : (تَـغْـوِيـص) ডুবানো, ডুব দেওয়ানো, নিমজ্জিত করা।

غَـوص : ডুব।

غَـائِـص : ডুবদানকারী, ডুবন্ত, নিমজ্জিত। ব غُـوَّاص، غَـاصَـة

غَـوَّاص : ডুবুরি, মুক্তা-ডুবুরি।

غَـوَّاصَـة : ডুবোজাহাজ, সাবমেরিন।

مَـغَـاص : নিমজ্জনস্থল।

مَـغَـاصُ الـلُّـؤْلُـؤ : মুক্তা-ক্ষেত্র, Pearl-fishery.

غَـاطَ : ـُ (غَـوْط) (বালিতে) ডুবিয়া যাওয়া, নিচে চাপা পড়া।

أَغَـاطَ، غَـوَّطَ : (إِغَـاطَـة، تَـغْـوِيـط) গভীর করা।

~ فِـى : প্রবেশ করা।

تَـغَـوَّطَ : মলত্যাগ করা।

تَـغَـاوَطَ : ডুবের পাল্লা দেওয়া।

إِنْـغَـاطَ : (إِنْـغِـوَاط) নুইয়া পড়া।

غَـاط، غَـوْط : গর্ত, নিম্নভূমি। ব غِـيـطَـان، غِـيَـاط، أَغْـوَاط غُـوط

غُـوط : গভীরতা।

غُـوطِـىّ : গথ জাতি সম্বন্ধীয়, Gothic.

غَـاوِط : অল্পবয়সী উট।

غَـائِـط : মল; নিম্নভূমি; উদ্যান।

غَـوِيـط : গভীর।

غَـوْغَـاء، غَـاغَـة : নিম্নশ্রেণীর লোক; গণ্ডগোল, হৈচৈ।

غَـالَ : ـُ (غَـوْل) إِغْـتَـالَ (إِغْـتِـيَـال) ছিনাইয়া লওয়া, কাড়িয়া লওয়া; গোপনে বা বিশ্বাসঘাতকতা করিয়া হত্যা করা, খুন করা।

~ : ধ্বংস করা; নেশাগ্রস্ত করা।

غَـاوَلَ : (مُـغَـاوَلَـة) ~ فِـى ত্বরা করা।



www.pathagar.com

تَـغَـوَّلَ : বিভিন্ন রঙ কিংবা আকৃতি ধারণ করা; গোলমেলে হওয়া; (মরুভূমি) পথহীন হওয়া; ধ্বংস করা।

غَـال : দরজার তালা, কুলুপ। ব غَالَات

غَـوْل : মাথা-ধরা, নেশা; হতভম্বতা; উদ্বেগ।

غُـول : দৈত্য, ভূত, রাক্ষস, গরিলা। ব غِـيلَان، أَغْـوَال

غِـيلَة، إِغْتِـيَال : হত্যা, খুন, গুপ্তহত্যা; প্রতারণা।

غَـائِـلَة : দুর্ভাগ্য, দুর্বিপাক, বিপদ; ধ্বংস; দুষ্কর্ম। ব غَـوَائِـل

مِـغْـوَل : যে ফাঁপা ছড়ির মধ্যে তরবারি লুকানো থাকে, গুপ্তি।

مَـغَـالَة : ক্ষতি, ধ্বংস।

غَـوَى : - (غَـيّ) غَـوَّى (تَغْـوِيَة) أَغْـوَى (إِغْـوَاء)، إِسْـتَـغْـوَى (إِسْـتِـغْـوَاء) বিভ্রান্ত করা, বিপথগামী করা, প্রলুব্ধ করা, প্ররোচিত করা।

~ غَـوِيَ، - : (غَـوَايَـة) ভুল করা, ভ্রষ্ট হওয়া, বিভ্রান্ত হওয়া, বিপথে যাওয়া; নিরাশ হওয়া।

غَـوِى - : (غَوًى) কামনা করা, লোভ করা; (উট) অজীর্ণে আক্রান্ত হওয়া।

إِنْـغَـوَى : (إِنْـغِـوَاء) প্রলুব্ধ হওয়া, বিভ্রান্ত হওয়া, প্ররোচিত হওয়া; ঝুঁকিয়া পড়া।

غَـيّ، غَـوَايَـة : ভ্রান্তি, ভ্রষ্টতা, অপরাধ; প্রলোভন, প্ররোচনা।

غَـيَّـة : ভ্রান্তি, অপরাধ; রুচি, পছন্দ; শখের জিনিস, শখ। ব غَـيَّـات

اِبْـنُ غَـيَّـة، وَلَـد غَـيَّـة : অবৈধ সন্তান।

غَـوِيَّـة : শখের জিনিস, শখ।

غَـاوٍ : ভ্রষ্টকারী, বিভ্রান্তকারী, প্ররোচক, শয়তান। ব غَـاوُون، غُـوَاة

~ : কোন পশু কিংবা পাখি-বিশেষজ্ঞ; শখ হিসেবে করে এমন; ভক্ত; অপেশাদার ব্যক্তি। ব غُـوَاة

غَـوٍ، غَـوِيّ، غَـيَّـان : বিভ্রান্ত, নিরাশ; আবেগের অনুসারী।

غَـاوِيَـة : পানির মশক।

إِغْـوَاء : প্ররোচনা, কুমন্ত্রণা, প্রতারণা।

أُغْـوِيَّـة (ব أَغَـاوِي) مَـغْـوَاة (ব مَـغَـاوٍ) مُـغَـوَّاة (ব مُـغَـوَّيَـات) ফাঁদ, চোরা গর্ত; বিপজ্জনক স্থান।

مُـغْـوٍ، مُـغَـوٍّ : বিভ্রান্তকারী, প্ররোচক, প্রতারক।

غَـيَّـا : (পতাকা) উত্তোলন করা, স্থাপন করা।

غَـايَـا : (غِـيَـاء) ب ~ (তরবারি) চালনা করা।

أَغْـيَـا : (إِغْـيَـاء)(মেঘ) স্থির হওয়া; চরম উৎকর্ষ লাভ করা; (পতাকা) উত্তোলন করা, স্থাপন করা।

غَـايَـة : উদ্দেশ্য, লক্ষ্য; গন্তব্য; চরম সীমা; পতাকা; নাম-ফলক, সাইনবোর্ড। ব غَـاي، غَـايَـات

غَـائِـب : অনুপস্থিত, লুক্কায়িত, অদৃশ্য; তৃতীয় পুরুষ (ব্যা)। ব غَـائِبُـون، غُـيَّـب، غُـيَّـاب

غِـيَـاب : অনুপস্থিতি; অস্ত।

غِـيَـابُ الـشَّـمْـسِ : সূর্যাস্ত।

غِـيَـابِـيًّـا، غِـيَـابِـيّ : অনুপস্থিতিতে।

حُـكْـم غِـيَـابِـيّ : অনুপস্থিতিতে বিচার।

غِـيَـاب : সমাধি।

غَـيَّـاب : (গাছের) শিকড়।

غَـيَـابَـة : গোপন আশ্রয়, আস্তানা; পর্দা, তলদেশ। ব غَـيَـابَـات

غَـيْـبُـوبَـة : মূর্ছা, সংজ্ঞাহীনতা; অচেতন অবস্থা; সম্মোহ, হতভম্ব অবস্থা।

مَـغِـيـب : অনুপস্থিতি; অস্ত।

مَـغِـيـبُ الـشَّـمْـسِ : সূর্যাস্ত।

مُـغِـيـب : স্ত্রী হইতে বিচ্ছিন্ন স্বামী।

مُـغِـيـبَـة : স্বামী হইতে বিচ্ছিন্না স্ত্রী, পরিত্যক্তা স্ত্রী।

مُـغَـيَّـب : লুক্কায়িত, অদৃশ্য।

مُـتَـغَـيِّـب : অনুপস্থিত, লুক্কায়িত।

مُـغْـتَـاب : গীবতকারী; (অসাক্ষাতে) পরনিন্দাকারী।

غَـاثَ - : (غَـيْـث) বৃষ্টি দান করা, বর্ষণসিক্ত করা।

تَـغَـيَّـثَ : (উট) মোটা হওয়া।



www.pathagar.com

غَـيْـث : বৃষ্টি; মেঘ; বৃষ্টির পর উৎপন্ন ঘাস। ব غُـيُـوث

ذُبَاب الـغَـيْـثِ : মৌমাছি।

غَـيِّـث : প্রচুর বৃষ্টি বর্ষণকারী, বৃষ্টিবহুল (মেঘ)।

ذُو غَـيِّـث : দ্রুতগামী (অশ্ব)।

~ ذاتُ : প্রচুর পানিওয়ালা (কূপ)।

مَـغْـيُـوث، مَـغِـيـث : বর্ষণসিক্ত (ভূমি)।

غَـيِـدَ - َ : (غَـيَـد) (ডাল) সরু হওয়া; ঘাড় নোয়ানো।

تَـغَـايَدَ : নুইয়া চলা; হেলিয়া দুলিয়া চলা।

غَـيَـد : কোমলতা, কমনীয়তা।

غَـادَة : তরুণী; কচি (ডাল)। ব غَـادَات

أَغْـيَـد : কচি (ডাল); তরুণ ও কমনীয়। স্ত্রী غِـيـد ব غَـيْـدَاء

غَـارَ - َ : (غَـيْـرَة، غَـيْـر) ~ عَـلَـى، مِنْ ঈর্ষান্বিত হওয়া, ঈর্ষা পোষণ করা।

غَـيَّـرَ : (تَـغْـيِـيـر) পরিবর্তন করা, বদলাইয়া দেওয়া, রূপান্তরিত করা; বিকৃত করা; রক্তমূল্য প্রদান করা।

غَـايَـرَ : (مُـغَـايَـرَة) বিনিময় করা; ভিন্নরূপ হওয়া।

أَغَـارَ : (إِغْـيَـار) ঈর্ষান্বিত করা।

تَـغَـيَّـرَ : পরিবর্তিত হওয়া; রূপান্তরিত হওয়া; বিকৃত হওয়া।

لَايَـتَـغَـيَّـرُ : অপরিবর্তনীয়।

تَـغَـايَـرَ : ভিন্নরূপ হওয়া; বিভিন্ন হওয়া; ঈর্ষান্বিত হওয়া।

غَـيْـر : অন্য, ভিন্ন; না; ব্যতীত, তবে।

غَـيْـرَ أَن : তবে, যদিও, যাহা হউক, যতক্ষণ না।

~ صَـاف : অপরিষ্কার, অপরিচ্ছন্ন, অস্বচ্ছ, অখাঁটি।

~ مَـأْلُـوف : অপরিচিত।

~ مَـوْجُـود : অবিদ্যমান, অস্তিত্বহীন।

~ مَـرَّة : একাধিকবার, অনেকবার, প্রায়শঃ।

~ وَاحِد : একাধিক, অনেক, কতিপয়।

غَـيْـر ذٰلِكَ، ~ هٰذَا : আর একটি, অন্য একটি।

فِى غَـيْـرِ، مِنْ غَـيْـرِ، بِـغَـيْـرِ : ব্যতীত।

لَـيْـسَ غَـيْـر، لاغَـيْـرَ : আর নহে, কেবলমাত্র।

وَغَـيْـر ذٰلِكَ، وَغَـيْـرُهُ : ইত্যাদি; আরও, অন্যান্য।

غِـيَـر : ভাগ্য-বিবর্তন, উত্থান-পতন। ব أَغْـيَـارُ

غِـيَـر الـدَّهْـرِ : কালের বিবর্তন।

غَـيْـرَة : আত্মসম্মানবোধ, ঈর্ষা, প্রবল আগ্রহ, আবেগ, ঐকান্তিকতা, উৎকণ্ঠা।

غِـيَـرَة : রক্তমূল্য; গমের সংগ্রহ। ব غِـيَـر

غَـيْـرِيّ : পরার্থপর।

غَـيْـرِيَّـة : পরার্থপরতা।

غِـيَـار : পরিবর্তন; বিনিময়।

~ : (আঘাতের) পট্টি, ব্যান্ডেজ; অমুসলিমদের সনাক্তকরণের জন্য পোশাকে ব্যবহৃত ব্যাজ। ব غِـيَـارَات

أَجْـزَاء الـغِـيَـار، قِـطَـعُ الـغِـيَـار : খুচরা যন্ত্রাংশ।

غَـيَّـار : সহজে কাতুকুতু দিয়া হাসানো যায় এমন, Ticklish.

غَـيُـور : (পু: স্ত্রী) (ব غُـيُـر، غَـيْـرَان) স্ত্রী غَـيْـرَى (ব غَـيَـارَى) ঈর্ষান্বিত, আত্মসম্মানবোধসম্পন্ন, প্রবল আগ্রহী, দারুণ উৎকণ্ঠিত।

تَـغَـيُّـر : পরিবর্তন, বিভিন্নতা।

تَـغْـيِـيـر : পরিবর্তন, বিভিন্নতা; বিকৃতি; বিনিময়।

تَـغَـايُـر : ভিন্নতা, বিভিন্নতা; প্রতিদ্বন্দ্বিতা।

مُـغَـايِـر : পরিপন্থী।

مَـغْـيُـور، مَـغِـيـر : বর্ষণসিক্ত (ভূমি)।

مِـغْـيَـار : ঈর্ষাকাতর; অস্বাস্থ্যকর (আবহাওয়া, পানি)। ব مَـغَـايِـيـر

مُـتَـغَـيِّـر : পরিবর্তনীয়, পরিবর্তনশীল।

مُـتَـغَـايِـر : বিভিন্ন রকম, বিবিধ প্রকার।

غَـاضَ - : (مَـغَـاض، غَـيْـض) اِنْـغَـاضَ، تَـغَـيَّـضَ (পানি) হ্রাসপ্রাপ্ত হওয়া, কমিয়া যাওয়া, ভাটা লাগা।

غَـيَّـضَ، أَغَـاضَ : (إِغَـاضَـة، تَـغْـيِـيـض) হ্রাস করা, কমানো।

غَـيْـض : অকালজাত ভ্রূণ; অল্প পরিমাণ; হ্রাস।



www.pathagar.com

غَيْضَة : ঝোপ, জঙ্গল; সিংহের আস্তানা। ব أَغْيَاض، غِيَاض، غَيْضَات

مَغِيض : ডোবা, জলাশয়। ব مَغَايِض

غَاطَ - : (غَيْط) فِى ~ প্রবেশ করা; আত্মগোপন করা।

غَيْط : ক্ষেত; উদ্যান, নিম্নভূমি। ব غِيطَان

غَيْطَانِىّ : ক্ষেতওয়ালা, কৃষক।

مُغَايَطَة : বিতর্ক।

غَاظَ - ُ : (غَيْظ) غَيَّظَ (تَغْيِيْظ), غَايَظَ (مُغَايَظَة), أَغَاظَ (إِغَاظَة) রাগান্বিত করা, রাগাইয়া দেওয়া, বিরক্ত করা।

تَغَيَّظَ : অতিশয় উত্তপ্ত হওয়া।

اِغْتَاظَ، اِنْغَاظَ (اِغْتِيَاظ، اِنْغِيَاظ) রাগান্বিত হওয়া, উত্তেজিত হওয়া।

غَيْظ، غِيَاظ، اِغْتِيَاظ : ক্রোধ, রাগ, বিরক্তি।

مَغِيظ، مُنْغَاظ، مُغْتَاظ : ক্রুদ্ধ, রাগান্বিত, বিরক্ত।

غَيَّفَ : (تَغْيِيْف) যুদ্ধে কাপুরুষোচিত আচরণ করা।

أَغَافَ : (إِغَافَة) (ডাল) নোয়াইয়া দেওয়া।

تَغَيَّفَ : নুইয়া হাঁটা।

غَاف : মিষ্ট ফলযুক্ত গাছ।

غَيْف : পাখির উড্ডয়ন।

أَغْيَف : নমনীয়, কোমল, সহজ।

غَيَّاف : দীর্ঘশ্মশ্রু।

غَيَّقَ : (تَغْيِيْق) অপচয় করা।

غَيَّقَ فِى رَأْيِهِ : মত পরিবর্তন করা; অস্থিরমনা হওয়া।

اَلْغَاقُ : কাক।

غَاق : কাকের ডাক, আওয়াজ।

غَالَ - : (غَيْل) أَغَالَ (إِغَالَة) أَغْيَلَ গর্ভাবস্থায় স্তন্যদান করা।

تَغَيَّلَ، اِسْتَغْيَلَ : (اِسْتِغْيَال) জট পাকানো, বিজড়িত হওয়া।

اِغْتَالَ، اِغْتِيَال : স্তন্যদানকালে স্ত্রী সঙ্গম, অতর্কিত হওয়া।

غَال : তালা, কুলুপ। ব غَالاَت

غَيْل، لَبَن غَيْل : গর্ভবতী স্ত্রীলোকের স্তন্য।

~ : প্রবহমান পানি।

غِيل : জট পাকানো গাছ, ঝোপ, সিংহের আস্তানা। ব غُيُول، أَغْيَال

غَيْلَة، غِيلاَن : প্রতারণা।

غَائِلَة، مُغِيل : গর্ভাবস্থায় স্তন্যদানকারিণী। ব غَوَائِل

مَغَالَة : গোপন বিদ্বেষ; অনিষ্ট।

مُغَال : গর্ভবতী স্ত্রীলোকের স্তন্য পানকারী (শিশু)।

مِغْيَال : জট পাকানো, বিজড়িত (গাছ)।

غَامَ - : (غَيْم) غَيَّمَ، أَغَامَ، أَغْيَمَ، تَغَيَّمَ (আকাশ) মেঘাচ্ছন্ন হওয়া, কুয়াশাচ্ছন্ন হওয়া।

غَيْم : মেঘ, কুয়াশা। ব غِيَام، غُيُوم

غَيْمَة : মেঘখণ্ড।

غَائِم، مُتَغَيِّم : মেঘাচ্ছন্ন, মেঘপূর্ণ।

غَيْمَان : তৃষ্ণাকাতর (উট)। স্ত্রী غَيْمَى

غَانَ - : (غَيْن) তৃষ্ণার্ত হওয়া; (মন) উৎপীড়িত হওয়া।

أَغَانَ : (إِغَانَة) আচ্ছন্ন করা।

غَيْن : "غ" : বর্ণের নাম।

غَيْنَة : নিবিড় গাছপালা; গালের টোল।

أَغْيَن : দীর্ঘ; সবুজ। স্ত্রী غَيْنَاء ব غِين

غَيْنَاء : সবুজ ও গুচ্ছপূর্ণ (গাছ)।

غِينِيَا : গিনি (দেশ)।

نِيُوْ غِينِيَا : নিউগিনি (দেশ)।

غَيْهَب : (غَهِب) ঘোর কালো; নিরেট বোকা, নির্বোধ, দুর্বল।



www.pathagar.com

# بـاب الـفـاء



ف : ফা, আরবী বর্ণমালার বিশতম হরফ। সংখ্যামান ৮০। فدّان (একর)-এর শব্দ-সংক্ষেপ।

ف : অতঃপর, অনন্তর, তবে, এইরূপে, অতএব, কেননা।

يَوْمًا فَيَوْمًا : দিনে দিনে, দিনের পর দিন।

شَيْئًا فَشَيْئًا : আস্তে আস্তে, ক্রমে ক্রমে, একটু একটু করিয়া।

فَإِنَّ : কেননা।

فَاء : "ف" বর্ণের নাম।

فَابْرِيقَة : ফ্যাক্টরি, কারখানা।

إِفْتَاتَ : (إِفْتِيَات) ~ عَلَى মিথ্যা বলা; অত্যাচার করা, (কর্তব্য) পালন না করা।

إِفْتَاتَ بِرَأْيِه : স্বমতে কাজ করা।

~ عَلَيَّ الْبَاطِلَ : সে আমার বিরুদ্ধে মিথ্যা আরোপ করিল, মিথ্যা অভিযোগ আনিল।

أُفْتُتَ : হঠাৎ মরিয়া যাওয়া।

إِفْتِيَات : অত্যাচার, মিথ্যা আরোপ।

الْفَاتِيكَان : ভ্যাটিক্যান।

فَأَدَ : ـَ (فَأْد) অন্তরে আঘাত দেওয়া; (হৃদরোগ) হৃৎপিণ্ড আক্রমণ করা; ভীরু করা।

فَئِدَ : ـَ (فَأَد) فُئِدَ হৃদরোগে আক্রান্ত হওয়া, হৃদয়ে আঘাত পাওয়া।

إِفْتَأَدَ : (আগুন) জ্বালানো।

فُؤَاد : অন্তর, হৃদয়, হৃৎপিণ্ড, মন, আত্মা। ব أَفْئِدَة

مِنْ صَمِيمِ الْفُؤَاد : অন্তরের অন্তস্তল হইতে, অত্যন্ত আন্তরিকভাবে।

فُؤَادِيَّة : মিসরীয় বিমানবাহিনীর টুপিবিশেষ।

مَفْئُود : অন্তরে আঘাতপ্রাপ্ত, হৃদরোগগ্রস্ত।

فَأَرَ : ـَ (فَأْر) মাটি খনন করা, মাটির নিচে পুঁতিয়া রাখা।

فَئِرَ : ـَ (فَأَر) (স্থান) ইঁদুরে পরিপূর্ণ হওয়া।

فَأْر : ইঁদুর। ব فُؤَر، فِئْرَان

فَأْرَة : ইঁদুর; রাঁদা।

فَئِر : ইঁদুরে পরিপূর্ণ (স্থান), ইঁদুরে নষ্ট করিয়াছে এমন (খাদ্য)।

الْفَارَابِيّ : আবূ মানসূর মুহাম্মাদ আল-ফারাবী (৮৭৩-৯৫০ খ্রি.)। উপাধি الْمُعَلِّمُ الثَّانِي; ইনি বহু গ্রন্থপ্রণেতা প্রসিদ্ধ মুসলিম দার্শনিক। Neo-Platonic Islamic Philosophy-এর প্রবর্তক।

فَأَسَ : ـَ (فَأْس) কুঠার দ্বারা কাটা বা আঘাত করা।

فَأْس : কুঠার। ব أَفْؤُس، فُئُوس

فَاس : (মরক্কোর) ফেয নগরী।

فَاشِسْتِي، فَاشِي : ফ্যাসিবাদী।

فَاشِسْتِيَّة، فَاشِيَّة : ফ্যাসীবাদ।

فَأْفَأَ : তোত্লাইয়া কথা বলা।

فَأَقَ : ـَ (فُؤَاق) ফোঁপানো।

فُؤَاق ফোঁপানি।

تَفَاءَلَ : শুভ মনে করা, ভাল মনে করা, আশাবাদী হওয়া।

فَأْل : লক্ষণ, শুভলক্ষণ। ব أَفْؤُل، فُؤُول

فِئَال : শিশুদের খেলাবিশেষ; হেঁয়ালি।

تَفَاؤُل : শুভলক্ষণ, আশাবাদ।

مُتَفَائِل : আশাবাদী, শুভ বিবেচনাকারী।

فَالُوذَج : ফালুদা।

فَالُوذَجِيّ : ফালুদাজাতীয়।

فَأَمَ، فَئِمَ : ـَ (فَأْم) تَفَأَّمَ ~ مِنْ; মুখ ভর্তি করা।

أَفْأَمَ، فَأَّمَ : (إِفْئَام، تَفْئِيم) প্রশস্ত করা, পূর্ণ করা।



www.pathagar.com

فِئَام : (মানুষের) বড় দল। ব فُئُومٌ

فَانِلَّة، فَانِلاَّ : পশমি বস্ত্রবিশেষ, Flannel; অন্তর্বাস, অধঃবাস। ব فَانِلاَّت

فَانُوس : লণ্ঠন। ব فَوَانِيس

فَأْو : ফাটল, ফাঁক, সরু পথ।

فِئَة : দল; দর, হার, মূল্য। ব فِئُون، فِئَات

فَاوَرِيقَة : কারখানা। ব فَوَارِق

فَايِظ : সুদ (فيظ)।

فَبْرَاير : ফেব্রুয়ারি।

فَبْرِيقَة : কারখানা।

فُبَّة : আঁকড়া, হুক, কীলক।

فَتَّ : ـُ فَتَّ (فَتّ) فَتَّتَ (تَفْتِيت) টুকরা টুকরা করা, চূর্ণ-বিচূর্ণ করা, ছোট ছোট খণ্ডে বিভক্ত করা।

فَتَّ فِى عَضُدِهِ، فَتَّ فِى سَاعِدِهِ : দুর্বল করা।

تَفَتَّتَ، اِنْفَتَّ (اِنْفِتَات) : চূর্ণ-বিচূর্ণ হওয়া, টুকরা টুকরা হওয়া, ছোট ছোট খণ্ডে বিভক্ত হওয়া।

فَتّ : চূর্ণন, খণ্ডিতকরণ; ফাটল। ব فُتُوتٌ

فُتّ : বিক্ষিপ্ত, চতুর্দিকে ছড়ানো।

فَتَّة : জ্বালানীরূপে ব্যবহৃত শুকনা গোবর; শুরুয়ায় ভিজানো রুটি।

فُتَات : ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড, ছোট ছোট টুকরা।

فَتِيتَة، فَتِيت : ক্ষুদ্র খণ্ড, ছোট টুকরা; শুরুয়ায় ভিজানো রুটি।

فَتَأَ : ـَ (فَتْأ) ক্ষান্ত করা; (আগুন) নিভাইয়া দেওয়া।

فَتِئَ : ـَ (فَتْأ) ~ عَنْ বিরত হওয়া, ক্ষান্ত হওয়া, বন্ধ করা।

مَافَتِئَ، مَافَتَأَ : অব্যাহত থাকা, ক্ষান্ত না হওয়া।

فَتَحَ : ـَ (فَتْح) খুলিয়া দেওয়া; উন্মুক্ত করা, উন্মোচন করা; ব্যাখ্যা করা; (বাতি) জ্বালাইয়া দেওয়া; (যন্ত্র, সুইচ) চালু করা; (খাল) খনন করা; (রাস্তা) তৈরি করা; সূচনা করা, আরম্ভ করা; জয় করা; উদ্বোধন করা; প্রতিষ্ঠা করা; ~ فَتْحَة; আকার উচ্চারণ করা।

~ بَيْنَ : মিটমাট করা, মীমাংসা করা।

~ عَلَى : বিজয় দান করা; ক্ষমতা প্রদান করা; সাহায্য করা; প্রকাশ করা, বলিয়া দেওয়া; অবহিত করা।

فَتَّحَ : খুলিয়া দেওয়া, উন্মুক্ত করা; আলগা করা; (ফুল) প্রস্ফুটিত হওয়া; (সূর্য) পুনরায় বাহির হওয়া।

فَاتَحَ : (تَفْتِيح) সূচনা করা, প্রথম কথা বলা; আলোচনা শুরু করা; দর-দাম করা; পরিচিত হওয়া।

تَفَتَّحَ، اِنْفَتَحَ : (اِنْفِتَاح) প্রস্ফুটিত হওয়া, উন্মুক্ত হওয়া, খুলিয়া যাওয়া।

اِفْتَتَحَ : (اِفْتِتَاح) উন্মুক্ত করা, সূচনা করা, উদ্বোধন করা; জয় করা; প্রতিষ্ঠা করা।

اِسْتَفْتَحَ : (اِسْتِفْتَاح) আরম্ভ করা; খুলিয়া দেওয়া; সূচনা করা, উদ্বোধন করা; ব্যাখ্যা চাওয়া, তাৎপর্য জানিতে চাওয়া; সাহায্য চাওয়া।

فَتْح : উন্মুক্তকরণ; সূচনা, আরম্ভ।

~ : বিজয়; সাহায্য, দান, অবদান। ব فُتُوحَات، فُتُوح

فَتْحَة : ফাত্‌হা-চিহ্ন, যবর (ـَ) (ব্যা)।

فُتْحَة : ফাঁক, ছিদ্র, চিড়; প্রদর্শনী। ব فُتَح

فَاتِح : উন্মুক্তকারী, আরম্ভকারী, সূচনাকারী; বিজয়ী; হালকা, উজ্জ্বল (রং)।

فَاتِحَة : সূচনা, আরম্ভ, মুখবন্ধ, ভূমিকা। ব فَوَاتِح

فَاتِحَةُ الْكِتَابِ، سُورَةُ الْفَاتِحَةِ، الْفَاتِحَة : আল কুরআনের ১ নম্বর সূরা, সূরা ফাতিহা।

فَتَّاح : উন্মুক্তকারী, উন্মোচনকারী; আরম্ভকারী, সূচনাকারী; বিজয়ী; প্রশস্ত; আল্লাহর একটি গুণবাচক নাম। ব فَتَاتِيحُ

فِتَاحَة : বিচারকের দায়িত্ব।

فَتَّاحَة : কৌটা ইত্যাদি খুলিবার যন্ত্র; কর্ক-স্ক্রু।

فُتَاحَات : ঝগড়া, বিবাদ।

فَتُوح : বসন্তের প্রথম বৃষ্টি।

اِفْتِتَاح، مُفْتَتَح : সূচনা; উদ্বোধন।

اِفْتِتَاحِيّ : প্রাথমিক, প্রারম্ভিক; উদ্বোধনী।



www.pathagar.com

اِفْتِتَاحِيَّة : সম্পাদকীয়; প্রস্তাবনা।

مَقَالَة اِفْتِتَاحِيَّة : প্রধান নিবন্ধ।

اِسْتِفْتَاح : সূচনা, আরম্ভ; বায়না।

مَفْتَح : ভাণ্ডার। ব مَفَاتِح

مِفْتَاح : চাবি, সুইচ, প্যাডেল, পিন। ব مَفَاتِيح

مِفْتَاحْجِيّ : সুইচম্যান, Switchman.

مَفْتُوح : খোলা, উন্মুক্ত, অনাবৃত, উন্মোচিত; বিজিত (দেশ); ফাত্‌হা (َ) যুক্ত হরফ, হালকা (রং)।

مُفَاتَحَة : আলোচনা শুরু করা।

مُتَفَتِّح : প্রস্ফুটিত; খোলামন।

فَتَخَ - َ : (فَتَخ) শিথিলাঙ্গ হওয়া।

أَفْتَخَ : (إِفْتَاخ) ক্লান্ত হওয়া।

تَفَتَّخَ : আঙুলে আংটি পরিধান করা, পায়ে মল পরা।

فَتَخ : অঙ্গ-প্রত্যঙ্গের দুর্বলতা; আংটি, মল; স্ফীতি। ব فُتُوخ

فَتَخَة، فَتْخَة : ছোট আংটি, পাথরবিহীন আংটি।

فُتُوخ : (সিংহের) নখর।

أَفْتَخ : শিথিলাঙ্গ। স্ত্রী فَتْخَاء ব فُتْخ

فَتَرَ - ُ : (فُتُور) تَفَتَّرَ হ্রাস পাওয়া; প্রশমিত হওয়া, ঠাণ্ডা হওয়া; শান্ত হওয়া; ঈষৎ উষ্ণ হওয়া; অবসন্ন হওয়া, শিথিল হওয়া।

~ اِفْتَرَّ : ~ عَنْ ঝিমাইয়া পড়া, যত্নহীন হওয়া, নিরুৎসাহ বোধ করা।

أَفْتَرَ، فَتَّرَ : (إِفْتَار، تَفْتِير) ঠাণ্ডা করা, শান্ত করা; হ্রাস করা, প্রশমিত করা, দুর্বল করা, অবসন্ন করা।

اِسْتَفْتَرَ : (اِسْتِفْتَار) অনুগত হওয়া।

فِتْر : বিঘত; কোণ। ব أَفْتَار

فُتْر : তালপাতার মাদুর।

فَتْرَة : অবসন্নতা, শৈথিল্য, দুর্বলতা; প্রশমন, বিরতিকাল।

~ : বিরতি; সময়ের নির্দিষ্ট বিভাগ, ক্ষণ। ব فَتَرَات
فِى فَتَرَات مُتَقَطِّعَة : অনিয়মিতভাবে, থাকিয়া থাকিয়া, মাঝে মাঝে, At intervels.

فَتَّر : টর্পেডো-মাছ।

فُتُور : অবসাদ, অবসন্নতা, ক্লান্তি, শৈথিল্য; ঠাণ্ডাভাব; মন্দাভাব; ঈষৎ উষ্ণতা।

فَاتِر : অবসন্ন; শিথিল; দুর্বল, ক্লান্ত; ঠাণ্ডা, মন্দা, ঈষৎ উষ্ণ।

فَاتُور : কুসুম কুসুম গরম, ঈষৎ উষ্ণ (পানি)।

فَاتُورَة : বিল, চালান, Invoice; নমুনা। ব فَوَاتِير

فَاتُورَة صُورِيَّة : ছকে গঠিত বস্তু। Proforma invoice.

مُتَفَتِّر : সবিরাম।

فَتَشَ - : (فَتْش) فَتَّشَ (تَفْتِيش) অনুসন্ধান করা, নিরীক্ষা করা, পরীক্ষা করা।

~ ، ~ : (عَنْ) ~ عَلَى অনুসন্ধান করা, তালাশ করা।

فَتَّشَ عَلَى : দেখাশুনা করা, তত্ত্বাবধান করা।

فَتَّاش : অনুসন্ধানকারী, পরীক্ষক, নিরীক্ষক; গবেষক।

تَفْتِيش : অনুসন্ধান, তালাশ, পরীক্ষা, নিরীক্ষা, পরিদর্শন, গবেষণা, তত্ত্বাবধান, পর্যবেক্ষণ।

دِيوَانُ التَّفْتِيش : পরিদর্শকের দফতর।

مُفَتِّش : পরিদর্শক, তত্ত্বাবধায়ক।

مُفَتِّش أَوَّل : প্রধান পরিদর্শক, Chief inspector.

~ ثَانٍ : সহকারী পরিদর্শক, sub-inspector.

~ عَام : ইনসপেক্টর জেনারেল।

فُتُغْرَافِيَا : আলোকচিত্র, ফটোগ্রাফি, ক্যামেরা।

صُورَة فُتُغْرَافِيَّة : আলোকচিত্র, ফটো।

فَتْفَتَ : (فَتْفَتَة) গোপনে বলা; (গোপন কথা) ফাঁস করা; (রুটি ইত্যাদি) টুকরা টুকরা করা।

فَتْفُوتَة : টুকরা, খণ্ড। ব فَتَافِيت

فَتَقَ - ُ : (فَتْق) فَتَّقَ (تَفْتِيق) বিদীর্ণ করা, ছিঁড়িয়া ফেলা, সেলাই খুলিয়া ফেলা; ব্যক্ত করা, ফাঁস করা।



www.pathagar.com

اَلْحَاجَةُ تَفْتُقُ الْحِيلَةَ : প্রয়োজনই আবিষ্কারের প্রসূতি (আরবী প্রবাদ)।

فَتَّقَ الْكَلَامَ : (ভাষা) শুদ্ধ করা, পরিষ্কার করা।

فَتِقَ - : (فَتَق) (জমি) ভালো ফসল উৎপাদন করা।

اِنْفَتَقَ، تَفَتَّقَ : (اِنْفِتَاق) ছিঁড়িয়া যাওয়া, বিদীর্ণ হওয়া, সেলাই খুলিয়া যাওয়া; ভাঙিয়া যাওয়া; (মেঘ) পরিষ্কার হইয়া যাওয়া।

فَتْق : ফাটল, চিড়, ছিদ্র। ব فُتُوق

~ فَتَاق : অন্ত্রবৃদ্ধি, hernia.

~ ،فَتَق : উষা, প্রভাত।

فُتُوق : হঠাৎ বিপদ; অভাব, দুষ্প্রাপ্যতা।

مَفْتُوق، فَتِيق : সেলাইবিহীন, ছিন্ন, বিদীর্ণ; অন্ত্রবৃদ্ধিগ্রস্ত।

~ : উজ্জ্বল (প্রভাত) ; ধারালো (তরবারি)।

فَتِيقُ اللِّسَان : তীক্ষ্ণভাষী।

فَيْتَق : সূত্রধর; কামার; দারোয়ান; রাজা।

فَتَكَ - : (فُتُوك، فُتْك، فَتْك) أَفْتَكَ (اِفْتَاك) দ্রুত প্রবৃত্ত হওয়া।

~ فِى : পূর্বাপর না ভাবিয়া ঝাঁপাইয়া পড়া; দক্ষ হওয়া।

~ بِ : হঠাৎ আক্রমণ করা; গুপ্ত হত্যা করা; ধ্বংস করা।

فَتَّكَ : (تَفْتِيك) চিরুনি দ্বারা আঁচড়ানো।

فَاتَكَ : (مُفَاتَكَة) দ্রুত প্রবৃত্ত হওয়া; নৈপুণ্যের প্রতিযোগিতা করা; প্রকাশ্যে আক্রমণ করা।

فَتْك : হঠকারিতা, আকস্মিকতা; আক্রমণ, গুপ্তহত্যা; ধ্বংস।

فَتْكَة : ধ্বংস, উচ্ছেদ।

فَتَّاك : খুনি; মারাত্মক, ধ্বংসাত্মক।

فَاتِك : গুপ্তঘাতক। ব فُتَّاك

فَتَلَ - : (فَتْل) فَتَّلَ (تَفْتِيل) পাকানো, পেঁচানো, পাক দেওয়া, চুনট করা, বোনা।

اِنْفَتَلَ، تَفَتَّلَ : পাক খাওয়া, পাক লওয়া, পেঁচ খাওয়া।

فَتْل : পাক লাগানো, বুনন।

فَتْلَة : পাক, পেঁচ, বুনট।

~ ،فُتْلَة : তন্তু, সুতা।

فَتَّال : দড়ি প্রস্তুতকারী, দড়িওয়ালা।

مَفْتُول، فَتِيل : পাকানো; শক্ত (দড়ি, সুতা); বুননকৃত।

~ ،فَتِيلَة : পলিতা, শলিতা, বার্নার, burner. ব فَتِيلَات، فَتَائِل

حَجَرُ الْفَتِيل : এসবেসটস, asbestos.

مَفْتُولُ الْعَضَل : পেশল, মাংসল।

~ الْخَلْق : সুদৃঢ় গঠন।

مِفْتَل : দড়ি পাকাইবার যন্ত্র।

مُفَتَّل : শক্তভাবে পাকানো (দড়ি, সুতা)।

فَتَنَ - : (فِتْنَة) পরীক্ষায় ফেলা; প্রতারিত করা; পরখ করিবার জন্য পোড়ানো, গলানো।

~ : (فُتُون، فَتْن) فَتَّنَ (تَفْتِين) أَفْتَنَ (اِفْتَان) বিমুগ্ধ, বিমোহিত করা; প্রলুব্ধ করা।

~ عَلَى : অপবাদ রটানো।

فُتِنَ : কষ্টে পড়া, বিপদে পড়া।

اُفْتُتِنَ، أُفْتِنَ : (اِفْتِتَان) বিমোহিত হওয়া, উন্মত্ত হওয়া।

اِفْتَتَنَ : (اِفْتِتَان) বিপথে পরিচালিত করা; বিদ্রোহে উদ্বুদ্ধ করা বা হওয়া; বিমুগ্ধ হওয়া, বিমোহিত হওয়া, দাঙ্গায় লিপ্ত হওয়া।

فِتْنَة : পরীক্ষা; বিপদ, কষ্ট; উত্তেজনা, প্ররোচনা; সম্মোহন, প্রলোভন; দাঙ্গা, হাঙ্গামা, গোলযোগ, বিশৃঙ্খলা, গৃহযুদ্ধ; অবিশ্বাস, পাপ; উন্মত্ততা; অভিজ্ঞতা; গ্লানি, অপবাদ, কেলেঙ্কারি। ব فِتَن

فُتْنَة : বাবলা গাছের ফুল, acacia flower.

فَاتِن، فَتَّان : মুগ্ধকারী, প্রলুব্ধকারী; প্ররোচক; বিভ্রান্তকারী; গোলযোগকারী, বিশৃঙ্খলা সৃষ্টিকারী। ব فُتَّان

~ : অপবাদ রটনাকারী; স্বর্ণকার।

الْفَتَّان : শয়তান।

فَتَّانَة পরশ-পাথর।

مَفْتُون، فَتِين : বিভ্রান্ত; বিপন্ন; দুর্ভাগ্য-পীড়িত; বিমোহিত, বিমুগ্ধ, সম্মোহিত; লুপ্তবুদ্ধি, উন্মাদ।



www.pathagar.com

مَفَاتِن : মোহিনী-শক্তি, যাদুমন্ত্র।

فَتَا : ـُ (فَتْو) দানশীলতায় ছাড়াইয়া যাওয়া।

فَتِيَ : ـَ (فَتًى) তরুণবয়স্ক হওয়া, যৌবনপ্রাপ্ত হওয়া, প্রাপ্তবয়স্ক হওয়া; সাহসী হওয়া, সতেজ হওয়া।

أَفْتَى : (إِفْتَاء) ফতোয়া দেওয়া, রায় দেওয়া।

تَفَاتَّى، تَفَتَّى : যৌবনের তেজ দেখানো, নিজেকে যুবক সাজানো; বীরত্ব প্রদর্শন করা।

إِسْتَفْتَى : ফতোয়া চাওয়া, রায় চাওয়া, সিদ্ধান্ত চাওয়া, সমাধান চাওয়া, পরামর্শ করা।

فَتَاء، فُتُوَّة : যৌবন, তারুণ্য; মহত্ত্ব, বদান্যতা।

~ : গুণ্ডা, ষণ্ডা; মল্ল, পালোয়ান।

فُتْيَا، فُتْوَى، فَتْوَى : ফতোয়া, রায়, অভিমত, আইনগত সিদ্ধান্ত, সমাধান। ব فَتَاوَى

فَتًى : তরুণ, যুবক, প্রাপ্তবয়স্ক, বীর, সাহসী, সতেজ; দানশীল, দাস; বালক। ব فُتِيّ، فِتِيّ، فُتُوّ، فِتْوَة، فِتْيَة، فِتْيَان

فَتَاة : তরুণী, যুবতী, বালিকা, দাসী। ব فَتَوَات، فَتَيَات

فَتِيّ : তরুণ, অল্পবয়সী। স্ত্রী فَتِيَّة ব أَفْتَاء، فِتَاء

فَتِيَّة : তারুণ্য।

إِفْتَاء : ফতোয়াদান, রায়দান, সিদ্ধান্ত ঘোষণা; পরামর্শ, উপদেশ।

إِسْتِفْتَاء : পরামর্শ গ্রহণ, বিশেষ কোন রাজনৈতিক বিষয় সম্পর্কে Referendum; জনমত গ্রহণ, গণভোট, Plebiscite.

مُفْتٍ : মুফতী, ফতোয়া প্রদানকারী।

فَثَّ : ـُ (فَثّ) চারিদিকে ছড়াইয়া দেওয়া।

إِنْفَثَّ : (إِنْفِثَاث) ভগ্নহৃদয় হওয়া।

مَفَثَّة : প্রাচুর্য, পর্যাপ্ততা।

فَثَأَ : ـَ (فَثْء) নিবৃত্ত করা, ঠাণ্ডা করা, প্রশমিত করা।

~ عَنْ : সরাইয়া দেওয়া।

أَفْثَأَ : (إِفْثَاء) ক্লান্ত হওয়া, পরিশ্রান্ত হওয়া।

~ بِ : আগমন করা, বসবাস করা।

إِنْفَثَأَ : (إِنْفِثَاء) কমিয়া যাওয়া, প্রশমিত হওয়া।

فَثَجَ : ـُ (فَثْج) কমান, হ্রাস করা; প্রশমিত করা।

فَثَّجَ، أَفْثَجَ، أُفْثِجَ، تَفَثَّجَ : (إِفْثَاج، تَفْثِيج) অধিক ভারাক্রান্ত হওয়া, ক্লান্ত হওয়া।

فَاثِج : গর্ভবতী (উষ্ট্রী)। ব فَوَاثِج

فَاثُور : দস্তরখান; বিছানা।

فَثَغَ : ـَ (فَثْغ) (মাথা) ভাঙ্গিয়া দেওয়া।

فَجَّ : ـُ (فَجّ) (পা) ফাঁক করা।

~ أَفَجَّ : লম্বা লম্বা পা ফেলিয়া চলা, তাড়াতাড়ি চলা।

فَجّ : গিরিপথ। ব أَفِجَّة، فِجَاج

فِجّ : কাঁচা; অশালীন (কথা)।

فُجَّة : মধ্যবর্তী ফাঁক, ফাঁকা জায়গা, ফাটল।

فَجَج : দুই পা ফাঁককরণ।

فَجَأَ، فَاجَأَ (فُجَاءَة، فَجْأَة، فَجْأ) : ـَ فَجِئَ، فَجَأَ (إِفْتِجَاء) إِفْتَجَأَ ,(مُفَاجَأَة) হঠাৎ আসিয়া পড়া, আকস্মিকভাবে আপতিত হওয়া; বিস্মিত করা।

فُوجِئَ : বিস্মিত হওয়া।

مُفَاجَأَة، فُجَاءَة، فُجَاءَة : হঠাৎ, আকস্মিকভাবে, অপ্রত্যাশিতভাবে।

مُفَاجِئ، فُجَائِي، فَاجِئ : আকস্মিক, অপ্রত্যাশিত।

فَجَرَ : ـُ (فَجْر) فَجَّرَ (تَفْجِير) কাটিয়া দেওয়া, খনন করা; বাহির করা, প্রবাহিত করা।

~ : (فُجُور) পাপিষ্ঠ হওয়া, দুরাচারী হওয়া, অন্যায় করা, পাপ করা; ব্যভিচার করা; দুর্বল দৃষ্টি হওয়া।

فَجِرَ : ـَ (فَجَر) বদান্যতা প্রদর্শন করা।

أَفْجَرَ : (إِفْجَار) পাপ করা, পাপাচারে লিপ্ত হওয়া, ব্যভিচার করা; প্রভাতে উপনীত হওয়া; পাপিষ্ঠ পাওয়া।



www.pathagar.com

اِنْفَجَرَ، تَفَجَّرَ : (اِنْفِجَار) ফাটিয়া বাহির হওয়া, ফিনকি দিয়া বাহির হওয়া; উদ্ভাসিত হওয়া।
~ : বিস্ফোরিত হওয়া।
~ عَلَى : চতুর্দিক হইতে ঘিরিয়া আসা, আকস্মিকভাবে আপতিত হওয়া; ভাঙ্গিয়া পড়া।
~ عَنْ : অদৃশ্য হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া।
اِفْتَجَرَ : (اِفْتِجَار) মিথ্যা রটানো।
فَجْر : ফজর, প্রভাত, উষা; উষার আলো; দিবা-সূচনা।
فَجَر : প্রাচুর্য, সম্পদ।
فَجْرَة : মিথ্যা; দোষ; পাপ।
فُجْرَة : (ব فُجَر) مُفْجَر (ব مَفَاجِر) পানি নির্গমনের পথ।
فُجُور : পাপ, অন্যায়, দুরাচরণ, লাম্পট্য, চরিত্রহীনতা, ব্যভিচার।
فِجَار : দুই পাহাড়ের মধ্যবর্তী প্রশস্ত পথ।
فُوَّة : রঙ-এর জন্য ব্যবহৃত লতাগাছ বিশেষ, madder.

فُوَّهَة، فُوهَة : মুখ, ফাঁক, প্রবেশ-পথ; (আগ্নেয়গিরির) জ্বালামুখ। ব فُوهَات

أَفْوَه : বড় মুখবিশিষ্ট। স্ত্রী فَوْهَاء ব فُوه

مُفَوَّه : বাগ্মী; সুগন্ধমিশ্রিত (পানীয়, মদ্য)।

فُويَه : খোলতাই করিবার জন্য মণি-মুক্তার নিম্নে স্থাপিত ধাতুর পাতলা পাত, foil.

فِي : তে, এ, মধ্যে, মাঝে; ভিতরে, অভ্যন্তরে, সঙ্গে; সময়ে; সম্বন্ধে, বিষয়ে; নিকটে, কাছে, পক্ষে; কারণে; অনুসারে; তুলনায়; উপরে।

خَمْسَة فِي ثَلَاثَة : পাঁচ তিনে (৫×৩) =১৫।

خَمْسَة أَمْتَار فِي عَشَرَة : প্রস্থে পাঁচ ও দৈর্ঘ্যে দশ মিটার।



www.pathagar.com

فِيمَا بَعْدُ : নিম্নে, পরবর্তীতে।

فِيمَا بَيْنَهُمْ : তাহাদের পরস্পরের মধ্যে।

فِيمَا مَضَى مِنَ الزَّمَان، فِيمَا مَضَى : অতীতে, পূর্বে।

فِيمَا يَلِي : নিম্নে।

فِيمَا أَعْتَقِدُ : আমার বিশ্বাস মোতাবেক।

فَاءَ - : (فَيْءٌ) ফিরিয়া আসা, প্রত্যাবর্তন করা; (ছায়া) পরিবর্তিত হওয়া।

اِسْتَفَاءَ : (اِسْتِفَاءٌ) লুটের মাল গ্রহণ করা, ফাইরূপে গ্রহণ করা, ফাও লওয়া।

فَيَّأَ : (تَفْيِئَة) (গাছ) ছায়া দেওয়া; ছায়াবহুল হওয়া।

أَفَاءَ : (إِفَاءٌ) প্রদান করা; দান করা; ফেরত দেওয়া; লুটের মাল দেওয়া, 'ফাই' দেওয়া, ফাও দেওয়া।

تَفَيَّأَ : (গাছের) ছায়ায় বসা, ছায়া লাভ করা; ছায়া চাওয়া, আশ্রয় চাওয়া।

فَيْءٌ : ছায়া; লুটের মাল, বিনাযুদ্ধে সন্ধিসূত্রে প্রাপ্ত ধন-সম্পদ, ফাই, ফাও। ব فُيُوء، أَفْيَاء

فِئَة : দল, বাহিনী। ব فِئُون، فِئَات

فَيْئَة : প্রত্যাবর্তন।

تَفْيِئَة : ছায়া; লুটের মাল।

مَفْيُؤَة، مَفْيَأَة : ছায়াচ্ছন্ন স্থান।

فِيتَامِين : ভিটামিন।

فِيتْنَام : ভিয়েতনাম।

فِيتُو : ভেটো, veto, প্রতিরোধ ক্ষমতা।

حَقّ فِيتُو : ভেটো ক্ষমতা।

فِيتُون : চার চাকার হালকা গাড়িবিশেষ, ফিটন-গাড়ি, phaeton.

أَفَاجَ (إِفَاجَة) : ত্বরা করা, দ্রুত করা।

فَيْج : (ফা) মানুষের দল; বার্তাবাহক। ব فُيُوج

فَاحَ - : (فَيَحَان، فَيْح) রক্ত ঝরানো; (রক্ত) ঝরা; টগবগ করিয়া ফোটা।

~ - : (فَيْح) চতুর্দিকে ছড়াইয়া পড়া; প্রশস্ত হওয়া; প্রসারিত হওয়া।

فَيَّحَ : (تَفْيِيح) ছড়াইয়া দেওয়া; অপব্যয় করা।

فَيْح : প্রসার, বিস্তৃতি, বিশালত্ব; প্রাচুর্য।

فَيَّاح : বিশাল (সমুদ্র); উদার; তীব্র গন্ধযুক্ত, তীক্ষ্ণগন্ধ।

أَفْيَح : প্রশস্ত, বৃহৎ, বিরাট, বিশাল, বিস্তৃত; সুগন্ধ। স্ত্রী فَيْحَاء ব فِيح

فَاخَ - : (فَيْخَان، فَيْخ) (সুবাস) ছড়াইয়া যাওয়া।

أَفَاخَ : (إِفَاخَة) ~ مِنْ পাশ কাটাইয়া যাওয়া।

فَيْخَة : পেয়ালা, পিরিচ; প্রচুর ঘাস, প্রচণ্ড তাপ।

فَادَ - : (فَيْد) অব্যাহত থাকা; অতিক্রান্ত হওয়া।

~ لِ : অর্জিত হওয়া, লব্ধ হওয়া।

فَيَّدَ : (تَفْيِيد) সুদে ধার দেওয়া।

أَفَادَ (إِفَادَة) : উপকার করা; উপকারী হওয়া; সাহায্য করা, সহায়ক হওয়া; জ্ঞাত করা, অবহিত করা, শিক্ষা দেওয়া, দান করা, মুনাফা করা, লাভ করা।

~ مِنْ : উপকার পাওয়া; মুনাফা অর্জন করা।

اِسْتَفَادَ : (اِسْتِفَادَة) লাভ করা; অবহিত হওয়া।

~ بِ : ব্যবহার করা, লাভজনকভাবে ব্যবহার করা, কাজে লাগানো।

~ مِنْ، بِ : লাভ করা, মুনাফা করা; উপকার লাভ করা, উপকৃত হওয়া; মুনাফা অর্জন করা; ব্যবহার করা।

~ مِنْ : সিদ্ধান্তে উপনীত হওয়া; গ্রহণ করা।

فَيْد : কুমকুম, জাফরান।

فَائِدَة : উপকার, কল্যাণ, মুনাফা, লাভ; উপকারিতা; ফল; শিক্ষা। ব فَوَائِد

فَائِدَة بَسِيطَة : সহজ সুদ।

~ مُرَكَّبَة : চক্রবৃদ্ধি সুদ।

عَدِيمُ الْفَائِدَة : নিষ্ফল।

فَيَّاد : পেঁচা; সিংহ; মার্জিত ভঙ্গিতে চলে এমন।

أَفْيَد : অধিকতর কল্যাণবহ, অধিকতর লাভজনক।



www.pathagar.com

إِفَادَة : উপকারিতা, উপকার; মুনাফা, লাভ; সম্পদ; বিজ্ঞপ্তি; বার্তা; চিঠি, তথ্য, জ্ঞান।

إِسْتِفَادَة : মুনাফা অর্জন, উপকার লাভ; উপকারিতা; জ্ঞান লাভ; কার্যকর ব্যবহার।

مَفَاد : তাৎপর্য, মূল বক্তব্য।

مُفِيد : উপকারী, কল্যাণকর; সুবিধাজনক, লাভজনক; শিক্ষামূলক; অর্থবহ; পূর্ণাঙ্গ।

مُسْتَفِيد : উপকার লাভকারী; উপকৃত ব্যক্তি বা বস্তু।

فِيدرَالِيّ : যুক্তরাষ্ট্র বিষয়ক, যুক্তরাষ্ট্রীয়।

فَيرُوزَج، فَيْرُوز : নীলকান্তমণি।

فَيْرُوزَابَاد : ইরানের ফারিস প্রদেশের একটি শহর।

الفَيْرُوزَابَادِيّ : মুহাম্মাদ আল ফীরোযাবাদী (১৩২৯-১৪১৪ খ্রি.) প্রসিদ্ধ আরবী অভিধান আল-কামূসুল মুহীত-এর প্রণেতা।

فَيْرُوس : ভাইরাস, virus.

فَيْرُوسِيّ : ভাইরাসযুক্ত।

إِنْفَازَ : (إِنْفِيَاز) নির্জনে গমন করা, নিভৃতে চলিয়া যাওয়া।

فِيزّ : বলিষ্ঠ, সাহসী, সবল।

فِيزَا : ভিসা।

فِيزِيَاء : পদার্থবিদ্যা।

فِيزِيَائِيّ : পদার্থবিদ্যা-বিষয়ক।

فِيسِيُولُوجِيَا : শারীরবৃত্ত, physiology.

فَاشَ - : (فَيْش) মিথ্যা দম্ভ করা; ফুলিয়া উঠা।

فَايَشَ : (مُفَايَشَة) দম্ভে প্রতিযোগিতা করা; বৃথা দম্ভ প্রদর্শন করা।

تَفَيَّشَ : মিথ্যা বড়াই করা।

~ عَنْ : ছাড়িয়া দেওয়া।

فَيْش : বড়াই, দম্ভ; লম্বা কথা, বড় কথা।

فِيش : (ফ) (বৈদ্যুতিক) প্লাগ, plug.

فِيشَة : (বৈদ্যুতিক) প্লাগ, plug. এডাপ্টার, adapter. (জুয়াখেলার) ঘুঁটি; টোকেন। ব فِيَشٌ

فَيُوش، فَائِش، فَيِّش : দাম্ভিক, বড়াইকারী।

~ : বিশিষ্ট নেতা।

فَاضَ - : (فَيْض) ~ فِي প্রবেশ করা, অনুপ্রবেশ করা।

أَفَاضَ : (إِفَاضَة) ফাঁক ফাঁক অঙ্গুলিবিশিষ্ট হওয়া; স্পষ্টভাবে উচ্চারণ করা।

~ عَنْ : (হাত হইতে) পিছলাইয়া যাওয়া; ফসকাইয়া যাওয়া।

فَاضَ - : (فُيُوض، فَيَضَان، فَيْض) প্রচুর হওয়া, পর্যাপ্ত হওয়া, বেশি হওয়া, অতিরিক্ত হওয়া; কানায় কানায় পূর্ণ হওয়া, উপচাইয়া পড়া; প্রবাহিত হওয়া।

~ - : (فَيْض) সংবাদ ছড়াইয়া পড়া; (পাত্র) পরিপূর্ণ হওয়া, উপচাইয়া পড়া; অবশিষ্ট থাকা।

~ - : (فُيُوض، فَيْض) মরিয়া যাওয়া।

~ عَلَى : প্লাবিত করা, জলমগ্ন করা।

~ مِنْ : বাহির হওয়া।

فَاضَ صَدْرُهُ بِالسِّرِّ : সে মনের গোপন কথা বলিয়া দিল।

~ بِمَكْنُونِ صَدْرِهِ : সে মনের কথা খুলিয়া বলিল।

فَاضَتْ رُوحُهُ، فَاضَتْ نَفْسُهُ : দেহত্যাগ করা, মরিয়া যাওয়া।

أَفَاضَ : (إِفَاضَة) ঢালিয়া দেওয়া; প্রবাহিত করা; কানায় কানায় পূর্ণ করা; অতিরিক্ত বোঝাই করা; দল বাঁধিয়া একস্থান হইতে অন্যস্থানে গমন করা।

~ بِ : বিশদভাবে বলা; বিস্তারিতভাবে বর্ণনা করা; স্পষ্টভাবে উচ্চারণ করা।

~ فِي : বেশি বলা, বিশদভাবে বলা; বলিতেই থাকা; লাগিয়া থাকা।

~ عَلَى : জয় করা।

تَفَيَّضَ : অশ্রু ঝরানো।

إِسْتَفَاضَ : (إِسْتِفَاضَة) চতুর্দিকে ছড়াইয়া পড়া; অত্যধিক হওয়া; বিশদ হওয়া, ব্যাপক হওয়া; পানি ঢালিতে বলা।

~ عَلَى : প্লাবিত করা।



www.pathagar.com

فَيض : প্রাচুর্য, পর্যাপ্ততা; প্লাবন, বন্যা; প্রচুর, পর্যাপ্ত; অনুপ্রেরণা।

~ : নদী; বদান্যতা। ব فُيُوض

فَيَّاض : উপচাইয়া পড়ে এমন, প্রচুর, পর্যাপ্ত; বিশদ, বিস্তারিত; উদার।

فَيْضَان : প্লাবন, বন্যা; প্রাচুর্য।

فَائض : প্রবহমান; প্রচুর, পর্যাপ্ত; উদ্বৃত্ত, অতিরিক্ত; প্রয়োজনের অতিরিক্ত।

~ : উদ্বৃত্ত অংশ, বাড়তি; (টাকার) সুদ। ব فَوَائِض

إفَاضَة : পূর্ণতা, ব্যাপকতা, সামগ্রিকতা।

إسْتِفَاضَة : প্রাচুর্য, পর্যাপ্ততা, সামগ্রিকতা।

مُفَاضَة : বিস্তৃত ভূমি; বৃহদাকার বর্ম, ঢিলাঢোলা বস্তু।

مَفِيض : নির্গমন-পথ; রেহাই, রক্ষা।

مُسْتَفِيض : বিস্তারিত; বিশদ; ব্যাপক; সামগ্রিক; চতুর্দিকে ছড়াইয়া পড়িয়াছে এমন; উপকৃত; অনুপ্রেরণাপ্রাপ্ত।

فَاظَ - : (فُيُوظ، فَيَظَان، فَيْظ) মরিয়া যাওয়া।

أفَاظَ (إفَاظَة) : মৃত্যু দেওয়া, মারিয়া ফেলা।

فَايِظ : সুদ, সুদে ঋণদান।

فَايِظْجِيّ : সুদখোর, সুদে যে টাকা ধার দেয়।

فَيْف : ব فَيَاف রাজ্য।

فَيَاف ব فَيْفَى، فَيْفَاء মরুভূমি।

فَاقَ - : (فَيْق) ~ بِنَفْسِه দেহত্যাগ করা, মরিয়া যাওয়া।

فَيَّقَ (تَفْيِيق) : জাগ্রত করা; স্মরণ করাইয়া দেওয়া।

أفْيَقَ (إفْيَاق) : সুন্দর কবিতা রচনা করা।

فَيْق : মোরগের ডাক।

فِيق : দীর্ঘকায় ব্যক্তি।

فَالَ - : (فَيْلُولَة، فُيُولَة، فَيْلَة) ভুল হওয়া, ত্রুটিপূর্ণ হওয়া; দুর্বল হওয়া।

فَيَّلَ (تَفْيِيل) : ভুল বলিয়া রায় দেওয়া।

تَفَيَّلَ : ভুল হওয়া; বর্ধিত হওয়া।

فِيل : (ফা) ব فِيَلَة، فُيُول، أفْيَال হস্তী, (দাবার) গজ।

دَاءُ الفِيل : হস্তী-রোগ, গোদ।

~ سِنّ : গজদন্ত, হাতির দাঁত।

فَيَّال : হস্তীচালক, মাহুত।

فِيلّا : ভিলা, villa. ব فِيلّات

مَفْيُولَاء : হস্তীশাবক।

الفِيلِبِين : ফিলিপাইন (প্রশান্তমহাসাগরীয় দ্বীপপুঞ্জ)।

فَيْلَجَة، فَيْلَج : রেশমের গুটি। ব فَيَالِج

فَيْلَسُوف : দার্শনিক। ব فَلَاسِفَة

فَيْلَق : সৈন্যদল। ব فَيَالِق

فِيلم : ফিল্ম, চলচ্চিত্র (فلم)

فِيلُولُوجِيَا : ভাষাতত্ত্ব।

فَانَ - : (فَيْن) আগমন করা, পৌঁছা; অর্থলিপ্সু হওয়া।

فَيْنَة : সময়, ক্ষণ, মুহূর্ত; অর্থলিপ্সা।

بَيْنَ الفَيْنَة والفَيْنَة، فِى الفَيْنَة بَعْدَ الفَيْنَة : কখনও কখনও, সময়ে সময়ে, ক্ষণে ক্ষণে, কোন সময়ে।

فَيْنَان : সুকেশ; ঘন ও লম্বা (চুল)।

فِينَا : ভিয়েনা (অস্ট্রিয়ার রাজধানী)।

فِينُوس : শুক্রগ্রহ, venus.

فِينِيسِيَا : ভেনিস।

فِينِيقِيّ : ফিনীসীয়।

تَفَيْهَقَ : দীর্ঘতাবশত ক্লান্তিকর বা বিরক্তিকর হওয়া।

فَيْهَقَة : দীর্ঘতাবশত ক্লান্তি বা বিরক্তি।



www.pathagar.com

# ق

ق : ক্বাফ : আরবী বর্ণমালার একুশতম হরফ। সংখ্যামান ১০০।

قَأَبَ -َ : (قَأْب) খাওয়া, পান করা।

قَنَبَ -َ : (قَأَب، قَأْب) مِنْ ~ অতিমাত্রায় পান করা।

قَاف : আরবী "ق" বর্ণের নাম।

قَبَّ -ُ : (قَبّ) শুকাইয়া যাওয়া, উঠা, খাড়া হওয়া।

~ ، إقْتَبَّ : (إقْتِبَاب) (হাত) কাটিয়া দেওয়া।

~ -ِ : (قُبُوب) বিশৃঙ্খল হওয়া; শুকাইয়া যাওয়া; সরিয়া যাওয়া।

~ : (قَبِيب، قَبّ) দাঁত কড়মড় করা।

قَبِبَ -َ : (قَبَب) (পেট) কৃশ হওয়া।

قَبَّبَ : (تَقْبِيب) (গাছ) শুকাইয়া যাওয়া; গম্বুজ বানানো; উত্তল বানানো।

تَقَبَّبَ : গম্বুজবিশিষ্ট হওয়া; উত্তল হওয়া; সম্মুখে ঝোঁকা; গম্বুজে প্রবেশ করা।

قَبّ : নেতা, রাজা; (চক্রের) নাভি, কেন্দ্রস্থল; দণ্ড, কড়িকাঠ; তুলাদণ্ড। ব أَقُبّ

قِبّ : গোত্রপ্রধান, মেরুদণ্ডের নিম্নস্থ অস্থিবিশেষ, sacrum, লেজমূল।

قُبَّة : গম্বুজ, গম্বুজাকার ভবন; খিলানযুক্ত ভবন; তাঁবু; পালকি; গীর্জার চূড়া, মিনারের চূড়া। ব قِبَاب، قُبَب

قُبَّةُ الإِسْلَامِ : বসরা নগরীর আরেক নাম।

القُبَّةُ الخَضْرَاء : রাসূলুল্লাহ (স)-এর রওযা মুবারকের উপরস্থিত সবুজ গম্বুজ। বাগদাদে নির্মিত আব্বাসী খলীফা আল-মানসূরের প্রাসাদ।

~ الزَّرْقَاء : নীলাকাশ।

~ الصَّخْرَاء : খলীফা আব্দুল মালিক কর্তৃক বাইতুল-মাকদিসে নির্মিত আল-আক্সা মসজিদের সন্নিকটস্থ মসজিদ, Dome of the rock. সম্ভবত ইহা ইসলামের প্রথম গম্বুজবিশিষ্ট মসজিদ। রাসূলুল্লাহ (স) এইখান হইতে মি'রাজের উদ্দেশ্যে বোরাকে আরোহণ করিয়াছিলেন।

قَبَب : উত্তলতা।

القَابّ : আগামী বছরের পরের বছর।

قَابَّة : বজ্র; বৃষ্টির ফোঁটা।

قُبَاب : ধারালো (তরবারি); পুরু (নাক)।

أَقَبّ : ক্ষীণকটি। স্ত্রী قَبَّاء ব قُبّ

مُقَبَّب : গম্বুজবিশিষ্ট, খিলানযুক্ত; উত্তল।

قَبَج، قَبْج : তিতিরজাতীয় পাখি। ব قِبَاج

قَبُحَ -ُ : (قَبَاحَة، قُبْح، قَبْح) খারাপ হওয়া, নিকৃষ্ট হওয়া, অসুন্দর হওয়া, কুৎসিত হওয়া; নোংরা হওয়া; ঘৃণ্য হওয়া।

قَبَّحَ : (تَقْبِيح) কুৎসিত করা, বিকৃত করা; নোংরা করা; খারাপ করা।

~ عَلَى : নিন্দা করা, ভর্ৎসনা করা; তিরস্কার করা।

قَابَحَ : (مُقَابَحَة) খারাপ আচরণ করা, অপমান করা।

أَقْبَحَ : (إقْبَاح) নোংরা কাজ করা।

إسْتَقْبَحَ : (إسْتِقْبَاح) নোংরা পাওয়া, খারাপ মনে করা; অপছন্দ করা, ঘৃণা করা।

قَبَاحَة، قُبْح، قَبْح : নোংরামি, কেলেঙ্কারি; বিকৃতি; নীচতা; জঘন্যতা; কুৎসিত ব্যাপার, খারাপ কাজ।

قُبْحًا لَهُ : ধিক তাহাকে।

قَبِيح، قَبَاح : জংঘা, উরুর সংযোগস্থল, বাহুমূল।



www.pathagar.com

قَبِيح : খারাপ, নোংরা, কুৎসিত; অসুন্দর; বিকৃত; লজ্জাজনক; ঘৃণ্য; জঘন্য; নিকৃষ্ট; নির্লজ্জ। ব قَبَاحَى، قَبْحَى، قِبَاح

قَبِيحَة : নিকৃষ্ট কাজ, নোংরা আচরণ, জঘন্য বস্তু। ব قَبَائِحُ، قَبَائِح

قَبَرَ - ُ : (مَقْبَر، قَبْر) কবর দেওয়া, গোর দেওয়া, দাফন করা, ভূগর্ভে লুকাইয়া রাখা, সমাহিত করা।

قَبْر : দাফন, সমাহিতকরণ।

~ : কবর, গোর, সমাধি। ব أَقْبُرٌ، قُبُور

قَبْرِيَّة : সমাধি-ফলক।

قُنْبُرَة، قُبَّرَة، قُبَرَة : ভরত-পাখি। ব قَنَابِر

قَبُور : নিচু (ভূমি)।

مَقْبَر : কবরের জায়গা; কবর; মাজার, কবরস্থান। ব مَقَابِر

مَقْبُرَة، مَقْبَرَة : কবরস্থান, গোরস্থান। ব مَقَابِرُ

مَقْبُرِيّ، مَقْبَرِيّ : কবরস্থানের রক্ষণাবেক্ষণকারী; কবর খননকারী।

قُبْرُس، قُبْرُص : সাইপ্রাস (ভূমধ্যসাগরীয় দ্বীপ)।

قَبَسَ - ِ : (قَبْس) إِقْتَبَسَ (إِقْتِبَاس) লাভ করা, গ্রহণ করা, অর্জন করা, ধার করা; (রোগ) ধারণ করা; শিক্ষা করা, জ্ঞান লাভ করা; আগুন লাভ করা, আগুন সংগ্রহ করা, নির্বাচন করা।

أَقْبَسَ : (إِقْبَاس) আগুন দেওয়া; শিক্ষা দেওয়া, (রোগ) ধারণ করা।

إِقْتَبَسَ : (إِقْتِبَاس) উদ্ধৃত করা, উদ্ধৃতি দেওয়া।

قِبْس : মূল, সূত্র।

قَبَس : জ্বলন্ত কাষ্ঠখণ্ড।

قَبْسَة : জ্বলন্ত কাষ্ঠখণ্ড; প্রাপ্ত ঋণ; ত্বরা।

قَابُوس : দুঃস্বপ্ন; সুদর্শন।

إِقْتِبَاس : উদ্ধৃতি; অর্জন, গ্রহণ; ধারণ; ধারকরণ; জ্ঞান লাভ; অগ্নিসংগ্রহ।

عَلَامَةُ الإِقْتِبَاس : উদ্ধৃতি-চিহ্ন (“ ”)।

مِقْبَاس : জ্বলন্ত কাষ্ঠখণ্ড। ব مَقَابِس (مَقْبِس ব مَقَابِيس)

مُقْتَبَسَات : ধারকৃত বস্তুসমূহ।

قَبَصَ - ِ : (قَبْص) قَبَّصَ (تَقْبِيص) إِقْتَبَصَ (إِقْتِبَاص) আঙুলের অগ্রভাগ দ্বারা ধরা, চিমটি কাটা, চিমটি পরিমাণ লওয়া।

~ : তৃষ্ণা নিবারণ করিতে বাধা দেওয়া; (অশ্ব) দ্রুত দৌড়ানো।

قَبِصَ - َ : (قَبَص) বড় মাথাবিশিষ্ট হওয়া।

تَقَبَّصَ : (পঙ্গপাল) জড়ো হওয়া।

قِبْص : বালির স্তূপ; জনতার ভিড়।

قُبْصَة، قَبْصَة : চিমটি পরিমাণ, এক চিমটি।

قَبَص : যকৃতের ব্যথা।

قَبِص : চঞ্চল, তৎপর, প্রাণবন্ত।

قَبُوص : ক্ষিপ্রগতিসম্পন্ন (অশ্ব)।

قَبِيص : স্তূপীকৃত মাটি।

قَبِيصَة : স্তূপীকৃত মাটি; চিমটি পরিমাণ, এক চিমটি।

قِبِصَّى : প্রচণ্ড দৌড়।

أَقْبَص : বৃহৎমস্তক; ক্ষিপ্রগতিসম্পন্ন (অশ্ব)। স্ত্রী قَبْصَاء ব قُبْص

مِقْبَص : রেসের ঘোড়ার পদশৃঙ্খল। ব مَقَابِص

قَبَضَ - ِ : (قَبْض) ধরা, ধারণ করা, দখল করা, কব্জা করা, হস্তগত করা; আটকানো, (টাকা) হাতে হাতে গ্রহণ করা।

~ عَلَى : আটক করা, গ্রেপ্তার করা।

قَبَضَ الْبَطْنَ : কোষ্ঠবদ্ধ করা।

~ الصَّدْرَ : আশাহত করা।

قَبَضَ اللّٰهُ رُوحَهُ، قَبَضَهُ اللّٰهُ : আল্লাহ তাহার রূহ কবজ করিলেন, সে মৃত্যুবরণ করিল।

قَبَضَ يَدَهُ ~ عَنْ : বিরত থাকা।

قُبِضَ : মরিয়া যাওয়া, ইনতিকাল করা।

قَبَّضَ : (تَقْبِيض) (টাকা) হাতে হাতে প্রদান করা, দখলে দেওয়া, দখলভুক্ত করা; সংযত করা।



www.pathagar.com

قَابَضَ : (مُقَابَضَة) হাত আঁকড়াইয়া ধরা, হস্তধারণ করা।

أَقْبَضَ : (إِقْبَاض) হাতলযুক্ত করা, হাতল লাগানো।

تَقَبَّضَ : সংযত হওয়া, কুঞ্চিত হওয়া; কোষ্ঠবদ্ধ হওয়া।

تَقَابَضَ : (পণ্য ও টাকা) প্রদান করা।

إِنْقَبَضَ : (إِنْقِبَاض) সংযত হওয়া; কুঞ্চিত হওয়া; কোষ্ঠবদ্ধ হওয়া; (টাকা) হাতে হাতে প্রদত্ত হওয়া; আশাহত হওয়া; দখল হওয়া; হস্তগত হওয়া।

إِقْتَبَضَ : (إِقْتِبَاض) (টাকা) গ্রহণ করা, হস্তগত করা, কবজা করা।

قَبْض : দখল, কবজা, ধারণ; গ্রহণ, পরিশোধ, প্রাপ্তি; কোষ্ঠবদ্ধতা; কুঞ্চন; গ্রেপ্তারি।

قَبَض : দখলভুক্ত সম্পত্তি; ত্বরা, দ্রুততা।

قَبْضَة : দখল, মুষ্টি; মৃত্যু। ব قَبَضَات

~ : হাতল, বাঁট। ব قِبَاض

قُبْضَة : মুষ্টি। ব قُبَض

قَبَاضَة، قَبَاض : ত্বরা।

قَبَّاضَة، قَبَّاض : দৃঢ়হস্তে ধারণকারী।

قِبَاضَة : (চাঁদা, কর ইত্যাদি) আদায়, সংগ্রহ।

قَابِض : ধারণকারী, দখলকারী, দখলদার, কব্জাকারী; কোষ্ঠবদ্ধকর; প্রাপক।

~ : আদায়কারী, সংগ্রহকারী। ব قُبَّاض

قَابِضُ الأَرْوَاح : জান কবজাকারী, মৃত্যুর ফেরেশতা [আযরাঈল (আ)]।

قَبِيض : তৎপর, চঞ্চল; দ্রুত, প্রাণবন্ত।

قِبِضَّى : দ্রুত ধাবন।

إِنْقِبَاض : কুঞ্চন, সংকোচন।

مَقْبِض، مِقْبَض : হাতল, বাঁট। ব مَقَابِض

مَقْبُوض : দখলকৃত; হস্তগত; আদায়কৃত।

~ : রাজস্ব। ব مَقَابِيض

مَقْبُوض عَلَيْه : আটককৃত, গ্রেপ্তারকৃত।

مُنْقَبِض : বিষণ্ন, আশাহত; সংযত, সঙ্কুচিত।

مُتَقَبِّض : সংযত, সঙ্কুচিত।

قَبَطَ - ُ : (قَبْط) আঁকড়াইয়া ধরা; মিশ্রিত করা; একত্র করা।

تَقَبَّطَ : ভয়ে কম্পিত হওয়া।

قَبَّطَ : (تَقْبِيط) কম্পিত করা।

قَبَّطَ وَجْهَهُ : ভ্রূকুটি করা।

قُبْط، أَقْبَاط : মিসরের খ্রিস্টান সম্প্রদায়বিশেষ, কিব্‌তী।

قُبْطِيّ : কপ্ট সম্প্রদায়ের সদস্য; কপ্ট সম্প্রদায়সম্বন্ধীয়।

قُبُّوط : ফড়িং; পশমি বস্ত্রবিশেষ।

قُبْطَان : (জাহাজের) ক্যাপ্টেন, কাপ্তান। ব قَبَاطِنَة، قَبَاطِين

قَبَعَ - َ : (قُبُوع) (শজারু) মাটিতে শুইয়া থাকা; উবু হইয়া বসা।

~ : (قُبَاع، قَبْع) (হস্তী, শূকর) ঘোঁৎ ঘোঁৎ শব্দ করা; চিৎকার করা।

~ : (قَبْع) হাঁপানো; ঢক ঢক করিয়া পান করা।

قَبَّعَ : (تَقْبِيع) উৎপাটন করা, উপড়ানো।

إِقْتَبَعَ : (إِقْتِبَاع) মশক হইতে পান করা।

إِنْقَبَعَ : (إِنْقِبَاع) فِي ~ (পাখি বাসায়) প্রবেশ করা।

قَبْع : (রাজমিস্ত্রির) ক্ষুদ্র হাতুড়িবিশেষ।

قُبْع : বিউগল।

قُبَاع، قُبَع : শজারু।

قُبْعَة : পুষ্পাবরণ।

قُبَعَة : নানা বর্ণের পাখি; অবগুণ্ঠিত (নারী)।

قُبَّعَة : টুপি।

قَبَّاع : ভীত।

قُبُّوعَة : পশমি টুপি। ব قَبَابِيع

قَبِيعَة : তরবারির হাতলের মাথার লৌহ বা রৌপ্যনির্মিত বাঁট। ব قَبَائِع



www.pathagar.com

قَبِيعَة : শূকরের ঘোঁৎ ঘোঁৎ শব্দ।

مُقَبَّع : টুপি-পরিহিত।

قَبَعْثَرَى : قَبَاعِث বিশাল, প্রকাণ্ড।

قَبَاق : (তু) যুদ্ধজাহাজ, নৌকার সেতু।

قَبْقَبَ : (قَبْقَبَة) স্ফীত হওয়া।

قَبْقَاب : কাঠের পাদুকা, খড়ম। ব قَبَاقِيب

قَبْقَابُ الإنْزِلَاق : বরফের উপর পিছলাইয়া দ্রুত চলিবার পাদুকাবিশেষ, স্কেট, skate.

قَبَلَ : ـُ (قُبُول، قَبُول، قَبْل) (বাতাস) দক্ষিণ দিক হইতে প্রবাহিত হওয়া।

~ : (قَبْل) ~ عَلَى আত্মনিয়োগ করা; দায়িত্ব লওয়া।

قَبِلَ : ـَ (قَبُول، قُبُول) গ্রহণ করা, মানিয়া লওয়া, কবুল করা; স্বীকার করা; বিশ্বাস করা; সম্মতি দেওয়া; মান্য করা।

قَبَلَ : ـَ (قَبْل) আগমন করা, ঘনাইয়া আসা, আসন্ন হওয়া।

قَبَّلَ : (تَقْبِيل) চুম্বন করা, চুমু খাওয়া; দক্ষিণ দিকে গমন করা।

قَابَلَ : (مُقَابَلَة) সামনাসামনি হওয়া, বিপরীত দিকে অবস্থিত হওয়া; সাক্ষাৎ করা; স্বাগত জানানো; তুলনা করা, মিলাইয়া দেখা; বিনিময় দেওয়া, প্রতিদান দেওয়া।

أَقْبَلَ : (إقْبَال) আগমন করা, আগাইয়া আসা, অগ্রসর হওয়া, নিকটবর্তী হওয়া, আসন্ন হওয়া; (শস্য) প্রচুর হওয়া; (জমি) প্রচুর শস্য উৎপাদন করা; চলিতে আরম্ভ করা; বুদ্ধিমান হওয়া; সম্মুখে আনয়ন করা, ভাগ্যবান হওয়া।

~ إلَى : আসা, আগমন করা।

~ عَلَى : আগাইয়া যাওয়া; আত্মনিয়োগ করা; ব্রতী হওয়া; মনোযোগ দেওয়া; আগ্রহী হওয়া।

تَقَبَّلَ : গ্রহণ করা, কবুল করা, মানিয়া লওয়া, অনুমোদন করা, স্বীকার করা; জামিন হওয়া; দক্ষিণ দিকে গমন করা।

تَقَابَلَ : সামনাসামনি সাক্ষাৎ করা, মুখামুখি হওয়া; সম্মিলিত হওয়া।

إقْتَبَلَ : (إقْتِبَال) গ্রহণ করা; স্বেচ্ছায় ও সানন্দে ব্রতী হওয়া; পূর্বপ্রস্তুতি ব্যতীত বলা; নূতনভাবে আরম্ভ করা।

إقْبَلَّ، إقْبَالَّ : (إقْبِلَال، إقْبِيلَال) বক্রদৃষ্টি হওয়া, টেরা হওয়া।

إسْتَقْبَلَ : (إسْتِقْبَال) মুখ করা; সামনে আসা; সাক্ষাৎ করা; মুখামুখি হওয়া; অভ্যর্থনা জানানো, স্বাগত জানানো; ভবিষ্যতে হওয়া, আসন্ন হওয়া।

قَبْلَ أن، مِنْ قَبْلِ، مِنْ قَبْلُ، قَبْلاً، قَبْلُ، قَبْلَ : পূর্বে, আগে।

قَبْلَئِذ : ইতঃপূর্বে, তৎপূর্বে।

قُبُل، قُبْل : সম্মুখ, সম্মুখভাগ।

قَبَل : সম্মুখবর্তী পাহাড়ের চূড়া; পূর্বপ্রস্তুতি ব্যতীত বক্তৃতা।

قِبَل : শক্তি, ক্ষমতা, প্রভাব।

قِبَلاً، قِبَلَ : সম্মুখে, সামনে, উপস্থিতিতে, নিকটে; দিকে।

مِنْ قِبَلِ : পক্ষ হইতে, কর্তৃক।

قَبْلَة، قُبْلَة : রক্ষাকবচ, মাদুলি, তাবিজ।

~ : চুম্বন। ব قُبَل

قِبْلَة : যে দিকে মুখ করিয়া নামায পড়িতে হয়, কিবলা।

القِبْلَةُ الأولَى : প্রথম কিবলা, বায়তুল মাক্দিস।

أولَى القِبْلَتَيْنِ : দুই কিবলা (বাইতুল মাকদিস ও কা'বা)-এর প্রথমটি।

قِبْلَةُ الأنْظَار : লক্ষ্যস্থল, কেন্দ্রবিন্দু; ধ্রুব নক্ষত্র।

قِبْلِيّ : দক্ষিণস্থ; দক্ষিণ; দক্ষিণা বাতাস।

الوَجْهُ القِبْلِيّ : আপার ইজিপ্ট, upper Egypt; দক্ষিণ মিসর, মিসরের সা'ঈদ বন্দর এলাকা।

قَبَلِيّ : গোত্রীয়।

قُبَال : সম্মুখে, বিপরীত দিকে।

قَبَالَة : দায়িত্ব; জামানত; চুক্তি; কবলা দলীল।

قِبَالَة : ধাত্রী-বিদ্যা, ধাত্রীর কাজ; দলীল লিখিবার পেশা।



www.pathagar.com

قُبَالَةَ : সম্মুখে, সামনাসামনি, বিপরীত দিকে।

قُبُول، قَبُول : গ্রহণ; স্বীকৃতি; সম্মতি; অনুমোদন; প্রাপ্তি; অভ্যর্থনা; সমৃদ্ধি, উন্নতি; যোগ্যতা, প্রবণতা। ব قَبَائِلُ

قَبِيل : জামিন; প্রকার; রকম, শ্রেণী, ধরন; গোত্র; ধাত্রী; মুখপাত্র, দলনেতা; মনিটর। ব قُبُلٌ

مِنْ هٰذَا الْقَبِيل : এই রকম, এই জাতীয়, এই দিক দিয়া; এতদসংক্রান্ত।

قَبِيلَة : গোত্র; খুলির হাড়। ব قَبَائِل

قَبِيلِيّ : গোত্রীয়।

قُبَيْلاً، قُبَيْلَ : একটু আগে, অব্যবহিত পূর্বে।

قَابِل : গ্রহণকারী; সাক্ষাৎকারী; আগামী, পরবর্তী; সম্ভাব্য; গ্রাহক-যন্ত্র; ধাত্রীর পরিচর্যায়ে সাহায্যকারী; যোগ্য।

قَابِل لِلْمَوْت : মরণশীল।

قَابِلَة : ধাত্রী; পাত্র, আধার; সূচনা। ব قَوَابِل

قَابِلِيَّة : যোগ্যতা, ক্ষমতা; প্রবণতা; প্রবৃত্তি; অনুভূতিপ্রবণতা।

إِقْبَال : আগমন, উপস্থিতি; অগ্রগমন, নিকটাগমন; মনোযোগ; সাড়া; সমৃদ্ধি, প্রাচুর্য; চাহিদা।

إِقْبَالاً وإِدْبَارًا : সামনে-পিছনে, আসা-যাওয়ায়, এদিকে-ওদিকে; উপরে-নিচে।

إِقْتِبَال : গ্রহণ, প্রাপ্তি।

إِسْتِقْبَال : অভ্যর্থনা, সাক্ষাৎ; সামনাসামনি অবস্থান; ভবিষ্যৎ।

غُرْفَةُ الإِسْتِقْبَال : অভ্যর্থনা-কক্ষ।

تَقْبِيل : চুম্বন।

مُقْبِل : আগামী, পরবর্তী।

الشَّهْر الْمُقْبِل : আগামী মাস।

مُقَبَّل : তালিযুক্ত (বস্ত্র)।

مَقْبُول : গৃহীত, গ্রহণীয়, গ্রহণযোগ্য; চলনসই; সন্তোষজনক; পছন্দনীয়, জনপ্রিয়।

مُقَابِل : সামনা-সামনি; সম্মুখবর্তী; পাল্টা; সমমান।

فِى مُقَابِل، مُقَابِلاً : সম্মুখে; বিপক্ষে; পরিবর্তে; জবাবে; অনুযায়ী, জন্য।

مُقَابَلَة : সাক্ষাৎ, সাক্ষাৎকার; আলোচনা; তুলনা।

فِى مُقَابَلَة، مُقَابَلَة : জবাবে, পরিবর্তে; জন্য।

تَشْرِيحُ الْمُقَابَلَة : ব্যবচ্ছেদ বিদ্যা।

مُقْتَبَل : প্রারম্ভ, প্রারম্ভিক কাল।

مُسْتَقْبِل : গ্রাহক-যন্ত্র; ভবিষ্যৎ।

مُسْتَقْبَل : সম্মুখ, সম্মুখভাগ।

قَبَنَ : ـِ (قُبُون) অনুপ্রবেশ করা; ঢুকিয়া পড়া।

قَبَّنَ : (تَقْبِين) তুলাদণ্ডে ওজন করা; হাতে ওজন করা।

أَقْبَنَ : (إِقْبَان) দ্রুত গতিতে পলায়ন করা।

قُبْنَة : ত্বরা, দ্রুততা।

قَبَّان : তুলাদণ্ড।

قِبَانَة : ওজন করার মজুরি; কয়ালের কাজ।

مُقَبِّن، قَبَّانِيّ : ওজনদার, কয়াল।

قُبُونَة : ওজন।

قَبَا : ـُ (قَبْو) খিলান করা; খিলানাকৃতি করা, বক্র করা; আঙুল দ্বারা উঠানো।

قَبَّى : (تَقْبِيَة) সাজাইয়া রাখা; গাউন বানানো; উত্তল করা।

~ عَلَى : অন্যায় করা, যুলুম করা।

تَقَبَّى : আলখিল্লা পরিধান করা; পায়ে পায়ে অনুসরণ করা।

إِنْقَبَى : (إِنْقِبَاء) লুক্কায়িত থাকা, আত্মগোপন করা।

إِقْتَبَى : (إِقْتِبَاء) বিন্যস্ত করা, সাজাইয়া রাখা।

قَبْو : খিলান, খিলান করা ছাদ; ভূগর্ভস্থ প্রকোষ্ঠ; সুড়ঙ্গ। ব أَقْبِيَة

قَبْوَة : ক্ষুদ্র খিলান।

قَبِى : মধ্যবর্তী দূরত্ব, ব্যবধান।

قَبَاء : পুরুষের পূর্ণহাতার আগোড়ালি বিলম্বিত আলখিল্লাবিশেষ, কাবা। ব أَقْبِيَة



www.pathagar.com

قَبَاء : মধ্যবর্তী দূরত্ব, ব্যবধান; পরিমাণ।

بَنُو قَابِيَاء : মদ্যপায়ী শ্রেণী।

قَبَايَة : মরুভূমি।

مَقْبِيّ : মোটা।

قَتَّ ـُ : (قَتّ) মিথ্যা বলা; হ্রাস করা; আস্তে আস্তে জমা করা; বিন্যস্ত করা।

قَتَّتَ، ~ : (تَقْتِيت) মিথ্যাভাবে ব্যাখ্যা করা, জাল করা; সংগ্রহ করা।

~ إِلَى : গতিবিধি অনুসরণ করা।

إِقْتَتَّ : (إِقْتِتَات) উৎপাটিত করা; ছিনাইয়া লওয়া।

قَتّ : মিথ্যা।

قَتُوت، قَتَّات : নিন্দুক, গীবতকারী, চোগলখোর, বিশ্বাসঘাতক।

مَقْتُوت، مُقَتَّت : জালকৃত।

قَتَبَ ـُ : (قَتْب) ভুনা নাড়িভুঁড়ি খাওয়ানো।

أَقْتَبَ : (إِقْتَاب) (পশুকে) জিনসজ্জিত করা।

قِتْبَة، قِتْب : নাড়িভুঁড়ি; পালান, শিবিকা। ব أَقْتَاب

قَتَب : কুঁজ; পালান। ব أَقْتَاب

مُقَوْتَب، أَبُوقَتَب : কুঁজো; কুজপৃষ্ঠ।

قَتُوبَة : জিনসজ্জিত পশু।

قُتَيْبَة بنُ مُسْلِم الْبَاهِلِيّ : মধ্য এশিয়ার বোখারা, সমরকন্দ, ফারগানা, ট্রান্স অক্সাস, সিজিস্তান, তুর্কমিনিস্তান ও আযারবাইজান বিজয়ী মুসলিম সেনাপতি (মৃত ৭১৬ খ্রি.)।

قَتَد، قِتْد : উষ্ট্র-জিনের কাঠামো। ব أَقْتَاد، قُتُود، أَقْتُد

قَتِدَ (قَتَد) : ভাঙ্গা, উটের উদরাময় হওয়া।

قَتَاد : (উটের খাদ্যরূপে ব্যবহৃত) কাঁটাদার উদ্ভিদবিশেষ।

قَتَرَ ـُ : (قُتُور، قَتْر) অপর্যাপ্তভাবে জীবিকা নির্বাহ করা; (জীবিকা) কোনমতে যথেষ্ট হওয়া।

~ عَلَى : কার্পণ্য করা।

قَتَرَ ـَ : (قَتَر) গন্ধ নিঃসরণ করা।

قَتَّرَ : (تَقْتِير) গন্ধ নিঃসরণ করা; আঁটিয়া থাকা।

~ عَلَى : কার্পণ্য করা।

~ بَيْنَ : একত্র করা।

أَقْتَرَ : (إِقْتَار) আঁটিয়া থাকা, লাগিয়া থাকা; প্রতীক্ষা করা, ওত পাতা; গরীব হইয়া যাওয়া, ধন-সম্পদ কমিয়া যাওয়া।

~ عَلَى : কার্পণ্য করা।

تَقَتَّرَ : রাগান্বিত হওয়া; ধোঁকা দিতে চেষ্টা করা।

~ لِ : উদ্যত হওয়া; ওত পাতা।

~ عَنْ : প্রস্থান করা।

تَقَاتَرَ : ধোঁকা দেওয়া, প্রতারিত করা।

إِقْتَتَرَ : (إِقْتِتَار) (শিকারি) লুকাইয়া থাকা, ওত পাতিয়া থাকা।

تَقْتِير، قَتْر : কার্পণ্য; সামান্য পরিমাণ খাদ্য।

قَتَرَة، قَتَر، قَتْرَة : ধূলি।

قُتْر، قُتُر : অঞ্চল, এলাকা। ব أَقْتَار

قُتْرَة : শিকারির ঝুপড়ি। ব قُتَر

قِتْرَة : খাটো তীর।

قُتَار : রান্নার ধোঁয়া, রান্নার ঘ্রাণ।

مُقْتَر، قَاتِر : হালকা, আরামদায়ক (জিন)।

قَتُور، مُقَتِّر : কৃপণ, ব্যয়কুণ্ঠ।

قَتِير : মাথা-মোটা পেরেক; পেরেকের মাথা; বার্ধক্যের প্রথম শুভ্রতা।

قِيتَار : গিটার। ব قِيَاتِير

أَقْتَر : ধূসরবর্ণ, ধূলিবর্ণ; কৃপণ।

قَتَعَ ـَ : (قُتُوع) নীচ হওয়া, নিকৃষ্ট হওয়া।

قِتْع : পাহাড়ের মৌচাক।

قَتَع : কাঠে সছিদ্র কারুকার্যকারী।

قَتَلَ ـُ : (قَتْل) হত্যা করা; মারিয়া ফেলা; ধ্বংস করা, নষ্ট করা; খুন করা; নিঃশেষ করা; প্রশমিত করা, হ্রাস করা, (পানি মিশাইয়া মদের) তেজ কমানো।



www.pathagar.com

قَتَلَ نَفْسَهُ : আত্মহত্যা করা।

قَتَّلَ : (تَقْتِيْل) হত্যা করা, শেষ করিয়া দেওয়া, ধ্বংস করিয়া ফেলা; হত্যাযজ্ঞ চালানো।

قَاتَلَ : (مُقَاتَلَة) যুদ্ধ করা।

قَاتَلَهُ اللّٰهُ : আল্লাহ্ তাহার অমঙ্গল করুন, আল্লাহ তাহাকে ধ্বংস করুন।

أَقْتَلَ : (إِقْتَال) মৃত্যুর সম্মুখীন করা।

تَقَتَّلَ : মরিয়া হইয়া লিপ্ত হওয়া।

اِقْتَتَلَ، تَقَاتَلَ : (اِقْتِتَال) পরস্পর যুদ্ধ করা, হানাহানি করা।

اِسْتَقْتَلَ : (اِسْتِقْتَال) জীবনের ঝুঁকি লওয়া, নিজেকে মৃত্যুর দিকে ঠেলিয়া দেওয়া, প্রাণপণ যুদ্ধ করা।

قَتْل : হত্যা, খুন, নিধন; মৃত্যুদণ্ড।

قَتْل بِلاَتَعَمُّد، قَتْلُ الخَطَا : অনিচ্ছাকৃত হত্যা।

القَتْل عَمْدًا، القَتْل العَمَدِىّ، القَتْلُ العَمْد : ইচ্ছাকৃত হত্যা।

قَتْلُ الذَات : আত্মহত্যা।

~ الأَطْفَال : শিশুহত্যা।

~ المَلِك : রাজ-হত্যা।

~ الوَالِد : পিতৃ-হত্যা।

قِتْل : শত্রু, জীবন-শত্রু, মারাত্মক শত্রু। ব أَقْتَال

قِتْلَة : হত্যার ধরন।

قِتَال : অস্ত্র; শক্তি; অবশিষ্টাংশ।

قِتَال، مُقَاتَلَة : যুদ্ধ, বিবাদ।

سَاحَةُ القِتَال : যুদ্ধক্ষেত্র।

قَتُول، قَتَّال : হত্যাকারী; জল্লাদ; মারাত্মক, ধ্বংসাত্মক।

قَتِيل : مَقْتُول নিহত। ব قَتْلَى، قُتَلاَء

قَاتِل : হত্যাকারী; মারাত্মক; ধ্বংসাত্মক।

~ : হত্যাকারী। ব قُتَّال، قَتَلَة

تَقْتِيل : হত্যাকাণ্ড।

تَقَاتُل : মারামারি, হানাহানি, খুনাখুনি।

مَقْتَل : হত্যা, হত্যার অকুস্থল।

~ : শরীরের প্রধান অঙ্গ। (ব مَقَاتِل)

مُقَتَّل : অভিজ্ঞ, অভ্যস্ত, পরীক্ষিত।

مُقَاتِل : যোদ্ধা।

مُقْتَتَل : যুদ্ধক্ষেত্র।

مُسْتَقْتِل : বেপরোয়া, দুঃসাহসী।

قَتَمَ ـُ : قَتِمَ ـَ (قُتُوم) (قَتَم) (ধূলি) উড়া।

قَتَّمَ : (تَقْتِيْم) অন্ধকার করা, কালো করা।

إِقْتَمَّ : (إِقْتِمَام) অন্ধকার হওয়া, কালো হওয়া।

قَتَام، قَتَمَة : ধূলি।

~، ~ قُتْمَة : অন্ধকার, অস্পষ্টতা; কালো রঙ।

قَاتِم : কালো, অন্ধকার, অস্পষ্ট। ব قَوَاتِم

أَسْوَد قَاتِم : মিসমিসে কালো, গাঢ় কালো।

~ ظَلاَم : গাঢ় অন্ধকার।

قَاتِم الأَعْمَاق : দূরবর্তী অন্ধকার (স্থান)।

قَتَنَ ـُ : (قُتُون) শুকাইয়া যাওয়া।

قَتُنَ ـُ : (قَتَانَة) أَقْتَنَ (إِقْتَان) ক্ষয়রোগাক্রান্ত হওয়া; সামান্য জীবিকার অধিকারী হওয়া।

قَتَان، قُتَان : গাঢ় তামাটে রঙ।

قَاتِن : গাঢ় তামাটে বা পিঙ্গলবর্ণ।

قَتِين : নিচ; সরু।

قَتَا ـُ : (قَتْو، قَتًى، قُتِىّ، مَقْتًى) উত্তমরূপে সেবা করা।

اِقْتَوَى : (اِقْتِوَاء) সেবকরূপে গ্রহণ করা।

قَتْوَة : পরোক্ষে পরনিন্দা, গীবত।

مَقْتَوِىّ، مَقْتًى، قَات : সেবক, চাকর।

قَثَّ ـُ : (قَثّ) টানন, তাড়ানো; সম্পদ উপার্জন করা।

~، اِقْتَثَّ : (اِقْتِثَاث) উপড়ানো, মূলোৎপাটন করা।



www.pathagar.com

قُثَاث : বাসন-কোসন, যন্ত্রপাতি।

مَقَثَّة، قَثِيثَة، قَثَاثَة : বড় বাহিনী, ভিড়।

مِقَثَّة : (খেলিবার) ব্যাট।

أَقْثَا : (إِقْثَاء) (ক্ষেত) শস্যবহুল হওয়া।

قُثَّاء : শসা, ক্ষীরা।

مَقْثُوَّة، مَقْثَاة : শসার কেয়ারি, শসার ক্ষেত।

إِقْتَثَرَ : (إِقْتِثَار) আসবাবপত্রে সজ্জিত হওয়া।

قَثْرَدَة، قَثْرَة : আসবাবপত্র, বাসন-কোসন।

قَثْطَرَة : মূত্রনিষ্কাশনের নলবিশেষ, ক্যাথিটার, catheter. ব قَثَاطِير

قَثَمَ – ـُ : (قَثْم) ب ~ অধিক প্রদান করা।

~ – ـِ : (قَثْم) إِقْتَثَمَ (إِقْتِثَام) (সম্পদ) আহরণ করা।

~ : বিষাদলিপ্ত করা।

قَثِمَ – ـَ : (قَثَم) বিষাদলিপ্ত হওয়া।

قَثُمَ – ـُ : (قَثَامَة، قَثْم) ধূলিযুক্ত হওয়া।

قُثَم : অত্যন্ত উদার।

قُثْمَة : ধূসর বর্ণ।

قَثُوم : সৎকাজের জন্য সম্পদ সংগ্রহকারী। ব قُثُمٌ

قَثَا – ـُ : (قَثْو) – قَثَى (قَثْي) إِقْتَثَى (إِقْتِثَاء) (সম্পদ) আহরণ করা।

قَحَّ – ـُ : (قُحُوحَة، قَحَاحَة) খাঁটি হওয়া, নির্ভেজাল হওয়া; কাশি দেওয়া।

قَحَّة : কাশি।

قُحّ : খাঁটি, নির্ভেজাল, প্রকৃত। ব قُحَاح، أَقْحَاح

قَحَبَ – ـُ : (قَحْب، قُحَاب) قَحَّبَ (تَقْحِيب) কাশি দেওয়া; লম্পট জীবন যাপন করা।

قَاحَبَ، تَقَحَّبَ : (مُقَاحَبَة) পতিতাবৃত্তি করা।

قَحْب : কাশিতেছে এমন; বয়স্ক ব্যক্তি। ব قِحَابٌ

قَحْبَة : পতিতা, বেশ্যা। ব قِحَاب

قُحَاب : কাশি, শ্লেষ্মা।

قَاحِب : প্রচণ্ড (কাশি)।

قَحَدَ – ـَ : (قَحْد) أَقْحَدَ (إِقْحَاد) (উট) পরিণত কুঁজবিশিষ্ট হওয়া।

قَحَدَة : উটের কুঁজ। ব قِحَاد، أَقْحُد

قَحَّاد : একাকী।

مِقْحَاد : বড় কুঁজবিশিষ্ট (উট)। ব مَقَاحِيد

قَحْر : সক্ষম বৃদ্ধ লোক। ব أَقْحُر، قُحُور

قُحُورَة، قَحَارَة : সক্ষম বার্ধক্য।

قَحَزَ – ـَ : (قَحْز) লাফাইয়া উঠা, উত্তেজিত হওয়া।

~ : (قَحَز) ب ~ (লাঠি দ্বারা) আঘাত করা।

~ : (قُحُوز، قَحْز) ب ~ ফেলিয়া দেওয়া, ভূপাতিত করা; ছড়াইয়া দেওয়া।

~ : (قُحُوز) মৃতব্যক্তির ন্যায় পড়িয়া যাওয়া।

قُحِزَ : ধাক্কা খাওয়া।

قَحَّزَ، تَقَحَّزَ : (تَقْحِيز) ~ ل রূঢ়ভাবে (কথা) বলা।

قَاحِزَات : বিপদাপদ।

قُحَّازَة : পাখি ধরিবার জালবিশেষ।

قَاحَشَ : (مُقَاحَشَة) কঠিন ও দুঃখপূর্ণ জীবনযাপন করা।

قَحَصَ – ـَ : (قَحْص) দ্রুত অতিক্রান্ত হওয়া।

قَحَّصَ، أَقْحَصَ : (تَقْحِيص، إِقْحَاص) দূরীভূত করা, সরাইয়া দেওয়া।

قَحَطَ – ـَ : (قَحْط) সজোরে আঘাত করা।

~ – ـَ : (قَحْط، قُحُوط) قَحِطَ – ـَ (قَحَط) (বৃষ্টি) না পড়া; (বছর) বৃষ্টিহীন হওয়া।

قُحِطَ : (বৎসর) বৃষ্টিহীন হওয়া; অনাবৃষ্টির কবলে পড়া।

قَحَّطَ : (تَقْحِيط) বিশেষ পদ্ধতিতে (খেজুর গাছ) বলবতী করা; ঘষিয়া উঠানো, চাঁচিয়া তোলা।

أَقْحَطَ : (إِقْحَاط) (বৎসর) বৃষ্টিহীন হওয়া; অনাবৃষ্টির কবলে ফেলা।

قَحْط : অনাবৃষ্টি; শুষ্কতা; দুর্ভিক্ষ।

مَقْحُوط، قَحِيط، قَاحِط، قَحِط : অনাবৃষ্টি কবলিত; শুষ্ক; শস্যহীন।



www.pathagar.com

قَحْطَان : প্রাচীন ইয়ামানী আরবদের আদি পুরুষ। ইয়া'রবের বংশধর বনূ কাহ্তান এবং বনূ 'হিময়ার' এই দুই উপগোত্রে বিভক্ত।

قَحَفَ َ- : (قَحْف) إِقْتَحَفَ (إِقْتِحَاف) ধুইয়া নেওয়া, ভাসাইয়া নেওয়া; গলাধঃকরণ করা।

~ : মাথার খুলি ফাটানো।

قِحْف : قِحْفَة মাথার খুলি, বাটি। ব أَقْحَاف، قُحُوف

قُحَاف : প্রবল স্রোত; বেগবান (নদী)।

قُحَافَة : আবর্জনা।

مَقْحُوف : ফাটিয়া গিয়াছে এমন খুলি।

قَحَلَ َ- : (قُحُول) قَحِلَ َ- (قَحَل) قُحِلَ، تَقَحَّلَ শুকাইয়া যাওয়া; কাহিল হওয়া, দুর্বল হওয়া, বৃদ্ধ হওয়া।

قَحْل : অতিশয় বৃদ্ধ।

قَحَل، قُحُولَة : শুষ্কতা।

قَحِل، قَاحِل، مُتَقَحِّل : শুষ্ক, নীরস।

قَحَمَ ُ- : تَقَحَّمَ، إِنْقَحَمَ (قُحُوم، إِنْقِحَام) ~ فِى ঝাঁপাইয়া পড়া, জড়াইয়া পড়া।

~ َ- : (قَحْم) প্রবেশ করা।

~ إِلَى : নিকটবর্তী হওয়া।

قَحَّمَ، أَقْحَمَ (تَقْحِيم، إِقْحَام) : ~ فِى ঠেলিয়া দেওয়া; জড়িত করা।

أُقْحِمَ : অনাবৃষ্টির কারণে দেশ ত্যাগ করা।

إِقْتَحَمَ (إِقْتِحَام) : অবজ্ঞা করা, ঘৃণা করা; ঝাঁপাইয়া পড়া, লাফাইয়া পড়া।

قَحْم : বৃদ্ধ, জরাজীর্ণ। ব قِحَام

قُحْمَة : ঝুঁকি, বিপদ, কঠিন কাজ; বৃষ্টিহীন বৎসর। ব قُحَم

قَحَامَة، قُحُومَة : বার্ধক্যজনিত দুর্বলতা, জরাজীর্ণ অবস্থা।

مُقْحَم : দুর্বল।

مِقْحَام : বিপদে ঝাঁপাইয়া পড়ে এমন, দুঃসাহসী। ব مَقَاحِيم

قَحَا ُ- : (قَحْو) إِقْتَحَى (إِقْتِحَاء) সব ছিনাইয়া লওয়া।

أُقْحُوَان، قُحْوَان : গন্ধহীন সাদা (বসন্তকালীন) ফুলবিশেষ; ডেইজি-ফুল। ব أَقَاحٍ، أَقَاحِيّ

قَدْ : নিশ্চয়ই; ইতোমধ্যে; এইমাত্র; সম্ভবত, হয়তো, কখনও কখনও।

قَدْ ذَهَبَ : এইমাত্র গিয়াছে; ইতোমধ্যে চলিয়া গিয়াছে।

قَدْ يَذْهَبُ الْيَوْمَ : আজ যাইতে পারে।

قَدْ يَصْدُقُ الْكَذُوب : মিথ্যাবাদী কখনও কখনও সত্য বলিতে পারে।

قَدَّ ُ- : (قَدّ) قَدَّدَ (تَقْدِيد) إِقْتَدَّ (إِقْتِدَاد) লম্বালম্বিভাবে কাটা; ফালি করা; কাটিয়া ফেলা।

~ : অতিক্রম করা।

قَدَّدَ : টুকরা টুকরা করিয়া কাটা।

تَقَدَّدَ، إِنْقَدَّ : (إِنْقِدَاد) টুকরা টুকরা হওয়া, ফালি ফালি হওয়া।

~ : ছিন্নভিন্ন হওয়া, কৃশ হওয়া।

إِسْتَقَدَّ : (إِسْتِقْدَاد) মসৃণ হওয়া, সমান হওয়া; একই পথ অনুসরণ করা; লাইন বাঁধিয়া চলা।

قَدّ : মেষ শাবকের চামড়া; সাইজ, আকার, পরিমাণ; পরিমাপ; চাবুক। ব أَقُدّ، قِدَاد، قُدُود

~ : সুর, গান। ব قُدُود

عَلَى قَدِّهِ : সমান, সমপরিমাণ, সমসংখ্যক।

قِدّ : চামড়ার ফালি, চামটি, চাবুক। ব أَقُدّ

قِدَّة : রুলার, চামাটি, দল, সম্প্রদায়। ব قِدَد، أَقِدَّة

قُدّ : কড্-মাছ।

قَدِيد : টুকরা টুকরা শুকনা গোশত।

مَقَدّ : রাস্তা, পথ, মসৃণ ভূমি।

مِقَدّ، مِقَدَّة : বটি।

مَقْدُود : খণ্ডকৃত, ফালিকৃত; পাতলা।

قَدَحَ َ- : (قَدْح) ছিদ্র করা; (চক্ষু) কোটরাগত হওয়া; (স্ফুলিঙ্গ) নির্গত করা।

~ بِ : পাথর বা কাঠ ঘষিয়া (আগুন) জ্বালানো।

~ فِى : গর্ত করা, ছিদ্র করা; ফুটা করা; নিন্দা করা, দুর্নাম করা।



www.pathagar.com

قَدَّحَ : (تَقْدِيح) (চক্ষু) কোটরাগত হওয়া; দুর্বল করা, কৃশ করা।

قَادَحَ، تَقَادَحَ : (مُقَادَحَة) পরস্পর গালাগালি করা।

إِقْتَدَحَ : (إِقْتِدَاح) ওজন করা, যাচাই করা, বিবেচনা করা; মীমাংসা করা; (স্ফুলিঙ্গ) নির্গত করা।

~ ب : পাথর বা কাঠ ঘষিয়া (আগুন) জ্বালানো।

قَدْح : নিন্দা, দুর্নাম, অপবাদ, গালাগালি; কান কিংবা দাঁতের ক্ষত।

قِدْح : তীর, পালকবিহীন তীর; ভবিষ্যৎ গণনার তীর; গর্ত। ব أَقَادِيح، أَقْدُح، أَقْدَاح، قِدَاح

قَدَح : পেয়ালা, বাটি, গ্লাস; পরিমাপবিশেষ। ব أَقْدَاح

قِدْحَة : পরিচালনা।

قُدْحَة : এক চামচ।

قَدَّاح : চকমকি, অগ্নি প্রজ্বালনকারী; পেয়ালা প্রস্তুতকারী।

قَدَّاحَة : চকমকি; আগুন জ্বালিবার ইস্পাত-খণ্ড; ম্যাচ-লাইট।

قِدَاحَة : পেয়ালা তৈরির কাজ।

قَدِيح : পাত্রে অবশিষ্ট শুরুয়া।

قُدَيْح : পুষ্পকলির আবরণ।

قَادِح : অগ্নি প্রজ্বালনকারী, নিন্দাকারী।

قَادِحَة : বৃক্ষনাশক কীট। ব قَوَادِح

مِقْدَحَة، مِقْدَح : অগ্ন্যুৎপাদক ইস্পাতখণ্ড। (ব مَقَادِيح ব مِقْدَاح (مَقَادِح)

قَدَرَ (مَقْدُورَة، مَقْدَرَة، قُدْرَة، قَدْر) : ـُ قَدَرَ عَلَى ~ (إِقْتِدَاد) إِقْتَدَرَ (قَدَر) ـَ শক্তিশালী হওয়া, সক্ষম হওয়া, ক্ষমতাবান হওয়া; করিতে পারা।

~ : (قَدَر، قَدْر) নির্দিষ্ট করা, নির্ধারণ করা, বরাদ্দ করা; মূল্য নিরূপণ করা; মর্যাদা দেওয়া।

~ ـِ : (قَدْر) সাজানো, প্রস্তুত করা।

قَدَّرَ : (تَقْدِير) নির্ধারণ করা, নির্দিষ্ট করা, নিয়োগ করা, বরাদ্দ করা; ধার্য করা; মূল্য নিরূপণ করা, মর্যাদা দেওয়া; তুলনা করা; অনুমান করা, আন্দাজ করা; মনে করা, ধারাণা করা।

أَقْدَرَ : (إِقْدَار) ~ عَلَى যোগ্য করা, সক্ষম করা; করিতে দেওয়া।

قَادَرَ : (مُقَادَرَة) তুলনা করা, আনুপাতিক বিচার করা।

تَقَدَّرَ : নির্ধারিত হওয়া, স্থিরীকৃত হওয়া।

إِنْقَدَرَ : (إِنْقِدَار) মাপ অনুযায়ী প্রস্তুত হওয়া।

إِسْتَقْدَرَ : (إِسْتِقْدَار) শক্তি চাওয়া, যোগ্যতা চাওয়া।

قَدْر : পরিমাণ; মর্যাদা, মূল্য, কদর, ভাগ্য; নিয়তি; ক্ষমতা। ব أَقْدَار

عَلَى قَدْر، بِقَدْر، قَدْرًا : পরিমাণ অনুযায়ী, অনুপাতে, অনুযায়ী।

بِقَدْرِ الطَّاقَة، قَدْرَ الْمُسْتَطَاع، قَدْرَ الطَّاقَة، عَلَى قَدْرِ الْمُسْتَطَاع، عَلَى قَدْرِ الطَّاقَة، بِقَدْرِ الْمُسْتَطَاع : যথাসাধ্য, যতদূর সম্ভব, সাধ্যমত।

لَيْلَةُ الْقَدْر : সম্মানিত রজনী, লায়লাতুল কাদ্‌র; রমযান মাসের শেষ দশদিনের যে কোন বেজোড় রাত্রি (২১, ২৩, ২৫, ২৭ কিংবা ২৯)।

الْقَدْر : সূরা আল-কাদ্‌র : আল কুরআনের ৯৭ নং সূরার নাম।

قِدْر : রান্নার হাঁড়ি, ডেগ; কেতলি। ব قُدُور

قِدْرَة : রান্নার হাঁড়ি, কেত্‌লি; মাটির তৈরি জগ।

مَقْدُورَة، مَقْدَرَة، قُدْرَة : শক্তি, ক্ষমতা, যোগ্যতা, সামর্থ্য।

قَدَر : ভাগ্য, নিয়তি; তাক্‌দীর; অদৃষ্ট; ক্ষমতা, শক্তি; পরিমাণ, মূল্য; মর্যাদা। ব أَقْدَار

بِالْقَضَاءِ وَالْقَدَر : নিয়তির লিখন অনুযায়ী।

مَذْهَبُ الْقَدَر : অদৃষ্টবাদ।

قَدَرَة : মাটির তৈরি জগ; ছোট বোতল, দুইটি খেজুর গাছের মধ্যবর্তী ব্যবধান।



www.pathagar.com

قَدَرِيّ : অদৃষ্টবাদী।

قَدَرِيَّة : অদৃষ্টবাদ।

القَدَرِيَّة : কর্ম-স্বাধীনতায় বিশ্বাসী মুসলিম ধর্মতাত্ত্বিক দলবিশেষ। এরা আল জাব্‌রিয়্যাদের পরিপন্থী।

قَادِر : শক্তিশালী, সক্ষম, যোগ্য।

القَادِر : আল্লাহর একটি গুণবাচক নাম।

قُدْرَة، قَدَارَة، قِدَار : শক্তি, সামর্থ্য।

قَدِير : শক্তিশালী, যোগ্য; অতিশয় শক্তিশালী।

القَدِير : সর্বশক্তিমান, আল্লাহর একটি গুণবাচক নাম।

إِقْتِدَار : শক্তি, ক্ষমতা, যোগ্যতা; সামর্থ্য, সম্পদ।

تَقْدِير : নির্ধারণ, নিরূপণ, ধার্যকরণ; হিসাব, অনুমান; কল্পনা; মূল্য নির্ধারণ, মূল্যায়ন।

~ : তাক্‌দীর, ভাগ্য, নিয়তি, অদৃষ্ট; (পরীক্ষায় প্রাপ্ত) গ্রেড। ব تَقَادِير

تَقْدِيرًا : আনুমানিকভাবে; কার্যত; ফলত।

تَقْدِيرِيّ : আনুমানিক, মোটামুটি, অন্তর্নিহিত।

مُقَدَّر : নির্ধারিত, অন্তর্নিহিত, উহ্য।

~ : ভাগ্য, নিয়তি। ব مُقَدَّرَات

مُقَدِّر : নির্ধারণকারী, ধার্যকারী, মূল্য নিরূপণকারী, মূল্যায়নকারী।

مِقْدَار : পরিমাণ, হার, মাপ। ব مَقَادِير

بِمِقْدَار : পরিমাণে।

مَقْدُور : নির্ধারিত।

~ : ভাগ্য, নিয়তি। ব مَقَادِير

~ : শক্তি, সামর্থ্য, ক্ষমতা, যোগ্যতা। ব مَقْدُورَات

مُقْتَدِر : শক্তিশালী, শক্তিধর; যোগ্য; সামর্থ্যবান, সম্পদশালী।

المُقْتَدِر : আল্লাহর একটি গুণবাচক নাম।

قَدُسَ : ـُ (قُدْس، قُدُس) খাঁটি হওয়া, নিষ্কলুষ হওয়া, পবিত্র হওয়া।

قَدَّسَ : (تَقْدِيس) খাঁটি করা, পবিত্র করা; উৎসর্গ করা; গৌরবময় করা, পবিত্র বা গৌরবময় ঘোষণা করা, বাইতুল মাক্‌দিস গমন করা।

تَقَدَّسَ : পবিত্র হওয়া, পবিত্র বলিয়া ঘোষিত হওয়া, উৎসর্গীকৃত হওয়া।

قُدُس، قُدْس : পবিত্রতা।

~ ، ~ : পবিত্র স্থান, পুণ্যভূমি। ব أَقْدَاس

القُدْس : জেরুসালেম নগরী।

الرُّوحُ القُدُس، رُوح القُدُس : পবিত্র আত্মা; জিবরাঈল (আ)।

قُدْسِيّ : পবিত্র; সাধক।

قُدْسِيَّة : পবিত্রতা; সাধকের কাজ।

قَادِس : বড় জাহাজ। ব قَوَادِس

القَادِسِيَّة : কূফা হইতে ৭২ কি. মি. পশ্চিমে এবং বাগদাদ হইতে ৪০ কি. মি. উত্তরে অবস্থিত ইরাকের একটি শহর। এখানে ৬৩৬ খ্রিস্টাব্দে মুসলিম বাহিনী সা'দ ইবন আবী ওয়াক্কাসের নেতৃত্বে পারস্য বাহিনীকে পরাজিত করে।

قَادُوس : পানিসেঁচের বালতিবিশেষ; সামুদ্রিক পাখিবিশেষ। ব قَوَادِيس

قُدَاس : রৌপ্যালঙ্কারবিশেষ; ঢাকনাবিহীন লৌহপাত্রবিশেষ।

شَرَف قُدَاس : উচ্চ মর্যাদা।

قُدَّاس : খ্রিস্টের ভোজের উৎসব, mass. ব قَدَادِيس

قَدَاسَة : পবিত্রতা।

قَدَاسَةُ البَابَا : মহামান্য পোপ।

قُدُّوس، قَدُّوس : অত্যন্ত পবিত্র।

القُدُّوس : আল্লাহর একটি গুণবাচক নাম।

قِدِّيس : পবিত্র; সাধক।

تَقْدِيس : খাঁটিকরণ, পবিত্রকরণ, উৎসর্গকরণ; উপাসনা।

مَقْدِس : পবিত্র স্থান, পুণ্যভূমি।



www.pathagar.com

بَيْتُ المَقْدِس : জেরুসালেম।

المَقْدِسِيّ : আবূ আব্দিল্লাহ আল মাক্দিসী। দশম শতাব্দীর প্রখ্যাত আরব ভৌগোলিক। أَحْسَنُ التَّقَاسِيم فِى مَعْرِفَةِ الأَقَالِيم তাঁহার প্রসিদ্ধ গ্রন্থ।

مُتَقَدِّس، مُقَدَّس : পবিত্র, পবিত্রঘোষিত; উৎসর্গীকৃত।

البَيْتُ المُقَدَّس : জেরুসালেমের মসজিদ।

الأَرْضُ المُقَدَّسَة : ফিলিস্তীন।

مُقَدِّس : ভক্তিমূলক, সশ্রদ্ধ।

قَدَعَ : ـَ (قَدْع) আটকাইয়া রাখা, বাধা দেওয়া; (অশ্বকে) মুখে আঘাত করা; তাড়াইয়া দেওয়া।

~ مِنْ : ছোট ছোট ঢোঁকে পান করা।

أَقْدَعَ : (إِقْدَاع) ~ عَنْ، مِنْ বাধা দেওয়া; সংযত করা; অপসারণ করা।

قَدِعَ : ـَ (قَدَع) (চক্ষু) দুর্বল হওয়া।

قَادَعَ : (مُقَادَعَة)(আরোহীকে) আকর্ষণ করা।

تَقَادَعَ : (মথ-পোকা) প্রদীপের চারিপাশে পাখা ঝাপটানো; একে একে মরিয়া যাওয়া; পরস্পরে বাধা দেওয়া, প্রতিরোধ করা।

تَقَادَعَ بِالرِّمَاح : বর্শা দ্বারা আঘাত করা।

إِنْقَدَعَ : ~ عَنْ বাধাপ্রাপ্ত হওয়া; বিতাড়িত হওয়া।

قَدَع : দৃষ্টির দুর্বলতা, দৃষ্টিক্ষীণতা।

قَدِع : ভীরু; লবণাক্ত (পানি); ক্রন্দনকারী।

قَدِعَة : লজ্জাশীলা।

قَدُوع : লজ্জাশীলা; তেজস্বী (অশ্ব); নীচ, ঘৃণ্য; আসক্ত।

مُقَدَّع : ভাঁজযুক্ত, কুঞ্চিত।

مِقْدَعَة : লাঠি।

قَدَفَ : ـُ (قَدْف) নিঃশেষ করা, ফুরাইয়া ফেলা।

قُدَاف : মাটির তৈরি জগ বা বাটি।

قَدَمَ : ـُ (قُدُوم، قَدْم) অগ্রবর্তী হওয়া।

قَدِمَ : ـَ (مَقْدَم، قِدْمَان، قُدُوم) আগমন করা, পৌঁছা, অগ্রসর হওয়া; সাক্ষাৎ করা।

~ عَلَى : সাহসী হওয়া, সাহস করা; ব্রতী হওয়া।

قَدُمَ : ـُ (قَدَامَة، قِدَم) পুরাতন হওয়া, প্রাচীন হওয়া।

قَدَّمَ : (تَقْدِيم) অগ্রসর করা, অগ্রবর্তী করা, পূর্ববর্তী করা, সম্মুখবর্তী করা, সম্মুখে প্রেরণ করা; অগ্রিম প্রদান করা; অগ্রে স্থাপন করা; পূর্বে সম্পন্ন করা; পেশ করা, হাজির করা, উপস্থাপন করা, দাখিল করা; দায়ের করা; উন্নত করা; প্রদর্শন করা; উল্লেখ করা; হস্তান্তর করা; দান করা, প্রদান করা; পরিচিত করা; উপহার দেওয়া।

~ لِ : প্রস্তুত করা, যোগান দেওয়া, ব্যবস্থা করা।

~ إِلَى، لِ : প্রদান করা, পেশ করা, প্রদর্শন করা; হস্তান্তর করা; দাখিল করা, উপহার দেওয়া, উৎসর্গ করা; পরিচিত করা।

~ عَلَى : অগ্রাধিকার দেওয়া; বৈধ অভিভাবক নিয়োগ করা।

~ بَيْنَ يَدَى، أَمَامَ : পেশ করা।

قَدَّمَ الإِسْتِقَالَةَ : পদত্যাগ করা, পদত্যাগপত্র দাখিল করা।

~ التَّهَانِىَ : অভিনন্দন জ্ঞাপন করা।

~ ثَمَنًا : মূল্যের প্রস্তাব করা।

~ الثَّمَنَ : অগ্রিম মূল্য প্রদান করা।

~ الرَّأْىَ : মত দেওয়া, পরামর্শ দেওয়া।

~ الشَّكْوَى : অভিযোগ পেশ করা, অভিযোগ দায়ের করা।

~ عَرْضًا : দরপত্র দাখিল করা, টেন্ডার দেওয়া।

يُقَدِّمُ رِجْلاً وَيُؤَخِّرُ أُخْرَى : এক পা আগানো আর এক পা পিছানো, দ্বিধা করা, ইতস্তত করা; সিদ্ধান্ত নিতে না পারা।

أَقْدَمَ : (إِقْدَام) সাহসী হওয়া।

~ عَلَى : সাহস করা, সাহসী হওয়া; ব্রতী হওয়া, আত্মনিয়োগ করা, পদক্ষেপ লওয়া; আক্রমণ করা।



www.pathagar.com

تَقَدَّمَ : অগ্রসর হওয়া, অগ্রবর্তী হওয়া, সম্মুখে চলা; উন্নত হওয়া, উন্নতি করা, উপরে উঠা; নেতৃত্ব করা, নেতা হওয়া; পূর্বকালীন হওয়া, প্রাচীনকালীন হওয়া।

~ إِلَى : নিকটবর্তী হওয়া; অগ্রসর হওয়া; হাজির হওয়া।

~ عَلَى : উৎকর্ষে ছাপাইয়া যাওয়া, উর্ধ্বে উঠা, শ্রেষ্ঠ হওয়া।

اِسْتَقْدَمَ : (اِسْتِقْدَام) আসিতে বলা; তলব করা; সাহসের সহিত অগ্রসর হওয়া।

قِدْم : বিগত যুগ, প্রাচীন কাল।

قِدْمًا : প্রাচীনকালে, আগের দিনে, অনেক পূর্বে।

قِدَم : পূর্ববর্তিতা, প্রাচীনত্ব, প্রাচীনকাল।

مُنْذُ الْقِدَم : প্রাচীনকাল হইতে, যুগ যুগ ধরিয়া।

قَدَم : পা; পদক্ষেপ; ফুট। ব أَقْدَام

قَدَم مُرَبَّعَة : বর্গফুট।

~ مُكَعَّبَة : ঘনফুট।

سَمْت الْقَدَم : অধোবিন্দু, nadir.

قَدِم : অসমতল, প্রস্তরময় (ভূমি)।

قُدْم، قُدُم : সাহসী; সম্মুখভাগ।

مَضَى قُدُمًا : সোজা সামনে চলা।

قُدْمَة : সাহস।

~ قِدْمَة : অগ্রবর্তিতা, পূর্ববর্তিতা।

قَادِم : আসিতেছে বা পৌঁছিতেছে এমন, আগমনকারী, আগন্তুক। ব قُدَّام، قُدُوم، قَادِمُون

~ : আগামী, পরবর্তী, ভবিষ্যৎ।

الشَّهْرُ الْقَادِم : আগামী মাস।

قَادِمَة : সম্মুখভাগ, অগ্রগামী সৈন্য। ব قَوَادِم

قُدَّام : সম্মুখ, সম্মুখভাগ।

قُدَّامَ : সম্মুখে; পূর্বে।

قِدِّيم، قُدَّام : নেতা, প্রধান, নেতৃস্থানীয়।

قُدَامَة بن جَعْفَر : আব্বাসী যুগের প্রখ্যাত লেখক। كِتَابُ الْخَرَاج তাঁহার অন্যতম গ্রন্থ।

قُدُم : সাহসী। ব قَدُوم

~ : (সূত্রধরের) কুড়ালি, বাইস। ব قُدُم

قُدُوم : আগমন, উপস্থিতি।

قَدِيم : পুরাতন, প্রাচীন; সনাতন। ব قُدَامَى، قُدَمَاء، قُدَامِ

الْقَدِيم : আল্লাহর একটি গুণবাচক নাম, অবিনশ্বর, চিরন্তন।

فِي الْقَدِيم، قَدِيمًا : প্রাচীনকালে, আগের দিনে, বহু আগে।

مُنْذُ الْقَدِيم، مِنْ قَدِيم : পূর্বকাল হইতে, প্রাচীনকাল হইতে, যুগ যুগ ধরিয়া।

قَيْدُوم : অগ্রভাগ, জাহাজের অগ্রভাগ।

أَقْدَم : প্রাচীনতর; অধিকতর অগ্রবর্তী, সিনিয়র।

الأَقْدَمُون : আগের দিনের লোক।

أَقْدَمِيَّة : প্রাচীনত্ব; অগ্রবর্তিতা, seniority.

إِقْدَام : সাহসিকতা, নির্ভীকতা, উদ্যোগ, প্রচেষ্টা।

تَقَدُّم : অগ্রগতি, উন্নতি, প্রগতি, অগ্রসরতা, অগ্রগামিতা, অগ্রবর্তিতা, পূর্ববর্তিতা; প্রচেষ্টা, অভিযান।

تَقَدُّمِيّ : প্রগতিশীল।

تَقْدِمَة : উপহার; উৎসর্গ; ত্যাগ; প্রস্তাবনা; উপস্থাপনা।

تَقْدِيم : উপস্থাপন; পরিচয় প্রদান; পেশকরণ, হাজিরকরণ; দাখিলকরণ; দায়েরকরণ; পূর্ববর্তীকরণ; অগ্রে আনয়ন, অগ্রে স্থাপন; অগ্রিম প্রদান; উপহার প্রদান।

تَقَادُم : প্রাচীনত্ব।

تَقَادُمُ الزَّمَن، تَقَادُمُ الْعَهْد : বহুকাল।

مَعَ تَقَادُمِ الزَّمَنِ : বহুকাল যাবৎ, চিরাচরিত নিয়মে।

تَقَادُمِيّ : বহুকালের; চির নিয়মসিদ্ধ।

مُقَدِّم : উপস্থাপনকারী, পেশকারী, উপস্থাপক; প্রস্তাবক; দাতা।

مُقَدِّمُ الطَّلَب : দরখাস্তকারী, আবেদনকারী।

~ الْعَطَاء : দরপত্র পেশকারী, tenderer.



www.pathagar.com

مُقَدَّم : পেশকৃত, উপস্থাপিত; নেতৃস্থানীয়; সুপারভাইজার, ফোরম্যান; ওভারসিয়ার; লেফটেনেন্ট কর্নেল।

~ مُقْدِم : সম্মুখভাগ।

مُقَدَّمًا : অগ্রিম।

مُقَدِّمَة، مُقَدَّمَة : সম্মুখভাগ; অগ্রবর্তী সৈন্য; ভূমিকা, মুখবন্ধ।

مُتَقَدِّم : অগ্রবর্তী, অগ্রগামী; পূর্ববর্তী, সম্মুখবর্তী; উন্নত; প্রগতিশীল; নেতা।

المُتَقَدِّم ذِكْرُهُ : পূর্বোল্লিখিত।

مِقْدَام : সাহসী। ব مَقَادِيم

قَدَا – ُ : (قَدْو) নিকটবর্তী হওয়া।

قَدِيَ – َ : (قَدَاوَة، قَدًى) (খাদ্য) সুস্বাদু হওয়া।

أَقْدَى : (إِقْدَاء) সফর হইতে আগমন করা।

قَدَى – : (قَدْي) দুর্ভিক্ষের কারণে অন্যত্র চলিয়া যাওয়া।

~ : (قَدَيَان) (অশ্ব) দ্রুত চলা।

قَدَّى : (تَقْدِيَة) যথেষ্ট হওয়া।

قَادَى : (مُقَادَاة) প্রতিরোধ করা।

تَقَدَّى : সোজা সামনে চলা, গম্ভীরভাবে হাঁটা।

اِقْتَدَى : (اِقْتِدَاء) ~ بِ অনুকরণ করা, অনুসরণ করা, নেতৃত্ব মানিয়া চলা, অনুসারী হওয়া।

قِدْو : কাণ্ড, মূল। ব أَقْدَاء

قُدْوَة : নমুনা, আদর্শ, উদাহরণ।

قَدِيّ : সুস্বাদু (খাদ্য)।

قِدْيَة : আচরণ।

اِقْتِدَاء : অনুসরণ, অনুকরণ।

اِقْتِدَاءً : ~ بِ অনুসরণে, অনুকরণে।

قَذَّ – ُ : (قَذّ) قَذَّذَ (تَقْذِيذ) أَقَذَّ (إِقْذَاذ) (তীর) পালক লাগানো; (তীরের পালক) সমানভাবে কাটা।

~ : চুল কাটা, পরিপাটি করা।

قُذَّة : তীরের পালক; মানুষ কিংবা ঘোড়ার কান। ব قُذَذ، قِذَاذ

قُذَاذَة : কাগজ ইত্যাদির টুকরা। ব قُذَاذَات

مَقَذّ : মাথার পশ্চাদ্ভাগ।

مِقَذّ، مِقَذَّة : ছুরি।

قَاذَحَ : (مُقَاذَحَة) নিন্দা করা।

تَقَذَّحَ : ~ لِ কঠোর আচরণ করা।

قَذَرَ، قَذُرَ – ُ، قَذِرَ – َ : (قَذَر، قَذَارَة) ময়লা হওয়া, নোংরা হওয়া, পঙ্কিল হওয়া।

قَذَّرَ : (تَقْذِير) ময়লা করা, নোংরা করা।

تَقَذَّرَ : অপছন্দ করা।

اِسْتَقْذَرَ : (اِسْتِقْذَار) ময়লাযুক্ত বা অপরিষ্কার পাওয়া; নোংরা মনে করা; অপছন্দ করা।

قَذَر : ময়লা। ব أَقْذَار

~ قَذَارَة، : পঙ্কিলতা, অপরিচ্ছন্নতা, নোংরামি।

قَذِر : নোংরা, ময়লা, অপরিষ্কার, পঙ্কিল।

قَذُور، قَاذُور : খুঁতখুঁতে।

قَاذُورَة : ময়লা, আবর্জনা; অশ্লীলতা। ব قَاذُورَات

مَقْذَر : ময়লা জিনিস, ময়লা। ব مَقَاذِر

مُتَقَذِّر : ময়লা পোশাক পরিহিত লোক।

قَذَعَ – َ : (قَذْع) قَاذَعَ (مُقَاذَعَة) أَقْذَعَ (إِقْذَاع) গালি দেওয়া, দুর্নাম করা, নিন্দা করা।

قَذَع : ময়লা; নোংরা কথা।

قَذِع : নোংরা।

قَذِيعَة : অশ্লীল কথা, অশ্লীলতা।

قَذَفَ – (قَذْف) নিক্ষেপ করা; ফেলিয়া দেওয়া, ছুড়িয়া মারা, নির্গত করা; বমি করা; গালি দেওয়া, অপবাদ দেওয়া, দুর্নাম করা; দোষারোপ করা।

~ بِ : নিক্ষেপ করা, ছুড়িয়া মারা; চিন্তা-ভাবনা না করিয়া (কথা) বলা।

قَذَّفَ : (تَقْذِيف) দাঁড় টানা; প্রস্তর নিক্ষেপ করা।

تَقَاذَفَ : দ্রুত দৌড়ানো; দ্রুতবেগে প্রবাহিত হওয়া; একে অপরের প্রতি ছুড়িয়া মারা, পরস্পর নিক্ষেপ করা; কাদা ছোড়াছুড়ি করা।

~ بِ : প্রস্তর নিক্ষেপ করা, নিন্দা করা।



www.pathagar.com

قَذْف : নিক্ষেপ, বমন; নিন্দা, গালি, অপবাদ, দুর্নাম, দোষারোপ; দাঁড় টানন।

قَذْفُ القَنَابِل : বোমাবর্ষণ।

طَائِرَة قَذْفِ القَنَابِل : বোমারু বিমান।

قَذْفِي : অপবাদমূলক, নিন্দাসূচক।

قُذْف : উপত্যকার পার্শ্ব।

قَذَف، قُذُف : উপত্যকার পার্শ্ব; সুদূর।

قُذْفَة : পর্বতের চূড়া। ব قُذُف، قُذَف، قِذَاف

قِذَاف : দ্রুত ধাবন; দ্রুত ধাবনকারী (পশু)।

قَذُوف : অগ্রগামী।

قَذِيف : সুদূর।

قَذِيفَة : ক্ষেপণাস্ত্র; বোমা; গোলা। ব قَذَائِف

مِقْذَف (ব مَقَاذِف) مِقْذَاف (ব مَقَاذِيف) : দাঁড়; প্যাডেল।

مُقَذَّف : সাহসী যোদ্ধা।

مَقْذُوف : ক্ষেপণাস্ত্র। ব مَقْذُوفَة، مَقَاذِيف

قَذَلَ : ـُ (قَذْل) মাথার পিছনে আঘাত করা; নিন্দা করা, অপবাদ দেওয়া।

~ فِي : নিয়োজিত হওয়া।

قَذَل : দোষ, ত্রুটি।

قَذَال : মাথার পশ্চাদ্ভাগ। ব أَقْذِلَة، قُذُل

قَذَمَ : ـُ (قَذْم) : অংশ প্রদান করা।

قَذِمَ : ـَ (قَذَم) চুমুক দেওয়া, অল্প অল্প পান করা।

إِنْقَذَمَ : (إِنْقِذَام) ত্বরা করা।

قُذْمَة : পানির ঢোঁক।

أَقْذَنَ : (إِقْذَان) ত্রুটিবহুল হওয়া।

قَذَى : - (قَذَيَان، قُذِيّ، قَذْي، قَذْي) (চক্ষু) পিচুটি নির্গত করা।

قَذِيَ : ـَ (قَذَيَان، قَذًى) (চোখে) ময়লা নির্গত হওয়া। ব قُذِيّ، أَقْذَاءٌ

قَذَّى ، أَقْذَى : (إِقْذَاء، تَقْذِيَة) (চোখে) ময়লা নিক্ষেপ করা, (চক্ষু হইতে) ময়লা বাহির করা।

قَاذَى : (مُقَاذَاة)প্রতিদান দেওয়া, পুরস্কার প্রদান করা।

قَذًى ، قَذَاة : ধূলিকণা, চোখের ময়লা।

قَذًى : সূক্ষ্ম ধূলিকণা। ব قُذِيّ، أَقْذَاء

قَرَّ : ـَ (قَرَار) স্থায়ী হওয়া, নিবাস স্থাপন করা; বসবাস করা; অবস্থান করা; স্থির হওয়া, শান্ত হওয়া।

~ : (قُرُورَة، قَرَّة، قُرَّة) (চক্ষু) শীতল হওয়া; সান্ত্বনা লাভ করা।

قَرَّت عَيْنُهُ : তার চক্ষু শীতল হইল, আনন্দিত হইল।

~ : (قَرّ) শীতল হওয়া, ঠাণ্ডা হওয়া।

~ ـُ : (قَرّ) ঠাণ্ডা পানি ঢালিয়া দেওয়া।

~ بِ : স্বীকার করা।

~ ـُ : (قَرِير) হিস্‌হিস্‌ শব্দ করা।

~ : (قَرِير، قَرّ) (মুরগি) ডাক বন্ধ করা।

قُرَّ : (اقْرِيْر) ঠাণ্ডাপীড়িত হওয়া।

قَرَّرَ : স্থায়ী করা, স্থির করা; প্রতিষ্ঠিত করা; নিয়োগ করা; নির্ধারণ করা, নির্দিষ্ট করা; নিশ্চিত করা; প্রত্যয়ন করা; সিদ্ধান্ত করা, সঙ্কল্প করা; বর্ণনা করা; রিপোর্ট করা; স্বীকার করা।

أَقَرَّ : (إِقْرَار) স্থায়ী করা, প্রতিষ্ঠিত করা; বাস করিতে দেওয়া; স্থাপিত করা; নিশ্চিত করা।

~ بِ : একমত হওয়া; স্বীকার করা, স্বীকৃতি দেওয়া, অনুমোদন করা।

أَقَرَّ عَيْنَهُ : চক্ষু শীতল করিল, আনন্দিত করিল।

تَقَرَّرَ : দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হওয়া; নিশ্চিত হওয়া; স্থায়ী হওয়া; নিযুক্ত হওয়া, নির্ধারিত হওয়া; স্থিরীকৃত হওয়া।

إِسْتَقَرَّ : (إِسْتِقْرَار) স্থায়ী হওয়া, স্থির হওয়া; শান্ত হওয়া; নিবাস স্থাপন করা, বিশ্রাম করা; বসবাস করা, অবস্থান করা; প্রতিষ্ঠিত হওয়া; দৃঢ় হওয়া, জোরদার হওয়া।

إِسْتَقَرَّ الرَّأْيُ ~ عَلَى : সিদ্ধান্ত হওয়া।

إِسْتَقَرَّ رَأْيُهُ ~ عَلَى : মনস্থ করা, সঙ্কল্প করা।

قَرّ : শীতল, ঠাণ্ডা; বিশ্রাম।



www.pathagar.com

يَوْمُ الْقَرّ : আইয়ামে তাশরীকের প্রথম দিন, অর্থাৎ ১০ যুল-হিজ্জা।

قِرَّة، قُرّ : ঠাণ্ডা।

قُرَّة : হেলেঞ্চাজাতীয় উদ্ভিদ।

قَرَّة، قِرَّة : ব্যাঙ।

قُرَّةُ الْعَيْنِ : চোখের সান্ত্বনা; আনন্দ; প্রিয়পাত্র।

قُرَرَة : পাত্রে অবশিষ্ট খাদ্য।

قُرَارَة، قُرَرَة : পাত্রে অবশিষ্ট খাদ্য; রান্নার হাঁড়িতে ঢালিয়া দেওয়া ঠাণ্ডা পানি।

قَرَار : স্থিরতা, দৃঢ়তা, স্থায়িত্ব, প্রশান্ত; নিবাস, বাসস্থান, বিশ্রামস্থল; গভীরতা, তলা, ভিত্তি, অভ্যন্তরভাগ।

~ : প্রস্তাব, সিদ্ধান্ত। ব قَرَارَات

لَاقَرَارَلَهُ : অস্থির; অতল; অতলস্পর্শী।

دَارُ الْقَرَار : স্থায়ী নিবাস, আখেরাত।

قَرَارَة : তলা, গভীরতা; নিম্নভূমি।

قُرُورَة، قِرَارَة : রান্নার হাঁড়িতে ঢালিয়া দেওয়া ঠাণ্ডা পানি।

قَرَارِيّ : দরজি।

قَار : স্থির, দৃঢ়, স্থায়ী; নিবাসী; ঠাণ্ডা, শীতল, শান্ত।

قَارَّة : মহাদেশ। ব قَارَّات

قَارُورَة : কাচের বোতল; চোখের মণি; স্ত্রীলোক। ব قَوَارِير

إِقْرَار : প্রতিষ্ঠিতকরণ; দৃঢ়ীকরণ; স্বীকৃতি।

إِسْتِقْرَار : স্থায়িত্ব, স্থিরতা; দৃঢ়তা; অবস্থান, নিবাস স্থাপন।

تَقْرِير : প্রতিষ্ঠিতকরণ, দৃঢ়ীকরণ; সাব্যস্তকরণ, নির্ধারণ, সিদ্ধান্তগ্রহণ।

~ : রিপোর্ট, প্রতিবেদন, বিবৃতি, বুলেটিন। ব تَقَارِير

قَدَّمَ تَقْرِيرًا ~ عَنْ : প্রতিবেদন পেশ করিল।

مَقَرّ : বাসস্থান, নিবাস; আশ্রয়স্থল; আসন, স্থান; অবস্থান। ব مَقَارّ

مَقَرَّة : পানি রাখিবার ছোট পাত্র, ক্ষুদ্রাকার জগ।

مُقَرِّر : প্রতিবেদক, সংবাদদাতা, রিপোর্টার।

مُقَرَّر : প্রতিষ্ঠিত; স্থিরীকৃত; নির্ধারিত; সিদ্ধান্তকৃত; নির্দেশিত।

الْأَمْوَال الْمُقَرَّرَة : প্রত্যক্ষ রাজস্ব; নির্দিষ্ট রাজস্ব।

حَقِيقَة مُقَرَّرَة : প্রতিষ্ঠিত সত্য।

مُسْتَقِرّ : স্থির, স্থায়ী; প্রতিষ্ঠিত, সুদৃঢ়; নিবাসী।

مُسْتَقَرّ : বাসস্থান, নিবাস; বিশ্রামস্থল; আসন।

قَرَأَ : ـَ (قِرَاءَة) পাঠ করা, আবৃত্তি করা।

~ عَلَى : পড়িয়া শোনানো; অধীনে অধ্যয়ন করা।

قَرَأَ عَلَيْهِ السَّلَامَ : সালাম দেওয়া, অভিবাদন জানানো।

قَرَّأَ : পড়ানো, পড়িতে শিখানো।

قَارَأَ (مُقَارَءَة) : একসঙ্গে পড়া, একত্রে পাঠ করা।

أَقْرَأَ (إِقْرَاء) : পড়িতে দেওয়া, পড়িতে শিখানো, পড়ানো; (তারকা) অস্ত যাওয়া; (স্ত্রীলোক) ঋতুমতী হওয়া।

أَقْرَأَهُ السَّلَامَ : সালাম দেওয়া, অভিবাদন জানানো।

~ مِنْ : (ভ্রমণ হইতে) প্রত্যাবর্তন করা।

تَقَرَّأَ : কুরআন পাঠে মনোনিবেশ করা।

إِسْتَقْرَأَ : (إِسْتِقْرَاء) পড়িতে বলা; অনুসন্ধান করা; পরীক্ষা করা।

قُرْء : (স্ত্রীলোকের) রজঃস্রাব, মাসিক। ব قُرُوء

~ : মুহূর্ত; মাপ, কবিতার ছন্দ। ব. أَقْرُء، أَقْرَاء، قُرُوء

قِرَاءَة : পাঠ, পাঠ-পদ্ধতি; আবৃত্তি; কিরাআত।

قَرَّاء : দক্ষ পাঠক; সাধক।

قَارِئ : আবৃত্তিকারী; কুরআন পাঠকারী; সাধক। ব قَرَأَة، قُرَّاء

قُرْآن : পাঠ।

الْقُرْآن : পবিত্র কুরআন।



www.pathagar.com

قُرْآنِى : আল কুরআন সম্বন্ধীয়।

إِسْتِقْرَاء : অনুসন্ধান, পরীক্ষা।

مُقْرِئٌ : বিশুদ্ধভাবে কুরআন পাঠকারী, কারী।

مَقْرُوء : পঠিত, পঠনযোগ্য, স্পষ্ট।

غَيْر مَقْرُوء : পড়া যায় না এমন, অস্পষ্ট।

مَقْرِيٌّ : পঠিত।

قَرُبَ ـُ قَرِبَ ـَ : (قُرْب، قُرْبَانِى، مَقْرَبَة) ~ مِنْ إِلَى নিকটবর্তী হওয়া, ঘনিষ্ঠ হওয়া; কাছাকাছি হওয়া, সান্নিধ্যে আসা।

قَرَّبَ : (تَقْرِيب) নিকটবর্তী করা; ঘনিষ্ঠ করা; কাছাকাছি আনা; উপস্থাপিত করা; কুরবানী দেওয়া; (তরবারি) কোষবদ্ধ করা।

~ بَيْنَ : মিল সাধন করা, ঘনিষ্ঠতা স্থাপন করা।

قَارَبَ : (مُقَارَبَة) নিকটবর্তী হওয়া, কাছাকাছি হওয়া, উপক্রম হওয়া।

أَقْرَبَ : (إِقْرَاب) (স্ত্রীলোক) আসন্নপ্রসবা হওয়া; (পাত্র) প্রায় কানায় কানায় পূর্ণ করা।

تَقَرَّبَ : নিকটবর্তী হওয়া, কাছে আসা, ঘনিষ্ঠতা স্থাপন করা; ঘনিষ্ঠ হওয়া।

تَقَارَبَ : পরস্পর নিকটবর্তী হওয়া, কাছাকাছি হওয়া।

إِقْتَرَبَ : (إِقْتِرَاب) নিকটবর্তী হওয়া, সান্নিধ্যে আসা।

إِسْتَقْرَبَ : (إِسْتِقْرَاب) নিকটবর্তী পাওয়া বা মনে করা।

قُرْب : নৈকট্য, সান্নিধ্য; সন্নিকট।

قُرْبَ، بِقُرْبِ، بِالْقُرْبِ : নিকটে, সন্নিকটে, অদূরে।

عَنْ قُرْب : নিকট হইতে।

قُرْب : পার্শ্ব। ব أَقْرَاب

قِرْبَة : মশক। ব قِرَب

قُرْبَة، قُرُبَة : সৎকাজ, নৈকট্য; আত্মীয়তা। ব قُرُبَات، قُرَب

قَرْبَة : কানায় কানায় ভর্তি অবস্থা।

قِرَبَاتِيٌّ : যাযাবর। ব قِرَبَات

قُرْبَى : নৈকট্য, আত্মীয়তা।

ذُو الْقُرْبَى : আত্মীয়।

قِرَاب : খাপ, কোষ; পাত্র। ব أَقْرِبَة، قُرُب

قَرَابَة : আত্মীয়তা, নৈকট্য, সম্পর্ক, রক্ত-সম্পর্ক।

دَرَجَةُ الْقَرَابَة : সম্পর্কের গভীরতা, স্তর।

~ صِلَة : আত্মীয়তার বন্ধন।

قَرْبَان : পূর্ণপ্রায় (পাত্র)। স্ত্রী قَرْبَى ব قِرَاب

قُرْبَان : উপস্থাপন, উৎসর্গকরণ, জ্ঞাপন।

~ : কুরবানী, উৎসর্গ। ব قَرَابِين

قَرِيب : নিকটবর্তী, কাছাকাছি, ঘনিষ্ঠ; পার্শ্ববর্তী; সংলগ্ন; সহজবোধ্য।

~ : আত্মীয়, নিকটাত্মীয়, জ্ঞাতি; প্রতিবেশী। ব أَقْرِبَاء

عَمَّا قَرِيب، عَنْ قَرِيبٍ، قَرِيبًا : শীঘ্র, সত্বর, অদূর ভবিষ্যতে।

~ : সাম্প্রতিককালে।

قَرِيبُ التَّنَاوُل : সহজবোধ্য, সহজগ্রাহ্য।

الْعَهْد ~ : সাম্প্রতিক।

قَارِب : ছোট নৌকা, ডিঙ্গি। ব قَوَارِب

قَرِب مُسَلَّح : গান-বোট, gunboat.

النَّجَاة ~ : জীবনতরী, lifeboat.

قَوَارِبِيٌّ : মাঝি, মাল্লা।

أَقْرَب : নিকটতর; সম্ভাব্য, সম্ভাব্যতর।

~ : আত্মীয়, নিকটাত্মীয়, জ্ঞাতি। ব أَقْرَبُون، أَقَارِب

الأَقْرَب : নিকটতম।

تَقَرُّب : নৈকট্য, সান্নিধ্য।

تَقْرِيب : উপলক্ষ; প্রায়শ, approximation.

بِوَجْهِ التَّقْرِيب، بِالتَّقْرِيب، تَقْرِيبًا : প্রায়, কাছাকাছি।

تَقْرِيبِيٌّ : কাছাকাছি।

مَقْرَب : নিকটতম পথ, সংক্ষিপ্ত পথ।

مَقْرَبَة : নিকট আত্মীয়তা। ব مَقَارِبُ



www.pathagar.com

مُقْرِب : আসন্নপ্রসবা। ব مَقَارِب

مُقْرَب : জিনসজ্জিত (পশু)।

مُقَرِّب : উৎসর্গকারী।

مُقَرَّب : ঘনিষ্ঠ, অন্তরঙ্গ।

مُقَارِب : কাছাকাছি; গড়; মধ্যম।

مُقَارَب : গড় মূল্য; মধ্যম শ্রেণীর, মাঝামাঝি।

مُتَقَارِب : পরস্পর নিকটবর্তী, কাছাকাছি; পরপর, ধারাবাহিক।

المُتَقَارِب : কবিতার একটি ছন্দের নাম।

قَرَبُوس، قَرَّبُوس : জিন, saddlebow. ব قَرَابِيس

قَرَبُوس أَمَامِيّ : জিনের সম্মুখের উঁচু অংশ, pommel.

~ خَلْفِيّ : জিনের পিছনের অংশ।

قَرَبِينَة : অশ্বারোহী সৈন্যের হালকা ক্ষুদ্র বন্দুকবিশেষ, carabine.

قَرَتَ – ـُ : (قُرُوت) (রক্ত) জমাট বাঁধা।

قَرِت : জমাটবদ্ধ (রক্ত)।

قَارِت : সর্বভুক (প্রাণী)।

قَرَثَ – ـُ : (قَرْث) দুঃখ দেওয়া, কষ্ট দেওয়া।

قَرِثَ – ـَ : (قَرَث) কষ্ট করা, কঠোর পরিশ্রম করা।

قَرَحَ – ـَ : (قَرْح) আহত করা, জখম করা।

~ : (قُرُوح) (ঘোড়ার) সকল দাঁত গজানো।

قَضَاء : সম্পাদন, সম্পন্নকরণ, সমাপ্তকরণ; পূরণ; (অনুরোধ) রক্ষাকরণ; (ঋণ) পরিশোধকরণ; (সময়) অতিবাহিত হওয়া; ভাগ্য, নিয়তি।

~، قَضًى : বিচার, বিচার-ক্ষমতা; রায়; বিধান, আইন।

~ : জেলা, প্রদেশ, অঞ্চল। ব أَقْضِيَة

قَضَاء اللّٰه : মৃত্যু।

قَضَاء و قَدْر : অদৃষ্ট, ভাগ্যের লিখন, নিয়তির বিধান; অভাবনীয় ঘটনা।

بِالْقَضَاء والقَدْر، قَضَاءً وَ قَدْرًا : অবলীলাক্রমে, আকস্মিকভাবে, ভাগ্যের লিখন অনুযায়ী।

دَارُ الْقَضَاء : বিচারালয়, আদালত।

~ كُرْسِيّ : বিচারাসন, বিচারপতির আসন।

قَضَائِيّ : বিচার-সংক্রান্ত, বিচারালয়-সম্বন্ধীয়, বিচার-বিভাগীয়; আইন-সম্বন্ধীয়; আইনানুগ।

حَارِس قَضَائِيّ : ক্রোক-করা সম্পত্তির অস্থায়ী রক্ষক, রিসিভার।

قَضِيّ : চূড়ান্ত বিষয়; মৃত্যু।

قَضِيَّة : মকদ্দমা, মামলা; বিষয়, ব্যাপার; ঘটনা; প্রশ্ন; সমস্যা। ব قَضَايَا

قَضِيَّة جِنَائِيَّة : ফৌজদারি মকদ্দমা।

~ فَرْعِيَّة : পাল্টা মকদ্দমা, cross action.

~ مَدَنِيَّة : দেওয়ানি মকদ্দমা।

الْقَضِيَّة الفِلَسْطِينِيَّة : ফিলিস্তীন-সমস্যা।

حَفَظَ القَضِيَّة : মকদ্দমা দায়ের করা, মামলা রুজু করা।

~ شَطَبَ : মকদ্দমা খারিজ করা।

~ أَوْقَفَ : মামলার রায় স্থগিত রাখা।

أَعَادَ النَّظَرَ فِى القَضِيَّة : মামলা পুনর্বিবেচনা করা।

~ مَصَارِيفُ : মামলার ব্যয়।

قَلَمُ قَضَايَا الحُكُومَة : আইনজ্ঞ বিভাগ, Solicitor's department.

قَضَوِيَّة الصُّلْح আদালতের আওতাভুক্ততা।

قَاضٍ : চরম, চূড়ান্ত; সমাপনী; মারাত্মক।

~ : কাযী, হাকিম, বিচারক, বিচারপতি, ম্যাজিস্ট্রেট। ব قُضَاة

سَمّ قَاضٍ : মারাত্মক বিষ।

ضَرْبَة قَاضِيَة : চূড়ান্ত আঘাত, চরম আঘাত।

قَاضِى التَّحْقِيق ,قَاضِى البَحْث، قَاضِى الإِحَالَة : পরীক্ষাকারী বিচারক।

قَاضِى الحَاجَات : প্রয়োজন পূরণকারী; আল্লাহ্; অর্থ।

~ الصُّلْح : আদালতের বিচারক।

~ عُرْفِيّ : মধ্যস্থতাকারী, সালিস।

~ القُضَاة : প্রধান বিচারপতি।

قَاضِيَة : মৃত্যু।

إِقْتِضَاء : প্রয়োজন, আবশ্যকতা; দাবি।

عِنْدَ الإِقْتِضَاء : প্রয়োজনে।

إِنْقِضَاء : সমাপ্তি, সমাপন, অতিবাহন; বিলোপ।

إِنْقِضَاء التَّعَهُّدَات : (আইনত) দায়িত্ব রহিত হওয়া।

تَقَاضٍ : মামলাবাজি।

مَقْضِيّ : সম্পন্ন, সম্পাদিত, সমাপ্ত, নিষ্পন্ন; স্থিরীকৃত, মীমাংসিত; নিয়তি-নির্ধারিত।



www.pathagar.com

مُقَاضَاة : মকদ্দমা, শুনানি।

مُقْتَضَى : প্রয়োজনীয়।

بِمُقْتَضَى : অনুসারে, মোতাবেক; অধীনে।

مُقْتَضَى الحَالِ : অবস্থার দাবি।

بِمُقْتَضَى الحَالِ : অবস্থা অনুসারে।

~ الشَّرِيعَة : আইন মোতাবেক, বিধি অনুযায়ী।

~ العَقْلِ : যুক্তিসঙ্গতভাবে।

مُقْتَضَيَات : প্রয়োজনসমূহ।

مُتَقَاضٍ : মকদ্দমারত; মামলাবাজ। ব مُتَقَاضُون

قَطَّ ـُ ـَ : (قَطّ) কাটিয়া দেওয়া, ছাঁটিয়া দেওয়া; ধারালো করা, চোখা করা, সুচালো করা; (কলম) কাটা; খনন করা, খোদাই করা।

~ ـِ ـُ : (قُطُوط، قَطّ) (মূল্য) উচ্চ হওয়া।

~، قَطَطَ ـَ : (قَطَاطَة، قَطَط) খাটো হওয়া, ছোট হওয়া।

قَطَّطَ (تَقْطِيط) : আকৃতি দেওয়া, কাটিয়া গড়া।

إِقْتَطَّ (إِقْتِطَاط) : ধারালো করা, সুচালো করা, চোখা করা; কলম কাটা।

قَطْ : কেবলমাত্র, আর নহে।

قَطَط، قَطّ : ছোট ও কোঁকড়ানো (চুল)।

قَطُّ : আদৌ নহে, কিছুতেই নহে, কখনও নহে।

قِطّ : বিড়াল। ব قِطَطَة، قِطَاط

قِطّ الزَّبَاد : গন্ধগোকুল, খাটাশ।

حَشِيشَة القِطّ : পুদিনাজাতীয় উদ্ভিদবিশেষ।

قِطَّة : বিড়ালী।

قِطَاط : নমুনা; পর্বত-পার্শ্ব। ব أَقِطَّة

قَطَّاط : খননকারী; কুন্দকার।

قُطَيْطَة : বিড়ালছানা।

قَطَبَ ـِ ـُ : (قَطْب) সংগ্রহ করা, জমা করা, একত্র করা; (পাত্র) পূর্ণ করা; (থলি) বন্ধ করা; রাগাইয়া তোলা; (কাপড়) সেলাই করা।

~ : (قُطُوب، قَطْب) ভ্রূকুটি করা; কপাল কুঞ্চিত করা।

قَطَبَ حَاجِبَيْهِ، قَطَبَ جَبِينَهُ : ভ্রূ কুঞ্চিত করিল; ভ্রূকুটি করিল।

قَطَّبَ : (تَقْطِيب) ভ্রূকুটি করা; (কাপড়) সেলাই করা; (মদ্য) পানি মিশ্রিত করা।

أَقْطَبَ : (إِقْطَاب) জমা করা, একত্রিত করা; (মদ্য) পানি মিশ্রিত করা।

تَقَطَّبَ : (মুখমণ্ডল) বিষণ্ন হওয়া।

إِنْقَطَبَ : (إِنْقِطَاب) (ভ্রূ) কুঞ্চিত হওয়া; (কাপড়) সেলাইযুক্ত হওয়া।

إِسْتَقْطَبَ : (إِسْتِقْطَاب) মেরু-অভিমুখী করা; একত্রিত করা; আকৃষ্ট করা।

قُطْب، قُطُب، قُطْب، قَطْب : অক্ষ-দণ্ড, কীলক; মেরু; চক্রদণ্ড; নেতা, নেতৃস্থানীয় ব্যক্তি, মূল শক্তি। ব أَقْطَاب

قُطْب الرَّحَى : চক্রদণ্ড; মূল বিষয়।

~ سَالِب : ঋণাত্মক তড়িৎ-দণ্ড, Negative pole.

~ مُوجَب : ধনাত্মক তড়িৎ-দণ্ড, Positive pole.

القُطْب الجَنُوبِيّ : কুমেরু।

~ الشَّمَالِيّ : সুমেরু।

نَجْمَة القُطْب : ধ্রুব নক্ষত্র।

أَقْطَابُ السِّيَاسَة : রাজনীতির পুরোধাবৃন্দ।

قُطْبِيّ : মেরু-সম্বন্ধীয়।

قُطْبَة : (সেলাইয়ের) ফোঁড়।

~ : লক্ষ্যভেদী তীর; কাঁটাগাছবিশেষ; গোক্ষুর। ব قُطَب

قِطَاب : মিশ্রিত দ্রব্য।

قُطَابَة : গোশতের টুকরা, মাংসখণ্ড।

قَطِيبَة، قَطِيب : দুই প্রকার দুগ্ধের মিশ্রণ।

~، مَقْطُوب : পানি মিশ্রিত (মদ্য)।

قَطُوب، قَاطِب : ভ্রূকুটিকারী; সিংহ।

قَاطِبَة : সবাই, সকলেই।

تَقْطِيبَة، تَقْطِيب : ভ্রূকুঞ্চন, ভ্রূকুটি।

~، إِسْتِقْطَاب মেরু-অভিমুখীকরণ, মেরু-প্রবণতা।



www.pathagar.com

قَطَرَ ـُ : (قَطَرَان، قَطْر) ফোঁটা ফোঁটা পড়া; ফোঁটায় ফোঁটায় ঝরানো।

~ : (قَطْر) আলকাতরা মাখানো; (কাপড়) সেলাই করা; টানিয়া নেওয়া; গুণ টানা।

~ : (قُطُور) দৌড়াইয়া যাওয়া।

قَطَّرَ : (تَقْطِير) ফোঁটায় ফোঁটায় ঝরানো; ছাঁকা, পরিশ্রুত করা; আলকাতরা মাখানো।

أَقْطَرَ : (إِقْطَار) ফোঁটা ফোঁটা পড়িবার উপক্রম হওয়া।

تَقَطَّرَ : ফোঁটা ফোঁটা পড়া, ঝরিয়া পড়া।

~ عَنْ : পিছনে পড়া।

تَقَاطَرَ : পাশাপাশি চলা; দলে দলে আসা।

إِسْتَقْطَرَ : (إِسْتِقْطَار) ফোঁটায় ফোঁটায় ঝরানো; ছাঁকিয়া বাহির করা; পরিস্রুত করা।

قَطْر : ফোঁটায় ফোঁটায় পতন; গুণ টানন।

~ : ফোঁটা; বৃষ্টি; সিরাপ। ব قِطَار

~ : রেলগাড়ি, ট্রেন। ব قُطُورَات

قُطْر : দিক, প্রান্ত, পার্শ্ব, অঞ্চল, এলাকা; জেলা, বিভাগ; ভূখণ্ড; দেশ; (চতুর্ভুজ বা বহুভুজ ক্ষেত্রের) পরস্পর বিপরীত কোণদ্বয়ের সংযোজন, Diagonal; (বৃত্তের) ব্যাস। ব قُطْرٌ، أَقْطَار

اَلْقُطْر المِصْرِيّ : মিসর (দেশ)।

نِصْف قُطْرِ الدَّائِرَة : বৃত্তের ব্যাসার্ধ।

أَرْبَعَةُ أَقْطَارِ العَالَم : পৃথিবীর দিক চতুষ্টয়।

قُطُر : সুগন্ধি উদ-কাষ্ঠ, Aloes-wood.

قُطْرِيّ : অঞ্চল-সংক্রান্ত; ব্যাস-সম্বন্ধীয়।

قَطْرَة : ফোঁটা, ফোঁটা ফোঁটা করিয়া চোখে দেওয়ার ঔষধ। ব قَطَرَات

قَطْرَة النَّدَى : শিশির-বিন্দু।

~ المَطَر : বৃষ্টির ফোঁটা।

~ العَيْن : অশ্রুবিন্দু, ফোঁটা ফোঁটা করিয়া চোখে দেওয়ার ঔষধ; কাজল।

قُطَيْرَة، قُطْرَة : ছোট ফোঁটা; তুচ্ছ বস্তু, সামান্য জিনিস।

قَطَر : কাতার : পারস্যোপসাগরের পশ্চিম তীরবর্তী আরব ব-দ্বীপের ক্ষুদ্র একটি দেশ। আয়তন ২২০০০ কি. মি.। রাজধানী দোহা।

قِطَار : রেলগাড়ি, ট্রেন; (উটের) লম্বা সারি; ধারা। ব قُطُرَات، قُطُر، قِطَارَات

قِطَار البَضَائِع : মালবাহী ট্রেন।

~ خَاصّ : বিশেষ ট্রেন।

~ الرُّكَّاب : যাত্রীবাহী ট্রেন।

~ سَرِيع : দ্রুতগামী ট্রেন, এক্সপ্রেস ট্রেন, Express train.

قِطَار قَشَّاش، ~ وَقَّاف : মন্থরগতিসম্পন্ন ট্রেন, লোকাল ট্রেন, Local train.

قَطَّارَة : ফোঁটা ফোঁটা করিয়া ফেলিবার নলবিশেষ, ড্রপার, dropper.

قَطْرَان : আলকাতরা।

قَطِيرَة : পালের নৌকা। ব قَطَائِر

قَاطِرَة : ইঞ্জিন, engine; বাষ্পীয় ইঞ্জিন।

تَقْطِير، إِسْتِقْطَار : পরিস্রুতকরণ, চোলাইকরণ, ফোঁটায় ফোঁটায় পাতন।

مِقْطَر، مِقْطَرَة : ধূপাধার, ধুনচি, censer. ব مَقَاطِر

مَقْطُور : বর্ষণসিক্ত (ভূমি); আলকাতরার প্রলেপ প্রদত্ত (উট)।

قَطْرَبَ : (قَطْرَبَة) ত্বরা করা।

قُطْرُب : জোনাকি; বিষাদ, ধূর্ত চোর। ব قَطَارِبُ

قَطْرَمِيز : কাঁচের বোতল বা জগ।

قَطْرَنَ (قَطْرَنَة) : আলকাতরার প্রলেপ দেওয়া।

قَطْرَان : আলকাতরা।

مُقَطْرَن : আলকাতরা মাখানো বস্তু, আলকাতরার প্রলেপযুক্ত।

قُطَاس : চমরী গাই, তিব্বতীয় গাভী, yak.



www.pathagar.com

قَطَعَ - َ : (قَطْع) কর্তন করা, কাটা, কাটিয়া দেওয়া, কাটিয়া ফেলা; ছিন্ন করা, বিচ্ছিন্ন করা; বিভক্ত করা; কাটিয়া ছোট করা, কুচিকুচি করিয়া কাটা; জখম করা, অতিক্রম করা; (বিপদ) কাটাইয়া উঠা; অতিবাহিত করা; স্থির করা; বন্ধ করিয়া দেওয়া; থামাইয়া দেওয়া, বাধা দেওয়া; নিঃশেষিত করা; খাইয়া ফেলা; ত্যাগ করা, সম্পর্ক ছিন্ন করা; ভর্ৎসনা করা; (পোশাক) প্রস্তুত করা; (পাখি) দেশান্তরে গমন করা।

~ بِ : স্থির করা; নিশ্চিতরূপে বলা; দৃঢ়তার সহিত ঘোষণা করা।

~ بَيْنَ : বিবাদ মিটাইয়া দেওয়া।

~ عَنْ : বাধা দেওয়া, বিরত করা; নিষিদ্ধ করা; বঞ্চিত করা।

~ عَلَى : বাধা দেওয়া, গতিরোধ করা।

~ فِي : দাগ কাটা; গভীরভাবে প্রভাবিত করা; (সময়) ব্যয় করা, অতিবাহিত করা।

قَطَعَ الرَّجَاءَ، قَطَعَ الأَمَلَ : আশা ত্যাগ করিল, নিরাশ হইল।

~ الثَّمَنَ : মূল্য নির্ধারণ করা।

~ التَّذْكِرَةَ : টিকিট কাটা, টিকিট ক্রয় করা।

قَطَعَ الوَتَرَ، ~ الحَبْلَ : বন্ধন ছিন্ন করা, সম্পর্ক ছিন্ন করা।

~ دَابِرَهُ : নির্মূল করা, মূলোৎপাটন করা।

~ دَوْرًا : ধাপ অতিক্রম করা।

~ بِرَأْيٍ : দৃঢ় মত ব্যক্ত করা।

~ الرَّأْسَ : শিরশ্ছেদ করা।

~ الرَّحِمَ : আত্মীয়তা ছিন্ন করা, রক্ত-সম্পর্কের বিধান লঙ্ঘন করা।

قَطَعَ الخَطَرَ، ~ الشِّدَّةَ বিপদ কাটাইয়া উঠা।

~ الطَّرِيقَ : রাহাজানি করা।

~ عَقْلَهُ : বিশ্বাস জন্মানো, convince.

~ عَهْدًا : প্রতিজ্ঞা করা, প্রতিশ্রুতি দেওয়া; বন্ধক রাখা।

~ الكَمْبِيَالَةَ : পরিশোধযোগ্য বিলের পরিমাণ হ্রাস করা।

~ اللَّبَنَ : দুধ ছানায় পরিণত করা।

~ لِسَانَهُ : মুখ বন্ধ করা, চুপ করানো।

~ المَسَافَةَ : দূরত্ব অতিক্রম করা।

~ النَّظَرَ : ~ عَنْ ~ উপেক্ষা করা, গুরুত্ব না দেওয়া।

~ الوَقْتَ : সময় নষ্ট করা, সময় ব্যয় করা।

~ الوَرَقَ : তাস কাটা।

قَطَعَ - ُ قَطُعَ - ُ : (قَطَاعَة) নিরুত্তর হইয়া যাওয়া।

قَطَّعَ : (تَقْطِيع) খণ্ডখণ্ড করিয়া কাটা, টুকরা টুকরা করা, এক কোপে কাটা; (কবিতার) ছন্দ বিশ্লেষণ করা; ধারাবাহিকতা ভঙ্গ করা।

قَطَّعَ اللَّحْمَ : কিমা করা।

~ الشِّعْرَ : কবিতার ছন্দ বিশ্লেষণ করা।

~ الزَّمَانَ : সময় নষ্ট করা।

يُقَطِّعُ القَلْبَ : হৃদয়-বিদারক, মর্মভেদী।

قَاطَعَ : (مُقَاطَعَة) বিচ্ছিন্ন হওয়া, সম্পর্ক ছিন্ন করা; পরিচয় অস্বীকার করা, একঘরে করা, বয়কট করা; ধারাবাহিকতা ভঙ্গ করা; বাধা প্রদান করা।

أَقْطَعَ : (إِقْطَاع) বিচ্ছিন্ন করানো; অতিক্রম করানো; নির্দিষ্ট করিয়া দেওয়া, বরাদ্দ করা; অনুমোদন দেওয়া; (মুরগি) ডিম পাড়া বন্ধ করা; নীরব হওয়া; পানির অভাবে নিপতিত হওয়া।

~ عَنْ : বিচ্ছিন্ন হওয়া, সম্পর্ক ছিন্ন করা।

أَقْطَعَهُ الأَرْضَ : তাহাকে জায়গির প্রদান করিল।

~ مَعَاشًا : তাহার পেনশন মঞ্জুর করিল।

~ الخَشَبَ : এলাকা চিহ্নিত করিয়া কাষ্ঠ-কর্তনের অনুমতি প্রদান করিল।

تَقَطَّعَ : কর্তিত হওয়া, বিচ্ছিন্ন হওয়া; বাধাপ্রাপ্ত হওয়া, ব্যাহত হওয়া, ধারাবাহিকতা ছিন্ন হওয়া; টুকরা টুকরা হওয়া; (মদ, দুধ) পানিমিশ্রিত হওয়া।



www.pathagar.com

تَقَاطَعَ : পরস্পর বিছিন্ন হওয়া, পারস্পরিক সম্পর্ক ছিন্ন করা।

اِنْقَطَعَ : (اِنْقِطَاع) কর্তিত হওয়া, বিছিন্ন হওয়া; ধারাবাহিকতা ছিন্ন হওয়া; সমাপ্ত হওয়া; থামিয়া যাওয়া; (লাইন) কাটিয়া যাওয়া।

~ إِلَى : আকৃষ্ট হওয়া, উৎসর্গীকৃত হওয়া, একাগ্রচিত্তে আত্মনিয়োগ করা, নিমগ্ন হওয়া।

~ عَنْ : বিরত হওয়া, ক্ষান্ত করা, ত্যাগ করা।

اِقْتَطَعَ : (اِقْتِطَاع) ~ مِنْ অংশ লওয়া, কিছু পরিমাণ লওয়া; ছিঁড়িয়া লওয়া।

اِسْتَقْطَعَ : (اِسْتِقْطَاع) জায়গির চাওয়া; বিয়োগ করা; হ্রাস করা।

قَطْع : কর্তন; বিচ্ছিন্নকরণ; বিভক্তকরণ; অতিক্রমণ, অতিবাহন; বন্ধকরণ; বাধাদান; নিঃশেষকরণ; (সম্পর্ক) ছিন্নকরণ; হ্রাসকরণ; ছেদ; বাধা; হ্রাস, কমতি; বিরতি।

~ : সাইজ, মাপ, আকার। ব أَقْطَاع

~ : ক্ষেত্র (জ্যা)। ব قُطُوع

قَطْع الحِسَابَات : হিসাব চূড়ান্তকরণ।

قَطْع الأَمَل، ~ الرَجَاء নৈরাশ্য, হতাশা।

~ الرَأْس : শিরশ্ছেদ।

~ زَائِد : জ্যামিতিক ক্ষেত্রবিশেষ, পরাবলয়, hyperbola.

~ الطَرِيق : রাহাজানি।

~ العَلَائِق : সম্পর্কচ্ছেদ।

~ كُتُب الجَيْب : পকেট-সাইজ।

قَطْع مَخْرُوطِيّ، ~ مَخْرُوط মোচাকার ক্ষেত্র, Conic Section. (জ্যা)।

~ مُكَافِئ : অধিবৃত্ত, Parabola (জ্যা)।

~ نَاقِص : ডিম্বাকার ক্ষেত্র, উপবৃত্ত, ellipse (জ্যা)।

مُعَدَّل القَطْع، سِعْر القَطْع : কমতির হার, discount rate.

قَطْعًا : নিশ্চিতরূপে, নিঃসন্দেহে, অবশ্যই; কিছুতেই (নহে), আদৌ (নহে)।

قَطْعًا لِلْوَقْت : কালক্ষেপণের জন্য।

قَطْعِيّ : নিশ্চিত, নিঃসন্দেহ, চূড়ান্ত।

قَطْعِيَّة : নিশ্চয়তা।

قِطْع : বর্শার অগ্রভাগ; কর্তিত খণ্ড। ব أَقْطَاع

~ : রাত্রির অংশ। ব قِطَع

قِطْعَة : টুকরা, খণ্ড, অংশ, কিত্তা; ভাগ, পিণ্ড; বৃত্তাংশ (জ্যা); (সামরিক) ইউনিট; মুদ্রা। ব قِطَع

قِطْعَة الإِزْدِوَاج : যুগ্ম উপাদান, coupling element.

~ التَرْكِيب : যন্ত্রাংশ।

قِطْعَة غِيَار، ~ التَغْيِير : অতিরিক্ত যন্ত্রাংশ, Spere parts.

قِطْعَة مَسْرَحِيَّة ~ تَمْثِيلِيَّة : মঞ্চ-নাটক।

القِطْعَة الدَائِرِيَّة، ~ الدَائِرَة : বৃত্তাংশ (জ্যা)।

~ غِنَائِيَّة : কণ্ঠ সঙ্গীত।

~ فَنِّيَّة : শিল্পকর্ম।

~ مُوسِيقِيَّة : সঙ্গীত।

قِطْعَة مَالِيَّة : ~ نُقُود মুদ্রা।

القِطْعَة الكُرَوِيَّة : গোলাকার বৃত্ত (জ্যা)।

قِطْعَة سَيَّارَات : মোটরগাড়ির খুচরা যন্ত্রাংশ, auto parts.

الشُغْل بِالقِطْع، العَمَل بِالقِطْع : খণ্ডকর্ম, Piecework.

قُطْع : পানির অভাব; হাঁপানি; শূল-বেদনা।

قُطْعَة : কর্তিত টুকরা; ভূমিখণ্ড। ব قُطُعَات، قُطَع

~ قَطَعَة، ~ : যাহার কিছু অংশ কাটিয়া লওয়া হইয়াছে; কর্তিত অঙ্গ বা গাছের গোড়া।

قَاطِع : কর্তনকারী; বিভক্তকারী, ধারালো; অকাট্য, প্রবল, চূড়ান্ত; স্থিরীকৃত, নিশ্চিত, নিঃসন্দেহ; টক (দুধ); ছেদক; যে সরলরেখা কোন বক্ররেখাকে দুই বা ততোধিক বিন্দুতে ছেদ করে, ছেদনী, Secant (জ্যা); কাঁচি।

~ : বেড়া, পর্দা; ছেদন-দন্ত। ব قُطَّاع، قَوَاطِع



www.pathagar.com

قَاطِع الطَّرِيق : রাহাজান, দস্যু; বাটপার।

طَعَام قَاطِع : ডাল-ভাত।

~ طَيْر : যাযাবর পাখি।

قَاطِعَة : যাযাবর পাখি। ব قَوَاطِع

قَاطُوع : ফলখেকো কীট।

قِطَاع : ক্ষেত্র, বৃত্ত; বৃত্তাংশ; সেক্টর; খাত; এলাকা। ব قُطَاع، قِطَاعَات

القِطَاع الدَائِرِيّ، قِطَاع الدَائِرَة : বৃত্তাংশ।

~ غَزَّة : গাযা এলাকা।

القِطَاع الخَاصّ : বেসরকারি খাত, Private sector.

~ العَامّ : সরকারি খাত, Public sector.

~ الكُرَوِيّ : গোলাকার বৃত্ত।

~ : বড় কাঁচিবিশেষ, Shears.

زَمَان القِطَاع : খেজুর সংগ্রহের মওসুম।

قِطَاعَة : পানাহারে সংযম, পানাহার বর্জন। ব قَطَائِع

قُطَاعَة : খণ্ড, কর্তিত টুকরা।

قَطَّاع : কর্তনকারী; কাটিবার যন্ত্র।

قَطَّاعَة : গাঁতি; নদী পারাপারের ভাসমান কড়িকাঠ।

قَطَّاعِيّ : খুচরা।

بِالقَطَّاعِيّ : খুচরায়।

قُطُوع : বিপদ, দুর্ঘটনা।

فَاتَ عَلَيْه قُطُوع : সৌভাগ্যক্রমে রক্ষা পাইল।

قَطُوع : মধ্য-প্রাচীর, বেড়া, দুধ দেয় না এমন (উষ্ট্রী)। ব قَوَاطِيع

قَطُّوعَة، قَطُّوع : মাদুর-খণ্ড; ক্ষয়প্রাপ্ত মাদুর।

قَطِيع : দল, পাল, ঝাঁক। ব أَقْطَاع، قُطْعَان، قِطَاع

~ : অনুরূপ, সদৃশ। ব قُطَعَاء

~ : কর্তিত বৃক্ষ-শাখা। ব قِطَاع، أَقْطُع، أَقْطِعَة، قُطْعَان

قَطِيع القِيَام : দাঁড়াইতে অক্ষম।

~ الكَلَام : মূক।

قَطِيعَة : (সম্পর্কের) ভাঙন, ফাটল; সম্পর্ক ত্যাগ, বিচ্ছেদ; বর্জন, প্রত্যাখ্যান, অস্বীকৃতি; শত্রুতা।

~ : জায়গির; কর। ব قَطَائِع

قَطِّيع : ভালো হযম করিতে পারে এমন পাকস্থলী; সহজে হযম হয় এমন লঘু পানীয়।

إِقْطَاع، إِقْطَاعَة : জায়গির, সামন্তরাজ্য, সৈন্যদের ভাতা।

ذُو الإِقْطَاع : জায়গিরদাতা।

إِقْطَاعِيّ : জায়গির-সম্বন্ধীয়।

~ : জায়গিরদাতা। ব إِقْطَاعِيُّون

النِظَام الإِقْطَاعِيّ : জায়গির-প্রথা, সামন্ততন্ত্র।

إِقْطَاعِيَّة : জায়গির-প্রথা, সামন্ততন্ত্র।

إِنْقِطَاع : বিচ্ছিন্নতা, বিচ্ছেদ; ভাঙন; কর্তন; ছেদ, বিরাম; মূলতবি হওয়া, সমাপ্তি।

بِلَا إِنْقِطَاع : অবিরামভাবে, বিরামহীনভাবে।

إِنْقِطَاعِيَّة : বিচ্ছিন্নতাবাদ।

إِقْتِطَاع : হ্রাসকরণ, বিয়োজন।

إِسْتِقْطَاع : কর্তিত অংশ, কর্তন, কমতি। ব إِسْتِقْطَاعَات

تَقَطُّع : বিঘ্ন, বাধা, প্রতিবন্ধকতা। ব تَقَطُّعَات

تَقْطِيع : খণ্ড খণ্ডকরণ, বিভিন্ন ভাগে বিভক্তকরণ; কর্তন, বিচ্ছিন্নকরণ, কবিতার ছন্দ বিশ্লেষণ; শূল-বেদনা, পেটে ব্যথা।

~ : আকার, আকৃতি গঠন। ব تَقَاطِيع

تَقَاطِيع : অংশসমূহ।

تَقَاطِيع الوَجْه : মুখাবয়ব।

تَقَاطُع : পারস্পরিক সম্পর্কচ্ছেদ; ক্রসিং; জংশন; ছেদন।

خَطّ التَقَاطُع : ছেদরেখা, Intersection line.

~ نُقْطَة : ছেদবিন্দু, Intersection point; (রেলওয়ে) জংশন।

مَقْطَع : কর্তনস্থল; পারাপারের স্থান; ক্রসিং; বিভাগ; অক্ষর-সিলেবল, Syllable; (পশুর) পাল; বস্ত্রখণ্ড। ব مَقَاطِع



www.pathagar.com

مِقْطَع : কাটিবার যন্ত্র। ব مَقَاطِع

~ : ধারালো তরবারি।

مِقْطَع وَرَقٍ : পাতা ছাঁটার ছুরিবিশেষ।

مُقْطِع : জায়গিরদাতা।

مُقْطَع : জায়গিরদার; দূরবর্তী ব্যক্তি, আগন্তুক।

مُقْطَع النَّهْر : নদীর যে স্থান হাঁটিয়া পার হওয়া যায়, ford.

مُقَطَّع : খণ্ডিত; টুকরা টুকরা।

مِقْطَاع : অস্থির; দ্রুত নিঃশেষিত (কূপ)।

مَقْطُوع : কর্তিত; খণ্ডিত, বিচ্ছিন্ন।

~ : ছোট কবিতা, খণ্ড-কবিতা। ব مَقَاطِيع

مَقْطُوع بِهِ : স্থিরীকৃত, সমাপ্ত, সম্পন্ন, নিষ্পন্ন, মীমাংসিত; নিরাশ, হতাশ।

مَقْطُوع النَّظِير : অদ্বিতীয়, অপ্রতিদ্বন্দ্বী।

مَقْطُوعِيَّة : অংশ, শেয়ার; নিঃশেষিত অংশ, Consumption; খণ্ড-কর্ম, Piece-work.

مُقَاطَعَة : বিচ্ছিন্নতা, বিচ্ছেদ; সম্পর্ক ছিন্নকরণ; একঘরেকরণ, বয়কট, বর্জন; বৈরিতা; বাধা, বিঘ্ন, ব্যাঘাত।

~ : এলাকা, অঞ্চল; বিভাগ, জেলা, প্রদেশ। ব مُقَاطَعَات

مُقَاطَعَة إِقْتِصَادِيَّة : অর্থনৈতিক বয়কট।

~ تِجَارِيَّة : বাণিজ্যিক বয়কট, বাণিজ্যিক বিধিনিষেধ।

مُنْقَطِع : বিচ্ছিন্ন, কর্তিত, ব্যাহত; সমাপ্ত; থামিয়া গিয়াছে এমন; মুলতবি; উৎসর্গীকৃত, নিবিষ্ট।

مُنْقَطِع القَرِين، مُنْقَطِع النَّظِيرَ : অদ্বিতীয়, অপ্রতিদ্বন্দ্বী।

غَيْر مُنْقَطِع : অব্যাহত, অবিরাম।

مُتَقَطِّع : কর্তিত, বিচ্ছিন্ন; ব্যাহত; বাধাপ্রাপ্ত; বহুখণ্ডে বিভক্ত।

مُتَقَاطِع : পরস্পর বিচ্ছিন্ন।

مُسْتَقْطَع : কর্তিত,হ্রাসকৃত।

إِقْتَطَفَ (تَقْطِيف) قَطَّفَ (قَطْف) : - قَطَفَ (إِقْتِطَاف) সংগ্রহ করা, চয়ন করা, পাড়া, ছিঁড়িয়া আনা; ছিনাইয়া লওয়া; মনোনীত করা; নখ দ্বারা আঁচড়ানো।

~ : ـُ (قُطُوف، قِطَاف) (অশ্ব) দ্রুত পদক্ষেপে চলা।

تَقْطِيف، إِقْتِطَاف، قَطْف : চয়ন, সংগ্রহকরণ, বাছাইকরণ।

~ : (নখের) আঁচড়; (আঙ্গুরের) থোকা। ব قُطُوف

قِطْف : (আঙ্গুরের) থোকা; সংগৃহীত ফল। ব قِطَاف، قُطُوف

قَطَف : আঁচড়, দাগ। ব قُطُوف

قِطَاف : ফল সংগ্রহ, দ্রাক্ষা সংগ্রহ, ফল সংগ্রহের মওসুম।

قُطَافَة : সংগ্রহকালে পড়িয়া থাকা আঙ্গুর।

قَطَّاف : ফল সংগ্রহকারী, দ্রাক্ষা সংগ্রহকারী।

قَطُوف : ধীর পদক্ষেপে চলে এমন। ব قُطُف

مَقْطُوف، قَطِيف : সংগৃহীত, চয়নকৃত (ফল)।

قَطِيفَة : মখমল; সূতি মখমল, Velvet; মিষ্টান্ন; উৎকৃষ্ট খেজুর; উদ্ভিদবিশেষ। ব قُطُف، قَطَائِف

أَقْطَف : অধিকতর লোভী; দ্রুততর।

مَقْطَف : ঝুড়ি; কাস্তে; চালুনি। ব مَقَاطِف

مِقْطَف : ফল পাড়িবার কাস্তেবিশেষ; ঝুড়ি। ব مَقَاطِف

مُقَطَّفَة : ক্ষুদ্রাকার (লোক)।

مُقْتَطَف : সংগৃহীত, চয়নকৃত; সংকলন গ্রন্থ, চয়নিকা।

قَطْقَاط : দ্রুত ভ্রমণ, চঞ্চল; পাখিবিশেষ।

قَطْقُوطَة : তরুণী।

قَطَلَ : ـُ (قَطْل) কর্তন করা।

قَطَّلَ (تَقْطِيل) : কর্তন করা; ফেলিয়া দেওয়া।

تَقَطَّلَ : মূলে কর্তিত হওয়া।

قَطِيل، قُطْل : কর্তিত (বৃক্ষ)।



www.pathagar.com

قَطِيلَة : ঘর মুছিবার নেকড়া; তোয়ালে।

قَطْلَب : স্টবেরি গাছ।

قَطَمَ - : (قَطْم) কাটিয়া ফেলা; কামড় দেওয়া, কামড়াইয়া ধরা; ভাঙ্গিয়া দেওয়া; আস্বাদন করা।

قَطِمَ - َ : (قَطَم) গোশতপ্রিয় হওয়া।

قَطِيمَة، قَطْمَة : খণ্ড, টুকরা; এক কামড়, গ্রাস।

قَطِم : গোশতপ্রিয়; উত্তেজিত, ক্রুদ্ধ।

قُطَامِيّ، قَطَامِيّ، قَطَام : বাজপাখি।

مَقْطَم : স্বাদ।

مِقْطَم : নখর, থাবা। ব مَقَاطِم

قِطْمَار، قِطْمِير : পাতলা চামড়া, খেজুর-বিচির পাতলা আবরণ; সামান্য বস্তু।

~ : 'আসহাব কাহফ'-এর সঙ্গী কুকুরটির নাম।

قَطَنَ - ُ : (قُطُون) ~ ب، فِي বাস করা, অধিবাসী হওয়া, বাসিন্দা হওয়া।

قَطِنَ - َ : (قَطَن) (পিঠ) বাঁকা হওয়া।

قَطَّنَ : (تَقْطِين) ~ ب বাস করিতে দেওয়া, বাসিন্দা করা, অভিবাসী করা।

قَطَن : পাখির লেজমূল। ব أَقْطَان

قُطْن، قُطُن : তুলা। ব أَقْطَان

قُطْن خَام : পেঁজা হয় নাই এমন তুলা, raw cotton.

~ سكَارْتُو : পরিত্যক্ত তুলা, Cotton waste.

~ طِبِّيّ : পরিশোধক তুলা, absorbent cotton.

~ مُلْتَهِب : নাইট্রিক ও সালফিউরিক এসিডে তুলা ভিজাইয়া যে তীব্র বিস্ফোরক দ্রব্য তৈরি হয়, Gun-cotton.

بَذْرَة القُطْن : তুলাবিচি।

~ دُودَة : তুলা-কীট।

~ شَجَرَة : তুলোগাছ।

~ مِحْلَج : তুলাধোনা যন্ত্র।

قُطْنِيّ : তুলার ন্যায়, তুলার তৈরি, সূতি।

قُطْنِيَّة : মটর, শিম, মসুর ইত্যাদির গাছ বা বীজ; সূতি বস্ত্র। ব قَطَانِيّ

قَاطِن : অধিবাসী, বাসিন্দা। ব قُطَّان

قَطَّان : তুলা ব্যবসায়ী, তুলা উৎপাদনকারী।

قُطَانِيَّة : ভুট্টা।

قَطِين : দাস-দাসী, চাকর-বাকর; বাসিন্দা, অধিবাসী। ব قُطُن

قِطِّين : বড় গর্ত, বৃহৎ গুহা। ব قَطَاطِين

قَيْطَان : ফিতা, রশি, কৈতন। ব قَيَاطِين

قَيْطُون : ভূগর্ভস্থ ভাঁড়ার ঘর; খাস কামরা।

مَقْطَنَة : তুলাচাষের জমি, তুলাক্ষেত্র।

يَقْطِين : লাউ; লতাগাছ।

قَطَا - ُ : (قَطْو) ধীরে চলা; ছোট পদক্ষেপে হাঁটা; টলিতে টলিতে হাঁটা।

تَقَطَّى : দীর্ঘসূত্রী হওয়া, দেরি করা।

قَطَاة : একজাতীয় কবুতর, Sand-grouse. ব قَطَوَات، قَطًا

قَطَوَان : ছোট পদক্ষেপে হাঁটে এমন, টলিতে টলিতে হাঁটে এমন।

قَعَّ - َ : (قَعّ) বমি করিতে চেষ্টা করা।

قُعّ، قُعَاع : তিক্ত; লবণাক্ত (পানি)।

قَعَّبَ : (تَقْعِيب) মোচাকার হওয়া।

قَعْب : বড় পেয়ালা। ব قِعَبَة، قِعَاب، أَقْعُب

قَعْب الكَلَام : কথার গভীরতা।

قُعْبَة : পর্বতের গর্ত, গুহা।

مُقَعَّب : পেয়ালার আকারবিশিষ্ট; শঙ্কুর আকৃতিবিশিষ্ট, মোচাকার।

قَعْبَرِيس : উদ্ভিদবিশেষ, Salsify.

قِعْبِل، قَعْبَل : উদ্ভিদবিশেষ, parcratium.

قُعْبُول : উদ্ভিদবিশেষ, salsify.

قَعَثَ - َ : (قَعْث) সামান্য পরিমাণ দেওয়া।

قَعَّثَ : (تَقْعِيث) উৎপাটিত করা, উপড়াইয়া ফেলা।



www.pathagar.com

أَقْعَثَ : (إِقْعَاث) ~ فِى অপচয় করা।

~ ، إِقْتَعَثَ : ~ لِ প্রচুর পরিমাণে দান করা।

إِنْقَعَثَ : (إِنْقِعَاث) উৎপাটিত হওয়া; ধসিয়া পড়া।

قَعِيث : প্রচুর বৃষ্টি; প্রবল স্রোত।

قَعَدَ : ـُ (قُعُود) উপবেশন করা, বসা, আসন গ্রহণ করা; বসিয়া থাকা, অলস হইয়া থাকা; (খেজুর-গাছ) এক বছর পর পর ফল দেওয়া; (স্ত্রীলোক) স্বামীহীনা হওয়া।

~ بِ : বসানো, বসিতে বলা; বসাইয়া দেওয়া; অক্ষম করা; নিরুৎসাহিত করা; আটকাইয়া রাখা, বিরত রাখা।

~ عَنْ : বিরত থাকা; বিলম্ব করা; (স্ত্রীলোকের) মাসিক বন্ধ হইয়া যাওয়া।

~ عَلَى : ভারী হওয়া।

~ لِ : ওৎ পাতিয়া থাকা, অপেক্ষায় থাকা, প্রতীক্ষা করা; প্রস্তুত হওয়া।

قَاعَدَ : (مُقَاعَدَة) সঙ্গে বসা, পাশাপাশি বসা।

أَقْعَدَ : (إِقْعَاد) বসানো, বসিতে দেওয়া, বসিতে বলা, বসাইয়া দেওয়া; নিরুৎসাহিত করা; আটকাইয়া রাখা; বিরত রাখা; পঙ্গু করা।

~ مِنْ :হ্রাস করা।

أُقْعِدَ : (إِقْعَاد) খোঁড়া হওয়া, পঙ্গু হওয়া, চলিতে অক্ষম হওয়া।

تَقَاعَدَ : অবসর গ্রহণ করা।

~ ، تَقَعَّدَ : ~ عَنْ বিরত থাকা; না চাওয়া; পরিত্যাগ করা।

إِقْتَعَدَ : (إِقْتِعَاد) জাঁকিয়া বসা, আসন গ্রহণ করা; আরোহণ করা, সওয়ার হওয়া।

قَعَد : যুদ্ধকালে গৃহে অবস্থানকারী লোক; বেতনবিহীন সৈন্য।

قَعْدَة : উপবেশন, বৈঠক, আসন; নিতম্ব; ভাবভঙ্গি।

ذُو الْقَعْدَة : যুল-কা'দা : আরবী একাদশ মাস।

قِعْدَة : উপবেশন-পদ্ধতি, আসন-পদ্ধতি; ভাবভঙ্গি; আসন।

قُعْدَة : গাধা, জিন। ব قُعْدَات

قَعَدَة : মহিলাদের শিবিকা; গালিচা।

قُعَدِىّ، قُعْدِىّ، قُعَدَة : অধিকাংশ সময় বসিয়া থাকে এমন; অলস, কুঁড়ে।

قَاعِد : উপবেশনকারী, উপবিষ্ট; অলস। ব قُعَّاد، قُعُود

~ : শস্য-ভরা (বস্তা); মাসিক বন্ধ হইয়াছে এমন (স্ত্রীলোক); চারা খেজুরগাছ। ব قَوَاعِد

قَاعِدَة : ভিত্তি; স্তম্ভমূল; নীতি; মূলনীতি; নমুনা; পদ্ধতি, ঘাঁটি; প্রধান নগরী, রাজধানী। ব قَوَاعِد

قَاعِدَة بَحْرِيَّة : নৌঘাঁটি।

~ جَوِّيَّة : বিমানঘাঁটি।

قَاعِدِىّ : ভিত্তিসংক্রান্ত, মৌলিক।

قَعَاد : স্ত্রী।

قَعَّادَة : মূত্রত্যাগের পাত্র।

قَعُود : (আরোহণ-উপযোগী) তরুণ উট। ব قَعَائِد، قِعْدَان، قُعُد، أَقْعِدَة

قُعُود : উপবেশন; অলসতা।

حَيَاة الْقُعُود : অলস জীবন।

قَعِيد : আসর-সঙ্গী, সাথি; রক্ষক; অভিভাবক; তত্ত্বাবধায়ক; পঙ্গু, অক্ষম।

قَعِيد الْمَنْزِل : গৃহাবদ্ধ, গৃহবন্দি।

قَعِيدَة : সঙ্গিনী, স্ত্রী; বস্তা। ব قَعَائِد

تَقَاعُد : অবসর গ্রহণ।

سِنّ التَّقَاعُد : অবসর গ্রহণের বয়স।

~ مَعَاش : পেনশন, Pension.

مَقْعَد : বসিবার জায়গা; আসন; সোফা, গদি; বৈঠকখানা। ব مَقَاعِد

مُقْعَد : শক্তিহীন, দুর্বল, অক্ষম, অসমর্থ; খোঁড়া, পঙ্গু; বন্দি; পাছা, নিতম্ব।

مُقْعَدَة : তালপাতার ঝুড়ি; পানিবিহীন কূপ।

الْمُقْعَدَات : ব্যাঙ।

مُتَقَاعِد : অবসরপ্রাপ্ত।



www.pathagar.com

قَعَرَ : ـَ (قَعْر) (কূপ) খনন করা; (কূপের) তলায় পৌঁছা; (পেয়ালা) খালি করা; (গাছ) কাটিয়া ফেলা, ধ্বংস করা; গভীর করা।

قَعُرَ : ـُ (قَعَارَة) গভীর হওয়া, অবতল হওয়া, শূন্যগর্ভ হওয়া।

قَعَّرَ : (تَقْعِيْر) গভীর করা; শূন্যগর্ভ করা; অবতল করা; চিৎকার করা।

قَعَّرَ فِى الْكَلَامِ : স্বর মোটা করিয়া কথা বলা।

أَقْعَرَ : (إِقْعَار) গভীর করা, শূন্যগর্ভ করা।

تَقَعَّرَ : নিচে পড়া; গভীর হওয়া; অবতল হওয়া; পতিত হওয়া; গভীরে প্রবেশ করা।

تَقَعَّرَ فِى الْكَلَامِ স্বর মোটা করিয়া কথা বলা।

إِنْقَعَرَ : (إِنْقِعَار) (বৃক্ষ) উৎপাটিত হওয়া।

قَعْر : গর্ত; কোটর; তলা, তলদেশ; গভীরতা। ব قُعُور

قُعْرَة، قَعْرَة : গর্ত।

قَعَر : তীক্ষ্ণ বুদ্ধি, বিচক্ষণতা।

قَعِير، قَعُور : সুগভীর।

مِقْعَار، قَعْرَان : গভীর।

تَقَعُّر : গভীরতা, অবতলতা।

مُقَعَّر : গভীর; শূন্যগর্ভ; অবতল; নিচু; অস্পষ্ট (ভাষা)।

قَعِسَ : ـَ (قَعَس)، إِقْعَنْسَسَ (إِقْعِنْسَاس) উঁচু বুক, নিচু পিঠবিশিষ্ট হওয়া, কবুতরবক্ষী হওয়া।

أَقْعَسَ (إِقْعَاس) : সম্পদশালী হওয়া।

تَقَاعَسَ : ~ عَنْ বিরত থাকা, দূরে থাকা, পরিত্যাগ করা, করিতে ইতস্তত করা; অবহেলা করা।

قَعَس : উঁচু বুক ও নিচু পিঠবিশিষ্ট, কবুতরবক্ষী। ব قُعْس ব قَعْسَاء স্ত্রী أَقْعَس، قُعْسَان ব

تَقَاعُس : অবহেলা।

مُتَقَاعِس : অবহেলাকারী; অমনোযোগী, অলস; ইতস্ততকারী; দ্বিধান্বিত।

مَقَاعِيس، مُقْعَنْسِس : শক্তিশালী, সুদৃঢ়। ব مَقَاعِس

قَعَشَ : ـَ (قَعْش) জমা করা; একত্র করা; ভাঙ্গিয়া ফেলা; ভাঁজ করা, মোড়া।

إِنْقَعَشَ : (إِنْقِعَاش) ধসিয়া পড়া; চলিয়া যাওয়া।

قَعَصَ : ـَ (قَعْص) أَقْعَصَ (إِقْعَاص) ঘটনাস্থলে হত্যা করা।

إِنْقَعَصَ : (إِنْقِعَاص) ঘটনাস্থলে নিহত হওয়া; মোড়কবদ্ধ হওয়া।

قَعْص : আঘাতজনিত মৃত্যু।

مَاتَ قَعْصًا : সে ঘটনাস্থলে মারা গিয়াছে।

قُعَاص : পশু-মড়ক।

قَعَضَ : ـُ (قَعْض) (ডাল) নোয়ানো।

مَقْعُوض، قَعْض : নত।

قَعَطَ : ـَ (قَعْط) চিৎকার করা; ভীরু হওয়া; শুষ্ক হওয়া; তাড়াইয়া নেওয়া।

~ عَلَى : ক্রুদ্ধ হওয়া।

قَعِطَ : ـَ (قَعَط) অপ্রতিভ হওয়া, অপদস্থ হওয়া।

قَعَّطَ : (تَقْعِيْط) তাড়াইয়া নেওয়া।

قَعَّطَ فِى الْقَوْلِ : অশ্লীল কথা বলা।

أَقْعَطَ : (إِقْعَاط) চিৎকার করা; ঘৃণা করা।

أَقْعَطَ فِى الْقَوْلِ : অশ্লীল কথা বলা।

إِقْتَعَطَ : (إِقْتِعَاط) (পাগড়ি) বাঁধা।

قَعْط : বৃহৎ মেষপাল।

مِقْعَطَة، مِقْعَط : পাগড়ি।

قَعْطَرَ : (قَعْطَرَة) ফেলিয়া দেওয়া; বাঁধা।

قَعْطَلَ : (قَعْطَلَة) ফেলিয়া দেওয়া।

قَعَفَ : ـَ (قَعْف) (বৃক্ষ) উৎপাটিত করা; (পাত্র) খালি করিয়া ফেলা, নিঃশেষিত করা; (ধূলি) উড়ানো।

قَعِفَ : ـَ (قَعَف) : ধসিয়া পড়া।

إِقْتَعَفَ، إِنْقَعَفَ، تَقَعَّفَ : (إِقْتِعَاف، إِنْقِعَاف) ধসিয়া পড়া; উৎপাটিত হওয়া; মরিয়া যাওয়া।



www.pathagar.com

اِسْتَقَفَّ : (اِسْتِقْفَاف) সঙ্কুচিত হওয়া, কুঁচকাইয়া যাওয়া।

قُفٌّ : প্রস্তরময় স্থান; উচ্চভূমি; টিলা; পর্বতসদৃশ মেঘ। ব أَقْفَاف، قِفَاف

قُفٌّ مِنَ النَّاس : নিম্নশ্রেণীর লোক, ইতর জনগোষ্ঠী।

قَفَّة، قُفَّة : খাটো লোক।

~، ~، قِفَّة، قُفُوف : জ্বরের কম্পন; শীতের কাঁপুনি।

~ : তালপাতা ইত্যাদির তৈরি গোলাকার ঝুড়িবিশেষ। ব قُفَف

قَفَحَ : ـَ (قَفْح) ঘৃণা করা।

~ عَنْ : বিরত থাকা।

قَفِيحَة : খেজুর ও চর্বির তৈরি খাদ্যবিশেষ।

قَفَدَ : ـ (قَفْد) ঘাড়ে চড় মারা।

قَفِدَ : ـَ (قَفَد) দীর্ঘ ঘাড়বিশিষ্ট হওয়া।

أَقْفَد : দীর্ঘ ঘাড়বিশিষ্ট। স্ত্রী قَفْدَاء ব قُفْد

قَفَرَ : ـُ (قَفْر) تَقَفَّرَ، اِقْتَفَرَ (اِقْتِفَار) পদচিহ্ন অনুসরণ করা, পিছু লওয়া।

قَفَّرَ : (تَقْفِير) কুড়াইয়া তোলা, চয়ন করা।

أَقْفَرَ : (إِقْفَار) জনশূন্য হওয়া বা করা; খালি হওয়া বা করা; মরুভূমিতে গমন করা; একাকী হওয়া; রিক্তহস্ত হওয়া; নির্জন দেখিতে পাওয়া; খালি রুটি খাওয়া।

~ مِنْ : শূন্য করা।

قَفْر : (ব قِفَار) قَفْرَة (ব قَفَرَات) শূন্য প্রান্তর; নির্জন মরুভূমি; পরিত্যক্ত অঞ্চল; বন্যভূমি।

~ : নির্জন; জনশূন্য; পরিত্যক্ত; শূন্য। ব قِفَار

أَرْض قَفْر، أَرْض قِفَار : নির্জন ভূমি, পতিত জমি।

~ خُبْز، ~ خُبْز : খালি রুটি, শুকনা রুটি।

قَفُّورَة : বৃহদাকার ঝুড়ি। ব قَفَافِير

قَفِير (মৌমাছির) বাসা, মৌচাক। ব قُفْرَان

إِقْفَار : শূন্যতা; নির্জনতা, জনশূন্যতা।

مُقْفِر : শূন্য; নির্জন, জনশূন্য; নিষ্প্রাণ; পরিত্যক্ত।

مِقْفَار : জনশূন্য ভূমি।

قَعَاف، قَاعِف : প্রবল বৃষ্টি বা স্রোত।

قَعْق : দাঁড় কাক। ব قُعْقَان

قَعْقَرَ : (قَعْقَرَة) শঙ্কুর আকারে পাথর স্তূপ করা।

قَعْقَعَ : (قَعْقَعَة) খটখট, ঠকঠক, চড়চড় ইত্যাদি শব্দ করা, উচ্চধ্বনি করা, শোরগোল করা; সশব্দে ধাক্কা খাওয়া; বাজিয়া উঠা।

قَعْقَع، قُعْقُع : কিচিরমিচিরকারী পাখিবিশেষ, Magpic; দাঁড়কাক।

قَعْقَعَة : খটখট, ঠকঠক, চড়চড় ইত্যাদি শব্দ; উচ্চ নিনাদ, গর্জন; শোরগোল; (অস্ত্রাদির) ঝনঝনানি; আড়ম্বরপূর্ণ কথা। ব قَعَاقِعُ

قَعْقَاع : (অস্ত্রের) ঝনঝনানি; কাঁপানি-জ্বর।

قَعَاقِع : বজ্র-নিনাদ।

قُعَيْقِعَان : কা'বার পশ্চিম পার্শ্বস্থ পাহাড়বিশেষ।

اِقْعَلَّ، اِقْعَالَّ : (اِقْعِيلَال، اِقْعِلَال) (দ্রাক্ষা-মুকুল) প্রস্ফুটিত হওয়া।

اِقْتَعَلَ : (اِقْتِعَال) (ফুল) চয়ন করা।

قُعَال : দ্রাক্ষামুকুল, আঙ্গুর-ফুল।

قَاعِلَة : প্রলম্বিত পর্বত। ব قَوَاعِل

قَعِيل : পুং. খরগোশ।

قَوْعَلَة : টিলা, পাহাড়।

قَعِمَ : ـَ (قَعَم) أُقْعِمَ (إِقْعَام) মারাত্মক রোগের কবলে পড়া।

أَقْعَمَ : (إِقْعَام) দংশনে নিধন করা।

قَعِنَ : ـَ (قَعَن) (নাক) ছোট হওয়া।

أَقْعَن : ছোট নাকবিশিষ্ট। স্ত্রী قَعْنَاء ব قُعْن

أَقْعَى : (إِقْعَاء) (কুকুর) হাঁটু খাড়া করিয়া নিতম্বে ভর করিয়া বসা; আসনপিঁড়ি হইয়া বসা; ঊর্ধ্বে উঠা।

قَفَّ : ـُ (قُفُوف) শুকাইয়া যাওয়া; কুঁচকাইয়া যাওয়া; সঙ্কুচিত হওয়া; (চুল) খাড়া হইয়া থাকা; (মুদ্রা) অপহরণ করা।

أَقَفَّ : (إِقْفَاف) (মুরগি) ডিম পাড়া ক্ষান্ত করা; (অশ্রু) শুকাইয়া যাওয়া।

تَقَفَّفَ : ~ مِنْ (শীতে) কম্পিত হওয়া।



www.pathagar.com

قَفَّصَ : (تَقْفِيْص) চার হাত-পায়ে বাঁধিয়া রাখা; (পাখি) খাঁচায় আটকাইয়া রাখা।

تَقَفَّصَ : তালগোল পাকাইয়া যাওয়া।

تَقَافَصَ : জড়াইয়া যাওয়া, বিজড়িত হওয়া।

قَفْص، قُفْص : জরির কাজ, জাফরির কাজ।

قُفْص: দল।

قَفَص : খাঁচা, পিঞ্জর; খোঁয়াড়; জাফরি; ঝুড়ি; বক্ষ; আসামির কাঠগড়া। ব أَقْفَاص

قَفِص : ঠাণ্ডায় অসাড়; কুঞ্চিত।

قَافِصَة : উঁচু (পাহাড়)। ব قَوَافِص

تَقْفِيصَة : হাঁস-মুরগির খাঁচা।

مُقَفَّص : চার হাত-পায়ে আবদ্ধ; খাঁচাবদ্ধ।

قُفْطَان : লম্বা হাতাযুক্ত ঢিলা জুব্বাবিশেষ, চোগা। ব قَفَاطِين

قَفَعَ : ـَ (قَفْع) বেত্রাঘাত করা, লাঠিপেটা করা।

~ عَنْ : দূরে রাখা।

قَفِعَ : ـَ (قَفَع) تَقَفَّعَ কুঞ্চিত হওয়া, কুঁচকাইয়া যাওয়া।

قَفَّعَ : (تَقْفِيْع) কুঞ্চিত করা, কুঁচকাইয়া দেওয়া; সংরক্ষণ করা।

إِنْقَفَعَ : (إِنْقِفَاع) শুকাইয়া শক্ত হওয়া।

~ عَنْ : বিরত হওয়া।

قَفْع : প্রাচীনকালে ব্যবহৃত কাষ্ঠনির্মিত বৃহদকায় ঢাল, যার পশ্চাতে থাকিয়া শত্রুর প্রতি গোলা নিক্ষেপ করা হইত।

قَفْعَة : খেজুর পাতার ঝুড়ি। ব قِفَاع، قَفَعَات

قَفَع : দুঃখ।

أَقْفَع : কুঞ্চিতকর্ণ; খাটো লেজযুক্ত; অবনতমস্তক। স্ত্রী قَفْعَاء ব قُفْع

مُقَفَّع : অবনতমস্তক।

عَبْدُ اللّٰه بْنُ الْمُقَفَّع : আব্দুল্লাহ ইবনুল মুকাফ্‌ফা (মৃ. ৭২৭ খ্রি.)। পারস্য বংশোদ্ভূত প্রখ্যাত আরবী সাহিত্যিক। كَلِيلَة وَ دِمْنَة তাঁহার অন্যতম গ্রন্থ।

مِقْفَعَة : ছড়ি, বেত।

قَفَزَ : ـِ (قُفُوز، قُفَاز، قَفَزَان، قَفْز) লম্ফ দেওয়া, লাফাইয়া উঠা।

~ : মরিয়া যাওয়া।

قَفَّزَ : (تَقْفِيْز) লাফ দেওয়ানো, লাফাইয়া উঠানো।

تَقَفَّزَ : হাতমোজা পরিধান করা।

تَقَفَّزَ بِالْحِنَّاء : হাতে মেহেদী লাগানো।

تَقَافَزَ : লাফালাফি করা, লম্ফে প্রতিযোগিতা করা।

قَفْز : লম্ফ প্রদান; লাফ।

قَفْز طَوِيل : লংজাম্প, Long jump.

~ عَالٍ : হাইজাম্প, High jump.

الْقَفْز عَلَى الْحَبْلِ : রজ্জু-লম্ফ।

قَفْزَة : লম্ফ, লাফ। ব قَفَزَات

قَافِز، قَفَّاز : লম্ফ প্রদানকারী, যে বা যাহা লাফায়।

قُفَّاز : হাতমোজা। ব قَفَافِيز

قَفِيز : শস্যের মাপবিশেষ, কাফীয; ছিটকিনি; তালার আঁকড়া। ব قُفْزَان، أَقْفِزَة

أَقْفَز، مُقَفَّز : সাদা পা-বিশিষ্ট (ঘোড়া)।

قَفَسَ : ـُ (قُفُوس، قَفْس) মরিয়া যাওয়া; আঁকড়াইয়া ধরা।

تَقَفَّسَ : (হরিণ) লম্ফ দেওয়া।

قَفْسَاء : নাড়ি-ভুঁড়ি।

قَفَشَ : ـُ (قَفْش) সংগ্রহ করা, জমা করা; ধারণ করা, আঁকড়াইয়া ধরা; আবিষ্কার করা; দ্রুত দোহন করা; আঘাত করা।

إِقْتَفَشَ، إِنْقَفَشَ : (إِقْتِفَاش، إِنْقِفَاش) মাটিতে শুইয়া থাকা।

قَفَش : চোর, ডাকাত।

قَفَشَات : কৌতুক, তামাশা।

قَفَصَ : ـِ (قَفْص) একত্রে হাত-পা বাঁধা; একত্রে রাখা; একত্রিত করা; উৎপীড়ন করা, যন্ত্রণা দেওয়া।

قَفِصَ : ـَ (قَفَص) প্রাণবন্ত হওয়া, চপল হওয়া, চঞ্চল হওয়া; ঠাণ্ডায় অসাড় হইয়া যাওয়া।



www.pathagar.com

قَفَّى : (تَقْفِيَة) পিছনে পিছনে প্রেরণ করা; পদাঙ্ক অনুসরণ করা; মিলযুক্ত করা।

أَقْفَى : (إِقْفَاء) অগ্রাধিকার দেওয়া, প্রাধান্য দেওয়া।

تَقَفَّى : অনুসরণ করা, অনুকরণ করা; ঘাড়ে আঘাত করা।

تَقَافَى : মিথ্যা অভিযোগ আনা।

إِقْتَفَى : (إِقْتِفَاء) অনুসরণ করা, পদাঙ্ক অনুসরণ করা; অনুকরণ করা; নির্বাচিত করা।

إِسْتَقْفَى : (إِسْتِقْفَاء) ঘাড়ে আঘাত করা।

قَفًا : (পুং, স্ত্রী) ঘাড়ের পশ্চাদ্ভাগ, গ্রীবাসন্ধি; মস্তকের পশ্চাদ্ভাগ, পিঠ, উল্টা দিক, বিপরীত দিক। ব قُفِيّ، أَقْفَاء، أَقْفٍ، أَقْفِيَة

مِنْ قَفَا : পশ্চাতে, পিছন হইতে।

قَفَاء : ঘাড় বা মস্তকের পশ্চাদ্ভাগ।

قَفْو، إِقْتِفَاء : পদাঙ্ক অনুসরণ, অনুকরণ।

قَفْوَة : নির্বাচন, বাছাই; (মহিলাদের) পিঠের উপর ছাড়িয়া দেওয়া রেশমি বেণিবিশেষ।

قِفْوَة : নিন্দা, গালি; দোষ।

قَفَاوَة : অতিথির প্রতি প্রদর্শিত বদান্যতা।

عَنْ ~ قَفَاوَةً : অসাক্ষাতে; অজ্ঞাতে।

قُفْيَة : বন্যজন্তু ধরিবার গর্ত, খেদা।

قَفِيّ : সম্মানিত অতিথি; মেহমানের খাদ্য।

قَفِيَّة : শ্রেষ্ঠত্ব, নৈপুণ্য।

قَافِيَة : অন্ত্যমিল; কথার মারপেঁচ, শ্লোকালঙ্কার; ঘাড়ের পশ্চাদ্ভাগ। ব قَوَافٍ

تَقْفِيَة : ধ্বনির মিল, অন্ত্যমিল।

مُقَفًّى : সমান ধ্বনিবিশিষ্ট, মিলযুক্ত, অন্ত্যমিলযুক্ত।

قَاقُلَّة : এলাচি।

قَاقُلِّى : শা-জিরা।

قَاقُم، قَاقُوم : ইঁদুর অপেক্ষা দীর্ঘাকৃতির প্রাণীবিশেষ, ermine.

الْقَفْقَاس : (الْقَوْقَاس) ককেসাস পর্বত, caucasus.

قَفْقَفَ، تَقَفْقَفَ : (قَفْقَفَة) শীতে কাঁপা।

قَفْقَفَة : শীতের তোড়ে কম্পন।

قَفَلَ ـُ : (قُفُول) প্রত্যাবর্তন করা, ফিরিয়া আসা।

~ : (قَفْل) সংরক্ষণ করা, গুদামজাত করা, মওজুদ করা।

قَفَلَ ـَ : (قَفْل) قَفُلَ ـُ (قُفُول) (চামড়া) শুকাইয়া যাওয়া।

أَقْفَلَ، قَفَّلَ : (تَقْفِيل، إِقْفَال) বন্ধ করা; তালা দেওয়া; (বাতি) নিভাইয়া দেওয়া।

~ : সঙ্কুচিত করা, শুকাইয়া ফেলা; ফিরাইয়া আনা; (লোক) জড়ো করা।

تَقَفَّلَ، إِنْقَفَلَ، إِقْتَفَلَ : (إِقْتِفَال، إِنْقِفَال) তালাবদ্ধ হওয়া।

إِسْتَقْفَلَ : (إِسْتِقْفَال) তালাবদ্ধ হওয়া; কৃপণ হওয়া।

قَفْل، قَفْلَة، قَفَلَة : শুকনা গাছ।

قُفْل : তালা, খিল, অর্গল। ব أَقْفَال، قُفُول، أَقْفُل

قَفَل : প্রত্যাবর্তনকারী যাত্রীদল।

قَافِل : প্রত্যাবর্তনকারী। ব قَافِلَة، قُفَّل، قُفَّال

قَافِلَة : কাফেলা, যাত্রীদল। ব قَوَافِل

قَفَّال : তালা নির্মাণ ও মেরামতকারী, তালাওয়ালা।

قَفِيل : চাবুক; সঙ্কীর্ণ পথ।

إِقْفَال : বন্ধকরণ, তালাবদ্ধকরণ।

مُقْفَل : বন্ধ, তালাবদ্ধ; কৃপণ।

قَفَنَ ـُ : (قَفْن) মাথার পিছনে আঘাত করা।

~، قَفَّنَ : (تَقْفِين) أَقْفَنَ (إِقْفَان) إِقْتَفَنَ (إِقْتِفَان) শিরশ্ছেদ করা।

~ ـ : (قُفُون) মরিয়া যাওয়া।

قَفَن، قَفَنّ : মাথার পশ্চাদ্ভাগ।

قَفَنْدَر : বৃহদকায় মৎস্যবিশেষ।

قَفَا ـُ : (قُفُوَّة، قَفْو) পদাঙ্ক অনুসরণ করা; চিহ্ন মুছিয়া ফেলা; ঘাড়ে আঘাত করা; দুষ্কর্মের অভিযোগ করা; আড়ালে আত্মগোপন করা।



www.pathagar.com

قَلَّ - : (قِلَّة، قُلّ) অল্প হওয়া, কম হওয়া, সামান্য হওয়া; ক্ষুদ্র হওয়া; বিরল হওয়া; কমিয়া যাওয়া,হ্রাস পাওয়া।

قَلَّمَا : কদাচিৎ, সামান্যই।

قَلَّلَ، أَقَلَّ : (تَقْلِيل، إِقْلَال) কমানো, হ্রাস করা, ছোট করা।

~ : সামান্য করা, সামান্য দেওয়া; অল্প মনে করা; উত্তোলন করা; উপরে উঠানো; কুড়াইয়া তোলা; বহন করা; আক্রমণ করা।

تَقَالَّ : সামান্য মনে করা, তুচ্ছ জ্ঞান করা; অবজ্ঞা করা; (সূর্য) উপরে উঠা।

إِسْتَقَلَّ : (إِسْتِقْلَال) সামান্য মনে করা, তুচ্ছজ্ঞান করা; হালকা করিয়া দেখা, উপেক্ষা করা; আরোহণ করা; স্বতন্ত্র হওয়া; স্বাধীন হওয়া, উঠাইয়া লওয়া, বহন করা; কুড়াইয়া তোলা; উপরে উঠা; জাগ্রত হওয়া; ক্রুদ্ধ হওয়া।

إِسْتَقَلَّ بِنَفْسِه : আত্মনির্ভরশীল হওয়া, স্বনির্ভর হওয়া, স্বাধীন হওয়া।

قِلّ : নিচু প্রাচীর; শিহরণ।

~، قُلّ : স্বল্পতা, অপ্রতুলতা; ক্ষুদ্রত্ব; সামান্য পরিমাণ।

رجُل قُلّ : একাকী ও নিঃসহায় ব্যক্তি।

قَلَّة : স্বাস্থ্য বা সম্পদ পুনরুদ্ধার।

قِلَّة : স্বল্পতা, অপ্রতুলতা, অপর্যাপ্ততা; অভাব, দুষ্প্রাপ্যতা, বিরলতা।

قِلَّة الإِحْسَاسِ : চেতনাহীনতা, স্থূলবুদ্ধিতা।

~ الحَيَاء : লজ্জাহীনতা, নির্লজ্জতা।

~ الصَّبْر : ধৈর্যহীনতা, অধৈর্যতা।

~ الوُجُود : দুষ্প্রাপ্যতা, বিরলতা।

جَمْع القِلَّة : স্বল্পসংখ্যবোধক বহুবচন, তিন হইতে দশ পর্যন্ত সংখ্যাজ্ঞাপক বহুবচন (ব্যা)।

قُلَّة : সর্বোচ্চ চূড়া, শীর্ষ।

~ : পানি রাখিবার পাত্রবিশেষ, বৃহৎ কলসি, মটকা। ব قُلَل

قُلَل : বিভিন্ন স্থান হইতে সমাগত লোকজন।

قُلَل : বিভিন্ন গোত্র হইতে চারিদিকে ছড়াইয়া পড়া লোকজন।

قِلَّايَة، قَلِّيَّة : ক্ষুদ্র কক্ষ, প্রকোষ্ঠ, আশ্রম। ব قَلَّايَات، قَلَالِيّ

بِقِلَّتِه : সম্পূর্ণরূপে, সকলে, সবকিছু লইয়া।

قَلِيل : অল্প, মুষ্টিমেয়, স্বল্পসংখ্যক; সামান্য পরিমাণ; অপ্রতুল, অপর্যাপ্ত; বিরল, দুষ্প্রাপ্য। ব قِلَال، قَلَائِل، أَقِلَّاء

قَلِيل الأدَب : অশিষ্ট, অভদ্র।

~ الإِحْسَاسِ : চেতনাহীন, স্থূলবুদ্ধি।

~ الحَيَاء : লজ্জাহীন, নির্লজ্জ।

~ الصَّبْر : অধৈর্য, বে-সবুর।

~ الوُجُود : দুষ্প্রাপ্য, বিরল।

قَلِيلاً : সামান্য, কতক।

قَلِيلاً مَّا : সামান্যই, অল্পই।

قَلِيلاً قَلِيلاً : অল্প অল্প করিয়া, একটু একটু করিয়া।

بَعْدَ قَلِيلٍ : একটু পরে, অল্পক্ষণ পরে, অনতিবিলম্বে।

عَمَّا قَلِيل، عَنْ قَلِيل : শীঘ্র, অবিলম্বে।

أَقَلّ : স্বল্পতর; ক্ষুদ্রতর; নিম্নতর।

الأقَلّ : ক্ষুদ্রতম, স্বল্পতম।

عَلَى الأقَلِّ : অন্ততপক্ষে, কমপক্ষে।

أَقَلِّيَّة : সংখ্যাল্পতা; ক্ষুদ্রতর সংখ্যা।

الأَقَلِّيَّة : সংখ্যালঘু সম্প্রদায়।

تَقْلِيل، إقْلَال : হ্রাসকরণ,হ্রাস।

إِسْتِقْلَال : স্বাধীনতা, স্বাতন্ত্র্য।

إِسْتِقْلَالِيّ : স্বাধীনতা সম্বন্ধীয়, স্বাধীনতা সংক্রান্ত।

مُقِلّ : দরিদ্র; নিঃসম্বল; স্বল্পসংখ্যক কবিতা রচনা করিয়াছেন এমন কবি।

مُسْتَقِلّ : স্বাধীন, স্বনির্ভর, স্বতন্ত্র।

قَلَاوُون : তুর্কি বংশোদ্ভূত মিসরের বাহ্‌রী মামলূক রাজবংশের সুলতান আল মানসূর কালাউন (১২২০-১২৯০ খ্রি.)। রাজত্বকাল ১২৭৯ হইতে ১২৯০ খ্রিস্টাব্দ।



www.pathagar.com

قَلَبَ - : (قَلْب) উল্টানো, ফিরানো, ঘুরানো; পরিবর্তন করা।

~ ـُ : (قَلْب) অন্তরে আঘাত দেওয়া।

قَلَبَ - : (قَلَب) উল্টাইয়া যাওয়া।

قُلِبَ : হৃদরোগে আক্রান্ত হওয়া।

قَلَّبَ : (تَقْلِيب) উল্টানো, উলট-পালট করা; তন্ন তন্ন করিয়া অনুসন্ধান করা; পরীক্ষা-নিরীক্ষা করা।

تَقَلَّبَ : উল্টাইয়া যাওয়া; পরিবর্তিত হওয়া; পরিবর্তনশীল হওয়া; এপাশ-ওপাশ করা, গড়াগড়ি যাওয়া; অস্থির হওয়া; (দর) উঠা-নামা করা।

~ فِي : ঘোরাঘুরি করা; বাস করা; বিরাজ করা।

اِنْقَلَبَ : (اِنْقِلَاب) উল্টাইয়া যাওয়া, ওলট-পালট হওয়া, পরিবর্তিত হওয়া; প্রত্যাবর্তন করা।

~ إِلَى : রূপান্তরিত হওয়া; প্রত্যাবর্তন করা; মনস্থ করা।

~ عَلَى : অগ্রসর হওয়া; মনস্থ করা।

قَلْب : ওলট-পালট, পরিবর্তন; উল্টা দিক।

~ : অন্তর, হৃদয়, মন, আত্মা; অভ্যন্তর, মধ্যস্থল, কেন্দ্র; সারবস্তু; শ্রেষ্ঠাংশ; শাঁস, মজ্জা; সাহস, শক্তি। ব قُلُوب

قُلْب : খেজুর গাছের শাঁস। ব قِلَبَة، أَقْلَاب، قُلُوب

اِنْقِبَاض الْقَلْب : উদ্যমহীনতা; অবসাদ।

~ سُوَيْدَاء ~ : অন্তরের অন্তস্তল।

~ ضَعِيف : দুর্বলমনা, ভীরু।

~ قَوِيّ : দৃঢ়চিত্ত, সাহসী।

~ قَاسِي : নিষ্ঠুর, নির্দয়।

~ قَسَاوَة : নিষ্ঠুরতা, নির্দয়তা।

~ مَكْسُور : ভগ্নহৃদয়।

~ مُنْقَبِض : উদ্যমহীন, অবসাদগ্রস্ত।

يُمَزِّق الْقَلْبَ، يَكْسِر الْقَلْبَ : হৃদয়বিদারক, মর্মভেদী।

~ مُفَرِّح الْقَلْب، يُفَرِّحُ ~ : প্রফুল্লকর, আনন্দবর্ধক।

~ يُقَوِّي : উৎসাহজনক; হৃৎপিণ্ডের শক্তিবর্ধক।

قَوَّى قَلْبَهُ : (تَقْوِيَة) উৎসাহিত করা।

مِنْ كُلِّ قَلْبٍ : সর্বান্তকরণে।

عَلَى ظَهْرِ الْقَلْبِ : স্মৃতিতে, স্মরণে।

مِنْ صَمِيمِ الْقَلْبِ : অন্তরের অন্তস্তল হইতে, গভীর আন্তরিকতার সহিত।

قَلْبًا وَقَالَبًا : ভিতরে ও বাহিরে; দেহ-মনে।

قَلْبِيّ : হৃৎপিণ্ড সংক্রান্ত; আন্তরিক; অন্তরঙ্গ।

قَلْبِيًّا : আন্তরিকভাবে, সর্বান্তকরণে; মনে মনে, গোপনে।

قُلْب : বালা, চুড়ি। ব قُلُب

قَلْبَة : কোটের বুকের দুইদিকের ভাঁজ-করা অংশ, Lapel.

قَلَبَة : রোগ; কঠোর পরিশ্রম, কষ্ট।

قَلَّاب، قَلُوب، قُلَّب : চপল, চঞ্চল, অস্থির; বহুরূপী; বহুমুখী; অভিযোজনীয়, পরিবর্তনীয়।

قَالَب : ছাঁচ, ফরমা; কাঠামো, কালেব। ব قَوَالِب

قَالِب : পাকিবার উপক্রম হইয়াছে এমন লাল খেজুর।

قُلَاب : হৃদরোগ; উষ্ট্রের রোগবিশেষ।

قَلَّابَة : হুড়কা খুলিবার চাবি, Latch-key; স্টায়ারিং মেশিন, Stirring machine.

قَلِيب : কূপ, পরিখা। ব قُلْبَان، قُلُب، أَقْلِبَة

اِنْقِلَاب : পরিবর্তন, বিপ্লব।

اِنْقِلَاب إِجْتِمَاعِيّ : সমাজ-বিপ্লব।

تَقَلُّب : পরিবর্তন; অস্থিরতা; উত্থান-পতন, (দর) উঠা-নামা।

مَقْلَب : সর্বোচ্চ সীমা; ষড়যন্ত্র; আবর্জনা ফেলিবার স্থান।

مِقْلَب : লম্বা বাঁটযুক্ত কোদাল; বন্দুকের হ্যামার। ব مَقَالِب

مَقْلُوب : উল্টানো (বিষয়); উলট হওয়া বস্তু।

بِالْمَقْلُوب : উল্টাভাবে, উল্টা দিকে।

مُتَقَلِّب : পরিবর্তনশীল; অস্থির; চঞ্চল।



www.pathagar.com

مُنْقَلَب : আশ্রয়স্থল, প্রত্যাবর্তনস্থল; ভবিষ্যৎ জীবন; শেষ পরিণতি; পরকাল; অয়নবৃত্ত, ক্রান্তিবৃত্ত, tropic.

مُنْقَلَب شَتَوِيّ : মকরক্রান্তি।

~ صَيْفِيّ : কর্কটক্রান্তি।

قَلَتَ - َ : (قَلَت) ধ্বংস হওয়া, শেষ হওয়া, মরিয়া যাওয়া।

أَقْلَتَ : (إِقْلات) ধ্বংস করা; (মা) সন্তানহারা হওয়া।

قَلْت : গর্ত, খোল। ব قِلاَت

مَقْلَتَة : বিপজ্জনক স্থান। ব مَقَالِت

مِقْلاَت : সন্তানহারা মাতা। ব مَقَالِيت

قَلِحَ - َ : (قَلَح) দাঁত বিবর্ণ হওয়া; বিবর্ণ দাঁতবিশিষ্ট হওয়া।

قَلَّحَ : (تَقْلِيح) দাঁত পরিষ্কার করা।

قِلْح : ময়লা পোশাক।

قَلَح، قُلاَح : দাঁতের হলুদ বা সবুজ রঙ।

قَلِح، أَقْلَح : বিবর্ণ দাঁতবিশিষ্ট। স্ত্রী قَلْحَاء ব قُلْح

قَوْلَحَة : শস্যের শীষ। ব قَوَالِح

قَلَخَ - َ : (قَلْخ) (বৃক্ষ) উৎপাটিত করা।

قَلَّخَ : (تَقْلِيخ) চাবুক মারা।

قَلْخ : বন্য গাধা।

قَلَدَ - ِ : (قَلْد) গলায় হার পরানো, (দড়ি) পাকানো; (জ্বর) প্রতিদিন আক্রমণ করা।

قَلَّدَ : (تَقْلِيد) গলায় হার পরানো; (দায়িত্ব) ন্যস্ত করা; (পদমর্যাদা) দেওয়া; (কর্তৃত্ব) প্রদান করা; অন্ধ অনুকরণ করা; জাল করা, নকল করা।

تَقَلَّدَ : গলায় হার পরা; (দায়িত্ব) গ্রহণ করা; ধারণ করা; অনুকরণ করা।

تَقَالَدَ : পালাক্রমে আগমন করা।

قِلْد : পুনরায় জ্বর আসিবার দিন; পানির অংশ; দল; পেয়ালা। ব أَقْلاَد

قِلاَدَة : গলার হার; বিখ্যাত মনোজ্ঞ কবিতা। ব قَلاَئِد

مَقْلُود، قَلِيد : দড়ি; পাকানো (দড়ি)।

قِلِّيد : ভাণ্ডার, গুদাম।

إِقْلِيد : চাবি। ব أَقَالِيد

~ : গলা, ঘাড়। ব أَقْلاَد

تَقْلِيد : অনুকরণ; ন্যস্তকরণ, অর্পণ।

~ : ঐতিহ্য, রীতি, প্রথা। ব تَقَالِيد

تَقْلِيدِيّ : ঐতিহ্যগত, প্রথাগত; অনুকরণমূলক।

مُقَلِّد : অনুকরণকারী, অনুসারী।

مُقَلَّد : হারপরিহিত, মর্যাদাপ্রদত্ত; ঐতিহ্যগত; অনুকরণমূলক; জাল, নকল।

مِقْلَد : থলি; বক্র যষ্টি; চাবি। ব مَقَالِد

مِقْلاَد : চাবি; ভাণ্ডার, গুদাম। ব مَقَالِيد

مَقَالِيد الأُمُور : কর্মকাণ্ডের ব্যবস্থাপনা, চাবিকাঠি; দায়িত্ব।

أَلْقَى إِلَيَّ مَقَالِيدَ أُمُورِه : সে তাহার কাজকর্মের দায়িত্বভার আমার উপর ন্যস্ত করিয়াছে।

أُقْلِيدَس : ইয়ুকলিড (৩০৬-২৮৩ খ্রি. পূ.)। গ্রীক বংশোদ্ভূত আলেকজান্দ্রিয়ায় বসবাসকারী এবং Elements of Geometry গ্রন্থের প্রণেতা, বিখ্যাত অঙ্কশাস্ত্রবিদ।

قَلَزَ - ُ : (قَلْز) লম্ফ দেওয়া; শুষিয়া যাওয়া।

~ ب : (তীর) নিক্ষেপ করা।

قَلَّزَ، أَقْلَزَ : (إِقْلاَز، تَقْلِيز) (পঙ্গপাল) মাটিতে ডিম পাড়া।

تَقَلَّزَ : দ্রুতগতি হওয়া, দৌড়ানো।

اِقْتَلَزَ : (اِقْتِلاَز) (পেয়ালা) খালি করা।

قَلِز : ক্ষিপ্রগতি; চঞ্চল।

قِلِزّ، قُلُزّ : পিতল, ব্রোঞ্জ।

قَلاَوُز : (জাহাজের) চালক; স্ক্রু।

قَلْزَمَ، تَقَلْزَمَ : (قَلْزَمَة) গিলিয়া ফেলা।

قُلْزُم : সুয়েজ খাল খননের পূর্বে তথায় অবস্থিত একটি জনপদ।

بَحْر القُلْزُم : লোহিত সাগর।



www.pathagar.com

قَلَسَ - : (قَلْس) ঢেঁকুর তোলা; ভক্ষিতদ্রব্য উদগিরণ করা; গানের সঙ্গে নাচা; মিষ্ট সুরে গান গাওয়া; অধিক মদ্য পান করা।

~ ب : উপচাইয়া পড়া; স্ফীত হওয়া।

قَلَّسَ : (تَقْلِيْس) স্বাগত জানানো; সৌজন্য প্রদর্শন করা; দামামা বাজানো; টুপি পরানো।

~ ل : অভিবাদন জানানো; বিনয় প্রদর্শন করা; মাথা নত করা, প্রণতি জ্ঞাপক করা।

~ عَلَى : ঠাট্টা করা, উপহাস করা।

تَقَلَّسَ : টুপি পরা।

قَلْس : মোটা দড়ি, কাছি। ব قُلُوس

قَلْس البَحْرِ : মেঘ।

قَلَّاس : টুপি-বিক্রেতা; উত্তাল (সমুদ্র)।

تَقْلِيس : ভক্ষিত দ্রব্য উদগিরণ; উপহার, বিদ্রূপ।

أَنْقَلِيس : বাইন মাছ।

قَلَنْسُوَة : টুপি। ব قَلَانِس

قَلَشَ - : (قَلْش) ছাল তোলা; মামরি উঠানো।

قَلَّشَ : (تَقْلِيْش) পালক, পশম, চর্ম ইত্যাদি বদলানো।

قَلَاش : বেঁটে ও মোটা, গোঁট্টাগাট্টা।

أَقْلَش، قَلَّاش : ধূর্ত, চতুর।

قَالُوش : বর্ষার সময় জুতার উপরে পরিবার জলরোধক জুতা, galosh. ব قَالُوشَات

تَقْلِيش : পালক, পশম, চর্ম ইত্যাদি পরিবর্তন।

قَلْشِين : বড় মোজাবিশেষ; পট্টি। ব قَلَاشِين

قَلَصَ - : (قُلُوص) تَقَلَّصَ (কাপড়) কুঁচকাইয়া যাওয়া; হ্রাসপ্রাপ্ত হওয়া; ক্রমশ কমিয়া যাওয়া, (ছায়া) সরিয়া যাওয়া, ছোট হইয়া যাওয়া।

قَلَّصَ : (تَقْلِيْص) গুটানো; কুঁচকানো, কুঞ্চিত করা।

قَلَصَة : কূপের স্ফীত পানি।

قَلِيص، قَلَّاص : স্ফীত (পানি)।

قَلَّاص الثَلْجِ : হিমবাহী মেঘ।

قَلُوص : অল্পবয়সী উষ্ট্রী, স্ত্রী-উটপাখি। ব قَلَائِص، قِلَاص، قُلُص

أَقْلَص : অধিকতর খাটো; হ্রস্বতর।

تَقَلُّص : কুঞ্চন, সংকোচন; হ্রাস।

تَقَلُّصِيّ : সঙ্কোচনশীল।

قَلَطَ - : (قَلْط) খালি করা, পরিষ্কার করা।

قَلَط : অন্ত্রবৃদ্ধি, হার্নিয়া।

قَلَطًا : নিঃশর্তভাবে।

قَلَطِيّ : দুষ্ট লোক, অভদ্র লোক।

~، قُلَاط : বামন, ক্ষুদ্রকায়।

قُلَيط : গোবরের স্তূপ।

قِلِّيط : অণ্ডকোষ প্রদাহ, অন্ত্রবৃদ্ধি রোগ।

قَيْلِيط، مُقَيْلَط : অণ্ডকোষ প্রদাহ বা হার্নিয়া রোগগ্রস্ত।

قَلَاوُوظ : (জাহাজের) চালক; স্ক্রু।

قَلَعَ - : (قَلْع) উৎপাটিত করা; নির্মূল করা; ছিনাইয়া লওয়া; (পোশাক) খুলিয়া ফেলা; বরখাস্ত করা; বিতাড়িত করা।

قُلِعَ : অপসারিত হওয়া।

قَلَّعَ : (تَقْلِيْع) উৎপাটিত করা; নির্মূল করা; ছিনাইয়া লওয়া।

أَقْلَعَ : (إِقْلَاع) (জাহাজ) পাল তুলিয়া দেওয়া, যাত্রা করা, রওয়ানা করা; (উড়োজাহাজ) উড্ডয়ন করা; দুর্গ বানানো।

~ عَنْ : পরিত্যাগ করা; বিরত হওয়া।

تَقَلَّعَ، إِنْقَلَعَ : (إِنْقِلَاع) উৎপাটিত হওয়া, নির্মূল হওয়া; ছিনতাইকৃত হওয়া; অপসারিত হওয়া; পড়িয়া যাওয়া।

إِقْتَلَعَ : (إِقْتِلَاع) উৎপাটিত করা বা হওয়া; নির্মূল করা বা হওয়া; ছিনাইয়া লওয়া বা ছিনতাইকৃত হওয়া; অপসারিত হওয়া।

إِسْتَقْلَعَ : (إِسْتِقْلَاع) উৎপাটিত করা, নির্মূল করা।

قَلْع، إِقْتِلَاع : উৎপাটন।

~ : ছুতারের ছোট কুঠারবিশেষ; সীসক-খনি।

~ : রাখালের থলি। ব أَقْلُع، قُلُوع



www.pathagar.com

قِلْع : (ব قُلُوع) قِلَاع (ব قُلُع) (নৌকার) পাল।

قَلْعَة : দুর্গ, কেল্লা; (দাবাখেলার) কিস্তি। ব قُلُوع، قِلَاع، قَلَع

قِلْعَة : ফালি। ব قِلَع

قُلْعَة : অস্থিরতা; অস্থায়ী মালামাল।

~ مَنْزِل : অস্থায়ী অবস্থান, সাময়িক অবস্থান।

هُوَ عَلَى قُلْعَة : সে ভ্রমণরত আছে।

قَلَعَة : বৃহৎ প্রস্তরখণ্ড, পাহাড় হইতে বিচ্ছিন্ন পাথর; পাথরের স্তূপ। ব قِلَاع، قِلَع

~ : বড় মেঘ; বৃহদকায় উষ্ট্রী। ব قَلَع

قَلْعِيّ : শ্বেত সীসক।

قُلَاع : ফাটলযুক্ত মাটি; ঠোঁটের ব্রণ; মুখের ক্ষত।

قِلَاعَة : সমুদ্রযাত্রা।

قُلَاعَة : সমুদ্রযাত্রা।

قُلَاعَة : উৎপাটিত প্রস্তরখণ্ড; সমভূমিতে অবস্থিত বিচ্ছিন্ন পাথর।

إِقْلَاع : (জাহাজের) পাল তোলন, যাত্রাকরণ; (উড়োজাহাজ) উড্ডয়ন।

تَقْلِيعَة : নূতন প্রথা, নবপ্রবর্তিত প্রথা।

مَقْلَع : পাথরখাদ। ব مَقَالِع

مِقْلَاع : প্রস্তরনিক্ষেপ-যন্ত্র, ফিঙ্গা, গুলতি। ব مَقَالِيع

قَلْعَطَ : (قَلْعَطَة) মলিন করা, কলঙ্কিত করা।

تَقَلْعَطَ : মলিন হওয়া, কলঙ্কিত হওয়া; গোদাক্রান্ত হওয়া।

إِقْلَعَطَّ : (إِقْلِطَاط) (চুল) কোঁকড়ানো হওয়া, কুঞ্চিত হওয়া।

قَلْعَطَة : (চুলের) কুঞ্চন; স্বাদহীনতা, খারাপ স্বাদ।

قِلْعَاط : ময়লা; গোদ।

قُلْعُوط : ধর্মত্যাগী, heretic.

قَلَفَ : ـُ : (قَلْفَة، قَلْف) (শিশুর) খাৎনা করানো।

قَلَفَ : ـِ : (قَلْف) (গাছের) ছাল তোলা; উল্টাইয়া দেওয়া; (নখ) উঠাইয়া ফেলা।

~ : (قُلْفَة، قَلْف) (পাত্র) উন্মুক্ত করা।

~، قَلَّفَ : (تَقْلِيف) ছেঁড়া দড়ি, গলানো পিচ ইত্যাদি দ্বারা (জাহাজের) তক্তার জোড়ামুখ বন্ধ করা।

اِقْتَلَفَ : (اِقْتِلَاف) (নখ) উঠাইয়া ফেলা; না মাপিয়া (খেজুর) লওয়া।

قِلْف، قِلَافَة : (গাছের) ছাল।

قِلْفَة : উৎপাটিত নখ।

قَلْفَة : সর্দার, কর্মনায়ক, ফোরম্যান।

قُلْفَة : (ব قُلَف) قَلَفَة (ব قَلَف) قَلَفَات লিঙ্গাগ্রের ত্বক।

قَلِيف : (ব قُلُف) قَلِيفَة (ব قَلِيف) খেজুরের ঝুঁড়ি।

~، مَقْلُوف : উন্মুক্ত (পাত্র)।

قِلَافَة : ছেঁড়া দড়ি, গলানো পিচ ইত্যাদি দ্বারা জাহাজের তক্তার জোড়ামুখ বন্ধকরণ।

أَقْلَف : খাৎনা করা হয় নাই এমন; স্বচ্ছন্দ (জীবন); শস্যবহুল (বছর); একদিকে ধারবিশিষ্ট (তরবারি)। স্ত্রী قَلْفَاء ব قُلْف

قَلْفَطَ : (قَلْفَطَة) জোড়াতালি দিয়া করা; কদর্যভাবে করা; ছেঁড়া দড়ি, গলানো পিচ ইত্যাদি দ্বারা (জাহাজের) তক্তার জোড়ামুখ বন্ধ করা।

قَلْفُون، قَلْفُونِيَّة : রজন, rosin.

قَلِقَ : ـَ : (قَلَق) অস্থির হওয়া, অশান্ত হওয়া; উৎকণ্ঠিত হওয়া, উদ্বিগ্ন হওয়া; উত্তেজিত হওয়া; অস্বস্তি বোধ করা; বিরক্তি বোধ করা; কষ্ট পাওয়া; ঘুম না আসা, বিনিদ্র রজনী কাটানো।

قَلَّقَ، أَقْلَقَ : (إِقْلَاق، تَقْلِيق) অস্থির করা, অশান্ত করা; উৎকণ্ঠিত করা, উদ্বিগ্ন করা; বিরক্ত করা; কষ্ট দেওয়া; উত্তেজিত করা।

قَلَق : উদ্বেগ, দুশ্চিন্তা, উৎকণ্ঠা; অস্থিরতা, ধৈর্যহীনতা; কষ্ট, অশান্তি; বিরক্তি, উত্তেজনা; নিদ্রাহীনতা।



www.pathagar.com

قَلِق : উদ্বিগ্ন, দুশ্চিন্তাগ্রস্ত, উৎকণ্ঠিত; অস্থির, অশান্ত, অধৈর্য; বিরক্ত; উত্তেজিত; নিদ্রাহীন।

قَلْقَان، قَلُوق : অস্থির; বিনিদ্র।

إِقْلاَق : উদ্বিগ্নকরণ; কষ্টপ্রদান; বিরক্তি উৎপাদন।

مُقْلِق : কষ্টদায়ক, উদ্বেগজনক, বিরক্তিকর।

قَلْقَدِيس : সালফিউরিক এসিড।

قُلْقَاس : ওল (তরকারি)।

قَلْقَلَ : (قَلْقَلَة) নাড়া দেওয়া, আন্দোলিত করা; উত্তেজিত করা; বিরক্ত করা; জাগ্রত করা; অশান্ত করা; বিদ্রোহী করিয়া তোলা; কণ্ঠমূল থেকে "ق" উচ্চারণ করা।

تَقَلْقَلَ : আন্দোলিত হওয়া, নড়িয়া উঠা; উত্তেজিত হওয়া; অস্থির হওয়া, অশান্ত হওয়া; নড়বড়ে হওয়া; বিদ্রোহী হওয়া।

~ مِنْ : (স্থান হইতে) একটু নড়া, সরিয়া যাওয়া।

قَلْقَلَة : অস্থিরতা, অশান্তি; উত্তেজনা; আলোড়ন; আন্দোলন; "ق" বর্ণের কণ্ঠমূল থেকে উচ্চারণ। ব قَلاَقِل

حُرُوف الْقَلْقَلَة : হুরূফুল-কালকালা : ق، ط، ب، ج، د

قُلْقِيلَة : শুকনা মৃত্তিকা-পিণ্ড।

مُتَقَلْقِل، مُقَلْقَل : অস্থির, অশান্ত; স্থিতিহীন, নড়বড়ে।

قَلَمَ - : (قَلْم)، قَلَّمَ (تَقْلِيم) কর্তন করা, ছাঁটা; নখ কাটা।

أَقْلَمَ : (إِقْلاَم) নূতন আবহাওয়ায় অভ্যস্ত করা।

قَلَم : কলম; লিপি; হস্তলিপি; লিখন-পদ্ধতি, লিখিত বিষয়; দীর্ঘ রেখা; দফতর, কার্যালয়; সংস্থা, ব্যুরো; বিভাগ; চপেটাঘাত। ব أَقْلاَم

قَلَم الإِدَارَة : প্রধান কার্যালয়, হেড অফিস।

~ الإِسْتِعْلاَمَات : অনুসন্ধান দফতর; তদন্ত সংস্থা; Information bureau, Inquiry office.

~ التَحْرِير : সম্পাদকের কার্যালয়, সম্পাদনা-কক্ষ।

~ حِبْر : ফাউন্টেন-পেন, fountain pen.

~ الحَرَكَة : ট্রাফিক ব্যুরো, traffic bureau.

~ الحِسَابَات : হিসাব-বিভাগ।

~ الرَصَاص : পেন্সিল।

~ السِّيَاحَة : ট্রাভেল এজেন্সি, Travel agency.

~ القُيُودَات : (সাধারণ) রেজিস্টার অফিস।

~ الكُتَّاب : কেরানীদের দফতর, Clerical office.

~ المُرَاجَعَة : অডিট বিভাগ।

~ المُرُور : যানবাহন চলাচল নিয়ন্ত্রণ বোর্ড।

~ المَطْبُوعَات : প্রকাশনা ও তথ্য দফতর, Press and information office.

زَلَّة القَلَم : লিপি-প্রমাদ, Slip of pen.

بِالقَلَم العَرِيض : সুস্পষ্ট ভাষায়।

القَلَم : সূরা আল কালাম : আল কুরআনের ৬৮ নং সূরার নাম।

قُلاَمَة : কর্তিত অংশ, কর্তিত নখ; তুচ্ছ বস্তু।

إِقْلِيم : (গ্রী) অঞ্চল, এলাকা, ভূখণ্ড; মহাদেশ; দেশ; জেলা; প্রদেশ; আবহাওয়া। ব أَقَالِيم

إِقْلِيمِيّ : আঞ্চলিক; এলাকাভিত্তিক; আবহাওয়া-সম্বন্ধীয়, গোলার্ধভিত্তিক।

تَقْلِيم : কর্তন, অগ্রভাগ কর্তন, ছাঁটাই।

مَقْلَمَة : কলমদান। ব مَقَالِم

مَقْلُوم، مُقَلَّم : কর্তিত, ছাঁটা হইয়াছে এমন।

مَقْلُوم الظُّفْر، مُقَلَّم الظُّفْر : দুর্বল, শক্তিহীন।

مُقَلَّمَة : স্বামীবিহীন (স্ত্রীলোক)।

قَلَمَّس : প্রচুর পানিবিশিষ্ট (কূপ); উদার; চতুর (লোক)।

قَلَنْدَر : (ফা) দরবেশ, ফকির।

قَلْنَسَ : (قَلْنَسَة) টুপি পরাইয়া দেওয়া।

تَقَلْنَسَ : টুপি পরিধান করা।

قُلَنْسِيَة، قَلَنْسُوَة : টুপি। ব قَلاَنِس، قَلاَنِيس

قَلاَ - ُ : (قَلْو) قَلَى - ِ (قَلْي) ভুনা করা, ভাজা করা।

~ قَلِيَ - َ قِلًى (قَلاَء، قَلاًّ) -َ قَلِيَ (مَقْلِيَة، قَلاَء، قِلًى): ঘৃণা করা, অপছন্দ করা।



www.pathagar.com

تَقَلَّى ~ إِلَى : ঘৃণা বোধ করা।

تَقَالَى : পরস্পর ঘৃণা করা।

إِقْلَوْلَى : (إِقْلِيلاَء) অস্থির হওয়া; প্রস্থান করা; (পাখি) উচ্চাকাশে উঠা।

قَلْي، قَلْو : ভুনাকরণ।

قِلْي، قِلًى، قِلْو : ক্ষার, পটাশ।

~ : তরুণবয়সী চঞ্চল গাধা।

قِلْوَة : ক্ষিপ্রগতি সম্পন্ন পশু।

قِلْوِيّ : ক্ষারীয়, ক্ষারধর্মী।

قُلَّى : পর্বত-শৃঙ্গ; মানব-মস্তকের উপরিভাগ।

قَلاَّء : কড়াই প্রস্তুতকারী।

قَلاَّيَة : কড়াই; সন্ন্যাসীর আশ্রম।

قَلِّيَّة : তাজা খাদ্যদ্রব্য, কালিয়া। ব قَلاَيَا

قِلِّيَّة : সন্ন্যাসীর আশ্রম; খাস কামরা। ব قَلاَلِ

مِقْلاَة، مِقْلًى : ভাজিবার পাত্র, কড়াই। ব مَقَالِيْ، مَقَالِ

مَقْلُوّ، مُقَلًّى، مَقْلِيّ : ভুনাকৃত, ভাজাকৃত।

قَلْوَظَ (قَلْوَظَة) : স্ক্রু দ্বারা আঁটা।

قَلاَوُظ : জাহাজের চালক; স্ক্রু, screw.

قَمَّ ـُ : (قَمّ) ঝাড়ু দেওয়া।

إِقْتَمَّ : (إِقْتِمَام) গ্রোগ্রাসে গেলা।

قَمَّمَ : (تَقْمِيم) শুষ্ক করা, শুকানো।

تَقَمَّمَ : শীর্ষে অবস্থান করা, শীর্ষস্থানীয় হওয়া।

قِمَّة : শীর্ষ স্থান, চূড়া, শিখর, শৃঙ্গ; দেহ। ব قِمَم

قِمَّة الرَّأْسِ : মাথার চূড়া, মস্তকশীর্ষ।

~ الْمَوْجَة : তরঙ্গের চূড়া।

حَسَن الْقِمَّة : সুন্দর গড়নবিশিষ্ট।

~ مُؤْتَمَر : শীর্ষ সম্মেলন।

مِنَ الْقِمَّة إِلَى الأَخْمَص : আপাদমস্তক।

قُمَّة : সিংহের গ্রাস।

قُمَامَة : আবর্জনা, ময়লা, জঞ্জাল; মানুষের দল। ব قُمَام

صُنْدُوق الْقُمَامَة : ময়লার পাত্র।

قَمَام : আবর্জনা।

مُقْتَمّ، مِقَمّ : লোলুপ; পেটুক; ক্ষুধার্ত।

مِقَمَّة : ঝাঁটা, ঝাড়ু। ব مَقَامّ

قَمَأَ ـَ : (قَمَاءَة) ـُ قَمُؤَ (قُمْأَة، قَمْأَة) ছোট হওয়া, তুচ্ছ হওয়া; নীচ হওয়া; ঘৃণ্য হওয়া।

~ ، ~ : (قُمُوءَة، قُمُوء) (উট) মোটা হওয়া।

أَقْمَأَ : (إِقْمَاء) ঘৃণ্য করা; সন্তুষ্ট করা।

تَقَمَّأَ : অল্প অল্প করিয়া সংগ্রহ করা; শ্রেষ্ঠাংশ লওয়া।

قَمِيء : ছোট, তুচ্ছ, নীচ। ব قِمَاء

قُمْأَة، قَمْأَة : প্রচুর ঘাস, স্বচ্ছন্দ জীবন।

~ مَقْمُوءَة، مَقْمَأَة، : ছায়াঘেরা স্থান।

قَمَاءَة : নীচতা; ক্ষুদ্রত্ব; গুরুত্বহীনতা।

قَمَحَ ـُ : (قُمُوح) قَامَحَ (مُقَامَحَة) تَقَمَّحَ، إِنْقَمَحَ (إِنْقِمَاح) (উট) পানি পান করিতে অনিচ্ছুক হওয়া।

قَمِحَ ـَ : (قَمْح) إِقْتَمَحَ (إِقْتِمَاح) মুখের মধ্যে নেওয়া, গিলিয়া ফেলা; পান করা।

قَمَّحَ : (تَقْمِيح) অংশ দেওয়া, কিস্তি পরিশোধ করা; তুচ্ছ উপহারসহ প্রেরণ করা।

أَقْمَحَ : (إِقْمَاح) (শস্য) শিষ বাহির করা; পরিপক্ব হওয়া, পাকা।

أَقْمَحَ بِأَنْفِهِ : মাথা উঁচু করা, গর্বিত হওয়া, অহঙ্কারী হওয়া।

قَمْح : গম।

قَمْحَة : গমের দানা; ওজনের এককবিশেষ, গ্রেন, grain.

قَمْحِيّ : গোধূমবর্ণ।

قَامِح : পানি পান হইতে বিরত (উট)। ব قِمَاح، قُمَّح

قَمَّاح : গম-ব্যবসায়ী, খাদ্য-শস্য বিক্রেতা।

قَمَدَ ـِ : (قَمْد)বিরত থাকা।

قَمِدَ ـَ : (قَمَد) দীর্ঘ গ্রীবা হওয়া।

قُمُدّ : সবল, শক্ত।

أَقْمَد : দীর্ঘ গ্রীবা পুরুষ। স্ত্রী قَمْدَاء



www.pathagar.com

قَمَرَ – : (قَمْر) জুয়া খেলা।

قَمُرَ – ُ : জুয়াখেলায় পরাজিত করা; বিতর্কে হারাইয়া দেওয়া।

قُمِرَ : জুয়াখেলায় হারিয়া যাওয়া।

قَمِرَ – َ : (قَمَر) শুভ্র হওয়া; (ত্বক) ফাটিয়া যাওয়া; হিমাদ্র হওয়া; চন্দ্রালোকে পথ চলা।

قَمَّرَ : (تَقْمِيْر) (রুটি) সেঁকা।

قَامَرَ : (مُقَامَرَة) জুয়া খেলা; ঝুঁকি লওয়া; বাজি রাখা; বিতর্ক করা।

أَقْمَرَ : (إِقْمَار) (রাত্রি) জ্যোৎস্নালোকিত হওয়া; চন্দ্রালোকে পথ চলা; চন্দ্রোদয়ের অপেক্ষা করা।

تَقَامَرَ : একত্রে জুয়া খেলা, পরস্পর জুয়া খেলা; ঝগড়া করা।

إِقْمَارٌ : শুভ্র হওয়া, জ্যোৎস্নালোকিত হওয়া।

قَمَر : হিমদ্রতা।

~ : চন্দ্র; উপগ্রহ। ব أَقْمَار

الْقَمَرَان : চন্দ্র-সূর্য।

قَمَر الدِّين : খোবানি দ্বারা প্রস্তুত জেলীজাতীয় খাদ্যবিশেষ।

~ كَاذِب : কৃত্রিম চন্দ্র।

حَجَر الْقَمَر : চন্দ্রশিলা, selenite.

ضَوْء ~ : চন্দ্রালোক, জ্যোৎস্না।

قَمِر : জ্যোৎস্নালোকিত। স্ত্রী قَمِرَة

لَيْلَة قَمِرَة : জ্যোৎস্নালোকিত রজনী।

قَمَرَة : অর্ধচন্দ্র, জ্যোৎস্না; (জাহাজের) কেবিন; ক্যামেরা।

قَمَرِيّ : চন্দ্র-সম্বন্ধীয়, চন্দ্রের ন্যায়, চান্দ্র; ক্ষুদ্রাকার রৌপ্যমুদ্রা।

شَهْر قَمَرِيّ : চান্দ্রমাস।

حَرْف ~ : চান্দ্রবর্ণ।

قُمْرِيّ : কপোতবিশেষ, ঘুঘু। ব قَمَارِيّ

قَمَرِيَّة : ক্ষুদ্র জানালা, ছাদের নিচে বসানো জানালা।

قَمْرَاء : চন্দ্রালোক; জ্যোৎস্না; ক্ষুদ্র পাখিবিশেষ।

قِمَرَاتِي : কাচ লাগাইবার মিস্ত্রি।

مُقَامَرَة، قِمَار : জুয়াখেলা; বাজি।

مُقَامِر، قَمِير : জুয়াখেলার অংশীদার, জুয়াড়ি। ব أَقْمَار

أَقْمَر : জ্যোৎস্নালোকিত; চান্দ্রবর্ণ; উজ্জ্বল। স্ত্রী قُمْر ব قَمْرَاء

مَقْمَرَة، مَقْمَر : জুয়ার আড্ডা। ব مَقَامِر

مُقْمِر : জ্যোৎস্নালোকিত।

لَيْلَة مُقْمِرَة : জ্যোৎস্নালোকিত রজনী।

مُقَمِّر : সেঁকিবার যন্ত্র, টোস্টার, toaster.

مُقَمَّر : সেঁকা রুটি, টোস্ট, toast.

قَمْرَص : (قَمْرَصَة) বাদাম খাওয়া।

قَمْرَق : (তিউ) বহিঃশুল্ক, customs. ব قَمَارِق

قَمَزَ – ُ : (قَمْز) আঙুলের অগ্রভাগ দ্বারা লওয়া, চিমটি কাটা, লাফ দেওয়া।

قَمَّزَ : (تَقْمِيْز) লাফ দেওয়ানো।

أَقْمَزَ : (إِقْمَاز) মূল্যবান হওয়া।

تَقَمَّزَ : লাফাইয়া চলা।

قَمَز : মূল্যহীন বস্তু।

قَمْزَة : লম্ফ।

قُمْزَة : একমুষ্ঠি খেজুর। ব قُمَز

قَمَسَ – ُ : (قَمْس) ডুবাইয়া দেওয়া; ডুব দেওয়া।

قَامَسَ : (مُقَامَسَة) ডুবের পাল্লা দেওয়া।

أَقْمَسَ : (إِقْمَاس) ডুবাইয়া দেওয়া।

تَقَامَسَ : একত্রে ডুব দেওয়া।

إِنْقَمَسَ : (إِنْقِمَاس) ডুব দেওয়া, ডুবিয়া যাওয়া; (তারকা) অস্ত যাওয়া।

قَمَّاس، قَامِس : ডুবুরি।

قَامُوس : মহাসাগর; শব্দকোষ, অভিধান। ব قَوَامِيس

قَوْمَس : সমুদ্রের গভীরতা; দুর্ঘটনা, দুর্বিপাক; নেতা। ব قَوَامِس



www.pathagar.com

قَمَشَ ـُ : (قَمْش) قَمَّشَ (تَقْمِيْش) আবর্জনা কুড়ানো।

تَقَمَّشَ : উচ্ছিষ্ট খাওয়া; সুন্দর পোশাক পরিধান করা।

قَمْشَة : চামাটি, চামড়ার চাবুক।

قُمَاش : আবর্জনা।

~ : বস্ত্র, পোশাক। ব أَقْمِشَة

قُمَاش البَيْت : গৃহের আসবাবপত্র।

~ النَاس : নিকৃষ্ট লোকজন।

قَمَّاش : বস্ত্র-ব্যবসায়ী।

قَمَصَ ـُ : (قُمَاص، قَمْص) লক্ষ দেওয়া, লাফাইয়া চলা, কদমে চলা।

قَمَّصَ : (تَقْمِيْص) লক্ষ দেওয়া, লাফাইয়া চলা; জামা পরানো।

تَقَمَّصَ : জামা পরিধান করা; পরিহিত হওয়া।

قَمْص : লাফাইয়া চলন।

قُمُّص : খ্রিস্টান পুরোহিত, পাদরি। ব قَمَامِصَة

قِمِصّى، قِمَاص : উদ্বেগ, উৎকণ্ঠা, অস্থিরতা।

قَمِيص : জামা, গাউন, জ্যাকেট; পরিচ্ছদ; আবরণ। ব قُمُص، أَقْمِصَة، قُمْصَان

قَمِيص النَوْم : নিদ্রাকালীন পরিধেয় জামা।

~ النِسَاء : শেমিজ, chemise.

~ القَلْب : হৃদ্ধরা, ফুসফুসের ঝিল্লি, pericardium.

قَمَطَ ـُ : (قَمْط) قَمَّطَ (تَقْمِيْط) (শিশুকে) বস্ত্রখণ্ডে জড়ানো; পা শৃঙ্খলিত করা; রুজ্জু দ্বারা হাত-পা বাঁধা; শক্ত করিয়া বাঁধা; পট্টি বাঁধা।

قِمْط : দড়ি; নিগড়, শৃঙ্খল। ব أَقْمَاط

قَمْطَة : মস্তকবন্ধনী, ছোট পাগড়ি; রুমালবিশেষ; আঁটিবার যন্ত্রবিশেষ, clamp; খিল, বন্ধনী।

قِمَاط : নবজাত শিশুর আচ্ছাদন-বস্ত্র, বস্ত্রখণ্ড; দড়ি; নিগড়, শৃঙ্খল। ব قُمُط، أَقْمِطَة

قَمَّاطَة : শাস্তি দেওয়া জন্য কাঠের যন্ত্রবিশেষ, পিলরি, pillory.

قَمِيْط : পূর্ণ (বছর)।

قَمْطَرَ : (قَمْطَرَة) (মশক) বাঁধা।

اِقْمَطَرَّ : (اِقْمِطْرَار) (দিন) কষ্টকর হওয়া, দুঃখময় হওয়া।

قِمْطَر، قِمَطْر، قِمَطْرَة : পুস্তক রাখিবার আলমারি, bookcase; পুস্তক রাখিবার থলি; পর্যটকদের বোঁচকাবিশেষ; বন্ধনী; শক্তিশালী উট; বেঁটে লোক; অপরাধীদের শাস্তি দেওয়ার যন্ত্রবিশেষ, stock. ব قَمَاطِر

قَمَاطِر، قَمْطَرِير : অশুভ; দুঃখময় (দিন)।

قَمَعَ ـَ : (قَمْع) أَقْمَعَ বশীভূত করা, দমন করা, পোষ মানানো; বাধা দেওয়া; নিয়ন্ত্রণে আনা।

~ : মাথায় আঘাত করা; (মশক) খালি করা।

~ , ~ عَنْ : বিরত করা।

قَمِعَ ـَ : (قَمَع) দুর্বলদৃষ্টি হওয়া।

قَمَّعَ : (تَقْمِيْع) অগ্রভাগ কাটিয়া দেওয়া; উৎপাটন করা; চুঙ্গি লাগানো।

تَقَمَّعَ : ভঙ্গি করিয়া হাঁটা; মাথা দোলানো; হতভম্ব হওয়া; বিচ্ছিন্ন থাকা; শ্রেষ্ঠাংশ বাছিয়া লওয়া।

اِنْقَمَعَ : (اِنْقِمَاع) বশীভূত হওয়া, পরাভূত হওয়া; দমিত হওয়া।

اِقْتَمَعَ : (اِقْتِمَاع) শ্রেষ্ঠাংশ বাছিয়া লওয়া; (মশক) শূন্য করা।

قَمْع : দমন, বশীভূতকরণ, নিয়ন্ত্রণ।

~، قِمْع، قِمَع : ছোট চোঙ, চুঙ্গি। ব أَقْمَاع

~ , ~ , ~ : (ফল বা ফুলের) ডাঁটা। ব قُمُوع

قَمْع الخَيَّاط : অঙ্গুস্তানা।

~ السِيكَارَة : চুরুটের শেষাংশে লাগানো নল।

قُمْع : ছোট চোঙ, চুঙ্গি; বড়লোক-ঘেঁষা ব্যক্তি।

قَمْعَة، قُمْعَة، قُمَعَة : শ্রেষ্ঠাংশ। ব قُمَع

قَمَع : চোখের পাতার লাল আব; দৃষ্টি-দৌর্বল্য।

قَمِع، أَقْمَع : দুর্বলদৃষ্টির ব্যক্তি। স্ত্রী قَمْعَاء ব قُمْع



www.pathagar.com

قَمَعَة : উষ্ট্র-কুজের উপরিভাগ। ব قَمَع

~ : বড় ডাঁশবিশেষ। ব مَقَامِع

قَامُوع : মোচাকার স্তম্ভ। ব قَوَامِيع

مِقْمَعَة : মাথায় আঘাত করিবার কাষ্ঠখণ্ডবিশেষ; লৌহস্তম্ভ; আঁকড়া। ব مَقَامِع

مَقْمُوع : বশীভূত, অবদমিত; অজীর্ণে আক্রান্ত।

قَمْعَلَ : (قَمْعَلَة) (চারা) অঙ্কুরিত হওয়া; গোত্রপ্রধান হওয়া।

قُمْعُل : স্থূলোদর পাত্র।

قِمْعَال : গোত্রপ্রধান; প্রধান রাখাল।

قُمْعُول : বড় পেয়ালা। ব قَمَاعِيل

قُمْعُولَة : অঙ্কুর, পল্লব, কুঁড়ি, মুকুল। ব قَمَاعِيل

قَمْقَمَ، تَقَمْقَمَ : (قَمْقَمَة) বিড়বিড় করা, গজগজ করা; অভিযোগ করা।

قُمْقُم، قُمْقُمَة : সুগন্ধি রাখিবার পাত্রবিশেষ; পানি গরম করিবার জন্য তামার ডেকচিবিশেষ, বাল্ব। ব قَمَاقِم

قَمْقَام : সমুদ্র।

قَمِلَ : ـَ (قَمَل) قَمَّلَ (تَقْمِيل) تَقَمَّلَ (মাথা) উকুনে পরিপূর্ণ হওয়া।

~ : (গাছ) কালো দাগবিশিষ্ট হওয়া।

أَقْمَلَ : (إِقْمَال) মুকুলিত হওয়া, পল্লবিত হওয়া।

قَمْل، قَمْلَة : উকুন।

قَمَل، تَقَمُّل : উকুনপূর্ণতা।

قَمِل، مُقَمَّل : উকুনে পরিপূর্ণ, উকুনযুক্ত।

قُمَّل : ক্ষুদ্র পিপীলিকা; লাল পাখাবিশিষ্ট কীটবিশেষ; দাদ (রোগ)।

تَقَمَّنَ : মনস্থ করা।

قَمِن : যোগ্য, উপযুক্ত।

قَمِين : مُقَمَّن যোগ্য, উপযুক্ত, যথাযথ। ব قُمَنَاء

~، قَمِينَة : চুল্লী, (চুনের) ভাটি, (ইটের) পাঁজা।

تَقَمَّة : লক্ষ্যহীনভাবে গমন করা।

قَامِه : লক্ষ্যহীনভাবে গমনকারী উট। ব قُمَّه

قَنَّ : ـُ (قَنّ) পর্যবেক্ষণ করা, নিরীক্ষা করা; যাচাই করা।

قَنَّنَ : (تَقْنِين) নির্দিষ্ট করা, সীমাবদ্ধ করা; বাসি হওয়া, টক হওয়া।

قَنَّنَ الْقَوَانِينَ : আইন প্রণয়ন করা।

اِقْتَنَّ : (اِقْتِنَان) শান্ত থাকা; দাস গ্রহণ করা, ভূমিদাসরূপে গ্রহণ করা।

~ ، اِقْتَانَّ : (اِقْتِيْنَان) সোজা হইয়া দাঁড়ানো।

اِسْتَقَنَّ : (اِسْتِقْنَان) ~ بِ ব্যক্তিগতভাবে গ্রহণ করা।

قِنّ : দাস, ভূমিদাস। ব أَقْنَان، أَقِنَّة

قُنّ : মুরগির খাঁচা, জামার আস্তিন, আস্তিনের কপ, টিলা। ব قِنَان

قِنّ : রজ্জুর গুণ; উদ্ভিদবিশেষ, galbanum. ব قِنَن

قُنَّة : চূড়া, শীর্ষ, পর্বত-শৃঙ্গ; টিলা। ব قُنَّات، قُنُون، قِنَان، قُنَن

قَنَن : পথ; মেজাজ।

قُنُون : পর্বত-শৃঙ্গ, চূড়া, শীর্ষ।

قُنُونَة، قِنَانَة : দাসত্ব, ভূমিদাসত্ব।

قِنِّينَة : (ব قَنَانِيّ) বোতল, কাচের বোতল, শিশি, ফ্লাস্ক।

قِنِّينَة الشَّرَاب : মদ পরিবেশনের সরু-গলাবিশিষ্ট পাত্রবিশেষ।

قَانُون : আইন, কানুন, নীতি, আদর্শ, নিয়ম, বিধি, সংবিধি; প্রথা, রীতি, বিধান; অনুশাসন; প্রক্রিয়া; রাজস্ব। ব قَوَانِين

قَانُون أَسَاسِيّ : মৌল বিধান, সংবিধি।

~ الإِيمَان : ঈমানের বিধান।

~ الأَحْوَال الشَّخْصِيَّة : ব্যক্তি-সম্পর্কীয় আইন, personal statute.

~ التَّأْسِيس : সংবিধান।

~ تِجَارِيّ : বাণিজ্যিক আইন, বাণিজ্য-বিধি।

~ جِنَائِيّ : ফৌজদারি আইন।



www.pathagar.com

قَانُوْن دُسْتُوْرِي : শাসনতান্ত্রিক বিধান, সাংবিধানিক আইন।

~ دَوْلِي : আন্তর্জাতিক আইন।

~ رُوْمَانِيّ : রোমান আইন।

~ السِّلْك الإِدَارِيّ : প্রশাসনিক আইন।

~ كِيمَاوِيّ : রাসায়নিক সূত্র।

~ مَدَنِيّ : দেওয়ানি আইন।

~ الْمُرَافَعَات : বিচারকার্য পরিচালন-বিধি, code of procedure.

مَشْرُوع الْقَانُون আইনের খসড়া, বিল।

~ وَاضِع : আইন-প্রণেতা।

خَاضِع لِلْقَانُون : আইন মান্যকারী; আইনানুগত।

قَانُونِيّ : আইনবিজ্ঞানী, আইনবিশারদ, আইনজীবী; আইনগত, আইনানুগ, আইনসম্মত; আইন-সংক্রান্ত; বিধিসঙ্গত, বৈধ; নিয়মিত; অনুশাসন-সম্মত।

قَانُونِيَّة : বৈধতা।

تَقْنِين : আইন-প্রণয়ন; বিধান প্রদান।

مُقَنِّن : আইন-প্রণেতা, আইনদাতা; বিধানকর্তা।

مُقَنَّن : নির্দিষ্ট, সীমাবদ্ধ, স্থিরীকৃত।

قَنَأَ - َ : (قُنُوء) গাঢ় লাল হওয়া, লাল রঙে রঞ্জিত হওয়া।

~ : (قَنْأ) (দুধ) পানিমিশ্রিত করা।

~ : (قَنْأ) أَقْنَأَ (إِقْنَاء) হত্যা করা, হত্যা করিতে প্ররোচিত করা।

قَنِئَ - َ (قُنُوء) : মরিয়া যাওয়া; নষ্ট হইয়া যাওয়া।

قَانِئ : গাঢ় লাল, রক্তলাল।

مَقْنُوءَة، مَقْنَأَة : ছায়াময় স্থান।

قَنَال : খাল।

قَنَال السُّوَيْس : সুয়েজ খাল।

قَنَبَ - ُ : (قُنُوب) (সূর্য) অস্ত যাওয়া; (দ্রাক্ষালতা) ছাঁটিয়া দেওয়া।

~ : (قَنْب) (মুকুল) প্রস্ফুটিত হওয়া।

~ فِي : প্রবেশ করা।

قَنَّبَ : (تَقْنِيب) পাতা গজানো, পল্লবিত হওয়া; অশ্বারোহী বাহিনী গঠন করা।

أَقْنَبَ : (إِقْنَاب) অশ্বারোহী বাহিনী গঠন করা; ধীরে ধীরে চলিয়া যাওয়া।

تَقَنَّبَ : অশ্বারোহী বাহিনী গঠন করা।

~ فِي : প্রবেশ করা।

قَنْب : পুষ্পাবরণ, বেষ্টনী খোলস। ব قُنُوب

قُنْب : জাহাজের পাল; তরবারির কোষ, খাপ।

~، قِنَاب : সিংহের থাবা; ধনুকের ছিলা।

قُنَّب : শণ, পাট।

خَيْط الْقُنَّب : শণের দড়ি, শক্ত দড়ি।

قُنَّبِيّ : শণের ন্যায়, শণের তৈরি।

قُنَّابَة، قُنَاب : শস্যের মঞ্জরি, শিষ।

قُنَّيْبَة، قُنَّابَة : মঞ্জরি-পত্র, পাপড়ি।

قَنِيب : মানুষের দল; ঘন মেঘ।

مِقْنَب : অশ্বারোহী বাহিনী। ব مَقَانِب

~، مِقْنَاب : সিংহের থাবা; শিকারির ব্যাগ।

قُنْبُر، قُنْبُرَاء : ভরত পাখি। ব قَنَابِر

قُنْبُرَة : ভরত পাখি; বোমা, গোলা; মাথার উপরের পালকগুচ্ছ, ঝুঁটি। ব قَنَابِر

قُنْبُور : পিঠের কুঁজ।

أَبُو قُنْبُور : কুঁজো, কুজপৃষ্ঠ।

قُنْبَاز : পুরুষের গাউনবিশেষ। ব قَنَابِيز

قُنْبُع : পুষ্পাবরণ; শস্যাবরণ; শস্য-কোষ।

قُنْبُعَة : শিশুদের পোশাক।

قَنْبَلَ : (قَنْبَلَة) বোমাবর্ষণ করা।

قَنْبَلَة، قَنْبَل : অশ্বারোহী বাহিনী; দল। ব قَنَابِل

قُنْبُلَة : বোমা, গোলা। ব قَنَابِل

قُنْبُلَة ذَرِّيَّة : আণবিক বোমা।

~ طَائِرَة : উড়ন্ত বোমা।

~ غَازِيَّة : গ্যাস-বোমা।

~ مَائِيَّة : পানি-বোমা, জল-কামান।



www.pathagar.com

قَنْدَلَفْت : (গ্রী), গির্জার ভারপ্রাপ্ত কর্মচারী, sexton.

قَنَانِير ব قِنَّارَة، قِنَّار : দোকান।

~ : ছোট পেঁয়াজ।

أَقْنِيز، قِنْز : হাতলবিহীন বড় পানপাত্রবিশেষ, goblet.

(قَنْزَحَة) : تَقَنْزَحَ، قَنْزَحَ গর্ব করা, গর্বভরে হাঁটা বা কাজ করা।

قَنْزَعَة، قِنْزِعَة، قُنْزُعَة : কেশগুচ্ছ; ঝুঁটি। ব قَنَازِع

قَنْس : (ব قُنُوس) قَوْنَس (ব قَوَانِس) মাথার উপরিভাগ, মস্তক-শীর্ষ।

(قَنْسَرَة) : قَنْسَرَ বৃদ্ধ করা।

تَقَنْسَرَ : বয়সের ভারে ভাঙ্গিয়া পড়া, বৃদ্ধ হওয়া।

قَنْسَرِيّ، قِنْسَر : বয়সের ভারে ভাঙ্গিয়া পড়িয়াছে এমন, বয়োবৃদ্ধ।

(إِقْتِنَاص) إِقْتَنَصَ، تَقَنَّصَ (قَنْص) : – قَنَصَ শিকার করা, শিকার ধরা, (সুযোগ) গ্রহণ করা।

إِقْتِنَاص، قَنْص : শিকারকরণ।

مَقْنُوص، قَنِيص، قَنَص : শিকার।

قَانِص (ব قَنَّاص(قُنَّاص ব (قَنَّاصَة) শিকারি।

قَانِصَة : (পাখির) দ্বিতীয় পাকস্থলী। ব قَوَانِص

قُنْصُل : (ল্যা) রাষ্ট্রদূত, কনসাল, consul. ব قَنَاصِل

قُنْصُل عَامّ : কনসাল জেনারেল, consul general.

وَكِيل الْقُنْصُل، نَائِب الْقُنْصُل : ভাইস-কনসাল, Vice-consul.

قُنْصُلِيّ : রাষ্ট্রদূত সম্পর্কীয়, দূতাবাস-সংক্রান্ত।

قُنْصُلَاتُو : قُنْصُلِيَّة দূতাবাস, কনস্যুলেট, consulate. ব قُنْصُلِيَّات

(قَنَاطَة) – قَنُطَ (قَنَط)– قَنِطَ (قُنُوط) : – قَنَطَ নিরাশ হওয়া, হতাশ হওয়া।

(إِقْنَاط، تَقْنِيط) : أَقْنَطَ، قَنَّطَ নিরাশ করা, হতাশ করা।

~ مُتَفَجِّرَة : ভারি বিস্ফোরক বোমা।

~ نَوَاتِيَّة : পারমাণবিক বোমা।

~ هَيْدرُوجِينِيَّة : হাইড্রোজেন বোমা।

قُنْبُلَة الْيَد، ~ يَدَوِيَّة হাত-বোমা।

مُقَنْبِلَة : বোমারু (বিমান)।

قُنَّبِيط : ফুলকপি।

(إِقْنَات) أَقْنَتَ (قُنُوت) : – قَنَتَ অনুগত হওয়া; আল্লাহর আনুগত্য করা; নামাযে দীর্ঘক্ষণ দাঁড়াইয়া থাকা।

(قَنَاتَة) : – قَنُتَ অল্প পরিমাণ খাওয়া।

قَانِت : আল্লাহর অনুগত; ধর্মপরায়ণ।

قَنُوت : অনুগত (নারী)।

قُنُوت : আল্লাহর আনুগত্য; ধর্মপরায়ণতা।

قَنْجَة : নীল-নদে চলাচলকারী ক্ষুদ্র নৌকাবিশেষ। ব قِنَاج، قَنْجَات

(قَنْح) : – قَنَحَ ভাঁজ করা, নোয়ানো।

(إِقْنَاح، تَقْنِيح) : أَقْنَحَ، قَنَّحَ কাষ্ঠখণ্ডের উপর (দরজার পাল্লা) বসানো।

قُنَّاحَة : যে ছিদ্রযুক্ত কাষ্ঠখণ্ডের উপর দরজার পাল্লা বসানো হয়।

قَنْد : মিছরি। ব قُنُود

مَقْنُود، مُقَنَّد : মিছরি দ্বারা মিষ্ট করা হইয়াছে এমন বস্তু।

قِنْدِيد : মিছরি, তিমি-মাছের অন্ত্রজাত সুগন্ধিবিশেষ, ambergris; কর্পূর; কস্তূরী। ব قَنَادِيد

(قَنْدَسَة) : قَنْدَسَ সংশোধন করা।

قُنْدُز، قُنْدُس : বন্য জন্তুবিশেষ, বীবর, beaver.

قَنْدَق : বন্দুকের কুঁদা, রাইফেলের বাঁট। ব قَنَادِق

قَنْدَوِيل، قَنَادِل، قَنْدَل : বৃহৎ কুঁজ।

قُنْدُول : বন্য কাঁটাগাছবিশেষ।

قِنْدِيل : প্রদীপ; মোমবাতি, লণ্ঠন। ব قَنَادِيل

قِنْدِيل الْبَحْرِ : সামুদ্রিক মৎস্যবিশেষ, jelly fish.



www.pathagar.com

قُنُوط، قَنَط : নিরাশা, হতাশা।

قَنُوط، قَانِط، قَنِط : নিরাশ, হতাশ।

قَنِط : অতি-বিনয়ী; কঠিন, শক্ত।

قَنْطَرَ : (قَنْطَرَة) কোটিপতি হওয়া; খিলান লাগানো, খিলানের আকারে নির্মাণ করা; যাযাবর জীবন পরিত্যাগ করা।

تَقَنْطَرَ : লাফাইয়া চলা।

قِنْطِر : বিপদ, দুর্ভাগ্য।

قَنْطَرَة : খিলানাকৃতি পুল, পাকা সেতু; উচ্চ ভবন; খিলান; খিলানযুক্ত পথ। ব قَنَاطِر

قِنْطَار : ওজনের এককবিশেষ। মিসরে ১১২ রোত্ল তথা ৪৪.৯৩ কি. গ্রা., তিউনিসিয়ায় ৫৩.৯ কি. গ্রা. এবং সিরিয়ায় ২৫৬.৪ কি. গ্রা.)। ব قَنَاطِير

قَنَاطِير مُقَنْطَرَة : বিপুল সম্পদ।

قِنْطَارِيّ : কোটিপতি।

قِنْطَارِيُون : তিক্ত উদ্ভিদবিশেষ।

مُقَنْطَر : খিলানযুক্ত, খিলানাকারে নির্মিত; সমষ্টিকৃত।

مُقَنْطَرَة : সূর্যঘড়ি, sun-dial.

قَنْطَرْمَة : (লাগামের) খলিন।

قَنْطَرُوس : প্রাচীন গ্রীক গল্পে উল্লিখিত জীববিশেষ, যাহার অর্ধেক মানব-দেহ ও অর্ধেক অশ্ব-দেহ, সানশেড ইত্যাদির ঠেকনা, cantilever.

قَنِعَ : ـَ (قَنَع، قَنَاعَة، قُنْعَان) ~ بِ তৃপ্ত হওয়া, সন্তুষ্ট হওয়া, সম্মত হওয়া।

قَنَعَ : ـَ (قُنُوع) সাগ্রহে প্রার্থনা করা, মিনতি করা।

قَنَّعَ : (تَقْنِيع) তৃপ্ত করা, সন্তুষ্ট করা, রাজি করানো, অবগুণ্ঠিত করা; (মাথায়) চাবুক মারা।

أَقْنَعَ : (إِقْنَاع) তৃপ্ত করা, সন্তুষ্ট করা, রাজি করানো; (পাত্র) একদিকে কাত করা; (মস্তক) উত্তোলন করা; (পশু) চরানো।

تَقَنَّعَ : অবগুণ্ঠিত হওয়া, ঘোমটা পরা; বস্ত্রাবৃত হওয়া।

اِقْتَنَعَ : (اِقْتِنَاع) ~ بِ তৃপ্ত হওয়া, সন্তুষ্ট হওয়া, রাজি হওয়া।

قِنْع : অস্ত্রশস্ত্র, বর্ম। ব قَنَعَةٌ، أَقْنَاع

قِنْعَة : উচ্চভূমি। ব قِنَع، قِنْعَان

قُنْعَة، قُنُوع : ভিক্ষাবৃত্তি, ভিক্ষুক-জীবন।

قَنَع، قَنَاعَة : তৃপ্তি, তুষ্টি।

قَنَعَة : পর্বত-শৃঙ্গ।

قَنِع، قَنُوع : (ব قُنُع) قَنِيع (ব قُنَعَاء، ) مُقْتَنِع তৃপ্ত, তুষ্ট; পরিমিত।

قَانِع : তৃপ্ত, তুষ্ট; প্রার্থনাকারী। ব قُنَّع

قِنَاع : অবগুণ্ঠন, বোরকা, ওড়না, ঘোমটা; মুখোশ; হৃদ্ধরা, ঝিল্লি। ব أَقْنِعَة

~ : অস্ত্রশস্ত্র, বর্ম। ব قُنُع

كَشَفَ الْقِنَاعَ : ঘোমটা খোলা, মুখোশ উন্মোচন করা।

قُنْعَان : যথেষ্ট।

إِقْنَاع : পরিতৃপ্তকরণ, তৃপ্তিদান; রাজিকরণ, সম্মতকরণ; সন্তুষ্টকরণ।

اِقْتِنَاع : তৃপ্তি, সন্তুষ্টি; প্রত্যয়, বিশ্বাস; সম্মতি।

تَقَنُّع : ছদ্মবেশ, ভাঁড়ামি।

مَقْنَع : যথেষ্টতা।

مِقْنَعَة، مِقْنَع : অবগুণ্ঠন, ঘোমটা।

مُقَنَّع : শিরস্ত্রাণ-পরিহিত; মুখোশ-পরিহিত; অবগুণ্ঠিত।

مُقْنِع : তৃপ্তিকর; সন্তোষজনক; প্রত্যয়োৎপাদক; যথেষ্ট।

قَنِفَ : ـَ (قَنَف) (মাঠ) শুকনা মাটি দ্বারা ছেয়ে যাওয়া।

~، تَقَنَّفَ ~ مِنْ : ঘৃণা করা, অপছন্দ করা।

قَنَّفَ : (تَقْنِيف) এক কোপে কাটা।

أَقْنَفَ : (إِقْنَاف) ঝুলন্ত কানবিশিষ্ট হওয়া; বিশাল সৈন্যবাহিনী থাকা।

اِسْتَنْقَفَ : (اِسْتِنْقَاف) রাজ্যে শৃঙ্খলা বজায় রাখা।



www.pathagar.com

قَنٌّ : শুকনা নদীর মাটি।

قُنَاف : বড় নাসিকাবিশিষ্ট জীব।

قَنِيف : মানুষের দল; মিতাচারী; বৃষ্টিবাহী মেঘ। ব قُنُف

أَقْنَف : পুরু ও চেপটা কানবিশিষ্ট জীব। স্ত্রী قُنْف

قُنْفُذ : শজারু। ব قَنَافِذ

قُنْفُذ بَحْرِىّ، قُنْفُذ الْبَحْرِ : অনেক কাঁটাযুক্ত সামুদ্রিক জন্তুবিশেষ, Sea-Urchin.

~ كَبِير : বড় শজারুবিশেষ, porcupine.

~ اللَّيْل : নিন্দুক, কুৎসাকারী।

قَنْفَشَ : (قَنْفَشَة) কুঞ্চিত হওয়া, কুঁচকাইয়া যাওয়া।

قَنْفَشَ فِى اللَّيْلِ : অপরিপাটি হওয়া, অপরিচ্ছন্ন হওয়া।

مُقَنْفِش، قُنَافِش : অপরিপাটি, অপরিচ্ছন্ন, এলোমেলো।

قَنَّقَ : (تَقْنِيق) থামা, যাত্রাবিরতি করা।

قُنَاق : থামিবার স্থান; আবাস-স্থান, কোয়ার্টার। ব قُنَاقَات

قَنْقَر : ক্যাঙ্গারু।

قُنَاقِن، قِنْقِن : ভূগর্ভস্থ পানি, খনিজ-পদার্থ ইত্যাদি সম্পর্কে অভিজ্ঞ ব্যক্তি।

قَنِمَ - : (قَنَم) (তেল) নষ্ট হওয়া, পচিয়া যাওয়া, দুর্গন্ধযুক্ত হওয়া; ধূলিময় হওয়া।

قَنَمَة : পচা তেলের গন্ধ।

قَنِم : পচা তেলের গন্ধযুক্ত বস্তু।

قَنُّومَة : নীল-নদের মৎস্যবিশেষ।

أُقْنُوم : মৌল উপাদান, সারাংশ। ব أَقَانِيم

قَنَا - : (قُنْوَان، قُنْوَة، قُنُوّ، قَنْو) অর্জন করা, লাভ করা; অধিকার করা, মালিক হওয়া।

~ : (قَنْو) সৃষ্টি করা।

قَنَى - : (قُنْيَان، قَنْى) অর্জন করা, লাভ করা।

قَنِىَ - : (قَنًا) (নাক) বক্রাগ্র হওয়া; শালীনতা রক্ষা করা।

قَنَّى : (تَقْنِيَة) (খাল) খনন করা; শালীনতা রক্ষা করা।

قَانَى : (مُقَانَاة) মিশ্রিত করা; উপযোগী হওয়া; একমত হওয়া।

أَقْنَى : (إِقْنَاء) শালীনতা রক্ষা করা, সম্পদশালী করা; সন্তুষ্ট করা; দান করা; নাগালের মধ্যে আনয়ন করা।

تَقَنَّى : (টাকা) বাঁচানো, সঞ্চয় করা।

إِقْتَنَى : (إِقْتِنَاء) অর্জন করা, লাভ করা, সংগ্রহ করা; অধিকার করা, মালিক হওয়া; শালীনতা রক্ষা করা।

قِنْيَان، قِنْى، قَنًا، قِنْو : খেজুরের কাঁদি। ব قُنْوَان، أَقْنَاء

قُنْيَة، قُنْوَة : সম্পদ, সম্পত্তি; উপার্জন।

قَنَاوَة : পুরস্কার, প্রতিদান।

قَنَايَة : ছোট নদী, খাল।

قَنَاة : বর্শা, বল্লম, তীর-দণ্ড, বল্লম-দণ্ড; নল; নালী, পাইপ। ব قَنَيَات، قَنَوَات، قِنَاء، قُنِىّ، قَنًى

~ : খাল, নদী, ছোট নদী। ব أَقْنِيَة، قَنَوَات

قَنَاة الْبُخَار : বাষ্প-নির্গমন-পথ।

~ السُّوَيس : সুয়েজ-খাল।

~ الظَّهْر : মেরুদণ্ড, শিরদাঁড়া।

~ الْعَلَم : পতাকা-দণ্ড।

الْقَنَاة الْبَوْلِيَّة : মূত্র-নালী।

~ الدَّمْعِيَّة : অশ্রুনালী।

~ الْمَنَوِيَّة : শুক্রনালী।

~ الْهَضْمِيَّة : পৌষ্টিক নালী, alimentary canal.

لاَنَتْ قَنَاتُهُ : সে নমনীয় হইল, বশীভূত হইল।

مُقْتَنٍ، قَانٍ : অর্জনকারী; অধিকারী, মালিক।

أَحْمَر قَانٍ : গাঢ় লাল।

أَقْنَى : বক্র; বক্রাগ্র; বাঁকা নাকবিশিষ্ট। স্ত্রী قَنْوَاء

إِقْتِنَاء : অর্জন, সংগ্রহকরণ।

مَقْنُوَة، مَقْنَاة : ছায়াময় স্থান।



www.pathagar.com

مُقْتَنًى : অর্জিত, অধিকারভুক্ত।

~ : অর্জিত সম্পদ। ব مُقْتَنَيَات

قَهَّ - : (قَهّ) হাসা।

قَهِبَ - : (قَهَب) ঈষৎ ধূসর হওয়া।

قُهْبَة : ঈষৎ ধূসর বর্ণ।

أَقْهَب، قَهْب : ঈষৎ ধূসর। স্ত্রী قَهْبَاء

الأقْهَبَان : হস্তী ও মহিষ।

قَهَدَ - : (قَهْد) খাটো খাটো পদক্ষেপে হাঁটা।

قَهْد : এক প্রকার মেষ। ব قِهَاد

قَهَرَ - : (قَهْر) বশীভূত করা, পরাভূত করা, দমন করা; যুলুম করা; দুঃখ দেওয়া, যাতনা দেওয়া।

~ عَلَى : বাধ্য করা।

لاَيُقْهَرُ : অজেয়, দুর্দমনীয়।

قُهِرَ : (গোশত) সিদ্ধ হওয়া।

قَاهَرَ : (مُقَاهَرَة) কঠোর আচরণ করা; বাধা প্রদান করা।

أَقْهَرَ : (إِقْهَار) বশীভূত পাওয়া; বশীভূত লোকজনবিশিষ্ট হওয়া।

قَهْر : বশীভূতকরণ, পরাভূতকরণ; দমন; বাধ্যকরণ; বন্ধন, কঠোরতা; দুঃখ, যাতনা।

قَهْرًا : জোরপূর্বক।

قَهْرِيّ : জবরদস্তিমূলক, বাধ্যতামূলক।

سَبَب قَهْرِيّ : বাধ্যতামূলক কারণ।

قُوَّة قَهْرِيَّة : প্রবল ক্ষমতা, অপ্রতিরোধ্য ক্ষমতা।

~ ظُرُوف : বাধ্যতামূলক অবস্থা।

قُهْرَة : শক্তি, জোর, জবরদস্তি; বাঁধা, বাধ্যবাধকতা। ব قُهْرَاتٌ

قُهَرَة : দুষ্ট (নারী)।

قَاهِر : পরাস্তকারী; বিজয়ী; শক্তিশালী; প্রবল, অপ্রতিরোধ্য।

قُوَّة قَاهِرَة : বিজয়ী শক্তি; অপ্রতিরোধ্য ক্ষমতা।

القَاهِر : মঙ্গল গ্রহ; আল্লাহর একটি গুণবাচক নাম।

مِصْر القَاهِرَة، القَاهِرَة : কায়রো (নগরী)।

قَهَّار : পরাস্তকারী, বশীভূতকারী; বিজয়ী; পরাক্রমশালী।

القَهَّار : মহাপরাক্রমশালী : আল্লাহর একটি গুণবাচক নাম।

قَهْرَمَة : (ফা) গৃহ-পরিচারক বা খানসামার কাজ।

قَهْرَمَان : (ফা) গৃহ-পরিচারক, খানসামা। ব قَهَارِمَة

قَهْرَمَانَة : গৃহ-পরিচারিকা।

مَقْهُور : বশীভূত, পরাস্ত; বাধ্যকৃত; বিষণ্ন।

قَهْز، قَهْزِيّ : পশম বা রেশমের বস্ত্র।

قَهْقَرَ : (قَهْقَرَة) পিছনে হটিয়া যাওয়া, পশ্চাদ্গামী হওয়া; পশ্চাৎমুখী হওয়া; ফিরিয়া যাওয়া; পিছনে পড়া; কুৎসা করা, গালাগালি করা; জীবন দুঃখময় করা।

تَقَهْقَرَ : পিছনে পড়া; পিছাইয়া যাওয়া; পশ্চাদ্গামী হওয়া, পশ্চাৎমুখী হওয়া; অধঃপতনে যাওয়া; অধোগামী হওয়া; কষ্টকর জীবনযাপন করা।

تَقَهْقُر، قَهْقَرَى، قَهْقَرَة : পশ্চাদ্গামিতা, পশ্চাৎমুখিতা; অধোগামিতা; অধঃপতন, অবক্ষয়।

قَهْقَهَ : হাসিতে ফাটিয়া পড়া, হা হা করিয়া হাসা, অট্টহাস্য করা।

قَهْقَهَة : সশব্দ হাসি, অট্টহাস্য।

قَهَلَ - : (قُهُول، قَهْل) (চামড়া) শুকনা হওয়া; অকৃতজ্ঞ হওয়া।

قَهِلَ - : (قَهَل) تَقَهَّلَ (চামড়া) শুকনা হওয়া; নোংরা হওয়া।

أَقْهَلَ : (إِقْهَال) নিজেকে নোংরা করা; অন্যের ব্যাপারে হস্তক্ষেপ করা।

إِنْقَهَلَ : (إِنْقِهَال) দুর্বল হওয়া, ভাঙ্গিয়া পড়া।

قَهِمَ - : (قَهَم) সামান্য ক্ষুধাবিশিষ্ট হওয়া।

أَقْهَمَ : (إِقْهَام) (আকাশ) মেঘমুক্ত হওয়া।

~ فِي : উপেক্ষা প্রদর্শন করা।

قَهِيَ - : (قَهًى) أَقْهَى (إِقْهَاء) ~ مِنَ الطَّعَامِ সামান্য ক্ষুধাবিশিষ্ট হওয়া।



www.pathagar.com

أَقْهَى : অধিক কফি পান করা।

قَهْوَة : কফি।

قَهْوَة سَادَة : চিনি-ছাড়া কফি।

مَقْهَايَة، مَقَاه ব। مَقْهَاة، مَقْهَى : কফিখানা।

قَهْوَاتِيّ، قَهْوَجِيّ : কফিখানার মালিক, কফিবিক্রেতা।

قَاه : পাথেয়প্রাপ্ত; প্রাণবন্ত; অগ্নিময়।

قَابَ ـُ : (قَوْب) খনন করা; নিকটবর্তী হওয়া; উড়িয়া যাওয়া; ডিম ফুটানো।

قَوَّبَ : (تَقْوِيب) খনন করা; উৎপাটিত করা; চিহ্ন রাখিয়া যাওয়া।

تَقَوَّبَ : (ডিম) ফুটা; উৎপাটিত হওয়া।

إِنْقَاب : (إِنْقِيَاب) (ডিম) ফুটন; খননকৃত হওয়া, গর্ত হওয়া।

إِقْتَابَ : (إِقْتِيَاب) পছন্দ করা, মনোনীত করা।

قَاب : পরিমাণ; মাপ; দূরত্ব; ধনুকের মধ্যস্থল হইতে প্রান্ত পর্যন্ত দূরত্ব।

قَابَ قَوْسَيْنِ : অতি-নিকটে।

قَائِبَة، قَابَة : শূন্য ডিম; মুরগির ছানা।

قُوب : পাখির বাচ্চা, মুরগির ছানা; চর্মরোগ; মহামারী। ব أَقْوَاب

قُوَب : ডিমের খোসা; গর্ত।

قُوَب ব। قُوبَة، قُوبَة، قُوبَاء، قُوبَاء : দাদ, বিখাউজ।

مُتَقَوِّب : খোসামুক্ত; খোলস ত্যাগ করিয়াছে এমন (সাপ)।

قَاتَ ـُ : (قَوْت، قُوت، قِيَاتَة) قَوَّتَ (تَقْوِيت) أَقَاتَ (إِقَاتَة) খাওয়ানো, খাদ্য দান করা, ভরণপোষণ করা, লালনপালন করা।

اِقْتَاتَ، تَقَوَّتَ : (إِقْتِيَات) ~ ب খাদ্য গ্রহণ করা, খাওয়া, খাইয়া বাঁচা; জীবিকা নির্বাহ করা।

إِسْتَقَاتَ : (إِسْتِقَاتَة) খাদ্য চাওয়া।

قَات : বৃক্ষবিশেষ।

قَاتُ الرِّعْيَان : এক প্রকার সালাদ-পাতা, lettuce.

قُوت : খাদ্য, পুষ্টি। ব أَقْوَات، قِيت، قِيتَة

مَوَادُّ الْقُوت : খাদ্যদ্রব্য।

تَقَوُّت : খাদ্যগ্রহণ, পুষ্টিলাভ।

مُقِيت : রক্ষক, পালনকর্তা, খাদ্যদাতা।

الْمُقِيت : আল্লাহর একটি গুণবাচক নাম।

قَاحَ ـُ : (قَوْح) ফুলিয়া উঠা, পাকিয়া উঠা, পুঁজ হওয়া; (ঘর) ঝাড়ু দেওয়া।

قَوَّحَ : (تَقْوِيح) (ঘর) ঝাড়ু দেওয়া।

قَاوَحَ : (مُقَاوَحَة) বাদানুবাদ করা, বিতর্ক করা।

أَقَاحَ : (إِقَاحَة) দান হইতে বিরত থাকা, না দেওয়া।

تَقَوَّحَ : ফুলিয়া উঠা, পাকিয়া উঠা, পুঁজ হওয়া।

قَاحَة : আঙিনা, উন্মুক্ত স্থান। ব قُوح

مُقَاوِح : বাদানুবাদকারী, বিতর্ককারী।

قَاخَ ـُ : (قَوْخ) বিশৃঙ্খল হওয়া।

لَيْلَة قَاخ : অন্ধকার রজনী।

قَادَ ـُ : (قَوْد، قِيَاد، قِيَادَة، مَقَادَة) قَوَّدَ (تَقْوِيد) চালনা করা, পরিচালিত করা, পথপ্রদর্শন করা।

~ : (قَوْد) বধ্যভূমিতে লইয়া যাওয়া।

قَوِدَ ـَ : (قَوَد) (অশ্বের) পৃষ্ঠ ও গ্রীবা দীর্ঘ হওয়া।

أَقَادَ : (إِقَادَة) নেতৃত্ব গ্রহণ করা; হত্যার অপরাধে হত্যা করা; প্রতিশোধ গ্রহণ করানো।

إِنْقَادَ : (إِنْقِيَاد) চালিত হওয়া, পরিচালিত হওয়া; পোষ মানা।

~ لِ : মান্য করা, অনুগত হওয়া, আনুগত্য করা; আত্মসমর্পণ করা; (রাস্তা) সুগম হওয়া।

إِقْتَادَ : (إِقْتِيَاد) পরিচালিত করা; পরিচালিত হওয়া; পোষ মানা।

إِسْتَقَادَ : (إِسْتِقَادَة) প্রতিশোধ লওয়া; প্রতিশোধ গ্রহণ করিতে বলা; হত্যার বিচার প্রার্থনা করা।

~ لِ : নেতৃত্ব মানিয়া চলা।

قَاد : পরিমাণ, দূরত্ব।



www.pathagar.com

قَوْد : নেতৃত্ব; কোটনামি।

قَوَد : প্রতিশোধ, শাস্তি।

قَوَّاد : কোটনা।

قَؤُود، قَيِّد، قَيْد : পরিচালনযোগ্য, শাসনযোগ্য; প্রশিক্ষণপ্রদত্ত (অশ্ব)।

قِيد : পরিমাণ, দূরত্ব; ইঞ্চি; বিন্দু; সামান্য পরিমাণ।

قِيَاد : নেতৃত্ব, পরিচালনা; (পশু) পরিচালনার রজ্জু, লাগাম।

سَلِسُ الْقِيَاد : পরিচালনযোগ্য, শাসনযোগ্য।

~ صَعْبُ : সহজে পোষ মানানো কিংবা বশীভূত করা যায় না এমন, দুর্বশ্য, অবাধ্য।

قِيَادَة : নেতৃত্ব, পরিচালনা; পথপ্রদর্শন; দিকনির্দেশনা; (গাড়ি) চালনা; কর্তৃত্ব, কমান্ড, Command.

قِيَادَة عَالِيَة : উচ্চ কমান্ড, high command.

الْقِيَادَة الْعُلْيَا : সর্বোচ্চ কর্তৃত্ব; সুপ্রিম কমান্ড, Supreme command.

عَجَلَة الْقِيَادَة : (গাড়ির) স্টীয়ারিং হুইল, Steering wheel.

قَائِد : নেতা, পরিচালক, পথ-প্রদর্শক, দিক-নির্দেশক; চালক, প্রধান ব্যক্তি; উচ্চ পদস্থ কর্মকর্তা; (সেনাবাহিনীর) কমান্ডার, অধিনায়ক। ব قُوَّد، قُوَّاد، قَادَة، قَادَات

قَائِد الْجَيْش : সেনাপতি, সেনাবাহিনীর কমান্ডার, অধিনায়ক।

~ جَنَاح : উইং কমান্ডার, wing commander.

الْقَائِد الأَعْلَى : প্রধান সেনাপতি, Commander in chief.

~ الْعَامّ : সর্বাধিনায়ক, Supreme commander.

قَادَة الْفِكْر : শীর্ষস্থানীয় চিন্তাবিদ।

قَائِدَة : আয়তাকার পাহাড়।

أَقْوَد : পরিচালনযোগ্য, শাসনযোগ্য, বশ্য।

~ : শক্ত ঘাড়বিশিষ্ট, বড় ঘাড়বিশিষ্ট (অশ্ব); লোভী; উচ্চ (পর্বত)। স্ত্রী قَوْدَاء ব قُود

مُقَوَّد : আয়তাকার পর্বত।

اِنْقِيَاد : আনুগত্য, বশ্যতা, আত্মসমর্পণ।

اِنْقِيَاد أَعْمَى : অন্ধ আনুগত্য।

مِقْوَد : (পশু) পরিচালন-রজ্জু, লাগাম; (গাড়ির) স্টীয়ারিং হুইল, Steering wheel. ব مَقَاوِد

مَقُود : চালিত, পরিচালিত।

مُنْقَاد : অনুগত; বশবর্তী; সুগম (রাস্তা)।

قَارَ ـُ (قَوْر) : পায়ের আঙুলের উপর ভর দিয়া হাঁটা; প্রতারণার সাহায্যে (শিকার) ধরা; চক্ষু উপড়াইয়া ফেলা।

~ قَوَّرَ (تَقْوِير) : গর্ত করা, মাঝখানে গর্ত করা; গোলাকার ছিদ্র করা; গোল করিয়া কাটা, গোল করিয়া কাটিয়া উঠানো।

تَقَوَّرَ : কুণ্ডলী পাকানো।

اِقْتَارَ، اِقْتَوَرَ : (اِقْتِيَار، اِقْتِوَار) গর্ত করা, মাঝখানে গর্ত করা; গোলাকার ছিদ্র করা, গোল করিয়া কাটা, গোল করিয়া কাটিয়া উঠানো।

~ : নিঃস্ব হওয়া, যাচাই করা।

اِقْوَرَّ : (اِقْوِرَار) কুঁচকাইয়া যাওয়া; কৃশ হওয়া; ফ্যাকাশে হওয়া।

قَار : আলকাতরা, পিচ; বৃহৎ উষ্ট্রপাল।

قَارَة : ছোট পাহাড়, টিলা; কালো প্রস্তরময় ভূমি। ব قِيرَان، قُور، قَارَات

قَوْر : নূতন তুলা; সূতি রজ্জু।

قُورَة : কপাল।

قُوَارَة : গোলাকার ছিদ্র।

مِقْوَرَة، قَوَّارَة : গোল করিয়া কাটিয়া উঠাইবার যন্ত্রবিশেষ, Scoop.

أَقْوَر : প্রশস্ত। স্ত্রী قَوْرَاء

تَقْوِير : উৎপাটন; গোলাকার ছিদ্র বা গর্তকরণ।

تَقْوِيرَة : (জামার) গলা।

مُقَوَّر : উৎপাটিত; গোল করিয়া কর্তিত; গোল করিয়া খননকৃত; বড় গলাবিশিষ্ট (জামা); আলকাতরার প্রলেপযুক্ত; দুর্বল, কৃশ।

قَاوُرْمَة، قَوْرَمَة : বিশেষ প্রক্রিয়ায় রান্না গোশত, কোর্মা।



www.pathagar.com

قَاسَ ـُ : (قَوْس) অগ্রবর্তী হওয়া, পূর্ববর্তী হওয়া; পরিমাপ করা, মাপা।

قَوِسَ ـَ : (قَوَس) বাঁকা হওয়া, বক্রপৃষ্ঠ হওয়া।

قَوَّسَ : (تَقْوِيس) বাঁকা হওয়া বা করা; বক্রপৃষ্ঠ হওয়া; গুলি ছোড়া, গুলি করা।

قَاوَسَ : (مُقَاوَسَة) তুলনা করা।

تَقَوَّسَ : বাঁকা হওয়া, নত হওয়া; ঝুঁকিয়া পড়া; ধনুকসজ্জিত হওয়া।

اِقْتَاسَ : (اِقْتِيَاس) মাপা, পরিমাপ করা।

~ ب : অনুকরণ করা।

قَوْس : (স্ত্রী. পুং) ধনুক; খিলান; কনুই হইতে কবজি পর্যন্ত হাতের অংশ; এক হস্ত পরিমাণ; বেহালার ছড়; পাঁজরের সম্মুখভাগ। ব قِسِيّ، أَقْوَاس

القَوْس : ধনুরাশি।

قَوْس قُزَح : রংধনু।

قَوْسَانِ : ব্রাকেট-চিহ্ন, বন্ধনী, যেমন– ( )।

قَوْسَانِ مَعْقُوفَانِ : সমকোণী ব্রাকেট, তৃতীয় বন্ধনী [ ]।

قُوس : শিকারির কুটির; মুনীর আশ্রম।

قُوسِيّ، قَوِس : কঠিন (সময়)।

قَوَّاس : ধনুক-নির্মাতা, ধনুর্ধর; তীরন্দাজ; শিকারি; দেহরক্ষী।

قُوَاس : কামানের পাল্লা।

قُوَيْس : ছোট ধনুক।

قُوَيْسَة : ছোট ধনুক; উদ্ভিদবিশেষ, Sage.

أَقْوَس : কঠিন (সময়); বক্রপৃষ্ঠ।

مِقْوَس : দৌড়ের মাঠ; দৌড় আরম্ভ করিবার স্থান। ব مَقَاوِس

مُقَوَّس : বাঁকা, বক্রপৃষ্ঠ।

قَوَّشَ : (تَقْوِيش) (অশ্বকে) পুচ্ছবন্ধ পরানো।

قُوش : (তু) (অশ্বের) পুচ্ছবন্ধ; জিনের পেটি। ব أَقْوَاش

قَاوُوش : বন্দিশালা। ব قَوَاوِيش

قَاضَ ـُ : (قَوْض) قَوَّضَ (تَقْوِيض) ভাঙ্গিয়া ফেলা; নষ্ট করা, ধ্বংস করা।

تَقَوَّضَ، اِنْقَاضَ : (اِنْقِيَاض) ভাঙ্গিয়া পড়া, নষ্ট হওয়া, ধ্বংস হওয়া, বিচ্ছিন্ন হওয়া।

تَقْوِيض : বিনাশ, ধ্বংস।

مُقَاوَضَة : বিনিময়।

قَوْط : মেষপাল। ব أَقْوَاط

قَوْطَة : ফলের ঝুড়ি, খেজুরের ঝুড়ি।

قُوطَة : (মি) টমেটো।

القُوط : জার্মানির গথ জাতি।

قُوطِيّ : গথ জাতি-সম্বন্ধীয়।

قَوَّاط : মেষপালক।

قَاعَ ـُ : (قَوْعَان) পশ্চাতে পড়া।

تَقَوَّعَ : সাবধানে চলা; (বৃক্ষে) আরোহণ করা।

قَاع : সমতল ভূমি, নিম্নভূমি; তলা, তলদেশ। ব قِيعَة، أَقْوُع، أَقْوَاع، قِيعَان

بِلَاد القَاع : নেদারল্যান্ড।

قَاعَة : হল, hall; কক্ষ; আঙিনা; প্রবেশ-কক্ষ; হলঘর; বারান্দা। ব قَاعَات

قَاعَة التَدْرِيس : শ্রেণীকক্ষ, class-room.

~الطَعَام : ভোজন-কক্ষ, খাবার ঘর, dining hall.

~ المُحَاضَرَات : বক্তৃতা-কক্ষ, lecture room, মিলনায়তন, auditorium.

~ المُطَالَعَة : পড়ার ঘর, অধ্যয়ন-কক্ষ, reading room, study hall.

قَوْع : শস্য শুকাইবার উঠান। ব أَقْوَاع

قَافَ ـُ : (قَوْف) اِقْتَافَ (اِقْتِيَاف) পদচিহ্ন ধরিয়া অনুসরণ করা, পিছু লওয়া।

~ : পূর্বাভাস দেওয়া, ভবিষ্যৎ বলা।

تَقَوَّفَ : সংশোধন করা।

قَاف : "ق" বর্ণের নাম।

قُوف : কর্ণের উপর প্রান্ত।



www.pathagar.com

مُقْتَافٌ، قَائِفٌ : পদাঙ্ক অনুসরণকারী; ভবিষ্যদ্বক্তা; হাবভাব দেখিয়া চরিত্র নির্ণয় করিতে পারে এমন ব্যক্তি। ব قَافَة

قَاقَ - ُ (قَوْق) قَوَّقَ (تَقْوِيق) قَاقَى (مُقَاوَقَة) : (মুরগি) ডাকা।

قَاق : চপল, চঞ্চলমনা।

قِيق : দীর্ঘকায় লোক।

~ : (সি) কাক, দাঁড়কাক। ব قِيقَان

قَاقُ الْمَاءِ : অতিভোজী ও দীর্ঘগ্রীবাবিশিষ্ট সামুদ্রিক পক্ষীবিশেষ, cormorant.

قُوق : জলচর পক্ষীবিশেষ, pelican; দীর্ঘকায় লোক।

قَوْقَة : শামুক, সামুদ্রিক শঙ্খ, কড়ি।

أُمّ قُوَيْق، قُوقَة : ছোটজাতের পেঁচাবিশেষ।

قَاوُوق : (তু) বিচারকদের লম্বা টুপিবিশেষ। ব قَوَاوِيق

قَوْقَأَ : (মুরগি) ডাকা।

قَوْقَرَ : (قَوْقَرَة) আসনপিঁড়ি হইয়া বসা।

القَوْقَاس، القَوْقَاز : ককেশাস পর্বতমালা।

القَوْقَازِيُّون : ককেশিয়ান জাতি।

قَوْقَع : সামুদ্রিক শঙ্খ।

قَوْقَعَة : শামুক। ব قَوَاقِع

قَالَ - ُ (قَوْل، قَال، قِيل، مَقَال) বলা, উচ্চারণ করা; কথা বলা।

~ بِ : সমর্থন করা, পক্ষ সমর্থন করা; প্রকাশ্যে ব্যক্ত করা; শিক্ষা দেওয়া।

~ عَلَى : বিপক্ষে বলা; সম্বন্ধে বলা।

~ عَنْ : সম্বন্ধে বলা।

قَالَ بِيَدِهِ : আঁকড়াইয়া ধরা।

~ بِرَأْسِهِ : (মাথার) ইশারায় বলা।

قَوَّلَ، أَقَالَ : (تَقْوِيل، إِقَالَة) অলীক কথা বলা, মিথ্যা আরোপ করা।

قَاوَلَ : (مُقَاوَلَة) বিতর্ক করা; কথাবার্তা বলা, আলোচনা করা, দর-কষাকষি করা; চুক্তি করা; মূল্য নির্ধারণ করা।

تَقَوَّلَ : ~ عَلَى মিথ্যা বানাইয়া বলা, মিথ্যা আরোপ করা, গুজব ছড়ানো।

تَقَاوَلَ : পরস্পর কথাবার্তা বলা।

إِقْتَالَ : (إِقْتِيَال) পছন্দ করা, মনোনীত করা।

~ عَلَى : কর্তৃত্ব খাটানো।

قِيلَ وَقَال، قَالَ وَقِيل : বাজে কথা, অসার কথা; বলাবলি; তর্ক-বিতর্ক।

قَالَة : কথা, উক্তি।

سُوءِ القَالَة : পরনিন্দা, পরচর্চা।

قَوْل : কথা, বক্তব্য, বর্ণনা; ঘোষণা; অভিমত, শিক্ষা। ব أَقْوَال، أَقَاوِيل

قَوْلِ شَرَف : সুজন-বাক্য, word of honour.

~ مَأْثُور : প্রবাদ।

بِالقَوْلِ وَالفِعْلِ، قَوْلاً وَعَمَلاً : কথায় ও কাজে।

قَوْلَة : কথা, মন্তব্য, উক্তি, বাণী।

قُول : (তু) সেনাবাহিনীর বিভাগবিশেষ, wing.

قَوُول، قَؤُول، قَوَّالَة، قُوَلَة : বাচাল; বাগ্মী, প্রগল্ভ।

قَوَّال : গায়ক, কাওয়াল; বাচাল, বাগ্মী।

قَائِل : কথক, উক্তিকারী, মন্তব্যকারী, বর্ণনাকারী, সমর্থক; মতাবলম্বী। ব قُوَّل

تَقَوُّل : ভিত্তিহীন কথা, অসার কথা, গুজব।

مَقَال : কথা, উক্তি, শিক্ষা, অভিমত; রচনা; নিবন্ধ।

مَقَالَة : নিবন্ধ, প্রবন্ধ; রচনা। ব مَقَالَات

مَقَالَة إِفْتِتَاحِيَّة : সম্পাদকীয় নিবন্ধ।

مِقْوَل : নেতা, জিহ্বা; গ্রামোফোন, ফোনোগ্রাম; কথা বলিবার যন্ত্র। ব مَقَاوِل

مَقُول : কথিত, বর্ণিত।

~ : কথা। ব مَقُولَة



www.pathagar.com

المَقُولاَت العَشْر (গ্রীক দর্শনের) মৌল দশ বিষয়, the ten categories : (১) الجَوْهر স্বয়ম্ভর মৌল পদার্থ, substance; (২) الكَم পরিমাণ, quantity; (৩) الكَيْف গুণ, quality, (৪) الاضَافَة সম্বন্ধসূচক, expressing relation; (৫) المَكَان، الأَيْن স্থান, place; (৬) الزَمَن، المَتَى কাল, Season; (৭) الوَضْع গঠন, form; (৮) المِلْك অধিকার, possession; (৯) الفِعْل ক্রিয়া, action; (১০) الإنْفِعَال প্রতিক্রিয়া, passion.

مُقَاوِل : ঠিকাদার, contractor.

مُقَاوَلَة : বিতর্ক, কথাবার্তা, আলোচনা; ঠিকা, চুক্তি; নিষ্পত্তি; দর-কষাকষি।

بِالمُقَاوَلَة : ঠিকা হিসাবে, by contract.

شُغْل بِالمُقَاوَلَة : ঠিকা কাজ, contract-work.

قَوْلَحَة : (শস্য ইত্যাদির) শিষ। ব قَوَالِح

قُولَنْج : ক্ষুদ্রান্ত্র প্রদাহ, appendicitis.

قُولُون : মলাশয়, মল নির্গমন অন্ত্র, colon.

قَامَ ـُ : (قِيَام، قَوْمَة، قَوْم) দাঁড়ানো, দণ্ডায়মান হওয়া; উঠা, উপরে উঠা; উন্নত হওয়া; উঠিয়া দাঁড়ানো; দাঁড়াইয়া থাকা; থামিয়া যাওয়া; অবস্থিত হওয়া, বিদ্যমান থাকা; যাত্রা করা, রওয়ানা করা; ছাড়িয়া দেওয়া; ঠিক হওয়া, যথাযথ হওয়া; আরম্ভ করা; আরোহণ করা।

~ بِ : সম্পন্ন করা, সম্পাদন করা; গ্রহণ করা, দায়িত্ব লওয়া; সমর্থন করা।

قَامَ بِالوَعْد : প্রতিশ্রুতি পূর্ণ করা, প্রতিজ্ঞা পালন করা।

~ بِالوَاجِب : কর্তব্য পালন করা।

~ بِالمَصَارِيف : ব্যয় নির্বাহ করা, ব্যয় পরিশোধ করা।

قَام ~ لِ : সম্মানার্থে দাঁড়ানো।

~ إِلَى : গমন করা, সাহায্যার্থে গমন করা।

~ عَلَى : বিপক্ষে দাঁড়ানো, বিদ্রোহ করা; (পরিবারের) ভরণপোষণ করা।

قَامَ الحَقّ : সত্য প্রকাশিত হওয়া।

~ المَاءُ : পানি জমিয়া যাওয়া।

~ مَقَامَه : স্থলাভিষিক্ত হওয়া।

~ مِنْ نَوْمِه : নিদ্রা হইতে জাগ্রত হওয়া।

قَامَتِ السُوقُ : বাজার জমা, চালু হওয়া।

~ الصَلاَة : নামায শুরু হওয়া।

~ الحَرْبُ عَلَى سَاق : যুদ্ধ লাগিয়া যাওয়া, যুদ্ধ প্রচণ্ড হওয়া।

قَوَّمَ : (تَقْوِيم) সোজা করা, ঠিক করা, সংশোধন করা, যথাযথ করা; যথাযথভাবে করা; মূল্যায়ন করা; মূল্য নিরূপণ করা; জাগ্রত করা, জাগাইয়া তোলা; উপরে উঠানো; গঠন করা; আকৃতি প্রদান করা।

لاَيُقَوَّمُ بِثَمَن : অমূল্য।

قَاوَمَ : (مُقَاوَمَة) বিরোধিতা করা, প্রতিরোধ করা; আপত্তি তোলা; বিতর্ক করা; সমকক্ষ হওয়া; প্রতিপক্ষ হওয়া।

لاَيُقَاوَمُ : অপ্রতিরোধ্য।

أَقَامَ : (إِقَامَة) উপরে উঠানো, উত্থিত করা; সোজা করা, ঠিক করা; দাঁড় করানো; নিয়োগ করা; নির্দিষ্ট করা; জাগ্রত করা, উত্তেজিত করা; বাস করা, অবস্থান করা; সূচনা করা, আরম্ভ করা; কায়েম করা; প্রতিষ্ঠা করা; আয়োজন করা, সম্পন্ন করা।

~ بِ : বসবাস করা, নিবাস স্থাপন করা।

أَقَامَ الحُجَّة : প্রতিবাদ করা।

~ الحَقّ : সত্য প্রতিষ্ঠা করা, সত্য প্রমাণ করা।

~ الدَعْوَى ~ عَلَى : মকদ্দমা দায়ের করা, মামলা রুজু করা; অভিযোগ দায়ের করা।

~ الدَلِيلَ : প্রমাণ করা, যুক্তি-প্রমাণ দ্বারা সাব্যস্ত করা।

~ الدُنْيَا وَأَقْعَدَهَا : আকাশ-পাতাল তোলপাড় করা, আলোড়ন সৃষ্টি করা।

~ السُوقَ : বাজার চালু করা, বাজার মিলানো।

~ الصَلاَة : নামায আদায় করা।



www.pathagar.com

فَائِمَقَام، ~ مَقَام : স্থলবর্তী, প্রতিনিধি; ভাইসরয়, (সামরিক বাহিনীতে) লেফটেনেন্ট কর্নেল, কমান্ডার।

قَائِمَة : পা, পায়া, খুঁটি, ঠেকনা, স্ট্যান্ড; তরবারির বাঁট। ব قَوَائِم

~ : তালিকা, ফর্দ; সূচি, বিল, চালান। ব قَائِمَات، قَوَائِم

قَائِمَة الأَسْعَار : মূল্য-তালিকা, price-list.

~ الأَسْمَاء : নামের তালিকা।

~ الحِسَاب : বিল; হিসাবের বই।

قَائِمَة المَأْكُولَات، ~ الطَّعَام খাদ্য-তালিকা।

~ المَوْجُودَات : মওজুদ দ্রব্যের তালিকা, invertory list.

زَاوِيَة قَائِمَة : সমকোণ।

قَوَام : সঠিকতা, সরলতা, যথার্থতা, যথাযথ অবস্থা, স্বাভাবিক অবস্থা; কাঠামো, দেহ; আকৃতি; শক্তি, দৃঢ়তা; ঘনত্ব; ঠেকনা, অবলম্বন; জীবিকা।

قِوَام : ঠেকনা; অবলম্বন; ভিত্তি; স্বাভাবিক অবস্থা; জীবিকা।

قَوَّام : পরিচালক, ব্যবস্থাপক, তত্ত্বাবধায়ক, অভিভাবক; সুন্দর গড়নবিশিষ্ট ব্যক্তি বা বস্তু।

قِوَامَة : অভিভাবকত্ব।

قَوِيم : সোজা, সরল, সঠিক, যথার্থ, যথাযথ; সত্য, নির্ভরযোগ্য; সুদৃঢ়। ব قِيَام

الدِين القَوِيم : সঠিক ধর্ম, সত্য ধর্ম, ইসলাম।

قَيِّم : মূল্যবান, দামি, বহুমূল্য; সোজা, সঠিক; তত্ত্বাবধায়ক; রক্ষক।

الدِين القَوِيْم : সরল-সঠিক ধর্ম, ইসলাম।

القَيِّمَة : সত্য ধর্ম, সত্য বিশ্বাস।

قِيمَة : মূল্য, দাম; মর্যাদা, মূল্যবোধ; পরিমাণ। ব قِيَم

لاَقِيمَةَ لَهُ : মূল্যহীন।

ذُوقِيمَة : মূল্যবান।

قِيمِيّ : মূল্য-সংক্রান্ত; মূল্য অনুযায়ী।

~ لِلصَّلَاة : নামাযের ইকামাত দেওয়া।

~ العَدْلَ : ন্যায় প্রতিষ্ঠা করা।

~ المَيْتَ : মৃতকে পুনর্জীবিত করা, পুনরুত্থিত করা।

~ مَقَامَهُ : স্থলাভিষিক্ত করা।

~ مُبَارَاةً : প্রতিযোগিতার আয়োজন করা।

تَقَوَّمَ : সোজা হওয়া; ঠিক হওয়া; টিকিয়া থাকা।

تَقَاوَمَ : পরস্পর বিরোধিতা করা, একে অপরকে প্রতিরোধ করা।

إِسْتَقَامَ : (إِسْتِقَامَة) সঠিক হওয়া, যথাযথ হওয়া; সোজা হওয়া; জাগ্রত হওয়া, উঠিয়া দাঁড়ানো, সোজা হইয়া দাঁড়ানো; (স্ত্রীলোক) গর্ভবতী হওয়া।

قَوْم : (স্ত্রী. পুং.) দল, গোত্র, গোত্রীয় লোক, কতিপয় লোক, জনগণ, লোকজন; জাতি; বংশ। ব أَقْوَام

~ ، قُوم : বাসস্থান।

قَوْمَة : বিরতি; বিদ্রোহ, উত্থান, জাগরণ।

قَوْمِيّ : জাতীয়, গোত্রীয়, বংশীয়; জাতীয়তাবাদী।

قَوْمِيَّة : জাতীয়তা, জাতীয়তাবাদ; জীবিকা; আকৃতি।

قَوْمِيَّات : জাতীয় বৈশিষ্ট্যাবলি।

قَامَة : গঠন, আকৃতি; উচ্চতা; কাঠামো; লাঠি; স্ট্যান্ড; ছয় ফুট পরিমাণ দৈর্ঘ্যের মাপবিশেষ, বাঁও। ব قِيَم

قَائِم : দণ্ডায়মান; উদীয়মান; বিদ্যমান; সোজা, খাড়া; স্থির, দৃঢ়; স্পষ্ট। ব قُيَّام، قُوَّام، قُيَّم، قُوَّم

قَائِم بِالأَعْمَال : চার্জ দ্য এফেয়ার্স, charge da' affaires.

~ البَاب : দরজার পাল্লা।

~ بِذَاتِه : স্বাধীন; স্বয়ম্ভু।

القَائِم بِالذَّات : আল্লাহ।

قَائِم الزَّاوِيَة : আয়তাকার, সমকোণী।

~ السَّيْف : তরবারির বাঁট।



www.pathagar.com

قِيَام : দাঁড়ানো অবস্থা; জাগ্রত অবস্থা; উত্থান, জাগরণ; বহিঃপ্রকাশ, অস্তিত্ব; বিদ্যমানতা; যাত্রা, প্রস্থান; সম্পাদন; অবলম্বন; উপজীবিকা।

قِيَامَة : কিয়ামত, পুনরুত্থান; তত্ত্বাবধান, অভিভাবকত্ব।

عِيد القِيَامَة : ইস্টার উৎসব (খ্রি.)।

يَوْم ~ : কিয়ামতের দিন, পুনরুত্থান-দিবস।

القِيَامَة : সূরা আল কিয়ামাহ। পবিত্র কুরআনের ৭৫ নং সূরার নাম।

قَيُّوم : শাশ্বত, নিত্য, চিরন্তন, অবিনশ্বর।

القَيُّوم : আল্লাহর একটি গুণবাচক নাম।

إِقَامَة : উত্তোলন; স্থাপন, গঠন, নির্মাণ, প্রতিষ্ঠা; সম্পাদন; অনুষ্ঠিতকরণ; উদ্‌যাপন; অবস্থান, বসবাস; নিবাস, বাসস্থান; (নামাযের) ইকামাত।

إِقَامَة الحُجَّة : দাবি খণ্ডন, প্রতিবাদকরণ।

~ شَعَائِر الدِّين : ধর্মীয় অনুশাসন প্রতিষ্ঠাকরণ।

~ العَدْل : ন্যায়বিচার প্রতিষ্ঠা।

مَحَلُّ الإِقَامَة : বাসস্থান, ঠিকানা।

إِسْتِقَامَة : সরলতা, সঠিকতা, সততা, যথার্থতা।

تَقْوِيم : স্থাপন, প্রতিষ্ঠা; সংশোধন, সংস্কার; পুনর্গঠন; মূল্যায়ন, মূল্য নিরূপণ; জরিপ।

~ : পঞ্জিকা, কেলেন্ডার। ব تَقَاوِيم

تَقْوِيمُ البُلْدَان : ভৌগোলিক অভিধান, গেজেটিয়ার।

مَقَام : স্থান, অবস্থান; অবস্থা; মর্যাদা, পদমর্যাদা, সম্মান। ব مَقَامَات

مَقَام الحَدِيث : আলোচনার বিষয়, প্রসঙ্গ।

~ الكَسْر : ভগ্নাংশের হর।

~ النَّغَم : (সঙ্গীতে) স্বরগ্রাম।

مَقَامَة : বৈঠক, সভা, বক্তৃতা; মাকামা-সাহিত্য। ব مَقَامَات

مُقَام : স্থান; অবস্থা; বাসস্থান; অবস্থানকাল; উত্তোলিত; স্থাপিত, প্রতিষ্ঠিত, গঠিত।

مِقْوَم : (লাঙলের) হাতল।

مُقَوِّم : মূল্যায়নকারী, মূল্যনির্ধারক; জরিপকারী; সংস্কারক।

مُقَوِّمَات : মৌল উপাদান।

مُقَوِّمَات الحَيَاة : উপজীবিকা।

مُقَوَّم : মূল্যায়িত; মূল্যবান; পুরস্কৃত।

مُقَوَّمَات : মূল্যবান সামগ্রী।

مُقِيم : অবস্থানকারী, বসবাসকারী, নিবাসী, স্থায়ী; স্থায়ী বাসিন্দা; উত্তোলনকারী; স্থাপনকারী, প্রতিষ্ঠাকারী; গঠনকারী।

مُقِيم الحُجَّة : প্রতিবাদকারী।

~ بِوَاجِبَاتِه : কর্তব্যপরায়ণ।

مُقِيمِيّ : আবাসিক।

مُقِيمِيَّة : আবাসিকতা।

مُقَاوِم : প্রতিরোধকারী, বিরোধী।

مُقَاوَمَة : প্রতিরোধ, বিরোধিতা।

مُسْتَقِيم : সোজা, সরল; সঠিক; নিয়মিত।

~ : সরলরেখা; গুহ্যদ্বার। ব مُسْتَقِيمَات

مُسْتَقِيمَة : গর্ভবতী স্ত্রীলোক।

قَان : ধনুক বানাইবার গাছ।

قُونَة : পাত্রের হাতল; ধাতব-খণ্ড। ব قُوَن

قُونَة : প্রতিমা, মূর্তি, ছবি; পদক। ব قُوَن

قُوُون، قَاوُون : ফুটি।

قَوَّه (تَقْوِيه) : চিৎকার করা, আর্তনাদ করা।

تَقَاوَه : একে অপরের উদ্দেশ্যে চিৎকার করা, ডাকাডাকি করা।

قَاه : আনুগত্য; ক্ষমতা।

قَاه : স্বচ্ছন্দ (জীবন); স্বচ্ছন্দ জীবন যাপনকারী।

قَوِيَ ـَ (قُوَّة) : শক্তিশালী হওয়া, সবল হওয়া, সুদৃঢ় হওয়া; প্রবল হওয়া; শক্তিতে পরাজিত করা, পরাস্ত করা।

~ عَلَى : সক্ষম হওয়া; প্রভাবশালী হওয়া; পরাস্ত করা।



www.pathagar.com

قَوِيَ ~ بِ : সমকক্ষ হওয়া।

~ : (قَوَايَة، قِيٌّ) (স্থান) জনশূন্য হওয়া, পরিত্যক্ত হওয়া।

~ : (قَوًى) (বৃষ্টি) বন্ধ থাকা; ক্ষুধার্ত হওয়া।

قَوَّى : (تَقْوِيَة) শক্তিশালী করা, শক্তি বৃদ্ধি করা; শক্তিদান করা; উৎসাহিত করা; জোরদার করা; সমর্থন করা; প্রতিষ্ঠিত করা, দৃঢ় করা।

قَاوَى : (مُقَاوَيَة) শক্তিতে প্রতিযোগিতা করা, শক্তি-পরীক্ষা করা; কুস্তি করা; সমকক্ষ হওয়া।

أَقْوَى : (اقْوَاء) (স্থান) শূন্য হওয়া, নির্জন হওয়া, পরিত্যক্ত হওয়া; নির্জন স্থানে বাস করা; দরিদ্র হওয়া; ধনবান হওয়া; শক্তিশালী অশ্বের অধিকারী হওয়া।

تَقَوَّى، اِسْتَقْوَى : (اِسْتِقْوَاء) শক্তিশালী হওয়া; শক্তি সঞ্চয় করা; সাহস সঞ্চয় করা।

اِقْتَوَى : (اِقْتِوَاء) শক্তি সঞ্চয় করা; নিজের বলিয়া দাবি করা।

قِيٌّ، قَوَاء، قَوَاء : নির্জন প্রান্তর, পরিত্যক্ত অঞ্চল। ব أَقْوَاء

~ ، قَوًى : ক্ষুধা, দারিদ্র্য।

قُوَّة : শক্তি, ক্ষমতা; সাহস; যোগ্যতা, সামর্থ্য, প্রচণ্ডতা, তীব্রতা; বাহিনী; রজ্জুর গুণ। ব قُوًى، قُوَّات

قُوَّة إِحْتِيَاطِيَّة : সংরক্ষিত বাহিনী।

~ الإِذَاعَة : ট্রান্সমিট-ক্ষমতা, transmittal power.

~ الإِرَادَة : ইচ্ছা-শক্তি, will-power.

~ الجَذْب : মাধ্যাকর্ষণ-শক্তি।

~ جَاذِبِيَّة : আকর্ষণ-শক্তি।

~ حَافِظَة : স্মৃতি-শক্তি, স্মরণ-শক্তি।

~ الحُدُود : সীমান্ত-রক্ষী।

~ خَفِيفَة : ভ্রাম্যমাণ টাস্কফোর্স।

~ دَافِعَة : চালিকা শক্তি।

قُوَّة دِفَاعِيَّة : প্রতিরোধ-ক্ষমতা।

~ الشِّرَاء : ক্রয়-ক্ষমতা।

~ الصَّوْت : স্বর-শক্তি, ভলিউম, volume.

~ عَاقِلَة : বুদ্ধি-শক্তি, বোধ-শক্তি।

القُوَّة عَلَى العَمَلِ، ~ العَمَلِ : কর্ম-ক্ষমতা।

~ القَانُون : আইনগত ক্ষমতা, legal force.

~ قَاهِرَة : অবাধ ক্ষমতা, force mageure.

~ القَلْب : মনোবল, সাহস।

~ مَرْكَزِيَّة : কেন্দ্রীয় শক্তি।

~ مَرْكَزِيَّة جَاذِبَة : কেন্দ্রাভিমুখ শক্তি, centripetal force.

~ مَرْكَزِيَّة طَارِدَة : কেন্দ্রাপসারী শক্তি, centrifugal force.

~ مُضَادَّة لِلطَّائِرَات : বিমান-বিধ্বংসী প্রতিরক্ষা।

~ مَعْنَوِيَّة : নৈতিক সাহস, মনোবল।

~ النَّبْت : প্রজনন-ক্ষমতা।

~ نِظَامِيَّة : নিয়মিত বাহিনী।

قُوَّات جَوِّيَّة : বিমান-বাহিনী।

~ بَحْرِيَّة : নৌ-বাহিনী।

~ بَرِّيَّة : স্থল-বাহিনী।

أَلْعَاب القُوَى : শরীরচর্চা-বিষয়ক ক্রীড়া, athletics.

بِالقُوَّة : জোরপূর্বক, বলপূর্বক, শক্তি প্রয়োগে; প্রচ্ছন্নভাবে।

قَوِيّ : শক্তিমান, সবল, শক্ত, সুদৃঢ়; প্রচণ্ড, তীব্র। ব أَقْوِيَاء

القَوِيّ : আল্লাহর একটি গুণবাচক নাম।

قَاوٍ : শূন্য (গৃহ); বৃষ্টিহীন (বছর)। স্ত্রী قَاوِيَة

أَقْوَى : অধিকতর শক্তিশালী।

إِقْوَاء : জনশূন্যকরণ; (কবিতার) ত্রুটিপূর্ণ মিল।

تَقْوِيَة : শক্তিবর্ধন, শক্তিশালীকরণ, দৃঢ়ীকরণ, শক্তিদান; উৎসাহপ্রদান, প্রেরণাদান; সমর্থন।



www.pathagar.com

مُقَوٍّ : শক্তিবর্ধক; উৎসাহজনক, প্রেরণাদায়ক।

مُقَوِّيَات : শক্তিবর্ধক ঔষধ; স্বরবিবর্ধক যন্ত্র।

مُقَوًّى : শক্তিশালী, সবল, সুদৃঢ়, জোরদার; অনমনীয়।

وَرَق مُقَوًّى : কার্ডবোর্ড, cardboard.

قَاءَ : - (قَيْئ) تَقَيَّأَ বমন করা।

أَقَاءَ، قَيَّأَ : (إِقْيَاء، تَقْيِيْئ) বমন করানো; বমির উদ্রেক করা।

إِسْتَقَاءَ (إِسْتِقْيَاء) : বমি করিতে চাওয়া, বমি করিতে চেষ্টা করা।

قَيْئ، قُيَاء : বমন, বমি; বমিত বস্তু।

قَيُوّ، قَيُوء : বেশি বমি করে এমন।

مُقَيِّئ : বমনকারক।

(ব) قِيثَارَة، قِيثَار، (قَيَاثِير ব) : قِيتَار (قَيَاثِير) গিটার।

قَاحَ :- (قَيْح) قَيَّحَ (تَقْيِيْح) أَقَاحَ (إِقْيَاح) تَقَيَّحَ (ক্ষত, ফোড়া) পাকিয়া উঠা, পুঁজযুক্ত হওয়া, পুঁজ নির্গত হওয়া।

قَيْح : পুঁজ। ব قُيُوح

أُمّ القَيْح : (ফোড়ার) শাঁস।

تَقَيُّح : পাকন, পুঁজ-সঞ্চার।

تَقَيُّح اللِّثَة : দন্তমাড়ি-রোগ পাইওরিয়া, pyorrhoea.

قَيْحِيّ، تَقَيُّحِيّ : পুঁজ-সম্বন্ধীয়; পুঁজযুক্ত।

مُقَيِّح : পুঁজ-সঞ্চারক।

مُتَقَيِّح : পুঁজযুক্ত, পুঁজ-সঞ্চারিত।

قَيَّدَ : (تَقْيِيْد) বাঁধিয়া রাখা, আটক রাখা, কয়েদ করা; নিয়ন্ত্রিত করা; শৃঙ্খলিত করা; পায়ে বেড়ি দেওয়া; সীমাবদ্ধ করা; নির্দিষ্ট করা; নিষিদ্ধ করা, বিধিনিষেধ আরোপ করা, লিপিবদ্ধ করা, নথিভুক্ত করা; (গ্রন্থে) হরকত দেওয়া।

~ عَلَى : (হিসাবে) ব্যয় দেখানো।

~ لِ : (হিসাবে) আয় দেখানো।

تَقَيَّدَ : বন্দি হওয়া, শৃঙ্খলিত হওয়া; সীমাবদ্ধ হওয়া, নির্দিষ্ট হওয়া, লিপিবদ্ধ হওয়া, নথিভুক্ত হওয়া।

قَيْد : বন্দিকরণ; বন্দিত্ব; নথিভুক্তি; নির্দিষ্টকরণ, সীমাবদ্ধকরণ।

~ : বন্ধন, বন্ধনী, শৃঙ্খল; দড়ি; নথি; বিধি-নিষেধ, শর্ত। ব أَقْيَاد، قُيُود

قَيْد الأَسْنَان : দাঁতের মাড়ি।

~ الأَنْسَاب : বংশ-তালিকা, নসব-নামা, নসব-শাজরা, বংশলতিকা।

قَيْد، قَاد : পরিমাণ, মাপ, দূরত্ব।

قَيْدَ : অধীন, সাপেক্ষ।

قَيْدَ شَعْرَة : চুল-পরিমাণ।

مِنْ غَيْرِ قَيْد، بِلَاقَيْد : নির্বিশেষে, নিঃশর্তভাবে।

عَلَى قَيْدِ الحَيَاة، بِقَيْد الحَيَاة : জীবিত অবস্থায়।

قَلَم القُيُودَات : নিবন্ধন-দফতর, নাম নথিভুক্ত করিবার দফতর।

قَيْد الأَوَابِد : এত দ্রুতগামী যে, শিকার তাহার কাছ হইতে পালাইতে পারে না।

تَقَيُّد : বন্দিত্ব; বাধা; বন্ধন; বিধিনিষেধ।

تَقْيِيد : বন্ধন, নিয়ন্ত্রণ, নিরোধ; শৃঙ্খলিতকরণ; সীমাবন্ধন; নির্দিষ্টকরণ; শর্তযুক্তকরণ; নথিভুক্তি, তালিকাভুক্তি, নিবন্ধন।

~ : বিধি-নিষেধ, শর্ত; বন্ধন, শৃঙ্খল। ব تَقَايِيد

تَقْيِيد النَّسْل : জন্ম-নিয়ন্ত্রণ।

رَسْم التَّقْيِيد : রেজিস্ট্রেশন-ফী, registration fee.

تَقْيِيدِيّ : নিরোধমূলক।

مُقَيَّد : বদ্ধ, শৃঙ্খলিত; সীমাবদ্ধ, নির্দিষ্ট; নিরোধিত, নিয়ন্ত্রিত; নথিভুক্ত, নিবন্ধিত, রেজিস্ট্রিকৃত। ব مَقَايِيدُ



www.pathagar.com

قِيَاسًا ~ إِلَى : অনুরূপভাবে, ন্যায়।

بِالْقِيَاسِ ~ إِلَى : তুলনায়, অনুপাতে; সম্পর্কে।

عَلَى الْقِيَاسِ : নিয়মানুযায়ী, নমুনা মোতাবেক, নিয়মিত।

بِغَيْرِ قِيَاسٍ : অযৌক্তিকভাবে।

قِيَاس عَالَمِيّ : বিশ্ব-রেকর্ড।

~ فَاسِد : কুযুক্তি, ভুল যুক্তি।

شَرِيط الْقِيَاسِ : মাপিবার ফিতা।

مُتَنَاسِب الْقِيَاسِ : সমানুপাতিক, সুষম।

قِيَاسِيّ : নিয়মসিদ্ধ, নিয়মমাফিক; নিয়মিত; নমুনা মোতাবেক; যুক্তিভিত্তিক; তুলনীয়।

رَقْم قِيَاسِيّ : (প্রতিযোগিতায়) রেকর্ড।

قِيَاسًا : নিয়মানুসারে; যুক্তিসঙ্গতভাবে।

قَيَّاس : মাপক, পরিমাপক; আমিন, যুক্তিপ্রিয়।

قَيَّاسَة : বৃহৎ পালের নৌকাবিশেষ।

مِقْيَاس : মাপ, পরিমাপ; পরিমাণ; পরিমাপ-যন্ত্র, গজ, gauge; স্কেল; মান; মাপের একক। ব مَقَايِيس

مِقْيَاس التَّنَفُّس : শ্বাস-প্রশ্বাস পরিমাপক-যন্ত্র, spirometer.

~ التَّيَّار : তড়িৎপ্রবাহের শক্তিপরিমাপক যন্ত্রবিশেষ, ammeter.

~ الجَهْد : ভোল্টমিটার, voltameter.

~ الحَرَارَة : তাপমান-যন্ত্র, thermometer.

~ الزَّوَايَا : কোণমাপক-যন্ত্র, protractor.

~ الكَهْرَبَائِيَّة : তড়িৎপরিমাপক যন্ত্র, electrometer.

الزلازل : ভূমিকম্প পরিমাপক যন্ত্র, Seismometer.

~ المَطَر : বৃষ্টিমান-যন্ত্র, rain-gauge.

~ المَغْنَطِيسِيَّة : চুম্বক পরিমাপক-যন্ত্র, magnetometer.

غَيْر مُقَيَّد : অনির্দিষ্ট; নিয়ন্ত্রণমুক্ত।

قَيْدُوم : (জাহাজের) অগ্রভাগ।

قَيَّرَ : (تَقْيِير) আলকাতরা লাগানো, পিচ লাগানো।

إِقْتَارَ : (إِقْتِيَار) পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করা, নিরীক্ষা করা।

قِير، قَار : আলকাতরা, পিচ।

قَيَّار : আলকাতরা বা পিচ বিক্রেতা।

قَيْرَوَان : কাফেলা, caravan. ব قَيْرَوَانَات

القَيْرَوَان : পশ্চিম-আফ্রিকার একটি নগরী।

قَاسَ - : (قِيَاس، قَيْس) মাপা, পরিমাপ করা; যাচাই করা; তুলনা করা।

~ : (قَيْس) দেমাগ করিয়া চলা, দম্ভ ভরে চলা।

قَيَّسَ : (تَقْيِيس) মাপা, পরিমাপ করা।

قَايَسَ : (مُقَايَسَة) মাপ পরীক্ষা করা; তুলনা করা।

تَقَيَّسَ : 'কায়স' গোত্রভুক্ত হওয়া।

إِنْقَاسَ : (إِنْقِيَاس) পরিমাপকৃত হওয়া; যাচাইকৃত হওয়া।

إِقْتَاسَ : (إِقْتِيَاس) মাপা, পরিমাপ করা।

~ بِ : অনুকরণ করা, অনুসারী হওয়া।

قَيْس : দম্ভভরে চলন; আরবের একটি গোত্রের নাম।

قَيْس بنُ المُوَلَّع : কিংবদন্তীর লায়লী-প্রেমিক মজনুর নাম।

قِيس، قَاس : পরিমাপ, দূরত্ব।

قِيَاس : মাপ, পরিমাপ; তুলনা, উদাহরণ; সাদৃশ্য, নিয়ম; যুক্তি; অনুপাত; নমুনা (প্রতিযোগিতায়) রেকর্ড। ব أَقْيِسَة

القِيَاس : (মানতিকশাস্ত্রে) সদৃশ ঘটনা বা কথামালা হইতে সিদ্ধান্ত গ্রহণ; (উসূলশাস্ত্রে) কোন বিষয়ের কারণ-সাদৃশ্যে অনুরূপ ক্ষেত্রে তৎবিধান প্রয়োগ।



www.pathagar.com

مِقْيَاس سَطْحِ النِّيل নীল-নদের পানির উচ্চতা-মাপক যন্ত্র, nilometer.

مَقَايَسَةُ الأَطْوَال : দৈর্ঘ্যের মাপ।

مَقَايِيس السُّطُوح ،~ المُسَطَّحَات : বর্গ পরিমাপ।

~ الحَجْم : ঘনত্বের পরিমাপ।

مُقَايَسَة : পরিমাপ, তুলনা, মূল্যায়ন; অনুপাত; বিস্তারিত বিবরণ; মূল্য-নিরূপণ; হিসাব।

قَيْسَرِيّ : বিরাট, বিশাল। ব قَيَاسِرَة

قَيْسَارِيَّة : দোকান-পাট, কল-কারখানা ইত্যাদি সমন্বয়ে নির্মিত ভবনমালা; ছাদযুক্ত বাজার, চকবাজার। ব قَيَاسِر

قَيْسَرِيَّة، قَيْصَرِيَّة : কায়সারিয়া : ফিলিস্তীনের প্রাচীন সামুদ্রিক বন্দর।

قَيَّشَ : (تَقْيِيش) (ক্ষুর) শান দেওয়া।

قَاشَانِي، قِيشَانِي : মৃৎপাত্রবিশেষ, চীনামাটির বাসন; চকচকে টালিবিশেষ।

قَاصَ – : (قَيْص) تَقَيَّصَ، اِنْقَاصَ (اِنْقِيَاص) ভাঙ্গিয়া পড়া।

قَيْصَانَة : চাঁদা মাছ।

قَيْصَر : সম্রাট; প্রাচীন রোমান-সম্রাটের উপাধি। কাইজার সাবেক রুশ সম্রাটের উপাধি, জার। ব قَيَاصِرَة، قَيَاصِر

قَيْصَرِيّ : সম্রাট-সম্বন্ধীয়; কাইজার-সম্বন্ধীয়, জার-সম্বন্ধীয়।

قَيْصَرِيَّة : সাম্রাজ্যবাদ, সম্রাটের মর্যাদা।

قَاضَ – : (قَيْض) ভাঙ্গিয়া যাওয়া, ফাটিয়া যাওয়া; ভাঙ্গিয়া দেওয়া; বিদীর্ণ করা; (কূপ) খনন করা; বিনিময় করা।

قَيَّضَ : (تَقْيِيض) ভাগ্য নির্ধারিত করা; পরিচালিত করা; প্রেরণ করা।

قَايَضَ : (مُقَايَضَة) বিনিময় করা।

تَقَيَّضَ، اِنْقَاضَ : (اِنْقِيَاض) ভাঙ্গিয়া যাওয়া, ফাটিয়া যাওয়া, বিদীর্ণ হওয়া, ভাঙ্গিয়া পড়া।

تَقَايَضَ : পরস্পর বিনিময় করা।

اِقْتَاضَ : (اِقْتِيَاض) ধ্বংস করা।

قَيْض : ডিমের খোসা।

قِيَاض : বিনিময়, বদলি, ক্ষতিপূরণ; সমান, সমমান।

قِيضَة : অস্থিখণ্ড; চতুর লোক। ব قِيَض

قَيِّضَة، قَيِّض : আগুনে উত্তপ্ত প্রস্তরখণ্ড।

مَقِيضَة : প্রচুর পানিবিশিষ্ট (কূপ)।

مُقَايَضَة : বিনিময়, বিনিময়-বাণিজ্য; ক্ষতিপূরণ।

قَاظَ – : (قَيْظ) উষ্ণ হওয়া, উত্তপ্ত হওয়া।

~ ب ~ (تَقْيِيظ) : تَقَيَّظَ، قَيَّظَ، ~ গ্রীষ্মকালে অবস্থান করা, গ্রীষ্ম কাল কাটানো।

قَيْظ : গ্রীষ্মের তাপ; গ্রীষ্মকালের মাঝামাঝি সময়; প্রচণ্ড গরমের দিন; অনাবৃষ্টি, শুষ্কতা; পিপাসা। ব أَقْيَاظ، قُيُوظ

غُرَاب القَيْظ : দাঁড়কাক।

قَائِظ : প্রচণ্ড গরম।

مَقِيظ، مَقَاظ : গ্রীষ্ম-নিবাস।

قَاعَ – : (قَيْع) (শূকর) ঘোঁৎ ঘোঁৎ করা।

قَيَّفَ : (تَقْيِيف) (চিহ্ন ধরিয়া) অনুসরণ করা; পিছু লওয়া; পরীক্ষা করা, অনুসন্ধান করা, নিরীক্ষা করা; সমালোচনা করা।

قِيَافَة : (চিহ্ন ধরিয়া) অনুসরণ; বেশভূষা; হাবভাব; সুবেশ, মর্যাদাপূর্ণ হাবভাববিশিষ্ট।

مُقَيِّف : নাছোড়বান্দা ভিক্ষুক; সমালোচনাকারী।

قَاقَ – : (قَيْق) (মুরগি ) ডাকা।

قِيق : অস্থিরচিত্ত।

قِيقَة : ডিমের পাতলা ঝিল্লি। ব قِيَق

قِيقَاءَة، قِيقَاة : অসমতল ও কঠিন ভূমি। ব قِيَق، قَيَاقٍ، قَوَاي

قَيْقَب : বৃক্ষবিশেষ, maple.



www.pathagar.com

قَالَ - : (مَقِيل، قَيْلُولَة، قَائِلَة، قَيْل) মাধ্যাহ্নিক নিদ্রা যাওয়া।

~ : (قَيْل) মধ্যাহ্নে পান করা।

قَيَّلَ : (تَقْيِيل) মাধ্যাহ্নিক নিদ্রা পাড়ানো; অবকাশকালে কথাবার্তা বলা; মধ্যাহ্নে পান করানো।

قَايَلَ : (مُقَايَلَة) বিনিময় প্রদান করা।

أَقَالَ : (إِقَالَة) মধ্যাহ্নে পান করানো; ধ্বংস করা, বিনাশ করা; বাতিল করা, রহিত করা; বরখাস্ত করা; মুক্তি দেওয়া, অব্যাহতি দেওয়া।

أَقَالَ اللّٰهُ عَثْرَتَهُ : আল্লাহ তাহার ত্রুটি মার্জনা করুন।

تَقَيَّلَ : মাধ্যাহ্নিক নিদ্রা যাওয়া; (পানি) সংগ্রহ করা; আচার-আচরণে পিতার মত হওয়া।

تَقَايَلَ : বাতিল করা।

إِقْتَالَ : (إِقْتِيَال) বিনিময় করা।

إِسْتَقَالَ : (إِسْتِقَالَة) বাতিল করিতে চাওয়া; অব্যাহতি চাওয়া; ক্ষমা চাওয়া, কৈফিয়ত দেওয়া; পদত্যাগ করা।

قَيْل : রাজা, সর্দার, নেতা, দলপতি। ব أَقْيَال

قَيُول : মাধ্যাহ্নিক নিদ্রার পূর্বে পান করা দুগ্ধ।

قَيْلَة، قَيُولَة : মধ্যাহ্নে দোহনকৃত উষ্ট্রী।

قِيلَة مَائِيَّة : অণ্ডকোষ বৃদ্ধি, হাইড্রোসেল, hydrocele.

قَائِل : মধ্যাহ্নে নিদ্রিত ব্যক্তি। ব قُيَّل، قُيَّال

قَائِلَة : মাধ্যাহ্নিক নিদ্রা; মধ্যাহ্ন।

قَيَّالَة : মধ্যাহ্ন।

قَيْلُولَة : মাধ্যাহ্নিক নিদ্রা।

إِقَالَة : রদকরণ, খণ্ডন, রহিতকরণ, বাতিলকরণ, বরখাস্তকরণ, অপসারণ।

إِسْتِقَالَة : পদত্যাগ, ইস্তফা; অবসর গ্রহণ।

مَقِيل : বিশ্রামস্থল।

مُسْتَقِيل : পদত্যাগ করিয়াছে এমন; অবসরপ্রাপ্ত; অব্যাহতিপ্রাপ্ত।

قَانَ - : (قَيْن) (লোহা) পিটাইয়া চেপটা করা, বিন্যস্ত করা; (পাত্র) মেরামত করা।

قَيَّنَ : (تَقْيِين) সজ্জিত করা।

تَقَيَّنَ : সজ্জিত হওয়া।

إِقْتَانَ، إِقْتَانَّ : (إِقْتِيَان، إِقْتِينَان) (গাছপালা) বর্ধনশীল হওয়া, (উদ্যান) প্রচুর গাছপালাবিশিষ্ট হওয়া।

قَان : ধনুক বানাইবার গাছবিশেষ।

قَيْن : কর্মকার, কামার। ব أَقْيَان، قُيُون

~ : দাস। ব قِيَان

قَيْنَة : গায়িকা; দাসী। ব قِيَان

~، مُقَيِّنَة : গৃহ-পরিচারিকা; কেশ বিন্যাসকারিণী।

قَابِين : (হি) (আদম [আ]-এর পুত্র ও হাবীলের ভাই) কাবীল।



www.pathagar.com

# ك

ك : কাফ, আরবী বর্ণমালার ২২তম হরফ। সংখ্যামান ২০।

كَ : (উপমা-বর্ণ) ন্যায়, মত। (সর্বনাম) দ্বিতীয় পুরুষ, পুংলিঙ্গ, একবচন : তোমাকে, তোমার; দ্বিবচন كُمَا, বহুবন كُم

كِ : দ্বিতীয় পুরুষ, স্ত্রীলিঙ্গ, একবচনের সর্বনাম : তোমাকে, তোমার; দ্বিবচন كُمَا, বহুবচন كُنَّ

كَأَنَّ : যেন।

كَذَا : তদ্রূপ; তেমনি।

كَذَلِكَ : এইভাবে, অনুরূপভাবে; তদ্রূপ।

كَمَا : যেমন, যেভাবে, ও (also), পক্ষান্তরে।

كَئِبَ - َ : (كَأْبٌ، كَآبَةٌ، كَأْبَةٌ) اِكْتَأَبَ (اِكْتِئَاب) বিষণ্ন হওয়া, নিরুৎসাহ হওয়া, নিরাশ হওয়া, অবসাদগ্রস্ত হওয়া।

أَكْأَبَ (إِكْئَاب) : বিষণ্ন করা, অবসাদগ্রস্ত করা, নিরাশ করা, নিরুৎসাহ করা।

كَأْب، كَأْبَة، كَآبَة، اِكْتِئَاب : দুঃখ, বিষণ্নতা; বিষাদ, অবসাদ, হতাশা, নিরাশা।

كَئِب، كَئِيب، مُكْتَئِب : বিষণ্ন, দুঃখপূর্ণ; বিষাদগ্রস্ত, অবসাদগ্রস্ত, নিরাশ, নিরুৎসাহ; মলিন।

مُكْتَئِب : গাঢ়, কালো, কালচে।

كَابُل : (আফগানিস্তানের রাজধানী) কাবুল।

كَابِين : (ফ) কেবিন। ব كَبَائِن، كَبَايِن

كَاثُولِيكِيّ : ক্যাথলিক, Catholic.

كَاخِيَة : খানসামা, নায়েব, গোমস্তা। ব كَوَاخٍ

كَأَدَ - َ : (كَأْد) দুঃখিত হওয়া, বিষণ্ন হওয়া।

تَكَأَّدَ، تَكَاءَدَ : দুঃখ দেওয়া, কষ্ট দেওয়া।

اِكْوَأَدَّ : কাঁপা।

كَأْدَاء : দুঃখ, বিষণ্নতা; ক্লেশ; ভয়; অন্ধকার রজনী।

كَؤُود : কঠিন, অলঙ্ঘনীয়, অনতিক্রম্য।

عَقَبَة كَأْدَاء، عَقَبَة كَؤُود : অনতিক্রম্য বাধা।

كُؤَدَاء : গভীর দীর্ঘশ্বাস।

كَادَر : (ফ) ক্যাডার, cadre; ইউনিট, Unit.

كَار : (ফা) কাজ, পেশা। ব كَارَات

اِبْن كَار : কারিগর, শিল্পী।

عَدَاوَة الكَار : পেশাগত শত্রুতা।

أَرْبَاب الكَارَات : পেশাজীবী শ্রেণী।

كَارْتُون : কার্ডবোর্ড, Card board; কার্টন, Carton, মোটা কাগজের বাক্স।

كَاز : (ফা) গ্যাস; পেট্রল।

كَاس : (স্ত্রী) পেয়ালা, পাত্র, পানপাত্র; গ্লাস; কাপ, Cup. ব كَاسَات، كِئَاس، أَكْوَاس، كُؤُوس

كَاف : "ك" বর্ণের নাম।

كَافُور : কর্পূর।

كَأَلَ - َ : (كَأْل، كَأْلَة، كُؤُول) ঋণের বিনিময়ে ক্রয় বা বিক্রয় করা।

اِكْوَأَلَّ : খাটো হওয়া, বৃদ্ধি বাধাপ্রাপ্ত হওয়া।

كَالُون : গ্যালন, gallon.

كَيْلُون : (দরজার) তালা। ব كَوَالِين

كَوَالِينِيّ : তালা নির্মাণ ও মেরামতকারী, তালাওয়ালা।

كَالُومْبَا : ভেষজ উদ্ভিদবিশেষ।

كَالُومِيل : পারদ গঠিত ঔষধবিশেষ।

كَامْبُودِيَا : কম্বোডিয়া, Combodia : দক্ষিণ-পূর্ব এশিয়ার একটি দেশ; রাজধানী নমপেন।

كَامِيرَا : ক্যামেরা, Camera.

كَأَنَ - َ : (كَأْن) শক্ত হওয়া।

كَأَنَّ : যেমন।

كَانَة : বল্টু, bolt.



www.pathagar.com

كَانْتِين : কেন্টিন (অফিস, কারখানা প্রভৃতি সংলগ্ন ভোজনাগার, Canteen.

كَبَّ ـُ : (كَبٌّ) উল্টানো; ঢালিয়া দেওয়া; সুতার গুলি বানানো।

كَبَّ لِوَجْهِهِ، كَبَّ عَلَى وَجْهِهِ : ভূমিসাৎ করা, ধরাশায়ী করা, অধোমুখে শায়িত করা।

كَبَّبَ : (تَكْبِيب) কাবাব বানানো; গোলাকার বানানো।

أَكَبَّ : (إِكْبَاب) উল্টাইয়া যাওয়া; ঢালিয়া দেওয়া।

~ عَلَى : ঝুঁকিয়া পড়া, আত্মনিয়োগ করা; মনস্থ করা।

أَكَبَّ عَلَى وَجْهِهِ : অধোমুখে শায়িত হওয়া বা করা।

تَكَبَّبَ : সঙ্কুচিত হওয়া; নিবিড় হওয়া; পড়িয়া যাওয়া; বস্ত্রাবৃত হওয়া।

كَنَفَ ـُ : (كَنْف) রক্ষা করা, সংরক্ষণ করা; আশ্রয় দেওয়া; বেড়া দেওয়া, বেষ্টন করা; বেষ্টনী নির্মাণ করা; সাহায্য করা।

~ عَنْ : ভিন্ন পথে গমন করা।

كَنَّفَ : (تَكْنِيف) বেড়া দেওয়া।

كَانَفَ، أَكْنَفَ : (إِكْنَاف، مُكَانَفَة) সাহায্য করা, আশ্রয় দেওয়া, রক্ষা করা।



www.pathagar.com

تَكَنَّفَ : বেষ্টন করা, আগলিয়ে রাখা।

اِكْتَنَفَ : (اِكْتِنَاف) বেষ্টন করা, বেড়া দেওয়া; বেষ্টনী নির্মাণ করা।

كِنْف : রাখালের ঝুলি।

كَنَف : ডানা, পার্শ্ব; ছায়া, আশ্রয়, তত্ত্বাবধান; ক্রোড়, বক্ষস্থল, মস্তক হইতে কোমর পর্যন্ত দেহাংশ। ব أَكْنَاف

فِى أَكْنَافِهِ : তাহার তত্ত্বাবধানে, ছত্রছায়ায়।

تَحْتَ كَنَفِهِ : তাহার আশ্রয়ে।

كَنَفَة : পার্শ্ব, প্রতিবেশিত্ব।

كُنَافَة : সেমাইজাতীয় খাদ্যবিশেষ। ব كُنَافَات

كُنَافَةُ الْبَحْرِ : শৈবাল বিশেষ।

كَنِيف : শৌচাগার, টয়লেট; বেষ্টনী, বেড়া; খোঁয়াড়; আশ্রয়স্থল। ব كُنُف

مُكَنَّف : ঘন, নিবিড়।

مُكَانَفَة : সাহায্য।

مُكْتَنَف : বেষ্টিত।

كَنَكَة : কফির কেটলি।

كَنْكَنَ : (كَنْكَنَة) ঘরে বসিয়া থাকা; নিশ্চিন্তে অবস্থান করা; আরামে থাকা; ঘেঁষাঘেঁষি করিয়া আরামে শুইয়া থাকা।

اَكْنَهَ : (اِكْنَاه) চরম সীমায় উপনীত হওয়া।

اِكْتَنَهَ : (اِكْتِنَاه) চরম সীমায় উপনীত হওয়া; পরীক্ষা করা, গভীরতা মাপা; সম্যকরূপে বোঝা।

اِسْتَكْنَهَ : (اِسْتِكْنَاه) তথ্যানুসন্ধান করা, আবিষ্কার করিতে চাওয়া; আবিষ্কার করা, বুঝা।

كُنْه : সার, সারাংশ, মৌল উপাদান, প্রকৃতি, সহজাত গুণ বা বৈশিষ্ট্য; অস্তিত্ব; বাস্তবতা, প্রকৃত অবস্থা; পরিমাণ; পদ্ধতি; চরম সীমা; গভীরতা; সুযোগ।

أَدْرَكَ كُنْهَهُ : (اِدْرَاك) গভীরে প্রবেশ করা।

يَعْرِفُ كُنْهَ الْمَعْرِفَةِ : এ সম্পর্কে সে সম্যক অবহিত।

فِى غَيْرِ كُنْهِهِ : অনুপযোগী, অবান্তর।

اِسْتِكْنَاه، اِكْتِنَاه : গভীরে প্রবেশ; সম্যক উপলব্ধি।

كَنَهْوَر : পুঞ্জীভূত মেঘ।

كَنَا ـُ ، كَنَى ـِ (كِنَايَة) ~ عَنْ ، بِ : ইঙ্গিত করা, পরোক্ষভাবে উল্লেখ করা।

كَنَى ـِ : (كُنْيَة) كَنَّى (تَكْنِيَة) أَكْنَى (اِكْنَاء) উপনাম দেওয়া, উপনামে ডাকা, গোত্রনামে অভিহিত করা।

تَكَنَّى، اِكْتَنَى : (اِكْتِنَاء) ~ উপনামে অভিহিত হওয়া, উপনামে পরিচিত হওয়া, কুনিয়াত ধারণ করা।

كُنْيَة، كُنْوَة : উপনাম, ডাকনাম, গোত্র-নাম, কুনিয়াত। ব كُنًى

كِنَايَة : ইঙ্গিত, পরোক্ষ উক্তি, পরোক্ষভাবে উল্লেখ; বাক্যালঙ্কার বিশেষ, লক্ষণ; (অল)।

كِنَايَةً ~ عَنْ : পরিবর্তে; অর্থাৎ।

بِالْكِنَايَة : পরোক্ষ; পরোক্ষে, আকারে-ইঙ্গিতে।

مُكَنًّى : উপনামযুক্ত, কুনিয়াতবিশিষ্ট।

مُكْنًى عَنْهُ : পরোক্ষ উল্লিখিত; আকারে-ইঙ্গিতে ব্যক্ত।

كَهِبَ ـَ (كَهَب)، كَهُبَ ـُ (كُهُوب) গাঢ় ধূসরবর্ণ হওয়া।

اَكْهَبَ : (اِكْهَاب) বিবর্ণ হওয়া।

كُهْبَة : গাঢ় ধূসর রং।

كَاهِب : (স্ত্রী كَاهِبَة) أَكْهَب (স্ত্রী كَهْبَاء) (ব كُهْب) গাঢ় ধূসর বর্ণ।

كَهَدَ ـَ : (كَهْد، كَهَدَان) (গাধা) দৌড়ানো, (গাধার) দৌড় শুরু করানো।

اَكْهَدَ : (اِكْهَاد) ক্লান্ত হওয়া; ক্লান্ত করা।

كَهْد : ক্লান্তি, ক্লেশ।

كَهُود الْيَدَيْنِ : দ্রুতগামী (গাধা)।

كَهَرَ ـَ : (كَهْر) বর্ধিত হওয়া, তীব্র হওয়া; ভর্ৎসনা করা; রূঢ় ব্যবহার করা; নিপীড়ন করা।

كَهْرَبَ : (كَهْرَبَة) বিদ্যুতায়িত করা, তড়িৎ সঞ্চালিত করা।



www.pathagar.com

تَكَهْرَبَ : বিদ্যুতায়িত হওয়া, তড়িৎ সঞ্চালিত হওয়া; বৈদ্যুতিক হওয়া।

كَهْرَب : ইলেক্ট্রন, electron, ব كَهَارِب

كَهْرَبَة : বিদ্যুতায়ন, তড়িৎ সঞ্চালন; বিদ্যুৎ।

كَهْرَبَا، كَهْرَبَاء : বিদ্যুৎ, তড়িৎ, বিজলি; তৈলস্ফটিক, অম্বর, amber.

الكَهْرَبَاء : (মি) ট্রলি, trolley.

كَهْرَبِيّ، كَهْرَبَانِيّ : বৈদ্যুতিক; বিদ্যুৎ-সংক্রান্ত; বিদ্যুৎ-মিস্ত্রি।

إِعْدَام كَهْرَبَانِي : তড়িৎ-প্রবাহের সাহায্যে প্রাণ বিনাশ।

~ تَحْلِيل : তড়িৎবিশ্লেষণ, electrolysis.

~ تَيَّار : তড়িৎপ্রবাহ।

~ دَافِع : তড়িৎচালক, electromotive.

~ سَالِب : বৈদ্যুতিক নিগেটিভ।

~ كَاشِف : যে যন্ত্রের সাহায্যে বিদ্যুতের অস্তিত্ব ও গুণাগুণ জানা যায়, electroscope.

~ مُحَرِّك : বৈদ্যুতিক মোটর, electromotor.

~ مِصْبَاح : বিজলি-বাতি।

~ مُوجِب : বৈদ্যুতিক পজিটিভ।

~ مُوَلِّد : তড়িৎ-উৎপাদক যন্ত্র, dynamo.

~ مُغْنَطِيس : তড়িৎ-চুম্বক, electromagnet.

~ نُور : বৈদ্যুতিক আলো।

كَهْرَبِيَّة، كَهْرَبَائِيَّة : বিদ্যুৎ, তড়িৎ, বিজলি; বিদ্যুৎ-বিজ্ঞান।

مُكَهْرَب : বিদ্যুতায়িত, তড়িৎ-সঞ্চালিত।

كَهْرَطِيس : তড়িৎ-চুম্বক।

كَهْرَطِيسِيَّة : তড়িৎ-চুম্বক-বিজ্ঞান।

كَهْرَكِمِيّ : তড়িৎপরিমাপক যন্ত্র, electrometer.

كَهْرَكِيمِيّ : তড়িৎ-রসায়ন-সম্বন্ধীয়; তড়িৎ-রসায়নবিদ।

كَهْرَمَان : তৈলস্ফটিক, অম্বর, amber; তিমি-মাছের অন্ত্রজাত সুগন্ধি দ্রব্যবিশেষ; বৃক্ষ নিষ্কাশিত আঠালো বস্তু।

اِكْتَهَفَ : (اِكْتِهَاف) গুহায় প্রবেশ করা।

كَهْف : গুহা, গর্ত; গুহাবাস। ব كُهُوف

الكَهْف। : পবিত্র কুরআনের অষ্টাদশ সূরার নাম, আয়াত সংখ্যা ১১০।

اصْحَاب الكَهْف : গুহানিবাসী সুপ্ত সপ্তক বক্তি। খ্রিস্টীয় তৃতীয় শতকে রোমান সম্রাট দাকিয়ানুসের নির্যাতন হইতে নিষ্কৃতির জন্য যে সাতজন একত্ববাদী লোক একটি পর্বতের গুহায় আশ্রয় গ্রহণ করিয়া সুদীর্ঘকাল নিদ্রামগ্ন ছিলেন। 'সূরাতুল- কাহ্ফ'-এ ইহাদের উল্লেখ রহিয়াছে।

كَهَلَ - كَهُلَ (كُهُولَة)، (كُهُول)، اِكْتَهَلَ (اِكْتِهَال) পরিণত বয়সে উপনীত হওয়া, মধ্যবয়সী হওয়া, প্রৌঢ় হওয়া।

كَاهَلَ (مُكَاهَلَة) : পরিণত বয়সে উপনীত হওয়া; বিবাহ করা।

تَكَهَّلَ : (চারা) বড় হওয়া।

كَهْل : মধ্যবয়সী, প্রৌঢ়, পরিণত বয়সের লোক। ব كُهْلَان، كُهُول، كِهَال، كُهَّال

كُهُولِيَّة، كُهُولَة : পরিণত বয়স, প্রৌঢ়ত্ব।

كَاهِل : পৃষ্ঠের উপরিভাগ, গ্রীবার সন্ধিস্থল; স্কন্ধমূল। ব كَوَاهِل

كَهُول : মাকড়সা।

كَهَمَ - (كَهْم) : ধ্বংস করা, নিঃশেষ করা।

كَهِمَ - كَهُمَ (كُهُوم، كَهَامَة) : ভোঁতা হওয়া; দুর্বল হওয়া।

اَكْهَمَ : (اِكْهَام) (দৃষ্টি) দুর্বল হওয়া।

كَهَام : ভোঁতা (তরবারি); শ্লথগতি (অশ্ব); অসমর্থ (জিহ্বা)।

~، كَهِيم : নিঃস্ব (ব্যক্তি)।

كَهَامَة : ধারহীনতা; দুর্বলতা।

كَهَنَ - (كَهَانَة)، تَكَهَّنَ : ভবিষ্যৎ বিষয় বলা, ভবিষ্যদ্বাণী করা, পূর্বাভাস দেওয়া।



www.pathagar.com

كَهَنَ ـُ : (كَهَانَة) গণক হওয়া; পাদরি হওয়া, পুরোহিত হওয়া।

كَهَّنَ : (تَكْهِيْن) পাদরি হওয়া, পুরোহিত হওয়া।

كِهَانَة : গণনা, ভাগ্য গণনা, ভবিষ্যদ্বাণী।

~, كَهْنُوت : পৌরহিত্য।

كَاهِن : গণক; পাদরি, পুরোহিত। ব كَهَنَة، كُهَّان

تَكَهُّن ভবিষ্যৎ কথন, পূর্বাভাস, পূর্বসংকেত; অনুমান।

مَكْهَن : গণকের আখড়া, পুরোহিতের আশ্রম।

مُتَكَهِّن : গণক, ভাগ্য গণনাকারী, ভবিষ্যদ্বক্তা।

كُهْنَة : ছিন্ন বস্ত্র, বস্ত্রখণ্ড; জীর্ণ, ছিন্ন।

كُهْنَجِيّ : ছিন্নবস্ত্র সংগ্রহ ও বিক্রয়কারী, ragman.

كَاهَى : (مُكَاهَاة) গৌরবের প্রতিযোগিতা করা।

أَكْهَى : (إِكْهَاء) ~ عَنْ বিরত হওয়া।

إِكْتَهَى :(إِكْتِهَاء) সম্মান করা।

كُوَّة، كَوّ : (ব كُوَّات) كُوَاة (ব كِوَاء، كُوًى) (كُوَّات) ছিদ্র, ছোট জানালা, ছাদে বসানো জানালা; উঁকি দেওয়ার ছিদ্র।

كَوَالِينِيّ : তালা নির্মাণ ও মেরামতকারী, তালাওয়ালা।

كَابَ ـُ : (كُوب)، إِكْتَابَ، (إِكْتِيَاب) পেয়ালা বা গ্লাস হইতে পান করা।

كَوَّبَ : (تَكْوِيْب) চূর্ণ করা।

كُوب : গ্লাস, পেয়ালা, কাপ, পানপাত্র। ব أَكْوُبٌ، أَكْوَاب

كُوبَا : কিউবা; মধ্য-আমেরিকার একটি দ্বীপ দেশ। রাজধানী-হাভানা।

كُوبَة : গ্লাস, পানপাত্র; মুষল; শতরঞ্জ, দাবা।

كَوْبَة : দীর্ঘশ্বাস।

كُوبْرِي : সেতু, পুল। (তু) ব كَبَارِي

كُوبَسْتَة : সিঁড়ির রেলিং।

كُوبُون : কূপন, coupon.

كُوبِنْهَاغ، كُوبِنْهَاجِن، كُوبِنْهَاج : কোপেনহেগেন; ডেনমার্কের রাজধানী।

كُوبِيَة، كُوبِيَا : অনুলিপি, প্রতিলিপি, কপি, copy.

الكُوَيت : কুয়েত; আরব উপদ্বীপের উত্তর-পূর্বে অবস্থিত পারস্যোপসাগরের তীরবর্তী ইরাক সীমান্ত সংলগ্ন একটি আরব দেশ। তাহার রাজধানী কুয়েত সিটি।

كَوَّثَ : (تَكْوِيْث) স্বল্পসংখ্যক পাতাবিশিষ্ট হওয়া।

كَوْث : চটিজুতা, স্লিপার, slipper.

كَوْثَة : উর্বরতা; প্রাচুর্য।

كُوثَة : ভালো ফসল।

كَوْثَر : প্রচুর, প্রাচুর্যপূর্ণ, বিপুল পরিমাণ।

الكَوْثَر : আল-কাওসার; বেহেশতের একটি নহর; আল-কুরআনের ১০৮ নং সূরার নাম, আয়াত সংখ্যা ৩।

كَوْثَل : জাহাজের পশ্চাদ্ভাগ।

كَاحَ ـُ : (كَوْح) كَوَّحَ (تَكْوِيْح) كَاوَحَ (مُكَاوَحَة) أَكَاحَ (إِكَاحَة) পরাভূত করা।

تَكَاوَحَ : ক্ষতি করা।

كَاح، كِيح : পাহাড়ের পাদদেশ। ব كُيُوح، أَكْيَاح

كُوخ، كَاخ : কুটির, কুঁড়েঘর; তাঁবু; ক্ষুদ্র কক্ষ। ব كِيخَان، أَكْوَاخ

كَاخِيَة : সচিব; পরিচারক। ব كَوَاخٍ

كَادَ ـُ : (كَوْد) থামানো, আটকানো।

~ ـَ : (مَكَادَة، مَكَاد، كَوْد) উপক্রম হওয়া, নিকটবর্তী হওয়া; ইচ্ছা করা, চাওয়া।

كَادَ يَفْعَلُ : সে প্রায় করিতেছিল, করিতে উদ্যত হইয়াছিল।

مَا كَادَ يَفْعَلُ : সে অতিকষ্টে করিয়াছে, না করিবার উপক্রম হইয়াছিল।

كَوَّدَ : স্তূপীকৃত করা, জমা করা।

إِكْوَادَّ : (إِكْوِيدَاد) কম্পিত হওয়া, কাঁপা।

بِالكَاد : প্রায়; কদাচিৎ; অতিকষ্টে, কোনমতে।

كَوْدَة : স্তূপ, রাশি। ব أَكْوَاد

كَوْدَة : কড়ি।

كَاذِيّ : বৃক্ষবিশেষ।



www.pathagar.com

كَارَ ـُ كَـوْر : (كَـوْر) মাথায় পেঁচানো; পিঠে বোঁচকা বহন করা।

كَوَّرَ : (تَـكْوِيْـر) পেঁচানো, মাথায় (পাগড়ি) বাঁধা; ঘুরাইয়া আনা; গোলাকার করা; বলের আকারবিশিষ্ট করা; বোঁচকা বাঁধা।

أَكَارَ : (إِكَارَة) عَلَى ~ ঘৃণা করা।

تَكَوَّرَ : গোলাকার হওয়া, বলের আকারবিশিষ্ট হওয়া; ঘুরিয়া আসা; পড়িয়া যাওয়া; পরাভূত হওয়া।

إِكْتَارَ : (إِكْتِـيَـار) পাগড়ি বাঁধা; প্রস্তুত হওয়া।

كَار : শস্য-বোঝাই জাহাজ; কাজ, পেশা। ব كَارَات

كَارَة : বান্ডিল, বোঁচকা। ব كَارَات

كَوْر : প্রকৃতি; মালপত্রের প্রাচুর্য।

~ : পাগড়ির পেঁচ; বড় ঝাঁক বা পাল। ব أَكْوَار

كُور : উষ্ট্র-জিন; কামারের হাপর; কামারের চুল্লী। ব كِيـرَان، أَكْوُر، أَكْوَار

كُورَة : (স্ত্রী) গ্রাম; ছোট শহর; জেলা; প্রদেশ; অঞ্চল; বল; কপাল। ব كُوَر

كُورِيَا : কোরিয়া; পূর্ব এশিয়ার একটি দেশ। বর্তমানে ইহা দুই ভাগে বিভক্ত। উত্তর কোরিয়া, রাজধানী পিয়ংইয়ং ও দক্ষিণ কোরিয়া, রাজধানী সিউল।

كُورِيّ : কোরীয়, কোরিয়ান।

كُوَّارَة، كُوَارَة : মৌচাক। ব كُوَّارَاتٌ

مِكْوَرَة، مِكْوَر : পাগড়ি।

كُـورَوِيّ، مُـكَـوَّر : গোলাকার, বলের আকৃতিবিশিষ্ট।

كُورَجَة : প্রচুর পরিমাণ, অধিক সংখ্যক। بِالْكُورَجَة প্রচুর পরিমাণে; অধিক সংখ্যায়; মোটের উপর, সর্বসাকুল্যে, পাইকারিভাবে।

كُورْدُون : (ফ) ফিতা।

كُورسِيَة : (ফ) মেয়েদের অন্তর্বাসবিশেষ, corset. ব كُورْسِيَات

كُورَنْتِينَا : নিরোধন, quarantine.

كَازَ ـُ كَـوْز : (كَـوْز) মগ হইতে পান করা; সংগ্রহ করা।

تَكَوَّزَ : জড়ো হওয়া, সমবেত হওয়া।

إِكْتَازَ : (إِكْتِـيَـاز) মগ ভরিয়া উঠানো বা পরিবেশন করা।

كُوز : (ফা) ক্ষুদ্র জগ, মগ, কুজা। ব كِيزَان، أَكْوَاز

كُوز الذُّرَة : (মি) ভুট্টার শিষ।

كَاسَ ـُ كَـوس : (كَـوس) (উট) তিন পায়ে হাঁটা; কুণ্ডলী পাকানো।

كَاسَ فِي السَّيْرِ : মন্থর গতিতে চলা।

~ فِي الْبَيْعِ : মূল্যহ্রাস করা।

أَكَاسَ : (إِكَاسَة) ভূমিসাৎ করা, পরাভূত করা।

تَكَوَّسَ : উল্টাইয়া যাওয়া, সম্পূর্ণ বিপর্যস্ত হওয়া।

تَكَاوَسَ : গুচ্ছবিশিষ্ট হওয়া; ঘন হওয়া।

إِكْتَاسَ : (إِكْتِيَاس) عَنْ ~ বাধা দেওয়া, বিরত করা।

كَاس : (ব كَاسَات) كَاس (ব كِئَاس، كُئُوس) পানপাত্র, পেয়ালা, কাপ, মদিরাপূর্ণ পাত্র।

كُوس : ক্ষুদ্র ঢাকবিশেষ, দামামা, তবলা; মাঢাম, bevel; সমকোণ পরিমাপক যন্ত্র, square. ব كُوسَات

كُوس النَّجَّار : মাঢাম, bevel.

كُوسَاة، كُوسَى، كُوسَا : লাউজাতীয় ফলবিশেষ; শসা।

كَوْسَاء : নিবিড়, ঘন (গাছপালা); স্তূপীকৃত (বালি)। ব كُوس

أَكْوَس : সুন্দরতর।

مِكْوَس : পাথর কাটিবার বাটালি। ব مَكَاوِس

كُوسَج : তরবারির মত ঠোঁটযুক্ত সামুদ্রিক মৎস্যবিশেষ, তলোয়ার মাছ, sword-fish; হাঙ্গর।

كَاشَ ـُ كَـوْش : (كَـوْش) فِي ~ অধ্যবসায়ী হওয়া, পরিশ্রমী হওয়া।

كَوَّشَ : (تَـكْوِيْـش) গঠন করা, সংগঠিত করা।



www.pathagar.com

كَوْشَة : অধ্যবসায়, পরিশ্রম।

كُوشَة : (চুনের) ভাটি; আরাম-কেদারাবিশেষ, সোফা। ব كُوَش

~, كَاشَة : সৈন্যদল, বাহিনী।

كَاع، كُوع : কবজির হাড়; কনুই; মোড়, বাঁক। ব كِيعَان، أَكْوَاع

كُوع الْمَاسُورَة : পাইপের বাঁক।

كَافَ - ُ : (كَوْف) (চামড়া) সেলাই করা।

كَوَّفَ : (تَكْوِيْف) (চামড়া) ছাঁটা, কাফ (ك) বর্ণ বানানো; কূফায় গমন করা।

تَكَوَّفَ : সমবেত হওয়া, একত্রিত হওয়া, চক্রাকারে দলবদ্ধ হওয়া।

كَاف : "ك" বর্ণের নাম।

الْكُوفَة : (ইরাকের) কূফা নগরী।

كُوفِيّ : কূফার অধিবাসী; কূফী লিপি।

الْكُوفِيُّون : কূফার ব্যাকরণবিদগণ; কূফার অধিবাসীবৃন্দ।

كُوفِيَّة : মাথায় পরিধানের রেশমি চাদরবিশেষ।

كَوْكَب : নক্ষত্র, তারকা, গ্রহ; নেতা। ব كَوَاكِب

كَوْكَب الأَرْض : কাচের ন্যায় পদার্থবিশেষ, talc.

الْكَوْكَب الأَرْضِيّ : পৃথিবী-গ্রহ, পৃথিবী।

كَوْكَب سِيْنَمَائِيّ : চিত্র-তারকা।

الْكَوَاكِب الثَّابِتَة : স্থির তারকা।

الْكَوَاكِب السَّيَّارَة : চলমান গ্রহ।

كَوْكَبَة : তারকা; তারকাপুঞ্জ; দল; সৈন্যদল।

كَوْكَبِيّ : তারকা-সম্বন্ধীয়, তারকার ন্যায়; নক্ষত্র জাগতিক।

تَكَوَّلَ : ভিড় করা।

إِنْكَالَ : (إِنْكِوَال) ~ عَلَى আক্রমণ করা; ধ্বংস করা।

كُولَان، كَوْلَان : প্রাচীনকালে কাগজ তৈরি করিবার খাগড়াজাতীয় উদ্ভিদবিশেষ, প্যাপিরাস, papyrus.

كُوَّل : (তাসের) বিধি।

كُولُمْبُو : (শ্রীলংকার রাজধানী) কলম্বো নগরী।

كُولُومْبِيَا : কলম্বিয়া; দক্ষিণ আমেরিকার একটি দেশ। রাজধানী বোগোটা।

كُولِيرا : ওলাওঠা, কলেরা, উদরাময়।

كُولِيس : (রঙ্গমঞ্চের) পার্শ্ব, পার্শ্ব-দৃশ্য। ব كَوَالِيس

كَوَّمَ : (تَكْوِيْم) স্তূপীকৃত করা, রাশিকৃত করা।

تَكَوَّمَ : স্তূপীকৃত হওয়া, রাশিকৃত হওয়া; ধসিয়া পড়া।

كَوْم : স্তূপ, রাশি, ক্ষুদ্র পাহাড়। ব أَكْوَام

بِالْكَوْم : রাশি রাশি, প্রচুর পরিমাণে।

كُوم : উষ্ট্রপাল। ব أَكْوَام

كُومَة : স্তূপ, রাশি। ব أَكْوَام، كُوَم، كُومَات

أَكْوَم : উচ্চ, উদ্গাত; বৃহৎকুব্জ (উষ্ট্র)। স্ত্রী كَوْمَاء ব كُوم

كَانَ - ُ : (كَيْنُونَة، كِيَان، كَوْن) হওয়া, থাকা, ঘটা; ছিল।

صَارَ إِلَى كَانَ : সে অতীত হইয়া গিয়াছে, মরিয়া গিয়াছে।

أَيُّ مَنْ كَانَ : যেই হউক; যাহাকেই হউক।

كَمَا لَوْ كَانَ هُنَا : যেন সে এইখানেই ছিল।

كَانَ : (كِيَان، كَوْن) ~ عَلَى জামিন হওয়া।

كَوَّنَ : (تَكْوِيْن) করা; সৃষ্টি করা, গঠন করা, রচনা করা, নির্মাণ করা, উৎপাদন করা।

تَكَوَّنَ : সৃষ্টি হওয়া; গঠিত হওয়া, নির্মিত হওয়া, রচিত হওয়া; উৎপন্ন হওয়া; অস্তিত্বপ্রাপ্ত হওয়া।

إِسْتَكَانَ : (إِسْتِكَانَة) নতি স্বীকার করা, বশীভূত হওয়া, নত হওয়া, নিচ হওয়া, বিনয়ী হওয়া।

~ إِلَى : আত্মসমর্পণ করা।

كَوْن : সৃষ্টি; অস্তিত্ব, উৎপত্তি; ঘটনা; অবস্থা। ব أَكْوَان

لِكَوْنِ : কারণে, জন্য।

مَعَ كَوْنِ : যদিও, সত্ত্বেও।

الْكَوْن : সৃষ্টিজগৎ, নিখিল সৃষ্টি, বিশ্ব।



www.pathagar.com

كَوْنِيّ : জাগতিক।

كِيَان : অস্তিত্ব; সারাংশ; অবস্থা; প্রকৃতি।

كِيَانَة : জামানত।

كَيْنُونَة : অস্তিত্ব, বিদ্যমানতা।

كَائِن : বিদ্যমান, অস্তিত্বময়, অবস্থিত; সংঘটিত, সৃষ্ট।

~ : বস্তু, সৃষ্টি, সত্তা। ব كَائِنَات

الكَائِن المُطْلَق : চিরন্তন সত্তা, চিরবিদ্যমান, আল্লাহ।

الكَائِنَات : সৃষ্টিজগৎ, বস্তুজগৎ।

إِسْتِكَانَة : বশ্যতা, বশবর্তিতা, আত্মসমর্পণ, অবসাদ।

تَكَوُّن : জন্ম, উদ্ভব, উৎপত্তি, উত্থান।

تَكْوِين : সৃষ্টি, গঠন, রচনা, নির্মাণ।

جَمِيل التَّكْوِين : সুগঠিত, সুঠাম।

سِفْر ~ : ওল্ড টেস্টামেন্টের প্রথম পুস্তক, The book of Genesis.

مَكَان : স্থান; আসন; অবস্থান; মর্যাদা; গুরুত্ব, উপস্থিতি; অবস্থা, পরিস্থিতি। ব أَمَاكِن، أَمْكِنَة

مَكَانَ : স্থলে, পরিবর্তে।

مَكَانَهُ : ঘটনাস্থলে, তৎক্ষণাৎ।

مَكَانَك : থাম! দাঁড়াও!

أَخْلَى مَكَانًا : (إِخْلَاء) জায়গা করিয়া দেওয়া।

مَكَان الحَادِث : ঘটনাস্থল।

ظَرْف المَكَان : আধারাধিকরণ (ব্যা)।

مَكَانَة : স্থান; অবস্থান; মর্যাদা; ক্ষমতা। ব مَكَانَات

مَكَانَة الصَّدْر : প্রথম স্থান, অগ্রাধিকার।

مَكَانِيّ : স্থান-সংক্রান্ত; স্থানীয়।

مُكَوِّن : সৃষ্টিকর্তা; গঠনকারী, রচনাকারী, প্রস্তুতকারী।

مُكَوَّن : সৃষ্ট; গঠিত; রচিত; প্রস্তুত; উৎপাদিত।

مُسْتَكِين : বশীভূত, নত, নিচ, নম্র, বিনীত; আত্মসমর্পণকারী।

كُونْتْرَاتُو : (ইত) চুক্তি, contract.

كَوِهَ : ـَ (كَوَه) বিস্মিত হওয়া।

تَكَوَّهَ : ~ عَلَى চাপ সৃষ্টি করা।

كَوَى : ـِ (كَيّ) পোড়ানো, দগ্ধ করা, উত্তপ্ত লৌহ দ্বারা পোড়ানো বা দাগ দেওয়া, দংশন করা, কামড় দেওয়া; (কাপড়) ইস্তিরি করা।

كَاوَى : (مُكَاوَيَة) অপমান করা।

تَكَوَّى : তীব্র ব্যথা অনুভব করা।

إِكْتَوَى : (إِكْتِوَاء) দগ্ধ হওয়া; (কাপড়) ইস্তিরিকৃত হওয়া।

كَوِيّ، كَيّ : দাহন, তপ্ত লৌহ দ্বারা দগ্ধকরণ বা দাগানো; ইস্তিরিকরণ।

~، كَيَّة : পোড়া ক্ষত; দাগ।

الكَيّ الكَهْرَبَائِي : বৈদ্যুতিক সেক, diathermy.

كَوَّاء : কুৎসাকারী; অপমানজনক; (কাপড়) ইস্তিরিকারী। স্ত্রী كَوَّايَة

كَاوٍ : দগ্ধকারক; দাহজনক; তীব্র।

مِكْوًى، مِكْوَاة : দাগ দিবার উত্তপ্ত লৌহ; শৈল্য চিকিৎসায় ব্যবহার করিবার জন্য উত্তপ্ত লৌহ, ইস্তিরি। ব مَكَاوٍ

مِكْوَاة الشَّعْر : চুল কোঁকড়া করিবার যন্ত্র।

~ لِحَام : ঝালাই করিবার লৌহদণ্ড।

مُكْتَوٍ، مَكْوِيّ : ইস্তিরিকৃত (কাপড়); দগ্ধ; তপ্ত লৌহ দ্বারা দাগ দেওয়া হইয়াছে এমন।

كُوَيِّس : বেশ বেশ! চমৎকার! উত্তম!

كُوَيْلَة : কীলক, খিল, পেরেক।

لِكَيْمَا، كَيْمَا، لِكَيْ، كَيْ : যাহাতে।

لِكَيْلَا، كَيْلَا : যাহাতে না।

كَيَّتَ : (تَكْيِيت) ঠাসিয়া ভরা।

كَيْتَ وَكَيْتَ : ইত্যাদি ইত্যাদি, এমন এমন, এইরূপ এইরূপ।

كَاحَ : ـِ (كَيْح) প্রবিষ্ট হওয়া।

أَكَاحَ : (إِكَاحَة) ধ্বংস হওয়া; প্রবিষ্ট হওয়া।



www.pathagar.com

كَادَ - : (كَيْدٌ) ধোঁকা দেওয়া; প্রতারিত করা; ছল করা, কৌশল করা; ফন্দি করা; বমি করা; উদ্যোগী হওয়া; সচেষ্ট হওয়া; ষড়যন্ত্র করা; বিরক্ত করা, রাগান্বিত করা।

كَيَّدَ : (تَكْيِيْدٌ) একগুঁয়ে হওয়া; বিদ্বেষপূর্ণ হওয়া।

كَايَدَ : (مُكَايَدَةٌ) ধোঁকা দেওয়া, প্রতারিত করা; বিরক্ত করা; রাগান্বিত করা; ফাঁদে ফেলা।

تَكَايَدَ : ফাঁদ পাতা।

إِكْتَادَ : (إِكْتِيَادٌ) ফাঁদে পড়া।

كَيْدٌ : (ব كِيَادٌ) (كُيُوْدٌ ، مَكِيْدَةٌ ব مَكَائِدُ) কৌশল, ছল, ফন্দি; ধোঁকা, প্রতারণা, ষড়যন্ত্র।

~ : ক্রোধ; বিরক্তি; বিদ্বেষ; যুদ্ধ; বমি।

كَيْدِيٌّ : বিরক্তিকর।

كَارَ - : (كَيْرٌ) লেজ তুলিয়া দৌড়ানো।

كِيرٌ : كِيرَةٌ কামারের হাপর। ব كِيرَانٌ، أَكْيَارٌ

كَاسَ - : (كَيْسٌ، كِيَاسَةٌ) বুদ্ধিমান হওয়া, চতুর হওয়া; সুন্দর হওয়া, কমনীয় হওয়া, সুশ্রী হওয়া, আকর্ষণীয় হওয়া, প্রতারিত করা।

كَيَّسَ : (تَكْيِيْسٌ) চতুর করা, চালাক বানানো; বুদ্ধিমান বানানো; সুশ্রী করা; মার্জিত করা; নির্মল করা; ঝুলিতে ঢুকাইয়া লওয়া।

كَايَسَ : (مُكَايَسَةٌ) বিচক্ষণতার প্রতিযোগিতা করা।

تَكَيَّسَ : বুদ্ধিমান সাজা; বিজ্ঞতার ভান করা; চালাকি দেখানো।

كَيْسٌ، كِيَاسَةٌ : বুদ্ধিমত্তা, বিচক্ষণতা, চাতুর্য, সৌন্দর্য, কমনীয়তা। ব كُيُوْسٌ

كِيسٌ : كِيسَةٌ থলি, ঝুলি, কোষ; বস্তা; (বালিশ, তোশক ইত্যাদির) খোল। ব أَكْيَاسٌ، كِيَسَةٌ

كِيسُ الصَّفْرَاءِ : পিত্তকোষ।

عَلَى كِيسِهِ : তাহার নিজ খরচে।

كَيِّسٌ، كَيْسٌ : বুদ্ধিমান, চতুর; বিজ্ঞ, বিচক্ষণ; দক্ষ, সুন্দর, চমৎকার, কমনীয়, সুশ্রী; আকর্ষণীয়। ব أَكْيَاسٌ

كَيْسَانُ : প্রতারণা, ধোঁকা।

الْكَيْسَانِيَّةُ : কূফার একটি প্রাচীন শিয়া গোত্র।

أَكْيَسُ : অধিকতর দক্ষ বা চতুর; বিজ্ঞতর; সুন্দরতর। স্ত্রী كِيسَى ব كُوسَى

أَكْوَسُ : সুন্দরতর।

مُكَيِّسَاتِيٌّ، مُكَيِّسٌ : পরিচারক, চাকর।

مُكَيَّسٌ : বুদ্ধিমান, চতুর, বিচক্ষণ।

كَاصَ - : (كَيْصٌ، كَيَصَانٌ، كُيُوصٌ) দ্রুত চলা।

~ عَنْ : বাধাপ্রাপ্ত হওয়া, নিবৃত্ত হওয়া।

كَاصَ الطَّعَامَ : একাকী খাওয়া; অধিক খাওয়া।

كَيْصٌ : লোভ; নীচতা।

كَاعَ - : (كَيْعٌ، كَيْعُوعَةٌ) ~ عَنْ বাধাপ্রাপ্ত হওয়া, নিবৃত্ত হওয়া।

كَيَّعَ : (تَكْيِيْعٌ) বিরক্ত করা, ক্লান্ত করা, হয়রান করা।

كَاعٌ، كَائِعٌ : দুর্বলচিত্ত, ভীরু।

كَافَ - : (كَيْفٌ) কর্তন করা।

كَيَّفَ : (تَكْيِيْفٌ) আকৃতি প্রদান করা, রূপ দেওয়া; খাপ খাওয়ানো, উপযোগী করা, ঠিক করা; উল্লসিত করা, আনন্দিত করা, প্রফুল্ল করা; বিমোহিত করা।

تَكَيَّفَ : আকৃতি গ্রহণ করা, আকার ধারণ করা, রূপলাভ করা; গঠিত হওয়া; খাপ খাওয়া; ঠিক হওয়া, উপযোগী হওয়া; প্রফুল্ল হওয়া, উল্লসিত হওয়া; আনন্দিত হওয়া; আনন্দ করা, উল্লাস করা।

كَيْفٌ : অবস্থা, মনোভাব; মেযাজ, প্রকৃতি; আনন্দ; উপভোগ; উল্লাস, প্রফুল্লতা; ইচ্ছা, মনোবাঞ্ছা; খেয়াল, পছন্দ।

بِلاَ كَيْفٍ : অনির্বচনীয়।

عَلَى كَيْفِكَ : তোমার ইচ্ছানুযায়ী, তুমি যেমন চাও, তুমি যাহা ভাল মনে কর।

لَيْسَ لَهُ كَيْفٌ : অবিন্যস্ত, এলোমেলো; বিষণ্ন।

كَيْفَ : (একটি প্রশ্নসূচক অব্যয়) কিভাবে? কিরূপে? কেমন? কেমন করিয়া? যেমন, যেহেতু।



www.pathagar.com

كَيْفَ لاَ : কেন নয়?

كَيْفَمَا : যেভাবেই; যে অবস্থায়ই; যেমন, যেহেতু।

كَيْفَمَا كَانَ : যেভাবেই হউক, যে অবস্থায়ই হউক।

كَيْفِيّ : খেয়ালী; স্বেচ্ছাচারী; স্বেচ্ছামূলক; গুণ-সম্বন্ধীয়।

كَيْفِيَّة : অবস্থা, গুণ; প্রকার, ধরন; আকৃতি; প্রকৃতি, বৈশিষ্ট্য। ব كَيْفِيَّات

كِيفَة : বস্ত্রখণ্ড। ব كِيَف

تَكَيُّف : সামঞ্জস্য, সমন্বয়, মিল, উপযোগিতা।

تَكْيِيف : গঠন, আকৃতিপ্রদান, সমন্বয়সাধন, মিলসাধন, সামঞ্জস্যবিধান; ঠিককরণ, উপযোগীকরণ; নিয়ন্ত্রণ।

تَكْيِيف الهَوَاء : শীতাতপ নিয়ন্ত্রণ, এয়ারকন্ডিশনিং, air-conditioning.

مُكَيَّف الهَوَاء، مَكَيَّف শীতাতপ-নিয়ন্ত্রিত, air-conditioned.

مُكَيِّفَة الهَوَاء، مُكَيِّفَة : শীতাতপ নিয়ন্ত্রক, এয়ার কন্ডিশনার, air-conditioner.

مُكَيِّفَات : নেশাকারক, নিদ্রাকারক, চৈতন্য লোপকারী ঔষধ।

كَيْكَة : ডিম। ব كَيَاكِي

كَالَ - : (مَكِيل، مَكَال، كَيْل) মাপা, ওজন করা, পরিমাপ করা, তুলনা করা।

كَيَّلَ : (تَكْيِيل) মাপা, পরিমাণ করা।

كَايَلَ : (مُكَايَلَة) অনুরূপ প্রতিদান দেওয়া; মাপিয়া দেওয়া।

تَكَايَلَ ; পরস্পর ঝগড়া করা; একত্রে ভাগ করিয়া লওয়া।

اِكْتَالَ : (اِكْتِيَال) মাপা শস্য গ্রহণ করা।

كَيْل : খাদ্যশস্যের মাপ, পরিমাপ, পরিমাণ। ব أكْيَال

كَيْلَة : শস্যের পরিমাণবিশেষ; মাপিবার পাত্র। ব كَيْلاَت

مَكِيل، كَيْلِيّ : মাপ করা যায় এমন, পরিমেয়।

كَيُّول، كَيِّل : বর্জিতাংশ, আবর্জনা।

كَيَّال : যে মাপে, শস্য পরিমাপকারী, কয়াল।

كِيَالَة : মাপ, পরিমাপ; কয়ালের পারিশ্রমিক।

مِكْيَال (ব مَكَايِيل) مِكْيَلَة، مِكْيَل (ব مَكَايِل) : মাপ; শুষ্ক দ্রব্যের পরিমাণবিশেষ।

كِيلاَر : ভূগর্ভস্থ ভাঁড়ার ঘর।

كِيلُوغْرَام، كِيلُو : এক হাজার গ্রাম, কিলোগ্রাম।

كِيلُوسِكْل কিলোসাইকেল, kilocycle.

كِيلُومِتْر : এক হাজার মিটার, কিলোমিটার।

كِيلُووَاط : কিলোওয়াট, kilowatt.

كِيلُون : তালা।

كِيمِيَاء : রসায়ন, অপরসায়ন, কিমিয়া; স্পর্শমণি।

عِلْم الكِيمِيَاء، الكِيمِيَاء : রসায়ন-শাস্ত্র।

الكِيمِيَاء الإحْيَائِيَّة، الكِيمِيَاء الحَيَوِيَّة : জৈব-রসায়ন।

كِيمِيّ : রাসায়নিক।

كِيمَاوِيّ، كِيمِيَائِيّ : রসায়নজ্ঞ, রসায়নবিদ; কেমিস্ট; রাসায়নিক।

مُرَكَّبَات كِيمَاوِيَّة، كِيمَاوِيَّات : রাসায়নিক যৌগ দ্রব্য।

كَانَ - : (كَيْن) اِسْتَكَانَ (اِسْتِكَانَة) নত হওয়া, আত্মসমর্পণ করা।

أكَانَ : (إكَانَة) নত করা, আত্মসমর্পণ করানো।

اِكْتَانَ : (اِكْتِيَان) দুঃখিত হওয়া।

اِسْتِكَانَة، كَيْن : নতি, বশ্যতা, আত্মসমর্পণ।

كِينِين، كِينَا : কুইনাইন, quinine.

كِينَة : অবস্থা; প্রতিকূল পরিস্থিতি।

كِنَار : প্রান্ত, পার্শ্ব।

كَاهَ - : (كَيْه) শ্বাস গ্রহণ করা।

كَيِّه : অদক্ষ, আনাড়ি।

كَيْهَك : কিবতী বৎসরের চতুর্থ মাস।

كَيْوَان : শনিগ্রহ, Saturn.



www.pathagar.com

# ل



ل : লাম, আরবী বর্ণমালার ২৩ তম হরফ। সংখ্যামান ৩০।

لَ : নিশ্চয়ই, অবশ্যই, প্রকৃতই।

لَعَمْرُكَ : তোমার জীবনের শপথ।

لِ : জন্য, পক্ষে, কারণে, উদ্দেশ্যে; সময়ে।

لِأَجْلِ : কারণে, জন্যে।

لِأَنْ : যাহাতে।

لِأَنَّ : কেননা, যেহেতু, কারণ।

لِئَلَّا : যাহাতে না, পাছে না।

لِذٰلِكَ : সেই কারণে, অতএব।

لِكَيْ، لِكَيْمَا : যাহাতে।

لِمَ، لِمَاذَا : কেন? কি কারণে?

لِهٰذَا : এই জন্য, এই কারণে, অতএব, তাই।

لَا : না, নহে, নাই।

لَا بُدَّ مِنْهُ : অনিবার্য, অপরিহার্য।

لَا جَرَمَ : নিশ্চয়ই।

لَا سِيَّمَا : বিশেষ করিয়া, বিশেষত।

لَا شَكَّ : নিঃসন্দেহে।

لَا أُبَالِيَّة : উপেক্ষা স্বভাব।

لَا أَدْرِيَّة : অজ্ঞেয়বাদ, অজ্ঞতাবাদ।

لَا إِرَادِيّ : স্বেচ্ছায় নয় এমন, অনিচ্ছাকৃত।

لَا أَنَانِيَّة : নিঃস্বার্থতা, নিঃস্বার্থপরতা।

لَا دِينِيّ : ধর্মহীন।

لَا دِينِيَّة : ধর্মহীনতা, নাস্তিকতা।

لَا سِلْكِيّ : বেতার।

لَا شَيْئِيَّة : অস্তিত্বহীনতার মতবাদ, nihilism; নৈরাজ্যবাদ, শূন্যতাবাদ।

لَا مَرْكَزِيَّة : বিকেন্দ্রীকরণ।

لَا مَسْئُولِيَّة : দায়িত্বহীনতা।

اللَّات : পৌত্তলিক আরবদের একটি দেবতার নাম।

لَاتِينِيّ : ল্যাটিন, latin.

اللَّاتِينِيَّة : ল্যাটিন ভাষা।

لَازَوَرْد، لَازُوَرْد : আকাশি রঙ, সুন্দর নীল রঙ।

لَازُوَرْدِيّ: আকাশের ন্যায় নীল।

لَأَطَ – َ : (لأط) দুঃখ দেওয়া, পরিত্যাগ করা।

لَأَفَ – َ : (لأف) মানানসইভাবে খাওয়া।

لَئَكَ – َ : (لَئْك) প্রেরণ করা।

أَلْأَكَ : (إِلْئَاك) প্রেরণ করা, দূত পাঠানো।

مَأْلَكَة، مَأْلَك : বার্তা, মিশন।

مَلَك، مَلَاك، ~ : ফেরেশতা, দূত, বার্তাবাহক। ব مَلَائِكَة، مَلَائِك

لَأْلَأَ، تَلَأْلَأَ (لَأْلَأَة، تَلَأْلُؤ) : চকচক করা, জ্বলজ্বল করা, উজ্জ্বল হওয়া, ঝলকাইয়া উঠা; বিকীর্ণ হওয়া।

لَأْلَأَة : চাকচিক্য, ঔজ্জ্বল্য, ঝলকানি, বিকীরণ।

لَأْء : চাকচিক্য, চমক; আলোময়, নির্ভেজাল আনন্দ, উল্লাস; মুক্তা-ব্যবসায়ী।

لُؤْلُؤ، لُؤْلُؤَة : মুক্তা। ব لَآلِئ

زَهْر اللُّؤْلُؤ : তারাফুল, ডেজিফুল, daisy.

شَرْق ~ : ঝিনুক।

صَدَفَة اللُّؤْلُؤ، مَحَارَة : মুক্তা ঝিনুক।

لُؤْلُؤِيّ : মুক্তার ন্যায়, মুক্তাবর্ণ।

لَئَّال : মুক্তা-ব্যবসায়ী।

لِئَالَة : মুক্তা বসানোর কাজ।

تَلَأْلُؤ : ঔজ্জ্বল্য, চাকচিক্য।

مُتَلَأْلِئ : চকচকে, জ্বলজ্বল; উজ্জ্বল; বিকীর্ণ।



www.pathagar.com

لأَمَ : ـَ (لأم) পট্টি বাঁধা, ব্যান্ডেজ করা, মেরামত করা, জোড়া দেওয়া, ঝালাই করা; (তীর) পালকসজ্জিত করা।

لَؤُمَ : ـُ (مَـلأَمَـة، لآمَـة، لُـؤْم) নীচ হওয়া, হীন হওয়া, নিকৃষ্ট হওয়া; দুষ্ট হওয়া; খারাপ হওয়া, অসভ্য হওয়া, নীচ বংশীয় হওয়া।

لاءَمَ : (مُلاَئَـمَـة) অনুকূল হওয়া, উপযোগী হওয়া, খাপ খাওয়া; একমত হওয়া। ব لِئَامٌ، لُؤَمَاء

~ بَيْنَ : শান্তি স্থাপন করা, মিল সাধন করা, বিরোধ মীমাংসা করা; সমন্বয় সাধন করা, সামঞ্জস্য বিধান করা।

ألأَمَ : (إِلْئَام) হীন আচরণ করা।

تَلاَءَمَ : সংশোধিত হওয়া, ঠিক হওয়া, মেরামতকৃত হওয়া, জোড়া লাগা; মিলিত হওয়া, একত্রিত হওয়া; একীভূত হওয়া; দৃঢ়ভাবে সংযুক্ত হওয়া, খাপ খাওয়া, ফিট করা; (ক্ষত) সারিয়া যাওয়া; (সভা) অনুষ্ঠিত হওয়া।

إِسْتَلْأَمَ : (إِسْتِلْئَام) বর্ম পরিধান করা; নীচ বংশে বিবাহ করা।

لأْم : পট্টিবাঁধন, ব্যান্ডেজকরণ; সংযুক্তি, মেরামত।

لأْمَة : বুক ও পিঠ ঢাকিবার বর্মবিশেষ। ব لأْم، لُؤَم

لِئْم : মিল, ঐকমত্য, শান্তি।

~ : অনুরূপ, ন্যায়। ব لِئَام، ألآم

لُؤْم : হীনতা, নীচতা; কার্পণ্য; লোভ।

لُؤَام : অভাব, প্রয়োজন, প্রয়োজনীয় জিনিস।

لَئِيم : হীন, নীচ, ইতর, নিকৃষ্ট, নীচবংশীয়; দুষ্ট, খারাপ, নোংরা; কৃপণ; ধোঁকাবাজ, প্রতারক। ব لِئَامٌ، ألآم

مُلاَئِم : অনুকূল, উপযোগী, যথাযথ, মানানসই, সামঞ্জস্যশীল।

مُلاَءَمَة : উপযোগিতা, যথার্থতা, সামঞ্জস্য, আনুকূল্য; মিল, ঐকমত্য।

مُلْتَئِم : একত্রিত, মিলিত, সমবেত; ঐক্যবদ্ধ, একীভূত; মেরামতকৃত; সারিয়া গিয়াছে এমন (ক্ষত); জোড়া লাগিয়াছে এমন; অনুষ্ঠিত।

لاَمَّة، لاَمَا : প্রাণিবিশেষ।

لاَنْش : লঞ্চ, launch.

لاَهُوت : উপাস্য, মা'বুদ, আল্লাহ, ইলাহ।

اللاَّهُوتِيَّة، عِلْمُ اللاَّهُوت : আল্লাহ তত্ত্বশাস্ত্র, ইলমুত্‌তাওহীদ, ইল্‌মুল-কালাম।

لاَهُوتِيّ : আল্লাহ তত্ত্ববিদ, আল্লাহ তত্ত্বশাস্ত্রবিদ; আল্লাহ তত্ত্বশাস্ত্রীয়।

لاَهُور : লাহোর; পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের রাজধানী।

لأْوَاء : কষ্ট।

لأَى : ـَ (لأْي) মন্থর হওয়া।

ألأَى : (إِلْئَاء) কষ্টে পতিত হওয়া, দুর্দশাগ্রস্ত হওয়া।

إِلْتَأَى : (إِلْتِئَاء) মন্থর হওয়া; দুর্দশাপীড়িত হওয়া।

لأْى، لأْي : ক্লেশ, কষ্ট, দুর্দশা; মন্থরতা।

بَعْدَ لأْي : অনেক অসুবিধার পর, অবশেষে, পরিশেষে, সর্বশেষে।

لَبَّ : ـُ (لَبّ) থামা, অবস্থান করা, বাস করা; বক্ষে আঘাত করা; খোসা ছাড়ানো, শাঁস বাহির করা।

~ : ـَ (لَبَب) ـُ لَبّ، (لَبَابَة) বুদ্ধিমান হওয়া, বুদ্ধিসম্পন্ন হওয়া; সদয় হওয়া, হৃদয়বান হওয়া।

~ : অধিক কথা বলা।

لَبَّبَ : শাঁসযুক্ত হওয়া, পরিপক্ব হওয়া, পোক্ত হওয়া, বক্ষে আঘাত করা।

ألَبَّ : (إِلْبَاب) ঘটিয়া যাওয়া, ফল বাহির হওয়া।

تَلَبَّبَ : ~ لِ প্রস্তুত হওয়া।

لَبّ : বাঁকানো।

لُبّ : শাঁস, মজ্জা; মধ্যভাগ, সারাংশ; শ্রেষ্ঠাংশ। ব لُبَاب، لُبُوب

~ : বুদ্ধি; হৃদয়, মন, অন্তর। ব أَلْبَاب

لَبَّة : বক্ষের উপরিভাগ, গলদেশ; শিশুখাদ্য। ব لَبَّات

لِبَّة : সোনার হার।

لَبَب : বক্ষের উপরিভাগ, গলদেশ; (অশ্বের) পেটি; ভূমিতে ছড়ানো বালুকণা। ব أَلْبَاب



www.pathagar.com

لَبَاب : সামান্য পরিমাণ পশুখাদ্য।

لَبِيب : مَلْبُوب বুদ্ধিমান, বুদ্ধিসম্পন্ন, জ্ঞানী। ব أَلِبَّاء

تَلْبِيب : কলার, Collar. ব تَلَابِيب

أَخَذَ بِتَلَابِيبِه : কলার ধরা, নাকাল করা।

لَبَا - َ : (لَبْأ) প্রথমবারের মত (ভেড়ী) দোহন করা।

إِلْتَبَا، إِسْتَلْبَا : (إِلْتِبَاء، إِسْتِلْبَاء) (মেষশাবক) মায়ের দুধ চুষিয়া খাওয়া।

لَبُؤٌ، لَبُواتٌ ব। লَبُوَة، لَبُؤَة، لَبَاة : সিংহী।

لَبْتَة : মৎস্যবিশেষ, carp. ব لَبْت

لَبِثَ - َ : (لُبْث، لَبْث، لُبَاث، لَبَث) تَلَبَّثَ ~ بِ বাস করা, অবস্থান করা, থাকা; দেরি করা, অপেক্ষা করা।

مَا لَبِثَ أَنْ فَعَلَ : করিতে বিলম্ব না করা, অপেক্ষা না করা, অবিলম্বে করা।

لَبَّثَ، أَلْبَثَ : (إِلْبَاث، تَلْبِيث) দেরি করানো।

إِسْتَلْبَثَ : (إِسْتِلْبَاث) মন্থর পাওয়া।

لَبْث، لُبْث، لَبَث، لَبَاث : দেরি, বিলম্ব, অপেক্ষা; অবস্থান।

لَبِث، لَابِث : বিলম্বকারী, অপেক্ষাকারী; অবস্থানকারী।

لُبْثَة : ক্ষণকালীন বিলম্ব, সংক্ষিপ্ত অবস্থান; ক্ষণস্থায়ী অপেক্ষা; স্বল্পকালীন বিরতি।

لَبِيثَة : পাঁচমিশালী দল। ব لَبَائِث

لَبِحَ - َ : (لَبْح) لَبَّحَ (تَلْبِيح) أَلْبَحَ (إِلْبَاح) বৃদ্ধ হওয়া।

لَبِح : জরাগ্রস্ত বৃদ্ধ লোক।

لَبَخَ - َ : (لَبْخ) প্রহার করা, আঘাত করা, চড় মারা।

~ : (لُبُوخ) (দেহ) মাংসল হওয়া।

لَبَّخَ : (تَلْبِيخ) আঘাত করিয়া বিবর্ণ করা; প্রলেপ লাগানো।

لَابَخَ : (مُلَابَخَة) মুখমণ্ডলে চড় মারা।

تَلَبَّخَ : সুগন্ধি মাখা; আঘাতে বিবর্ণ হওয়া।

لَبْخَة : প্রলেপ। ব لَبَخَات

لَبَخ : বাবলাজাতীয় মিসরীয় গাছবিশেষ।

لَبِيخ : মাংসল, স্থূলদেহী।

لَبِيخَة : মৃগনাভির কোষ।

لَبَدَ - ُ : (لُبُود) ~ بِ লাগিয়া থাকা; বাস করা, অবস্থান করা; মাটিতে উবু হইয়া বসা।

~ - - : (لَبْد) উত্তাপের দ্বারা (পশম) জমাট করা।

لَبِدَ - َ : (لَبَد) বাস করা।

لَبَّدَ : (تَلْبِيد) লাগাইয়া রাখা, সংযুক্ত করা, লাগিয়া থাকা; উত্তাপের দ্বারা (পশম) জমাট করা; জট পাকানো; পূর্ণ করা; (মাটি) দুরমুশ করা।

أَلْبَدَ : (إِلْبَاد) তালি দেওয়া, মেরামত করা, নুটি পাকানো, Roll into a ball. নরম পশম গজানো।

~ بِ : দৃঢ়ভাবে লাগিয়া থাকা; সংযুক্ত করা; মাটিতে উবু হইয়া থাকা; বাস করা।

تَلَبَّدَ : লাগিয়া থাকা; জট পাকানো, বিজড়িত হওয়া; গাদাগাদি করিয়া পূর্ণ হওয়া; পরিপূর্ণ হওয়া, মলিন হওয়া; ওত পাতিয়া থাকা।

تَلَبَّدَتِ السَّمَاءُ بِالغُيُومِ : আকাশ মেঘে ছাইয়া গিয়াছে।

إِلْتَبَدَ : (إِلْتِبَاد) মিশ্রিত হওয়া; (গাছ) পত্রময় হওয়া; গাদাগাদি করিয়া পূর্ণ হওয়া।

لِبْد : জটবদ্ধ পশম বা চুল; জটবদ্ধ পশমের তৈরি বস্ত্র, felt; জিন-বস্ত্র, জিনের গদি। ব أَلْبَاد، لُبُود

لِبْدَة : জটবদ্ধ পশমি বস্ত্রের তৈরি টুপি; অশ্ব বা সিংহের কেশর। ব لِبَد

لُبْدَة : জটবদ্ধ পশম বা চুল; জটবদ্ধ পশমি বস্ত্র বিশেষ; সিংহের কেশর। ব لُبَد

لَبَد : পশম।

لَبِد : বিজড়িত, জটবদ্ধ (চুল)।

~، لُبَد، لُبَّد : অধিকাংশ সময়ে ঘরে বসিয়া থাকে এমন।



www.pathagar.com

لَابِد : ওত পাতিয়া আছে এমন জন্তু; সিংহ। ব لُبَّدٌ

لَبَّاد : জটবদ্ধ পশমি বস্ত্র, felt, জটবদ্ধ পশমি বস্ত্র প্রস্তুতকারী।

لُبَّادَة, لَبَّادَة : জিনের গদি। ব لُبَّادَات

~ : জটবদ্ধ পশমি বস্ত্রের তৈরি টুপি, felt cap. ব لَبَابِيد

لَبُود : কীট।

لُبُودِيٌّ : পশম বা তুলা ধুননকারী।

لَبِيد : পশুখাদ্যের ঝুলি, ক্ষুদ্র থলি; কামুকতা;

~ : লাবীদ ঃ প্রাক-ইসলামী যুগের সেরা নির্বাচিত ৪র্থ ঝুলন্ত কাব্যের অন্যতম কবি। পূর্ণ নাম আবূ আকীল লাবীদ ইব্ন রাবীআ আল-আমেরী। ১১৬ বছর বয়সে ইসলাম গ্রহণ করিয়াছিলেন এবং ৪১ হিজরীতে ১৫৭ বছর বয়সে ইনতিকাল করেন।

لُبَّادَى, لُبَادَى : তিতিরজাতীয় পক্ষিবিশেষ।

مُلَبَّد : পরিপূর্ণ, আচ্ছন্ন।

مُتَلَبِّد : বিজড়িত; জটবদ্ধ (চুল)।

مُلَبَّد بِالغُيُوم، مُتَلَبِّد بِالغُيُوم : মেঘাচ্ছন্ন (আকাশ)।

لَبَزَ - : (لَبْز) আঘাত করা; কুৎসা করা, লোলুপভাবে ভক্ষণ করা।

لَبَسَ - : (لَبْس) ~ عَلَى সন্দেহপূর্ণ করা, বিজড়িত করা, অস্পষ্ট করা।

لَبِسَ - : (لُبْس) পরিধান করা, বস্ত্রাবৃত হওয়া, পোশাক পরা।

لَبَّسَ : (تَلْبِيس) পরিধান করানো, বস্ত্রাবৃত করা, পোশাক পরানো; আচ্ছাদিত করা; লুকাইয়া রাখা, ঢাকিয়া রাখা; প্রতারণা করা।

~ عَلَى : সন্দেহপূর্ণ করা, বিজড়িত করা, অস্পষ্ট করা।

لَابَسَ : (لِبَاس، مُلَابَسَة) মিশিয়া যাওয়া; মেলামেশা করা, ঘনিষ্ঠ হওয়া; বেষ্টন করা, হস্তক্ষেপ করা।

أَلْبَسَ : (إِلْبَاس) পরিধান করানো, পোশাক পরানো; আবৃত করা, আচ্ছাদিত করা।

تَلَبَّسَ : ~ بِ পরিধান করা, পরিহিত হওয়া; আবৃত হওয়া, আচ্ছাদিত হওয়া; জড়িত হওয়া; প্রবেশ করা।

~ عَلَى : অস্পষ্ট হওয়া, সন্দেহজনক হওয়া।

إِلْتَبَسَ : (إِلْتِبَاس) ~ بِ মিশিয়া যাওয়া, তালগোল পাকাইয়া যাওয়া, ভুল করা।

~ عَلَى : অস্পষ্ট হওয়া, সন্দেহজনক হওয়া।

إِلْتِبَاس، لُبْسَة، لُبْس، لَبْس : অস্পষ্টতা, জটিলতা; অনিশ্চয়তা।

لِبْس : পোশাক, বস্ত্র। ব لُبُوس

لِبْسَة : পোশাক পরিবার ধরন, ফ্যাশন; পোশাক।

لِبَاس : অস্পষ্টতা, জটিলতা, তালগোল পাকানো অবস্থা।

~ : পোশাক, পরিচ্ছদ, বস্ত্র; পোশাক পরিবার ধরন; (মি.সি) দেরাজ। ব لُبُس، أَلْبِسَة

لِبَاس التَّقْوَى : লজ্জাশীলতা, শালীনতা, শিষ্টাচার, সাধুতা।

لِبَاس عَسْكَرِيّ , ~ رَسْمِيّ : উর্দি, ইউনিফরম, uniform.

السَّهْرَة ~ : নৈশ পোশাক।

وَطَنِي ~ : জাতীয় পোশাক।

أَلْبِسَة جَاهِزَة : তৈরি পোশাক।

لَبِيس : জীর্ণ; জীর্ণবস্ত্র; পুরাতন কাপড়; তুল্য, সদৃশ।

لِبِيس : মৎস্যবিশেষ।

لَابِس : পরিধানকারী, পরিহিত।

لَبَّاس : অনেক পোশাক আছে বা পরিধান করে এমন ব্যক্তি।

إِلْبَاس، تَلْبِيس : পোশাক পরিধান করানো।

~ : অস্পষ্টতা, সন্দেহপূর্ণতা; প্রলেপ।

مَلْبَس : পোশাক, পরিচ্ছদ। ব مَلَابِس

مَلَابِس تَحْتَانِيَّة، مَلَابِس دَاخِلِيَّة : অন্তর্বাস।

خَارِجِيَّة ~ : বহির্বাস।

رَسْمِيَّة ~ : উর্দি, uniform.



www.pathagar.com

لَبَاقَة : ভদ্রতা; সুরুচি, সৌন্দর্য; কমনীয়তা; চমৎকারিত্ব; চাতুর্য; দক্ষতা; উপযুক্ততা, যথাযথতা।

لَبِق : সুন্দর, চমৎকার; চতুর, দক্ষ; কুশলী; ভদ্র, মার্জিত; পরিশীল।

مُلَبَّق : কোমল; সজ্জিত।

لَبَكَ ـُ : (لَبْك)، لَبَّكَ (تَلْبِيك) মিশ্রিত করা; বিজড়িত করা; বিশৃঙ্খল করা; হতবুদ্ধি করা।

لَبَّكَ : ~ ب জড়িত করা।

لَبِكَ ـَ : اِلْتَبَكَ، تَلَبَّكَ (اِلْتِبَاك) মিশ্রিত হওয়া, বিজড়িত হওয়া, বিশৃঙ্খল হওয়া।

اَلْبَكَ : (اِلْبَاك) অশালীন কথাবার্তা বলা, অশোভন কথা বলা।

لَبْكَة، لَبْك : মিশ্রিত দ্রব্য, বিশৃঙ্খলা, গোলযোগ; জটিল বিষয়।

لَبِك : বিজড়িত, জটিল।

لَبَكَة : হতভম্বতা; গ্রাস।

لُبَاكَة : মানুষের দল।

لَبِيكَة : মানুষের দল; খেজুর ও মাখন, অথবা ময়দা ও পনির দ্বারা প্রস্তুত খাদ্যবিশেষ।

تَلَبُّك : পেটের গোলমাল, অজীর্ণতা।

مُلْتَبِك، مَلْبُوك : মিশ্রিত, বিজড়িত, বিশৃঙ্খল; ব্যস্ত, উদ্বিগ্ন।

لَبْلَبَ : ~ ب আদর করা, সোহাগ করা।

لُبْلُب، لَبْلَب : স্নেহশীল; কর্তব্যপরায়ণ।

لَبْلَاب : চিরহরিৎ গুল্মবিশেষ।

لَبْلُوب : নবপল্লব, অঙ্কুর। ব لَبَالِيب

لَبَنَ ـُ : (لَبْن) দুধ পান করিতে দেওয়া।

~ ب : আঘাত করা।

لَبِنَ ـَ : (لَبَن)، اَلْبَنَ، (اِلْبَان) দুগ্ধবতী হওয়া।

لَبَّنَ : (تَلْبِين) ইষ্টক প্রস্তুত করা।

تَلَبَّنَ : মন্থর হওয়া, বিলম্বিত হওয়া।

اِلْتَبَنَ : (اِلْتِبَان) দুগ্ধ পান করা।

مَحَلُّ الْمَلَابِس : পোশাকের দোকান।

مُلْتَبِس، مُلَبَّس : বিজড়িত, অস্পষ্ট, সন্দেহপূর্ণ, অনিশ্চিত।

~ : চিনির প্রলেপযুক্ত।

~ : শর্করার মিষ্টান্নবিশেষ, bonbon. ব مُلَبَّسَات

مَلْبُوس : ব্যবহৃত পোশাক।

~ : বস্ত্র, পোশাক। ব مَلَابِس، مَلْبُوسَات

مَلْبُوس بِالْجِنِّ : জিনে পাওয়া, ভূতে ধরা।

مُتَلَبِّس : জড়িত।

مُتَلَبِّسًا بِالْجَرِيمَة : হাতে-নাতে অপরাধী।

لَبَّشَ : (تَلْبِيش) কুড়াইয়া তোলা; আঁটি বাঁধা; হতবুদ্ধি করা, বিশৃঙ্খল করা।

لِبْشَة : আঁটি, বান্ডিল।

لَبَطَ ـُ : (لَبْط) ভূপাতিত করা, ভূমিসাৎ করা।

~ ـ : (لَبْط) লাথি মারা, পদাঘাত করা, কদমচালে চলা, প্লুতগতিতে চলা।

لَبَّطَ : (تَلْبِيط) (কলম) কালিতে ডুবানো; পদাঘাত করা।

تَلَبَّطَ، اِلْتَبَطَ : (اِلْتِبَاط) কদমচালে চলা, প্লুতগতিতে চলা, বিজড়িত হওয়া, হতবুদ্ধি হওয়া।

لَبْطَة : লাথি, পদাঘাত।

لَبَطَة : কদমচাল, প্লুতগতি।

لَبَّاط : লাথি মারিতে অভ্যস্ত।

لَبَقَ ـُ : (لَبْق) নরম করা।

لَبِقَ ـَ : (لَبَق)، لَبُقَ ـُ (لَبَاقَة) চতুর হওয়া, দক্ষ হওয়া, বুদ্ধিমান হওয়া, বিচক্ষণ হওয়া; ভদ্র হওয়া, শালীন হওয়া।

~، ~ ب، ل : যোগ্য হওয়া, উপযোগী হওয়া, ঠিক হওয়া, ঠিকমত লাগা।

لَبَّقَ : (تَلْبِيق) সজ্জিত করা; সুন্দর করা; উপযোগী করা, খাপ খাওয়ানো।

لَبَق : চাতুর্য, দক্ষতা; উপযুক্ততা; সৌন্দর্য।

لَبِق : চতুর, কুশলী, দক্ষ; সুন্দর, চমৎকার; উপযুক্ত, উপযোগী, মানানসই; ভদ্র, শালীন।



www.pathagar.com

إِسْتَلْبَنَ : (إِسْتِلْبَان) দুগ্ধ চাওয়া।

لِبْن، لِبْنَة، لَبِن، لَبِنَة : ইষ্টক, ইট, কাঁচা ইট।

لُبْنَة : মুখের গ্রাস।

لَبَن : দুগ্ধ, দুধ। ব أَلْبَان، لِبَان

لَبَن حَامِض : টক দুধ, ঘোল, দধি।

~ الخَضِّ : ঘোল।

~ رَائِب : জমাটবদ্ধ দুগ্ধ, দধি।

~ عِلَب : ঘনীভূত দুগ্ধ, condensed milk.

إِقْرَاز اللَّبَنِ : স্তন্যদান।

~ سِنّ : দুধ-দাঁত।

~ شِرْش، مَصْل اللَّبَنِ : ছানার পানি।

~ مِيزَان : দুগ্ধ পরীক্ষার যন্ত্র, Lactometer.

فَرْع الألْبَان : দুগ্ধবিভাগ, dairy department.

لَبَنِيّ : দুগ্ধসম্বন্ধীয়, দুধের ন্যায়।

لَبَان : স্তন।

لِبَان : স্তন্যপান; গুণ টানিবার রজ্জু।

لُبَان : লোবান, Olibanum.

لُبَان ذَكَر : ধুনা, frankincense.

لَبَّان : ইষ্টক প্রস্তুতকারী; গোয়ালা।

لِبَانَة : দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্য উৎপাদন এবং বিক্রয়।

لُبَانَة : ইচ্ছা, কামনা, উদ্দেশ্য; কাজ, বিষয়। ব لُبَان، لُبَانَات

لَبُون، لَبُونَة، لَبِنَة، لَبِينَة : দুগ্ধবতী। ব لِبَان، لُبْن، لَبَائِن، لُبُن

لُبْنَى : বৃক্ষবিশেষ, দুগ্ধবৎ কষযুক্ত বৃক্ষ, ক্ষীরবৎ কষযুক্ত, storax.

لُبْنَان : লেবানন।

مَلْبَن : দরজা বা জানালার কাঠামো, ফ্রেম; মিষ্টান্নবিশেষ।

مَلْبَنَة : দুগ্ধ খামার, dairy.

مِلْبَن : দুগ্ধ দোহন করিবার পাত্র, ইটের ফর্মা। ব مَلَابِن

مِلْبَنَة : চামচ।

لَبْوَة : সিংহী। ব لَبَوَات

لَبَّى : (تَلْبِيَة) সাড়া দেওয়া, জবাব দেওয়া; লাব্বায়কা বলা; মান্য করা, পালন করা, সম্মতি দেওয়া।

لَبَّيْكَ : আমি আপনার দরবারে আছি, বান্দা হাজির।

تَلْبِيَة : সাড়াদান, জবাবদান, মান্যকরণ, পালন, সম্মতি।

لَبَّيْكَ اللّهُمَّ لَبَّيْكَ الخ : তালবিয়া পাঠ।

تَلْبِيَةً ~ لِ : সাড়া দিয়া; ইচ্ছানুসারে, নির্দেশানুযায়ী।

لِيبِرْيَا، لِيبِيرْيَا : লাইবেরিয়া। পশ্চিম আফ্রিকার একটি স্বাধীন দেশ, রাজধানী মনরোভিয়া।

لَتَّ : ـُ (لَتّ) চূর্ণ করা, গুঁড়া করা, (ময়দা) পানিমিশ্রিত করা, মাখানো, বাঁধা; বকবক করা।

لَتَّ : ~ بِ আঁটিয়া থাকা, লাগিয়া থাকা।

أَلَتَّ : (إِلْتَات) (পাখি) ডানার মধ্যে মাথা গুজিয়া থাকা।

لَتّ : বকবকানি, বাচালতা।

لَتَّة : নিরর্থক কথা, তুচ্ছ কথা।

اللَّاتُ، اللَّاتّ، اللَّات : পৌত্তলিক আরবদের একটি দেবতা।

لَتَّات : বকবককারী, বাচাল।

لَتَا : ـَ (لَتْا) আঘাত করা, আহত করা।

لَتَا بِعَيْنِه ~ إِلَى : স্থিরদৃষ্টিতে তাকাইয়া থাকা।

لَتَبَ : ـُ (لُتُوب، لَتْب) ~ بِ লাগিয়া থাকা।

~ فِي : স্থির হওয়া।

أَلْتَبَ : (إِلْتَاب) আরোপ করা, চাপাইয়া দেওয়া।

تَلَاتَبَ : মারামারি শুরু করা, হাতাহাতি করা।

اِلْتَتَبَ : (اِلْتِتَاب) পরিহিত হওয়া।

لَاتِب : লাগিয়া আছে এমন; দৃঢ়সংলগ্ন, স্থির।

مَلَاتِب : পুরাতন কাপড়।

لَتَحَ : ـَ (لَتْح) আঘাত করা।



www.pathagar.com

لَتَحَ بِبَصَرِهِ : ক্রুদ্ধ দৃষ্টিতে তাকানো।

لَتِحَ ـَ : (لَتَح) ক্ষুধার্ত হওয়া।

لَتِح، لاَتِح، لُتَّاح : বুদ্ধিমান, চতুর।

لَتْحَان : ক্ষুধার্ত। স্ত্রী لَتْحَى

لَتَدَ ـِ : (لَتْد) কিল মারা, ঘুষি মারা।

لِتْر : তরল পদার্থের মাপবিশেষ, লিটার।

لَتَمَ ـُ : (لَتْم) আঘাত করা; (তীর) ছোড়া, সবেগে নিক্ষেপ করা।

لَتْم : আঘাত, ক্ষত।

لِتْمُوس : (ইং) নীল রঙবিশেষ, litmus.

لُتُنَّة : শজারু।

الَّتِي : (স্ত্রী) যে, যাহা। ব اللاَّئِي، اللاَّتِي، اللَّوَاتِي

بِالَّتِي هِيَ أَحْسَن : সর্বোত্তমরূপে, সৌহার্দ্যপূর্ণভাবে।

لَثَّ ـُ : (لَثّ)، أَلَثَّ (إِلْثَاث) (বৃষ্টি) অবিরামভাবে পড়া।

~، أَلَثَّ : ~ بِ অবস্থান করা, থাকিয়া যাওয়া।

لَثّ : শিশির; আঠালো বস্তু।

لَثَدَ ـِ : (لَثْد) সাজাইয়া রাখা।

لَثَدَة : বিশ্রামরত পথিকদল।

لَثَطَ ـِ : (لَثْط) মৃদু আঘাত করা।

لَثْعَة : দন্তমূলের নিকটবর্তী ওষ্ঠের অভ্যন্তরভাগ।

لَثِغَ ـَ : (لَثَغ) ত্রুটিপূর্ণ উচ্চারণ করা, অস্ফুট উচ্চারণ করা।

لَثَغ، لُثْغَة : ত্রুটিপূর্ণ বা অস্ফুট উচ্চারণ, তোতলামি।

لَثْغَة : মুখ।

أَلْثَغ : ত্রুটিপূর্ণ বা অস্ফুট উচ্চারণকারী, তোতলা। স্ত্রী لَثْغَاء ব لُثْغ

لَثِقَ ـَ : (لَثَق) (দিন) বাতাসশূন্য ও কুয়াশাচ্ছন্ন হওয়া, আর্দ্র হওয়া।

لَثَّقَ، أَلْثَقَ : (إِلْثَاق، تَلْثِيق) আর্দ্র করা, সিক্ত করা।

تَلَثَّقَ، إِلْتَثَقَ : (إِلْتِثَاق) আর্দ্র হওয়া।

لَثَق : আর্দ্রতা।

لَثِق : আর্দ্র, সিক্ত; কর্দমাক্ত (ভূমি)।

لَثَمَ ـِ، ـَ لَثِمَ : (لَثْم) চুম্বন করা; আঘাত করা।

~، ~ لَثَّمَ، تَلَثَّمَ، إِلْتَثَمَ : (إِلْتِثَام، تَلْثِيم) অবগুণ্ঠিত হওয়া, নিজেকে আচ্ছাদিত করা।

لَثْم : চুম্বন।

لَثْمَة : চুমু।

لِثَام : অবগুণ্ঠন, আচ্ছাদন।

إِزَاحَة اللِّثَام : অবগুণ্ঠন উন্মোচন।

لاَثِم : চূর্ণকারী। ব لُثَّم

مُتَلَثِّم، مُلَثَّم : অবগুণ্ঠিত, আচ্ছাদিত।

مَلْثُوم : কঙ্করে আহত।

لَثِيَ ـَ : (لَثًى)، أَلْثَى (إِلْثَاء) (বৃক্ষ) গঁদ নির্গত করা, আঠালো হওয়া।

تَلَثَّى، إِلْتَثَى : (إِلْتِثَاء) গঁদ সংগ্রহ করা।

لَثًى : বৃক্ষের রস, গঁদ, আঠা; শিশির; কাপড়ের ময়লা।

لَثٍ : আর্দ্র, সিক্ত; আঠালো; গঁদযুক্ত। স্ত্রী لَثِيَة

لِثَة : দাঁতের মাড়ি। ব لِثَات، لِثًى

لَثَاة : আলজিভ।

لِثَوِيّ : মাড়ি সম্পর্কিত।

اَلْحُرُوْفُ اللِّثَوِيَّة : আন্তর্দন্ত্য বর্ণ ঃ ث . ذ . ظ

لَجَّ ـَ : (لَجَج، لَجَاج، لَجَاجَة) ~ فِي অধ্যবসায়ী হওয়া; অবিরত লাগিয়া থাকা, জিদ করা, একগুঁয়েমি করা।

~ عَلَى : বিরক্ত করা, জ্বালাতন করা, সাগ্রহে অনুরোধ করা।

~ بِ : ক্লান্ত করা, দুর্বল করা; (দুশ্চিন্তা) লাগিয়া থাকা।

لَجَّجَ : (تَلْجِيج) (জাহাজ) বহির্সমুদ্রে প্রবেশ করা।

لاَجَّ : (لِجَاج) একগুঁয়ে হইয়া বিতর্ক করা।



www.pathagar.com

لَجَب : গণ্ডগোল, কোলাহল, হৈচৈ; (সমুদ্রের) উত্তালতা।

لَجِب : হৈচৈপূর্ণ, কোলাহলপূর্ণ।

لَجَذَ - ُ لَجِذَ، - َ : (لَجْذ) (পশু) ঘাস খাওয়া; খাদ্য গ্রহণ করা।

~ مِنْ : সামান্য পরিমাণ লওয়া।

~ لِ : সাগ্রহে অনুরোধ করা।

لَجَفَ - ُ : (لَجْف) ~ فِى খাঁজ কাটা।

لَجِفَ - َ : (لَجَف) (কূপ) প্রসারিত হওয়া, বিস্তৃত হওয়া।

لَجَّفَ : (تَلْجِيْف) (কূপের) পার্শ্ব খনন করা, (কূপ) প্রসারিত করা, বিস্তৃত করা।

تَلَجَّفَ : (কূপ) প্রসারিত করা; প্রসারিত হওয়া।

لَجَف : কূপের পার্শ্বের খোড়ল, উপত্যকার মধ্যভাগ। ব أَلْجَاف

لِجَاف : দরজার গোবরাট। ব أَلْجِفَة، لُجُف

لَجِيفَة : দরজার পার্শ্ব।

لَجْلَجَ، تَلَجْلَجَ : (لَجْلَجَة) তো তো করা, তোতলামি করা।

لَجْلَجَة : তোতলামি।

لَجْلاَج : তোতলা।

لَجَمَ - ُ : (لَجْم) সেলাই করা।

لَجَّمَ، أَلْجَمَ : (تَلْجِيْم، إِلْجَام) লাগাম পরানো, রাস লাগানো, সাজ পরানো।

إِلْتَجَمَ : (إِلْتِجَام) লাগামযুক্ত হওয়া, সাজ পরিহিত হওয়া, বশীভূত হওয়া।

إِسْتَلْجَمَ : (إِسْتِلْجَام) লাগাম লাগাইতে বলা।

لِجَام : লাগাম, রাস। ব أَلْجِمَة، لُجُم، لُجْمٌ

مُلْجَم، مَلْجُوم : লাগামযুক্ত, রাস পরিহিত, সাজ পরিহিত; সংযত।

لَجَنَ - ُ : (لَجْن)، لَجَّنَ (تَلْجِيْن) মিশ্রিত করা; খাদ্য প্রস্তুত করা।

~ : (لُجُون، لِجَان) (উট) থামানো।

لَجَنَ فِى الْمَشْيِ : মন্থর গতিতে চলা।

تَلَجَّجَ، إِسْتَلَجَّ : (إِسْتِلْجَاج) নাছোড়বান্দা হইয়া দাবি করা।

إِلْتَجَّ : (إِلْتِجَاج) শোরগোলপূর্ণ হওয়া, কোলাহলময় হওয়া; গর্জন করা, উত্তাল হওয়া, তরঙ্গায়িত হওয়া।

لُجّ، لُجَّة : বিপুল পরিমাণ; বহির্সমুদ্র, অতল সমুদ্র; গভীরতা; মূল সাগর। ব لِجج، لُجَاج

لُجَّة : রৌপ্য; আয়না।

لُجِّيّ، لُجَاج : অতল, উত্তাল, তরঙ্গ-বিক্ষুব্ধ (সমুদ্র)।

لَجَّة : গোলমাল, হৈচৈ, শোরগোল, কোলাহল।

لَجَاج، لَجَاجَة : জিদ, একগুঁয়েমি, সাগ্রহ মিনতি, সনির্বন্ধ অনুরোধ, জোর দাবি।

لَاجّ، لَجُوج : জেদী, একগুঁয়ে, নাছোড়বান্দা, দুর্দম্য।

لَجَأَ - َ : (لَجْأ) لَجِئَ - َ (لَجَأ) إِلْتَجَأ (إِلْتِجَاء) ~ إِلَى আশ্রয় লওয়া, গমন করা, শরণাপন্ন হওয়া।

لَجَّأَ : (تَلْجِئَة) জোর করা, বাধ্য করা।

أَلْجَأَ : (إِلْجَاء) জোর করা, বাধ্য করা; আশ্রয় দেওয়া, রক্ষা করা; অর্পণ করা, সোপর্দ করা।

لُجُوء : আশ্রয়স্থল; শরণ।

لَاجِئ، مُلْتَجِئ : আশ্রয়প্রার্থী, শরণার্থী।

إِلْتِجَاء : আশ্রয় গ্রহণ, আশ্রয় প্রার্থনা।

مَلْجَأ : আশ্রয়স্থল, আশ্রয়কেন্দ্র, আশ্রয়; আশ্রম, নিকেতন। ব مَلَاجِئ

مَلْجَأ الأطْفَال : শিশু-আশ্রম।

~ الأيْتَام : ইয়াতিমখানা, অনাথাশ্রম।

~ العَجَزَة : আতুরশালা, প্রতিবন্ধী শিবির।

~ العُمْيَان : অন্ধ আশ্রয়কেন্দ্র।

~ العَاهِرَات : পতিতা পুনর্বাসন-কেন্দ্র।

لَجِبَ - َ : (لَجَب) গোলমাল করা, কোলাহল করা, বিশৃঙ্খল হওয়া, (সমুদ্র) গর্জন করা, উত্তাল হওয়া।

لَجُبَ - ُ : (لُجُوبَة)، لَجَّبَ (تَلْجِيْب) (ভেড়ি) দুধ দেওয়া।



www.pathagar.com

لَجِنَ - َ : (لَجَن) ، تَلَجَّنَ ~ بِ লাগিয়া থাকা, ঝুলিয়া থাকা, সংলগ্ন হওয়া।

لَجْنَة : পরিষদ, কমিটি, কমিশন। ব لِجَن، لِجَان، لَجْنَات

لَجْنَة إِدَارِيَّة : প্রশাসনিক বোর্ড, পরিচালনা কমিটি।

~ الإمْتِحَان : পরীক্ষা বোর্ড, পরীক্ষা পরিষদ, পরীক্ষা কমিটি।

~ الإنْضِبَاط : শৃঙ্খলা রক্ষা পরিষদ, disciplinary Committee.

~ التَّحْقِيق : তদন্ত কমিটি।

~ تَنْفِيذِيَّة : নির্বাহী কমিটি, কার্যনির্বাহক সমিতি, executive committee.

~ فَرْعِيَّة : সাব কমিটি, Subcommittee.

~ المُرَاقَبَة : তত্ত্বাবধায়ক কমিটি।

~ مُسْتَدِيمَة، لَجْنَة قَارَّة স্থায়ী কমিটি, স্টান্ডিং কমিটি, standing committee.

لَجُون : মন্থর (উট)।

لُجَيْن : রৌপ্য।

لَجَّ - ِ : (لَجّ) (সম্পর্ক) ঘনিষ্ঠ হওয়া, নিকটবর্তী হওয়া।

~ - َ : (لَحّ، لَحَح) লাগিয়া যাওয়া।

أَلَحَّ : (إِلْحَاح) মিনতি করা, অনুনয় করা; একগুঁয়ে হওয়া, অবাধ্য হওয়া, নাছোড়বান্দা হওয়া; (মেঘ) অবিরাম বৃষ্টি বর্ষণ করা।

~ عَلَى : চাপ দেওয়া; বিরক্ত করা।

~ فِي : জিদ ধরা, পীড়াপীড়ি করা, সাগ্রহে অনুরোধ করা।

أَلَحَّ فِي السُّؤَال : নাছোড়বান্দা হইয়া চাইতে থাকা, জোর দাবি করা।

لَحّ : ঘনিষ্ঠ, নিকট সম্পর্কীয়।

لَحِح، لَاحّ : সংকীর্ণ; নিকটবর্তী (স্থান)।

لَحُوح : একগুঁয়ে, জেদী।

إِلْحَاح : চাপ প্রয়োগ, পীড়াপীড়ি; জিদ; সাগ্রহ মিনতি, সনির্বন্ধ অনুরোধ, জিদ; জরুরী আবেদন।

مُلِحّ، مِلْحَاح : চাপপ্রয়োগকারী, নাছোড়বান্দা, জেদী, একগুঁয়ে, সনির্বন্ধ অনুরোধকারী।

~ : জরুরি, জোরদার; অবিরাম বৃষ্টি বর্ষণকারী মেঘ।

لَحَبَ - َ : (لَحْب) রাস্তায় চলা, (রাস্তা) খুলিয়া দেওয়া; (গাছের) ছাল তোলা; (হাড়ের) গোশত ছাড়ানো; চিহ্ন রাখিয়া যাওয়া।

~ : (لُحُوب) (রাস্তা) উন্মুক্ত হওয়া।

لَحِبَ - َ : (لَحَب) বার্ধক্যের কারণে কৃশ হওয়া।

لَحَّبَ : (تَلْحِيب) চিহ্ন রাখিয়া যাওয়া।

اِلْتَحَبَ : (اِلْتِحَاب) রাস্তায় চলা, পথ অনুসরণ করা।

لَاحِب : উন্মুক্ত রাস্তা, প্রশস্ত সড়ক; বিদ্যুদ্‌বাহ, electrode. ব لَوَاحِب

لَحِيب : কৃশ উষ্ট্রী।

مِلْحَب : ছাল তুলিবার যন্ত্র; ধারালো লৌহ; কুৎসাকারী; অশোভন ভাষা ব্যবহারকারী।

مَلْحُوب، مُلَحَّب : উন্মুক্ত, প্রশস্ত (রাস্তা)।

لَحَتَ - َ : (لَحْت) ছাল তোলা, বিবস্ত্র করা; আঘাত করা।

لُحَاتَة : ছাল, বল্কল, বাকল।

لَحَّجَ : (تَلْحِيج) ~ عَلَى ভুল সংবাদ দেওয়া।

أَلْحَجَ : (إِلْحَاج) আশ্রয় চাহিতে বাধ্য করা।

اِلْتَحَجَ : (اِلْتِحَاج) আশ্রয় চাওয়া।

اِسْتَلْحَجَ : (اِسْتِلْحَاج) (দরজা) বন্ধ হওয়া।

لَحْج : অক্ষি-কোটর।

لُحْج : চক্ষু-গহ্বর; গৃহকোণ। ব أَلْحَاج

لَحِج : সংকীর্ণ (স্থান)।

مُلْتَحَج، مَلْحَج : আশ্রয়। ব مَلَاحِج

مَلَاحِج : সংকীর্ণ স্থান, সংকটময় পরিস্থিতি।

لَحَدَ - َ : (لَحْد) أَلْحَدَ، (إِلْحَاد) কবর খনন করা; দাফন করা।

~، ~، اِلْتَحَدَ : (اِلْتِحَاد) সঠিক পথ হইতে বিচ্যুত হওয়া, স্বধর্ম ত্যাগ করা।



www.pathagar.com

إِلْتَحَدَ ~ إِلَى : ঝুঁকিয়া পড়া, সমর্থক হওয়া।

~ عَنْ : বিচ্যুত হওয়া, সরিয়া আসা।

لَحْد، لُحْد : কবর, মাযার। ব لُحُود، أَلْحَاد

لَحَّاد : কবর খননকারী।

لَحُود : ঢালু।

إِلْحَاد : বিচ্যুতি, স্বধর্ম ত্যাগ; অবিশ্বাস, নাস্তিক্য, কুফর।

مُلْحِد : স্বধর্মত্যাগী, অবিশ্বাসী, কাফির, নাস্তিক। ব مَلَاحِدَة، مُلْحِدُون

مُلْتَحَد : আশ্রয়।

لَحِزَ ـَ : (لَحَز)، تَلَحَّزَ লোভী হওয়া।

تَلَحَّزَ : ~ عَنْ পরিত্যাগ করা, ছাড়িয়া দেওয়া।

لَحِز، لِحْز : লোভী।

مَلْحَز : হতবুদ্ধিতা, জটিল অবস্থা। ব مَلَاحِز

لَحَسَ ـَ : (لَحْس) খাইয়া ফেলা, ধ্বংস করিয়া ফেলা; চাটিয়া খাওয়া।

لَحِسَ ـَ : (لَحْس، لَحْسَة، لُحْسَة، مَلْحَس) লেহন করা, চাটা।

لَحَّسَ : (تَلْحِيس) চাটিতে দেওয়া।

لَحْس : চাটন, লেহন।

~ : শুঁয়া পোকা। ব أَلْحَاس

لَحْسَة : একবার চাটন, সামান্য পরিমাণ।

لَاحِسَة : ফসলহীন (বৎসর)। ব لَوَاحِس

لَحُوس : লোভী।

لَاحُوس : অশুভ; লোভী।

مَلْحَس : শূন্যভূমি। ব مَلَاحِس

مِلْحَس : লোভী; সাহসী।

مَلْحُوس : যাহা চাটা হইয়াছে, লেহনকৃত; অনাবৃত, লিকলিকে; বিকৃত মস্তিষ্ক।

لَحَصَ ـَ : (لَحْص) ~ فِي (কাজ) হাতে লওয়া, গ্রহণ করা।

~، لَحَّصَ : (تَلْحِيص) বিস্তারিত বিবরণ দান করা।

لَحَّصَ : ~ فِي নিপতিত করা।

إِلْتَحَصَ : (إِلْتِحَاص) বন্ধ হইয়া যাওয়া, বাধ্য করা, লাগিয়া থাকা।

لَحَاص : দুর্বিপাক; দুর্ভাগ্য; হতবুদ্ধিতা।

لَحِيص : সংকীর্ণ।

مَلْحَص : আশ্রয়।

لَحَظَ ـَ : (لَحْظ، لَحَظَان) : দৃষ্টি দেওয়া; অবলোকন করা, দেখা, তাকানো, পর্যবেক্ষণ করা।

لَاحَظَ : (مُلَاحَظَة) পর্যবেক্ষণ করা, মনোযোগ সহকারে অবলোকন করা; দেখাশুনা করা, তত্ত্বাবধান করা; বিবেচনা করা; একে অন্যের প্রতি লক্ষ্য রাখা; মন্তব্য করা; আলোকপাত করা।

تَلَحَّظَ : সম্পৃক্ত হওয়া; সমর্থক হওয়া, অনুগত হওয়া।

تَلَاحَظَ : পরস্পর সম্পর্কযুক্ত হওয়া।

لَحْظ، لَحَظَان : অবলোকন, পর্যবেক্ষণ।

~ : দৃষ্টি; কটাক্ষ। ব أَلْحَاظ، لِحَاظ

لَحْظَة : ক্ষণিকের দৃষ্টিপাত; চোখের পলক; মুহূর্ত। ব لَحَظَات

فِي لَحْظَة : এক মুহূর্তে, চোখের পলকে।

فِي هٰذِهِ اللَّحْظَة : এই মুহূর্তে।

اللَّحْظَةُ الرَّاهِنَة : বর্তমান মুহূর্ত।

لَحَاظ : চোখের বাহিরের কোণ। ব لُحُظ

لَاحِظَة : চক্ষু; দৃষ্টি। ব لَوَاحِظ

لَحِيظ : অনুরূপ, সদৃশ।

مَلْحُوظ : প্রসিদ্ধ; অবধানযোগ্য, প্রণিধানযোগ্য, লক্ষণীয়।

مَلْحُوظَة : মন্তব্য, সংক্ষিপ্ত টীকা; পর্যবেক্ষণ। ব مَلْحُوظَات

مُلَاحِظ : পরিদর্শক, পর্যবেক্ষক; মনোযোগী; তত্ত্বাবধায়ক, ফোরম্যান।

مُلَاحِظ بُولِيس : পুলিশ সুপারিন্টেন্ডেন্ট।

مُلَاحَظَة : পর্যবেক্ষণ, অবলোকন, মনোযোগ, বিবেচনা, আলোকপাত; তত্ত্বাবধান, নিয়ন্ত্রণ।

~ : মন্তব্য, টীকা; বিবরণ। ব مُلَاحَظَات

لَحَفَ ـَ : (لَحْف) আবৃত করা, আচ্ছাদিত করা।



www.pathagar.com

لَحَّفَ : (تَلْحِيْف) গর্বভরে চলা।

لَاحَفَ : (مُلَاحَفَة) সাহায্য করা, রক্ষা করা, আশ্রয় দেওয়া; আচ্ছাদিত করা; সঙ্গী হওয়া।

أَلْحَفَ : (إِلْحَاف) আবৃত করা, আচ্ছাদিত করা; মিনতি করা, নাছোড় বান্দা হইয়া চাওয়া; পাহাড়ের পাদদেশে উপনীত হওয়া।

إِلْتَحَفَ، تَلَحَّفَ : (إِلْتِحَاف) ~ بِ আবৃত হওয়া, আচ্ছাদিত হওয়া।

لِحْف : পাহাড়ের পাদদেশে; আচ্ছাদন।

لِحْفَة : আচ্ছাদন-পদ্ধতি।

لِحَاف : লেপ; চাদর; বস্ত্র; কম্বল; আলোয়ান, আচ্ছাদন; মোড়ক; গলাবন্ধ; সহধর্মিণী। ব أَلْحِفَة، لُحُف

إِلْحَاف : সনির্বন্ধ অনুরোধ, সাগ্রহ মিনতি।

مِلْحَفَة، مِلْحَف : আচ্ছাদন, মোড়ক; চাদর, কম্বল; আলোয়ান। ব مَلَاحِف

مُلْتَحَف : আচ্ছাদিত, আবৃত।

لَحِقَ : َ- (لَحَاق، لَحْق) ধরা, নাগাল পাওয়া, মিলিত হওয়া; একত্রিত হওয়া; সংশ্লিষ্ট হওয়া, যুক্ত হওয়া, সম্পৃক্ত হওয়া; লাগিয়া থাকা; আপতিত হওয়া; ন্যস্ত হওয়া; অনুসরণ করা; ভর্তি হওয়া; যোগ দেওয়া; অন্তর্ভুক্ত হওয়া।

~ : (لُحُوق) (অশ্ব) কৃশ হওয়া।

لَاحَقَ : (مُلَاحَقَة) অনুসরণ করা, পরে গমন করা, পশ্চাদ্বর্তী হওয়া; পশ্চাদ্ধাবন করা, পিছু লওয়া।

أَلْحَقَ : (إِلْحَاق) যুক্ত করা; সম্পৃক্ত করা; মিলিত করা; যোগ করা; ভর্তি করা, অন্তর্ভুক্ত করা।

تَلَاحَقَ : পরস্পর মিলিত হওয়া; একত্রিত হওয়া; সংযুক্ত হওয়া।

إِلْتَحَقَ : (إِلْتِحَاق) ~ بِ মিলিত হওয়া, যুক্ত হওয়া, যোগদান করা, ভর্তি গ্রহণ করা; সম্পর্কযুক্ত হওয়া; নিবেদিত হওয়া।

لَحَق : পরবর্তী।

~ : পলিমাটি, পরিশিষ্ট, পরিণাম; দ্বিতীয় শ্রেণীর খেজুর। ব أَلْحَاق

لَحَقِيّ : পলিজ, পাললিক, allavial.

لِحَاق : মিলন, সংযোগ, সম্পর্ক।

لَاحِق : পরবর্তী; যুক্ত, মিলিত, সম্পৃক্ত; নাগালপ্রাপ্ত।

لَاحِقَة : সংযুক্ত বস্তু, উপাঙ্গ, দ্বিতীয় শ্রেণীর খেজুর। ব لَوَاحِق

لَوَاحِق : আনুষঙ্গিক জিনিসপত্র।

إِلْحَاق : যুক্তকরণ; সম্পৃক্তকরণ; একত্রিকরণ, অন্তর্ভুক্তকরণ, ভর্তিকরণ।

إِلْحَاقًا : ~ بِ সূত্রে, পরম্পরায়, in continuation of.

إِلْتِحَاق : প্রবেশ, ভর্তি গ্রহণ, অন্তর্ভুক্তি, সংযোগ, যোগাযোগ, সম্পর্ক।

مُلْحِق : সংযুক্তকারী, অন্তর্ভুক্তকারী।

مُلْحَق : যুক্ত, সংযুক্ত, সম্পৃক্ত, অন্তর্ভুক্ত; অতিরিক্ত; লিখিত বা মুদ্রিত প্রান্তদেশ।

~ : পরিশিষ্ট; বর্ধিতাংশ; সংযোজিত অংশ, ক্রোড়পত্র। ব مَلَاحِق، مُلْحَقَات

~ : সহকারী, সহযোগী, এটাচি, attache. ব مُلْحَقُون

مُلْحَق بَحْرِيّ : নৌ এটাচি, naval attache.

~ تِجَارِيّ : বাণিজ্য-এটাচি, commercial attache.

مُلْحَق عَسْكَرِيّ , ~ جَوِّيّ : সামরিক এটাচি, military attache.

~ صَحُفِيّ : প্রেস-এটাচি, press attache.

إِمْتِحَان مُلْحَق : সম্পূরক পরীক্ষা, supplementary examination.

مُلَاحَقَة : অনুসরণ, পশ্চাদ্ধাবন, পিছু গ্রহণ।

مُتَلَاحِق : আনুক্রমিক, ধারাবাহিক, পারম্পরিক।

لَحِكَ : َ- (لَحْك) لَاحَكَ (مُلَاحَكَة) تَلَاحَكَ ~ بِ লাগিয়া থাকা।

لُوحِكَ : জোড়া লাগানো।

لَحِكَ : َ- (لَحْك) (মধু) চাটা।



www.pathagar.com

لُحَكَاء، لُحَكَة : গিরগিটিবিশেষ।

مَلَاحِك : সংকীর্ণ পথ।

لَحْلَحَ، تَلَحْلَحَ : (لَحْلَحَة) চলিয়া যাওয়া, দূরবর্তী হওয়া।

لِحْلَاح : কাঁটাগাছবিশেষ, thistle.

مُلَحْلَح : অভিজ্ঞ, দক্ষতাসম্পন্ন; নেতা।

لَحَمَ - ُ : (لَحْم) তালি দেওয়া, মেরামত করা, ঝালাই করা; বন্ধ করা, যুক্ত করা; সারিয়া উঠা।

~ بِ : ঝালাই করা; আঘাত করা।

~ - َ : (لَحْم) গোশত খাওয়ানো; হত্যা করা।

لَحِمَ - َ : (لَحَم)، لَحُمَ - ُ (لَحَامَة) মাংসল হওয়া; মাংসপ্রিয় হওয়া।

~ بِ : লাগিয়া থাকা, আঁকড়াইয়া থাকা।

لُحِمَ : নিহত হওয়া।

لَحَّمَ : (تَلْحِيم) ঝালাই করা।

لَاحَمَ (مُلَاحَمَة) أَلْحَمَ (إِلْحَام) : যুক্ত করা, লাগাইয়া দেওয়া।

تَلَاحَمَ : যুদ্ধে লিপ্ত হওয়া, একে অপরকে হত্যা করা; একত্রে লাগিয়া যাওয়া; পরস্পর যুক্ত হওয়া; একত্রিত হওয়া।

إِلْتَحَمَ : (إِلْتِحَام) লাগিয়া যাওয়া; সংলগ্ন থাকা, সংযুক্ত হওয়া; একত্রিত হওয়া; (ক্ষত) সারিয়া যাওয়া।

إِلْتَحَمَتِ الْحَرْبُ : যুদ্ধ লাগিয়া যাওয়া, প্রচণ্ড যুদ্ধ শুরু হওয়া।

إِسْتَلْحَمَ : (إِسْتِلْحَام) (পথ) প্রশস্ত হওয়া; বড় রাস্তায় চলা।

لَحْم : গোশত; উদ্ভিদ বা ফলের কোমল অংশ। ব لِحَام، لُحُوم

~ : ঝালাই।

لَحْمَة : গোশতের টুকরা, মাংসখণ্ড; (কাপড়ের) পড়া, weft.

لُحْمَة : (কাপড়ের) তানা, weft; সম্পর্ক, জ্ঞাতিত্ব। ব لُحَم

لَحْمِيَّة : গলরসগ্রন্থি, adenoids.

لَحِم : মাংসল; মাংসভোজী (প্রাণী)।

لَاحِم : মাংসভোজী (প্রাণী)। ব لَوَاحِم

لِحَام : ঝালাই; ঝালাই-পদার্থ; ঝালাইকৃত জোড়া।

لَحَّام : কসাই; ঝালাইকর।

لَحَامَة : মাংসলতা, স্থূলতা।

لَحِيم : মাংসল; নিহত।

إِلْتِحَام : সংযোগ, সংযুক্তি, সংলগ্নতা; মিলন; ঐক্য, মৈত্রী, সম্পর্ক; যুদ্ধ, সংগ্রাম।

مَلْحَمَة، مَلْحَم : হত্যাকাণ্ড, প্রচণ্ড যুদ্ধ; প্রচণ্ড যুদ্ধক্ষেত্র; কসাইখানা। ব مَلَاحِم

مُلْحَم : গোশত খাওয়ানো হইয়াছে এমন; মৈত্রীবদ্ধ; বন্দি।

مُلَاحَم : উত্তমরূপে পাকানো (দড়ি)।

مُلْتَحَمَة : নেত্রাবর্তকলা।

لَحَنَ - َ : (لَحْن، لَحَن، لُحُون، لَحَانَة) অশুদ্ধ আরবী বলা, ব্যাকরণগত ভুল করা।

~ لِ : অবোধগম্যভাবে কথা বলা, ইঙ্গিত করা।

~ : (لَحْن) ~ إِلَى ঝুঁকিয়া পড়া।

لَحِنَ - َ : (لَحَن) বুদ্ধিমান হওয়া; বুঝিতে পারা।

لَحَّنَ : (تَلْحِين) সুর করিয়া আবৃত্তি করা, সুরারোপ করা।

لَاحَنَ : (مُلَاحَنَة) পুনরাবৃত্তি করা।

أَلْحَنَ : (إِلْحَان) বুঝানো।

لَحْن : স্বর, সুর, ঐকতান; অশুদ্ধ কথা; ব্যাকরণগত ভুল; বাচনভঙ্গি; ভাষা; গুরুত্ব। ব لُحُون، أَلْحَان

صِنَاعَة الأَلْحَان : সুরশিল্প, সঙ্গীত।

لَحَن : বুদ্ধি, বুঝ।

لَحِن : বুদ্ধিমান, বুঝসম্পন্ন।

لُحَنَة : অশুদ্ধ কথন।

لَحَّانَة، لَحَّان، لَاحِن : অশুদ্ধ কথা বলে এমন ব্যক্তি।

تَلْحِين : গানের সুরে আবৃত্তি, সুরারোপ।



www.pathagar.com

مَلْحُون : অশুদ্ধ (ভাষা); কথ্যভাষার কবিতা।

لَحَا - ُ (لَحْو)، لَحَى - َ (لَحْي) : গালি দেওয়া; (গাছের) ছাল খসানো।

لَاحَى : (مُلَاحَاة) ঝগড়া করা; বিবাদ করা।

أَلْحَى : (إِلْحَاء) নিন্দনীয় কাজ করা।

تَلَاحَى : পরস্পর গালি দেওয়া, গালাগালি করা।

إِلْتَحَى : (إِلْتِحَاء) দাড়ি রাখা; (গাছের) ছাল খসানো।

لَحْو، لَحْي : গালি, নিন্দা।

~ : চিবুক, চোয়ালের যে হাড়ে দাঁত থাকে, হনু। ব لُحِيّ، أَلْحٍ

لِحْيَة : শ্মশ্রু, দাড়ি। ব لُحًى

لِحَاء : গাছের ছাল, বল্কল, বাকল; ফলের কোমল অংশ।

لِحْيَان : উত্তর-পূর্ব মক্কায় বসবাসকারী "হুযায়ল" সম্প্রদায়ের একটি শাখাগোত্র। ইসলামের আবির্ভাবকালে ইহারা রাজনৈতিকভাবে কুরাইশের প্রভাবাধীন ছিল। পরে তাহারা ইসলাম গ্রহণ করে।

لِحْيَانِيّ، أَلْحَى : দীর্ঘশ্মশ্রুমণ্ডিত ব্যক্তি।

مَلْحِيّ : নিন্দিত, তিরস্কৃত।

مُلْتَحٍ : শ্মশ্রুমণ্ডিত, দাড়িওয়ালা।

لَخَّ - ُ : (لَخّ) অস্পষ্টভাবে বলা বা উচ্চারণ করা।

إِلْتَخَّ : (إِلْتِخَاخ) বিজড়িত হওয়া।

لَاخّ : জটিল, দুর্গম (উপত্যকা)।

مُلْتَخّ : অপ্রকৃতিস্থ।

لَخْبَطَ : (لَخْبَطَة) বিজড়িত করা, বিশৃঙ্খল করা, গুলাইয়া ফেলা।

لَخِصَ - َ : (لَخَص) চোখের পাতা স্ফীত হওয়া।

لَخَّصَ : (تَلْخِيص) সংক্ষিপ্ত করা, সংক্ষেপে বর্ণনা করা; সারাংশ নির্ণয় করা, সার-সংক্ষেপ প্রদান কিংবা গ্রহণ করা।

تَلَخَّصَ : সংক্ষিপ্ত হওয়া, সংক্ষেপে বর্ণিত হওয়া।

لَخِص : মাংসল, স্ফীত।

أَلْخَص : ডাগর চোখের পাতাবিশিষ্ট। স্ত্রী لَخْصَاء ব لُخْص

تَلْخِيص : সংক্ষেপণ; সারাংশ নির্ণয়; সারাংশ, সার-সংক্ষেপ।

مُلَخَّص : সংক্ষেপিত, সংক্ষিপ্ত, সংক্ষেপে বর্ণিত; সারাংশ, সার-সংক্ষেপ।

لَخَفَ - َ : (لَخْف) প্রচণ্ডভাবে আঘাত করা।

لَخْفَة : পাতলা শ্বেতপাথর। ব لِخَاف :

لَخْفَنَ : (لَخْفَنَة) জটিলতায় ফেলা, হতবুদ্ধি করা।

لَخْلَخَ : (لَخْلَخَة) নাড়ানো, আলগা করা।

تَلَخْلَخَ : নড়া, আলগা হওয়া।

مُلَخْلَخ : নড়বড়ে, আলগা।

لَخَمَ - ُ : (لَخْم) কর্তন করা; বিব্রত করা, হতবুদ্ধি করা।

~, لَاخَمَ : (مُلَاخَمَة) চড় মারা।

تَلَخَّمَ : জড়াইয়া যাওয়া।

بَنُو لَخْم، لَخْم : প্রাচীন আরবের একটি গোত্র। হিঃ পূর্ব ২য় বা ১ম শতাব্দীতে ইহারা ইয়ামান হইতে আরব উপদ্বীপের উত্তরাঞ্চল, সিরিয়া, ফিলিস্তীন ও ইরাকে গমন করিয়া বসতি স্থাপন করে।

لِخَام : চপেটাঘাত, চড়।

لَخْمَة : শিথিলতা, আলস্য, উদ্যমহীনতা, অবসাদ, অস্বাচ্ছন্দ্য; ভার, বোঝা; জটিলতা।

لُخَمَة، لَخَمَة : শিথিল, অলস; কদর্য; ভারী।

لَخِنَ - َ : (لَخَن) পচিয়া যাওয়া, দুর্গন্ধ ছড়ানো।

أَلْخَن : অখাৎনাকৃত; দুর্গন্ধময়। স্ত্রী لَخْنَاء ব لُخْن

لَخَا - ُ : (لَخْو) - لَخَى (لَخْي)، أَلْخَى (إِلْخَاء) নাসারন্ধ্রে ঔষধ প্রবেশ করানো।

لَخِيَ - َ (لَخًى) বকবক করা, বাজে বকা।

لَاخَى : (مُلَاخَاة) বন্ধুর ন্যায় কাজ করা, অনুগ্রহ করা।

~ بِ : পিছনে নিন্দা করা।

~ عَلَى : উৎসাহিত করা।



www.pathagar.com

اِلْتَخَى : (اِلْتِخَاء) সুরুয়া, দুধ ইত্যাদিতে ভিজানো খাদ্য খাওয়া।

لَخَاء : সুরুয়া, দুধ ইত্যাদিতে ভিজানো খাদ্য, sop.

مِلْخَى، لَخًا، لَخَاء : নিঃশ্বাসের সহিত নাসিকা পথে গ্রহণ করিবার ঔষধ।

أَلْخَى : বকবককারী। স্ত্রী لَخْوَاء

لَخٍ : এক হাঁটু হইতে অন্য হাঁটু বড় এমন (উট)। স্ত্রী لَخِيَة

لَدَّ ـُ : (لَدّ)، لَدَد، (لِدَاد) তীব্র বিতর্কে লিপ্ত হওয়া, প্রচণ্ড ঝগড়া বা বিবাদ করা।

~ عَنْ : বিরত করা, বাধা দেওয়া।

لَدَّدَ : (تَلْدِيد) হতবুদ্ধি করা।

~ بِ : দুর্নাম করা, কুৎসা করা।

تَلَدَّدَ : হতবুদ্ধি হওয়া; মন্থর হওয়া।

لَدّ : বস্তা।

لَدَد : প্রচণ্ড ঝগড়া, তীব্র বিবাদ।

أَلَدّ، لَدِيد، لَدُود، لَادّ : অধিক ঝগড়াটে, তীব্র বিবাদকারী, প্রচণ্ড, তীব্র। স্ত্রী لَدَّاء ব لُدّ

اللُّدّ : ফিলিস্তীনের একটি শহর। এই স্থানে দাজ্জাল নিহত হইবে।

مُتَلَدِّد : একগুঁয়ে, জেদী, একরোখা।

لَدَسَ ـُ : (لَدْس) (পাথর) নিক্ষেপ করা; চপেটাঘাত করা।

لَدَّسَ : (تَلْدِيس) (উটের) পায়ে নাল লাগানো; (উটের) নাল মেরামত করা।

لَدِيس : মোটা। ব أَلْدَاس

مِلْدَس : ফলের বিচি ভাঙ্গিবার পাথর। ব مَلَادِس

لَدَغَ ـَ : (لَدْغ) দংশন করা, কামড় দেওয়া, আঘাত দেওয়া, আহত করা; অস্ফুট উচ্চারণ করা।

لَدْغَة : দংশন, কামড়, আঘাত।

لُدَّاغ : কাঁটা, হুল।

لَدِيغ، مَلْدُوغ : দংশিত। ব لَدْغَى، لُدَغَاء

لَدَمَ ـِ : (لَدْم) চড় মারা, আঘাত করা, প্রহার করা।

~، لَدَّمَ : (تَلْدِيم) (কাপড়) তালি দেওয়া।

تَلَدَّمَ : (কাপড়) ছিন্ন হওয়া, জীর্ণ হওয়া, তালি দেওয়া।

اِلْتَدَمَ : (اِلْتِدَام) অস্থির হওয়া, উদ্বিগ্ন হওয়া, দুঃখে মুখ থাপড়ানো।

لَدْم : পাথর পড়িবার শব্দ।

لِدَام : তালি, জোড়াতালি।

لَدَّام : যে তালি দেয়।

لَدِيم : জীর্ণ, তালিযুক্ত (বস্ত্র)।

مِلْدَم، مِلْدَام : খেজুর বিচি ভাঙ্গিবার পাথর।

~ : বোকা। ব مَلَادِيمُ

أُمّ مِلْدَم : জ্বর।

لَدُنَ ـُ : (لَدَانَة، لُدُونَة) নরম হওয়া, কোমল হওয়া, নমনীয় হওয়া।

لَدَّنَ : (تَلْدِين) নরম করা, কোমল করা; নমনীয় করা; প্রশমিত করা।

تَلَدَّنَ : ~ فِي দীর্ঘসূত্রী হওয়া, গড়িমসি করা।

~ عَلَى : বিলম্ব করানো; (বিলম্বের জন্য) ওজর দেখানো।

لَدْن : নরম, কোমল; নমনীয়; ভদ্র। ব لُدْن، لِدَان

لَدُن، لَدْن، لِدَان، لُدْنُ، لُدُن : নিকটে, কাছে, সম্মুখে, উপস্থিতিতে; সঙ্গে।

مِنْ لَدُن : হইতে, নিকট হইতে, পক্ষ হইতে।

لَدُنِيّ : আধ্যাত্মিক।

العِلْم اللَّدُنِيّ : আধ্যাত্মিক জ্ঞান।

لَدَانَة، لُدُونَة : কোমলতা, নমনীয়তা।

لَدَى : তে, এ, কাছে, নিকটে, সম্মুখে, উপস্থিতিতে; সঙ্গে।

لَدَيْكَ : তোমার কাছে, তোমার সম্মুখে।

لَدَى الحَاجَة : প্রয়োজনে, প্রয়োজন হইলে।

لَذَّ ـَ : (لَذَاذ، لَذَاذَة) সুস্বাদু হওয়া, মুখরোচক হওয়া, মনোজ্ঞ হওয়া, আনন্দদায়ক হওয়া।



www.pathagar.com

لَذَّ، لَذَذَ : (إِلْذَاذ، تَلْذِيذ) আনন্দ দেওয়া।

إِلْتَذَّ، تَلَذَّذَ : (إِلْتِذَاذ) ~ بِ আনন্দ পাওয়া, স্বাদ পাওয়া; আনন্দিত হওয়া।

~ ، ~ ، إِسْتَلَذَّ : (إِسْتِلْذَاذ) সুস্বাদু কিংবা আনন্দজনক পাওয়া বা মনে করা; উপভোগ করা।

لَذّ : সুস্বাদু, মনোজ্ঞ; নিদ্রা।

لَذَّة : (ব لَذَّات) لَذَاذَة، مَلَذَّة، (ব مَلَاذّ، مَلَذَّات) স্বাদ, আনন্দ, উপভোগ, সুখ।

لَذِيذ : সুস্বাদু, মুখরোচক, মনোজ্ঞ; আনন্দজনক; চমৎকার। ব لُذّ، لِذَاذ

مُتَلَذِّذ : সুখভোগী, আনন্দপ্রিয়, ভোজনবিলাসী।

لَذَجَ : ـُ (لَذْج) চুমুক দেওয়া, অল্প অল্প পান করা, চাপ প্রয়োগ করা।

لَذَعَ : ـَ (لَذْع) দগ্ধ করা, উত্তপ্ত লৌহ দ্বারা দাগ দেওয়া।

لَذَعَ بِلِسَانِه : সে বাক্যবাণে বিদ্ধ করিল।

~ بِرَأْيِه : সে ত্বরিৎ সঠিক সিদ্ধান্ত গ্রহণ করিল।

تَلَذَّعَ : দগ্ধ হওয়া; প্রজ্বলিত হওয়া।

لَذْع : দাহন, দগ্ধকরণ।

لَذْعَة : পোড়া ক্ষত।

لَاذِع, لَذَّاع : অত্যন্ত উত্তপ্ত, দগ্ধকর; উগ্র, তীক্ষ্ণ।

~ : তীক্ষ্ণভাষী, ঝাল।

لَاذِعَة : বিদ্রূপ, ব্যঙ্গ। ব لَوَاذِع

لَوْذَع، لَوْذَعِيّ : মেধাবী, বিচক্ষণ, বুদ্ধিমান, চতুর, উপস্থিত বুদ্ধিসম্পন্ন।

لَوْذَعِيَّة : বিচক্ষণতা, মেধা, চাতুর্য, উপস্থিত বুদ্ধি।

اللَّاذِقِيَّة : সিরিয়ার একটি বন্দরনগরী।

لَذِمَ : ـَ (لَذْم) আনন্দ দেওয়া।

~ بِ : অবস্থান করা।

أَلْذَمَ : (إِلْذَام) সংযুক্ত করা, অনুরক্ত করা।

أُلْذِمَ : অনুরক্ত হওয়া, আসক্ত হওয়া।

لَذِيَ : ـَ (لَذًى) ~ بِ লাগিয়া থাকা, আঁটিয়া থাকা, সংযুক্ত হওয়া।

الَّذِي : যে, যাহা, যাহাকে। দ্বি اللَّذَانِ ব الَّذِينَ

لَزَّ : ـُ (لَزّ، لَزَز، لِزَاز) বাঁধা, দৃঢ়ভাবে সংযুক্ত করা, শক্ত করিয়া লাগানো; আঘাত করা; বাধ্য করা, চাপ প্রয়োগ করা।

لَزَّزَ : (تَلْزِيز) দৃঢ়ভাবে সংযুক্ত করা; ঠাসিয়া ভরা; বাধ্য করা, চাপ প্রয়োগ করা।

لَازَّ : (لِزَاز) লাগিয়া থাকা, আঁটিয়া থাকা।

أَلَزَّ : (إِلْزَاز) বাঁধা, দৃঢ়ভাবে সংযুক্ত করা, শক্ত করিয়া লাগানো।

إِلْتَزَّ : (إِلْتِزَاز) ~ بِ লাগিয়া থাকা, আঁটিয়া থাকা; সংযুক্ত হওয়া, একত্রিত হওয়া।

لَزّ، لَزَّة : আঁকড়া, খিল, স্ক্রু।

لِزَاز، لِزَز : (দরজার) অর্গল, হুড়কা।

مُلَزَّز : দৃঢ়ভাবে সংযুক্ত বা একত্রিত; সংবদ্ধ; সুদৃঢ়, শক্ত, নিরেট, নিবিড়।

لَزَأَ : ـَ (لَزْأ)، أَلْزَأَ، (إِلْزَاء) (পাত্র) পূর্ণ করা; প্রসব করা; উত্তমরূপে পরিচর্যা করা।

لَزَّأَ : (تَلْزِئَة) উত্তমরূপে পরিচর্যা করা।

تَلَزَّأَ (পাত্র) পূর্ণ হওয়া; তৃপ্ত হওয়া।

لَزَبَ : ـُ (لُزُوب) সুদৃঢ় হওয়া, দৃঢ়ভাবে স্থাপিত হওয়া; দংশন করা।

~ بِ : লাগিয়া থাকা, সংলগ্ন থাকা।

لَزِبَ : ـَ (لَزَب)، لَزُبَ ـُ (لُزُوب، لَزْب) একত্রে লাগিয়া থাকা, জুড়িয়া থাকা, পরস্পর সংলগ্ন থাকা, সজ্ঞবদ্ধ থাকা।

لِزْب : সংকীর্ণ পথ।

لَزْبَة : দুর্ভিক্ষ, দুর্যোগ। ব لِزَب، لَزَبَات

لَزِب : অত্যল্প। ব لِزَاب

لَازِب : লাগিয়া আছে এমন; সুদৃঢ়, দৃঢ়ভাবে স্থাপিত, সুপ্রতিষ্ঠিত।

ضَرَبَ ضَرْبَةَ لَازِب : ভীষণ দুর্বিপাকে পড়া।

مِلْزَاب : কৃপণ, ব্যয়কুণ্ঠ। ব مَلَازِيب

لَزِجَ : ـَ (لَزَج، لُزُوج) আঠালো হওয়া, চটপটে হওয়া।

~ بِ : লাগিয়া থাকা, আঁটিয়া থাকা।



www.pathagar.com

لَزِجَ : আঠালো, চটচটে।

لُزُوجَة : আঠা, আঠাযুক্ততা।

لَزِقَ - (اِلْتِزَاق) اِلْتَزَقَ (لُزُوق) : ـَ ب ~ লাগিয়া থাকা, আঁটিয়া থাকা, সংলগ্ন থাকা।

لَزَّقَ، أَلْزَقَ : (إِلْزَاق، تَلْزِيق) লাগানো, আঁটিয়া দেওয়া, সংলগ্ন করা।

~ : জোড়াতালি দিয়া সম্পন্ন করা, অবহেলাভরে সম্পাদন করা।

~ لِ : ভালো বলিয়া চালাইয়া দেওয়া, গোপন করা, প্রতারিত করা।

لاَزَقَ : (مُلاَزَقَة) লাগিয়া থাকা।

لِزْق : পার্শ্ব; সংলগ্নতা; সংলগ্ন, নিকটবর্তী; সঙ্গী।

لَزِق : আঠালো, চটচটে।

لِزَاق : আঠা, সিমেন্ট।

لَزْقَة، لَزُوق، لاَزُوق : প্লাস্টার, plaster; প্রলেপ।

لَزِيق : অন্তরঙ্গ সাথী।

لَزِمَ - (لَزْم، لُزُوم) : ـَ সংলগ্ন হওয়া, যুক্ত হওয়া, সঙ্গী হওয়া; লাগিয়া থাকা, করিতে থাকা; আঁকড়াইয়া থাকা, চালাইয়া যাওয়া; স্থায়ীভাবে অবস্থান করা; প্রয়োজনীয় হওয়া; অপরিহার্য হওয়া; করণীয় হওয়া।

لَزِمَ دَارَهُ : গৃহে অবস্থান করা।

~ الصَّمْتَ : মৌন হইয়া থাকা।

لاَزَمَ : (لِزَام) কাছে থাকা; সার্বক্ষণিক সঙ্গী হওয়া; সহচর হওয়া, করিতে থাকা, চালাইয়া যাওয়া; অবিচ্ছেদ্য হওয়া।

أَلْزَمَ : (إِلْزَام) লাগাইয়া রাখা; বাধ্য করা, চাপাইয়া দেওয়া; আরোপিত করা; বাধ্যতামূলক করা; দায়ী করা।

تَلاَزَمَ : একে অপরের প্রতি আসক্ত হওয়া, পরস্পর অবিচ্ছেদ্য হওয়া।

اِلْتَزَمَ : (اِلْتِزَام) লাগিয়া থাকা, ঝুলিয়া থাকা; করিতে থাকা; পালন করা, নিজ দায়িত্বরূপে গ্রহণ করা, আপন কর্তব্য মনে করা; বাধ্যতামূলক হওয়া, আরোপিত হওয়া; দায়ী হওয়া; বাধ্য হওয়া; একচেটিয়া করা; একায়ত্ত করা।

اِسْتَلْزَمَ : (اِسْتِلْزَام) জরুরি মনে করা, আবশ্যক বোধ করা; দাবি করা; প্রয়োজনীয় করা; প্রয়োজন অনুভব করা।

لِزَام : প্রয়োজনীয়; প্রয়োজন, কর্তব্য; বাধ্যবাধকতা।

لُزَمَة : অধ্যবসায়ী, পরিশ্রমী।

لُزُوم : প্রয়োজন, প্রয়োজনীয়তা, অপরিহার্যতা, চাহিদা।

حَسْبَ اللُّزُوم : প্রয়োজন মোতাবেক।

~ عِنْدَ : প্রয়োজনে, প্রয়োজন হইলে।

لاَزِم : প্রয়োজনীয়, আবশ্যকীয়, অপরিহার্য; অবিচ্ছেদ্য, বাধ্যতামূলক।

غَيْر لاَزِم : অপ্রয়োজনীয়।

~ فِعْل : অকর্মক ক্রিয়া (ব্যা)।

كَاللاَزِم : যথোচিতভাবে, সঠিকভাবে।

لاَزِمَة : সহজাত গুণ বা বৈশিষ্ট্য।

لَوَازِم : প্রয়োজনীয় জিনিসপত্র, অপরিহার্য বিষয়াদি।

أَلْزَم : অধিকতর প্রয়োজনীয়।

إِلْزَام : বলপ্রয়োগ, বাধ্যবাধকতা।

إِلْزَامِيّ : বাধ্যতামূলক।

اِلْتِزَام : প্রয়োজন; বাধ্যবাধকতা, কর্তব্য, দায়িত্ব, অঙ্গীকার, চুক্তি; ইজারা, ঠিকা, একচেটিয়া অধিকার; সুবিধা। ব اِلْتِزَامَات

اِلْتِزَامًا : ঠিকায়; চুক্তিতে।

مَلْزَمَة : (পুস্তকের) ফর্মা, format. ব مَلاَزِم

مِلْزَمَة : চাপিয়া ধরিবার যন্ত্রবিশেষ, ভাইস, vice; সাঁড়াশি। ব مَلاَزِم

مَلْزُوم : বাধ্য, অধীন।

مَلْزُومِيَّة : দায়িত্ব, কর্তব্য, বাধ্যবাধকতা।

مُلاَزِم : অনুসারী, সার্বক্ষণিক সঙ্গী, স্থায়ীভাবে অবস্থানকারী, ঘনিষ্ঠভাবে সম্পৃক্ত; সহযোগী, সহচর।

مُلاَزِم بَيْتَهُ : সারাক্ষণ গৃহে অবস্থানকারী।

أَوَّل ~ : লেফটেনেন্ট, lieutenant.



www.pathagar.com

مُلاَزِم ثَانٍ : সেকেন্ড লেফটেনেন্ট, Second lieutenant.

~ الفِرَاشِ : শয্যাশায়ী।

مُلاَزَمَة : সংলগ্নতা; অবস্থান; বসবাস; ঘনিষ্ঠ সম্পর্ক; অবিচ্ছেদ্যতা; সাহচর্য; অনুসরণ, পশ্চাদ্ধাবন; পরিশ্রম, অধ্যবসায়; প্রচেষ্টা।

مُلْتَزِم : বাধ্য, দায়ী; অঙ্গীকারাবদ্ধ; ঠিকাদার, Contractor, ইজারাদার, সুবিধাভোগী, কনসেশন লাভের অধিকারী।

مُلْتَزَم : প্রয়োজনীয় জিনিস, প্রয়োজন; কাবাগৃহের দরজা ও হাজরে আসওয়াদের মধ্যবর্তী স্থান।

مُسْتَلْزَمَات : প্রয়োজনীয় জিনিসপত্র, জরুরি সামগ্রী।

لَزَنَ ـُ : (لَزْن) ـَ لَزِنَ، (لَزَن) تَلاَزَنَ، ভিড় করা, ভিড় ঠেলিয়া যাওয়া।

مَلْزُون، لَزِن، لَزْن : সংকীর্ণ (স্থান)।

لَزْنَة ,~ : দুর্ভিক্ষ; সংকট, সংকটময় পরিস্থিতি।

أَلْزَن : দুর্যোগময় সময়।

لَزَّان : ঝাড়ু।

لَسَّ ـُ (لَسّ) : খাওয়া; লেহন করা; (পশু) ঘাস খাওয়া।

أَلَسَّ : (إِلْسَاس) অঙ্কুর গজানো, পল্লবিত হওয়া।

لُسَاس : অঙ্কুর, পল্লব।

لَسَبَ ـَ : (لَسْب) দংশন করা, হুল ফুটানো; চাবুক মারা।

لَسَبَ بِلِسَانِه : নিন্দা করা, কুৎসা করা।

لَسِبَ ـَ : (لَسَب) (মধু) চাটিয়া খাওয়া।

~ بِ : লাগিয়া থাকা।

لَسُّوب، لَسُوب : সামান্য পরিমাণ, তুচ্ছ বিষয়।

لَسْتِيك، لَسْتك : রবার।

لَسَدَ ـ : (لَسْد)، لَسِدَ ـَ (لَسَد) নিঃশেষ করা; চাটিয়া খাওয়া।

لَسَعَ ـَ : (لَسْع) দংশন করা, কামড় দেওয়া; পোড়ানো।

~ فِى : অনুপ্রবেশ করা।

لَسَعَ بِلِسَانِه : বাক্যবাণে বিদ্ধ করা।

لَسْعَة : দংশন, কামড়।

لَسَّاع : নিন্দাকারী।

لاَسِع : দংশনকারী, তীক্ষ্ণ, উগ্র, উত্তপ্ত।

لَسِيع : مَلْسُوع দংশিত। ব لَسْعَى، لُسَاعَاء

لَسِقَ ـَ : (لُسُوق)، (لَسَق) إِلْتَسَقَ، (إِلْتِسَاق) ~ بِ লাগিয়া থাকা, সংলগ্ন থাকা।

أَلْسَقَ : (إِلْسَاق) লাগাইয়া রাখা, সংলগ্ন করা।

لَسِيق، لِسْق : ঘনিষ্ঠ সহচর, অন্তরঙ্গ বন্ধু।

لَسَمَ ـُ : (لَسْم) স্বাদ লওয়া।

لَسِمَ ـَ : (لَسَم) কথা বলিতে অক্ষম হওয়া।

أَلْسَمَ : (إِلْسَام) স্বাদ গ্রহণ করানো; বুঝানো।

إِسْتَلْسَمَ : (إِسْتِلْسَام) চাওয়া।

لَسَنَ ـُ : (لَسْن) নিন্দা করা, কুৎসা করা; বাক্যবাণে বিদ্ধ করা।

لَسَّنَ ,~ : (تَلْسِين) ধারালো করা, ছুঁচালো করা।

لَسَّنَ : ~ عَلَى বিদ্রূপ করা, উপহাস করা।

لَسِنَ ـَ : (لَسَن) বাগ্মী হওয়া।

لاَسَنَ : (مُلاَسَنَة) বাক-প্রতিযোগিতা করা; বাক-বিতণ্ডা করা।

أَلْسَنَ (إِلْسَان) : ধারালো করা; (কথা) বর্ণনা করা।

تَلَسَّنَ : (আগুন) জ্বলিয়া উঠা।

لَسَن : বাগ্মিতা।

أَلْسَن، لَسِن : বাগ্মী। স্ত্রী لَسْنَاء ব لُسْن

مُلَسَّن : জিহ্বাকৃতির।

لِسَان : (পু. স্ত্রী) জিহ্বা; ভাষা, কথা; পত্র; মুখপত্র। ব أَلْسُن، أَلْسِنَة

لِسَانُ أَرْضٍ : অন্তরীপ।

~ الإِبِلِ : উদ্ভিদবিশেষ, hart's tougue.

~ بَحْرٍ : সমুদ্রের শাখা, শাখা-সমুদ্র।

~ الثَّوْرِ : উদ্ভিদ বিশেষ, borage.



www.pathagar.com

لِسَانُ الحَالِ : পরিবেশের ভাষা, নীরব ভাষা; ১৮৭৭ খ্রি. বৈরুত হইতে প্রকাশিত একটি আরবী সংবাদপত্র।

لِسَان الثَّعَل ,~ الحَمَل কদলীবৃক্ষবিশেষ, Plantain.

~ رَسْمِيّ : সরকারি মুখপত্র।

~ السَّبُع : উদ্ভিদবিশেষ, lion's tail.

~ العُصْفُور : উদ্ভিদবিশেষ, honey-wort.

~ العَصَافِير : বৃক্ষবিশেষ, ash tree.

~ غِلاَف الخِطَابَات : খামের পেটি।

~ الغَزَال : উদ্ভিদবিশেষ, moonwort.

~ الفَرَس : উদ্ভিদবিশেষ, horse-torgue.

~ القُفْل : তালার খিল।

~ القَوْم : গোত্রের মুখপাত্র, জনগণের মুখপাত্র।

~ الكَلْب : উদ্ভিদবিশেষ, hound's-tongue.

~ المِزْمَار : আলজিভ।

~ المِفْتَاح : চাবির দাঁত।

~ المِيزَان : দাঁড়িপাল্লার কাঁটা।

~ النَار : অগ্নিশিখা।

طَلْقُ اللِسَان : বাগ্মী।

~ طَلاَقَة : বাগ্মিতা।

~ مَعْقُود : নির্বাক, বাকরুদ্ধ।

بِاللِسَانِ، لِسَانًا : মুখের কথায়, মৌখিকভাবে।

عَنْ لِسَانِ، عَلَى لِسَانِ : পক্ষে, নামে।

عَلَى لِسَانِه : তাহার নিজের মুখে, তাহার মাধ্যমে।

عَلَى لِسَانِ الصُحُف : পত্রিকার ভাষায়।

ذُو لِسَانَيْنِ : দ্বিভাষী; দ্বিমুখী, প্রতারণাপূর্ণ ব্যক্তি।

الدَائِر عَلَى الألْسِنَة : জনশ্রুতি, গুজব।

لِسَانِيّ : জিহ্বা-সম্বন্ধীয়, জিহ্বামূলীয় (বর্ণ); মৌখিক।

مَلْسُون : মিথ্যাবাদী।

لَسَا ـُ : (لَسْو) গোগ্রাসে গেলা।

لَشّ ـُ : (لَشّ) তাড়াইয়া দেওয়া, হটাইয়া দেওয়া।

لِشْبُونَة : লিসবন (পর্তুগালের রাজধানী)।

لَشْلَشَ : (لَشْلَشَة) ভয়ে ব্যাকুল হওয়া।

لَشْلاَش : ব্যাকুল, অস্থির।

لَشَا ـُ : (لَشْو) নীচ হওয়া।

لاَشَى : (مُلاَشَاة) ধ্বংস করা, নির্মূল করা, বিনাশ করা।

تَلاَشَى : ধ্বংস হওয়া, নির্মূল হওয়া; বিনষ্ট হওয়া, অদৃশ্য হওয়া, তিরোহিত হওয়া, বিলীন হওয়া, বিলুপ্ত হওয়া।

لاَيَتَلاَشَى : অবিনশ্বর।

مُلاَشَاة، تَلاَشٍ : ধ্বংস, বিনাশ, বিলুপ্তি; তিরোধান, অন্তর্ধান।

مُتَلاَشٍ : বিলীয়মান, ধ্বংসোন্মুখ; ধ্বংসশীল, নশ্বর, বিলুপ্ত, অদৃশ্য; অন্তর্নিহিত, তিরোহিত।

لَصّ ـُ : (لَصّ) চুরি করা; গোপনে করা; দরজা বন্ধ করা।

~ ـَ : (لَصَص) চোর হওয়া, চৌর্যবৃত্তি করা।

تَلَصَّص : চোর হওয়া, চোরের ন্যায় আচরণ করা, গোপনে গোপনে করা।

~ عَلَى : গোপনে লক্ষ্য রাখা, গোয়েন্দাগিরি করা।

إِلْتَصّ : (إِلْتِصَاص) ~ بِ লাগিয়া থাকা, সংলগ্ন হওয়া।

لِصّ، لَصّ، لُصّ : চোর, দস্যু। ব لِصَصَة، اَلْصَاص، لُصُوص

لُصُوصِيَّة : চুরি, ডাকাতি, অপহরণ।

مُتَلَصِّص : চোরের ন্যায় আচরণকারী।

لَصِبَ ـَ : (لَصَب) ~ بِ، فِى লাগিয়া থাকা।

إِلْتَصَبَ : (إِلْتِصَاب) সংকীর্ণ হওয়া।

لِصْب : সংকীর্ণ পথ, গিরিসংকট। ব لُصُوب، لِصَاب

لَصِب : লোভী।

لَوَاصِب : গভীর ও সংকীর্ণ কূপ।

مُلْتَصِب : সংকীর্ণ (পথ)।



www.pathagar.com

لَصَغَ - َ : (لُصُوغ) (চামড়া) শুকাইয়া হাড়ের সহিত লাগিয়া যাওয়া।

لَصَفَ - ُ : (لَصْف) উজ্জ্বল হওয়া, চকচক করা।

لَصِفَ - َ : (لَصَف) (চামড়া) শুকাইয়া যাওয়া।

لَصْف : ঔজ্জ্বল্য, চাকচিক্য।

لاَصِف : উজ্জ্বল, চকচকে।

لَصِقَ - َ : (لُصُوق، لَصْق) (اِلْتَصَقَ) (اِلْتِصَاق) ~ بِ লাগিয়া থাকা; আঁটিয়া থাকা।

لَصَّقَ : (تَلْصِيق) আঁটিয়া দেওয়া, সংযুক্ত করা।

لاَصَقَ : (مُلاَصَقَة) সংলগ্ন হওয়া, সংযুক্ত হওয়া; নিকটবর্তী হওয়া, মেলামেশা করা, সঙ্গী হওয়া, সহচর হওয়া।

أَلْصَقَ : (إِلْصَاق) লাগানো; আঁটিয়া দেওয়া, সংলগ্ন করা, সংযুক্ত করা, দৃঢ় করা; মিলিত করা, নিকটবর্তী করা।

تَلاَصَقَ : একটির সহিত আরেকটি লাগিয়া যাওয়া, পরস্পর সংযুক্ত হওয়া।

لَصِيق، لِصْق : সংলগ্ন, সংযুক্ত; নিকটস্থ, নিকটবর্তী; ঘনিষ্ঠ সহচর, অনুচর।

لَصِق : আঠালো, চটচটে; সংযুক্ত, নাছোড়বান্দা।

لَصُوق : প্লাস্টার, plaster; প্রলেপ।

إِلْصَاق : পোস্টার, বিজ্ঞাপন-পত্র, ঘোষণা-পত্র।

تَلاَصُق، إِلْتِصَاق : সংযোগ, সংলগ্নতা, সংযুক্তি।

مُلْصَق : আঁটিয়া দেওয়া হইয়াছে এমন, সংযুক্ত, সংলগ্ন; মিত্র; দত্তকপুত্র।

~ : পোস্টার, প্লাকার্ড, বিজ্ঞান-পত্র, ঘোষণা-পত্র। ব مُلْصَقَات

مُتَلاَصِق، مُلاَصِق : পরস্পর সংলগ্ন, সংযুক্ত, সংশ্লিষ্ট; পার্শ্ববর্তী।

مُلاَصَقَة : সংলগ্নতা, নিকটবর্তিতা, সংযোগ-প্রবণতা, সংযুক্তি।

مُلْتَصِق : যুক্ত, সংলগ্ন, পার্শ্ববর্তী, নিকটবর্তী।

لَصْلَصَ : (لَصْلَصَة) আলগা করা।

لَصَّمَ : (تَلْصِيم) জোড়াতালি দিয়া করা, অযত্নে সম্পাদন করা।

لَصَا - ُ : (لَصْو) অপমান করা।

لَصَى - ِ : (لَصْي)، لَصِيَ - َ (لَصًى) ~ إِلَى পাহারা দেওয়া, অনুসরণ করা, লক্ষ্য রাখা।

لَضَمَ - ِ : (لَضْم) বলপ্রয়োগ করা, যুলুম করা; যুক্ত করা।

لَضَمَ الإِبْرَةَ : সুচে সুতা গাঁথা।

~ السُّبْحَةَ : পুঁতি গাঁথা, পুঁতির মালা গাঁথা।

مَلْضُوم : গ্রথিত; নিবিড়, ঘন।

لَطَّ - ُ : (لَطّ) আত্মনিয়োগ করা; নিচু করা; (দরজা) বন্ধ করা; লুকাইয়া রাখা; (অধিকার) অস্বীকার করা।

أَلَطَّ : (إِلْطَاط) লুকাইয়া রাখা; প্রচণ্ড ঝগড়া করা; (ঋণ) অস্বীকার করা।

تَلَطَّطَ : (ঋণ) অস্বীকার করা।

إِلْتَطَّ : (إِلْتِطَاط) অবগুণ্ঠিত হওয়া।

لَطّ : পুঁতির মালা। ব لِطَاط

لِطَاط، مِلْطَاط : উঁচু প্রস্তর।

مِلَطّ، لاَطّ : দুরাত্মা, দুষ্ট।

أَلَطّ : দন্তবিহীন।

مِلْطَاط : জাঁতিকল; বেলুন; নদীর তীর।

لَطَا - َ : (لُطُوّ)، لَطِيَ - َ (لَطًا) ~ بِ লাগিয়া থাকা; পৃষ্ঠে প্রহার করা।

لَطَثَ - ُ : (لَطْث) থাপ্পড় মারা, চড় মারা, কষ্ট দেওয়া, সংগ্রহ করা।

تَلاَطَثَ : (তরঙ্গের উপর তরঙ্গ) আছড়াইয়া পড়া।

لَطَحَ - َ : (لَطْح) পিঠে থাপ্পড় মারা।

لَطَخَ - َ : (لَطْخ)، لَطَّخَ (تَلْطِيخ) ময়লা করা, মলিন করা, কলঙ্কিত করা, দাগ লাগানো।

~ بِ : আরোপ করা।

تَلَطَّخَ : ময়লাযুক্ত হওয়া, কলঙ্কিত হওয়া, মলিন হওয়া।

لَطْخ : ক্ষুদ্র অংশ।

لَطْخَة : ময়লা, কলঙ্ক, দাগ, কালিমা। ব لَطَخَات



www.pathagar.com

لُطَخَة : (ب لُطَخَات) (لِطِّيخ) বোকা, গর্দভ, নির্বোধ, আনাড়ি।

لَطُوخ : ময়লা।

لَطَسَ : ـُ (لَطْس) আঘাত করা; (পাথর) নিক্ষেপ করা।

تَلاَطَسَ : (তরঙ্গ) একটির উপর আরেকটি আছড়াইয়া পড়া।

مِلْطَاس : পাথর-ভাঙ্গা হাতুড়িবিশেষ, গাঁতি। ব مَلاَطِيس

لَطَشَ : ـُ (لَطْش) আঘাত করা; চড় মারা।

لَطَّشَ : ب ~ সামান্য জ্ঞান লাভ করা, যেনতেন প্রকারে জানা।

تَلاَطَشَ : চড় মারা, থাপ্পড় মারা।

لَطْشَة : চড়, থাপ্পড়, আঘাত; উন্মত্ততা।

لَطَّاشَة الذُّبَاب : মশা-মাছি তাড়াইবার ঝাড়ন, fly-swatter.

مَلْطُوش : বিকৃতমস্তিষ্ক, উন্মত্ত।

لَطَعَ ، ـَ لَطِعَ ، ـَ لَطَعَ : (لَطْع) আঘাত করা, চড় মারা; নিশ্চিহ্ন করা, মুছিয়া ফেলা।

لَطِعَ : ـَ (لَطَع) দন্তবিহীন হওয়া।

تَلَطَّعَ : (উট) দাঁত ঝাড়া।

إِلْتَطَعَ : (إِلْتِطَاع) পান করা; চাটিয়া খাওয়া।

لَطْع : তালু। ব أَلْطَاع

لَطَع : দন্তপতন; ওষ্ঠের অভ্যন্তরে শুভ্র দাগ।

لَطْعَة : ময়লা, দাগ।

~ : শিশুর পিঠের নিচে বিছানো ওয়েলক্লথ। ব لَطْعَات

أَلْطَع : দন্তবিহীন। স্ত্রী لَطْعَاء ব لُطْع

لَطَفَ : ـُ (لُطْف) ل، ب ~ সদয় হওয়া, অনুগ্রহশীল হওয়া, বন্ধুভাবাপন্ন হওয়া, দয়া করা।

لَطُفَ : ـُ (لَطَافَة) হালকা-পাতলা হওয়া, কৃশ হওয়া, কমনীয় হওয়া, চমৎকার হওয়া; ভদ্র হওয়া, অমায়িক হওয়া, সদয় হওয়া, কোমল হওয়া।

لَطَّفَ : (تَلْطِيف) সুন্দর করা, চমৎকার করা; কোমল করা; হালকা করা, লঘু করা; উপশম করা, প্রশমিত করা; হ্রাস করা, লাঘব করা, কমানো; গুরুত্ব হ্রাস করা, ওজর দেখাইয়া কোন কিছু ঢাকা দেওয়া; কিছুটা পরিবর্তন করা।

لاَطَفَ : (مُلاَطَفَة) সদয় ব্যবহার করা, কোমল আচরণ করা, সহৃদয়তা দেখানো; মর্জি রক্ষা করা, তোষামোদ করা; বশ্যতার ভান করা; আদর করা, সোহাগ করা; কৌতুক করা, রসিকতা করা।

أَلْطَفَ : (إِلْطَاف) অনুগ্রহ করা।

تَلَطَّفَ ، تَلاَطَفَ : দয়া করা, সহৃদয়তা দেখানো; মমতা দেখানো; শিষ্টতা প্রদর্শন করা।

إِسْتَلْطَفَ : (إِسْتِلْطَاف) সুন্দর পাওয়া, সদয় মনে করা, পছন্দ করা।

لَطْف : দান, উপকার, কল্যাণ। ব أَلْطَاف

لَطْفَة : দান, উপহার।

لُطْف : দয়া, করুণা, অনুগ্রহ; সহৃদয়তা, সহানুভূতি; স্নেহ, মমতা; ভদ্রতা; শিষ্টতা; বিনয়; সৌন্দর্য। ব أَلْطَاف

بِلُطْف : কোমলভাবে, নম্রভাবে, শান্তভাবে, ভদ্রোচিতভাবে।

لَطَافَة : হালকা-পাতলা গঠন; দয়া, সহৃদয়তা; ভদ্রতা, নম্রতা; সৌন্দর্য, কমনীয়তা।

لَطِيف : ছিপছিপে, হালকা, পাতলা, সরু; সুন্দর, কমনীয়, চমৎকার; ভদ্র, অমায়িক, সহৃদয়, দয়ালু; কোমল, সূক্ষ্ম। ব لِطَاف ، لُطَفَاء

اللَّطِيف : আল্লাহর একটি গুণবাচক নাম।

يَا لَطِيف : কী সুন্দর!

الجِنْسُ اللَّطِيف : রমণী জাতি।

لَطِيفَة : রসিকতাপূর্ণ উক্তি, কৌতুক; সূক্ষ্ম কথা। ব لَطَائِف

لَوَاطِف : বক্ষ-পঞ্জর।

أَلْطَف : সুন্দরতর, সহৃদয়তর।

تَلَطُّف : বন্ধুভাবাপন্নতা, সহৃদয়তা, শিষ্টতা; ভদ্রতা, পক্ষপাতিত্ব।



www.pathagar.com

مُلَطِّف : উপশমকারী, লাঘবকারী, হ্রাসকারী।

مُلَطِّفَات : বেদনা-নাশক ঔষধ।

مُلاَطِف : সদয়, সহৃদয়, অমায়িক, বন্ধুভাবাপন্ন।

مُلاَطَفَة : সহৃদয়তা, ভদ্রতা, শিষ্টতা, বন্ধুভাবাপন্নতা; তোষামোদ; আদর, সোহাগ।

لَطَمَ - : (لَطْم) চড় মারা, আঘাত করা, শোকে মুখ চাপড়ানো, ধাক্কা দিয়া ফেলা, নিক্ষেপ করা।

لُطِمَ : চড় খাওয়া।

لَطَّمَ : (تَلْطِيم) চড় মারা; সীলমোহর করা।

لاَطَمَ : (مُلاَطَمَة) চড় মারা, ধাক্কা দেওয়া।

تَلاَطَمَ : পরস্পর আঘাত করা; একে অপরকে চড় মারা; (তরঙ্গ) একটির উপর আরেকটি আছড়াইয়া পড়া; পরস্পর সংঘর্ষে লিপ্ত হওয়া, যুদ্ধ করা।

إِلْتَطَمَ : (إِلْتِطَام) ধাক্কা লাগা।

لَطْمَة : আঘাত, ধাক্কা, চপেটাঘাত। ব لَطَمَات

لَطِيم : পিতৃমাতৃহীন, ইয়াতীম।

مَلْطُوم , ~ : যাহাকে চড় মারা হইয়াছে।

لَطِيمَة : কস্তূরী, সুগন্ধি, সুগন্ধদ্রব্যবাহী পশু; সুগন্ধি-বাক্স। ব لَطَائِم

مَلْطَم : গাল।

مَلْطَم المُونَة : সিমেন্ট, বালু, সুরকি, চুন ইত্যাদি মিশ্রণের স্থান।

لَطَا - ُ : (لَطْو)، لَطِي - (لَطْي) (গুহায়) আশ্রয় লওয়া।

لَطِي - َ : (لَطْي) ~ بِ নিবাস স্থাপন করা।

تَلَطَّى : আশ্রয় গ্রহণ করা।

~ عَلَى : ওৎ পাতিয়া থাকা, অপেক্ষায় থাকা।

لَطَاة : স্থান; ললাট।

مَلْطَى، لَطْوَة : আশ্রয়।

لَظَّ - ُ : (لَظّ، لَظِيظ) অনুসরণ করা, পিছু লওয়া।

~ : (لَظّ) তাড়াইয়া দেওয়া।

أَلَظَّ : (إِلْظَاظ) অবিরামভাবে (বৃষ্টি) পড়া।

~ بِ : অবস্থান করা; লাগিয়া থাকা, সান্নিধ্যে থাকা।

تَلاَظَّ : (تَلاَظُظ) একে অন্যের পিছু লওয়া।

لَظّ : কঠোর, অবাধ্য (লোক)।

مُلِظّ : পরিশ্রমী, অধ্যবসায়ী।

مِلَظّ، مِلْظَاظ : জেদী, নাছোড়বান্দা।

لَظِيَ - َ : (لَظًى)، تَلَظَّى، إِلْتَظَى، (إِلْتِظَاء) (আগুন) জ্বলিয়া উঠা, প্রজ্বলিত হওয়া; শিখায়িত হওয়া; ক্রোধে জ্বলিয়া উঠা।

لَظَّى : (আগুন) জ্বালানো।

لَظًى : প্রজ্বলিত অগ্নি, জ্বলন্ত আগুন, অগ্নিশিখা; জাহান্নামের আগুন, জাহান্নাম।

لَعِبَ - َ (لَعِب، لِعْب، تَلْعَاب) : খেলা করা, ক্রীড়া করা, কৌতুক করা, (বাদ্যযন্ত্র) বাজানো।

لَعِبَ بِالأَوْرَاقِ : তাস খেলা।

~ بِالسَّيْفِ : তরবারি খেলার অভ্যাস করা।

~ بِالشَّطْرَنْجِ : দাবা খেলা।

~ بِعَقْلِهِ : মিষ্ট কথায় ভুলানো, প্রতারিত করা; মস্তিষ্কবিকৃতি ঘটানো; বিভ্রান্ত করা।

~ بِالنَّارِ : আগুন লইয়া খেলা করা।

~ دَوْرًا : ভূমিকা পালন করা।

~ القِمَار : জুয়া খেলা।

~ المُوسِيقَى : সুর করা, সুর বাজানো।

لَعِبَ ~ فِي : তুচ্ছ তাচ্ছিল্য করা।

~ - َ : (لَعْب) লালা ঝরানো।

لَعَّبَ : (تَلْعِيب) খেলা করা; খেলা করানো; খেলনা নাড়ানো; চালু করা।

لَعَّبَهُ عَلَى أَصَابِعِهِ : অঙ্গুলি নির্দেশে ঘুরানো, ইচ্ছা মোতাবেক পরিচালনা করা।

لاَعَبَ : (مُلاَعَبَة) খেলা করা; কৌতুক করা।

أَلْعَبَ : (إِلْعَاب) খেলা করানো, খেলানো; লালা ঝরানো।

تَلَعَّبَ : খেলা করা; ক্রীড়াসুলভ আচরণ করা।



www.pathagar.com

تَلاَعَبَ : ক্রীড়াসুলভ আচরণ করা; প্রতারণাপূর্ণ আচরণ করা।

~ بِ : খেলা করা, তামাশা করা, কৌতুক করা, উপহাস করা।

لَعْبَةٌ، لَعِبٌ، لَعْبٌ : খেলা, ক্রীড়া, তামাশা, কৌতুক; বিনোদন। ব أَلْعَابٌ

لَعْبُ السَّيْفِ : তরবারি খেলা।

~ الْقِمَارِ : জুয়াখেলা।

أَلْعَابٌ رِيَاضِيَّةٌ : খেলাধুলা, শরীরচর্চা; ব্যায়াম।

~ سِحْرِيَّةٌ : ভোজবাজি, ভেলকি, হস্তকৌশল।

~ الْقُوَى : শরীরচর্চা, ব্যায়াম, শক্তিচর্চা, মল্লযুদ্ধ।

~ نَارِيَّةٌ : আতশবাজি।

الأَلْعَابُ الأُولِمْبِيَّةُ : অলিম্পিক খেলা।

سَاحَةُ الأَلْعَابِ : খেলার মাঠ।

~ مُدَرِّسُ : খেলাধুলার শিক্ষক, ব্যায়াম প্রশিক্ষক।

لَعِبَةٌ : খেলা, তামাশা, চালাকি।

لِعْبَةٌ : খেলা।

لُعْبَةٌ : (ব لُعَبٌ) أُلْعُوبَةٌ (ব أَلاَعِيبُ) খেলা; খেলনা; তামাশা, কৌতুক; ধাঁধা; উপহাসের পাত্র; পুতুল।

لَعُوبٌ، لَعِبٌ : আমোদপ্রিয়, প্রফুল্লচিত্ত।

لَعَّابٌ، لِعِّيبٌ، لُعَبَةٌ : যে অধিক খেলে, খেলোয়াড়, আমোদপ্রিয়।

لُعَابٌ : লালা, থুথু, রস।

لُعَابُ النَّحْلِ : মধু।

~ الشَّمْسِ : তীব্র সূর্যকিরণের কারণে শূন্যে মাকড়সার জালের ন্যায় পরিদৃশ্যমান বস্তু।

سَالَ لُعَابُهُ ~ عَلَى : লোভ করা।

لُعَابِيٌّ : লালা-সম্বন্ধীয়, লালাযুক্ত, লালার ন্যায়।

لُعَيْبَةٌ : পুতুল।

لاَعِبٌ : খেলোয়াড়, ক্রীড়াবিদ; ক্রীড়ারত।

لاَعِبُ الجُنْبَازِ : ব্যায়ামবীর, মল্ল যোদ্ধা।

تِلْعَابٌ، تِلْعَابَةٌ، تِلِعَّابٌ، تِلِعَّابَةٌ : যে অধিক খেলে, খেলোয়াড়; আমোদপ্রিয়; কৌতুকপ্রিয়, ভাঁড়।

تَلاَعُبٌ : ছলনা, প্রতারণা।

مَلْعَبٌ : ক্রীড়াস্থল, প্রমোদকেন্দ্র; খেলার মাঠ, স্টেডিয়াম, রঙ্গমঞ্চ; খেলা; প্রতিযোগিতা। ব مَلاَعِبُ

مَلاَعِبُ الجِنِّ : গোলকধাঁধা।

مَلْعَبَةٌ : খেলনা; পুতুল।

مَلْعُوبٌ : লালাপূর্ণ; লালা ঝরায় এমন (শিশু); কৌশল, ছলনা। ব مَلاَعِيبُ

مُلاَعِبٌ : সহ-খেলোয়াড়, খেলার সাথি; ছলনাকারী, প্রতারক।

لَعَثَ – َ : (لَعَثٌ) মন্থর হওয়া।

أَلْعَثُ : মন্থর, ঢিলা। স্ত্রী لَعْثَاءُ ব لُعْثٌ

تَلَعْثَمَ، لَعْثَمَ : দ্বিধা করা, ইতস্তত করা, দেরি করা, তোতলানো।

تَلَعْثُمٌ، لَعْثَمَةٌ : দ্বিধা; তোতলামি।

مُتَلَعْثِمٌ : তোতলা।

لَعَجَ – َ : (لَعْجٌ) আঘাত দেওয়া, কষ্ট দেওয়া, দুঃখ দেওয়া, ব্যথা দেওয়া।

لاَعَجَ : (مُلاَعَجَةٌ) কষ্ট দেওয়া, যন্ত্রণা দেওয়া; কষ্টকর হওয়া।

أَلْعَجَ : (إِلْعَاجٌ) (আগুন) উসকাইয়া দেওয়া,।

إِلْتَعَجَ : (إِلْتِعَاجٌ) দুঃখিত হওয়া, দুঃখ পাওয়া।

لاَعِجٌ : কষ্টদায়ক, যন্ত্রণাদায়ক, দহনকারী; দহনকারী প্রেম। ব لَوَاعِجُ

لَوَاعِجُ الحُبِّ : প্রেমের দহন।

لَعَزَ – َ : (لَعْزٌ) লেহন করা, চাটা।

لَعِسَ – : (لَعَسٌ) গাঢ় লাল ঠোঁটবিশিষ্ট হওয়া।

لُعْسَةٌ، لَعَسٌ : ঠোঁটের গাঢ় লাল বর্ণ।

أَلْعَسُ : লাল ঠোঁটবিশিষ্ট; জট পাকানো (উদ্ভিদ)। স্ত্রী لَعْسَاءُ ব لُعْسٌ



www.pathagar.com

لَعِصَ - َ : (لَعَص) কঠিন হওয়া।

تَلَعَّصَ : ~ عَلَى কঠোরতা প্রদর্শন করা।

لَعَطَ - َ : (لَعْط) (পশুর) ঘাড়ে দাগ দেওয়া, উলকি আঁকা, আঘাত দেওয়া, অনিষ্ট করা; বঞ্চিত করা।

لَعْط : উলকি, দাগ, ডোরা। ব أَلْعَاط

لُعْط : (দেওয়াল বা পর্বতের) পার্শ্ব।

لُعْطَة : কুনজর, ঘাড়ের কাল দাগ।

مَلْعَط : বাসস্থানের নিকটবর্তী চারণক্ষেত্র। ব مَلَاعِط

أَلْعَفَ، تَلَعَّفَ : (إِلْعَاف) (সিংহ) মাটিতে শুইয়া থাকা।

لَعِقَ - َ : (لَعْق، لَعْقَة، لُعْقَة) চাটা।

أَلْعَقَ : (إِلْعَاق) চাটিতে দেওয়া।

اِلْتَعَقَ : (اِلْتِعَاق) (রঙ) বিবর্ণ হওয়া।

لُعْقَة : এক চামচ পরিমাণ।

لَعِق : লোভী।

لَعُوق : চাটিয়া খাইবার বস্তু, চাটিয়া খাইবার ঔষধবিশেষ।

مِلْعَقَة : চামচ; এক চামচ পরিমাণ। ব مَلَاعِق

مِلْعَقَة حُلْوٍ : মিষ্টান্নের চামচ।

~ شَاى : চায়ের চামচ।

~ شُورَبَة : টেবিল-চামচ।

أَبُو مِلْعَقَة : চামচের ন্যায় ঠোঁটযুক্ত পাখিবিশেষ।

لَعْل : (ফা) মণিবিশেষ, রজতমণি।

لَعَلَّ : হয়তো, সম্ভবত।

لَعَلَّكُمْ بِخَيْرٍ : আশা করি তোমরা ভাল আছ।

لَعْلَعَ : (لَعْلَعَة) গর্জন করা; প্রতিধ্বনি করা।

تَلَعْلَعَ : অস্পষ্টভাবে জ্বলা, জ্বলজ্বল করা, চকচক করা; (ক্ষুধায়) কষ্ট পাওয়া; (তৃষ্ণায়) জিহ্বা বাহির করা।

لَعْلَع : মরীচিকা; নেকড়ে। ব لَعَالِع

مُلَعْلَع : প্রতিধ্বনিপূর্ণ (শব্দ); চকচকে (রঙ)।

لَعَنَ - َ (لَعْن) : অভিশাপ দেওয়া; বিতাড়িত করা।

لَاعَنَ : (مُلَاعَنَة) অপবাদ দেওয়া, অভিশাপ দেওয়া।

تَلَاعَنَ : একে অপরকে অভিশাপ দেওয়া।

اِلْتَعَنَ : (اِلْتِعَان) একে অপরকে অভিশাপ দেওয়া, নিজেকে অভিশাপ দেওয়া।

لَعْن : অভিশাপদান, অভিশাপ।

لَعْنَة : অভিশাপ, অভিসম্পাত, অনিষ্ট কামনা। ব لِعَان، لَعَنَات

لُعْنَة : অভিশপ্ত।

لَعَانِيَة، لَعَان : অভিশাপ।

لِعَان : "অপবাদ সত্য হইলে আল্লাহর লানত বর্ষিত হইবে"–এই মর্মে ব্যভিচারের অভিযোগ খণ্ডনের উদ্দেশ্যে শপথ সহকারে সাক্ষ্য প্রদান।

لَعَّان : অভিশাপদাতা, অভিসম্পাতদানকারী।

لَعِين : অভিশপ্ত; খারাপ।

اللَّعِين : অভিশপ্ত, শয়তান।

مَلْعُون : অভিশপ্ত, ঘৃণিত, ঘৃণ্য। ব مَلَاعِين

مُتَلَاعِن : পরস্পর শত্রুভাবাপন্ন।

تَلَعَّى : (মধু) ঘনীভূত হওয়া।

لَعْو : লোভী; দুষ্ট। ব لِعَاء

لَعْوَة : ক্ষুধার তীব্রতা; স্তনের বোঁটার চতুষ্পার্শ্বস্থ কালো বৃত্ত।

~, لَعَاة : শিকারি কুকুরী। ব لَعَوَات

لَعْوَقَ : (لَعْوَقَة) ত্বরা করা।

لَعْوَق : দুর্বলচিত্ত, বোকা।

لَغَبَ - َ لَغِبَ - ُ لَغُبَ - ُ (لَغْب، لُغُوب، لَغَب) : ক্লান্ত হওয়া; লেহন করা, চাটা।

~ - َ : (لَغْب) ~ عَلَى অনৈক্য সৃষ্টি করা, বিভেদ সৃষ্টি করা; মিথ্যা তথ্য জ্ঞাপন করা।

لَغَّبَ، أَلْغَبَ : (إِلْغَاب، تَلْغِيب) ক্লান্ত করা।

تَلَغَّبَ : ক্লান্ত করা; (শিকারের) পিছু লওয়া, পশ্চাদ্ধাবন করা।



www.pathagar.com

لَغْب : দুর্বলচিত্ত; সম্মুখদন্তের মাঢ়ি; নিকৃষ্ট তীর; বাজে কথা, খারাপ কলম।

لَغِيب، لَغَب : বাজে কথা, নিকৃষ্ট কলম।

لَاغِب : ক্লান্ত। ব لُغَّب

لُغَاب : নিকৃষ্ট তীর।

لُغُوبَة، لُغَابَة : দুর্বলচিত্ততা।

لَغُوب، لُغُوب : ক্লান্তি, কষ্ট, ক্লেশ।

لَغَدَ - َ : (لَغْد) (উট) একত্রিত করা, (কান) খাড়া করা।

لَاغَدَ، إِلْتَغَدَ : (إِلْتِغَاد، مُلَاغَدَة) করমর্দন করা।

لُغْد : (ব أَلْغَاد) لُغْدُود (ব لَغَادِيد) কানের অভ্যন্তর ভাগের অথবা গলদেশের ঝুলন্ত মাংসখণ্ড।

مُتَلَغِّد : ক্রোধান্বিত।

لَغَزَ - ُ : (لَغْز) বিকৃত করা।

لَاغَزَ، أَلْغَزَ : (إِلْغَاز، مُلَاغَزَة) হেঁয়ালিপূর্ণভাবে কথা বলা, ধাঁধায় ফেলা, ধাঁধা বলা।

لُغْز، لُغَز، لُغُز، لَغَز : হেঁয়ালিপূর্ণ কথা, হেঁয়ালি, ধাঁধা, প্রহেলিকা, রহস্য। ব أَلْغَاز

لَغَّاز : নিন্দুক, অপবাদকারী।

مُلْغِز : হেঁয়ালিপূর্ণ, রহস্যময়, অস্পষ্ট।

لَغَطَ - َ : (لَغَاط، لَغْط) لَغَّطَ (تَلْغِيط) أَلْغَطَ (إِلْغَاط) গোলমাল করা, হৈচৈ করা, শোরগোল করা, চিৎকার করা।

~ ب ~ , ~ : চিৎকার করিয়া বলা, গুজবের মাধ্যমে ছড়ানো।

لَغْط، لَغَط : গোলমাল, শোরগোল, হৈচৈ, চিৎকার। ব أَلْغَاط

لَغَفَ - َ : (لَغْف) (খাদ্যদ্রব্য) গোলাকার করা।

لَاغَفَ : (مُلَاغَفَة) সাক্ষাৎ করা; চুম্বন করা।

أَلْغَفَ : (إِلْغَاف) গোলাকার খাদ্যদ্রব্য খাইতে দেওয়া; দুর্ব্যবহার করা; চোরের দলের সহচর হওয়া।

لُغْفَة : মুখের গ্রাস।

لَغِيف : চোরের দলের সহযোগী; যে চোরের সহায়তা করে কিন্তু নিজে চুরি করে না। ব لُغَفَاء

مُلْغَفَة : ডাকাতদল।

لَغَمَ - َ : (لَغْم) (উট) মুখে ফেনা তোলা; মিথ্যা গুজব ছড়ানো; মাইন পুঁতা; সুড়ঙ্গ কাটা; বিস্ফোরণ ঘটানো।

أَلْغَمَ : (إِلْغَام) মাইন পুঁতা; সুড়ঙ্গ কাটা; বিস্ফোরণ ঘটানো; পারদমিশ্রিত করা।

تَلَغَّمَ : ফেনা তোলা।

لَغْم : মাইন স্থাপন।

لَغَم، لُغْم : মাইন, mine, বিস্ফোরক। ব أَلْغَام

لُغْمَجِيّ، لَغْمَجِيّ : (তু) যে সৈন্য পরিখা, সুড়ঙ্গ ইত্যাদি খনন করে কিংবা বিস্ফোরক স্থাপন করে।

لُغَام : ফেনা।

إِلْغَام : মাইন স্থাপন; পারদমিশ্রণ।

مُلْغَم : পারদমিশ্রিত।

لَغْمَطَ : (لَغْمَطَة) (মি) ময়লা হওয়া, মলিন হওয়া, দাগযুক্ত হওয়া, নোংরা হওয়া।

لَغَا - ُ : (لَغْو) ফাও কথা বলা; বাতিল হওয়া।

~, لَغِيَ - َ : (لَغًا، لَاغِيَة، مَلْغَاة) নিরর্থক কথা বলা, বাজে কথা বলা; ভুল বলা।

لَغِيَ - َ : (لَغًى) ~ ب আসক্ত হওয়া; অধিক কথা বলা; তৃষ্ণা নিবৃত্ত হয় না এমনভাবে পানি পান করা।

لَاغَى : (مُلَاغَاة) কৌতুক করা, তামাশা করা।

أَلْغَى : (إِلْغَاء) বাতিল করা, নষ্ট করা, অকেজো করা, বাদ দেওয়া; প্রত্যাহার করা; হতাশ করা।

لَغًا : শব্দ, ধ্বনি; ভুল, স্খলন।

لَغْو : তুচ্ছবিষয়, নিরর্থক কথা; বাতিল, অকেজো; ভুল।

يَمِين لَغْو : অর্থহীন শপথ।

لُغَة : উপভাষা, আঞ্চলিক ভাষা, dialect; বাগ্‌ধারা; বিষয়।



www.pathagar.com

~ لَغْوَى : নিরর্থক কথা, অনর্থক কাজ।

لُغَة : ভাষা, উপভাষা, পরিভাষা; কথা, শব্দ। ব لُغًى، لُغَات

اللُّغَة : ক্লাসিক্যাল আরবী, classical Arabic.

لُغَة أَجْنَبِيَّة : বিদেশী ভাষা।

~ خُصُوصِيَّة : ভাষার বিশেষ উচ্চারণ, আঞ্চলিক ভাষা।

~ عَامِّيَّة : সাধারণের ভাষা, প্রচলিত ভাষা, কথ্যভাষা।

~ الكِتَابَة : সাহিত্যের ভাষা, লিখিত ভাষা।

~ مَجَازِيَّة : রূপক ভাষা।

~ المُحَادَثَة : কথ্যভাষা।

~ المَوْلِد : মাতৃভাষা।

أَهْلُ اللُّغَة : ভাষাতত্ত্ববিদ; অভিধান লেখক।

عِلْمُ اللغة : ভাষাতত্ত্ব, ভাষাবিজ্ঞান, অভিধানশাস্ত্র।

~ عِلْمُ قَوَاعِد : শব্দতত্ত্ব, শব্দের ব্যুৎপত্তি সম্বন্ধীয় বিদ্যা।

~ كُتُبُ : অভিধানগ্রন্থ, শব্দকোষ।

لُغَوِيّ : ভাষাগত, ভাষাসম্বন্ধীয়; ব্যুৎপত্তিগত; আভিধানিক; ভাষাতাত্ত্বিক; ভাষাতত্ত্ববিদ; অভিধান লেখক; ভাষাবিজ্ঞানী; ভাষাবিদ।

لَاغٍ : বাতিল; অকেজো।

لَاغِيَة : তুচ্ছ বিষয়; নিরর্থক কথা; ব্যাকরণগত ভুল, অশুদ্ধ ভাষা।

إِلْغَاء : বাতিলকরণ, অকেজোকরণ, রহিতকরণ; প্রত্যাহার।

مُلْغًى : বাতিলকৃত, বাতিল, রহিত।

لَغْوَس : নরম, দুর্বল, নাজুক।

لَفَّ ـُ : (لَفّ) গুটানো, পেঁচানো, পাকানো, জড়ানো; ভাঁজ করা; মোড়া, আবৃত করা; বেষ্টন করা।

~ بِ : সংযুক্ত করা।

~ عَلَى : সাক্ষাৎ করা; পেঁচানো।

لَفَّفَ : (تَلْفِيف) গুটানো, পেঁচানো; মোড়া, ভাঁজ করা।

أَلَفَّ : (إِلْفَاف) ডানার নিচে (মাথা) লুকানো।

تَلَفَّفَ : মিলিত হওয়া, জড়ো হওয়া।

~ فِي : আচ্ছাদিত হওয়া।

تَلَافَّ : বিজড়িত হওয়া।

إِلْتَفَّ : (إِلْتِفَاف) পাকানো, পেঁচানো, জড়াইয়া থাকা; কুণ্ডলী পাকানো; জড়ো হওয়া, সমবেত হওয়া; দলবদ্ধ হওয়া, জোটবদ্ধ হওয়া; আবর্তিত হওয়া।

~ بِ : আঁকড়াইয়া ধরা, জড়াইয়া ধরা।

~ فِي : আবৃত হওয়া, আচ্ছাদিত হওয়া।

لَفّ : গুটানো, ভাঁজকরণ, কুণ্ডলীকরণ, মোড়ন, আবৃতকরণ।

لَفّ وَنَشْر : (অলংকারশাস্ত্রে) ক্রমবিন্যাস, পর্যায়ক্রমিক বিন্যাস।

لِفّ : ঝোপ; মিশ্রিত জনগোষ্ঠী। ব لُفُوف، أَلْفَاف

لَفَّة : আবর্তন; পাক, পেঁচ, গুচ্ছ, বাণ্ডিল, প্যাকেট; গাঁট; পাগড়ি, কয়েল, coil. ব لَفَّات

لَفَّاف : আবর্তনকারী, আবর্তনশীল।

لِفَافَة : মোড়ক, খাম; আচ্ছাদন; বস্ত্রবন্ধনী, পট্টি; সিগারেট। ব لَفَائِف، لِفَافَات

لَفِيفَةُ تَبْغٍ، لِفَافَةُ تَبْغٍ : সিগারেট।

لَفِيف : দলবদ্ধ; সমষ্টিবদ্ধ; দল, গোষ্ঠী, সমষ্টি; বন্ধু। ব أَلْفَافٌ

لَفِيف النَّاس : জনগোষ্ঠী, জনসমষ্টি।

لَفِيفَة : গুচ্ছ, বাণ্ডিল; প্যাকেট; সিগারেট। ব لَفَائِف

أَلَفّ : হৃষ্টপুষ্ট; হতবাক, হতবুদ্ধি। স্ত্রী لَفَّاء ব لُفّ

تَلْفِيف : কুণ্ডলী, পাক, পেঁচ, ভাঁজ। ব تَلَافِيف

تَلَافِيف : মধ্যভাগ, অভ্যন্তর, গভীর; ঝোপ।

فِي تَلَافِيف : অভ্যন্তরে, গভীরে, মধ্যে।

مَلَفّ : মোড়ক, আচ্ছাদন; কম্বল; (চিঠির) খাম; পত্রকোষ, ফাইল, file. পোর্টফোলিও, portfolio. ব مَلَفَّات

مِلْفَاف : মোড়ক, আচ্ছাদন।

مَلْفُوف : মোড়কবদ্ধ, মোড়কে আবদ্ধ; ভাঁজকৃত; পেঁচানো, পাকানো; হৃষ্টপুষ্ট; ফুলকপি।



www.pathagar.com

مُلْتَفّ : দলবদ্ধ, সমষ্টিবদ্ধ; সজ্ঘবদ্ধ; বিজড়িত, মোড়কবদ্ধ; পেঁচানো, পাকযুক্ত; আবর্তিত।

لَفَا - َ : (لَفَاء، لَفًا) (গাছের) ছাল খসানো; দুর্নাম করা।

~ عَنْ : পৃথক করা; বিরত করা।

~ بِ : আঘাত করা।

لَفِيَ - َ : (لَفًا) থাকিয়া যাওয়া; প্রয়োজনের অতিরিক্ত হওয়া।

لَفَاء : অবশিষ্টাংশ; ধূলি; সামান্য পরিমাণ।

لَفِيئَة : অস্থিবিহীন মাংসখণ্ড। ব لَفَايَا

لَفَتَ - : (لَفْت) পাকানো, মোচড়ানো; খারাপ আচরণ করা।

~, لَفَّتَ، أَلْفَتَ : (إِلْفَات، تَلْفِيت) إِلَى ~ ঘুরানো, ফিরানো; ঝুঁকানো, নোয়ানো।

~, ~, ~ : ~ عَنْ ফিরাইয়া আনা, বিরত করা।

أَلْفَتَ نَظَرَهُ إِلَى، لَفَتَ نَظَرَهُ إِلَى : দৃষ্টি বা মনোযোগ ফিরানো, দৃষ্টি বা মনোযোগ আকর্ষণ করা।

إِلْتَفَتَ، تَلَفَّتَ : (إِلْتِفَاق) إِلَى ~ দৃষ্টি দেওয়া, মনোযোগ দেওয়া, তাকানো; ভ্রূক্ষেপ করা; লক্ষ্য রাখা, যত্ন লওয়া, দেখাশুনা করা।

إِلْتَفَتَ حَوْلَهُ، تَلَفَّتَ حَوْلَهُ : চতুর্দিকে তাকানো।

إِسْتَلْفَتَ : (إِسْتِلْفَات) দৃষ্টি বা মনোযোগ আকর্ষণ করা।

لِفْت : শালগম।

لَفْتَة : দৃষ্টিপাত, ক্ষণিকের দৃষ্টি, ত্বরিত দৃষ্টি; কটাক্ষ; ঝোঁক, বাঁক। ব لَفَتَات

لَفَت : নেটাত্ব, বাম হাতে কাজকরণ।

لَفُوت، لَفَات : কোপনস্বভাব, বদমেযাজী, খিটখিটে।

لاَفِتَة : বিজ্ঞাপন, প্লাকার্ড। ব لَوَافِتُ

أَلْفَت : নেটা, বাঁ-হাতী; টেরা, বোকা; আনাড়ি। স্ত্রী لَفْتَاء ব لُفْت

إِلْتِفَات : দৃষ্টিদান, ঝোঁক; প্রবণতা; দৃষ্টি, দৃষ্টিপাত, লক্ষ্য, যত্ন, মনোযোগ, ভ্রূক্ষেপ, বিবেচনা।

عَدَمُ الإِلْتِفَات : অমনোযোগ, উপেক্ষা।

بِدُونِ إِلْتِفَات، بِلاَ إِلْتِفَات : অমনোযোগ সহকারে; অযত্নে।

إِلْتِفَاتَة : দৃষ্টি, ক্ষণিকের দৃষ্টি, ত্বরিত দৃষ্টি; কটাক্ষ।

مُلْفِت لِلنَّظَر، مُلْفِت : মনোযোগ আকর্ষণকারী, হৃদয়গ্রাহী।

مُلْتَفِت : দৃষ্টিদানকারী, লক্ষ্যকারী, মনোযোগী, যত্নবান, বিবেচক।

غَيْرُ مُلْتَفِت : অমনোযোগী, অযত্নবান; অবিবেচক।

إِسْتَلْفَثَ : (إِسْتِلْفَاث) নিঃশেষ করা; গোপন করা; পূর্ণ করা।

أَلْفَجَ : (إِلْفَاج) নিঃস্ব হওয়া, দেউলিয়া হওয়া।

لَفْج : নীচতা, হীনতা।

مُسْتَلْفَج، مُلْفَج : দেউলিয়া।

لَفَحَ - َ : (لَفْح) আঘাত করা।

~ : (لَفَحَان، لَفْح) পোড়ানো, জ্বালানো, দগ্ধ করা।

تَلَفَّحَ : ~ بِ আচ্ছাদিত হওয়া।

لَفْحَة : আগুন। ব لَفَحَات

لُفَّاح : আলুজাতীয় উদ্ভিদবিশেষ, mandrake.

لاَفِح، لَفُوح : দগ্ধকারী, বিধ্বংসী। ব لَوَافِح

تَلْفِيحَة : গলাবন্ধ, muffler.

مَلْفُوح : দগ্ধ, ধ্বংসপ্রাপ্ত।

لَفَظَ - : (لَفْظ) নিক্ষেপ করা, উৎক্ষেপণ করা; ত্যাগ করা, নির্গত করা, বলা।

لَفَظَ النَّفَسَ الأَخِير : শেষ নিঃশ্বাস ত্যাগ করা, মরিয়া যাওয়া।

تَلَفَّظَ : উচ্চারণ করা।

تَلَفُّظ، لَفْظ : উচ্চারণ।

~ : শব্দ, শব্দসমষ্টি, পদ; কথা। ব أَلْفَاظ



www.pathagar.com

لَفْظًا : শাব্দিকভাবে, আক্ষরিকভাবে।

لَفْظًا وَمَعْنًى : শব্দগত ও অর্থগতভাবে।

أَخْطَأَ اللَّفْظَ : (إِخْطَاء) অশুদ্ধ উচ্চারণ করা।

لَفْظِيٌّ : শব্দসম্বন্ধীয়, শাব্দিক, আক্ষরিক, উচ্চারণভিত্তিক, মৌখিক।

لَفْظِيًّا : আক্ষরিকভাবে, মৌখিকভাবে।

لَفْظَة : শব্দ; কথা। ব لَفَظَات

لَافِظ : উচ্চারণকারী, কথক।

لَافِظَة : চঞ্চু দ্বারা বাচ্চাকে খাওয়াইতেছে এমন (পাখি)।

اللَّافِظَة : সমুদ্র, ভেড়ী; জাঁতিকল, ইহজগৎ।

لُفَاظَة : মুখ হইতে উৎক্ষিপ্ত বস্তু; বর্জিতাংশ; অবশিষ্টাংশ। ব لُفَظَات

مَلْفُوظ، لَفِيظ : নিক্ষিপ্ত, উৎক্ষিপ্ত; উচ্চারিত।

تَلَفُّظ : উচ্চারণ।

لَفَعَ - َ : (لَفْع) (শুভ্র কেশ) মস্তক আবৃত করা, ছাইয়া ফেলা।

لَفَّعَ : (تَلْفِيع) অধিক ভোজন করা, জড়াইয়া ধরা।

تَلَفَّعَ : কেশ বার্ধক্যজনিত শুভ্র হওয়া।

~, إِلْتَفَعَ : (إِلْتِفَاع) ~ بِ আচ্ছাদিত হওয়া, পরিধান করা।

تَلَفَّعَ عَلَى الْعَدُوِّ : শত্রুকে বেষ্টন করা।

اِلْتُفِعَ : বিবর্ণ হওয়া।

مِلْفَع، لِفَاع : গলাবন্ধ, muffler; ঢিলা জামা।

لَفَقَ - ِ : (لَفْق) (পাড় বা গ্রন্থি) সেলাই করা।

لَفِقَ - َ : (لَفَق) লাভ করা, পাওয়া।

لَفِقَ يَفْعَلُ : করিতে থাকা, করিতে আরম্ভ করা।

لَفَّقَ : (تَلْفِيق) মিথ্যা-সজ্জিত করা; সাজাইয়া বলা, বানাইয়া বলা; মিথ্যা উদ্ভাবন করা; মিথ্যা সাজানো; জোড়াতালি দেওয়া।

لَفْق : সেলাই। ব لِفَاقٌ

لِفْق : পাড়, জোড়।

تِلْفَاق، لِفَاق : তালি, জোড়া।

تَلْفِيق : মিথ্যা উদ্ভাবন, বানোয়াট, সাজানো কথা।

تَلْفِيقَة : উদ্ভাবিত গল্প, মিথ্যা। ব تَلْفِيقَات

مُلَفَّق : উদ্ভাবিত, রচিত, বানানো, সাজানো, কল্পিত, মিথ্যা; তালিযুক্ত।

لَفْلَفَ : (لَفْلَفَة) ~ بِ আবৃত করা, আচ্ছাদিত করা, মোড়ানো।

تَلَفْلَفَ : ~ بِ আবৃত হওয়া, আচ্ছাদিত হওয়া, মোড়কে আবদ্ধ হওয়া।

أَلْفَك، لَفِيك : নেটা; আনাড়ি।

لَفَمَ - ُ : (لَفْم)، تَلَفَّمَ، إِلْتَفَمَ (إِلْتِفَام) ঘোমটা দেওয়া, অবগুণ্ঠিত হওয়া।

لِفَام : ঘোমটা, অবগুণ্ঠন।

لَفَى - ِ : ~ إِلَى প্রত্যাবর্তন করা।

لَفَّى : (تَلْفِيَة) গৃহের প্রতি আকৃষ্ট করা।

أَلْفَى : (إِلْفَاء) পাওয়া।

تَلَافَى : সংশোধন করা, ঠিক করা, মেরামত করা; (বিপদ) দূর করা; প্রতিকার করা; ক্ষতিপূরণ করা।

لَفَاء : ধূলি, মাটি, আবর্জনা।

تَلَافٍ، مُلَافَاة : মেরামত, সংশোধন, অপসারণ; প্রতিকার, ক্ষতিপূরণ।

مَلْفًى : মিলনস্থল।

لَقَّ - ُ : (لَقّ) লেহন করা; আলগা হওয়া, শিথিল হওয়া; গুড়গুড় শব্দ করা।

لَقّ : ফাটল, খাত।

مِلَقّ : ব্যাট, র‍্যাকেট।

لَقَّبَ : (تَلْقِيب) উপনাম দেওয়া, উপাধি দেওয়া, উপনামে ডাকা, উপাধিতে ভূষিত করা।

تَلَقَّبَ : উপনামপ্রাপ্ত হওয়া, উপাধি লাভ করা।

لَقَب : উপাধি, উপনাম, গোত্রনাম, কুলনাম, ডাকনাম। ব أَلْقَاب

لَاقَبَ : (مُلَاقَبَة) খারাপ নামে ডাকা, নিকৃষ্ট উপাধিতে গালি দেওয়া।

مُلَقَّب : উপাধিপ্রদত্ত, উপনামযুক্ত।



www.pathagar.com

لَقَحَ : ـَ (لَقْح) (تَلْقِيْح) لَقَّحَ، (لَقْح) গর্ভোৎপাদন করা, গর্ভবতী করা; ফলবতী করা; পরাগিত করা; (গাছের) কলম কাটা; টিকা দেওয়া।

لَقِحَ : ـَ (لَقَاح، لَقَح، لَقْح) إِلْتَقَحَ، تَلَقَّحَ، (إِلْتِقَاح) গর্ভধারণ করা, গর্ভবতী হওয়া, ফলবতী হওয়া।

أَلْقَحَ : (إِلْقَاح) গর্ভবতী করা।

إِسْتَلْقَحَ : (إِسْتِلْقَاح) গর্ভধারণের উপযোগী হওয়া; ফলধারণের উপযোগী হওয়া।

تَلْقِيح، لَقْح : গর্ভোৎপাদন; পরাগিতকরণ; টিকাদান।

لَقْحَة : ধাত্রীমাতা; ঈগল; দাঁড়কাক। ব لِقَاح، لِقَح

~ لِقْحَة : দুগ্ধবতী উষ্ট্রী। ব لِقَاح، لِقَح

لَاقِح : ভয়াবহ (যুদ্ধ); গর্ভবতী। ব لَوَاقِح

لَقُوح : দুগ্ধবতী উষ্ট্রী, গর্ভবতী (উষ্ট্রী)। ব لَقَائِح، لِقَاح، لُقَّح

لَقَاح : বীজ, শুক্র, ডিম; পুষ্পরেণু, পরাগ; জীবাণু; ভাইরাস, টিকা।

مُلْقَحَة : গর্ভবতী (উষ্ট্রী)। ব مَلَاقِح

مَلْقُوحَة : ভ্রূণ, মাতৃগর্ভ। ব مَلَاقِيح

لَقَزَ : ـُ (لَقْز) আঘাত করা।

لَقَسَ : ـُ (لَقْس) দোষ পাওয়া, গালি দেওয়া; ঠাট্টা করা, উপহাস করা।

لَقَّسَ : (تَلْقِيْس) বিলম্ব করানো।

لَاقَسَ : (مُلَاقَسَة) উপনাম দেওয়া।

تَلَقَّسَ : বিলম্বিত হওয়া।

تَلَاقَسَ : গালাগালি করা।

لَاقِس، لَقْس : খোস-পাঁচড়া।

لَقِس : বিরক্ত, খিটখিটে; কুৎসাকারী, বিভেদ সৃষ্টিকারী।

لَقِّيس : মন্থর, দীর্ঘসূত্রী।

لَاقَشَ : (مُلَاقَشَة) কথোপকথন করা।

لَقَش : শব্দ, কথা।

لِقْش : জ্বালানি কাঠবিশেষ।

لَقَصَ : ـَ (لَقْص) পোড়ানো, দগ্ধ করা।

لَقِصَ : ـَ (لَقَص) সংকীর্ণ হওয়া; কষ্ট পাওয়া।

إِلْتَقَصَ : (إِلْتِقَاص) ধারণ করা।

لَقِص : অনিষ্টপ্রবণ; বাচাল।

لَقَطَ : ـُ (لَقْط) لَقَّطَ، (تَلْقِيْط) تَلَقَّطَ কুড়াইয়া তোলা, সংগ্রহ করা, আহরণ করা।

~ : ধরা।

لَاقَطَ : (مُلَاقَطَة) মুখামুখি হওয়া, সামনাসামনি হওয়া।

إِلْتَقَطَ : (إِلْتِقَاط) কুড়াইয়া তোলা, সংগ্রহ করা, আহরণ করা; গ্রহণ করা, ধারণ করা; হঠাৎ পতিত হওয়া।

لَقَط : কুড়ানো বস্তু, সংগৃহীত দ্রব্য।

لُقْطَة، لُقَطَة : কুড়ানো বস্তু, সংগৃহীত দ্রব্য; প্রাপ্ত বস্তু; সস্তায় কেনা দ্রব্য।

لُقَاط، لُقَاطَة : কুড়ানো বস্তু, সংগৃহীত দ্রব্য; উচ্ছিষ্ট, আবর্জনা।

لَقِيط، مَلْقُوط، مُلْتَقَط : সংগৃহীত, চয়নকৃত, আহরিত, প্রাপ্ত।

~ : কুড়ানো ছেলে, পরিত্যক্ত শিশু। ব لُقَطَاء

لَقِيطَة : কুড়ানো মেয়ে, পরিত্যক্ত শিশুকন্যা।

لَاقِط : চয়নকারী; সংগ্রহকারী, আহরণকারী।

لَاقِط الصوت : গ্রামোফোনের যে যন্ত্রে পিন সংলগ্ন থাকে, pick-up.

لَاقِطَة الأَلْغَام : মাইন পরিষ্কারক জাহাজ, mine sweeper.

أَلْقَاط : নিম্নশ্রেণীর লোক।

إِلْتِقَاط : চয়ন, সংগ্রহ, আহরণ; ধারণ, গ্রহণ।

جِهَاز الإِلْتِقَاط : (রেডিওর) গ্রাহক-যন্ত্র।

مِلْقَط : চিমটা, ক্ষুদ্র সাঁড়াশি, সন্না। ব مَلَاقِط

لَقَعَ : ـَ (لَقْع) নিক্ষেপ করা; দংশন করা, আঘাত করা।

لَاقَعَ : (لِقَاع) ঝগড়া করা, বিবাদ করা।



www.pathagar.com

أَلْتُقِعَ : (إِلْتِقَاع) (রং) নষ্ট হওয়া, বিবর্ণ হওয়া।

لُقَاع، لَقَّاع : মাছি।

إِلْتَقَفَ، تَلَقَّفَ، (لَقْفَان، لَقْف) : ـَ لَقِفَ (إِلْتِقَاف) হঠাৎ ধরা, খপ্ করিয়া ধরা, ছিনাইয়া লওয়া, ছোঁ মারা।

لَقِيف، لَقِف، لَقْف : চতুর, দক্ষ; তৎপর।

مَلْقَف : বায়ু-প্রবাহ; গৃহের ছাদে নির্মিত আলো-বায়ু চলাচল-পথ।

لَقْلَقَ : (لَقْلَقَة) জিহ্বা বাহির করা; ঠকঠক শব্দ করা, বকবক করা; আলগা করা।

لَقْلَق، لَقْلَاق : সারস। ব لَقَالِق

لَقْلَقَة : ঠকঠক শব্দ; বকবকানি; বাজে গল্প।

لَقَمَ : ـُ (لَقْم) বন্ধ করিয়া দেওয়া।

لَقِمَ : ـَ (لَقْم) ভক্ষণ করা, মুখে লওয়া, গিলিয়া ফেলা, গোগ্রাসে গেলা।

أَلْقَمَ، لَقَّمَ : (إِلْقَام، تَلْقِيم) লোকমা বানাইয়া খাওয়ানো, অল্প অল্প করিয়া খাওয়ানো, গুলি ভরা; নিশ্চুপ করানো, থামাইয়া দেওয়া।

لَقَّمَ السَّقْفَ : ছাদে সীলিং লাগানো।

~ القَهْوَةَ : কফি গরম পানিতে মিশানো।

إِلْتَقَمَ، تَلَقَّمَ : (إِلْتِقَام) গোগ্রাসে গেলা; গিলিয়া ফেলা।

لُقَم، لَقَم : রাস্তার মধ্যস্থল, স্পষ্ট রাস্তা।

لُقْمَة : لَقِيمَة লোকমা, গ্রাস,কামড়, অল্প পরিমাণ, ক্ষুদ্র খণ্ড। ব لُقَم

لُقْمَة سَائِغَة : সুস্বাদু লোকমা।

~ القَاضِي : উৎকৃষ্ট ময়দার তৈরি পেস্ট্রিবিশেষ, সুস্বাদু খাদ্যবিশেষ, fritter. dumpling.

تِلْقَامَة، تِلْقَام : পেটুক, ঔদরিক, লোভী।

لُقْمَان : আল-কুরআনে উল্লিখিত পুরাকালের প্রখ্যাত ব্যক্তিত্ব। তাঁহার নামানুসারে পবিত্র কুরআনের ৩১ সূরার নামকরণ করা হইয়াছে।

لَقِنَ : ـَ (لَقَانِيَة، لَقَانَة، لَقْنَة، لَقْن)، تَلَقَّنَ (অন্তরে) গ্রহণ করা, উত্তমরূপে বুঝা, উপলব্ধি করা, জ্ঞান লাভ করা, শিখিয়া লওয়া, জানিয়া লওয়া।

لَقَّنَ : (تَلْقِين) শিক্ষা দেওয়া; উত্তমরূপে বুঝাইয়া দেওয়া; বলিয়া দেওয়া, স্মরণ করাইয়া দেওয়া; আদেশ করা, পরামর্শ দেওয়া; উৎসাহ প্রদান করা; অন্তরে মুদ্রিত করা।

أَلْقَنَ : (إِلْقَان) সহজে জানা।

لِقْن : সাহায্য, সহায়তা।

لَقِن : প্রজ্ঞাবান, বিচক্ষণ, ধীশক্তিসম্পন্ন।

لَقَانِيَة، لَقَانَة : প্রজ্ঞা, বিচক্ষণতা, ধীশক্তি।

لَاقُونَة : সংযোজক পদার্থ, সিমেন্ট।

تَلْقِين : শিক্ষাদান, জ্ঞানদান, উৎসাহ প্রদান, পরামর্শ, আদেশ।

مُلَقِّن : শিক্ষাগুরু, উৎসাহদাতা; যে মঞ্চের অন্তরাল হইতে অভিনয়ের সংলাপ স্মরণ করাইয়া দেয়, prompter.

لَقَا : ـُ (لَقْو) মুখের পক্ষাঘাতে আক্রান্ত হওয়া।

لُقِيَ : পক্ষাঘাতে মুখ বিকৃত হওয়া।

لَقْوَة : পক্ষাঘাত, মুখের পক্ষাঘাত, মুখবিকৃতি।

لِقْوَة : দ্রুতগামী ঈগল-পাখি, স্ত্রী ঈগল। ব أَلْقَاء، لِقَاء

مَلْقُو : মুখের পক্ষাঘাতগ্রস্ত, বিকৃতমুখ।

لُقِيّ، لُقْيَان، لِقَايَة، لِقَاءَة، لِقَاء) : ـَ لَقِيَ (لُقًى، لُقْيَة) সাক্ষাৎ করা, মিলিত হওয়া, সম্মুখীন হওয়া, পাওয়া, (কাপড়) অনেক দিন টেকা।

~ عَلَى : ঝুঁকিয়া পড়া।

لَقَّى : (تَلْقِيَة) সংগ্রহ করা, যোগাড় করা।

لَاقَى : (مُلَاقَاة) সাক্ষাৎ করা, দেখা করিতে আসা; সম্মুখীন হওয়া, মুখামুখি হওয়া; পাওয়া, লাভ করা; গ্রহণ করা, অভ্যর্থনা জানানো।

أَلْقَى : (إِلْقَاء) নিক্ষেপ করা, ফেলিয়া দেওয়া, ঢালিয়া দেওয়া; পেশ করা; প্রদান করা; আবৃত্তি করা, পরিবেশন করা; দান করা।

~ إِلَى : সামনে রাখা; পেশ করা, বিবরণ দেওয়া।

~ عَلَى : সামনে রাখা; দাখিল করা; (প্রশ্ন) জিজ্ঞাসা করা; শিক্ষা দেওয়া; চাপাইয়া দেওয়া, আরোপ করা।

~ عَنْ : অপসারিত করা।



www.pathagar.com

أَلْقَى بَالَهُ ~ : إِلَى মনোযোগ দেওয়া।

~ بَيَانًا : ~ إِلَى، عَنْ বিবরণ দেওয়া।

~ الْبَيْض : ~ عَنْ ডিম পাড়া।

أَلْقَى مَقَالِيدَ أَمْرِه ,~ بِزِمَامِه : নিজের ভাগ্য অন্যের হাতে ছাড়িয়া দেওয়া।

~ بِنَفْسِه : ~ فِيْ নিজেকে নিক্ষেপ করা, নিজেকে জড়িত করা।

~ بِيَدِه : ~ إِلَى আত্মসমর্পণ করা।

~ الْحَبْلَ عَلَى الْغَارِب : লাগাম লাগানো, দায়িত্ব অর্পণ করা; লাগাম ছাড়িয়া দেওয়া, স্বাধীনতা দেওয়া।

~ الْحِمْلَ عَلَى ظَهْرِه : কাহারও পৃষ্ঠে বোঝা চাপাইয়া দেওয়া, দায়িত্ব অর্পণ করা।

أَلْقَى خُطْبَةً , ~ خِطَابًا : ভাষণ দান করা, বক্তৃতা দেওয়া।

~ الدَّرْسَ : পাঠ দান করা।

~ الرُّعْبَ فِي قَلْبِه : অন্তরে ভীতি সঞ্চার করা।

~ السِّلاَحَ : অস্ত্র ত্যাগ করা, আত্মসমর্পণ করা।

~ السَّمْعَ : ~ إِلَى মনোযোগ দিয়া শ্রবণ করা।

~ سُؤَالاً : ~ عَلَى প্রশ্ন জিজ্ঞাসা করা।

~ عَلَى عَاتِقِه : কাঁধে চাপাইয়া দেওয়া, দায়ী করা।

~ عُلُومًا : জ্ঞান-বিজ্ঞান শিক্ষা দেওয়া।

~ الْقَبْضَ : ~ عَلَى গ্রেফতার করা, বন্দি করা।

~ الْقَنَابِلَ : অস্ত্র নিক্ষেপ করা।

~ قُرْعَةً : লটারি ধরা, ভাগ্য পরীক্ষা করা।

~ الْقَوْلَ : ~ عَلَى শ্রুতি লিখানো, to dictate.

~ مُحَاضَرَةً : বক্তৃতা দেওয়া, ক্লাস নেওয়া, পাঠদান করা।

~ الْمَسْئُولِيَّة : ~ عَلَى দায়িত্ব চাপাইয়া দেওয়া।

تَلَقَّى : সাক্ষাৎ করা, অভ্যর্থনা জানানো; গ্রহণ করা, অর্জন করা, পাওয়া।

~ عَنْ : জানা, শিক্ষাগ্রহণ করা, জ্ঞানলাভ করা, অবগত হওয়া।

تَلَقَّى أَمْرًا : আদেশ পাওয়া, নির্দেশ লাভ করা।

~ دُرُوسًا : শিক্ষাগ্রহণ করা, প্রশিক্ষণ লাভ করা।

~ عُلُومًا : লেখাপড়া শেখা, জ্ঞানলাভ করা।

تَلاَقَى : পরস্পর মিলিত হওয়া, একত্রিত হওয়া।

إِلْتَقَى : (إِلْتِقَاء) মিলিত হওয়া, একত্রিত হওয়া; সাক্ষাৎ করা, মুখামুখি হওয়া, সম্মুখীন হওয়া।

إِسْتَلْقَى : (إِسْتِلْقَاء) শুইয়া পড়া।

إِسْتَلْقَى عَلَى قَفَاهُ : চিৎ হইয়া শয়ন করা।

لَقًى : আবর্জনা, উচ্ছিষ্ট। ব أَلْقَاء

لُقْيَان، لُقْيًا، لُقًى، لُقِيّ، لَقْيَة : সাক্ষাৎ, মুখামুখি সাক্ষাৎ, মিলন, পুনর্মিলনী।

لِقَاء : পরিবর্তে, বিনিময়ে।

لِقَاءَ كَفَالَة : জামিনে।

إِلَى اللِّقَاء : বিদায়-সম্ভাষণ, আবার দেখা হবে, see again, good-bye.

لِقَايَة : সাক্ষাৎ; প্রাপ্তবস্তু।

لَقَاة : রাস্তার মধ্যস্থল।

لَقِيّ : সম্মুখে আগুয়ান, সম্মুখীন।

أُلْقِيَّة : হেঁয়ালি, কূটপ্রশ্ন, ধাঁধা, দুর্ঘটনা। ব أَلاَقِيّ

إِلْقَاء : নিক্ষেপ, উৎক্ষেপণ; দান, প্রদান; সমর্পণ; আবৃত্তি, বক্তৃতা, বাচনভঙ্গি, বক্তৃতার ধরন।

عِلْمُ الإِلْقَاء : বাগ্মিতা, বক্তৃতা বিদ্যা।

إِلْتِقَاء : সাক্ষাৎ, মিলন, পুনর্মিলনী।

إِسْتِلْقَاء : শয়ন, হেলান গ্রহণ।

تِلْقَاء : সাক্ষাৎ; অভ্যর্থনা।

تِلْقَاءَ : দিকে, সম্মুখে, বিপরীতে।

مِنْ تِلْقَاءِ ذَاتِه، مِنْ تِلْقَاءِ نَفْسِه : নিজের পক্ষ হইতে, আপনা আপনি,স্বয়ংক্রিয়ভাবে, স্বতঃস্ফূর্তভাবে।

تِلْقَائِيّ : স্বয়ংক্রিয়, স্বতঃস্ফূর্ত।

تِلْقَائِيًّا : স্বয়ংক্রিয়ভাবে, স্বতঃস্ফূর্তভাবে।

تَلَقٍّ : প্রাপ্তি, গ্রহণ, অর্জন।



www.pathagar.com

مُلْتَقًى، تَلاَقٍ : সাক্ষাৎ।

يَوْمُ التَّلاَقِي : শেষ বিচারের দিন, কিয়ামত।

مُلْقٍ : নিক্ষেপকারী, উৎক্ষেপণকারী।

مُلْقِيَاتُ الأَلْغَامِ البَحْرِيَّةِ : সমুদ্রে মাইন বসানোর কাজে ব্যবহৃত জাহাজ।

مُلْقًى : নিক্ষিপ্ত, উৎক্ষিপ্ত; ঝুঁকিয়া আছে এমন; দুর্ভাগ্য-ক্লান্ত।

~، مَلْقِيٌّ، مُلَقًّى : অশুভ।

(مُلْتَقَيَات ব) مُلْتَقًى (مَلاَقٍ ব) : مَلْقًى মিলনস্থল; জংশন; ক্রসিং।

إِلَى المُلْتَقَى : বিদায়-সম্ভাষণ, good-bye.

مُلاَقَاة : সাক্ষাৎ, মুলাকাত; মিলন, পুনর্মিলনী, অভ্যর্থনা।

مُسْتَلْقٍ : শায়িত, হেলান দিয়া আছে এমন।

لَكَ : তোমার জন্য, তোমাকে।

لَكَّ : ـُ (لَكّ) পৃষ্ঠে আঘাত করা, ঘাড়ধাক্কা দেওয়া, ঘুষি মারা, কিল মারা, চপেটাঘাত করা; বেশি কথা বলা, বকবক করা; (হাড়) মাংসমুক্ত করা; মিশ্রিত করা।

إِلْتَكَّ : (إِلْتِكَاك) ঘন হওয়া, নিবিড় হওয়া; গাদাগাদি করিয়া পূর্ণ হওয়া; ভিড় করা; জড়ো হওয়া।

~ فِي : বিলম্ব করা।

إِلْتَكَّ فِي كَلاَمِهِ : কথায় ভুল করা, অশুদ্ধ কথা বলা।

لَكٌّ : গোশত; লাক্ষা, গালা।

~ : লক্ষ (একশত হাজার, ১,০০,০০০)। ব لُكُوك، أَلْكَاك

لَكَّة : আঘাত, থাপ্পড়, চড়, ঘুষি, কিল। ব لَكَّات

لَكِيك : مُلَكَّك দৃঢ়, সবল। ব لِكَاك

لَكَا : ـَ (لَكْو) আঘাত করা।

لَكِيَ : ـَ (لَكًا) ~ بِ অবস্থান করা, বাস করা; সংলগ্ন হওয়া।

تَلَكَّأَ : বিলম্ব করা, গড়িমসি করা, ইতস্তত করা।

~ عَلَى : ওজর পেশ করা, কৈফিয়ত দেওয়া।

~ عَنْ : ছাড়িয়া দেওয়া, পরিত্যাগ করা।

لُكَاة : বিলম্বকারী, ইতস্ততকারী, গড়িমসিকারী, মন্থর দীর্ঘসূত্রী।

لَكَثَ : ـُ (لَكْث) অতিরিক্ত বোঝা চাপানো; আঘাত করা।

لَكِثَ : ـَ (لَكَث) (উটের) মুখে ঘা হওয়া।

لَكَث، لُكَاث : উটের মুখের ঘা, ফুসকুড়ি।

لَكَحَ : ـَ (لَكْح) কিল মারা, ঘুষি মারা।

لَكَدَ : ـُ (لَكْد) হস্ত দ্বারা আঘাত করা, হটাইয়া দেওয়া।

لَكِدَ : ـَ (لَكَد)، تَلَكَّدَ : লাগিয়া থাকা।

لَكِد : লোভী; বদমেযাজী।

مِلْكَد : মুষল, মুগুর।

لَكَزَ : ـُ (لَكْز) কিল মারা, ঘুষি মারা, লাথি মারা, চড় মারা।

لَكَزَ بِالرُّمْحِ : বর্শাবিদ্ধ করা।

لاَكَزَ، تَلاَكَزَ : (مُلاَكَزَة) কিলাকিলি করা, ঘুষাঘুষি করা।

تَلَكَّزَ : ~ عَلَى উপহাস করা, বিদ্রূপ করা।

لَكِز : কৃপণ; লোভী।

لِكَاز : পিন, পেরেক, গোঁজ।

لَكَشَ : ـَ (لَكْش) হালকা আঘাত করা, খোঁচা মারা।

لَكَضَ : ـُ (لَكْض) কিল মারা, ঘুষি মারা।

لَكَعَ : ـَ (لَكْع) পানাহার করা; মাতৃস্তনের সহিত মাথা ঠোকা; দংশন করা; জনসমক্ষে তিরস্কার করা।

لَكِعَ : ـَ (لَكَاعَة، لَكَع) ঘৃণ্য হওয়া।

لَكَاعَة : নীচতা, নিকৃষ্টতা, দুষ্টুমি, লাম্পট্য।

لَكِيع : নীচ, নিকৃষ্ট, দুষ্ট, লম্পট, নির্বোধ; অখ্যাত। ব لُكَعَاء

لَكَّفَ : ~ فِي অধিকক্ষণ চিন্তা বা আলোচনা করা।

لَكَمَ : ـُ (لَكْم) ঘুষি মারা।

لاَكَمَ : (مُلاَكَمَة) ঘুষাঘুষি করা; মুষ্টিযুদ্ধ করা।



www.pathagar.com

لَكْمَة : ঘুষি, মুষ্টাঘাত।

مِلْكَم، مَلْكَم، مِلْكَام : শক্ত (খুর)।

مِلْكَمَة : মুষ্টিযুদ্ধের দস্তানা, boxing glove.

مَلْكَمَة : মুষ্টিযুদ্ধের অনুশীলনে ব্যবহৃত ঝোলানো চর্মগোলক বিশেষ, punching-ball.

مُلَاكِم : মুষ্টিযোদ্ধা।

مُلَاكَمَة : ঘুষাঘুষি, মুষ্টিযুদ্ধ, boxing.

لَكِنَ ـَ : (لُكْنُونَة، لُكُونَة، لُكْنَة، لَكَن) তোতলানো, কষ্ট করিয়া কথা বলা, অশুদ্ধ কথা বলা।

لَكَن : তামার গামলা। ব أَلْكَان

لَكِنْ، لَكِنَّ : কিন্তু, তবে।

لَكْنَة : উচ্চারণের ধরন, accent.

لُكْنَة : তোতলামি; অশুদ্ধ ভাষা, অশুদ্ধ উচ্চারণ।

أَلْكَن : তোতলা, কষ্ট করিয়া কথা বলে এমন; অশুদ্ধ উচ্চারণকারী। স্ত্রী لَكْنَاء ব لُكْن

لَكِيَ ـَ (لَكًى) : ~ بِـ লাগিয়া থাকা, নিবেদিত হওয়া।

لَكِيّ : নিবেদিত, আসক্ত।

لِكَيْ، لِكَيْمَا : যাহাতে।

لِكَيْلَا : যাহাতে না।

لَمْ : না।

لَمْ يَأْكُلْ : সে খায় নাই।

لَمْ يَكْتُبْ : সে লিখে নাই।

لَمْ يَحْضُرْ : সে আসে নাই, উপস্থিত হয় নাই।

أَلَمْ، أَفَلَمْ، أَوَلَمْ : নয় কি? ছিল না কি?

أَلَمْ أَقُلْ لَكُمْ : আমি কি তোমাদিগকে বলি নাই?

إِنْ لَمْ، مَا لَمْ : যদি না।

لِمَ، لِمَا، لِمَاذَا : কেন? কি কারণে?

لَمَّا : যখন, যেহেতু না, এখনো নহে।

لَمَّا جَاءَ أَكْرَمْتُهُ : সে যখন আসিয়াছিল, আমি তাহাকে সম্মান করিয়াছিলাম।

لَمَّا يَذُوقُوا الْعَذَابَ : এখনও তাহারা শাস্তি ভোগ করে নাই।

لَمَّ ـُ : (لَمّ) জমা করা, একত্রিত করা, জড়ো করা, পুনরায় বিন্যস্ত করা; মেরামত করা।

لَمَّ شَعْثَهُ : সে ঠিক করিল, পুনর্বিন্যস্ত করিল।

~ شَعْثَهُمْ : তাহারা একতাবদ্ধ করিল, পুনরায় একত্র করিল, পুনর্মিলিত করিল।

لُمَّ : কিছুটা বিকৃতমস্তিষ্ক হওয়া।

أَلَمَّ : (إِلْمَام) ~ بِـ আপতিত হওয়া, সংঘটিত হওয়া; সাক্ষাৎ করা; আগমন করা, অবস্থান করা; আলোচনা করা; সংক্ষেপে বর্ণনা করা; পরিচিত হওয়া, অবহিত হওয়া; (খাদ্য) গ্রহণ করা।

~ عَلَى : ধরা, নাগাল পাওয়া।

أَلَمَّ بِالذَّنْبِ : অপরাধ করা।

~ بِالْمَعْنَى : তাৎপর্য বুঝিতে পারা।

~ بِهِ مَرَض : রোগাক্রান্ত হওয়া।

إِلْتَمَّ : (إِلْتِمَام) সমবেত হওয়া, জমা হওয়া, একত্রিত হওয়া; সাক্ষাৎ করা।

لَمّ : সমাবেশ, পুনর্মিলন।

~ : জনসমষ্টি। ব لُمُوم

لَمَّة : সংগ্রহ; সমাবেশ; সাক্ষাৎ, দুর্ভাগ্য, অকস্মাৎ বিপদ; সামান্য মস্তিষ্কবিকৃতি। ব لِمَام

لِمَّة : কানের উপর ঝুলন্ত কেশগুচ্ছ, জুলফি। ব لِمَم

لُمَّة : দল, সঙ্ঘ; সহযাত্রী; যাত্রীদল।

~، لَمَام : সামান্য মস্তিষ্কবিকৃতি।

لَامَّة : কুনজর; ভয়।

لَمَّام সুগন্ধ উদ্ভিদবিশেষ; জমাকারী; আদায়কারী।

لِمَامًا : ক্ষণে ক্ষণে; মাঝেমধ্যে, কখনও কখনও, কদাচিৎ।

إِلْمَام : জ্ঞান, অবগতি, পরিচয়; অভিজ্ঞতা।

~ : সংক্ষিপ্ত বর্ণনা। ব إِلْمَامَات

مُلِمّ : বিদা, আঁচড়া; আপন লোকজন সমারোহকারী; গুরুত্বপূর্ণ (বিষয়)।

مُلِمّ : যৌবনোন্মুখ; দর্শনার্থী।

~ بِـ : সম্যক অবহিত, সুপরিচিত, দক্ষ।



www.pathagar.com

مُلِمَّة : বিপদ, দুর্বিপাক, দুর্ভাগ্য, দুর্ঘটনা, বিপর্যয়। ব مُلِمَّات

مَلْمُوم : সমবেত, একত্রিত; কিছুটা বিকৃতমস্তিষ্ক, অপ্রকৃতিস্থ।

لَمَّا : ـَ (لَمًّا) أَلَمَّا (إِلْمَاء) ~ عَلَى হাত রাখা, দখল লওয়া, অপহরণ করা, আত্মসাৎ করা, (অধিকার) অস্বীকার করা।

~، تَلَمَّا، إِلْتَمَّا : (إِلْتِمَاء) ~ بِ লইয়া যাওয়া।

مَلْمُوءَة : শিকারির জাল।

لَمْبَة : বাতি, প্রদীপ, টিউব। ব لَمْبَات

لَمَجَ : ـُ (لَمْج) মুখের পার্শ্ব দিয়া খাওয়া, ছোট ছোট কামড়ে খাওয়া, একটু একটু করিয়া খাওয়া।

لَمَّجَ : (تَلْمِيج) হালকা খাবার দেওয়া।

تَلَمَّجَ : হালকা খাবার খাওয়া, অল্প আহার করা, প্রধান খাবারের পূর্বে রুচিবর্ধক বস্তু আহার করা।

لُمْجَة : অল্প আহার, হালকা খাবার, snack. ব لُمَج، لِمَاج

لَمْج، لَمِج، لَمِيج : কুৎসিত; অতিভোজী।

مَلَامِج : মুখের পার্শ্ব বা কোণসমূহ।

مُلَمَّج : মসৃণ, উজ্জ্বল।

لَمَحَ : ـَ (لَمْح) ক্ষণিক দৃষ্টিপাত করা, তাকানো, দৃষ্টি দেওয়া, চুপে চুপে দেখা, আড়চোখে দেখা।

~ : (لَمْح، لَمَحَان، تَلْمَاح) হঠাৎ উজ্জ্বল হওয়া, জ্বলজ্বল করা, চকচক করা, ঝলকাইয়া উঠা।

لَمَّحَ : (تَلْمِيح) ইঙ্গিত দেওয়া, পরোক্ষে উল্লেখ করা।

لَامَحَ : (مُلَامَحَة) আড়চোখে চাওয়া, গোপনে তাকানো।

أَلْمَحَ : (إِلْمَاح) ক্ষণিক দৃষ্টিপাত করা; গোপনে তাকানো।

إِلْتَمَحَ : (إِلْتِمَاح) গোপনে তাকানো, আড়চোখে চাওয়া।

اِلْتُمِحَ بَصَرُهُ : তাহার দৃষ্টিশক্তি হারাইয়া গিয়াছে।

لَمْح : ক্ষণিক দৃষ্টিপাত; ত্বরিত দৃষ্টি; মুহূর্ত, পলক, নিমেষ।

لَمْحُ الْبَصَرِ : চোখের পলক, চোখের নিমেষ, অত্যল্পকাল, মুহূর্তকাল।

دُونَ لَمْحِ الْبَصَرِ، فِي لَمْحِ الْبَصَرِ، كَلَمْحِ الْبَصَرِ، فِي أَقَلَّ مِن لَمْحِ الْبَصَرِ : চোখের পলকে, মুহূর্তের মধ্যে, এক নিমেষে, তৎক্ষণাৎ।

لَمْحَة : ক্ষণিক দৃষ্টি, ত্বরিত দৃষ্টি, পলক, নিমেষ; ঝলক; মুখাবয়ব; চেহারার সাদৃশ্য। ব لَمَحَات

فِيهِ مَلَامِحُ مِنْ أَبِيهِ، فِيهِ لَمْحَةٌ مِنْ أَبِيهِ : সে দেখিতে তাহার বাবার মত, তাহার পিতার সহিত তাহার চেহারার সাদৃশ্য আছে।

لَامِح، لَمَّاح، لَمُوح : উজ্জ্বল, জ্বলজ্বল, চকচকে, দীপ্তিমান।

لُمَّاح : তীক্ষ্ণদৃষ্টি শকুন।

تَلْمِيح : ইঙ্গিত, আভাস। ব تَلَامِيح

تَلْمِيحًا : ইঙ্গিতে, পরোক্ষে।

مَلَامِح : মুখাবয়ব, চেহারার গড়ন।

لَمَدَ : ـُ (لَمْد) নিজেকে নত করা, বিনীত হওয়া।

لَمْدَان : নত, বিনীত।

لَمَزَ : ـُ (لَمْز) কটাক্ষ করা; চোখ টেপা; দোষারোপ করা, সমালোচনা করা, নিন্দা করা, দুর্নাম করা।

لُمَزَة، لَمَّاز : নিন্দুক, ছিদ্রান্বেষী।

لَمَسَ : ـُ (لَمْس) স্পর্শ করা; অনুভব করা, চাওয়া, অন্বেষণ করা।

لَامَسَ : (مُلَامَسَة) যোগাযোগ রাখা, সংস্পর্শে থাকা; সংসর্গ বজায় রাখা, স্পর্শ করা; যৌন সম্পর্ক স্থাপন করা, স্ত্রী সঙ্গম করা।

أَلْمَسَ : (إِلْمَاس) কোন কিছু লাভ করিতে সাহায্য করা।

تَلَمَّسَ : চাওয়া, প্রার্থনা করা; অন্বেষণ করা, পাইতে চেষ্টা করা, হাতড়াইয়া অনুসন্ধান করা।



www.pathagar.com

تَلاَمَسَ : একে অন্যকে স্পর্শ করা, একে অন্যের সংস্পর্শে থাকা, পরস্পর সংযোগ রক্ষা করা।

اِلْتَمَسَ : (اِلْتِمَاس) চাওয়া, প্রার্থনা করা, অনুনয় করা, মিনতি করা; অন্বেষণ করা, অনুসন্ধান করা।

لَمْس : স্পর্শ, পরশ; সংস্পর্শ।

حَاسَّةُ اللَّمْسِ : স্পর্শেন্দ্রিয়, organ, sense of touch.

لَمْسِيّ : স্পর্শেন্দ্রিয়-সংক্রান্ত।

لَمْسَة : স্পর্শ।

لَمُوسَة : রাস্তা।

لَمِيس : কোমল; মসৃণ, তন্বীদেহ।

اِلْتِمَاس : প্রার্থনা, অনুনয়, মিনতি, আবেদন, দরখাস্ত; আপীল।

تَلَمُّس : অনুসন্ধান, অন্বেষণ।

مَلْمَس : স্পর্শ, সংস্পর্শ।

~ : স্পর্শস্থল; (কীটাদির) শুঁয়া, শুঁড়, স্পর্শেন্দ্রিয়। ব مَلاَمِس

نَاعِمُ الْمَلْمَس : কোমল, সুখ-স্পর্শ দেহ।

مَلْمَسِيّ : স্পর্শেন্দ্রিয়-সংক্রান্ত।

مَلْمُوس : স্পর্শ করা হইয়াছে এমন; অনুভূত; স্পর্শগ্রাহ্য, অনুভবযোগ্য।

مَلْمُوسَات : স্পর্শগ্রাহ্য ও অনুভবযোগ্য বস্তু।

مُلاَمَسَة : স্পর্শ, সংস্পর্শ; অনুভব; মেলামেশা, যৌন সংসর্গ।

مُلْتَمَس : আবেদন, মিনতি, দরখাস্ত। ব مُلْتَمَسَات

لَمَصَ - ُ : (لَمْص) তিরস্কার করা, বিদ্রূপ করা, মুখ ভেংচানো; চিমটি কাটা।

اَلْمَصَ : (اِلْمَاص) নাগালের মধ্যে হওয়া।

لَمَص : মাড়, মিষ্টান্ন।

لَمَطَ - ُ : (لَمْط) বিরক্ত হওয়া, উত্তেজিত হওয়া।

اِلْتَمَطَ : ~ بِ রাগান্বিত করা।

اِلْتَمَطَ : (اِلْتِمَاط) মট্ করিয়া ভাঙ্গা।

~ بِ : ঠোঁট চাটা; অপহরণ করা; আবৃত হওয়া।

اِلْمَظَّ : (اِلْمَاظ) (অশ্বের) নিচের ঠোঁটে শুভ্র দাগ হওয়া।

لَمَظ، لُمْظَة : (অশ্বের) নীচের ঠোঁটের শুভ্র দাগ।

~ : লেহন।

لَمَاظَة : বাচালতা।

أَلْمَظ : নিচের ঠোঁটে শুভ্র দাগবিশিষ্ট অশ্ব।

لَمَعَ - َ : (لَمْع، لَمَعَان)، اِلْتَمَعَ (اِلْتِمَاع) উজ্জ্বল হওয়া, জ্বলজ্বল করা, চকচক করা, ঝলকাইয়া উঠা, চমকানো।

لَمَعَ بِسَيْفِهِ : তরবারি ঘুরাইল বা চালাইল।

~ بِيَدِهِ : হস্ত নাড়াইয়া ইঙ্গিত করিল।

لَمَّعَ : (تَلْمِيع) উজ্জ্বল করা; চাকচিক্য প্রদান করা, ঝকঝকে করা; পালিশ করা; বিভিন্ন রঙে রঞ্জিত করা, নানা রঙে শোভিত করা।

أَلْمَعَ : (إِلْمَاع) ইঙ্গিত করা।

~ بِ : ছিনাইয়া লওয়া, (পাখি) ডানা ঝাপটানো।

أَلْمَعَ بِيَدِهِ : হস্ত নাড়াইয়া ইঙ্গিত করিল।

لَمَعَان، لَمْع، لُمْعَة : ঔজ্জ্বল্য, চাকচিক্য, চমক, ঝলক, দীপ্তি, প্রভা।

~ : গাছের শুকনা ডাল, দেহের যে অঙ্গ অযূতে ধৌত করা হয় নাই; জনতার ভিড়, কতক, সামান্য পরিমাণ। ব لِمَاع، لُمَع

مُتَلَمِّع، لَمَّاع، لاَمِع : উজ্জ্বল, চকচকে, দীপ্তিমান। ব لُمَّع

جِلْد لَمَّاع : মৌলিক চামড়া।

لاَمِعَة : শিশুর খুলির উপরিভাগ, fontanel; ঝিকিমিকি আলো। ব لَوَامِع

لَمَّاعَة : শিশুর খুলির উপরিভাগ; শকুনি; সোনালি ঈগল।

يَلْمَعِيّ، أَلْمَعِيّ، أَلْمَع : বিচক্ষণ, চতুর, বুদ্ধিমান, মেধাবী।

أَلْمَعِيَّة : বিচক্ষণতা, চাতুর্য, বুদ্ধি, মেধা।



www.pathagar.com

إِلْمَاعَة : ইঙ্গিত।

تَلْمِيع : উজ্জ্বলকরণ, পালিশকরণ।

~ : অশ্বচর্মের দাগ। ব تَلَامِيع

مُلَمَّع : আরবী ও তুর্কীমিশ্রিত কথা।

لَمَقَ : ـُ (لُمُوق، لَمْق) লেখা; ঘষিয়া তোলা; চোখে চড় মারা।

~ إِلَى : তাকানো।

~ بِ : দৃষ্টি নিবদ্ধ করা।

تَلَمَّقَ : ~ بِ সামান্য পরিমাণ (খাদ্য) গ্রহণ করা।

لَمَق : (রাস্তার) মধ্যভাগ।

لَمَاق : সামান্য পরিমাণ (খাদ্য)।

لَمَكَ : ـُ (لَمْك) (ময়দা) মাখা, খামির করা।

لُمَاك، لَمْك : চোখের পানি।

لَمِيك : সুরমা লাগানো হইয়াছে এমন চক্ষু, সুরমাযুক্ত।

لَمْلَمَ : (لَمْلَمَة) জমা করা, একত্রিত করা, স্তূপীকৃত করা।

تَلَمْلَمَ : একত্রিত হওয়া, স্তূপীকৃত হওয়া।

مُلَمْلَم، لَمْلَم : সমাবেশিত (সৈন্য)।

يَلَمْلَم : লোহিত সাগরের তীরবর্তী মক্কা থেকে প্রায় ৩৮ মাইল দক্ষিণে তেহামা অঞ্চলে অবস্থিত আরবের একটি পাহাড়। ইহা পূর্বাঞ্চল হইতে আগত হজ্জযাত্রীদের মীকাত।

لُمْلُوم : জনতা, ভিড়।

مُلَمْلَمَة : (হাতির) শুঁড়।

لَيْمُون، لَمُون : লেবু।

لَمَا : ـُ (لَمْو) খাইয়া ফেলা।

لُمَة : তিন হইতে দশ জনের দল; সমকালীন, সমবয়স্ক স্ত্রী; জোড়ার একটি।

لَمِيَ : ـَ (لَمًى) (لَمْي)، لَمِيَ : ـ (لَمًى) গাঢ় লাল ঠোঁটবিশিষ্ট হওয়া।

أَلْمَى : (إِلْمَاء) ~ بِ অপহরণ করা।

أَلْتَمِيَ : (إِلْتِمَاء) বিবর্ণ হওয়া।

لُمًى، لَمِيً : ঠোঁটের গাঢ় লাল রং।

أَلْمَى : লাল ঠোঁটবিশিষ্ট; ঘন, নিবিড়। স্ত্রী لَمْيَاء ব لُمْي

لَنْ : (ভবিষ্যৎজ্ঞাপক না-সূচক নসবদাতা অব্যয়) না, কিছুতেই না।

لَنْ يُؤَجَّلَ : স্থগিত করা হইবে না, অবকাশ দেওয়া হইবে না।

لَنْ تَرَانِي : তুমি আমাকে কখনো দেখিতে পাইবে না।

لَنْج : আনকোরা।

لَنْجَر : (ফা) নঙ্গর।

لَنْجُسْت : কাঁটাওয়ালা চিংড়ি মাছবিশেষ।

لُنْدرَة، لَنْدن : লন্ডন (নগরী)।

لَنْش : লঞ্চ, launch.

لَهِبَ : ـَ (لَهَبَان ,لَهِيب، لُهَاب، لَهَب، لَهْب) (আগুন) জ্বলিয়া উঠা, প্রজ্বলিত হওয়া।

لَهِبَ : ـَ (لَهَبَان، لَهَب) পিপাসার্ত হওয়া, তৃষ্ণাকাতর হওয়া।

أَلْهَبَ، لَهَّبَ : (تَلْهِيب، إِلْهَاب) প্রজ্বলিত করা, উত্তেজিত করা, উসকানি দেওয়া; আগুন লাগানো।

~ : অগ্নিময় হওয়া, জ্বলন্ত হওয়া; (অশ্ব) ধূলি উড়াইয়া দৌড়ানো; (বিদ্যুৎ) কিছুক্ষণ পরপর চমকানো।

أَلْهَبَ ظَهْرَهُ بِالسَّوْط : পৃষ্ঠে বেত্রাঘাত করিয়া রক্ত বাহির করা।

تَلَهَّبَ : জ্বলিয়া উঠা।

إِلْتَهَبَ : (إِلْتِهَاب) জ্বলিয়া উঠা, আগুন লাগা; প্রদাহপূর্ণ হওয়া।

لَهْب : প্রজ্বলন।

لِهْب : গিরি-সংকট। ব لِهَاب، لُهُوب، أَلْهَاب

لَهْلُوبَة، لَهِيب، لُهَاب، لُهْبَة، لَهَب : অগ্নিশিখা।

اللَّهَب : আল কুরআনের ১১১ নং সূরা।

أَبُو لَهَب : জলচর পক্ষিবিশেষ, flamingo.

لَهْبَان : শুষ্ক; পিপাসার্ত, তৃষ্ণাকাতর। স্ত্রী لَهْبَى ব لِهَاب



www.pathagar.com

لَهَبَان : প্রচণ্ড তৃষ্ণা; উষ্ণ দিবস।

إِلْهَاب : প্রজ্বালন, অগ্নিসংযোগ।

إِلْتِهَاب : প্রজ্বলন; জ্বালা, শূল, প্রদাহ।

إِلْتِهَابُ الأُذُنِ : কর্ণপ্রদাহ, Otitis.

~ البَلْيُورا : ফুসফুস আবরক ঝিল্লির প্রদাহ, প্লুরিসি, pleurisy.

~ الجُفُون : অঞ্জলি, Conjunctivitis.

~ الرِئَة : নিউমোনিয়া, pneumonia.

~ الزَائِدَة الدُودِيَّة : অন্ত্রসংলগ্ন নলের প্রদাহ, এপেন্ডিসাইটিস, appendicitis.

~ الشُعَب : শ্বাসনালীর ঝিল্লির প্রদাহজনিত রোগ, ব্রংকাইটিস, bronchitis.

~ الكُلَى : মূত্রগ্রন্থি-প্রদাহ, নিফ্রাইটিস, nephritis.

قَابِل الإِلْتِهَاب، سَرِيع الإِلْتِهَاب : দাহ্য।

إِلْتِهَابِيّ : প্রদাহজনক, প্রজ্বলনীয়, দাহ্য।

مُلَهَّب : লাল রঙে রঞ্জিত (কাপড়)।

مُلْتَهِب : জ্বলন্ত, প্রজ্বলনশীল, উত্তপ্ত, উত্তেজিত।

لاَهُوت : উপাস্য, মাবুদ, আল্লাহ, ইলাহ।

اللاَهُوتِيَّة، عِلْمُ اللاَهُوت : আল্লাহ তত্ত্ব, আল্লাহ তত্ত্বশাস্ত্র, ইলমুততাওহীদ।

لاَهُوتِي : আল্লাহ তত্ত্ববিদ, আল্লাহ তত্ত্বশাস্ত্রবিদ, আল্লাহ তত্ত্বশাস্ত্রীয়।

لَهَثَ : ـَ (لُهَاث، لَهْث)، إِلْتَهَثَ (إِلْتِهَاث) (তৃষ্ণা কিংবা ক্লান্তিতে) জিহ্বা বাহির করা; হাঁপানো।

~ : (لَهْثَان، لَهَاث، لَهَث) পিপাসার্ত হওয়া।

لُهْثَة : ক্লান্তি, তৃষ্ণা।

لُهَاث : হাঁপানি, শ্বাসকষ্ট, যন্ত্রণা।

لُهَاثُ المَوْت : মৃত্যুকষ্ট।

لاَهِث، لَهْثَان : হাঁপাইতেছে এমন।

~ : পিপাসার্ত।

لَهِجَ : ـَ (لَهَج)، أَلْهَجَ ~ بِ আসক্ত হওয়া, অনুরাগী হওয়া, আগ্রহী হওয়া; অধ্যবসায়ী হওয়া; নিবেদিত হওয়া।

~ عَلَى : প্রতারিত করা।

لَهِجَ بِذِكْرِه : সর্বদা বলাবলি করা, প্রায়ই স্মরণ করা।

لَهَّجَ : (تَلْهِيج) প্রধান খাবারের পূর্বে হালকা খাদ্য প্রদান করা।

أَلْهَجَ : ~ بِ আসক্ত করা, অনুরাগী করা, আগ্রহী করা।

إِلْهَاجَّ : জটিল হওয়া; (দুধ) দধি বা ছানায় পরিণত হওয়া; (চক্ষু) তন্দ্রায় বন্ধ হইয়া আসা।

لَهْجَة : ভাষা, মাতৃভাষা, উপভাষা, আঞ্চলিক ভাষা; উচ্চারণ-পদ্ধতি, জিহ্বার ডগা।

لَهْجَاوِيّ : বড় বড় কথা বলে এমন, বড়াইকারী।

لُهْجَة : প্রধান খাবারের পূর্বে রুচিবৃদ্ধির নিমিত্ত গৃহীত হালকা খাদ্য; ক্ষুধাবর্ধক দ্রব্য।

لاَهِج، لَهِج : আসক্ত, অনুরাগী, আগ্রহী।

مُلَهَّج : নিদ্রালু।

مُلْهَاجّ : জটিল, বিজড়িত।

تَلَهْجَمَ : (রাস্তা) পদদলিত হওয়া।

لَهْجَم : প্রশস্ত ও পদদলিত রাস্তা।

لَهَدَ : ـَ (لَهْد) ভারক্লিষ্ট করা, ক্লান্ত করা; চাটা; খাইয়া ফেলা; হাঁপানো।

~، لَهَّدَ : (تَلْهِيد) হটাইয়া দেওয়া; চাপ দেওয়া।

أَلْهَدَ : (إِلْهَاد) আঘাত দেওয়া, যুলুম করা।

~ بِ : কঠোর আচরণ করা, অবজ্ঞাসূচক আচরণ করা।

لَهْد : উটের বক্ষস্থিত টিউমার।

لُهَاد : দীর্ঘনিঃশ্বাস, ফোঁপানি।

لَهِيد : ভারক্লিষ্ট, ক্লান্ত।

لِهذَا : এই জন্য, এই কারণে, অতএব।

لَهْذَمَ، تَلَهْذَمَ : (لَهْذَمَة) কর্তন করা।

لَهْذَم : ধারালো, ছুঁচালো বস্তু। ব لَهَاذِم

لَهَزَ : ـَ (لَهْز) ধাক্কা দেওয়া, ঠেলা দেওয়া, কেশ বার্ধক্যজনিত শুভ্র হওয়া।

~ ، لَهَّزَ : (تَلْهِيز) বক্ষে আঘাত করা।

لاَهِز : উঁচুনিচু পাহাড়।



www.pathagar.com

مَلْهُوز : বার্ধক্যজনিত শুভ্র কেশ।

لَهْزَمَ : (لَهْزَمَة) বার্ধক্যজনিত শুভ্রতা প্রকাশ পাওয়া, দাড়ি-চুল পাকিতে আরম্ভ করা।

لَهَسَ - َ : (لَهْس) লেহন করা, চাটা।

لاَهَسَ : (مُلاَهَسَة) ঝাঁপাইয়া পড়া, ছুটিয়া যাওয়া।

لُهَاسَة، لُهَاس، لُهْسَة : তুচ্ছ বস্তু।

لاَهِس : প্রাণবন্ত, প্রফুল্ল। ব لَوَاهِس

لَهَطَ - َ : (لَهْط) চাপড় মারা, চপেটাঘাত করা, আঘাত করা; গিলিয়া ফেলা।

لَهَطَتْ بِوَلَدِهَا : সে সন্তান প্রসব করিল।

لَهَطَ بِهِ الأَرْضَ : সে তাহাকে ভূপাতিত করিল।

لَهِفَ - َ (لَهَف) : تَلَهَّفَ ~ عَلَى আফসোস করা, দুঃখ করা, পরিতাপ করা, অনুশোচনা করা।

بِتَلَهُّف : উৎকণ্ঠিতভাবে।

أَلْهَفَ : (إِلْهَاف) ~ إِلَى লোভী হওয়া।

إِلْتَهَفَ : (إِلْتِهَاف) বিষণ্ন হওয়া; (আগুন) জ্বলিয়া উঠা।

لَهْفَة، لَهْف : আফসোস, দুঃখ, পরিতাপ, দীর্ঘশ্বাস; ঔৎসুক্য, আকাঙ্ক্ষা, কামনা।

يَالَهْفِي، يَالَهْفَاه، يَالَهْفًا، يَالَهْفَ، يَالَهْفَتَاه، يَالَهْفَة : হায়! আফসোস! কী দুঃখ! কী সর্বনাশ!

لَهْفَان : দুঃখিত; দুঃখজনক। স্ত্রী لَهْفَى ব لَهَافَى

لَهِيف، لاَهِف : দুঃখিত, বিষণ্ন।

مَلْهُوف : দুঃখিত; উদ্বিগ্ন, উৎকণ্ঠিত, আগ্রহী।

~ ، مُتَلَهِّف : উদ্বিগ্ন, উৎকণ্ঠিত; আগ্রহী, উৎসুক।

لَهِقَ - َ (لَهَق) ، تَلَهَّقَ : তুষার-শুভ্র হওয়া।

لَهَق، لَهِق، لَهَاق : সাদা ষাঁড়।

~ ، ~ : তুষার-শুভ্র, তুষার ধবল। ব لِهَاق

لَهَقَة، لَهِقَة، لِهَاق : সাদা গাভী।

مُلَهَّق : ধবলকৃত, শুভ্র, শ্বেতবর্ণ বস্তু।

لَهْلَبَ : (لَهْلَبَة) প্রজ্বলিত হওয়া, জ্বলিয়া উঠা।

لَهْلُوبَة : অগ্নিশিখা; ঘূর্ণিবাতাস।

لَهْلَقَ : (لَهْلَقَة) তৃষ্ণায় জিহ্বা বাহির করা।

لَهْلَه : পাতলা, নিকৃষ্ট।

لَهِمَ - َ : (لَهْم، لَهَم) تَلَهَّمَ، إِلْتَهَمَ (إِلْتِهَام) গলাধঃকরণ করা, গিলিয়া ফেলা; ক্ষয় করিয়া ফেলা।

أَلْهَمَ : (إِلْهَام) গলাধঃকরণ করানো, গিলানো; অন্তরে অনুপ্রেরণা সৃষ্টি করা।

أَلْتُهِمَ : (إِلْتِهَام) (রং) বিবর্ণ হওয়া, ফ্যাকাশে হওয়া।

إِسْتَلْهَمَ : (إِسْتِلْهَام) অদৃশ্য অনুপ্রেরণা চাওয়া, প্রার্থনা করা, লাভ করিতে চাওয়া।

لِهْم : বয়স্ক। ব لُهُوم

لَهِم، لُهَم، لَهُوم، لَهِيم، مِلْهَم : লোভী, পেটুক।

لُهَام : বিশাল সৈন্যবাহিনী।

لُهَيْم : বড় হাঁড়ি।

اللُّهَيْم، اللُّهَيْم، أُمّ : দুর্ভাগ্য, বিপদ; জ্বর; মৃত্যু।

إِلْهَام : অদৃশ্য অনুপ্রেরণা, ইলহাম। ব إِلْهَامَات

مُلْهِم : অন্তরে অনুপ্রেরণা দানকারী।

مُلْهَم : অদৃশ্য অনুপ্রেরণাপ্রাপ্ত।

لَهَّنَ : (تَلْهِين) প্রধান খাবারের পূর্বে সামান্য পরিমাণ খাদ্য দেওয়া।

~ ، أَلْهَنَ : (إِلْهَان) ভ্রমণশেষে গৃহবাসীদের জন্য উপহার দেওয়া।

تَلَهَّنَ : হালকা খাদ্য গ্রহণ করা।

لُهْنَة : ভ্রমণ শেষে গৃহবাসীদিগের প্রতি প্রদত্ত উপহার; প্রধান খাবারের পূর্বে গৃহীত হালকা খাদ্য; নাশতা। ব لُهَن

لَهَا - ُ : (لَهْو) খেলা করা; আমোদ-প্রমোদ করা, আনন্দ করা, চিত্তবিনোদন করা; তুচ্ছ-তাচ্ছিল্য করা, গুরুত্ব না দেওয়া।

~ ، لَهِيَ - َ (لَهًا) : ~ بِ আসক্ত হওয়া; মজিয়া থাকা, মত্ত থাকা; উপভোগ করা।

~ عَنْ : পরিত্যাগ করা; দূরে থাকা, ভুলিতে চেষ্টা করা, অমনোযোগী হওয়া।



www.pathagar.com

اَلْهَى، لَهَّى : (إِلْهَاء، تَلْهِيَة) ~ بِ আনন্দ দেওয়া, আসক্ত করা, মজাইয়া রাখা, মত্ত রাখা।

~، ~ عَنْ : ভুলাইয়া রাখা, অন্যমনস্ক করা; দূরে রাখা, ফিরাইয়া রাখা।

لاَهَى : (مُلاَهَاة) নিকটবর্তী হওয়া; ঝগড়া করা; মজাইয়া রাখা, মত্ত রাখা।

تَلَهَّى، تَلاَهَى : ~ بِ মজিয়া থাকা, মত্ত থাকা; উপভোগ করা।

إِلْتَهَى : ~ بِ মজিয়া থাকা, মত্ত থাকা; খেলা করা।

لَهْو : ক্রীড়া, প্রমোদ, আনন্দ , বিনোদন, চিত্তবিক্ষেপ।

أَمَاكِن اللَّهْو : বিনোদনস্থল, বিনোদন-কেন্দ্র।

لَهْوَة، لُهْوَة : জাঁতাকলের গর্তে নিক্ষিপ্ত শস্য-দানা। ব لُهًى

~، لُهْيَة : দান। ব لُهًى

لَهَاة : আলজিভ। ব لُهِىّ، لَهًا، لِهَاء، لَهَيَات، لَهَوَات

لَهَوِىّ : আলজিভ-সম্বন্ধীয়, আলজিভ হইতে উচ্চারিত (বর্ণ)।

لاَهٍ : অমনোযোগী, অন্যমনস্ক, বিস্মৃতিশীল।

لُهَاء : পরিমাণ।

أُلْهُوَّة، أُلْهِيَّة، تَلْهِيَة : বিনোদন, চিত্তবিক্ষেপ, ক্রীড়া।

مُلْهٍ : আনন্দদায়ক; মজাইয়া বা ভুলাইয়া রাখে এমন বিষয়; অন্যমনস্ককারী; সঙ্গীতজ্ঞ।

مَلْهًى : বিনোদন, প্রমোদ, আনন্দ, ক্রীড়া; বিনোদনকেন্দ্র, প্রমোদ-শালা; থিয়েটার, ক্রীড়াকেন্দ্র। ব مَلاَهٍ، مَلاَهِى

آلاَت الْمَلاَهِى : বিনোদন-সামগ্রী, গান-বাজনার যন্ত্রপাতি; বাদ্যযন্ত্রাদি।

~ ضَرِيبَة : প্রমোদকর।

مِلْهًى : ক্রীড়া-সামগ্রী, সঙ্গীতযন্ত্র। ব مَلاَهٍ

لَهْوَجَ : (لَهْوَجَة) জোড়াতালি দিয়া সম্পন্ন করা, কোনমতে করা।

لَهْوَقَ، تَلَهْوَقَ : (لَهْوَقَة) তোষামোদ করিয়া ঠকানো, মিষ্ট কথায় ভুলানো, নরম কথায় প্রলোভিত করা।

لَهْوَقَة : তোষামোদ, খোশামোদ, প্রলোভন।

لَوْ : (অ) যদি।

لَوْ أَنَّ : যদি হয় যে।

لَوْلاَ : যদি না।

لَوْ لَمْ، لَوْمَا : যদি না; যতক্ষণ না।

فِيمَا لَوْ : যদি এমন হয় যে।

وَلَوْ : যদিও।

لاَبَ : ـُ (لَوْب، لُوَاب، لَوَبَان) পিপাসার্ত হওয়া।

لَوَّبَ : (تَلْوِيب) তেল মাখানো।

لاَئِب : পিপাসার্ত। ব لُوب، لُؤُوب

لاَبِىّ : লিবীয়, নিগ্রো।

لاَبَة : (ব لاَب، لاَبَات) لُوبَة (ব لُوب) কালো প্রস্তরময় ভূভাগ; পাহাড়ি অঞ্চল।

لُوبِىّ : লিবিয়।

لُوبِيَا : লিবিয়া।

~، لُوبِيَاء، لُوبَاء বরবটিবিশেষ।

مَلاَب : সুগন্ধি; জাফরান।

لاَتَ : ـُ (لَـــوت) এড়াইয়া যাওয়া; (সংবাদ) গোপন করা, অযাচিত খবর দেওয়া।

~، أَلاَتَ : (إِلاَتَة) ~ عَنْ বিরত করা, বাধা দেওয়া।

لاَتَ حِينَ مَنَاصٍ : এখন আর পলায়নের সময় নাই; আত্মরক্ষার সময় পার হইয়া গিয়াছে।

اللاَّت : পৌত্তলিক আরবদের দেবতাবিশেষ।

لاَثَ : ـُ (لَوْث) পেঁচানো; মিশ্রিত করা; চিবানো; ভিজানো; (বাড়িতে) অবস্থান করা।

~ بِ : লাগিয়া থাকা; আশ্রয় চাওয়া।

~، لَوَّثَ : (تَلْوِيث) ময়লা করা, নোংরা করা, ঘোলা করা; মলিন করা, কলঙ্কিত করা।

لَوِثَ : ـَ (لَوَث) মন্থর হওয়া, দীর্ঘসূত্রী হওয়া; বিলম্ব করা, গড়িমসি করা, ইতস্তত করা।



www.pathagar.com

تَلَوَّثَ : ময়লা হওয়া, নোংরা হওয়া, ঘোলা হওয়া, মলিন হওয়া, কলঙ্কিত হওয়া।

اِلْتَاثَ : (اِلْتِيَاث) বিলম্ব করা, গড়িমসি করা; জটিল হওয়া; বিজড়িত হওয়া, অস্পষ্ট হওয়া; শক্তিশালী হওয়া; মোটা হওয়া।

لَوْث : (পাগড়ির) পেঁচ, শক্তি; দোষ।

لَوْثَة : ময়লা, কালিমা, দাগ, কলঙ্ক; নির্বুদ্ধিতা।

لَوَث : দুর্বলতা।

لُوثَة : ক্লান্তি, অবসাদ, দুর্বলতা, অবসন্নতা; বাক-জড়তা।

لَاثٍ، لَائِث : জটবদ্ধ, বিজড়িত (গাছ)।

أَلْوَث : মন্থর, শিথিল, দুর্বল; শক্তিশালী। স্ত্রী لَوْثَاء ব لُوث

مَلْوَث، مَلَاث : কেন্দ্র; আশ্রয়; প্রভাবশালী ব্যক্তি বা গোত্র। ব مَلَاوِث

مُلَوَّث : ময়লাযুক্ত, নোংরা, অপরিষ্কার, মলিন।

مُلْتَاث : মানসিক জটিলতাগ্রস্ত।

لَاجَ : ـُ (لَوْج) মুখের মধ্যে ঘুরানো, ধীরে ধীরে চিবানো।

لُوج : ক্ষুদ্র গৃহ, কুটীর, (থিয়েটারের) বক্স। ব لُوجَات، أَلْوَاج

لَوْجَاء : অভাব, প্রয়োজন।

لَاحَ : ـُ (لَــــوْح) উজ্জ্বল হওয়া, স্পষ্ট হওয়া, আত্মপ্রকাশ করা, দৃষ্টিগোচর হওয়া; প্রতিভাত হওয়া, উদ্ভাসিত হওয়া; চকচক করা, জ্বলজ্বল করা, ঝলকাইয়া উঠা; বিবর্ণ করা, ঝলসাইয়া দেওয়া।

يَلُوح لِى : আমার মনে হয়।

لَوَّحَ : (تَلْوِيح) সংকেত দেওয়া, ইঙ্গিত দেওয়া; তক্তা দিয়া ঢাকা; দগ্ধ করা, ঝলসাইয়া দেওয়া; চুল পাকানো, শুভ্র করা।

~ بِ : ঘুরানো, চালানো, আন্দোলিত করা।

أَلَاحَ : (إِلَاحَة) উজ্জ্বল হওয়া, স্পষ্ট হওয়া, দৃষ্টিগোচর হওয়া; চকচক করা, ঝলকাইয়া উঠা; ঘুরানো, চালানো, আন্দোলিত করা।

اِلْتَاحَ : (اِلْتِيَاح) তৃষ্ণার্ত হওয়া।

اِسْتَلَاحَ : (اِسْتِلَاحَة) ~ فِى পরীক্ষা করা।

لَوْح : তক্তা, ফলক, কাষ্ঠফলক; পাত; সাইনবোর্ড; ব্লাকবোর্ড; স্লেট; টেবলেট; প্রশস্ত অস্থি; অংশফলক; বায়ুমণ্ডল। ব أَلْوَاح، أَلَاوِيح

لَوْح حَجَر : স্লেট।

اللَّوْح الْمَحْفُوظ : লাওহে মাহফূয, সংরক্ষিত ফলক, যে ফলকে সৃষ্টি সংক্রান্ত যাবতীয় বিষয় লিপিবদ্ধ ও সংরক্ষিত আছে।

لَوْحَة : ফলক; পাত; ব্লাকবোর্ড; স্লেট; টেবলেট; কপাটের প্যানেল; পর্দা; পোস্টার, প্লাকার্ড; চিত্র। ব أَلْوَاح، لَوْحَات

لَوْحَة الإِسْم : নাম-ফলক, name plate.

~ التَّوْزِيع : সুইচবোর্ড, switchboard.

~ زَيْتِيَّة : তৈলচিত্র।

~ سَوْدَاء : ব্লাকবোর্ড।

~ الشَّطْرَنج : দাবার ছক।

~ الْكِتَابَة : স্লেট, ব্লাকবোর্ড।

لُوح : বাতাস, বায়ুমণ্ডল; পিপাসা।

لَاحَة : মিল, সাদৃশ্য।

لَائِحَة : বাহ্যিক আকৃতি, হাবভাব; কার্যবিবরণী; তালিকা; সময়সূচি; প্রোগ্রাম, প্রকল্প; বিল; প্রস্তাব; নির্দেশ; আদেশ; আইন। ব لَوَائِح

لَوَائِح الْحُكُومَة : সরকারি বিধি।

لَيَاح : সাদা; উষা; বন্য ষাঁড়।

تَلْوِيح : ইঙ্গিত, সংকেত; সূত্র; মন্তব্য, পার্শ্বটীকা। ব تَلْوِيحَات

تَلَاوِيح : পাকিতে শুরু করিয়াছে এমন ফল।

مِلْيَاح، مِلْوَاح، مِلْوَح : দীর্ঘকায়, কৃশ।

مُلَوِّحَة : (রেলওয়ের) সংকেত নির্দেশক বাতি, সিগন্যাল।

مُلْتَاح : রৌদ্রদগ্ধ, পিঙ্গলবর্ণ।

لَاخَ : ـُ (لَوْخ) মিশ্রিত করা।

اِلْتَاخَ : (اِلْتِيَاخ) মিশ্রিত হওয়া।



www.pathagar.com

لَـوِدَ : ـَ (لَـوَد) বিদ্রোহী হওয়া, অবাধ্য হওয়া।

أَلْوَدُ : বিদ্রোহী, অবাধ্য।

لاَذَ : ـُ (لِـيَـاذ، لُوَاذ، لِـوَاذ، لَـوْذ) : ب ~ আশ্রয় লওয়া, আশ্রয় চাওয়া; সম্পৃক্ত হওয়া, ঘনিষ্ঠ হওয়া; পালন করা।

لاَوَذَ : (لِـوَاذ) বোকা বানানো, ফাঁদে ফেলা; বাধা দেওয়া।

~ ب : আশ্রয় লওয়া।

~ عَنْ : এড়াইয়া যাওয়া।

لُـوَاذ، لَـوْذ : আশ্রয়গ্রহণ।

~ : উপত্যকার বাঁক, পর্বতবেষ্টিত স্থান। ব أَلْـوَاذ

لاَذَة : লাল রেশমি বস্ত্র। ব لاَذ

لَـوْذَات : তীর; দেশ।

لاَئِـذ : আশ্রয়গ্রহণকারী, আশ্রয়প্রার্থী, শরণার্থী।

مَلاَذ، مَلْـوَذَة : আশ্রয়, আশ্রয়স্থল, দুর্গ। ব مَلاَوِذ

لاَزَ : ـُ (لَـــوْز) : إِلَى ~ আশ্রয় লওয়া, আশ্রয় চাওয়া।

~ مِنْ : পলায়ন করা।

لَـوَّزَ : (تَـلْـوِيـز) বাদাম (শস্য) ভর্তি হওয়া; (তুলা) কোষ বাঁধা।

لَـوْز : বাদাম, বাদামগাছ; তালি।

لَـوْزُ الْقُطْنِ : তুলার কোষ।

دُودَةُ اللَّـوْزِ : শুঁটিপোকা।

~ زَيْتُ : বাদাম তেল।

~ شَجَرَةُ : বাদাম গাছ।

لَـوْزَة : বাদাম। ব لَـوْزَات

لَـوْزَةُ الْحَلْقِ : গলগ্রন্থি, টনসিল, tonsil.

اللَّـوْزَتَـان : গলগ্রন্থিদ্বয়, tonsils.

إِلْـتِـهَـابُ الـلَّـوْزَتَـيْـنِ : গল-গ্রন্থির প্রদাহ, টনসিল ব্যথা।

لَـوْزِيّ : বাদামাকৃতি, বাদামি।

لَـوْزِيـنَـج، لَـوْزِيَّـة : বাদাম-কেক।

لَـوَّاز : বাদাম-বিক্রেতা, বাদামওয়ালা।

مَـلاَزَة : প্রচুর বাদামগাছ আছে এমন ভূমি।

لاَسَ : ـُ (لَـوْس) স্বাদ লওয়া, চাখা।

لُوَاسَـة : মুখের গ্রাস।

أَلْـوَس، لَـوَّاس، لَـوُوس، لاَئِـس : মিষ্টান্নপ্রিয় ব্যক্তি।

لاَشَ : ـُ (لَـوْش) ক্লান্ত হওয়া।

لَـوَّشَ : (تَـلْـوِيـش) ক্লান্ত হওয়া, ক্লান্ত করা।

~ عَـلَـى : আঁকড়াইয়া ধরা।

لاَصَ : ـُ (لَـوْص) উঁকি মারা।

~ عَنْ : এড়াইয়া যাওয়া; বিরত হওয়া।

~ مِنْ : বিরক্ত হওয়া।

لَـوَّصَ : (تَـلْـوِيـص) নাছোড়বান্দা হইয়া চাপ সৃষ্টি করা।

لاَوَصَ : (مُـلاَوَصَـة) উঁকি মারা, অনিমেষদৃষ্টিতে তাকানো; প্রতারিত করা।

أَلاَصَ : (إِلاَصَـة) সক্ষম করা, যোগ্য করা।

تَـلَـوَّصَ : কুণ্ডলী পাকানো।

لَـوْص : গলাব্যথা।

لَـوْصَـة : পিঠের ব্যথা; ক্লান্তি; বিরক্তি।

مُـلاَوِص : ধূর্ত, শঠ, প্রতারক।

لاَطَ : ـُ (لَـــوْط) সমমৈথুন করা; প্লাস্টার করা; প্রলেপ দেওয়া; লুকানো।

~ ب : লাগিয়া থাকা; সংযুক্ত করা।

لَـوْط : সহানুভূতি; বন্ধন, ঢিলা বহির্বাস; তৎপর।

لُـوط : লূত (আ) : হযরত ইবরাহীম (আ)-এর ভ্রাতুষ্পুত্র, সামূদবাসীদের নিকট প্রেরিত নবী।

لاَطَـة : কড়িকাঠ, বীম।

لِـيَـاط : সুদ।

لِـوَاطَـة، لِـوَاط : সমকামিতা।

لاَعَ : ـُ (لَـوْع) (প্রেম) পীড়িত করা; যন্ত্রণা দেওয়া (রৌদ্র) দগ্ধ করা; অধৈর্য হওয়া; রুগ্ণ হওয়া।

لاَعَ : ـُ (لَـوْعَـة) উদ্বিগ্ন হওয়া, বিষণ্ন হওয়া; রুগ্ণ হওয়া; দুষ্ট হওয়া।

لَـوَّعَ : (تَـلْـوِيـع) কষ্ট দেওয়া, পীড়ন করা, নির্যাতন করা, যন্ত্রণা দেওয়া।



www.pathagar.com

اِلْتَاعَ : (اِلْتِيَاع) হৃদয় ভাঙ্গিয়া পড়া; দগ্ধ হওয়া, জ্বলিয়া যাওয়া; দুশ্চিন্তাগ্রস্ত হওয়া।

لَوْعَة : দহন, যাতনা, যন্ত্রণা, পীড়ন, মনস্তাপ; প্রেমপীড়া; নির্যাতন।

لَاعٍ، لَائِع : বিষণ্ন, মনমরা; রুগ্ণ; দুষ্ট।

لَاعَة : ছিনাল মেয়ে। ব لَاعَات

مُلَاوِع : ধূর্ত, শঠ, প্রতারক।

مُلْتَاع، مُلَوَّع : প্রেমদগ্ধ, প্রণয়কাতর, বিরহী।

لُوغَارِتْمَات، لُوغَارِتْمَا : নির্দিষ্ট রাশিকে যে শক্তিতে উন্নীত করিলে অন্য কোন নির্দিষ্ট রাশির সমান হয়, সংবর্গমান, লগারিদম, logarithm (অংকশাস্ত্রে)।

لَافَ ـُ : (لَوْف) ভক্ষণ করা, চর্বন করা।

~ عَلَى : মেলামেশা করা, সঙ্গী হওয়া।

لَوْف : স্বাদহীন খাদ্য।

لُوف : শুষ্ক ঝিঙ্গা, ধুন্দল ইত্যাদির স্পঞ্জ, luffa.

مَلُوف : সিক্ত (খাদ্য)।

لَاقَ ـُ : (لَوْق) নরম করা।

لَوَّقَ : (تَلْوِيق) নরম করা, পাকানো; মাখন মাখানো, মাখন লাগানো; ভূমিতে বীজ বপন করা।

لَوَق : নির্বুদ্ধিতা, বোকামি।

لَوْقَة : ক্ষণ, মুহূর্ত।

أَلُوقَة، لُوقَة : তাজা মাখন, মাখনমিশ্রিত খেজুর।

أَلْوَق : নির্বোধ, বোকা। স্ত্রী لَوْقَاء

مِلْوَق : মলম লেপন, কবিতার ছত্রবিশেষ, spatuta. ব مَلَاوِق

مَلْوُوق : পাকানো, মোচড়ানো, বিকৃত বস্তু।

مَلْوُوق الفَمِ : বিকৃতমুখ।

لَاكَ ـُ : (لَــوْك) চর্বন করা; সুনাম নষ্ট করা, বলাবলি করা, তোতলাইয়া কথা বলা।

أَلَاكَ : (إِلَاكَة) বার্তা প্রেরণ করা।

لَوَاك : চর্বিত খাদ্য।

لُوكَنْدَة، لُوكَانْده : (ইত) হোটেল।

لَوْلَب : স্ক্রু, screw; পেঁচকল; স্প্রিং; spring. অক্ষ, axle. ব لَوَالِب

لَوْلَب مَطَّاط : সংযোজক স্প্রিং, extension spring.

لَوْلَبِي : শঙ্খিল পেঁচওয়ালা, পেঁচযুক্ত।

زُنْبُرُك لَوْلَبِيّ : পেঁচওয়ালা স্প্রিং।

~ مِسْمَار : পেঁচওয়ালা পেরেক, স্ক্রু।

لَوْلَبِيَّة : পেঁচ, মোচড়।

لَامَ ـُ : (لَــوْم، مَــلَام، مَــلَامَــة، أَلَامَ، (إِلَامَــة) তিরস্কার করা, ভর্ৎসনা করা, নিন্দা করা, গালাগালি দেওয়া।

لَوَّمَ : (تَلْوِيم) কঠোর ভর্ৎসনা, তীব্র নিন্দা, বা তিরস্কার করা।

لَاوَمَ : (مُلَاوَمَة) কঠোর ভর্ৎসনা করা।

تَلَوَّمَ : আত্মনিন্দা করা।

~ عَلَى، فِي : বিলম্ব করা, দীর্ঘসূত্রী হওয়া, গড়িমসি করা।

تَلَاوَمَ : পরস্পর নিন্দা বা তিরস্কার করা।

اِلْتَامَ، اِنْلَامَ : (اِلْتِيَام، اِنْلِيَام) নিন্দিত হওয়া, তিরস্কৃত হওয়া।

اِسْتَلَامَ : (اِسْتِلْوَام) নিন্দনীয় হওয়া, নিন্দার্হ হওয়া।

لَام : 'ل' বর্ণের নাম। ব لَامَات

لَامِيّ : লাম আকৃতির।

لَامِيَّة : লাম কাফিয়াযুক্ত কাসীদা, অন্ত্যলামযুক্ত কবিতা, লামিয়া।

لَامِيَّةُ العَرَب : শানফারার প্রসিদ্ধ লামিয়া কাসীদা।

~ العَجَم : তুগরাঈ (১০৬১-১১২১ খ্রি)-এর প্রসিদ্ধ লামিয়া কাসীদা।

لَوْم، لَوْمَة، لَائِمَة : (ব لَوَائِم) لَوْمَى، لَوْمَاء، নিন্দা, তিরস্কার, مَلَام، مَلَامَة (ব مَلَاوِم) ভর্ৎসনা।



www.pathagar.com

لَائِم : নিন্দুক, সমালোচক। স্ত্রী لَوَّام، لُوَمَة لُيَّم ,لُوَّام، لُوَّم ব لَوَّامَة

النَّفْسُ اللَّوَّامَة : গর্হিত কর্মে তিরস্কারকারী আত্মা, সুপ্রবৃত্তি।

تَلْوِيم : তীব্র নিন্দা বা তিরস্কার।

مُلَام، مَلِيم، مَلُوم : নিন্দিত, তিরস্কৃত, নিন্দনীয়, তিরস্কারযোগ্য। ব مَلَاوِمُ

لُومَان : অপরাধীদিগকে দণ্ড প্রদানের গৃহ; সশ্রম কারাবাস।

لُومَانْجِيّ : অপরাধী; দণ্ডাজ্ঞাপ্রাপ্ত আসামী।

لَوَّنَ : (تَلْوِين) রং দেওয়া, রঞ্জিত করা, নানা বর্ণে রঞ্জিত করা, চিত্রবিচিত্র করা।

تَلَوَّنَ : রঞ্জিত হওয়া, রং ধারণ করা; নানা বর্ণে রঞ্জিত হওয়া; চিত্রবিচিত্র হওয়া; রং বদলানো, মন পরিবর্তন করা, বহুরূপী হওয়া।

إِلْوَنَّ : (إِلْوِنَان) রঙিন হওয়া, রঞ্জিত হওয়া।

لَوْن : রং, বর্ণ; প্রকার। ব أَلْوَان

لَوْن زَاهٍ : উজ্জ্বল রং।

~ فَاتِح : হালকা রং।

~ قَاتِم : গাঢ় রং, স্থায়ী রং।

أَلْوَانُ الأَطْعِمَة : সর্বপ্রকার খাদ্য।

مُخْتَلِف الأَلْوَان : বহুবর্ণ, চিত্রবিচিত্র, বিভিন্ন প্রকার।

لَوْنِيّ : রংসম্পর্কিত, রংযুক্ত, রঙিন।

لِينَة، لُونَة : নিকৃষ্ট খেজুর।

لُوَيْن : হালকা রং, আভা।

تَلْوِين : রঞ্জিতকরণ।

مُلَوَّن : রঙিন, রঞ্জিত, রংযুক্ত; বহুবর্ণ, চিত্রবিচিত্র।

مُتَلَوِّن : রঙিন; বহুবর্ণ, পরিবর্তনশীল, পরিবর্তনশীল রংবিশিষ্ট, বহুরূপী, খামখেয়ালী।

لَاوَنْجِيّ، لَوَنْجِيّ : গৃহ-পরিচারক, ভৃত্য।

لَوَنْجِيَّة : গৃহ-পরিচারিকা।

لَوَنْدَا، لَوَنْدَه : (ইত) সুগন্ধি বৃক্ষবিশেষ।

لَاهَ : ـُ (لَوَهَان، لَوْه) تَلَوَّهَ، (মরীচিকা) চকচক করা।

لُؤُوهَة، لَوْهَة، لَوْه : (মরীচিকার) চাকচিক্য।

لَوَى : ـِ (لَوِيّ، لَيّ) বাঁকানো, ঘুরানো; ফিরানো, পাকানো, মোচড়ানো, চমকানো।

~ عَنْ ~ (لَيَّان، لَيّ) : গোপন করা, লুকাইয়া রাখা, ফিরিয়া আসা।

~ عَلَى : ঘুরিয়া আসা; ঝুঁকিয়া পড়া; মুখ ফিরানো, সম্মুখীন হওয়া; স্মরণ করা; মনোযোগ দেওয়া।

لَوَى الدَّيْنَ : সে ঋণ পরিশোধ স্থগিত রাখিল, বিলম্বিত করিল।

لَوِيَ : ـَ (لَوًى) বক্র হওয়া, তেরছা হওয়া, পেঁচানো, পাক খাওয়া; মোচড় খাওয়া; কুণ্ডলী পাকানো।

لَوَّى : (تَلْوِيَة) বাঁকা করা, জটিল করা।

لَوَّى ذَيْلَهُ : সে লেজ নাড়িল।

لَاوَى : (مُلَاوَاة) কুণ্ডলী পাকানো।

أَلْوَى : (إِلْوَاء) ~ بِ বাঁকা করা, পাকানো; লইয়া যাওয়া, ছিনাইয়া লওয়া; ধ্বংস করা; অস্বীকার করা; (কথা) ঘুরাইয়া বলা।

أَلْوَى بِيَدِهِ : সে হাত নাড়াইয়া ইশারা করিল।

~ اللِّوَاءَ : পতাকা উত্তোলন করা।

إِلْتَوَى، تَلَوَّى : বক্র হওয়া, পাক খাওয়া, আঁকিয়া বাঁকিয়া যাওয়া; কুণ্ডলী পাকানো, মোচড় খাওয়া।

~ : ধূর্ততা প্রদর্শন করা।

إِلْتَوَى : ~ عَلَى কঠিন হওয়া, জটিল হওয়া।

~ : عَنْ ফিরিয়া আসা।

تَلَاوَى : ~ عَلَى সম্মত হওয়া।

لَوْى، لَيّ : বক্রকরণ; পাকদেওয়া, পাক, মোচড়।

لَا يَعْرِفُ الحَيَّ مِنَ اللَّيِّ : সে ভালো-মন্দের পার্থক্য করিতে পারে না।

لَيَّة : বাঁক, ভাঁজ, পাক, মোচড়, সাপ। ব لِوًى

لِيَّة : (ভেড়ার) লেজ। ব لِيَّات

لِوًى : কুঁজ, ভাঁজ। ব أَلْوِيَة، أَلْوَاء

لُوًى : তুচ্ছ বস্তু।

لَوِيّ : শুষ্ক (ঘাস)।



www.pathagar.com

لِوَاء : পতাকা, ব্রিগেড, brigade; ব্রিগেডিয়ার; মেজর জেনারেল; রিয়ার এডমিরাল; প্রদেশ। ব أَلْوِيَات، أَلْوِيَة

أَمِير اللِّوَاء : ব্রিগেডিয়ার জেনারেল।

لِوَاء جَوِّيّ : বিমানবাহিনী ব্রিগেড, air-force brigade.

لِوَايَة : পতাকা-দণ্ড।

لَوَّاء : পক্ষিবিশেষ, wryneck.

لَاوٍ : ঘূর্ণায়মান, পাক খাইতেছে এমন। ব لُوَاة

عَبْدُ اللَّاوِي : তরমুজবিশেষ।

لَبَّاء : পানি হইতে দূরবর্তী ভূমি।

لِبَّاء : হাঙ্গর।

إِلْتِوَاء : বক্রতা; বাঁক, মোড়; পাক, মোচড়, বিকৃতি; অসঙ্গতি।

إِلْتِوَاءَة : ভাঁজ, বাঁক।

مُلْتَوٍ، مَلْوِيّ : বক্র, বাঁকানো, পাকানো; মোচড়ানো, বিকৃত, স্থগিতকৃত।

مِلْوَى : রেঞ্চ, wrench; স্প্যানার, spanner; কীলক, কাছি জড়াইবার থাম, capstan. ব مَلَاوٍ

مُلْتَوًى : (রাস্তার) বাঁক, মোড়; বক্ররেখা। ব مُلْتَوَيَات

لِيبْرَا : পাউন্ড (ওজন)।

لِيبِرِيَا : লাইবেরিয়া; আটলান্টিক উপকূলে অবস্থিত আফ্রিকার একটি স্বাধীন প্রজাতন্ত্র, রাজধানী মনরোভিয়া।

لِيبِيَا : লিবিয়া, ভূমধ্যসাগরের তীরবর্তী উত্তর আফ্রিকার একটি মুসলিম দেশ, রাজধানী ত্রিপোলি।

لَاتَ - : (لَيْتٌ)، أَلَاتَ، (إِلَاتَة) ~ عَنْ বিরত রাখা।

لِيت : ঘাড়ের পার্শ্ব, ঘাড়ের পৃষ্ঠাদেশ। ব أَلْيَات

لَيْتَ، يَالَيْتَ : (অসম্ভব আকাঙ্ক্ষা জ্ঞাপক নসবদাতা অব্যয়) যদি এমন হইত!

لَيْتَ الشَّبَابَ يَعُودُ : যদি যৌবন ফিরিয়া আসিত!

لَيْتَ الأَمْرَ كَانَ كَذٰلِكَ : যদি বিষয়টি এমন হইত!

لَيْتَنِي كُنْتُ أَقْدِرُ : আমি যদি ইহা করিতে পারিতাম!

لَيْتَنِي مُتُّ لِأَجْلِكَ : আমি যদি তোমার জন্য জীবন দিতে পারিতাম।

لَيْتَهُ كَانَ هُنَا : সে যদি এখানে থাকিত!

لَيْتَكَ تَقْدِرُ أَنْ تَذْهَبَ : তুমি যদি যাইতে পারিতে!

لَيْتَ شِعْرِي : হায়! আমি যদি জানিতাম!

لَيَّثَ، لَيْثَ، تَلَيَّثَ، إِسْتَلْيَثَ : (تَلْيِيث، إِسْتِلْيَات) সিংহের ন্যায় আচরণ করা।

لَايَثَ : (مُلَايَثَة) সাহসের প্রতিযোগিতা করা।

لَيْث : সিংহ। ব لُيُوث

أَبُو اللَّيْثِ السَّمَرْقَنْدِي : আবুল লায়স সমরকন্দী (মৃত ৯৮৫ খ্রি.) ফিক্‌হশাস্ত্রবিদ।

لَيْثَة : সিংহী; শক্তিশালী উষ্ট্রী। ব لَيْثَات

أَلْيَث : সাহসী, নির্ভীক। স্ত্রী لَيْثَاء. ব مِلْيَث، لِيث

لِيرَة، لِيرًا : পাউন্ড (মুদ্রা)। ব لِيرَات

لِيرَة إِنْكِلِيزِيَّة : স্টার্লিং পাউন্ড।

~ فَرَنْسَاوِيَّة : কুড়ি ফ্রাঙ্কের ফরাসি মুদ্রাবিশেষ, napoleon.

لَيِسَ - : (لَيَس) সাহসী হওয়া।

لَيَّسَ : (تَلْيِيس) আস্তর করা, প্লাস্টার করা।

~ بِ : লাগিয়া থাকা, আঁটিয়া থাকা।

تَلَايَسَ : ~ عَنْ উপেক্ষা করা।

لَيْسَ : (না-সূচক অসমাপিকা ক্রিয়া) না, নাই, নহে।

لَيْسَ إِلَّا : শুধুমাত্র, আর কিছু নহে।

لَيْسَ لَنَا شَيْءٌ : আমাদের কিছুই নাই।

لَيْسَ لَهُ أَنْ : তাহার অধিকার নাই যে,।

لَيْسَ عَلَى شَيْءٍ مِنَ الْحَقِيقَةِ : ইহাতে সত্যের লেশমাত্র নাই।



www.pathagar.com

أَلَيْسَ كَذٰلِكَ : এইরূপ নহে কি? তাই নহে কি? তাই না?

لَسْتُ بِفَاعِلٍ : আমি (ইহা) করিতে পারি না।

أَلْيَسُ : সাহসী। স্ত্রী لَيْسَاءُ ব لِيسٌ

مُلَبَّسٌ : আস্তরকৃত, আস্তরিত।

مُلَايِسٌ : মন্থর, দীর্ঘসূত্রী।

لِيسَانْس : (ফ) লেসান্স, শিক্ষার ডিগ্রিস্তর।

لَاصَ - : (لَيْص) ঝুঁকিয়া পড়া।

أَلَاصَ ,~ : (إِلْيَاص) স্থানচ্যুত করা।

لَاطَ - : (لَيْط) ~ بِ মানানসই হওয়া, খাপ খাওয়া।

لَيَّطَ : (تَلْيِيط) সংযুক্ত করা, সংলগ্ন করা।

لِيطٌ : রং, মেযাজ। ব أَلْيَاطٌ

~ , لِيطَة : চামড়া, ছাল।

لِيَاطٌ : চুল, জিপসাম; মানুষের মল।

لَاعَ - : (لَيْعَان) ব্যাকুল হওয়া, বিরক্ত হওয়া।

لَيْعَة : (ক্ষুধার) তীব্রতা, প্রচণ্ডতা।

لَيَاعٌ : প্রচণ্ড, তীব্র, (ঝড়)।

تَلَيَّغَ : নির্বোধ হওয়া।

لَيَغٌ : নির্বুদ্ধিতা, বোকামি।

أَلْيَغُ : নির্বোধ, বোকা। স্ত্রী لَيْغَاءُ ব لِيغٌ

لَيَّفَ : তালের আঁশ দ্বারা ঘষা, লুফা দ্বারা মাজা, (দড়িরূপে) তালের আঁশ ব্যবহার করা।

تَلَيَّفَ : (তালচারা) কাণ্ডে পরিণত হওয়া।

لِيفٌ : তালগাছের তন্তু, তালের আঁশ, ফলের গুচ্ছমূলের আবরণী।

لِيفَة : তন্তু, অংশু, আঁশ; ব্রাশরূপে ব্যবহৃত তালের আঁশের গুচ্ছ।

لِيفَةُ الإِسْتِحَامِ : শুষ্ক ঝিঙ্গা, ধুন্দল ইত্যাদির স্প, লুফা, luffa.

لِيفَانِيٌّ، لِيفِيٌّ : আঁশযুক্ত, অংশুময়, অংশুল, তন্তুময়।

تَلَيُّف : অংশুময়তা, অংশুলতা; অন্ত্রাদির দৃঢ়ীভবন, cirrhosis.

لَاقَ - : (لِيَاقَة، لَيْق) ~ بِ যোগ্য হওয়া, উপযুক্ত হওয়া, উপযোগী হওয়া, যথাযথ হওয়া, ঠিক হওয়া; মানানসই হওয়া।

لَيَّقَ : (تَلْيِيق) নরম করা।

إِلْتَاقَ : (إِلْتِيَاق) ~ بِ আন্তরিকভাবে কাজ করা, আন্তরিকতাপূর্ণ আচরণ করা।

~ لِ : আসক্ত হওয়া, অনুরক্ত হওয়া।

لَيْق : যথাযথতা, উপযুক্ততা।

لِيَق : বিক্ষিপ্ত মেঘখণ্ড।

لِيقَة : কালি মুছিবার জন্য সুতি বা রেশমি বস্ত্রখণ্ড; পুটিং; puttgh. ব لِيَق

لَيَاق : চারণক্ষেত্র; স্থিরতা।

لِيَاق : অগ্নিশিখা, উজ্জ্বল আলোক।

لِيَاقَة : যথাযথতা, যথোপযুক্ততা, সঙ্গতি, সুস্বাদু; যোগ্যতা, দক্ষতা, সদ্ব্যবহার; শালীনতা, শিষ্টতা।

لِيَاقَت عَلِى خَان : লিয়াকত আলী খান (নিহত ১৯৪৯ খ্রি.) পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী।

لَائِق : লায়েক, যোগ্য; যথাযথ, উপযুক্ত, সঙ্গত, উপযোগী; মানানসই।

أَلْيَق : যোগ্যতর, অধিকতর সঙ্গত বা উপযুক্ত।

لَايَلَ : (لِيَال) রাত্রির জন্য ভাড়া করা।

لَيْل : রাত্রি।

سُورَةُ اللَّيْلِ : আল-কুরআনের ৯২ নং সূরা।

لَيْلًا : রাত্রিকালে।

لَيْلَة : রাত্রি, সন্ধ্যা; রজনী; সান্ধ্যসম্মেলন; নৈশভ্রমণ। ব لَيَائِل، لَيَالٍ، لَيْلَات

اللَّيْلَة : আজিকার রাত্রি; আজ রাত্রে।

لَيْلَةَ أَمْسِ : গত রাত্রে, গতকাল সন্ধ্যায়।

لَيْلَةُ الدُّخْلَة : বাসর রাত্রি।

~ رَاقِصَة : নৃত্য-রজনী; নৃত্য-সন্ধ্যা।



www.pathagar.com

لَيْلَةُ الْقَدْرِ ~ : লায়লাতুল-কাদর, মহিমান্বিত রজনী, রমযান মাসের শেষ দশদিনের যে-কোন এক বেজোড় রাত্রি।

~ الْمِعْرَاجِ : মি'রাজ রজনী, নবুওয়াতের একাদশ বর্ষের ২৭ শে রজব রাসূলুল্লাহ (স)-এর আল্লাহর সন্দর্শনে গমনের রজনী।

~ الْبَرَاءَةِ : শবে বরাত, মধ্য শা'বানের রজনী।

~ لَيْلَاءُ : অন্ধকার রাত্রি।

فِي لَيْلَةٍ لَيْلَاءَ : রাতের অন্ধকারে।

أَلْفُ لَيْلَةٍ وَلَيْلَةٍ : হাজার এক রাত্রি, খ্রিস্টীয় ত্রয়োদশ ও চতুর্দশ শতাব্দীর মাঝামাঝি সময়ে আরবী ভাষায় রচিত এক হাজার একটি কাহিনীর বিশ্ববিশ্রুত সংকলন।

لَيْلِيٌّ : রাত্রিকালীন, নৈশ, সান্ধ্য।

لَيْلَك : (ফা) ফুলগাছবিশেষ, lilac.

لِيم : শান্তি, মিল; সাদৃশ্য।

لِيمَا : পেরুর রাজধানী।

لِيمَان : বন্দর, পোতাশ্রয়। ব لِيمَانَات

لِيمُور : বানরজাতীয় প্রাণিবিশেষ, lemur.

لِيمُون، لَيْمُون : লেবু।

لَيْمُون حَامِض : জামির।

شَرَاب اللَّيْمُون : লেবুর শরবত, লেমনেড, lemonade.

~ عَصِير : লেবুর আরক।

لَانَ - : (لَيَان، لِينَة، لِين) নরম হওয়া; কোমল হওয়া, শান্ত হওয়া, ভদ্র হওয়া, নমনীয় হওয়া, শিথিল হওয়া; মসৃণ হওয়া; পথ ছাড়িয়া দেওয়া, বশ্যতা স্বীকার করা।

أَلَانَ، لَيَّنَ : (إِلَانَة، تَلْيِين) নরম করা, শিথিল করা; শান্ত করা; নমনীয় করা; বশীভূত করা; উপশম করা।

لَايَنَ : (مُلَايَنَة) কোমল আচরণ করা, সদয় ব্যবহার করা; তোষামোদ করা।

تَلَيَّنَ : নরম হওয়া, নমনীয় হওয়া।

اِسْتَلَانَ : (اِسْتِلْيَان) নরম পাওয়া, ভদ্র বা শান্ত মনে করা।

لُيُونَة، لَيَان، لِينَة، لِين : নম্রতা, কোমলতা, ভদ্রতা, নমনীয়তা, বশ্যতা।

حُرُوف اللِّين : কোমল বর্ণ- ی، و، ا । যখন এগুলোর পূর্বে অনুকূল হরকত হবে।

لَيِّن : لَيْن নরম, নম্র, কোমল; শিথিল; নমনীয়; ভদ্র; শাসনযোগ্য, অনুগত; সহজ। ব. أَلْيَان، لَيِّنُون

لَيْنَة : গদি।

مُلَيِّن : উপশমকারী; দ্রাবক; রেচক (ঔষধ)।

مُلَيِّنَات : রেচক ঔষধ।

مَلْيَنَة : বিনম্রতা, সদাশয়তা।

مُلَايَنَة : বন্ধুত্ব, মহানুভবতা।

لَاهَ - : (لَيْه) লুক্কায়িত থাকা, উঁচু হওয়া।



www.pathagar.com

م : মীম, আরবী বর্ণমালার ২৪ তম হরফ। সংখ্যামান ৪০।

مَا : (প্রশ্নজ্ঞাপক অব্যয়) কী? কী জিনিস? কোন্ বস্তু? (না-সূচক অব্যয়) না, নাই, নহে; (إِسْم مَوْصُول) যাহা!

مَاذَا : কী? কোন্ বস্তু?

مَالَكَ؟ : তোমার কি হইয়াছে।

مَادُمْتُ حَيًّا : যতদিন আমি জীবিত আছি।

مَا أَجْمَلَهُ : সে কত সুন্দর!

لِمَاذَا، لِمَ : কেন? কী কারণে? কিসের জন্য?

مَاقَرَأْتُ : আমি পাঠ করি নাই।

مَا أَدْرِي : আমি জানি না।

مَالَمْ : যতক্ষণ না।

مَا بَيْنَ : পরস্পরের মধ্যে।

لِأَمْرٍ مَا : যে কোন কারণে।

بِمَا فِيهِ : সমেত, সহ।

مَا بَيْنَ النَّهْرَيْنِ : (Mesopotamia) দাজলা ও ফোরাত নদীদ্বয়ের মধ্যবর্তী ভূভাগ। প্রাচীন ব্যাবিলন ও এসিরিয়া এবং কালদানীদের রাজধানী নিনেভা ইহার অন্তর্গত। এই অঞ্চলের "উর" নামক স্থানে হযরত ইবরাহীম (আ) জন্মগ্রহণ করেন। নবুওয়াত প্রাপ্তির পরে এই স্থানেই কালদানী-সম্রাট নমরূদ হযরত ইবরাহীম (আ)-কে অগ্নিকুণ্ডে নিক্ষেপ করিয়াছিলেন। অতঃপর আনুমানিক খ্রিস্টপূর্ব ১৮৫০ সালে এইখান হইতে তিনি ইসলাম প্রচারের উদ্দেশ্যে সিরিয়া ও ফিলিস্তিনে হিজরত করেন।

الْمَاتُرِيدِيّ : ইমাম আবূ মানসূর আল-মাতুরীদী (মৃঃ ৩৩৪/৯৪৪) أَهْل السُّنَّة والجماعة এর আকায়েদশাস্ত্রের একজন প্রখ্যাত ইমাম। সমরকন্দের মাতুরীদ নামক স্থানে জন্মগ্রহণ করেন এবং যাকাবদীজা নামক গোরস্তানে সমাহিত আছেন।

مَوُجَ : ـُ (مُؤُوجَة) তিক্ত হওয়া, লবণাক্ত হওয়া।

مَاج : তিক্ত, লবণাক্ত।

مَاجِسْتِير : মাস্টার (ডিগ্রি) master.

مَاخُور : বেশ্যালয়, পতিতালয়। ব مَوَاخِير

مَادَ : ـَ (مَاْد) কোমল হওয়া, নমনীয় হওয়া।

أَمَادَ : (إِمَادَ) কোমল করা, নমনীয় করা।

إِمْتَادَ : (إِمْتِيَاد) (সম্পদ) আহরণ করা।

مُؤُود، مَاد : কোমল, নরম, নমনীয়।

مَارَ : ـَ (مَار) (মশক) পূর্ণ করা।

~ : (بَيْنَ) বিবাদ লাগানো।

مَئِرَ : ـَ (مَار) (ক্ষত) পুনরায় খোলা।

~، إِمْتَأَرَ : (إِمْتِئَار) ~ عَلَى শত্রুতা করা, ঘৃণা করা, বিদ্বেষ পোষণ করা।

مَاءَرَ : (مُمَاءَرَة) প্রতিযোগিতা করা।

~ بَيْنَ : বিবাদ লাগানো।

تَمَاءَرَ : পরস্পর প্রতিযোগিতা করা।

مِئْر، مَئِر : অনিষ্টকারী।

مِئْرَة : ঘৃণা, শত্রুতা, বিদ্বেষ; কুৎসা, নিন্দা। ব مِئَر

مَار : সাধু, ঋষি, যাজক।

مَارِس : মার্চ (মাস)।

مَارِش : চলনের তাল, নিয়মিত পদক্ষেপ, মার্চ।

مَارْشَال : মার্শাল, marshal, ফিল্ড-মার্শাল, field marshal.

مَارْشَال جَوِّيّ : এয়ার-মার্শাল, air marshal.

مَارْك : মার্ক, mark. (মুদ্রা)। ব مَارْكَات

مَارْكْسِيّ : মার্কসবাদী।

مَارْكْسِيَّة : মার্কসবাদ।

مَارْكَة : মার্কা, প্রতীক।



www.pathagar.com

مَارْكَة تِجَارِيَّة : ট্রেড-মার্ক, trade-mark.

مَاسَ : ـَ (مَأْس) ~ عَلَى রাগান্বিত হওয়া, খেপিয়া যাওয়া।

~ بَيْنَ : বিবাদ লাগান।

~, مَئِسَ : ـَ (مَأْس) (ক্ষত) প্রশস্ত হওয়া।

مِمْأَس، مَؤُوس، مَائِس : কুৎসাকারী, নিন্দুক।

مَاسَة، مَاس : হীরক।

مَاسُورَة : পাইপ, নল।

مَاسُون : (ফ) ভ্রাতৃপ্রেম ভিত্তিক সমিতির সদস্য, Freemason.

مَاشِك : চিমটা, সাঁড়াশি। ব مَوَاشِك

مَئِقَ : ـَ (مَاق، أَمَاق) (إِمْئَاق) ফোঁপাই কাঁদা।

إِمْتَاقَ : (إِمْتِئَاق) ফোঁপাইয়া কাঁদা; (ক্রোধ) তীব্র হওয়া।

مُؤْق، مَأْق : চক্ষুর অভ্যন্তরীণ কোণ। ব أَمْآق، مَآق، آمَاق

مَأْقَة : ফোঁপাইয়া ক্রন্দন।

مَئِق : ফোঁপাইতেছে এমন।

مَاكِينَة : যন্ত্র, মেশিন, machine. ব مَكَائِن، مَاكِينَات

مَالَ، مَئِلَ : ـَ (مَأَلَة، مُؤْلَة) বলিষ্ঠ হওয়া।

مَآل : বলিষ্ঠ।

مَأْلَة : উদ্যান; জাঁতিকল। ব مِئَال

مَالْدِيف : (ذَبِيَّة المَهَل) ভারত মহাসাগরের কতগুলি ক্ষুদ্র ক্ষুদ্র দ্বীপের সমন্বয়ে গঠিত একটি স্বাধীন মুসলিম রাষ্ট্র। রাজধানী মালে।

مَالْطَة : মাল্টা (সিসিলি ও তিউনিসিয়ার মধ্যবর্তী ভূমধ্যাসাগরের একটি দ্বীপ।) ৮৭০ খ্রিস্টাব্দে মুসলমানগণ ইহা দখল করিয়াছিলেন। ১৯৬৪ খ্রিস্টাব্দে ইংরেজদের কবল হইতে এটা স্বাধীনতা লাভ করে।

مَأْمَأ : (مَأْمَأة) (ভেড়া) ভ্যা ভ্যা করিয়া ডাকা।

مَانَ : ـَ (مَان) খাদ্যদ্রব্য যোগান দেওয়া; নাভিতে আঘাত করা।

مَأَّنَ : (تَمْيِين) যোগাড় করা, প্রস্তুত করা।

مَأْنَة : নাভি। ব مُؤُون، مَأنَات

مَؤُونَة، مُونَة : খাদ্যদ্রব্য; সামগ্রী; সংগ্রহ; সরবরাহ; বোঝা; কষ্ট; প্রচেষ্টা। ব مُؤَن

مَئِنَّة : চিহ্ন; সঠিক বস্তু; উপযুক্ত বিষয়।

مَمْئَنَة : সুবিধা।

مَانْجُو : আম।

المَانْش : (ফ) ইংলিশ চ্যানেল।

مَاوَرَاء النَّهر : (transoxiane) আমুদরিয়া নদীর উত্তর তীরবর্তী সোভিয়েত তুর্কিস্তানের একটি উর্বর অঞ্চল। বহু প্রখ্যাত মুসলিম মনীষীর জন্মভূমি।

مَأَى : ـَ (مَأْى) শততম হওয়া; (গাছ) পাতায় আবৃত হওয়া।

~ بَيَّنَ : বিবাদ লাগানো।

أَمْأَى : (إِمْئَاء) সংখ্যায় একশত হওয়া।

مِائَة، مِئَة : একশত, one hundred. ব مِئَات، مِئُون

فِي المِائَة : শতকরা, percent.

مِئِينِيّ، مِئَوِيّ : শতাংশ, শততম, শতাংশীয়, শতবর্ষীয়।

عِيد مِئَوِيّ : শতবার্ষিকী।

نِسْبَة مِئِينِيَّة، نِسْبَة مِئَوِيَّة : শতকরা হার।

~ دَرَجَة : সেন্টিগ্রেড, Centigrade.

مَايُو : মে (মাস)।

مَتَّ : ـُ (مَتّ) বিস্তৃত করা, প্রসারিত করা; কূপ হইতে পানি উঠানো।

مَتَّ : ~ إِلَى، بِ সম্পৃক্ত হওয়া, সম্পর্ক স্থাপন করিতে চাওয়া।

مَاتَّة : ঘনিষ্ঠ সম্পর্ক, পারিবারিক বন্ধন; আত্মীয়তা। ব مَوَاتّ

مَتَحَ : ـَ (مَتْح) (কূপ হইতে পানি) উত্তোলন করা।

~, إِمْتَتَحَ : (إِمْتِتَاح) ছিনাইয়া লওয়া।

~, مَتَّحَ، إِمْتَحَ : (إِمْتَاح، تَمْتِيح) ডিম পাড়া।



www.pathagar.com

مَتُوح، مَاتِح : (কূপ হইতে পানি) উত্তোলনকারী। ব مُتَّح

مَتَّاح : প্রলম্বিত (দিবা, রাত্রি)।

مَتَخَ ـُ : (مَتْخ) ছিন্ন করা, ছিনাইয়া লওয়া।

~ فِي : লাগিয়া থাকা।

أَمْتَخَ : (إِمْتَاخ) ছিনাইয়া লওয়া।

مَتَدَ ـُ (مُتُود) : ~ بِ অবস্থান করা, থাকিয়া যাওয়া।

مَتَرَ ـُ : (مَتْر) (দড়ি) টানা; কর্তন করা।

تَمَاتَرَ : ছড়াইয়া যাওয়া; টানাটানি করা।

مِتْر : (ফ) মিটার, meter. ব أَمْتَار

مِتْرِي : মিটার সম্বন্ধীয়, মেট্রিক, metric.

مَتَسَ ـ : (مَتْس) পাকানো।

مَتَشَ ـ : (مَتْش) অঙ্গুলির সাহায্যে ছড়াইয়া দেওয়া।

مَتِشَ ـ (مَتَش) : (চক্ষু) ক্ষুধায় অন্ধকার হইয়া আসা।

مَتْش : নখের সাদা দাগ।

مَتَش : নখের সাদা দাগ; দৃষ্টি ক্ষীণতা।

أَمْتَشَ : ক্ষীণদৃষ্টি। স্ত্রী مَتْشَاء ব مُتْش

مَتَعَ ـَ : (مُتْعَة، مَتْع) ~ بِ লইয়া যাওয়া।

~ : (مُتُوع) শক্ত হওয়া, দৃঢ় হওয়া; (মদ) অধিক লাল হওয়া; (সূর্য) উপরে উঠা, বেলা বাড়িয়া যাওয়া।

أَمْتَعَ، مَتَّعَ : (إِمْتَاع، تَمْتِيع) ~ بِ উপভোগ করানো, উপভোগ করিতে দেওয়া।

~ : দীর্ঘায়িত করা, প্রসারিত করা।

مَتَّعَهُ اللّٰهُ : আল্লাহ তাহার জীবন সুখময় করুন; আল্লাহ তাহাকে দীর্ঘজীবন দান করুন।

مَتَّعَ الْبَصَرَ : চক্ষু তৃপ্ত করা, চক্ষু জুড়াইয়া দেওয়া।

إِسْتَمْتَعَ، تَمَتَّعَ : (إِسْتِمْتَاع) ~ بِ উপভোগ করা।

مُتْعَة : (ব مُتَع) مِتْعَة (ব مِتَع) উপভোগ, আনন্দ, তৃপ্তি, বিনোদন।

مُتْعَةُ الطَّلَاقِ : তালাকের ক্ষতিপূরণ, তালাকপ্রাপ্তা স্ত্রীকে প্রদত্ত পারিতোষিক।

نِكَاحُ الْمُتْعَةِ، زَوَاجُ الْمُتْعَةِ : অস্থায়ী বিবাহ।

~ أَمَاكِن : বিনোদন-কেন্দ্র।

مَتَاع : আনন্দ উপভোগ, তৃপ্তি; মালামাল, পণ্যসামগ্রী, আসবাবপত্র; সাময়িক ভোগের সামগ্রী; সম্পত্তি। ব أَمْتِعَة

مَتَاعُ الْعَيْنِ : নয়নসুখ।

سَقَطُ الْمَتَاعِ : পরিত্যক্ত বস্তু; আবর্জনা।

مَاتِع : দীর্ঘ; উত্তমরূপে পাকানো (দড়ি); অধিক লাল (মদ); চমৎকার।

إِسْتِمْتَاع، تَمَتُّع : উপভোগ, বিনোদন।

حَجُّ التَّمَتُّعِ : হজ্জের মাসে পৃথক পৃথক ইহরামে প্রথমে ওমরা ও পরে হজ্জ পালন করা।

مُمَتِّع، مُمْتِع : আনন্দদায়ক, তৃপ্তিদায়ক, সুখকর, উপভোগ্য।

مُسْتَمْتِع، مُتَمَتِّع : উপভোগকারী।

مَتَكَ ـُ : (مَتْك) ছোট করা, খাটো করা।

مَاتَكَ : (مُمَاتَكَة) কৌশলে ফাঁদে ফেলা।

مَتُنَ ـُ : (مَتَانَة) শক্ত হওয়া, সুদৃঢ় হওয়া, মজবুত হওয়া।

~ ـُ : (مُتُون) ~ بِ অবস্থান করা, বাস করা।

~ ـُ، أَمْتَنَ : (إِمْتَان، مَتْن) পিঠে আঘাত করা।

مَتَّنَ : (تَمْتِين) শক্ত করা, সুদৃঢ় করা, মজবুত করা, সুসংহত করা।

~ لِ : আগে শুরু করিতে বলা; অসুবিধায় ফেলা।

مَاتَنَ : (مُمَاتَنَة) (খাতকের) অবকাশ মঞ্জুর করা; ভাগাভাগি করিয়া লওয়া; চাতুর্যের প্রতিযোগিতা করা, বিতর্ক করা।

تَمَاتَنَ : চাতুর্যের প্রতিযোগিতা করা।

مَتْن : পৃষ্ঠ; প্রধান অংশ; মূল বস্তু; মধ্যভাগ; মূল পাঠ; (জাহাজের) পাটাতন; উপরিভাগ; শক্ত, সুদৃঢ়। ব مِتَان، مُتُون

مَتْنُ الطَّرِيقِ : রাস্তার মধ্যস্থল, মূল সড়ক।

~ الْكِتَابِ : গ্রন্থের মূল পাঠ।

عَلَى مَتْنِ الْمَرْكَبِ : জাহাজ বা বিমানের মধ্যে।



www.pathagar.com

عَلَى مَتْنِ الْبَحْرِ : নৌপথে বাহিত, জাহাজযোগে।

عَلَى مَتْنِ الْهَوَاءِ : আকাশপথে বাহিত, বিমানযোগে।

مَتْنَةٌ : শক্ত ও উঁচুনিচু ভূমি।

مَتِينٌ : শক্ত, সুদৃঢ়, মজবুত, শক্তিশালী, নিরেট।

الْمَتِينُ : সুদৃঢ় শক্তিশালী, আল্লাহর একটি গুণবাচক নাম।

مَتَانَةٌ : দৃঢ়তা, শক্তি।

مَاتِنٌ : মূল গ্রন্থকার।

تَمْتِينٌ : দৃঢ়ীকরণ; প্রতিবন্ধকতা।

تِمْتَانٌ : তাঁবুর দড়ি। ব تَمَاتِينُ

مُمَاتَنَةٌ : বিতর্ক।

تَمَتَّهَ : দম্ভ করা; অস্পষ্ট হওয়া, বিজড়িত হওয়া; বোকার ন্যায় কাজ করা।

مَتَا ـُ : (مَتْو)، مَتَى ـِ (مَتْى) বিস্তৃত করা, ছড়াইয়া দেওয়া।

تَمَتَّى : সম্মুখে ঝুঁকা।

مَتَى : (প্রশ্নজ্ঞাপক অব্যয়) কখন? কবে?

~ : যখন।

حَتَّى مَتَى، إِلَى مَتَى : কখন পর্যন্ত? কতক্ষণ পর্যন্ত?

مَتَى مَا : যখনই।

مَثَّ ـُ : (مَثّ) মোছা, পরিষ্কার করা; তেল মাখানো; (সংবাদ) প্রকাশ করা।

مَثَاثٌ : প্রসাধন দ্রব্য; ক্রীম, cream.

مَثَجَ ـُ : (مَثْج) মিশ্রিত করা; শূন্য করা।

مَثَدَ ـُ : (مَثْد) ওৎ পাতিয়া থাকা।

مَثْعَاءُ : হায়না।

مَثَلَ ـُ : (مُثُول)، مَاثَلَ (مُمَاثَلَة) অনুরূপ হওয়া, সদৃশ হওয়া; তুলনা করা।

~ : (مُثْلَة، مَثْل) কঠিন শাস্তি দেওয়া; প্রত্যঙ্গচ্ছেদন করা।

مَثَلَ بَيْنَ يَدَيْهِ : সামনে হাজির হওয়া, সম্মুখে স্থির দণ্ডায়মান থাকা।

مَثُلَ ـُ : (مَثَالَة) শ্রেষ্ঠ হওয়া, উৎকৃষ্ট হওয়া।

~ : (مُثُول) ~ بَيْنَ يَدَيْهِ সামনে হাজির হওয়া।

مَثَّلَ : (تَمْثِيل) অনুরূপ করা, সদৃশ করা; উদাহরণ দেওয়া; উপমা দেওয়া; তুলনা করা, নমুনা প্রদর্শন করা; কঠোর আচরণ করা; কঠিন শাস্তি দেওয়া; অঙ্গচ্ছেদন করা; (অঙ্গ) বিকৃত করা; প্রতিনিধিত্ব করা; বর্ণনা করা; চিত্রিত করা; মূর্তি বানানো; অভিনয় করা; গঠন করা।

أَمْثَلَ : (إِمْثَال) প্রতিশোধ গ্রহণ করা, দণ্ড দেওয়া।

تَمَثَّلَ : ~ بِ অনুরূপ হওয়া, অনুকরণ করা; প্রবাদরূপে ব্যবহার করা; কল্পনা করা, ধারণা করা; উদাহরণ দেওয়া, উদাহরণস্বরূপ পেশ করা; উদ্ধৃতি দেওয়া; রূপ পরিগ্রহ করা, আকৃতি ধারণ করা; হজম করা।

تَمَثَّلَ بَيْنَ يَدَيْهِ : স্থির প্রতিকৃতিরূপ সম্মুখে উপস্থিত হওয়া, দণ্ডায়মান হওয়া।

تَمَاثَلَ : একটি আরেকটির অনুরূপ হওয়া, একরকম হওয়া।

~ مِنْ : আরোগ্য লাভ করা, সুস্থ হইয়া উঠা।

اِمْتَثَلَ : (اِمْتِثَال) অনুসরণ করা, অনুকরণ করা; অনুগত হওয়া, আত্মসমর্পণ করা; মান্য করা, পালন করা।

مِثْلٌ : অনুরূপ, সমকক্ষ; সমতুল; সদৃশ, মিল; উপমা; প্রতিচ্ছবি; প্রতিদান। ব أَمْثَال

كَمِثْلِ، مِثْلَ : ন্যায়, মত, অনুরূপ।

بِالْمِثْلِ : তদ্রূপ, একইরূপে, তেমনিভাবে।

مِثْلَمَا : যেমন, যেমনিভাবে।

بِمِثْلِمَا : ঠিক একইভাবে।

عَامَلَهُ بِالْمِثْلِ : সে অনুরূপ প্রতিদান দিল, একই আচরণ করিল।

الْمُعَامَلَةُ بِالْمِثْلِ : একাধিক ব্যক্তির যুগপৎ একই আচরণ; ব্যবহার।

مُقَابَلَةُ الْمِثْلِ بِالْمِثْلِ : অনুরূপ প্রতিশোধ গ্রহণ।

مَثَلٌ : সাদৃশ্য; উপমা, রূপক; তুলনা; প্রবাদ; প্রবচন; দৃষ্টান্ত, উদাহরণ; শিক্ষা; আদর্শ; নমুনা; অনুরূপ; সমকক্ষ; সমতুল। ব أَمْثَال



www.pathagar.com

مَـثَـلاً : উদাহরণস্বরূপ, যেমন, যথা।

مَـثَـلاً بِـمَـثَـلٍ : অনুরূপ বস্তুর বিনিময়ে, অনুরূপ পরিমাণে।

ضَـرَبَ مَـثَـلاً : প্রবাদ বলা, উদাহরণ দেওয়া।

عَـلَـى رَأيِ الـمَـثَـل : প্রবাদ অনুযায়ী।

مَـثَـل أسْـمَـى، مَـثَـل أعْـلَـى : উন্নত আদর্শ।

مُـثْـلَـة : নমুনা।

~، مَـثُـلَـة : কঠিন শাস্তি, নাক, কান ইত্যাদি প্রত্যঙ্গচ্ছেদন। ব مَـثُـلاَت

مِـثَـال : উদাহরণ, নমুনা, দৃষ্টান্ত; তুলনা, উপমা; প্রতিচ্ছবি; দৃষ্টান্তমূলক শাস্তি; সাদৃশ্য, মিল; পরিমাণ। ব مُـثُـل، أمْـثِـلَـة

عَـلَـى مِـثَـال : নমুনা অনুযায়ী, ছাঁচে।

مِـثَـال أعْـلَـى : উন্নত আদর্শ। ব مُـثُـل عُـلْـيَـا।

مِـثَـالِـيّ : রূপক; নমুনাস্বরূপ; প্রতিনিধিস্থানীয়; দৃষ্টান্তমূলক; আদর্শ; ভাববাদী, কাল্পনিক।

الـمَـذْهَـب الـمِـثَـالِـيّ : ভাববাদ; কল্পনাবিলাস।

مَـثَّـال : ভাস্কর।

مَـثَـالَـة : শ্রেষ্ঠত্ব, উৎকৃষ্টতা।

~ : দণ্ডায়মান, স্থাপিত, প্রদর্শনের জন্য রক্ষিত; আবির্ভূত; সমুপস্থিত; দৃশ্যমান, সুস্পষ্ট; বিলুপ্ত (চিহ্ন)। ব مَـثَـائِـل، مَـثَـالاَت، مَـاثِـل

مَـاثِـلَـة : প্রদীপ, দীপাধার, ঝাড়।

مَـثِـيـل : সদৃশ, অনুরূপ, সমকক্ষ, সমতুল, সমশ্রেণী, শ্রেষ্ঠ, উৎকৃষ্ট। ব مُـثَـلاَءُ

لَـيْـسَ لَـهُ مَـثِـيـل : অদ্বিতীয়, সমকক্ষহীন।

أمْـثَـل : শ্রেষ্ঠতর, উৎকৃষ্টতর; পূর্ণাঙ্গ; আদর্শ। স্ত্রী مُـثْـلَـى ব أمَـاثِـل

الأمَـاثِـل : নেতৃস্থানীয় লোকজন, শ্রেষ্ঠ ব্যক্তিবর্গ।

الـنَّـهْـجَـة الـمُـثْـلَـى، الـطَّـرِيـقَـة الـمُـثْـلَـى : আদর্শ পথ।

مُـثْـلَـوِيَّـة، أمْـثَـلِـيَّـة : আদর্শবাদ।

أمْـثُـولَـة : উদাহরণ, উপমা; পাঠ; প্রবাদ। ব أمَـاثِـيـل، أمْـثُـولاَت

إمْـتِـثَـال : আনুগত্য, বশ্যতা; সম্মতি।

عَـدَم إمْـتِـثَـال : অবাধ্যতা; অসম্মতি, অস্বীকৃতি।

تَـمَـثُّـل : হজম, পরিপাক।

تَـمَـاثُـل : সাদৃশ্য, মিল; আরোগ্য।

تِـمْـثَـال : প্রতিমূর্তি; প্রতিচ্ছবি; মূর্তি, প্রতিমা; অঙ্কিত চিত্র। ব تَـمَـاثِـيـل

تِـمْـثَـال نِـصْـفِـيّ : অর্ধমূর্তি, আবক্ষ মূর্তি।

تَـمْـثِـيـل : উদাহরণ, দৃষ্টান্ত; তুলনা; বর্ণনা; প্রতিনিধিত্ব; অভিনয়; দৃষ্টান্তমূলক শাস্তি। ব تَـمَـاثِـيـل

تَـمْـثِـيـل تِـجَـارِيّ : বাণিজ্যিক মাধ্যম, Commercial agency.

دَارُ الـتَّـمْـثِـيـل : নাট্যশালা, রঙ্গমঞ্চ, প্রেক্ষাগৃহ।

~ فَـنّ : নাট্যশিল্প; ভাস্কর্যবিদ্যা।

تَـمْـثِـيـلِـيّ : নাট্যশালা সম্বন্ধীয়, নাটকীয়।

تَـمْـثِـيـلِـيَّـة : নাটক।

تَـمْـثِـيـلِـيَّـة غِـنَـائِـيَّـة : গীতিনাট্য।

مُـمَـثِّـل : প্রতিনিধি; প্রতিনিধিত্বমূলক, অভিনেতা।

مُـمَـثِّـل تِـجَـارِيّ : বাণিজ্যিক প্রতিনিধি।

مُـمَـثِّـلَـة : অভিনেত্রী।

مُـمَـثِّـلِـيَّـة : প্রতিনিধিত্ব, এজেন্সী, agencey.

مُـمَـثَّـل : বর্ণিত, চিত্রিত; হজমকৃত।

مُـمَـاثِـل : অনুরূপ, সদৃশ, একই রকম; তুল্য।

مُـمَـاثَـلَـة : সাদৃশ্য, মিল, তুলনা।

مُـمْـتَـثِـل : অনুগত, বাধ্যগত।

مُـتَـمَـاثِـل : পরস্পর সদৃশ বা মিলযুক্ত, একটি আরেকটির অনুরূপ।

مَـثَـنَ ـُ : (مَـثْـن) মূত্রথলিতে আঘাত দেওয়া।

مَـثِـنَ ـَ : (مَـثَـن) মূত্রথলিতে মূত্র ধারণে অক্ষম হওয়া।

مَـثَـن : মূত্রথলির প্রদাহ।

مَـثَـانَـة : মূত্রথলি; মূত্রকোষ। ব مَـثَـانَـات

مَـمْـثُـون، مَـثِـن، أمْـثَـن : মূত্র সংবরণে অক্ষম; মূত্রথলির প্রদাহগ্রস্ত। স্ত্রী مَـثْـنَـاء



www.pathagar.com

مَجَّ ـُ (مَجّ) থু করিয়া ফেলা; নিঃসৃত করা, নিক্ষেপ করা, উৎক্ষেপণ করা; ফেলিয়া দেওয়া, প্রত্যাখ্যান করা; চুমুক দেওয়া।

مَجَّجَ : (تَمْجِيج) (ফল) পাকা।

مَجّ : লালা।

مَاجّ : লালা সংবরণে অক্ষম (বৃদ্ধ); বৃদ্ধা উষ্ট্রী।

أَحْمَق مَاجّ : নিরেট বোকা।

مُجَاجَة، مُجَاج : থুথু, লালা; রস।

مُجَاج العِنَب : আঙ্গুরের রস, মদ।

~ المُزْن : বৃষ্টিধারা।

~ النَحْل : মধুপ্রবাহ।

مَمْجُوج : নিঃসৃত, নিক্ষিপ্ত, উৎক্ষিপ্ত, প্রত্যাখ্যাত।

مَجَحَ ـَ (مَجْح)، مَجِحَ ـَ (مَجَح)، تَمَجَّحَ : গর্বিত হওয়া, অহংকারী হওয়া।

مَجَّاح : গর্বিত, অহংকারী।

مَجَدَ ـُ (مَجْد) مَجُدَ ـُ (مَجَادَة) মহান হওয়া, গৌরবান্বিত হওয়া, মর্যাদাবান হওয়া, সম্মানিত হওয়া।

مَجَّدَ، أَمْجَدَ : (إِمْجَاد، تَمْجِيد) উচ্চ প্রশংসা করা; মহান করা, মহিমান্বিত করা।

مَاجَدَ : (مُمَاجَدَة) গৌরব-প্রতিযোগিতা করা।

تَمَجَّدَ : গৌরবান্বিত হওয়া, প্রশংসিত হওয়া; গৌরব করা, অহংকার করা।

تَمَاجَدَ : পরস্পর গর্ব করা, গৌরব-প্রতিযোগিতা করা।

إِسْتَمْجَدَ : (إِسْتِمْجَاد) অধিকতর উদার বা দানশীল হওয়া।

مَجْد : গৌরব, মর্যাদা, সম্মান, মহত্ত্ব, শ্রেষ্ঠত্ব। ব أَمْجَاد

مَجْدِيّ : প্রশংসনীয়, গৌরবময়।

مَجِيد : মহান, মহিমান্বিত, গৌরবময়, গৌরবান্বিত, মর্যাদাবান; প্রশংসনীয়; প্রখ্যাত, উৎকৃষ্ট।

المَجِيد : মহাসম্মানিত, আল্লাহর একটি গুণবাচক নাম।

مَاجِد : মহান, গৌরবময়, গৌরবান্বিত; উদার; প্রচুর।

مُجَيْدِيَّة : ইয়ামেনের একজাতীয় উট।

أَمْجَد : অধিকতর গৌরবান্বিত বা সম্মানিত; মহত্তর। ব أَمَاجِد

أَمْجَاد : উচ্চ মর্যাদাসম্পন্ন লোকজন, বিশিষ্ট ব্যক্তিবর্গ।

تَمْجِيد : গৌরব বর্ণনা, মহিমা বর্ণনা; প্রশংসাবাদ।

مَجَرَ ـُ (مَجْر) : পিপাসার্ত হওয়া, তৃষ্ণা অনুভব করা।

مَجِرَ ـَ (مَجَر)، (مَجْر)، أَمْجَرَ (إِمْجَار) (ভেড়ী) গর্ভবতী ও কাহিল হওয়া।

مَاجَرَ، أَمْجَرَ : (إِمْجَار، مُمَاجَرَة) সুদের কারবার করা; শস্য বাহির হওয়ার পূর্বে শস্যক্ষেত অগ্রিম বিক্রয় করা।

مَجْر : বিরাট (সৈন্যদল); ভেড়ীর ভ্রূণ; সুদ; বুদ্ধি, বিচক্ষণতা।

المَجَر، بِلَاد المَجَر : হাঙ্গেরি (মধ্য ইউরোপের একটি দেশ)।

~ : হাঙ্গেরিয় জাতি।

مَجَرِيّ : হাঙ্গেরিয়।

مِجَار : বন্ধন, শৃঙ্খল।

أَمْجَر : স্থূলোদর কৃশকায়। স্ত্রী مَجْرَاء

مُمْجِر : যমজ সন্তান প্রসবকারিণী। ব مَمَاجِر

مَجَّسَ : (تَمْجِيس) মাজুসী করা, অগ্নিউপাসক বানানো।

تَمَجَّسَ : মাজুসী হওয়া, অগ্নিউপাসক হওয়া।

مَجُوس : মাজুসী ধর্ম-সম্প্রদায়, অগ্নি-উপাসকবৃন্দ।

مَجُوسِيّ : মাজুসী, পারসিক ধর্মাবলম্বী; অগ্নি-উপাসক; পারসিক ধর্ম-সম্বন্ধীয়।

مَجُوسِيَّة : মাজুসী ধর্ম, অগ্নি উপাসনা।

مَجِعَ ـَ مَجُعَ ـُ (مَجَاعَة) অন্যমনস্কভাবে কথা বলা বা কাজ করা।

مَجَعَ ـَ (مَجْعَة، مَجْع) تَمَجَّعَ খেজুর ও দুধ খাওয়া।



www.pathagar.com

مَاجَعَ، تَمَاجَعَ : (مُمَاجَعَة) খারাপ কথা বলা।

مَجِعَة، مُجَعَة : নির্লজ্জ (স্ত্রীলোক)।

مَجِيع : খেজুর ও দুধের তৈরি খাদ্যবিশেষ।

مَجَّاع، مَجَّاعَة، مُجَاعَة : খেজুর ও দুধের তৈরি খাদ্যে আসক্ত; নির্লজ্জ।

(مَجَلَ) ـَ مَجِلَ (مَجُول، مَجْل) : ـُ مَجَلَ (হাতে) ফোসকা পড়া।

أَمْجَلَ : (إِمْجَال) (হাতে) ফোসকা পড়া; ফোসকা ফেলানো।

مَجْلَة : ফোসকা। ব مَجْل، مِجَال

مَجَلَّة : ম্যাগাজিন (جلّ)।

مَاجِل : পানির ট্যাঙ্ক, চৌবাচ্চা। ব مَوَاجِل

مَجْمَجَ : (مَجْمَجَة) হিজিবিজি করিয়া লেখা।

~ فِي : হিজিবিজি করিয়া লেখা; অস্পষ্টভাবে কথা বলা।

مَجْمَاج : শিথিল, থলথলে।

مُمَجْمَج : অস্পষ্ট, অপঠনযোগ্য।

مَجَنَ : ـُ (مُجُون) পুরু ও শক্ত হওয়া।

~ : (مُجْن، مُجُون، مَجَانَة)، تَمَجَّنَ কৌতুক করা, তামাশা করা; ভাঁড়ামি করা; রসিকতা করা; বিদ্রূপ করা; রঙ্গ করা, নির্লজ্জ হওয়া; বেহায়া হওয়া।

تَمَاجَنَ : পরস্পর কৌতুক বা রসিকতা করা।

مَاجِن : নির্লজ্জ, বেহায়া, ভাঁড়। ব مُجَّان

مَجَّانِيّ : মাসুলমুক্ত, বিনামূল্যে প্রদত্ত।

مَجَّانًا : বিনামূল্যে, মাগনা।

مَجَانَة : ক্রীড়া; কৌতুক, রসিকতা, রঙ্গ, তামাশা; ভাঁড়ামি।

مَحَّ : ـُ (مَحّ، مَحَح، مُحُوح) (বস্ত্র) জীর্ণ হওয়া।

أَمَحَّ : (إِمْحَاح) (বস্ত্র) জীর্ণ হওয়া, (চিহ্ন) বিলুপ্ত হওয়া, মুছিয়া যাওয়া।

مَحّ ، مَاحّ : জীর্ণ (বস্ত্র)।

مُحّ : শ্রেষ্ঠাংশ, সারাংশ, মজ্জা; ডিমের কুসুম।

مَحَّاح : মিথ্যুক, প্রতারক।

مَحَتَ : ـَ (مَحْت) উত্তেজিত করা।

مَحُتَ : ـُ (مَحَاتَة) (দিন) প্রচণ্ড গরম হওয়া।

مَحْت : উত্তপ্ত দিন; কঠিন; খাঁটি, নির্ভেজাল। ব مُحُوت

مَحَجَ : ـَ (مَحْج) (চামড়া) চাঁছিয়া ফেলা; পরিষ্কার করা; (দুধ) মন্থন করা।

مَاحَجَ : (مُمَاحَجَة) অবকাশ দেওয়া, বিরাম প্রদান করা।

مَحَسَ : ـَ (مَحْس) (চামড়া) ঘষিয়া পরিষ্কার করা।

مَحَشَ : ـَ (مَحْش) গোশত হইতে (খাল) পৃথক করা, (স্রোত) ধুইয়া নেওয়া।

~، أَمْحَشَ : (إِمْحَاش) পুড়িয়া ফেলা, দগ্ধ করা।

إِمْتَحَشَ : (إِمْتِحَاش) দগ্ধ হওয়া, পুড়িয়া যাওয়া।

إِمْتَحَشَ غَضَبًا : ক্রোধে জ্বলিয়া উঠা।

مَحَاش : গৃহের আসবাবপত্র।

مُحَاش : দগ্ধ।

مَحَصَ : ـَ (مَحْص) পরিষ্কার করা, বিশুদ্ধ করা; উজ্জ্বল করা।

مَحَّصَ : (تَمْحِيص) বিশুদ্ধ করা, পরিষ্কার করা; ঠিক করা; শোধন করা; পরীক্ষায় ফেলা; যাচাই করা; লইয়া যাওয়া; ক্ষমা করিয়া দেওয়া।

أَمْحَصَ : (إِمْحَاص) পুনরায় আত্মপ্রকাশ করা, আবার বাহির হওয়া।

تَمَحَّصَ، إِنْمَحَصَ : (إِنْمِحَاص) পুনরায় আত্মপ্রকাশ করা, আবার বাহির হওয়া; পরিষ্কার হওয়া, শোধিত হওয়া।

مَحْص، تَمْحِيص : পরিষ্করণ, পরিশোধন।

مَحَّاص : ঝলকপূর্ণ (আলো)।

مَحِيص : উজ্জ্বল, চকচকে (তরবারি); পরিষ্কার, স্বচ্ছ, বিশুদ্ধ; নিষ্কৃতি।

أَمْحَص : ক্ষমাশীল।

مُمَحِّص : গোঁড়া, নিষ্ঠাবান, মৌলবাদী।

مُمَحَّص، مَمْحُوص : সবল, শক্তিশালী (অশ্ব)।



www.pathagar.com

(إِمْتِحَاض) إِمْتَحَضَ، (مَحْض) : ـَ مَحَضَ খাঁটি (দুধ) পান করা।

(مَحْض)، أَمْحَضَ : ـَ مَحَضَ আন্তরিক হওয়া, আন্তরিকতা দেখানো, খাঁটি দুধ পরিবেশন করা।

مَحَضَهُ بِالثَّنَاءِ : সে অত্যধিক প্রশংসা করিল।

(مُحُوضَة) : ـُ مَحُضَ অবিমিশ্র হওয়া, সদ্বংশীয় হওয়া।

تَمَحَّضَ : সম্পূর্ণ নিবেদিত হওয়া।

مَحْض : খাঁটি, নির্ভেজাল, অবিমিশ্র; একেবারে, স্পষ্ট।

عَرَبِيٌّ مَحْض : খাঁটি আরব।

مَحْضًا : কেবল, শুধুমাত্র।

مَحِض : খাঁটি দুধ পছন্দকারী।

أَمْحُوضَة : সরল পরামর্শ, আন্তরিক উপদেশ।

(مَحْط) : ـَ مَحَطَ আঙুল দ্বারা নরম করা।

(إِمْتِحَاط) : إِمْتَحَطَ (তরবারি) টানিয়া বাহির করা; কাড়িয়া লওয়া।

مَاحِط : বৃষ্টিহীন (বৎসর)।

(حوط) : مُحِيط মহাসাগর।

(مَحْق) : ـَ مَحَقَ নিশ্চিহ্ন করা, মুছিয়া ফেলা; ধ্বংস করা; বিদূরিত করা; গুণ নষ্ট করা।

(تَمْحِيق) : مَحَّقَ নিশ্চিহ্ন করা, বিলুপ্ত করা, ধ্বংস করা।

(إِمْحَاق) : أَمْحَقَ ধ্বংস হওয়া, নষ্ট হওয়া; (চাঁদ) হ্রাসপ্রাপ্ত হওয়া, ক্রমশ ক্ষয় হওয়া, ক্রমশ অদৃশ্য হওয়া।

(إِمَّاحُق، إِمْتِحَاق، : إِمْتَحَقَ، إِنْمَحَقَ، تَمَحَّقَ (إِنْمِحَاق) নিশ্চিহ্ন হওয়া, মুছিয়া যাওয়া, বিলুপ্ত হওয়া; ধ্বংস হওয়া।

مَحْق : বিলুপ্তি, বিলোপ; বিনাশ, ধ্বংস।

مُحَاق، مَحَاق : (চন্দ্রের) ক্রমশ হ্রাসপ্রাপ্তি, ক্ষয়প্রাপ্তি।

مَحِيق : ধারালো, ছুঁচালো।

أَمْحَكَ، (مَحَك) ـَ مَحِكَ، (مَحْك) : ـَ مَحَكَ، تَمَحَّكَ (إِمْحَاك) ঝগড়াটে হওয়া; বিবাদ-বিতণ্ডা করা, তুমুল বিতর্ক করা, বাদানুবাদ করা।

مَاحَكَ : (مُمَاحَكَة) ঝগড়া বাধানো, বিতর্ক করা।

تَمَاحَكَ : পরস্পর ঝগড়া বা বিতর্ক করা।

مُمَاحِك، مَاحِك، مَحِك : ঝগড়াটে, বিবাদপ্রিয়, কলহপ্রিয়।

مُمَاحَكَة : ঝগড়া, বিবাদ, বিতর্ক, কলহ।

(مَحَالَة) ـُ مَحُلَ، (مُحُول، مَحْل) : ـَ مَحَلَ শস্যহীন হওয়া, বন্ধ্যা হওয়া, অনুদার হওয়া।

~، ~ : (مَحَال، مَحْل) ~ بِ ষড়যন্ত্র করা; অপবাদ দেওয়া, দুর্নাম করা।

مَحَّلَ : (تَمْحِيل) শক্তিশালী করা।

مَاحَلَ : (مُمَاحَلَة) শঠতাপূর্ণ আচরণ করা, শত্রুতাপূর্ণ আচরণ করা।

أَمْحَلَ : (إِمْحَال) অনুর্বর বা শস্যহীন হওয়া; দুর্ভিক্ষ-কবলিত হওয়া; অনুর্বর বা শস্যহীন করা; (বৃষ্টি) বর্ষিত না হওয়া, অনাবৃষ্টি হওয়া।

تَمَحَّلَ : কৌশলে পাইতে চাওয়া; ছল করা, চক্রান্ত করা।

~ لِ : প্রচার করা।

تَمَحَّلَ الْعُذْرَ : ওজর পেশ করা, ছল করা, ছুতা দেওয়া।

مَحْل : অনুর্বরতা, বন্ধ্যাত্ব, শস্যহীনতা; অভাব, দুর্ভিক্ষ; প্রচণ্ড ক্ষুধা; প্রতারণা, ছল, ধোঁকা।

مِحَال : দক্ষতা; কৌশল; ধূর্ততা; ঝগড়া; শত্রুতা; আকস্মিক বিপদ।

مَحَّال : কুশলী; দক্ষ; ধূর্ত, প্রতারক।

الْمَحَّال : শয়তান।

مَحَالَة : কপিকল, pulley; মাচা বাঁধিবার খুঁটি ও তক্তা। ব مَحَال

لَا مَحَالَةَ : নিশ্চয়ই, অবশ্যই।

مُمْحِل، مَاحِل : অনুর্বর, বন্ধ্যা, ফসলহীন।



www.pathagar.com

مُمَحَّل : প্রসারিত, বিস্তৃত।

مُنْمَحِل : বিশাল, ব্যাপক।

مَحْمَل : হজ্জের মওসুমে কাবার উদ্দেশ্যে প্রেরিত গিলাফবাহী উট। ইহা এমন উষ্ট্রে বহন করিয়া আনা হইত যাহাতে চালক আরোহণ না করিয়া হাতে রশি ধরিয়া টানিয়া আনিত।

مَحَنَ - َ : (مَحْن)، اِمْتَحَنَ، (اِمْتِحَان) পরীক্ষা করা; পরীক্ষা লওয়া; পরীক্ষায় ফেলা; প্রমাণ করা, যাচাই করা।

~ : আঘাত করা; (কূপ) পরিষ্কার করা।

مَحَّنَ : (تَمْحِين) (চামড়া) নরম করা।

مَاحَنَ : (مُمَاحَنَة) বাধা দেওয়া, ব্যর্থ করা।

مِحْنَة : মেহনত, কষ্ট, ক্লেশ; দুর্দশা; কঠিন পরীক্ষা। ব مِحَن

المِحْنَة : বিরুদ্ধবাদীদের দমন করিবার জন্য সরকারি অনুসন্ধান ও বিচারব্যবস্থা।

اِمْتِحَان : পরীক্ষা, যাচাই। ব اِمْتِحَانَات

اِمْتِحَانُ الدُّخُول : ভর্তি-পরীক্ষা।

~ نِهَائِيّ : চূড়ান্ত পরীক্ষা।

~ الدَّاخِل : প্রবেশিকা পরীক্ষা।

مُمْتَحِن : পরীক্ষক, নিরীক্ষক; পরীক্ষাকারী।

مُمْتَحَن : পরীক্ষিত, যাচাইকৃত; পরীক্ষার্থী।

مَحَا - ُ : (مَحْو) مَحَّى (تَمْحِيَة) মোচন করা, মুছিয়া ফেলা, নিশ্চিহ্ন করা, বিলুপ্ত করা; উচ্ছেদ করা, মূলোৎপাটন করা, ধ্বংস করা।

~، تَمَحَّى، اِمَّحَى، (اِمِّحَاء) اِمَّحَى، اِمْتَحَى : (اِمْتِحَاء) মুছিয়া যাওয়া, নিশ্চিহ্ন হওয়া, বিলুপ্ত হওয়া, অদৃশ্য হওয়া, দূরীভূত হওয়া।

لَايُمْحَى : যাহা নিশ্চিহ্ন করা যায় না, অমোচনীয়।

مَحْو : মোচন, নিশ্চিহ্নকরণ, বিলুপ্তকরণ; উৎপাটন; বিলুপ্তি; ধ্বংস।

مَحْوَة : অসম্মান; বৃষ্টি; মুহূর্ত; পশ্চিমা বাতাস; মেঘ বিদূরক উত্তরা বায়ু।

مِمْحَاة، مَحَّايَة، مَاحِيَة : মুছিবার জিনিস, রবার, eraser; ডাস্টার।

مَمْحُوّ، مَمْحِيّ : মুছিয়া ফেলা হইয়াছে এমন, বিলুপ্ত, নিশ্চিহ্ন; মূলোৎপাটিত, দূরীভূত।

مَخَّخَ، تَمَخَّخَ، اِمْتَخَّ : (اِمْتِخَاخ، تَمْخِيخ) মজ্জা বাহির করা।

أَمَخَّ : (اِمْخَاخ) মজ্জাপূর্ণ হওয়া; চর্বিযুক্ত হওয়া; মোটা হওয়া।

مُخّ : মজ্জা, মগজ, মস্তিষ্ক, ঘিলু, শাঁস, সারভাগ। ব مِخَاخ، مِخَخَة

مُخَاخَة : অস্থি হইতে নিঃসৃত মজ্জা।

مَخِيخ : মজ্জাপূর্ণ।

مُخَيْخ : লঘুমস্তিষ্ক, cerebellum.

مَخَرَ - َ : (مَخْر، مُخُور) (ভূমি) কর্ষণ করা; কর্তন করা; ছাঁটা; বিদীর্ণ করা; অতিক্রম করিয়া যাওয়া, ভিতর দিয়া যাওয়া; (জাহাজ) পানি চিরিয়া চলা।

~ - َ : (مَخْر)، اِمْتَخَرَ، (اِمْتِخَار) (মজ্জা) বাহির করা।

مَخْرَة : উদরস্ফীতি; পেটফাঁপা।

~ , مُخْرَة : সেরা জিনিস।

مَاخِرَة : জাহাজ। ব مَوَاخِر، مُوَاخِير

مَاخُور : (ফা) পান্থশালা, সরাইখানা; বেশ্যালয়। ব مَوَاخِير

مَخْرَقَ : (مَخْرَقَة) মিথ্যা বলা; প্রতারণা করা।

مَخْرَقَة : গল্প; ছলনা; প্রতারণা।

مِخْرَاق : খেলনা। ব مَخَارِيق

مَخَضَ - ُ : (مَخْض) (দুধের) সর তোলা; মাখন তোলা; ঝাঁকানো।

مَخَضَ الرَّأْيَ : সিদ্ধান্ত বিবেচনা করিয়া দেখা।

مَخِضَت - َ : (مَخَاض) প্রসব বেদনা শুরু হওয়া; আসন্ন প্রসবা হওয়া।

أَمْخَضَ : (اِمْخَاض) (দুধে) সর পড়া।

تَمَخَّضَ، اِمْتَخَضَ : (اِمْتِخَاض) (দুধের) সর তোলা, মাখন তোলা; ঝাঁকুনি খাওয়া; (গর্ভের বাচ্চা) নড়া।



www.pathagar.com

تَمَخَّضَتِ الْمَرْأَةُ : মহিলা আসন্ন প্রসবা হওয়া, প্রসব-বেদনা শুরু হওয়া।

مَخَاض : প্রসব-বেদনা; আসন্নপ্রসবা উষ্ট্রী।

مَمْخُوض، مَخُوض، مَخِيض : সর বা মাখন তোলা হইয়াছে এমন (দুধ)।

~ : ঘোল।

مَاخِض : প্রসব-বেদনা শুরু হইয়াছে এমন স্ত্রীলোক; আসন্নপ্রসবা। ব مُخَّض، مَوَاخِض

إِمْخَاض : মশকের মধ্যস্থিত দুধ। ব أَمَاخِيض

مِمْخَضَة، مِمْخَض، مَخَّاضَة : মাখন তুলিবার পাত্র, মন্থন-পাত্র; মন্থন-যন্ত্র, মাখন তুলিবার যন্ত্র। ব مَمَاخِض

مَخَطَ ـُ (مُخُوط، مَخْط) : امْتَخَطَ، تَمَخَّطَ (إِمْتِخَاط) নাকঝাড়া, নাক পরিষ্কার করা।

مَخَطَ السَّيْفَ : তরবারি কোষমুক্ত করা।

مَخَّطَ : (تَمْخِيط) (শিশুর) নাক মুছিয়া দেওয়া, নাকের ভিতর দিক সাফ করা।

مُخَاط : নাকের পোঁটা, শিকনি, শ্লেষ্মা।

مُخَاطِيّ : শিকনির মত শ্লেষ্মা-সম্বন্ধীয়; আঠালো।

تَمَخَّطَ : সুন্দর ভঙ্গিমায় চলা।

مُخْل : ভারোত্তলন-দণ্ড, শাবল। ব مُخُول، أَمْخَال

مِخْلَة : থলি; (ঘোড়ার) দানা খাইবার থলি, nose-bag. ব مِخْلَاة، مَخَالِي، مِخَل

مَخْمَضَ (مَخْمَضَة) : কুলকুচা করা, কুলি করা।

مُخْمَل : মখমল (خمل)

مَخَنَ ـُ (مَخْن) : অশ্রু ঝরানো; (কূপ হইতে) পানি তোলা; (গাছের) ছাল তোলা; (চামড়া) ঘষিয়া উজ্জ্বল করা।

مَخْن : খাটো ও হালকা; লম্বা।

مَخْوَلَ : (مَخْوَلَة) হতবুদ্ধি করা।

مَخَّى : (تَمْخِيَة) সরাইয়া দেওয়া।

أَمْخَى : (إِمْخَاء) ওজর পেশ করা, কৈফিয়ত দেওয়া।

تَمَخَّى : ওজর পেশ করা; বিরত হওয়া।

إِنْمَخَى : (إِنْمِخَاء) বিরত হওয়া।

مَدَّ ـُ : (مَدّ)، مَدَّدَ (تَمْدِيد) বাড়াইয়া দেওয়া, প্রসারিত করা, সম্প্রসারিত করা, ছড়াইয়া দেওয়া; বিছানো; দীর্ঘ করা, প্রলম্বিত করা।

أَمَدَّ : (إِمْدَاد) সাহায্য করা, শক্তি বৃদ্ধি করা; অবকাশ দেওয়া; স্থগিত রাখা; (ক্ষতস্থানে) পুঁজ হওয়া; (কলমে) কালি ভরা।

~، ~ : ~ ب যোগান দেওয়া, সরবরাহ করা; শক্তিবৃদ্ধি করা।

~ : জোয়ার হওয়া; (দড়ি) টানিয়া লম্বা করা।

مَدَّ الأَرْضَ : জমিতে সার দেওয়া।

~ الْبَصَرَ : দৃষ্টি প্রসারিত করা, তাকাইয়া দেখা।

~ جِذْرًا : শিকড় বিস্তার করা, শিকড় গাড়া।

~ الْحِبَالَةَ : জাল বিস্তার করা, ফাঁদ পাতা।

~ خَطًّا حَدِيدِيًّا : রেললাইন বসানো।

~ شُقْعُهُ : কান পাতা।

~ طَرِيقًا : রাস্তা নির্মাণ করা।

~ الْقَلَمَ : কলম কালিতে ডুবানো।

~ الْمَائِدَةَ : টেবিল সাজানো।

~ الْمَوَاسِيرَ : পাইপ বসানো।

~ النَّهْرُ : নদীতে জোয়ার হওয়া, নদী প্রবাহিত বা স্ফীত হওয়া।

~ يَدَهُ : হস্ত প্রসারিত করা, হাত বাড়ানো।

~ فِي الْمَشْيِ : দীর্ঘ পদক্ষেপে হাঁটা।

مَدَّ اللّٰهُ عُمْرَهُ : আল্লাহ তাহাকে দীর্ঘজীবী করুন।

مَدَّ رِجْلَيْهِ بِقَدْرِ لِحَافِهِ، مَدَّ رِجْلَهُ بِقَدْرِ كِسَائِهِ : সে আয় বুঝিয়া ব্যয় করিল, পরিস্থিতির সহিত খাপ খাওয়াইয়া চলিল।

مَادَّ : (مُمَادَّة) বিলম্বিত করা, দিনের পর দিন ফেলিয়া রাখা, স্থগিত রাখা।

إِمْتَدَّ، تَمَدَّدَ : (إِمْتِدَاد) বিস্তৃত হওয়া, প্রসারিত হওয়া, ছড়াইয়া পড়া; বিস্তার লাভ করা, সম্প্রসারিত হওয়া; প্রলম্বিত হওয়া।



www.pathagar.com

إِسْتَمَدَّ : (إِسْتِمْدَاد) গ্রহণ করা; সাহায্য চাওয়া।

مَدّ : বিস্তার, বিস্তৃতি, প্রসার; সম্প্রসারণ; দীর্ঘায়িতকরণ, প্রলম্বন; দীর্ঘ স্বরধ্বনি; (সমুদ্রের) জোয়ার, প্লাবন; দৃষ্টির নাগাল। ব مُدُود

مَدّ وجَزْر : জোয়ার-ভাটা।

مَدّ، مَدَّة : আলিফের উপরস্থিত দীর্ঘ উচ্চারণ-সূচক চিহ্ন, মদ-চিহ্ন (آ)।

مُدّ : মাপের এককবিশেষ, মুদ, (হেযাজে) ১.৩০ রতল; এতদেশীয় হিসাবে ১ মুদে ৭২ তোলা। ব مِدَاد، أَمْدَاد

مُدَّة : সময়, ক্ষণ, সময়কাল, স্থিতিকাল, মুদ্দত, নির্দিষ্ট সময়; দৈর্ঘ্য। ব مُدَد

فِي مُدَّة، مُدَّةً : সময়ের মধ্যে।

لِمُدَّة : কিছুকালের জন্য।

مِدَّة : পুঁজ।

مَدَد : সাহায্য, সমর্থন, সহায়তা, পৃষ্ঠপোষকতা; সৈন্য। ব أَمْدَاد، إِمْدَاد

مِدَاد : কালি; প্রদীপের তেল; সার; নমুনা, ধরন, পদ্ধতি।

عَلَى مِدَادٍ وَاحِدٍ : একই নমুনায়, একই পদ্ধতিতে।

مَادّ، مَدَّاد : লতানো উদ্ভিদ, লতা।

مَدِيد : বিস্তৃত, প্রসারিত, সম্প্রসারিত, দীর্ঘায়িত, সুদীর্ঘ; প্রলম্বিত; কবিতার ছন্দবিশেষ। ব مُدُد

مُدَيْدَة : অল্প সময়।

مَادَّة : বিষয়, দ্রব্য; সামগ্রী, উপাদান, উপকরণ; বিষয়বস্তু; (চুক্তির) দফা; ধারা; শর্ত; শব্দমূল; মৌলিক পদার্থ। ব مَوَادّ، مَادَّات

مَادَّة أَصْلِيَّة : (শব্দের) মূল ধাতু।

مَوَادّ أَوَّلِيَّة : প্রাথমিক উপাদান।

~ تِجَارِيَّة : পণ্যদ্রব্য।

~ التَّجْمِيل : প্রসাধন-সামগ্রী।

~ حَرْبِيَّة : যুদ্ধ-সামগ্রী।

~ خَام : কাঁচামাল, raw materials.

مَادَّة مَصْنُوعَة : তৈরি পণ্যসামগ্রী।

~ التَّطْبِيب : ঔষধপথ্য।

مَوَادّ المَعِيش، مَوَادّ الإِعَاشَة ، ~ غِذَائِيَّة : খাদ্যদ্রব্য, খাদ্যসামগ্রী।

~ اللُّغَة : মৌল শব্দাবলি।

~ مُلْتَهِبَة : জ্বালানিদ্রব্য।

~ النَّسِيج : বস্ত্র বয়ন-উপাদান textiles.

~ مُضَادَّة لِلْحَيَوِيَّات : জীবাণুনাশক, antibiotics.

مَادِّيّ : বস্তুগত, বাস্তবিক; জড়, পার্থিব; জড়বাদ-সংক্রান্ত; জড়বাদী।

مَادِّيَّة : জড়বাদ।

مَادِّيًّا : বাস্তবরূপে, মূলত।

أَمْدُود : অভ্যাস, প্রথা, রীতি।

أَمِدَّة : (বস্ত্রবুনানির) টানা।

تَمَدُّد، إِمْتِدَاد : বিস্তার, বিস্তৃতি; প্রসারণ, সম্প্রসারণ; প্রসারতা।

~ : দীর্ঘায়িতকরণ, প্রলম্বন; দৈর্ঘ্য; আকার; পরিমাণ; পরিসর; ব্যাপ্তি।

قَابِلِيَّة التَّمَدُّد : সম্প্রসারণীয়তা।

إِسْتِمْدَاد : সাহায্যলাভ, সমর্থনপ্রাপ্তি, সাহায্য কামনা।

تَمْدِيد : দীর্ঘায়িতকরণ, প্রলম্বন; প্রসারণ; বিস্তার।

مُمَدَّد : বিস্তৃত, প্রসারিত, দীর্ঘায়িত, প্রলম্বিত; খাটানো (তাঁবু)।

مُمْتَدّ، مَمْدُود : বিস্তৃত, প্রসারিত, সম্প্রসারিত; দীর্ঘায়িত, প্রলম্বিত; সুদীর্ঘ; ব্যাপক, বিরাট; সুপরিসর।

~ : দীর্ঘ স্বরধ্বনিযুক্ত, মদযুক্ত (হরফ)।

مُسْتَمَدّ : গৃহীত।

مَدَالِيَة : পদক, medal. ব مَدَالِيَات

مَدَالِيُون : বৃহৎ পদক; লকেট, locket.

مَدَحَ ـَ : (مَدْح، مِدْحَة) مَدَّحَ (تَمْدِيح) إِمْتَدَحَ (إِمْتِدَاح) প্রশংসা করা, উচ্চ প্রশংসা করা।



www.pathagar.com

تَمَدَّحَ : প্রশংসিত হওয়া, গর্ব করা; সুপরিসর হওয়া।

تَمَادَحَ : একে অন্যের প্রশংসা করা।

مَدْح : প্রশংসা।

مَدِيح : (أَمَادِيح ব) أَمْدُوحَة (مَدَائِح ব) : প্রশংসা, স্তুতি, প্রশংসা-কাব্য।

مَدِيحِيّ، مَدْحِيّ : প্রশংসামূলক।

مِدْحَة : প্রশংসা; প্রশংসনীয় কাজ। ব مِدَح

مَدَّاح، مَادِح : প্রশংসাকারী, স্তুতিপাঠক।

تَمَدُّح : আত্মপ্রশংসা; গর্ব, গৌরব।

مَدَخَ - َ : (مَدْخ) শক্তিশালী হওয়া।

تَمَدَّخَ : আত্মশ্লাঘাপূর্ণ হওয়া।

تَمَادَخَ، إِمْتَدَخَ : (إِمْتِدَاخ) ~ عَلَى অন্যায় আচরণ করা, যুলুম করা।

مِدِّيخ، مَدِيخ، مَادِخ : শক্তিশালী, মহান।

مَدَرَ - ُ : (مَدْر) مَدَّرَ (تَمْدِير) মাটির লেপ দেওয়া।

تَمَدَّرَ : মাটির প্রলেপযুক্ত হওয়া।

مَدَر : মাটি, ক্লেদ, কর্দম; জনপদ, নগর, গ্রাম।

أَهْل المَدَر : জনপদবাসী।

أَهْل الوَبَر والمَدَر : তাঁবুবাসী (যাযাবর) ও জনপদবাসী।

مَدَرَة : মাটির ঢেলা। ব مَدَرٌ

مَدَرِيّ : গ্রামবাসী, শহরবাসী, জনপদবাসী।

أَمْدَر : স্থূলোদর; খাৎনা করা হয় নাই এমন ব্যক্তি। স্ত্রী مَدْرَاء ব مُدْر

المَدْرَاء : হায়না।

مَمْدَرَة : মাটির স্তর।

مَدْرَاس : মাদ্রাজ। দক্ষিণ-ভারতের একটি শহর।

مَدْرِيد : মাদ্রিদ। স্পেনের রাজধানী।

مَدَسَ - ُ : (مَدْس) ঘষিয়া তোলা।

مَدِشَ - َ : (مَدَش) (দৃষ্টি) ক্ষীণ হওয়া।

مَدَش : বক্রদৃষ্টি, টেরা।

~, مَدْشَة : অঙ্গপ্রত্যঙ্গের নমনীয়তা।

مَدَّاش اليَد : চোর।

أَمْدَش : নমনীয় অঙ্গপ্রত্যঙ্গবিশিষ্ট। স্ত্রী مَدْشَاء ব مُدْش

مَدَغَشْكَار، مَدَغَشْكَر : আফ্রিকার দক্ষিণ-পূর্বে মোজাম্বিক-প্রণালীর পূর্বতীরে অবস্থিত ভারত মহাসাগরীয় একটি দ্বীপ। যাহা একটি স্বাধীন প্রজাতন্ত্র। বর্তমান নাম মালাগাছি। ১৯২০ খ্রিস্টাব্দে স্বাধীনতা লাভ করে। আয়তন ৫৯,২০০ কিলোমিটার। রাজধানী আন্তানানারিভো।

تَمَدَّلَ : অবগুণ্ঠিত হওয়া।

مَدَنَ - ُ : (مُدُون) (নগরে) আগমন করা।

~ بِ : নিবাস স্থাপন করা, বসবাস করা।

مَدَّنَ (تَمْدِين) : নগরী নির্মাণ করা, শহর বানানো; সভ্য করা।

تَمَدَّنَ : সভ্য হওয়া।

تَمَدْيَنَ : সভ্য হওয়া; সভ্যতার সুযোগ সুবিধা ভোগ করা; জীবনের সুখ উপভোগ করা।

مَدِينَة : শহর, নগর, নগরী। ব مَدَائِن، مُدُن

المَدِينَة المُنَوَّرَة، مَدِينَة النَّبِي : পবিত্র মদীনা নগরী।

مَدِينَة السَّلَام : (শান্তির নগরী) বাগদাদ নগরী।

مَدِينَة الكَاب : কেপটাউন।

المَدِينَة الزَّهْرَاء : স্পেনের খলীফা তৃতীয় আবদুর রহমান কর্তৃক প্রতিষ্ঠিত স্পেনের একটি শহর। ১০১০ খ্রিস্টাব্দে বার্বার অভ্যুত্থানে ইহা বিধ্বস্ত হয়।

اِبن المَدِينَة : শহরের ছেলে, শহরবাসী।

مَدَنِيّ : সভ্য লোক, শহরবাসী, নাগরিক, অসামরিক; দেওয়ানি; মদীনা-সম্বন্ধীয়, মাদানী।

دَعْوَى مَدَنِيَّة : দেওয়ানি মকদ্দমা।

السُّورَة المَدَنِيَّة : (পবিত্র কুরআনের) মাদানী সূরা, রাসূলুল্লাহ (স)-এর হিজরতোত্তর অবতীর্ণ সূরা।

الطَّيَرَان المَدَنِيّ : বেসামরিক বিমান-চলাচল, civil aviation.



www.pathagar.com

قَانُون مَدَنِيّ : দেওয়ানি আইন, civil law.

مَحْكَمَة مَدَنِيَّة : দেওয়ানি আদলত, civil court.

مَدَنِيَّة، تَمَدُّن : সভ্যতা।

تَمَدُّنِيّ : সভ্যতা-বিষয়ক, সভ্য সাংস্কৃতিক।

مُتَمَدِّن : সভ্য, শিক্ষিত, পরিশীলিত।

مُتَمَدِّين : সভ্য, সভ্যতার সুযোগ-সুবিধাপ্রাপ্ত।

أَمْدَى، مَادَى : (إِمْدَاء، مِدَاء) অবকাশ দেওয়া, সময় দেওয়া।

تَمَادَى : দীর্ঘস্থায়ী হওয়া; দূরে গমন করা।

~ فِي : অবিরামভাবে করিতে থাকা, লাগিয়া থাকা, অধ্যবসায়ী হওয়া।

مَدًى : ব্যাপ্তি, প্রসার; দূরত্ব; পাল্লা; আওতা; নাগাল; পরিধি; পরিমাণ; সীমা; সময়কাল।

مَدَى الأَيَّام : অনেকদিন ব্যাপিয়া।

~ البَصَر : দৃষ্টিসীমা, দৃষ্টির পাল্লা।

~ الحَيَاة : জীবনকাল, জীবনভর।

~ الصَّوْت : শব্দ যতদূর যায়, শব্দের নাগাল।

~ العُمْر : জীবনকাল।

بَعِيد المَدَى : দূরপাল্লার।

مُتَوَسِّطُ المَدَى : মাঝারি পাল্লার।

مُدْيَة، مِدْيَة : (বড়) ছুরি। ব مُدًى، مُدْيَات، مُدَيَات

مَدَوِيّ : ছুরি, কাঁচি ইত্যাদি যন্ত্র প্রস্তুতকারী বা বিক্রেতা, cutler.

مُذ : (অ) হইতে, যাবৎ, অবধি।

مَذِحَ : ـَ (مَذَح) উরু ঘষিয়া ঘষিয়া হাঁটা।

أَمْذَح : উরুতে আঘাতপ্রাপ্ত; দুগন্ধময়। স্ত্রী مَذْحَاء

مَذِرَ : ـَ (مَذَر) (ডিম) পচিয়া যাওয়া।

مَذَّرَ (تَمْذِير) : ছড়াইয়া দেওয়া, বিক্ষিপ্ত করা।

أَمْذَرَ (إِمْذَار) : (ডিম) পচানো।

تَمَذَّرَ : (ডিম) পচিয়া যাওয়া; ছিন্নভিন্ন হওয়া, ছড়াইয়া পড়া; (দুধ) জমাট বাঁধা, ছড়া দেওয়া।

مَاذِر، مَذِر : পচা; নোংরা।

شَذَرَ وَمَذَرَ : যথায়-তথায়, যত্রতত্র, যেখানে-সেখানে, সর্বত্র, চতুর্দিকে; ইতস্তত বিক্ষিপ্ত।

مَذَقَ : ـُ (مَذْق) পানি মিশানো; (দুধে) ভেজাল দেওয়া।

اِمَّاذَقَ، اِمْتَذَقَ : (اِمْتِذَاق) পানি-মিশ্রিত হওয়া; (দুধ) ভেজালমিশ্রিত হওয়া।

مَذْق : পানিমিশ্রিত মদ, পাতলা দুধ।

مَذِيق، مَذْق : পানিমিশ্রিত, পাতলা।

مُمَاذِق، مَذَّاق : ভণ্ড, কপট, ফাঁকিবাজ, ঠক।

مَذَلَ، ـَ مَذِلَ : ـُ مَذُلَ، (مَذَال، مَذْل) ـُ مَذُلَ، (مَذَالَة) : ~ بِ ফাঁস করা, ব্যক্ত করা, বলিয়া দেওয়া।

~ : (مَذْل) অস্থির হওয়া; অসাড় হওয়া।

أَمْذَلَ : (إِمْذَال) অসাড় হওয়া; ক্লান্ত করা।

إِمْذَلَّ : (إِمْذِلَال) উদাসীন হওয়া।

مَذْل : ক্ষুদ্রাকার।

مَذِل : অস্থির; উদার; অনধিকার প্রবেশকারী।

مَاذِل : উদার।

مَذِيل : অস্থির; অবিজ্ঞ; অপরিণামদর্শী।

مَذَى : ـَ (مَذْى)، مَذَّى (تَمْذِيَة) চারণক্ষেত্রে ছাড়িয়া দেওয়া।

أَمْذَى : (إِمْذَاء) চারণক্ষেত্রে ছাড়িয়া দেওয়া; পানিমিশ্রিত করা।

مَاذِيّ : মধু।

مَاذِيَة : মদ; স্ত্রীলোক।

مَرَّ : ـُ مَرّ، (مَرّ، مُرُور، مَمَرّ) অতিক্রম করা, বহিয়া যাওয়া, অতিবাহিত হওয়া, অতিক্রান্ত হওয়া; গমন করা, চলিয়া যাওয়া, প্রস্থান করা।

~ بِ، عَلَى : অতিক্রম করিয়া যাওয়া, পাশ দিয়া যাওয়া, আপতিত হওয়া।

~ فِي : ভিতর দিয়া যাওয়া, অতিক্রম করা।

مَرَّ بِالإِمْتِحَان : পরীক্ষায় উত্তীর্ণ হওয়া।

~ : ـُ (مَرَارَة) তিক্ত হওয়া।



www.pathagar.com

مَرَّرَ : (تَمْرِيْر) তিক্ত করা; অতিক্রম করিতে দেওয়া; লইয়া যাওয়া, (ফুটবল খেলায় বল) পাস দেওয়া।

مَارَّ : (مُمَارَّة) একত্রে গমন করা; সংগ্রাম করা।

أَمَرَّ : (إِمْرَار) তিক্ত হওয়া, তিক্ত করা; সংগ্রাম করা; অতিক্রম করানো, যাইতে দেওয়া; পার করিয়া দেওয়া; (দড়ি) শক্ত করিয়া পাকানো, (কুস্তিতে) ঘাড় মটকাইয়া ধরা।

تَمَارَّ : পরস্পর ঝগড়া করা, বিতর্ক করা, প্রতিযোগিতা করা।

إِسْتَمَرَّ : (إِسْتِمْرَار) অব্যাহত থাকা; চলিতে থাকা; অবস্থান করা; স্থায়ী হওয়া; তিক্ত মনে করা; তিক্ত পাওয়া।

~ عَلَى : বজায় রাখা, করিতে থাকা, লাগিয়া থাকা।

مَرّ : অতিক্রমণ, গমন; দড়ি; কোদাল।

عَلَى مُرُوْر الزَمَان أو الوَقْت أو الأيَام : কালক্রমে।

بَطْن مَرّ، مَرّ الظَهْرَان : মক্কা হইতে সিরিয়ার পথে এক মঞ্জিল দূরে একটি স্থান, যা বর্তমানে 'ওয়াদিয়ে ফাতিমা' নামে খ্যাত।

مُرّ : তিক্ত; তীক্ষ্ণ, তীব্র; তেজস্বী, দৃঢ়, সবল; বেদনাদায়ক; তিক্ততা। ব أَمْرَار

مَرَّة : বার। ব مِرَار، مَرَّات

مَرَّةً : একবার।

مَرَّة وخَلَاص : শেষবারের মত।

مَرَّةً أُخْرَى : আবার, আরেকবার।

مَرَّةً جَدِيْدَةً : পুনরায়, নূতন করিয়া।

ذَاتَ مَرَّةٍ : একবার, একদা।

مَرَّةً بَعْدَ مَرَّةٍ : বারবার, একের পর এক।

أَكْثَر مِنْ مَرَّةٍ : একাধিকবার।

بِالمَرَّةِ : একেবারে, সম্পূর্ণরূপে; আদৌ, কখনও, কিছুতেই (নহে); তেমনি, তদ্রূপ; একই সময়ে।

غَيْرَ مَرَّةٍ : একাধিকবার, বারবার, অনেকবার।

كَمْ مَرَّةً : কতবার?

هذه المَرَّة : এইবার।

لِلْمَرَّةِ الأخِيرَةِ، لآخِر مَرَّةٍ : শেষবারের মত।

لأوَّل مَرَّةٍ : প্রথমবারের মত।

مِرَارًا : অনেকবার, একাধিকবার, প্রায়শ, কখনও কখনও।

مِرَارًا عَدِيدَةً : কয়েকবার।

مِرَارًا وتَكْرَارًا : বারবার।

مَرَّات : বারবার, অনেকবার, একাধিকবার।

مِرَّة : পিত্ত। ব مِرَر

~ : শক্তি, ক্ষমতা, দৃঢ়তা, বুদ্ধি। ব أَمْرَار

ذُو مِرَّةٍ : শক্তিশালী।

مُرَار : বৃক্ষবিশেষ।

مَرَارَة : তিক্ততা; পিত্ত; পিত্তকোষ; হৃদয়; অন্তর। ব مَرَائِر، مَرَارَات

مُرُوْر : অতিক্রমণ; গমন; নির্গমণ, চলাচল, প্রবাহ; গতি; প্রণালী, যাতায়াত, ভ্রমণ; তদন্ত, নিরীক্ষা, দুর্বিপাক।

مُرُوْر الزَمَان : যুগের প্রবাহ।

تَذْكِرَةُ المُرُوْر : গমনাগমনের অনুমতি পত্র, ভাড়ার নিদর্শন পত্র, (ticket).

~ حَرَكَة : লোকজন বা যানবাহন-চলাচল, ট্রাফিক, traffic.

~ شُرْطَة : ট্রাফিক পুলিশ, traffic police.

~ نِظَام : যাতায়াতবিধি, ট্রাফিক চলাচল বিধি।

مَرِير : শক্ত, দৃঢ়, কঠোর, স্থির, অনড়; গভীর। ব مَرَائِر

~، مَرِيرَة : দৃঢ়তা, শক্তি, সংকল্প, মনোবল; ছোট দড়ি, দড়ির ফাঁস। ব مَرَائِر

مَارّ : অতিক্রমকারী, গমনকারী; অতিক্রান্ত, অতিবাহিত, বিগত।

المارّ ذِكْرُهُ : উল্লিখিত, উক্ত।

أَمَرّ : অধিকতর শক্ত; অধিকতর তিক্ত। স্ত্রী مُرَّى

الأمَرَّان : (তিক্ত বস্তুদ্বয়) দারিদ্র্য ও বার্ধক্য।



www.pathagar.com

اِسْتِمْرَار : ধারাবাহিকতা, নিরবচ্ছিন্নতা, স্থিতি, স্থায়িত্ব।

بِاسْتِمْرَارٍ : নিরবচ্ছিন্নভাবে, অবিরত, সর্বদা।

قُوَّةُ الإِسْتِمْرَار : বিরোধ ক্ষেত্রে শক্তিমত্তা।

مَمَرّ : পথ। ব مَمَرَّاء

مُمَرّ : শক্ত করিয়া পাকানো (দড়ি)।

مَمْرُور : পিত্তাধিক্যজনিত অসুস্থ; নির্বোধ, বোকা।

مُسْتَمِرّ : নিরবচ্ছিন্ন, অব্যাহত, অবিরাম; স্থায়ী।

مَرَأَ، مَرِئَ، ـَ مَرُؤَ، ـُ (مَرَاءَة) (খাদ্য) স্বাস্থ্যকর হওয়া, সুস্বাদু হওয়া, সুখকর হওয়া, তৃপ্তিদায়ক হওয়া।

مَرُؤَ، ـُ : (مَرَاءَة) (স্থান) স্বাস্থ্যকর হওয়া।

~ : (مُرُوءَة) পুরুষোচিত হওয়া।

مَرَّأَ : (تَمْرِئَة) সুস্বাস্থ্য কামনা করা।

تَمَرَّأَ : পৌরুষ দেখানো।

اِسْتَمْرَأَ : (اِسْتِمْرَاء) (খাদ্য) স্বাস্থ্যকর পাওয়া, সুস্বাদু পাওয়া, সুখকর পাওয়া, স্বাদ গ্রহণ করা, উপভোগ করা; হজম করিতে পারা; আনন্দ লাভ করা।

مَرْء، مُرْء، اِمْرَأ، اِمْرُؤ : লোক, ব্যক্তি, মানুষ।

اِمْرُأُ الْقَيْس : ইমরুল কায়স (৫০০-৫৪০ খ্রি.) : জাহেলী যুগের প্রখ্যাত আরবী কবি। মু'আল্লাকার প্রথম কাসিদা তাঁহার অন্যতম শ্রেষ্ঠ রচনা। তিনি নাজদে জন্মগ্রহণ ও আনকারায় মৃত্যুবরণ করেন। তিনি مَلِكُ الشُّعَرَاء উপাধিতে ভূষিত।

مَرْأَة : স্ত্রীলোক।

اِمْرَأَة : স্ত্রীলোক, স্ত্রী। ব نِسَاء (ভিন্ন শব্দে)

مُرَيْئ : ক্ষুদ্র লোক। স্ত্রী مُرَيْئَة

مُرُوءَة، مُرُوَّة : পৌরুষ, বীরত্ব, মনুষ্যোচিত গুণ, উদারতা।

مَرِيئ : পুরুষোচিত; স্বাস্থ্যকর, সুখকর, সুস্বাদু।

~ : গলনালী, অন্ননালী। ব مُرُوء، أَمْرِئَة

هَنِيئًا مَرِيئًا : সুস্বাদু ও তৃপ্তিকর হউক।

مُمْرِئ : স্বাস্থ্যকর, তৃপ্তিদায়ক (খাদ্য)।

الْمُرَابِطُون : সাহারার আস-সানহাজা গোত্রোদ্ভূত ইয়াহইয়া ইবনে ইব্রাহীম আল-জাদালী কর্তৃক প্রতিষ্ঠিত উত্তর-আফ্রিকার একটি ইসলামী বিপ্লবী গোষ্ঠী। ইহারা প্রথমে আল-মাগরিব ও পরে আল আন্দালুসে শাসন কর্তৃত্ব প্রতিষ্ঠা করে।

يوسف بن تاشفين : (মৃ. ১১০৭ খ্রি) ইহাদের মধ্যে সর্বাধিক প্রসিদ্ধ আমীর। ইনি মরক্কো নগরীর প্রতিষ্ঠাতা।

مَرَّاكُش : মরক্কো : আটলান্টিক মহাসাগরের পূর্ব তীরবর্তী উত্তর-পশ্চিম আফ্রিকার একটি দেশ। ইহা الْمَغْرِب ও المغرب الأقصى নামেও পরিচিত। একাদশ শতাব্দীতে আল মুরাবিতূনের আমীর يُوسُف بن تَاشفين কর্তৃক প্রতিষ্ঠিত আতলাস পর্বতের পাদদেশে অবস্থিত একটি প্রসিদ্ধ ঐতিহাসিক শহরের নামও مَرَّاكُشُ।

مَرَثَ، ـُ : (مَرْث) (আঙুল) চোষা, কামড়ানো; পানিতে মন্থন করিয়া দ্রবীভূত করা, কাই করা, লেই বানানো।

مَرِثَ، ـَ : (مَرَث) কলহপ্রিয় হওয়া; বিনম্র হওয়া, সহনশীল হওয়া।

مَرَّثَ : (تَمْرِيث) টুকরা টুকরা হওয়া।

مَرِث، مِمْرَث : কলহপ্রিয়; বিনম্র।

مَرْثَاة، مَرْثِيَة : শোকগাথা (رثى)

مَرَجَ، ـُ : (مَرْج) স্বাধীনভাবে চরিয়া বেড়ানো, (পশু) চরানো; অবাধে বলাবলি করা; মিশ্রিত করা।

مَرِجَ، ـَ : (مَرَج) বিশৃঙ্খল হওয়া, বিজড়িত হওয়া, নষ্ট হওয়া; ঢিলা হওয়া।

أَمْرَجَ : (إِمْرَاج) (পশু) চরানো; ভাগ করা।

مَرْج : চারণক্ষেত্র, তৃণভূমি, উদ্যান। ব مُرُوج

مُرُوج الذَّهَب ومعادنُ الجَوْهَر : (স্বর্ণোদ্যান ও রত্নাকর) আল মাসউদী (মৃঃ ৯৫৭ খ্রি) কর্তৃক রচিত প্রসিদ্ধ ইতিহাসগ্রন্থ।

مَرَج গোলমাল, বিশৃঙ্খলা, গোলযোগ।

هَرَج ومَرَج : দাঙ্গা-হাঙ্গামা, গণ্ডগোল, গোলমাল।

مُرَّج : স্বাধীনভাবে চরিতেছে এমন।



www.pathagar.com

مَارِج : ধূম্রবিহীন অগ্নি।

مَرِيج : গোলমেলে, বিশৃঙ্খল। ব أَمْرِجَةٌ

مُرْجَان، مَرْجَان : মুক্তাদানা; প্রবাল; ছোট ও রঙিন এক প্রকার মাছ।

مَرْجَانِي : প্রবালসদৃশ, প্রবালপূর্ণ, প্রবাল-সম্বন্ধীয়।

جَزِيرَة مَرْجَانِيَّة : প্রবাল দ্বীপ।

مَرِحَ : ـَ (مَرَح) প্রফুল্ল হওয়া, আনন্দিত হওয়া, উল্লসিত হওয়া, উল্লাস করা।

مَرِحَ وَمَرِجَ : যেমন ইচ্ছা তেমন করা।

مَرَحَ : ـَ (مَرْح) প্লাস্টার করা, লেপন করা।

مَرَّحَ : (تَمْرِيح) (শরীরে) তেল মালিশ করা, পূর্ণ করা।

أَمْرَحَ : (إِمْرَاح) প্রফুল্ল করা, উল্লসিত করা।

مَرَح، مَرَحَان : আনন্দ, উল্লাস, প্রফুল্লতা।

مَرِح : مِرِّيح প্রফুল্ল, উল্লিসিত, প্রাণবন্ত। ব مَرَاحَى، مَرْحَى

مَرْحَى : শাবাশ! মারহাবা!

مِرَاح : আনন্দ-উল্লাস, প্রফুল্লতা, প্রাণবন্ততা।

مَرُوح : চমৎকার; তেজী (অশ্ব)।

مِمْرَاح : প্রফুল্ল, প্রাণবন্ত, প্রফুল্লচিত্ত; তেজী (অশ্ব); অশ্রুপূর্ণ (চক্ষু); উর্বর (ভূমি)।

مَرْحَبَ : স্বাগত জানানো।

مَرْحَبًا : খোশ আমদেদ! স্বাগতম! (رحب)

مَرَخَ : ـَ (مَرْخ) (শরীরে তৈলাদি) মালিশ করা, প্রলেপ দেওয়া।

مَرَّخَ : (تَمْرِيخ) (শরীরে তৈলাদি) মালিশ করা; ভিজাইয়া নরম করা।

أَمْرَخَ : (إِمْرَاخ) ভিজাইয়া নরম করা।

تَمَرَّخَ : (নিজের শরীরে তৈলাদি) মালিশ করা।

مَرِخ : নরম, ভিজা, তরল; তেলতেলে।

مَرُوخ : মালিশ, মলম। ব أَمْرِخَةٌ

مِرِّيخ : মঙ্গলগ্রহ।

مَارِخ : প্রবহমান।

مَرَدَ : ـُ مَرَدَ (مُرُودَة، مَرَادَة) مَرْد، (مُرُود) বিদ্রোহী হওয়া, বিদ্রোহ করা, ব্যতিক্রমধর্মী হওয়া, অনন্য হওয়া।

~ عَلَى : অভ্যস্ত হওয়া।

~ : ـُ (مَرْد) কর্তন করা; (পশু) তাড়ানো।

مَرِدَ : ـَ (مُرُودَة، مَرَد) শ্মশ্রুবিহীন হওয়া।

مَرَّدَ : (تَمْرِيد) (ডালের) পাতা ছাড়ানো; প্লাস্টার করা, লেপন করা।

تَمَرَّدَ : বিদ্রোহ করা, বিদ্রোহী হওয়া; অবাধ্য হওয়া; উদ্ধত হওয়া, দাম্ভিক হওয়া; ব্যতিক্রমধর্মী হওয়া, শ্মশ্রুবিহীন থাকা।

مُرْدِيّ : কাষ্ঠদণ্ড, লগি, দাঁড়; (মাছ ধরিবার) কোঁচ। ব مَرَادِيّ

مَرَاد، مَرَّاد : ঘাড়। ব مَرَارِيد

مُرَاد : উদ্দেশ্য। (رود)

مُرُود : বিদ্রোহ।

مَرِيد : পাতলা দুধ; দুধে ভিজানো (খেজুর)।

~ : বিদ্রোহী। ব مُرَدَاء

مِرِّيد : উদ্ধত, বিদ্রোহী।

مَارِد : বিদ্রোহী, অবিশ্বাসী; শয়তান; অসুর, দেও-দানব। ব مَارِدُون، مُرَّاد، مَرَدَة

~ : উচ্চ (ভবন)।

مَرْدَاء : পল্লববিহীন (তরু)।

أَمْرَد : শ্মশ্রুবিহীন; পত্রবিহীন (বৃক্ষ); শুকনা বস্তু। স্ত্রী مَرْدَاء ব مُرْد

مَرْدَاء : ফসলহীন ভূমি, তৃণশূন্য বালুকারাশি। ব مَرَاد

تَمَرُّد : বিদ্রোহ, অবাধ্যতা; ঔদ্ধত্য।

تِمْرَاد : পায়রার খোপ। ব تَمَارِيد

مُتَمَرِّد : বিদ্রোহী, অবাধ্য।

مَرْدَقُوش : (ফা) সুগন্ধি মসলাবিশেষ, marjoram; সুগন্ধি আরকযুক্ত পদার্থবিশেষ, পমেটম, pomade.

مَرَزَ : ـُ (مَرْز) আস্তে চিমটি কাটা; নিন্দা করা; কর্তন করা।



www.pathagar.com

اِمْتَرَزَ : (اِمْتِرَاز) (চরিত্র) নষ্ট করা; (অংশ) লাভ করা; অংশ হইতে বঞ্চিত করা।

مِرْزَا : (ফা) আমীর-পুত্র।

مِرْزَة : কর্তিত অংশ, খণ্ড; সুগন্ধি মসলাবিশেষ, marjoram.

مَرْزُبَان : (প্রাচীন পারস্যের) গভর্নর। ব مَرَازِبَة

مَرَسَ ـُـ : (مَرْس) (পানিতে) কচলাইয়া দ্রবীভূত করা; নরম করা; আঙুল চোষা; মোছা।

مَرِسَ ـَـ : (مَرَس) (কপিকল হইতে) দড়ি পড়িয়া যাওয়া।

مَرِسَتْ حِبَالُهُ : তাহার কাজকর্ম বিশৃঙ্খল হইয়া গিয়াছে।

مَارَسَ : (مُمَارَسَة) অনুশীলন করা, অভ্যাস করা, সম্পাদন করা, চালানো, আত্মনিয়োগ করা, প্রবৃত্ত হওয়া; চেষ্টা করা; চুক্তি করা।

أَمْرَسَ : (إِمْرَاس) সঠিকভাবে লাগানো।

تَمَرَّسَ : ب ~ গা ঘষা; সংগ্রাম করা।

تَمَارَسَ : মারামারি করা, পরস্পর সংঘর্ষে লিপ্ত হওয়া, প্রতিদ্বন্দ্বিতা করা।

اِمْتَرَسَ : (اِمْتِرَاس) আত্মনিয়োগ করা, প্রবৃত্ত হওয়া।

مَرْس : লটারি।

مَرِس : অভ্যস্ত, অভিজ্ঞ, সিদ্ধহস্ত। ব أَمْرَاس

مَرَسَة، مِرْسَة : দড়ি, কাছি। ব مَرَس، أَمْرَاس

مِرَاسَة، مِرَاس : শক্তি, ক্ষমতা।

سَهْلُ الْمِرَاس : নমনীয়, বশ্য, শাসনযোগ্য, পরিচালনীয়।

~ صَعْب، شَدِيدُ الْمِرَاس : দুর্দমনীয়, অশাসনীয়, অবাধ্য।

مِرَّاس : শাক্তিশালী, সবল।

مَرِيس : পানি কিংবা দুধে ভিজানো খেজুর।

مَرِيسَة : মদ্যবিশেষ, খেজুরের মদ।

مَرِيسِيّ: (সি) উষ্ণ দক্ষিণা বাতাস।

مَارْس : (রোমানদের) সমর-দেবতা।

مَارِس : মার্চ (মাস)।

مَارِسْتَان : (ফা) হাসপাতাল, মানসিক ব্যাধি হাসপাতাল, পাগলা-গারদ। ব مَارِسْتَانَات

تَمَرُّس : সম্পাদন, করণ, অনুশীলন।

مُمَارِس : অভ্যস্ত, অভিজ্ঞতাসম্পন্ন।

مُمَارَسَة : অনুশীলন, অভ্যাস, সম্পাদন; করণ; বাস্তবায়ন; অভিজ্ঞতা; চুক্তি।

مَرْسِين : মেন্দিগাছ, myrtle.

مَرَشَ ـُـ : (مَرْش) নখ দ্বারা আঁচড়ানো; কামড় দেওয়া।

اِمْتَرَشَ : (اِمْتِرَاش) লইয়া যাওয়া; উপার্জন করা।

مَرْش : বৃষ্টিবিধৌত মাটি। ব أَمْرَاش، مُرُوش

مُرَاشَة : বাকি ঋণ।

أَمْرَش : অনিষ্টকর। স্ত্রী مَرْشَاء ব مُرْش

مَرْشَقَ : (مَرْشَقَة) (গাছ) পাতাবিহীন করা।

مَرْشَال : (ফিল্ড) মার্শাল, (field) marshal.

مَرْشَال جَوِّيّ : এয়ার মার্শাল, air marshal.

مَرِضَ ـَـ : (مَرَض) পীড়িত হওয়া, রোগাক্রান্ত হওয়া, অসুস্থ হওয়া।

مَرَّضَ : (تَمْرِيض) রোগাক্রান্ত করা, পীড়িত করা, (রোগীর) শুশ্রূষা করা।

أَمْرَضَ : (إِمْرَاض) পীড়িত করা, রোগাক্রান্ত করা, রোগাক্রান্ত পাওয়া।

تَمَرَّضَ : দুর্বল হওয়া, শক্তিহীন হওয়া।

تَمَارَضَ : রোগের ভান করা, (কাজ এড়াইবার জন্য) নিজেকে পীড়িত দেখানো।

مَرَض : রোগ, পীড়া, ব্যাধি। ব أَمْرَاض

مَرَض بَسِيط : অনীহা, অসুস্থতা।

الْبَيَاض الدَّقِيقِيّ ~ : (উদ্ভিদের) ছাতা-রোগ।

عَصَبِيّ ~ : স্নায়ু-রোগ।

عَقْلِيّ ~ : মানসিক রোগ।

فَرَنْجِيّ ~ : যৌন ব্যাধিবিশেষ, ফিরিঙ্গী রোগ, সিফিলিস, syphilis.



www.pathagar.com

مَرَض مُعدٍ : সংক্রামক ব্যাধি।
~ مُسْتَوْطِن : স্থানীয় রোগ, endemic.
~ وَبَائِيّ : মহামারী, epidemic.
فِرَاش المَرَض : রোগশয্যা।
أمْرَاض بَاطِنِيَّة : অভ্যন্তরীণ রোগ।
~ سِرِّيَّة : গোপন ব্যাধি, যৌন ব্যাধি।
~ صَدْرِيَّة : বক্ষরোগ, বক্ষব্যাধি।
عِلْمُ الأمْرَاض : রোগ নিরূপণ-বিদ্যা, প্যাথলজি, pathology.
عِلْم تَرْتِيب الأمْرَاض : রোগের শ্রেণীবিভাগ, nosology.
مُرْضٍ : সন্তোষজনক (رضى)
مَرَضِيّ : রোগ-সম্বন্ধীয়, ব্যাধি-সম্পর্কীয়, পীড়াবিষয়ক, অসুস্থতাজনিত।
مُرَاض : (উদ্ভিদের) ছাতা-রোগ।
مَارِض، مَرِض : রোগাক্রান্ত, রুগ্ণ ব্যক্তি।
مَرِيض : রোগী, রুগ্ণব্যক্তি; রোগাক্রান্ত; রোগগ্রস্ত, অসুস্থ, দুর্বল। ব مَرَاضَى، مَرْضَى
مَرِيض الحُبّ : প্রেম-পীড়িত।
~ نَفْسِيّ : মানসিক রোগী।
أرْض مَرِيضَة : দাঙ্গা উপদ্রুত অঞ্চল।
~ شَمْس : নিষ্প্রভ সূর্য।
~ لَيْلَة : চন্দ্র ও তারকাবিহীন রজনী।
تَمْرِيض : (রোগীর) শুশ্রূষা।
تَمَارُض : পীড়ার ভান।
مُمَرِّض : শুশ্রূষাকারী, পুরুষ নার্স।
مُمَرِّضَة : শুশ্রূষাকারিণী, মহিলা নার্স, সেবিকা।
مِمْرَاض، مُتَمَرِّض : রোগা, রুগ্ণ, অসুস্থ, পীড়িত, ব্যাধিগ্রস্ত।
مَرَطَ ـُـ (مَرْط) مَارَطَ، (مُمَارَطَة) (চুল, পালক) উপড়ানো, উৎপাটিত করা।
مَرَّطَ : (تَمْرِيط) উপড়ানো, উৎপাটিত করা, (আস্তিন) গুটানো।
مَرِطَ ـَـ : (مَرَط) কেশবিহীন হওয়া।
أمْرَطَ : (إمْرَاط) উপড়াইবার যোগ্য হওয়া; (খেজুর গাছ হইতে) খেজুর ঝরিয়া পড়া; (উষ্ট্রী) দ্রুত চলা।
تَمَرَّطَ : (চুল, পালক) ঝরিয়া পড়া।
إنْمَرَطَ : (إنْمِرَاط) (কেশ) উৎপাটিত হওয়া।
إمْتَرَطَ : (إمْتِرَاط) দ্রুত সংগ্রহ করা; চুপিসারে লইয়া যাওয়া।
مِرْط : (মহিলাদের) পশমি বা রেশমি চাদর। ব مُرُوط
أمْرَط، مَرِيط : কেশবিহীন; পালকবিহীন। স্ত্রী مُرْط ব مَرْطَاء
فَرَس مَرَطَى : দ্রুতগামী অশ্ব।
مَرَغَ ـَـ : (مَرْغ) তেল মালিশ করা।
مَرِعَ ـَـ : (مَرْع)، مَرُعَ ـُـ (مَرَاعَة) (ভূমি) তৃণবহুল হওয়া।
أمْرَعَ : (إمْرَاع) তেল মাখা; (ভূমি) তৃণবহুল হওয়া; তৃণবহুল পাওয়া।
تَمَرَّعَ : ত্বরা করা।
إنْمَرَعَ : (إنْمِرَاع) অনুপ্রবেশ করা।
مَرْع : চারণভূমি, তৃণক্ষেত্র; ঘাস। ব أمْرَاع، أمْرُع
مِرَاع، مُرْعَة : তৈল, চর্বি।
مَرِيع : উর্বর।
~ : مُمْرِع : তৃণবহুল (ভূমি)। ব أمْرَاع، أمْرُع
مِمْرَاع : সমৃদ্ধ; উন্নত; জাঁকজমকপূর্ণ।
مَرَغَ ـَـ : (مَرْغ) (ঘাস) খাওয়া, চরা।
مَرِغَ ـَـ : (مَرَغ) কলঙ্কিত হওয়া, (সুনাম) নষ্ট হওয়া।
مَرَّغَ : (تَمْرِيغ) (ধুলায়) গড়ানো; ঘর্ষণ করা; তেল মালিশ করা; কলুষিত করা; (পশুকে) কাদায় গড়াগড়ি দেওয়ানো।
أمْرَغَ : (إمْرَاغ) ময়লা করা, কাদা মাখানো; কলুষিত করা; গালগল্প করা; লালা নিঃসৃত হওয়া; পানি মিশানো।
تَمَرَّغَ : (ধুলায়) গড়াগড়ি দেওয়া; শরীরে তেল মাখা; দ্বিধাগ্রস্ত হওয়া।



www.pathagar.com

مَرْغ : লালা; তৃণক্ষেত্র।

مَرَاغَة، مَرَاغ : গড়াগড়ির জায়গা।

مَرَاغَة : ইরানী আযারবাইজানের প্রাচীন রাজধানী।

المَرَاغَة : নীলনদের পশ্চিম তীরবর্তী মিসরের একটি শহর।

المَرَاغِى : মুহাম্মাদ মোস্তফা আল মারাগী। আল-আযহার বিশ্ববিদ্যালয়ের একজন শায়খ ও খ্যাতনামা গ্রন্থপ্রণেতা। এই বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে তাঁহার বিশেষ অবদান রহিয়াছে।

مَارِغ : উন্মাদ।

أَمْرَغ : লম্পট। স্ত্রী مَرْغَاء ব مُرْغ

مَرَقَ : ـُ (مُرُوق) দ্রুত বহির্গত হওয়া, দ্রুত ছুটিয়া যাওয়া; লক্ষ্যচ্যুত হওয়া; অতিক্রম করিয়া যাওয়া।

~ مِنْ : বিদ্ধ করা, লক্ষ্যভেদ করা।

~ : ـُ (مَرْق)، أَمْرَقَ (إِمْرَاق) (পাত্র) শুরুয়াবহুল করা।

مَرِقَ : ـَ (مَرَق) (খেজুর গাছের) খেজুর ঝরিয়া পড়া।

مَرَّقَ : (تَمْرِيق) গান গাওয়া; পানি মিশাইয়া নরম করা; অতিক্রম করানো, যাইতে দেওয়া।

إِنْمَرَقَ، تَمَرَّقَ : (إِنْمِرَاق) (চুল) ঝরিয়া পড়া।

إِمْتَرَقَ : (إِمْتِرَاق) ~ مِنْ দ্রুত বহির্গত হওয়া।

مَرْق : (ব مُرُوق ব مِرْق (ব أَمْرَاق) শস্যের মঞ্জরি, শিষ।

مَرَقَ مِنَ الدِّينِ : ধর্মত্যাগী হওয়া, স্বধর্ম ত্যাগ করা।

مَرَقَ مِنَ الطَّاعَة : অবাধ্য হওয়া, আনুগত্য ত্যাগ করা।

مَرَقَ السَّهْم : (তীর ছুটিয়া গিয়াছে), বিষয়টি চূড়ান্ত হইয়া গিয়াছে, যাহা হইবার হইয়া গিয়াছে।

مَرَقَة، مَرَق : শুরুয়া, পাতলা ঝোল।

مَرِق : নরম, দুর্বল, হীনবল; নির্বোধ; নির্লজ্জ।

مَارِق : বিপথগামী, বিচ্যুত, ভ্রষ্ট, অবাধ্য। ব مُرَّاق

مَارِق عَنِ الدِّين : স্বধর্মত্যাগকারী, ধর্মত্যাগী।

مَارِقَة : প্রচলিত ধর্মমতের বিরুদ্ধবাদী।

مُرَاق : বিষাদ, চিত্তোন্মাদ।

مُرَاقَة : চামড়া হইতে উৎপাটিত পশম।

مُرُوق : ভ্রষ্টতা; বিচ্যুতি, অবাধ্যতা।

مَمْرَق : জানালা। ব مَمَارِق

مُمَرَّق : চর্বিবহুল (গোশত)।

مُمَارِق : নির্লজ্জ।

تَمَرْكَزَ : প্রতিষ্ঠিত হওয়া, কেন্দ্রীভূত হওয়া; ঘনীভূত হওয়া।

تَمَرْكُز : কেন্দ্রীভবন, ঘনীভবন, দৃঢ়ীভবন, প্রতিষ্ঠাপ্রাপ্তি।

مَرْمَرَ : তিক্ত হওয়া; ক্রুদ্ধ হওয়া।

تَمَرْمَرَ : বিড়বিড় শব্দ করা; তরঙ্গায়িত হওয়া, উদ্বেলিত হওয়া।

مَرْمَر : মার্বেল পাথর।

مَرْمَرَا (مَرمَرَة) : এশিয়া ও ইউরোপের মধ্যবর্তী তুরস্কের অন্তর্গত একটি সাগর।

مَرْمَسَ (مَرْمَسَة) : ক্লান্ত করা, বিরক্ত করা।

تَمَرْمَسَ : ক্লান্ত হওয়া, বিরক্ত হওয়া।

مِرْمِيس : গণ্ডার।

مَرْمَطَ (مَرْمَطَة) : ময়লা করা, কলুষিত করা; নষ্ট করা, ধ্বংস করা।

مُرْمُوط : পাহাড়ি ইঁদুর।

مَرْمَتُون، مَرْمَطُون : (ফ) বাবুর্চির সাহায্যকারী।

مَرْمَغَ (مَرْمَغَة) : (ধুলায়) গড়ানো।

مَرُنَ : ـُ (مُرُونَة، مَرَانَة) নমনীয় হওয়া; অস্থিতিস্থাপক হওয়া; শক্ত হওয়া, মসৃণ হওয়া।

~ (مُرُون) : অভ্যস্ত হওয়া।

~ : (مُرُون) দ্রুত ছুটিয়া যাওয়া।

مَرَّنَ (تَمْرِين) : ~ عَلَى প্রশিক্ষণ দেওয়া, অভ্যাস করানো, অভ্যস্ত করা, অনুশীলন করানো।

تَمَرَّنَ : ~ عَلَى প্রশিক্ষণ গ্রহণ করা, অভ্যাস করা, অভ্যস্ত হওয়া, চর্চা করা, অনুশীলন করা।



www.pathagar.com

مَرْن : বস্ত্র; নরম চামড়া, পশম; পার্শ্ব। ব أَمْرَان

مَرِن : নরম, নমনীয়, অস্থিতিস্থাপকতা; কোমলতা।

مُرَّانَة : বর্শা প্রস্তুত করিবার গাছবিশেষ; শক্ত ও মসৃণ বর্শা। ব مُرَّان

مَارِن : নাসিকার কোমলাস্থি। ব مَوَارِن

مَارُونِيّ : ম্যারোনাইট খ্রিস্টান।

أَمْرَان : বাহুর মাংসপেশী।

مِرَان، تَمَرُّن، تَمْرِين : প্রশিক্ষণ, অনুশীলন, অভ্যাস, চর্চা।

تَمْرِين إِبْتِدَائِيّ : প্রাথমিক প্রশিক্ষণ।

~ رِيَاضِيّ : শরীর-চর্চা, ব্যায়াম-প্রশিক্ষণ।

~ عَسْكَرِيّ : সামরিক প্রশিক্ষণ।

تَحْتَ التَّمْرِين : প্রশিক্ষণাধীন, অবেক্ষাধীন; শিক্ষানবীশ।

مُمَرِّن : প্রশিক্ষক।

مُتَمَرِّن، مُمَرَّن : প্রশিক্ষণপ্রাপ্ত, প্রশিক্ষিত; অভ্যস্ত; অভিজ্ঞ, দক্ষ।

مَرِهَ ـَ : (مَرَه) দুর্বল হওয়া।

مُرْهَة : দৃষ্টির দুর্বলতা; খাঁটি শ্বেতবর্ণ; বদ্ধপানির ডোবা।

أَمْرَه : ক্ষীণ-দৃষ্টি; সাদা (মরীচিকা)। স্ত্রী مَرْهَاء ব مِرْه، مُرْه

عَيْن مَرْهَاء : বেদনাযুক্ত চক্ষু।

مَرْهَم : (مَرْهَمَة) মলম লাগানো। ব مَرَاهِمُ

مَرْوَة، مَرْو : স্ফটিক প্রস্তরবিশেষ, silex, granite; চকমকি পাথর।

اَلْمَرْوَة : হারাম শরীফ সংলগ্ন মক্কার একটি ঐতিহাসিক টিলা।

مَرْو الشَّاهْجَهَان : বর্তমান সোভিয়েত তুর্কিস্তানের একটি ঐতিহাসিক শহর। ইহা ৬৫১ খ্রিস্টাব্দে মুসলিম দখলে আসে। এই স্থান হইতে আবূ মুসলিম আল খুরাসানীর অভ্যুত্থান ঘটে। নিসবা مَرْوَزِيّ

مَرْوُالرُّوذ : বর্তমান সোভিয়েত তুর্কিস্তানের একটি শহর।

مِرْوَحَة : পাখা (روح)

مَرَى ـِ : (مَرْي) ভূমিতে সজোরে পদাঘাত করা; (পশু) তাড়াইয়া দেওয়া।

مَرَى حَقَّهُ : তাহার অধিকার অস্বীকার করিল।

مَارَى : (مُمَارَاة) তর্ক করা; ঝগড়া করা; প্রতিরোধ করা; প্রতিযোগিতা করা।

أَمْرَى : (إِمْرَاء) দুগ্ধ দোহন করিতে দেওয়া।

إِمْتَرَى (إِمْتِرَاء) ~ بِ সন্দেহ করা।

مِرَاء، مِرْيَة : সন্দেহ; ঝগড়া, বিতর্ক, বিরোধ।

مَرِيّ : দুগ্ধবতী উষ্ট্রী। ব مَرَايَا

مَارِيّ : সাদা ও মসৃণ পশমযুক্ত বাছুর; জীর্ণ বস্ত্র। স্ত্রী مَارِيَّة

مَارِيَّة : মসৃণ পালকযুক্ত তিতির; সুন্দরী নারী; শ্বেত হরিণবিশেষ।

مَارِيَّة الْقِبْطِيَّة : মারিয়া কিবতিয়া। রাসূলুল্লাহ (স)-এর সহধর্মিণী। তাঁহার গর্ভজাত পুত্র ইবরাহীম শৈশবে মারা যান।

مَرْيَم : হযরত ঈসা (আ)-এর জননী হযরত মরিয়ম (আ)।

بَخُور مَرْيَم : উদ্ভিদবিশেষ, sow bread.

مَرْيَمِيَّة : উদ্ভিদবিশেষ, sage.

مَرِينَا : মৎস্যবিশেষ, lamprey.

مُرِينَة : কড়িকাঠ, বীম।

مَرِينُوس : স্পেনীয় ছাগবিশেষ ও তাহার পশম, merino.

مَزَّ ـُ : (مَزّ) চোষা, চুষিয়া খাওয়া।

~ ـَ : (مَزَازَة) টক হওয়া, বিস্বাদ হওয়া।

~ عَلَى : পরাভূত করা।

تَمَزَّزَ : চুষিয়া খাওয়া, স্বাদ লওয়া, আস্বাদন করা।

تَمَازَّ : দূরবর্তী হওয়া।

مَزّ : জটিল (বিষয়)।

مِزّ : শ্রেষ্ঠত্ব, চমৎকারিত্ব।



www.pathagar.com

مُزٌّ : জটিল (বিষয়); টক, বিস্বাদ।

مَزِيز : জটিল (বিষয়)।

عَزِيز مَزِيز : চমৎকার, অপূর্ব।

مَزَجَ - ُ : (مِزَاج، مَزْج) মিশ্রিত করা, মিশানো।

~ عَلَى : উত্তেজিত করা, ক্ষেপাইয়া তোলা।

مَزَّجَ : (تَمْزِيج) (শস্য) হলুদ রঙ ধারণ করা, হলদে হওয়া।

مَازَجَ : (مُمَازَجَة) মিশ্রিত হওয়া; মিশিয়া যাওয়া; মেলামেশা করা, সঙ্গী হওয়া; বিজড়িত হওয়া, প্রতিযোগিতা করা।

تَمَازَجَ : একত্রে মেলামেশা করা; পরস্পর মিশ্রিত হওয়া, বিজড়িত হওয়া।

إِمْتَزَجَ : (إِمْتِزَاج) ~ بِ মশ্রিত হওয়া, মিশিয়া যাওয়া।

مَزْج : মিশ্রণ।

~, مِزْج : মধু।

مِزَاج : মিশ্রিত দ্রব্য, মিশ্র পদার্থ; সংমিশ্রিত, জগাখিচুড়ি; মগজ, রুচি, প্রকৃতি; মনোভাব; খেয়াল, মানসিক অবস্থা, শারীরিক অবস্থা, স্বাস্থ্য। ব أَمْزِجَة

مِزَاج دَمَوِيّ : প্রফুল্ল মেযাজ, sanguine temperament.

~ سَوْدَوِيّ : বিষণ্ন মেযাজ, melancholic temperament.

~ صَفْرَاوِيّ : কুপিত স্বভাব, পিত্তাধিক্য প্রকৃতি, Choleric temperament.

~ بَلْغَمِيّ : শ্লেষ্মাধিক্য প্রকৃতি, phlegmatic temperament.

~ لَطِيف : ঠাণ্ডা মেযাজ, মার্জিত প্রকৃতি, দুর্বল প্রকৃতি।

المِزَاج العَامّ : সাধারণ রুচি।

مَحْذُور المِزَاج : বদমেযাজী।

~ مُضْطَرِب : অস্থির প্রকৃতি, out of humour.

~ مُنْحَرِف : বিকৃত প্রকৃতি, অনিচ্ছুক, অনীহ; অসুস্থ।

مَزِيج : মিশ্রিত, মিশ্র; মিশ্রিতদ্রব্য; মিশ্র পদার্থ; mixture, সংমিশ্রণ; জগাখিচুড়ি।

مَزِيج كِيمَاوِيّ : রাসায়নিক সংমিশ্রণ।

~ مَعْدَنِيّ : ধাতব সংমিশ্রণ।

إِمْتِزَاج : মিশ্রণ।

تَمَازُج : পারস্পরিক মিশ্রণ, সংমিশ্রণ।

مُمْتَزِج، مَمْزُوج : মিশ্রিত, মিশ্র।

مَزَحَ - ُ : (مَزْح) কৌতুক করা, তামাশা করা, রসিকতা করা।

مَزَّحَ : (تَمْزِيح) (ফলে) রং ধরা।

مَازَحَ : (مُمَازَحَة) (কাহারও সহিত) তামাশা করা, রসিকতা করা।

تَمَازَحَ : পরস্পর তামাশা বা কৌতুক করা।

مَزْح : শস্যের মঞ্জরি, শিষ।

مُزَاحَة، مُزَاح : কৌতুক, তামাশা, রসিকতা, ঠাট্টা।

مَازِح، مَزَّاح : কৌতুককারী, তামাশাকারী; রসিকতাকারী; ভাঁড়।

مُزْدَق : ইরানের মুযদাকী ধর্মমতের প্রবর্তক।

المُزْدَلِفَة : মীনা ও আরাফাতের মধ্যবর্তী একটি স্থান। ৯ই যুলহিজ্জা দিবাগত রাত্রে হাজীগণ এখানে মাগরিব ও ইশা একত্রে আদায় করেন এবং রাত্রি যাপন করেন।

مَزَرَ - ُ : (مَزْر) চুমুক দেওয়া, আস্বাদন করা।

مَزَّرَ : (تَمْزِير) (মশক) ভরতি করা।

مَزُرَ - ُ : (مَزَارَة) উদ্যমশীল হওয়া; শক্ত হওয়া।

تَمَزَّرَ : (ঢোক) গেলা।

مِزْر : ভুট্টাচূর্ণমিশ্রিত পানীয়বিশেষ।

كَرِيم المِزْر : সদ্বংশীয়।

مَزِير : উদ্যমশীল। ব أَمَازِر

مَازُور : মাছরাঙা (পাখি)।

مَزَعَ - َ : (مَزْع) দ্রুত চলা, লাফাইয়া চলা, দৌড়ানো, ছুটিয়া যাওয়া।

مَزَّعَ : (تَمْزِيع) আঙুল দ্বারা তোলা; ছিঁড়িয়া টুকরা টুকরা করা, জট ছাড়ানো।



www.pathagar.com

مُزْعَة : টুকরা, খণ্ড, (তুলার) স্তর; (পশমের) গুচ্ছ। ব مُزَع

مَزَّاع : শজারু।

مَزَقَ - مَزَقَ (مَزْق) : ছিঁড়িয়া ফেলা; ছিন্ন করা, বিদীর্ণ করা।

مَزَقَ - ُ : (مَزْق) (পাখি) বিষ্ঠা ত্যাগ করা।

مَزَّقَ : (تَمْزِيق) টুকরা টুকরা করিয়া ছিঁড়িয়া ফেলা; বিক্ষিপ্ত করা, বিচ্ছিন্ন করা; ধ্বংস করা।

مَزَّقَ شَمْلَهُمْ : ঐক্য ভাঙ্গিয়া দেওয়া।

~ عِرْضَهُمْ : নিন্দা করা, অসম্মান করা।

يُمَزِّق القَلْبَ : হৃদয়বিদারক।

مَلْزَقَ : (مَلْزَقَة) দ্রুততায় পাল্লা দেওয়া।

تَمَزَّقَ : টুকরা টুকরা হইয়া যাওয়া; শতধাবিভক্ত হওয়া, ছিন্নভিন্ন হইয়া যাওয়া; চতুর্দিকে ছড়াইয়া পড়া।

إنْمَزَقَ : (إنْمِزَاق) টুকরা টুকরা হইয়া যাওয়া।

مَزْق : ফাটল, চিড়, ছেঁড়া জায়গা।

~ تَمْزِيق : বিদারণ, ছিন্নকরণ।

مِزْقَة : খণ্ড, টুকরা; ছিন্ন বস্ত্রখণ্ড, নেকড়া। ব مِزَق

مُزْقَة : বুলবুল (পাখি)।

مِزَاق : দ্রুত ধাবমান (অশ্ব)।

مُمَزَّق : খণ্ডবিখণ্ড, ছিন্নভিন্ন, শতধাবিভক্ত।

مَزْمَزَ : (مَزْمَزَة) নাড়াইয়া আলগা করা; চুমুক দেওয়া, আস্বাদন করা।

المُزَّمِّل : আল-কুরআনের ৭৩ নং মাক্কী সূরা।

مَزَنَ - ُ : (مُزُون، مَزْن) চলিয়া যাওয়া, পলায়ন করা; (মশক) ভরতি করা; প্রশংসা করা।

مَزَّنَ : (تَمْزِين) (মশক) ভরতি করা, প্রশংসা করা।

تَمَزَّنَ : চলিয়া যাওয়া, পলায়ন করা; আত্মপ্রশংসা করা।

~ عَلَى : অভ্যস্ত হওয়া।

مُزْن : বৃষ্টিবাহী মেঘ।

حَبّ المُزْن : শিলা।

~، مُزْنَة : ব مُزَن বৃষ্টিবাহী মেঘ; শিলাবৃষ্টি।

مَزَن : অভ্যাস, প্রকৃতি।

المُزَني : ইসমাঈল আল-মুযানী (৭৯১-৮৭৮ খ্রি)। ইমাম শাফিঈর খ্যাতনামা সাগরেদ ও তাঁহার ফিক্হী মতবাদের প্রসারকারী।

مُزَيْنَة : একটি আরব গোত্র। নিসবত مُزَنِيّ

مَازِن : পিঁপড়ার ডিম।

إبْن مَازِن : পিঁপড়া।

بَنُو مَازِن : প্রাচীন আরবের একটি গোত্র।

مَزَهَ - َ : (مَزْه)، مَازَة، (مُمَازَهَة) কৌতুক করা, তামাশা করা, রসিকতা করা।

مَزَى - : (مَزْي) গর্বিত হওয়া।

مَزَّى (تَمْزِيَة) : প্রশংসা করা।

مَازٍ، مُتَمَازٍ : দূরবর্তী, সুদূর।

مَزِيّ : সুন্দর, চমৎকার, সেরা।

مَزِيَّة : مَازِيَة (ব مَزَايَا، مَازِيَات) إمْتِيَاز গুণ, শ্রেষ্ঠত্ব, সৌন্দর্য।

مَسَّ - َ : (مَسّ، مَسِيس) স্পর্শ করা; আঘাত করা, আপতিত হওয়া, অনুভব করা, লঙ্ঘন করা।

مَسَّهُ بِسُوءٍ، مَسَّهُ بِأذًى : অনিষ্ট করা, কষ্ট দেওয়া।

مَسَّت الحَاجَة ~ إلَى : প্রয়োজনীয় হওয়া, জরুরী হওয়া, প্রয়োজন অনুভূত হওয়া।

مَسَّهُ السُّكْرُ : নেশাগ্রস্ত হওয়া।

مُسَّ : উন্মাদ হওয়া।

مَاسَّ : (مِسَاس) স্পর্শ করা; সংস্পর্শে থাকা; যোগাযোগ রক্ষা করা।

أمَسَّ : (إمْسَاس) স্পর্শ করানো।

تَمَاسَّ : একে অপরকে স্পর্শ করা, একে অন্যের সংস্পর্শে থাকা; পরস্পর যোগাযোগ রক্ষা করা।

مَسّ : স্পর্শ; পরশ, সংস্পর্শ; দুর্ভাগ্য; দুর্বিপাক; আক্রমণ, প্রকোপ; উন্মত্ততা।

مَسّ الحُمَّ : জ্বরের আক্রমণ।

مَسَّة : স্পর্শ, পরশ।



www.pathagar.com

مَاسّ : স্পর্শকারী, অনুভবকারী; সংলগ্ন; জরুরি, গুরুত্বপূর্ণ। স্ত্রী مَاسَّة

مَاسّ كَهْرَبَائِيّ : শর্ট সার্কিট, short circuit.

حَاجَة مَاسَّة : জরুরী প্রয়োজন।

القُوَّة المَاسَّة : অনুভব-শক্তি, অনুভূতি।

مَسِيس، مِسَاس : স্পর্শ, পরশ; সম্পর্ক।

~ : অনুভূতি; সংযোগ, যোগাযোগ।

عِنْدَ مَسِيس الحَاجَة، عِنْدَ مِسَاس الحَاجَة : প্রয়োজন হইলে, প্রয়োজনকালে।

مَسُوس : ঈষৎ লোনা (পানি)।

تَمَاسّ : সংযোগ, যোগাযোগ, মেলামেশা, শর্ট সার্কিট, short circuit.

مُمَاسّ : যে সরলরেখা বৃত্তকে স্পর্শ করে কিন্তু ছেদ করে না, স্পর্শক, tangent.

مُمَاسَّة : স্পর্শ, সংযোগ, সংলগ্নতা।

مَمْسُوس : স্পর্শ করা হইয়াছে এমন; স্পর্শযোগ্য; অনুভবযোগ্য; অপ্রকৃতিস্থ, উন্মত্ত।

مَسَا – : (مُسُوء، مَسْأ) কৌতুক করা; মন্থর হওয়া, বিলম্বিত করা; (রাস্তার) মধ্যস্থল ধরিয়া চলা।

مَسْئ : রাস্তার মধ্যভাগ।

مَاسِئ : প্রফুল্ল, আমুদে; উদ্ধত।

مَسَحَ – : (مَسْح) মোছা, মুছিয়া দেওয়া, মুছিয়া ফেলা; মুছাইয়া দেওয়া, হাত বুলানো; মর্দন করা, ঘষিয়া উঠানো; পরিষ্কার করা, নিশ্চিহ্ন করা; (কাঠে) রাঁদা দেওয়া।

~ بِ : (তৈলাদি) মালিশ করা।

~ : (مِسَاحَة) (ভূমি) জরিপ করা, পরিমাপ করা।

مَسَحَ رَأْسَهُ : মাথায় হাত বুলানো, তোষামোদ করিয়া ঠকানো, মিষ্টকথায় ভুলানো।

~ : (تِمْسَاح، مَسْح) মিথ্যা বলা।

مَسَّحَ : (تَمْسِيح) মুছিয়া ফেলা, নিশ্চিহ্ন করা, তেল মাখানো, তোষামোদ করিয়া ঠকানো, মিষ্ট কথায় ভুলানো।

مَاسَحَ : (مُمَاسَحَة) তোষামোদ করিয়া ঠকানো, মিষ্ট কথায় ভুলানো।

تَمَسَّحَ : গা মোছা, গোসল করা, তৈল মর্দন করা।

تَمَاسَحَ : সম্মত হওয়া।

إِمْتَسَحَ : (إِمْتِسَاح) (তরবারি) কোষমুক্ত করা।

مَسْح : মোছন, মর্দন, পরিষ্করণ, মাজন; জরিপ।

مِسْح : মোটা বস্ত্র। ব أَمْسَاح، مُسُوح

مَسْحَة : চিহ্ন, দাগ, নিদর্শন; মালিশ।

مَاسِح : (জুতা) পালিশকারী, পালিশওয়ালা।

مَسَّاح : (ভূমি) জরিপকারী, আমিন; (জুতা) পালিশওয়ালা।

مِسَاحَة : জরিপ, পরিমাপ।

~ : সমতলক্ষেত্র, উপরিভাগ; ক্ষেত্রফল। ব مِسَاحَات

عِلْم المِسَاحَة : জরিপ-বিদ্যা, জ্যামিতি।

مَصْلَحَة المِسَاحَة : জরিপ-বিভাগ।

مَسَّاحَة : মুছিবার যন্ত্র; রবার, eraser, ডাস্টার,

مَمْسُوح، مَسِيح : মোছা হইয়াছে এমন, ঘষিয়া উঠানো হইয়াছে এমন, মালিশকৃত, পরিষ্কার, মসৃণ।

المَسِيح : ঈসা (আ)।

مَسِيحِيّ : খ্রিস্টান।

مَسِيحِيَّة : খ্রিস্টান ধর্ম।

مَسِيحَة : কেশগুচ্ছ; ধনুক, কপালের পার্শ্বদেশ, রগ। ব مَسَائِح

أَمْسُوح : জাহাজের মাস্তুল। ব أَمَاسِيح

تِمْسَاح : কুমির। ব تَمَاسِيح

مِمْسَحَة، مِمْسَح : যাহাতে বা যদ্দারা মুছা হয়, মুছিবার নেকড়া; তেনা, পাপোশ; ডাস্টার। ব مَمَاسِح

مَمْسُوح : মোছা হইয়াছে এমন, ঘষিয়া উঠানো হইয়াছে এমন; নিশ্চিহ্ন; পরিষ্কৃত; তৈল মাখানো। ব مُسَحَاء، مَسْحَى

مَمْسُوح مِنَ المَعْنَى : অর্থহীন।

مَسَخَ ـَ : (مَسْخ) আকার বদলানো, রূপান্তরিত করা, বিকৃত করা, বিনষ্ট করা, স্বাদ নষ্ট করা।

مَسَّخَ : (تَمْسِيخ) উপহাস করা, অবজ্ঞা করা।

أَمْسَخَ : (إِمْسَاخ) গলিয়া যাওয়া।

إِمْسَخَّ : (إِمْسِخَاخ) কৃশ হওয়া।

إِمْتَسَخَ : (إِمْتِسَاخ) (তরবারি) কোষমুক্ত করা।

مَسْخ : আকার পরিবর্তন, রূপান্তর; বিকৃতি।

~ مِسْخ : রূপান্তরিত; বিকৃত; বিকটাকার। ব مُسُوخ

مَسْخَة : বিকৃতি।

مُسْخَة : ভাঁড়।

مَسِيخ : বিস্বাদ।

~, مَمْسُوخ : রূপান্তরিত; বিকৃত; কুৎসিত।

أَمْسُوخ : উদ্ভিদবিশেষ, horse-tail.

مَسْخَرَ (مَسْخَرَة)، تَمَسْخَرَ : ~ عَلَى মস্করা করা, ঠাট্টা করা, উপহাস করা, কৌতুক করা।

مَسَدَ ـُ : (مَسْد) (দড়ি) পাকানো; কাহিল করা।

مَسَّدَ : (تَمْسِيد) মর্দন করা, টিপিয়া দেওয়া, মালিশ করা।

مَسَد : খেজুর-গাছের আঁশ, আঁশের দড়ি। ব أَمْسَاد، مِسَاد

مِسَاد : মাখন বা মধু রাখিবার পাত্র।

تَمْسِيد : অঙ্গমর্দন, মালিশ।

مَمْسُود : শক্ত, সুদৃঢ়।

مَاسُورَة، مَسُورَة : পাইপ, নল।

مِسْرَى : কিবতী ক্যালেন্ডারের দ্বাদশ মাস।

مَسَطَ ـُ : (مَسْط) চাপ দেওয়া, ঠাসা, নিষ্পেষণ করা।

مَسِيط : ঘোলা পানি।

مَسِيطَة : ঘোলা পানি, অল্প পানির নদী।

مَسْطَرَة : (ইত) নমুনা (سطر) ব مَسَاطِر

مَسْطَارِين : কর্ষিক।

مَسْقَط : মাস্কাট (ওমানের রাজধানী ও সামুদ্রিক বন্দর)।

مَسَكَ ـُ : (مَسْك) ধারণ করা, ধরিয়া রাখা, গ্রহণ করা, লওয়া; লাগিয়া থাকা, ঝুলিয়া থাকা।

~ عَنْ : বিরত থাকা।

~ بِ : আঁকড়াইয়া ধরা, সংরক্ষণ করা।

مَسَكَ الحِسَاب : হিসাব রাখা।

الدَّفَّة ~ : হাল ধরা, দায়িত্ব গ্রহণ করা।

لِسَانَهُ ~ : রসনা সংযত করা।

البَطْنَ ~ : কোষ্ঠবদ্ধ করা।

مَسَكَتِ النَّارُ : আগুন লাগা।

مَسَّكَ : (تَمْسِيك) কস্তুরী দ্বারা সুগন্ধি করা; ধারণ করানো, গ্রহণ করানো।

أَمْسَكَ : (إِمْسَاك) ধারণ করা, ধরিয়া রাখা; গ্রহণ করা, লওয়া; আঁকড়াইয়া ধরা, আটকাইয়া রাখা; বিরত রাখা; বারণ করা।

~ بِ : লাগিয়া থাকা, ঝুলিয়া থাকা; আঁকড়াইয়া থাকা; সংরক্ষণ করা।

~ عَنْ : বিরত রাখা; বিরত থাকা; দূরে থাকা।

أَمْسَكَ لِسَانَهُ : রসনা সংযত করা।

البَطْنَ ~ : কোষ্ঠবদ্ধ করা।

أَمْسَكَتِ النَّارُ : ~ بِ আগুন ধরা।

تَمَسَّكَ ধরিয়া রাখা, আঁকড়াইয়া ধরা; লাগিয়া থাকা।

تَمَاسَكَ : একত্রে আঁটিয়া থাকা, ঐক্যবদ্ধ থাকা, পরস্পর সংযুক্ত থাকা; সংসক্ত থাকা।

إِسْتَمْسَكَ : (إِسْتِمْسَاك) ~ بِ ধরিয়া থাকা, আঁকড়াইয়া ধরা, লাগিয়া থাকা।

~ : ~ عَنْ বিরত থাকা।

مَسْك : ধারণ, আঁকড়াইয়া ধরন। ব مُسُكٌ، مُسُوكٌ

مَسْك الدَّفْتَر : হিসাবরক্ষণ, book-keeping.

الحِسَابَات ~ : হিসাবরক্ষণের কার্য, accountancy.

مِسْك : কস্তুরী, মৃগনাভি, মেশক। ব مِسَكٌ



www.pathagar.com

غَزَالُ الْمِسْكِ : কস্তূরী-মৃগ।

نِمْس ~ : উদবিড়াল।

مِسْكَة : কস্তূরীর টুকরা; সামান্য পরিমাণ; পশু-মল। ব مِسَك

مُسْك : উপজীবিকা খাদ্য।

مُسْكَة : হাতল; বাঁট; অবলম্বন। ব مُسَك

مَسَاكَة، مَسَاك ,~ : কৃপণতা, কার্পণ্য।

مَسَك : বাঁধ; কচ্ছপের খোল।

مُسَكَة، مُسُك : কৃপণ, ব্যয়কুণ্ঠ।

مِسَاك : বাঁধ, পাড়; প্রান্ত।

مَسِيك : বাঁধ; কৃপণ; ব্যয়কুণ্ঠ; ওয়াটারপ্রুফ, waterproof.

أَرْض مَسِيكَة، مَسِيكَة : কঠিন ভূমি।

مُسْكَان : বাসনা। ব مَسَاكِين

إِمْسَاك : ধারণ, গ্রহণ, বারণ, নিষেধ; সংবরণ; কার্পণ্য; কোষ্ঠবদ্ধতা।

إِمْتِسَاك : অবিচলতা; অনুরাগ, আনুগত্য।

تَمَسُّك : আঁকড়াইয়া ধরন; একাগ্রতা; অবিচলতা, আসক্তি, অনুরাগ, নিষ্ঠা; তমসুক, ঋণ-স্বীকারপত্র, খত।

تَمَاسُك : সংসক্তি, সংযোগশীলতা; দৃঢ়তা।

مُمْسِك : ধারণকারী, গ্রহণকারী; বারণকারী; সংবরণকারী; কৃপণ, ব্যয়কুণ্ঠ, হিসাবী।

مُمَسَّك : কস্তূরী দ্বারা সুবাসিত, সুগন্ধযুক্ত।

سَابُون مُمَسَّك : টয়লেট সাবান, প্রসাধনী সাবান।

مُمْسَكَة : ঘোড়ার সাদা দাগযুক্ত পা।

مُتَمَسِّك : যে আঁকড়াইয়া ধরে; নিবেদিত প্রাণ; অবিচল; একাগ্র, নিষ্ঠাবান; সংসক্ত; সুদৃঢ়।

مُتَمَاسِك : পরস্পর সংযুক্ত, সংসক্ত, সুদৃঢ়।

تَمَسْكَنَ : মিসকীন হওয়া; নিঃস্ব হওয়া, দরিদ্র হওয়া।

مَسْكَنَة : দারিদ্র্য, নিঃস্বতা।

مِسْكِين : মিসকীন, দরিদ্র, নিঃস্ব, সর্বহারা। ব مَسَاكِين

مِسْكِين الدَّارِمِيّ : মিসকীন আদ-দারিমী আত-তামীমী (মৃ. ৭০৮ খ্রি.), প্রসিদ্ধ কবি ও লেখক।

مَسَلَ ـُ : (مَسْل) (পানি) প্রবাহিত হওয়া।

إِمْتَسَلَ : (إِمْتِسَال) (তরবারি) টানিয়া বাহির করা।

مَسَل : নদীর তলদেশ। ব مَسَائِل، مُسْلَان، مُسُل، أَمْسِلَة

مَسَالَة : চেহারার সৌন্দর্য।

مَسَى ـِ : (مَسْي) নিষ্কাশন করা; কৃশ করা, কাহিল করা।

مَسَّى : (تَمْسِيَة) শুভ সন্ধ্যা কামনা করা; সন্ধ্যায় আগমন করা।

مَسَّاكَ اللّٰهُ بِالْخَيْر : তোমার সন্ধ্যা শুভ হউক; শুভ সন্ধ্যা!

أَمْسَى : (إِمْسَاء) সন্ধ্যায় উপনীত হওয়া, সন্ধ্যায় প্রবেশ করা; কোন কিছু হওয়া, পরিণত হওয়া; সন্ধ্যায় করা বা হওয়া।

تَمَاسَى، تَمَسَّى : ছিঁড়িয়া যাওয়া, ছিন্ন হওয়া।

إِمْتَسَى : (إِمْتِسَاء) পিপাসার্ত হওয়া।

مَسَاء : সন্ধ্যা, বিকাল। ব أَمْسَاء، أُمْسِيَات

مَسَاءً : সন্ধ্যায়।

مَسَاءَ الْيَوْم : আজ সন্ধ্যায়।

مَسَاءَ أَمْس : গতকাল সন্ধ্যায়।

مَسَاءَ الْخَيْر : শুভ সন্ধ্যা!

مَسَائِيّ : সন্ধ্যাকালীন, সান্ধ্য।

مَشَّ ـُ : (مَشّ) হাড় চোষা; পানিতে ভিজানো, ডুবানো; পানি মিশানো; অল্প অল্প করিয়া গ্রহণ করা; শোষণ করা; লেহন করা; ঝগড়া করা।

مَشَّشَ : (تَمْشِيش) হাত চোষা, মজ্জা বাহির করা; (ডিম) পচিয়া যাওয়া।

أَمَشَّ : (إِمْشَاش) (হাড়) মজ্জাপূর্ণ হওয়া।

تَمَشَّشَ : মজ্জা বাহির করা।

إِنْمَشَّ : (إِنْمِشَاش) আপতিত হওয়া।



www.pathagar.com

إِمْتَشَّ : (إِمْتِشَاش) নিঃশেষ করা।

~ : ~ مِنْ অংশ লাভ করা।

مِش : ছানার পানি।

مُشَاش : নরম মাটি; আত্মা; মেযাজ, চরিত্র।

مُشَاشَة : নরম হাড়, প্রস্তরময় ভূভাগ। ব مُشَاش

مَشُوش : তোয়ালে, গামছা, রুমাল।

مِشْمِش : খোবানি, খোবানি-গাছ।

مُشَمَّش : পচা, নষ্ট (ডিম)।

مَشَجَ : ـُ (مَشْج) মিশ্রিত করা, বিজড়িত করা।

مَشْج، مَشَج : মিশ্রিত, বিজড়িত। ব أَمْشَاج

مَشِيج : মিশ্রিত, বিজড়িত; বীজকোষ।

مَشَحَ ـَ (مَشْح) : তৈল লেপন করা, মলম লাগানো।

أَمْشَحَ : (إِمْشَاح) (আকাশ) পরিষ্কার হইয়া যাওয়া।

مَشْحَة : চিকিৎসার্থে তৈলাদি লেপন।

مَشَرَ : ـَ (مَشْر) প্রফুল্ল হওয়া, অঙ্কুরিত হওয়া।

مَشَّرَ : (تَمْشِير) অঙ্কুরিত হওয়া, বস্ত্র পরিধান করানো।

أَمْشَرَ : (إِمْشَار) অঙ্কুরিত হওয়া।

تَمَشَّرَ : অঙ্কুরিত হওয়া; পোশাক পরিধান করা।

مَشْرَة : অঙ্কুর, ঘাস, তৃণ।

مَاشِر : ঘাসযুক্ত, তৃণাবৃত (ভূমি)।

مَشَطَ : ـُ (مَشْط)، مَشَّطَ (تَمْشِيط) (চুল) চিরুনি দ্বারা আঁচড়ানো, বিন্যস্ত করা।

مَشِطَ : ـَ (مَشَط) (হাত) ফাটিয়া যাওয়া, খসখসে হওয়া।

إِمْتَشَطَ، تَمَشَّطَ : (إِمْتِشَاط) চুল আঁচড়ানো, কেশবিন্যাস করা।

مُشْط : চিরুনি; আঁচড়া। ব أَمْشَاط، مِشَاط

مُشْط الرِّجْل : পায়ের গোড়ার উপরিভাগ, instep.

مُشْطَة : আঁচড়াইবার ধরন।

مُشْطِيّ : আলযুক্ত, দাঁতযুক্ত; চিরুনির ন্যায়।

مِشَاطَة : কেশবিন্যাসের পেশা।

مَاشِط : কেশবিন্যাসক, নরসুন্দর। ব مَوَاشِطُ

مَشِيط، مَمْشُوط، مُمَشَّط : আঁচড়ানো হইয়াছে এমন, বিন্যস্ত (কেশ)।

مَشَعَ : ـَ (مَشْع) অপহরণ করা, উপার্জন করা; আঁচড়ানো, জট ছাড়ানো; কড়মড় করিয়া চর্বণ করা; দোহন করা।

إِمْتَشَعَ : (إِمْتِشَاع) ছিনাইয়া লওয়া; নিঃশেষ করা; বাহির করা।

مَشَغَ : ـَ (مَشْغ) আঘাত করা; গালি দেওয়া।

مَشَّغَ : (تَمْشِيغ) কালিমাযুক্ত করা; রং লাগানো।

مِشْغَة : ছিন্ন নেকড়া।

مَشَقَ : ـُ (مَشْق) দ্রুত কাজ করা; বিস্তৃত করা, প্রসারিত করা, টানিয়া লম্বা করা; (চুলে) রং লাগানো; (চুল) আঁচড়ানো; (বস্ত্র) ছিঁড়িয়া ফেলা; (গাছের) পাতা ঝাড়া; চাবুক মারা, বেত্রাঘাত করা।

مَشْق الكِتَابَة : দ্রুত লেখার অনুশীলন।

مَشُقَ : দীর্ঘকায় ও কৃশ হওয়া।

مَاشَقَ : (مُمَاشَقَة) গালি দেওয়া।

أَمْشَقَ : (إِمْشَاق) চাবুক মারা, বেত্রাঘাত করা।

تَمَشَّقَ : (বস্ত্র) ছিন্ন হওয়া; ছিঁড়িয়া যাওয়া; (গাছের ডাল) ছালমুক্ত হওয়া।

تَمَاشَقَ : টানা।

إِمْتَشَقَ : (إِمْتِشَاق) কাড়িয়া লওয়া, টানিয়া আনা; (তরবারি) কোষমুক্ত করা।

مَشْق : লাল মাটি।

~ : নমুনা। ব أَمْشَاق

مِشْق : লাল মাটি, কৃশ, পাতলা; ছিপছিপে, লিকলিকে।

مِشْقَة : পশমের গুচ্ছ, তুলার স্তর; ছিন্নবস্ত্র, নেকড়া। ব مِشَق

مُشَاقَة، مُشَاق ،~ : শণ, পাট, তুলা, পশম ইত্যাদির আবর্জনা।

مَشِيق : জীর্ণ বস্ত্র।

مَمْشُوق ،~ : কৃশ, ছিপছিপে, পাতলা, লিকলিকে।



www.pathagar.com

إِمْتِشَاق : কৃশতা।

مَشْقَبِيَّة : টাকু, spindle.

مَشَلَ - ُ : (مُشُول) হ্রাস করা; টানিয়া বাহির করা।

مَشَّلَ : (تَشْبِيل) অল্প পরিমাণ দুধ দেওয়া।

إِمْتَشَلَ : (إِمْتِشَال) টানিয়া বাহির করা।

مِشْلَوْز : বাদামের ন্যায় মিষ্ট দানাযুক্ত খোবানি।

مِشْمِشَة، مِشْمِش : খোবানি, খোবানি-গাছ, apricot.

مِشْمِش لَوْزِيّ : বাদামের ন্যায় মিষ্ট দানাযুক্ত খোবানি।

~ كِلَابِيّ : তিক্ত দানাযুক্ত খোবানি।

بُكْرَةً فِي الْمِشْمِش : আগামীকাল কখনও আসে না।

مُشْمُلاَّ، مِشْمِلاَّ : আপেলজাতীয় ক্ষুদ্র ফল ও তাহার গাছ, medlar,

مَشَنَ - ُ : (مَشْن) নখ দ্বারা আঁচড়ানো, চাঁছিয়া ফেলা, ছাল তোলা।

إِمْتَشَنَ : (إِمْتِشَان) কাড়িয়া লওয়া; টানিয়া বাহির করা।

مَشْنَة : আঁচড়, চাঁছন।

مُشَان : তাজা খেজুর; হামানদিস্তা।

مَشَى - ِ : (مَشْي) হাঁটা, পদব্রজে চলা, পায়চারি করা, গমন করা, অগ্রসর হওয়া, মার্চ করা।

مَشَى بَطْنُهُ : পেট নরম হওয়া, পেট নামানো, নামানি হওয়া, উদরাময় হওয়া।

مَشَى بِالنَّمِيمَة : কুৎসা রটানো, গুজব ছড়ানো, গীবত করা।

مَشَّى، أَمْشَى : (إِمْشَاء، تَمْشِيَة) হাঁটানো, চালানো; ত্বরান্বিত করা; খাপ খাওয়ানো।

أَمْشَى الْبَطْنَ، مَشَّى الْبَطْنَ : পেট নরম করা, পায়খানা পাতলাব করা, পাতলা পায়খানা করানো।

مَاشَى : (مُمَاشَاة) একত্রে হাঁটা, পদাঙ্ক অনুসরণ করা; পাশাপাশি গমন করা; একই নীতিতে পরিচালিত হওয়া।

تَمَشَّى : খোঁড়াইয়া চলা, আস্তে আস্তে হাঁটা, পায়চারি করা, পদব্রজে গমন করা; একত্রে চলা।

~ مَعَ : খাপ খাওয়া, সঙ্গতিপূর্ণ হওয়া।

~ عَلَى : (নীতি) অনুসরণ করা।

~ فِي : ক্রিয়া করা।

تَمَاشَى : একত্রে হাঁটা, পাশাপাশি চলা।

مَشُو : বিরেচনা, (ঔষধ) জোলাপ।

مَشْي : হাঁটন, পদব্রজে গমন, পদক্ষেপ, পায়চারি; হাঁটিবার পথ।

مِشْيَة : হাঁটিবার ধরন, হাঁটিবার পদ্ধতি; চলন-ভঙ্গি, পদক্ষেপ।

مَشِيَّة : ইচ্ছা; বাসনা।

مَاشٍ : পদব্রজে গমনকারী; চলমান; পদাতিক সৈন্য। ব مُشَاة

الْمُشَاة : পদাতিক বাহিনী।

مَاشِيَة : পশু, গৃহপালিত পশু, গবাদিপশু। ব مَوَاشٍ

مَشَّاء : ভালো হাঁটিতে পারে এমন; গতিমান; পদব্রজে গমনকারী; নিন্দুক।

الْمَشَّاءُون : আরাস্তাতালিস (এরিস্টোটল)-এর দর্শনের অনুসারীবৃন্দ।

مَشَّايَة : দীর্ঘ ও সরু কার্পেট; পায়ে হাঁটিবার পথ, ফুটপাথ; বারান্দা।

مَشَّايَة الأَطْفَال : শিশুদের চড়িবার জন্য হাতে টানা ছোট গাড়িবিশেষ, baby walker.

مَمْشَى : পথ, পায়ে হাঁটিবার পথ, চলার পথ, ফুটপাথ; বারান্দা; ব্রিজ, Bridge; ক্রসিং, crossing. ব مَمَاشٍ

مَصَّ - ُ : (مَصّ) إِمْتَصَّ، (إِمْتِصَاص) চোষণ করা, চুষিয়া খাওয়া, শুষিয়া লওয়া; শোষণ করা।

تَمَصَّصَ، ~، ~ : চুমুক দেওয়া, অল্প পরিমাণ পান করা।

أَمَصَّ : চুষিতে দেওয়া।

مَصّ، إِمْتِصَاص : চোষণ, শোষণ।

قَصَب الْمَصّ : ইক্ষু।

مَصَّ : চুমুকদান।



www.pathagar.com

مَصَّة : চুমুক।

مُصَاص، مُصَّة : সারাংশ; শ্রেষ্ঠাংশ; মজ্জা।

مَصَّاص : যে চুষিয়া খায়; চোষণকারী, শোষণকারী, শুষিয়া লইতে পারে এমন, রক্তচোষা (বাদুড়বিশেষ)।

مَصَّاصَة : রক্তচোষা (বাদুড়বিশেষ); ক্ষুদ্রাকার পেঁচাবিশেষ।

مُصَاصَة : চুষিবার বস্তু।

مُصَاصَة القَصَب : ইক্ষুর ছোবড়া।

مُصَّان : ইক্ষু।

مَصُوص : সিরকা মিশ্রিত রন্ধনকৃত গোশত। ব مَصَائِص

مَصِيص : সিক্ত; স্যাঁতসেঁতে।

مَصِيصَة : বাটি।

مِصِّيص : চিকন শক্ত দড়ি, সুতলি।

مِمَصّ : যে নল দ্বারা চোষণ করা হয়; বক্রনল।

مَمْصُوص : চুষিয়া লওয়া হইয়াছে এমন, শোধিত; নিঃশেষিত, কৃশ, রোগা।

مُمْتَصّ : শুষিয়া লইতে পারে এমন; চুষিতেছে এমন; শোষক।

مَصَحَ - َ : (مُصُوح، مَصْح) অদৃশ্য হওয়া, ক্ষান্ত হওয়া; (বস্ত্র) জীর্ণ হওয়া; বিবর্ণ হওয়া; নিঃশেষিত হওয়া; নিশ্চিহ্ন হওয়া; মুছিয়া যাওয়া।

~, مَصِحَ - َ (مَصَح) : (ছায়া) সরু হওয়া, হ্রাস পাওয়া।

مَصَّحَ، أَمْصَحَ : (إِمْصَاح، تَمْصِيح) (রোগ) দূর করা; সারাইয়া দেওয়া।

أَمْصَح : সরু (ছায়া)।

مَصَخَ - َ (مَصْخ) : উৎপাটিত করা, সরাইয়া ফেলা।

اِمْتَصَخَ، تَمَصَّخَ : (اِمْتِصَاخ) দখল করা।

اِمْتَصَخَ ~ عَنْ : পৃথক হওয়া।

اِمَّصَخَ : (শিশু) দুধ ছাড়া।

مَصَدَ - ُ : (مَصْد) চোষা, চুষিয়া খাওয়া, অনুগত করা; (ঠাণ্ডা বা গরম) তীব্র হওয়া।

مَصْد : বজ্র; বর্ষণ।

~، مَصَد : (ঠাণ্ডা বা গরমের) তীব্রতা।

~، ~، مَصَاد : উঁচু ও লাল পাহাড়; পর্বত-শৃঙ্গ। ব أَمْصِدَة، مُصْدَان

مَصْدَة : বর্ষণ, বৃষ্টি।

مَصَاد : আশ্রয়স্থল, আশ্রয়।

مَصَرَ - ُ : (مَصْر)، اِمْتَصَرَ (اِمْتِصَار) আঙুলের অগ্রভাগ দ্বারা দুগ্ধ দোহন করা।

مَصَّرَ : (تَمْصِير) শহর বানানো; নগরে পরিণত করা; বসতি স্থাপন করা, জনপূর্ণ করা, আবাদ করা; মিসরীয় করা; অল্পপরিমাণ দুধ দেওয়া।

تَمَصَّرَ : (স্থান) জনপূর্ণ হওয়া; বসতিপূর্ণ হওয়া; শহর হওয়া; মিসরীয় হওয়া।

مِصْرُ : মিসর দেশ, যার রাজধানী কায়রো।

~ : জনপূর্ণ অঞ্চল, বড় শহর, প্রধান নগরী, রাজধানী; সীমান্ত। ব أَمْصَار

المِصْرَان : (নগরীদ্বয়) বসরা ও কূফা।

مِصْرِيّ : মিসরীয়; মিসরবাসী।

مَصُور : অল্পপরিমাণ দুধ দেয় এমন। ব مَصَائِر، مِصَار

مَصِير : নাড়িভুঁড়ি, অন্ত্র, (صِير)ব مَصَارِين، مُصْرَان

مَصَارِي : টাকা, অর্থ।

تَمْصِير : নগরে পরিণতকরণ, নগরায়ণ; বসতি স্থাপন; মিসরীয়করণ।

مُتَمَصِّر : নগরে পরিণত, নগরায়িত; মিসরীয়কৃত।

مُصْطَكَا، مَصْطَكَا، مُصْطَكَى، مَصْطَكَى : এক প্রকার বৃক্ষজাত গঁদ বা আঠা, মেস্টিক, mastic.

شَجَرَة المُصْطَكَاء : মেস্টিক-গাছ, mastic-tree. বাবলা গাছ।

مَصَعَ - َ : (مَصْع) (বিদ্যুৎ) ঝলকানো; (ঘোড়া) ছুটানো; আঘাত করা।

~ إِلَى : অকালে (বাচ্চা) প্রসব করা, গর্ভপাত করানো।

~ : (مُصُوع) নিঃশেসিত হওয়া, ফুরাইয়া যাওয়া।



www.pathagar.com

مَاصَعَ، تَمَاصَعَ : (مُمَاصَعَة) ঝগড়া করা।

اِنْمَصَعَ، اِمْتَصَعَ : (اِمْتِصَاع، اِنْمِصَاع) فِي ~ গভীরে প্রবেশ করা।

مَصِع، مَصَع : যুদ্ধসম্বন্ধীয়, যুদ্ধপ্রিয়, সামরিক।

مَاصِع، مَاصِعَة : সামান্য পরিমাণ দুধ দেয় এমন প্রাণী।

مَصَلَ ـُ : (مَصْل) ফোঁটায় ফোঁটায় পড়া; ছাঁকা; (ক্ষত) পাকিয়া উঠা; পনির বানানো।

~ : (مُصُول) (দুধ) জমিয়া যাওয়া, ছানায় পরিণত হওয়া; দধি বানানো।

أَمْصَلَ : (إِمْصَال) (সম্পদ) অপচয় করা, ফুরাইয়া ফেলা।

مَصْل، مَصَالَة : ছানার পানি; জলীয় অংশ।

مَصْلِيّ : জলীয়, পাতলা।

مَصْلِيَّة : জলময়তা।

مَاصِل : সামান্য পরিমাণ দুধ, অকিঞ্চিৎকর দান।

مَاصُول : ক্লারিনেট, clarionet (বাদ্যযন্ত্রবিশেষ)।

مُصْلَطِح : অগভীর।

مَصْمَصَ : (مَصْمَصَة) চোষা, চুষিয়া খাওয়া, শুষিয়া লওয়া; চুমুক দেওয়া; চাটা, লেহন করা।

مَضَّ ـُ : (مَضِيض، مَضّ)، أَمَضَّ (إِمْضَاض) কষ্ট দেওয়া, দুঃখ দেওয়া, আঘাত দেওয়া, যন্ত্রণা দেওয়া, জ্বালা দেওয়া।

~ ـَ : (مَضَض، مَضِيض، مَضَاضَة) কষ্ট পাওয়া, দুঃখ পাওয়া, ব্যথা অনুভব করা, আঘাত করা।

تَمَاضَّ : পরস্পর ঝগড়া করা।

مَضّ، مَضَض : ব্যথা, কষ্ট, দুঃখ, যন্ত্রণা, আঘাত; টক দুধ।

مُمِضّ ~ : কষ্টদায়ক, যন্ত্রণাদায়ক।

مُضَاض : লবণাক্ত পানি; খাঁটি।

مَضَاضَة : যন্ত্রণা, কষ্ট।

مَضَحَ ـَ : (مَضْح)، أَمْضَحَ (إِمْضَاح) অসম্মান করা, সুনাম নষ্ট করা।

مَضَرَ، مَضُرَ ـُ مَضِرَ ـَ : (مَضْر، مَضَر، مُضُور) (দুধ) টক হইয়া যাওয়া।

مَضَّرَ : (تَمْضِير) ধ্বংস করা; মুদার-গোত্রীয়রূপে অভিহিত করা।

تَمَضَّرَ : মুদার-গোত্রীয়রূপে অভিহিত হওয়া।

مَضِر : তাজা, কোমল; সুখী (জীবন)।

مَاضِر، مَضِير : টক (দুধ)।

مُضَر : (مُضَربن نزار) আরবের একটি প্রাচীন গোত্র। ফুরাত উপকূলে ইহাদের বসতি ছিল। নিসবাত مُضَرِي

مُضَارَة : ছানার পানি।

مَضِيرَة : টক দুধ মিশাইয়া রন্ধনকৃত গোশত।

مَضَغَ ـُ : (مَضْغ) চর্বন করা, চিবানো।

مَضَغَ الكَلَامَ : অস্পষ্টভাবে কথা বলা, চিবাইয়া কথা বলা।

مَاضَغَ : (مُمَاضَغَة) বেপরোয়াভাবে সংগ্রাম করা।

أَمْضَغَ : (إِمْضَاغ) খাইবার যোগ্য হওয়া; (খেজুর) পাকা।

مَضْغ : চর্বন।

مُضْغَة : চর্বিত বস্তু; কামড়; গ্রাস; ক্ষুদ্র মাংসপিণ্ড; চুয়িংগাম, chewing-gum. ব مُضَغ

مُضْغَة طَيِّبَة : সুস্বাদু গ্রাস, উপাদেয় খাদ্যাংশ।

مَضَاغ : চর্বিত বস্তু।

مُضَاغَة : চর্বিত বস্তু; চুয়িংগাম, chewing-gum.

مَضَّاغَة : উন্মাদ।

مَضِيغَة : হাড়ের সহিত সংলগ্ন গোশত। ব مَضِيغ، مَضَائِغ

مُمَاضَغَة : বেপরোয়া সংগ্রাম।

مَضْمَضَ : (مَضْمَضَة) কুলি করা, কুলকুচা করা, পানি দ্বারা মুখগহ্বর ধৌত করা।

مَضَى ـِ : (مُضُوّ، مُضِيّ) গমন করা, চলিয়া যাওয়া, প্রস্থান করা; বিগত হওয়া, অতিবাহিত হওয়া, শেষ হইয়া যাওয়া, ফুরাইয়া যাওয়া।

~ بِ : লইয়া যাওয়া।

~ عَلَى : সমাপ্ত করা, সম্পন্ন করা; মঞ্জুর করা, সমর্থন করা, অনুমোদন করা।

~ فِي : অগ্রসর হওয়া, চালাইয়া যাওয়া, গভীরে প্রবেশ করা।



www.pathagar.com

~ : (مَضَاء) (তরবারি) ধারালো হওয়া।

مَضَى لِسَبِيلِه، مَضَى سَبِيلَهُ : স্বীয় পথে চলিয়া যাওয়া, মরিয়া যাওয়া।

~ فِي كَلَامِه : বলিয়া চলা, চলিতে থাকা।

~ مَامَضَى : যা ঘটিবার ঘটিয়া গিয়াছে।

فِيمَا مَضَى : অতীতে, ইতঃপূর্বে ঘটিত বিষয়ে।

مَضَّى : (تَمْضِيَة) অতিবাহিত করা; (সময়) ব্যয় করা।

أَمْضَى : (إِمْضَاء) সম্পন্ন করা, সমাপ্ত করা; নিষ্পন্ন করা, কার্যকর করা; ত্বরান্বিত করা; পিছনে ফেলিয়া আসা; স্বাক্ষর করা।

تَمَضَّى : সুসম্পন্ন হওয়া; কার্যকর হওয়া, বাস্তবায়িত হওয়া।

مُضُوّ، مُضِيّ : গমন, প্রস্থান; সমাপ্তি, অতিক্রমণ।

مَضَاء : তীক্ষ্ণতা, ধার, তেজ, ক্ষমতা।

مَاضٍ : তীক্ষ্ণ, ধারালো, কার্যকর; অতীত, গত, বিগত, পূর্ববর্তী। ব مَوَاضٍ

الزَمَن المَاضِي، المَاضِي : অতীতকাল (ব্যা)।

~ الفِعْلُ : অতীতকালজ্ঞাপক ক্রিয়া (ব্যা)।

أَمْضَى : তীক্ষ্ণতর; অধিকতর কার্যকর।

إِمْضَاء : কার্যকরকরণ, বাস্তবায়ন; সম্পাদন; স্বাক্ষরদান।

~ , إِمْضَاءَة : স্বাক্ষর।

صَاحِب الإِمْضَاء : স্বাক্ষরকারী, স্বাক্ষরদাতা।

تَمْضِيَة : বাস্তবায়ন, সম্পাদন, কার্যকরণ; (সময়) অতিক্রান্তকরণ।

مُمْضٍ : স্বাক্ষরদাতা, স্বাক্ষরকারী।

مُمْضَى : স্বাক্ষরিত।

مَطَّ : ـُ (مَطّ، مَطَط) টানিয়া লম্বা করা; প্রসারিত করা; আঁটা।

مَطَّ خَدَّهُ : অহংকারী হওয়া।

مَطَّطَ : (تَمْطِيط) টানিয়া লম্বা করা, মাত্রাতিরিক্ত প্রসারিত করা; নিন্দা করা, গালি দেওয়া।

تَمَطَّطَ : প্রসারিত হওয়া; লম্বমান হওয়া, প্রশস্ত হওয়া, স্থিতিস্থাপক হওয়া, প্রসারণযোগ্য হওয়া; রবারের মত হওয়া; আঠালো হওয়া, চটচটে হওয়া; হেলিয়া দুলিয়া চলা।

تَمَطَّطَ فِي الكَلَامِ : টানিয়া টানিয়া কথা বলা।

مَطّ : প্রসারণ; প্রলম্বন।

مَطَّاط : প্রসারণযোগ্য, স্থিতিস্থাপক; আঠালো বস্তু, রবার।

مَطِيطَة : চাড়ির তলায় জমিয়া থাকা ময়লা; পশুর পদাঘাতে সৃষ্ট গর্ত। ব مَطَائِط

مُطَيْطَى، مُطَيْطَاء، مَطِيطَاء : উদ্ধত আচরণ, অহংকারী মনোভাব।

تَمَطُّط : প্রসারণযোগ্যতা, স্থিতিস্থাপকতা।

مَطَحَ : ـَ (مَطْح) চপেটাঘাত করা।

تَمَطَّحَ، إِمْتَطَحَ : (إِمْتِطَاح) (নদী) স্ফীত হওয়া।

مَطَخَ : ـَ (مَطْخ) অধিক ভোজন করা।

مَطَّاخ : নির্বোধ; অহংকারী; লম্পট। ব مَطَاطِخ

مَطَرَ : ـُ (مَطْر، مَطَر) (বৃষ্টি) বর্ষণ করা; ঢালিয়া দেওয়া।

~ : (مُطُور، مَطْر) দ্রুত দৌড়ানো; পলায়ন করা।

~ : (مُطُور)، تَمَطَّرَ ~ فِي অতিক্রম করা, ভিতর দিয়া যাওয়া।

~ : بِ লইয়া যাওয়া।

أَمْطَرَ : (إِمْطَار) বৃষ্টি বর্ষণ করা; ফোঁটায় ফোঁটায় ফেলা।

تَمَطَّرَ : বৃষ্টিতে ভেজা; দ্রুত দৌড়ানো; উড়িয়া যাওয়া।

إِسْتَمْطَرَ : (إِسْتِمْطَار) বৃষ্টি চাওয়া; অনুগ্রহ প্রার্থনা করা; আশা করা; কামনা করা; দৃষ্টি নীচু করা।

~ عَلَى : অশুভ কামনা করা, অমঙ্গল চাওয়া।

مَطَر : বৃষ্টি, বর্ষণ। ব أَمْطَار

مَطَر خَفِيف : হালকা বৃষ্টি, গুঁড়ি গুঁড়ি বৃষ্টি।

مِقْيَاس المَطَر : বৃষ্টি পরিমাপ-যন্ত্র, rain-gauge.



www.pathagar.com

نُزُول المَطَر : বৃষ্টিপাত।

مَطْرَة : বৃষ্টির পসলা।

مُطْر، مَطْرَة : প্রথা, রীতি।

مَطَرَة : বৃষ্টির পসলা; পানির মশক; কাঠের কিংবা চামড়ার পাত্র।

مُمْطِر، مَطِير، مَاطِر، مَطِر : বৃষ্টিবহুল, বাদলা।

مَطَرِيَّة : ছাতা; (পানির) মগ।

مَطَار : বিমানবন্দর (طير)

مَطَارَة : প্রশস্ত মুখবিশিষ্ট (কূপ)।

مَطَّار : দ্রুতগামী (অশ্ব)।

مِمْطَرَة، مِمْطَر : রেইনকোট, rain-coat. ওয়াটার প্রুফ পোশাক। ব مَمَاطِر

مُسْتَمْطَر، مَطِير، مَمْطُور : বর্ষণসিক্ত।

مُتَمَطِّر : দ্রুতগামী (অশ্ব)।

مُتَمَاطِر : সবিরাম (বৃষ্টি)।

مَطْرَان، مِطْرَان : (খ্রিস্টান) আর্চবিশপ, archbishop. ব مَطَارِين، مَطَارِنَة

خَلِيل مَطْرَان : খালীল মাতরান (১৮৭১-১৯৪৯) ঃ লেবাননের প্রখ্যাত আরবী কবি। তিনি মিসরে বসবাস করিতেন।

مَطَعَ - َ : (مَطْع) পলাইয়া যাওয়া।

تَمَطَّعَ : প্রসারিত হওয়া, লম্বা হওয়া।

تَمَطَّقَ : সশব্দে চুম্বন করা, স্বাদ লওয়া।

مَطْقَة : মিষ্টতা, মধুর স্বাদ।

مَطَلَ - ُ : (مَطْل) টানিয়া লম্বা করা, প্রসারিত করা; (ধাতু) পিটাইয়া চেপটা করা, ঢালাই করা।

~ ب ~ (اِمْطَال، مُمَاطَلَة) : اِمْتَطَلَ، مَاطَلَ ~، বিলম্বিত করা, (ঋণ) আদায় করিতে দেরি করা, টালবাহানা করা।

مَطْل، مُمَاطَلَة : বিলম্বিতকরণ।

مُطْلَة، مَطْلَة : পাত্রের অবশিষ্ট পানি।

مَطَّال : লৌহকার, কামার।

مِطَالَة : কর্মকারের পেশা।

مَطُول، مُمَاطِل : বিলম্বকারী, গড়িমসিকারী।

مَطِيل : পিটাইয়া চেপটা করা যায় এমন।

مَطِيلَة : লোহার পাত, টিন। ব مَطَائِل

مَمْطُول : পিটাইয়া পাতলা করা হইয়াছে এমন; নমনীয়; বিলম্বিত।

مَمْطُولِيَّة : নমনীয়তা।

مُمَاطَلَة : বিলম্বিতকরণ।

مَطَا - ُ : (مَطْو) ত্বরা করা, দ্রুতচলা; (আরোহীর) বাহন দ্রুত চালানো; (দড়ি) টানা।

~ بِ : পথ দীর্ঘ করা।

مَطِيَ - َ : (مَطًا) (দিন) দীর্ঘায়িত হওয়া।

أَمْطَى : (إِمْطَاء) (বাহনে) আরোহণ করা; আরোহণ করানো।

تَمَطَّى : প্রসারিত হওয়া, প্রলম্বিত হওয়া, দীর্ঘায়িত হওয়া; অঙ্গ-প্রত্যঙ্গ ছড়াইয়া দেওয়া, বাহু ছড়াইয়া হাঁটা, গভীরে চলা।

مِطْو : সমকক্ষ, অনুরূপ। ব أَمْطَاء، مِطَاء

مَطْوَة : ঘণ্টা, সময়, মুহূর্ত।

مِطْوَاة : কলম-কাটা ছুরি, penknife.

مُطْوَاء : দৈর্ঘ্য, বিস্তৃতি, প্রসারতা।

مَطًا : পশু-পৃষ্ঠ। ব أَمْطَاء

مَطِيَّة : বাহন; আরোহণের পশু; যন্ত্র। ব مَطَايَا

مُتَمَطٍّ : আরোহণকারী।

مَظَّ - ُ : (مَظّ) নিন্দা করা, দোষ পাওয়া।

مَاظَّ : (مُمَاظَّة) প্রতিরোধ করা; কঠোর আচরণ করা।

تَمَاظَّ : গালাগালি করা।

مَظَاظَة: কঠোরতা, রূঢ়তা।

مَظَعَ - َ : (مَظْع)، مَظَّعَ (تَمْظِيع) নরম করা।

تَمَظَّعَ : চাটা।

~ فِي : দীর্ঘসূত্রী হওয়া, বিলম্ব করা।

مَعَ، مَعْ : (অ) সহিত, সঙ্গে, সহযোগে, সহকারে, পক্ষে; সত্ত্বেও; সম্পর্কে।

مَعًا : একত্রে, একসঙ্গে, একই সময়ে।



www.pathagar.com

مَعَ أَنَّ : যদিও।

مَعَ ذٰلِكَ : তাহা সত্ত্বেও, তবুও।

مَعَ كَوْنِهِ غَنِيًّا : তাহার ধনী হওয়া সত্ত্বেও।

مَعِيَّة : সঙ্গ, সাহচর্য; সান্নিধ্য, সম্পর্ক; অনুচরবর্গ।

مَعِيَّة، فِي مَعِيَّة : সঙ্গে।

مَعَتَ - َ : (مَعْت) (চামড়া) ঘর্ষণ করা।

مَعَجَ - َ : (مَعْج) সম্মুখে ধাবিত হওয়া, আগাইয়া চলা; (বাতাস) প্রবাহিত হওয়া; ধাক্কা দেওয়া; নাড়ানো, ঝাঁকানো; উত্তাল হওয়া, তরঙ্গায়িত হওয়া, অস্থির হওয়া, উত্তেজিত হওয়া।

تَمَعَّجَ : আঁকিয়া বাঁকিয়া যাওয়া; নর্তন-কুর্দন করা, লাফালাফি করা।

مَعْجَة : (যৌবনের) উন্মেষ।

فِي مَعْجَةِ الشَّبَابِ : যৌবনের উন্মেষকালে।

مَعُوج : দ্রুতগামী অশ্ব।

مُتَمَعِّج : আঁকাবাঁকা, সর্পিল।

مَعَدَ - َ : (مَعْد)، إِمْتَعَدَ (إِمْتِعَاد) কাড়িয়া লওয়া, টানিয়া বাহির করা; পাকস্থলীতে আঘাত দেওয়া; ভ্রমণ করা।

مُعِدَ : পাকস্থলীতে অসুখ হওয়া।

مَعْد : নরম; তাজা (ফল); দ্রুতগামী (উট); মোটা।

مَعَدّ : পার্শ্বদেশ।

مَعْدَة : (ب مِعَد) مَعِدَة (ب مَعِد) পাকস্থলী, stomach.

مَرَض الْمَعْدَة : পাকস্থলী-সংক্রান্ত ব্যাধি, অজীর্ণ রোগ।

إِلْتِهَاب ~ : পাকস্থলীর প্রদাহ, gastritis.

مَعَدِيّ، مِعْدِيّ : পাকস্থলী-সম্বন্ধীয়; ক্ষুধাবর্ধক।

مَمْعُود: পাকস্থলীতে অসুখ আছে এমন; অজীর্ণ-রোগগ্রস্ত।

مُتَمَعِّدَة : তাজা, রসালো (খেজুর)।

مَعِرَ - َ : (مَعَر)، تَمَعَّرَ ঝরিয়া পড়া।

مَعَّرَ (تَمْعِير) : (ক্রোধে) চেহারা বিকৃত করা।

أَمْعَرَ : (إِمْعَار) পাথেয় ফুরাইয়া যাওয়া; নিঃস্ব হওয়া, দরিদ্র হওয়া; (ভূমি) তৃণশূন্য হওয়া।

مَعِر، أَمْعَر : কেশবিহীন (মাথা); অপ্রতুল (কেশ); তৃণশূন্য (ভূমি); কৃপণ।

مَعَّار : বড়াইকারী, অহংকারী, আত্মম্ভরী।

مُمْعُور : ক্রুদ্ধ চেহারাবিশিষ্ট।

مَعِزَ - َ : (مَعَز)، أَمْعَزَ (إِمْعَاز) বহু ছাগলের মালিক হওয়া, ছাগসমৃদ্ধ হওয়া।

مَعُزَ - َ : (مَعَز) শক্ত হওয়া, কঠিন হওয়া।

مَا أَمْعَزَهُ : কী শক্ত! কী কঠিন!

تَمَعَّزَ : (চেহারা) ভ্রূকুটিপূর্ণ হওয়া, কঠোর হওয়া।

إِسْتَمْعَزَ : (إِسْتِمْعَاز) পরিশ্রমী হওয়া, অধ্যবসায়ী হওয়া, উদ্যমী হওয়া।

مَعَز، مَعْز : ছাগল, বকরি, ছাগ। ব مِعْزَى، مَعِيز، أَمْعُز

~ : কাঠিন্য।

مَاعِز : ছাগল, ছাগচর্ম। ব مَوَاعِز

مَعِز، مُسْتَمْعِز : উদ্যমশীল।

مَعَّاز : ছাগ পালনকর্তা, ছাগলওয়ালা।

أَمْعَز : কঠিন, প্রস্তরময় (ভূমি)। স্ত্রী مَعْزَاء، ব أَمَاعِز، مُعْز

أُمْعُوز : ছাগ, পাহাড়ি ছাগলের পাল। ব أَمَاعِيز، أَمَاعِز

مَعَسَ - َ : (مَعْس) সজোরে ঘর্ষণ করা, চূর্ণ করা; আঘাত করা; গালি দেওয়া।

مَعَّسَ : (تَمْعِيس) ভাঙ্গিয়া ফেলা, ধ্বংস করা।

مَعَّاس، مُتَمَعِّس : নির্ভীক, সাহসী।

مَعِضَ - َ : (مَعْض)، إِمْتَعَضَ (إِمْتِعَاض) ~ مِنْ বিরক্ত হওয়া, ক্রুদ্ধ হওয়া, উত্তেজিত হওয়া, অসন্তুষ্ট হওয়া।

مَعَّضَ، أَمْعَضَ : (تَمْعِيض، إِمْعَاض) বিরক্ত করা, উত্তেজিত করা।

مَعِض، مَاعِض، مُمْتَعِض : বিরক্ত, ক্রুদ্ধ, অসন্তুষ্ট, উত্তেজিত।



www.pathagar.com

مَعَلَ - َ : (مَعْل) কাড়িয়া লওয়া; ধ্বংস করা।

~ بِ : নিন্দা করা, গীবত করা।

مَعِل : তীক্ষ্ণ; দক্ষ।

مَعَالَة : দুষ্কৃতি, অনিষ্ট।

مَعْمَعَة : দাউ দাউ শব্দ; কোলাহল; তীব্র উত্তাপ। ব مَعَامِع

مَعَامِع : যুদ্ধ।

مَعْمَعَان : গর্জন, প্রকোপ, প্রচণ্ডতা।

مَعْمَعَان الشِّتَاء : তীব্র শীত।

~ الصَّيْف : প্রচণ্ড গরম।

مَعْمَعِيّ : সুবিধাবাদী ব্যক্তি, জীহুজুরে অভ্যস্ত।

مَعَنَ - ُ : (مَعْن) ~ بِ স্বীকার কিংবা অস্বীকার করা।

~ - َ : (مَعْن)، مَعُنَ - ُ (مُعُون) (পানি) প্রবাহিত হওয়া; (ঘোড়া) দৌড় শুরু করা।

مَعَنَ - َ : (مَعْن) সিঞ্চিত হওয়া, সিক্ত হওয়া; (উদ্ভিদ) গজানো।

أَمْعَنَ : (إِمْعَان) (পানি) প্রবাহিত হওয়া, (ঘোড়া) দৌড় শুরু করা; দ্রুত দৌড়ানো; সিঞ্চিত হওয়া, সিক্ত হওয়া; ধনী হওয়া; দরিদ্র হওয়া।

~ فِي : আগ্রহী হওয়া, নিবেদিত হওয়া, একাগ্রতার সহিত করা, মনোযোগী হওয়া; অভিনিবিষ্ট হওয়া; উত্তমরূপে পরীক্ষা করা, নিরীক্ষণ করা।

تَمَعَّنَ، أَمْعَنَ النَّظَرَ ~ فِي : দৃষ্টি নিবদ্ধ করা, স্থির দৃষ্টিতে তাকাইয়া থাকা; মনোযোগ সহকারে বিবেচনা করা, গভীরভাবে মনোনিবেশ করা, সূক্ষ্মভাবে পরীক্ষা করা; নিরীক্ষণ করা; পর্যবেক্ষণ করা।

مَعْن : উপকারী; সহজ, প্রচুর; বিরল।

مَعَان : সরাইখানা; খনিজ পানির উৎস।

مَاعُون : জিনিসপত্র, আসবাবপত্র, নিত্যপ্রয়োজনীয় গার্হস্থ্য সামগ্রী; যন্ত্রপাতি; পাত্র; (সি) কাগজের রিম, বান্ডিল; কড়াই। ব مَوَاعِين

مَعُونَة، مَاعُونَة : মালবাহী নৌকাবিশেষ, বার্জ, barge.

إِمْتِعَاض : ক্রোধ, বিরক্তি, অসন্তোষ, উত্তেজনা।

مَعَطَ - َ : (مَعْط) উৎপাটিত করা।

~ بِ : বিলম্বিত করা, ফেলিয়া রাখা।

إِمْتَعَطَ : (إِمْتِعَاط) টানিয়া বাহির করা, (তরবারি) কোষমুক্ত করা।

مَعِطَ - َ (مَعَط) : বিরল কেশ বা পশমবিশিষ্ট হওয়া।

(إِمْتِعَاط) : إِمْتَعَطَ، إِمَّعَطَ، إِمَّعَطَ، تَمَعَّطَ (কেশ) পড়িয়া যাওয়া।

أَمْعَط، مَعِط : কেশবিহীন, টেকো; লোমশূন্য; তৃণবিহীন (ভূমি)। স্ত্রী مَعْطَاء ব مُعْط

مَعَقَ - َ : (مَعْق) ধুইয়া নেওয়া, ভাসাইয়া নেওয়া; ঢকঢক করিয়া পান করা।

مَعُقَ - ُ : (مَعَاقَة، مَعْق) গভীর হওয়া, সুদূর হওয়া।

أَمْعَقَ : (إِمْعَاق) গভীর করা।

تَمَعَّقَ : গভীর হওয়া; দুষ্ট হওয়া।

أَمَاعِيق : مَعَق، مُعْق، مَعْق গভীরতা; দূরত্ব; দূরবর্তী অঞ্চল, সুদূর প্রান্ত। ব أَمَاعِق، أَمْعَاق

مَعِيق : গভীর।

مَعَكَ - َ : (مَعْك) ঘর্ষণ করা; মর্দন করা; চূর্ণ করা; (কুস্তিতে) পরাজিত করা।

مَعُكَ - ُ : (مَعَاكَة) উন্মাদ হওয়া।

مَعَّكَ : (تَمْعِيك) মাটির উপর দিয়া টানিয়া আনা।

تَمَعَّكَ : মাটিতে গড়াগড়ি দেওয়া।

مَعِك، مِمْعَك، مُمَاعِك : ঋণ পরিশোধে গড়িমসিকারী।

~ : নির্বোধ; ঝগড়াকারী।

مَعْكِي : বহুসংখ্যক উট।

مَعْكَاء : স্থূলকায় উট।

مَعِيكَة : মাখন ও চিনি মাখানো গরম রুটি।

مَعْكَرُونَة : ময়দার তৈরি গোলাকৃতি পিঠাবিশেষ, macaroni.



www.pathagar.com

مَعِين : প্রবহমান, চলমান।
~ : প্রবহমান পানি। ব مُعُنَات، مُعُن
تَمَعُّن، إِمْعَان النَّظَر، إِمْعَان : সূক্ষ্ম পরীক্ষা, সতর্ক পর্যবেক্ষণ, নিরীক্ষণ; গভীর মনোযোগ, অভিনিবেশ।
بِتَمَعُّنٍ : মনোযোগের সহিত, অভিনিবেশ সহকারে।
مَعَا - ُ : (مُعَاء) (বিড়াল) মিউমিউ করা।
أَمْعَى : (إِمْعَاء) (খেজুরগাছ) পাকা খেজুর ধারণ করা।
تَمَعَّى : ছড়াইয়া পড়া।
مَعْو : পাকা খেজুর।
مَعًى، مِعًى، مِعَاء : অন্ত্র, নাড়িভুঁড়ি। ব أَمْعِيَة
إِلْتِهَاب الأَمْعَان : অন্ত্র-প্রদাহ।
مِعَوِيّ : অন্ত্র-সম্বন্ধীয়।
الحُمَّى المِعَوِيَّة : বাতশ্লেষ্মা-জ্বর, টাইফয়েড জ্বর।
~ النَّزْلَة : অন্ত্র-প্রদাহ।
مَغَثَ - ُ : (مُغْث) আস্তে আস্তে প্রহার করা; (সুনাম) ক্ষুণ্ণ করা।
مَاغَثَ : (مُمَاغَثَة) সংগ্রাম করা, কুস্তি প্রতিযোগিতা করা।
مَغْث : সংগ্রাম, সংঘাত; বলি খেলা। ব مِغَاث
مَغِث : মল্লযোদ্ধা, কুস্তিগির, ব্যায়ামবীর।
مُغَاث : সুগন্ধি গুল্মবিশেষ।
مَمْغُوث، مَغِيث : বাতাস কিংবা বৃষ্টির কারণে ভূমিতে পতিত ফসলের গাছ।
مَغَدَ - َ : (مَغْد) চোষা, চুমুক দেওয়া; স্তন্য পান করা।
~ , مَغِدَ - َ : (مَغَد) স্থূল হওয়া।
أَمْغَدَ : (إِمْغَاد) (শিশুকে) স্তন্যপান করানো।
مَغْد : কোমল; স্থূলকায়; লম্বা।
مَغَد : বেগুনগাছ; আলুজাতীয় উদ্ভিদবিশেষ, mandrake.

مَغَرَ - َ : (مَغْر) দ্রুত অতিক্রম করা, পতিত হওয়া।
مَغَّرَ : (تَمْغِير) লাল মাটি দ্বারা রং দেওয়া।
أَمْغَرَ : (إِمْغَار) (ভেড়া) লালচে দুধ দেওয়া; বিদ্ধ করা।
مَغْرَة : হাল্কা বৃষ্টি, মৃদু বর্ষণ।
مَغَرَة : লাল মৃত্তিকা।
مُغْرَة، مَغَر : লালচে রঙ।
مَغِير : লালচে দুধ।
أَمْغَر : লালচে, তাম্রবর্ণ; পাটলবর্ণ।
مَغَسَ - َ : (مَغْس) ~ بِ (বর্শা দ্বারা) বিদ্ধ করা।
مَغَصَ - َ : (مَغْص)، أَمْغَصَ (إِمْغَاص) শূল বেদনায় ভোগানো; পেট কামড়ানির উদ্রেক করা।
مُغِصَ : (مَغْص)، مَغِصَ - َ (مَغَص)، تَمَغَّصَ، إِنْغَمَصَ (إِنْغِمَاص) শূল বেদনায় ভোগা, পেট কামড়ানো।
مَغْص كَبِدِيّ : যকৃত প্রদাহ।
~ كُلْوِيّ : মূত্রাশয় প্রদাহ।
مَمْغُوص : শূল বেদনায় ভুগিতেছে এমন, পেট কামড়ানি আছে এমন।
مَغَطَ - َ : (مَغْط)، مَغَّطَ (تَمْغِيط) টানিয়া লম্বা করা, প্রসারিত করা।
إِمَّغَطَ، تَمَغَّطَ : প্রসারিত হওয়া, প্রলম্বিত হওয়া।
~ : দৌড়ানো, ধাবিত হওয়া।
إِمْتَغَطَ : (إِمْتِغَاط) প্রসারিত হওয়া; প্রলম্বিত হওয়া; (বেলা) বৃদ্ধি পাওয়া; (তরবারি) কোষমুক্ত করা।
مُتَمَغِّط : টানিয়া লম্বা করা যায় এমন, স্থিতিস্থাপক; নমনীয়; আঠালো।
مَغْطَسَ : (مَغْطَسَة) চুম্বকধর্মী করা, চুম্বকায়িত করা।
تَمَغْطَسَ : চুম্বকধর্মী হওয়া, চুম্বকায়িত হওয়া।


www.pathagar.com

تَمَغْطُس، مَغْطَسَة : চুম্বকধর্ম, চুম্বকধর্মিতা।

مُمَغْطَس : চুম্বকধর্মী, চুম্বকায়িত।

مَغْفُون : স্বরবর্ধক চোঙ, megaphone.

مَغَلَ، مَغَلَ، - َ مَغْلاً : (مَغْل) (পশু) শূল বেদনা অনুভব করা।

~ (مَغَالَة، مَغْلاً) : ~ بِ ~ নিন্দা করা, অপবাদ দেওয়া।

مَغِلَ - َ : (مَغَل) (চক্ষু) নষ্ট হইয়া যাওয়া।

أَمْغَلَ : (إِمْغَال) প্রতি বৎসর বাচ্চা প্রসব করা।

مَغْل، مَغَل : গর্ভবতীর দেয় দুগ্ধ।

مَغْلَة : কাদামাখা ঘাস খাওয়ার কারণে সৃষ্ট (পশুর) শূল বেদনা; প্রতি বৎসর বাচ্চা প্রসব করে এমন বকরি বা ভেড়ী। ব مِغَال

مَغَالَة : বিশ্বাসঘাতকতা।

مِمْغَل : মৃত্তিকাভুক।

مَغْمَغَ : (مَغْمَغَة) মিশ্রিত করা, বিজড়িত করা।

مَغْمَغَ الْكَلَامَ : অস্পষ্টভাবে কথা বলা।

خَشَبُ الْمُغْنَى، خَشَبُ الْمُغْنَة، مُغْنَى، مُغْنَة : মেহগনি কাঠ।

مَغْنَطَ : (مَغْنَطَة) চুম্বকধর্মী করা, চুম্বকায়িত করা।

تَمَغْنُط، مَغْنَطَة : চুম্বকধর্ম, চুম্বকধর্মিতা, চুম্বকধর্মীকরণ।

مَغْنَاطِيس، مَغْنَطِيس : (গ্রী) চুম্বক; আকর্ষণশক্তি।

مَغْنَطِيس كَهْرَبَائِي : তড়িৎচুম্বক।

حَجَر الْمَغْنَطِيس : চুম্বক-প্রস্তর।

~ عِلْم : চুম্বক-বিজ্ঞান, চুম্বক-তত্ত্ব।

مَغْنَطِيسِيّ : চুম্বকধর্মী; চুম্বক-সংক্রান্ত; আকর্ষক; সম্মোহনী।

إِضْطِرَاب مَغْنَطِيسِيّ : চৌম্বক অস্থিরতা, magnetic storm.

~ إِنْحِرَاف : চৌম্বক অবনমন, magnetic declination.

تَعَارُف مَغْنَطِيسِيّ : চৌম্বক আরোহ, magnetic induction.

~ تَنَافُر : চৌম্বক বিকর্ষণ, magnetic repulsion.

~ تَنْوِيم : মোহনিদ্রা, সম্মোহন, hypnotism.

~ مُنَوِّم : সম্মোহক, hypnotiser.

~ خَطّ اسْتِوَاء : চৌম্বক বিষুব-রেখা, magnetic equator.

~ جَذْب : চৌম্বক আকর্ষণ, magnetic attraction.

الْجَنُوب الْمَغْنَطِيسِيّ : চৌম্বক দক্ষিণ, magnetic south.

~ الشَّمَال : চৌম্বক উত্তর, magnetic north.

مَغْنَاطِيسِيَّة، مَغْنَطِيسِيَّة : চুম্বকত্ব, চুম্বকধর্ম, চুম্বক-বিজ্ঞান।

إِبْرَة مَغْنَطِيسِيَّة : চৌম্বক কাঁটা, magnetic needle.

~ زَوْبَعَة : চৌম্বক ঝড়, magnetic storm.

~ كَهْرَبَاء : চুম্বক-তড়িৎ, magnetic electricity.

~ هَاجِرَة : চৌম্বক মধ্য-রেখা, magnetic meridian.

مُمَغْنَط : চুম্বকধর্মী, চুম্বকায়িত।

مَغْنِيسِيَا : শ্বেতবর্ণ ধাতুচূর্ণ, magnesia.

مُغُول : মুঘল বংশ, মঙ্গল-জাতি, the Mugals, the Mongols.

بِلَاد الْمُغُول : মঙ্গোলিয়া।

مُغُولِي : মুঘল-বংশীয়; মঙ্গোলীয়।

مَغَا - ُ : (مَغْو) (বিড়াল) চিৎকার করা।

مَغَى - َ : (مَغْي) বাচ্চার শব্দ উচ্চারণ করা।

تَمَغَّى : (চামড়া) নরম হওয়া।

مَاغِيَة : নিন্দাকারী, সন্দেহপ্রবণ।

مَقَّ - ُ : (مَقّ) (খেজুরগাছ) ফলবতী করা; চোষণ করা।

مَقَّقَ : (تَمْقِيق) (পাখি) চঞ্চু দ্বারা (বাচ্চাকে) খাওয়ানো।

~ عَلَى : অপর্যাপ্ত ও অপুষ্টিকর খাদ্য খাওয়ানো।



www.pathagar.com

تَمَقَّقَ : অল্প অল্প করিয়া পান করা।

إِمْتَقَّ : (إِمْتِقَاق) (মাতৃস্তন্য) নিঃশেষ করা।

مَقَق : দেহের দৈর্ঘ্য।

أَمَقّ : দীর্ঘদেহী (অশ্ব), লম্বা (ভূভাগ)। স্ত্রী مَقَّاء ব مُقّ

مَقَتَ : ـُ (مَقْت)، مَقَّتَ، (تَمْقِيْت) ঘৃণা করা।

مَقَّتَ : ~ إِلَى ঘৃণা করানো, ঘৃণ্য করা, ঘৃণিত করা।

مَقُتَ : ـُ (مَقَاتَة) ঘৃণ্য হওয়া, ঘৃণিত হওয়া।

تَمَقَّتَ : ~ إِلَى ঘৃণ্য হওয়া, ঘৃণাজনক হওয়া।

تَمَاقَتَ : পরস্পর বিদ্বেষ পোষণ করা।

مَقْت : ঘৃণা, শত্রুতা, বিদ্বেষ; ঘৃণাজনক।

مَمْقُوت، مَقِيت : ঘৃণিত, ঘৃণ্য, ঘৃণাজনক।

مَقْدُونِس : (গ্রী) শাকবিশেষ, parsley.

مَقَرَ : ـُ (مَقْر) ঘাড় মটকানো; (লবণ বা সিরকা দ্বারা বস্তু) প্রক্রিয়াজাত করা।

مَقِرَ : ـَ (مَقَر) তিক্ত হওয়া, টক হওয়া।

أَمْقَرَ : (إِمْقَار) (লবণ বা সিরকা দ্বারা বস্তু) প্রক্রিয়াজাত করা।

مَقَر : তিক্ততা, অম্লত্ব।

مَقْر، مَقِر : ঘৃতকুমারীর রস হইতে প্রস্তুত ঔষধবিশেষ; বিষ।

~ مُمْقِر : তিক্ত, টক।

مَمْقُور : প্রক্রিয়াজাত (মাছ)।

مَقَسَ : ـُ (مَقْس) (মশক) পূর্ণ করা; চূর্ণ করা, পিষিয়া ফেলা; (পানিতে) ডুবানো।

مَقِسَ : ـَ (مَقَس)، تَمَقَّسَ মাথা ঘুরানো।

مَقَّسَ : (تَمْقِيس) প্রচুর পরিমাণে ঢালিয়া দেওয়া।

مَاقَسَ : (مُمَاقَسَة) ডুবের পাল্লা দেওয়া।

مَقْسَاس : এক প্রকার চিরসবুজ পরগাছা, mistletoe.

مَقَطَ : ـُ (مَقْط) ঘাড় মটকানো; রাগান্বিত করা; বাঁধা, আঘাত করা।

~، مَقَّطَ : (تَمْقِيط) ফেলিয়া দেওয়া।

مَاقِط : প্রচণ্ড (আঘাত); কাহিল (উট)।

مِقَاط : শক্ত করিয়া পাকানো দড়ি। ব مُقُط

مَقَعَ : ـَ (مَقْع) ঢক ঢক করিয়া পান করা, নিঃশেষে পান করা; (মাতৃস্তন্য) চোষণ করা।

مُقِعَ : ~ بِ সন্দেহপূর্ণ হওয়া।

أَمْتُقِعَ : (إِمْتِقَاع) বিবর্ণ হওয়া; ফ্যাকাশে হওয়া।

مَقْع : বদ্ধ পানি। ব أَمْقُع

مُمْتَقَع : বিবর্ণ; ফ্যাকাশে; পিঙ্গলবর্ণ।

مَقَلَ : ـُ (مَقْل) তাকানো, দৃষ্টি দেওয়া; (পানিতে) ডুবানো।

مَاقَلَ، تَمَاقَلَ : (مُمَاقَلَة) (পানিতে) ডুবানো।

إِمْتَقَلَ : (إِمْتِقَال) বারবার ডুব দেওয়া।

مَقْل : কূপের তলদেশ; কূপের তলদেশের মাটি বা পাথর।

مُقْل : আঠাবিশেষ।

مَقْلَة : পানি মাপিবার প্রস্তরখণ্ড; কূপের তলদেশ।

مُقْلَة : অক্ষিগোলক, চক্ষু; বড় পাগড়ি। ব مُقَل

مُقْلَة العَيْن : অক্ষিগোলক।

مَقَه : ফ্যাকাশে নীল রং, আকাশী রং; ক্ষীণ দৃষ্টি।

أَمْقَه : ফ্যাকাশে নীলবর্ণের; আকাশী রংবিশিষ্ট, ক্ষীণ দৃষ্টিসম্পন্ন। স্ত্রী مَقْهَاء ব مُقْه

مَقَا : ـُ (مَقْو)، مَقَى - ـِ (مَقْي) উজ্জ্বল করা, ঝকঝকে করা।

مُقَاوَة، مَقْوَة، مَقْو : যত্ন, সংরক্ষণ।

مَكَّ : ـُ (مَكّ)، تَمَكَّكَ، إِمْتَكَّ (إِمْتِكَاك) (মজ্জা) চুষিয়া খাওয়া।

~، ~ : (عَلَى) চাপ প্রয়োগ করা।

مَكَّة : পবিত্র মক্কা নগরী। নিসবত مَكِّيّ

مُكَاكَة، مَكَاك : যাহা চুষিয়া খাওয়া হয়, চোষ্য, মজ্জা।

مَكُّوك : শস্যের মাপবিশেষ; পানপাত্র, পেয়ালা; (তাঁতের) মাকু। ব مَكَاكِيّ، مَكَاكِيك



www.pathagar.com

مَكَثَ ـُ : (مُكُوث، مَكْث) بِ ~ অবস্থান করা, বাস করা, থাকা।

مَكُثَ ـُ : (مَكَاثَة) গম্ভীর হওয়া, ধৈর্যশীল হওয়া।

تَمَكَّثَ : فِي ~ বিলম্ব করা, কিছুক্ষণ থামা; অপেক্ষা করা, প্রত্যাশা করা।

مُكُوث، مَكْث : অবস্থান; বসবাস; যাত্রাবিরতি; ক্ষণিকের অবস্থিতি।

مَاكِث : অবস্থানকারী, অপেক্ষাকারী। ব مُكَثَاءُ

مَكِيث : অবস্থানকারী; ধীর, মন্থর।

مَكَدَ ـُ : (مُكُود، مَكْد) بِ ~ : অবস্থান করা, বাস করা।

مِكْد : চিরুনি।

مَاكِد : অফুরন্ত (কূপ)।

مَكُود، مَكْدَا، مَاكِدَة : প্রচুর দুধ দেয় এমন (উষ্ট্রী)। ব مَكَائِد، مُكُد

مَكَدَام : খোয়া, প্রস্তরখণ্ড, macadam.

مَكَرَ ـُ : (مَكْر) بِ ~ : ধোঁকা দেওয়া, প্রতারিত করা, বোকা বানানো।

~ : লাল রং-এ রঞ্জিত করা; (মাঠে) পানি দেওয়া।

مَكِرَ ـَ : (مَكَر) লাল হওয়া।

مَكَّرَ : (تَمْكِير) গুদামজাত করা।

مَاكَرَ : (مُمَاكَرَة) ধোঁকাবাজি করা, প্রতারিত করিতে চেষ্টা করা।

أَمْكَرَ : (إِمْكَار) প্রতারিত করা।

تَمَاكَرَ : বোকা বানাইতে চাওয়া।

إِمْتَكَرَ، أُمْتُكِرَ : (إِمْتِكَار) লাল রঙ-এ রঞ্জিত হওয়া, লালবর্ণ হওয়া।

مَكْر : ধোঁকা, প্রতারণা, ধূর্ততা, কৌশল; লাল মাটি।

مَكْرَة : ছল; কৌশল।

مَاكِر : ধোঁকাবাজ, প্রতারক, ধূর্ত। ব مَكَرَة، مَكَّار، مَكُور

~ : প্রতারণাপূর্ণ।

مَمْكُور، مُمْتَكَر : লাল রঙ-এ রঞ্জিত।

مِكْرُوب : রোগ-জীবাণু, microbe. ব مَكَارِيب، مِكْرُوبَات

مِكْرُسْكُوب : অনুবীক্ষণ-যন্ত্র, microscope.

مِكْرُوفُون : মাইক্রোফোন, microphone.

مَكَرُونَة : ময়দার ফাঁকা পিঠা, macaroni.

مَكَسَ ـِ : (مَكْس) কর আদায় করা, শুল্ক আদায় করা; দর কষাকষি করা, দরাদরি করা।

مَكَّسَ : (تَمْكِيس) শুল্ক আদায় করা; শুল্ক প্রদান করা।

مَاكَسَ : (مُمَاكَسَة) দরকষাকষি করা, দরাদরি করা; দাম কমানো।

مَكْس : কর, শুল্ক, অন্যায়ভাবে আদায়কৃত 'তোলা'। ব مُكُوس

دَار الْمُكُوس ,مَاكَس : শুল্কভবন।

مَاكِس : শুল্ক আদায়কারী, তোলা আদায়কারী। ব مَكَّاس

الْمَكْسِيك : মেক্সিকো, মধ্য-আমেরিকার একটি দেশ; রাজধানী মেক্সিকো-সিটি।

مَكَلَ ـُ : (مُكُول) (কূপে) অল্প পানি ও অধিক ক্লেদ থাকা।

مُكْلَة، مَكْلَة : কূপের ক্লেদ।

مَكُول : ক্লেদপূর্ণ (কূপ)। ব مُكُل

مِمْكَل : সামান্য পানি আছে এমন (চৌবাচ্চা)।

مَمْكُولَة، مُمْكَلَة : পানিশূন্য পুরাতন কূপ।

مَكُنَ ـُ : (مَكَانَة) শক্তিশালী হওয়া, দৃঢ় হওয়া।

~ عِنْد : প্রভাবশালী হওয়া, মর্যাদাবিশিষ্ট হওয়া।

مَكَّنَ : (تَمْكِين) শক্তিশালী করা, দৃঢ় করা, দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করা, প্রতিপত্তিশালী করা, সম্মানিত করা।

~، أَمْكَنَ : (إِمْكَان) مِنْ ~ সক্ষম করা, যোগ্য করা, শক্তি দেওয়া।

أَمْكَنَ : সম্ভব হওয়া, সহজ হওয়া।

يُمْكِن : সম্ভব; সম্ভবত, হয়তো।



www.pathagar.com

يُمْكِنُهُ : তাহার পক্ষে সম্ভব, সে পারে।

لَايُمْكِنُ : সম্ভব নহে, অসম্ভব।

لَايُمْكِنُهُ : তাহার পক্ষে সম্ভব নহে, সে পারে না।

أَقَلُّ مَايُمْكِنُ : যতকম সম্ভব; অন্যূন।

أَكْثَرُ مَايُمْكِنُ : যতবেশি সম্ভব, বেশির পক্ষে।

إِسْتَمْكَنَ، تَمَكَّنَ : (إِسْتِمْكَان) সুদৃঢ় হওয়া, দৃঢ়মূল হওয়া, দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হওয়া; শক্তিশালী হওয়া, শক্তি সঞ্চয় করা।

~، ~ مِنْ : সক্ষম হওয়া, যোগ্য হওয়া, দখল করা; কর্তৃত্ব লাভ করা, আরও করা, দক্ষতা অর্জন করা।

~ عِنْدَ : প্রভাব বিস্তার করা, প্রভাবশালী হওয়া; সম্মানিত হওয়া।

مَكِنَة : পঙ্গপালের ডিম, পাখির বাসা। ব مَكِنَاتٌ

مُكْنَة : ক্ষমতা, যোগ্যতা, শক্তি; দৃঢ়তা।

مَكِنَة : যন্ত্র, মেশিন; ক্ষমতা, যোগ্যতা, শক্তি, দৃঢ়তা; পঙ্গপালের ডিম, পাখির বাসা।

مَكْنَكَا : যন্ত্রবিজ্ঞান, mechanics.

مَكَنِيكِيّ : যন্ত্র-সম্বন্ধীয়, যান্ত্রিক; যন্ত্রী।

مَاكِينَة : যন্ত্র, মেশিন, যন্ত্রপাতি। ব مَكَائِن، مَاكِينَات

مَكَان : স্থান, স্থল; জায়গা; অবস্থান; কেন্দ্র (كون); পদ, মর্যাদা। ব أَمَاكِن، أَمْكِنَة

مَكَانَة : মর্যাদা; ক্ষমতা; প্রভাব, শক্তি; গাম্ভীর্য। ব مَكَانَاتٌ

ذُو مَكَانَة : প্রভাবশালী, শক্তিশালী, গুরুত্বপূর্ণ, মর্যাদাবান।

مَكِين : مَاكِن শক্তিশালী; সুদৃঢ়, স্থির; টেকসই। ব مُكَنَاء

مَكِينَة : মন্থরতা।

إِمْكَان : শক্তি, ক্ষমতা, যোগ্যতা।

~، إِمْكَانِيَّة: সম্ভাবনা, সম্ভাব্যতা।

عِنْدَ الإِمْكَان : যখন সম্ভব, যদি সম্ভব হয়, সম্ভব হইলে।

~ عَلَى قَدْرِ : যতটুকু সম্ভব, যতদূর সম্ভব।

تَمَكُّن : ক্ষমতা; প্রভাব, কর্তৃত্ব; যোগ্যতা; আত্মনিয়ন্ত্রণ।

تَمَكُّن مِنَ النَّفْسِ : আত্মনিয়ন্ত্রণ।

مُمْكِن : সম্ভব, সম্ভাব্য।

غَيْرُ مُمْكِن : অসম্ভব, সম্ভব নহে।

مِنَ المُمْكِن : সম্ভবত, হয়তো।

مُمْكِنَات : সম্ভাবনাসমূহ; সম্ভাব্য বিষয়াদি।

مُتَمَكِّن : ইস্‌ম মাব্‌নী, হরকত-অপরিবর্তনীয় ইস্‌ম, indeclinable.

مُتَمَكِّن، أَمْكَن : ইস্‌মে মুনসারিফ (ব্যা)।

مَكَا : ـُ (مُكَاء، مَكْو) শিস দেওয়া।

مَكِيَ : ـَ (مَكًا) ফোসকাযুক্ত হওয়া।

مَكْو، مَكِيّ : বন্যপশুর বাসস্থান। ব أَمْكَاء

مُكَاء، مُكًا : শিস।

مُكَّاء : শিস দেয় এমন পাখি, দোয়েলজাতীয় পাখি। ব مَكَاكِيّ

مَلَّ : ـُ (مَلّ) লম্বা লম্বা ফোঁড় দিয়া সেলাই করা; (রুটি বা গোশত) সেঁকা।

~ : ـَ (مَلاَلَة، مَلاَل، مَلَل) বিরক্ত হওয়া, ক্লান্ত হওয়া, অধৈর্য হওয়া, অস্থির হওয়া।

أَمَلَّ : (إِمْلاَل) ~ عَلَى বিরক্তিকর হওয়া, ক্লান্তিকর হওয়া; বিরক্ত করা; ক্লান্ত করা, অধৈর্য করা, লিখিয়া লইবার জন্য বলা, dictate.

تَمَلَّلَ : বিরক্ত হওয়া, ক্লান্ত হওয়া, অস্থির হওয়া।

إِمْتَلَّ : (إِمْتِلاَل) (ধর্মে) দীক্ষিত হওয়া।

إِسْتَمَلَّ : (إِسْتِمْلاَل) ক্লান্ত হওয়া।

مَلّ : বিরক্ত, ক্লান্ত।

مَلَّة : উত্তপ্ত মৃত্তিকা বা ভস্ম, জ্বলন্ত অঙ্গার; তন্দুর; ক্লান্তি।

مِلَّة : ধর্ম, ধর্মীয় বিশ্বাস, ধর্মমত, ধর্মসভা, ধর্মীয় সম্প্রদায়, দল, জামায়াত, জাতি। ব مِلَل

مِلِّيّ : ধর্মীয়, ধর্ম-বিষয়ক; ধর্মসভা সম্বন্ধীয়।

مُلَّة : সেলাইয়ের ফোঁড়; স্প্রিং-এর তোশক। ব مُلَل



www.pathagar.com

مُلّى : উত্তপ্ত ভস্মে কিংবা জ্বলন্ত অঙ্গারে সেঁকা রুটি, তন্দুরী।

مَلأ : (তু) পণ্ডিত, বিদ্বান; ধর্মবেত্তা। ব أَمْلاءٌ

مَلَلٌ، مَلالٌ، مَلالَةٌ : ক্লান্তি, বিরক্তি, অস্বস্তি।

مُلالٌ : অস্থিরতা, অস্বস্তি; পিঠের ব্যথা।

مَلُولٌ : বিরক্ত, ক্লান্ত; অস্থির, অধৈর্য।

مَلِيلٌ، مَمْلُولٌ : উত্তপ্ত ভস্ম বা জ্বলন্ত অঙ্গারে সেঁকা (রুটি, গোশত)।

~ ، مُمِلٌّ : বিরক্তিকর, ক্লান্তিজনক।

مَلِيلَةٌ : প্রচণ্ড তাপ, তীব্র পিপাসা।

مَلأَ - َ : (مَلْأً، مَلاءَةً) পূর্ণ করা, ভরা; বোঝাই করা; তৃপ্ত করা; সাহায্য করা; সমর্থন করা, পক্ষ লওয়া।

~ مَلُؤَ - ُ : (مَلاءَةً، مَلاءً) সমৃদ্ধ হওয়া, সম্পদশালী হওয়া।

مَلِئَ - َ : (مَلأً)، تَمَلَّأَ، إِمْتَلأَ (إِمْتِلاءً) পূর্ণ হওয়া, পরিপূর্ণ হওয়া, ভরিয়া যাওয়া।

مَلأَ، أَمْلأَ : (إِمْلاءً، تَمْلِئَةً) পূর্ণ করা, ভরা।

تَمَالأَ : একে অন্যকে সাহায্য করা।

~ عَلَى : ষড়যন্ত্র করা।

مَلْءٌ : পূর্ণকরণ।

مِلْءٌ : সম্পূরক পদার্থ, পরিমাণ; পাত্র। ব أَمْلاءٌ

مِلْءُ البَطْنِ : উদর-পূর্ণ, পেট ভরা।

~ قَدَحٍ : পূর্ণ এক পেয়ালা।

~ كُرَيَّةٍ : পূর্ণ এক গ্রাস।

~ كِسَاءٍ : স্থূলকায়, মোটা।

~ مِلْعَقَةٍ : পূর্ণ এক চামচ।

مِلْءُ الكَفِّ ، ~ اليَدِ : পূর্ণ এক মুষ্টি।

هُوَ يَنَامُ مِلْءَ جَفْنِهِ : সে নয়ন ভরিয়া ঘুমায়, তাহার গভীর ঘুম হয়।

مَلأٌ : সমাবেশ, জনতা; পরিষদ; প্রধান ব্যক্তিবর্গ, নেতৃবৃন্দ; পদ্ধতি, চরিত্র। ব أَمْلاءٌ

المَلأُ الأَشْرَافُ : সম্ভ্রান্ত ব্যক্তিবর্গ, অভিজাত শ্রেণী।

المَلأُ الأَعْلَى، المَلَكُوتُ : ঊর্ধ্বলোক, ফেরেশতাজগৎ।

عَلَى المَلأِ : প্রকাশ্যে।

مُلاءٌ : শ্লেষ্মা।

مُلاءَةٌ، مُلاءَةٌ : মহিলাদের বহির্বাসবিশেষ; বোরকা, চাদর। ব مُلاءٌ

مَلِيءٌ، مَلِيٌّ، مَلِئٌ : পূর্ণ; সমৃদ্ধ; সচ্ছল।

مَلِيءُ البَدَنِ : স্থূলকায়, মোটা।

مَلآنُ : مُمْتَلِئٌ পূর্ণ, সম্পূর্ণ, পরিপূর্ণ। স্ত্রী مَلأَى . مَلآنَةٌ ব مِلاءٌ، مَلاءَى

مُمْتَلِئُ الجِسْمِ، مَلآنُ الجِسْمِ : স্থূলকায়, মোটা, মাংসল।

إِمْلاءٌ : পূর্ণকরণ; শ্রুতিলিপি।

إِمْتِلاءٌ : পূর্ণতা; স্থূলতা।

مَمْلُوءٌ، مَمْلُوٌّ : পূর্ণ, পরিপূর্ণ, বোঝাইকৃত।

مُمَالِئٌ : পক্ষপাতী; পক্ষপাতদুষ্ট; সহযোগী।

مُمَالأَةٌ : পক্ষপাতিত্ব; সহযোগিতা।

مَلارِيَا : ম্যালেরিয়া।

حُمَّى المَلارِيَا : ম্যালেরিয়া জ্বর।

مَالِيزِيَا، مَالِيزِيَة، مَالايُو، مَلايُو : মালয়েশিয়া; দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারত মহাসাগরের বহু দ্বীপসম্বলিত ও নয়টি রাজ্যের সমন্বয়ে গঠিত একটি মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ, রাজধানী কুয়ালালামপুর।

مُلْتَقَى الأَبْحُرِ : ইবরাহীম আল-হালাবী (১৫৪৯ খ্রি) রচিত হানাফী ফিকহের অন্যতম গুরুত্বপূর্ণ গ্রন্থ। ইহা ফরাসী ও অন্যান্য ভাষায় অনূদিত হয়।

مَلَثَ - ُ : (مَلْثٌ) মিষ্ট কথায় রাজি করানো; মিথ্যা প্রলোভনে তুষ্ট করা; মৃদু প্রহার করা।

مَالَثَ : (مُمَالَثَةٌ) তোষামোদ করা; কপটতা করা।

مَلْثٌ، مَلَثٌ : রাত্রির অন্ধকার।

مَلَجَ - ُ : (مَلْجٌ)، إِمْتَلَجَ، (إِمْتِلاجٌ) (স্তন্য) চোয়া, স্তন্যপান করা।



www.pathagar.com

مِلْحُ اللَّيْمُون : অম্লক্ষারবিশেষ, citrate.

~ النُّشَادِر : এমোনিয়াম ক্লোরাইড, ammonium Cloride.

مِلْحَة : চুক্তি, অঙ্গীকার।

مِلْحِيّ، مَالِح : লবণাক্ত, লোনা।

مَلْحَة : মূল সমুদ্র।

مُلْحَة : (ব مُلَح) أمْلُوحَة (ব أمَالِيح) সরস উক্তি; খোশগল্প, কৌতুক।

مَلَح : নীলাভ, ঈষৎ ধূসর।

مَلَح العَيْن : চোখের নীল রং।

مِلاَح : জাহাজ চালাইয়া নেয় এমন বাতাস; থলি; ঘোমটা।

مَلاَّح : নাবিক, মাল্লা; লবণ-ব্যবসায়ী।

مُلاَّح : উত্তম, সুন্দর।

مِلاَحَة : জাহাজ-চলাচল, নৌ-চলাচল; লবণ-ব্যবসায়।

مَلاَحَة : সৌন্দর্য, লাবণ্য; কমনীয়তা; মহানুভবতা; লবণাক্ততা; রসিকতা।

مَلاَّحَة : লবণের খনি, লবণ রাখিবার পাত্র, নিমকদানি।

مَلاَّحِيَّة : জাহাজ চালনা-বিদ্যা, নৌ-চালনা-বিদ্যা।

مُلاَحِيّ : এক প্রকার লম্বাকৃতি আঙ্গুর।

مُلُوحَة : লবণাক্ততা, লোনা স্বাদ।

مَلِيح : সুন্দর, চমৎকার, কমনীয়, মনোরম, লাবণ্যময়; লবণাক্ত, লোনা। ব أمْلاَح، مِلاَح স্ত্রী مَلِيحَة

مُوَيْلِح : ঈষৎ লোনা।

أمْلَح : ধূসরবর্ণ, নীলবর্ণ। স্ত্রী مَلْحَاء ব مُلْح

أمْلَح العَيْن : নীল চক্ষুবিশিষ্ট।

أمْلَحُ : সুন্দরতর। ব مُلَح، أمَالِح

تَمْلِيح : লবণাক্তকরণ, লবণ দ্বারা সংরক্ষণ।

مَمْلُوح، مُمَلَّح : লবণাক্ত, লোনা, লবণ দ্বারা সংরক্ষিত।

أمْلَجَ : (إمْلاَج) স্তন্যদান করা।

مَالَجَ : কর্নি, কন্নি। ব مَوَالِج

مَلِيج : দুধ-ভাই; মিসরের একটি শহর। ব مُلُجٌ

أمْلَج : হলদে, তামাটে; তৃণবিহীন প্রান্তর। ব مُلْجٌ

أمْلُوج : মিছরি; বন্য খেজুর। ব أمَالِيج

مَلَحَ - ُ مَلُحَ . - ُ مَلَحَ : (مَلاَحَة، مُلُوحَة، مُلُوح) লবণাক্ত হওয়া, লোনা হওয়া, নিমকি হওয়া।

~ ~ : (مُلُوحَة، مَلاَحَة) সুন্দর হওয়া, উত্তম হওয়া, চমৎকার হওয়া, লাবণ্যময় হওয়া, (উট) মোটা হওয়া।

~ َ ّ : (تَمْلِيح) مَلَّح، (مَلْح) লবণ মাখানো, লবণাক্ত করা; লবণ মাখাইয়া সংরক্ষণ করা বা শুকাইয়া রাখা; নিমকি করা।

مَالَحَ : (مُمَالَحَة) দুধ ভাই হওয়া।

أمْلَحَ : (إمْلاَح) লবণাক্ত হওয়া, লোনা হওয়া, লোনা পানি পান করিতে দেওয়া।

مَا أمْلَحَهُ : কী সুন্দর! কী চমৎকার! কী লাবণ্যময়!

تَمَلَّحَ : মোটা হওয়া; চাতুর্যের ভাব দেখানো।

~ لِ : হুমকি প্রদান করা।

إمْتَلَحَ : (إمْتِلاَح) মিথ্যার সহিত সত্য মিশ্রিত করা।

إسْتَمْلَحَ : (إسْتِمْلاَح) সুন্দর, উত্তম কিংবা চমৎকার পাওয়া।

مِلْح : (স্ত্রী পু.) নিমক, লবণ; বারুদ; রসিকতা, সরস উক্তি; বুদ্ধিমত্তা, জ্ঞান; জ্ঞানী লোক; সমুদ্র; দুগ্ধ। ব مِلاَح، أمْلاَح

مِلْح إنْكِلِيزِيّ : বিট লবণ।

~ البَارُود : যবক্ষার, বারুদ।

~ بَلْمُوت : ববক্ষার, শোরা, nitre.

مِلْح مَخْتُوم ،~ جَبَلِيّ : পাহাড়ি লবণ, সৈন্ধব লবণ।

~ طَبَّار : উদ্বীয় লবণ; ammonium carbonate.



www.pathagar.com

سَمَك مُمَلَّح : লোনা মাছ।

مَمْلَحَة : লবণের খনি, লবণ-ক্ষেত্র, লবণাগার। ব مَمَالِح

مِمْلَحَة : লবণ রাখিবার পাত্র; নিমকদানি। ব مَمَالِح

مُتَمَلِّح : লবণ-ব্যবসায়ী, লবণের মালিক।

مُسْتَمْلَح : চমৎকার, বুদ্ধিদীপ্ত, চাতুর্যপূর্ণ।

مَلَخَ : ـَ مَلْخ (مَلْخ) টানিয়া বাহির করা; স্থানচ্যুত করা; প্রস্থান করা।

مَلُخَ : ـُ (مَلَاخَة) নষ্ট হওয়া, বিস্বাদ হওয়া।

مَالَخَ : (مُمَالَخَة) তোষামোদ করা; সোহাগ করা।

إِمْتَلَخَ : (إِمْتِلَاخ) টানিয়া বাহির করা; উৎপাটিত করা।

مَلَّاخ : পলাতক দাস; তোষামোদকারী।

مَلِيخ : বিস্বাদ। ব مُلُخٌ

مُلُوخِيَّة : পাটজাতীয় গুল্মবিশেষ, নালিতা, jew's mallow.

مَلَدَ : ـَ (مَلْد) কোমল হওয়া।

مَلَّدَ : (تَمْلِيد) কোমল করা।

مَلَد، مَلَدَان : কোমলতা।

أَمْلَد : কোমল, নরম, নমনীয়। স্ত্রী مَلْدَاء ব مُلْد

مَلَذَ : ـُ (مَلْذ) মিথ্যা বলা; দ্রুত দৌড়ানো; প্রহার করা।

أَمْلَذ، مِلْوَذ، مَلَذَان، مَلَّاذ : মিথ্যুক, কপট।

مَلَزَ : ـُ (مَلْز) عَنْ ~ পশ্চাতে পড়া।

~ بِ : লইয়া যাওয়া।

مَلَّزَ : (تَمْلِيز) عَنْ ~ মুক্ত করা, উদ্ধার করা।

أَمْلَزَ، تَمَلَّزَ، إِمْتَلَزَ : (إِمْلَاز، إِمْتِلَاز) লইয়া আসা।

تَمَلَّزَ : عَنْ ~ মুক্তি পাওয়া।

إِنْمَلَزَ، إِمَّلَزَ : (إِنْمِلَاز) ~ (مِنْ)পলায়ন করা।

مَلِز : বলিষ্ঠ, মাংসল।

مَلَّاز : বলাৎকারকারী, অপহরণকারী, নেকড়ে।

مَلَسَ : ـُ (مَلْس) (পশু) তাড়াইয়া নেওয়া।

مَلِسَ، ـَ مَلُسَ، ـُ (مُلُوسَة، مَلَاسَة) : মসৃণ হওয়া, সমান হওয়া।

مَلَّسَ : (تَمْلِيس) মসৃণ করা, সমান করা; পিচ্ছিল করা; মুক্ত করা।

أَمْلَسَ : (إِمْلَاس) ছড়াইয়া পড়া, ছাইয়া যাওয়া; (মেষ) পশমহীন হওয়া।

تَمَلَّسَ، إِنْمَلَسَ : (إِنْمِلَاس) মসৃণ হওয়া; ধীরে ধীরে চলিয়া যাওয়া, সরিয়া যাওয়া, ফসকাইয়া যাওয়া, পলায়ন করা।

مَلَس : পাতলা বহির্বাস।

مَلِس، أَمْلَس : মসৃণ; চিক্কণ, সমান; পিচ্ছিল। স্ত্রী مَلْسَاء ব مُلْس

مَلَاسَة : মসৃণতা, চাকচিক্য।

مَلَسَى : দ্রুতগামী (উষ্ট্রী); অবিশ্বাসী (লোক) দায়-দায়িত্ববিহীন বিক্রয়।

مَلْسَاء : সহজে গলাধঃকরণ করা যায় এমন।

سَنَة مَلْسَاء : নিষ্ফলা বৎসর।

مُلَيْسَاء : মধ্যাহ্ন।

إِمْلِيس : শূন্য প্রান্তর। ব أَمَالِيس

مِمْلَسَة : মাটি সমান করিবার রোলার। ব مَمَالِسُ

مَلَصَ : ـَ مَلَص (مَلَص) تَمَلَّصَ، إِنْمَلَصَ (إِنْمِلَاص) ধীরে ধীরে চলিয়া যাওয়া; সরিয়া পড়া, পিছলাইয়া যাওয়া, ফসকাইয়া যাওয়া, পলায়ন করা; মুক্ত হওয়া।

تَمَلَّصَ مِنْ وَاجِبٍ : দায়িত্ব এড়াইয়া যাওয়া, কর্তব্যে অবহেলা করা।

أَمْلَصَ : (إِمْلَاص) (স্ত্রীলোকের) গর্ভপাত হওয়া।

مَلِص : মসৃণ, পিচ্ছিল।

مَلِيص : মসৃণ, পিচ্ছিল; অকালজাত ভ্রূণ, মৃত অবস্থায় জাত সন্তান।

أَمْلَص، أَمْلَص الرَّأْس : টেকো।

تَمَلُّص : পলায়ন।

مِمْلَاص : গর্ভপাতে অভ্যস্ত (স্ত্রীলোক)।



www.pathagar.com

مَلَطَ ـُ (مَلْط) : প্লাস্টার করা; (চুল) মুণ্ডন করা।

~, مَـلُـطَ ـُ (مُـلُـوط) : মিশ্রবংশীয় হওয়া, নীচ বংশীয় হওয়া, সংকর হওয়া।

مَـلِطَ ـَ : (مَلَط) গায়ে পশম না থাকা।

مَلَّطَ (تَـمْـلِـيْـط) : প্লাস্টার করা।

أَمْلَطَ (إِمْلَاط) : অকালজাত বাচ্চা প্রসব করা।

تَـمَلَّطَ : মসৃণ হওয়া, স্বচ্ছ হওয়া।

مَلْط : সম্পূর্ণ উলঙ্গ, নিরাবরণ।

مِلْط : অসম্মানিত, অসৎ, বদমাশ; নীচবংশীয়। ব مُـلُـوط، أَمْـلَاط

خِلْط مِلْط : বিশৃঙ্খলভাবে।

مِـلَاط : প্লাস্টার, সিমেন্ট, পুটিং; জিপসাম, gypsam. ব مُـلُط

مَـلَطَى : এক প্রকার দ্রুত দৌড়।

أَمْلَط، مَـلِـيـط : কেশবিহীন; ফলাবিহীন (তীর)। ব مُلْط

مَالْطَة : মাল্টা : ভূমধ্যসাগরীয় একটি দ্বীপ। ৮৭০ খ্রিস্টাব্দে ইহা মুসলমানদের অধিকারে আসে এবং ১৯৬৪ খ্রিস্টাব্দে ইংরেজদের নিকট হইতে স্বাধীনতা লাভ করে।

مَـلَـعَ ـَ : (مَـلْـع)، إِمْـتَـلَـعَ (إِمْـتِـلَاع) চামড়া খসানো; (বস্ত্র) ছিঁড়িয়া ফেলা; দ্রুত ধাবন করা।

أَمْـلَـعَ، إِنْـمَـلَـعَ : (إِنْـمِـلَاع، إِمْـلَاع) দ্রুত ধাবন করা।

مَـلِـيـع، مَلَاع : অনুর্বর ভূমি। ব مُلُع

مَالَغَ : (مُـمَـالَـغَـة) সোহাগ করা, রঙ্গ করা।

تَـمَلَّغَ : নির্বুদ্ধিতা প্রদর্শন করা।

تَـمَـالَغَ : ~ بِ উপহাস করা, বিদ্রূপ করা।

مِلْغ : নির্বোধ; অশিষ্ট; লম্পট। ব أَمْلَاغ

مَالِغ : লম্পট। ব مُلَّاغ

أَمْلَغ : অশিষ্ট; অশোভন। স্ত্রী مَلْغَاء ব مُلْغ

مَـلَـقَ ـُ : (مَلْق) ঘষিয়া উঠানো; বেত্রাঘাত করা; (শিশু) মাতৃস্তন্য পান করা; (কাপড়) ধৌত করা।

مَـلِـقَ ـَ : (مَـلَـق)، مَـالَـقَ (مُـمَـالَـقَـة) تَـمَـلَّـقَ তোষামোদ করা।

مَلَّقَ : (تَـمْـلِـيْـق) তোষামোদ করা; মসৃণ করা, সমান করা।

أَمْـلَـقَ : (إِمْـلَاق) গরীব হইয়া যাওয়া; (সম্পদ) নিঃশেষ করা।

إِنْمَلَقَ، إِمَّلَقَ : (إِنْـمِلَاق) মসৃণ হওয়া, স্বচ্ছ হওয়া।

إِنْـمَـلَقَ : ~ مِنْ পলায়ন করা।

إِمْـتَـلَقَ : (إِمْـتِـلَاق) টানিয়া বাহির করা।

مَلَق، تَـمَلُّق، تَـمْـلِـيـق : তোষামোদ।

~ : উন্মুক্ত প্রান্তর।

مَـلِـق، مَلَّاق، مِـمْـلَاق : তোষামুদে, চাটুকার।

مَـلَقَة : মিসরীয় মাইল (প্রায় দেড় ক্রোশ); সমান ও মসৃণ পাথর; উন্মুক্ত স্থান। ব مَـلَـقَات، أَمْلَاق

مَـلَقَة : মালয়েশিয়ার একটি অঙ্গরাজ্য।

مَلَّاقَة، مِـمْلَقَة : ভূমি সমান করিবার যন্ত্র, রোলার।

مَـالَـق : কর্ণিক।

إِمْلَاق : কঠোর দারিদ্র্য, নিঃস্বতা।

مَـلَـكَ ـِ : (مُـلْـك، مَـلْـك) অধিকার করা, দখল করা, মালিক হওয়া; নিয়ন্ত্রণ করা; জয় করা, যোগ্য হওয়া; বিবাহ করা।

~ عَـلَـى : শাসন করা, নিয়ন্ত্রণ করা।

مَـلَّـكَ، أَمْـلَـكَ : (إِمْـلَاك، تَـمْـلِـيْـك) মালিক বানানো; অধিকারী করা, মালিকানা হস্তান্তর করা; শাসন-ক্ষমতা প্রদান করা; বিবাহ দেওয়া।

~, ~ عَـلَـى : রাজা বানানো।

تَـمَـلَّـكَ : অধিকার করা, দখল করা, মালিক হওয়া; জমিদার হওয়া; বদ্ধমূল হওয়া, সুদৃঢ় হওয়া।

~ عَـلَـى : শাসনকর্তা হওয়া, রাজা হওয়া; আত্মসাৎ করা।

تَـمَـالَـكَ : নিয়ন্ত্রণ লাভ করা; আত্মসংবরণ করা।

~ عَـنْ : বিরত থাকা।

إِمْـتَـلَـكَ : (إِمْـتِـلَاك) মালিক হওয়া, অধিকারী হওয়া; দখল করা; লাভ করা।



www.pathagar.com

اِمْتَلَكَ : إِمْتِلَاك (إِسْتَمْلَكَ) দখল করা, অধিকার করা, ভালো করিয়া আয়ত্ত করা, জয় করা; মালিক হওয়া; নিয়ন্ত্রণ করা।

مِلْك : সম্পত্তি, সম্পদ; ভূ-সম্পদ; মালিকানা। ব أَمْلَاك

مِلْك ثَابِت : স্থাবর সম্পত্তি।

~ مَنْقُول : অস্থাবর সম্পত্তি।

أَمْلَاك الحُكُومَة : সরকারি ভূমি।

صَاحِب الأَمْلَاك : ভূ-স্বামী, জমিদার।

مُلْك : শাসন, সার্বভৌম কর্তৃত্ব, ক্ষমতা; রাজত্ব; মালিকানা।

~ : সম্পত্তি, সম্পদ। ব أَمْلَاك

مَلَائِكَة ব (مَلْئَك) ফেরেশতা : مَلَاك، مَلَك

مَلَكَة : স্বভাব, প্রবণতা; দক্ষতা, মেধা। ব مَلَكَات

مُلْكَة، مَلْكَة : সম্পত্তি।

مَلْك، مَلِك : রাজা, সম্রাট। ব أَمْلَاك، مُلُوك

مَلِكَة : রাণী, সম্রাজ্ঞী।

مَلِكَة الجَمَال : রূপের রাণী, রূপ-সম্রাজ্ঞী।

مَلَكِيّ : রাজকীয়, রাজা-সম্বন্ধীয়, রাজাসুলভ, ফেরেশতা-সম্বন্ধীয়; বেসামরিক।

مَلَكِيَّة : রাজত্ব; মালিকানা; সম্পত্তি।

مِلْكِيَّة : মালিকানা: সম্পত্তি। ব مِلْكِيَّات

مَالِك : মালিক, কর্তা, অধিপতি, অধিকারী, শাসনকর্তা। ব مُلَّك، مُلَّاك

مَالِك الحَزِين : বক।

طَبَقَة المُلَّاك : মালিক শ্রেণী।

مَالِك : ইমাম মালিক ইবন আনাস আল-মাদানী [র] (৭১৫-৭৯৫ খ্রি.) : ফিক্হশাস্ত্রের অন্যতম প্রখ্যাত ইমাম ও মালিকী মায্হাবের প্রতিষ্ঠাতা। তাঁর প্রসিদ্ধ গ্রন্থ مُوَطَّأ

مَالِكِيّ : মালিকী মায্হাবের অনুসারী।

المَالِكِيَّة : মালিকী মায্হাব।

مِلَاك : বাগদান, বাগদানকালে প্রদত্ত উপহার।

~ : পশুর পা। ব مُلُك

~ مَلَاك : ভিত্তি, ঠেকনা।

مَلَّاك : মালিক, জমিদার, ভূস্বামী।

مَلَاكَة، مُلُوكَة : সম্পত্তি, সম্পত্তির অধিকার।

مُلُوكِيَّة : রাজকীয়, রাজাসুলভ; রাজতন্ত্রী।

مُلُوكِيَّة : রাজতন্ত্র, রাজত্ব।

مَلِيك : রাজা, সম্রাট; মালিক। ব مُلَكَاء

مَلِيك النَّحْل : মক্ষিরাণী, মৌমাছিদের রাণী।

مَلِيكَة : রাণী, সম্রাজ্ঞী।

تَمَلُّك، إِمْتِلَاك : দখল, নিয়ন্ত্রণ, আয়ত্ত; মালিকানা।

إِمْتِلَاك النَّفْس : আত্মনিয়ন্ত্রণ।

إِسْتِمْلَاك : রাজ্য,রাজত্ব, কর্তৃত্ব, সার্বভৌম ক্ষমতা।

مَلَكُوت السَّمَوَات : ঊর্ধ্বলোক।

مَلَكُوتِيّ : ঊর্ধ্বলোক-সম্বন্ধীয়।

تَمْلِيك : মালিকানা-হস্তান্তর।

تَمَالُك : আত্মনিয়ন্ত্রণ।

مَمْلَكَة : রাজ্য, রাজত্ব, দেশ। ব مَمَالِك

مُمْتَلَك، مَمْلُوك : মালিকানাভুক্ত, দখলকৃত; সম্পত্তি।

~ : দাস; ক্রীতদাস; মামলুক (বংশ), মিসরের দাস রাজবংশ। ইহা দুইভাগে বিভক্ত : ১. المَمَالِيك البَحْرِيُّون মিসরে ইহাদের রাজত্বকাল ১২৫২-১৩৮২ খ্রি., ইহাদের অন্যতম প্রসিদ্ধ সুলতান বাইবার্স ও কালাউন। ২. المَمَالِيك البُرْجِيُّون ইহাদের রাজত্বকাল ১৩৮২-১৫১৭ খ্রি.। প্রথম সুলতান বারকূক এবং শেষ সুলতান তূমান বাঈ। ব مَمَالِيكُ

مُمْتَلَكَات : সম্পত্তি, সম্পদ।

مُمْتَلَكَات أَمِيرِيَّة : সরকারি সম্পত্তি।



www.pathagar.com

مَلْمَلَ : (مَلْمَلَة) ত্বরা করা, তাড়াতাড়ি চলা; অস্থির করা।

تَمَلْمَلَ : অস্থির হওয়া, বিরক্ত হওয়া; এপাশ-ওপাশ করা।

تَمَلْمُل، مَلْمَلَة : অস্থিরতা, চঞ্চলতা।

مَلَنْخُولِيَا : (গ্রী) বিষাদ, melancholy.

مَلَا - ُ : (مَلْو) দ্রুত চলা, দৌড়ানো।

مَلَّى : (تَمْلِيَة) দীর্ঘদিন ভোগ করিতে দেওয়া।

أَمْلَى : (إِمْلَاء) দীর্ঘদিন ভোগ করিতে দেওয়া; অবকাশ দেওয়া, ঢিল দেওয়া।

~ عَلَى : শ্রুতলিপি লিখানো, লিখিয়া লইতে বলা।

تَمَلَّى : উপভোগ করা।

إِسْتَمْلَى : (إِسْتِمْلَاء) লিখিয়া দিতে বলা, শ্রুতলিপি লিখিতে চাওয়া।

مَلَا : (ব أَمْلَاء) مَلَاة (ব مَلَوَات) উন্মুক্ত ভূভাগ, প্রশস্ত ভূমি, মরুভূমি।

مَلْو : দ্রুত চলন, ধারণ।

مَلْوَة : মাপবিশেষ।

مُلَاوَة، مَلَاوَة، مُلْوَة، مِلْوَة : সময়কাল, space of time.

الْمَلَوَان : দিবারাত্রি।

مَلِيّ : দীর্ঘ; দীর্ঘকাল।

مَلِيًّا : দীর্ঘকাল যাবৎ।

مُلَيَّة : বেদুঈন মহিলাদের পোশাক, চাদর। ব مَلَايَا

مِلَايَة : মহিলাদের বহির্বাসবিশেষ; বোরকা, চাদর, বিছানার চাদর। ব مِلَايَات

إِمْلَاء : শ্রুতলিপি, শ্রুতলিখন।

مِلْيَار : এক হাজার মিলিয়ন, একশত কোটি; মিলিয়ার্ড; বিলিয়ন। ব مِلْيَارَات

مِلِّيجْرَام، مِلِّيغْرَام : একগ্রামের এক সহস্রাংশ, মিলিগ্রাম।

مَلِيم، مِلِّيم : মিসরীয় মুদ্রার ক্ষুদ্রতম একক। ব مَلَالِيم

مِلِّيمِتْر : এক মিটারের এক সহস্রাংশ, মিলিমিটার।

مِلْيُون : মিলিয়ন, দশ লক্ষ। ব مَلَايِين

أَصْحَاب الْمَلَايِين : কোটিপতি।

مم (مِلِّيمِتْر) : মিলিমিটার-এর শব্দ-সংক্ষেপ, মি. মি. M. M.

مِمَّا، مِمَّ : (مِنْ مَا) কি হইতে? যাহা হইতে।

مَمْبَرِطَة : কামান দাগিবার জন্য জাহাজের পার্শ্বের ছিদ্র।

مَنْ : (প্রশ্নজ্ঞাপক অব্যয়) কে? কাহারা? কাহাকে? কাহাদিগকে? (ইস্‌মে মাওসূল) যে, যাহারা; যাহাকে, যাহাদিগকে।

مِنْ : (পদান্বয়ী অব্যয়) ইহতে; চেয়ে; থেকে; যাবৎ; মধ্য হইতে; তে; এ, সম্বন্ধে।

مِنْ عِنْد : নিকট হইতে।

مِنْ قِبَل : পক্ষে, পক্ষ হইতে।

مِنْ قَبْلُ : ইতঃপূর্বে।

مِنْ بَعْد : পরে।

مِنْ حَيْثُ : যেইখান হইতে, যেমনভাবে, এমনভাবে যে, অথচ।

هُوَ وَاحِد مِنْهُمْ : সে তাহাদের অন্যতম।

هُوَ إِقْتَرَبَ مِنِّي : সে আমার নিকটবর্তী হইল।

مَاجَاءَنِي مِنْ أَحَد : আমার নিকট কেহই আসে নাই।

مَا مِنْ شَخْص : এমন কেহ নাই যে,।

مَا مِنْ أَحَد يَقْدِر : কেহই পারে না।

مَا لِلّٰه مِنْ شَرِيك : আল্লাহর কোনই শরীক নাই।

مِنَ اللَّيْل : রাত্রে।

مِنْ يَوْمِه : ঠিক একই দিনে।

مِنْ سَاعَتِه : সেই মুহূর্তে, তৎক্ষণাৎ।

مِنَ الْمَعْلُوم : বিদিত, সকলেই জানে যে,।

مِنَ الْمُمْكِن : সম্ভব, সম্ভবত, সম্ভাবনা আছে যে,।



www.pathagar.com

مِنَ الْمَرْجُوِّ : আশা করা যায় যে,।

مِنَ النَّاسِ مَن يَقُول : কতিপয় লোক যারা বলে।

أَيْنَ أَنْتَ مِن هذا الرَّجُلِ : তোমার ও এই লোকটির মধ্যে কোন তুলনা হয় না।

مَنَّ : ـُ (مَنّ)، (إِمْتِنَان) إِمْتَنَّ ~ عَلَى সদয় হওয়া, অনুগ্রহ করা, উপকার করা; সদ্ব্যবহার করা; প্রদান করা, মঞ্জুর করা।

~ : (مِنَّة، مَنّ) উপকার করিয়া খোঁটা দেওয়া।

~ : (مَنّ)، أَمَنَّ (إِمْنَان) تَمَنَّنَ ক্লান্ত করা, দুর্বল করা।

~ : কর্তন করা।

مَانَّ : (مِنَان) সহযোগিতা করা।

إِسْتَمَنَّ : (إِسْتِمْنَان) অনুগ্রহ চাওয়া।

مَنّ : অনুগ্রহ, উপকার, দান, উপহার; আসমান হইতে পতিত একপ্রকার খাদ্য, মান্না।

~ : দুই রতলের সমান ওজনের এককবিশেষ; (উপমহাদেশে) মণ (চল্লিশ সের)। ব أَمْنَان

بِمَنِّهِ تَعَالَى : আল্লাহর অনুগ্রহে।

مِنَّة : অনুগ্রহ, দয়া, করুণা, উপকার, দান; শুভেচ্ছা, বন্ধুত্ব, ঔদার্য। ব مِنَن

مُنَّة : শক্তি, সহ্যশক্তি। ব مُنَن

شَدِيد الْمُنَّة : শক্তিশালী, সতেজ, সবল, কষ্টসহিষ্ণু।

مَنَّان : দয়ালু, দয়াবান, সদয়, সদাশয়; উপকারী।

الْمَنَّان : মহোপকারী, আল্লাহর একটি গুণবাচক নাম।

مَنُون : দয়ালু, সদাশয়; সময়; কাল; ভাগ্য; নিয়তি; মৃত্যু।

رَيْب الْمَنُون : কালচক্র, জীবনের দুঃখকষ্ট; দুর্যোগসমূহ।

مَنِين : দুর্বল; সূক্ষ্মধূলি; নরম দড়ি। ব أَمِنَّة، مُنُن

إِمْتِنَان : দয়া; করুণা, অনুগ্রহ; কৃতজ্ঞতা, শুকরিয়া।

مَمْنُون : দুর্বল; কর্তিত; অনুগৃহীত।

~، مُمْتَنّ : কৃতজ্ঞ; বাধিত, কৃতজ্ঞতাপাশে আবদ্ধ।

مَمْنُونِيَّة : কৃতজ্ঞতা, কৃতজ্ঞতার ঋণ।

مَنْتُول : কর্পূরবিশেষ, menthol.

مَنْجَنِيق : প্রস্তরাদি নিক্ষেপ করিবার প্রাচীনকালীন যন্ত্রবিশেষ, ballista. ব مَنجَانِق

مَنْجَة، مَنْجُو : আম।

مَنْجُوس : বেজি।

مَنَحَ : ـَ (مَنْح) দান করা, মঞ্জুর করা, দেওয়া।

مَانَحَ : (مُمَانَحَة) অনুগ্রহ করিতে থাকা, উপহার প্রদান করা, অবিরাম অশ্রু বর্ষণ করা।

أَمْنَحَ :(إِمْنَاح) আসন্নপ্রসবা হওয়া।

إِمْتَنَحَ ،أَمْتُنِحَ : (إِمْتِنَاح) (দান) পাওয়া, লাভ করা।

إِسْتَمْنَحَ : (إِسْتِمْنَاح) দান পাইতে চাওয়া।

مَنْح : প্রদান, দান।

مِنْحَة : দান, উপহার; অনুদান, অনুগ্রহ; বৃত্তি, ভাতা। ব مِنَح

مِنْحَة دِرَاسِيَّة : শিক্ষাবৃত্তি।

مَانِح : দাতা।

مَنَّاح : উদার।

مَنُوح : দুগ্ধবতী উষ্ট্রী, ভেড়ী।

مَنْدِيل : রুমাল। ব مَنَادِيل

مُذ، مُنْذ : (পদান্বয়ী অব্যয়) যাবৎ, পর্যন্ত, অবধি, হইতে।

مُنْذ أَيَّام : বহুদিন যাবৎ।

~ الآن : এখন হইতে।

~ شَهْرٍ : একমাস যাবৎ।

~ عَهْدٍ قَرِيبٍ : সম্প্রতি।

مَانْشُورِيَا : (Manchuria) চীনের একটি প্রদেশ। রাজধানী সিংকিয়াং।

مَنْصُون : মৌসুমী বায়ু।

مَنْطَقَ : (مَنْطَقَة) বেষ্টিত করা, আবৃত করা।

تَمَنْطَقَ : বেষ্টিত হওয়া, আবৃত হওয়া।

مَنْطُوفْلَة : (সি) চটিজুতা, স্লিপার; Slipper.



www.pathagar.com

مَـنَـعَ : ـَ (مَـنْـع) মানা করা, নিষেধ করা, বারণ করা; বাধা দেওয়া, নিবৃত্ত করা, বিরত করা; রোধ করা; নিষিদ্ধ করা; প্রত্যাখ্যান করা, অস্বীকার করা; রক্ষা করা।

مَنُعَ : ـُ (مَنَاعَة، مَنَاع) সুরক্ষিত হওয়া, সুদৃঢ় হওয়া, অজেয় হওয়া।

مَنَّعَ : (تَـمْـنِـيع) সুদৃঢ় করা, সুরক্ষিত করা, শক্তিশালী করা; সংক্রমণমুক্ত করা।

مَانَعَ : (مُـمَـانَـعَـة) বিরোধিতা করা; প্রতিরোধ করা; বিদ্রোহ করা; না দেওয়া; বঞ্চিত করা।

إِمْتَنَعَ، تَمَنَّعَ : (إِمْـتِـنَـاع) অনিচ্ছুক হওয়া; অসম্ভব হওয়া; সুরক্ষিত হওয়া; অগম্য হওয়া; অনাক্রম্য হওয়া; অজেয় হওয়া।

~ ، عَنْ ~ : বিরত থাকা, নিবৃত্ত থাকা, ক্ষান্ত হওয়া, পরিহার করা।

~ : শক্তিশালী হওয়া, সুরক্ষিত হওয়া।

~ بِ : আশ্রয় চাওয়া, আশ্রয় গ্রহণ করা।

تَمَانَعَ : বাধা দেওয়া।

مَنْع : বাধা, নিষেধ, বারণ, নিবারণ; নিষেধাজ্ঞা, বিধি-নিষেধ; প্রত্যাহার।

مَانِع : নিষেধকারী, নিষিদ্ধকারী, বিরতকারী, প্রতিরোধকারী, বাধাদানকারী। ব مَانِعُون، مَنَعَة

~ : বাধা, অন্তরায়, প্রতিবন্ধকতা; বিধি-নিষেধ। ব مَوَانِع

مَنْعَة، مَنَاعَة : শক্তি, ক্ষমতা, প্রতিরোধ-ক্ষমতা; সুরক্ষা, প্রতিরক্ষা, দুর্ভেদ্যতা, অজেয়তা।

~ : সংক্রমণমুক্ততা।

مَنَّاع، مَنُوع : বাধাদানকারী; বঞ্চনাকারী; নিবারণমূলক।

مَنِيع : শক্তিশালী, শক্ত, সুদৃঢ়; সুরক্ষিত; দুর্ভেদ্য, অজেয়, অলঙ্ঘনীয়; সংক্রমণমুক্ত। ব مُنَعَاءُ

إِمْتِنَاع : নিবৃত্তি, নিবারণ, অসম্ভাব্যতা।

تَمَنُّع : অনিচ্ছা, অস্বীকৃতি।

مَمْنُوع : নিষিদ্ধ, অবৈধ।

مَمْنُوع التَّدْخِين : ধূমপান নিষিদ্ধ।

~ الدُّخُول : প্রবেশ নিষিদ্ধ।

بَضَائِع مَمْنُوعَة : নিষিদ্ধ পণ্য।

مَمْنُوعِيَّة : নিষিদ্ধতা, বিধি-নিষেধ।

مُمْتَنِع : বিরত, নিবৃত্ত; অনিচ্ছুক; নিষিদ্ধ; অসম্ভব।

مُمَانَعَة : বিরোধিতা, প্রতিরোধ, বিদ্রোহ, বাধা।

مَانْغُولِيَا, مُنْغُولِيَا : মঙ্গোলিয়া চীনের উত্তরে একটি সোভিয়েত প্রজাতন্ত্র।

مَنَا : ـُ (مَنْو)، مَنَى - (مَنْي) পরীক্ষা করা, বিপদে ফেলা, কষ্ট দেওয়া।

مُنِيَ : ~ بِ (কষ্ট) সহ্য করা, ভোগ করা; পতিত হওয়া।

مَنَّى : (تَمْنِيَة) আশান্বিত করা, প্রত্যাশী করা, আশা জাগ্রত করা, আশা দেওয়া; প্রতিশ্রুতি দেওয়া।

أَمْنَى : (إِمْنَاء) (রক্ত) প্রবাহিত করা; ঝরানো; শুক্র নির্গত করা; বীর্যপাত ঘটানো।

مَانَى : (مُمَانَيَة) ফেলিয়া রাখা; সময় দেওয়া; পুরস্কার দেওয়া, তোষামোদ করা।

تَمَنَّى : আশা করা, কামনা করা, প্রত্যাশা করা।

أَمْنَى، إِمْتَنَى : (إِمْنَاء، إِمْتِنَاء) (হজ্জযাত্রী) মিনায় পৌঁছা।

إِسْتَمْنَى : (إِسْتِمْنَاء) বীর্যপাত করিবার চেষ্টা করা, হস্তমৈথুন করা।

مَنِيَّة، مَنًى : মৃত্যু; নিয়তি; ভাগ্য। ব مَنَايَا

مِنًى : মিনা : মক্কার অদূরবর্তী একটি স্থান। এখানে যুল-হিজ্জার দশ হইতে তের তারিখ পর্যন্ত হজ্জ পালনকারীগণ অবস্থান করিয়া কুরবানী ও রাময়ুল-জিমার করেন।

مَنِيّ : শুক্র, বীর্য।

مَنَوِيّ : শুক্র-সম্বন্ধীয়, বীর্য-সংক্রান্ত।

مُنْيَة : আশা, আশার বস্তু। ব مُنًى

أُمْنِيَّة : আশা, কামনা। ব أَمَانِيّ، أَمَانٍ

تَمَنٍّ : আশা, কামনা; অনুরোধ। ব تَمَنِّيَات

إِمْنَاء، تَمْنِيَة : শুক্র নির্গতকরণ; বীর্যপাত।



www.pathagar.com

إِسْتِمْنَاء : হস্তমৈথুন।

مُتَمَنٍّ : প্রত্যাশী।

مَهْ مَهْ، مَهْ আস্তে! থাম, দাঁড়াও।

مَهَه : ধীরে চলন; সহজ বস্তু।

مَهَاه : ধীরে চলন, সহজ বস্তু, সৌন্দর্য, ঔজ্জ্বল্য, কমনীয়তা।

مِهْتَار، مَهْتَر : (ফা) যুবরাজ।

مُهْجَة : হৃৎপিণ্ড, অন্তঃকরণ, আত্মা, প্রাণ, জীবন; রক্ত। ব مُهَجَات، مُهَج

خَرَجَتْ مُهْجَتُهُ : তাহার প্রাণ বাহির হইয়া গিয়াছে।

مَهَدَ : ـَ (مَهْد)، مَهَّدَ (تَمْهِيْد) সমান করা, মসৃণ করা; সহজ করা; প্রস্তুত করা; ঠিক করা।

مَهَّدَ الطَّرِيقَ : রাস্তা পাকা করা।

مَهَّدَ السَّبِيلَ : ~ ب সম্ভব করা।

~ الْعُذْرَ : কৈফিয়ত গ্রহণ করা।

تَمَهَّدَ : সমান হওয়া, মসৃণ হওয়া, প্রস্তুত হওয়া, সহজ হওয়া; ঠিক হওয়া; বিন্যস্ত হওয়া; ঠিকভাবে চলা; শক্তিশালী হওয়া।

إِمْتَهَدَ (إِمْتِهَاد) : (উটের কুঁজ) উঁচু হওয়া।

مَهْد : (শিশুর) দোলনা, বিছানা, শয্যা; ভূমি। ব مُهُود

مِنَ الْمَهْدِ إِلَى اللَّحْدِ : দোলনা হইতে কবর পর্যন্ত, জন্ম হইতে মৃত্যু পর্যন্ত।

مِهَاد : বিছানা; শয্যা; বিশ্রামস্থল; সমভূমি। ব مُهُد، أَمْهِدَة

مَهِيد : খাঁটি মাখন।

تَمْهِيد : সমতলকরণ, মসৃণকরণ, সহজকরণ; উন্মুক্তকরণ; প্রস্তুতি; বিন্যাস; ভূমিকা; মুখবন্ধ।

تَمْهِيدِيّ : প্রস্তুতিমূলক, প্রাথমিক, প্রারম্ভিক; ভূমিকাস্বরূপ।

إِجْرَاءَات تَمْهِيدِيَّة : (মামলার) প্রারম্ভিক কার্যধারা।

حُكْم تَمْهِيدِيّ : অন্তর্বর্তীকালীন রায়।

~ شَرْح : প্রারম্ভিক মন্তব্য।

~ قَرَار : অন্তর্বর্তীকালীন ইনজাঙ্কশন।

مُمَهَّد : সমানকৃত, মসৃণকৃত; সমতল, মসৃণ; সুবিন্যস্ত; প্রস্তুত; উন্মুক্ত, পাকা (রাস্তা)।

مَهَرَ : ـُ (مَهْر، مَهَار، مَهَارَة، مُهُور) দক্ষ হওয়া, অভিজ্ঞ হওয়া।

~ أَمْهَرَ : (إِمْهَار) (স্ত্রীকে) মহর দেওয়া, মহর ধার্য করা।

~ : (مُهْر) সীলমোহর করা, স্বাক্ষর করা।

مَاهَرَ : (مُمَاهَرَة) দক্ষতার প্রতিযোগিতা করা।

تَمَهَّرَ : দক্ষতা অর্জন করা।

مَهْر : (বিবাহের) মহর। ব مُهُور، مُهُورَة

مِهْر : ইরানী সৌরবর্ষের সপ্তম মাস। ১৭ই জুলাই হইতে ১৬ই আগস্ট পর্যন্ত। এই মাসের ৬ষ্ঠ দিবসে মেহেরজান উৎসব পালিত হয়।

مُهْر : অশ্বশাবক। ব أَمْهَر، مِهَار، مِهَارَة

~ : (ফা) সীলমোহর।

مُهْرَة : শিশু ঘোটকী। ব مُهَر، مُهَرَات

مَاهِر : দক্ষ, অভিজ্ঞ, বিশেষজ্ঞ। ব مَهَرَة

مَهَارَة : দক্ষতা, অভিজ্ঞতা; চাতুর্য।

مَهِيرَة : বিরাট অংকের মহরের অধিকারী। ব مَهَائِر

مَهْرِيَّة : এক প্রকার লাল গম। ব مَهَارِيّ

مُمْهِر : শাবকবিশিষ্ট (ঘোটকী)।

مَمْهُورَة : মহরানা দেওয়া হইয়াছে এমন (স্ত্রীলোক)।

مُهْرْدَار : (ফা) সীলরক্ষক, সীলবহনকারী।

مَهْرَجَان : (ফা) উৎসব, পর্ব; মেহেরজান উৎসব। ব مَهْرَجَانَات

مَهَشَ : ـَ (مَهْش) দগ্ধ করা; নখ দ্বারা ছিঁড়িয়া ফেলা।

إِمْتَهَشَ : (إِمْتِهَاش) দগ্ধীভূত হওয়া।

مَهَّصَ : (تَمْهِيص) (কাপড়) ধৌত করা।

تَمَهَّصَ : (তু) নিমজ্জিত হওয়া।

إِمْهَاصَّ : (إِمْهِيصَاص) (ভূমি) শূন্য হওয়া।



www.pathagar.com

مَهْصَاء : শূন্য (ভূমি)।

مَهِقَ : - َ (مَهَق) সাদাটে হওয়া।

تَمَهَّقَ : থামিয়া থামিয়া পান করা।

مَهَق : চর্ম, কেশ ও চক্ষুর শ্বেত বর্ণ; পানির হালকা সবুজ রং।

مَهِيق : দূরবর্তী ভূমি।

أَمْهَق : শ্বেতবর্ণ, ঈষৎ শুভ্র, শ্বেতাভ। স্ত্রী مَهْقَاء ব مُهْق

مَهَكَ : - َ (مَهْك)، مَهَّكَ (تَمْهِيك) চূর্ণ করা, গুঁড়া করা।

~ : নরম করা।

تَمَاهَكَ : ঝগড়া করা।

مَهْكَة، مُهْكَة : পূর্ণ যৌবন।

مَهِيك : দুর্বল, পুরুষত্বহীন।

مُمَهَّك، مُمْتَهَك : তেজোদীপ্ত (যৌবন)।

مِمْهَكَة : পেষণ-যন্ত্র, masher.

مَهَلَ : - َ (مَهْل، مُهْلَة) সময় নেওয়া; গড়িমসি করা; মন্থর হওয়া, শৈথিল্য করা; সময় দেওয়া।

مَهُلَ : - َ (مَهَل) সর্বোত্তম হওয়া, শীর্ষস্থানীয় হওয়া।

مَهَّلَ، أَمْهَلَ : (تَمْهِيل، إِمْهَال) সময় দেওয়া, অবকাশ দেওয়া।

تَمَهَّلَ : সময় নেওয়া, গড়িমসি করা, বিলম্ব করা, মন্থর হওয়া, ধীরে চলা।

إِسْتَمْهَلَ : (إِسْتِمْهَال) সময় চাওয়া।

مَهْل، مَهَل : ধীরতা, মন্থরতা; অবকাশ, সুবিধা।

مَهْلاً، عَلَى مَهْلٍ : ধীরে, আস্তে আস্তে, অবসরমত।

عَلَى مَهْلِكَ، عَلَى مَهَلِكَ : আস্তে আস্তে কর; সহজভাবে নাও।

مُهْل : খনিজ পদার্থ; গলিত তাম্র; মৎস্য।

مُهْلَة : সময়, অবকাশ, বিলম্ব, বিরাম, সুবিধা; প্রস্তুতি।

مَهِيلَة : (ই) বড় নৌকা।

إِمْهَال : অবকাশকাল, সময়দান।

إِمْهَالِيّ : দীর্ঘসূত্রী, বিলম্বঘটিত।

تَمَهُّل : মন্থরতা, শৈথিল্য, গড়িমসি, বিলম্ব।

بِتَمَهُّلٍ : ধীরে ধীরে, আস্তে আস্তে।

مُتَمَهِّل : মন্থর, দীর্ঘসূত্রী, বিলম্বকারী।

مُتَمَاهِل : ধীর, মন্থর।

مَهْمَا : যাহাই, যতই, যখনই।

مَهَنَ : - ُ (مَهْن، مَهْنَة) সেবা করা; অপদস্থ করা; দুর্ব্যবহার করা; অধিক ব্যবহার করা।

مَهُنَ : - ُ (مَهَانَة) হীন হওয়া, নীচ হওয়া, তুচ্ছ হওয়া; দুর্বল হওয়া।

مَاهَنَ : (مُمَاهَنَة) (পেশা) চালাইয়া যাওয়া; অধিক ব্যবহার করা।

أَمْهَنَ : (إِمْهَان) দুর্বল করা; কাজে খাটানো।

إِمْتَهَنَ : (إِمْتِهَان) অধিক ব্যবহার করা, নিঃশেষ করিয়া ফেলা; তুচ্ছজ্ঞান করা, অপদস্থ করা; হীন কাজে ব্যবহার করা; পেশা হিসাবে গ্রহণ করা; চাকর হওয়া; চাকর বানানো; (চাকরকে) অধিক খাটানো।

مِهْنَة : পেশা, ব্যবসায়, কর্ম, চাকুরি, বৃত্তি। ব مِهَن

مِهْنَة حُرَّة : স্বাধীন পেশা, করমুক্ত ব্যবসা।

~ شَرِيفَة : সম্মানজনক পেশা।

~ يَدَوِيَّة : হাতের কাজ।

مَهِنَة : কর্মদক্ষ। ব مُهَن

مِهْنِيّ : পেশাগত।

مَاهِن : ভৃত্য। ব مُهَّان

مَهِين : مُمْتَهَن، مُهَان হীন, নিকৃষ্ট, তুচ্ছ, ঘৃণ্য। ব مُهَنَاء

إِمْتِهَان : ঘৃণা, অপমান, লাঞ্ছনা, দুর্ব্যবহার।

مَهَا : - ُ (مَهْو) প্রচণ্ডভাবে আঘাত করা।

~ : (مَهًا) সাদা পশমযুক্ত হওয়া।

~ : - َ - (مَهْي) রৌপ্য কিংবা স্বর্ণমণ্ডিত করা।

مَهَى : - (مَهْي)، إِمْتَهَى، (إِمْتِهَاء) শান দেওয়া, ধার দেওয়া।



www.pathagar.com

مَهُوَ : ـُ (مَهَاوَة) (দুধ) পাতলা হওয়া।

أَمْهَى : (إِمْهَاء) ধার দেওয়া, পাতলা করা; (অশ্ব) তাড়াইয়া নেওয়া।

إِسْتَمْهَى : (إِسْتِمْهَاء) ছত্রভঙ্গ করা; পূর্ণগতিতে (অশ্ব) ছুটানো।

مَهْو : স্ফটিক; শিলা; মুক্তা; শ্বেত পাথর; তাজা খেজুর; পাতলা, হালকা, স্বচ্ছ।

مَهَاة : বন্যগাভী; স্ফটিক-খণ্ড; সূর্য। ব مَهَوَات، مَهًّا

مَاءَ : ـُ (مُوَاء) (বিড়াল) মিউমিউ করা।

أَمْوَأَ : (إِمْوَاء) বিড়ালের ন্যায় মিউমিউ ডাকা।

مُوَاء : (বিড়ালের) মিউমিউ ডাক।

مَائِيَّة، مَائِنَة، مَائِيَة : বিড়াল।

مَاتَ : ـُ (مَوْت) মরিয়া যাওয়া, ধ্বংস হওয়া, নিভিয়া যাওয়া; থামিয়া যাওয়া।

مَاوَتَ : (مُمَاوَتَة) ধৈর্যের প্রতিযোগিতা করা।

مَوَّتَ، أَمَاتَ : (تَمْوِيت، إِمَاتَة) মারিয়া ফেলা, ধ্বংস করা, হত্যা করা, মৃত্যুর কারণ হওয়া।

~ : নরম করা; ঠাণ্ডা করা; পচানো; দমন করা, সন্তান হারানো।

أَمَاتَ نَفْسَهُ : আত্মহত্যা করা, নিজেকে ধ্বংস করা।

أُمِيتَ : অপ্রচলিত হইয়া যাওয়া, বর্জিত হওয়া।

تَمَاوَتَ : মৃত্যুর ভান করা, মৃত সাজা; দুর্বল সাজা শৈথিল্য প্রদর্শন করা।

إِسْتَمَاتَ : (إِسْتِمَاتَة) মৃত্যু কামনা করা; চরম আত্মত্যাগ করা, জীবনের ঝুঁকি লওয়া, মৃত্যু ডাকিয়া আনা, বেপরোয়া হইয়া কাজ করা।

مَوْت، مَوْتَة : মৃত্যু, ধ্বংস।

مَوْت أَبْيَض : স্বাভাবিক মৃত্যু, জরা-মৃত্যু।

~ أَحْمَر : খুন।

~ أَسْوَد : গলা টিপিয়া হত্যা, শ্বাসরুদ্ধ হইয়া মৃত্যু।

~ زُؤَام : দ্রুত মৃত্যু; ভয়ঙ্কর মৃত্যু।

مُوتَة : উন্মত্ততা; মূর্ছা।

مَيِّت، مَيْت : মৃত, নির্জীব, প্রাণহীন। ব مَوْتَى، أَمْوَات

مَيْتَة : বিরল পদ্ধতিতে মৃত প্রাণী; মৃতদেহ।

مِيتَة : মৃত্যুর ধরন বা প্রকার; মৃত্যু।

مَيْتُوتَة : মৃত্যু।

مَوَات : প্রাণহীন বস্তু; পরিত্যক্ত ভূমি; অকর্ষিত ভূমি; প্রাণহীনতা, নির্জীবতা।

مَائِت : মরণোন্মুখ, মৃতপ্রায়; মরণশীল; ধ্বংসশীল।

مَوْت مَائِت : ভয়ঙ্কর মৃত্যু।

مُوتَان، مَوَتَان : পশু-মড়ক, মৃত প্রাণী।

مَوَتَان الفُؤَاد : উদাসীন; হাবা।

مَوَتَان : মৃত্যু; নিষ্প্রাণ বস্তু, অকর্ষিত ভূমি।

إِمَاتَة : হত্যা, ধ্বংস, দমন; পচানো।

إِسْتِمَاتَة : মৃত্যুকামনা, জীবনের ঝুঁকি, বেপরোয়া প্রচেষ্টা বা সংগ্রাম।

مَمَات : মৃত্যুর জায়গা, মরণস্থল; মৃত্যু।

مُمَات : বর্জিত, অপ্রচলিত; পরিত্যক্ত, অব্যবহৃত।

مُمِيت : মারাত্মক।

جُرْح مُمِيت : মারাত্মক আঘাত।

خَطِيئَة مُمِيتَة : মারাত্মক অপরাধ।

مُسْتَمِيت : বেপরোয়া, হঠকারী, দুঃসাহসিক; নির্ভীক, দুঃসাহসী।

مُوتُوسِيكل : মটরসাইকেল।

مَاثَ : ـُ (مَوْثَان، مَوْث) মিশ্রিত করা, মিশানো।

إِنْمَاثَ : (إِنْمِيَاث) মিশ্রিত হওয়া।

مَاجَ : ـُ (مَوْجَان، مَوْج) تَمَوَّجَ، তরঙ্গায়িত হওয়া, আন্দোলিত হওয়া, দোল খাওয়া, ঢেউ খেলা, স্পন্দমান হওয়া; আলোড়িত হওয়া, উদ্বেলিত হওয়া, স্ফীত হওয়া; উত্তাল হওয়া, উত্তেজিত হওয়া; বিশৃঙ্খল হওয়া।

~ عَنْ : বিচ্যুত হওয়া।

مَوَّجَ : (تَمْوِيج) তরঙ্গায়িত করা, ঢেউ খেলানো।

تَمَاوَجَ : তরঙ্গায়িত হওয়া, ঢেউ খেলা; স্ফীত হওয়া, প্রবাহিত হওয়া।



www.pathagar.com

مَوْج : (ب أَمْوَاج) مَوْجَة (ب مَوْجَات) তরঙ্গ, ঢেউ।

مَوْج طَوِيل : দীর্ঘ তরঙ্গ (রেডিও), long wave.

~ قَصِير : হ্রস্ব তরঙ্গ (রেডিও), short wave.

~ مُتَوَسِّط : মধ্যম তরঙ্গ (রেডিও), medium wave.

مَوْجَة الشَّبَاب : যৌবন-তরঙ্গ, যৌবনের দীপ্তি।

أَمْوَاج صَوْتِيَّة : শব্দ-তরঙ্গ, Sound waves.

مُتَمَوِّج، مَائِج، مَوَّاج : তরঙ্গায়িত, আন্দোলিত, আলোড়িত, উদ্বেলিত; স্ফীত।

مَوَّاجَات ب : (রেডিওর) ট্রান্সমিটার, transmitter. ~

تَمَوُّج : তরঙ্গায়ন, আলোড়ন, স্পন্দন।

تَمْوِيج : তরঙ্গায়ন, কুঞ্চিতকরণ।

مُمَوَّج : তরঙ্গায়িত।

مُتَمَاوِج : তরঙ্গায়িত, কুঞ্চিত।

مُودَة : শৌখিন রীতি, রেওয়াজ, ফ্যাশন, স্টাইল। ব مُودَات

مَاذ : প্রফুল্ল।

مَاذِيّ : সাদা ও উৎকৃষ্ট মধু; অস্ত্রশস্ত্র; হালকা বর্ম।

مَاذِيَّة : হালকা বর্ম, হালকা মদ।

مَارَ ـُ : (مَوْر)، تَمَوُّرَ দোল খাওয়া, আন্দোলিত হওয়া, দোদুল্যমান হওয়া, তরঙ্গায়িত হওয়া, ইতস্তত ঘুরা, মোড় ঘুরা।

~ عَلَى : বহিয়া যাওয়া, গড়াইয়া যাওয়া।

~ أَمَارَ : (إِمَارَة) (রক্ত) ঝরানো; (ধূলি) উড়ানো।

اِنْمَارَ : (اِنْمِيَار) (কেশ) ঝরিয়া পড়া।

اِمْتَارَ : (اِمْتِيَار) (তরবারি) টানিয়া বাহির করা।

مَارِي، مَار : (সি) ঋষি, সাধু।

مَوْر : দোলা; আন্দোলন, উত্তেজনা, আলোড়ন।

مُور : ধূলি।

مُوَارَة، مُورَة : ঝরিয়া পড়া চুল।

مَوَّار : আন্দোলিত, দোদুল্যমান; দোলক।

مَوَّار الْيَد : সচ্ছন্দ দ্রুতগতিসম্পন্ন (উট)।

مَائِر : লক্ষ্যভেদী (তীর)।

مَائِرَات : রক্তস্রোত।

تَمَوُّر : দোলন, আন্দোলন।

تَمَوُّرًا : এদিক ওদিক, অগ্র পশ্চাৎ, ইতস্তত।

مُورفِين : আফিম হইতে প্রস্তুত যন্ত্রণা উপশমকারী ও নিদ্রাকারক ঔষধ, morphine.

مُورِينَة : কড়িকাঠ, আড়া।

مُورِيتَانِيَا : মৌরিতানিয়া : পশ্চিম আফ্রিকার একটি স্বাধীন ইসলামী প্রজাতন্ত্র। রাজধানী নৌয়াকচট। এটি ১৯৬০ খ্রিস্টাব্দে স্বাধীনতা লাভ করে।

مَوْز : কলা, কলাগাছ।

مَوَّاز : কলাবিক্রেতা, কলাওয়ালা।

مُوزَمْبِيق : মোজাম্বিক : দক্ষিণ-পূর্ব আফ্রিকার একটি স্বাধীন দেশ। রাজধানী মাপুতো।

مَاسَ ـُ : (مَوْس) (মস্তক) মুণ্ডন করা।

مَاس : হীরক; হালকা।

مُوسَى، مُوس : ক্ষুর, ب مُوسَيَات، أَمْوَاس، مَوَاسٍ razor,

مُوس الأَمْن : নিরাপদ ক্ষুর, safety-razor.

سَمَك مُوسَى : সামুদ্রিক মৎস্যবিশেষ, sale-fish.

مُوسَى : মূসা কালীমুল্লাহ (আ) : পবিত্র আসমানী গ্রন্থে উল্লিখিত ইসরাঈল বংশোদ্ভূত অন্যতম প্রধান পয়গম্বর। শৈশবে দ্বিতীয় রেমেসিস ফেরাউনের স্ত্রী আছিয়া তাঁহাকে সমুদ্র হইতে উদ্ধার করিয়া রাজপ্রাসাদেই লালন করেন। তিনি ফেরাউনের অত্যাচার হইতে বনী ইসরাঈলকে রক্ষা করিবার জন্য পয়গম্বররূপে প্রেরিত হন এবং সীনাই উপত্যকায় চল্লিশ বৎসর পর্যন্ত তাহাদের সঙ্গে অবস্থান করিয়া আল্লাহর নির্দেশসমূহ প্রচার করেন। আল-কুরআনে তাঁহার বিস্তারিত বিবরণ রহিয়াছে।

مُوسَى بن نُصَيْر : মূসা ইবন নুসায়র : (৬৪০-৭১৬ খ্রি.) উমাইয়া খলীফা আবদুল মালিক ইবন মারওয়ানের সেনাপতি এবং উত্তর-পশ্চিম আফ্রিকা ও স্পেন বিজয়ী।



www.pathagar.com

مُوسِيقِيَّة : সঙ্গীত, music.

مُوسِيقِيّ : সঙ্গীত সম্বন্ধীয়, সঙ্গীতবিষয়ক; সঙ্গীতজ্ঞ, বাদ্যকর।

آلَة مُوسِيقِيَّة : বাদ্যযন্ত্র।

مُوسِيقَار : সঙ্গীতজ্ঞ, সুরকার।

مُوسْكُو : মস্কো; সোভিয়েত ইউনিয়নের রাজধানী।

مَاشَ ـُ : (مَوْش) (নদীতে) বালুচর পড়া।

مَاش : মাষকলাই; তুচ্ছ বস্তু, সামান্য জিনিস।

اَلْمَاشُ خَيْرٌ مِنْ لَاشَ : না থাকার চাইতে সামান্য থাকাও ভালো (প্রবাদ), নাই মামার চাইতে কানা মামা ভালো।

مَاصَ ـَ : (مَوْص) (কাপড়) হালকাভাবে ধৌত করা, পরিষ্কার করা; দন্ত বিকশিত করা।

مَوَّصَ : (تَمْوِيص) (কাপড়) ধৌত করা; খড়ের ব্যবসা করা।

مَوْص : খড়।

مُوَاصَة : যা দ্বারা ধৌত করা হয়।

مَوَّاصَة : ধৌতকারিণী, যে গোসল করায়।

اَلْمَوْصِل : মৌসুল : উত্তর ইরাকের একটি নগরী। ৬৪১ খ্রিস্টাব্দে মুসলিম অধিকারে আসে।

مُوضَة : শৌখিন রীতি, রেওয়াজ, ফ্যাশন, স্টাইল।

مَاغَ ـُ : (مُوَاغ) (বিড়াল) মিউ মিউ করা।

مَاقَ ـُ : (مَوْق) (পণ্যদ্রব্য) সস্তা হওয়া।

~ : (مُؤُوق، مُوَاقَة، مَوْق) নির্বোধ হওয়া, বোকা হওয়া।

~ : (مُوَاقَة، مُؤُوق، مُوق)، اِنْمَاقَ (اِنْمَاق) ধ্বংস হওয়া।

تَمَاوَقَ : পাগল সাজা।

اِسْتَمَاقَ : (اِسْتِمَاقَة) বোকামি করা, নির্বোধের ন্যায় কাজ করা।

مُوق : নির্বুদ্ধিতা, বোকামি।

~ : ধূলি; পুরু মোজা। ব أَمْوَاق

مُوق الْعَيْن : চক্ষুর কোণ।

مَائِق : বোকা, নির্বোধ। ব مَوْقَى

أَحْمَق مَائِق : নিরেট বোকা।

مَالَ ـُ : (مُؤُول، مَوْل) পশুসম্পদে সমৃদ্ধ হওয়া, ধনী হওয়া।

~ ـُ : (مَوْل)، أَمَالَ পশুপাল দান করা।

مَوَّلَ : (تَمْوِيل) সম্পদশালী করা, ধনী করা; অর্থ যোগান দেওয়া, মূলধন যোগান দেওয়া।

تَمَوَّلَ : ধনী হওয়া, সম্পদশালী হওয়া, মূলধন লাভ করা।

اِسْتَمَالَ : (اِسْتِمَالَة) ধনী হওয়া, সম্পদশালী হওয়া।

مَال : ধন, সম্পদ, পশুসম্পদ, অর্থ, সম্পত্তি; মাল, পণ্য; পুঁজি, তহবিল; কর। ব أَمْوَال

مَال اِحْتِيَاطِيّ : সংরক্ষিত তহবিল, reserve fund.

~ الأَطْيَان : (মি) ভূমিকর, land-tax.

~ الْحُكُومَة : (সরকারি অর্থ) কর।

~ ثَابِت : স্থায়ী সম্পত্তি, স্থাবর সম্পত্তি।

~ نَقْلِيّ، مَال مَنْقُول অস্থাবর সম্পত্তি।

أَمِينُ الْمَالِ : কোষাধ্যক্ষ, খাজাঞ্চি।

بَيْت ~ : সরকারি কোষাগার, খাজাঞ্চিখানা।

جَمْع ~ : অর্থসঞ্চয়।

ذُومَالٍ : ধনী, সম্পদশালী।

رَأْسُ مَالٍ : মূলধন, পুঁজি, তহবিল।

مَال : ধনী, সম্পদশালী, বিত্তশালী। ব مَالُون স্ত্রী مَالَة ব مَالَات

مَالِيّ : অর্থসম্বন্ধীয়, আর্থিক; পুঁজিপতি, বিত্তশালী।

تَضَخُّم مَالِي : সম্পদের স্ফীতি; মুদ্রাস্ফীতি।

مَالِيَّة : অর্থ, সম্পদ, সরকারি রাজস্ব; আর্থিক অবস্থা; আর্থিক বিষয়াদি।

سَنَة مَالِيَّة : আর্থিক বৎসর।

سُوق ~ : মুদ্রা-বাজার।

غَرَامَة مَالِيَّة، عُقُوبَة ~ : আর্থিক দণ্ড, জরিমানা।

وَزَارَة الْمَالِيَّة : অর্থ-মন্ত্রণালয়।

مَيِّل، مَوِّل : ধনকুবের।



www.pathagar.com

أَمَاهَ : (إِمَاهَة) পানি দেওয়া, পানি মিশানো; (পাত্রে) পানি রাখা; পানির নাগাল পাওয়া; (মেঘ) প্রচুর বৃষ্টি বর্ষণ করা; পানিবহুল হওয়া; পানি পান করানো; (ছুরি ইত্যাদিতে) শান দেওয়া।

تَمَوَّهَ : রসালো হওয়া।

مَاء : পানি, তরলপদার্থ, রস, সজীবতা। ব أَمْوَاه، مِيَاه

مَاءُ الحَيَاةِ : আবেহায়াত।

~ الذَهَب : সোনার পানি; সোনার গিলটি।

~ الرَصَاص : সীসক-লোশন।

~ الزَهْر : পুষ্প-নির্যাস।

~ الشَبَاب : যৌবনের সজীবতা, যৌবন-লাবণ্য।

~ عَذْب : সুমিষ্ট পানি, সুপেয় পানি।

~ غَازِي : অঙ্গারাম্লযুক্ত পানি, carbonated water.

~ الكَذَّاب : যবক্ষার দ্রাবক, nitric acid.

~ النَار : হাইড্রোক্লোরিক এসিড. hydrochloric acid.

~ الوَجْه : চেহারার উজ্জ্বলতা; শালীনতা, আত্মসম্মান।

~ الوَرْد : গোলাপপানি, গোলাপ-নির্যাস।

المَاء الأبيَض، المَاء الأزْرَق : চক্ষুর ছানি।

مِيَاه إقْلِيمِيَّة : সীমানার অন্তর্ভুক্ত পানি।

~ جَوْفِيَّة : ভূগর্ভস্থ পানি।

~ مَعْدَنِيَّة : খনিজ উপাদানে পূর্ণ ঝরনার পানি, mineral water.

عَرَبَة المِيَاه : পানি বহনের গাড়ি।

مَاوِيّ، مَاهِي، مَائِيّ : পানির মত, পানি-সম্বন্ধীয়, পানি আছে এমন।

~ : জলীয়, তরল, পাতলা; জলচর, জলজ।

مَاوِيَّة، مَائِيَّة : রস।

مَاهِيَّة : সারবস্তু; প্রকৃতি; বাস্তবতা, সত্তা; বেতন, মাহিনা; আয়। ব مَاهِيَّات

تَمْوِيه : প্রতারণা, ধোঁকা, কপটতা, ছল, ভান, বিকৃতি; প্রলেপ; আচ্ছাদন।

مَوَّال : পুঁজিপতি।

~ : উষ্ট্র-চালকদের সঙ্গীতবিশেষ। ব مَوَالِيَا، مَوَاوِيل

تَمْوِيل : অর্থ যোগান, পুঁজি সরবরাহ; কর প্রদান।

مُمَوِّل : করপ্রদানকারী, করদাতা।

مُمَوَّل : ধনী, সম্পদশালী।

مُتَمَوِّل : ধনী, সম্পদশালী, সচ্ছল; পুঁজিপতি।

مَوم : (ফা) মোম; তন্তু পেঁচাইবার যন্ত্রবিশেষ; ফুসফুস-ঝিল্লী প্রদাহ, pleurisy.

مَمْوم : প্লুরিসি দ্বারা আক্রান্ত ব্যক্তি, pleuritic.

مُومِيَاء، مُومِيَة، مُومِيَا : মমি, mummy.

مَانَ ـُ : (مَوْن، مُؤْنَة) مَوْن، (تَمْوِين) সরবরাহ করা, যোগান দেওয়া; খাদ্য সরবরাহ করা।

تَمَوَّنَ : সংগ্রহ করা, খাদ্যসংগ্রহ করা।

مُؤْنَة، مُونَة : খাদ্যদ্রব্য, আহার্য; চুন, বালি, সিমেন্ট ও পানি মিশ্রিত উপাদান, মর্টার, morter.

بَيْت المُونَة : গুদামঘর, গোলাঘর।

مَوَّان : সরবরাহকারী, যোগানদার।

تَمْوِين : সরবরাহ, যোগান, খাদ্য সরবরাহ, রেশন।

بِطَاقَة التَمْوِين : রেশন-কার্ড।

مُونُغْرَام ~ : কোন বিষয়ীভূত নকশা, monogram.

مُونِيخ : মিউনিক : পশ্চিম জার্মানির একটি নগরী।

مَاهَ ـُ : (مَوْه) ~ بِ মিশ্রিত করা।

~ ـُ : (مَاهَة، مُؤُوه، مَوْه) পানিতে পূর্ণ হওয়া, প্রচুর পানিবিশিষ্ট হওয়া; পানি সেঁচ দেওয়া, পানি মিশানো।

مَوَّهَ : (تَمْوِيه) প্রচুর পানিবিশিষ্ট হওয়া; পানি ঢালিয়া দেওয়া; পানি মিশানো; পাতলা করা; বিভ্রান্তিতে নিক্ষেপ করা; সাজাইয়া বলা; প্রতারিত করা; ভেজাল দেওয়া; প্রলেপ দেওয়া; (ধাবত বস্তুর) গিলটি করা।



www.pathagar.com

مُمَوَّه، تَمْوِيهِيّ : প্রলেপযুক্ত; প্রতারণামূলক; ছলপূর্ণ, কপট, মিথ্যা, কৃত্রিম।

مَاثَ - : (مَيْثٌ، مَيَثَ) (تَمْيِيثٌ) (পানিতে) ভিজাইয়া নরম করা।

تَمَيَّثَ : ভিজিয়া নরম হওয়া।

إِنْمَاثَ : (إِنْمِيَاث) গলিয়া যাওয়া।

إِمْتَاثَ : (إِمْتِيَاث) ভিজাইয়া নরম করা; সমৃদ্ধি লাভ করা।

مَيِّث : নরম, শান্ত, স্বচ্ছন্দ জীবন।

مَيْثَاء : নরম ভূমি।

مَاجَ - : (مَيْج) বিজড়িত হওয়া।

مَيْج : উড়ন্ত মৎস্যবিশেষ।

مَاحَ - : (مَيْح، مَيْحُوحَة، مَيْح) تَمَيَّحَ، تَمَايَحَ হেলিয়া দুলিয়া চলা, হংসগতিতে চলা, সদর্পে হাঁটা; টলমল করা, দোলা।

~ : অঞ্জলি ভরিয়া পানি পান করা।

إِمْتَاحَ، إِسْتَمَاحَ : (إِمْتِيَاح، إِسْتِمَاحَة) চাওয়া, প্রার্থনা করা; অনুদান চাওয়া, অনুগ্রহ প্রার্থনা করা।

مَائِح : অঞ্জলি ভরিয়া পানি পানকারী।

مَاخَ - : (مَيْخ) প্রশমিত হওয়া; নিভিয়া যাওয়া।

مَادَ - : (مَيْد، مَيَدَان) মাথা ঘুরানো।

~ بِ : প্রচণ্ড ঝাঁকুনি দেওয়া।

تَمَيَّدَ، تَمَايَدَ : আন্দোলিত হওয়া, আলোড়িত হওয়া, অস্থির হওয়া, ধাক্কা খাওয়া; দোল খাওয়া।

إِمْتَادَ : (إِمْتِيَاد) পাথেয় যোগাড় করিয়া দেওয়া; খাদ্য চাওয়া।

مِيدَة : সর্দল; lintel; বীম, beam. ব مِيَد

مَائِد : মাথাঘোরা রোগবিশিষ্ট ব্যক্তি, সমুদ্রপীড়াগ্রস্ত। ব مَيْدَى

مَائِدَة : টেবিল; টেবিলে পরিবেশিত খাদ্যসামগ্রী। ব مَائِدَات، مَوَائِد

مَائِدَة الزِينَة : ড্রেসিং টেবিল, dressing table.

مَائِدَة الأَكْل ، ~ السُفْرَة : ডাইনিং টেবিল dining table.

مِيدَاء : পরিমাপ, পরিমাণ, দূরত্ব, দৈর্ঘ্য।

مِيدَاءَ : সম্মুখে, বিপরীতে।

مَدَالِيُون، مِيدَالِيُون : লকেট, পদক, মেডেল।

مَيْدَنَ : (مَيْدَنَة) দ্রুত দৌড়ানো।

مَيْدَان : ময়দান, মাঠ, উন্মুক্ত প্রান্তর, ক্ষেত্র; যুদ্ধক্ষেত্র। ব مَيَادِين

مَيْدَان التَدْرِيب : অনুশীলনের মাঠ, প্রশিক্ষণ-কেন্দ্র।

~ الحَرْب : যুদ্ধের ময়দান।

~ السِبَاق : ঘোড়দৌড় ময়দান।

~ العَمَل : কর্মক্ষেত্র।

~ القِتَال : যুদ্ধক্ষেত্র; রণভূমি।

مَارَ - : (مَيْر) أَمَارَ (إِمْيَار) إِمْتَارَ (إِمْتِيَار) খাদ্যসংস্থান করা।

مَايَرَ (مُمَايَرَة) : খাদ্যসংস্থান করা; অনুকরণ করা।

مِير : (ফ) মেয়র, mayor. ব أَمْيَار

مِيرَة : খাদ্যসামগ্রী, খাদ্যসংগ্রহ, সরবরাহ, সঞ্চয়, ভাণ্ডার। ব مِيَر

مَائِر، مَيَّار : খাদ্যদ্রব্য সরবরাহকারী।

مِيرَ الاَى : কর্নেল, colonel.

مِيرلِوَاء : (ই) বিগ্রেডিয়ার জেনারেল, brigadier general.

مَيْرُون : (খ্রিস্টানদের) পবিত্র তৈল, chrism.

مَازَ - : (مَيْز) مَيَّزَ (تَمْيِيز) أَمَازَ (إِمْيَاز) পৃথক করা, স্বতন্ত্র করা, পার্থক্য করা; শ্রেষ্ঠত্ব প্রদান করা, সম্মান দেওয়া, অগ্রাধিকার দেওয়া; বাছিয়া লওয়া।

تَمَيَّزَ، إِمْتَازَ : (إِمْتِيَاز) পৃথক হওয়া; স্বতন্ত্র হওয়া, শ্রেষ্ঠ হওয়া, বৈশিষ্ট্যমণ্ডিত হওয়া।

تَمَيَّزَ غَيْظًا : ক্রোধে ফুলিয়া উঠা; রাগে ফাটিয়া পড়া।

إِمْتَازَ، إِسْتَمَازَ : (إِسْتِمَازَة) পৃথক হওয়া, আলাদা হওয়া।

مَيْز : স্বাতন্ত্র্য; শ্রেষ্ঠত্ব।

~ مَيِّز : মাংসল, বলিষ্ঠ।



www.pathagar.com

مِيزَة : বৈশিষ্ট্য, শ্রেষ্ঠত্ব, অগ্রাধিকার, গুণ।

مِيزَانِيَّة : বাজেট (وزن)

أَمْيَز : শ্রেষ্ঠতর, অধিকতর বাঞ্ছনীয়।

إِمْتِيَاز : পার্থক্য, স্বাতন্ত্র্য, শ্রেষ্ঠত্ব; বিশেষ সুবিধা; অধিকার; স্বত্ব; অগ্রাধিকার; লাইসেন্স, পারমিট। ব إِمْتِيَازَات

حَقُّ الإِمْتِيَاز : কৃতিস্বত্ব, palent.

~ صَاحِبُ : বৈশিষ্ট্যের অধিকারী, স্বত্বাধিকারী, সুবিধাভোগী।

الإِمْتِيَازَات الدِبْلُومَاسِيَّة : কূটনৈতিক সুযোগ-সুবিধা।

تَمْيِيز : পৃথকীকরণ; পার্থক্যকরণ; যাচাইকরণ; পার্থক্য, প্রভেদ, শ্রেষ্ঠত্ব, অগ্রাধিকার; পক্ষপাতিত্ব; বুদ্ধি, বিবেচনা, বিচক্ষণতা, উপলব্ধি; ধারণা।

سِنّ التَمْيِيز : সাবালকত্ব, বুদ্ধিদীপ্ত বয়স, age of discretion.

مُمَيِّز : পার্থক্যকারী; বুদ্ধিমান, বিচক্ষণ।

مُمَيِّزَة : বিশেষ গুণ বা বৈশিষ্ট্য।

مُمَيَّز : বিশিষ্ট, অগ্রাধিকারপ্রাপ্ত, সুবিধাপ্রাপ্ত; বিশেষ, পৃথক, স্বতন্ত্র।

مُمْتَاز : বিশিষ্ট, বিশেষ, বৈশিষ্ট্যমণ্ডিত; সুবিধাপ্রাপ্ত, প্রথম শ্রেণীর, শ্রেষ্ঠ, চমৎকার, স্বতন্ত্র।

عَدَد مُمْتَاز : বিশেষ সংখ্যা।

دَرَجَة مُمْتَازَة : বিশেষ শ্রেণী।

~ دُيُون : সুবিধাজনক ঋণ।

مُتَمَيِّز : বিশিষ্ট, বিশেষভাবে চিহ্নিত, বৈশিষ্ট্যমণ্ডিত।

مَاسَ - : (مَيَسَان، مَيْس) تَمَيَّسَ، দোলা খাওয়া, দোদুল্যমান হওয়া, হেলিয়া দুলিয়া চলা, ভঙ্গী করিয়া চলা।

~ أَمَاسَ : (إِمَاسَة) ছড়াইয়া দেওয়া।

مَيَّسَ : (تَمْيِيس) (কাপড়ে) পাড় লাগানো।

مَيْس : দম্ভপূর্ণ ভঙ্গিমা; দণ্ড; বৃক্ষবিশেষ।

مِيس : লক্ষ্য। ব أَمْيَاس

مَيَّاس، مَائِس : দোদুল্যমান; হেলিয়া দুলিয়া চলে এমন; সদর্প ভঙ্গিতে চলে এমন।

قَدّ مَائِس، قَدّ مَيَّاس : কমনীয় ছিপছিপে তনু।

مِسِيسِيبِي : (Mississipi) মিসিসিপি : উত্তর আমেরিকায় অবস্থিত পৃথিবীর দীর্ঘতম নদী। দৈর্ঘ্য ৪৯০০ কি. মি.।

مَاشَ - : (مَيْش) মিশ্রিত করা, (সংবাদ) বিকৃত করা; আংশিক দোহন করা।

~ : (مَيْشَة) পাড়ি দেওয়া, অতিক্রম করা।

مِيشِيغَان : আমেরিকা যুক্তরাষ্ট্রের একটি অঙ্গরাজ্য। রাজধানী লানসিং।

مَاطَ - : (مَيْطَان، مَيْط) أَمَاطَ، (إِمَاطَة) দূর করা, সরানো, অপসারিত করা।

~ فِي : অন্যায় করা।

مِيَاط : বিতৃষ্ণা, বর্জন, পরিহার।

إِمَاطَة : অপসারণ, বিদূরণ।

مَاعَ - : (مَيْع) গড়াইয়া যাওয়া, ছড়াইয়া যাওয়া; (অশ্ব) ধাবিত হওয়া।

مَيَّعَ : (تَمْيِيع) পাতলা করা, তরল করা।

أَمَاعَ : (إِمَاعَة) পাতলা করা, তরল করা; দ্রবীভূত করা।

إِنْمَاعَ، تَمَيَّعَ : (إِنْمِيَاع) তরল হওয়া; দ্রবীভূত হওয়া।

مَيَاعَة، مَيْع : তরলতা, তারল্য।

مَيْعَة : তরলতা; সুগন্ধি আঠাবিশেষ; Storax; সূচনা, প্রারম্ভ।

مُيُوعَة : তরলতা, তারল্য, চপলতা।

مَائِع : তরল, জলীয়, হালকা, পাতলা; অস্থির।

مَائِعَة : মাথার সম্মুখভাগের দীর্ঘ কেশগুচ্ছ। ব مَوَائِع

إِمَاعَة : তরলীকরণ, দ্রবীভূতকরণ।

تَمَيُّع : তরলীভবন, দ্রবীভবন।



www.pathagar.com

مِيكَانِيكِيّ، مِيكَانِيّ : যন্ত্রবিষয়ক, যান্ত্রিক, mechanical; যন্ত্রী, mechanic.

مِيكَانِيكَا : যন্ত্রবিজ্ঞান, mechanics.

مِيكْرُوب : রোগ-জীবাণু, microbe.

مِيكْرُوسْكُوب : অণুবীক্ষণ-যন্ত্র, microscope.

مِيكْرُوفُون : শব্দবর্ধক যন্ত্র, মাইক্রোফোন।

مَالَ - : (مَيَلَان، مَيْل) ঝুঁকিয়া পড়া, নত হওয়া, নুইয়া পড়া; পক্ষপাতিত্ব করা; নীচু হওয়া, ঢালু হওয়া, কাত হওয়া।

~ إِلَى ~ : ঝুঁকিয়া পড়া, পছন্দ করা, আকৃষ্ট হওয়া, আসক্ত হওয়া, পক্ষে যাওয়া, সমর্থন করা; আশ্রয় লওয়া।

~ عَلَى ~ : ঠেস দেওয়া, হেলান দেওয়া, ভর করা; বিরুদ্ধ হওয়া, শত্রুভাবাপন্ন হওয়া; প্রতিকূল হওয়া।

~ مَعَ ~ : পক্ষে যাওয়া, দলে যোগ দেওয়া।

~ عَنْ ~ : পরিত্যাগ করা; এড়াইয়া যাওয়া; সরিয়া যাওয়া; ভিন্নপথে গমন করা; বিচ্যুত হওয়া; প্রস্থান করা; বিরূপ হওয়া, অপছন্দ করা।

~ : (مُيُول) (সূর্য) অস্তগামী হওয়া; (দিন, রাত্রি) শেষ প্রান্তে উপনীত হওয়া।

مَيِلَ - : (مَيَل) নুইয়া পড়া, একদিকে কাত হওয়া।

أَمَالَ، مَيَّلَ : (إِمَالَة، تَمْيِيل) ~ إِلَى ~، نَحْوَ : নোয়ানো, ঝুঁকানো, নত করা, আকৃষ্ট করা, আসক্ত করা।

~ عَنْ ~ ، ~ : ফিরানো, বিরূপ করা, বিতৃষ্ণ করা; বিচ্ছিন্ন করা।

مَايَلَ : (مُمَايَلَة) পক্ষ লওয়া; আক্রমণ করা।

تَمَايَلَ، تَمَيَّلَ : দোল খাওয়া, এদিক-ওদিক আন্দোলিত হওয়া; টলমল করা, পড়-পড় হওয়া।

اِسْتَمَالَ : (اِسْتِمَالَة) নোয়ানো, ঝুঁকানো, পক্ষে আনয়ন করা; আকৃষ্ট করা; (মন) জয় করা।

مَيْل : ঝোঁক, প্রবণতা; আকর্ষণ, টান, আগ্রহ, অনুরাগ, কামনা, ইচ্ছা, সহানুভূতি, পক্ষপাতিত্ব, ঢালু জায়গা। ব مُيُول، أَمْيَال

مِيل : দৃষ্টিসীমা; মাইল, মাইলচিহ্ন, সুরমা লাগাইবার কাঠি; ক্ষত পরীক্ষা করার শলাকা। ব أَمْيُل، مُيُول، أَمْيَال

مِيل بَحْرِيّ : সমুদ্রপথের মাইল, নটিকেল মাইল।

الْمِيلَانِ الأَخْضَرَانِ : সবুজ স্তম্ভদ্বয়; সাফা ও মারওয়ার মধ্যবর্তী প্রদক্ষিণ-পথের দু'প্রান্ত নির্দেশক দুইটি সবুজ স্তম্ভ।

مِيلَة : ক্ষণ, মুহূর্ত। ব مِيَل

مَيْلَاء : ঘন ডালপালাবিশিষ্ট বৃক্ষ; বালির ঢিপি; পাগড়ি পরিধান করিবার ধরন।

مَيَل : বক্রতা।

مَيَّال : ঝোঁকবিশিষ্ট, আকৃষ্ট, অনুরাগপ্রবণ, পক্ষপাতী, আগ্রহী।

مَائِل : নুইয়া আছে এমন, নত, কাত, ঢালু; আগ্রহী, অনুরাগপ্রবণ।

تَمَايُل : দোলন, এদিক-ওদিক নড়ন, টলমলানি, স্পন্দন, কম্পন।

مَانَ - : (مَيْن) মিথ্যা বলা; ভূমি কর্ষণ করা।

تَمَايَنَ : কপটতা করা, ভান করা।

مَيْن : মিথ্যা, অসত্য, অলীক। ব مُيُون

مَائِن : মিথ্যুক। ব مَيُون، مَيَّان

مِينَا، مِينَاء : মিনা, এনামেল, ধাতু ইত্যাদির উপর রঙিন কলাই, enamel; চকচকে প্রলেপ।

~ : বন্দর, পোতাশ্রয়। ব مَوَانِئ

مِينَاء جَوِّيَّة : বিমানবন্দর।

مَاهَ - : (مَيْهَة، مَيْه) (কূপ) অধিক পানি ধারণ করা; পানি দেওয়া।

مَيُّوه : সাঁতারের পোশাক।

مَيَّه : পানি।



www.pathagar.com

ن : নূন, আরবী বর্ণমালার ২৫তম হরফ। সংখ্যামান ৫০।

نَا : (স) আমাদিগকে, আমাদের।

نَابُلُس : জর্দান নদীর পশ্চিম তীরে অবস্থিত মধ্য ফিলিস্তিনের একটি শহর।

نَابُولِيُون : (Napolion) নেপোলিয়ন বোনাপার্ট (১৭৬৯-১৮২১ খ্রি.) ঃ ফ্রান্সের প্রসিদ্ধ সম্রাট, সেনানায়ক ও দিগ্বিজয়ী বীর। 'ওয়াটারলু'-এর যুদ্ধে (১৮১৫ খ্রি) ব্রিটিশ সেনাপতি লেনসনের নিকট পরাজিত হইয়া সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসিত হন এবং ১৮২১ খ্রিস্টাব্দে তথায় মৃত্যুবরণ করেন।

نَاتَ : ـَ نَاتَ (نَئِيت، نَات) বিলাপ করা; হিংসা করা, ঈর্ষা করা।

نَأَثَ : ـَ نَأَثَ (نَأْث) অপসারিত হওয়া।

أَنْأَثَ : (إِنْئَاث) অপসারণ করা।

نَاجَ : ـَ نَاجَ (نُؤُوج) ~ فِي ভিতর দিয়া গমন করা, অতিক্রম করিয়া যাওয়া।

~ : (نَئِيج) (বাতাস) প্রবাহিত হওয়া; (ষাঁড়) হাম্বারব করা; (পেঁচা) ডাকা।

نَاجَة : গুনগুনকারী পতঙ্গ; শোঁ শোঁ শব্দকারী বাতাস। ব نَاجَات

نَؤُوج : শোঁ শোঁ শব্দে প্রবহমান (বাতাস)।

نَئِيج : বাতাসের শোঁ শোঁ শব্দ।

نَادَ : ـَ نَادَ (نَاد) (ভূমি) ঝরনাবহুল হওয়া; ধ্বংস করা; ঈর্ষা করা।

نَآد، نَآدَى، نَؤُود : বিপদ, দুর্বিপাক।

نَادِرْشَاه : নাদিরশাহ (১৬৮৮-১৭৪৮ খ্রি) ঃ প্রখ্যাত পারস্য সম্রাট। জন্ম মাশহাদে এবং মৃত্যু ফাত্‌হবাদে।

نَارَجِيل : নারিকেল।

~ : নারিকেল-হুঁকা।

نَازِلِي : সামুদ্রিক মৎস্যবিশেষ, hake.

نَازِيّ : হিটলার প্রতিষ্ঠিত জার্মানির জাতীয় সমাজতন্ত্রী দলের সভ্য, নাৎসী।

نَازِيَّة : নাৎসীবাদ।

نَاس : মানুষ, মানবজাতি।

نَاسُوت : মানব প্রকৃতি; মানবতা।

نَاشَ : ـَ نَاشَ (نَاش) ধরা; বিলম্বিত করা।

تَنَاءَشَ : ধরা; বিলম্বিত করা; বিলম্বিত হওয়া, স্থগিত হওয়া।

إِنْتَاشَ : (إِنْتِنَاش) স্থগিত হওয়া, বিলম্বিত হওয়া।

نَئِيش : বিলম্বিত।

جَاءَ نَئِيشًا : সে অনেক দেরিতে আসিয়াছে।

نَافَ : ـَ نَافَ (نَاف) ~ فِي : নিয়োজিত হওয়া, আত্মনিয়োগ করা।

نَئِفَ : ـَ نَئِفَ (نَاف) (তৃষ্ণা) নিবারণ করা; ঘৃণা করা।

نَأَمَ : ـَ نَأَمَ (نَئِيم) শব্দ করা; বিলাপ করা; দীর্ঘশ্বাস ফেলা।

نَأْمَة : শব্দ, কোলাহল।

نَأَى : ـَ نَأَى (نَأْي)، إِنْتَأَى، (إِنْتِيَاء) ~ عَنْ : দূরে যাওয়া, দূরবর্তী হওয়া; দূরে থাকা; চলিয়া যাওয়া, প্রস্থান করা।

نَاءَى : (مُنَاءَاة) দূরে থাকা; দূর করা; দূরে রাখা।

أَنْأَى : (إِنْئَاى) দূর করা, দূরে রাখা, দূরীভূত করা; অপসারিত করা।

تَنَاءَى : একে অন্যের থেকে দূরে থাকা, পরস্পর দূরে অবস্থান করা, বিচ্ছিন্ন থাকা, দূরে চলিয়া যাওয়া।

نَأْي : দূরত্ব, দূরবর্তিতা।

نُؤْي : গর্ত, পরিখা, নালা, ড্রেন। ব أَنْآء، آنَاء، أَنْآء، نُئِيّ



www.pathagar.com

نَاءٍ : দূরবর্তী; বিচ্ছিন্ন।

نَايٌ : পাইপ, নল; বাঁশি। ব نَايَات

أَنْأَى : অধিকতর দূরবর্তী, দূরতর।

تَنَاءٍ : অনেক দূরত্ব, দূরবর্তিতা।

مَنْأًى : দূরত্ব, দূরবর্তিতা; দূরবর্তী স্থান।

بِمَنْأَى ~ عَنْ : দূরে, নাগালের বাহিরে।

مُنْتَأًى : দূরবর্তী স্থান।

نَبَّ : ـِ (نَبَاب، نَبِيب، نَبٌّ) উত্তেজিত হওয়া।

نَبَّبَ : (تَنْبِيب) (কাণ্ড) ফাঁপা হওয়া।

تَنَبَّبَ : (পানি) নির্গমন পথবিশিষ্ট হওয়া, প্রবহমান হওয়া।

أُنْبُوبَة، أُنْبُوب : গাছের গাঁট, দুই গাঁটের মধ্যবর্তী স্থান; নল, পাইপ, টিউব। ব أَنَابِيب

أُنْبُوب الرِّئَة : শ্বাসনালী।

أُنْبُوبَة إِخْتِبَار : টেস্টটিউব, test bube.

أُنْبُوبِيّ : নলাকৃতি, নলযুক্ত, ফাঁপা নল।

نَبَأَ : ـَ (نُبُوء، نَبْأ) উচ্চ হওয়া।

~ عَلَى : পরাভূত করা।

~ عَنْ : হটিয়া আসা, সরিয়া আসা, কুঞ্চিত হওয়া; বিরক্ত হওয়া, বিতৃষ্ণ হওয়া।

~ : (نَبْأ) ( কুকুর) ক্ষীণ স্বরে ডাকা।

نَبَّأَ، أَنْبَأَ : (إِنْبَاء، تَنْبِيئًا) সংবাদ দেওয়া, অবহিত করা, ঘোষণা করা, জানাইয়া দেওয়া, জানিতে দেওয়া; প্রচার করা, প্রকাশ করা।

تَنَبَّأَ : ভবিষ্যদ্বাণী করা, নবুওয়াত দাবি করা, ভণ্ড নবী সাজা।

إِسْتَنْبَأَ : (إِسْتِنْبَاء) (সংবাদ) জানিতে চাওয়া, জিজ্ঞাসা করা।

نَبَأ : সংবাদ, তথ্য; বর্ণনা, বিবরণ, ঘটনা; ঘোষণা। ব أَنْبَاء

وَكَالَة الأَنْبَاء : সংবাদ সংস্থা।

نَبْأَة : ক্ষীণ আওয়াজ; কুকুরের ডাক।

نُبُوَّة، نُبُوءَة : নবুওয়াত, prophecy.

نَبِيّ، نَبِيء : নবী, পয়গম্বর। ব أَنْبِيَاء

نَبَوِيّ : নবী সম্বন্ধীয়, নবী সম্পর্কিত।

نَابِئ : উচ্চ; আকস্মিক।

إِنْبَاء : ঘোষণা।

تَنَبُّؤ : ভবিষ্যদ্বাণী; নবুওয়াত।

نَبَتَ : ـُ (نَبَات، نَبْت) উদ্গত হওয়া, গজানো, অঙ্কুরিত হওয়া।

أَنْبَتَ : (إِنْبَات) (ভূমি) গুল্মাদি উৎপন্ন করা; জন্মানো, লালন-পালন করা।

أَنْبَتَ الغُلَامُ : ছেলেটি বোধসম্পন্ন হইয়াছে।

نَبَّتَ : (تَنْبِيت) রোপণ করা, বপন করা; অঙ্কুরিত করা; (শিশু) লালন-পালন করা; চাষ করা।

إِسْتَنْبَتَ : (إِسْتِنْبَات) (বৃক্ষাদি) চাষ করা, উৎপন্ন করা, জন্মানো; পরিচর্যা করা।

نَبْتَة، نَبْت : অঙ্কুর, চারা।

~ ، نَبَات : তৃণ, উদ্ভিদ, গুল্ম, ঘাস, সবজি।

آكِل النَّبَات : তৃণভোজী।

~ سُكَّر : মিছরি।

~ عِلْم : উদ্ভিদবিদ্যা, botany.

~ قُوَّة : উৎপাদন-ক্ষমতা।

نَبَاتِيّ : তৃণভোজী; উদ্ভিদ-সম্বন্ধীয়, উদ্ভিদবিদ্যা সংক্রান্ত; উদ্ভিদতত্ত্ববিদ।

نَبُّوت : লম্বা লাঠিবিশেষ, গদা, মুগুর। ব نَبَابِيت

نَابِت : গজাইয়া উঠিতেছে এমন; বর্ধিষ্ণু।

نَابِتَة : শিশু, শাবক, বাচ্চা। ব نَوَابِت

نَبِيتَة : সেঁচ-খাল। ব نَبَائِت

إِسْتِنْبَات : উৎপাদন।

تَنْبِيت : অঙ্কুরিতকরণ; রোপণ, বপন।

~ : চারাগাছ। ব تَنَابِيت

مَنْبَت : উৎপাদনস্থল, জন্মস্থান; খামার; উৎসভূমি। ব مَنَابِتُ

مَنْبَات : গাছ-পালাসমৃদ্ধ ভূমি।

مُسْتَنْبَت : উৎপন্ন, উৎপাদিত; চারাগাছের বাগান, নার্সারি, খামার।

نَبَثَ ـُ : (نَبْث) (কূপ) পরিষ্কার করা; খনন করা, (মাটি) খুড়িয়া উঠানো।

عَنْ ~ : (اِسْتِنْبَاث) اِسْتَنْبَثَ، تَنَابَثَ ،~ অনুসন্ধান করা; আবিষ্কার করা।

اِنْتَبَثَ : (اِنْتِبَاث) স্ফীত হওয়া, ফুলিয়া উঠা।

نَبَث : চিহ্ন। ব أَنْبَاث

نَبِيثَة : খননকৃত মৃত্তিকা; খননের চিহ্ন; গোপন বস্তু। ব نَبَائِث

أُنْبُوثَة : শিশুদের লটারিজাতীয় খেলাবিশেষ।

نَبِجَ ـَ : (نَبَج) কর্কশভাষী হওয়া।

~ ـُ : (نَبْج) চুয়াইয়া পড়া।

أَنْبَجَ : (اِنْبَاج) তোতলাইয়া কথা বলা; টিলার উপরে বসা।

اِنْتَبَجَ، تَنَبَّجَ : (اِنْتِبَاج) ফুলিয়া উঠা।

نَبَجَة : টিলা। ব نَبَاج

نَبَّاجَة : নিতম্ব। ব نَبَّاجَات

نَبَحَ ـَ : (نُبَاح، نَبِيح، نَبْح) (কুকুর) ডাকা, ঘেউঘেউ করা; (সাপ) হিসহিস করা।

أَنْبَحَ، اِسْتَنْبَحَ : (اِسْتِنْبَاح، اِنْبَاح) (কুকুর) ডাকানো, ঘেউঘেউ করানো।

تَنَابَحَ : (কুকুর) ডাকাডাকি করা, একটির ডাকে আরেকটি সাড়া দেওয়া।

نَبْح، نُبَاح، نَبِيح : কুকুরের ডাক, ঘেউঘেউ শব্দ।

نَبَّاح : ঘেউঘেউকারী (কুকুর); পাখিবিশেষ, টিট্টিভ।

مُسْتَنْبِح : যে কুকুরকে উত্তেজিত করে; নৈশ আগন্তুক।

نَبَخَ ـُ : (نُبُوخ) (ময়দা) গাঁজানো।

أَنْبَخَ (اِنْبَاخ) : গাঁজানো ময়দা মাখা।

نَبْخ، نَبَخ : ফোসকা; গুটিবসন্ত।

نَبَخَة، نَبْخَة : দিয়াশলাই। ব نِبَاخٌ

نَابِخَة : দূরবর্তী ভূমি। ব نَوَابِخ

نَبْخَاء : ছোট পাহাড়, টিলা। ব نَبَاخَى

نَبَذَ ـِ : (نَبْذ)، نَبَّذَ (تَنْبِيذ) নিক্ষেপ করা, ছুড়িয়া মারা, ফেলিয়া দেওয়া; নাবীয বানানো।

~ : পরিত্যাগ করা, বর্জন করা; তাড়াইয়া দেওয়া; উপেক্ষা করা, অবহেলা করা; (প্রতিজ্ঞা) ভঙ্গ করা।

نَبَذَ الطَّاعَةَ : আনুগত্য ত্যাগ করা, অবাধ্য হওয়া, বিদ্রোহ করা।

نَابَذَ : (مُنَابَذَة) বাধা দেওয়া; বিরোধিতা করা।

نَابَذَ الحَرْبَ : যুদ্ধ ঘোষণা করা।

أَنْبَذَ : (اِنْبَاذ) নাবীয বানানো।

اِنْتَبَذَ : (اِنْتِبَاذ) নাবীয বানানো; সরিয়া আসা, হটিয়া আসা; পশ্চাদ্গমন করা।

نَبْذ : নিক্ষেপ, বর্জন, প্রত্যাখ্যান, পরিত্যাগ, উপেক্ষা।

~ : তুচ্ছ বস্তু, সামান্য পরিমাণ। ব أَنْبَاذ

نَبْذُ الطَّاعَةِ : অবাধ্যতা, বিদ্রোহ।

أَنْبَاذُ النَّاسِ : ইতর লোক।

نُبْذَة، نَبْذَة : পার্শ্ব, তীর।

~، ~ : অংশ, ভাগ; বিভাগ; খণ্ড; নিবন্ধ; পুস্তিকা; ক্ষুদ্র বিজ্ঞপ্তি; অনুচ্ছেদ। ব نُبَذ

نَبَّاذ : নাবীয ব্যবসায়ী, নাবীয বিক্রেতা।

نَبِيذ : নিক্ষিপ্ত, বর্জিত, প্রত্যাখ্যাত, পরিত্যক্ত, উপেক্ষিত।

~ : খেজুর বা আঙ্গুরের তৈরি প্রাক-মাদক পানীয়বিশেষ, নাবীয। ব أَنْبِذَة

مِنْبَذَة : বালিশ। ব مَنَابِذ

مَنْبُوذ : নিক্ষিপ্ত, বর্জিত, প্রত্যাখ্যাত, পরিত্যক্ত, উপেক্ষিত; অস্পৃশ্য, হরিজন; পরিত্যক্ত শিশু, কুড়ানো ছেলে।

نَبَرَ ـِ : (نَبْر) উঁচু করা; স্বর উঁচু করা, জোর দিয়া উচ্চারণ করা, উচ্চৈঃস্বরে উচ্চারণ করা; চিৎকার করা; ধমক দেওয়া।

نَبَرَهُ بِلِسَانِه : সে নিন্দা করিল, অপবাদ দিল।

اِنْتَبَرَ : (اِنْتِبَار) ফুলিয়া উঠা, স্ফীত হওয়া।

نَبْر : জোর, ঝোঁক; আকস্মিক; নির্লজ্জ, রূঢ়।



www.pathagar.com

نِبْر : ডাঁশ। ব نِبَار، أَنْبَار

~، أَنْبَار : ভাণ্ডার, গুদাম। ব أَنَابِير، أَنَابِر

نَبْرَة : উচ্চতা, স্ফীতি; উচ্চারণের জোর, স্বরের উচ্চতা, শ্বাসাঘাত। ব نَبَرَات

نُبْرَة : বড় গ্রাস। ব نُبَر

نَبَّار : চীৎকারকারী; বাগ্মী।

مِنْبَر : উচ্চস্থান, মিম্বার, মঞ্চ। ব مَنَابِر

مُنْبَار : অন্ত্র, নাড়িভুঁড়ি। ব مَنَابِير

مُنْبَار مَحْشِيّ : গোশতের কাবাববিশেষ; পুডিং।

نِبْرَاس : প্রদীপ, সড়ক-প্রদীপ; বর্শার অগ্রভাগ। ব نَبَارِيس

نَبْرِيح : নরম নলবিশেষ।

نَبَزَ - : (نَبْز)، نَبَّزَ (تَنْبِيز) অবজ্ঞাসূচক উপাধি দেওয়া।

تَنَابَزَ : একে অপরকে অবজ্ঞাসূচক উপাধি দেওয়া; নিন্দা করা।

نَبَز : অবজ্ঞাসূচক উপাধি, নিন্দাসূচক নাম। ব أَنْبَاز

نَبِز : নীচ, নিকৃষ্ট।

نَبَسَ - : (نُبْسَة، نَبْس)، نَبَّسَ (تَنْبِيس) বলা, উচ্চারণ করা।

نَبَشَ - : (نَبْش) খনন করা; প্রকাশ করা, ফাঁস করা, খুঁড়িয়া বাহির করা; কবর হইতে লাশ উত্তোলন করা।

~، نَبَّشَ : ~ فِي অনুসন্ধান করা, তদন্ত করা।

إِنْتَبَشَ : (إِنْتِبَاش) উৎপাটন করা।

نَبْش : খনন; প্রকাশ; কবর হইতে লাশ উত্তোলন।

نَبَّاش : কবর খননকারী, কবর হইতে লাশ উত্তোলনকারী।

نِبَاشَة : কবর খননের কাজ, কবর খননকারীর পেশা।

نَبِيش : খননকৃত।

نَبِيشَة : গর্ত হইতে উত্তোলিত মাটি।

أُنْبُوش، أُنْبُوشَة : খননকৃত বস্তু, উৎপাটিত বৃক্ষ। ব أَنَابِيش

مَنْبُوش : খননকৃত; আলুলায়িত (কেশ)।

نَبَصَ - : (نَبْص) কথা বলা, স্পষ্টভাবে বলা।

~ : (نَبِيص) (পাখি) অনুচ্চৈঃস্বরে ডাকা।

نَبْص : অঙ্কুর, পল্লব, মঞ্জরি।

نَبْصَة : কথা, শব্দ।

نَبَضَ - : (نَبَضَان، نَبْض) বুক ধুকধুক করা, স্পন্দিত হওয়া; (বিদ্যুৎ) ক্ষীণভাবে ঝলকানো।

~ ـُ : (نُبُوض) (পানি) প্রবাহিত হওয়া, বাহির হইয়া যাওয়া, নিষ্কাশিত হওয়া।

أَنْبَضَ : (إِنْبَاض) (বাদ্যযন্ত্রের তারে) টঙ্কারধ্বনি করা।

نَبَضَان، نَبَض، نَبْضَة، نَبْض : স্পন্দন, কম্পন, ধুকধুকানি; নাড়ি। ব مَنَابِض

نَابِض : স্পন্দমান, কম্পমান, ধুকধুককারী; স্প্রিং, spring; ট্রিগার, trigger; স্নায়ু, ক্রোধ।

مَنْبِض : নাড়ি।

نَبَطَ ـُ : (نُبُوط، نَبْط) (পানি) বেগে বাহির হওয়া।

~ : (نَبْط) বাহির করা।

نَبَّطَ : (تَنْبِيط) বাহির করা।

~ عَلَى : দোষারোপ করা; অবজ্ঞা করা, উপহাস করা।

أَنْبَطَ، إِسْتَنْبَطَ : (إِنْبَاط، إِسْتِنْبَاط) বাহির করা, খুঁজিয়া পাওয়া, আবিষ্কার করা।

نَبَط : গভীর, গভীরতা; অভ্যন্তর-ভাগ; অন্তর; সাধারণ মানুষ।

النَّبَط : নাবাতী গোত্র ঃ ইরাক ও দক্ষিণ ফিলিস্তিনে বসবাসকারী প্রাচীন আরব গোত্রবিশেষ। নিসবত نُبَطِيّ، نَبَطِيّ

أَنْبَط : পার্শ্বদেশে সাদা দাগযুক্ত (ঘোড়া)। স্ত্রী نَبْطَاء ব نُبْط

إِسْتِنْبَاط : বাহিরকরণ, নিষ্কাশন; আবিষ্কার।

تَنْبِيط : দোষারোপ; অবজ্ঞা, কটাক্ষ।

مُسْتَنْبِط : আবিষ্কারক, উদ্ভাবক।

مُسْتَنْبَط : আবিষ্কৃত, উদ্ভাবিত।



www.pathagar.com

مُسْتَنْبَطَات : আবিষ্কারসমূহ।

نَبَعَ ـُ ـَ : (نَبْعَان، نُبُوع، نَبْع) বেগে নির্গত হওয়া; উৎপন্ন হওয়া, উদ্ভূত হওয়া; বাহির হওয়া।

أَنْبَعَ : (إِنْبَاع) বেগে নির্গত করা, বাহির করা।

نُبُوع، نَبْع : নির্গমন; উদ্ভব, উৎপত্তি।

~ : আভিজাত্য; তীর-ধনুক বানাইবার বৃক্ষবিশেষ।

صَلِيبُ النَّبْعِ : শক্ত, সুদৃঢ়।

مَنْبَع (ব مَنَابِع) يَنْبُوع (ব يَنَابِيع) উৎস; কূপ; ঝরনা।

نَبَغَ ـُ ـَ : (نُبُوغ، نَبْغ) উত্থিত হওয়া, নির্গত হওয়া; ছড়াইয়া যাওয়া; শ্রেষ্ঠ হওয়া; চিহ্নিত হওয়া; উৎকর্ষ লাভ করা।

نَبْغ : শ্রেষ্ঠত্ব, উৎকর্ষ।

نَابِغ : শ্রেষ্ঠ, সেরা; বিশিষ্ট; মেধাবী।

نَابِغَة (ব نَوَابِغ) نَبِيغ (ব نُبَغَاء) বিশিষ্ট ব্যক্তিত্ব; মেধাবী বা প্রতিভাধর ব্যক্তি।

النَّابِغَةُ الذُّبْيَانِيّ : আন-নাবিগা আয-যুবয়ানী (৫৩৫-৬০৪ খ্রি) ঃ জাহিলী যুগের প্রখ্যাত আরব কবি। الإِعْتِذَارِيَّات ,الغَسَّانِيَّات ও المُعَلَّقَة। তাঁহার অন্যতম কাব্যসৃষ্টি।

نَبَقَ ـُ ـَ : (نَبْق) বাহির হওয়া, প্রকাশিত হওয়া, নির্গত হওয়া।

نَبَّقَ : (تَنْبِيق) বিন্যস্ত করা; জাল করা।

إِنْتَبَقَ : (إِنْتِبَاق) প্রকাশ করা।

نَبِق، نَبْق : কুল, বরই।

نَبِيقَة : দ্রাক্ষালতার বৃহৎগ্রন্থি। ব نَبَائِق

أَنْبِيق : বকযন্ত্রবিশেষ, alembic. ব أَنَابِيق

مُنَبَّق : বিন্যস্ত, সারিবদ্ধ।

نَبَكَ ـُ ـَ : (نُبُوك)، إِنْتَبَكَ (إِنْتِبَاك) (স্থান) উঁচু হওয়া।

نَبَكَة، نَبْكَة : পাহাড়, টিলা, ঢিবি।

نَابِك : উচ্চ ভূমি। ব نَوَابِك

نَبَلَ ـُ ـَ : (نَبْل) তীর নিক্ষেপ করা।

~ بِ : সদয় আচরণ করা।

نَبُلَ ـُ : (نَبَالَة) : মহৎ হওয়া, উদার হওয়া, মহানুভব হওয়া; সম্ভ্রান্ত হওয়া, অভিজাত হওয়া; দক্ষ হওয়া।

~ عَنْ : উর্ধ্বে থাকা; মুক্ত থাকা।

نَبَّلَ، أَنْبَلَ : (إِنْبَال، تَنْبِيل) তীর দান করা।

نَابَلَ : (مُنَابَلَة) দক্ষতা বা মহত্ত্বের প্রতিযোগিতা করা।

تَنَبَّلَ : দক্ষতা প্রদর্শন করা, সুদক্ষ হওয়া।

~ مِنْ : শ্রেষ্ঠাংশ গ্রহণ করা।

تَنَابَلَ : তীর নিক্ষেপের প্রতিযোগিতা করা।

إِنْتَبَلَ : (إِنْتِبَال) নিহত হওয়া; লইয়া যাওয়া; প্রস্তুত হওয়া।

إِسْتَنْبَلَ : (إِسْتِنْبَال) তীর চাওয়া; শ্রেষ্ঠাংশ গ্রহণ করা।

نَبْل : তীর, বর্শা। ব أَنْبَال، نِبَال

~، نَبِيل : মহৎ, উদার, মহানুভব; সম্ভ্রান্ত, অভিজাত; শ্রেষ্ঠ, চমৎকার; গৌরবময়। ব نُبَلَاء، نِبَال

نَبَالَة، نُبْل : মহত্ত্ব, মর্যাদা, উদারতা, মহানুভবতা; আভিজাত্য; দক্ষতা।

نُبْلَة : পুরস্কার, দান, উপহার; গ্রাস; শ্রেষ্ঠাংশ; গুণ, মহত্ত্ব। ব نُبَلَات، نُبَل

نَبَّال : (ব نَبَّالَة) نَابِل (ব نُبَّل) তীরন্দাজ; তীর প্রস্তুতকারী।

نِبَالَة : তীর বানাইবার কাজ; তীর চালনা।

نُبَالَة : প্রস্তুতি।

نَبِيلَة : পশুর মৃতদেহ। ব نَبَائِل

تِنْبَالَة، تِنْبَال : অলস, কুড়ে।

نَبَهَ ـُ ـَ، نَبُهَ : (نَبَاهَة) বিখ্যাত হওয়া।

نَبِهَ ـَ : (نَبَه) ~ لِ মনোযোগী হওয়া, মনোযোগ দেওয়া, লক্ষ্য করা, পর্যবেক্ষণ করা।

~ : (نَبْه) সজাগ হওয়া, জাগ্রত হওয়া।

~ : (نَبَاهَة) বিখ্যাত হওয়া।



www.pathagar.com

نَبَّهَ : (تَنْبِيه) ~ إِلَى، عَلَى অবহিত করা, স্মরণ করানো; মনোযোগ আকর্ষণ করা; নির্দেশ করা, সতর্ক করা, জাগ্রত করা, উৎসাহিত করা, নির্দেশ দেওয়া।

أَنْبَهَ : (إِنْبَاه) সজাগ করা, জাগ্রত করা; ভুলিয়া যাওয়া।

اِنْتَبَهَ، تَنَبَّهَ : (اِنْتِبَاه) লক্ষ্য রাখা; মনে রাখা; সতর্ক থাকা; মনোযোগ দেওয়া, মনোযোগী হওয়া; জাগ্রত হওয়া।

نُبْه : বুদ্ধি, মেধা, বিচক্ষণতা; মনোযোগ, সতর্কতা, সচেতনতা।

نَبِيه، نَابِه، نَبِه : বুদ্ধিমান, বিচক্ষণ, মেধাবী; মহৎ, সম্ভ্রান্ত; বিশিষ্ট; প্রসিদ্ধ; শ্রেষ্ঠ।

نَبَاهَة : বুদ্ধি, বিচক্ষণতা; সচেতনতা; মহত্ত্ব; খ্যাতি, মর্যাদা, আভিজাত্য।

نَبْهًا : আকস্মিকভাবে; ঘটনাক্রমে।

اِنْتِبَاه : মনোযোগ, সতর্কতা, লক্ষ্য; বিচক্ষণতা।

بِانْتِبَاه : মনোযোগ সহকারে, সতর্কতার সহিত।

تَنَبُّه : সতর্কতা; মনোযোগ।

تَنْبِيه : মনোযোগ আকর্ষণ, সতর্কীকরণ, সংকেত প্রদান; বিজ্ঞপ্তি; উপদেশ, নির্দেশ; টীকা, মন্তব্য।

مُنَبِّه : সতর্ককারী; মনোযোগ আকর্ষণকারী; জাগ্রতকারী।

سَاعَة مُنَبِّهَة : এলার্ম-ঘড়ি, alarm-clock.

مُتَنَبِّه : জাগ্রত, সতর্ক।

مُنْتَبِه : জাগ্রত, সতর্ক; সচেতন, সজাগ; হুঁশিয়ার; মনোযোগী।

نَبَا ـُ : (نُبُوّ، نَبْو) দূরবর্তী হওয়া; সরিয়া যাওয়া; অস্পষ্ট হওয়া।

~ عَنْ : লক্ষ্যভ্রষ্ট হওয়া; বিরোধী হওয়া, বিপরীত হওয়া; খাপ না খাওয়া।

نَبَا بِهِ الْمَكَانُ : স্থানটি তাহার জন্য অনুকূল হয় নাই।

أَنْبَى : (إِنْبَاء) (তরবারি) ভোঁতা করা।

نُبُوّ، نَبْو : ব্যর্থতা।

نَبْوَة : কঠোরতা; অবজ্ঞা।

~، نَبَاوَة : উচ্চতা।

نَابٍ : অনুপযুক্ত, বেখাপ্পা; বেসুরো; বিরোধী, প্রতিকূল।

بُخْتَنَصَّر، نَبُوكَدْ نَصَّر : (Nabuchodonosor) বাখ্‌তানাস্‌সার (আনু ৬০৫-৫৬২ খ্রি. পূ.) ঃ ব্যাবিলনের প্রসিদ্ধ সম্রাট। তিনি জেরুসালেম আক্রমণ করিয়া শহরটি বিধ্বস্ত করেন, ইহুদীদের তাওরাত ভস্মীভূত করেন এবং ইহুদীদিগকে বন্দি করিয়া ব্যাবিলনে নিয়া আসেন।

نَتَّ ـِ : (نَتِيت) টগবগ করিয়া ফোটা; স্ফীত হওয়া।

نَتَّتَ : (تَنْتِيت) প্রকাশ করা।

نَتَا ـَ : (نُتُوّ، نَتْا) স্ফীত হওয়া, উঁচু হওয়া, উদ্গত হওয়া; ফুলিয়া উঠা।

اِنْتَتَا : (اِنْتِتَاء) উঁচু হওয়া।

نَتَاة : টিলা, ঢিবি।

نُتُوء : স্ফীতি, উচ্চতা; উদ্গত অংশ, টিউমার; টিলা, ঢিবি।

نَاتِئ : স্ফীত, উদ্গত, বহির্গত; স্পষ্ট। ব نَوَاتِئ

نَتَبَ ـُ : (نُتُوب) স্ফীত হওয়া, বর্ধিত হওয়া।

نَتَجَ ـِ (نَتْج) : বাচ্চা প্রসব করিতে সাহায্য করা।

~ : (نِتَاج) (বাচ্চা) প্রসব করা; উৎপাদন করা; গর্ভধারণ করা।

~ عَنْ، مِنْ : উৎপন্ন হওয়া, সৃষ্টি হওয়া, উদ্ভূত হওয়া, পরিণামস্বরূপ হওয়া।

أَنْتَجَ : (إِنْتَاج) প্রসব করা, জন্ম দেওয়া, আসন্নপ্রসবা হওয়া; উৎপাদন করা; উৎপন্ন করা; প্রস্তুত করা, তৈয়ার করা; সংঘটিত করা, উদ্ভূত করা।

تَنَتَّجَ : প্রসূতি হওয়া।

اِنْتَتَجَ، تَنَاتَجَ : (اِنْتِتَاج) প্রসব করা, উৎপাদন করা।

اِسْتَنْتَجَ : (اِسْتِنْتَاج) সিদ্ধান্ত করা, সিদ্ধান্তে উপনীত হওয়া; লাভ করা, পাওয়া।



www.pathagar.com

نِتَاج : প্রসব; বাচ্চা; শাবক; উৎপন্নদ্রব্য; উৎপাদন; ফসল।

نَتُوج : আসন্নপ্রসবা।

نَتِيجَة : ফল, পরিণাম, পরিণতি, কর্মফল; প্রাপ্ত বস্তু, উৎপন্ন দ্রব্য; সিদ্ধান্ত; লাভ, বর্ষপঞ্জী, মুনাফা; পঞ্জিকা। ব نَتَائِج

نَتِيجَةً : ফলে, কারণে, পরিণামে।

بِالنَّتِيجَة : ফলে, ফলশ্রুতিতে, অতএব।

نَتِيجَة الجَيْب : পকেট-পঞ্জিকা।

~ الحَائِط : দেয়াল-পঞ্জিকা।

نَاتِج : উদ্ভূত, উৎপন্ন, সৃষ্ট; ফল; প্রস্তুতকারক, উৎপাদনকারী; সন্তান প্রসবে সাহায্যকারী।

إِنْتَاج : উৎপাদন; সৃষ্টি, রচনা; উৎপন্ন দ্রব্য।

إِسْتِنْتَاج : সিদ্ধান্ত, অবরোহমূলক সিদ্ধান্ত।

مُنْتَج : প্রসবকাল।

مُنْتِج : উৎপাদনকারী, প্রস্তুতকারক; প্রযোজক; জন্মদাতা; ফলপ্রসূ; উর্বর, সৃষ্টিশীল।

مُنْتَج : উৎপাদিত, উৎপন্ন, সৃষ্ট।

مُنْتَجَات : উৎপন্ন দ্রব্য, উৎপাদন।

مُنْتَجَات زِرَاعِيَّة : কৃষি-পণ্যসামগ্রী, ফসলাদি।

مَنْتُوج : উৎপন্ন দ্রব্য, উৎপাদন; সৃষ্টি; কর্ম।

مُسْتَنْتِج : উৎপাদনকারী, প্রস্তুতকারক।

نَتَحَ : ـَ : (نُتُوح، نَتْح) (ঘাম) নির্গত হওয়া; (চামড়া) সিক্ত হওয়া; ঘর্মাক্ত করা।

نَتْح، نَتْحَة : নির্গত বস্তু, ঘাম।

مَنْتِح : লোমকূপ। ব مَنَاتِح

نَتَخَ : ـ : (نَتْخ) উৎপাটন করা, উপড়ানো।

نَتَخَ بِبَصَرِهِ : ~ إِلَى তাকাইয়া থাকা।

مِنْتَاخ : চিমটা, সন্না।

نَتَرَ : ـُ : (نَتْر) জোরপূর্বক কাড়িয়া লওয়া, ছিনাইয়া লওয়া; সজোরে টানা, টানিয়া ছিঁড়িবার উপক্রম করা; উপড়াইয়া ফেলা; ছড়াইয়া দেওয়া; নিক্ষেপ করা।

~ بِ : (বর্শা দ্বারা) আঘাত করা।

~ ـَ : (نَتَر) ধ্বংস হওয়া, নষ্ট হওয়া।

إِنْتَتَرَ : (إِنْتِتَار) উৎপাটিত হওয়া।

نِتْرَات : ক্ষারবিশেষ, nitrate.

نِتْرُوجِين : গ্যাসবিশেষ, যবক্ষার-জান, নাইট্রোজেন, nitrogen.

نِتْرِيك : যবক্ষার-সম্বন্ধীয়, নাইট্রিক, nitric.

أُوكْسِيد نِتْرِيك : নাইট্রিক অক্সাইড, nitric Oxide.

~ حَامِض : যবক্ষার দ্রাবক, নাইট্রিক এসিড, nitric acid.

نَتَشَ : ـ : (نَتْش) উপড়ানো, উৎপাটন করা; তুলিয়া ফেলা; কাড়িয়া লওয়া; প্রহার করা, আঘাত করা; নিন্দা করা, গীবত করা।

~ لِ : (পরিবারের জন্য) উপার্জন করা।

أَنْتَشَ : (إِنْتَاش) গজানো, অঙ্কুরিত হওয়া।

نَتَش : অঙ্কুর, পল্লব।

مِنْتَاش : চিমটা, সন্না।

نَتَعَ : ـُ : (نُتُوع) চুয়াইয়া পড়া, ফোঁটা ফোঁটা পড়া, উত্তোলন করা, উঠাইয়া লওয়া; উদ্ধার করা, মুক্ত করা।

أَنْتَعَ : (إِنْتَاع) অধিক ঘামানো।

نَتَغَ : ـُ : (نَتْغ) নিন্দা করা।

أَنْتَغَ : (إِنْتَاغ) বিদ্রূপ করা, উপহাস করা।

مِنْتَغ : নিন্দুক।

نَتَفَ : ـ : (نَتْف)، نَتَّفَ (تَنْتِيف) উৎপাটন করা, উপড়ানো, তুলিয়া ফেলা।

إِنْتَتَفَ، تَنَاتَفَ، تَنَتَّفَ : (إِنْتِتَاف) উৎপাটিত হওয়া।

نَتْف : (কেশ) উৎপাটন।

نُتْفَة : গুচ্ছ; স্বল্প পরিমাণ; কিঞ্চিৎ। ব نُتَف

نُتَفَة : অগভীর।

مَنْتُوف، نَتِيف : উৎপাটিত (কেশ)।

~ : লোমহীন (উষ্ট্র)।

مِنْتَاف : চিমটা, সন্না।



www.pathagar.com

نَتَقَ ـُ : (نَتْق) উঁচু করা, উন্নীত করা; অধিক সন্তান জন্ম দেওয়া; বমি করা।

~ : (نُتُوق) মোটা হওয়া।

~ : (نُتُوق، نَتْق) ঝাঁকুনি দেওয়া।

أَنْتَقَ : (إِنْتَاق) অধিক সন্তানবিশিষ্ট স্ত্রীলোক বিবাহ করা।

نَتَاق، نَتْق : বমি।

نَتَاقَ : নিকটে, পার্শ্বে।

نَاتِق : অগ্ন্যুৎপাদক (চকমকি পাথর); আরোহীকে ঝাড়া দিয়া ফেলিয়া দেয় এমন পশু; রমযান মাস।

~ , مِنْتَاق : অধিক সন্তানবিশিষ্ট (স্ত্রীলোক)।

مُنَتِّق : বমন উদ্রেককারী।

نَتَلَ - : (نَتْل) সম্মুখের দিকে টানা; (থলে) খালি করা; গালি দেওয়া।

~ : (نَتَلاَن، نُتُول، نَتْل) ঝাঁপাইয়া পড়া।

تَنَاتَلَ : বিজড়িত হওয়া।

إِسْتَنْتَلَ : (إِسْتِنْتَال) ঝাঁপাইয়া পড়া; প্রস্তুতি গ্রহণ করা।

نَتِيلَة : নিকট আত্মীয়তা।

نَتَنَ - نَتِنَ ـَ : (نَتْن) ـِ نَتُنَ ـُ (نُتُونَة، نَتَانَة)، أَنْتَنَ (إِنْتَان) দুর্গন্ধ ছড়ানো, পচিয়া যাওয়া, নষ্ট হওয়া।

نَتَّنَ : (تَنْتِين) পচানো, নষ্ট করা; পচিয়া যাওয়া।

نَتَانَة، نَتْن : পচন; দুর্গন্ধ।

نَتِين، نَتِن : পচা, দুর্গন্ধময়; কৃপণ।

نَيْتِين، نَيْتُون : দুর্গন্ধময় বৃক্ষবিশেষ।

مُنْتِن : দুর্গন্ধময়।

مُنَتَّن : পচা।

مِنْتَنَة : উদ্ভিদবিশেষ।

مِنْتِيَان : ঢিলা পরিচ্ছদবিশেষ।

نَتَا ـُ : (نُتُوّ) ফুলিয়া উঠা।

أَنْتَى (إِنْتَاء) : পিছনে পড়িয়া থাকা; সদৃশ হওয়া।

تَنَتَّى : ~ عَلَى প্রচণ্ড আক্রমণ করা।

إِسْتَنْثَى : (إِسْتِنْثَاء) (ফোড়া) ফাটিয়া যাওয়া।

نَات : স্ফীত, উদ্গাত।

نَثَّ ـُ : (نَثّ) (সংবাদ) প্রকাশ করা, (আঘাতে) মলম লাগানো।

~ - - : (نَثِيث، نَثّ) চুয়াইয়া পড়া।

تَنَاثَّ : সংবাদ আদান-প্রদান করা।

نَثّ : ভিজা, স্যাঁতসেঁতে।

نَثَاث : মলম।

نَثَجَ - : (نَثْج) (পেট) বিদীর্ণ করা।

إِسْتَنْثَجَ : (إِسْتِنْثَاج) ঝুলিয়া থাকা।

نِثْج : অপদার্থ; ভীরু।

مِنْثَجَة، نُثُج : নিতম্ব।

نَثَرَ ـُ : (نِثَار، نَثْر) ছড়াইয়া দেওয়া; গদ্য রচনা করা।

نَثَرَ الكَلاَمَ : অধিক কথা বলা।

الثِّمَارَ ~ : অনেক ফল ধরা।

نَثَّرَ : (تَنْثِير) ছড়াইয়া দেওয়া, বিস্তৃত করা।

أَنْثَرَ : (إِنْثَار) নাক ঝাড়া, নাক দিয়া রক্ত ঝরানো।

تَنَثَّرَ : ছড়াইয়া যাওয়া।

تَنَاثَرَ : ছড়াইয়া যাওয়া; ঝরিয়া পড়া।

إِنْتَثَرَ : (إِنْتِثَار) ছড়াইয়া যাওয়া, ঝরিয়া পড়া; নাক ঝাড়া।

إِسْتَنْثَرَ : (إِسْتِنْثَار) নাক ঝাড়া।

نَثْر : বিস্তার; গদ্য।

نَثْرِيّ : গদ্য-সম্বন্ধীয়, গদ্যে রচিত; নগণ্য, তুচ্ছ, ক্ষুদ্র, সামান্য।

نَثْرِيَّات : বিবিধ সামগ্রী, পাঁচমিশালি দ্রব্য।

نَثَر : বাচালতা।

مِنْثَر، نَيْثَرَان، نَثِر : বাচাল, পেট পাতলা ব্যক্তি।

نِثَار : গদ্য; অভ্যাগত মেহমানদের উপর বর্ষিত রং-বেরং-এর কাগজ ইত্যাদির টুকরা, অভ্রপুষ্প।

نُثَارَة، نُثَار : বিক্ষিপ্ত দ্রব্যাদি।



www.pathagar.com

نَـثُـور : দুগ্ধবতী ভেড়ী; উৎপাদনশীল।

نَـثِـيـر : বিক্ষিপ্ত।

نَـاثِر : গদ্য লেখক।

مُـنَـثَّـر : বিক্ষিপ্ত; অপদার্থ।

مِـنْـثَـار : ফল ঝরিয়া যায় এমন খেজুর গাছ।

مَـنْـثُـور : বিক্ষিপ্ত, ছড়ানো; গদ্যে রচিত; গদ্য; গুল্মবিশেষ ও তাহার ফুল।

مُـتَـنَـاثِر : বিক্ষিপ্ত, চতুর্দিকে ছড়ানো।

نَـثَـطَ ـُ : (نَـثْـط) মাটিতে ফেলিয়া চাপিয়া ধরা।

~ : (نُـثُـوط، نَـثْـط) অতিরিক্ত বোঝা চাপানো।

نَـثَّـطَ : (تَـنْـثِـيْـط) শান্ত করা।

أَنْـثَـعَ : (إِنْـثَـاع) প্রচুর বমি করা; (নাক দিয়া) রক্ত ঝরা।

نَـثَـلَ ـُ : (نَـثْـل) (অশ্ব) মলত্যাগ করা।

~, إِنْـتَـثَـلَ : (إِنْـتِـثَـال) পরিষ্কার করা; খনন করা।

~, إِسْـتَـنْـثَـلَ : (إِسْـتِـنْـثَـال) শূন্য করা।

~ ~ عَـنْ : (বর্ম) পরিধান করানো।

تَـنَـاثَـلَ : ~ إِلَـى একত্রে ঝাঁপাইয়া পড়া।

نَـثْـلَـة : বৃহৎ বর্ম।

نُـثَـالَـة : গর্ত হইতে উত্তোলিত মাটি।

نَـثِـيـل : অশ্বমল।

نَـثِـيـلَـة : গর্ত হইতে উত্তোলিত মাটি; আবর্জনা।

نَـثَـمَ ـِ : (نَـثْـم) অশ্লীল কথাবার্তা বলা।

نَـثَـا ـُ : (نَـثْـو)، (نَـثْـی) - نَـثَـی (সংবাদ) প্রকাশ করা, ছড়াইয়া দেওয়া; পরনিন্দা করা।

أَنْـثَـی : (إِنْـثَـاء) নিন্দা করা।

~ مِـنْ : লজ্জিত হওয়া।

تَـنَـاثَـی : স্মরণ করাইয়া দেওয়া; ছড়াইয়া দেওয়া।

نَـثًـا : ক্ষুদ্র ঘটনা।

نَـاثِـي : পরনিন্দাকারী।

نَـجَّ ـِ : (نَـجِـيـج، نَـجّ) ত্বরা করা; পুঁজ নির্গত করা।

نَـجُـوج : দ্রুত।

نَـجَـا ـَ : (نَـجَـا)، تَـنَـجَّـا، إِنْـتَـجَـا، (إِنْـتِـجَـاء) কুনজর দেওয়া।

نَـجَـاة : কুনজর।

نَـجِـيُ الْـعَـيْـنِ، نَـجُـوءُ الْـعَـيْـنِ : কুনজরবিশিষ্ট ব্যক্তি।

نَـجَـبَ ـُ : (نَـجْـب)، نَـجَّـبَ، (تَـنْـجِـيْـب) (গাছের) ছাল তোলা।

نَـجُـبَ ـُ : (نَـجَـابَـة)، أَنْـجَـبَ، (إِنْـجَـاب) সম্ভ্রান্ত হওয়া, অভিজাত হওয়া, উচ্চবংশীয় হওয়া; মহৎ হওয়া, উৎকৃষ্ট হওয়া; চমৎকার হওয়া; উদার হওয়া, মহানুভব হওয়া।

أَنْـجَـبَ : (إِنْـجَـاب) সম্ভ্রান্ত সন্তান জন্ম দেওয়া।

تَـنَـجَّـبَ : মহৎ কাজ করা।

إِنْـتَـجَـبَ، إِسْـتَـنْـجَـبَ، (إِنْـتِـجَـاب، إِسْـتِـنْـجَـاب) : পছন্দ করা, বাছিয়া লওয়া।

نَـجْـب، نُـجَـبَـة : মহৎ, মহানুভব, উদার।

نَـجَـب : গাছের বল্কল।

نَـجَـابَـة : মহত্ত্ব, শ্রেষ্ঠত্ব, আভিজাত্য, উদারতা।

نَـجِـيـب : সদ্বংশীয়, সম্ভ্রান্ত, অভিজাত; মহৎ, শ্রেষ্ঠ, উৎকৃষ্ট, বিশিষ্ট; উদার, মহানুভব; বুদ্ধিমান। ব نُـجُـب، نُـجَـبَـاء، أَنْـجَـاب স্ত্রী نَـجِـيـبَـة ব نَـجَـائِـب

إِنْـتِـجَـاب : পছন্দ, বাছাই।

مِـنْـجَـاب : (ব مَـنَـاجِـيـب) مُـنْـجِـب (ব مَـنَـاجِـب) সম্ভ্রান্ত সন্তানের জনক।

نَـجَـثَ ـُ : (نَـجْـث) সাহায্যের জন্য চিৎকার করা।

~, تَـنَـجَّـثَ : ~ عَـنْ নিরীক্ষণ করা, অনুসন্ধান করা।

تَـنَـاجَـثَ : গোপন কথা ব্যক্ত করা।

إِنْـتَـجَـثَ، إِسْـتَـنْـجَـثَ، (إِنْـتِـجَـاث، إِسْـتِـنْـجَـاث) : টানিয়া বাহির করা।

نَـجْـث، نُـجُـث : বর্ম।

~ : গৃহ। ব أَنْـجَـاث

نَـجِـث، نَـجَّـاث : অনুসন্ধানকারী।

نَـجِـيـث : গোপন কথা, গুপ্ত রহস্য।

نَـجَـحَ ـَ : (نَـجْـح، نُـجْـح، نَـجَـاح) সহজ হওয়া, সুসম্পন্ন হওয়া; উন্নতি করা, অগ্রগতি লাভ করা, সফল হওয়া।

~ فِـی : সফল হওয়া, সাফল্য লাভ করা, কৃতকার্য হওয়া।



www.pathagar.com

نَجَحَ فِي الإِمْتِحَان : পরীক্ষায় পাস করা।

أَنْجَحَ، نَجَّحَ : (إِنْجَاح، تَنْجِيْح) সফল করা, সাফল্য অর্জনে সাহায্য করা, সফলতা প্রদান করা।

أَنْجَحَ : ~ بِ পরাভূত করা।

تَنَجَّحَ : সাফল্যজনকভাবে সম্পন্ন করা।

تَنَاجَحَ : (স্বপ্ন) সত্য হওয়া।

إِسْتَنْجَحَ : (إِسْتِنْجَاح) সাফল্যজনকভাবে সম্পন্ন করা; সাফল্য চাওয়া।

نُجْح، نَجَاح : সাফল্য, অগ্রগতি।

نَجَاحَة : ধৈর্য, সহিষ্ণুতা।

نَاجِح : সাফল্য অর্জনকারী; সফল; কৃতকার্য।

نَجِيح : সঠিক; সহিষ্ণু, ধৈর্যশীল।

مُنْجِح , ~ : সফল।

إِنْجَاح : সাফল্য।

نَجَخَ : ـَ (نَجْخ) গর্ব করা; (গণ্ডগোল) সৃষ্টি হওয়া।

تَنَاجَخَ : পরস্পর গর্ব করা; (তরঙ্গ) আছড়াইয়া পড়া।

نَاجِخ : গর্জনকারী (সমুদ্র); সমুদ্র-গর্জন।

نَجُوخ : গর্জনকারী (সমুদ্র)।

نَجَدَ : ـُ (نَجْد) সাহায্য করা, সহায়তা দেওয়া, সমর্থন করা।

~ : (نُجُود) প্রকাশিত হওয়া।

نَجِدَ : ـَ (نَجَد) ঘর্মাক্ত হওয়া, ঘামা; নির্বোধ হওয়া।

نَجَّدَ : (تَنْجِيْد) আসবাবপত্রে সজ্জিত করা; (তুলা ইত্যাদির) জট ছাড়ানো; অভিজ্ঞতাসম্পন্ন করা।

نَاجَدَ : (نِجَاد) সাহায্য করা; যুদ্ধ করিতে আগাইয়া আসা।

أَنْجَدَ : (إِنْجَاد) সাহায্য করা; সমর্থন করা; (আহ্বানে) সাড়া দেওয়া; 'নাজদ' প্রদেশে উপনীত হওয়া; উচ্চভূমিতে ভ্রমণ করা; (ভবন) উঁচু হওয়া।

تَنَجَّدَ : উচ্চ হওয়া।

إِسْتَنْجَدَ : (إِسْتِنْجَاد) সাহায্য চাওয়া, সাহায্যের জন্য আবেদন করা; শক্তি পুনরুদ্ধার করা।

~ عَلَى : সাহস করা; ঝুঁকি লওয়া।

نَجْد : সাহায্য, সহায়তা।

~ : উচ্চভূমি, প্রস্তরময় অঞ্চল। ব أَنْجَاد، نُجُود، نِجَاد

~ : গৃহের আসবাবপত্র। ব نِجَاد، نُجُود

~ : নাজদ ঃ আরব উপদ্বীপের একটি পার্বত্য অঞ্চল। নিসবত نَجْدِيّ

نَجُد : সাহসী। ব أَنْجَاد

نَجْدَة : সাহায্য, সহায়তা, সমর্থন; সংকট, দুর্যোগ; সাহস, বীরত্ব। ব نَجَدَات

نِجَاد : তরবারি ঝুলাইয়া রাখিবার ফিতা।

طَوِيل النِّجَاد : দীর্ঘকায়।

مُنَجِّد، نَجَّاد : গৃহসামগ্রী সরবরাহকারী, লেপ-তোশক প্রস্তুতকারী।

نِجَادَة : গৃহসামগ্রী সরবরাহের কাজ; সাহস, বীরত্ব।

نَجُود : দীর্ঘগ্রীবা; উদ্যমশীল, শক্তিশালী।

~ : দীর্ঘকায় ও বুদ্ধিমতী স্ত্রীলোক। ব نُجُد

نَجِيد : সাহসী; দুঃখিত। ব نُجَدَاء

نَاجِد : নির্বোধ; ক্লান্ত।

نَاجُود : মদ; রক্ত; জাফরান; মদের পাত্র। ব نَوَاجِيد

تَنْجِيد : গৃহসামগ্রী সরবরাহের কাজ।

مِنْجَد : ছোট পর্বত; মুক্তা ও স্বর্ণের হার। ব مَنَاجِد

مِنْجَدَة : পশু তাড়াইবার লাঠি; তুলা ইত্যাদি ধুনিবার যন্ত্রবিশেষ। ব مَنَاجِد

مَنْجُود : বশীভূত; পীড়িত।

مُنَاجِد : সাহায্যকারী; যোদ্ধা।

نَجَذَ – (نَجْذ) : সনির্বন্ধ অনুরোধ করা, পীড়াপীড়ি করা; পেষণদন্ত দ্বারা কামড়াইয়া ধরা।

نَجَّذَ : (تَنْجِيْذ) পরীক্ষা করা।



www.pathagar.com

نَاجِذ : পেষণদন্ত; আকল-দাঁত। ব نَوَاجِذ

أَبْدَى عَنْ نَوَاجِذِهِ : সে শত্রুতা প্রদর্শন করিল, হুমকি প্রদান করিল।

عَضَّ بِالنَّوَاجِذ : দন্ত ঘর্ষণ করা, দাঁত কাটা।

عَضَّ عَلَى نَاجِذَيْهِ : সাবালক হওয়া।

أَنْجُذَان : ভেষজ উদ্ভিদবিশেষ।

نَجَرَ ـُ : (نَجْر) (কাঠ) সমান করা, মসৃণ করা, সাইজ করা; উষ্ণ হওয়া।

نَجِرَ ـَ : (نَجَر) তৃষ্ণা-কাতর হওয়া, পিপাসায় কষ্ট পাওয়া।

نَجَّرَ (تَنْجِيْر) : সূত্রধরের কাজ করা।

نَجْر : মূল; মহত্ত্ব; সাফল্য; উত্তাপ, দিবসের উষ্ণতম সময়।

نَجَر : প্রচণ্ড তৃষ্ণা।

نَاجِر : গ্রীষ্মের উষ্ণতম মাস।

نُجَار : মূল; বংশ; বর্ণ।

نَجَّار : সূত্রধর, কাঠমিস্ত্রি।

نِجَارَة : সূত্রধরের কাজ বা পেশা।

نُجَارَة : কাঠের কুচি।

نَجْرَان : দরজার হুক; নাজরান ঃ হেজায ও ইয়ামানের মধ্যবর্তী আরবের একটি শহর। ইসলাম-পূর্ব যুগে এখানে বহুসংখ্যক খ্রিস্টান বসবাস করিত। ইহাদের অধিকাংশ ইসলাম গ্রহণ করে এবং কিছুসংখ্যক ইরাকে হিজরত করে। ইরাকের যে স্থানে তাহারা বসতি স্থাপন করে তাহাও নাজরান নামে অভিহিত। সিরিয়াতেও নাজরান নামে একটি গ্রাম আছে।

أَنْجَر، أَنْجَرَة : নঙ্গর। ব أَنَاجِر

أَنْجُرَة : বিছুটি, উদ্ভিদবিশেষ।

مَنْجَر : লক্ষ্যস্থল।

مِنْجَر : কাঠ সমান করিবার যন্ত্রবিশেষ, রাঁদা, plane. ব مَنَاجِر

مِنْجَرَة : পানি গরম করিবার উত্তপ্ত প্রস্তরখণ্ড।

مَنْجُور : সাইজ করা কাঠ; কপিকল; খাঁজকাটা চাকা; কাঠের কাজ।

نَجَزَ ـُ : (نَجْز) نَجَّزَ (تَنْجِيْز) أَنْجَزَ (إِنْجَاز) সম্পন্ন করা, সম্পাদন করা, বাস্তবায়িত করা, কার্যকর করা; পূর্ণ করা।

~, أَنْجَزَ (إِنْجَاز) : ~ بِ তাড়াতাড়ি করা।

أَنْجَزَ : ~ عَلَى সর্বশেষ আঘাত হানা, শেষ করিয়া দেওয়া।

أَنْجَزَ الْوَعْدَ : সে প্রতিশ্রুতি পূরণ করিল, প্রতিজ্ঞা পালন করিল।

نَجِزَ ـَ : (نَجَز) সম্পন্ন হওয়া, বাস্তবায়িত হওয়া; শেষ হওয়া, ধ্বংস হওয়া।

نَاجَزَ (مُنَاجَزَة) : সংগ্রাম করা, যুদ্ধ করা, মুখামুখি হওয়া, বিপক্ষে অবতরণ করা।

تَنَجَّزَ، اِسْتَنْجَزَ : (اِسْتِنْجَاز) "সম্পাদিত হউক" এই কামনা করা, সম্পন্ন বা পূরণ করিতে বলা।

تَنَاجَزَ : পরস্পর যুদ্ধ বা প্রতিযোগিতা করা, প্রতিদ্বন্দ্বিতায় অবতীর্ণ হওয়া।

نَجْز، نَجَاز، إِنْجَاز، تَنْجِيز : দ্রুত সম্পাদন, পূরণ, বাস্তবায়ন, সমাপন; অর্জন, সাফল্য।

نَاجِز : পূর্ণ; মোট; গোটা; চূড়ান্ত।

~, نَجِيز : প্রস্তুত।

~, مُنْجَز : সম্পন্ন, সম্পাদিত, সমাপ্ত; অর্জিত।

نَاجِزًا بِنَاجِزٍ : হাতে-হাতে, নগদে।

مُنَاجَزَة، تَنَاجُز : যুদ্ধ, সংগ্রাম, প্রতিদ্বন্দ্বিতা, প্রতিযোগিতা।

نَجِسَ ـَ : (نَجَس)، نَجُسَ ـُ (نَجَاسَة)، (تَنَجُّس) : অপবিত্র হওয়া, নাপাক হওয়া, কলুষিত হওয়া, অপরিষ্কার হওয়া, নোংরা হওয়া।

نَجَّسَ (تَنْجِيْس) أَنْجَسَ (إِنْجَاس) : অপবিত্র করা, নাপাক করা, ময়লা করা, কলুষিত করা, নোংরা করা, দূষিত করা।

نَجَس، نَجَاسَة : ময়লা, কলুষ, অপবিত্রতা।

نَجِس، نَجْس : নাপাক, অপবিত্র, অপরিষ্কার, নোংরা; ময়লা, কলুষিত; দুষ্ট, দূষিত। ব أَنْجَاس

نَاجِس، نَجِيس : দুরারোগ্য (ব্যাধি)।



www.pathagar.com

تَنْجِيس : নোংরাকরণ, ময়লাকরণ; দূষণ; অপবিত্রকরণ; অপবিত্রতা, নাপাক অবস্থা; নোংরা বস্তুর তৈরি কবচ।

مُنَجِّس : নোংরা কবচ প্রস্তুতকারী।

نَجَشَ ـُ : (نَجْش) উত্তেজিত করা, আন্দোলিত করা; অনুসন্ধান করা; সংগ্রহ করা; টানিয়া আনা; প্রজ্বলিত করা, অধিক প্রদানের প্রলোভন দেখানো।

~ : (نَجَاشَة، نَجْش) ত্বরা করা; চাপ দেওয়া।

إِسْتَنْجَشَ : (إِسْتِنْجَاش) নিষ্কাশন করা; শুরু করা।

مِنْجَاش، نَجَاشِي، نَجَّاش، نَاجِش : শিকারি।

النَّجَّاشِيّ، النَّجَاشِيّ : আন নাজাশী ঃ প্রাচীন আবিসিনিয়া, বর্তমান ইথিওপিয় সম্রাটের উপাধি। মহানবী (স)-এর সময়ে আবিসিনিয়ার সম্রাট ছিলেন اصْحَمَة النَّجَاشِيّ (আস্‌হামা আন-নাজাশী)। জাফর ইবনে আবী তালিবের নেতৃত্বে মক্কা হইতে ৭০ জন সাহাবী তাঁহার রাজত্বকালে আবিসিনিয়ায় হিজরত করেন। ইহাই ইসলামের ইতিহাসে প্রথম হিজরত। আন-নাজাশীর মৃত্যুর পর রাসূলুল্লাহ (স) তাঁহার গায়েবানা জানাযা পড়েন। মৃত্যুর পূর্বে আন-নাজাশী ইসলাম গ্রহণ করিয়াছিলেন।

نَجَعَ ـَ : (نُجُوع، نَجْع) نَجَّعَ (تَنْجِيع) أَنْجَعَ (إِنْجَاع) উপকারী হওয়া; কাজে আসা।

تَنَجَّعَ، إِنْتَجَعَ، إِسْتَنْجَعَ : (إِسْتِنْجَاع، إِنْتِجَاع) আশ্রয় চাওয়া, অনুগ্রহ প্রার্থনা করা, আনুকূল্য কামনা করা।

نَجْع : ক্ষুদ্র পল্লি। ব نُجُوع

نُجْعَة : খাদ্যান্বেষণ।

نَاجِع : খাদ্যান্বেষণকারী।

~, نَجِيع : উপকারী, স্বাস্থ্যকর; কার্যকর।

مَنْجَع : চারণক্ষেত্র। ব مَنَاجِعُ

مُنْتَجَع : আশ্রয়স্থল, আশ্রয়; বিশ্রামকেন্দ্র; বিনোদনকেন্দ্র; স্বাস্থ্যনিবাস।

نَجَفَ ـُ : (نَجْف) গঠন করা, প্রস্তুত করা; (গাছ) গোড়া হইতে কাটিয়া ফেলা; উড়াইয়া নেওয়া।

إِنْتَجَفَ : (إِنْتِجَاف) দুগ্ধ দোহন করা।

نَجَّفَ : (تَنْجِيف) জড়ো করা; কিঞ্চিৎ দান করা।

إِنْتَجَفَ، إِسْتَنْجَفَ : (إِسْتِنْجَاف) ঝাঁকুনি দেওয়া।

نَجَف : টিলা, ঢিবি; বাঁধ। ব نِجَاف

النَّجَف। : কূফার অন্তর্গত ইরাকের একটি শহর। এখানে হযরত আলী (রা)-এর মাযার অবস্থিত। ইহা শিয়াদের একটি পবিত্র স্থান।

نَجَفَة : টিলা, ঢিবি; বালির স্তূপ, দীপাধার, আলোর ঝাড়।

نُجْفَة : সামান্য পরিমাণ, কিঞ্চিৎ।

نِجَاف : গোবরাট, সর্দল।

نَجِيف : (ব نُجُف) مَنْجُوف চওড়া অগ্রভাগবিশিষ্ট (বর্শা); প্রশস্ত অভ্যন্তরভাগ ও পার্শ্ববিশিষ্ট পাত্র, গর্ত ইত্যাদি।

مِنْجَف : ঝুড়ি। ব مَنَاجِف

نَجَلَ ـُ : (نَجْل) (সন্তান) জন্ম দেওয়া; (ভূমি) কর্ষণ করা; নিতম্বে পদাঘাত করা; দুর্ব্যবহার করা; প্রকাশ করা।

~ ـ : (نَجْل) নিক্ষেপ করা, ছিটানো; ঘষিয়া উঠানো; বিদ্ধ করা।

نَجِلَ ـَ : (نَجَل) ডাগরচক্ষুবিশিষ্ট হওয়া।

أَنْجَلَ : (إِنْجَال) (পশু) চরানো।

تَنَاجَلَ : পরস্পর প্রতিদ্বন্দ্বিতায় অবতীর্ণ হওয়া; বহু সন্তানের জনক হওয়া।

إِنْتَجَلَ : (إِنْتِجَال) দেওয়ালের পাদদেশ হইতে পানি সরানো।

إِسْتَنْجَلَ : জলাভূমি তৃণপূর্ণ হওয়া।

نَجْل : পুত্র, সন্তান, বংশধর; পানির প্রবাহ। ব أَنْجَال

~ : কাজ; বিরাট জনতা। ব أَنْجَال، نِجَال

نَاجِل : জনক, পিতা।

نَجِيل : তৃণবিশেষ, ঘাস। ব نُجُل

أَنْجَل : ডাগর চক্ষু; বড়, প্রশস্ত। স্ত্রী نَجْلَاء ব نُجْل



www.pathagar.com

إِنْجِيل : ইনজীল : ঈসা (আ)-এর উপর অবতীর্ণ আসমানি কিতাব।

مِنْجَل : কাস্তে; দক্ষ উষ্ট্র-চালক। ব مَنَاجِل

مَنْجَلَة : চাপিয়া ধরিবার যন্ত্রবিশেষ, বাইস, vice.

نَجْلَزَ : (نَجْلَزَة) ইংরেজ বানানো।

تَنَجْلَزَ : ইংরেজ বনা।

إِنْجِلِيزِيّ : ইংরেজ।

نَجَمَ : ـُ (نُجُوم) উদয় হওয়া, আত্মপ্রকাশ করা, দৃষ্টিগোচর হওয়া; আরম্ভ হওয়া; সৃষ্টি হওয়া, উদ্ভূত হওয়া; উদ্গত হওয়া; কিস্তিতে পরিশোধ করা।

نَجَّمَ : (تَنْجِيم) নক্ষত্র পর্যবেক্ষণ করা; গ্রহ-নক্ষত্র দেখিয়া ভবিষ্যদ্বাণী করা; জ্যোতিষশাস্ত্র চর্চা করা; কিস্তিতে পরিশোধ করা।

أَنْجَمَ : (إِنْجَام) উদয় হওয়া, আত্মপ্রকাশ করা, দৃষ্টিগোচর হওয়া।

~, إِنْتَجَمَ : (إِنْتِجَام) পরিষ্কার হওয়া; ক্ষান্ত হওয়া; গত হওয়া।

تَنَجَّمَ : নক্ষত্র পর্যবেক্ষণ করা, গ্রহ-নক্ষত্র দেখিয়া ভবিষ্যদ্বাণী করা, জ্যোতিষশাস্ত্র চর্চা করা।

نَجْم : কিস্তি; অংশ। ব نُجُوم

نَجْمًا نَجْمًا : ভাগে ভাগে, পৃথক পৃথক, অল্প অল্প করিয়া।

نُجُومًا : কিস্তিতে।

~ : নক্ষত্র, তারকা; গুল্ম, ঘাস, কাণ্ডহীন উদ্ভিদ। ব نُجُم، أَنْجُم، نُجُوم

اَلنَّجْم : কৃত্তিকা (নক্ষত্র); আল-কুরআনের ৫৩ নং সূরা। সূরাটি মাক্কী। আয়াত সংখ্যা ৬২।

نَجْم ذُو ذَنَب، نَجْم بِذَنَب : ধূমকেতু।

عِلْم النُّجُوم : জ্যোতিষশাস্ত্র।

نَجْمَة : তারকা; তারকা-চিহ্ন। ব نَجَمَات

نَجْم الصُّبْح، نَجْمَة الصُّبْح : প্রভাতী তারকা, শুকতারা।

المَسَاء ~ , المَسَاء ~ : সন্ধ্যা-তারা।

القُطْب ~ , القُطْب ~ : ধ্রুব নক্ষত্র।

ذُو النَّجْمَة : গাধা।

نَجْمِيّ : নক্ষত্র সম্বন্ধীয়; তারকার ন্যায়; কিস্তিতে।

نَاجِم : উদ্ভূত, সৃষ্ট।

نَجَّام، مُنَجِّم، مُتَنَجِّم : জ্যোতিষী, গণক।

تَنْجِيم : জ্যোতিষশাস্ত্র।

مَنْجَم : খনি; উৎস, মূল। ব مَنَاجِم

مِنْجَم : দাঁড়িপাল্লার কাঁটা।

~, مَنْجِم : পায়ের গোছা, গুলফ।

نَجَهَ : ـَ (نَجْه)، تَنَجَّهَ، إِنْتَجَهَ (إِنْتِجَاه) তাড়াইয়া দেওয়া।

نَجَا : ـُ (نَجْو، نَجَاء، نَجَاة) ~ مِنْ নাজাত পাওয়া, নিষ্কৃতি পাওয়া, রেহাই পাওয়া, রক্ষা পাওয়া, উদ্ধার পাওয়া, বাঁচিয়া যাওয়া।

نَجَا بِنَفْسِهِ، نَجَا بِرُوحِهِ : সে নিজেকে বাঁচাইল, আত্মরক্ষা করিল।

~ بِحَيَاتِهِ : সে প্রাণে বাঁচিয়া গেল, জীবন রক্ষা করিল।

~ : (نَجْو، نَجْوَى) বিশ্বাস করা; গোপন কথা বলা।

نَجَّى : (تَنْجِيَة) নাজাত দেওয়া, নিষ্কৃতি দেওয়া, রেহাই দেওয়া; উদ্ধার করা, রক্ষা করা।

نَاجَى : (مُنَاجَاة) চুপিসারে বলা, ফিসফিস করিয়া বলা, সংগোপনে বলা; গোপন কথা বলা; মোনাজাত করা।

نَاجَى نَفْسَهُ : সে স্বগতোক্তি করিল, নিজে নিজে কথা বলিল।

أَنْجَى : (إِنْجَاء) নাজাত দেওয়া, নিষ্কৃতি দেওয়া, রেহাই দেওয়া, রক্ষা করা, উদ্ধার করা; (গাছ) ছাঁটিয়া দেওয়া; (পশুর) চামড়া ছোলা; (মেঘ) পরিষ্কার হইয়া যাওয়া; (খেজুর গাছ) পাকা খেজুরবিশিষ্ট হওয়া; প্রকাশ করা; নগ্ন করা; উচ্চস্থানে আনয়ন করা।

تَنَجَّى : উচ্চভূমির সন্ধান করা।

تَنَاجَى : একে অন্যের নিকট চুপিচুপি বলা, ফিসফিস করিয়া বলাবলি করা, পরস্পর গোপন কথা বলা।

إِنْتَجَى : (إِنْتِجَاء) কানে কানে বলা।



www.pathagar.com

إِسْتَنْجَى : (إِسْتِنْجَاء) মলমূত্র ত্যাগের পর পবিত্র হওয়া, শৌচ করা, এস্তেঞ্জা করা; লাভ করা; টান দেওয়া; ছাঁটিয়া দেওয়া।

~ مِنْ : আত্মরক্ষা করা, রক্ষা পাওয়া, অব্যাহতি লাভ করা।

نَجْو : মলমূত্র; নাজাত। ব نُجُوٌّ، نِجَاءٌ

~، نَجْوَى : গোপন কথা। ব نَجَاوِى

نَجْوَة : উঁচু স্থান, উচ্চভূমি। ব نِجَاء

نَجًا : পশুচর্ম; নাজাত, নিষ্কৃতি।

نَجَاة، نَجَاء : নাজাত, নিষ্কৃতি, রক্ষা, রেহাই, উদ্ধার, মুক্তি, অব্যাহতি; নিরাপত্তা।

~ : উঁচু স্থান; উচ্চভূমি; দ্রুতগামী (উট)। ব نَجًى

نَجَاوَة : বিরাট ভূখণ্ড।

نَاجٍ : নাজাতপ্রাপ্ত, উদ্ধারপ্রাপ্ত; মুক্তি লাভকারী; দ্রুতগামী (উট)।

نَجِيّ : যাহার নিকট গোপন কথা বিশ্বাস করিয়া বলা যায়, অন্তরঙ্গ বন্ধু। ব أَنْجِيَة

تَنْجِيَة : উদ্ধারকরণ; নাজাতদান।

مُنَجٍّ : উদ্ধারকারী, নাজাত দানকারী।

مَنْجًى : নিরাপত্তা।

~ : আশ্রয়স্থল, আশ্রয়, উচ্চভূমি। ব مَنَاجٍ

مَنْجَاة : উদ্ধার, নিষ্কৃতি, নাজাত।

~ : নিরাপদ স্থান; আশ্রয়স্থল; আশ্রয়; নিষ্কৃতির উপায়। ব مَنَاجٍ

مُنَاجَاة : গোপন কথা, একান্ত আলাপ; মোনাজাত।

نَحَاحَة : বদান্যতা।

نِحَاحَة : লোভ।

نَحِيح : লোভী, কৃপণ।

نَحَبَ : ـُ (نَحِيب، نَحْب)، إِنْتَحَبَ (إِنْتِحَاب) ক্রন্দন করা, বিলাপ করা।

~ ـ : (نَحْب) (উট) কাশি দেওয়া।

~ ـَ : (نَحْب) বাজি রাখা; দ্রুত চলা।

نَحَّبَ : (تَنْحِيب) দ্রুত চলা; উদ্যমের সহিত কাজ করা।

~ عَلَى : আত্মনিয়োগ করা।

نَاحَبَ : (مُنَاحَبَة) বাজি ধরা; হাজির হইতে আদেশ করা।

تَنَاحَبَ : যুদ্ধের জন্য সময় নির্দিষ্ট করা।

نَحْب : ক্রন্দন, বিলাপ, দ্রুত গমন; নির্দিষ্ট সময়; বাজি; প্রয়োজনীয়তা; মৃত্যু।

قَضَى نَحْبَهُ : সে শেষ নিঃশ্বাস ত্যাগ করিল, মরিয়া গেল।

نُحْبَة : অদৃষ্ট, ভাগ্য।

نَحِيب : ক্রন্দন, বিলাপ।

مُنْتَحِب، نَاحِب : ক্রন্দনকারী, বিলাপকারী।

مُنَحِّب : দ্রুতগামী।

نَحَتَ : ـُ ـ (نَحْت) খণ্ডখণ্ড করিয়া কাটা, কাটিয়া আকার দেওয়া; খোদাই করা, ভাস্কর্য-কর্ম করা; সমান করা; মসৃণ করা; গঠন করা, রূপ দেওয়া; কাহিল করা।

نَحَتَ عِرْضَهُ : সে সুনাম নষ্ট করিল।

نَحَتَ بِلِسَانِهِ : সে স্বীয় ভাষায় নিন্দা করিল, গালি দিল।

نَحْت : খণ্ডখণ্ড করিয়া কর্তন, কাটিয়া আকারদান, খোদাইকরণ; উদ্ভাবন, গঠন; ভাস্কর্য।

نَحَّات : ভাস্কর।

نُحَاتَة : খণ্ড, টুকরা।

نَحِيت : কদর্য বস্তু, মসৃণ বস্তু।

مَنْحُوت : কর্তিত, কাটিয়া আকার দেওয়া হইয়াছে এমন, ক্ষোদিত, খোদাইকৃত; সমানকৃত, মসৃণকৃত।

مِنْحَت : (ব مَنَاحِت) مِنْحَات (ব مَنَاحِيت) বাটালি।

نَحَرَ : ـَ (نَحْر) গলা কাটা, জবাই করা; (উট) নহর করা; হত্যা করা।

نَاحَرَ : (مُنَاحَرَة) গলা আহত করা।

تَنَاحَرَ : পরস্পর যুদ্ধ করা, হানাহানি করা, খুনাখুনি করা, বিবাদ করা।

إِنْتَحَرَ : (إِنْتِحَار) আত্মহত্যা করা; বিবাদ করা।



www.pathagar.com

نَحْر : জবাই, নহর, হত্যা।

~ : গলা; দিন বা মাসের শুরু। ব نُحُور

يَوْمُ النَّحْرِ : ঈদুল আযহার দিন, কুরবানীর দিন অর্থাৎ ১০ যুলহিজ্জা।

نَحْرِير، نِحْرِير، نِحْر : দক্ষ, অভিজ্ঞ। ব نَحَارِير

نَاحِر، نَحُور : জবাইকারী, খুনি।

نَاحِرَة (ব نَوَاحِر) نَحِيرَة (ব نَحَائِر) মাসের প্রথম বা শেষ দিন, প্রথম বা শেষ রাত্রি।

نَحِير : জবাইকৃত; নিহত।

إِنْتِحَار : আত্মহত্যা, আত্মহনন।

مَنْحَر : গলা, জবাই করিবার স্থান। ব مَنَاحِرُ

مِنْحَار : পশু জবাইকারী; অতিথিপরায়ণ।

مَنْحُور : জবাইকৃত, নিহত; বিরক্ত।

مُنْتَحِر : আত্মহত্যাকারী, আত্মহত্যা।

نَحَزَ – َ (نَحْز) : হামানদিস্তায় গুঁড়া করা; আঘাত করা।

نَحِزَ – َ (نَحَز)، نُحِزَ : (উট) ফুসফুসের রোগে আক্রান্ত হওয়া।

مَنْحُوز، نَحِيز، نَاحِز، نَحِز : ফুসফুসের রোগে আক্রান্ত (উট)।

نُحَاز : (উটের) ফুসফুসের রোগ।

نِحَاز : মূল।

نَحِيزَة : স্বভাব, প্রকৃতি, মেযাজ; অবস্থা, অসমান শক্ত ভূমি; দীর্ঘ ভূখণ্ড। ব نَحَائِز

طَيِّبُ النَّحِيزَة : সৎ স্বভাবসম্পন্ন।

كَرِيم ~ : উদারহৃদয়।

مِنْحَاز : হামানদিস্তা।

نَحِسَ – َ نَحْس، (نَحَس) – ُ نَحُسَ (نُحُوسَة، نَحَاسَة) অশুভ হওয়া, দুর্ভাগ্যবান হওয়া, অসুখী হওয়া।

نَحَسَ – َ (نَحْس) অসুখী করা; দুর্ভাগ্য টানিয়া আনা; কষ্ট দেওয়া, বিরক্ত করা।

نَحَّسَ : (تَنْحِيس) তামা দিয়া মোড়া, তামার পাত লাগানো।

تَنَحَّسَ : উপবাস করা, খাদ্যগ্রহণ হইতে বিরত থাকা।

نَحْس : দুর্ভাগ্য, দুঃখ, কষ্ট। ব نُحُوس

~ أَحْمَر : তাম্র।

نَحْس، نَاحِس، نَحِيس : দুর্ভাগ্যবান, হতভাগ্য, দুঃখী; অশুভ; দুর্ভাগ্যজনক, দুঃখজনক, অমঙ্গলজনক।

النَّحْسَان : অশুভ গ্রহদ্বয় ঃ শনি ও মঙ্গল।

النُّحَس : চান্দ্রমাসের শেষ তিন রাত্রি।

نُحَاس : তাম্র; স্বভাব, মেযাজ।

نُحَاس أَصْفَر : পিতল।

~ أَحْمَر : তাম্র।

كَرِيم النُّحَاس : উদার প্রকৃতির ব্যক্তি।

نُحَاسَة : তাম্রখণ্ড, তামার পয়সা।

نَحَّاس : তাম্রকার।

تَنْحِيس : তামার পাত দিয়া মোড়নো।

مَنْحُوس : মনহূস, অশুভ, অপয়া; হতভাগ্য।

مَنَاحِس : অশুভ বস্তু বা ঘটনা।

نَحَصَ – َ (نُحُوص) : উষ্ট্রী স্থূলকায় হওয়া।

نُحْص : পর্বতের পাদদেশ।

نَحُوص : দুধ দেয় না এমন (গাধী)। ব نَحَائِص، نُحُص

نَحَضَ – َ : (نَحْض)، إِنْتَحَضَ (إِنْتِحَاض) ছাল তোলা, গোশত ছাড়ানো।

~ : ধারালো করা; সাগ্রহে অনুরোধ করা।

~ – َ : (نُحُوض)، نُحِضَ، أُنْتُحِضَ কৃশ হওয়া, কাহিল হওয়া।

نَحُضَ – ُ : (نَحَاضَة) মাংসল হওয়া।

نَحْضَة : জমাট মাংসখণ্ড। ব نِحَاض

مَنْحُوض، نَحِيض : মাংসল; কৃশ; পাতলা।

نَحَطَ – ِ : (نَحِيط) বিলাপ করা, দীর্ঘশ্বাস ফেলা।

~ : (نَحِيط، نَحْط) হাঁপানো।

نَحْط، نُحَاط، نَحِيط : দীর্ঘ নিঃশ্বাস, ফোঁপানি।

نَاحِط : প্রচণ্ড কাশিতে আক্রান্ত।

نَحَّاط : গর্বিত, উদ্ধত।



www.pathagar.com

نَحُفَ ـُ نَحَفَ ـَ : (نَحَافَة) কৃশ হওয়া, দুর্বল হওয়া, পাতলা হওয়া, ছিপছিপে হওয়া।

أَنْحَفَ : (إِنْحَاف) কৃশ করা, দুর্বল করা।

نَحَافَة : কৃশতা; দুর্বলতা।

نَحِيف : نَحِف، مَنْحُوف কৃশ, দুর্বল, পাতলা, ছিপছিপে। ব نُحَفَاء، نِحَاف

نَحَلَ ـُ نَحِلَ ـَ نَحُلَ ـُ (نُحُول) কৃশ হওয়া, কাহিল হওয়া, হালকা-পাতলা হওয়া।

~ ـَ : (نَحْل) উপহার দেওয়া; (অন্যায়ভাবে) আরোপ করা; নিন্দা করা; (বস্ত্র) জীর্ণ হওয়া; (চুল) ঝরিয়া পড়া।

نَحَّلَ ، أَنْحَلَ : (إِنْحَال، تَنْحِيل) কৃশ করা, দুর্বল করা, নিঃশেষ করা; সম্পত্তির অংশবিশেষ দান করা।

إِنْتَحَلَ ، تَنَحَّلَ : (إِنْتِحَال) (অন্যের রচনা) নিজের বলিয়া দাবি করা।

~ : (ধর্ম বা মত) গ্রহণ করা; ধার করা; ধারণ করা।

نَحْل : মৌমাছি; ভ্রমর।

~، نُحْل ، نَحْلَى ، نُحْلَان : উপহার।

نَحْلَة : মৌমাছি; লাটিম।

نِحْلَة : (ব نِحَل) نُحْلَة (ব نُحَل) উপহার, দান, মোহরানা; মকদ্দমা; সম্প্রদায়, ধর্ম।

نَحَّال : মৌমাছি-পালক।

نِحَالَة : মৌমাছি-পালন।

نُحُول : কৃশতা, দুর্বলতা, রুগ্ণতা।

نَحِيل ، نَاحِل : কৃশ, রোগা, হালকা-পাতলা, ছিপছিপে। ব نَحْلَى ، نُحَّل

إِنْتِحَال : গ্রহণ, ধারণ; নিজের বলিয়া দাবি, অন্যের রচনা চুরি করন।

مَنْحَل : মৌচাক, মৌমাছির আবাস, মধুমক্ষিকালয়। ব مَنَاحِل

مَنْحُول : জীর্ণ।

مَنْحُول الوَبَر : সুতা বাহির হইয়া গিয়াছে এমন, ছিন্ন-জীর্ণ বস্ত্র, threadbare.

مُنْتَحِل : অন্যের রচনা (চুরি করিয়া) নিজের বলিয়া প্রচারকারী।

مُنْتَحَل : ধারণকৃত।

إِسْم مُنْتَحَل : ধারণকৃত নাম, উপনাম, ওরফে।

نَحَمَ ـِ : (نَحْم، نَحِيم، نَحَمَان) গলা খাঁকার দেওয়া, খকখক করা; 'হুম' শব্দে গলা পরিষ্কার করা; দীর্ঘশ্বাস ফেলা; সাঁই সাঁই করিয়া নিঃশ্বাস ফেলা, হাঁপানো।

نُحَام : জলচর পক্ষিবিশেষ, ফ্ল্যামিঙ্গো, flamingo.

نَحَّام : লোভী।

نَحْنُ : (স) আমরা, স্ত্রী পু।

نَحْنَحَ ، تَنَحْنَحَ : (نَحْنَحَة) গলা খাঁকার দেওয়া, খকখক করা, 'হুম' শব্দে গলা পরিষ্কার করা, খাঁকারি দেওয়া।

نَحْنَحَة : গলাখাঁকারি, খকখক শব্দ।

نَحَا ـُ : (نَحْو) গমন করা, অগ্রসর হওয়া, রাস্তা লওয়া, উদ্দেশ্য করা, মনস্থ করা; ঝুঁকিয়া পড়া।

نَحَا نَحْوَهُ : সে অমুকের অনুসরণ করিল, অনুকরণ করিল, অনুরূপ হইল।

نَحَا ، نَحَّى : (تَنْحِيَة) দূরীভূত করা, স্থানান্তরিত করা, সরানো।

~، ~ : ~ عَنْ বিরত করা, বারণ করা, বাধা দেওয়া।

نَحَى ـَ : (نَحْي) (দুগ্ধ) মন্থন করা।

أَنْحَى : (إِنْحَاء) ~ عَلَى অগ্রসর হওয়া, আক্রমণ করা, আঘাত হানা; মনোযোগ দেওয়া।

أَنْحَى بَصَرَهُ : ~ عَنْ দৃষ্টি ফিরাইয়া লওয়া।

تَنَحَّى : ~ عَنْ সরিয়া যাওয়া; ছাড়িয়া যাওয়া; ত্যাগ করা।

~ لِ : ঝুঁকিয়া পড়া, ভর করা।

إِنْتَحَى : গমন করা, ফেরা, মুখ ফিরানো, মনোযোগী হওয়া।

~ لِ : ঝুঁকিয়া পড়া, ঠেস দেওয়া, ভর করা।

إِنْتَحَى نَاحِيَةً : পাশ কাটানো।

~ جَانِبًا : পাশ কাটানো; সরিয়া আসা।



www.pathagar.com

نَحْو : দিক; ভাগ, অংশ; পার্শ্ব, পথ, পন্থা, পদ্ধতি, রকম, ধরন; প্রবণতা। ব أَنْحَاء

عِلْم النَّحْو، النَّحْو : ব্যাকরণশাস্ত্র।

عَلَى هذَا النَّحْوِ : এইভাবে।

فِى كُلِّ أَنْحَاءِ العَالَمِ : পৃথিবীর সর্বত্র।

نَحْوَ : দিকে, প্রতি; যেমন, যথা; উদাহরণ স্বরূপ; প্রায়, আনুমানিক। ব نُحُوٌّ

نَحْوِيّ : ব্যাকরণ-সম্বন্ধীয়।

~ : (ব نَحْوِيُّون) نَاحٍ (ব نُحَاة) ব্যাকরণশাস্ত্রবিদ, বৈয়াকরণ।

نَحِى : দুধের মশক; মন্থনপাত্র। ব أَنْحَاء

نَحِيَّة : লক্ষ্য, লক্ষ্যবস্তু।

نَاحِيَة : দিক, প্রান্ত, অঞ্চল, এলাকা; ক্ষেত্র; দৃষ্টিকোণ। ব نَوَاحٍ، نَاحِيَات

فِى نَاحِيَة، نَاحِيَة : দিকে।

مِنْ نَاحِيَة : সম্বন্ধে, বিষয়ে।

مِنْ نَاحِيَةٍ أُخْرَى : পক্ষান্তরে, অপরপক্ষে।

مِنْ النَّاحِيَةِ العَسْكَرِيَّة : সামরিক দৃষ্টিকোণ হইতে।

مِنْ نَاحِيَة قَانُونِيَّة : আইনের দৃষ্টিতে।

مِنْ نَاحِيَة وَاقِعِيَّة : প্রকৃত প্রস্তাবে।

مُتَعَدِّد النَّوَاحِى : বহুমুখী।

مِنْ جَمِيع النَّوَاحِى : সকল দিক হইতে, সব দিক দিয়া।

مَنْحَى : লক্ষ্য, উদ্দেশ্য; কর্মপদ্ধতি; আচরণ; অঞ্চল, ক্ষেত্র, এলাকা। ব مَنَاحٍ

مَنْحَاة : দূরত্ব; আঁকাবাঁকা নদী। ব مَنَاحٍ

أَهْل المَنْحَاة : দূরে অবস্থানকারী, অনুপস্থিত।

نَخَّ : ـُ (نَخّ) উদ্যমসহকারে চলা; মাথা নিচু করা; সম্মুখে ঝোঁকা; (পশু) দ্রুত তাড়াইয়া নেওয়া; (উট) হাঁটু গাড়িয়া বসিয়া পড়া।

~, نَخَّخَ : (تَنْخِيخ) (উট) হাঁটু গাড়িয়া বসানো।

نُخّ، نَخّ : লম্বা মাদুর; দীর্ঘ গালিচা। ব أَنْخَاخ

نُخَّة : ভারবাহী পশু; রাখাল।

(إِنْتِخَاب) إِنْتَخَبَ، (نَخْب) : ـُ نَخَبَ মনোনীত করা, বাছিয়া লওয়া, পছন্দ করা; ভোট দেওয়া; নির্বাচিত করা।

~ : (نُخْب) দংশন করা; ছিন্ন করা, ছিঁড়িয়া ফেলা; শ্রেষ্ঠাংশ লওয়া।

نَخِبَ : ـَ (نَخَب) ভীরু হওয়া।

نَخْب : নির্বাচন; বাছাইকরণ; (কাহারও) স্বাস্থ্যকামনায় মদ্যপান।

شَرِبَ نَخْبَهُ : (কেউ) স্বাস্থ্য কামনায় মদ্যপান করিল।

نُخْبَة : শ্রেষ্ঠাংশ, বাছাইকৃত অংশ; বাছাই করা বস্তু, সেরা ব্যক্তিবর্গ। ব نُخَب

نُخُب ব : نَخِيب، نَخِبٌ ،نَخَبٌ، نَخَب : ভীরু।

مُنْتَخِب، نَاخِب : নির্বাচনকারী, নির্বাচক।

إِنْتِخَاب : নির্বাচন; মনোনয়ন, বাছাইকরণ। ব إِنْتِخَابَات

إِنْتِخَاب عُمُومِيّ : সাধারণ নির্বাচন।

دَائِرَة إِنْتِخَاب : নির্বাচনী এলাকা।

لَائِق لِلإِنْتِخَاب : পছন্দনীয়, নির্বাচনযোগ্য।

إِنْتِخَابِيّ : নির্বাচন-সম্বন্ধীয়, নির্বাচন-বিষয়ক; নির্বাচনী।

دَائِرَة إِنْتِخَابِيَّة : নির্বাচনী এলাকা।

~ مَعْرَكَة : নির্বাচনী অভিযান।

مِنْخَاب : দুর্বল লোক, অপদার্থ ব্যক্তি।

مَنْخُوب : ভীরু; দুর্বল, কৃশ। ব مَنَاخِيبُ

مُنْتَخَب : নির্বাচিত, মনোনীত; বাছাইকৃত; নির্বাচিত প্রার্থী। ব مُنْتَخَبُونَ

~ : (ক্রীড়া-প্রতিযোগিতায়) বাছাইকৃত দল। ব مُنْتَخَبَات

نَخَرَ : ـُ (نَخِير، نَخْر) নাক ডাকা, নাসিকা-ধ্বনি করা; (পোকায়) কাটা; ছিদ্র করা; খাইয়া ফেলা; নিঃশেষ করা।

نَخِرَ : ـَ (نَخَر) কীটদষ্ট হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া, পচিয়া যাওয়া, নষ্ট হইয়া যাওয়া; খণ্ডখণ্ড হইয়া যাওয়া।



www.pathagar.com

نَخْر : নাসিকা-ধ্বনি; নাকডাকার শব্দ, পচন, ক্ষয়, ক্ষয়িষ্ণুতা, ক্ষয়প্রাপ্তি।

نُخَرَة : ঘূর্ণিবাত্যা, ঝঞ্ঝা।

~, نُخَرَة : নাকের অগ্রভাগ। ব نُخَر

نَخِر، نَاخِر : কীটদষ্ট; ক্ষয়প্রাপ্ত; নষ্ট।

~ : শূকর শাবক, বন্যশূকর। ব نُخُر

نَخِير : নাকডাকার শব্দ, নাসিকা-ধ্বনি।

نَخَّار : যে ঘুমের ঘোরে নাক ডাকে; শূকর শাবক।

مِنْخَار (ব مَنَاخِر)، مَنْخَر (ব مَنَاخِر) : مِنْخَر، مَنْخِر (ব مَنَاخِير) নাসারন্ধ্র, নাকের ছিদ্র, নাক।

نَخْرَبَ : (نَخْرَبَة) কাটিয়া ছিদ্র করা, খাইয়া গর্ত করা।

مُخْرُوب : গর্ত, ছিদ্র, মৌচাকের প্রকোষ্ঠ। ব نَخَارِيب

نَخَزَ : ـَ (نَخْز) বিদ্ধ করা, খোঁচা মারা।

نَخْزَة : খোঁচা।

نَخَسَ : ـُ (نَخْس) খোঁচা মারা, অঙ্কুশ মারা, গুঁতা দেওয়া; বিরক্ত করা, উত্তেজিত করা, ক্ষেপাইয়া তোলা; কপিকলের মধ্যে (কাষ্ঠখণ্ড) প্রবেশ করানো।

نَخْسَة : খোঁচা, গুঁতা।

نِخَاس : জুতার পার্শ্বের সেলাই।

~ , نِخَاسَة : কপিকলের ছিদ্রে প্রবিষ্ট কাষ্ঠখণ্ড।

نِخَاسَة : দাস-ব্যবসায়, পশু-ব্যবসায়।

نَخَّاس : দাস-ব্যবসায়ী, পশু-ব্যবসায়ী।

نَخِيسَة : ভেড়ী ও বকরির মিশ্রিত দুগ্ধ।

مِنْخَس : (ব مَنَاخِس) مِنْخَاس (ব مَنَاخِيس) ছুঁচালো অগ্রভাগবিশিষ্ট লাঠি।

نَخَشَ : ـُ (نَخْش) দ্রুত তাড়াইয়া নেওয়া; উত্তেজিত করা; ঝাঁকুনি দেওয়া; (গাছের) ছাল তোলা; অনিষ্ট করা।

~ : ـَ (نَخْش، نَخَش) : نُخِشَ : কৃশ হওয়া।

نَخِشَ : ـَ (نَخَش) নিম্নাংশ ক্ষয়প্রাপ্ত হওয়া।

تَنَخَّشَ : ~ إِلَى : উদ্দেশ করা, রওয়ানা করা।

نَخَاشِيش : نُخْشُوش : (মাছের) শ্বাসযন্ত্র, ফুলকা। ব

نَخَضَ : ـُ (نَخْض) বার্ধক্যজনিত কাহিল হওয়া।

~, انْخَضَ : (إِنْخَاض) কাহিল করা, কৃশ করা।

نَخِضَ : ـَ (نَخَض)، إِنْتَخَضَ (إِنْتِخَاض) (গোশত) শুকাইয়া যাওয়া, নিঃশেষিত হওয়া।

نَخَطَ : ـُ (نَخْط) নাক ঝাড়া।

~ : (نَخِيط) ~ بِ পশ্চাতে নিন্দা করা।

~ ~ عَلَى : অবজ্ঞাপূর্ণ আচরণ করা।

إِنْتَخَطَ : (إِنْتِخَاط) নাক ঝাড়া; অনুরূপ হওয়া।

نَخْط، نُخْط : মানুষ, মানব-বংশ।

مَا أَدْرِي أَيُّ النَّخْطِ هُوَ : আমি জানি না, সে কি রকম লোক।

نَخَعَ : ـَ (نَخْع) (পশু) জবাই করা; হত্যা করা; আন্তরিক বন্ধুত্ব পোষণ করা; সৎ পরামর্শ দেওয়া; প্রচণ্ড ঝাঁকুনি দেওয়া।

نَخَعَ لَهُ بِحَقِّهِ : সে তাহার অধিকার স্বীকার করিল, দাবি মানিয়া লইল।

نَخِعَ : ـَ (نَخَع) রসালো হওয়া।

تَنَخَّعَ : শ্লেষ্মা নির্গত করা; কফ বাহির করা, গলা পরিষ্কার করা।

~, إِنْتَخَعَ : (إِنْتِخَاع) বৃষ্টি বর্ষণ করা।

نُخَاع، نِخَاع : মেরুদণ্ডের মধ্যে লম্বালম্বিভাবে অবস্থিত স্নায়ুরজ্জু, সুষুম্নাকাণ্ড, spinal cord; মজ্জা, মগজ, ঘিলু। ব نُخُع

نُخَاعَة : শ্লেষ্মা, কফ।

أَنْخَع : নিকৃষ্টতর (নাম)।

مَنْخَع : মেরুদণ্ডের উপরিভাগ।

نَخَفَ : ـُ (نَخْف) নাসিকা-ধ্বনি করা।

أَنْخَفَ : (إِنْخَاف) শব্দ করিয়া নিঃশ্বাস টানা।

نَخْفَة : পর্বতের ফাটল।

نِخَاف : পাদুকাবিশেষ। ব أَنْخِفَة

نَخِيف : নাসিকা-ধ্বনি।

نَخَلَ : ـُ (نَخْل)، تَنَخَّلَ، إِنْتَخَلَ (إِنْتِخَال) চালা, ঝাড়া, ছাঁকা, নিংড়াইয়া লওয়া; বাছিয়া লওয়া।

~, نَخَّلَ : (تَنْخِيل) বর্ষণ করা।



www.pathagar.com

نَخِيل، نَخْلَة، نَخْل : খেজুরগাছ, খেজুর। ব نَخِيلٌ، نَخْلٌ

نُخَالَة : তুষ, ভুসি, আবর্জনা।

نَخَّال : নেকড়া সংগ্রহকারী।

مُنْخَل، مُنْخُل : চালুনি, ঝাঁজরি। ব مَنَاخِل

نَخَمَ : ـَ (نَخْم)، تَنَخَّمَ শ্লেষ্মা নির্গত করা, গলা পরিষ্কার করা, কফ বাহির করা।

نُخَامَة : কফ, শ্লেষ্মা।

غُدَّة نُخَامِيَّة : লালা-গন্থি, pituitary gland.

نَخَا : ـُ (نَخْوَة) গর্বিত হওয়া, উদ্ধত হওয়া; নরম করা।

نَخَّى، أَنْخَى، إِسْتَنْخَى (إِسْتِنْخَاء، إِنْخَاء، تَنْخِيَة) : উত্তেজিত করা, উৎসাহিত করা; উসকানি দেওয়া; জাগ্রত করা।

إِنْتَخَى : (إِنْتِخَاء) গর্বিত হওয়া, উদ্ধত হওয়া; নরম হওয়া।

~ عَلَى : উদ্ধত আচরণ করা।

نَخْوَة : অহংকার, গর্ব, ঔদ্ধত্য; আত্মসম্মান, আত্মমর্যাদাবোধ; মহানুভবতা, উদারতা।

نَدَّ : ـِ (نَدّ، نَدَد، نِدَاد، نُدُود، نَدِيد) ছুটিয়া যাওয়া, ফসকাইয়া যাওয়া, পলাইয়া যাওয়া, হারাইয়া যাওয়া।

نَدَّدَ : (تَنْدِيد) প্রদর্শন করা, তুলিয়া ধরা, বিখ্যাত করা।

~ بِ : নিন্দা করা, দোষী করা, দোষারোপ করা, সমালোচনা করা।

~ , أَنَدَّ : (إِنْدَاد) চতুর্দিকে ছড়াইয়া দেওয়া।

نَادَّ : (نِدَاد) বিরোধিতা করা।

تَنَادَّ : ভিন্নমত পোষণ করা, ছিন্নভিন্ন হইয়া যাওয়া।

نَدّ : উচ্চ পাহাড়, পর্বত, সুগন্ধি দ্রব্যবিশেষ।

نِدّ : সমকক্ষ; প্রতিপক্ষ; অংশীদার; মূর্তি। ব أَنْدَاد

نَدِيد : সমকক্ষ; প্রতিপক্ষ; বিরোধী। ব نُدَدَاء

تَنْدِيد : নিন্দা, দোষারোপ, সমালোচনা, গালি।

نَدَأَ : ـَ (نَدْأ) তপ্ত অঙ্গারে (গোশত) রান্না করা; ভীতি প্রদর্শন করা।

نَدِئ : তপ্ত অঙ্গারের অভ্যন্তরে রক্ষিত গোশত।

نَدْأَة، نُدْأَة : সম্পদের প্রাচুর্য, প্রচুর পশুসম্পদ।

نَدَبَ : ـُ (نَدْب) শোক করা, বিলাপ করা; নিয়োগ করা; দায়িত্ব দেওয়া, প্রতিনিধিরূপে প্রেরণ করা।

نَدِبَ : ـَ (نَدَب، نُدُوب، نُدُوبَة) ক্ষতচিহ্নযুক্ত হওয়া।

~, أَنْدَبَ : (إِنْدَاب) (ক্ষতের) দাগ থাকিয়া যাওয়া।

إِنْتَدَبَ : (إِنْتِدَاب) নিয়োগ করা, দায়িত্ব দেওয়া, প্রতিনিধিরূপে প্রেরণ করা।

نَدْب : শোক, বিলাপ; নিয়োগ; ক্ষমতাপ্রদান; দায়িত্ব অর্পণ; প্রতিনিধি প্রেরণ।

~ : চতুর, কর্মঠ; সচেতন। ব نُدَبَاء، نُدُوب

نَدَب، نَدَبَة : কাটা দাগ, ক্ষতচিহ্ন। ব أَنْدَاب، نُدُوب

نُدْبَة : শোক; শোকগাথা, অন্ত্যেষ্টিগাথা; আহ্বান।

نَدَّاب، نَادِب : শোককারী, বিলাপকারী।

نَادِبَة : পেশাদার ভাড়াটিয়া বিলাপকারিণী। ব نَدَّابَة، نَوَادِب

إِنْتِدَاب : নিয়োগ দান, দায়িত্ব অর্পণ, ক্ষমতাপ্রদান, প্রতিনিধি প্রেরণ; আদেশ, আজ্ঞা।

دَوْلَة الإِنْتِدَاب : তত্ত্বাবধায়ক রাষ্ট্র, mandatory power.

~ لَجْنَة : (জাতিসঙ্ঘের) ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক কমিশন, ম্যান্ডেট কমিশন, Mandate Commission

إِنْتِدَابِيّ : আদেশমূলক, আজ্ঞাধীন।

إِدَارَة إِنْتِدَابِيَّة : ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক প্রশাসন।

مَنْدَب : শোক, বিলাপ। ব مَنَادِب

مَنْدُوب : যাহার জন্য শোক বা বিলাপ করা হইয়াছে; শোক বা বিলাপ করিবার যোগ্য; শোচনীয়।

~ : প্রতিনিধি, ভারপ্রাপ্ত ব্যক্তি; কমিশনার। ব مَنْدُوبُون



www.pathagar.com

مَنْدُوبُ التَّامِين : ইনস্যুরেন্স-এজেন্ট।

~ خَاصّ : বিশেষ প্রতিনিধি।

~ سَامٍ : হাই কমিশনার, High Commissioner.

~مُفَوَّض : ক্ষমতাপ্রাপ্ত রাজদূত, plenipotentiary.

~، مُنْتَدَب : প্রতিনিধিস্বরূপ প্রেরিত; ভারার্পিত; নিয়োজিত।

مَنْدُوبِيَّة : প্রতিনিধিত্ব; হাই কমিশন, High Commission.

نَدَحَ : ـَ (نَدْح) প্রসারিত করা।

تَنَدَّحَ، إِنْتَدَحَ : (إِنْتِدَاح) চতুর্দিকে ছড়াইয়া যাওয়া।

نَدْح، نُدْح : প্রশস্ততা, প্রসারতা।

~ نَدْحَة، نُدْحَة : প্রশস্ত স্থান; বিকল্প বিষয়। ব أَنْدَاح

لاَنُدْحَةَ عَنْهُ : অপরিহার্য; অবিকল্প।

مَنْدُوحَة، مُنْتَدَح : পছন্দ, বিকল্প। ব مَنَادِح

لاَمَنْدُوحَةَ عَنْهُ : অপরিহার্য, বাধ্যতামূলক।

لَكَ عَنْهُ مُنْتَدَح، لَكَ عَنْهُ مَنْدُوحَة : ইহা তোমার ইচ্ছাধীন।

مَنَادِح : বিশাল শূন্য প্রান্তর; মরুভূমি।

نَدَخَ : ـَ (نَدْخ) (জল-যান) ভূমি স্পর্শ করা, তীরে ভিড়া।

أَنْدَخَ : (إِنْدَاخ) তীরে লাগানো, ভিড়ানো।

تَنَدَّخَ : অহঙ্কার করা।

أَنْدَخ : নির্বোধ।

نَدَرَ : ـُ (نُدُور، نَدْر) বিরল হওয়া, অসামান্য হওয়া, অনন্যসাধারণ হওয়া।

نَدُرَ : ـُ (نَدَارَة) অদ্ভুত হওয়া, অভিনব হওয়া, অপরিচিত হওয়া, বিচিত্র হওয়া; অনন্যসাধারণ হওয়া; সুন্দর হওয়া।

نَدْر : বিরল; বিচিত্র, অদ্ভুত, অভিনব, অপরিচিত, অনন্যসাধারণ।

نَدْرَة، نُدْرَة، نُدُورَة : বিরলতা, স্বল্পতা।

نَدْرَةً، فِي النَّدْرَة : কদাচিৎ।

نَادِر : বিরল, দুর্লভ; অদ্ভুত, অভিনব, বিচিত্র, অপরিচিত; অসামান্য, অনন্যসাধারণ; চমৎকার, বহুমূল্য, অমূল্য।

نَادِرًا، فِي النَّادِر : কদাচিৎ।

نَادِر المِثَال : বিরলোনুপম, অদ্বিতীয়, অনুপম।

نَادِرْشَاه : নাদির শাহ (১৬৮৮-১৭৪৮ খ্রি) ঃ জন্ম মাশহাদে ও মৃত্যু মাত্‌হবাদে। ইরানের সম্রাট। প্রথমে একজন উষ্ট্র-চালক ছিলেন। পরে ইরানের শাহী দরবারে পরিচারকের কার্য গ্রহণ করেন এবং ক্রমে সাম্রাজ্যের মালিক হন। তিনি মধ্য এশিয়া ও ভারতের কিছু অংশ দখল করিয়া ইরানের অন্তর্ভুক্ত করেন এবং দিল্লীর কোহিনুর লুণ্ঠন করেন।

نَادِرَة : বিরল বস্তু, দুর্লভ জিনিস, অসাধারণ ব্যক্তিত্ব; অলৌকিক ঘটনা। ব نَوَادِر

أَنْدَر : শস্য-মাড়াইস্থল, গমের স্তূপ। ব أَنَادِر

~ : বিরলতর। ব نُدْر

مَنْدَرَة : শস্য-মাড়াইস্থল; হলঘর। ব مَنَادِر

نَدَسَ : ـُ (نَدْس) : ~ بِ আছাড় দেওয়া, (ভূমিতে) ফেলিয়া দেওয়া; কুৎসা করা; (বর্শা দ্বারা) আঘাত করা, খোঁচা মারা।

~ عَنْ : বিচ্যুত করা।

نَدِسَ : ـَ (نَدَس) বিচক্ষণ হওয়া।

نَادَسَ : (مُنَادَسَة) নিন্দা করা, তিরস্কার করা, গালি দেওয়া; খোঁচা মারা।

تَنَدَّسَ : আছাড় খাওয়া, নিক্ষিপ্ত হওয়া; চুয়াইয়া পড়া।

تَنَادَسَ : নিন্দা করা, গালি দেওয়া।

نَدْس، نَدِس : বিচক্ষণ; সচেতন।

مِنْدَاس : কর্মতৎপর (স্ত্রীলোক)।

نَدَصَ : ـُ (نُدُوص) (চক্ষু) বহির্গত হওয়ার উপক্রম হওয়া।

~ (نُدُوص، نَدْص) : ~ مِنْ নির্গত হওয়া, উদ্ভূত হওয়া।

~، نَدَصَ : ـَ (نَدْص) পুঁজ নির্গত করা।

أَنْدَصَ، إِسْتَنْدَصَ : (إِسْتِنْدَاص، إِنْدَاص) ~ مِنْ ঋণ আদায় করা।



www.pathagar.com

مَـنْـدَاص : সাগ্রহে অনুরোধকারী, নাছোড়বান্দা; নির্বোধ স্ত্রীলোক। ব مَنَادِيص

نَدَّعَ : (تَـنْـدِيْـع) গুঁড়িগুঁড়ি বৃষ্টি বর্ষণ করা।

أَنْدَعَ : (إِنْدَاع) নিকৃষ্ট সঙ্গী রাখা।

نَـدَغَ : ـَ (نَـدْغ) খোঁচা মারা, দংশন করা, সুড়সুড়ি দেওয়া, ফেলিয়া দেওয়া।

نَدَّغَ : (تَـنْـدِيْـغ) ময়দা চিনি ইত্যাদি ছিটাইয়া দেওয়া। ~,

نَادَغَ : (مُـنَـادَغَـة) মধুর ভাষায় সম্মত করা, শান্ত করা।

أَنْدَغَ : (إِنْدَاغ) ~ بِ ~ ক্ষতি করা, আঘাত দেওয়া।

إِنْتَدَغَ : (إِنْـتِـدَاغ) মুচকি হাসা।

نَدْغ : সুগন্ধি মসলার গাছবিশেষ।

نُدْغَة : নখের সাদা দাগ।

نَدَّاغَة : ধাতব ছাঁকনিবিশেষ, dredging-box.

مِنْدَغ : নিন্দুক; দুষ্ট লোক।

مِنْدَغَة : নখের সাদা দাগ; বেলনা।

نَـدَفَ : ـِ (نَـدْف) (তুলা, পশম ইত্যাদি) ধুনা; জট ছাড়ানো, আঁশ ছাড়ানো, আঁচড়ানো।

~ بِ : বর্ষণ করা।

~ : (نَدَفَان، نَدِيف، نَدْف) (অশ্ব) দ্রুত দৌড়ানো।

أَنْدَفَ : (إِنْدَاف) দ্রুত তাড়াইয়া নেওয়া।

نَدْف : ধুনন, আঁচড়ানো।

جِهَاز النَّدْف : ধুনন-যন্ত্র, carding machine.

نُدْفَة : গুচ্ছ, থাক; ফোঁটা, সামান্য পরিমাণ। ব نُدَف

نِدَافَة : তুলা ধুনিবার পেশা।

نَدَّاف : ধুনারি।

قَوْس النَّدَّاف : ধুনারির ধনুকাকার যন্ত্রবিশেষ।

مَنْدُوف، نَدِيف : ধুনিত (তুলা)।

مِنْدَفَة، مِنْدَف : তুলা ধুনিবার ধনুকাকার যন্ত্র। ব مَنَادِف

نَـدَلَ : ـُ (نَـدْل) কাড়িয়া লওয়া, ছিনাইয়া আনা, তুলিয়া লওয়া।

نَدِلَ : ـَ (نَدَل) নোংরা হওয়া, ময়লা হওয়া।

نَدَل : ময়লা; ভীরু; নিকৃষ্ট।

نَادِل : পরিচারক, খানসামা। ব نُدُل

مَنْدَل : মূল বস্তু; গন্ধযুক্ত কাঠ; জাদুবিদ্যা। ব مَنَادِل

مِنْدَالَة : দুরমুশ।

مِنْـدِيـل : রুমাল; তোয়ালে; ঘোমটা; মস্তক-বন্ধনী। ব مَنَادِيل

مَـنْـدُولِـيـن : ম্যান্ডোলিন, mandolin (বাদ্যযন্ত্রবিশেষ)।

نَـدِمَ : ـَ (نَدَامَة، نَدَم) ، تَـنَـدَّمَ ~ عَلَى লজ্জিত হওয়া, অনুতপ্ত হওয়া, অনুতাপ করা, পরিতাপ করা, দুঃখিত হওয়া।

نَادَمَ : (مُـنَـادَمَـة) একসঙ্গে মদ্যপান করা, মদ্যপানের সঙ্গী হওয়া।

أَنْدَمَ : (إِنْدَام) অনুতপ্ত করা।

تَنَادَمَ : একত্রে মদ্যপান করা।

إِنْـتَـدَمَ : (إِنْـتِـدَام) সহজসাধ্য হওয়া, নাগালের মধ্যে হওয়া।

مَـنْـدَم، تَـنَـدُّم، نَـدَامَـة، نَـدَم : অনুতাপ, অনুশোচনা, পরিতাপ, লজ্জা, দুঃখ।

مُـتَـنَدِّم (نَدَامَى ব) نَدْمَان (نُدَّام ব) : نَادِم অনুতপ্ত, লজ্জিত, দুঃখিত।

مُـنَـادِم : نَـدِيـم মদ্যপানের সঙ্গী; অন্তরঙ্গ বন্ধু, ঘনিষ্ঠ সহচর। ব نِدَام، نُدَمَاء

مَنْدَمَة : অনুশোচনার বস্তু, পরিতাপের বিষয়।

مُـنَـادَمَـة : মদ্যপানের সঙ্গ; অন্তরঙ্গ বন্ধুত্ব, ঘনিষ্ঠতা।

نَـدَهَ : ـَ (نَـدْه) তাড়াইয়া নেওয়া; বিতাড়িত করা; ডাক দেওয়া।

نُدْهَة، نَدْهَة : পশুপাল।

نَـدَا : ـُ (نَـدْو) ডাকা, আহ্বান করা, (সভার) আয়োজন করা; জমায়েত হওয়া, মিলিত হওয়া, সমবেত হওয়া।

نَـدِيَ : ـَ (نُـدُوَّة، نَـدَاوَة، نَـدًى) সিক্ত হওয়া, স্যাঁতসেঁতে হওয়া।



www.pathagar.com

بَيْع الْمُنَادَاة : নিলাম।

النَّوَادِي : বিপদাপদ।

تَنَاد : পারস্পরিক সম্বোধন, ডাকাডাকি।

يَوْم التَّنَاد : শেষ বিচারের দিন, কিয়ামত।

مُنَدًّى : ভিজা, স্যাঁতসেঁতে, শিশিরসিক্ত।

مُنْدِيَة : দুর্বিপাক, বিপদ; খারাপ কাজ, লজ্জাকর কাজ; অপমান, অসম্মান। ব مُنْدِيَات

مُنَاد : আহ্বানকারী, সম্বোধনকারী; ঘোষক; নিলামদার।

مُنَادَى : সম্বোধিত; সম্বোধন-পদ, মুনাদা (ব্যা)।

مُنْتَدًّى : সমাবেশস্থল, ক্লাব, club. ব مُنْتَدَيَات

نَذَّ ـُ : (نَذِيذ) প্রস্রাব করা।

نَذِيز : লালা, কফ।

نَذَرَ ـُ : (نُذُور، نَذْر) মানত করা; উৎসর্গ করা; ব্রত গ্রহণ করা; প্রতিজ্ঞা করা; আল্লাহর ওয়াস্তে নিবেদন করা।

نَذِرَ ـَ : (نَذَر) ~ ب সতর্ক থাকা।

أَنْذَرَ : (إِنْذَار) সতর্ক করা; অবহিত করা; ঘোষণা করা; নোটিশ দেওয়া।

تَنَاذَرَ : একে অপরকে সতর্ক করা।

إِنْتَذَرَ : (إِنْتِذَار) প্রতিজ্ঞা করা।

نَذْر : মানত, প্রতিজ্ঞা, ব্রত। ব نُذُور

نَذْرُ الإِسْـــلَام : কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬ খ্রি.) : বাংলা-ভারতের বিখ্যাত মুসলিম কবি।

نَاذِر : মানতকারী, প্রতিজ্ঞাকারী।

نَذِير : সতর্ককারী; অগ্রদূত; ঘোষক; প্রচারক, দূত, নবী; সাবধানবাণী, সতর্কতা-সংকেত, মানতকৃত, উৎসর্গীকৃত। ব نُذُر

نَذِير الْخَطَر : বিপদ-সংকেত।

نَذِيرَة : মানতের বস্তু, মানত; আল্লাহর জন্য নিবেদিতসন্তান; সামনের সারির যোদ্ধা। ব نَذَائِرُ

إِنْذَار : সতর্কীকরণ; নোটিশ, বিজ্ঞপ্তি, ঘোষণা; সতর্কতা-সংকেত; বিমান-আক্রমণ-সংকেত; (রোগের) লক্ষণ বর্ণনা।

نَدَّى : (تَنْدِيَة) ভিজানো, স্যোঁতসেঁতে করা, শিশির-সিক্ত করা।

نَادَى : (نِدَاء) ডাক দেওয়া, আহ্বান করা, সম্বোধন করা; তলব করা, চিৎকার দেওয়া।

~ ب : তলব করা; সমন দেওয়া; কাজ করিতে বলা; ঘোষণা করা; প্রকাশ করা।

~ عَلَى : প্রচার করা, জাহির করা।

أَنْدَى : (إِنْدَاء) ভিজানো, স্যাঁতসেঁতে করা, শিশির-সিক্ত করা; উদার হওয়া, মহানুভব হওয়া, দানশীল হওয়া।

تَنَدَّى : উদার হওয়া, দানশীল হওয়া, মহানুভব হওয়া; উদারতা দেখানো, বদান্যতা প্রদর্শন করা; সিক্ত হওয়া, সিঞ্চিত হওয়া।

تَنَادَى : ডাকা, ডাকাডাকি করা।

~، إِنْتَدَى : (إِنْتِدَاء) একত্রিত হওয়া, সম্মিলিত হওয়া, সঙ্ঘ গঠন করা।

نَدْوَة : সঙ্ঘ, সমিতি, সভা; দল; মন্ত্রণা-সভা, পরিষদ; ক্লাব।

دَار النَّدْوَة : সভাকক্ষ; পরিষদ-ভবন; টাউন-হল।

نَدَاوَة، نُدُوَّة : সিক্ততা।

نَدًى : সিক্ততা; বদান্যতা; দানশীলতা, উদারতা, মহানুভবতা; শিশির; সুগন্ধি। ব أَنْدَاء، أَنْدِيَة

نَدِيّ : সিক্ত, ভিজা, স্যাঁতসেঁতে; কোমল; মেগাফোন, megaphone.

نَدِيّ الْكَفّ : মুক্তহস্ত; উদার।

نَدْيَان، نَد : সিক্ত, স্যাঁতসেঁতে।

نَاد : ক্লাব, সমিতি, সঙ্ঘ; ক্লাবঘর। ব نَوَاد، أَنْدِيَة

نِدَاء، مُنَادَاة : ডাক, আহ্বান, সম্বোধন; চিৎকার, উচ্চ ধ্বনি; তলব; ঘোষণা, প্রচার বিজ্ঞপ্তি; আবেদন।

~ : সম্বোধন (ব্যা)।

نِدَاء الإِسْتِغَاثَة : সাহায্যের আবেদন, বিপদসংকেত।

حَرْف النِّدَاء : সম্বোধনজ্ঞাপক অব্যয় (ব্যা)।

أَصْدَرَ نِدَاءً : ~ ل সমন জারি করা, ঘোষণাপত্র জারি করা।



www.pathagar.com

إِنْذَار لِلأَخْطَار : বিপদ-সংকেত।

~ لِلأَخْطَار الجَوِّيَّة : বিমান-আক্রমণ-সংকেত।

~ قَضَائِيّ : আদালতের সমন।

~ نِهَائِيّ : চরমপত্র, ultimatum.

صَفَّارَة الإِنْذَار : সতর্ক-সাইরেন।

إِنْذَارِيّ : সতর্কতামূলক; (রোগের) লক্ষণ-সম্বন্ধীয়।

تَنَاذُر : পারস্পরিক সতর্কীকরণ; বিশেষ রোগ-লক্ষণ।

مُنْذِر : সতর্ককারী।

أَبُو المُنْذِر : মোরগ।

مُنْذِرَة : সতর্কতা-সংকেত।

مَنْذُور : মানতকৃত; (আল্লাহর জন্য) নিবেদিত।

مُتَنَاذِر : সিংহ।

نَذَعَ : ـَ (نَذْع) চুয়াইয়া পড়া।

نَذُلَ : ـَ (نُذُولَة، نَذَالَة) নীচ হওয়া, হীন হওয়া, ঘৃণ্য হওয়া; কাপুরুষ হওয়া।

نَذْل : (ব أَنْذَال، نُذُول) نَذِيل (ব نُذَلَاء) নীচ, হীন, ঘৃণ্য; ভীরু, কাপুরুষ।

نَذَالَة : নীচতা, হীনতা, ভীরুতা।

نَرْبِيج : (ফা) (ব نَرَابِيج) نَرْبِيش (ব نَرَابِيش) ফার্সি হুঁকার নল।

نَرْجِس : (ফা) নার্গিস (ফুল)।

نَرْد : (ফা) পাশা।

لُعْبَة النَّرْد : পাশা খেলা।

نَارْدِين، نَرْدِين : (গ্রী) সুগন্ধি লতাবিশেষ।

نَرَزَ : ـُ (نَرْز) ভয়ে আত্মগোপন করা।

نَارَنْج، نَرَنْج : (ফা) নারাঙ্গি, কমলালেবু।

نَرْوِيج : নরওয়ে ঃ আটলান্টিক মহাসাগরের পূর্ব-উপকূলবর্তী একটি স্ক্যান্ডিনেভিয়ান দেশ। রাজধানী অসলো। নিসবত نَرْوِيجِيّ

نَزَّ : ـِ (نَزِيز، نَزّ) أَنَزَّ (إِنْزَاز) চুয়াইয়া পড়া, ফোঁটা ফোঁটা করিয়া পড়া; আন্দোলিত হওয়া, স্পন্দিত হওয়া, টংকার ধ্বনি করা।

نَزَّ : (ভূমি) ঝরনাবহুল হওয়া।

~ عَنْ : পৃথক হওয়া, বিচ্ছিন্ন হওয়া।

نَزَّزَ : (تَنْزِيز) লালন-পালন করা।

~ عَنْ : অপসারণ করা।

نَازَّ : (مُنَازَزَة) গৌরব-প্রতিযোগিতা করা।

نَزّ، نِزّ، نَزَز، نَزَازَة : চুয়াইয়া পড়া পানি, ফোঁটা ফোঁটা গড়ানো পানি। ব نُزُوز

~ : অস্থির, চঞ্চল, তৎপর, প্রাণবন্ত; চতুর, হালকা।

نَزَّة : প্রবল কামনা, লালসা, কামোন্মত্ততা, কামুকতা।

نَزِيز : অস্থির, চঞ্চল; লোলুপ; কামাসক্ত।

مِنَزّ : অস্থির, চঞ্চল; দোলনা।

نَزَأَ : ـَ (نَزْأ) ~ بَيْنَ বিবাদ লাগানো।

~ عَلَى : উত্তেজিত করা, ক্ষেপাইয়া তোলা।

~ عَنْ : ফিরাইয়া আনা, বিরত রাখা।

نُزِئَ : ~ بِ আসক্ত হওয়া, ভাবপ্রবণ হওয়া।

مَنْزُوء : আসক্ত, ভাবপ্রবণ।

نَزَبَ : ـِ (نَزِيب، نُزَاب، نَزْب) (হরিণ) ডাকা।

تَنَازَبَ : গালি দেওয়া, নিন্দা করা।

نَزَب : উপনাম, ডাকনাম। ব أَنْزَاب

نَزَجَ : ـُ (نَزْج) (শিশু) নাচানাচি করা।

نَزَحَ : ـَ (نُزُوح، نَزْح) দূরবর্তী হওয়া, দূরে চলিয়া যাওয়া, ছাড়িয়া যাওয়া, হিজরত করা; (কূপের) পানি কমিয়া যাওয়া; নিঃশেষ হওয়া বা করা; (নৌকার) পানি সেঁচিয়া ফেলা।

لَا يَنْزَح : অফুরন্ত।

نَزَحَ بِهِ : দেশত্যাগ করা, ঘরছাড়া হওয়া, প্রবাসে থাকা।

أَنْزَحَ : (إِنْزَاح) (কূপের) পানি ফুরাইয়া ফেলা; (নৌকার) পানি সেঁচিয়া ফেলা; খালি করা; শুকাইয়া ফেলা।

إِنْتَزَحَ : (إِنْتِزَاح) দেশত্যাগ করা, ঘরছাড়া হওয়া।



www.pathagar.com

نَزْح : শূন্যকরণ, শুষ্ককরণ।

نَزَح : ঘোলা পানি; পানি নিঃশেষ হইয়া গিয়াছে এমন কূপ। ব أَنْزَاح

نُزُوح : দেশত্যাগ, হিজরত।

نَزِيح، نَزُوح : দূরে অবস্থিত, দূরবর্তী; পানি নিঃশেষ হইয়া গিয়াছে এমন কূপ। ব نُزُحٌ

نَازِح : দূরবর্তী, দূরে অবস্থিত; দূরে গমনকারী, সুদূর পানে যাত্রাকারী, দেশত্যাগী, ঘরছাড়া; পরিষ্কারক, ঝাড়ুদার, মেথর; নিঃশেষকারী; (পানি) সেঁচনকারী।

مُنْتَزَح : বহুদূরবর্তী, সুদূর।

مِنْزَحَة : বালতি। ব مَنَازِح

نَزَرَ ـُ : (نَزْر) জিদ করা, চাপ সৃষ্টি করা; কিঞ্চিৎ করা।

نَزُرَ ـُ : (نُزُورَة، نُزُور، نَزَارَة، نُزْرَة، نَزْر) ক্ষুদ্র হওয়া, অল্প হওয়া।

أَنْزَرَ، نَزَّرَ : (إِنْزَار، تَنْزِير) তুচ্ছ করা, অকিঞ্চিৎকর করা।

تَنَزَّرَ :হ্রাস পাওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া।

نَزِير، نَزْر : সামান্য, তুচ্ছ, নগণ্য, অকিঞ্চিৎকর।

نَزُور، نَزِرَة : কম সন্তানের জননী।

نَزَار بْنُ مَعْد بْنِ عَدْنَان : নাযার ইবনে মা'দ ইবনে 'আদনান : উত্তর আরবের অধিবাসীদের জনৈক পূর্বপুরুষ।

نَزَعَ - : (نَزْع) দূর করা, অপসারিত করা, উৎপাটন করা, টানিয়া বাহির করা; কাড়িয়া লওয়া; (বস্ত্র) খুলিয়া ফেলা; (ছাল) তুলিয়া ফেলা; বরখাস্ত করা; নিচে নামাইয়া দেওয়া; মৃত্যু-যন্ত্রণায় ছটফট করা।

~ إِلَى : অগ্রসর হওয়া; গমন করা; হিজরত করা।

~ : (نُزُوع) ~ إِلَى কামনা করা, ঝুঁকিয়া পড়া; গ্রহণ করা; আগ্রহী হওয়া; আশ্রয় লওয়া; সদৃশ হওয়া, অনুরূপ হওয়া।

~ عَنْ : দূরে থাকা, বিরত থাকা; পরিহার করা।

نَزَعَ السِّلَاحَ : নিরস্ত্র করা।

نَزِعَ ـَ : (نَزَع) টেকো হওয়া।

نَزَّعَ : (تَنْزِيع) দূর করা, বিদূরিত করা, অপসারিত করা; কাড়িয়া লওয়া।

نَازَعَ : (مُنَازَعَة) বিতর্ক করা, বিবাদ করা; বিরোধিতা করা; সংগ্রাম করা, প্রতিযোগিতা করা, মৃত্যু-যন্ত্রণায় ছটফট করা; মকদ্দমা করা; পাশাপাশি হওয়া।

تَنَزَّعَ : ~ إِلَى দ্রুত ছুটিয়া যাওয়া।

تَنَازَعَ : পরস্পর বিতর্ক বা বিরোধিতা করা, ভিন্নমত পোষণ করা।

إِنْتَزَعَ : (إِنْتِزَاع) উপড়ানো, উৎপাটিত করা; তুলিয়া ফেলা; দূর করা, কাড়িয়া লওয়া, আনয়ন করা, ধার করা; (সুযোগের) সদ্ব্যবহার করা; উৎপাটিত বা দূরীভূত হওয়া, বিরত থাকা; (কবিতা) আবৃত্তি করা।

نَزْع : অপসারণ, দূরীকরণ; ছিনতাইকরণ, বরখাস্তকরণ; প্রত্যাহার, মৃত্যু-যন্ত্রণা।

نَزْع السِّلَاح : নিরস্ত্রীকরণ।

~ الْمِلْكِيَّة : স্বত্ব হইতে বঞ্চিতকরণ।

نَزْعَة : ঝোঁক, প্রবণতা, আগ্রহ; অবস্থান।

نَازِع : বিদেশী, আগন্তুক।

نَازِعَة : প্রবণতা, ঝোঁক। ব نَوَازِع

مُنَازَعَة، نِزَاع : বিতর্ক; বিবাদ, নিরোধ, ঝগড়া, সংগ্রাম, প্রতিদ্বন্দ্বিতা; মকদ্দমা; মৃত্যু-যন্ত্রণা।

بِلَانِزَاعٍ : বিতর্কবিহীন, বিতর্কের ঊর্ধ্বে; বিতর্কহীনভাবে, অবিতর্কিতভাবে।

عَلَيْهِ نِزَاع : ইহা বিতর্কিত, বিতর্কযোগ্য।

لَانِزَاعَ فِيهِ : ইহা অবিতর্কিত, প্রশ্নাতীত।

مَثَار النِّزَاع : বিবাদের বিষয়।

نَزَّاع : ঝোঁকবিশিষ্ট, অনুরাগপ্রবণ।

نَزِيع : বিদেশী, আগন্তুক। ব نُزَّاع

~، نَزُوع : অগভীর (কূপ)। ব نَزَاع

نَزِيعَة : স্বগোত্রের বাহিরে বিবাহ দেওয়া হইয়াছে এমন (স্ত্রীলোক)। ব نَزَائِع

أَنْزَع : কপালের পার্শ্বদেশের চুল পড়িয়া গিয়াছে এমন। স্ত্রী نَزْعَاء



www.pathagar.com

إِنْتِزَاع : অপসারণ, দূরীকরণ; প্রত্যাহার, বেদখলকরণ।

تَنَازُع : দ্বন্দ্ব, সংগ্রাম, বিরোধ, বিতর্ক, বিবাদ।

تَنَازُعِ الْبَقَاءِ : অস্তিত্বের সংগ্রাম।

مَنْزَع : লক্ষ্যবস্তু।

مِنْزَع : তীর।

مَنْزِعَة : দুশ্চিন্তা, উদ্বেগ।

مَنْزُوع : দূরীভূত, অপসারিত, কাড়িয়া লওয়া হইয়াছে এমন।

مُنَازِع : বিতর্ককারী, বিরোধী, প্রতিযোগী, বিবাদকারী; মামলাবাজ; মৃত্যু-যন্ত্রণায় ছটফটকারী।

مُتَنَازَع فِيهِ، مُتَنَازَع عَلَيْهِ، مُنَازَع عَلَيْهِ : ইহা বিতর্কিত, বিতর্কযোগ্য।

مُنْتَزَع : কাড়িয়া লওয়া হইয়াছে এমন।

مُتَنَازِع : বিতর্ককারী, বিরোধকারী।

نَزَغَ ـَ : (نَزْغ) (চরিত্র) কালিমালিপ্ত করা; বিদ্ধ করা, দংশন করা, আহত করা।

~ إِلَى : প্ররোচনা দেওয়া, কুমন্ত্রণা দেওয়া।

~ بَيْنَ : বিবাদ লাগানো।

نَزْغَة، نَزْغ : প্ররোচনা, কুমন্ত্রণা। ব نَزَغَات

نَزْغُ الشَّيْطَانِ : শয়তানের দাগা।

مِنْزَغَة، مِنْزَغ، نَزَّاغ : প্ররোচক, নিন্দুক।

نَزَفَ ـِ : (نَزْف) أَنْزَفَ (إِنْزَاف) নিঃশেষ করা, খালি করা, নিষ্কাশিত করা, (সিংগা ইত্যাদি দ্বারা রক্ত) বাহির করা; নিঃশেষিত হওয়া, ফুরাইয়া যাওয়া, শুকাইয়া যাওয়া।

نُزِفَ : নিঃশেষিত হওয়া, ফুরাইয়া যাওয়া, নিষ্কাশিত হওয়া।

نُزِفَ دَمُهُ : রক্তশূন্য হওয়া।

أَنْزَفَ : সংজ্ঞা হারানো।

نَزِفَ ـَ : (نَزَف) (অশ্রু) শুকাইয়া যাওয়া।

نَزَّفَ : (تَنْزِيف) ঋতুমতী হওয়া।

إِنْتَزَفَ : (إِنْتِزَاف) (পানি) নিষ্কাশিত করা, শুকাইয়া ফেলা।

إِسْتَنْزَفَ : (إِسْتِنْزَاف) নিঃশেষ করা, ফুরাইয়া ফেলা, শুকাইয়া ফেলা, খালি করা; বাহির করা।

نَزْف : নিঃশেষকরণ, শুষ্ককরণ, শূন্যকরণ, নিষ্কাশন।

نَزْفُ الدَّمِ : রক্তশূন্যতা, রক্তক্ষরণ, রক্তস্রাব।

نُزْفَة : সামান্য পরিমাণ (তরল পদার্থ)। ব نُزَف

نُزَّف : শুকাইয়া গিয়াছে এমন (শিরা)।

نَزُوف : পানি শুকাইয়া গিয়াছে এমন (কূপ)। ব نُزُفٌ

نَزِيف : রক্তস্রাব; রক্তক্ষরণ।

مَنْزُوف، مُنْزَف : রক্তক্ষরণের ফলে দুর্বল হইয়া গিয়াছে এমন; রক্তশূন্য।

مِنْزَفَة : পানি নিষ্কাশন-যন্ত্র।

نَزِقَ ـَ : (نُزُوق، نَزَق) ـَ نَزِقَ، (نَزْق) ঝাঁপাইয়া পড়া, হঠকারিতা করা, অপরিণামদর্শী হওয়া; চঞ্চল হওয়া, দ্রুতগামী হওয়া।

أَنْزَقَ، نَزَّقَ : (إِنْزَاق، تَنْزِيق) লাফ দেওয়ানো, দ্রুত চালানো।

أَنْزَقَ فِي الضَّحْكِ : অতিরিক্ত হাসা।

تَنَازَقَ : গালাগালি করা।

نَزَق : দ্রুততা, হঠকারিতা, চিন্তাশূন্যতা; চঞ্চলতা, চপলতা।

مَكَان نَزَق : সংলগ্ন স্থান।

نَزِق : দ্রুত চলমান, হঠকারী, চিন্তাশূন্য, চঞ্চল, চপল।

نَزْقَة : দৌড়ের শুরু।

نِزَاق : অবাধ্য (উষ্ট্রী)।

نَزَكَ ـُ : (نَزْك) অস্ত্র দ্বারা বিদ্ধ করা, খোঁচা মারা, আঘাত করা; কুৎসা করা।

نَزَّاك : কুৎসাকারী।

نَيْزَك : ছোট বর্শা, খাটো বল্লম; নেজা; উল্কা। ব نَيَازِك



www.pathagar.com

نَـزَلَ - : (نُـزُول) অবতরণ করা, পতিত হওয়া, নাযিল হওয়া, অবতীর্ণ হওয়া; হ্রাস পাওয়া, কমিয়া যাওয়া; থামা; যাত্রাবিরতি করা; অবস্থান করা, বাস করা; প্রবেশ করা।

~ بِ : আপতিত হওয়া; সংঘটিত হওয়া; আগমন করা, অবস্থান করা; অবতরণ করানো, নামানো।

~ عَلَى : ঝাঁপাইয়া পড়া, আক্রমণ করা, আরম্ভ করা; আগমন করা, প্রবেশ করা।

~ عَنْ : ত্যাগ করা, ছাড়িয়া দেওয়া, বিরত হওয়া।

~ مِنْ، عَنْ : অবতরণ করা, নামিয়া আসা।

نَزَلَ إِلَى الْمَيْدَانِ : সে মাঠে নামিল।

نَزَلَ مَنْزِلاً : স্থান দখল করা, যথা স্থান লাভ করা।

نَـزِلَ - : (نَـزْلَـة) সর্দিতে আক্রান্ত হওয়া, ঠাণ্ডা লাগা, শিকনি ঝরা।

أنْزَلَ، نَزَّلَ : (إِنْزَال، تَنْزِيل) নামানো, অবতরণ করানো, নাযিল করা, অবতীর্ণ করা; হ্রাস করা, কমানো; নিচু করা; ফেলিয়া দেওয়া; নামাইয়া দেওয়া; নামাইয়া আনা; অভ্যর্থনা জানানো; আতিথ্য করা; (মাল) খালাস করা।

~، ~ عَنْ : সরাইয়া দেওয়া, অব্যাহতি দেওয়া।

~، ~ فِي : প্রবিষ্ট করা।

نَازَلَ : (مُنَازَلَة) সংঘর্ষে লিপ্ত হওয়া, বিরুদ্ধে নামা।

تَنَزَّلَ নিচে নামা, অবতরণ করা; হ্রাস পাওয়া, অবনত হওয়া, হেয় হওয়া।

~ عَنْ : ত্যাগ করা, বিরত হওয়া।

تَنَازَلَ : নামিয়া পড়া; সারিবদ্ধ হওয়া; সৌজন্য প্রদর্শন করা, প্রসন্ন হওয়া।

~ عَنْ : বিরত হওয়া, ত্যাগ করা; সমর্পণ করা।

~ عَنْ، لِ : ত্যাগ করা, ছাড়িয়া দেওয়া; হস্তান্তর করা।

تَنَازَلَ عَنْ مَنْصِبٍ : পদত্যাগ করা।

إِسْتَنْزَلَ : (إِسْتِنْزَال) নামিতে বলা, নামাইয়া আনা; ডাকিয়া আনা।

~ عَنْ : ত্যাগ করিতে বলা; বরখাস্ত করা, নামাইয়া দেওয়া।

~ مِنْ : বিয়োগ করা, বাদ দেওয়া।

أُسْتُنْزِلَ : বরখাস্ত হওয়া।

نَزْل، نُزُل : হোটেল, সরাইখানা, পান্থশালা।

نُزُل : অতিথির খাদ্য, মেহমানের খাবার। ব أَنْزَال

نَزْلَة : আগমন, অবতরণ; অবস্থান, যাত্রাবিরতি।

~ : সর্দি, ঠাণ্ডা, শ্লেষ্মা, শিকনি। ব نَزَلَات

نَزْلَة شُعَبِيَّة : শ্বাসনালীর প্রদাহজনিত সর্দিরোগ, ব্রঙ্কাইটিস, bronchitis.

~ صَدْرِيَّة : কফ, বুকের সর্দি, ইনফ্লুয়েঞ্জা।

~ مَعْدِيَّة : পাকস্থলীর প্রদাহ।

~ وَافِدَة : ইনফ্লুয়েঞ্জা, influenga.

~ أُخْرَى : আরেকবার।

أَرْض نَزِلَة : উত্তম শস্যক্ষেত্র।

نَزَالِ : নামিয়া আস (প্রতিদ্বন্দ্বিতায় আহ্বান)।

نِزَال، مُنَازَلَة : যুদ্ধ, সংঘর্ষ, যুদ্ধের প্রস্তুতি।

نِزَالَة : উপনিবেশ; আতিথেয়তা; ভ্রমণ।

نُزُول : অবতরণ, আগমন, উপস্থিতি; অবস্থান; ত্যাগ; পতন; হ্রাস, নিম্নগামিতা।

نُزُولاً عِنْدَ، نُزُولاً عَلَى : অনুসারে, অনুযায়ী।

نُزُولاً عِنْدَ الطَّلَبِ : তলবমাত্র, চাহিবামাত্র।

نُزُول الْمَطَرِ : বৃষ্টিপাত, বর্ষণ।

نَزِيل : মেহমান, অতিথি, আগন্তুক; বাসিন্দা, বসবাসকারী। ব نُزَلَاء

~ : কাপড়ের স্যুট।

نَازِل : অবতরণকারী, আগন্তুক; নিম্নগামী, পতনশীল; বসবাসকারী, বাসিন্দা।

نَازِلَة : ঘটনা; দুর্ঘটনা; আকস্মিক ঘটনা; বিপদ, আকস্মিক বিপদ; (তিউ) মকদ্দমা। ব نَوَازِل

نَازِلَة مَدَنِيَّة : দেওয়ানি মকদ্দমা।

أَوْرَاق نَازِلَة : মকদ্দমার নথিপত্র।

قَامَ بِنَازِلَة : মামলা করা, মকদ্দমা শুরু করা।

إِنْزَال : অবতারণ, নিম্নে আনয়ন, নামানো; বাহিরকরণ, নিঃসারণ; বীর্যপাত ঘটানো।

إِسْتِنْزَال : বাটা, বাদ, কমতি, বিয়োগ।



www.pathagar.com

تَنْزِيل : অবতারণ, নিম্নে আনয়ন, নাযিলকরণ, নিঃসারণ;হ্রাসকরণ।

~ :হ্রাস, কমতি, বিয়োগ, বাটা। ব تَنْزِيلَات

تَنْزِيل الْمَقَام، تَنْزِيل الرُّتْبَة : পদাবনতি, অবনমন।

~ نَقْدِيّ : মুদ্রার অবমূল্যায়ন, মূল্যহ্রাস।

تَنَازُل : ত্যাগ, পরিত্যাগ, পরিহার; সমর্পণ, হস্তান্তর; অব্যাহতি; সৌজন্য, প্রসন্নতা, আপস; যুদ্ধ, সংগ্রাম; যুদ্ধের প্রস্তুতি।

عَدَم التَّنَازُل : আপসহীনতা, কঠোরতা।

~ عَقْد : স্বত্বত্যাগের দলীল, হস্তান্তর-চুক্তি।

مَنْزِل : মঞ্জিল, অবস্থানস্থল, গৃহ, বাসস্থান, বাসগৃহ, বাড়ি, বিশ্রামাগার; পান্থনিবাস; চন্দ্রকলা। ব مَنَازِل

مَنْزِل الإِسْتِرَاحَة : বিশ্রামাগার, রেস্টহাউস, resthouse.

اللَّهْو وَاللَّعْب ~ : প্রমোদ-গৃহ, প্রমোদ-কেন্দ্র।

أَهْل الْمَنْزِل : পরিবার-পরিজন।

~ صَاحِب : গৃহকর্তা, বাড়ির মালিক।

~ عِلْم تَدْبِير : গার্হস্থ্য অর্থনীতি।

مَنْزِلِيّ : গৃহ-সম্বন্ধীয়, গার্হস্থ্য, পারিবারিক।

مَنْزِلَة : মর্যাদা, পদমর্যাদা, প্রতিষ্ঠা, অবস্থান, স্থান; মান। ব مَنَازِلُ

مُنْزَل، مُنَزَّل : নাযিলকৃত, অবতারিত, আসমানি।

~ : স্খলিত।

مَنْزُول : নিদ্রাকারক ঔষধবিশেষ।

مُتَنَازِل : হস্তান্তরকারী; স্বত্ব হস্তান্তরকারী, assignor.

مُتَنَازِل إِلَيْهِ : যাহার প্রতি স্বত্ব হস্তান্তর করা হয়, assignee.

نَزْنَزَ : (نَزْنَزَة) (শিশুকে) নাচানো; চুয়াইয়া পড়া।

نَزَهَ ـُ (نَزْه) : পানি হইতে দূরে তাড়াইয়া নেওয়া।

نَزِهَ ـَ نَزُهَ ـُ نَزُهَ : (نَزَاهَة) সুন্দর হওয়া, চমৎকার হওয়া, খাঁটি হওয়া, সম্মানিত হওয়া, পবিত্র হওয়া।

~، عَنْ ~ : দূরে থাকা, বিরত থাকা, পবিত্র থাকা, মুক্ত থাকা।

نَزَّهَ : (تَنْزِيه) আনন্দ দেওয়া।

~ عَنْ : পবিত্র বা মুক্ত ঘোষণা করা, পবিত্র বা মুক্ত মনে করা।

تَنَزَّهَ : বেড়াইতে বাহির হওয়া, ভ্রমণে যাওয়া, ঘুরিয়া বেড়ানো; প্রমোদ-ভ্রমণ করা; উপভোগ করা।

~ عَنْ : দূরে থাকা, বিরত থাকা, মুক্ত থাকা, পবিত্র থাকা।

إِسْتَنْزَهَ : (إِسْتِنْزَاه) ~ مِنْ বিরত থাকা।

نَزَاهَة، نَزَه : সততা, সাধুতা, পবিত্রতা, নিষ্কলুষতা।

نَزِيه، نَزِه : পবিত্র, সৎ, নিষ্পাপ, খাঁটি; সম্মানিত। ব نِزَاه، نُزَهَاء

نُزْهَة : ভ্রমণ, প্রমোদ-ভ্রমণ, অবকাশ-যাপন; পর্যটন; বিনোদন, আনন্দ; বনভোজন; বিনোদনকেন্দ্র; পর্যটনকেন্দ্র; বনভোজনের জায়গা; দূরত্ব। ব نُزَه

تَنَزُّه : ভ্রমণ, প্রমোদ-ভ্রমণ, বিনোদন, আনন্দ উপভোগ। ব تَنَزُّهَات

تَنْزِيه : আনন্দদান, চিত্তবিনোদন।

مُنَزَّه : নিষ্পাপ, নিষ্কলুষ, পবিত্র, মুক্ত, ঊর্ধ্বে অবস্থিত।

مَنْزَهَة : আনন্দস্থল, ভ্রমণস্থল।

مُتَنَزَّه، مُنْتَزَه : বিনোদনকেন্দ্র, ভ্রমণস্থল, উদ্যান, পার্ক, park; ভ্রমণ, প্রমোদ-ভ্রমণ।

مُتَنَزِّه : ভ্রমণকারী, প্রমোদ-ভ্রমণকারী, বিনোদনকারী, পর্যটক।

نَزَا ـُ : (نَزْو، نُزُوّ، نَزَوَان) লাফানো, লাফ দেওয়া, লাফাইয়া উঠা; (পশু) সঙ্গম করা।

~ : (نَزَوَان) ~ عَنْ পলায়ন করা।

نَزَا بِهِ قَلْبُهُ إِلَى : কামনা করা, আকাঙ্ক্ষা করা।

أَنْزَى، نَزَّى : লাফ দেওয়ানো।

تَنَزَّى : লাফানো, লাফাইয়া উঠা; উত্তেজিত হওয়া।

نِزَاء، نَزْو : লক্ষ; আকস্মিক আক্রমণ; উত্তেজনা; পশুর সঙ্গম।



www.pathagar.com

نُزُوٌّ : লম্ফ; আকস্মিক আক্রমণ।

نُزَاء : লম্ফ; ভেড়ার রোগবিশেষ।

نَزْوَة : লম্ফ, আকস্মিক আক্রমণ; বিদারণ, বিস্ফোরণ; আকস্মিক উত্তেজনা; সংকট; প্রচণ্ডতা। ব نَزَوَات

نَزَوَان : লম্ফ; আকস্মিক আক্রমণ; বিদারণ, বিস্ফোরণ।

نَزِيَّة : মেঘ।

نَازِيَة : তৎপরতা, উদ্যম, শক্তি।

نَسَّ ـُ : (نَسٌّ) نَسَّسَ، (تَنْسِيس) সজোরে চালাইয়া নেওয়া।

~ : (نُسُوس، نَسِيس) শুকনা হওয়া; শান্তভাবে গমন করা।

نَاسٌّ : শুকনা; গুপ্তচর।

نَسِيس : তীব্র প্রচেষ্টা; প্রচণ্ড ক্ষুধা, প্রকৃতি। ব نُسُوس

~ : শেষ নিঃশ্বাস।

بَلَغَ مِنْهُ نَسِيسُهُ : সে মুমূর্ষু অবস্থায় উপনীত হইয়াছে।

نَسِيسَة : শেষ নিঃশ্বাস; নিন্দা, কুৎসা, অপবাদ।

تَنْسَاس : দ্রুত চলন।

مِنَسَّة : লাঠি।

نَسَا ـَ : (نَسْا) نَسًّا، (تَنْسِئَة) (পশু) তাড়াইয়া নেওয়া, পরিচালনা করা।

~ عَنْ : বিরত রাখা।

~ بِ : মিশ্রিত করা।

~ : (مَنْسَأَة، نَسْأ) (পশু) মোটা হওয়া।

أَنْسَأ : (إِنْسَاء) স্থগিত রাখা, বিলম্বিত করা, দীর্ঘায়িত করা, সময় দেওয়া।

أَنْسَأ فِي الْبَيْعِ، نَسَأ فِي الْبَيْعِ : ধারে বিক্রয় করা।

إِنْتَسَأ : (إِنْتِسَاء) ~ عَنْ পিছাইয়া যাওয়া, সরিয়া যাওয়া।

~ فِي : ঘুরিয়া বেড়ানো।

إِسْتَنْسَأ : (إِسْتِنْسَاء) (ঋণ পরিশোধে) সময় চাওয়া।

نَسِيء : মাদক পানীয়; পাতলা দুধ; স্থুলতা।

نَسِيئَة، نُسْأَة : পরিশোধের জন্য প্রদত্ত সময়; পরিশোধে বিলম্বকরণ; ধারে বিক্রয়।

نَسِيئَةً : ধারে, বাকিতে।

نَسَاء : দীর্ঘজীবন।

نِسَاء : (إِمْرَأَة-এর বহুবচন) স্ত্রীলোক, নারী জাতি।

النِّسَاء : আল-কুরআনের ৪নং সূরা।

النَّسَائِيّ : ইমাম আহ্‌মাদ আন-নাসাঈ (মৃ. ৯১৫ খ্রি) : প্রসিদ্ধ মুহাদ্দিস। সিহাহ সিত্তাহ-এর অন্যতম হাদীসগ্রন্থ سُنَن النَّسَائِيّ-এর সংকলক।

نَسِيء : বিলম্বিত; স্থগিত; পাতলা দুধ।

مِنْسَأَة : লাঠি।

نَسَبَ ـُ : (نِسْبَة، نَسَب) বংশ-তালিকা উল্লেখ করা।

~ إِلَى : বংশ-সম্পর্কে সম্পর্কিত করা, সম্বন্ধযুক্ত করা; আরোপ করা; দায়ী করা।

نَسَّبَ : (تَنْسِيب) নিজবংশীয় বলিয়া দাবি করা।

نَاسَبَ : (مُنَاسَبَة) অনুকূল হওয়া, যথাযথ হওয়া; খাপ খাওয়া; অনুরূপ হওয়া; একই বংশোদ্ভূত হওয়া; বিবাহ সম্পর্কে সম্পর্কিত হওয়া।

تَنَسَّبَ : বংশ দাবি করা।

تَنَاسَبَ : পরস্পর সম্পর্কিত হওয়া, একে অপরের আত্মীয় হওয়া; পরস্পর সদৃশ বা অনুকূল হওয়া।

إِنْتَسَبَ : (إِنْتِسَاب) যথাযথ মনে করা; অনুমোদন করা; বরাদ্দ করা, বংশ-পরিচয় দেওয়া।

~ إِلَى : সম্পর্কিত হওয়া; সম্পর্ক দাবি করা; বংশোদ্ভূত হওয়া, বংশোদ্ভূত বলিয়া দাবি করা।

إِسْتَنْسَبَ : (إِسْتِنْسَاب) বংশ-তালিকা বর্ণনা করা; বংশ জানিতে চাওয়া; যথাযথ বলিয়া রায় দেওয়া; অনুমোদন করা।

نَسَب : বংশ, মূল। ব أَنْسَاب

نَسَب رِيَاضِيّ : সংবর্গমান, লগারিদ্‌ম, logarithm.



www.pathagar.com

أَسَاس النَّسَب : সংবর্গমান-মূল, base of logarithm.

~ شَجَرَة النَّسَب، سِلْسِلَة : বংশ-পীঠিকা, তালিকা।

~ عَرِيق : সদ্বংশীয়, সম্ভ্রান্ত।

عِلْم الأَنْسَاب : কুলজি-শাস্ত্র।

~ عَالِم : কুলাচার্য।

نَسَابَة : ঘনিষ্ঠ সম্পর্ক, আত্মীয়তা; বৈবাহিক সম্পর্ক, কুটুম্বিতা।

نُسْبَة، نِسْبَة : সম্পর্ক, সম্বন্ধ, যোগসূত্র; আত্মীয়তা, কুটুম্বিতা, বিবাহঘটিত সম্পর্ক; মিল, সাদৃশ্য, সামঞ্জস্য, তুলনা; অনুপাত।

~ : সূত্র; অনুপাত, হার; শতকরা হার; আপেক্ষিকতা; মিল, সাদৃশ্য; মাপ; অন্তে يّ বিশিষ্ট সম্বন্ধ-জ্ঞাপক পদ, নিসবত। ব نِسَب

نِسْبَة هَنْدَسِيَّة : জ্যামিতিক হার।

~ مُرَكَّبَة : মিশ্র অনুপাত।

~ مِئَوِيَّة : শতকরা হার।

~ المَوْت : মৃত্যুহার।

حُدُود النِّسْبَة : অনুপাত-সীমা।

بِالنِّسْبَة، نِسْبَةً إِلَى ~ : সম্পর্কে; অনুপাতে, তুলনায়, অপেক্ষায়; সূত্রে।

عَلَى نِسْبَة : অনুপাতে; অনুসারে, অনুযায়ী।

نِسْبِيّ : আনুপাতিক, আপেক্ষিক, তুলনামূলক।

نِسْبِيَّة : আপেক্ষিকতা।

نَسَّاب : কুলাচার্য।

نَسِيب : প্রেমের কবিতা, প্রণয়-কাব্য।

~ : আত্মীয়, কুটুম্ব; জ্ঞাতি; বিবাহঘটিত আত্মীয়; শ্যালক; জামাতা; উচ্চবংশীয়, সম্ভ্রান্ত। ব نُسَبَاءُ، أَنْسِبَاء

أَنْسَب : অধিকতর উপযোগী, অধিকতর সুবিধাজনক।

إِنْتِسَاب : সম্বন্ধীকরণ, অন্তর্ভুক্তি, বংশ বিবরণ।

تَنَاسُب : পারস্পরিক সম্পর্ক; সমানুপাত; দেহ-সৌষ্ঠব; আপেক্ষিকতা; সুসামঞ্জস্য, ভারসাম্য, সমতা; মিল।

عَدَم التَّنَاسُب : অসামঞ্জস্য, বৈষম্য, অনৈক্য।

بِلاَتَنَاسُب : অনানুপাতিকভাবে।

مَنْسُوب : সম্বন্ধযুক্ত, সম্পর্কযুক্ত; সম্পর্কিত; সম্বন্ধ-আরোপিত; অন্তর্ভুক্ত; সম্বন্ধযুক্ত বিশেষণ (ব্যা); অনুপাত, হার।

~ : উচ্চতা। ব مَنَاسِيب

مَنْسُوب المَاء : পানির উচ্চতা।

~ البَحْر : সমুদ্র-পৃষ্ঠ।

مَنْسُوبِيَّة : স্বজনপ্রীতি।

مُنَاسِب : যথাযথ, যথাযোগ্য, যথোপযুক্ত, সঙ্গত, উপযোগী, অনুকূল; অনুরূপ; সমানুপাতিক; একই বংশজাত।

غَيْر مُنَاسِب : অনুপযোগী, অসামঞ্জস্য।

الوَسَط المُنَاسِب : আনুপাতিক গড়, লঘিষ্ঠ গুণিতক।

مُنَاسَبَة : যথাযথতা, যথাযোগ্যতা, যথোপযুক্ততা, উপযোগিতা, সঙ্গতি, সামঞ্জস্য, মিল, সাদৃশ্য; অনুপাত; আত্মীয়, কুটুম্বিতা।

~ : সম্পর্ক, সূত্র, যোগসূত্র; প্রসঙ্গ, কারণ; অবস্থা, পরিস্থিতি; সুযোগ। ব مُنَاسَبَات

فِي مُنَاسَبَة، بِمُنَاسَبَة : সম্পর্কে, সম্বন্ধে, প্রসঙ্গে।

بِهٰذِه المُنَاسَبَة : এই প্রসঙ্গে, এই সম্পর্কে, এই ব্যাপারে।

لِهٰذِه المُنَاسَبَة : এই কারণে, অতএব।

فِي كُلِّ مُنَاسَبَة : সকল সুযোগে।

مُنْتَسِب : অন্তর্ভুক্ত; সংযুক্ত; সভ্য; সহযোগী।

مُتَنَاسِب : সুসমঞ্জস, সমানুপাতিক; সৌষ্ঠবপূর্ণ; সাদৃশ্যপূর্ণ।

مُتَنَاسِب الأَجْزَاء : সুষম, সৌষ্ঠবপূর্ণ।

نَاسُوت : (সি) মানব-প্রকৃতি, মানবিকতা; মানবজাতি।

نَسَجَ - ُ : (نَسْج) বয়ন করা, বোনা; রচনা করা; বানাইয়া বলা।

نَسَجَ عَلَى مِنْوَالِه : সে অমুকের অনুকরণ করিল, পদাঙ্ক অনুসরণ করিল।



www.pathagar.com

إِنْتَسَجَ : (إِنْتِسَاج) বয়নকৃত হওয়া।

نَسْج : বয়ন, বুনন; বয়নশিল্প।

نَسَّاج : তাঁতী; মিথ্যুক।

أَبُو نَسَّاج : বাবুই-পাখি।

نِسَاجَة : বয়ন-শিল্প, বুনন-শিল্প; তাঁতীর কাজ বা পেশা।

نَسِيج : বোনা কাপড়; বুনন-পদ্ধতি, বুনন-রীতি; বুনানি, বুনট; বস্ত্র; জাল; তন্তু, সুতা; দেহ-তন্তু; পেশি। ব أَنْسَاج، أَنْسِجَة، نُسُج

نَسِيج العَنْكَبُوت : মাকড়সার জাল।

~ وَحْدِه : অদ্বিতীয়, অনুপম, একক।

~ عَصْرِه : সমকালীন অনন্য, সমকালীন অদ্বিতীয়।

نَسِيجَة : বুননের সুতা। ব نَسَائِج

مَنْسَج : তাঁতঘর; তাঁতখানা। ব مَنَاسِج

مِنْسَج : তাঁত।

مَنْسُوج : বয়নকৃত; রচিত; বোনা কাপড়; বুনট।

مَنْسُوجَات : বস্ত্রসামগ্রী, কাপড়-চোপড়।

نَسَحَ ـَ : (نَسْح) (ধূলি) ছড়াইয়া দেওয়া, (মাটি) চাঁছা, আঁচড়ানো; লোভ করা।

نَسْح، نُسَاح : খেজুরের আবর্জনা।

مِنْسَح : ধূলি সরাইবার যন্ত্র; বিদা, আঁচড়া।

نَسَخَ ـَ : (نَسْخ)، إِنْتَسَخَ (إِنْتِسَاخ) বাতিল করা, রহিত করা, প্রত্যাহার করা, মানসূখ করা; অনুলিপি করা।

نَاسَخَ : (مُنَاسَخَة) স্থান অধিকার করা, স্থলাভিষিক্ত হওয়া; রহিত করা।

أَنْسَخَ : (إِنْسَاخ) রহিত করা, রদ করা, মানসূখ করা।

تَنَسَّخَ : রহিত হওয়া, বাতিল হওয়া, অচল হওয়া।

تَنَاسَخَ : পরম্পরায় আগমন করা, অনুগমন করা, অনুসরণ করা; পরম্পরায় রাখিয়া যাওয়া; (আত্মা) দেহান্তরিত হওয়া।

إِسْتَنْسَخَ : (إِسْتِنْسَاخ) রহিত করিতে বলা, বাতিল করিবার দাবি করা; অনুলিপি করা, অনুলিপি করিতে বলা।

نَسْخ : রহিতকরণ, বাতিলকরণ, রদকরণ; প্রত্যাহারকরণ; অনুলিপিকরণ।

آلَة النَسْخ : ডুপলিকেটিং মেশিন, duplicating machine.

نَسْخِيّ : সাধারণ লিখন-পদ্ধতি, টানা আরবী লিপি।

نُسْخَة : অনুলিপি, প্রতিলিপি, নকল; সূত্র, ফরমুলা, formula. ব نُسَخ

نُسْخَة ثَانِيَة : নকল, প্রতিলিপি, অনুলিপি; duplicate.

~ خَطِّيَّة : পাণ্ডুলিপি।

~ طِبَاقَ الأَصْل : অবিকল প্রতিলিপি, true copy.

نَاسِخ : রহিতকারী, রদকারী, বাতিলকারী, নাসিখ, প্রত্যাহারকারী; নকলনবিস। ব نُسَّاخ

نَسَّاخ : নকলনবিস, মুহুরী। ব أَنْسِخَة

التَنَاسُخ : পুনর্জন্মবাদ; প্রাচীন মিসরীয় সমাজ এবং ভারতীয় আর্য হিন্দুদের বিশ্বাস যে, প্রতিটি আত্মা পূর্ব জন্মের ফলাফল স্বরূপ উত্তম বা অধম দেহে পুনঃপুন জন্ম লাভ করিতে থাকে। ইহাদের মতে, পুনরুত্থান বলিতে কিছুই নাই।

تَنَاسُخِيَّة : পুনর্জন্মবাদী।

مُنْتَسَخ، مَنْسُوخ : রহিত, বাতিল, মানসূখ; নকলকৃত, অনুলিপিকৃত।

نَسَرَ ـُ : (نَسْر) কাড়িয়া লওয়া; চাঁছিয়া বা ঘষিয়া তোলা; পিছনে নিন্দা করা, ক্ষত পচনশীল হওয়া।

~، نَسَّرَ : (تَنْسِير) চিরিয়া ফেলা, টুকরা টুকরা করা; (পাক) খুলিয়া দেওয়া, ঠোকরাইয়া ঠোকরাইয়া খাওয়া।

تَنَسَّرَ : (দড়ির) পাক খুলিয়া যাওয়া; টুকরা টুকরা হওয়া; ফাটিয়া যাওয়া; ছিঁড়িয়া যাওয়া।

إِنْتَسَرَ : (إِنْتِسَار) টুকরা টুকরা হইয়া যাওয়া।

إِسْتَنْسَرَ : (إِسْتِنْسَار) শকুন বা ঈগলের ন্যায় হওয়া।

نَسْر : শকুন, ঈগল, অশ্ব-খুরের নিম্নভাগ, frog. ব أَنْسُر، نُسُور



www.pathagar.com

النَّسْرُ الصَّحَّاح : দক্ষিণ আমেরিকার বিরাটকায় শকুনবিশেষ, condor.

الْوَاقِع ~ : অভিজিৎ নক্ষত্র, vaga.

نَسْرَةٌ : খণ্ড, টুকরা।

نَاسُور : ভগন্দর, fistula, পুঁজনিঃস্রাবী নালী, পচনশীল ঘা। ব نَوَاسِير

نُسَارَةٌ : (সুতা, দড়ি ইত্যাদির) প্রান্ত, কাপড়ের পাড়, খুঁট, thrums.

نُسَارِيَّةٌ : ঈগল।

نَسْرِين : নার্গিসজাতীয় গুল্ম, বন্য গোলাপ।

مَنْسِر، مِنْسَر : (শিকারি পাখির) চঞ্চু, ঠোঁট; দল। ব مَنَاسِر

مَنْسِر : দল, বাহিনী; ডাকাতদল। ব مَنَاسِر

نَسْطُورِيٌّ : (গ্রী) নাসতূরী, Nestorian : কনস্টান্টিনোপলের 'পেট্রিক নাস্‌তূন'-এর অনুগামী খ্রিস্টান মিশনারি সম্প্রদায়বিশেষ। মূসল ও আর্মিনিয়ার মধ্যবর্তী কুর্দিস্তান অঞ্চলে ইহারা বসবাস করিত। খ্রিস্টীয় ৬ষ্ঠ শতকে ইহারা পূর্ব-এশিয়া, পারস্য, ভারত ও চীনে খ্রিস্ট-ধর্ম প্রচার করে। ব نَسَاطِرَةٌ

نَسَعَ َ : (نُسُوع، نَسْع) نَسَّعَ (تَنْسِيع) (দাঁত) আলগা হওয়া।

إِنْتَسَعَ : (إِنْتِسَاع) (পশু) চারণক্ষেত্রে ছড়াইয়া যাওয়া।

نِسْع : উষ্ট্রজিনের পেটি; জিন বাঁধিবার জন্য চামড়ার পাতলা ফালি। ব. أَنْسَاع، نُسُوع، نِسَع، نُسْع

~ , مِنْسَع : উত্তুরে বায়ু।

نَسَغَ َ : (نَسْغ) (হাতে) উলকি দেওয়া।

~ بِ : আঘাত করা, চাবুক মারা।

~, نَسَّغَ : (تَنْسِيغ) (দাঁত) আলগা হওয়া।

أَنْسَغَ : (إِنْسَاغ) অঙ্কুরিত হওয়া; চাবুক মারা।

إِنْتَسَغَ : (إِنْتِسَاغ) (পশু) চারণক্ষেত্রে ছড়াইয়া যাওয়া।

نُسْغ : বৃক্ষের রস।

نَسِيغ : ঘাম।

مِنْسَغَة : পিঠা প্রস্তুতকারকের ছুঁচালো যন্ত্রবিশেষ।

نَسَفَ - : (نَسْف) চূর্ণ করা; (শস্য) ঝাড়া; উৎপাটন করা; কাটিয়া দেওয়া।

~, أَنْسَفَ : (إِنْسَاف) (ধূলি) ছড়াইয়া দেওয়া।

~, إِنْتَسَفَ : (إِنْتِسَاف) (ভবন) উড়াইয়া দেওয়া, ভূমিসাৎ করা।

نَسَفَ ُ : (نُسُوف، نَسْف) কামড়ানো।

تَنَسَّفَ : ভূপাতিত করা, ধরাশায়ী করা।

تَنَاسَفَ : ফিসফিস করিয়া বলা।

نَسْف : ধ্বংস, বিনাশ।

النَّسَفِيّ : আন-নাসাফী (মৃ. ১৩১০ খ্রি) ঃ ইমাম আবুল বারাকাত হাফীযুদ্দীন। ইরানের নাসাফ অঞ্চলে জন্মগ্রহণ ও বাগদাদে ইনতিকাল করেন। খ্যাতনামা ফিক্‌হ, হাদীস ও ধর্মশাস্ত্রবিদ। তাঁহার রচিত গ্রন্থসমূহের মধ্যে-،عُمْدَةُ عَقِيدَةِ أَهْلِ السُّنَّةِ وَالْجَمَاعَةِ، كَشْفُ الأَسْرَارِ، وَشَرْحُ الْمُصَنَّفِ عَلَى الْمَنَارِ (تَفْسِيرِ النَّسَفِيِّ) مَدَارِكُ التَّنْزِيلِ وحَقَائِقُ التَّأْوِيلِ। প্রভৃতি সমধিক উল্লেখযোগ্য।

نَاسِف، نَاسِفَة : বিস্ফোরক, ডিনামাইট।

نُسَّاف : দোয়েলজাতীয় পাখিবিশেষ। ব نَسَاسِيف

نُسَافَة : তুষ, ভুসি, আবর্জনা, তুচ্ছ বিষয়।

نَسَّافَة : টর্পেডো ছাড়িবার জন্য দ্রুতগামী বাষ্পীয় পোত, torpedo-boat.

قَذِيفَة نَسَّافَة : টর্পেডো, torpedo-boat.

نَسِيف : কামড়ের দাগ; পায়ের ছাপ; ফিসফিসানি।

نَسْفَان : কানায় কানায় পূর্ণ (পাত্র)।

مِنْسَف : চালুনি, ঝাঁজরি, কুলা। ব مَنَاسِف

مِنْسَفَة : চালুনি, ঝাঁজরি, কুলা; ভবনাদি ভাঙ্গিয়া ফেলিবার যন্ত্রবিশেষ। ব مَنَاسِف

نَسَقَ ُ : (نَسْق) نَسَّقَ (تَنْسِيق) গাঁথা; রচনা করা; সুবিন্যস্ত করা, সুন্দরভাবে সাজাইয়া রাখা; সারিবদ্ধ করা।

أَنْسَقَ : (إِنْسَاق) অন্ত্যমিলযুক্ত গদ্যে কথা বলা।



www.pathagar.com

تَنَسَّقَ ، تَنَاسَقَ ، إِتَّسَقَ : (إِتِّسَاق) সুবিন্যস্ত হওয়া, সুন্দরভাবে সজ্জিত হওয়া।

نَسْق : বিন্যস্তকরণ।

نَسَق : বিন্যাস, সাজ; সারি, পরম্পরা; রীতি, পদ্ধতি; সামঞ্জস্য।

نَسَقًا : নিয়মিতভাবে; সারিবদ্ধভাবে; ধারাবাহিকভাবে, ক্রমানুসারে।

عَلَى نَسَقٍ : রীতিতে, পদ্ধতিতে।

مَنْسُوق ، نَسِيق : সুবিন্যস্ত, সুসম; নিয়মিত, সারিবদ্ধ।

تَنَسُّق : মিল, সাদৃশ্য।

تَنْسِيق : বিন্যস্তকরণ, সজ্জিতকরণ, সারিবদ্ধকরণ; বণ্টন; বিন্যাস, সাজ, শৃঙ্খলা।

تَنَاسُق : বিন্যাস; সামঞ্জস্য; মিল।

مُنَسَّق : সুবিন্যস্ত, সুসম, সুসামঞ্জস্য; সুশৃঙ্খল।

مُتَنَاسِق : সুবিন্যস্ত, সুসম, সুসামঞ্জস্য, নিয়মিত।

نَسَكَ ـُ : (نَسْك ، نُسْك ، نُسُك ، مَنْسَك), تَنَسَّكَ ধার্মিক হওয়া, তাপস-জীবন যাপন করা, আল্লাহর ইবাদাত করা।

~ : (نَسْك) ধৌত করা।

نَسُكَ ـُ (نَسَاكَة) : তাপস হওয়া, সন্ন্যাসী হওয়া।

نَسْك : ধার্মিকতা, তপস্যা, সন্ন্যাস।

نُسُك ، نُسْك : ধার্মিকতা, তপস্যা, সন্ন্যাস; সাধনা; কুরবানী, কুরবানীর পশু।

نَاسِك : ধার্মিক; ভক্ত; তাপস, সন্ন্যাসী। ব نُسَّاك

نَسِيك : স্বর্ণ কিংবা রৌপ্যের পিণ্ড।

مَنْسِك : সন্ন্যাসীর আশ্রম; কুরবানীর জায়গা। ব مَنَاسِك

مَنَاسِك الحَجّ : হজ্জের পালনীয় যাবতীয় ইবাদাত ও উহার স্থানসমূহ।

مَنْسُوك : খাটো পশমযুক্ত (অশ্ব); উর্বর (ভূমি)।

نَسَلَ ـُ : (نَسْل) (সন্তান) জন্ম দেওয়া; (পালক) ঝাড়া; (পাক, বুনন, জট ইত্যাদি) খুলিয়া যাওয়া।

~ : (نُسُول) (চুল, পশম) খসিয়া পড়া।

نَسَّلَ : (تَنْسِيل) (পাক, বুনন, জট ইত্যাদি) খুলিয়া ফেলা; খুলিয়া যাওয়া; টুকরা টুকরা হইয়া যাওয়া।

أَنْسَلَ : (إِنْسَال) (সন্তান) জন্ম দেওয়া; (পালক) ঝাড়া; খসিয়া পড়া; (পালক) খুলিয়া ফেলা; পালক ঝাড়িবার সময় হওয়া।

تَنَاسَلَ : বংশবিস্তার করা; সন্তান জন্ম দেওয়া।

~ مِنْ : উদ্ভূত হওয়া।

نَسْل : সন্তান, বংশধর। ব أَنْسَال

نَسْل الرَّجُلِ : শুক্রকোষ।

~ المَرْأَة : ডিম্বকোষ।

إِنْقِرَاض النَّسْلِ : প্রজনন-ক্ষমতা রহিত হওয়া।

~ تَحْدِيد النَّسْلِ ، تَقْلِيل : জন্ম-নিয়ন্ত্রণ।

نَسَل : বাঁট হইতে প্রবহমান দুগ্ধ; উদ্ভিদের দুগ্ধবৎ রস।

نُسَال : আলগা পালক, পশম, চুল ইত্যাদি।

نُسَالَة : আলগা পালক, পশম, চুল ইত্যাদি; ক্ষতস্থান বাঁধিবার জন্য নরম কাপড়।

نَسَّال : দ্রুত ধাবনকারী।

نَسَّالَة : পাক, জট ইত্যাদি খুলিবার যন্ত্র।

نَسُولَة : শাবকোৎপাদনের জন্য পালিত মাদী পশু।

نَسِيل : মৌচাক হইতে পড়িতেছে এমন মধু।

نَسِيلَة : মৌচাক হইতে পড়িতেছে এমন; ঝরিয়া পড়া পশম, চুল, পালক ইত্যাদি; পুনর্মুদ্রণ, অফপ্রিন্ট, off-print.

تَنَاسُل : সন্তানোৎপাদন, প্রজনন।

أَعْضَاء التَّنَاسُل : জননেন্দ্রিয়।

ضُعْف ~ : সন্তানোৎপাদনে অক্ষমতা।

تَنَاسُلِيّ : প্রজনন-সংক্রান্ত, উৎপাদন-সম্বন্ধীয়; যৌন বিষয়।

مَرَض تَنَاسُلِيّ : যৌন ব্যাধি।

نَسَمَ ـِ : (نَسْم ، نَسِيم ، نَسَمَان) : (বাতাস) ধীর গতিতে প্রবাহিত হওয়া; (সুগন্ধ) ছড়াইয়া যাওয়া।

~ : (نَسْم) (উট) ভূমিতে পদাঘাত করা।

~ ، نَسِمَ ـَ : (نَسَم) নষ্ট হওয়া, বিকৃত হওয়া।



www.pathagar.com

نَسَّمَ : (تَنْسِيْم) উৎসাহিত করা, অনুপ্রাণিত করা; (দাস) মুক্ত করা।

~ فِى : আরম্ভ করা, শুরু করা।

نَاسَمَ : (مُنَاسَمَة) ঘ্রাণ লওয়া, শুঁকা; ফিসফিস করিয়া বলা।

تَنَسَّمَ : ধীরে প্রবাহিত হওয়া; শ্বাস-প্রশ্বাস গ্রহণ করা; শোঁকা, শ্বাসে গ্রহণ করা; আত্মনিয়োগ করা; শুঁকিয়া দেখা, অনুসন্ধান করা।

~ بِ : (সুগন্ধ) ছড়ানো, সুরভিত হওয়া।

نَسَم : শ্বাস, প্রাণ; গন্ধ; নিশ্চিহ্ন পথ। ব أَنْسَام

نَسَمَة : শ্বাস; প্রাণ; বাতাস; প্রাণী; লোক, ব্যক্তি; দাস। ব نَسَمَات

نَاسِم : মুমূর্ষু লোক।

نَسِيْم : বাতাস, ঠাণ্ডা বাতাস, মৃদুমন্দ বায়ু, টাটকা হাওয়া। ব نَسَائِم، نِسَام

مَنْسِم : (পশুর) পায়ের পাতা; চিহ্ন; পথ। ব مَنَاسِم

نَسْنَاس : বানর, উল্লুক। ব نَسَانِيْس

نَسَا : ـُ (نَسْوَة) ত্যাগ করা।

نَسَا : গোড়ালির শিরাগুচ্ছ। ব أَنْسَاء

عِرْق النَّسَا : কটিবাত।

نُسْوَة، نِسْوَان، نِسَاء : (إِمْرَأَة-এর বহুবচন) স্ত্রীলোক, নারী জাতি।

نِسَائِيّ، نِسْوِيّ : মহিলা-সম্বন্ধীয়; নারীসুলভ।

نِسَائِيَّة : নারী আন্দোলন।

نِسَائِيَّات : মহিলাদের বিষয়াদি।

نَسْوَنَة : নারীসুলভ আচরণ, মেয়েলি স্বভাব।

مُنَسْوَن : মেয়েলি ভাবাপন্ন।

نَسِيَ - (نَسًى) : গোড়ালির শিরাগুচ্ছে আঘাত করা।

نَسِيَ : ـَ (نِسْيَان، نَسْي) ভুলিয়া যাওয়া।

~ : (نَسًى) গোড়ালির শিরাগুচ্ছে ব্যথা অনুভব করা।

نَسَّى، أَنْسَى : (إِنْسَاء، تَنْسِيَة) ভুলাইয়া দেওয়া।

تَنَاسَى : ভুলের ভান করা; অবহেলা করা, ভুলিয়া যাওয়া; বিস্মৃতিপরায়ণ হওয়া; ভুলিতে চাওয়া।

نِسْيَان، نَسْي : ভুল, বিস্মৃতি।

أَصْبَحَ نَسْيًا مَنْسِيًّا : সে সম্পূর্ণরূপে বিস্মৃত হইয়া গেল।

أَصْبَحَ فِى زَوَايَا النِّسْيَان : সে ভুলে নিমজ্জিত থাকিল।

نَسْيَان، نَسَّاء، نَسِيّ : বিস্মৃতিশীল, বিস্মৃতিপরায়ণ, অমনোযোগী।

لَاتَنْسَنِي : ভুলো না আমায়, forget me not. নীল রং-এর ক্ষুদ্র ফুলের গাছবিশেষ।

مَنْسِيّ : বিস্মৃত।

مَنْسَاة : লাঠি।

نَشَّ : ـُ (نَشّ) আস্তে আস্তে চালানো; মিশ্রিত করা; (মাছি) তাড়ানো।

~ ـِ : (نَشِيْش، نَشّ) হিস্‌হিস্ শব্দ করা; (পানি) শুকাইয়া যাওয়া; কলকল ধ্বনি করা; (মদ) গাঁজিয়া উঠা।

وَرَق نَشَّاش، نَشَّاش : শোষক-কাগজ, ব্লটিং পেপার।

نَشَّاشَة : পানি-শোষক (ভূমি)।

نَشِيْش : পানির কলকল ধ্বনি; হিস্‌হিস্ শব্দ।

مِنَشَّة : মাছি তাড়াইবার ঝাঁটাবিশেষ।

نَشَا ـَ نَشُؤَ ـُ : (نَشَاءَة، نَشَاء، نُشُوء، نَشَاة، نَشْا) বড় হওয়া, লালিত-পালিত হওয়া; জাগ্রত হওয়া; আবির্ভূত হওয়া, উত্থিত হওয়া, আত্মপ্রকাশ করা; বর্ধিত হওয়া, বৃদ্ধি পাওয়া; সংঘটিত হওয়া; উৎপন্ন হওয়া, সৃষ্টি হওয়া, সূচিত হওয়া, উদ্ভূত হওয়া।

نَشَّا : (تَنْشِئَة) বড় করা, লালন-পালন করা; উত্থিত করা।

أَنْشَا : (إِنْشَاء) বড় করা, লালন-পালন করা; সৃষ্টি করা, নির্মাণ করা, প্রতিষ্ঠা করা; উদ্ভাবন করা; উৎপন্ন করা; রচনা করা, গঠন করা; আরম্ভ করা, প্রবর্তন করা, পত্তন করা।



www.pathagar.com

مُنْشِئ : স্রষ্টা, আবিষ্কর্তা; সংগঠক; প্রবর্তক, প্রতিষ্ঠাতা; লেখক, সম্পাদক, রচয়িতা; কেরানি।

مُنْشَأَة : সৃষ্ট বস্তু, কর্ম; প্রতিষ্ঠান। ব مُنْشَآت

نَشِبَ ـَ (نَشَب، نُشُوب، نُشْبَة) : ~ فِي লাগিয়া থাকা, আঁকড়াইয়া ধরা; জড়িত হওয়া, লিপ্ত হওয়া।

نَشِبَتِ الْحَرْب : যুদ্ধ (ঘোরতর) লাগিয়া যাওয়া।

نَشَّبَ، أَنْشَبَ : (إِنْشَاب، تَنْشِيب) লাগাইয়া দেওয়া, আঁটিয়া দেওয়া; বিদ্ধ করা, প্রবিষ্ট করা।

نَاشَبَ : (مُنَاشَبَة) (যুদ্ধ) শুরু করা।

تَنَشَّبَ : ~ فِي লাগিয়া থাকা, আঁটিয়া থাকা।

تَنَاشَبَ : একটির সহিত আরেকটি লাগিয়া থাকা।

إِنْتَشَبَ : (إِنْتِشَاب) (কাঠ) সংগ্রহ করা।

نَشَب، نَشَبَة : সম্পত্তি, সম্পদ।

نُشْبَة : নেকড়ে।

نَشَّاب : তীর নির্মাতা, তীরন্দাজ। ব نَشَّابَةٌ

نُشَّاب : তীর। ব نَشَاشِيب

نُشَّابَة : গোঁজ, দণ্ড; বল্লম, কোচ।

نَاشِب : তীরওয়ালা, তীর নিক্ষেপকারী। ব نَشَّابَةٌ

نَشِيب، ~ : লাগিয়া বা গাঁথিয়া আছে এমন, সংলগ্ন বস্তু।

نُشُوب حَرْب : যুদ্ধ লাগিয়া যাওয়া।

مِنْشَب : কাঁচা খেজুর। ব مَنَاشِب

مُنْتَشِب : তীব্র, প্রচণ্ড (যুদ্ধ)।

نَشَجَ ـِ (نَشِيج) : ফোঁপাইয়া কাঁদা; টগবগ করা, গুমরিয়া কাঁদা।

نَشَج : পানির স্রোত; নদীর তলদেশ। ব أَنْشَاج

نَشِيج : ফোঁপানি। ব نُشُجٌ

نَشَحَ ـَ (نُشُوح، نَشْح) : তৃপ্ত না হওয়া পরিমাণ পান করা; নষ্ট হইয়া যাওয়া।

نَشُوح : সামান্য পরিমাণ পানি।

~ : মাতাল। ব نُشُح

نَشَّاح : কানায় কানায় পূর্ণ পাত্র।

تَنَشَّأَ : বর্ধিত হওয়া; বিস্তৃত হওয়া; বৃদ্ধি পাওয়া, বিস্তার লাভ করা।

~ لِ : প্রস্তুত হওয়া, উদ্যত হওয়া।

إِسْتَنْشَأَ : (إِسْتِنْشَاء) (সংবাদ) জানিতে চাওয়া, জিজ্ঞাসা করা।

نَشْء : উত্থিত মেঘ; মানব-বংশ; বংশধর; তরুণ শ্রেণী।

النَّشْء الْجَدِيد : নূতন বংশধর।

نُشُوء : জাগরণ, উত্থান; উদ্ভব, উৎপত্তি, সৃষ্টি; বর্ধন, বৃদ্ধি, ক্রমোন্নতি, বিবর্তন, উৎপাদন।

نَظَرِيَّة النُّشُوء والإِرْتِقَاء، مَذْهَب النُّشُوء والتَّرَقِّي, বিবর্তনবাদ।

نَشْأَة : জাগরণ, উন্নতি, বর্ধন, বৃদ্ধি; উদ্ভব, উত্থান; উৎপাদন; জন্ম, সূচনা; গঠন; মৌলিকত্ব; যৌবন; যুবসমাজ; লালন-পালন।

النَّشْأَة الْحَدِيثَة : নূতন বংশধর, উঠতি শ্রেণী, তরুণসমাজ।

نَشْأَة مُسْتَأْنَفَة : নবজন্ম, পুনর্জাগরণ।

نَاشِئ : বর্ধনশীল, উন্নয়নশীল, জাগরণশীল, অগ্রসরমান; উঠতি; উদ্ভূত, সৃষ্ট; নূতন, নবাগত, কনিষ্ঠ, তরুণ, যুব।

نَاشِئَة : উঠতি শ্রেণী, তরুণ সমাজ; সূচনা।

نَشِيئَة : অঙ্কুর; চৌবাচ্চার তলদেশে স্থাপিত পাথর।

إِنْشَاء : সৃষ্টি, নির্মাণ, প্রতিষ্ঠা, গঠন, সংগঠন; উদ্ভাবন; উৎপাদন; রচনা; সূচনা, প্রবর্তন; লালন-পালন; লিখন, পত্রলিখন; রচনা-পদ্ধতি; প্রবন্ধ।

إِعَادَة الإِنْشَاء : পুনর্গঠন।

إِنْشَائِيّ : সৃষ্টিশীল, গঠনমূলক; রচনামূলক; সম্পাদকীয়।

مَوْضُوع إِنْشَائِيّ : রচনা, প্রবন্ধ, নিবন্ধ।

مَقَالَة إِنْشَائِيَّة : সম্পাদকীয় নিবন্ধ।

تَنْشِئَة، تَنْشِيء : লালন-পালন, শিক্ষাদান।

مَنْشَأ : উৎপত্তিস্থল, জন্মভূমি, উৎস, মূল, সূত্র; উত্থান, জন্ম, সূচনা।



www.pathagar.com

نَشَدَ : ـُ (نَشْدًا، نِشْدَةً، نُشْدَانًا) চাওয়া; তালাশ করা, খোঁজ করা; সন্ধান দেওয়া; পরিচিত হওয়া; স্মরণ করাইয়া দেওয়া।

~ : (نَشْدًا) কসম করা, দিব্য দেওয়া।

نَاشَدَ : (مُنَاشَدَةً) কসম করা, দিব্য দেওয়া; অনুরোধ করা, মিনতি করা।

أَنْشَدَ : (إِنْشَادًا) তালাশ করা, সন্ধান করা; আবৃত্তি করা, গাওয়া।

~ بِ : কবিতা দ্বারা ব্যঙ্গ করা, ব্যঙ্গাত্মক কবিতা রচনা করা।

أَنْشَدَهُ الشِّعْرَ : সে তাহাকে কবিতা আবৃত্তি করিয়া শুনাইল।

تَنَشَّدَ : সংবাদ লওয়া, সন্ধান লওয়া।

تَنَاشَدَ : পরস্পরকে লক্ষ্য করিয়া কবিতা আবৃত্তি করা।

إِسْتَنْشَدَ : (إِسْتِنْشَادًا) (কবিতা) আবৃত্তি করিতে বলা।

نَشْد، نِشْدَان : তালাশ, সন্ধান।

نَشْدَة : স্বর; সন্ধান।

أُنْشُودَة (نَشَائِد، أَنَاشِيد ب) : نَشِيد، نَشِيدَة (ب أَنَاشِيد) গান, গীত, সঙ্গীত, স্তোত্র।

نَشِيد قَوْمِيّ، نَشِيد وَطَنِيّ : জাতীয় সঙ্গীত, দেশাত্মবোধক গান।

إِنْشَاد : আবৃত্তি।

مُنْشِد : আবৃত্তিকারী, গায়ক।

مَنْشُود : কাম্য, বাঞ্ছিত, কাঙ্ক্ষিত, অভীষ্ট।

مُنَاشَدَة : অনুরোধ, অনুনয়, মিনতি, আবেদন।

نُوشَادِر، نُشَادِر : নিশাদল : উগ্রগন্ধ লবণজাতীয় রাসায়নিক দ্রব্যবিশেষ; এমোনিয়া, ammonia.

نَشَرَ : ـُ (نَشْرًا) বিছাইয়া দেওয়া, বিস্তৃত করা, খুলিয়া দেওয়া; (পতাকা) উত্তোলন করা, ছড়াইয়া দেওয়া, প্রকাশ করা, প্রচার করা, ঘোষণা করা।

~ : ـُ (نُشُورًا) পুনরুত্থিত করা, জীবিত করা; করাত দ্বারা চিরিয়া ফেলা, (ভূমি) গাছপালা উৎপন্ন করা; সতেজ হওয়া; সবুজ হওয়া; পল্লবিত হওয়া।

نَشَرَ : ـَ (نَشَرًا) (পশু) রাত্রিকালে চারণক্ষেত্রে বিচরণ করা, ছড়াইয়া পড়া।

تَنَشَّرَ : বিস্তৃত হওয়া, ছড়াইয়া যাওয়া, খুলিয়া যাওয়া।

إِنْتَشَرَ : (إِنْتِشَارًا) বিস্তৃত হওয়া, ছড়াইয়া যাওয়া, খুলিয়া যাওয়া; প্রকাশিত হওয়া; প্রসারিত হওয়া; প্রচারিত হওয়া; বিক্ষিপ্ত হওয়া, চতুর্দিকে ছড়াইয়া পড়া; জানাজানি হওয়া; দীর্ঘায়িত হওয়া, স্ফীত হওয়া।

إِسْتَنْشَرَ : (إِسْتِنْشَارًا) ছড়াইয়া দিতে বলা, প্রকাশ করিতে বলা।

نَشْر : বিস্তৃতি, বিস্তার; প্রসার; প্রকাশ; প্রকাশন; বিজ্ঞাপন, প্রচার।

نُشُور : উত্থান।

دَار النَّشْرِ : প্রকাশনালয়।

~ يَوْم النُّشُور، يَوْم : কিয়ামত, উত্থান-দিবস।

نَشْرَة : প্রচার, বিজ্ঞপ্তি; প্রতিবেদন; ঘোষণা; বিজ্ঞাপন; প্রচার-পত্র; সাময়িকী; নির্দেশ, ফরমান।

نَشْرَة إِخْبَارِيَّة، نَشْرَة الأَخْبَار : (পত্র-পত্রিকার) সংবাদ, সংবাদ প্রচার।

~ أُسْبُوعِيَّة : সাপ্তাহিক পত্রিকা।

~ دَوْرِيَّة : সাময়িকী।

~ رَسْمِيَّة : সরকারি বুলেটিন, bulletin.

~ شَهْرِيَّة : মাসিক পত্রিকা।

~ يَوْمِيَّة : দৈনিক পত্রিকা।

نُشْرَة : কবজ। ব نُشَر

نَاشِر : প্রকাশক, বিজ্ঞাপক, প্রচারকারী।

نَاشِرَة : বাহুর পেশিতন্তু। ব نَوَاشِر

نَشَّار : করাতী।

نِشَارَة : করাত চালনা, করাতির কাজ বা পেশা।

نُشَارَة : করাতের গুঁড়া।

نَشُور : মেঘ-সঞ্চালক (বাতাস)। ব نُشُر



www.pathagar.com

نَشِير : স্তূপীকৃত শস্য, ড্রেসিং গাউন।

إِنْتِشَار : বিস্তার, বিস্তৃতি, প্রসার; প্রকাশ, প্রচার; বিক্ষিপ্ত অবস্থা।

تَنَاشِير : শিশুদের হিজিবিজি লেখা।

مِنْشَار : করাত। ব مَنَاشِير

مَنْشُور : বিক্ষিপ্ত, বিস্তৃত; প্রকাশিত; প্রচারিত; করাত দ্বারা কর্তিত।

~ : প্রচার-পত্র, বিজ্ঞপ্তি, ঘোষণা; ফরমাশ, নির্দেশ, ত্রিপার্শ্ব কাচ, প্রিজম, prism. ব مَنَاشِير

مُنْتَشِر : বিস্তৃত, বিক্ষিপ্ত; সুপ্রচলিত, বিদ্যমান, ব্যাপ্ত।

نَشَزَ ـُ : (نَشْز) উপরে উঠা, ঊর্ধ্বে আরোহণ করা; উচ্চে অবস্থিত হওয়া, উঁচু হওয়া।

~ مِنْ : (ভয়ে) বিচলিত হইয়া উঠা।

~ : (نُشُوز) ~ ب، مِنْ، عَلَى স্বামীর অবাধ্য হওয়া; (স্বামী) স্ত্রীর সহিত দুর্ব্যবহার করা।

أَنْشَزَ : (إِنْشَاز) ঊর্ধ্বে স্থাপন করা; স্থানচ্যুত করা, জোড়া দেওয়া।

نَشْز (ব نُشُوز، نِشَاز) نَشَز (ব أَنْشَاز) : উচ্চ স্থান।

نَاشِز : উচ্চ, উদ্গত; মিলবিহীন; অবাধ্য স্ত্রী। ব نَوَاشِز

نَاشِزُ الْجَبْهَةِ : উঁচু ললাটবিশিষ্ট।

نَاشِزَة : অবাধ্য (স্ত্রী)। ব نَوَاشِز

نِشَاز : অমিল।

نُشُوز : শত্রুতা, ঘৃণা, বিদ্বেষ, বিতৃষ্ণা, বিরাগ; অমিল; স্ত্রীর অবাধ্যতা; স্বামীর দুর্ব্যবহার।

نَشَصَ ـُ : (نُشُوص) ঊর্ধ্বে অবস্থিত হওয়া।

~ عَلَى، مِنْ : অবাধ্য হওয়া; ঘৃণা করা।

~ عَنْ : বিতাড়িত হওয়া, বহিষ্কৃত হওয়া।

أَنْشَصَ : (إِنْشَاص) বিতাড়িত করা, বহিষ্কার করা।

إِنْتَشَصَ : (إِنْتِشَاص) উৎপাটিত করা।

نَشَاص : উচ্চ মেঘ। ব نَشَائِص، نُشُص

نَاشِص : অবাধ্য (স্ত্রীলোক)। ব نَوَاشِص

نَشَطَ ـُ : (نَشْط) (দড়িতে) গিঁট দেওয়া, (গিঁট) কষণ।

نَشَطَ مِنْ بَلَدٍ إِلَى بَلَدٍ : সে এক দেশ হইতে আরেক দেশে চলিয়া গিয়াছে।

نَشِطَ ـَ : (نَشَاط)، تَنَشَّطَ প্রফুল্ল হওয়া, খুশি হওয়া, প্রাণবন্ত হওয়া, প্রাণময় হওয়া; তৎপর হওয়া; আগ্রহী হওয়া; উদ্যোগী হওয়া; উদ্যমী হওয়া।

نَشَّطَ : (تَنْشِيط) (দড়িতে) গিঁট দেওয়া; (গিঁট) কষণ; খুলিয়া দেওয়া।

أَنْشَطَ : (إِنْشَاط) ~، প্রফুল্ল করা, খুশি করা, প্রাণবন্ত করা, প্রাণময় করা; উৎসাহিত করা; তৎপর করা; প্রেরণা জাগানো, উদ্বুদ্ধ করা।

إِنْتَشَطَ : (إِنْتِشَاط) (দড়ি) খুলিয়া যাওয়া; (মাছের) আঁশ ছাড়ানো; (পশু) ঘাস খাওয়া।

إِسْتَنْشَطَ : (إِسْتِنْشَاط) (চামড়া) কুঞ্চিত হওয়া; ভাঁজযুক্ত হওয়া।

نَشِط : প্রাণময়, তৎপর, সক্রিয়, কর্মব্যস্ত; উদ্যমী।

نَاشِطَات : উল্কা।

نَشَاط : আনন্দ, খুশি, প্রফুল্লতা; প্রাণবন্ততা, প্রাণময়তা; সক্রিয়তা, তৎপরতা; কর্মোদ্দীপনা; উৎসাহ, উদ্দীপনা, উদ্যম; শক্তি, ক্ষমতা, প্রাণশক্তি।

نَشِيط : نَاشِط প্রফুল্ল, আনন্দিত, খুশি, প্রাণবন্ত; তৎপর, চঞ্চল; কর্মঠ, কর্মব্যস্ত, সক্রিয়; উৎসাহী, উদ্যমী, আগ্রহী, মনোযোগী। ব نِشَاط

أُنْشُوطَة : ফসকা গেরো, ফাঁস। ব أَنَاشِيط

تَنْشِيط : উৎসাহ প্রদান, প্রেরণাদান, সক্রিয়করণ।

مَنْشَط : সুখকর বস্তু।

مَنْشَط : প্রফুল্ল, প্রাণবন্ত।

مُنَشِّط : উৎসাহজনক, প্রেরণাদায়ক, কর্মোদ্দীপক।

نَشَّعَ ـَ : (تَنْشِيع) নাক অথবা, মুখ দ্বারা ঔষধ প্রবেশ করানো; ফোঁটায় ফোঁটায় পড়া; ছিঁড়িয়া ফেলা; উপড়াইয়া ফেলা; ছিনাইয়া লওয়া।



www.pathagar.com

أَنْشَعَ : (إِنْشَاع) নাক অথবা মুখ দ্বারা ঔষধ প্রবেশ করানো; সাহায্য করা।

إِنْتَشَعَ : (إِنْتِشَاع) নস্য টানা; ছিঁড়িয়া ফেলা; ছিনাইয়া লওয়া।

نَشْع : ফোঁটায় ফোঁটায় পতন।

نَشُوع : নস্য।

مُنَشَّع : সম্পূর্ণ সিক্ত।

مَنْشُوع : আসক্ত, অনুরক্ত।

نَشَغَ - َ : (نَشْغ) (পানি) প্রবাহিত হওয়া।

نَشَفَ - ُ : (نَشْف) শুষিয়া লওয়া; শুকাইয়া যাওয়া, নিঃশেষিত হওয়া; মুছিয়া ফেলা।

نَشِفَ - َ : (نَشَف) শুকাইয়া যাওয়া, শুষিয়া লওয়া; নিঃশেষিত হওয়া।

نَشَّفَ : (تَنْشِيف) শুকাইয়া ফেলা; মুছিয়া ফেলা।

تَنَشَّفَ : শুকাইয়া যাওয়া; শরীর মোছা।

نُشُوفَة، نَشَف : শুষ্কতা।

نُشْفَة : দুধের ফেনা।

نَشِفَة : পানি শুষিয়া নেয় এমন ভূমি।

نَشَّاف : চোষ-কাগজ, শোষক-কাগজ।

نَشَّافَة : চোষ-কাগজ, ব্লটিং প্যাড, blotting pad. ব্লটার, blotter; তোয়ালে।

نَاشِف : শুষ্ক, শুকনা; শক্ত, কঠিন।

نُشُوفَات : শুকনা ফলমূল।

نَشْفَان : ক্ষয়।

تَنْشِيف : শুষ্ককরণ, শুকানো।

مِنْشَفَة : তোয়ালে, গামছা। ব مَنَاشِف

نَشِقَ - َ : (نَشَق، نَشْق) إِسْتَنْشَقَ، تَنَشَّقَ (إِسْتِنْشَاق) শুঁকা, গন্ধ লওয়া, নিঃশ্বাস টানা; শ্বাসের সহিত গ্রহণ করা; নাকের মধ্যে টানিয়া লওয়া।

أَنْشَقَ، نَشَّقَ : (إِنْشَاق، تَنْشِيق) শুঁকানো, নিঃশ্বাসের সহিত টানিতে দেওয়া, নিঃশ্বাস গ্রহণ করানো।

إِنْتَشَقَ : (إِنْتِشَاق) নিঃশ্বাস টানা, নিঃশ্বাসের সহিত গ্রহণ করা।

إِسْتِنْشَاق، تَنَشُّق، نَشْق : শ্বাসগ্রহণ, শ্বাসের সহিত কোন কিছু গ্রহণ।

نُشْقَة : ফসকা গেরো। ব نُشَقٌ

نَشْقَة، نَشُوق : নস্য।

مَنْشَق : ঘ্রাণশক্তি, নাক, নাসারন্ধ্র। ব مَنَاشِق

نَشَلَ - ُ : (نَشْل) কাড়িয়া লওয়া, ছিনাইয়া লওয়া, অপহরণ করা; মুক্ত করা।

~ - ُ : (نُشُول) হাতা ইত্যাদি দ্বারা (গোশত) পাত্র হইতে তোলা; মসলা ব্যতীত রান্না করা।

نَشَّلَ : (تَنْشِيل) আসিবামাত্র মেহমানকে খাবার দেওয়া।

إِنْتَشَلَ : (إِنْتِشَال) কাড়িয়া লওয়া, ছিনাইয়া লওয়া; উঠাইয়া লওয়া; জড়ো করা; মুক্ত করা; সর্বস্বান্ত করা।

نَشْل : অপহরণ, ছিনতাই; পকেট মারা।

نَشَّال : ছিনতাইকারী, পকেটমার; প্রতারক।

نَشِيل : ছিনতাইকৃত বস্তু; মসলা দেওয়া হয় নাই এমন (তরকারি); ধারালো (তরবারি) ; সদ্য তোলা (পানি)।

مِنْشَال، مِنْشَل : হাতাবিশেষ। ব مَنَاشِل

مَنْشَلَة : আঙুলের যে অংশ আংটিতে ঢাকা থাকে।

نَشِمَ - َ : (نَشَم) চিত্রবিচিত্র হওয়া, সাদা-কালো ডোরাযুক্ত হওয়া।

نَشَّمَ (تَنْشِيم) : (গোশত) কিঞ্চিৎ খারাপ হওয়া।

تَنَشَّمَ : অর্জন করিতে চেষ্টা করা।

~ فِي : কোন কাজ গ্রহণ করা; করিতে আরম্ভ করা।

نَشَم : ধনুক বানাইবার গাছবিশেষ।

نَشَم أَبْيَض : বিছুটি গাছ।

مَنْشِم : দুর্গন্ধযুক্ত কালো ফলবিশেষ; জাহিলী যুগের জনৈকা অশুভলক্ষুণে সুগন্ধি-ব্যবসায়িনী।

دَقُّوا بَيْنَهُم عِطْرَ مَنْشِم (তাহারা মানশিমের সুগন্ধি চূর্ণ করিয়াছে, ব্যবহারিক অর্থ-) তাহারা যুদ্ধে লিপ্ত হইয়াছে।



www.pathagar.com

نَشَّنَ، نَيْشَنَ، تَنْشِيْنٌ) : نَيْشَنَةٌ، تَنْشِيْنٌ) ~ عَلَى লক্ষ্য স্থির করা, তাক করা।

نِيشَان، نِشَان : চিহ্ন, নিশানা, লক্ষ্য, চাঁদমারি; তকমা, পদক, প্রতীক। ব نَيَاشِين

نَشَانْجِى، نَشَنْجِى : নিপুণ লক্ষ্যভেদী, গুলী বা তীর ছুড়িতে পারদর্শী ব্যক্তি, অব্যর্থ তীরন্দাজ।

نَشَنْگاه : দৃষ্টিসীমা, পাল্লা, লক্ষ্যস্থল।

نَشْنَشَ : (نَشْنَشَةٌ) চঞ্চল হওয়া, তৎপর হওয়া, ক্ষিপ্রহস্ত হওয়া; (হাঁড়ি) টগবগ করা, বুদ্বুদ তোলা।

تَنَشْنَشَ : চঞ্চল হওয়া, তৎপর হওয়া, ক্ষিপ্রহস্ত হওয়া, পুনরায় জাগিয়া উঠা।

نَشْنَاش : ক্ষিপ্রহস্ত, চঞ্চল, তৎপর।

نَشِيَ : ـَ (نُشْوَة، نَشْوَة، نِشْوَة) إِنْشَى، (إِنْشَاو) নেশাগ্রস্ত হওয়া, মাতাল হওয়া।

نَشَّى : (تَنْشِيَةٌ) (কাপড়ের) মাড় দেওয়া, মাড় দিয়া শক্ত করা।

إِسْتَنْشَى : (إِسْتِنْشَاو) শোঁকা, ঘ্রাণ লওয়া, শ্বাস টানা, শ্বাসের সহিত গ্রহণ করা; (সংবাদ) জানিতে চাওয়া।

نَشْو : নেশা, মাতলামি।

نَشْوَة : নেশা, মাতলামি; সুবাস; গন্ধ।

نَشْوَة الطَّرَب : উল্লাস।

نَشًا : সুবাস।

~ , نَشَاء : মাড়।

نِشْيَة : সুবাস। ব نَشَايَا

نَشَوِى : মাড়যুক্ত, শক্ত।

نَشَاوِيَّة، نَشَوِيَّة : মাড়যুক্ত খাদ্য।

نَشْوَان : নেশাগ্রস্ত, মাতাল; উল্লসিত। স্ত্রী نَشْوَى ব نَشَاوَى

نَشْيَان : সংবাদ সংগ্রহকারী।

إِنْتِشَاء : নেশাগ্রস্ততা, মাতলামি।

مُنَشًّى : মাড় দিয়া শক্ত করা হইয়াছে এমন।

مَنْشِيَة : গ্রাম, স্থান।

نَصَّ : ـُ (نَصّ) সংস্থাপন করা, স্থাপন করা; নির্দিষ্ট করা; সংজ্ঞা দেওয়া; উদ্ধৃতি দেওয়া, ঠিক করা; প্রস্তুত করা; বিন্যস্ত করা, সাজাইয়া রাখা; সারিবদ্ধ করা; (চিঠি) সাজাইয়া লেখা; প্রদর্শন করা; প্রকাশ করা, (কনে) দেখানো, সম্পৃক্ত করা; আরোপ করা; নাড়ানো, ঝাঁকুনি দেওয়া।

~ ـِ (نَصِيص) : হিস্‌হিস্ শব্দ করা, টগবগ করা।

نَصَّصَ : (تَنْصِيص) সাজাইয়া রাখা, দ্ব্যর্থহীন ব্যক্ত করা।

~ , نَاصَّ : (نِصَاص) চাপ প্রয়োগ করা।

إِنْتَصَّ : (إِنْتِصَاص) সোজা হইয়া দাঁড়ানো; উঁচু হওয়া; প্রদর্শিত হওয়া।

نَصّ : মৌল সূত্র; মূল পাঠ; text; রচনা, শব্দসমষ্টি, বাক্য, বাকধারা, পরিভাষা, কথা, উদ্ধৃতাংশ, উদ্ধৃতি, বর্ণনা-পদ্ধতি; সংজ্ঞা; শর্ত; আদেশ; শেষ বিষয়; চরমসীমা। ব نُصُوص

بِنَصِّهِ وَفَصِّهِ، بِنَصِّهِ : আক্ষরিকভাবে, অক্ষরে অক্ষরে।

نَصَّة : স্ত্রী চড়ুইপাখি।

نُصَّة : সম্মুখের কেশগুচ্ছ, অলকগুচ্ছ।

تَنْصِيص : উদ্ধৃতি, quotation.

عَلَامَةُ التَّنْصِيص : উদ্ধৃতিচিহ্ন, quotation-mark.

مِنَصَّة : উচ্চ আসন; মঞ্চ; বেদী। ব مِنَصَّات، مَنَاصّ

مِنَصَّة التَّصْوِير : আঁকিবার সময় ছবি রাখিবার ফ্রেম, easel.

~ الخَطَابَة : বক্তৃতা-মঞ্চ।

~ العَرُوس : বিবাহ-মঞ্চ।

~ القَضَاء : বিচারকের আসন।

مَنْصُوص عَلَيْه : নির্দিষ্ট, নির্ধারিত, নিরূপিত, নির্দেশিত, উদ্দিষ্ট।

نَصَبَ : ـُ (نَصْب) স্থাপিত করা, বসানো, খাড়া করা, উত্তোলন করা; প্রস্তুত করা, ফিট করা; পুঁতিয়া দেওয়া, রোপণ করা; পাতা; তাক করা; লক্ষ্য স্থির করা; নিয়োগ করা; (শব্দের শেষ বর্ণে) নসব (ـَ) দেওয়া (ব্যা); ক্লান্ত করা, কাহিল করা, নিঃশেষিত করা।



www.pathagar.com

~ لِ : (শত্রুতা) প্রদর্শন করা, ব্যক্ত করা, কষ্ট সহ্য করা।

~ عَلَى : ঠকানো, প্রতারিত করা।

نَصَبَ الحَرْبَ : যুদ্ধ ঘোষণা করা।

~ الخَيْمَةَ : তাঁবু গাড়া, শিবির স্থাপন করা।

~ الشَجَرَةَ : বৃক্ষ রোপণ করা।

نَصَبَ فَخًّا ، ~ شَرَكًا : ফাঁদ পাতা।

~ مَكِيدَةً : ষড়যন্ত্রের জাল পাতা।

نَصِبَ - : (نَصَب) কষ্ট দেওয়া, যন্ত্রণা দেওয়া।

~ - : (نَصَب) ক্লান্ত হওয়া; নষ্ট করা।

نَصَّبَ : (تَنْصِيب) উত্তোলন করা; (কান) খাড়া করা, স্থাপন করা, মর্যাদায় উন্নীত করা, (উচ্চ পদে) নিয়োগ করা।

نَاصَبَ : (مُنَاصَبَة) বিরোধিতা করা, যুদ্ধ করা; বিপক্ষে দাঁড়ানো, বিরোধী হওয়া, শত্রুতাপূর্ণ হওয়া; শত্রুতা প্রদর্শন করা; যুদ্ধ ঘোষণা করা।

أَنْصَبَ : (إِنْصَاب) ক্লান্ত করা; কাহিল করা, নিঃশেষিত করা; অংশ দেওয়া, অংশ নির্ধারণ করা; হাতল লাগানো।

تَنَصَّبَ : উত্থিত হওয়া, উত্তোলিত হওয়া; বাতাসে উড়া।

إِنْتَصَبَ : (إِنْتِصَاب) সোজা হইয়া দাঁড়ানো, খাড়া হওয়া; উত্থিত হওয়া, উত্তোলিত হওয়া; স্থাপিত হওয়া, জাগিয়া উঠা; নিজ পায়ে দাঁড়ানো, (শব্দের শেষ বর্ণ) নসবযুক্ত হওয়া (ব্যা)।

~ لِ : নিযুক্ত হওয়া, নিয়োজিত হওয়া, প্রবৃত্ত হওয়া।

إِنْتَصَبَ لِلْحُكْمِ : বিচারে বসা, রায় ঘোষণার জন্য দাঁড়ানো।

نَصْب : স্থাপন, রোপণ; উত্তোলন; প্রতিষ্ঠা, স্থিরকরণ; নিয়োগ; নসব (ব্যা); পীড়া, প্রতারণা।

~ : স্থাপিত বস্তু, স্থাপনা। ব أَنْصَاب

نِصْب : অংশ।

نُصُب، نُصْب : স্তম্ভ, মূর্তি, প্রতিমূর্তি, প্রতিমা, রোগ, যন্ত্রণা। ব أَنْصَاب

نُصْب تِذْكَارِيّ : স্মৃতি স্তম্ভ।

نُصْب العَيْنِ : দৃষ্টিভঙ্গী, দৃষ্টিকোণ; লক্ষ্যস্থল।

نُصْبَ : সম্মুখে, বিপরীতে।

نُصْبَ عَيْنَيَّ : আমার চোখের সামনে।

نَصَب : কষ্ট, কঠোর পরিশ্রম, ক্লান্তি।

~ : পতাকা; নিদর্শন। ব أَنْصَاب

نَصْبَة : চারাগাছ; চালাকি; নসব-চিহ্ন ফাত্‌হা (ـَ)। ব نَصْبَات

نُصْبَة : খুঁটি, স্তম্ভ; রাস্তার নাম ও দূরত্বজ্ঞাপক স্তম্ভ, সাইনপোস্ট, signpost.

نَاصِب : কষ্টকর, কষ্টদায়ক, ক্লান্তিকর। ব نَوَاصِبُ

نَاصِبَة : নসবদাতা অব্যয় (ব্যা) চারটি– (أَنْ، لَنْ، كَيْ، إِذَنْ) ব نَوَاصِب

نِصَاب : মূল, সূচনা; স্বাভাবিক অবস্থা; যে পরিমাণ সম্পদ থাকিলে যাকাত দেওয়া হয়, নিসাব।

~ : (তরবারির) বাঁট, (ছুরির) হাতল। ব نُصُب، نِصَابَات

فِي نِصَابِهِ : যথাযথ স্থানে; সঠিকভাবে।

رَدَّ أَمْرًا إِلَى نِصَابِهِ : কোনকিছু ঠিক করা, স্বাভাবিক অবস্থায় ফিরাইয়া আনা।

عَادَ الهُدُوءُ إِلَى نِصَابِهِ : শান্তি যথারীতি পুনঃস্থাপিত হইয়াছে।

نَصَّاب : প্রতারক, জুয়াচোর, ভণ্ড, ফাঁকিবাজ; প্রতারণাপূর্ণ।

نَصِيب : অংশ, ভাগ; ভাগ্য। ব أَنْصِبَاء، أَنْصِبَة، نُصُب

يَانَصِيب : লটারি।

نَصِيبَة : চৌবাচ্চার চতুষ্পার্শ্বে স্থাপিত পাথর; খুঁটি। ব نَصَائِب

أَنْصَب : খাড়া শিংবিশিষ্ট (মেষ); উন্নতবক্ষ (উষ্ট্রী)। স্ত্রী نَصْبَاء ব نُصْب

إِنْتِصَاب : স্থাপন, নির্মাণ; খাড়াকরণ।

تَنْصِيب : নিয়োগ, নির্বাচন।

مَنْصِب : অবস্থান; মর্যাদা; পদ; কাজ; মূল। ব مَنَاصِب



www.pathagar.com

أَرْبَابُ الْمَنَاصِبِ : পদস্থ ব্যক্তিবর্গ।

مِنْصَبٌ : রান্নাঘরের দীর্ঘ চুল্লিবিশেষ, লোহার তেপায়া। ব مَنَاصِبُ

مَنْصَبَةٌ : কষ্ট, ক্লান্তি।

مُنَصَّبٌ : বিন্যস্ত, স্তরে স্তরে সজ্জিত, সারিবদ্ধ; নিয়োগকৃত।

مَنْصُوبٌ : স্থাপিত; নসবযুক্ত (ব্যা)।

مُنَاصِبٌ : বিপক্ষ, প্রতিপক্ষ, বিরোধী।

مُنْتَصِبٌ : উত্থিত; স্থাপিত; রোপণকৃত; খাড়া স্থাপিত।

نَصَتَ - : (نَصْتٌ)، إِنْتَصَتَ (إِنْتِصَاتٌ) চুপ থাকা, শ্রবণ করা।

~ لِ : মনোযোগ সহকারে শ্রবণ করা, কান পাতিয়া শোনা।

أَنْصَتَ : (إِنْصَاتٌ) চুপ করানো।

~ لِ : মনোযোগ সহকারে শ্রবণ করা, কান পাতিয়া শোনা।

تَنَصَّتَ : শ্রবণ করিতে চেষ্টা করা, গোপনে শ্রবণ করা, আড়ি পাতা।

إِسْتَنْصَتَ : (إِسْتِنْصَاتٌ) শুনিবার জন্য দাঁড়ানো; চুপ করিতে বলা।

نَصْتٌ، نُصْتَةٌ : শ্রবণ; নীরবতা।

تَنَصُّتٌ : আড়ি পাতিয়া শ্রবণ।

مُتَنَصِّتٌ : আড়ি পাতিয়া শ্রবণকারী।

نَصَحَ - : (نَصْحٌ، نُصْحٌ، نَصَاحَةٌ، نَصِيحَةٌ) উপদেশ দেওয়া; পরামর্শ দেওয়া, সদুপদেশ দেওয়া; নসিহত করা।

~ : (نَصْحٌ، نُصُوحٌ) খাঁটি হওয়া, আন্তরিক হওয়া; হিতাকাঙ্ক্ষী হওয়া; শুভেচ্ছা প্রদর্শন করা।

~ : সাগ্রহে সম্পাদন করা; উত্তমরূপে সেলাই করা; প্রচুর পরিমাণে পানি দেওয়া।

نَصِحَ - : (نَصَاحَةٌ) স্থূল হওয়া, মাংসল হওয়া।

نَصَّحَ : (تَنْصِيحٌ) মোটা হওয়া।

نَاصَحَ : (مُنَاصَحَةٌ) সৎ পরামর্শ দেওয়া, সদুপদেশ দেওয়া, শুভাকাঙ্ক্ষী হওয়া, একে অপরকে সৎপরামর্শ দেওয়া, পরস্পর মঙ্গল কামনা করা।

أَنْصَحَ : (إِنْصَاحٌ) তৃপ্তি সহকারে (পশুকে) পানি পান করানো; পর্যাপ্ত পরিমাণে পানি দেওয়া।

تَنَصَّحَ : সেলাই করা; শুভাকাঙ্ক্ষী সাজা; বন্ধুসুলভ আচরণ করা।

تَنَاصَحَ : পরস্পর হিতাকাঙ্ক্ষী হওয়া, একে অন্যের মঙ্গল কামনা করা।

إِنْتَصَحَ : (إِنْتِصَاحٌ) উপদেশ গ্রহণ করা, পরামর্শ লওয়া।

إِسْتَنْصَحَ : (إِسْتِنْصَاحٌ) পরামর্শ চাওয়া; পরামর্শ করা; কাহাকেও শুভাকাঙ্ক্ষী মনে করা।

نُصْحٌ، نَصْحٌ : উপদেশ প্রদান, পরামর্শদান; উপদেশ; পরামর্শ।

نَاصِحٌ : পরামর্শদাতা, উপদেশদাতা, হিতাকাঙ্ক্ষী। ব نُصَحَاءُ، نُصَّحٌ، نُصَّاحٌ

~ : আন্তরিক, খাঁটি; মোটা, স্থূলকায়; সেলাইকারী, দর্জি।

نَاصِحُ الْجَيْبِ : সরলমনা।

نِصَاحٌ : সেলাই করিবার সুতা। ব نِصَاحَةٌ، نُصُحٌ

نَصَاحَةٌ : সতর্কীকরণ; মাংসলতা।

نَصُوحٌ : খাঁটি, আন্তরিক; বিশ্বস্ত।

نَصِيحٌ : সৎপরামর্শদাতা; শুভাকাঙ্ক্ষী। ব نُصَحَاءُ

نَصِيحَةٌ : উপদেশ, সৎপরামর্শ, নসিহত। ব نَصَائِحُ

بَذَلَ نَصِيحَةً : উপদেশ দান করা।

إِسْتِنْصَاحٌ : পরামর্শ কামনা।

مِنْصَحٌ، مِنْصَحَةٌ : সেলাই করিবার সুচ।

مَنْصُوحَةٌ : প্রচুর বর্ষণসিক্ত (ভূমি)।

مُتَنَصَّحٌ : সেলাইকৃত (বস্ত্র)।

نَصَرَ - : (نَصْرٌ، نُصُورٌ) সাহায্য করা, পৃষ্ঠপোষকতা করা; বিজয়ী করা।

~ مِنْ : রক্ষা করা।



www.pathagar.com

نَصَّرَ : (تَنْصِيْر) খ্রিস্টান বানানো।

نَاصَرَ : (مُنَاصَرَة) সাহায্য করা, সমর্থন করা; রক্ষা করা।

تَنَصَّرَ، تَنَصْرَنَ : খ্রিস্টান হইয়া যাওয়া, খ্রিস্টধর্মে দীক্ষিত হওয়া।

~ لِ : সাহায্য করিতে চেষ্টা করা; সমর্থন করিতে উদ্ধত হওয়া, পক্ষে দাঁড়ানো।

تَنَاصَرَ : একে অপরকে সাহায্য করা, পরস্পর সহযোগিতা করা।

إِنْتَصَرَ : (إِنْتِصَار) জয়লাভ করা, বিজয়ী হওয়া।

~ لِ : পক্ষে যাওয়া, পক্ষ সমর্থন করা।

~ عَلَى : বিজয়ী হওয়া।

~ مِنْ : প্রতিশোধ গ্রহণ করা।

إِسْتَنْصَرَ : (إِسْتِنْصَار) সাহায্য চাওয়া।

نَصْر : সাহায্য; বিজয়।

نُصْر، نُصْرَة : সাহায্য, সহায়তা; পৃষ্ঠপোষকতা।

نَاصِر : সাহায্যকারী, রক্ষাকারী; পৃষ্ঠপোষক। ব نَوَاصِرُ، أَنْصَار، نُصَّار

نَصْرَة، النَّاصِرَة : নাযারেয, Nazareth : ফিলিস্তীনের একটি শহর। ঈসা (আ)-এর জন্মস্থান।

نَصْرِيّ، نَاصِرِيّ : নাযারেথবাসী, নাযারেথ-সম্বন্ধীয়।

نَاصُور : (نَاسُور) ভগন্দর। ব نَوَاصِير

نَصَّار : শক্তিশালী রক্ষাকর্তা।

نَصِير : সাহায্যকারী; রক্ষাকর্তা; পৃষ্ঠপোষক; অনুসারী। ব أَنْصَارٌ، نُصَرَاء

النُّصَيْرِيَّة : (সিরিয়ার) নুসায়রী সম্প্রদায়। শিয়াদের একটি উপদল। ইবনে নুসায়রের অনুসারী।

نَصْرَانِيّ، نَصْرَان : খ্রিস্টান, নাসারা জাতি। ব نَصَارَى

نَصْرَانِيَّة : খ্রিস্টধর্ম।

أَنْصَر : খাৎনা করা হয় নাই এমন ব্যক্তি।

أَنْصَار : অনুসারীবৃন্দ, পৃষ্ঠপোষকগণ, পক্ষের লোকজন, বন্ধু-বান্ধব।

الأَنْصَار : আনসার ঃ হিজরতের পর রাসূলুল্লাহ (স) ও মুহাজিরদিগকে সাহায্য প্রদানকারী মদীনার মুসলিমবৃন্দ।

إِنْتِصَار : বিজয়; প্রতিশোধ।

تَنْصِير : খ্রিস্টধর্মে দীক্ষিতকরণ।

مَنْصَر : ডাকাতদল। ব مَنَاصِر

مَنْصُور : সাহায্যপ্রাপ্ত; বিজয়ী।

الْمَنْصُور : আবূ জা'ফর আল-মানসূর (মৃ. ৭৭৫ খ্রি) ঃ বাগদাদের দ্বিতীয় আব্বাসী খলীফা।

مُنَاصِر : সাহায্যকারী, রক্ষাকারী, পৃষ্ঠপোষক।

مُنَاصَرَة : সাহায্য, সহায়তা, পৃষ্ঠপোষকতা।

مُنْتَصِر : বিজয়ী।

نَصَعَ : ـَ (نَصَاعَة، نُصُوع) পরিষ্কার হওয়া, স্পষ্ট হওয়া; খাঁটি হওয়া; তুষারশুভ্র হওয়া; পিপাসা নিবৃত্ত করা।

~ بِ : (সন্তান) জন্ম দেওয়া।

أَنْصَعَ، ~ بِ ~ : স্বীকার করা, স্বীকৃতি দেওয়া।

نِصْع، نَصْع : শ্বেত চর্ম, শ্বেত বস্ত্র।

نَصِيع، نَاصِع : স্বচ্ছ, পরিষ্কার, সুস্পষ্ট; খাঁটি, নিরেট।

نَاصِعِ الْبَيَاض : তুষারশুভ্র।

حَقّ نَاصِع : নিরেট সত্য।

~ دَلِيل : সুস্পষ্ট প্রমাণ।

نَصَاعَة : স্পষ্টতা; খাঁটিত্ব।

مَنْصَع : শৌচাগার, পায়খানা। ব مَنَاصِع

نَصَفَ : ـُ (نَصْف) মধ্যস্থলে উপনীত হওয়া; দ্বিপ্রহর হওয়া।

~ : ـُ (نَصْف) অর্ধেক লওয়া; অর্ধেক করা; (বইয়ের) অর্ধেক পাঠ করা; (পাত্রের) অর্ধেক ব্যবহার করা; সুবিচার করা, ইনসাফ করা; সেবা করা।

نَصَّفَ : (تَنْصِيف) সমদ্বিখণ্ডিত করা; অর্ধেক সাদা ও অর্ধেক কালো হওয়া।

نَاصَفَ : (مُنَاصَفَة) দুইভাগে ভাগ করিয়া লওয়া, অর্ধেক ভাগ লওয়া, সমান অংশীদার হওয়া।



www.pathagar.com

أَنْصَفَ : (إِنْصَاف) ইনসাফ করা, ন্যায্য আচরণ করা, সুবিচার করা; নিরপেক্ষ হওয়া; মধ্যস্থলে উপনীত হওয়া; অর্ধাংশ লওয়া; মধ্যাহ্নে ভ্রমণ করা; সেবা করা।

~ مِنْ : সুবিচার লাভ করা; সুবিচার আদায় করা।

تَنَصَّفَ : আত্মসমর্পণ করা; সেবক হওয়া; সেবকরূপে গ্রহণ করা; সুবিচার দাবি করা; সম্পত্তির অংশ দাবি করা।

~ مِنْ : পাওনা আদায় করা; প্রতিশোধ গ্রহণ করা।

تَنَاصَفَ : ন্যায় আচরণ করা।

إِنْتَصَفَ : (إِنْتِصَاف) মধ্যস্থলে উপনীত হওয়া, মাঝখানে অবস্থান করা; দ্বিধাবিভক্ত করা; দ্বিপ্রহর হওয়া; ন্যায় আচরণ করা।

~ لِ : ন্যায়বিচার করা।

~ مِنْ : সুবিচার চাওয়া; প্রতিশোধ গ্রহণ করা।

نَصْف : মধ্যম, মাঝারি, মধ্যবয়সী।

~، نُصْف : অর্ধ, অর্ধেক, অর্ধাংশ; মধ্য। ব أَنْصَاف

نِصْفُ الدَّائِرَةِ : অর্ধ-বৃত্ত।

~ سَاعَةٍ : আধঘণ্টা।

~ سَنَوِيّ : অর্ধ-বার্ষিক।

~ شَهْرِيّ : অর্ধ-মাসিক।

~ الطَّرِيقِ : মধ্যপথ, অর্ধপথ।

~ عُمْر : অপরের ব্যবহৃত, পুরাতন, second-hand.

~ القِرْد : বানরসদৃশ পশুবিশেষ, lemur.

~ القُطْر : ব্যাসার্ধ।

~ اللَّيْل : মধ্যরাত্রি।

~ النَّهَار : মধ্যাহ্ন, দ্বিপ্রহর।

نِصْفِيّ : আধা, অর্ধ, আধাআধি।

نَصَف، نَصَفَة : ন্যায়বিচার, সুবিচার।

~ : মধ্যবয়সী। ব أَنْصَاف

نَاصِف : গৃহ-পরিচারক, চাকর। ব نَصَفَة، نَصَف، نُصَّاف

نَاصِفَة : নদীর মধ্যস্রোত, নদী। ব نَوَاصِف

نَصِيف : ঘোমটা, অবগুণ্ঠন; অর্ধাংশ; শস্যের মাপবিশেষ।

نَصْفَان : অর্ধপূর্ণ (পাত্র)। স্ত্রী نَصْفَى

إِنْصَاف : ইনসাফ, ন্যায়বিচার, সুবিচার, ন্যায় আচরণ, ন্যায়পরতা; নিরপেক্ষতা।

تَنْصِيف : সমদ্বিখণ্ডন।

مَنْصَف : রাস্তার মধ্যস্থল।

مِنْصَف : পরিচারক, চাকর। ব مَنَاصِف

مُنْصِف : ইনসাফকারী; বিচারক; ন্যায়পরায়ণ; পূর্ণাঙ্গ দাবি প্রদানকারী।

مُنَصِّف : সমদ্বিখণ্ডনকারী, সমদ্বিখণ্ডক।

مُنَاصَفَةً : সমান দুই অংশে, অর্ধার্ধিভাবে, আধাআধি করিয়া।

مُنْتَصَف : মধ্য, মধ্যস্থল।

مُنْتَصَفُ اللَّيْلِ : মধ্যরাত্রি।

~ النَّهَار : মধ্যাহ্ন, দ্বিপ্রহর।

~ الطَّرِيق : মধ্যপথ, অর্ধপথ।

~ السَّاعَةِ العَاشِرَةِ : সাড়ে নয়টা, ৯:৩০ মি.।

نَصَلَ – ُ : (نُصُول) খসিয়া পড়া; বিবর্ণ হওয়া।

~ مِنْ : বাহির হইয়া আসা; পলাইয়া আসা, নিজেকে মুক্ত করা।

~ – ُ : (نَصْل) (তীর, বর্শা ইত্যাদির) ফলা লাগানো বা খুলিয়া ফেলা।

نَصَّلَ : (تَنْصِيل) (তীরে) ফলা লাগানো।

أَنْصَلَ : (إِنْصَال) (তীরের) ফলা খুলিয়া ফেলা।

~ مِنْ : বাহির করা।

تَنَصَّلَ : মনোনীত করা।

~ مِنْ : বাহির করা; বাহির হইয়া আসা; পলাইয়া আসা; সরিয়া আসা; (দোষ) এড়ানো; (দায়িত্ব) অস্বীকার করা; নিজেকে মুক্ত করা; পরিত্যাগ করা।

إِنْتَصَلَ : (إِنْتِصَال) (তীরের ফলা) বাহির হইয়া আসা, খুলিয়া যাওয়া।

إِسْتَنْصَلَ : (إِسْتِنْصَال) বাহির করা, উৎপাটিত করা।



www.pathagar.com

تَنَضَّضَ : সম্পন্ন করা; অল্প অল্প করিয়া পাওয়া।

إِسْتَنَضَّ (إِسْتِنْضَاض) : অল্প অল্প করিয়া পাওয়া।

نَضٌّ : নগদ টাকা, মুদ্রা, স্বর্ণ ও রৌপ্যমুদ্রা।

نَضًّا : নগদে।

نَاضٌّ : সম্ভাব্য বিষয়; নগদ টাকা, মুদ্রা।

نَضَاض : সামান্য লাভ।

نُضَاضَة : পানির অবশিষ্টাংশ; সর্বশেষ সন্তান।

نَضِيض : সামান্য পরিমাণ (পানি); তুচ্ছ, নগণ্য বস্তু। ব نَضَاض

جَاءَ الْقَوْمُ بِأَقْصَى نَضِيضِهِمْ : লোকগুলো সকলেই সামান্য বস্তু নিয়া আসিয়াছে।

نَضِيضَة : হালকা বৃষ্টি; মৃদু বাতাস, তপ্ত প্রস্তরে ঝলসানো গোশতের ছড় ছড় শব্দ। ব أَنِضَّة، نَضَائِض

إِبِل ذَاتُ نَضِيضَة : পিপাসার্ত উট।

نَضَبَ : ـُ (نُضُوب) (মাটিতে) শুষিয়া যাওয়া, টানিয়া যাওয়া, শুকাইয়া যাওয়া; কমিয়া যাওয়া, ফুরাইয়া যাওয়া, মরিয়া যাওয়া; (চক্ষু) কোটরগত হওয়া; দূরে চলিয়া যাওয়া।

لَايَنْضُبُ : অফুরন্ত; অক্ষয়।

أَنْضَبَ (إِنْضَاب) : শুকাইয়া ফেলা; ফুরাইয়া ফেলা; নিঃশেষিত করা; (ধনুকে) টঙ্কার-ধ্বনি করা।

نَاضِب : শুকনা, শুষ্ক; বন্ধ্যা, অনুর্বর। ব نُضَّب

نُضُوب : ক্ষয়, শেষ।

تَنْضُب : তীর বানাইবার কাঁটাওয়ালা গাছবিশেষ। ব تَنَاضِب

نَضِجَ : ـَ (نَضْج) পরিপক্ব হওয়া, ফল পাকা, পরিণত হওয়া, পূর্ণতাপ্রাপ্ত হওয়া; উত্তমরূপে রান্না হওয়া।

أَنْضَجَ (إِنْضَاج) : পাকানো, পরিপক্ব করা, পরিণত করা, পূর্ণতাপ্রাপ্ত করা; উত্তমরূপে রান্না করা।

نَضْج، نُضْج، نُضُوج : পরিপক্বতা, পরিণতি, পূর্ণতাপ্রাপ্তি।

نَضِيج، نَاضِج : পাকা, পরিপক্ব, সুপক্ব, পরিণত, পূর্ণতাপ্রাপ্ত; উত্তমরূপে রান্নাকৃত।

نَصْل : (তীর বা বর্শার) ফলা, (ছুরি বা তরবারির) ফলা; চাকু। ব أَنْصُل، نُصُول، نِصَال

نَاصِل : পতনশীল, খসিয়া পড়িতেছে এমন; বিবর্ণ।

نَصِيل : গ্রীবা ও মস্তকের সংযোগস্থল; চোয়াল; মাথার উপরিভাগ; কুঠার। ব نُصُل

مِنْصَل (ব مَنَاصِل) مِنْصَال (ব مَنَاصِيل) : পাথর ভাঙ্গিবার মুষল।

مُنْصُل، مُنْصَل : তরবারি। ব مَنَاصِل

نُصْمَة : প্রতিমা, বিগ্রহ।

نَصَا : ـُ (نَصْو) أَنْصَى، (إِنْصَاء) تَنَاصَى অলকগুচ্ছ ধৃত করা।

نَاصَى (مُنَاصَاة) : একে অন্যের অলকগুচ্ছ ধরিয়া টানাটানি করা।

تَنَصَّى : কুন্তল কুঞ্চিত করা।

~ بِ : সংলগ্ন হওয়া।

إِنْتَصَى (إِنْتِصَاء) : (চুল) লম্বা হওয়া; (ভূমি) উঁচু হওয়া; লাভ করা।

نَصِيّ : নরম কাঁটাগাছবিশেষ।

نَصِيَّة : অবশিষ্টাংশ; শ্রেষ্ঠাংশ। ব أَنَاصٍ، أَنْصَاء، نَصِيّ

نَاصِيَة : মাথার সম্মুখভাগ, মাথার সম্মুখভাগের কেশগুচ্ছ, চূর্ণকুন্তল, অলকগুচ্ছ; কোণ। ব نَاصِيَات، نَوَاصٍ

أَخَذَ بِنَاصِيَتِه : সে অলকগুচ্ছ ধৃত করিল।

نَوَاصِي النَّاسِ : (গোত্রের) প্রধান ব্যক্তিবর্গ।

حَجَر النَّاصِيَة : বহিস্থ কোণ।

مُنْتَصَى : দুই উপত্যকার মিলনস্থল।

نَضَّ : ـِ (نَضّ) ধীরে প্রবাহিত হওয়া; চুয়াইয়া পড়া, ফোঁটা ফোঁটা পড়া; ডানা ঝাঁপটানো; প্রদর্শন করা।

~ : (نَضِيض) সম্ভব হওয়া।

نَضْنَضَ : (تَنْضِيض) নাড়া দেওয়া, আন্দোলিত করা; ঝাঁকুনি দেওয়া।

أَنَضَّ : (إِنْضَاض) সম্পন্ন করা।



www.pathagar.com

مَنْضَح، مُنْضِج : ফোড়া ইত্যাদি পাকাইবার জন্য ব্যবহৃত ঔষধ, পাকতা। ব مَنَاضِح

مِنْضَاج : কাবাবের শিক।

نَضَحَ - : (نَضْح) ভিজানো, সিক্ত করা, (পানি) দেওয়া; (পশু) পানি বহন করা; (পিপাসা) নিবৃত্ত করা, ঘামানো, ঘর্মাক্ত হওয়া; চুয়াইয়া পড়া; ঝরানো।

~عَنْ : প্রতিরক্ষা করা; সমর্থন করা; জবাব দেওয়া।

~ بِ : ফোঁটায় ফোঁটায় নির্গত করা।

نَضَحَ بِالمَاءِ : পানি ছিটানো।

أَنْضَحَ : (إِنْضَاح) সম্মান নষ্ট করা, দুর্নাম করা; (বৃক্ষ) মুকুলিত হওয়া।

تَنَضَّحَ : অশ্রু ঝরানো।

~ مِنْ : অপরাধ অস্বীকার করা।

إِنْتَضَحَ : (إِنْتِضَاح) (পানি) সিঞ্চিত হওয়া, ছিটিয়া পড়া; অশ্রু ঝরানো।

~ مِنْ : অপরাধমুক্ত হওয়া।

نَضْح : সিঞ্চন, চুয়ানো, সিক্তকরণ; ফোঁটায় ফোঁটায় নির্গমন।

نَضَح : (ব أَنْضَاح، نُضُوح) نَضِيح (ব نُضُح) পশুর পানি পান করিবার চাড়িবিশেষ।

نَاضِح : পানিবাহী পশু। ব نَوَاضِح

نَضَّاح : পানিবাহী উটের চালক।

نَضَّاحَة : পানি ছিটাইবার যন্ত্র; গোলাপ-পাশ।

~ , نَضَحِيَّة : বহু তীর নিক্ষেপকারী (ধনুক)।

نَضُوح : সুগন্ধিবিশেষ।

تَنَاضُح : পানি ছিটাছিটিকরণ।

مِنْضَح : ডুশ; ঝরনা।

مِنْضَحَة : পানি ছিটাইবার যন্ত্র, ডুশ; গোলাপ-পাশ। ব مَنَاضِح

نَضَدَ - : (نَضْد) نَضَّدَ (تَنْضِيد) সাজাইয়া রাখা, সারিবদ্ধ করা; বিন্যস্ত করা; রাশীকৃত করা।

تَنَضَّدَ : সুবিন্যস্ত হওয়া, রাশীকৃত হওয়া, সারিবদ্ধ হওয়া।

إِنْتَضَدَ : (إِنْتِضَاد) ~ بِ সমবেত হওয়া; অবস্থান করা।

نَضَد : ব أَنْضَاد খাট; সারি, স্তর; গৌরব, মহত্ত্ব।

~, نَضُود : স্থূলকায় (উষ্ট্রী)। ব نُضُد

مَنْضُود، مُنَضَّد، نَضِيد : বিন্যস্ত, সারিবদ্ধ, স্তরে স্তরে সজ্জিত; নিয়মিত।

نَضِيدَة : তোশক, গদি, বালিশ। ব نَضَائِد

تَنْضِيد : সারিবদ্ধকরণ, বিন্যাস; অক্ষরবিন্যাস।

مِنْضَدَة : টেবিল; ডেস্ক; খাট; তাক। ব مَنَاضِد

مُنَضِّد : বিন্যাসকারী; অক্ষর-বিন্যাসক; কম্পোজিটর, Compositor.

نَضَرَ - نَضِرَ، - نَضُرَ - (نَضَارَة، نَضْرَة، نُضُور) : نَضَّرَ (إِنْضَار) أَنْضَرَ সতেজ হওয়া, শ্যামল হওয়া, প্রস্ফুটিত হওয়া; সুন্দর হওয়া, সমুজ্জ্বল হওয়া; তাজা হওয়া।

نَضَّرَ : (تَنْضِير) উজ্জ্বল করা, শ্যামল করা, সতেজ করা, সুন্দর করা; সুখী জীবন দান করা।

نَضْر : খাঁটি স্বর্ণ। ব نُضَار، أَنْضُر، نِضَار

نَضَارَة، نَضْرَة، نَضَر : সতেজতা, শ্যামলতা, সৌন্দর্য, ঔজ্জ্বল্য, দীপ্তি; স্বাচ্ছন্দ্য; প্রাচুর্য, প্রাচুর্যপূর্ণ জীবন।

نَاضِر : সতেজ, শ্যামল, সুন্দর, সমুজ্জ্বল, তাজা; গাঢ় (রং); সবুজ শেওলা।

نَضِر، نَضِير : সতেজ, শ্যামল, সুন্দর, সমুজ্জ্বল, তাজা।

~ : খাঁটি স্বর্ণ।

نَضَفَ - نَضْف، (نَضْف)، - نَضِفَ (نَضَف)، إِنْتَضَفَ (إِنْتِضَاف) (স্তনের দুগ্ধ) নিঃশেষ করা।

أَنْضَفَ : (إِنْضَاف) কদমে চলা, ভঙ্গী করিয়া চলা; কদমে চালানো।

نَضَف : সুগন্ধি গুল্মবিশেষ, wild marjoram.

نَضِف : নোংরা, ময়লা; অপরিষ্কার বস্তু।

نَضِيف : নোংরা, ময়লা, অপরিষ্কার বস্তু।

نَضَفَان : কদম চাল, স্বচ্ছন্দ পদক্ষেপ।



www.pathagar.com

نَضَلَ ـُ : (نَضْل) পরাজিত করা।

نَضِلَ ـَ : (نَضَل) (উট) দুর্বল হওয়া, কাহিল হওয়া।

نَاضَلَ : (مُنَاضَلَة) সংগ্রাম করা, প্রতিযোগিতা করা, বিবাদ করা।

~ عَنْ : প্রতিরক্ষা করা।

أَنْضَلَ : (إِنْضَال) কাহিল করা, দুর্বল করা।

تَنَضَّلَ : তাড়ানো, লইয়া যাওয়া।

تَنَاضَلَ : পরস্পর প্রতিযোগিতা করা।

إِنْتَضَلَ : (إِنْتِضَال) প্রতিযোগিতা করা; বাছাই করা, মনোনীত করা।

نَاضِل : প্রতিযোগিতায় বিজয়ী। ব نُضَّال

مُنَاضَلَة، نِضَال : সংগ্রাম, প্রতিযোগিতা; বিবাদ, দ্বন্দ্ব যুদ্ধ; প্রতিরক্ষা।

مُنَاضِل : সংগ্রামকারী; প্রতিরক্ষাকারী; যোদ্ধা।

نَضْنَضَ : (نَضْنَضَة) (সাপ) জিহ্বা বাহির করা।

نَضْنَاض، نَضْنَاضَة : জিহ্বা বাহির করিতেছে এমন (সাপ)।

نَضَا ـُ : (نَضْو) (কাপড়) খুলিয়া ফেলা; (তরবারি) কোষমুক্ত করা; শুকাইয়া যাওয়া; দ্রুত অতিক্রম করা; আগাইয়া যাওয়া।

~ عَنْ : বিবস্ত্র করা।

نَضَى ـِ : (نَضْي) (তরবারি) কোষমুক্ত করা।

نَضَّى : (تَنْضِيَة) (কাপড়) খুলিয়া ফেলা।

~ عَنْ : বিবস্ত্র করা।

أَنْضَى : (إِنْضَاء) কৃশ করা, দুর্বল করা, ক্লান্ত করা, কাহিল করা; ক্ষয় করিয়া ফেলা।

إِنْتَضَى : (إِنْتِضَاء) (কাপড়) খুলিয়া ফেলা; (তরবারি) কোষমুক্ত করা; ক্ষয় করিয়া ফেলা।

نَضْو : জীর্ণ বস্ত্র। ব أَنْضَاء

نِضْو : কৃশ, ক্লান্ত, কাহিল (পশু)। ব نَضِيّ، أَنْضَاء

نَضْوَة : ঘোড়ার পায়ের নাল।

نَطَّ ـُ (نَطّ) : লম্ফ দেওয়া, লাফাইয়া উঠা, নাচা।

~ : (نَطِيط) পলায়ন করা, দৌড়াইয়া যাওয়া।

نَطَّطَ : (تَنْطِيط) লাফ দেওয়ানো।

تَنَطَّطَ : লাফ দেওয়া, নাচিয়া উঠা।

نَطّ : লম্ফন, লম্ফ, লাফ।

نَطّ الحَبْل : দড়ি-লাফ।

~ طُولِيّ : লংজাম্প, Long jump.

نَطَّة : লম্ফ, লাফ।

نَطَّاط : লম্ফকারী; লাফাইতেছে এমন, লম্ফমান; চঞ্চল; ফড়িংবিশেষ।

نَطِيط : দূরবর্তী (স্থান)।

نَطَبَ ـُ : (نَطْب)، أَنْطَبَ (إِنْطَاب) কানে টোকা মারা।

نَاطَبَ : (نِطَاب) উত্তেজিত করা, ক্ষেপাইয়া তোলা।

مِنْطَبَة، مِنْطَب، نَاطِب ছাঁকনি। (ব نَوَاطِب)

نَطَحَ ـَ (نَطْح) : (শিং দিয়া) গুঁতা মারা, ঢুঁ মারা।

نَاطَحَ : (مُنَاطَحَة) ধাক্কা লাগা, ঠোকা-ঠুকি করা; স্পর্শ করা।

إِنْتَطَحَ، تَنَاطَحَ : (إِنْتِطَاح) গুঁতাগুতি করা।

~ : পরস্পর ধাক্কা লাগা।

نَطْح : গুঁতামারণ; গুঁতা।

نَطْحَة : গুঁতা, ধাক্কা।

نَاطِح : অসুবিধা, প্রতিকূলতা, অদৃষ্টের ফের। ব نَوَاطِح

نَاطِحَة السَّحَاب : আকাশচুম্বী।

نَطَّاح : যে গুঁতা মারে, গুঁতা মারিতে অভ্যস্ত প্রাণী।

مَنْطُوح، نَطِيح : যাহাকে গুঁতা মারা হইয়াছে, যে গুঁতা খাইয়াছে। ব نَطْحَى، نَطَائِح

~، نَطُوح : হতভাগ্য।

نَطِيحَة : শিং-এর গুঁতায় আহত বা নিহত মেষ। ব نَطْحَى

مُنَاطَحَة : গুঁতাগুতি; ষাঁড়ের লড়াই।

نَطَرَ ـُ : (نِطَارَة، نَطْر) পাহারা দেওয়া; পর্যবেক্ষণ করা; অপেক্ষা করা।

نِطَارَة، نَطْر : প্রহরা।



www.pathagar.com

نَاطِر : (ب نَطَرَة، نُطَرَاء، نَوَاطِر) نَاطُور، نُطَّار (ব نَوَاطِير) (দ্রাক্ষাকুঞ্জ, খামার ইত্যাদির) প্রহরী, পর্যবেক্ষণকারী, রক্ষণাবেক্ষণকারী।

نُطَّار : কাকতাড়ুয়া।

مَنْطَرَة : পর্যবেক্ষণের জন্য উচ্চ স্থান। ব مَنَاطِر

نَطَسَ : ـَ (نَطْس) দক্ষ হওয়া, বিজ্ঞ হওয়া।

تَنَطَّسَ : ~ عَنْ উত্তমরূপে পরীক্ষা করা, নিরীক্ষা করা।

~ بِ : দক্ষ হওয়া, পারদর্শী হওয়া।

~ فِي : মার্জিত হওয়া।

نِطَاسِيّ، نَطُس، نَطِس، نَطْس : সুদক্ষ, সুবিজ্ঞ, অভিজ্ঞ, পারদর্শী।

نِطَاسِيّ : অভিজ্ঞ চিকিৎসক, সুদক্ষ ডাক্তার। ব نُطُس

نَاطِس : গুপ্তচর, গোয়েন্দা।

نَطِعَ : (نَطْع)، اِنْتَطَعَ (اِنْتِطَاع) বিবর্ণ হওয়া, ফিকা হওয়া।

تَنَطَّعَ : খুঁতখুঁতে হওয়া, অতিরুচিবান হওয়া; একগুঁয়ে হওয়া।

نَطْع : চামড়ার মাদুরবিশেষ। ব أَنْطَاع، نُطُوع، أَنْطُعٌ

نَطْع : অশিষ্ট।

نِطْع، نَطَع، نِطَع : তালুর সম্মুখভাগ, শক্ত তালু। ব نُطُوع

الحُرُوف النِطْعِيَّة : তালব্য বর্ণ ঃ ط ـ د ـ ت

نِطَاع : অধিকৃত ভূমি।

نَطَّاع : আহারের কিয়দংশ উচ্ছিষ্ট রাখিতে অভ্যস্ত ব্যক্তি।

نَطَفَ : ـُ (نَطْف، نَطَافَة، نِطَافَة، نَطَفَان، تَنْطَاف) চুয়ানো, ফোঁটা ফোঁটা পড়া, অল্প অল্প করিয়া বাহির হওয়া; (পানি) ঢালিয়া দেওয়া।

نَطَفَ : ـَ (نَطْف، نَطَافَة، نُطُوفَة)، نَطِفَ কলঙ্কিত হওয়া।

نَطَّفَ : (تَنْطِيف) কলঙ্কিত করা; দোষারোপ করা; কানে দুল পরানো।

تَنَطَّفَ : কলঙ্কিত হওয়া; কানে দুল পরিধান করা।

~ مِنْ : ঘৃণা করা।

اِسْتَنْطَفَ : (اِسْتِنْطَاف) অপচয় করা।

نُطْفَة : ফোঁটা; শুক্র; পরিষ্কার পানি। ব نُطَف، نِطَافٌ

نَطَف : দোষ, ত্রুটি।

نَطَفَة، نُطَفَة : কানের দুল; ছোট মুক্তা। ব نُطَف

نَطِف : দূষিত; কলুষিত; মস্তিষ্কে আঘাতপ্রাপ্ত।

نَاطِف : কেক ইত্যাদিতে দেওয়ার হালুয়া, ক্রিম ইত্যাদি মিষ্টান্ন।

نَطُوف : বর্ষণমুখর, বাদলা (রাত্রি)।

نَطَقَ : ـِ (نُطْق، نُطُوق، مَنْطِق) ~ بِ বলা, উচ্চারণ করা; কথা বলা।

نَطَقَ بِالحُكْمِ : রায় ঘোষণা করা, রায় দেওয়া।

نَطَّقَ : (تَنْطِيق) বলানো, উচ্চারণ করানো, বাকশক্তি দান করা, কথা বলানো; কটিবন্ধনী বাঁধা, বেষ্টন করা।

نَاطَقَ : (مُنَاطَقَة) আলাপ করা, কথাবার্তা বলা।

أَنْطَقَ : (إِنْطَاق) বলানো, উচ্চারণ করানো।

تَنَطَّقَ : নিজেকে বাঁধা, বেষ্টিত হওয়া; বেল্ট পরিধান করা।

اِنْتَطَقَ : (اِنْتِطَاق) বেষ্টিত হওয়া, বেল্ট পরিধান করা; ঝালরযুক্ত পেটিকোট পরিধান করা।

اِسْتَنْطَقَ : (اِسْتِنْطَاق) প্রশ্ন করা, (সাক্ষীকে) জেরা করা, কথা বাহির করা; বমি করানো।

نُطْق : কথা, উচ্চারণ; বাক্শক্তি; আদেশ।

نُطْق خَارِجِيّ : কথা, উচ্চারণ।

~ دَاخِلِيّ : বুঝ, বুদ্ধি।

فَاقِد النُطْق : নির্বাক।

نِطَاق : বেল্ট, পেটি, ফিতা; বন্ধনী, বেষ্টনী; কটিবন্ধ; ঘাগরি; সীমা, আওতা, পরিধি; বৃত্ত; ক্ষেত্র; কর্ডন, Cordon. ব نُطُق

نِطَاق صِحِّيّ : সেনিটারি বন্ধনী, Sanitary cordon.

وَاسِع النِطَاق : ব্যাপক; বিরাট।



www.pathagar.com

ذَاتُ النِّطَاقَيْنِ : আসমা বিন্‌ত আবূ বাক্‌র (রা)-এর উপাধি। কেননা তিনি এক ঘাগরার উপর আরেকটি ঘাগরা পরিধান করিতেন। হিজরতের সময়ে রাসূলুল্লাহ (স) এবং হযরত আবূ বাক্‌র (রা) যখন সাওর গুহা হতে নিষ্ক্রান্ত হইয়া মদীনায় যাত্রার জন্য প্রস্তুতি গ্রহণ করেন তখন উষ্ট্র-শিবিকা বাঁধার রশির অভাব দেখা দিলে হযরত আসমা (রা) তাঁহার একটি ঘাঘরা দ্বিখণ্ডিত করিয়া উষ্ট্র-শিবিকা বাঁধিয়া দেন। এইখান থেকেই তিনি 'যাতুন নিতাকাইন' উপাধিতে ভূষিত হন।

نَاطِق : কথক, উচ্চারণকারী; কথা বলে এমন; সবাক, বাকশক্তিসম্পন্ন; মুখপাত্র, স্পীকার; বুদ্ধিসম্পন্ন; বাগ্মী; স্পষ্ট।

حَيَوَان نَاطِق : সবাক প্রাণী, মানুষ।

دَلِيل ~ : সুস্পষ্ট প্রমাণ।

فِلْم نَاطِق، شَرِيط ~ : সবাক চলচ্চিত্র, Talking film.

إِسْتِنْطَاق : জেরা, প্রশ্ন; শুনানি।

مَنْطِق : কথা; বাকশক্তি; ভাষা; কথা বলিবার পদ্ধতি।

عِلْم الْمَنْطِق : তর্কশাস্ত্র, যুক্তিবিদ্যা।

مَنْطِقِيّ : তর্কশাস্ত্রীয়।

~ : তর্কশাস্ত্রবিদ। ব مَنَاطِقَة

مِنْطَق : বেল্ট, বন্ধনী, কটিবন্ধ। ব مَنَاطِق

مِنْطَقَة : অঞ্চল, এলাকা, ভূখণ্ড, ক্ষেত্র; আওতা; পরিধি; বেল্ট, বন্ধনী, ফিতা। ব مَنَاطِق

مِنْطَقَة الإِحْتِلَال : অধিকৃত ভূখণ্ড।

~ الْبِتْرُول : তৈলক্ষেত্র।

~ الْبُرُوج : রাশিচক্র।

~ الْجَوْزَاء : নক্ষত্রপুঞ্জবিশেষ, কালপুরুষ, Orion's Belt.

مِنْطَقَة مَمْنُوعَة ,~ حَرَام : নিষিদ্ধ এলাকা।

~ الْحَرْب : যুদ্ধ-এলাকা।

~ حُرَّة : মুক্তাঞ্চল, Free zone.

~ صَمَّاء : বেতার-তরঙ্গহীন বলয়।

صِنَاعِيَّة : (مِنْطَقَة) শিল্প-এলাকা।

~ كُرَوِيَّة : বলয়-মণ্ডল, Spherical zone.

~ النَّجَاة : জীবন-বয়া, Life-buoy.

~ النُّفُوذ : প্রভাব-বলয়, Sphere of influence.

الْمِنْطَقَة الْحَارَّة : গ্রীষ্মমণ্ডল।

مِنْطَقِيّ : আঞ্চলিক বিষয়।

مُنَطَّق : বেষ্টিত।

مَنْطُوق : উচ্চারিত; ব্যক্ত; ভাষণ, উক্তি, কথা, বচন; বক্তব্য; বাচন, পাঠ; বিবৃতি; মূলভাষা; শাব্দিক অর্থ।

بِالْمَنْطُوق : কথা অনুসারে; স্পষ্টভাবে।

مِنْطِيق : সুবক্তা, বাগ্মী।

مُنْتَطِق : প্রভাবশালী; উচ্চপদস্থ ব্যক্তি।

مُسْتَنْطِق : জেরাকারী, তদন্তকারী।

نَطَلَ : ـُ (نَطْل)، نَطَّلَ (تَنْطِيل) নিষ্পেষণ করা, চাপ প্রয়োগ করা, নিংড়ানো; গরম সেক দেওয়া; ঈষদুষ্ণ পানি বা ঔষধমিশ্রিত তরলপদার্থ দ্বারা ধৌত করা।

نَاطِل، نُطْلَة : সামান্য পরিমাণ পানি বা দুধ।

نَيْطَل، نَاطَل، نَاطِل : তরল পদার্থ মাপিবার পাত্রবিশেষ। ব نَيَاطِل

نَيْطَل، نَيْطَلَاء : হঠাৎ মুসীবত, দুঃখ, বিপদ।

نَطَّالَة : পানি সেঁচিবার পাত্রবিশেষ।

نَطُول : গরম সেক, ঈষদুষ্ণ পানি বা ঔষধমিশ্রিত তরল পদার্থে ধৌতকরণ।

مِنْطَل : ঝরনা-গোসল, Shower-bath.

نَطْنَطَ : (نَطْنَطَة) লাফানো, নাচা।

نَطَا : ـُ (نَطْو) দূরবর্তী হওয়া; আর্দ্র হওয়া; (কাপড়) বোনা।

نَاطَا : (مُنَاطَاة) দীর্ঘমাপে প্রতিযোগিতা করা।

أَنْطَى : (إِنْطَاء) প্রদান করা।

تَنَاطَى : বিবাদ করা।

نَطِيّ : দূরবর্তী।

نَطَاوَة : আর্দ্রতা।

نَاط : আর্দ্র, স্যাঁতসেঁতে।



www.pathagar.com

نَظَرَ - ُ : (مَنْظَر، نَظَر) ~ إِلَى নজর দেওয়া, দৃষ্টি দেওয়া, দেখা, তাকানো, লক্ষ্য করা, পর্যবেক্ষণ করা, মনোযোগ দেওয়া; অনুসন্ধান করা; বিবেচনা করা; মনে রাখা।

~ لِ : লক্ষ্য রাখা, যত্ন লওয়া, দেখাশুনা করা; সাহায্য করা।

~ فِى : পরীক্ষা করা, অনুসন্ধান করা; চিন্তা করা, বিবেচনা করা।

~ بَيْنَ : বিচার করা, মীমাংসা করা, রায় দেওয়া।

نَظَرَ الْقَضِيَّةَ، نَظَرَ الدَّعْوَى : মকদ্দমার বিচার করা।

نَظَرَ الشَّىْءَ : আশা করা, অপেক্ষা করা, সময় দেওয়া; ধারে বিক্রয় করা।

نَظَّرَ : (تَنْظِير) ধারে বিক্রয় করা; সময় দেওয়া।

~ بَيْنَ : তুলনা করা।

نَاظَرَ : (مُنَاظَرَة) সমান হওয়া; সমকক্ষ হওয়া; সমান করা, সমকক্ষ করা; তুলনা করা; প্রতিযোগিতা করা; বিতর্ক করা, আলোচনা করা, মুনাযিরা করা; দেখাশোনা করা, তত্ত্বাবধান করা।

أَنْظَرَ : (إِنْظَار) অপেক্ষা করা, সময় দেওয়া, ধারে বিক্রয় করা; তুলনা করা।

تَنَظَّرَ : গভীরভাবে লক্ষ্য করা, পর্যবেক্ষণ করা, নিরীক্ষণ করা; অপেক্ষা করা; সময় দেওয়া; সহনশীল হওয়া।

تَنَاظَرَ : পরস্পর মুখামুখি হওয়া, বিপরীত হওয়া; বিতর্ক করা, বিবাদ করা; প্রতিযোগিতা করা।

إِنْتَظَرَ : (إِنْتِظَار) অপেক্ষা করা, প্রতীক্ষা করা; প্রত্যাশা করা; পর্যবেক্ষণ করা, নিরীক্ষণ করা; ধৈর্যধারণ করা।

إِسْتَنْظَرَ : (إِسْتِنْظَار) অপেক্ষা করা; ধৈর্যধারণ করা, সহনশীল হওয়া, সময় চাওয়া, অবকাশ চাওয়া, অপেক্ষা করিতে বলা; নিরীক্ষণ করা, পর্যবেক্ষণ করা।

نَظَر : নজর, দৃষ্টি; লক্ষ্য, মনোযোগ, খেয়াল, ভ্রূক্ষেপ; যত্ন; বিবেচনা; পর্যবেক্ষণ, পর্যালোচনা; নিরীক্ষা, অনুসন্ধান; দূরদর্শিতা, বিচক্ষণতা; দৃষ্টিভঙ্গি, অভিমত; দৃশ্য; বিচার, শুনানি; তত্ত্বাবধান, নিয়ন্ত্রণ; অনুগ্রহ; আশ্রয়; বিতর্ক। ব أَنْظَار

بِالنَّظَرِ إِلَى، نَظَرًا إِلَى : লক্ষ্যে, উদ্দেশ্যে; বিবেচনায়; ভিত্তিতে, কারণে, জন্য।

بِدُونِ النَّظَرِ، بِقَطْعِ النَّظَرِ، بِصَرْفِ النَّظَرِ ~ إِلَى، عَنْ : নির্বিশেষে; লক্ষ্য না রাখিয়া, বিবেচনা না করিয়া।

تَحْتَ النَّظَرِ : বিবেচনাধীন।

~ أَهْل : যুক্তিবাদী; মতবাদ গঠনকারী।

~ إِعَادَة : পুনঃপরীক্ষা, পুনর্বিবেচনা।

~ طَوِيل النَّظَر، بَعِيد : দূরদৃষ্টিসম্পন্ন, দূরদর্শী।

~ قَصِير : অদূরদর্শী।

فِى هٰذَا الأَمْرِ نَظَر : এই ব্যাপারে পরীক্ষা-নিরীক্ষা করিতে হইবে; বিষয়টি বিবেচনা করিয়া দেখিতে হইবে; বিষয়টি বিতর্কিত।

مَسْئَلَة فِيهَا نَظَر : এইটি বিতর্কিত বিষয়, অমীমাংসিত সমস্যা।

نِظْر : সমান, সমকক্ষ।

عَدِيم النِّظْر : অদ্বিতীয়, অনুপম, অসমকক্ষ, একক।

نَظْرَة : নজর, দৃষ্টি, পলক; (দার্শনিক) চিন্তা; দয়া; দোষ, ত্রুটি। ব نَظَرَات

نَظِرَة : বিলম্ব।

نَظَرِيَّة : অভিমত, মতবাদ, চিন্তা; প্রতিজ্ঞা, Theory. ব نَظَرِيَّات

نَظَرِيًّا : তত্ত্বগতভাবে।

نَاظِر : দর্শক, পর্যবেক্ষক; পরিদর্শক, তত্ত্বাবধায়ক; সুপারিন্টেন্ডেন্ট, অধ্যক্ষ; অভিভাবক; ব্যবস্থাপক; পরিচালক; প্রশাসক, প্রধান কর্মকর্তা; আদালতের কর্মচারীবিশেষ, নাজির। ব نُظَّارَة، نُظَّار

~ : চোখের পুতলি, চোখের তারা।

~ نَاظِرَة : চক্ষু, দৃষ্টি। ব نَوَاظِر

النَّاظِرَانِ : নাসারন্ধ্রের পার্শ্বস্থ শিরাদ্বয়।

نَاظِرَة : তত্ত্বাবধায়িকা, পরিচালিকা।

نَاظُور : দূরবীক্ষণ-যন্ত্রবিশেষ, Telescope, তত্ত্বাবধায়ক, প্রহরী।



www.pathagar.com

نَظَارِ : দাঁড়াও, অপেক্ষা কর।

نِظَارَة، نِظَار : বাহ্যিক আকৃতি; দূরদৃষ্টি।

نِظَارَة : তত্ত্বাবধান, নিয়ন্ত্রণ, তদারক, পরিচালনা, ব্যবস্থাপনা; প্রশাসন, নেজারত।

نَظَّار : তীক্ষ্ণদৃষ্টি, দূরদর্শী।

~ : দর্শক। ব نَظَّارَة

نَظَّارَة : চশমা; দুরবিন। ব نَظَّارَات

نَظَّارَة وَاحِدَة، نَظَّارَة فَرْدِيَّة : এক চোখের চশমা, Monocle.

الرَّصْد الفَلَكِيّ ~ : দূরবীক্ষণ, Telescope.

مُعَظِّمَة ~ : বিবর্ধক কাচ, Magnifying glass.

مُقَرِّبَة ~ : ছোট দুরবিন, Spyglass.

مُكَبِّرَة ~ : অণুবীক্ষণ-যন্ত্র, Microscope.

نَظَّارَة حَرْبِيَّة , ~ المَيْدَان : দূরবীক্ষণ যন্ত্রবিশেষ, Field-glass.

المَسَارِح ~ : রঙ্গালয়ে ব্যবহৃত ক্ষুদ্র দূরবীক্ষণ, অপেরা-গ্লাস, Opera-glass.

نَظَّارَاتِي : চশমা ইত্যাদির নির্মাতা বা বিক্রেতা, Optician.

(نَظَائِر ب) نَظِيرَة স্ত্রী (ب نُظَرَاء) : نَظِير সমান, অনুরূপ, নজির, সমতুল্য, সমকক্ষ, প্রতিপক্ষ; নকল, প্রতিলিপি।

نَظِير السَّمْت، النَظِير : নভোমণ্ডলের যে স্থল আমাদের পদতলের ঠিক নিচে অবস্থিত, অধোবিন্দু, Nadir.

لَيْسَ لَهُ نَظِير : তাহার কোন সমকক্ষ নাই; ইহার কোন নজির নাই; অসমকক্ষ, অদ্বিতীয়, তুলনাহীন।

مُنْقَطِع النَظِير، مَقْطُوع النَظِير : অতুলনীয়।

نَظِيرَة : শীর্ষস্থান, সর্বোচ্চ পদ। ব نَظَائِر

إِنْتِظَار : অপেক্ষা, প্রতীক্ষা, প্রত্যাশা।

عَلَى غَيْرِ إِنْتِظَار : অপ্রত্যাশিতভাবে।

غُرْفَة الإِنْتِظَار : অভ্যর্থনাকক্ষ, বিশ্রামাগার, প্রতীক্ষালয়, Waiting-room.

تَنْظِير : তুলনা স্থাপন।

تَنَاظُر : ঝগড়া, কলহ, বিবাদ, তর্কবিতর্ক, বাদানুবাদ।

مَنْظَر : দৃশ্য, আকৃতি; দর্শনস্থল, পর্যবেক্ষণের জন্য উঁচু স্থান। ব مَنَاظِر

عِلْم المَنَاظِر : যে অঙ্কন-বিদ্যায় পদার্থের ঘনত্ব দূরত্ব ও আকার দেখানো হয়, পরিপ্রেক্ষিত, Perspective.

مَنَاظِر خَارِجِيَّة : বহির্দৃশ্য।

طَبِيعِيَّة ~ : প্রাকৃতিক দৃশ্য।

مَنْظَرَة، مَنْظَر عَامّ : একত্রে সমাবিষ্ট বহু দৃশ্যপূর্ণ চিত্র, Panorama.

مَنْظَر مِنْ عَلٍ : উপর হইতে দৃষ্ট বিস্তৃত দৃশ্য, bird's-eye-view, ভাসা-ভাসা দৃষ্টি।

مَنْظَرَة : দৃশ্য; চিত্র; অভ্যর্থনা-কক্ষ, অতিথিশালা, বৈঠকখানা। ব مَنَاظِر

مِنْظَار، مِنْظَر : কাচ, আয়না, চশমা, দুরবিন। ব مَنَاظِير

مِنْظَار مُعَظِّم : বিবর্ধক কাচ।

آلَة التَصْوِير ~ : ভিউ ফাইন্ডার, View-finder.

مَنْظُور : দেখা যায় বা দেখা হইয়াছে এমন, দৃষ্টিগোচরিত, দৃশ্য; প্রতিক্ষিত, প্রত্যাশিত; পরীক্ষিত; তদারককৃত; নজর লাগিয়াছে এমন; বিবেচনাধীন, বিচারাধীন; প্রতিশ্রুতি; ঈর্ষাযোগ্য।

مَنْظُور أَمْثَال : আদর্শ প্রেক্ষিত।

مَنْظُور جَوِّيّ : আকাশ হইতে দেখা দৃশ্য।

خَطِّيّ ~ : রৈখিক দৃশ্য।

جَانِبِيّ : পার্শ্ব-দৃশ্য।

رَسْم المَنْظُور : পটভূমি চিত্রায়ন।

مَنْظُور إِلَيْه : অপেক্ষাধীন; On probetion; আশ্রিত।

غَيْر مَنْظُور : অদৃশ্য; অপ্রত্যাশিত; অলক্ষিত।

مُنَاظِر : সমান, অনুরূপ, সমকক্ষ, প্রতিপক্ষ; প্রতিযোগী, প্রতিদ্বন্দ্বী।



www.pathagar.com

مُنَاظَرَة : বিতর্ক, আলোচনা, বাদানুবাদ; প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা; তদারক, পরিদর্শন, তত্ত্বাবধান।

مُنْتَظَر : প্রতীক্ষিত, প্রত্যাশিত।

غَيْر مُنْتَظَر : অপ্রত্যাশিত।

نَظُفَ - ُ : (نَظَافَة) পরিষ্কার হওয়া, পরিচ্ছন্ন হওয়া; বিশুদ্ধ হওয়া, পবিত্র হওয়া।

نَظَّفَ : (تَنْظِيف) পরিষ্কার করা, বিশুদ্ধ করা; পবিত্র করা।

~ عَلَى : রিক্ত করা।

تَنَظَّفَ : নিজেকে পরিষ্কার করা, পরিচ্ছন্ন হওয়া, বিশুদ্ধ হওয়া।

إِنْتَظَفَ : (إِنْتِظَاف) নিঃশেষ করা।

إِسْتَنْظَفَ : (إِسْتِنْظَاف) পরিষ্কার জিনিস গ্রহণ করা।

نَظَافَة : পরিচ্ছন্নতা, বিশুদ্ধতা, পবিত্রতা।

نَظِيف : পরিষ্কার, পরিচ্ছন্ন; পবিত্র, বিশুদ্ধ। ব نِظَاف، نُظَفَاء

نَظِيف الأخْلاَقِ : পরিশীলিত, মার্জিত চরিত্র।

تَنْظِيف : পরিষ্করণ, বিশুদ্ধকরণ, পবিত্রকরণ।

مُنَظِّف : পরিষ্কারকারী, পরিষ্কারক।

نَظْلِيّ : নারীসুলভ, মেয়েলি, পেলব।

نَظَمَ - ِ : (نَظْم)، (نِظَام) نَظَّمَ، (تَنْظِيم) সাজাইয়া রাখা, বিন্যস্ত করা; সংগঠিত করা, সমন্বিত করা; ব্যবস্থা করা; (মুক্তা) গাঁথা; ঠিক করা; প্রস্তুত করা; ছন্দোবদ্ধ করা; কবিতা রচনা করা।

إِنْتَظَمَ، تَنَظَّمَ، تَنَاظَمَ : (إِنْتِظَام) সুবিন্যস্ত হওয়া; সুশৃঙ্খল হওয়া, সুসংগঠিত হওয়া, ঠিক হওয়া, গ্রন্থিত হওয়া।

~ فِي : যোগদান করা, অন্তর্ভুক্ত হওয়া।

نَظْم : কবিতা; কবিতা রচনা; শৃঙ্খলা, বিন্যাস; পদ্ধতি; সংগঠন; প্রতিষ্ঠান; (মুক্তার) মালা।

نِظَام : নিয়ম, শৃঙ্খলা, ব্যবস্থা; বিধি, রীতি, প্রথা; ধরন, পদ্ধতি, প্রণালী; আইন, বিধান, শাসনব্যবস্থা; সংগঠন; সুব্যবস্থা; শিক্ষা; নিয়মানুবর্তিতা; মিল। ব أَنْظِمَة، نُظُم، نِظَامَات

نِظَام أَسَاسِيّ : মৌল বিধান; শাসনতান্ত্রিক আইন।

~ إِقْتِصَادِيّ : অর্থনৈতিক পদ্ধতি, অর্থব্যবস্থা।

~ البَادِيَة : কৃষিব্যবস্থা।

~ البُولِيس : পুলিশিব্যবস্থা।

~ الحَيَاة : জীবন-পদ্ধতি।

~ سِيَاسِيّ : শাসন-প্রণালী।

~ صِحِّيّ : স্বাস্থ্যনীতি।

~ غِذَائِيّ : খাদ্যব্যবস্থা, পথ্য-প্রণালী।

~ المُرُور : ট্রাফিক আইন।

~ نِقَابِيّ : বিধিবদ্ধ সংস্থা।

النِّظَام الرَّأْسْمَالِيّ : পুঁজিবাদী অর্থব্যবস্থা।

~ الشَّمْسِيّ : সৌরজাগতিক শৃঙ্খলা।

~ العَسْكَرِيّ : সামরিক ব্যবস্থা।

نَظْم : মুক্তার মালা। ব نُظُم

نِظَام الدِّين أَوْلِيَاء : নিজামুদ্দীন আউলিয়া (১২৩৮-১৩২৫ খ্রি.) ঃ পূর্ণ নাম নিজামুদ্দীন মুহাম্মদ ইব্‌নে আহ্‌মাদ আল-বুখারী। উপমহাদেশের প্রখ্যাত সুফী সাধক। দিল্লীর অদূরে গিয়াসপুরে তাঁহার মাযার অবস্থিত। তিনি 'সুলতানুল আউলিয়া' ও 'মাহবূবুল্লাহ' উপাধিতে ভূষিত। "رَاحَة" ও "فَوَائِد الفُرَائِد المُحِبِّين" তাঁহার প্রসিদ্ধ গ্রন্থ।

نِظَام المُلْك الطُّوسِيّ : নিজামুল-মুল্‌ক তূসী (১০১৮-১০৯২ খ্রি.) ঃ সাল্‌জুক সুলতান আলপ আরসালান এবং মালিক শাহ-এর প্রধান মন্ত্রী। বাগদাদ, নিশাপুর ও অন্যান্য স্থানের নিজামিয়া বিশ্ববিদ্যালয়সমূহের প্রতিষ্ঠাতা। 'সিয়াসাতনামা' তাঁহার অন্যতম গ্রন্থ।

نِظَامِيّ : নিয়মিত, নিয়মমাফিক, নিয়মতান্ত্রিক; বিধিসম্মত, সংবিধিবদ্ধ।

جَيْش نِظَامِيّ : নিয়মিত বাহিনী।

~ عَسْكَرِيّ : নিয়মিত সৈন্য।

~ قَانُون : গঠনমূলক আইন।

حَرْب نِظَامِيَّة : নিয়মিত যুদ্ধ।

نَاظِم : বিন্যাসক, সংগঠক; কবি।



www.pathagar.com

نَظِيم : পানির ব্যবস্থা-সম্বলিত পার্বত্যপথ; সুবিন্যস্ত বিষয়। ব نُظُمٌ

إِنْتِظَام : শৃঙ্খলা, নিয়ম, নিয়মানুবর্তিতা, নিয়মিত ব্যবস্থা।

بِانْتِظَام : নিয়মিতভাবে, যথাযথভাবে।

فِى إِنْتِظَام : নিয়মনীতিতে, যথারীতিতে নিয়মানুগ, স্বাভাবিক।

تَنْظِيم : বিধান, ব্যবস্থাপনা; সংগঠন; সমন্বয়, বিন্যাস, পরিচালনা, তত্ত্বাবধান, নিয়ন্ত্রণ।

تَنْظِيم المُرُور : ট্রাফিক নিয়ন্ত্রণ।

إِعَادَة التَّنْظِيم : সংস্থার পুনর্গঠন।

التَّنْظِيمَات : তুরস্কের উসমানী সুলতান ১ম আব্দুল মাজীদ (১৮২৩-১৮৬১ খ্রি.) কর্তৃক প্রবর্তিত রাষ্ট্রীয় সংস্কারমূলক নীতিমালা।

مُنَظِّم : ব্যবস্থাপক, সংগঠক; সমন্বয়কারী; বিন্যাসক; পরিচালক; তত্ত্বাবধায়ক, উদ্যোক্তা।

مُنَظَّم، مَنْظُوم : সুবিন্যস্ত, সংগঠিত, সমন্বিত, সুশৃঙ্খলিত; নিয়মিত, নিয়মতান্ত্রিক, নিয়মানুগ।

جَيش مُنَظَّم : নিয়মিত বাহিনী।

غَير مُنَظَّم : বিশৃঙ্খল, অবিন্যস্ত; অনিয়মিত।

مُنَظَّم : পদ্য।

مَنْظُومَة : কাব্য; সারি।

مُنَظَّمَة : সংস্থা। ব مُنَظَّمَات

مُنَظَّمَة التَّحْرِير الفِلِسْطِينِيَّة : ফিলিস্তীন মুক্তিসংস্থা, P.L.O.

مُنَظَّمَة التَّغْذِيَة وَالزِّرَاعَة : (জাতিসঙ্ঘের) খাদ্য ও কৃষি সংস্থা, F.A.O.

مُنْتَظِم : নিয়মিত, নিয়মতান্ত্রিক, পদ্ধতিগত, রীতিসিদ্ধ।

غَير مُنْتَظِم : অনিয়মিত; ত্রুটিপূর্ণ।

نُعَاعَة : চারাগাছ। ব نُعَاع

نَعَبَ ـَ : (نَعِيب، نَعْب) (কাক) কা কা করিয়া ডাকা; কর্কশ শব্দ করা, চিৎকার করা; দুঃসংবাদ দেওয়া।

نَعَبَ المُؤَذِّنُ : মুআয্যিন গ্রীবা উঁচু করিয়া স্বর কাঁপাইয়া আযান দিল।

نَعَبَ ـَ : (نَعْب) দ্রুত চলা।

نَعْب : দ্রুত (বায়ু)।

~, نَعِيب، نُعَاب : দাঁড়কাকের ডাক, কর্কশ শব্দ।

نَاعِبَة : (ব نَوَاعِب، نَعَّابَة) نَعُوب (ব نُعُب) দ্রুতগামী (উষ্ট্রী)।

نَعَّاب : কা কা করিয়া ডাকে এমন, কর্কশ শব্দকারী, অশুভ শব্দ, দাঁড়কাক।

~، مِنْعَب : দ্রুতগামী অশ্ব।

نَعَتَ ـَ : (نَعْت) বর্ণনা করা; গুণ বা বৈশিষ্ট্য বর্ণনা করা; বিশেষণ প্রয়োগ করা।

نَعِتَ ـَ : (نَعَت) গুণাবলি প্রদর্শন করা।

نَعُتَ ـُ : (نَعَانَة) গুণসম্পন্ন হওয়া; (অশ্ব) ক্ষিপ্রগতি হওয়া।

أَنْعَتَ : (إِنْعَات) সুদর্শন হওয়া।

إِسْتَنْعَتَ : (إِسْتِنْعَات) গুণ বা বৈশিষ্ট্য বর্ণনা করিতে বলা।

نَعْت : বর্ণনা; গুণ বা বৈশিষ্ট্য বর্ণনা।

~ : গুণ বা বৈশিষ্ট্য; গুণবাচক পদ, বিশেষণ (ব্যা)। ব نُعُوت

نَعْت إِشَارِيّ : নির্দেশক বিশেষণ।

~ التَّخْصِيص : বৈশিষ্ট্যজ্ঞাপক বিশেষণ।

~ التَّعْمِيم : সর্বজ্ঞাপক বিশেষণ, সাধারণ বিশেষণ।

~ حَقِيقِيّ : প্রকৃত বিশেষণ, যথাযথ বিশেষণ।

~ عَدَدِيّ : সংখ্যাবাচক বিশেষণ।

~ وَصْفِيّ : বর্ণনামূলক বিশেষণ, গুণবাচক বিশেষণ।

مُنْعِت، نَعِيتَة، نَعِيت، نَعْتَة : দৌড় প্রতিযোগিতায় বিজয়ী অশ্ব।

نَعْتِيّ : বর্ণনামূলক; গুণসম্বন্ধীয়, গুণবাচক।

مَنْعُوت : বিশেষণযুক্ত পদ (ব্যা)।

نَعْثَل : পুরুষ হায়না।



www.pathagar.com

نَعْثَلَة : বৃদ্ধের আচরণ।

نَعَجَ - ُ : (نُعُوج، نَعَج) ধবধবে সাদা হওয়া।

نَعِجَ - َ : (نَعَج) (উট) মোটা হওয়া।

نَعْجَة : ভেড়ী; স্ত্রীলোক। ব نَعَجَات، نِعَاج

نَاعِج : সমতল (ভূমি); দ্রুতগামী (উষ্ট্রী)। স্ত্রী نَاعِجَة ব نَوَاعِج

نَعَرَ - َ : (نُعَار، نَعِير) নাসিকা-ধ্বনি করা; জোরে আওয়াজ তোলা, হৈচৈ করা; (ষাঁড়) গর্জন করা; (রক্ত) বেগে নির্গত করা।

~ - َ : (نَعْر) ভিড় করা; বর্শা দ্বারা বিদ্ধ করা; ঘুষি মারা; প্রতিরোধ করা।

~ إِلَى : গমন করা।

~ فِي : সযত্নে প্রবৃত্ত হওয়া।

نَعِرَ - َ : (نَعَر) (পশু) ডাঁশ দ্বারা উত্যক্ত হওয়া।

نَعْرَة : নাসিকা-ধ্বনি; হৈচৈ, গণ্ডগোল; উচ্চধ্বনি; আওয়াজ; গর্জন; ঘুষি, খোঁচা। ব نَعَرَات

نَعِر : ডাঁশ দ্বারা উত্যক্ত; অস্থির পশু।

نُعَرَة، نُعْرَة : নাক, নাসারন্ধ্র।

~ : ডাঁশ। ব نُعَرَات، نُعَر

~، نَعَرَة : অহংকার, অহমিকা, ঔদ্ধত্য; জটিল বিষয়।

نُعَرَة قَوْمِيَّة، نُعَرَة إِقْلِيمِيَّة : উগ্র স্বদেশিকতা, অন্ধ দেশপ্রেম।

نَعَّار : হৈচৈকারী, চিৎকারকারী, গোলমালকারী; গর্জনকারী; বিদ্রোহী; বেগে রক্ত নির্গতকারী (আঘাত); সুকণ্ঠ গায়ক পক্ষিবিশেষ।

نَعَارَة، نَعَّارَة : দুই হাতলবিশিষ্ট মাটির জগবিশেষ; লাটিম।

نَعِير : গোলমাল, উচ্চধ্বনি, হৈচৈ, চিৎকার, (ষাঁড়ের) গর্জন।

نَاعُور، نَاعُورَة : পানি-চালিত চাকা, পানি সেঁচের চাকা, Water wheel. ব نَوَاعِير

نَعَسَ - ُ : (نَعْس) নিদ্রালু হওয়া, তন্দ্রাচ্ছন্ন হওয়া, তন্দ্রায় ঝিমানো।

~ - َ : (نَعْس) দুর্বল হওয়া; (বাজার) মন্দা হওয়া।

نَعَّسَ، أَنْعَسَ : (إِنْعَاس، تَنْعِيس) নিদ্রালু করা, তন্দ্রাচ্ছন্ন করা, ঘুম পাড়ানো।

تَنَاعَسَ : ঘুমের ভান করা; তন্দ্রা অনুভব করা।

نُعَاس : তন্দ্রা, নিদ্রাভাব; অবসাদ।

نَاعِس : তন্দ্রাচ্ছন্ন, নিদ্রালু। ব نَعْسَان، نُعْس

مُنَعِّس : তন্দ্রা আনয়ন করে এমন বস্তু, নিদ্রাকারক।

صَوْت مُنَعِّس : নিদ্রা আনয়নকারী আওয়াজ।

نَعَشَ - َ : (نَعْش) نَعَّشَ (تَنْعِيش) أَنْعَشَ (إِنْعَاش) উত্তোলন করা; জাগ্রত করা; পুনরুজ্জীবিত করা; প্রাণময় করা, প্রাণবন্ত করা, প্রফুল্ল করা; উৎসাহিত করা, অনুপ্রাণিত করা; শক্তিবর্ধন করা, নবশক্তি দান করা।

~ : (মৃত ব্যক্তিকে) শবাধারে রাখা; (মৃতব্যক্তির) উচ্চ প্রশংসা করা।

إِنْتَعَشَ : (إِنْتِعَاش) উত্থিত হওয়া, জাগিয়া উঠা; সারিয়া উঠা, আরোগ্য লাভ করা; প্রাণবন্ত হওয়া, প্রফুল্ল হওয়া; পুনরুজ্জীবিত হওয়া, নূতন জীবন লাভ করা।

نَعْش : মৃতদেহ বহনের খাট, শবাধার, কফিন।

بَنَات نَعْش الصُّغْرَى : শিশুমার, Ursa Minor. কাল পুরুষ নক্ষত্র।

بَنَات نَعْش الكُبْرَى : সপ্তর্ষিমণ্ডল, Ursa Major.

نَعْشِيَة : অন্তিম সুর, অন্ত্যেষ্টি সঙ্গীত, Death-song.

نَعَاشَة : প্রফুল্লতা।

إِنْعَاش : পুনরুজ্জীবিতকরণ, শক্তিবর্ধন, নবশক্তি দান; প্রবৃদ্ধি।

إِنْعَاش إِقْتِصَادِيّ : অর্থনৈতিক প্রবৃদ্ধি।

إِنْتِعَاش : পুনরুজ্জীবন, উত্থান, জাগরণ; আরোগ্য লাভ; নবশক্তি লাভ, সঞ্জীবনী-শক্তি লাভ।

مُنْعِش : শক্তিবর্ধক, বলকারক; অনুপ্রেরণাদায়ক; জীবনীশক্তিদায়ক।

طَقْس مُنْعِش : স্বাস্থ্যকর আবহাওয়া।

نَعَصَ - َ : (نَعْص) নষ্ট করিয়া ফেলা।

~ : (نُعُوص) (কুকুর) কুঁইকুঁই করা।



www.pathagar.com

نَعَصَ ـَ (نَعَص) : টলমল করা, কম্পমান হওয়া।

إِنْتَعَصَ : (إِنْتِعَاص) ক্রুদ্ধ হওয়া; বিদ্বেষ পোষণ করা; উঠিয়া দাঁড়ানো।

نَعْص : জলাভূমি।

نَاعِصَة : সাহায্যকারীবৃন্দ।

نُعْض : কাঁটাগাছবিশেষ।

نَعَظَ ـَ : (نُعُوظ، نَعَظ، نَعْظ) (পুরুষাঙ্গ) খাড়া হওয়া।

أَنْعَظَ : (إِنْعَاظ) কামোন্মত্ত হওয়া।

نَعْظ : পুরুষাঙ্গের রোগবিশেষ।

نَاعُوظ : কামোদ্দীপক।

إِنْعَاظ : প্রচণ্ড যৌন উত্তেজনা।

نَعْظَلَ : (نَعْظَلَة) আস্তে আস্তে দৌড়ানো, হেলিয়া দুলিয়া চলা।

نَاعَفَ : (نِعَاف) বাধা দেওয়া।

أَنْعَفَ : (إِنْعَاف) পাহাড়ে বসবাস করা।

إِنْتَعَفَ : (إِنْتِعَاف) পর্বতারোহণ করা।

نَعْف : উচ্চভূমি। ব نِعَاف

نَعْفَة : স্যান্ডেলের চামড়া।

مَنَاعِف : সুউচ্চ পর্বতশৃঙ্গ।

نَعَقَ ـَ : (نَعِيق، نَعْق) (রাখাল, কাক, ভেড়া, পেঁচা) ডাকা; উচ্চধ্বনি করা, চিৎকার করা।

نُعَاق، نَعِيق، نَعْق : রাখাল, কাক, ভেড়া বা পেঁচার ডাক।

نَعْقَة المُؤَذِّن : মুআয্যিনের আহ্বান।

نَعَلَ ـَ : (نَعْل)، (نَعَّلَ (تَنْعِيل) أَنْعَلَ (إِنْعَال) জুতা বা স্যান্ডেল পরানো; (পশুর) পায়ে নাল লাগানো।

نَعِلَ ـَ : (نَعَل)، تَنَعَّلَ، إِنْتَعَلَ (إِنْتِعَال) জুতা বা স্যান্ডেল পরিধান করা, (পশু) নাল-পরিহিত হওয়া।

نَعْل : জুতা, স্যান্ডেল, (পশুর) পায়ের নাল। ব أَنْعُل، نِعَال

~ : কঠিন ভূমি। ব نِعَال

مُنَعَّلَ، مُنْعَل، نَاعِل : জুতা বা স্যান্ডেল পরিহিত; নাল পরিহিত।

مَنْعَلَة، مَنْعَل : কঠিন ভূমি।

نَعِمَ ـَ : نَعُمَ ـُ (مَنْعَم، نَعْمَة) বিলাসী জীবন যাপন করা, প্রাচুর্যের মাঝে জীবন যাপন করা; (জীবন) সুখের হওয়া, স্বাচ্ছন্দ্যময় হওয়া।

~، ~ بِ : খুশি হওয়া; আনন্দিত হওয়া, আনন্দ পাওয়া; উপভোগ করা, স্বাদ গ্রহণ করা।

نَعِمَ ـَ (نَعَم) : কোমল ও তাজা হওয়া; মিহি হওয়া।

نَعُمَ ـُ : (نُعُومَة) কোমল হওয়া, মসৃণ হওয়া।

نَعَّمَ : (تَنْعِيم) কোমল করা, মসৃণ করা; মিহি করা; আরামদায়ক বানানো; বিলাসিতায় অভ্যস্ত করা, বিলাসী করা; সুখ দান করা, স্বাচ্ছন্দ্য আনিয়া দেওয়া; হ্যাঁ সূচক জবাব দেওয়া, হ্যাঁ বলা।

نَاعَمَ : (نِعَام) সুখ দান করা, স্বাচ্ছন্দ্য আনিয়া দেওয়া; সচ্ছল জীবন যাপন করা; (দড়ি) বাঁধা।

أَنْعَمَ : (إِنْعَام) সুন্দর করা; আরামদায়ক করা; দান করা; উপযোগী হওয়া; সুখকর হওয়া।

~ فِى : নিয়োজিত হওয়া, প্রবৃত্ত হওয়া।

~ عَلَى : দান করা, অনুগ্রহ বর্ষণ করা।

أَنْعَمَ النَّظَرَ فِى : নিরীক্ষণ করা, মনোযোগ সহকারে পর্যবেক্ষণ করা, ভালো করিয়া দেখা।

أَنْعِمْ صَبَاحًا، أَنْعَمَ اللّٰهُ صَبَاحَكَ : তোমার সকাল শুভ হউক, সুপ্রভাত।

تَنَعَّمَ : বিলাসিতায় বসবাস করা, স্বচ্ছন্দ জীবনযাপন করা; উপযোগী হওয়া; খালি পায়ে হাঁটা।

~ بِ : উপভোগ করা।

تَنَاعَمَ : সচ্ছল জীবন যাপন করা।

نِعْمَ : সুন্দর! চমৎকার! অদ্ভুত!

نُعْم : সুখ, সমৃদ্ধি। ব أَنْعُم

نَعَم : হ্যাঁ, নিশ্চয়ই, অবশ্যই।

نَعَم : পশুসম্পদ। ব أَنْعَام، أَنَاعِيم

نِعْمَة، نُعْمَى : সুখ, সমৃদ্ধি, সচ্ছলতা, স্বাচ্ছন্দ্য, আরাম, আনন্দ।



www.pathagar.com

نَعْمَة : নিয়ামত, দান, অনুগ্রহ, আশিস, দয়া, আশীর্বাদ; প্রাচুর্য, সম্পদ। ব نِعَمَات، أَنْعُم، نِعَم

نِعْمَة الله : আল্লাহর অনুগ্রহ, আল্লাহর নেয়ামত।

حَدِيث النِّعْمَة : হঠাৎ সম্পদপ্রাপ্ত ব্যক্তি, নব্য ধনী।

~ وَاسِع : প্রচুর সম্পদশালী, প্রাচুর্যপূর্ণ, ধনাঢ্য।

~ وَلِيّ : উপকারী ব্যক্তি, পৃষ্ঠপোষক।

نَاعِم : নরম, কোমল; মিহি, মসৃণ; শান্ত; সুখী, স্বাচ্ছন্দ্যপূর্ণ।

نَاعِم البَال : প্রশান্তচিত্ত।

~ الحَرَكَة : স্বচ্ছন্দগতি।

~ الظُّفُر : অল্পবয়স্ক, তরুণ।

~ اللِّسَان : কোমলভাষী।

سُكَّر نَاعِم : মিহি চিনি।

~ شَعْر : কোমল চুল।

~ عَيْش : সুখী জীবন।

النَّاعِمَة : সুগন্ধি গুল্মবিশেষ, Sage.

نَعَام : উটপাখি।

نَعَامَة : উটপাখি; পথচিহ্ন, রাস্তা; পাহাড়ের উপরস্থ তাঁবু; আনন্দ। ব نَعَامٌ، نَعَائِم

نَعَامَة الدِّمَاغ : মস্তিষ্কের ঝিল্লি।

~القَدَم : পায়ের পাতার স্ফীত মধ্যাংশ, Instep.

نُعَامَى : দক্ষিণা বাতাস। ব نَعَائِم

النَّعَائِم : নক্ষত্রপুঞ্জবিশেষ।

نُعُومَة : নম্রতা, কোমলতা, সূক্ষ্মতা, মসৃণতা; স্পর্শকাতরতা।

مُنْذُ نُعُومَة أَظْفَارِه : তাহার বাল্যকাল হইতে।

نَعِيم : সুখ, স্বাচ্ছন্দ্য, আরাম, আনন্দ; আশীর্বাদ, দয়া; শান্ত, শান্তিপূর্ণ; বেহেশত।

نَعِيم الله : আল্লাহর অনুগ্রহ, আল্লাহর দান।

~ البَال : প্রশান্তচিত্ত।

نُعْمَان : রক্ত : ইমাম আবূ হানীফা (র)-এর উপাধি। তাঁহার নামানুসারে বাগদাদের একটি এলাকার নাম النُّعْمَانِيَّة। এখানে তাঁহার মাযার রহিয়াছে।

شَقَائِق النُّعْمَان : ছোট ছোট সাদা ফুলের গাছবিশেষ, Anemone.

أَنْعَم : কোমলতর।

إِنْعَام : উপহার, দান, ইনাম, পুরস্কার; দয়া, অনুগ্রহ।

إِنْعَام النَّظَر : নিরীক্ষণ, সতর্ক পরীক্ষা, সূক্ষ্ম পর্যবেক্ষণ।

تَنَعُّم : বিলাসিতা, স্বাচ্ছন্দ্য, প্রাচুর্য, সুখ, আনন্দ।

تَنْعِيم : প্রশ্রয়দান; আদর।

تَنْعِيمَة : মোটা মোটা পাতাযুক্ত কাঁটাগাছবিশেষ।

مُنْعِم : দাতা, দানশীল, উপকারী, পৃষ্ঠপোষক।

مُتَنَاعِم، مُتَنَعِّم، مُنَاعِم، مُنَعَّم : সচ্ছল জীবন যাপনকারী, সুখী।

كَلَام مُنَعَّم : মিষ্ট ভাষা, কোমল ভাষা।

مِنْعَام : উদার, বদান্য, দাতা, দানশীল।

مَنَاعِم : আরাম-আয়েশ, সুখ-স্বাচ্ছন্দ্য।

نَعْنَاع، نَعْنَع : পুদিনা; পিপারমিন্ট, Peppermint. ব مَعَانِعُ

نَعَا - ُ : (نُعَاء) (বিড়াল) মিউমিউ করা।

نَعْو : পশুর ঠোঁট কিংবা খুরের ফাটল; তাজা খেজুর।

نَعَى - َ : (نُعْيَان، نَعِيّ، نَعْي) মৃত ঘোষণা করা, মৃত্যুর সংবাদ দেওয়া; মৃত ব্যক্তিকে দাফন করিতে বা তাহার শেষকৃত্যে অংশগ্রহণ করিতে ডাকা; মৃত ব্যক্তির জন্য বিলাপ করিতে আহ্বান করা।

~عَلَى : নিন্দা করা, ভর্ৎসনা করা, দোষারোপ করা।

~ - : বিলাপ করা, ক্রন্দন করা, শোক করা; অভিযোগ করা।

نُعِيَ ~ إِلَى : মৃত্যু-সংবাদ পাওয়া।

نَاعٍ، نَعِيّ : মৃত ঘোষণাকারী, মৃত্যু-সংবাদ দানকারী। ব نُعَاة

نُعْيَان، نَعْي : মৃত্যু-সংবাদ ঘোষণা।

~ : নিন্দা, ভর্ৎসনা।

مَنْعَاة، مَنْعَى (نَعَيَات ব) : نَعْوَة، نَعْيَة ব مَنَاعٍ মৃত্যু সংবাদ, মৃত্যুর ঘোষণা।



www.pathagar.com

نَغَبَ - ُ : (نَغْب) (ঢোঁক) গেলা; চুমুক দেওয়া।

نَغْبَة : ঢোঁক, চুমুক।

نُغْبَة : ঢোঁক, চুমুক; দুষ্কৃতি। ব نُغَب

نَغَتَ - َ : (نَغْت) (চুল) উৎপাটিত করা।

نَغَرَ - َ نَغِرَ، - َ نَغَرَ : (نَغَرَان، نَغْر) পানি ফুটা, টগবগ করা।

نَغَّرَ : (تَنْغِير) সুড়সুড়ি দেওয়া, কাতুকুতু দেওয়া।

أَنْغَرَ : (إِنْغَار) (ডিম) পচিয়া যাওয়া।

تَنَغَّرَ : ক্রোধোন্মত্ত হওয়া।

تَنَاغَرَ : কপটতা করা।

نَغَر : লোনা পানির ঝরনা।

نَغِر : ক্রোধোন্মত্ত, ঈর্ষান্বিত লোক।

نُغَر : লাল ঠোঁটবিশিষ্ট গায়ক পক্ষিবিশেষ, বুলবুল; বাচ্চা চড়ুইপাখি। ব نِغْرَان

نَغَّار : খিটখিটে, বদমেযাজী; প্রচুর রক্ত ঝরিতেছে এমন ক্ষত।

نَغَزَ - َ : (نَغْز) কাতুকুতু দেওয়া, সুড়সুড়ি দেওয়া; খোঁচা দেওয়া, বিদ্ধ করা; বিরক্ত করা, উত্যক্ত করা।

~ بَيْنَ : বিবাদ লাগানো, বিভেদ সৃষ্টি করা।

نَغَّاز : নিন্দুক।

نَغَشَ - َ : (نَغْش، نَغَشَان)، تَنَغَّش، إِنْتَغَشَ (إِنْتِغَاش) আন্দোলিত হওয়া, আলোড়িত হওয়া, কম্পিত হওয়া, নড়িয়া উঠা।

إِنْتَغَشَ، تَنَغَّشَ : ~ بِ জড়ো হওয়া; একটি অপরটির মধ্যে প্রবিষ্ট হওয়া।

~ إِلَى : প্রেরণা অনুভব করা।

نَاغَشَ : (مُنَاغَشَة) নরম কথায় প্রলোভিত করা, মিষ্ট কথায় রাজি করানো; ছিনালি করা।

تَنَاغَشَ : সহৃদয়তার ভান করা।

نَغْشَة : আলোড়ন, কম্পন, নাড়া। ব نَغَشَات

نَغِشَة : ছিনাল।

نُغَاش، نُغَاشِيّ، نَغَّاش : খুব ছোট বস্তু, ক্ষুদ্রাকৃতি, বামন।

نَغَاشَة : হাস্য-পরিহাস, ঠাট্টা-তামাশা; সৌন্দর্য।

مُنَاغَشَة : ছিনালি; যৌন বিষয়ক নাটক।

نَغِصَ - َ : (نَغَص) বাধাপ্রাপ্ত হওয়া।

نَغَّصَ، أَنْغَصَ : (تَنْغِيص، إِنْغَاص) বাধা দেওয়া, বিঘ্নিত করা; বিরক্ত করা; নষ্ট করা, পণ্ড করিয়া দেওয়া; (জীবন) বিরক্তিকর করা, দুর্বিষহ করা।

~ : উত্তেজিত করা।

تَنَغَّصَ : (জীবন) বিরক্তিকর হওয়া, দুর্বিষহ হওয়া; নষ্ট হওয়া, পণ্ড হওয়া।

تَنَاغَصَ : ঠেলাঠেলি করা।

إِسْتَنْغَصَ : (إِسْتِنْغَاص) ~ لِ ব্যথিত হওয়া, দুঃখ-ভারাক্রান্ত হওয়া।

نَغْصَة : বাধা, বিঘ্ন, প্রতিবন্ধকতা।

مُنَغِّص : উত্তেজনামূলক।

نَغَضَ - ُ : (نَغْض، نَغَض، نُغُوض، نَغَضَان)، تَنَغَّضَ আন্দোলিত হওয়া, সঞ্চালিত হওয়া, নড়িয়া উঠা।

~، نَغَّضَ، أَنْغَضَ : (تَنْغِيض، إِنْغَاض) আন্দোলিত করা, সঞ্চালিত করা, নাড়ানো।

نَغْض : সঞ্চালন, আন্দোলন, ঝাঁকুনি, নাড়া।

نِغْض : পুরুষ উটপাখি।

نَاغِض : স্তূপে স্তূপে সজ্জিত মেঘ। ব نُغَّض

نَغَف : ক্ষুদ্র পোকাবিশেষ।

نَغَقَ - ِ : (نُغَاق، نَغِيق) (কাক) ডাকা।

نَغِلَ - َ : (نَغَل) (ক্ষত) পাকিয়া উঠা, পুঁজযুক্ত হওয়া; পচিয়া উঠা; বিনষ্ট হওয়া; ক্ষতযুক্ত হওয়া।

~ بَيْنَ : বিবাদ লাগানো, বিভেদ সৃষ্টি করা।

نَغِلَ قَلْبُهُ عَلَى : বিদ্বেষ পোষণ করা।

نَغَلَ - ُ : (نُغُولَة) (সন্তান) জারজ হওয়া।

أَنْغَلَ : (إِنْغَال) পচানো।

نَغْل، نَغِل، نَغِيل : জারজ সন্তান।

نَغَل : বিবাদ, বিভেদ।



www.pathagar.com

نَغِلَة : ব্যভিচারিণী।

نُغُولَة : জারজত্ব।

تَنَغَّمَ، نَغَّمَ (نَغَم، نَغْم) نَغِمَ ـَ، نَغَمَ : গুনগুন করা, গুনগুন সুরে গাওয়া, অস্ফুটস্বরে বলা।

نَاغَمَ : (مُنَاغَمَة) ফিসফিস করিয়া কথা বলা।

نَغَم، نَغْم : গুনগুন শব্দ, গুঞ্জন, ফিসফিসানি; মধুর স্বর, সুর। ব أنْغَام

نَغْمَة، نَغَمَة : মধুর স্বর, সুরেলা আওয়াজ, সুর, গান। ব نَغَمَات

نُغْمَة : ঢোঁক, গ্রাস। ব نُغَم

تَنَاغُم : ঐকতান।

مَنْغُوم : সুরেলা (আওয়াজ)।

نَغْمَشَ : (نَغْمَشَة) কাতুকুতু দেওয়া।

نَغْنَغَ : (نَغْنَغَه) সিক্ত করা।

تَنَغْنَغَ : সিক্ত হওয়া, বিলাসিতায় নিমগ্ন হওয়া।

(إِنْغَاء) أنْغَى، (نَغْي) ـِ نَغَى، (نَغْو) : ـُ نَغَا ~ إِلَى কথা বলা।

نَاغَى : (مُنَاغَاة) কোমল স্বরে কথা বলা, সোহাগভরে কথা বলা, ফিসফিস করিয়া কথা বলা; প্রেম করা, প্রেমালাপ করা, প্রণয় প্রার্থনা করা; (শিশু) অস্পষ্ট কথা বলা; (পাখি) কিচিরমিচির শব্দ করা; তোষামোদ করা, সোহাগ করা; নিকটবর্তী হওয়া; উর্ধ্বে উঠা।

تَنَاغَى : সংগ্রাম করা, প্রতিযোগিতা করা।

نَغْي، نَغْو : কথা, বাক্য।

نَغْيَة، نَغْوَة : নিচু ও মধুর স্বর, ফিসফিসানি; সংবাদ, গুজব।

مُنَاغَاة : (পাখির) কিচিরমিচির শব্দ।

نَفَّ : (نَفّ) ـُ نَفَّ : (জমিতে) বীজ বপন করা; নাক ঝাড়া; নস্য টানা।

نَفَّة : নস্য।

نَفَّاف : নস্য গ্রহণকারী।

نَفَتَ : (نَفَتَان، نَفْت) ـِ نَفَتَ : ক্রোধোন্মত্ত হওয়া।

~. نَافَتَ : (نِفَات) টগবগ করিয়া ফুটা।

نَفُوت : টগবগ করিয়া ফুটিতেছে এমন, ফুটন্ত।

نَفِيتَة : দুধ কিংবা পানিতে মিশ্রিত ময়দা।

نِفْتَالِين : নেপথলিন।

نَفَثَ : (نَفْث) ـُ نَفَثَ : থুথু ফেলা, কাশিয়া কফ নির্গত করা, উদিগরণ করা, নির্গত করা; (বিষ) ঢালা; ফুঁকা; উচ্চারণ করা।

~ فِي : ঢালিয়া দেওয়া, প্রদান করা।

نَافَثَ : (مُنَافَثَة) ফিসফিস করিয়া বলা।

نُفَاثَة، نَفْثَة، نَفْث : শ্লেষ্মা, থুথু, লালা; নির্গত বস্তু। ব نُفَاثَة، نَفَثَات

نَفْث الشَّيْطَان : অশ্লীল প্রেমকাব্য।

نَفَثَات الأقْلَام : রচনাবলি, সাহিত্য-কর্ম।

طَائِرَة نَفَّاثَة : জেট বিমান।

نَفِيث : ক্ষত হইতে নির্গত (রক্ত)।

مُنَفِّث : কাশিয়া শ্লেষ্মা নির্গতকারী।

إِنْتَفَجَ، (نُفُوج، نَفَجَان، نَفْج) ـُ نَفَجَ : (إِنْتِفَاج) উত্থিত হওয়া, উত্তেজিত হওয়া, লাফাইয়া উঠা; মিথ্যা দম্ভ করা, বড়াই করা; মর্যাদা দেওয়া।

تَنَفَّجَ : মিথ্যা দম্ভ করা, বড়াই করা।

إِسْتَنْفَجَ : (إِسْتِنْفَاج) ক্রোধ প্রদর্শন করা।

نَفْج : দম্ভ, বড়াই, অহমিকা।

نَافِج : কর্কশ (স্বর)।

نَافِجَة : কস্তূরীর থলি; বাতাসের বেগ; বারিপূর্ণ মেঘ। ব نَوَافِج

نَفَّاج : অহংকারী, দাম্ভিক।

نَفِيجَة : ধনুক। ব نَفَائِج

نِفِّيج : আগন্তুক। ব نُفُج

نَفَحَ : (نَفَحَان، نُفَاح، نَفْح) ـَ نَفَحَ : (সুবাস) ছড়ানো, (বাতাস) প্রবাহিত হওয়া; (পশু) ক্ষুর দ্বারা আঘাত করা।

~ بِ : উপহার দেওয়া, দান করা; সামান্য আঘাত করা।

نَافَحَ : সংগ্রাম করা।

~ عَنْ : রক্ষা করা।



www.pathagar.com

إِنْتَفَحَ : (إِنْتِفَاح) ~ بِ বিরোধিতা করা, প্রতিরোধ করা।

~ إِلَى : প্রত্যাবর্তন করা।

نَفْحَة : সুগন্ধ, সুবাস; (বাতাসের) প্রবাহ; শ্বাস; দান, উপহার। ব نَفَحَات

نَفُوح : দুগ্ধ দোহন করা হইতেছে এমন উষ্ট্রী; দূরে তীর নিক্ষেপকারী ধনুক।

نَفَّاح : দানশীল, দাতা।

مِنْفَح، نِفِّيح : অনধিকার চর্চাকারী, অন্যায় হস্তক্ষেপকারী।

(مَنَافِح ব) مِنْفَحَة (أَنَافِح ব) : إِنْفَحَّة، إِنْفَحَة জাবর-কাটা প্রাণীর পাকস্থলীজাত অম্লরস, দম্বল, rennet; জাবর-কাটা প্রাণীর চতুর্থ পাকস্থলী।

نَفَخَ : ـُ (نَفْخ) ফুঁ দেওয়া, ফুৎকার দেওয়া, বাতাস ভরা; শ্বাস নেওয়া, (চাকায়) হাওয়া দেওয়া, (বেলুনে) গ্যাস ভরা; অনুপ্রাণিত করা; বায়ু দ্বারা স্ফীত করা; উল্লসিত করা; গর্বিত করা।

نَفَخَ فِي الْبُوقِ : শিঙ্গায় ফুঁক দেওয়া।

~ فِي رُوحِهِ : সজীব করা, অনুপ্রাণিত করা।

~ فِي زَمَّارَةٍ : উত্তেজিত করা, চটানো।

~ فِي صُورَتِهِ : জন্ম দেওয়া।

~ الشَّمْعَةَ : ফুঁ দিয়া মোমবাতি নিভানো।

~ شِدْقَيْهِ : গর্বে ফুলিয়া উঠা।

إِنْتَفَخَ، تَنَفَّخَ : (إِنْتِفَاخ) স্ফীত হওয়া, ফুলিয়া উঠা, বায়ুপূর্ণ হওয়া।

نَفْخ : ফুঁক দান; স্ফীতকরণ; বাতাস; গর্ব।

نَفْخَة : ফুঁ, ফুঁক, ফুৎকার; স্ফীতি; বাতাস; গর্ব, অহংকার, বড়াই।

نَفْخَة كَاذِبَة : মিথ্যা অহমিকা, দাম্ভিকতা, বড়াই।

نَافِخ : ফুঁক প্রদানকারী; প্রাণী; বায়ু দ্বারা স্ফীত, বায়ুপূর্ণ।

نَافُوخ : মস্তকশীর্ষ।

نَفَّاخ : বায়ু দ্বারা স্ফীত, বায়ুপূর্ণ।

نُفَّاخ : স্ফীতি।

نُفَّاخَة : জলবুদ্বুদ; বায়ুর থলি।

نَفِيخ : আগুন উৎক্ষিপ্ত করিবার নিমিত্ত বায়ুপ্রবাহ উৎপন্ন করিবার যন্ত্রবিশেষ, Blower. ব نُفَخَاءُ

إِنْتِفَاخ : স্ফীতি; বায়ুপূর্ণতা।

تَنَفُّخ : স্ফীতি; গর্ব, দেমাগ।

تَنْفِيخ : স্ফীতি।

مِنْفَخ : (ব مَنَافِخ) مِنْفَاخ (ব مَنَافِيخ) হাপর; হাওয়া দিবার যন্ত্র; বাঁকনল, Blowpipe.

مَنْفُوخ : স্ফীত; মোটা; বায়ুপূর্ণ; অহমিকাপূর্ণ।

مُنْتَفِخ : বায়ুপূর্ণ; বায়ু দ্বারা স্ফীত।

نَفَدَ : ـُ (نَفْد) অতিক্রম করা।

نَفِدَ : ـَ (نَفَاد، نَفَد) নিঃশেষ হওয়া, ফুরাইয়া যাওয়া; অবশিষ্ট না থাকা।

نَافَدَ : (مُنَافَدَة) বিচারে অভিযুক্ত করা।

أَنْفَدَ، إِسْتَنْفَدَ : (إِسْتِنْفَاد، إِنْفَاد) নিঃশেষ করিয়া ফেলা, ফুরাইয়া ফেলা, ব্যয় করিয়া ফেলা।

~ : ভেদ করিয়া মধ্যে প্রবেশ করা।

إِنْتَفَدَ : (إِنْتِفَاد) নিঃশেষ করিয়া ফেলা; পূরণ করা, (দুগ্ধ) দোহন করা।

نَفْدَة : (হিসাব-বহিতে) লিখিত বিষয়; দফা, আইটেম, Item. ব نَفَدَات

نَفَاد : ক্ষয়, ব্যয়, ব্যবহার।

نَافِد : ফুরাইয়া গিয়াছে এমন বস্তু, নিঃশেষিত বিষয়।

نَافِد الصَّبْر : অধৈর্য।

نَافِدَة : শূন্যস্থান।

إِسْتِنْفَاد : নিঃশেষকরণ, ব্যয়করণ।

مُنَافِد : সম্পদ নিঃশেষকারী, মামলাবাজ।

مُنْتَفَد : প্রশস্ত স্থান, দাঙ্গা-কেন্দ্র।

نَفَذَ : ـُ (نُفُوذ، نَفَاذ) সম্পন্ন হওয়া, বাস্তবায়িত হওয়া, কার্যকর হওয়া; ছিদ্র করা, বিদ্ধ করা; ভেদ করিয়া যাওয়া।

~ إِلَى : গমন করা; পৌঁছা; পথ খুলিয়া দেওয়া; যোগাযোগবিশিষ্ট হওয়া; পৌঁছাইয়া দেওয়া।

~ فِي : উত্তমরূপে করা, দক্ষতার সহিত করা।



www.pathagar.com

لَا يَنْفُذُهُ الرَّصَاصُ : গুলি প্রবেশ করিতে পারে না এমন, বুলেটপ্রুফ, Bullet-proof.

لَا يَنْفُذُهُ الْمَاءُ : পানি প্রবেশ করিতে পারে না এমন, ওয়াটার প্রুফ, Water-proof.

لَا يَنْفُذُهُ الْمَطَرُ : বৃষ্টি প্রবেশ করিতে পারে না এমন, রেইনপ্রুফ, Rain-proof.

أَنْفَذَ، نَفَّذَ : (إِنْفَاذ، تَنْفِيْذ) বিদ্ধ করানো, ভেদ করানো: পালন করা, সম্পন্ন করা, কার্যকর করা, বাস্তবায়িত করা; প্রেরণ করা।

نَفَذ : ছিদ্র, ফাঁক, পথ। ব أَنْفَاذ

~ : কার্যকরকরণ; সম্পাদন।

نَافِذ : বিদ্ধকারী; কার্যকর; সম্পন্নকারী, বাস্তবায়নকারী। ব نَوَافِذُ

نَافِذ الْكَلِمَة : প্রভাবশালী, ক্ষমতাশালী।

~ الْمَفْعُول : কার্যকর।

أَمْر نَافِذ : কড়া নির্দেশ, কার্যকর আদেশ।

~ طَرِيق : চালু রাস্তা, মুক্ত পথ।

نَافِذَة : জানালা, খিড়কি; ছিদ্র, ফাঁক। ব نَوَافِذ

نَفَاذ : বিদারণ; কার্যকরতা; বাস্তবায়ন, সম্পাদন।

نَفَّاذ : বিদ্ধকারী, বিদারক; তীক্ষ্ণ ; কার্যকর।

نُفُوذ : বিদারণ; কার্যকরতা, বাস্তবায়ন; প্রভাব, ক্ষমতা, কর্তৃত্ব।

نُفُوذ مُطْلَق : পূর্ণ ক্ষমতা, অবাধ কর্তৃত্ব।

~ قَوِيّ : শক্তিশালী প্রভাব।

ذُو نُفُوذ : প্রভাবশালী।

إِنْفَاذ : প্রেরণ; কার্যকরকরণ, বাস্তবায়ন।

تَنْفِيذ : কার্যকরকরণ, বাস্তবায়ন; সম্পাদন; সম্পন্নকরণ।

إِيقَاف التَّنْفِيذ : বাস্তবায়ন স্থগিতকরণ।

قِسْم التَّنْفِيذ : নির্বাহী বিভাগ।

تَنْفِيذِيّ : নির্বাহী, কার্যকরী।

لَجْنَة تَنْفِيذِيَّة : নির্বাহী কমিটি, নির্বাহী পরিষদ।

سُلْطَة تَنْفِيذِيَّة، هَيْئَة تَنْفِيذِيَّة : সরকারি প্রশাসনিক দফতর।

مَنْفَذ : পথ, ফাঁক, ছিদ্র; জানালা, দরজা। ব مَنَافِذ

مُنَفِّذ : কার্যকরকারী, বাস্তবায়নকারী, সম্পন্নকারী।

مُتَنَفِّذ : প্রভাবশালী, ক্ষমতাবান।

نَفَرَ ـُ (نِفَار، نُفُور) : ~مِنْ ভয়ে পলাইয়া যাওয়া।

~ ~ : (نَفْر) ~ مِنْ চলিয়া যাওয়া, প্রস্থান করা, ছড়াইয়া পড়া; বিচ্ছিন্ন হওয়া; পলায়ন করা; পরিহার করা, সরিয়া পড়া; অপছন্দ করা, ঘৃণা করা।

~ عَنْ : পরিহার করা, দূরে থাকা, পলাইয়া যাওয়া।

~ إِلَى، لِ : ঝাঁপাইয়া পড়া, ছুটিয়া যাওয়া।

~ ~ : (نُفُور) স্ফীত হওয়া, উদগত হওয়া।

~ : (نَفِير، نُفُور، نَفَار) আত্মনিয়োগ করা, প্রবৃত্ত হওয়া।

أَنْفَرَ، نَفَّرَ : (إِنْفَار، تَنْفِير) ভয় দেখাইয়া তাড়ানো, ভীতি প্রদর্শন করা।

~، ~ عَلَى : বিজয়ী ঘোষণা করা।

~ مِنْ : ঘৃণা জন্মানো, বিতৃষ্ণা উদ্রেক করা, অসন্তোষ সৃষ্টি করা, দূরে রাখা; বিচ্ছেদ ঘটানো।

نَافَرَ : (مُنَافَرَة) অপছন্দ করা, পরিহার করা, দূরে দূরে থাকা; মহত্ত্বের প্রতিযোগিতা করা।

أَنْفَرَ : (إِنْفَار) সাহায্য করা।

تَنَافَرَ : একে অপরকে পরিহার করিয়া চলা; ভিন্নমত পোষণ করা; বিবাদ করা; পরস্পর ঘৃণা পোষণ করা।

إِسْتَنْفَرَ : (إِسْتِنْفَار) ভয় পাইয়া পলায়ন করা।

~ عَلَى : যুদ্ধে লিপ্ত হওয়া।

نَفْر : বিঘ্ন, বিচ্ছেদ; দল।

نَفَر : (অনধিক দশজনের) ক্ষুদ্র দল; ব্যক্তি; সৈনিক। ব أَنْفَار

نَفْرَان : আইয়াম-ই-তাশ্‌রীকের দ্বিতীয় ও তৃতীয় দিন।

نَفْرَة : ঘৃণা, অপছন্দ, বিতৃষ্ণা; পলায়ন; পরিহার; দল।

نُفَارَة : বিচারকের রায়; পুরস্কার।



www.pathagar.com

نُفْرَة : কুদৃষ্টির রক্ষাকবচ।

نَافِر : পলায়নপর, ভীরু, লাজুক; বিরূপ; স্ফীত, উদ্গত। ব نُفَّر، نَفْر

رَسْم نَافِر : চিত্রবিচিত্র নকশাকরণ, Embossing.

كِتَابَة نَافِرَة : স্ফীত লিখন।

نَافِرَة : অনুগত আত্মীয়-স্বজন, পরিবারবর্গ।

نَافُور : (ব نَوَافِير) نَوْفَرَة (ব نَوَافِر) ঝরনা, ফোয়ারা।

نِفَار، نُفُور : পলায়ন, পরিহার; ঘৃণা, অপছন্দ, অসন্তোষ, বিরূপ মনোভাব, বিতৃষ্ণা; দূরত্ব।

نَفُور : ভীরু, লাজুক, চাপা স্বভাববিশিষ্ট; অনীহ, বিতৃষ্ণ। ব نَوَافِرُ

نَفِير : দল, অভিযাত্রী দল; সিঙ্গা, বিউগল; আক্রমণ-সংকেত। ব أَنْفِرَة، أَنْفَار

لاَ فِى الْعِيرِ وَلاَ فِى النَّفِيرِ : (কাফেলাতেও নাই অভিযাত্রী দলেও নাই।) এখানেও নাই সেখানেও নাই।

تَنَافُر : পারস্পরিক অমিল, অনৈক্য, বিরূপ মনোভাব, বিতৃষ্ণা; বিবাদ।

مُنْفِر، مُنَفِّر : বিতৃষ্ণাজনক, বিরক্তিকর।

مَنْفُور : পরাভূত।

مُتَنَافِر : পরস্পর বিরোধী, একে অন্যের প্রতি বিরূপ মনোভাবাপন্ন।

مُسْتَنْفِر : পলায়নপর, পলাতক।

مُسْتَنْفَر : পলাইয়া গিয়াছে এমন ব্যক্তি বা প্রাণী।

نَفَزَ - : (نَفَزَان، نَفْز) লাফ দেওয়া।

نَفَّزَ : (تَنْفِيز) লাফ দেওয়ানো; (শিশুকে) নাচানো।

تَنَافَزَ : লাফালাফি করা।

نَفَسَ - : (نَفْس) ~ بِ আঘাত করা।

نَفِسَ - : (نَفَس) ~ بِ কার্পণ্য করা, আঁকড়াইয়া রাখা।

~ : (نَفَاسَة) ~ عَلَى অযোগ্য বলিয়া রায় দেওয়া।

نَفِسَتْ، نُفِسَتْ، نَفَسَتْ (স্ত্রীলোক) নিফাসের অবস্থায় থাকা।

نَفُسَ - : (نَفَاسَة، نِفَاس، نَفَس)، أَنْفَس (إِنْفَاس) মূল্যবান হওয়া, অমূল্য হওয়া।

نَفَّسَ : (تَنْفِيس) প্রফুল্ল করা, আনন্দ দেওয়া, তুষ্ট করা, সান্ত্বনা দেওয়া; (দুঃখ, দুশ্চিন্তা) দূর করা।

نُفِّسَ : ছিদ্রযুক্ত হওয়া, বাতাস বাহির হওয়া।

نَافَسَ : (مُنَافَسَة) প্রতিদ্বন্দ্বিতা করা, প্রতিযোগিতা করা।

~ فِى، عَلَى : সংগ্রাম করা; কামনা করা, পাওয়ার চেষ্টা করা; আফসোস করা।

أَنْفَسَ : (إِنْفَاس) সন্তুষ্ট করা; উৎসাহিত করা, আশান্বিত করা।

تَنَفَّسَ : শ্বাস-প্রশ্বাস গ্রহণ করা, শ্বাস লওয়া, বিশ্রাম করা, আরাম করা; (দিন) দীর্ঘ হওয়া।

تَنَفَّسَ الصُّعَدَاءَ : দীর্ঘশ্বাস পরিত্যাগ করা; হাঁপ ছাড়িয়া বাঁচা।

~ النَّفَسَ الأَخِيرَ : মুমূর্ষু হওয়া, মৃত্যু ওষ্ঠাগত হওয়া।

~ عَنِ الْحَيَاةِ : শেষ নিঃশ্বাস ত্যাগ করা, মরিয়া যাওয়া।

تَنَافَسَ ~ فِى، عَلَى পরস্পর প্রতিযোগিতা করা, প্রতিদ্বন্দ্বিতা করা, বিবাদ করা; সাগ্রহে কামনা করা।

نَفْس : আত্মা, মন, প্রাণ, জীবন; বুদ্ধি; প্রাণী; মানুষ, ব্যক্তি; ইচ্ছা, কামনা, প্রবৃত্তি, ঝোঁক, আগ্রহ; অহংকার, গর্ব, আত্মসম্মান, আত্মপরিচয়; খোদ, নিজ, স্বয়ং। ব أَنْفُس، نُفُوس

نَفْس الأَمْر : প্রকৃত বিষয়।

~ الرَّجُل : একই লোক।

~ الشَّئ : একই জিনিস।

النَّفْس الأَمَّارَة : কুপ্রবৃত্তি : যাহা মানুষকে জৈবিক ও দৈহিক কামনার দিকে আকৃষ্ট করে।

~ اللَّوَّامَة : অনুশোচনাকারী প্রবৃত্তি : যাহা সাময়িক পদস্খলনের পরে মানুষের হৃদয়ে অনুশোচনা ও অনুতাপের উদ্রেক করে।

~ الْمُطْمَئِنَّة : প্রশান্ত আত্মা : যে আত্মা সকল কলুষ-কালিমা হইতে মুক্ত এবং সকল প্রশংসনীয় গুণাবলিতে বিভূষিত।



www.pathagar.com

نَفَس : নিঃশ্বাস, শ্বাস-প্রশ্বাস, দম; ফুৎকার; (সিগারেট ইত্যাদির) ধোঁয়া; বাষ্প; বাতাসের ঝাঁপটা; ঢোঁক, চুমুক; (লেখকের) প্রকাশভঙ্গি; স্বাধীনতা; সুবিধা; মিষ্ট স্বর। ব أَنْفَاس

أَخَذَ نَفَسَهُ : নিঃশ্বাস লওয়া, বিশ্রাম করা।

أَخَذَ نَفَسًا مِن السِّيجَارَة : এক টান সিগারেট পান করা, সিগারেটে সুখটান দেওয়া।

ذُو نَفَس : তৃপ্তিদায়ক (পানীয়)।

ضِيق النَّفَسِ : হাঁপানি।

~ طَوِيل : দীর্ঘ দমবিশিষ্ট।

~ قَصِير :হ্রস্ব দমবিশিষ্ট।

~ مِصْبَاح : বাষ্প-বাতি।

شَمَّ نَفَسَهُ : শক্তিশালী হওয়া।

لَفَظَ النَّفَسَ الأَخِيرَ : শেষ নিঃশ্বাস ত্যাগ করা।

أَمْسَكَ أَنْفَاسَهُ : সে নিঃশ্বাস বন্ধ করিল।

فَاضَتْ أَنْفَاسُهُ : সে প্রাণ ত্যাগ করিল।

حَتَّى النَّفَسِ الأَخِيرِ : শেষ নিঃশ্বাস পর্যন্ত।

نَافِس : কুদৃষ্টিসম্পন্ন। ব نُفَّاسٌ

نِفَاس : সন্তান-প্রসব; প্রসূতি-অবস্থা, নিফাস; প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা।

حُمَّى النِفَاس : সূতিকা-জ্বর।

~ دَار : প্রসূতি-সদন।

نَفَاسَة : বহুমূল্যতা, অমূল্যতা, মহার্ঘতা।

نَفِيس : মূল্যবান, বহুমূল্য, অমূল্য।

نَفِيسَة : বহুমূল্য বস্তু, মূল্যবান জিনিস, রত্ন। ব نَفَائِس

~ : সায়্যিদা নাফীসা বিনতে আল-হাসান ইবনে যায়দ ইবনে হুসাইন ইবনে আলী (রা) (মৃঃ ৮২৪ খ্রি.)। তিনি তাকওয়া ও আধ্যাত্মিকতার জন্য খ্যাত। তাঁহার নামানুসারে কায়রোতে একটি মসজিদ আছে। তিনি ঐ স্থানে সমাহিত। উক্ত এলাকাটি সায়্যিদুনা নাফীসা নামে খ্যাত।

تَنَفُّس : শ্বাসপ্রশ্বাস, নিঃশ্বাস।

تَنْفِيس : ছিদ্র হইতে বায়ু নির্গমন।

تَرْوِيح النَّفْسِ : চিত্তবিনোদন।

~ صَغِير : ক্ষুদ্রমনা, নিম্নমনা।

~ ضَبْط : আত্মনিয়ন্ত্রণ।

~ عَفِيف : পুণ্যহৃদয়, নিঃস্বার্থ।

~ عِلْم : মনোবিজ্ঞান, মনস্তত্ত্ব।

~ كَبِير : উচ্চমনা, উদারমনা, মহৎহৃদয়।

~ مَحَبَّة : আত্মপ্রীতি, আত্মপ্রেম, স্বার্থপরতা।

~ مُنْقَبِض : সঙ্কুচিত চিত্ত, নিম্নমনা।

الإِعْتِمَاد بِالنَّفْسِ : আত্ম-নির্ভরতা।

الثِقَة بِالنَّفْسِ : আত্মবিশ্বাস।

بِنَفْسِه : নিজে, ব্যক্তিগতভাবে।

نَحْنُ بِنُفُوسِنَا : আমরা নিজেরা।

فِي نَفْسِ الوَاقِع، فِي نَفْسِ الأَمْر : প্রকৃতপক্ষে, বাস্তবে।

قَتَلَ نَفْسَهُ : সে আত্মহত্যা করিল।

لَعِبَتْ نَفْسُهُ : তাহার মন ছিনিমিনি করিল।

قَالَ لِنَفْسِه : সে মনে মনে বলিল।

لَيْسَ لَهُ نَفْس : তাহার কোন মন-মানসিকতা নাই।

بَذَلَ النَّفْسَ وَالنَّفِيسَ : সে জান-মাল বিসর্জন দিল, সর্বস্ব ত্যাগ করিল।

نَفْسَانِيّ، نَفْسِيّ : মানসিক; আত্মিক, বুদ্ধিগত।

تَحْلِيل نَفْسِيّ : মনস্তাত্ত্বিক বিশ্লেষণ, মনঃসমীক্ষণ, Psycho-analysis.

حَالَة نَفْسِيَّة : মানসিক অবস্থা।

طَبِيب نَفْسِيّ : মানসিক চিকিৎসক, মনোচিকিৎসাবিদ, Psychiatrist.

نَفْسَانِيَّة، نَفْسِيَّة : মানসিকতা, প্রবৃত্তি।

نَفْسِيًّا : মানসিকভাবে।

نُفْسَة : বিলম্ব, অবকাশ।

نُفَسَاء : নিফাস অবস্থায় আছে এমন (স্ত্রীলোক), প্রসূতি। ব نُفَسَاوَاتٌ، نُفَسَة، نَوَافِس



www.pathagar.com

تَنَافُس : পারস্পরিক প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা, যুদ্ধ, সংগ্রাম।

تَنَافُس حَيَوِىّ : বাঁচিবার সংগ্রাম, অস্তিত্বের জন্য লড়াই।

مُنَافِس : প্রতিযোগী, প্রতিদ্বন্দ্বী।

مُنَافَسَة : প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা, শত্রুতা।

مَنْفُوس : সদ্যোজাত; মূল্যবান (জিনিস)।

مُتَنَفِّس : শ্বাস-প্রশ্বাস গ্রহণকারী।

مُتَنَفَّس : স্বাচ্ছন্দ্যে শ্বাস-প্রশ্বাস করিবার স্থান; শ্বাস-প্রশ্বাসের পথ; মুক্ত স্থান; অবকাশ, মুক্ত পরিবেশ; মুক্তি; নিষ্কৃতি; শ্বাস-প্রশ্বাসের প্রত্যঙ্গ।

نَفَشَ ـُ : (نَفْش) (তুলা, শণ, পশম ইত্যাদির) জট ছাড়ানো, ধুনন; স্ফীত হওয়া, উদ্গাত হওয়া; (পাখি) পালক গুটানো।

~ ـِ ، نَفَشَ ـَ : (نَفْش) (পশু) রাত্রিকালে চরিয়া বেড়ানো।

أَنْفَشَ : (إِنْفَاش) (পশু) রাত্রিকালে ঘাস খাইতে ছাড়িয়া দেওয়া।

إِنْتَفَشَ، تَنَفَّشَ : (إِنْتِفَاش) স্ফীত হওয়া, ফুলিয়া উঠা; (পাখি) পালক গুটানো; (বিড়াল) লোম খাড়া করা।

نَفَش : পশম।

~ , نَفِيش : পুরাতন আসবাবপত্র।

نَفَّاش : বড় জাতের টক লেবুবিশেষ, জামির।

إِنْتِفَاش : লোম খাড়াকরণ।

مَنْفُوش : ধুনিত (পশম, তুলা ইত্যাদি)।

~, مُتَنَفِّش، مُنْتَفِش : স্ফীত; খাড়াকৃত (লোম), আলুলায়িত (কেশ); আঁশযুক্ত বস্তু।

أَنْف مُتَنَفِّش، أَنْف مُنْتَفِش : খাঁদা নাক।

~ شَعْر ~، شَعْر : আলুলায়িত কেশ।

نَفَصَ ـِ : (نَفْص) أَنْفَصَ، (إِنْفَاص) ~ بِ দ্রুত উচ্চারণ করা।

أَنْفَصَ فِى الضَّحِك : উচ্চৈঃস্বরে হাসা।

مِنْفَاص : হাস্যকারী।

نَفَضَ ـُ : (نَفْض) نَفَّضَ، (تَنْفِيض) ঝাঁকুনি দেওয়া, ঝাড়া দেওয়া, (গাছ হইতে পাতা, ফল) পাড়া; ঝাড়িয়া ফেলা; দূর করা।

~ : (জ্বরে) কাঁপানো; বাচ্চা প্রসব করা; সন্তান উৎপাদন করা; দরিদ্র হইয়া যাওয়া।

~ ـُ : (نُفُوض) ~ مِنْ আরোগ্য লাভ করা।

نَفَضَ عَنْهُ الكَسَلَ : সে অলসতা দূর করিল।

~ عَنْهُ الهَمَّ : দুশ্চিন্তা দূর করিল।

~ غُبَارَهُ : ধূলি ঝাড়িয়া ফেলিল; সমাপ্ত করিল।

~ يَدَهُ ~ مِنْ : হাত ধুইয়া উঠিল, ত্যাগ করিল।

~ بِنَظَرِه : নিরীক্ষণ করিল।

أَنْفَضَ : (إِنْفَاض) (সম্পদ) নিঃশেষ করিয়া ফেলা; দরিদ্র হইয়া যাওয়া; ফুরাইয়া যাওয়া; (উষ্ট্রী বাচ্চা) প্রসব করা।

~ عَنْ : পরিত্যাগ করা; বরখাস্ত করা, সরাইয়া দেওয়া।

إِنْتَفَضَ : (إِنْتِفَاض) ঝাঁকুনি খাওয়া, কম্পিত হওয়া, নড়িয়া উঠা।

~ , تَنَفَّضَ : ধূলিমুক্ত হওয়া।

إِسْتَنْفَضَ : (إِسْتِنْفَاض) টানিয়া বাহির করা; গুপ্তচর প্রেরণ করা।

نُفَاضَة، نُفَاض، نَفَض : খসিয়া পড়িয়াছে এমন বস্তু, পতিত বস্তু, ঝরা বস্তু, ঝরা।

نَفِيضَة، نَفَضَة : গুপ্তচর দল; স্কাউট। ব نَفَائِض

نُفَضَاء، نُفَضَة، نَفَاض، نُفَضَة : জ্বরের কম্পন।

نِفَاض : শিশু বা মহিলাদের বহির্বাসবিশেষ, Pinafore. ব نُفُض

نَافِض : কম্প-জ্বর; বিবর্ণ (বস্ত্র); কপর্দকহীন; উন্মাদ। ব نَفَضَةٌ

نَفُوض : বাচ্চা প্রসবকারিণী (উষ্ট্রী)।

أَنَافِيض : পতিত বৃক্ষ-পত্র।

إِنْتِفَاض : ঝাঁকুনি, কম্পন, নাড়া।

تَنْفِيض : ঝাঁকুনি; ধূলিঝাড়ন।

مِنْفَض : ঝাজরি, চালুনি, ছাঁকনি।



www.pathagar.com

مِنْفَضَة : ছাইদানি; ঝাড়ু, বুরুশ। ব مَنَافِض

نَفَطَ - : (نَفْط) টগবগ করিয়া ফুটা; ক্রোধে অগ্নিশর্মা হওয়া; এলোমেলোভাবে কথা বলা।

~ : (نَفِيط) (ছাগল ইত্যাদি) হাঁচি দেওয়া।

نَفِطَ - َ : (نَفِيط، نَفَط، نَفْط) ফোস্‌কা পড়া, ফোস্‌কাযুক্ত হওয়া।

أَنْفَطَ : (إِنْفَاط) ফোসকা পড়ানো।

تَنَفَّطَ : টগবগ করিয়া ফুটা, ক্রোধান্বিত হওয়া; ফোসকা পড়া, ফোসকাযুক্ত হওয়া।

تَنَافَطَ : (পাত্র) ফেনা উদ্‌গিরণ করা।

نَفْط : পেট্রোল, খনিজ তেল, ন্যাপথা, naphtha; আলকাতরা, tar.

نَفْطَة : ফোসকা; গুটিবসন্ত।

نُفَطَة : সহজেই রাগিয়া উঠে এমন, ক্রোধপ্রবণ, কোপনস্বভাব।

نَافِطَة : ফোসকাযুক্ত, ফোসকা-পড়া (হাত); ছাগল। ব نَوَافِطُ

نَفَّاط : পেট্রোল-নিক্ষেপক যন্ত্র। ব نَفَّاطَة

نَفَاطَة، نَفَّاطَة : তৈলকূপ; প্রদীপ; ফোসকা।

مَنْفُوط، نَفِيط : ফোসকাযুক্ত, ফোসকা পড়া শরীর।

مُنَفِّط : ফোসকা পড়ায় এমন (ঔষধ, প্লাস্টার)।

نَفَعَ - َ : (نَفْع) উপকারী হওয়া, উপকার করা, সাহায্য করা।

~ لِ : কাজ করা, কাজে আসা।

لاَيَنْفَعُ : অকেজো।

نَفَّعَ : (تَنْفِيع) কাজে লাগানো, ব্যবহার করা; লাভজনক হওয়া।

إِنْتَفَعَ : (إِنْتِفَاع) ~ بِ، مِنْ উপকৃত হওয়া, উপকার লাভ করা; কাজে লাগানো, ব্যবহার করা, ভোগ করা; লাভ করা।

إِسْتَنْفَعَ : (إِسْتِنْفَاع) কাজে লাগানো, ব্যবহার করা; উপকার পাইতে চাওয়া; উপকারী হওয়া।

نَفْع : উপকার, উপকারিতা, লাভ, মুনাফা, সুবিধা, কল্যাণ।

النَّفْعُ العَامّ : জনকল্যাণ।

نَفْعِيّ : লাভজনক; সুবিধাভোগী।

نَافِع : উপকারী, লাভজনক, কল্যাণকর, হিতকর।

نَافِعَة : কাজের জিনিস, পূর্ত বিভাগ।

وَزِير النَّافِعَة : পূর্তমন্ত্রী।

نَفُوع، نَفَّاع : অতি উপকারী, পরমোপকারী। ব نُفُع

إِنْتِفَاع : উপকার, কল্যাণ, লাভ, উপকারলাভ।

مَنْفَعَة : উপকার, কল্যাণ, সুবিধা, মুনাফা, লাভ, কাজ। ব مَنَافِع

مُنْتَفِع : উপকার গ্রহীতা; ভোগদখলকারী।

نَفَقَ - ُ : (نَفَاق) (পণ্য) ভালো বিক্রয় হওয়া, বাজার পাওয়া; বিক্রয়যোগ্য হওয়া, (বাজার) সরগরম হওয়া; নিঃশেষ হওয়া, খরচ হওয়া; ফুরাইয়া যাওয়া।

~ : (نُفُوق) ধ্বংস হওয়া, নিঃশেষ হওয়া।

~ : (نَفْق) (ছুঁচা) গর্ত হইতে বাহির হওয়া।

نَفِقَ - َ : (نَفَق) নিঃশেষ হওয়া, ফুরাইয়া যাওয়া; খরচ হওয়া।

نَفَّقَ : (تَنْفِيق) বিক্রয় করা, বাজারে চালু করা; বাজার পাওয়া।

نَافَقَ : (نِفَاق) কপটতা করা, মুনাফিকী করা।

أَنْفَقَ : (إِنْفَاق) ব্যয় করা, খরচ করা, অপচয় করা, নিঃশেষ করা, ফুরাইয়া ফেলা; দরিদ্র হইয়া যাওয়া; বাজার পাওয়া।

~ عَلَى ~ : ব্যয় নির্বাহ করা, খরচ যোগানো।

تَنَفَّقَ : গর্ত হইতে বাহির করা।

~ عَلَى ~ : তুচ্ছ মিথ্যা কথা বলা।

إِنْتَفَقَ : (إِنْتِفَاق) গর্তে প্রবেশ করা, গর্তে আশ্রয় লওয়া।

إِسْتَنْفَقَ : (إِسْتِنْفَاق) ব্যয় করা, নিঃশেষ করা, অপচয় করা, ফুরাইয়া ফেলা।

نَفَق : গর্ত, সুড়ঙ্গ, সুড়ঙ্গ-পথ। ব أَنْفَاق

نَفَقَة : ব্যয়, খরচ। ব نِفَاق، نَفَقَات

نَافِق : চালু (পণ্য), সরগরম (বাজার)।



www.pathagar.com

نَفَاق : ভালো বেচাকেনা, সরগরম ব্যবসা।

مُنَافَقَة، نِفَاق : মুনাফিকী, কপটতা, দ্বিমুখিতা।

إِنْفَاق : ব্যয়করণ; ব্যয়, খরচ।

مُنَافِق : মুনাফিক; কপট, দ্বিমুখী।

مِنْفَاق : অপচয়কারী, অপব্যয়ী।

نَفَلَ ـُ (نَفْل) : স্বেচ্ছায় পুণ্যকাজ করা; দান করা, উপহার দেওয়া; শপথ গ্রহণ করা, কসম করা।

نَفَّلَ : (تَنْفِيل) শপথ গ্রহণ করানো, কসম করানো।

أَنْفَلَ ,~ : গনীমত দেওয়া, প্রীতি উপহার দেওয়া।

~ عَنْ : রক্ষা করা।

إِنْتَفَلَ، تَنَفَّلَ : (إِنْتِفَال) কর্তব্যের অতিরিক্ত কাজ করা, নফল কাজ করা।

~ عَلَى : অংশ হইতে বঞ্চিত করা।

إِنْتَفَلَ : ~ مِنْ নিষ্কৃতি পাওয়া, মুক্তিলাভ করা।

نَفْل : কর্তব্যের অতিরিক্ত কাজ, নফল কাজ।

نَفَل : কর্তব্যের অতিরিক্ত; ত্রিপত্র উদ্ভিদবিশেষ। ব أَنْفَال

~ نَافِلَة : কর্তব্যের অতিরিক্ত কাজ, নফল কাজ; লুটের মাল, গনীমতের মাল, দান, উপহার; সন্তানের সন্তান। ব نَوَافِل

نُفَل : চান্দ্রমাসের ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ রজনী।

الأَنْفَال : আল-কুরআনের ৮ম সূরা। মাদানী, আয়াত সংখ্যা ৭৫।

نَفْنَفَ : (نَفْنَفَة) সামান্য স্ফীত হওয়া।

نَفْنَف : বায়ুমণ্ডল; পর্বতের খাড়া দিক। ব نَفَانِف

نَفْنُوف : মহিলাদের গাউনবিশেষ।

مُنَفْنَف : সামান্য স্ফীত।

نَفُهَ ـَ (نُفُوه) ভীরু হওয়া।

نَفِهَ ـَ : (نَفَه) ক্লান্ত হওয়া।

أَنْفَهَ، نَفَّهَ : (إِنْفَاه، تَنْفِيه) ক্লান্ত করা।

نَافِه : (ব نُفَّه) مَنْفُوه ভীরু, কাপুরুষ।

مُنَفَّه ,~ : ক্লান্ত।

نَفَا ـُ (نَفْو)، (نَفْي) – نَفَى : খণ্ডন করা; অস্বীকার করা; প্রত্যাখ্যান করা; নিক্ষেপ করা; বিতাড়িত করা; দূরীভূত করা; নির্বাসিত করা; অন্তরীণ করা; নিশ্চিহ্ন করা; না-সূচক বলা বা করা (ব্যা)।

نَافَى : (مُنَافَاة) তাড়াইয়া দেওয়া, অপসারিত করা; বিরোধী হওয়া, অসমঞ্জস হওয়া; নিবারণ করা, বাধা দেওয়া।

تَنَافَى : পরস্পরবিরোধী হওয়া, পরস্পর অসঙ্গতিপূর্ণ হওয়া।

إِنْتَفَى : (إِنْتِفَاء) খণ্ডন হওয়া, অপ্রমাণিত হওয়া; বিতাড়িত হওয়া, নির্বাসিত হওয়া; বিরোধী হওয়া; পড়িয়া যাওয়া; নিশ্চিহ্ন হওয়া; অনুপস্থিত হওয়া, অস্তিত্বহীন হওয়া।

إِسْتَنْفَى : (إِسْتِنْفَاء) বাজে বলিয়া প্রত্যাখ্যান করা; অগ্রহণযোগ্য বিবেচনা করা।

نَفْي : খণ্ডন; নির্বাসন; বিতাড়ন; প্রত্যাখ্যান; অস্বীকৃতি; অস্তিত্বহীনকরণ; নিবারণ; বিধিনিষেধ; না-সূচককরণ (ব্যা)।

حَرْف النَّفْي : না-সূচক অব্যয় (ব্যা)।

شَاهِد نَفْي : বিবাদীপক্ষের সাক্ষী।

نَافٍ : না-সূচক (ব্যা)।

نَفْيِيّ : না-সূচক।

نَفَايَة، نَفَاوَة، نُفَاة، نَفَاء : বর্জিত বস্তু, আবর্জনা।

إِنْتِفَاء : অনুপস্থিতি, অস্তিত্বহীনতা, অভাব।

تَنَافٍ : পরস্পরবিরোধিতা, পারস্পরিক অসঙ্গতি।

نَفِيّ، مَنْفِيّ : প্রত্যাখ্যাত, খণ্ডনকৃত; বিতাড়িত; নির্বাসিত; দূরীভূত।

~ : না-সূচক (ব্যা)।

مَنْفًى : নির্বাসনস্থল; নির্বাসন। ব مَنَافٍ

مُنَافٍ : বিরোধী; অসঙ্গত।

مُنَافَاة : বিরোধিতা; অসঙ্গতি, অসামঞ্জস্য।

نَقَّ ـَ : (نَقِيق) (ব্যাঙ) ঘ্যাঙর ঘ্যাঙর ডাকা; (মুরগি) করকর করিয়া ডাকা; (বিড়াল) মিউ মিউ ডাকা।

~ : (نَقّ) বিরক্তি প্রকাশ করা, বিড়বিড় করা; ক্ষুধার্ত হওয়া।



www.pathagar.com

نَقٌّ : অনুযোগ, বিরক্তি।

نَقَّاق : বিরক্তি প্রকাশকারী, অনুযোগকারী, অসন্তুষ্ট হইয়া বিড়বিড়কারী; রূঢ়ব্যক্তি; ছিদ্রান্বেষী।

~, نَقَّاقَة : ব্যাঙ।

نَقِيق : ব্যাঙ, মুরগি বা বিড়ালের ডাক।

نَقٌّ : অসন্তোষ প্রকাশক বিড়বিড় ধ্বনি; বিরক্তি প্রকাশ।

نَقَبَ ـُ : (نَقْب) ছিদ্র করা, ফুটা করা; গর্ত করা; ফাঁক করা; খনন করা; (জুতায়) তালি দেওয়া; আপতিত হওয়া।

~ فِي : অতিক্রম করিয়া যাওয়া; ভ্রমণ করা; প্রবেশ করা।

~ عَنْ : অনুসন্ধান করা; তদন্ত করা, পরীক্ষা করা; (সংবাদ) প্রচার করা।

نَقِبَ ـَ : (نَقَب) ছিদ্রযুক্ত হওয়া, ফুটা ফুটা হওয়া; জীর্ণ হওয়া।

~, نَقُبَ ـُ : (نِقَابَة) (গোত্রের) প্রধান বা মুখপাত্র নির্বাচিত হওয়া।

نَقَّبَ : (تَنْقِيب) ~ عَنْ খনন করা; অনুসন্ধান করা, তদন্ত করা, পরীক্ষা করা, পর্যালোচনা করা।

~ فِي : অভ্যন্তরে প্রবেশ করা; অতিক্রম করা, ভ্রমণ করা।

نَاقَبَ : (مُنَاقَبَة) গুণের প্রতিযোগিতা করা; আকস্মিকভাবে সাক্ষাৎ করা।

أَنْقَبَ : (إِنْقَاب) (গোত্রের) প্রধান হওয়া।

تَنَقَّبَ : ছিদ্রযুক্ত হওয়া, ফুটা ফুটা হওয়া।

~ عَنْ : পরীক্ষা করা, অনুসন্ধান করা, পর্যালোচনা করা, তদন্ত করা।

~, إِنْتَقَبَ : (إِنْتِقَاب) নিকাব পরিধান করা, ঘোমটা দেওয়া।

نَقْب : খনন, ছিদ্রকরণ।

~ : গর্ত, ছিদ্র, ফুটা, ফাঁক, ফাটল; সুড়ঙ্গ; ক্ষত। ব أَنْقَاب، نِقَاب

~, نُقْب : গিরিপথ। ব أَنْقَاب، نِقَاب

نَقْبَة : গর্ত।

نِقْبَة : চিহ্ন; ঘোমটা।

نُقْبَة : পেটিকোট, স্কার্ট; গর্ত; আকৃতি; বর্ণ। ব نُقَب

نَاقِبَة، نَاقِب : ক্ষত; শয্যাক্ষত, Bedsore; ছিদ্র।

نِقَاب : নিকাব, ঘোমটা, অবগুণ্ঠন, আবরণ; শিক্ষিত লোক। ব أَنْقِبَة، نُقُب

كَشَفَ النِّقَابَ عَنْ ~ : উন্মোচন করা, প্রকাশ করা।

نَقَّاب : সুচ, তুরপুন, Gimlet; খনিজীবী।

نِقَابَة : সমিতি; সংঘ, সমাজ, সভা; ইউনিয়ন, Union; কর্পোরেশন, Corporation; সিন্ডিকেট, Syndicte. ব نِقَابَات

نِقَابَة العُمَّال : কর্মচারী-ইউনিয়ন; ট্রেড-ইউনিয়ন, Trade-union.

~ تِجَارِيَّة : সিন্ডিকেট, Syndicte; কর্পোরেশন, Corporation; বণিক-সঙ্ঘ, Chamber of Commerce.

~ تَعَاوُنِيَّة : সঙ্ঘ, সমাজ, সমবায় সমিতি।

نَقِيب : প্রধান ব্যক্তি, নেতা, মুখপাত্র; অধ্যক্ষ, ডীন; পরিচালক, সভাপতি; ক্যাপ্টেন; লেফটেনেন্ট; দাঁড়িপাল্লার কাঁটা। ব نُقَبَاء

تَنْقِيبَة : মুখপাত্র।

مِنْقَبَة، مِنْقَب : ছিদ্র করিবার যন্ত্র, তুরপুন, বেধনী, Punch; শল্য-চিকিৎসকের ছুরি।

~ , مَنْقَبَة، مَنْقَب : গিরিপথ। ব مَنَاقِب

مَنْقَبَة : গুণ, মহৎ কাজ; গিরিপথ। ব مَنَاقِب

مُنَقِّب : অনুসন্ধানকারী; গবেষক; পণ্ডিত।

نَقَثَ : (نَقْث) ত্বরান্বিত করা, কোদাল দিয়া মাটি উল্টানো, মজ্জা বাহির করা।

نَقَّثَ : (تَنْقِيث) ত্বরান্বিত করা, স্থানান্তরিত করা, এদিক-ঐদিক করা।

إِنْتَقَثَ : (إِنْتِقَاث) ত্বরান্বিত করা, মজ্জা নির্গত করা, ভূগর্ভের বস্তু বাহির করা, কথার রেশ টানা।



www.pathagar.com

تَنَقَّثَ : ত্বরান্বিত করা, অনুপ্রাণিত করা, ভূমির উর্বরতা রক্ষা করা।

نَقَاثٌ : হায়না।

نَقْثٌ : পরনিন্দা।

نَقَحَ - َ : (نَقْحٌ) ছাঁটা, ডালপালা কাটিয়া দেওয়া।

نَقَّحَ : (تَنْقِيحٌ) ছাঁটা, ডালপালা কাটিয়া দেওয়া; পুনঃপরীক্ষা করা; সংশোধন করা; উন্নত করা, সুন্দর করা; মনোযোগ সহকারে পাঠ করা।

نَاقَحَ : (مُنَاقَحَةٌ) ঝগড়া করা।

أَنْقَحَ : (إِنْقَاحٌ) পুনঃপরীক্ষা করা; সংশোধন করা; উন্নত করা, সুন্দর করা।

تَنَقَّحَ : সংশোধিত হওয়া; দ্রবীভূত হওয়া, গলিয়া যাওয়া।

إِنْتَقَحَ : (إِنْتِقَاحٌ) (মজ্জা) বাহির করা।

نَقْحٌ : গ্রীষ্মের শুভ্র মেঘ।

نَقْحَةٌ : পুনঃপরীক্ষা, মনোযোগ সহকারে পাঠ, সংশোধন।

نَقَخَ - َ : (نَقْخٌ) খুলিতে আঘাত করা।

نُقَاخٌ : স্বচ্ছ পানি; মজ্জা, সারভাগ, শ্রেষ্ঠাংশ।

نَقَدَ - ُ : (نَقْدٌ) নগদে পরিশোধ করা; ঠোকরানো; সমালোচনা করা, সমীক্ষা করা, নিরীক্ষা করা; চুপিসারে তাকানো।

نَقِدَ - َ : (نَقَدٌ) (দাঁত) ভাঙ্গিয়া যাওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া।

نَاقَدَ : (مُنَاقَدَةٌ) হিসাব চাওয়া, হিসাব লওয়া।

أَنْقَدَ : (إِنْقَادٌ) পরিশোধ করা; (বৃক্ষ) পল্লবিত হওয়া।

إِنْتَقَدَ : (إِنْتِقَادٌ) সমালোচনা করা, মন্তব্য করা; ছিদ্রান্বেষণ করা; খুঁত বাহির করা; নগদে পাওয়া; বাছিয়া লওয়া।

إِنْتِقَادٌ، نَقْدٌ : সমালোচনা, পুনঃপরীক্ষা, সমীক্ষা, ছিদ্রান্বেষণ।

~ : নগদ টাকা, খুচরা পয়সা, ভাংতি। ব نُقُودٌ

بِالنَّقْدِ، نَقْدًا : নগদে।

نَقْدِيٌّ : আর্থিক; মুদ্রাবিষয়ক।

تَضَخُّمٌ نَقْدِيٌّ : মুদ্রাস্ফীতি।

~ جَزَاءٌ : অর্থ-দণ্ড।

نُقُودٌ، نَقْدِيَّةٌ : টাকা-পয়সা, নগদ টাকা।

نَقَدٌ : ছোট, খাটো (বালক)।

مُنْتَقِدٌ (نَقَدَةٌ، نُقَّادٌ ব) : نَقَدٌ، نَقَّادٌ সমালোচক, সমীক্ষক; পুনঃপরীক্ষক; ছিদ্রান্বেষী।

مَنْقَدٌ : জ্বলন্ত অঙ্গার রাখিবার পাত্রবিশেষ, কাঁসারি, তাওয়া।

مِنْقَادٌ : (পাখির) চঞ্চু, ঠোঁট। ব مَنَاقِيدُ

مُنْتَقَدٌ : সমালোচিত, নিরীক্ষিত; সমালোচনাযোগ্য; আপত্তিকর।

نَقَذَ - ُ : (نَقْذٌ) نَقَّذَ (تَنْقِيذٌ) أَنْقَذَ (إِنْقَاذٌ) تَنَقَّذَ إِسْتَنْقَذَ (إِسْتِنْقَاذٌ) উদ্ধার করা, নিষ্কৃতি দেওয়া, রক্ষা করা, মুক্তি দেওয়া।

نَقِذَ - َ : (نَقَذٌ) উদ্ধার পাওয়া, নিষ্কৃতি পাওয়া, মুক্তিলাভ করা, রক্ষা পাওয়া।

نَقْذٌ، إِنْقَاذٌ، إِسْتِنْقَاذٌ : মুক্তিদান, রক্ষাকরণ, নিষ্কৃতিদান; উদ্ধার, ত্রাণ, মুক্তি।

نَقِيذٌ : উদ্ধারকৃত, রক্ষাপ্রাপ্ত। ব نَقَائِذُ

نَقِيذَةٌ : লুণ্ঠিত অশ্ব; লৌহ-বর্ম, শিরস্ত্রাণ। ব نَقَائِذُ

مُنْقِذٌ : উদ্ধারকারী, ত্রাণকর্তা।

اَلْمُنْقِذُ مِنَ الضَّلَالَةِ (ভ্রান্তিমুক্তি) ঃ ইমাম আল-গাযালী রচিত ধর্মতত্ত্ববিষয়ক পুস্তিকা। ইহাতে যুক্তিসহকারে বিভিন্ন মতবাদ খণ্ডন করা হইয়াছে।

نَقَرَ - ُ : (نَقْرٌ) (মাটি) খোঁড়া, খনন করা; ছিদ্র করা, ফুটা করা, গর্ত করা, খোদাই করা; (শস্যদানা) ঠোকরাইয়া তোলা; আঘাত করা, টোকা মারা, তুড়ি দেওয়া; আঙ্গুল ফুটানো, বাজানো; বিরক্ত করা, অপমান করা; দোষারোপ করা, নিন্দা করা; আঘাত দেওয়া; (ঢাক) পিটানো; (তীর) লক্ষ্যে আঘাত করা।

~ عَنْ : অনুসন্ধান করা, পরীক্ষা করা, নিরীক্ষা করা।

~ فِي : খোদাই করা, খনন করা।



www.pathagar.com

نَقَرَ فِى النَّاقُورِ : বিউগল বাজানো, সিঙ্গায় ফুঁক দেওয়া।

نَقِرَ - َ (نَقَرٌ) : عَلَى ~ বিরক্ত হওয়া, ক্রুদ্ধ হওয়া।

نَقَّرَ : (تَنْقِيْر) চঞ্চু দ্বারা উত্তোলন করা; গর্ত করা।

~ عَنْ : অনুসন্ধান করা, পরীক্ষা করা।

~ فِى : (পাখি) বাসা বানাইবার জন্য মাটি সমান করা।

نَقَّرَ بِالإِسْمِ : নাম ধরিয়া ডাকা।

نَاقَرَ : (مُنَاقَرَة) ঠোকরা-ঠুকরি করা, ঝগড়া করা, বিতর্ক করা।

أَنْقَرَ : ~ عَنْ বিরত থাকা।

تَنَاقَرَ : পরস্পর ঝগড়া করা, বিতর্ক করা।

إِنْتَقَرَ : (إِنْتِقَار) গর্ত করিয়া ফেলা; বাছিয়া লওয়া; লেখা।

إِنْتَقَرَ بِالإِسْمِ : নাম ধরিয়া ডাকা।

نَقْر : খনন, খোঁড়ন; গর্তকরণ, খোদাইকরণ; ঠোকর; গর্ত; টোকা, তুড়ি।

نِقْر : খেজুর-বিচির ছোট দাগ।

نَقْرَة : আঘাত, টোকা, তুড়ি; গর্ত। ব نَقَرَات

نِقْرَة، نِقَار، مُنَاقَرَة : বিতর্ক, ঝগড়া।

نُقْرَة : গর্ত; টোল; (চোখের) কোটর; পাখির বাসা; গ্রীবাসন্ধি, গ্রীবা-কোটর; খেজুর-বিচির ছোট দাগ। ব نُقَر، نِقَار

~ : স্বর্ণ কিংবা রৌপ্যের পিণ্ড। ব نِقَار

نَقِر : রাগান্বিত, বিরক্ত।

نَقَرَى : দুর্নাম।

نُقَرَة : ভেড়ার পায়ের রোগবিশেষ।

نَاقِر : লক্ষ্যভেদী (তীর)। ব نَوَاقِر

نَاقِرَة : আকস্মিক বিপদ; ঝগড়া, বিতর্ক। ব نَوَاقِر

نَاقُور : সিঙ্গা, বিউগল। ব نَوَاقِير

نُقَارَة : এক চঞ্চু পরিমাণ; সামান্য পরিমাণ।

نَقَّار : ঠোকরাইতেছে এমন (পাখি); নকশা খোদাইকারী, ভাস্কর।

نَقَّار الخَشَب : কাঠ-ঠোকরা (পাখি)।

نَقَّارَة، نُقَيْرَة، نُقَّارِيَّة، نُقَارِيَّة، نُقَّيْرَة : ঢাক; দামামা; নাকাড়া।

نَقُورَة : বকবকানি, অনর্থক কথা।

نَقِير : কাষ্ঠ খোদাইকৃত পাত্র; খেজুর-বিচির ছোট দাগ; তুচ্ছ বস্তু; মূল, বংশ; চুন-সুরকি-ইট ইত্যাদি বহন করিবার জন্য লম্বা হাতলযুক্ত পাত্রবিশেষ, Hod; নীল-নদের নৌকাবিশেষ; গর্ত। ব أَنْقِرَة، نِقْرَان، نُقُر

كَرِيم النَّقِير : সদ্বংশীয়।

نَقِيرَة : রণতরীবিশেষ, Corvette. ব نَقَائِر

مِنْقَر : গাঁতি, খনিত্র; শাবল, বাটালি। ব مَنَاقِر

~، مُنْقُر : কাঠের পেয়ালা; সরু মুখবিশিষ্ট কূপ বা ট্যাঙ্ক। ব مَنَاقِر

مِنْقَار : (পাখির) চঞ্চু, ঠোঁট; গাঁতি, খুন্তি। ব مَنَاقِير

أَبُو مِنْقَار : দীর্ঘচঞ্চু মৎস্যবিশেষ, কাকিলা মাছ।

نَقْرَزَان : দামামা।

نِقْرِس : গেঁটে বাত, Arthritis.

~، نِقْرِيس : অভিজ্ঞ ডাক্তার।

نَقَزَ - ُ (نَقْز، نَقَزَان، نُقَاز) লাফ দেওয়া; ভয়ে লাফাইয়া উঠা, কাঁপিয়া উঠা।

نَقَّزَ : (تَنْقِيز) (শিশুকে) নাচানো; লাফ দেওয়ানো; কাঁপাইয়া দেওয়া।

أَنْقَزَ : (إِنْقَاز) স্বচ্ছ পানি পান করা।

إِنْتَقَزَ : (إِنْتِقَاز) (পশুর) মড়ক লাগা।

نَقْزَة : লাফ, লম্ফ।

نَقِز : স্বচ্ছ পানি।

~، نَقَز : উপনাম, ডাকনাম।

النُّقَاز : পশুমড়ক।

نَقِيز : তীব্র বেদনা।

ذُو نَاقِز، نَاقِز : তুচ্ছ, অকিঞ্চিৎকর।

نَاقِزَة : (পশুর) পা। ব نَوَاقِز



www.pathagar.com

نَقَسَ (ঘণ্টা) (إِنْتِقَاس) إِنْتَقَسَ، (نَقْس) : ـُ نَقَسَ বাজানো।

~, نَقَسَ : ـَ (نَقْس) ব্যঙ্গ করা, নিন্দা করা।

نَقَّسَ : (تَنْقِيْس) নিন্দা করা, ব্যঙ্গ করা; (কলমে) কালি ভরা।

نَاقَسَ : (مُنَاقَسَة) নিন্দা করা, কুৎসা করা।

نَقْس : মামড়ি, খোলস।

نِقْس : কালি। ব أَنْقَاس، أَنْقُس

نَاقُوس : ঘণ্টা, কাঁসার-ঘণ্টা, বাদ্যযন্ত্রবিশেষ; গোলক, গ্লোব। ব نَوَاقِيس

نِقَاسَة : ব্যঙ্গ, উপহাস।

نَقَشَ : ـُ (نَقْش)، نَقَّشَ (تَنْقِيْش) নকশা করা, কারুকার্য করা, টানিয়া বাহির করা, উপড়ানো।

نَاقَشَ : (مُنَاقَشَة) আলোচনা করা; বিতর্ক করা, বাদানুবাদ করা; সমালোচনা করা; আপত্তি তোলা, প্রতিবাদ করা; জিজ্ঞাসাবাদ করা।

نَاقَشَ الحِسَابَ : সূক্ষ্ম হিসাব চাওয়া, ব্যাখ্যা দাবি করা।

إِنْتَقَشَ : (إِنْتِقَاش) টানিয়া বাহির করা, উপড়ানো; আদায় করা; বাছিয়া লওয়া।

نَقْش : নকশা, কারুকার্য; খোদাইকর্ম, ভাস্কর্য; রঙিন চিত্র। ব نُقُوش

نِقَاش : আলোচনা; বিতর্ক, বাদানুবাদ; চূড়ান্ত হিসাব-নিকাশ।

نَقَّاش : চিত্রকর; রংমিস্ত্রি; ভাস্কর।

نِقَاشَة : চিত্রাঙ্কন, ভাস্কর্য-বিদ্যা।

مِنْقَش : (ব مَنَاقِش (مَنَاقِيش ব) مِنْقَاش) খোদাই-যন্ত্র, বাটালি; আঁকিবার পেন্সিল, তুলি; চিমটা, সন্না।

مَنْقُوش : নকশাযুক্ত, কারুকার্যময়, কারুকার্যখচিত; খোদাইকৃত।

مُنَاقِش : বিতর্ককারী, আলোচনাকারী।

مُنَاقَشَة : বিতর্ক, বাদানুবাদ; আলোচনা; আপত্তি, প্রতিবাদ, বিরোধিতা; মৌখিক পরীক্ষা।

نَقَصَ : ـُ (نُقْصَان، نَقْص)হ্রাস পাওয়া, কমিয়া যাওয়া; ছোট হওয়া;হ্রাস করা, কমানো, নিচে নামানো; ছোট করা; কম হওয়া, অপর্যাপ্ত হওয়া; ত্রুটিপূর্ণ হওয়া; ঘাটতিপূর্ণ হওয়া, কম থাকা।

~ عَنْ : ঘাটতি হওয়া, কম হওয়া।

نَقَّصَ، أَنْقَصَ : (إِنْقَاص، تَنْقِيْص) হ্রাস করা, কমানো, নিচে নামানো, ছোট করা।

نَاقَصَ : (مُنَاقَصَة) (নিম্নতম মূল্য স্থির করিবার জন্য) দরপত্র আহ্বান করা; নিম্নতম মূল্য প্রস্তাব করিবার প্রতিযোগিতা করা।

تَنَقَّصَ : আস্তে আস্তে হ্রাস করা; দুর্নাম করা।

تَنَاقَصَ : ক্রমশ কমিয়া যাওয়া, ধীরে ধীরে হ্রাস পাওয়া; ক্রমে ক্রমে ছোট হওয়া, ক্রমশ ক্ষয় হওয়া।

إِنْتَقَصَ : (إِنْتِقَاص) কমিয়া যাওয়া, হ্রাস পাওয়া, ক্রমশ ক্ষয় হওয়া, ছোট হইয়া যাওয়া; মর্যাদা হ্রাস করা, দুর্নাম করা; কম দেওয়া, ঠকানো।

إِسْتَنْقَصَ : (إِسْتِنْقَاص) (মূল্য) কমাইতে বলা, হ্রাস করিতে চাওয়া, পরিমাণে অল্প কিংবা ত্রুটিপূর্ণ পাওয়া বা মনে করা।

نَقْص، نُقْصَان، مَنْقَصَة : হ্রাস, ঘাটতি, কমতি, ক্ষতি, লোকসান; অভাব; অপূর্ণতা; স্বল্পতা; দোষ; ত্রুটি; হীনতা।

مُرَكَّب النَقْصِ : হীনম্মন্যতা।

نَاقِص : অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ;হ্রাসপ্রাপ্ত; ঘাটতিপূর্ণ; পরিমাণে স্বল্প, কম। ব نُقَّص

فِعْل نَاقِص : অসমাপিকা ক্রিয়া (ব্যা)।

نَقِيصَة : দোষ, ত্রুটি, ঘাটতি, কমতি। ব نَقَائِص

تَنْقِيص، إِنْقَاص : হ্রাসকরণ।

إِنْتِقَاص : হ্রাস, ক্ষয়।

مَنْقُوص : অসম্পূর্ণ; অপর্যাপ্ত; ত্রুটিপূর্ণ।

مُنَاقَصَة : নিম্নতম মূল্য স্থির করিবার জন্য দরপত্র আহ্বান, নিম্নতম মূল্য প্রস্তাবের প্রতিযোগিতা; টেন্ডার, নিলাম।



www.pathagar.com

مُتَنَاقِص : ক্রমশ হ্রাসপ্রাপ্ত, ক্ষয়িষ্ণু।

نَقَضَ ـُ : (نَقْض) ছিঁড়িয়া ফেলা, ছিন্ন করা, ভঙ্গ করা, অমান্য করা, লঙ্ঘন করা; নষ্ট করা, ধ্বংস করা; বাতিল করা; খণ্ডন করা; বিলোপ করা; ভাঙ্গিয়া ফেলা।

نَقَضَ الوَلاَءَ : আনুগত্য ত্যাগ করা, বিদ্রোহ করা।

لاَ يُنْقَض : অখণ্ডনীয়, অলঙ্ঘনীয়।

نَاقَضَ : (مُنَاقَضَة) বিরোধ হওয়া, বিপরীত হওয়া; অসঙ্গতিপূর্ণ হওয়া; অস্বীকার করা।

أَنْقَضَ : (إِنْقَاض) (ঈগল) চিঁচিঁ শব্দ করা; (আঙ্গুল) ফুটানো; অতিরিক্ত বোঝা চাপানো, ভারাক্রান্ত করা।

تَنَقَّضَ، إِنْتَقَضَ : (إِنْتِقَاض) ছিন্ন হওয়া, ছিঁড়িয়া যাওয়া; ভাঙ্গিয়া যাওয়া; নষ্ট হওয়া, ধ্বংস হওয়া; লজ্জিত হওয়া; বাতিল হওয়া; বিলুপ্ত হওয়া; ভাঙ্গিয়া পড়া।

إِنْتَقَضَ : ~ عَلَى আনুগত্য ত্যাগ করা, বিদ্রোহ করা; যুদ্ধ ঘোষণা করা, আক্রমণ করা।

تَنَاقَضَ : পরস্পরবিরোধী হওয়া, পরস্পরকে খণ্ডন করা, একটি আরেকটির বিপরীত হওয়া, অসঙ্গতিপূর্ণ হওয়া; ভাঙ্গিয়া পড়া।

إِنْقَاضٌ : সশব্দে ভাঙ্গিয়া পড়ন।

نَقْض : ছিন্নকরণ; ভঙ্গকরণ; বাতিলকরণ, রদকরণ; লঙ্ঘন; ধ্বংস; খণ্ডন; বিলোপ।

نَقْض الوَلاَء : বিদ্রোহ।

مَحْكَمَة النَقْضِ وَالإِبْرَام : আপীল কোর্ট।

حَقّ النَقْض : ভেটো ক্ষমতা।

نِقْض : ভগ্ন, জীর্ণ, ক্লান্ত।

~ : ভগ্নাবশেষ। ব أَنْقَاض

نُقْض : ভগ্নাবশেষ; ফাটল, ভাঙন। ব نُقُوض، أَنْقَاض

نَقْضَة : কড়ি কাঠ। ব نَقْض

نَقِيض : বিরোধী, বিপরীত, অসঙ্গতিপূর্ণ; বৈপরীত্য, অসঙ্গত, বিপরীত দিক।

عَلَى نَقِيض : বিপরীতে, বিপক্ষে।

عَلَى النَقِيض : পক্ষান্তরে।

نَقِيضَة : পার্থক্য, বৈষম্য; গিরিপথ; পারস্পরিক বাদ-প্রতিবাদমূলক কবিতা। ব نَقَائِض

نَقَائِض جَرِير وَالفَرَزْدَق : জারীর ও ফারায্দাকের বাদ-প্রতিবাদমূলক কাব্য-সংকলন। সংকলক আবূ 'উমার ইব্নুল মুতানাব্বী। ১৯০৫ খ্রিস্টাব্দে লাইডেন হইতে বিভান কর্তৃক প্রকাশিত।

إِنْتِقَاض : পতন, ধ্বংস; ধ্বংসাবশেষ; বিদ্রোহ।

تَنَاقُض : পরস্পরবিরোধিতা, পারস্পরিক অসঙ্গতি, বৈপরীত্য।

تَنَاقُض ظَاهِرِيّ : আপাতবিরোধিতা।

مَنْقُوض : ছিন্ন, বিধ্বস্ত, ভগ্ন, বাতিল; লজ্জিত; বিলুপ্ত, খণ্ডনকৃত; খণ্ডনীয়।

مُنَاقِض : বিরোধী, বিপরীত, অসঙ্গতিপূর্ণ।

مُنَاقِض ذَاتَه : স্ববিরোধী।

مُنَاقَضَة : বিরোধিতা, বৈপরীত্য, অসঙ্গতি।

مُتَنَاقِض : পরস্পরবিরোধী, একটি আরেকটির বিপরীত, পরস্পর অসঙ্গতিপূর্ণ।

مُتَنَاقِض الظَاهِر : আপাতবিরোধী।

المُتَنَاقِضَات : বিপরীত ভাব বা বস্তুসমূহ, বৈপরীত্যপূর্ণ বিষয়াদি, বৈষম্যমূলক বিষয়।

نَقَطَ ـُ : (نَقْط) ফোঁটা দেওয়া, নোকতা দেওয়া, বিন্দু-চিহ্ন দেওয়া, বিন্দু দ্বারা চিহ্নিত করা।

نَقَّطَ : (تَنْقِيط) ফোঁটা দেওয়া, নোকতা দেওয়া, বিন্দু-চিহ্ন দেওয়া; বিন্দু দ্বারা চিহ্নিত করা; যতিচিহ্ন দেওয়া; ছোট ছোট দাগ দেওয়া; ডোরা-চিহ্ন দেওয়া, (পানি) ফোঁটায় ফোঁটায় পড়া; ফোঁটায় ফেলা; (কনেকে) বিবাহের উপহার দেওয়া।

~ عَلَى : বণ্টন করিয়া দেওয়া, বিতরণ করা।

تَنَقَّطَ : ডোরাযুক্ত হওয়া; অল্প অল্প করিয়া খাওয়া।

نُقْط : মৎস্যবিশেষ।

نُقْطَة : নোকতা, ফোঁটা, বিন্দু, ডোরা; চিহ্ন; (খেলাধুলার) পয়েন্ট; পূর্ণচ্ছেদ, full Stop; বস্তু, বিষয়; বিবরণ; স্থান, অবস্থান, জায়গা, স্থল; কেন্দ্র, ক্ষেত্র; স্টেশন; অংশ; বিস্তারিত বিষয়; মূল বিষয়; সামান্য ব্যাপার; নির্দিষ্ট বস্তু; লক্ষ্যস্থল, গন্তব্য; দফা; শাখা, ঘাঁটি; বিবাহের উপহার। ব نِقَاط، نُقَط



www.pathagar.com

نُقْطَة الإتِّصَال : সংযোগস্থল।

~ الإرْتِكَاز : সুরক্ষিত অবস্থান।

~ أَسَاسِيَّة : মৌল বিষয়, কেন্দ্রবিন্দু।

~ الإسْتِفْهَام : প্রশ্নবোধক চিহ্ন।

نُقْطَة المَطَافِئ ~ الإطْفَاء : অগ্নি নির্বাপণ-কেন্দ্র।

~ البُولِيس : পুলিশ-স্টেশন।

~ التَّحَوُّل : মোড়, বাঁক।

~ جُمْرُكِيَّة : শুল্ক-ঘাঁটি।

~ خَارِجِيَّة : দূরবর্তী ঘাঁটি; বৈদেশিক গন্তব্য।

~ الخِلَاف : মতবিরোধের উৎস।

~ الدَّائِرَة : বৃত্তের কেন্দ্রবিন্দু।

~ الذَّنَب : গ্রহাদির কক্ষপথের যে স্থান সূর্য হইতে দূরতম, অপসূর, Aphelion.

~ الرَّأس : গ্রহাদির কক্ষপথের যে স্থান সূর্য হইতে নিকটতম, অনুসূর, Perihelion.

~ العَنْبَر : তিলক।

~ العَيْن : লিউকমা, Leucoma.

~ العُرْس : বিবাহের উপহার।

~ القِتَال : যুদ্ধক্ষেত্র।

دَاء النُّقْطَة : মৃগীরোগ, Epilepsy.

فَوْز بِالنُّقَط : পয়েন্টে জয়লাভ (খেলাধুলা)।

نَقِيط، نَاقِط : ক্রীতদাসের দাস, গোলামের গোলাম।

نَقَّاط : নোকতা প্রদানকারী।

نَقَّاطَة : ফোঁটা ফেলিবার নল, ড্রপার, Dropper.

نُقُوط : (কনের জন্য) বিবাহের উপহার।

نَقِيطَة : ফোঁটা।

مُنَقَّط، مَنْقُوط : নোকতাওয়ালা, বিন্দুচিহ্নিত, ডোরাকাটা, দাগযুক্ত।

فَصْلَة مَنْقُوطَة : সেমিকোলন, semicolon.

نَقَعَ ـَ : (نَقْع) স্বর উঁচু করা, আওয়াজ তোলা, চিৎকার করা।

~، أَنْقَعَ : (إِنْقَاع) (তৃষ্ণা, ক্রোধ, বিদ্বেষ) নিবারণ করা; (পানি) বদ্ধ হওয়া, জমা হওয়া।

~، ~ فِى (পানিতে) ভিজাইয়া রাখা, সিক্ত করা।

إِسْتَنْقَعَ : (إِسْتِنْقَاع) (পানি) বদ্ধ হওয়া; বদ্ধ হওয়ার ফলে নষ্ট হওয়া; (ভূমি) ভূমি জলপূর্ণ হওয়া; পঙ্কিল হওয়া; (স্বর) উঁচু হওয়া।

~ فِى : (পানি চৌবাচ্চায়) জমা হওয়া; ঠাণ্ডা হওয়ার উদ্দেশ্যে (পানিতে) অবস্থান করা।

أَنْتُقِعَ، أُسْتُنْقِعَ : বিবর্ণ হওয়া।

نَقْع : (পানিতে) সিক্তকরণ, ভিজাইয়া রাখন।

~ : বদ্ধ পানি; জলাভূমি। ব أَنْقُع

~ : ধূলি। ব نُقُوع، نِقَاع

نَاقِع : তৃপ্তিদায়ক; মারাত্মক (বিষ); তৃষ্ণা নিবারক (পানীয়); তাজা (রক্ত)।

نَقَّاع : উদ্ধত।

نُقَاعَة : ভিজাইয়া নরম করা হইয়াছে এমন বস্তু, ক্বাথ।

نَقُوع : তাজা ও উপাদেয় পানি; (খেজুর, কিশমিশ ইত্যাদি) শুকনা ফল; ভিজাইয়া নরম করা হইয়াছে এমন বস্তু।

نَقِيع : ভিজাইয়া নরম করা হইয়াছে এমন বস্তু, ক্বাথ; যাহার সহিত কোনকিছু ভিজাইয়া নরম করা হইয়াছে; ভিজাইয়া রাখা শুকনা ফলের রস। ব أَنْقِعَة

النَّقِيع : মদীনার অদূরে একটি স্থান।

نَقِيعَة : অতিথি আপ্যায়নের নিমিত্ত জবাইকৃত পশু। ব نَقَائِع

أَنْقَع : অধিকতর তৃষ্ণা-নিবারক।

مِنْقَعَة، مِنْقَع : ভিজাইয়া রাখিবার পাত্র; ঔষধ মিশ্রিত করিবার পাত্র। ব مَنَاقِع

مَنْقَع : জলাভূমি, সমুদ্র; তৃষ্ণা নিবারণ। ব مَنَاقِع

مَنْقَع الدَّم : জবাই করিবার স্থান, বধ্যভূমি, যূপকাষ্ঠ।

مُنْقَع : খাঁটি দুধ; পাথরের পেয়ালা।

مَنْقَعَة، مُنْقُع : দুধে খেজুর মিশ্রিত করিবার পাত্র।

مَنْقُوع : ভিজাইয়া নরম করা হইয়াছে এমন; ভিজাইয়া নরম করা বস্তু, ক্বাথ।



www.pathagar.com

مُسْتَنْقَع : জলাভূমি; কাপড়চোপড় ধুইবার জন্য পানি জমা করিয়া রাখিবার ট্যাঙ্ক। ব مُسْتَنْقَعَات

حُمَّى الْمُسْتَنْقَعَات : ম্যালেরিয়া।

نَقَفَ ـُ : (نَقْف) কোন কিছু ভাঙ্গা; ভাঙ্গিয়া (ভিতরের অংশ) বাহির করা; ছাল তোলা, খোসা ছাড়ানো; আস্তে আঘাত করা; মিশ্রিত করা।

~ : (نَقْفَة) তুড়ি দেওয়া; টোকা মারা; মার দেওয়া।

~ عَنْ : পরীক্ষা করা।

نَاقَفَ : (مُنَاقَفَة) খুলি ভাঙ্গিয়া দেওয়া।

أَنْقَفَ : (إِنْقَاف) কাটিয়া বাহির করা; (পঙ্গপাল) ডিম পাড়িয়া বাসা ভরিয়া ফেলা; (হাড়ের) মজ্জা বাহির করিতে দেওয়া।

تَنَاقَفَ : তরবারি দ্বারা একে অপরকে আঘাত করা।

إِنْتَقَفَ : (إِنْتِقَاف) (কাটিয়া বা ভাঙ্গিয়া) বাহির করা।

نِقْف : মুরগির বাচ্চা।

نَقَفَة : পর্বত-শৃঙ্গের ঢালু অঞ্চল।

نِقَاف : পরিণামদর্শী।

نَقَّاف : পরিণামদর্শী, সতর্ক; অনুসন্ধিৎসু।

نَقِيف : কীটদষ্ট বস্তু। ব نُقْف

مِنْقَاف : পাখির ঠোঁট। ব مَنَاقِيفُ، مَنَاقِفُ

مَنْقُوف : মলিন, ফেঁকাসে; পচা।

نَقَلَ ـُ : (نَقْل) সরানো, নড়ানো, এক স্থান হইতে অন্য স্থানে লইয়া যাওয়া, বহন করা; বদলি করা, স্থানান্তরিত করা; হস্তান্তর করা; অপসারণ করা; বরখাস্ত করা; নকল করা, কপি করা; অনুবাদ করা; বর্ণনা করা; (রোগ) ছড়াইয়া দেওয়া, বিস্তৃত করা; (হিসাব) খতিয়ান-বহিতে তোলা; (চারা) সরাইয়া নূতন স্থানে রোপণ করা।

~ عَنْ : উদ্ধৃতি দেওয়া; কাহারো মাধ্যমে বর্ণনা করা।

نَقَّلَ : (تَنْقِيل) বার বার বদলি করা, স্থানান্তরিত করা, স্থান পরিবর্তন করা; অপসারিত করা; খণ্ড খণ্ড করা; কপি করাইয়া দেওয়া।

نَاقَلَ : (مُنَاقَلَة) (বাক্য) বিনিময় করা; (দৃষ্টি) নিক্ষেপ করা; সংবাদ দেওয়া, অবহিত করা; হস্তান্তর করা; বর্ণনা করা; সাবধানে হাঁটা; (অশ্ব) দ্রুতগতিতে চলা।

تَنَقَّلَ : স্থানান্তরিত হওয়া, অবস্থান্তরিত হওয়া, অপসারিত হওয়া, বদলি হওয়া, স্থান পরিবর্তন করা; প্রেরিত হওয়া; ঘুরিয়া বেড়ানো, হাঁটা-চলা করা।

تَنَاقَلَ : বহন করা, লইয়া যাওয়া, আদান-প্রদান করা, বিনিময় করা; বর্ণনা করা, প্রচার করা, হস্তান্তর করা; ছড়াইয়া দেওয়া; পালাক্রমে করা।

تَنَاقَلَ الْكَلَامَ : পরস্পর বাক্যবিনিময় করা, কথাবার্তা বলা।

تَنَاقَلَتْهُ الأَلْسُنُ : মুখে মুখে ছড়াইয়া পড়া।

تَنَاقَلَتْهُ الأَيْدِى : হাত বদল করা, ক্রমাগত হস্তান্তরিত হওয়া।

تَنَاقَلَتِ الْجَرَائِدُ : (সংবাদ) সংবাদপত্রে বহুল প্রচারিত হওয়া।

إِنْتَقَلَ : (إِنْتِقَال) সরিয়া যাওয়া, চলিয়া যাওয়া, এক স্থান হইতে অন্য স্থানে গমন করা, স্থানান্তরিত হওয়া, বদলি হওয়া, অপসারিত হওয়া; অন্যত্র নীত হওয়া; হস্তান্তরিত হওয়া; প্রচারিত হওয়া; স্থান পরিবর্তন করা; অন্যত্র চলিয়া যাওয়া; ঘুরিয়া বেড়ানো; (গুজব, রোগ) ছড়াইয়া পড়া, বিস্তার লাভ করা।

~ إِلَى : ছড়াইয়া পড়া, অগ্রসর হওয়া; রাস্তা লওয়া।

إِنْتَقَلَ إِلَى جِوَارِ اللّٰه، إِنْتَقَلَ إِلَى رَحْمَةِ اللّٰه : ইন্তিকাল করা, মরিয়া যাওয়া।

إِنْتَقَلَ : ~ عَنْ، مِنْ চলিয়া যাওয়া, প্রস্থান করা, ত্যাগ করা।

~ فِى : ঘুরিয়া বেড়ানো, ঘুরাফিরা করা।

نَقْل : স্থান পরিবর্তন, বদলি, অপসারণ, বহন, পরিবহন; হস্তান্তর; প্রেরণ; নকল; কপি, অনুলিপি; অনুবাদ; বর্ণনা।

نَقْلُ الدِمَاء، نَقْلُ الدَمِ : (শরীরে) রক্তদান।

أُجْرَةُ النَّقْلِ : পরিবহন-মূল্য, Freight.

أَثْنَاءَ النَّقْلِ : বহনকালে।

~ سَيَّارَة : ট্রাক, লরি।

~ مَعَالِيم : ট্রান্সফার ফি, Transfer fees.

~ وَسَائِل : পরিবহন-মাধ্যম, যানবাহন।

نِقْل : জীর্ণ বস্তু, তালিযুক্ত (জুতা)। ব نِقَال، أَنْقَال

نُقْل : শুষ্ক, শক্ত ফল বা মিষ্টান্ন। ব نُقُول

نُقْلِي : শুষ্ক ফলবিক্রেতা।

كَسَّارَة النُّقْلِ : জাঁতি।

نَقْلِيّ : পরম্পরাগত, ঐতিহ্যগত, বর্ণনাভিত্তিক; পরিবহন-সম্বন্ধীয়।

الْمَذْهَب النَّقْلِيّ : ঐতিহ্যবাদ।

الْعُلُوم النَّقْلِيَّة : ঐতিহ্যগত বিদ্যা।

نَقْلِيَّات : পরিবহন।

نَقْلِيَّات عَسْكَرِيَّة : সেনা-পরিবহন।

نَقَل : ছোট ছোট আলগা পাথর; উটের ক্ষুরা রোগ।

~ : (খাবার পরে পরিবেশিত) শুষ্ক ও শক্ত ফল বা মিষ্টান্ন। ব نُقُول

نَقِل : প্রস্তরময় (ভূমি); উত্তর প্রদানে আগ্রহী, জবাবপ্রবণ।

نَقْلَة : খাটো ও প্রশস্ত বর্শাফলক। ব نِقَال

نِقْلَة : বিবাহের প্রস্তাব হয় নাই এমন অনূঢ়া। ব نِقَل

نُقْلَة : নমুনা; জল্পনা; রটনা; অপবাদ। ব نُقَل

~ : স্থানত্যাগ, দেশান্তরে গমন।

نَاقِل : বহনকারী; অনুবাদক, নকল-নবিস; প্রেরক-যন্ত্র। ব نُقَّال، نَقَلَة، نَاقِلُون

نَاقِل السُّرْعَة، نَاقِل الْحَرَكَة : (মোটর-গাড়ির) গিয়ার পরিবর্তনের যন্ত্র।

نَاقِلَة : পরিবহন-যান, জাহাজ। ব نَاقِلَات

نَاقِلَة الزَّيْت، نَاقِلَة الْبِتْرُول : তেলবাহী জাহাজ, ট্যাঙ্কার, Tanker.

~ الْجُنُود : সৈন্যবাহী জাহাজ।

~ الطَّائِرَات : বিমানবাহী জাহাজ।

نَاقِلِيَّة : তড়িৎসঞ্চালন-শক্তি, পরিবাহিতা, Electriby; পরিবহন-মূল্য, Freight.

نَقَّال : বহনযোগ্য, পরিবহনযোগ্য; দ্রুতগামী (অশ্ব)।

نَقَّالَة : স্ট্রেচার, Stretcher; এম্বুলেন্স, Ambulance; পরিবহন-যান, ট্রাক, লরি; সৈন্যবাহী জাহাজ। ব نَقَّالَات

نَقِيل : গিরি-সঙ্কট, গিরিবর্ত্ম; ঢল; যাযাবর।

نَقِيلَة : জুতার তালি। ব نَقِيلٌ، نَقَائِل

إِنْتِقَال : অবস্থা পরিবর্তন, স্থান-পরিবর্তন, অবস্থান্তর, অপসরণ, বদলি; বহন, পরিবহন; প্রস্থান; মৃত্যু, ইনতিকাল।

طَوْر الإِنْتِقَال : সন্ধিক্ষণ, Transition period.

~ فَتْرَة : অন্তর্বর্তীকাল।

إِنْتِقَالِيّ : অন্তর্বর্তীকালীন, অস্থায়ী।

تَنَقُّل : স্থানান্তর, অবস্থান্তর, স্থান পরিবর্তন, বদলি; ঘুরাফিরা; বহন, পরিবহন; পুনর্গঠন।

تَنْقِيل : আদান-প্রদান, বিনিময়।

مِنْقَل : জ্বলন্ত অঙ্গার রাখিবার পাত্রবিশেষ, কাঁসারি; গিরিপথ; জীর্ণ জুতা। ব مَنَاقِل

~، مِنْقَل : গনিওমিটার, Goniometer.

مَنْقَلَة : এক দিনের ভ্রমণ; বিরামস্থল; মনজিল; কোণমাপক যন্ত্র; তালি।

مِنْقَلَة : পরিবহন-যান। ব مَنَاقِل

مَنْقُول : বর্ণিত, পরম্পরাগত, ঐতিহ্যগত; বহনকৃত, পরিবহনকৃত; বদলিকৃত; স্থানান্তরিত, অবস্থান্তরিত; হস্তান্তরিত; অনূদিত; অনুলিপিকৃত, বহনযোগ্য, পরিবহনযোগ্য, অস্থাবর।

~ : অস্থাবর জিনিস। ব مَنْقُولَات

مَنْقُولَات : অস্থাবর সম্পত্তি; আসবাবপত্র।

مَنْقُولِيَّة : স্থানান্তর বা অবস্থান্তরযোগ্যতা।

مُتَنَقِّل : স্থানান্তরযোগ্য, অবস্থান্তরযোগ্য; পরিবর্তনযোগ্য, বদলিযোগ্য, বহনযোগ্য, পরিবহনযোগ্য; চলিষ্ণু; পরিবর্তনশীল, অস্থায়ী; ভ্রাম্যমাণ, যাযাবর।



www.pathagar.com

مُسْتَشْفَى مُتَنَقِّل : ভ্রাম্যমাণ হাসপাতাল।

مُتَنَقِّل : স্থানান্তরশীল; চলিষ্ণু; পরিবর্তনশীল, অস্থায়ী, অস্থাবর (সম্পত্তি); সংক্রামক, ছোঁয়াচে (রোগ)।

نَقَمَ - نَقِمَ، (نَقْم) - نَقَمَ، (نَقَم) إِنْتَقَمَ، (إِنْتِقَام) : ~ مِنْ ل، প্রতিশোধ গ্রহণ করা, বদলা নেওয়া; শাস্তি দেওয়া।

~، ~ عَلَى ~ : ঘৃণা বা শক্রতা পোষণ করা, বিদ্বেষী হওয়া; ক্রুদ্ধ হওয়া; ঘৃণা করা।

نَقِمَ عَلَيْهِ حَقُّهُ : সে অধিকার বঞ্চিত হইল।

نَاقَمَ : (مُنَاقَمَة) বিরক্ত করা, হয়রান করা।

إِسْتَنْقَمَ : (إِسْتِنْقَام) প্রতিশোধ নিতে চাওয়া, প্রতিশোধ লওয়া।

نَقَم : রাস্তার মধ্যস্থল।

نَقْمَة، نَقِمَة : প্রতিশোধ, বদলা; ঘৃণা, শক্রতা, বিদ্বেষ, ক্রোধ; শাস্তি; প্রচণ্ড আঘাত। ব نَقِمَات، نِقَم

نَاقِم : প্রতিশোধ গ্রহণকারী; বিদ্বেষী, শক্রতা পোষণকারী; ক্রুদ্ধ; বিরক্ত।

إِنْتِقَام : প্রতিশোধ।

مُنْتَقِم : প্রতিশোধ গ্রহণকারী; প্রতিহিংসাপরায়ণ।

نَقْنَقَ (نَقْنَقَة) : (ব্যাঙ, মুরগি) ডাকা; ঠোকরাইয়া খাওয়া।

نَقَهَ - نَقَهَ (نُقُوه) - نَقِهَ (نَقَه) إِنْتَقَهَ (إِنْتِقَاه) : ~ مِنْ আরোগ্য লাভ করা, সুস্থ হইয়া উঠা।

أَنْقَهَ : (إِنْقَاه) আরোগ্য করা।

إِسْتَنْقَهَ : (إِسْتِنْقَاه) জিজ্ঞাসা করা।

نَقَه، نُقُوه، نَقْهَة، نَقَاهَة : আরোগ্য, নিরাময়।

دَار النَّقَاهَة : আরোগ্য-নিকেতন।

نَاقِه، نَقِه : আরোগ্য লাভ করিতেছে এমন, রোগমুক্ত হইতেছে এমন। ব نُقَّه

نَقَا - نَقْو (نَقْو)، نَقَى - (نَقْي) (অস্থি হইতে) মজ্জা বাহির করা।

نَقِيَ - (نَقَاء، نَقَاوَة، نُقَاوَة) পরিষ্কার হওয়া, স্বচ্ছ হওয়া, নির্মল হওয়া।

نَقَّى : (تَنْقِيَة) পরিষ্কার করা, নির্মল করা, বাছিয়া লওয়া, বাছাই করা।

أَنْقَى ، (إِنْقَاء) পরিষ্কার করা, নির্মল করা; (উট) মোটা হওয়া।

تَنَقَّى : বাছিয়া লওয়া, বাছাই করা।

إِنْتَقَى : (إِنْتِقَاء) বাছিয়া লওয়া, বাছাই করা; (অস্থি হইতে) মজ্জা বাহির করা।

نَقًا، نَقْو : বাহুর হাড়; মজ্জাপূর্ণ অস্থি। ব أَنْقَاء

نِقْي : হাড়ের মজ্জা। ব أَنْقَاء

نَقَاء : স্বচ্ছতা, নির্মলতা।

نَقَاوَة، نُقَاوَة : স্বচ্ছতা, নির্মলতা; বাছাই, শ্রেষ্ঠাংশ।

نَقَايَة : ফলের বিচি।

نُقَايَة : বাছাই, পছন্দ; শ্রেষ্ঠাংশ।

نَقِيّ : স্বচ্ছ, পরিষ্কার, খাঁটি, নির্মল; পবিত্র; ধার্মিক, ন্যায়পরায়ণ। ব نِقَاء، أَنْقِيَاء

أَنْقَى : স্বচ্ছতর, নির্মলতর; সরু অঙ্গুলিবিশিষ্ট।

إِنْتِقَاء : বাছাই।

تَنْقِيَة : পরিষ্করণ, নির্মলকরণ; বাছাইকরণ।

الْمُنَقَّى : রাস্তা, পথ।

مُنْتَقًى : বাছাইকৃত; নির্বাচিত।

نَكَأَ - نَكَأَ : (نَكْأ) (ক্ষতের) মামড়ি তোলা; হত্যা কিংবা জখম করা; (পাওনা) পরিশোধ করা।

إِنْتَكَأَ : (إِنْتِكَاء) (পাওনা) আদায় করা।

نِكَايَة : হত্যা।

نَكَبَ - نَكَبَ : (نَكْب، نَكَب) অসুখী করা, কষ্ট দেওয়া, দুঃখে নিপতিত করা, হতভাগ্য করা; নিচে ফেলিয়া দেওয়া।

~ : (نُكُوب) (বায়ু) ভিন্ন দিকে প্রবাহিত হওয়া, গতি পরিবর্তন করা।

~ : (نُكُوب، نِكَابَة) ~ عَلَى প্রতিরক্ষা করা।

~ : (نَكْبَة) কাত করা; আহত করা, থেঁতলাইয়া দেওয়া; ছুঁড়িয়া ফেলা।

~ : (نُكُوب، نَكْب) ~ عَنْ বিপথে যাওয়া।

نَكِبَ - نَكِبَ : (نَكَب) কাঁধে ব্যথা অনুভব করা।

~ عَنْ : বিপথে যাওয়া।



www.pathagar.com

نَكَّبَ : (تَنْكِيب) উল্টানো, ফিরানো, সরানো; পরিত্যাগ করা।

~ عَنْ : পথভ্রষ্ট করা, বিপথগামী করা।

تَنَكَّبَ : পরিহার করা, বিরত থাকা, ফিরিয়া আসা বা যাওয়া।

~, اِنْتَكَبَ : (اِنْتِكَاب) স্কন্ধে তুলিয়া লওয়া, দায়িত্ব গ্রহণ করা।

~ عَنْ : বিপথে যাওয়া; বিরত থাকা।

نَكَب : ঝোঁক; (উটের) কাঁধের ব্যথা।

~ : (ব نُكُوب) نَكْبَة (ব نَكَبَات) আকস্মিক বিপদ, দুর্বিপাক, দুর্ভাগ্য, বিপদ, দুর্ঘটনা।

نُكْبَة : শস্যস্তূপ। ব نُكَب

نَكِب : পায়ে আঘাতপ্রাপ্ত (পশু)।

نَكِيب : ক্ষুরের বেষ্টনী।

أَنْكَب : কাঁধে ব্যথাযুক্ত (পশু); ধনুকবিহীন (লোক); যাহার এক স্কন্ধ হইতে অন্য স্কন্ধ উঁচু; বিপথগামী।

نَكْبَاء : ঈশান কোণে প্রবাহিত বায়ু, পার্শ্ব-বায়ু। ব نُكْب

نُكَيْبَاء : উত্তর-পূর্ব দিক হইতে প্রবাহিত বায়ু।

مَنْكِب : স্কন্ধ; পার্শ্ব; উচ্চভূমি; সাহায্যকারী; রক্ষক। ব مَنَاكِب

مَنْكُوب : দুর্ভাগ্যপীড়িত, দুর্ভাগ্যের শিকার, ভাগ্যাহত, অসুখী, হতভাগ্য; পায়ে আঘাতপ্রাপ্ত; বাঁকা পথ।

نَكَتَ : ـُ (نَكْت) (মাটি) খোঁড়া, আঁচড়ানো, অধোমুখে ফেলিয়া দেওয়া; লাফ দেওয়া।

نَكَّتَ : (تَنْكِيت) ~ عَلَى সমালোচনা করা, হয়রান করা; তামাশা করা, উপহাস করা, ঠাট্টা করা, পরিহাস করা।

~ : (খেজুর) পাকিয়া উঠা।

نَكَّتَ فِى كَلَامِه : রসিকতাপূর্ণ উক্তি করা, রসিকতা করা।

اِنْتَكَتَ : (اِنْتِكَات) অধোমুখে নিক্ষিপ্ত হওয়া।

نُكْتَة : বিন্দু, ফোঁটা, দাগ, ছাপ, চিহ্ন; রসিকতা, ঠাট্টা, তামাশা, উপহাস, পরিহাস, ব্যঙ্গ, বিদ্রূপ, ব্যঙ্গোক্তি; অদ্ভুত লোক। ব نُكَات، نُكَت

مُنَكِّت، نَكَّات : উপহাসকারী, বিদ্রূপকারী, ব্যঙ্গকারী; সমালোচক; ছিদ্রান্বেষী।

~ : ব্যঙ্গপূর্ণ ভাষ্য; বিদ্রূপাত্মক।

تَنْكِيت : ব্যঙ্গ, বিদ্রূপ, হাস্য-পরিহাস; কৌতুক, রসিকতা; বিন্দু দ্বারা নকশা অঙ্কন।

نَكَثَ : ـُ (نَكْث) (চুক্তি, প্রতিজ্ঞা) ভঙ্গ করা, লঙ্ঘন করা; (দড়ির) পাক খুলিয়া ফেলা।

تَنَاكَثَ : পারস্পরিকভাবে ভঙ্গ করা, লঙ্ঘন করা।

اِنْتَكَثَ : (اِنْتِكَاث) (চুক্তি, প্রতিজ্ঞা) ভঙ্গ হওয়া, লজ্জিত হওয়া; (দড়ির) পাক খুলিয়া যাওয়া।

نَكْث : (চুক্তি বা প্রতিজ্ঞা) ভঙ্গকরণ,লঙ্ঘন।

نِكْث : পাক খুলিয়া ফেলা হইয়াছে এমন তন্তু। ব أَنْكَاث

نَاكِث : (প্রতিজ্ঞা বা চুক্তি) ভঙ্গকারী, লঙ্ঘনকারী; বিশ্বাস ভঙ্গকারী, বিশ্বাসঘাতক; অসৎ, দুষ্ট।

نَكِيثَة : আত্মা, মন, প্রকৃতি; মনোবল; কঠিন কাজ; সংকট; সাধ্যাতীত প্রচেষ্টা; প্রতিশ্রুতি ভঙ্গ। ব نَكَائِث

نَكَحَ : ـُ (نِكَاح) বিবাহ করা, সহবাস করা; মিলিত হওয়া।

نَكَّحَ : (تَنْكِيح) দৌড়াইয়া যাওয়া।

نَاكَحَ : (مُنَاكَحَة) বৈবাহিক সূত্রে সম্পৃক্ত হওয়া।

أَنْكَحَ : (إِنْكَاح) বিবাহ দেওয়া।

اِسْتَنْكَحَ : (اِسْتِنْكَاح) বিবাহ করিতে চাওয়া, বিবাহ করা।

نُكْح : বিবাহ-চুক্তি; বিবাহ-পদ্ধতি।

نُكَح : বহুপত্নীক।

نُكَحَة : বহুভর্তৃকা, যে নারীর একাধিক স্বামী আছে।

نِكَاح : বিবাহ, বিবাহ-চুক্তি, দাম্পত্য মিলন।



www.pathagar.com

نَاكِح : বিবাহিত।

مَنَاكِح : স্ত্রীলোক, স্ত্রীজাতি।

نَكَدَ ـُ : (نَكْد) আটকাইয়া রাখা, অস্বীকার করা; সামান্য পরিমাণ দেওয়া; বিরক্ত করা, উৎপীড়ন করা।

نَكِدَ ـَ : (نَكَد) (জীবন) কঠিন হওয়া, দুর্বিষহ হওয়া, কষ্টকর হওয়া; অসুখী হওয়া; (কূপ) সামান্য পানি ধারণ করা।

نَكَّدَ : (تَنْكِيد) (জীবন) কঠিন করা, কষ্টকর করা, দুর্বিষহ করা; কষ্ট দেওয়া; অসুখী করা; (সম্পদ) অপচয় করা।

~ عَلَى : কষ্ট দেওয়া, বিরক্ত করা; অসুখী করা।

نَاكَدَ : (مُنَاكَدَة) কষ্ট দেওয়া, বিরক্ত করা, উৎপীড়ন করা।

تَنَكَّدَ : (জীবন) অসুখী হওয়া, কষ্টকর হওয়া; বিরক্ত হওয়া, উৎপীড়িত হওয়া।

تَنَاكَدَ : কঠোর আচরণ করা; বিরক্ত করা, হয়রান করা।

نَكْد، نَكَد : কষ্ট, দুর্দশা, দুর্ভাগ্য, দুঃখ। ব أَنْكَاد

نُكْد، مُنَكَّد : সামান্য, তুচ্ছ (দান)। ~،

نَكِد، مَنَاكِيد : কঠিন, কষ্টদায়ক, অসুখী; খিটখিটে, বদমেযাজী। ব أَنْكَاد

نَاكِد : সন্তানহারা (স্ত্রীলোক); স্বল্প দুধ দেয় এমন (উষ্ট্রী)। ব نُكْد

أَنْكَد : কঠিন, কষ্টদায়ক, বিরক্তিকর; হতভাগ্য। স্ত্রী نَكْدَاء ব نُكْد

مَنْكُود : সামান্য, তুচ্ছ (দান); অসুখী, হতভাগ্য; উৎপীড়িত।

مَنْكُود الحَظّ : দুর্ভাগ্যবান, হতভাগ্য।

مُنَكِّدَات : দুঃখ-কষ্ট।

نَكِرَ ـَ : (نُكْر، نَكَر، نُكُور، نَكِير) না জানা, অজ্ঞ হওয়া, অনবহিত হওয়া; অস্বীকার করা; ত্যাগ করা।

نَكُرَ ـُ : (نَكَارَة) কঠিন হওয়া।

نَكَّرَ : (تَنْكِير) গোপন করা, মুখোশ পরিধান করানো; (ইস্মকে) অনির্দিষ্ট বস্তুজ্ঞাপকরূপে ব্যবহার করা (ব্যা)।

نَاكَرَ : (مُنَاكَرَة) অনুমোদন না করা, প্রত্যাখ্যান করা; সংগ্রাম করা, বিতর্ক করা।

أَنْكَرَ : (إِنْكَار) অস্বীকার করা, প্রত্যাখ্যান করা, ত্যাগ করা; অনুমোদন না করা; না জানিবার ভান করা; প্রত্যাহার করা।

~ عَلَى : নিন্দা করা, সমালোচনা করা; প্রত্যাখ্যান করা।

تَنَكَّرَ : ছদ্মবেশ ধারণ করা, মুখোশ পরিধান করা, আত্মগোপন করা।

~ لِ : বিরক্ত বোধ করা; অবজ্ঞা করা, তুচ্ছ মনে করা; খারাপ জানা; শত্রু জ্ঞান করা।

تَنَاكَرَ : অজ্ঞতার ভান করা; অস্বীকার করা; পরস্পর শত্রুতাপূর্ণ আচরণ করা।

إِسْتَنْكَرَ : (إِسْتِنْكَار) না জানা, অজ্ঞ হওয়া; অনুমোদন না করা, প্রত্যাখ্যান করা; ঘৃণা করা, তুচ্ছ জ্ঞান করা।

نَكْر : সূক্ষ্মদর্শিতা; কৌশল।

~ : চতুর; সূক্ষ্মদর্শী। ব أَنْكَار

نُكْر : অস্বীকৃতি; সূক্ষ্মদর্শিতা, কৌশল; কঠিন বিষয়, অবজ্ঞা প্রদর্শন।

~ : খারাপ কাজ। ব أَنْكَار

نَكِر : অজ্ঞাত, অপরিচিত; স্বল্প পরিচিত।

نَكِرَة : অপরিচিত লোক; বস্তু অনির্দিষ্ট বিশেষ্য (ব্যা)।

نَكِرَة : অস্বীকৃতি, প্রত্যাখ্যান।

نُكُر : অপরিচিত।

~ : চতুর; সূক্ষ্মদর্শী; কঠিন বিষয়। ব أَنْكَار

نَاكِر : অস্বীকারকারী, প্রত্যাখ্যানকারী; শত্রুভাবাপন্ন।

نَاكِر الجَمِيل : অকৃতজ্ঞ।

نَكَارَة : সূক্ষ্মদর্শিতা; কৌশল।



www.pathagar.com

نَكْرَاء : সূক্ষ্মদর্শিতা; কৌশল; কঠিন বিষয়; দুর্ভাগ্য, দুর্ঘটনা।

نُكْرَان : অস্বীকৃতি।

نُكْرَان الجَمِيل : অকৃতজ্ঞতা।

نَكِير : অস্বীকৃতি; অননুমোদন; প্রত্যাখ্যান; নিন্দনীয়; ভীম দর্শন; ঘৃণ্য; কঠিন বিষয়; নাকীর : মৃত ব্যক্তিকে তাহার ঈমান সম্পর্কে কবরে জিজ্ঞাসাবাদকারী ফেরেশতাদ্বয়ের একজনের নাম।

أَنْكَر : ঘৃণ্য, জঘন্য, নিন্দনীয়, নিকৃষ্ট। স্ত্রী نَكْرَاء

إِنْكَار : অস্বীকার, অস্বীকৃতি; প্রত্যাখ্যান।

إِنْكَارِيّ : না-সূচক, নাঞি জ্ঞাপক, নেতিবাচক; অস্বীকৃতিমূলক; অস্বীকারসূচক।

إِسْتِنْكَار : অননুমোদন; ঘৃণাপোষণ।

تَنَكُّر : ছদ্মবেশ।

قِنَاع التَّنَكُّر : মুখোশ।

~ لِبَاس : শৌখিন পোশাক; ফ্যান্সি-ড্রেস, fancy-dress.

~ حَفْلَة رَقْص تَنَكُّرِيَّة، حَفْل تَنَكُّرِيّ، مَحْفِل : ফ্যান্সি-ড্রেস পার্টি, নৃত্য-মেলা, Dance assemblage.

مُنْكَر : অস্বীকৃত; অননুমোদিত; প্রত্যাখ্যাত; অপরিচিত; খারাপ; ঘৃণ্য; কদর্য।

~ : খারাপ কাজ। ব مُنْكَرَات

مُنْكَر وَنَكِير মুনকার ও নাকীর : মৃত ব্যক্তিকে তাহার ঈমান সম্পর্কে কবরে জিজ্ঞাসাবাদকারী ফেরেশতাদ্বয়ের নাম।

مُنَكَّر : অনির্দিষ্ট (ব্যা)।

مَنْكُور : অপরিচিত, অজ্ঞাত। ব مَنَاكِيرُ

مُتَنَكِّر : ছদ্মবেশী; মুখোশ পরিহিত; অজ্ঞাত পরিচয়।

مُسْتَنْكَر : আপত্তিকর, নিন্দনীয়, ঘৃণ্য, জঘন্য; অদ্ভুত।

نَكَزَ : ـُ (نَكْز) খোঁচা মারা, অঙ্কুশ মারা, ডাঙ্গশ মারা; আঘাত করা, দংশন করা; তাড়াইয়া নেওয়া।

~ : (نُكُوز) (পানি) মাটিতে শুষিয়া যাওয়া।

نَكِزَ : ـَ (نَكَز) (কূপের পানি) নিঃশেষিত হওয়া।

نِكْز : হাড়ে অবশিষ্ট মজ্জা; জঞ্জাল, আবর্জনা।

نَاكِز : (ব نَوَاكِز) نَكُوز (ব نُكْز) নিঃশেষিত কূপ।

نَاكُوزَة : অঙ্কুশ, হুল।

نَكَّاز : ক্ষুদ্রমস্তকবিশিষ্ট বিষাক্ত সর্পবিশেষ। ব نَكَاكِيز، نَكَّازَات

نَكَسَ : ـُ (نَكْس)، نَكَّسَ (تَنْكِيس) উল্টানো; নোয়ানো, নামানো, নিচু করা; প্রত্যাহার করা।

نَكَّسَ العَلَم : পতাকা অর্ধনমিত রাখা।

نَكَسَ : ـَ (نَكْس) ~ عَنْ নিকৃষ্টতর হওয়া।

نُكِسَ : রোগে পুনরাক্রান্ত হওয়া।

تَنَكَّسَ : উল্টাইয়া যাওয়া; মাথা নিচু করা; অধঃপতিত হওয়া; অপজাত হওয়া।

اِنْتَكَسَ : (اِنْتِكَاس) অধোমুখে পতিত হওয়া, উল্টাইয়া যাওয়া; রোগে পুনরাক্রান্ত হওয়া।

نِكْس : ভগ্ন ফলকবিশিষ্ট তীর; দুর্বল; অপদার্থ (ব্যক্তি)। ব أَنْكَاس

إِنْتِكَاس، نُكَاس، نَكْسَة، نُكْس : রোগের পুনরাক্রমণ।

نُكُس : বয়োবৃদ্ধ লোক।

نَاكِس : নতমস্তক। ব نَوَاكِس، نَاكِسُونَ

تَنَكُّس : অধঃপতন; আপজাত্য।

مُنَكَّس : নিস্তেজ অশ্ব, উল্টাইয়া দেওয়া হইয়াছে এমন; অর্ধনমিত (পতাকা)।

مُنَكَّس الرَّأْس : নতমস্তক।

مَنْكُوس : উল্টাইয়া দেওয়া হইয়াছে এমন; মাথার আগে পা বাহির হইয়াছে এমন (নবজাতক)।

~ , مُتَنَكِّس : রোগে পুনরাক্রান্ত।

نَكَشَ : ـُ (نَكْش) (কূপ) পরিষ্কার করা; (মাটি) খোঁড়া; উসকানি দেওয়া; নাড়া দেওয়া; অনুসন্ধান করা, পরীক্ষা করা; বিশৃঙ্খল করা, এলোমেলো করা; সম্পন্ন করা; (গাছ) ঝাড়া দেওয়া; (কান) খোঁচানো।



www.pathagar.com

لَايُنْكَشُ : অফুরন্ত।

اِنْتَكَشَ : (اِنْتِكَاش) (কূপ) পরিষ্কার করা।

نَكَّاش : পরিষ্কারক; খননকারী।

مِنْكَاش : (ب) مِنْكَش (مَنَاكِيش ب) (مَنَاكِش) খনন করিবার যন্ত্র; লম্বা বাঁটযুক্ত কোদাল, বিদা, আঁচড়া; গাঁতি; অগ্নি উসকাইবার লৌহ-শলাকা, Poker.

مَنْكُوش : এলোমেলো, বিশৃঙ্খল।

نَكَصَ - ُ : (مَنْكَص، نُكُوص، نَكْص) ~ عَنْ পিছাইয়া আসা, হটিয়া আসা; ত্যাগ করা।

نَكَصَ عَلَى عَقِبَيْهِ : সে পশ্চাদমুখী হইল, সে ফিরিয়া আসিল।

نَكَّصَ : (تَنْكِيص) ফিরাইয়া আনা, বিরত করা।

اِنْتَكَصَ : (اِنْتِكَاس) ফিরিয়া আসা, পিছপা হওয়া, সঙ্কুচিত হওয়া।

نَكَظَ - ُ : (نَكْظ)، نَكَّظَ (تَنْكِيظ) أَنْكَظَ (اِنْكَاظ) ~ عَنْ বারণ করা, নিবৃত্ত করা।

نَكِظَ - َ : (نَكَظ) ত্বরা করা।

تَنَكَّظَ : কঠিন হওয়া।

مَنْكَظَة، نَكَظَة، نَكَظ، نَكْظَة، نَكْظ : প্রচেষ্টা।

نَكَعَ - َ : (نَكْع) তিরস্কার করা।

~ عَنْ : বিরত হওয়া, হটিয়া আসা।

~, نَكَّعَ، أَنْكَعَ : (اِنْكَاع، تَنْكِيع) ~ عَنْ বিরত করা, বারণ করা, হটাইয়া দেওয়া।

نَكْعَة : তিরস্কার; কিল, ঘুষি, লাথি।

نَكِع، أَنْكَع : লালবর্ণ।

نَكَفَ - ُ : (نَكْف) থামানো, বাধা দেওয়া।

~ عَنْ : ঘৃণা করা, অবজ্ঞা করা, ঘৃণায় প্রত্যাখ্যান করা, বর্জন করা।

نَكَفَ الدَّمْعَ : অশ্রু মুছিয়া ফেলা।

لَايُنْكَفُ : অপ্রতিরোধ্য; অবিরাম (বৃষ্টি); অফুরন্ত, অতল (সমুদ্র); অসংখ্য (সৈন্য)।

نَكِفَ - َ : (نَكَف) ~ مِنْ মুক্ত হওয়া।

نَاكَفَ : (مُنَاكَفَة) বিরক্ত করা, কষ্ট দেওয়া, হয়রান করা; প্রতিযোগিতা করা; ঝগড়া করা; দর-কষাকষি করা।

نَاكَفَ الْكَلَامَ : বাক্য-বিনিময় করা, কথা-কাটাকাটি করা।

أَنْكَفَ : (اِنْكَاف) মুক্ত করা।

تَنَاكَفَ : পরস্পর বিতর্ক করা, ঝগড়া করা।

اِنْتَكَفَ : (اِنْتِكَاف) অবনত হওয়া, পড়িয়া যাওয়া।

اِسْتَنْكَفَ : (اِسْتِنْكَاف) উদ্ধত হওয়া, অহংকারী হওয়া।

~ عَنْ، مِنْ : ঘৃণা করা, অবজ্ঞা করা, ঘৃণায় প্রত্যাখ্যান করা; বিরত থাকা।

نَكَفَة : কর্ণ সংলগ্ন গ্রন্থিবিশেষ, Parotid gland.

نُكَاف، نَكَف : কর্ণ-গ্রন্থির প্রদাহ, Parotitis.

نَكَفِيّ : কর্ণ সংলগ্ন অঙ্গ, Parotid.

مُنَاكِف، نِكَفِيّ : কলহপ্রিয়, কোন্দলকারী।

مَنْكُوف : কর্ণ-গ্রন্থির প্রদাহে আক্রান্ত।

مُنَاكَفَة : কলহ, কোন্দল।

نَكَلَ - ُ : (نُكُول) نَكِلَ - َ (نَكَل) ~ عَنْ، مِنْ পিছাইয়া আসা, হটিয়া আসা, ফিরিয়া আসা; বিরত থাকা।

~ : (نَكْلَة)، نَكَّلَ (تَنْكِيل) ~ ب দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া, শিক্ষা দেওয়া, নাকাল করা; যন্ত্রণা দেওয়া; বিপদে ফেলা; উদাহরণ সৃষ্টি করা।

نَكَّلَ، أَنْكَلَ : (اِنْكَال، تَنْكِيل) ~ عَنْ হটাইয়া দেওয়া, তাড়াইয়া দেওয়া; বিরত রাখা।

نِكْل : শৃঙ্খল, বেড়ি, নিগড়, বন্ধন; (লাগামের) খলিন। ب اَنْكَال، نُكُول

نِيكَل : নিকেল, Nickel.

نَكَل : অভিজ্ঞ লোক; সবল অশ্ব।

نَاكِل : দুর্বল, ভীরু। ب نُكَّل

نَكَال : দৃষ্টান্তমূলক শাস্তি, নাকাল, দৃষ্টান্ত, শিক্ষা, দণ্ড।



www.pathagar.com

تَنْكِيل : দৃষ্টান্তমূলক শাস্তি; নির্যাতন; বিতাড়ন।

مِنْكَل : যন্ত্রণা দেওয়ার যন্ত্রবিশেষ। ব مَنَاكِل

مِنْكَلَة : তামাক কাটিবার যন্ত্র। ব مَنَاكِل

نَكَهَ - ُ : (نَكْه) ~ لِ، عَلَى অন্যের নাকের উপর শ্বাস ত্যাগ করা।

~، نَكِهَ - َ : (نَكَه)، اِسْتَنْكَهَ (اِسْتِنْكَاه) মুখের গন্ধ শুঁকিয়া দেখা; শ্বাসের গন্ধ লওয়া।

نُكِهَ : দুর্গন্ধময় শ্বাসযুক্ত হওয়া।

نَكْهَة : শ্বাসের গন্ধ, মুখের গন্ধ; স্বাদ; ঘ্রাণ, সুগন্ধ।

نَكَى - : (نِكَايَة)، أَنْكَى، (إِنْكَاء) আঘাত দেওয়া, আহত করা; ধ্বংস করা, ক্ষতি করা; কষ্ট দেওয়া, বিরক্ত করা; সম্পূর্ণ পরাস্ত করা।

إِنْتَكَى : (إِنْتِكَاء) বিরক্ত হওয়া; আহত হওয়া, আঘাত পাওয়া।

نِكَايَة : অনিষ্ট, ক্ষতি; বিরক্তি; আঘাত; অত্যাচার, বলপ্রয়োগ।

نِكَايَةً فِيهِ : তাহাকে অগ্রাহ্য করিয়া।

أَنْكَى : অধিকতর ক্ষতিকর।

نَمَّ - ُ : (نَمّ) কুৎসা করা, চুগলি করা, পরনিন্দা করা; গন্ধ ছড়ানো; (কথা) ফাঁস হওয়া, ব্যক্ত হওয়া, প্রকাশ পাওয়া।

~ عَنْ : প্রমাণ দেওয়া।

~ عَلَى : বিশ্বাসঘাতকতা করা।

~ عَنْ، عَلَى : ফাঁস করা, বলিয়া দেওয়া, প্রকাশ করা।

~ بَيْنَ : বিভেদ সৃষ্টি করা, বিবাদ লাগানো।

نَمّ : কুৎসা, নিন্দা, অপবাদ।

~ : কুৎসাকারী, নিন্দুক, অপবাদদাতা। ব أَنِمَّاء

نَمَّة : উকুন।

نَامَّة : গতি; জীবন।

نَمَّام : কুৎসাকারী, নিন্দুক; বিশ্বাসঘাতক, চোগলখোর; সুগন্ধ গুল্মবিশেষ।

نُمِّيّ : দোষ, ত্রুটি; জাল (মুদ্রা); প্রকৃতি; সারবস্তু। ব نُمِّيَّات، نَمَامِيّ

عِلْم النُّمِّيَّات : মুদ্রা-সম্বন্ধীয় বিদ্যা।

نَمِيمَة، نَمِيم : কুৎসা, নিন্দা, অপবাদ, চুগলি; বিদ্বেষ। ব نَمَائِم

نَمِرَ - َ : (نَمَر) দাগযুক্ত হওয়া, ডোরা-কাটা হওয়া।

نَمَّرَ : (تَنْمِير) ক্রুদ্ধ হওয়া; ভ্রূকুটি করা; সংখ্যা দ্বারা চিহ্নিত করা, নম্বর দেওয়া; গণনা করা।

أَنْمَرَ : (إِنْمَار) পরিষ্কার পানি দেখিতে পাওয়া।

تَنَمَّرَ : ক্রুদ্ধ হওয়া; ব্যাঘ্রে পরিণত হওয়া; ব্যাঘ্রসুলভ আচরণ করা; সংখ্যাযুক্ত হওয়া; ডোরাযুক্ত হওয়া।

~ لِ : উদ্ধত হওয়া।

نُمْرَة : দাগ, চিহ্ন, বিন্দু। ব نُمَر

~ نِمْرَة : নম্বর, সংখ্যা; লটারি। ব نِمَر، نُمَر

نِمْرَة وَاحِدَة : এক নম্বর, প্রথম শ্রেণী।

نَمِر، نِمْر : ব্যাঘ্র, চিতাবাঘ। ব نِمَار، أَنْمَار، أَنْمُر، نُمُر، نُمْر

نَمِير : স্বচ্ছ, পরিষ্কার, স্বাস্থ্যকর (পানি)।

نَمِرَة، نِمْرَة : বাঘিনী।

~ : ডোরা-কাটা বস্ত্রবিশেষ।

~ : আরাফাত-সন্নিহিত একটি স্থান। নামিরার মসজিদে হাজীগণ আরাফাতের দিনে যোহর ও আসরের সালাত একই সাথে আদায় করেন।

نَمَّارَة : নম্বর দেওয়ার যন্ত্র, তারিখ দেওয়ার সীল।

أَنْمَر : দাগযুক্ত, ডোরা-কাটা। স্ত্রী نَمْرَاء ব نُمْر

أَنْمَار : বনূ আদনানের নাযার বংশোদ্ভূত মুদার, রাবী'আ ও আয়াদী গোত্রের পূর্বপুরুষ।

تَنْمِير : সংখ্যাদ্বারা চিহ্নিতকরণ, Enumeration; গণনা Counting.

مُنَمَّر : দাগযুক্ত, ডোরা-কাটা; সংখ্যা দ্বারা চিহ্নিত; গণনাকৃত।



www.pathagar.com

أَنْمَسُ : অনুজ্জ্বল, ঈষৎ কালো। স্ত্রী نَمْسَاءُ ব نُمْسٌ

مُنَامِسٌ : বিশ্বস্ত বন্ধু, একান্ত সহচর।

نَمَشَ ـُ : (نَمْشٌ، أَنْمَشَ، (إِنْمَاشٌ) নিন্দা করা, অপবাদ দেওয়া, দুর্নাম করা।

نَمَشَ الْكَلَامَ : মিথ্যা বলা।

نَمِشَ ـَ : (نَمَشٌ) দাগযুক্ত হওয়া, ডোরাযুক্ত হওয়া।

نَمَّشَ : (تَنْمِيْشٌ) বিন্দু দ্বারা নকশা করা, ডোরা কাটা।

نَمَّشَ فِي أُذُنِهِ : কানে কানে কথা বলা।

نَمْشَةٌ : তরবারি, ছোরা।

نَمَشٌ : দাগ, বিন্দুচিহ্ন, ডোরা।

نَمَشُ الظُّفْرِ : নখ-তলে উদ্ভূত ফুলাকৃতি সাদা দাগ (যাহা প্রকাশিত হয় এবং নিজে নিজে মিলিয়া যায়।

أَنْمَشُ، نَمِشٌ : দাগযুক্ত ডোরাযুক্ত। স্ত্রী نَمْشَاءُ ব نُمْشٌ

مِنْمَشٌ : কুৎসাকারী, দুর্নামকারী, নিন্দুক।

نَمَصَ ـُ : (نَمْصٌ)، نَمَّصَ (تَنْمِيْصٌ) (কেশ) উৎপাটন করা।

أَنْمَصَ : (إِنْمَاصٌ) অঙ্কুরিত হওয়া, পল্লবিত হওয়া।

تَنَمَّصَ : লোমনাশক ঔষধ ব্যবহার করা; (পশু) নূতন ঘাসে চরা।

نَمَصٌ : ক্ষুদ্র পালক।

نِمَاصٌ : সুচ পরিমাণ।

نُمَاصٌ : ক্রমশঃ সরু ভ্রূ। ব أَنْمِصَةٌ، نُمُصٌ

نَمِيصٌ : উৎপাটিত কেশ।

مِنْمَاصٌ، مِنْمَصٌ : লোমনাশক ঔষধ; সন্না, চিমটা।

نَمَّطَ : (تَنْمِيْطٌ) ~ عَلَى، لِ প্রদর্শন করা।

نَمَطٌ : পন্থা, পদ্ধতি, রীতি, ধরন; গঠন; রূপ, আকার; ফ্যাশন; রকম, প্রকার। ব أَنْمَاطٌ، نِمَاطٌ

مُتَنَمِّرٌ : শার্দূলসদৃশ, ব্যাঘ্রতুল্য; ডোরাযুক্ত; ক্রুদ্ধ।

نَمْرُودُ : নমরূদ : প্রাচীন কালদানী সম্রাট। পূর্ণনাম নমরূদ ইবনে কূশ ইবনে হাম ইবনে নূহ (আ)। সে হযরত ইবরাহীম (আ)-কে প্রজ্বলিত অগ্নিকুণ্ডে নিক্ষেপ করিয়াছিল।

نُمْرُسِيٌّ : চীনামাটির বাসন-বিক্রেতা। ব نَمَارِسَةٌ

نُمْرُقَةٌ، نِمْرِقَةٌ، نَمْرَقَةٌ، نُمْرُقٌ، نِمْرِقٌ، نَمْرَقٌ : গদি, কুশন, Cushion; তাকিয়া, গির্দা। ব نَمَارِقُ

نَمَسَ ـِ : (نَمْسٌ) লুকানো, গোপন রাখা; গোপন কথা বিশ্বাস করিয়া বলা।

~ بِ : কুৎসা করা, নিন্দা করা।

~، أَنْمَسَ : (إِنْمَاسٌ) ~ بَيْنَ বিবাদ লাগানো।

نَمِسَ ـَ : (نَمَسٌ) (মাখন ইত্যাদি) বাসি হওয়া।

نَمَّسَ : (تَنْمِيْسٌ) গোপন করা।

نَامَسَ : (مُنَامَسَةٌ) গোপন কথা বিশ্বাস করিয়া বলা, গোপনে বলা; ওত পাতা।

تَنَمَّسَ : ওত পাতা; লুক্কায়িত থাকা, গোপন থাকা।

إِنَّمَسَ : (إِنِّمَاسٌ) আত্মগোপন করা।

نِمْسٌ : নকুল, বেজি। ব أَنْمَاسٌ، نُمُوسٌ

نَمَسٌ : মুরগির উকুন।

نَمَّاسٌ : নিন্দুক।

نَامُوسٌ : বিধান, নিয়ম, রীতি; চতুর, মহান ব্যক্তি; দক্ষ, ধূর্ত; মশা; বিশ্বস্ত বন্ধু, একান্ত সহচর; কুৎসা রটনাকারী; নিন্দুক; সম্মান, চরিত্র; সিংহের গুহা, ওত পাতিবার স্থান। ব نَوَامِيسُ

النَّامُوسُ، النَّامُوسُ الأَكْبَرُ : জিবরাঈল (আ)।

نَامُوسِيَّةٌ : মশারি।

نَمْسَا، النَّمْسَا، نَمْسَةُ : অস্ট্রিয়া : ইউরোপের একটি দেশ। রাজধানী ভিয়েনা।

نَمْسَاوِيٌّ : অস্ট্রিয়, Austrian.



www.pathagar.com

عَلَى نَمَطٍ : পদ্ধতিতে, রীতিতে, আকারে।

عَلَى هٰذَا النَّمَطِ : এই পদ্ধতিতে, এইরূপে, এইভাবে।

حَدِيثُ النَّمَطِ : আধুনিক ফ্যাশনের, আধুনিক।

~ عَتِيقٌ : আদি ফ্যাশনের, সেকেলে।

هُمْ عَلَى نَمَطٍ وَاحِدٍ : তাহারা সকলেই এক রকম।

نَمَطِيٌّ : নিয়মমাফিক, রীতিসিদ্ধ।

نَمْغَةٌ : পর্বত-শৃঙ্গ; গোত্রের শ্রেষ্ঠাংশ, প্রাচুর্য।

نَمَقَ – ُ : (نَمْقٌ) চোখে চড় মারা; (গ্রন্থ) রচনা করা।

نَمَّقَ : (تَنْمِيقٌ) বিন্যস্ত করা, সুন্দরভাবে সাজানো, অলঙ্কৃত করা; চমৎকার পদ্ধতিতে লেখা।

أَنْمَقَ : (إِنْمَاقٌ) (গাছ) বিচিহীন ফল ধারণ করা।

نَمَقٌ : রাস্তার মধ্যভাগ; গ্রন্থ।

نَمَقَةٌ : উগ্র গন্ধ।

نَمِيقَةٌ : সুন্দরভাবে লিখিত অক্ষর। ব نَمَائِقُ

تَنْمِيقٌ : বিন্যস্তকরণ; সজ্জিতকরণ; অলঙ্কৃতকরণ; রচনাকরণ।

مُنَمَّقٌ : সুসজ্জিত, সুবিন্যস্ত, অলঙ্কৃত; বাক্যালঙ্কারে ভূষিত, অলঙ্কারপূর্ণ (ভাষা, রচনা)।

نَمَلَ – ُ : (نَمْلٌ)، أَنْمَلَ، (إِنْمَالٌ) দুর্নাম করা, মিথ্যা রটানো।

~ فِي : বৃক্ষে আরোহণ করা।

نَمِلَ – َ : (نَمَلٌ) অবশ হওয়া, অসাড় হওয়া; শিহরিত হওয়া।

نَمَّلَ : (تَنْمِيلٌ) সুড়সুড়ি দেওয়া, খোঁচা দেওয়া।

نَامَلَ : (مُنَامَلَةٌ) হামাগুড়ি দিয়া চলা, বুকে ভর দিয়া চলা।

تَنَمَّلَ : (জনতা) বিশৃঙ্খল হওয়া।

نَمْلٌ : পিপীলিকা। ব نِمَالٌ

النَّمْلُ : সূরা আন-নামল : আল কুরআনের ২৭ নং মাক্কী সূরা। আয়াত সংখ্যা ৯৩।

النَّمْلُ الأَعْلَى : উইপোকা।

نَمْلَةٌ : পিপীলিকা, পিপীলিকার ঢিবি : অশ্বক্ষুরের কৃত্রিম ফাটল; কুৎসা, দুর্নাম। ব نِمَالٌ، نَمْلٌ

نَمْلِيٌّ : পিপীলিকার ন্যায়, পিপীলিকা-সম্বন্ধীয়।

نَمْلِيَّةٌ : খাবার থেকে পিঁপড়া প্রতিরোধক বাক্স।

نُمْلَةٌ : কুৎসা, দুর্নাম; গামলায় অবশিষ্ট পানি।

نَمَلٌ : সুড়সুড়ি, কাতুকুতু, শিহরণ।

نَمِلٌ : হালকা, চঞ্চল, ক্ষিপ্রগতি; চতুর; হামাগুড়ি দিয়া চলে এমন; পিপীলিকাপূর্ণ।

نَمِلُ الأَصَابِعِ : ক্ষিপ্রহস্ত।

~ القَوَائِمِ : ক্ষিপ্রপদ, ক্ষিপ্রগতি।

نَمَّالٌ، نَامِلٌ : কুৎসাকারী, দুর্নামকারী।

نَامِلَةٌ : অভিযাত্রী দল।

نَمِيلَةٌ : কুৎসা, দুর্নাম।

أَنْمُلَةٌ، أَنْمَلَةٌ : আঙ্গুলের অগ্রভাগ। ব أَنَامِلُ

تَنْمِيلٌ : সুড়সুড়ি, কাতুকুতু, খোঁচা।

مُنَمَّلٌ : গাদাগাদি করিয়া লিখিত।

مَنْمُولٌ : পিপীলিকাপূর্ণ, পিপীলিকা-কবলিত।

نَمْنَمَ : নকশা করা, কারুকার্য করা, অলঙ্কৃত করা; (ভূমিতে) লম্বা লম্বা দাগ দেওয়া, ডোরাকাটা।

نِمْنِيمٌ، نِمْنِمٌ : লম্বা লম্বা দাগ, ডোরা।

نُمْنُمٌ : নখের অস্থিতলের সাদা দাগ।

نُمْنُمَةٌ، نَمْنَمَةٌ : ক্ষুদ্র ডানাবিশিষ্ট গায়ক পক্ষিবিশেষ, টুনটুনি; লিকি।

نَمْنَامٌ : জলজ শাকবিশেষ।

نَمْنَمِيٌّ : নরখাদক মানুষ, Cannibal.

مُنَمْنَمٌ : ডোরা দাগযুক্ত, ডোরা-কাটা; মনোরম ক্ষুদ্র বস্তু; অলঙ্কৃত; সুসজ্জিত।

مُنَمْنَمَةٌ : ক্ষুদ্র নকশা।

نَمِهَ – َ : (نَمَهٌ) বিস্ময়াভিভূত হওয়া।



www.pathagar.com

نَمَا : ـُ (نُمُوّ) বর্ধিত হওয়া, বড় হওয়া, বৃদ্ধি পাওয়া, উন্নত হওয়া।

~ إِلَى : আরোপ করা।

نَمَى : ـِ (نَمْي، نُمِيّ، نَمَاء، نَمِيَّة) বৃদ্ধি পাওয়া, বড় হওয়া, বর্ধিত হওয়া, উন্নত হওয়া, উন্নতি করা।

~ إِلَى : (কথা) আরোপ করা; আরোপিত হওয়া; (সংবাদ) পৌঁছা, জ্ঞাত হওয়া, বর্ণিত হওয়া।

نَمَى الصَّيْدُ : শিকার নিখোঁজ হইয়া যাওয়া।

أَنْمَى، نَمَّى : (إِنْمَاء، تَنْمِيَة) বৃদ্ধি করা, বড় করা, উন্নত করা।

تَنَمَّى : বৃদ্ধি পাওয়া, বর্ধিত হওয়া; ঊর্ধ্বে উঠা।

إِنْتَمَى : (إِنْتِمَاء) ~ إِلَى সম্পৃক্ত হওয়া; সদস্য হওয়া; নির্ভর করা।

نُمُوّ، نَمَاء، نَمِيّ : বর্ধন, বৃদ্ধি, প্রবৃদ্ধি, উন্নতি, উন্নয়ন, প্রসার।

أَقَلّ نُمُوًّا : স্বল্পোন্নত।

نَمَاة : ছোট উকুন। ব نَمًى

نَامٍ : বর্ধনশীল, বর্ধিষ্ণু, উন্নয়নশীল। স্ত্রী نَامِيَة

بَلَد نَامٍ : উন্নয়নশীল দেশ।

نَامِيَة : বৃদ্ধি; বর্ধন-শক্তি; প্রসার; টিউমার; সৃষ্টিজগৎ। ব نَوَامٍ

إِنْمَاء، تَنْمِيَة : বর্ধন, প্রসারণ, উন্নয়ন; পরিচর্যা।

~ : বৃদ্ধি, প্রবৃদ্ধি, উন্নতি, অগ্রগতি।

إِنْمَائِيّ، تَنْمَوِيّ : উন্নয়নমূলক, বৃদ্ধি-সংক্রান্ত।

إِنْتِمَاء : সম্পর্ক, সংযোগ, সদস্যপদ।

مُنْتَمٍ : সম্পৃক্ত, যুক্ত।

مُنْتَمًى : সম্পর্ক, সংযোগ; বংশ।

نُمُوذَج : (ফা) (ব نَمَاذِج، نُمُوذَجَات) أُنْمُوذَج (ব أُنْمُوذَجَات) নমুনা, আদর্শ, দৃষ্টান্ত, উদাহরণ, রূপ।

نُمُوذَجِيّ : আদর্শস্বরূপ, রূপক; সর্বোৎকৃষ্ট, দৃষ্টান্তমূলক।

نُمَي : আবূ নুমী মুহাম্মদ (১২৫৪-১৩০১ খ্রি.) মক্কার শাসক। তাহার সময়ে মিসর হইতে কা'বার গিলাফ আনয়ন শুরু হয়।

نَهِئَ، نَهُؤَ : ـُ (نَهْأ، نَهَاءَة، نُهُوء، نُهُوءَة) (গোশত) পুরাপুরি রান্না না হওয়া।

أَنْهَأَ : (إِنْهَاء) (গোশত) পুরাপরি রান্না না করা; (কাজ) সঠিকভাবে না করা।

نَهِيء : পুরাপুরি রান্না হয় নাই এমন (গোশত)।

نَهَبَ، ـُ نَهِبَ، ـَ : (نَهْب) লুণ্ঠন করা, অপহরণ করা, কাড়িয়া লওয়া, (কুকুর) গোড়ালিতে কামড় দেওয়া; দ্রুতগতিতে দৌড়ানো।

نَاهَبَ : (مُنَاهَبَة) লুট করা; দংশন করা; দৌড়ের পাল্লা দেওয়া।

أَنْهَبَ : (إِنْهَاب) লুটের মাল দেওয়া।

تَنَاهَبَ : কাড়াকাড়ি করা; দ্রুতগতিতে দৌড়ানো।

إِنْتَهَبَ : (إِنْتِهَاب) লুণ্ঠন করা, কাড়িয়া লওয়া; দৌড়-প্রতিযোগিতায় বিজয়ী হওয়া।

إِنْتَهَبَ الطَّرِيقَ : সে দ্রুতগতিতে রাস্তা অতিক্রম করিল।

نَهْب : লুণ্ঠন, ডাকাতি, অপহরণ; দ্রুতগতি। ব نُهُوب، نِهَاب

~ : نُهْبَة، نُهْبَى، نَهِيبَة লুট, লুণ্ঠিত দ্রব্য।

نَهْبًا : অপহরণ করিয়া, কাড়িয়া লইয়া।

نَهَّاب : লুণ্ঠনকারী, লুটেরা, দস্যু।

مِنْهَب : দৌড়-প্রতিযোগিতায় বিজয়ী (অশ্ব)।

مَنْهُوب : লুণ্ঠিত, অপহৃত।

مُنْتَهَب : লুণ্ঠিত; লুণ্ঠনস্থল।

نُهْبُرَة : (ব نَهَابِر) نُهْبُور، نُهْبُورَة (ব نَهَابِير) অতল গহ্বর; জাহান্নাম।

نَهْبَل : পুরাতন।

نَهَتَ : ـِ (نَهِيت، نُهَات) গোঁ গোঁ শব্দ করা, বিড়বিড় করা।

نَهِيت، نُهَات : গোঁ গোঁ শব্দ, বিড়বিড়ানি।



www.pathagar.com

نَاهِت : গোঁ গোঁ শব্দকারী; গলা।

مُنْهِت، مِنْهَت، نَهَّات : সিংহ।

نَهَجَ : ـَ (نَهْج) (রাস্তা) উন্মুক্ত করা, সুগম করা; অনুসরণ করা, অবলম্বন করা; প্রবেশ করা; পরিষ্কার করা; উন্মুক্ত হওয়া, পরিষ্কার হওয়া, স্পষ্ট হওয়া।

~، نَهِجَ : ـَ (نَهَج) হাঁপানো।

~، نَهِجَ : ـَ (نَهْج) (বস্ত্র) জীর্ণ হওয়া।

نَهَّجَ : (تَنْهِيج) হাঁপানির উদ্রেক করা; হাঁপাইয়া দেওয়া।

أَنْهَجَ : (إِنْهَاج) পরিষ্কার করা, বিশ্লেষণ করা; পরিষ্কার হওয়া, সুস্পষ্ট হওয়া; হাঁপানির উদ্রেক করা, হয়রান করা, হাঁপাইয়া দেওয়া; (বস্ত্র) জীর্ণ হওয়া; জীর্ণ করা।

إِنْتَهَجَ : (إِنْتِهَاج) (রাস্তা) অবলম্বন করা, অনুসরণ করা; পথ ধরিয়া চলা।

إِسْتَنْهَجَ سَبِيلَهُ، إِنْتَهَجَ سَبِيلَهُ : সে পদাঙ্ক অনুসরণ করিল, পথ ধরিয়া চলিল, অনুকরণ করিল।

نَهْج : উন্মুক্ত পথ; প্রশস্ত রাস্তা, প্রধান সড়ক; পন্থা, পদ্ধতি, পরিকল্পনা। ব نُهُوج

نَهَجَ نَهْجَهُ : সে তাহার পদ্ধতি অনুসরণ করিল।

النَّهْج القَوِيم : সরল পথ, সঠিক পথ, সঠিক পদ্ধতি।

نَهَج : হাঁপানি।

نَاهِج : উন্মুক্ত পথ, প্রশস্ত রাস্তা, প্রধান সড়ক।

مَنْهَج : (ব مَنَاهِج) مِنْهَاج (ব مَنَاهِيج) উন্মুক্ত পথ, সহজ রাস্তা; পন্থা, পদ্ধতি, পরিকল্পনা, প্রণালী, কর্মসূচি।

مِنْهَاج التَّعْلِيم، مَنْهَج التَّعْلِيم : পাঠ্যক্রম, কারিকুলাম, সিলেবাস।

مَنَاهِج البَحْث : গবেষণা-পদ্ধতি।

نَهَدَ : ـُ (نُهُود) (স্তন) বড় হওয়া, পূর্ণাঙ্গ হওয়া, স্ফীত ও গোলাকার হওয়া; (পানির মশক) পূর্ণ হওয়া; জাগ্রত হওয়া।

~، نَهَّدَ : (تَنْهِيد) গোলাকার স্তনবিশিষ্ট হওয়া।

نَهَدَ : (نَهْد، نَهَد) ~ إِلَى، لِ (শত্রুর উপর) ঝাঁপাইয়া পড়া।

نَهُدَ : ـُ (نُهُودَة) (অশ্ব) সুন্দর ও সবল হওয়া।

نَاهَدَ : (مُنَاهَدَة) বিবাদ করা, সংঘাতে লিপ্ত হওয়া।

أَنْهَدَ : (إِنْهَاد) বৃদ্ধি করা; (পাত্র) পূর্ণ করা।

تَنَهَّدَ : দীর্ঘনিঃশ্বাস ছাড়া।

تَنَاهَدَ : ব্যয় ভাগাভাগি করিয়া একত্রে ভোজের আয়োজন করা; কোন কাজে সমান অংশীদার হওয়া।

إِسْتَنْهَدَ : (إِسْتِنْهَاد) সংঘর্ষের উসকানি দেওয়া।

نَهْد : স্ত্রীলোকের স্তন; স্ফীত বস্তু; কুঁজ; সবল ও সুন্দর অশ্ব; নির্ভীক লোক; সিংহ। ব نُهُود

~، نِهْد : ব্যয়ের সমান অংশ।

نَاهِد : পূর্ণাঙ্গ, স্ফীত, গোলাকার (স্তন); যৌবনোন্মুখ।

~، نَاهِدَة : উন্নতবক্ষা। ব نَوَاهِد

نَهْدَاء : বালির ঢিবি, টিলা।

نُهَاد : পরিমাণ, পরিমাপ।

نَهَّاد : আকস্মিক আক্রমণকারী।

نَهِيد : একত্রে ভোজনকারী; ননি; তাজা মাখন।

نَهْدَان : পরিপূর্ণ।

تَنَهُّد : দীর্ঘনিঃশ্বাস।

مُنَاهَدَة : বিবাদ, সংঘাত।

نَهَرَ : ـَ (نَهْر) (নদী, রক্ত) বেগে প্রবাহিত হওয়া, প্রচুর পরিমাণে প্রবাহিত হওয়া; ভর্ৎসনা করা, ধমকানো; প্রতিহত করা; তাড়াইয়া দেওয়া।

أَنْهَرَ : (إِنْهَار) (নদী, রক্ত) প্রবাহিত হওয়া বা করা; দিবসে হওয়া বা করা; অকৃতকার্য হওয়া; (ক্ষত) প্রসারিত করা।

إِنْتَهَرَ : (إِنْتِهَار) ভর্ৎসনা করা, ধমকানো; তাড়াইয়া দেওয়া; দোষারোপ করা।



www.pathagar.com

إِسْتَنْهَرَ : (إِسْتِنْهَار) প্রচুর পরিমাণে প্রবাহিত হওয়া, (নদী) প্রশস্ত হওয়া।

نَهْر : নদী। ব نُهُور، نُهُر، أَنْهُر، أَنْهَار

~ : (পুস্তক বা সংবাদপত্রের) কলাম, Colum. ব أَنْهَار، أَنْهُر

نَهْر السَّلَامِ : (শান্তির নদী) দাজলা, তাইগ্রিস।

الشَّرِيعَة ~ : জর্দান নদী।

نَهْرِيّ : নদী-সম্বন্ধীয়, নদীতে প্রাপ্ত, নদী হইতে উৎপন্ন, নদীজাত।

نَهْرَوَان : বাগদাদ ও ওয়াসিতের মধ্যবর্তী ইরাকের একটি জনপদ। ৬৫৮ খ্রিস্টাব্দে হযরত আলী (রা) ও খারিজীদের মধ্যে এখানে যুদ্ধ সংঘটিত হয়।

نَهِر : দিনে আক্রমণকারী; প্রশস্ত (নদী); পরিষ্কার, উজ্জ্বল (দিন)।

نَهَار : দিবস। ব نُهُر، أَنْهُر

لَيْل وَنَهَار : দিবা-রাত্রি।

لَيْلاً وَنَهَاراً : দিবসে ও রাত্রে।

نَهَار أَنْهَر : সুন্দর দিন, উজ্জ্বল দিন।

شَبّ النَّهَار : ফুলগাছবিশেষ।

ضُوْء ~ : দিবালোক।

طُلُوع ~ : প্রভাত।

مُنْتَصَف ~ : মধ্যাহ্ন, দ্বিপ্রহর।

نَهَارِيّ : দিবস-সম্বন্ধীয়, প্রাত্যহিক।

نَهَارِيَّات : দিনের সংবাদ।

نَهِير : প্রচুর।

نُهَيْر : ছোট নদী।

إِنْتِهَار : ভর্ৎসনা, তিরস্কার; ধমকানি; বিতাড়ন।

مَنْهَر : নদীর তলদেশ; পানির স্রোত। ব مَنَاهِير، مَنَاهِر

مَنْهَرَة : গোবরের স্তূপ।

نَهَزَ : ـَ نَهَزَ (نَهْز) হটাইয়া দেওয়া, তাড়াইয়া দেওয়া, প্রতিহত করা, ঠেলিয়া দেওয়া; নিকটবর্তী হওয়া; (মাথা) ঝাঁকানো।

~ بِ : (বক্ষ, মস্তক) উঁচু করা।

نَاهَزَ : (مُنَاهَزَة) নিকটবর্তী হওয়া; উপনীত হওয়া; নাগাল পাওয়া, লাভ করা; ধারণ করা।

نَاهَزَ الْبُلُوغَ : সে সাবালকত্বের নিকটবর্তী হইল, সাবালক হইল, বয়ঃসন্ধিতে পৌঁছিল।

الْخَمْسِينَ ~ : তাহার বয়স প্রায় পঞ্চাশ বৎসর হইয়াছে।

الْفُرْصَة ~ : সুযোগ গ্রহণ করা।

تَنَاهَزَ : পরস্পর প্রতিযোগিতা করা।

إِنْتَهَزَ : (إِنْتِهَاز) সুযোগ গ্রহণ করা, সুযোগের সদ্ব্যবহার করা।

نُهَاز، نَهْز : পরিমাণ, পরিমাপ।

نُهْزَة : সুযোগ, সুবিধা। ব نُهَز

نَاهِز : প্রধান ব্যক্তি।

نَهَّاز : বক্ষ স্ফীতকারী।

نَهَّاز الْفُرَص : সুযোগের সদ্ব্যবহারকারী; সুবিধাবাদী।

إِنْتِهَاز : সুযোগগ্রহণ, সুযোগের সদ্ব্যবহার; সুবিধাবাদ।

إِنْتِهَازِيّ : সুবিধাবাদী।

إِنْتِهَازِيَّة : সুবিধাবাদ।

نَهَسَ : ـَ نَهِسَ، نَهَسَ (نَهْس) দংশন করা, কামড়াইয়া খাওয়া।

إِنْتَهَسَ : (إِنْتِهَاس) অত্যাচার করা; বলপ্রয়োগ করা।

نُهَس، نَهْس : শ্যেন, বাজপাখি।

مِنْهَس، نَهُوس، نَهَّاس : দংশনপ্রবণ; নেকড়ে; সিংহ।

مَنْهُوس، نَهِيس : কৃশ, সরু।

مَنْهَس : দংশনস্থল, কামড়।

نَهَشَ : ـَ نَهَشَ (نَهْش) দংশন করা, কামড় দেওয়া; কামড়াইয়া ধরা; কামড়াইয়া খাওয়া; ছিন্ন করা, বিদীর্ণ করা, চূর্ণবিচূর্ণ করা; নিঃস্ব করিয়া দেওয়া; কষ্ট দেওয়া।



www.pathagar.com

نَهَشَ، إِنْتَهَشَ : (إِنْتِهَاش) সরু হওয়া।

تَنَاهَشٌ : কামড়াকামড়ি করা, কামড় দেওয়া।

نَهْشَج، نَهْش : কামড়, দংশন।

نَهِش : ক্ষিপ্র, চঞ্চল, দ্রুত।

نَهَّاش : কামড়াইতে উদ্যত, দংশনপ্রবণ; যন্ত্রণাদায়ক।

مَنْهُوش : কৃশ, সরু; বিরক্ত।

نَهْشَلَ : (نَهْشَلَة) দংশন করা, কামড়ানো; লোলুপভাবে ভক্ষণ করা।

نَهْشَل : সিংহ; শ্যেন।

نَهَضَ - : (نُهُوض، نَهْض) জাগ্রত হওয়া, উঠিয়া দাঁড়ানো।

~ إِلَى : ঝাঁপাইয়া পড়া, ছোঁ মারা, বেগে ধাবিত হওয়া।

~ بِ : উত্তোলন করা, বহন করা, উৎসাহিত করা, ত্বরান্বিত করা; নূতন প্রাণ সঞ্চারিত করা; সমর্থন করা।

~ عَلَى : বিপক্ষে দাঁড়ানো, বিদ্রোহ করা।

~ لِ : শুরু করা; প্রস্তুত হওয়া, উদ্যত হওয়া।

نَاهَضَ : (مُنَاهَضَة) প্রতিরোধ করা, বিরোধিতা করা; বিতর্ক করা; ঝগড়া করা; সংগ্রাম করা।

أَنْهَضَ : (إِنْهَاض) উত্তোলন করা, জাগ্রত করা জাগিয়া উঠিতে বলা, জাগাইয়া তোলা, উৎসাহিত করা; উত্তেজিত করা।

إِنْتَهَضَ، تَنَاهَضَ : (إِنْتِهَاض) জাগ্রত হওয়া, জাগিয়া উঠা, উঠিয়া দাঁড়ানো।

إِسْتَنْهَضَ : (إِسْتِنْهَاض) জাগ্রত করা, জাগাইয়া তোলা, উৎসাহিত করা।

نُهُوض، نَهْض : জাগরণ, উত্থান, উন্নতি; উৎসাহ।

نَهْضَة : জাগরণ, উত্থান, উন্নতি; পুনর্জাগরণ; রেনেসাঁ; আন্দোলন; যোগ্যতা, ক্ষমতা। ব نَوَاهِضٌ

نَاهِض : দণ্ডায়মান, জাগ্রত, উদ্যত, তৎপর, উদ্যমশীল; প্রতিষ্ঠিত ব্যক্তি।

دَلِيل نَاهِض : অকাট্য প্রমাণ।

نَاهِضَة : সবল ও দীর্ঘকায় উষ্ট্রী; অনুচরবর্গ। ব نَوَاهِض

نَهَّاض : জাগরণশীল।

إِسْتِنْهَاض، إِنْهَاض : জাগ্রতকরণ, উৎসাহ প্রদান; জাগরণ; উৎসাহ; উন্নয়ন।

مُنَاهَضَة : প্রতিরোধ, বিরোধিতা; বিতণ্ডা।

نَهَطَ : (نَهْط) বর্শাঘাত করা।

نَهَفَ : (نَهْف) বিভ্রান্ত হওয়া, স্তম্ভিত হওয়া।

نَهْفَة : রসিকতা, সরস উক্তি, চমক।

نَهَقَ - ُ نَهِقَ، - َ نَهَقَ : (نَهِيق، نُهَاق، نَهْق) (গাধা) কর্কশ স্বরে ডাকা।

نَهِيق، نُهَاق، نَهْق : গাধার কর্কশ ডাক।

نَوَاهِق : গাধার গলা।

نَهَكَ - َ : (نَهَاكَة) (বস্ত্র) ক্ষয় করিয়া ফেলা, জীর্ণ করিয়া ফেলা; চূর্ণ করা; জীর্ণ বস্ত্র পরিধান করা।

~ : (نَهْك) ، نَهِكَ - َ (نَهْكَة، نَهْك) নিঃশেষিত করা; ক্লান্ত করা, দুর্বল করা, শক্তিহীন করা; ধ্বংস করা।

نَهَكَ عِرْضَهُ : সে চরিত্র কলুষিত করিল, সম্মান নষ্ট করিল।

نُهِكَ : ক্ষয়প্রাপ্ত হওয়া, জীর্ণ হওয়া, নিঃশেষিত হওয়া, শক্তিহীন হওয়া।

نَهُكَ - ُ : (نَهَاكَة) নির্ভীক হওয়া, সাহসী হওয়া; শক্ত হওয়া।

أَنْهَكَ : কঠোর শাস্তি দেওয়া; ধ্বংস করা, নিঃশেষ করা, ক্লান্ত করা।

إِنْتَهَكَ : (إِنْتِهَاك) ক্ষয় করা, নিঃশেষ করা, ক্লান্ত করা, দুর্বল করা; লঙ্ঘন করা; নষ্ট করা; অপবিত্র করা; বলপ্রয়োগ করা; বলাৎকার করা; ধর্ষণ করা; অসম্মান করা, দুর্নাম করা; গালি দেওয়া; অপব্যবহার করা।

لَايُنْتَهَكُ : অলঙ্ঘনীয়, অনতিক্রম্য, পবিত্র।



www.pathagar.com

إِنْتِهَاك، نَهْك : নিঃশেষকরণ, ক্ষয়করণ; নষ্টকরণ; লঙ্ঘন, অপবিত্রকরণ; বলাৎকার; ধর্ষণ।

إِنْتِهَاك الحُرْمَة : সম্মানহানি ঘটানো, পবিত্রতা নষ্টকরণ, অপবিত্রকরণ।

~ العَوْرَة : ধর্ষণ, সম্ভ্রম বিনষ্টকরণ।

نَهْكَة : ক্ষয়, দুর্বলতা, ক্লান্তি, কৃশতা।

نَاهِك : নির্ভীক, উদ্যমশীল।

نَهِيك : নির্ভীক, উদ্যমশীল; শক্তিশালী (উট); ধারালো (তরবারি)।

إِنْهَاك : নিঃশেষকরণ।

مُنْهِك : ক্লান্তিকর, অবসাদজনক; নিঃশেষকারী।

مَنْهَكَة : ক্লান্তির কারণ, অবসাদোদ্রেক।

مَنْهُوك : ক্লান্ত, দুর্বল, নিঃশেষিত।

مَنْهُوك القُوَى : শক্তি ফুরাইয়া গিয়াছে এমন, শক্তিহীন।

نَهِلَ : ـَ (مَنْهَل، نَهَل) পান করা, ঢোঁক গেলা, (তৃষ্ণা) নিবারণ করা; তৃষ্ণার্ত হওয়া; ক্লান্ত হওয়া।

أَنْهَلَ : (إِنْهَال) পানি পান করানো; পানি সেঁচ দেওয়া, সিক্ত করা।

نَهْلَة : ঢোঁক। ব نَهَلَات

نَهَل : পানকরণ, সিঞ্চন।

نَاهِل : তৃষ্ণার্ত; তৃষ্ণা নিবারণকারী। ব نَهَلَة، نِهَال

نَاهِلَة : পানির নিকট গমনকারী (পশু)। ব نَوَاهِل

نَهْلَان : তৃষ্ণা নিবারণকারী; তৃষ্ণার্ত; ক্লান্ত। ব نَهْلَى

مَنْهَل : পানি পানের স্থান; ঘাট; ঝরনা, পুকুর। ব مَنَاهِل

مِنْهَال، مِنْهَل : সমাধি, কবর; দানবীর।

نِهِلِسْتِيّ : নৈরাজ্যবাদী, Nihilist.

نِهِلِسْتِيَّة : নৈরাজ্যবাদ, Nihilism.

نَهَمَ : ـِ (نَهِيم) (সিংহ) গর্জন করা; দীর্ঘনিঃশ্বাস ছাড়া; অতিভোজন করা, বিকট চিৎকার দেওয়া, নিক্ষেপ করা।

نَهِمَ : ـَ (نَهَامَة، نَهَم) অতিভোজন করা, লোভের সহিত ভক্ষণ করা।

~ فِي : লোভী হওয়া, আগ্রহান্বিত হওয়া।

نُهِمَ : ~ بِ অত্যধিক অনুরক্ত হওয়া।

نَاهَمَ : (مُنَاهَمَة) বিলাপ করা।

نَهْمَة : অতৃপ্ত বাসনা, তীব্র লালসা; লোভ, ক্ষুধা, অভাব।

نَهَم : অতিভোজন; তীব্র ক্ষুধা; ঔদরিকতা; অতিলোভ; লোলুপতা।

نَهِيم، نَهِم : লোভী, লোলুপ; অতৃপ্ত; ঔদরিক।

نُهَامِيّ، نِهَامِيّ، نُهَام، نَهَام : কর্মকার; সূত্রধর।

نُهَام : পেঁচা; সন্ন্যাসী। ব نُهُم

مَنْهَمَة : সূত্রধরের কর্মশালা।

مِنْهَام : অনুগত (উষ্ট্রী)। ব مَنَاهِيم

مَنْهُوم : লোভী, লালসাগ্রস্ত, আকাঙ্ক্ষী; অনুরক্ত; অতৃপ্ত।

نَهْنَهَ : (نَهْنَهَة) ফোঁপাইয়া কাঁদা; ক্লান্ত করা।

~ عَنْ : বাধা দেওয়া, বিরত করা, ফিরাইয়া রাখা।

نَهَى : ـَ (نَهْي) ~ عَنْ নিষেধ করা, বারণ করা, বিরত করা, ফিরাইয়া রাখা; নিষিদ্ধ করা।

نُهِيَ : ~ إِلَى (সংবাদ) পৌঁছা, আগমন করা।

نَهِيَ : ـَ (نَهْي) ~ عَنْ বিরত থাকা।

نَهُوَ : ـُ (نَهَاوَة) চরম বুদ্ধিমান হওয়া, বিচক্ষণ হওয়া।

نَهَّى : (تَنْهِيَة) অবহিত করা, পৌঁছাইয়া দেওয়া; চরম সীমায় পৌঁছা।

أَنْهَى : (إِنْهَاء) সমাপ্ত করা, সম্পন্ন করা, শেষ করা, নিষ্পন্ন করা; (সংবাদ) অবহিত করা, পৌঁছাইয়া দেওয়া; ইঙ্গিত দেওয়া; সতর্ক করা।



www.pathagar.com

تَنَاهَى، إِنْتَهَى (إِنْتِهَاء) : সমাপ্ত হওয়া, শেষ হওয়া, সম্পন্ন হওয়া, নিষ্পন্ন হওয়া; ক্ষান্ত হওয়া; গত হওয়া, পার হইয়া যাওয়া।

~، ~ إِلَى : আগমন করা, পৌঁছা, উপনীত হওয়া।

~، ~ عَنْ : বিরত হওয়া, ফিরিয়া থাকা, পরিত্যাগ করা; বন্ধ করা।

~ بِ : লইয়া যাওয়া।

نَهْو : সম্পন্নকরণ, সমাপ্তকরণ; নিষেধকরণ, বারণ।

نَهْي : নিষেধকরণ, বারণ; নিষেধ।

نِهْي : বদ্ধ পানির ডোবা। ব نِهَاء، نُهِيٌّ، أَنْهَاء، أَنْهٍ

النَّهْيُ فِي الأَمْر : অসীম ক্ষমতাধর, সর্বময় কর্তা, একনায়কত্ব, স্বৈরাচার।

نَهْيِيّ : নিষেধসূচক, নিষেধমূলক।

نِهْي : কাচ, কাচের বোতল।

نُهًى : বুদ্ধি, বিচক্ষণতা।

نُهْيَة : নিষেধ; বুদ্ধি; মন; সতর্কতা। ব نُهًى

نِهَاء : চরম সীমা; প্রান্ত; সমাপ্তি; কাচের বোতল।

نُهَاء : কাচ, কাচের বোতল; পরিমাণ, পরিমাপ।

نِهَايَة : সমাপ্তি, উপসংহার; ফল; পরিণাম, পরিণতি; সীমা, শেষ প্রান্ত। ব نِهَايَات

نِهَائِيًّا، فِي النِّهَايَة، نِهَايَةً : পরিশেষে, অবশেষে, পরিণামে।

إِلَى النِّهَايَة : শেষের দিকে, শেষ পর্যন্ত।

لَيْسَ لَهُ نِهَايَة، لاَ نِهَايَةَ لَهُ، بِلاَ نِهَايَة : সীমাহীন।

إِلَى مَا لاَ نِهَايَةَ لَهُ، إِلَى غَيْر نِهَايَة : সীমাহীনভাবে।

لِلنِّهَايَة : চরমভাবে, চূড়ান্তরূপে; সর্বাধিক পরিমাণে।

نِهَايَة الأَرَب : চরম উদ্দেশ্য, চূড়ান্ত লক্ষ্য।

النِّهَايَة الصُّغْرَى : সর্বনিম্ন মান, Minimum.

النِّهَايَة العُلْيَا، ~ الكُبْرَى : সর্বোচ্চ মান, Maximum.

حَدّ النِّهَايَة : চরম সীমা, শেষ প্রান্ত।

نِهَائِيّ : চূড়ান্ত, শেষ, সর্বশেষ। স্ত্রী نِهَائِيَّة

بَلاَغ نِهَائِيّ، إِنْذَار نِهَائِيّ : চরমপত্র।

~ حُكْم : চূড়ান্ত রায়, শেষ সিদ্ধান্ত।

~ عِلاَج : শেষ চিকিৎসা।

~ فَوْز : শেষ বিজয়, চূড়ান্ত সাফল্য।

مُبَارَاة نِهَائِيَّة : ফাইনাল প্রতিযোগিতা।

نِهَائِيًّا : সবশেষে, পরিশেষে।

لاَ نِهَائِيَّة : অসীমত্ব, সীমাহীনতা।

نَاهٍ : নিষেধকারী, বারণকারী; নিষেধমূলক, নিষেধসূচক।

مِنْ ~ : نَاهِيكَ কী চমৎকার! যথেষ্ট; কিছুই বলিবার নাই; সর্বাগ্রে।

بِ ~ : نَاهِيكَ ইহাই যথেষ্ট।

نَاهِيَة : বিধিনিষেধ, বাধা; বিবেক। ব نَوَاهٍ

إِنْهَاء : সম্পন্নকরণ, সমাপ্তকরণ; সম্পাদন; সমাপ্তি; নিষ্পত্তি।

إِنْتِهَاء : শেষ, সমাপ্তি, অবসান।

إِنْتِهَاء الأَجَل : জীবনাবসান, মৃত্যু।

تَنَاهٍ : সীমাবদ্ধতা; অবসান।

تَنْهِيَة، تَنْهَاة : উপত্যকার জলাভূমি। ব تَنَاهٍ

تِنْهَاة : বাঁধ।

مَنْهِيّ عَنْهُ، مَنْهِيّ : নিষিদ্ধ বিষয়।

مَنَاهٍ : নিষিদ্ধ বস্তু।

مَنْهَاة : সীমা, প্রান্ত।

رَجُل مَنْهَاة : ধীমান।

مُتَنَاهٍ : সম্পন্ন, শেষ; সীমাবদ্ধ, সীমিত; চূড়ান্ত, নিতান্ত।

غَيْر مُتَنَاهٍ : সীমাহীন, অশেষ।

مُتَنَاهٍ فِي الدِّقَّة : অতি সূক্ষ্ম।

~ فِي الصِّغَر : অতি ক্ষুদ্র।

مُنْتَهٍ : সম্পন্ন, সম্পাদিত, সমাপ্ত, শেষ।



www.pathagar.com

مُنْتَهًى : সম্পন্ন, শেষ; চূড়ান্ত, সর্বশেষ; চরমসীমা; শেষ প্রান্ত; সমাপ্তি।

بَلَغَ مُنْتَهَاهُ : সে চরমে পৌঁছিল।

مُنْتَهَى الجُمُوع : চূড়ান্ত বহুবচন (ব্যা)।

نَهَاوَنْد : নাহাওয়ান্দ : ইরানের হামাদান নগরীর দক্ষিণে অবস্থিত একটি শহর।

نَاءَ : ـُ (نَوْء) পতিত হওয়া, তলাইয়া যাওয়া, ভাঙ্গিয়া পড়া; নুইয়া যাওয়া; কষ্ট করিয়া উঠা।

~ بِ : অধিক ভার চাপানো; অতিকষ্টে বহন করা।

~ إلَى : বিরুদ্ধে জাগিয়া উঠা।

نَاوَأَ : (مُنَاوَءَة) প্রতিরোধ করা, বিরোধিতা করা; প্রতিযোগিতা করা; যুদ্ধ করা।

أَنَاءَ : (إِنْوَاء) নোয়াইয়া দেওয়া, চাপিয়া ধরা, আচ্ছন্ন করা, চূর্ণ করা।

إِسْتَنَاءَ : (إِسْتِنْوَاء) দান চাওয়া।

نَوْء : যে তারকা অপর তারকার উদয়ে অস্তমিত হয়; বৃষ্টির পূর্ব সূচনাকারী তারকা; বৃষ্টি। ব أَنْوُء، نُوَان، أَنْوَاء

~, نَوٌّ : ঝড়, ঝঞ্ঝা, ঘূর্ণিবাত্যা।

طَائِر النَّوْء : সামুদ্রিক পক্ষিবিশেষ, Petrel.

مِنْوَاة : আবহাওয়া পরিমাপক যন্ত্র।

مُنَاوَأَة : প্রতিরোধ, বিরোধিতা; প্রতিযোগিতা; সংঘাত।

نَابَ : ـُ (نِيَابَة، مَنَاب، نَوْب) ~ عَنْ স্থলাভিষিক্ত হওয়া, প্রতিনিধিত্ব করা, প্রতিনিধি হওয়া, পক্ষে কাজ করা।

~ إلَى : বার বার সাক্ষাৎ করা; ফিরিয়া আসা; প্রায়শ আগমন করা।

~ : (نَوْبَة، نَوْب) (বিপদ) আপতিত হওয়া, হঠাৎ আসিয়া পড়া; আঘাত করা।

نَوَّبَ : (تَنْوِيب) প্রতিনিধি নিয়োগ করা, স্থলাভিষিক্ত করা।

نَاوَبَ : (مُنَاوَبَة) পালাবদল করা; অদলবদল করা।

أَنَابَ : (إِنَابَة) প্রতিনিধি নিয়োগ করা, স্থলাভিষিক্ত করা; ক্ষমতা প্রদান করা।

~ إلَى : বারংবার আগমন করা, প্রায়শ সাক্ষাৎ করা, পুনরায় ফিরিয়া আসা; প্রত্যাবর্তন করা।

تَنَاوَبَ : পালাক্রমে করা, পালাবদল করা, পালাক্রমে আসা।

إِنْتَابَ : (إِنْتِيَاب) আপতিত হওয়া, সংঘটিত হওয়া; বারংবার ফিরিয়া আসা।

إِسْتَنَابَ : (إِسْتِنَابَة) প্রতিনিধি নিয়োগ করা, স্থলাভিষিক্ত হইতে বলা।

نَوْب : মরুভূমির বিশ্রামস্থল; একদিন ও একরাত্রির ভ্রমণ; শক্তি।

بِنَوْبٍ، نَوْبًا : পালাক্রমে।

نَوْبَة : পালা, দফা, বার; সুযোগ, সময়; ঘটনা। ব نُوَب

~ : আক্রমণ, প্রকোপ; সঙ্কট; প্রহরা, চৌকি; একতান সঙ্গীত, বাদ্য। ব نَوْبَات

بِالنَّوْبَة : পালাক্রমে।

نَوْبَتْجِي، نَوْبَاتِيٌّ : কর্তব্যরত ব্যক্তি, প্রহরী, চৌকিদার; সঙ্গীতজ্ঞ, বাদ্যকর।

نَوْبَاتِيَّة : বাদকদল।

نُوبَة : হঠাৎ আগত বিপদ, বিপদ, দুর্ঘটনা। ব نُوَب

نِيَاب، نَوْب : বদলি, বিকল্প; প্রতিনিধিত্ব।

نِيَابَة : পরিবর্ত; প্রতিনিধিত্ব; স্থলাভিষিক্ততা, অন্যের পক্ষে কাজ করিবার ক্ষমতা; শাখা; এজেন্সী।

بِالنِّيَابَة : উপ, ভারপ্রাপ্ত।

نِيَابَةً ~ عَنْ : পরিবর্তে, স্থলে।

بِالنِّيَابَة ~ عَنْ : পক্ষে।

النِّيَابَة العُمُومِيَّة : সরকারি উকিলের পদ, Prosecution.

رَئِيس النِّيَابَة : প্রধান সরকারি উকিল, Chief prosecutor.



www.pathagar.com

وَكِيل النِّيَابَة : সরকার-পক্ষের উকিল।

نِيَابِيّ : প্রতিনিধি সংক্রান্ত, প্রতিনিধিত্বমূলক; প্রতিনিধিপরিষদ সম্বন্ধীয়, পার্লামেন্টারি।

مَجْلِس نِيَابِيّ : প্রতিনিধিপরিষদ, পার্লামেন্ট।

حُكُومَة نِيَابِيَّة : প্রতিনিধিত্বমূলক সরকার, সংসদীয় সরকার।

نَائِب : প্রতিনিধি, স্থলাভিষিক্ত ব্যক্তি, ভারপ্রাপ্ত ব্যক্তি, ডেপুটি, Deputy; প্রতিনিধি পরিষদের সদস্য। ব نُوَّاب

نَائِب الرَّئِيس : উপপ্রধান; ভাইস-প্রেসিডেন্ট, ভাইস-চেয়ারম্যান; উপাচার্য, Vice-chancellor.

النَّائِب العَامّ : সরকারি উকিল, Public prosecutor.

نَائِب العَرِيف : পদাতিক বাহিনীর নিম্নপদস্থ সৈনিক কর্মচারী, Corporal.

~ القُنْصُل، ~ المَلِك : সহকারী কনসাল, Vice-Consul, রাজ-প্রতিনিধি, ভাইসরয়, Viceroy.

مَجْلِس النُّوَّاب : প্রতিনিধি পরিষদ, House of Representatives, পার্লামেন্ট; সিনেট।

نَائِبَة : আকস্মিক বিপদ, দুর্যোগ, দুর্ঘটনা, দুর্বিপাক। ব نَوَائِب، نَائِبَات

إِنَابَة : ক্ষমতা প্রদান, ভারার্পণ, প্রতিনিধি নিয়োগ, স্থলাভিষিক্তকরণ; পরিবর্তন; প্রত্যাবর্তন।

مُنَاوَبَة، تَنَاوُب : পর্যায়ক্রম, পালাবদল, একের পর এক আগমন; Rotation, পরিবর্তন।

بِالمُنَاوَبَة، بِالتَّنَاوُب : একের পর এক, পালাক্রমে, পর্যায়ক্রমে।

مَنَاب : বিকল্প, পরিবর্ত; প্রতিনিধিত্ব; পানির দিকে গমনের রাস্তা।

نَابَ مَنَابَهُ : সে স্থলাভিষিক্ত হইল।

مَنُوب، مُنَاب : যে কাজের জন্য প্রতিনিধি নিয়োগ করা হয়।

مُنَوِّب : ক্ষমতা প্রদানকারী; প্রতিনিধি নিয়োগকারী; ভোটদাতা।

مُنَوَّب : ক্ষমতাপ্রাপ্ত, ভারার্পিত; দায়িত্বরত কর্মকর্তা।

مُنِيب : প্রতিনিধি নিয়োগকারী; অনুশোচনাকারী, তওবাকারী, অনুতপ্ত ব্যক্তি; প্রচুর ঝরনা-বৃষ্টি।

مُنَاوِب : দায়িত্ব পালনরত, কর্তব্যরত।

مُتَنَاوِب : পর্যায়ক্রমিক, পালাক্রমিক।

مُنْتَاب : সকাল-সন্ধ্যায় আগমনকারী।

نُوبِل : আলফ্রেট নোবেল (১৮৩৩-১৮৯৬ খ্রি.) : খ্যাতনামা সুইডিশ রসায়নবিদ। ডিনামাইট আবিষ্কারক। সাহিত্য, বিজ্ঞান ও মানবিক ক্ষেত্রে মৌলিক অবদানের জন্য পুরস্কার প্রদানের উদ্দেশ্যে তিনি তাঁহার সমস্ত সম্পত্তি দান করিয়া যান। ইহা নোবেল পুরস্কার নামে পরিচিত।

نَاتَ ـُ : (نَوْت) টলমল করিতে করিতে হাঁটা; হেলিয়া দুলিয়া চলা।

نُوتِيّ : (ল্যা) কর্ণধার, নাবিক, মাঝি, মাল্লা। ব نُوتِيَّة، نَوَاتِيّ

نَوَاتِيّ السَّفِينَة : জাহাজের স্ক্রু।

نَاجَ ـُ : (نَوْج) কপটতা করা।

نَوْجَة : ঝড়, ঝঞ্ঝা, ঘূর্ণিবাত। ব نَوْج

نَاحَ ـُ : (مَنَاح، نِيَاحَة، نِيَاح، نُوَاح، نَوْح) উচ্চকণ্ঠে ক্রন্দন করা, বিলাপ করা, আর্তনাদ করা; (কবুতর) ডাকা।

~ عَلَى : শোক করা।

نَاوَحَ : (مُنَاوَحَة) মুখামুখি হওয়া, সম্মুখীন হওয়া।

تَنَوَّحَ : দোলা, ঝোলাঝুলি করা।

تَنَاوَحَ : সামনাসামনি অবস্থিত হওয়া; (বায়ু) বিপরীত দিক হইতে প্রবাহিত হওয়া, গর্জন করা, শোঁ শোঁ শব্দ করা।

إِسْتَنَاحَ : (إِسْتِنَاحَة) উচ্চকণ্ঠে ক্রন্দন করা; বিলাপ করা; গর্জন করা; কাঁদানো।



www.pathagar.com

نَيَاح، نُوَاح، نَوْح : উচ্চকণ্ঠে ক্রন্দন, বিলাপ, আর্তনাদ; শোক; (ঘুঘু বা কবুতরের) ডাক।

نُوح : হযরত নূহ (আ) : উপাধি দ্বিতীয় আদম। হাম, সাম ও ইয়াফিসের পিতা। সূরা নূহ : আল কুরআনের ৭১ নং সূরার নাম।

غُرَاب نُوحِيّ : দাঁড়কাক।

نَوَّاح : বন্য ঘুঘুবিশেষ, Turtle-dove; অধিক ক্রন্দনকারী।

~، نَائِح : বিলাপকারী, শোককারী।

نَائِحَة، نَوَّاحَة : ভাড়াটিয়া বিলাপকারিণী। ব نَوَائِح

نَيِّحَة : বিপরীত দিক হইতে প্রবাহিত বায়ু।

مَنَاحَة : বিলাপ, শোক, উচ্চকণ্ঠে ক্রন্দন।

نَوَّخَ : (تَنْوِيخ) (মাটি) সমান করা; বিশ্রামের জন্য থামা।

أَنَاخَ : (উট) বসানো, থামানো।

~ بِ : থামা, যাত্রাবিরতি করা, অবস্থান করা, বাস করা; আপতিত হওয়া।

إِسْتَنَاخَ، تَنَوَّخَ : (إِسْتِنَاخَة) বসিয়া পড়া।

نَوْخَة : বিরতিস্থল, স্টেশন।

نَائِخَة : দূরবর্তী ভূমি।

مُنَاخ : বিরামস্থল, স্টেশন, বাসস্থান; আবহাওয়া। ব مُنَاخَات

مَنَاخِيّ، مُنَاخِيّ : আবহাওয়া-বিষয়ক।

نَادَ : ـُ (نَوْد، نُوَاد، نَوَدَان)، تَنَوَّدَ তন্দ্রায় ঝিমানো; দোল খাওয়া।

نَوْد، نَوَدَان : দোল; ঝিমানি।

نَارَ : ـُ (نَوْر، نِيَار) উজ্জ্বল হওয়া, আলোকিত হওয়া; পালাইয়া যাওয়া; (উটের গায়ে) তপ্ত লৌহ দ্বারা দাগ দেওয়া।

نَوَّرَ : (تَنْوِير) মুকুলিত হওয়া; আলোকোজ্জ্বল করা, আলো দেওয়া, (প্রদীপ) জ্বালানো; (খেজুরে) আঁটি হওয়া; (শস্য) পাকা; আলোকিত হওয়া; উদ্ভাসিত হওয়া; উলকি দেওয়া।

نَاوَرَ : (مُنَاوَرَة) গালি দেওয়া।

أَنَارَ : (إِنَارَة) আলোকোজ্জ্বল করা, আলো দেওয়া, (প্রদীপ) জ্বালানো; আলোকপাত করা; ব্যাখ্যা করা, স্পষ্ট করা, পরিষ্কার করিয়া তোলা; জ্ঞান প্রদান করা; মুকুলিত হওয়া; প্রতিভাত হওয়া।

أَنْوَرَ : প্রতিভাত হওয়া, প্রকাশিত হওয়া, স্পষ্ট হওয়া, প্রকাশ পাওয়া।

تَنَوَّرَ : আলোকিত হওয়া; বুদ্ধিদীপ্ত হওয়া।

~، إِنْتَارَ، إِنْتَوَرَ : (إِنْتِيَار) লোমনাশক ঔষধ ব্যবহার করা।

إِسْتَنَارَ : (إِسْتِنَارَة) আলো চাওয়া, আলো লাভ করা, আলোকিত হওয়া; ব্যাখ্যা পাওয়া, তথ্য লাভ করা; জ্ঞান লাভ করা।

~ بِ : আলো লাভ করা, আলো চাওয়া।

~ عَلَى : পরাস্ত করা।

نَار : (স্ত্রী) অগ্নি, আগ্নেয়াস্ত্রের গুলী; তপ্ত লৌহের দাগ; যুদ্ধের দাবানল। ব نِيرَان، أَنْوُر

النَّار : জাহান্নাম, দোযখ।

جَبَل النَّار : আগ্নেয়গিরি।

~ شَرِيط : বিস্ফোরণের জন্য দাহ্যপদার্থপূর্ণ পলিতা, Fuse.

~ شَيْخ : ইবলীস, শয়তান।

~ مَرْكَب : স্টীমার।

نِيرَان حَامِيَة : প্রচণ্ড গোলাগুলী।

نَارِيّ : অগ্নি-সম্বন্ধীয়, আগুনের তৈরি, অগ্নিবৎ, অগ্নিময়, জ্বলন্ত।

سِلَاح نَارِيّ : আগ্নেয়াস্ত্র।

~ سَهْم : রকেট।

~ طَلْق : গুলীবর্ষণ।

~ مَقْذُوف : গুলী, বুলেট, গোলা।

آلَة نَارِيَّة : মোটর, মোটরচালিত যন্ত্র।

~ أَسْهُم نَارِيَّة، أَلْعَاب আতশবাজি।

~ دَرَّاجَة : মোটর সাইকেল।



www.pathagar.com

نَوَّار : মে মাস।

نَوَّار اللَّيْل : গুল্মবিশেষ।

نُوَّار : মুকুল, কলি, ফুল। ব نُوَّارَة. نَوَاوِير

نَوُر، نَوُور : ভুসা; সুরমা, কাজল; নীল রঙ।

نَيِّر : উজ্জ্বল, আলোকময়; আলোকিত; স্পষ্ট।

النَّيِّر الأعْظَم : সূর্য।

النَّيِّرَانِ : জ্যোতিষ্কদ্বয় : চন্দ্র-সূর্য।

نَائِرَة : বিদ্বেষ; যুদ্ধের লেলিহান অগ্নি। ব نَوَائِر

إِنَارَة : উজ্জ্বলকরণ, প্রদীপ্তকরণ, আলোকসম্পাত।

أنْوَر : উজ্জ্বলতর; সুন্দর।

تَنْوِير : মুকুলিতকরণ; উজ্জ্বলকরণ, প্রদীপ্তকরণ।

تَنْوِير العُقُول، التَّنْوِير : জ্ঞানদান।

مَنَارَة، مَنَار : বাতিঘর, আলোকগৃহ, আলোকস্তম্ভ; লণ্ঠন; মিনার। ব مَنَائِر، مَنَاوِر

مِنْوَر : আলোকদণ্ড; ছাদের নিচের ক্ষুদ্র জানালা।

مِنْوَار : সড়ক-প্রদীপ; প্রদীপস্তম্ভ; ছাদের নিচের জানালা।

مُنَوَّر : আলোকিত, জ্যোতির্ময়, প্রদীপ্ত, উজ্জ্বল, ভাস্বর।

مُنِير : আলোকপ্রদ, আলো প্রদানকারী; উজ্জ্বল, আলোকময়।

جِسْم مُنِير : আলোকপ্রদ পদার্থ, জ্যোতিষ্ক।

مُنَاوَرَة : প্রচেষ্টা, কৌশল, কৌশলী অভিযান; (রেলইঞ্জিনের) শান্টিং, Shunting. ব مُنَاوَرَات

مُنَاوَرَة جَوِّيَّة : বিমান-মহড়া।

~ حَرْبِيَّة : সমর-কৌশল।

~ دِبْلُومَاسِيَّة : কূটনৈতিক কৌশল।

عَامِل المُنَاوَرَة : (রেল ইঞ্জিনের) শান্টার, Shunter.

~ وَابُور : শান্টিং ইঞ্জিন, Shunting engine.

مُتَنَوِّر : আলোকিত, আলোকোজ্জ্বল, প্রদীপ্ত।

نَوْر، نَوْرَة : মুকুল, কলি, ফুল। ব أنْوَار

نَوْرِيَّة : পুষ্পদল, পাপড়ি।

نُور : আলো, জ্যোতি, আলোকরশ্মি, কিরণ; উজ্জ্বলতা, ঝলক; প্রদীপ, লণ্ঠন; জ্যোতিষ্ক; সত্যপ্রকাশ। ব أنْوَار

النُّور : আল কুরআনের ২৪ নং মাদানী সূরা। আয়াত সংখ্যা ৬৪।

نُور بَرَّاق : ঝলকিত আলো।

~ ثَابِت : স্থির আলো।

~ الدَّلَالَة : পথ-নির্দেশক আলোকবর্তিকা, বাতিঘর।

~ الزِينَة : আলোকসজ্জা।

نُور كَاشِف ،~ كَشَّاف : সার্চলাইট, Searchlight.

~ العُيُون : চোখের আলো।

~ الغَاز : গ্যাসলাইট, Gaslight.

~ كَهْرَبَانِيّ : বৈদ্যুতিক আলো।

~ نِيُون : নিয়ন লাইট, Neon light. বায়বীয় গ্যাসের রঙিন আলো।

~ الوَجْه : চেহারার উজ্জ্বলতা।

سَبْت النُّور : ইস্টার স্যাটারডে, Easter Satarday. যিশুখ্রিস্টের পুনরুত্থান শনিবার।

عَلَيْكَ نُور : শাবাশ! চমৎকার!

رَأى النُّور : সে আলোর মুখ দেখিল; জন্মলাভ করিল।

نُورِيّ : আলোক সম্বন্ধীয়, আলোর ন্যায়; যাযাবর, ভবঘুরে; শঠ।

~، نُورَانِيّ : উজ্জ্বল, আলোকময়, জ্যোতির্ময়।

جِسْم نُورِيّ : জ্যোতিষ্ক।

نُورَة : চুন; লোমনাশক ঔষধ; আলকাতরা; তপ্ত লৌহের দাগ।

نُورِيَّة : উদ্ভিদবিশেষ।

نُورَانِيَّة : উজ্জ্বলতা, আলোকময়তা, জ্যোতির্ময়তা আলো গঠিত।

نَوَارِيّ، نَوَر : যাযাবর, ভবঘুরে।



www.pathagar.com

مُسْتَنِير : আলোকিত, আলোকোদ্ভাসিত, প্রদীপ্ত; প্রশিক্ষিত; শিক্ষিত ব্যক্তি।

نَوْرَج : শস্য-মাড়াইয়ের যন্ত্র। ব نَوَارِج

نَوْرَس، نَوْرَز : গাংচিল।

نُورَسْتِينِيَا، نُورَسْتَانِيَا : স্নায়বিক দৌর্বল্য, Neurasthenia.

نَوْرُوز : ইরানী নববর্ষ।

نَاسَ ـُ : (نَوَسَات، نَوْس) দোল খাওয়া, নড়া, আন্দোলিত হওয়া, উঠানামা করা, ঝোলাঝুলি করা, দ্বিধা করা।

~ : (نَوْس) (পশু) তাড়ানো।

نَوَّسَ : (تَنْوِيس) بِ ~ থামা, যাত্রাবিরতি করা।

أَنَاسَ : (إِنَاسَة) নাড়ানো, আন্দোলিত করা।

تَنَوَّسَ : বাতাসে নড়া।

نَاس : মানুষ, জনগণ (أنس)

نَوْس : দোলন, আন্দোলন; দ্বিধা।

نُوَاس : ঝুলন্ত কেশগুচ্ছ।

نُوَاس العَنْكَبُوت : মাকড়সার জাল।

أَبُو نُوَاس : আবূ নুওয়াস (৭৬২-৮১৩ খ্রি.) : যুগের অন্যতম শ্রেষ্ঠ আরব কবি। আহওয়াযে জন্মগ্রহণ করেন, কূফায় শিক্ষালাভ করেন এবং বাগদাদে হারূন, আমীন ও মামুনের দরবারী কবি ছিলেন। বারমাকীদের সমর্থক ছিলেন। তাঁহার কবিতার একটি দীওয়ান আছে।

نُوَاسِيّ : উৎকৃষ্টমানের সাদা আঙ্গুর।

نَوَّاس : দোদুল্যমান, ঝুলন্ত।

نَاوُوس، نَاوُوس : খ্রিস্টানদের সমাধিক্ষেত্র, কাষ্ঠ বা প্রস্তরনির্মিত শবাধার। ব نَوَاوِيس

نُوَيْسَة : প্রদীপ্ত শলিতা।

نَاسُوت : মানবিকতা, মানব-প্রকৃতি।

نَوْسَرَ : (نَوْسَرَة) ভগন্দর হওয়া।

نَاشَ ـُ : (نَوْش) ধরা, গ্রহণ করা, চলা, চাওয়া, বিপন্ন হওয়া।

نَاوَشَ : শত্রুর শক্তি পরীক্ষা করা; খণ্ডযুদ্ধে লিপ্ত হওয়া।

تَنَوَّشَ : হাত-পা মোছা।

تَنَاوَشَ : بِ ~ ধরা; পরস্পর আক্রমণ করা।

إِنْتَاشَ : (إِنْتِيَاش) ধরা; তাড়ানো; বাহির করিয়া আনা, উদ্ধার করা।

نَوْشَة : টাইফয়েড জ্বর।

نَؤُوش : শক্তিশালী।

مُنَاوَشَة : খণ্ডযুদ্ধ, সংঘাত।

مَنَاوِيشِيّ، مَنَاوِيش : বেগুনি রঙ।

نُوشَادِر : বর্ণহীন উগ্রগন্ধ গ্যাসবিশেষ, এমোনিয়া, Ammonia.

نَاصَ ـُ : (نَوْص) পশ্চাতে পড়া।

~ : (مَنِيص، مَنَاص، نَوْص) عَنْ ~ পলায়ন করা; পরিহার করা, এড়াইয়া যাওয়া।

نَاوَصَ : (مُنَاوَصَة) প্রবৃত্ত হওয়া; দায়িত্ব লওয়া।

أَنَاصَ : (إِنَاصَة) কামনা করা, চাওয়া।

إِنْتَاصَ : (إِنْتِيَاص) নিষ্প্রভ হওয়া, ক্ষীণ হওয়া, নিভিয়া যাওয়া।

إِسْتَنَاصَ : (إِسْتِنَاصَة) লাফাইয়া উঠা; নাড়া দেওয়া।

نَوْص : বন্য গাধা; পলায়ন, পরিহার।

نَوَّاصَة : প্রদীপ, মোমবাতি।

نُوَيْص : আরম্ভকরণ আন্দোলন; শক্তি।

مَنِيص، مَنَاص : পলায়ন, পরিহার, নিষ্কৃতি, আশ্রয়, আশ্রয়স্থল; উপায়।

لَامَنَاصَ مِنْهُ : ইহা অপরিহার্য।

لَامَنَاصَ لَهُ : তাহার পরিত্রাণের উপায় নাই।

نَاضَ ـُ : (نَوْض) : ঝলকাইয়া উঠা; দোল খাওয়া, ঝাঁকুনি দেওয়া; (পানির) নির্গমন-পথ করিয়া দেওয়া।

فِي ~ : গমন করা, ভ্রমণ করা।

نَوَّضَ : (تَنْوِيض) ডুবানো, চুবানো।

أَنَاضَ : (إِنَاضَة) আগ্রহ প্রদর্শন করা; (খেজুরগাছ) পাকা খেজুরধারী হওয়া।

نَوْض : গর্ত; পানির নির্গমন-পথ; উচ্চস্থান। ব أَنَاوِيض، أَنْوَاض



www.pathagar.com

مُنَاص : আশ্রয়।

أَنَاطَ (تَنْوِيط) نَوَّطَ، (نِيَاط، نَوْط) : ـُ نَاطَ (إِنَاطَة) ঝুলাইয়া রাখা; নির্ভরশীল করা; চাপাইয়া দেওয়া; যুক্ত করা।

أَنَاطَهُ بِشَرْط : সে শর্তযুক্ত করিল।

أَنَاطَهُ بِعُهْدَتِه : তাকে দায়িত্ব চাপাইয়া দিল।

نِيطَ : সংলগ্ন হওয়া, যুক্ত হওয়া; নির্ভরশীল হওয়া; ঝুলিয়া থাকা।

إِنْتَاطَ : (إِنْتِيَاط) সংলগ্ন হওয়া, যুক্ত হওয়া; দূরে অবস্থান করা।

إِسْتَنَاطَ : (إِسْتِنَاطَة) মালপত্র বহন করিবার জন্য (পশু) ধার দেওয়া।

نَوْط : ঝুলন্ত বস্তু, সংলগ্ন বস্তু; পদক, প্রতীক, চাপরাস; খেজুরের ঝুড়ি। ব نِيَاط، أَنْوَاط

نَوْطَة : (পাখির) দ্বিতীয় পাকস্থলী; গাছের ঝোপ; টিউমার; পানি হইতে দূরবর্তী ভূমি।

نَيْط : রজ্জু, মহাধমনী, Aorta. ব نِيَاط

نِيَاط : হৃদয়তন্ত্রী। ব أَنْوِطَة، نُوطٌ

نَائِط : কটিতন্ত্রী; সরু বস্তু।

تُنَوِّط، تَنَوُّط : বাবুই-পাখি।

مَنَاط : ঝুলাইয়া রাখিবার স্থান; দূরত্ব, দূরবর্তিতা।

مُنَوَّط، مُنَاط : দায়িত্বপ্রাপ্ত, ভারার্পিত।

مَنُوط : ঝুলন্ত, নির্ভরশীল, শর্তযুক্ত।

نَاعَ : ـُ (نَوْع) ঝুলিয়া থাকা; ডানা ছড়াইয়া দেওয়া; তৃষ্ণার্ত হওয়া।

~ : ـِ (نَيْع) ঝুলিয়া থাকা।

نَوَّعَ : (تَنْوِيع) বিভিন্ন শ্রেণীতে বিভক্ত করা, শ্রেণীবিভাগ করা; নানারকম করা, চিত্র-বিচিত্র করা; পরিবর্তন করা; রূপ পরিবর্তন করা; নাড়া দেওয়া।

تَنَوَّعَ : বিভিন্ন রকম হওয়া, বিবিধ প্রকার হওয়া; বহুরূপী হওয়া, চিত্র-বিচিত্র হওয়া, পাঁচমিশালি হওয়া।

~، إِسْتَنَاعَ : (إِسْتِنَاعَة) আন্দোলিত হওয়া, অগ্রসর হওয়া।

نَوْع : প্রকার, রকম, শ্রেণী, ধরন; মান; পন্থা, পদ্ধতি। ব أَنْوَاع

بِنَوْعٍ مَا، نَوْعًا مَا، نَوْعًا : কতক, কিছু পরিমাণ, কমবেশি; কোন মতে।

نَوْعًا وَكَمِّيَّةً : সংখ্যায় ও মানে।

بِنَوْعٍ خَاصٍّ : বিশেষভাবে।

النَّوْع الإِنْسَانِيّ، نَوْع الإِنْسَان : মানবজাতি।

نَوْعِيّ : বিশেষ, নির্দিষ্ট; জরুরী; আপেক্ষিক, আনুপাতিক।

ثِقْل نَوْعِيّ : আপেক্ষিক গুরুত্ব।

صِفَة نَوْعِيَّة : শ্রেণীগত বৈশিষ্ট্য।

نَوْعَة : সদ্য চয়নকৃত ফল।

نُوع : তৃষ্ণা।

نِيع : চোয়াল। ব نِيَاع

نَائِع : তৃষ্ণাকাতর। ব نِيَاع

~ : অবনত, নোয়ানো। ব نَوَائِع

جَائِع نَائِع : ক্ষুধা-তৃষ্ণায় ক্লান্ত। ব جِيَاع نِيَاع

تَنَوُّع : বিভিন্নতা; পরিবর্তন।

تَنْوِيع : শ্রেণীবিভাগ; পরিবর্তন।

مِنْوَاع : পদ্ধতি।

مُنَوَّع، مُتَنَوِّع : বিভিন্ন রকম, বিবিধ প্রকার, পাঁচমিশালি, বিচিত্র।

~ : দূরবর্তী স্থান।

مُتَنَوِّعَات : বিবিধ বিষয়।

نَافَ : ـُ (نَوْف) উচ্চ হওয়া।

~، نَيَّفَ، أَنَافَ : (إِنَافَة، تَنْيِيف) ~ عَنْ، عَلَى : অধিক হওয়া, অতিক্রম করিয়া যাওয়া, ছাড়াইয়া যাওয়া।

نَاف : জোয়াল।

نَوْف : উপরিভাগ, বর্ধিতাংশ, অতিরিক্তাংশ; হায়নার চিৎকার। ব أَنْوَاف

نَيِّف، نَيْف : অতিরিক্তাংশ, বাড়তি, উদ্বৃত্ত; এক হইতে তিন সংখ্যক।

عِشْرُونَ وَنَيِّف : বিশ হইতে কিছু বেশি।

نَيَّاف، نِيَاف : সুউচ্চ, সুদীর্ঘ (উট)।

نِيَافَة : খ্রিস্টান যাজকদের উপাধিবিশেষ; মহামান্য।

نَائِف : উচ্চ, মহৎ; অতিক্রমকারী।

مَنَاف : মানাফ : পৌত্তলিক আরবদের একটি দেবতা; পর্বতশৃঙ্গ।

مُنِيف : সুউচ্চ; রাজকীয়; সুগঠিত।

نَوْفَر : উদ্ভিদবিশেষ।

نَوْفَرَة : ঝরনা। (نفر)

نُوفَمْبَر : নভেম্বর (মাস)।

نَاقَ ـُ : (نَوْق) গোশত হইতে চর্বি অপসারণ করা।

نَوَّقَ : (تَنْوِيق) (উটকে) প্রশিক্ষণ দেওয়া, পোষ মানানো; বিন্যস্ত করা; ফলবতী করা।

أَنَاقَ : (إِنْيَاق) মুগ্ধ করা (نيق)

تَنَوَّقَ، تَنَيَّقَ ~ فِى সূক্ষ্ম রুচিবোধসম্পন্ন হওয়া, রুচিবাগিশ হওয়া, খুঁতখুঁতে হওয়া; সযত্নে করা।

إِنْتَاقَ : (إِنْتِيَاق) পছন্দসই করা।

إِسْتَنْوَقَ : (إِسْتِنْوَاق) উষ্ট্র উষ্ট্রীর ন্যায় হওয়া; (উষ্ট্রকে) উষ্ট্রী বলিয়া ভ্রম করা।

نَاقَة : উষ্ট্রী। ব أَيَانِق، أَيْنُق، أَنْوُق، نِيَاق، نُوق، أَنْوَاق, نَاقَات

نَاقَةُ الْبَحْرِ : সামুদ্রিক প্রাণিবিশেষ।

لاَ نَاقَةَ لِى فِى هذَا الأَمْرِ وَلاَ جَمَلَ : এই ব্যাপারে আমার কোন হাত নাই, কিছুই করিবার নাই।

نِيق : পর্বতশৃঙ্গ। ব أَنْيَاق، نُيُوق، نِيَاق

نِيقَة : আগ্রহ, দক্ষতা; ফুলবাবুগিরি; সূক্ষ্ম রুচিবোধ।

مُتَنَيِّق، مُتَنَوِّق، نَيِّق : সূক্ষ্ম রুচিবোধসম্পন্ন, রুচিবাগিশ, খুঁতখুঁতে; যাহাকে সন্তুষ্ট করা কঠিন।

نَوَّاق : দক্ষ পরিচালক।

أَنِيق : চমৎকার।

مُنَوَّق : প্রশিক্ষণপ্রাপ্ত, পোষ-মানা (উট); সুবিন্যস্ত।

نَوِكَ ـَ : (نَوَاكَة، نُوَاك، نَوْك) নির্বোধ হওয়া।

أَنْوَكَ : (إِنَاكَة) বোকা পাওয়া।

مَا أَنْوَكَهُ : কী নির্বোধ লোক!

إِسْتَنْوَكَ : (إِسْتِنَاكَة) নির্বোধ হওয়া, নির্বোধ মনে করা।

نُوك، نَوْك : নির্বুদ্ধিতা, বোকামি।

أَنْوَك : নির্বোধ, বোকা। ব نُوك

نَالَ ـُ : (نَوْل)، نَوَّلَ (تَنْوِيل) أَنَالَ (إِنَالَة) দান করা।

نَاوَلَ : (مُنَاوَلَة) দান করা, হস্তান্তর করা, অর্পণ করা।

تَنَوَّلَ : গ্রহণ করা।

تَنَاوَلَ : গ্রহণ করা, লাভ করা; পানাহার করা; অন্তর্ভুক্ত করা, শামিল করা; আলোচনা করা।

نَال : দাতা; দান, অনুগ্রহ। ব أَنْوَال

نَوْل : দান; পন্থা; পদ্ধতি, ধরন; তাঁত; মাল বহনের ভাড়া, Freight. ব أَنْوَال

نَوْلَة : দান, উপহার; চুম্বন।

نَوَال : দান; অনুগ্রহ; কর্তব্য; সঠিক।

نَائِل : দান, অনুগ্রহ।

نَائِلَة : পৌত্তলিক আরবদের দেবীবিশেষ; হযরত উসমান (রা)-এর সহধর্মিণীর নাম।

تَنَاوُل : গ্রহণ, পানাহার; অন্তর্ভুক্তি।

مَنَال : কর্ণফুল।

مِنْوَل : তাঁত।

مِنْوَال : তাঁত; পন্থা, পদ্ধতি, ধরন; প্রক্রিয়া; আকৃতি। ব مَنَاوِيل

عَلَى هذَا الْمِنْوَالِ : এই পদ্ধতিতে, এইভাবে।

هُمْ عَلَى مِنْوَالٍ وَاحِد : তাহারা সকলেই একরকম।

مِنْوَالُكَ أَنْ تَفْعَلَ كَذَا : তোমাকে এই রকমই করিতে হইবে।

مُنَاوِل : (বৈদ্যুতিক) ট্রান্সমিশন, Transmission. বিদ্যুৎ সঞ্চালন।



www.pathagar.com

مُنَاوَلَة : দান, অর্পণ, হস্তান্তর।

الْمُنَاوَلَة : শিক্ষার্থীকে হাদীস রেওয়ায়াতের অনুমতিসহ শিক্ষক কর্তৃক তাঁহার পাণ্ডুলিপি অর্পণ।

مُتَنَاوِل : গ্রহণকারী, নাগালপ্রাপক; পানাহারকারী।

مُتَنَاوَل : পাওয়ার যোগ্য, প্রাপ্য, নাগালের অধীন; প্রাপ্যতা, নাগাল।

أَعْسَر مُتَنَاوَلاً : দুষ্প্রাপ্য।

تَحْتَ مُتَنَاوَلِ يَدِه، فِى مُتَنَاوَلِه : তাহার নাগালের মধ্যে।

نَاوُلُون، نَوْلُون : (গ্রী) মাল বহনের ভাড়া, Freight. ব نَوَالِين

نَامَ ـَ (نِيَام، نَوْم) : নিদ্রা যাওয়া, ঘুমাইতে যাওয়া, ঘুমানো; শান্ত হওয়া; ঝিমাইয়া পড়া, (বাজার) মন্দা হওয়া; (নাড়ি) স্পন্দনহীন হওয়া; (অঙ্গ) অবশ হওয়া; (আগুন) নিভিয়া যাওয়া; (বস্ত্র) জীর্ণ হওয়া; থামিয়া যাওয়া; মরিয়া যাওয়া; শয়ন করা।

~ إِلَى : গ্রহণ করা; সম্মতি দেওয়া; সন্তুষ্ট থাকা; আস্থা স্থাপন করা, বিশ্বাস করা, নির্ভর করা; আত্মসমর্পণ করা।

~ عَنْ : উপেক্ষা করা, অবহেলা করা, ভুলিয়া থাকা, অমনোযোগী থাকা।

أَنَامَ، نَوَّمَ : (إِنَامَة، تَنْوِيم) ঘুম পাড়ানো, নিদ্রাচ্ছন্ন করা, ঘুমাইতে দেওয়া; বিছানায় শোয়ানো; শান্ত করা, অচেতন করা; সম্মোহিত করা।

أَنَامَ : নিদ্রিত পাওয়া।

نَاوَمَ : (مُنَاوَمَة) ঘুমের পাল্লা দেওয়া, নিদ্রা-প্রতিযোগিতা করা।

إِسْتَنْوَمَ، تَنَوَّمَ : (إِسْتِنْوَام) বয়ঃসন্ধিপ্রাপ্ত হওয়া, সাবালক হওয়া, স্বপ্নদোষ হওয়া।

تَنَاوَمَ : ঘুমের ভান করা, ঘুমের চেষ্টা করা।

~ إِلَى : আস্থা স্থাপন করা, নির্ভর করা, বিশ্বাস রাখা।

إِسْتَنَامَ : (إِسْتِنَامَة) ঘুমাইতে চাওয়া, ঘুমাইতে চেষ্টা করা, ঘুমের ভান করা।

~ إِلَى : আস্থা রাখা, বিশ্বাস স্থাপন করা, নির্ভর করা; সন্তুষ্ট থাকা; আত্মসমর্পণ করা; পরিচিত হওয়া।

~ لِ : সম্মত হওয়া।

نَوْم، نُوَام : ঘুম, নিদ্রা।

نَوْم وَأَكْل : আহার ও বাসস্থান।

نَوْم مَغْنَطِيسِىّ : সম্মোহন।

أَبُو النَّوْم : আফিম।

~ غُرْفَة : শয়নকক্ষ, Bedroom.

~ قَمِيص : নাইট-গাউন, Night-gown, নাইট-ড্রেস, Night-dress.

نَوْمِىّ : নিদ্রা-সম্বন্ধীয়।

الْيَقْظَة النَّوْمِيَّة : ঘুমঘোরে কথা।

الْيَقْظَة النَّوْمِيَّة : ঘুমঘোরে ভ্রমণ, স্বপ্নচারিতা।

نَوْمَة : হালকা নিদ্রা, বারেক নিদ্রা, তন্দ্রা।

نُوَمَة، نُوَيْم : নিদ্রাবিলাসী, নিদ্রামগ্ন ব্যক্তি।

~ : নীচ, নিকৃষ্ট; অজ্ঞ।

نُوَام : নিদ্রারোগ।

نِيم : নাইট ড্রেস, Night-dress; ঘুমাইবার পোশাক, Sleeping gown; কম্বল; বিশ্বাসভাজন; কল্যাণ; নমনীয় (বস্ত্র); বাতাসের তোড়ে সৃষ্ট বালির লম্বা লম্বা দাগ; এক প্রকার গাছ।

نِيمَة : নিদ্রা, নিদ্রার ধরন।

نَائِم : নিদ্রিত, ঘুমন্ত, শায়িত; অচেতন, অসাড়; শান্ত। ব نُيَّام، نُوَّام، نُوَّم، نُيَّم، نِيَام

نَؤُوم : নিদ্রাভিভূত, গভীর নিদ্রায় অচেতন; দেরিতে ঘুম হইতে উঠে এমন ব্যক্তি।

تَنْوِيم : ঘুম পাড়ানো, নিদ্রাচ্ছন্নকরণ; সম্মোহন।

مَنَام : নিদ্রা, নিদ্রাস্থল, শয্যা, শয়নকক্ষ।

~ : স্বপ্ন। ব مَنَامَات

مَنَامَة : নিদ্রাস্থল, শয্যা, শয়নকক্ষ; নাইট-ডেস, Night-dress, ঘুমাইবার পোশাক, শয্যা-বস্ত্র।



www.pathagar.com

الْمَنَامَة : মানামা : বাহরাইনের রাজধানী।

مُنَوِّم : নিদ্রাকারক, নিদ্রাজনক, নিদ্রাকর; সম্মোহক; সম্মোহনী; চৈতন্য-বিলোপকারী।

دَوَاء مُنَوِّم : নিদ্রাকারক ঔষধ।

مَنُوِمَة : নিদ্রাকারক, নিদ্রাকারক ঔষধ।

مُسْتَنَام : পানি জমিবার স্থান, নিচু ভূমি।

نَوَّنَ : (تَنْوِيْن) তানবীন (ً ، ٍ ، ٌ) দেওয়া, তানবীন উচ্চারণ করা।

نُون : "ن" বর্ণের নাম। ব نُونَات ، نِيْنَان ، أَنْوَانٌ

~ : বড় মাছ, তিমি মাছ; তরবারির ধার; দোয়াত। ব أَنْوَان ، نِيْنَان

ذُو النُّون : হযরত ইউনুস (আ)।

نُون التَّنْوِين : তানবীনের নূন।

نُونِيّ : "ن" আকৃতিবিশিষ্ট বস্তু, অর্ধচন্দ্রাকার।

نُونِيَّة : "ن" অন্ত্যমিলবিশিষ্ট কবিতা।

نُونَة : বড় মাছ; চিবুকের টোল।

تَنْوِين : তানবীন (ً ، ٍ ، ٌ) (ব্যা)।

نَاهَ : ـُ (نَيْه ، نَوْه) বর্ধিত হওয়া, বড় হওয়া; (পেচক) ডাকা।

~ : ـُ (نَوْه) ~ عَنْ বিরত থাকা; প্রত্যাখ্যান করা।

~ ب : সম্মানিত করা; প্রশংসা করা।

نَوَّهَ : (تَنْوِيه) উঁচু করা; বিখ্যাত করা।

~ إِلَى : ইঙ্গিত দেওয়া, পরোক্ষভাবে উল্লেখ করা।

~ بِ : সম্মানিত করা; উল্লেখ করা, ইঙ্গিত দেওয়া, বরাত দেওয়া; আলোচনা করা; প্রশংসা করা, বিখ্যাত করা, উচ্চ মর্যাদা দেওয়া; জোর দেওয়া।

~ عَنْ : নাম লওয়া, উল্লেখ করা, ইঙ্গিত দেওয়া।

تَنَوَّهَ : প্রশংসিত হওয়া; উন্নীত হওয়া।

تَنْوِيه : প্রশংসা, উল্লেখ, ইঙ্গিত, বরাত।

مُنَوَّه بِه : উল্লিখিত, প্রশংসিত।

مُنَوَّه إِلَيْه ، مُنَوَّه عَنْهُ : নির্দেশিত, বরাত প্রদত্ত।

نَوَى : ـِ (نِيَّة ، نَوَاة) নিয়্যত করা, ইচ্ছা করা, অভিপ্রায় গ্রহণ করা, সিদ্ধান্ত নেওয়া, মনস্থ করা, পরিকল্পনা করা; রক্ষা করা।

نَوَى : (نَوًى) ~ عَنْ ، مِنْ অন্যত্র চলিয়া যাওয়া, দূরে চলিয়া যাওয়া; (বিড়াল) মিউমিউ ডাকা।

~ : (نِوَايَة ، نِيّ) (উষ্ট্রী) মোটা হওয়া।

نَوَاكَ اللّٰهُ بِالْخَيْرِ : আল্লাহ তোমার মঙ্গল করুন।

نَوَّى : (تَنْوِيَة) (বিড়াল) মিউমিউ ডাকা; (খেজুরে) আঁটি হওয়া; আঁটি ফেলিয়া দেওয়া; (কাজ) সম্পন্ন করা।

نَاوَى : (مُنَاوَاة) বিরোধিতা করা, শত্রুতা করা, শত্রু হওয়া; প্রতিরোধ করা; শত্রু বলিয়া ঘোষণা করা।

أَنْوَى : (إِنْوَاء) দূরে অবস্থান করা; ভ্রমণরত থাকা; (কাজ) সম্পন্ন করা; (খেজুরে) আঁটি হওয়া; আঁটি ফেলিয়া দেওয়া।

إِنْتَوَى ، تَنَوَّى : (إِنْتِوَاء) ইচ্ছা করা, মনস্থ করা, নিয়্যত করা, সিদ্ধান্ত নেওয়া।

نَوًى : দূরত্ব, দূরবর্তিতা; নিয়্যত; গন্তব্য; (ফলের) শাঁস, বিচি, আঁটি।

نَوَاة : (ফলের) বিচি, আঁটি, শাঁস, মজ্জা; কেন্দ্র-ভাগ; পরমাণু, Nucleus. ব أَنْوَاء ، نَوَيَات ، نَوًى

نَوَوِيّ : পারমাণবিক, Nuclear.

أَسْلِحَة نَوَوِيَّة : পারমাণবিক অস্ত্র।

~ تَجَارِب : পারমাণবিক পরীক্ষা।

~ حَرْب : পারমাণবিক যুদ্ধ।

النَّوَوِيّ : মুহিউদ্দীন আবূ যাকারিয়া ইয়াহইয়া ইবনে শারাফ আন-নাবাবী (১২৩৩-১২৭৭ খ্রি): প্রসিদ্ধ হাদীস শাস্ত্রবিদ। 'সহীহ মুসলিম'-এর ভাষ্যকার এবং رِيَاض الصَّالِحِين ও الأَرْبَعُون। হাদীসগ্রন্থের সংকলক।

نَوِيّ : অন্তরঙ্গ বন্ধু, (বিড়ালের) মিউমিউ ডাক।

نَاوٍ : স্থূলকায় (উষ্ট্রী)। ব نِوَاء

نَيّ : চর্বি।

نِيّ : স্থূলতা।

نِيَّة : নিয়্যত, ইচ্ছা, অভিপ্রায়, বাসনা, উদ্দেশ্য, সিদ্ধান্ত, পরিকল্পনা। ব نَوَايَا ، نِيَّات



www.pathagar.com

حُسْنُ النِّيَّة : সদিচ্ছা, আন্তরিকতা, সরলতা।

~ سُوْء : অসৎ উদ্দেশ্য, বিদ্বেষ, অহিত কামনা, দুরভিসন্ধি, খারাপ অভিপ্রায়।

~ سَلَامَة : সরলমন, সরলতা।

~ سَلِيم : সরলমনা।

~ بِسَلَامَة : সরল মনে, সৎ উদ্দেশ্যে।

~ بِسُوْء : অসৎ উদ্দেশ্যে, খারাপ অভিপ্রায়ে।

~ صَافِي : সরল, মনখোলা, অকপট।

اَخْلَصَ النِّيَّةَ : ~ لِ সদিচ্ছা পোষণ করা, মনেপ্রাণে চাওয়া।

عَقَدَ النِّيَّةَ : ~ عَلَى মনস্থ করা, সিদ্ধান্ত গ্রহণ করা।

عَلَى نِيَّاتِه : সরল মনে, অনভিজ্ঞতায়, আনাড়িত্বে।

مَنْوِيّ : অভিপ্রায়, অভীষ্ট লক্ষ্য। ব مَنَاوٍ

مُنَاوٍ : শত্রু, বিরোধী, অবন্ধুসুলভ।

نَاءَ : - (نُيُوءَة، نُيُوء، نَيْئ) (গোশত) কাঁচা থাকা, অপক্ব থাকা।

نَاءَ بِحَمْلِه : কষ্ট করিয়া বহন করা।

نَيَّأَ (تَنْيِئَة) : ত্রুটিপূর্ণভাবে করা।

~, أَنَيَأَ : (إِنْيَاء) (গোশত) পুরাপুরি রান্না না করা।

نُيُوءَة : অপক্বতা।

نِيّ، نِيْئ : কাঁচা, অপক্ব; অসম্পূর্ণ; বিরল।

نِي : আমাকে।

ضَرَبَنِي : সে আমাকে প্রহার করিয়াছে।

نَابَ : - (نَيْب) কর্তন-দন্তে আঘাত করা।

نَيَّبَ : (تَنْيِيب) কর্তন-দন্ত দ্বারা কামড় দেওয়া।

تَنَيَّبَ : পল্লবিত হওয়া, অঙ্কুরিত হওয়া।

نَاب : কর্তন-দন্ত, শ্বদন্ত, হস্তিদন্ত; বিষদাঁত। ব أَنَايِيب، نُيُوب، أَنْيَاب

~ : গোত্রপ্রধান। ব أَنْيَاب

كَشَّرَ عَنْ أَنْيَابِه (تَكْشِير) : দাঁত বাহির করা, ভয় দেখানো।

أَنْيَب : লম্বা কর্তন-দন্তবিশিষ্ট। স্ত্রী نَيْبَاء ব نِيب

نَاتَ : - (نَيْت) দুর্বলতার কারণে টলমল করা, কম্পমান হওয়া।

نَيْتْرُوجِين : নাইট্রোজেন, Nitrogen. যবক্ষার গ্যাস!

نِيجَر : নাইজার : পশ্চিম আফ্রিকার একটি প্রজাতন্ত্র। রাজধানী নিয়ামি।

نَيْجِيرِيَا : নাইজেরিয়া : পশ্চিম আফ্রিকার একটি স্বাধীন রাষ্ট্র। রাজধানী আবুজা।

نَاحَ : - (نَيْحَان، نَيْح) (গাছের ডাল) নুইয়া পড়া, নড়া।

~ : (نَيْح) (হাড়) শক্ত হওয়া।

نَيَّحَ : (تَنْيِيح) (হাড়) শক্ত করা; ভাঙ্গিয়া ফেলা; শান্তিতে রাখা।

تَنَيَّحَ : শান্তিতে থাকা, ঘুমাইয়া পড়া, মরিয়া যাওয়া।

نَيِّح : শক্ত (হাড়)।

نِيَاح : শান্তির নিদ্রা, চির নিদ্রা, মৃত্যু।

مُتَنَيِّح : চিরনিদ্রায় শায়িত, মৃত।

نَارَ : - (نَيْر)، (نَيَّرَ (تَنْيِير) أَنَارَ (إِنْيَار) (কাপড়ে) পাড় লাগানো; (বস্ত্র) বয়ন করা।

أَنَارَ : ~ بِ ডাকা।

نِير : জোয়াল। ব نِيرَان، أَنْيَار

ذُو نِيرَيْن : দ্বিগুণ সুতার তৈরি, দোসূতি (বস্ত্র); শক্তিশালী; বিরাটকায়, মাংসল (উট); প্রচণ্ড (যুদ্ধ)।

نِيرَة : (দাঁতের) মাড়ি।

نَيِّر : উজ্জ্বল (نور)

أَنْيَر : স্পষ্টতর।

مُنَيَّر : দ্বিগুণ সুতার তৈরি, দোসূতি (বস্ত্র)।

مُنَايَرَة : মতদ্বৈততা।

نَيْرُوز : মিসরের কিবতীদের নববর্ষ।

نَيْزَك : উল্কা। ব نَيَازِك



www.pathagar.com

نَيْسَان : এপ্রিল (মাস)।

كِذْبَة نَيْسَان : এপ্রিল-ফুল, April-fool.

نَيْسَابُور : নিশাপুর : ইরানের খোরাসান প্রদেশের রাজধানী। ওমর খাইয়াম ও সাধক কবি ফরীদুদ্দীন আত্তারের জন্মস্থান।

النَّيْسَابُورِىّ : ইমামুল হারামাইন আব্দুল মালিক আল জওয়ানী নিশাপুরী [র] (১০২৮-১০৮৫ খ্রি.) : প্রসিদ্ধ ফকীহ ও কালামশাস্ত্রবিদ। মক্কা ও মদীনায় ধর্মীয় শিক্ষাদানে ব্যাপৃত ছিলেন। এইজন্য তাঁহার উপাধি ইমামুল হারামাইন। ইমাম আল গাযালীর ওস্তাদ। নিযামুল-মুলক কর্তৃক নিশাপুরে প্রতিষ্ঠিত প্রথম ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রথম অধ্যক্ষ।

نِهَايَة الطَّلَب ও البُرْهَان فِى أُصُول الفِقْه فِى دِرَايَة المَذْهَب তাঁহার বিখ্যাত গ্রন্থসমূহের মধ্যে অন্যতম।

نِيص : শজারু।

نَاضَ - : (نَيْض) (ধমনী) স্পন্দিত হওয়া, ধুকধুক করা।

نِيقُوسِيَا : নিকোসিয়া : সাইপ্রাসের রাজধানী।

نَاكَ - : (نَيْك) সঙ্গম করা।

نِكَال، نِيكَل : নিকেল, Nickel.

نِيكَارَاغُوَا : নিকারাগুয়া : মধ্য-আমেরিকার একটি দ্বীপদেশ প্রজাতন্ত্র। রাজধানী মানাগুয়া।

نَالَ - َ : (مَنَال، نَال، نَيْل) লাভ করা, অর্জন করা, জয় করা, পাওয়া; পাইতে দেওয়া, পাওয়ানো; দান করা।

~ مِنْ : সম্পন্ন করা; ক্ষতি করা; প্রভাবিত করা; বহন করা; নষ্ট করা।

نَالَ مِنْ عِرْضِه : সে তাহার মানহানি করিল, অসম্মান করিল, গালি দিল।

نَالَ بِضُرّ، نَالَ بِسُوء : ক্ষতি করা, অনিষ্ট করা।

نَيَّلَ : (تَنْيِيل) নীল দেওয়া, নীল রঙে রঞ্জিত করা।

أَنَالَ : (إِنَالَة) পাওয়া, লাভ করা; পাইতে দেওয়া, পাওয়ানো; দান করা।

نَائِلَة، نَيْل : লাভ, অর্জন, প্রাপ্তি; সাফল্য; অনুগ্রহ।

نِيلَة، نِيل : নীল, নীল-গাছ, নীল রং।

النِّيل : নীল-নদ।

نَيْلَة : অনুগ্রহ।

نَائِل : লাভকারী, অর্জনকারী, জয়ী; অনুগ্রহপ্রাপক; লাভ; অনুগ্রহ; সাফল্য।

مَنَال : লাভ, অর্জন, প্রাপ্তি, সম্ভাব্য প্রাপ্তি।

صَعْب المَنَال، بَعِيد المَنَال : দুষ্প্রাপ্য, দুর্লভ।

سَهْل ~، قَرِيب ~ : সহজলভ্য।

مُمْكِن ~ : লভ্য, প্রাপ্য।

مَنِيل، مُنِيل : প্রাপ্ত, অর্জিত।

مَنْيَل : নাইলোমিটার, Nilometer.

مُنَيَّل : নীল দেওয়া হইয়াছে এমন, নীল রঙে রঞ্জিত।

نِيلَج : নীল।

نِيلُوفَر : পদ্মফুল।

نَيْلُون : নাইলন, Nylon.

نِيُوتُون : স্যার আইজাক নিউটন (১৬৪২-১৭২৮ খ্রি.) : প্রসিদ্ধ দার্শনিক ও বৈজ্ঞানিক। মাধ্যাকর্ষণ শক্তির আবিষ্কারক। Oplics ও Philosophiae, Naturalis, Principia, Mathematica তাঁহার প্রসিদ্ধ গ্রন্থ।

نِيُوزِيلَانْدَا : নিউজিল্যান্ড ঃ অস্ট্রেলিয়ার দক্ষিণ-পূর্বে অবস্থিত প্রশান্ত মহাসাগরীয় একটি দ্বীপ দেশ। রাজধানী ওয়েলিংটন।

نِيُويُورْك : নিউইয়র্ক : আমেরিকা যুক্তরাষ্ট্রের বৃহত্তম নগরী। এখানে জাতিসঙ্ঘের সদর দফতর অবস্থিত।

نَاى : বাঁশি।



www.pathagar.com

ه : হা : আরবী বর্ণমালার ২৬তম হরফ। সংখ্যামান ৫।

هَا : দেখ, ধর, লও; এখানে, সেখানে; তাহাকে, তাহার।

هَاهُوَ : নাও! সে এখানেই আছে।

هَا أَنْتُمْ : শোন! তোমরাই।

هٰذَا : এইটি, এই ব্যক্তি। স্ত্রী هٰذِهِ، هٰذِي

هٰذَانِ : এই দুইজন, এই দুইটি। স্ত্রী هَاتَانِ

هٰؤُلَاءِ : ইহারা, এইগুলি।

هٰكَذَا : এইরূপে, এইভাবে।

هَاكَ، هَاكُمَا، هَاكُمْ، هَاكُنَّ : ধর, লও।

هَاهُنَا : এইখানে।

هَاء : "ه" বর্ণের নাম।

هَابِيل، هَبِيل : হাবীল ঃ হযরত আদম (আ) ও বিবি হাওয়া (আ)-এর দ্বিতীয় পুত্র। ইনি তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা কাবিল কর্তৃক নিহত হন।

هَاتِ : দাও, আন। ব هَاتُوا

هَاتُور : হাতুর ঃ কিবতী ক্যালেন্ডারের তৃতীয় মাস।

هَاجَر : বিবি হাজেরা ঃ হযরত ইবরাহীম (আ)-এর মিসরীয় পত্নী ও হযরত ইসমাঈল (আ)-এর মাতা।

هَارُون : হযরত হারূন (আ) ঃ হযরত মূসা (আ)-এর জ্যেষ্ঠ ভ্রাতা।

أَبُو هَارُون : বুলবুল (পাখি)।

هَارُون الرَّشِيد : হারূনুর রশীদ (৭৬৬-৮০৯ খ্রি.) ঃ আব্বাসীয় খ্যাতনামা খলীফা। রায় নগরীতে জন্ম ও তূস নগরীতে মৃত্যু।

هَاشِم : হাশিম ইব্‌ন 'আব্‌দ মানাফ' ঃ রাসূলুল্লাহ (স)-এর প্রপিতামহ। তাঁহার বংশধর বনূ হাশিম নামে খ্যাত।

هَانِم : (তু) মহিলা, নারী, খানম। ব هَوَانِم

هَوَانِمِيّ : নারীসুলভ।

هَاهَا (هَنْهَنَة) : হাহা করিয়া হাসা, অট্টহাস্য করা।

هَاوَاي : হাওয়াই ঃ প্রশান্ত মহাসাগরীয় দ্বীপ, মার্কিন যুক্তরাষ্ট্রের একটি অঙ্গরাজ্য।

هَاوُن، هَاوُون : হামানদিস্তা। ব أَهْوَان، هَوَاوِين

مِدْقَع الهَاوُن : মর্টার, Mortar.

هَايْتِي : হাইতি ঃ কিউবার পূর্বে অবস্থিত আটলান্টিক মহাসাগরের একটি দ্বীপ দেশ প্রজাতন্ত্র। রাজধানী পোর্টোপ্রান্স।

هَبَّ ـُ (هَبّ) : নড়িয়া উঠা, চলিতে আরম্ভ করা, জাগ্রত হওয়া; প্রবৃত্ত হওয়া।

~ إِلَى، لِ : নিকটবর্তী হওয়া; প্রবৃত্ত হওয়া; করিতে আরম্ভ করা; ঝাঁপাইয়া পড়া।

~ عَلَى : বিদ্রোহ করা, বিদ্রোহী হওয়া।

~ مِنْ : (নিদ্রা হইতে) জাগ্রত হওয়া, সজাগ হওয়া; আগমন করা।

~ : (هَبّ، هُبُوب، هَبِيب) (বাতাস) বহা; দমকা প্রবাহিত হওয়া; (ঝড়) প্রচণ্ড হওয়া; (আগুন) চতুর্দিকে ছড়াইয়া পড়া; (তারকা, প্রভাত) উদিত হওয়া।

هَبَّ يَفْعَلُ : করিতে আরম্ভ করা।

~ لِلْحَرْب : যুদ্ধে লিপ্ত হওয়া, অস্ত্র ধারণ করা।

~ لِلْمُقَاوَمَة : প্রতিরোধ গড়িয়া তোলা।

~ فِي الحَرْب : যুদ্ধে পরাজিত হওয়া।

~ فِيهِ الكَلْب : কুকুর তাহাকে আক্রমণ করিল।

كُلُّ مَنْ هَبَّ وَدَبَّ : ভালোমন্দ সকলেই।

هَبَّ : (هَبّ، هُبُوب) (তরবারি) কম্পিত হওয়া।

~ : (هَبّ، هُبُوب، هَبِيب، هِبَاب) কর্মচঞ্চল হওয়া, তৎপর হওয়া, ক্ষিপ্রগতি হওয়া।



www.pathagar.com

هَبَّ : هَبَّ، هَبَّة) কর্তন করা।

~ : ـَ ~ (هَبَاب) ~ عَنْ অনুপস্থিত থাকা, দূরে অবস্থান করা।

هَبَّبَ : (تَهْبِيْب) ছিন্ন করা, বিদীর্ণ করা, টুকরা টুকরা করা; ঝুল দ্বারা কালো করা।

أَهَبَّ : (إِهْبَاب) জাগ্রত করা, সজাগ করা; (তরবারি) চালনা করা; (বায়ু) প্রবাহিত করা।

تَهَبَّبَ : জীর্ণ হওয়া, ছিঁড়িয়া যাওয়া, বিদীর্ণ হওয়া, টুকরা টুকরা হওয়া।

إِهْتَبَّ : (إِهْتِبَاب) কর্তন করা, বিদীর্ণ করা।

إِسْتَهَبَّ : (إِسْتِهْبَاب) (বায়ু) প্রবাহিত করা; প্রবাহ চাওয়া।

هَبْ : মনে করুন।

هِبَة : দান (وهب)

هَبَّة : বাতাসের ঝাপটা, দমকা বাতাস; সময়, বার।

هِبَّة : অবস্থা।

~ : বস্ত্রখণ্ড। ব هِبَب

هَبَاب : সূক্ষ্ম ধূলিকণা, অণু।

هِبَاب : ঝুল, ভুসা।

هَبِيب، هَبُوب : প্রবল বায়ু, ধূলি-ঝড়।

هُبُوب : বায়ু-প্রবাহ।

مَهَبّ : বাতাস বহিবার স্থান; বায়ু-প্রবাহের দিক। ব مَهَابّ

هَبَتَ : ـِ (هَبْت) ফেলিয়া দেওয়া, ভূমিসাৎ করা; প্রহার করা; হেয় করা।

هُبِتَ : ভীরু হওয়া; মূর্খ হওয়া; অশান্ত হওয়া।

هَبْتَة : দুর্বলতা; ভীরুতা।

مَهْبُوت، هَبِيت : ভীরু; মূর্খ, নির্বোধ, হাবা, দিকভ্রান্ত।

هَبَثَ : ـُ (هَبْث) (সম্পদ) অপচয় করা।

هَبَجَ : ـَ (هَبْج) আঘাত করা।

هَبَّجَ : (تَهْبِيج) ফুলানো; (কুকুর মারার মত) মারা; নখে আঁচড়ানো।

تَهَبَّجَ : (শরীর) ফুলিয়া যাওয়া; নিজেকে নখ দ্বারা আঁচড়াইয়া রক্ত বাহির করা।

هَبَج : উষ্ট্রীর স্তনের টিউমার।

هَبِيج : ডোরা-কাটা (হরিণ)।

هَوْبَجَة : পানির নর্দমা; নিচু ভূমি; উপত্যকার প্রান্ত, ঝরনার মুখের ডোবা। ব هَوَابِج

مُهَبَّج : খিটখিটে; আঁচড়ানো হইয়াছে এমন।

~ , مُتَهَبِّج : স্ফীত বস্তু।

مِهْبَاج : কফি চূর্ণ করিবার যন্ত্র। ব مَهَابِيج

هَبَدَ : ـِ (هَبْد) ধপাস করিয়া ফেলিয়া দেওয়া; আঘাত করা; হানযালের বিচি খাইতে দেওয়া, হানযাল কুড়ানো।

~, تَهَبَّدَ، إِهْتَبَدَ : (إِهْتِبَاد) হানযালের বিচি সংগ্রহ ও রান্না করা।

هَبِيد، هَبْد : হানযাল ও তাহার বিচি।

هَبْدَة : (ভারী জিনিস পড়িবার) ধপ ধপাস ইত্যাদি শব্দ; পতন।

هَبَذَ : ـِ (هَبْذ)، هَابَذَ، (مُهَابَذَة) أَهْبَذَ، (إِهْبَاذ)، إِهْتَبَذَ (إِهْتِبَاذ) ক্ষিপ্র হওয়া, কর্মচঞ্চল হওয়া।

هَابِذَة : দ্রুত চলমান (উষ্ট্রী)। ব هَوَابِذ

هَبَرَ : ـُ (هَبْر) (গোশত) বড় বড় ফালি বা টুকরা করিয়া কাটা।

هَبِرَ : ـَ (هَبَر) (উট) মাংসল হওয়া।

أَهْبَرَ : (إِهْبَار) সবল ও স্বাস্থ্যবান হওয়া।

إِهْتَبَرَ : (إِهْتِبَار) পাতলা হওয়া, ছিপছিপে হওয়া; কাটিয়া ফেলা।

هَبْر : গোশত, হাড়বিহীন মাংসখণ্ড।

~ : নিচু ভূমি; বালুকা-ভূমি। ব هُبُر، هُبُور

ضَرْب هَبْر : গোশত খসিয়া পড়ে এমন প্রহার।

الهَبْر فِي القِرَاءَة : আল কুরআনের আয়াতের যেখানে ওয়াক্‌ফ করা মাকরূহ, সেখানে ওয়াক্‌ফ করা।

هَبْرَة : মাংসখণ্ড, গোশতের ফালি; কবচরূপে পরিহিত কড়ি।



www.pathagar.com

هَبِر : স্থূলকায় (উট)।

هَبَّار : লোমওয়ালা বানর; ধারালো (তরবারি)।

هَبُور : মাকড়সা।

هَبُّور : ক্ষুদ্র পিপীলিকা; অণু।

هِبْرِيَة : তুলার থাক; পালকের টুকরা।

~, هُبَارِيَة : মাথার খুসকি।

رِيح هُبَارِيَّة : ধূলি-উড়ানো বায়ু।

هَبِير : নিচু ভূমি। ব أَهْبِرَة، هُبُر

هُبَيْرَة : ছোট হায়না।

أَبُو هُبَيْرَة : পুং বেঙ।

~ أُمّ : মাদী বেঙ।

عُمَر بن هُبَيْرَة : উমার ইব্‌ন হুবায়রা ঃ মুসলিম নৌ সেনাপতি, কনস্টানটিনোপল অবরোধ করেন। ৭২১ খ্রিস্টাব্দে আরমেনিয়ায় বাইজান্টাইনদের পরাজিত করেন।

يَزِيد بن هُبَيْرَة : ইয়াযীদ ইব্‌ন হুবায়রা (৭০৫-৭৫০ খ্রি.) উমাইয়া সেনাপতি। ইরাকে খারিজী বিদ্রোহ দমন করেন। আব্বাসীদের অভ্যুত্থানকালে ওয়াসিত দুর্গে আশ্রয় গ্রহণ করেন। পরে আত্মসমর্পণ করিলে তাহাকে হত্যা করা হয়।

هَوْبَرَ : (هَوْبَرَة) বিবাহ অনুষ্ঠানে গান গাওয়া।

هَوْبَرَة : ঘন লোমযুক্ত বানর; তীক্ষ্ণদৃষ্টি সম্পন্ন বন্যজন্তুবিশেষ, একজাতীয় পদ্মফুল।

أَهْبَر : মাংসল ব্যক্তি বা উট। স্ত্রী هَبْرَاء। ব هُبْر

هَبْرَجَ : (هَبْرَجَة) হাঁটিবার সময় ঝাঁকুনি দিয়া উঠা; (কাপড়ে) নকশা কাটা।

هَبْرَج : (هَبْرَجَة) দ্রুত চলন; কম্পিত চলন-ভঙ্গি; নকশাকৃত বস্ত্র।

هِبْرِزِيّ : পারসিক অশ্বারোহী; সুন্দর, সুশ্রী; নূতন স্বর্ণমুদ্রা।

هَبْرَقِيّ : স্বর্ণকার, কর্মকার; বন্য ষাঁড়।

هُبَارِك، هَبْرَك : বর্ধিষ্ণু শিশু।

هَبْرَمَ : (هَبْرَمَة) অধিক কথা বলা; অধিক ভোজন করা।

هَبَزَ : ـِ (هَبَزَان، هُبُوز) হঠাৎ মরিয়া যাওয়া।

هَبَشَ - هَبِشَ، - هَبُشَ : ـَ (هَبْش) هَبَّشَ (تَهْبِيش) জমা করা, একত্র করা।

~ بِ : আঁকড়াইয়া ধরা, দৃঢ়রূপে ধারণ করা।

~ لِ : উপার্জন করা।

اِهْتَبَشَ، تَهَبَّشَ : (اِهْتِبَاش) জমা হওয়া, একত্রিত হওয়া।

~ لِ : উপার্জন করা।

هُبَاشَة : জনতা।

هُبَاشَات : উপার্জিত সম্পদ; উপার্জন।

هَابُوش : ডাঁশবিশেষ।

هَبِصَ : ـَ (هَبَص)، هَبَصَ - (هَبْص) তৎপর হওয়া, চঞ্চল হওয়া, প্রাণবন্ত হওয়া।

~ عَلَى : আগ্রহী হওয়া।

اِهْتَبَصَ : (اِهْتِبَاص) ~ فِي দ্রুত সম্পাদন করা।

هَبْصَة : টাকার থলে; প্রচুর সম্পদ।

هَبَطَ : ـُ (هُبُوط) নিচে নামা, অবতরণ করা; (দর) কমিয়া যাওয়া, হ্রাস পাওয়া; ডুবিয়া যাওয়া; পড়িয়া যাওয়া; ভাঙ্গিয়া পড়া; (বাতাস) বন্ধ হওয়া, থামিয়া যাওয়া; (আগুন) নিভিয়া যাওয়া; (শরীর) কৃশ হওয়া, শুকাইয়া যাওয়া; গমন করা, আগমন করা; সঙ্কুচিত হওয়া।

أَهْبَطَ، هَبَّطَ : (إِهْبَاط، تَهْبِيط) নিচে নামানো, অবতরণ করানো; (দর) কমানো, হ্রাস করা; (শরীর) কৃশ হওয়া; প্রহার করা।

اِنْهَبَطَ : (اِنْهِبَاط)ভাঙ্গিয়া পড়া।

هَبْط : হ্রাসকরণ, নিম্নায়ন, অবতারণ; হ্রাস, ঘাটতি; কমতি।

هَبْطَة :হ্রাস, ঘাটতি, কমতি; নিপাতন; নিচু ভূমি, ডোবা, গর্ত।

هُبُوط : অবতরণ; হ্রাস; পতন; অধঃপতন, অবনতি, ঘাটতি; নিম্নগামিতা; ক্ষীণতা; মন্দাভাব।

هَبُوط : ক্রমনিম্ন, ঢালু (স্থান); ঢালু জায়গা।

هُبُوط الأَسْعَار : আকস্মিক মূল্যহ্রাস।



www.pathagar.com

مَهْبُوط، هَبِيط : কৃশ, জীর্ণ।

هَابِط : অবতরণকারী; নিম্নগামী, পতনশীল; হ্রাসপ্রাপ্ত।

أُهْبُوطَة : বিমানছত্র , প্যারাসুট, Parachute. ব أَهَابِيط

أَهَابِيط : ছত্রীসেনা।

مَهْبَط : অবতরণস্থল; জন্মস্থান। ব مَهَابِط

مَهْبَط الطَّائِرَات : বিমানক্ষেত্র; রানওয়ে।

مَهْبِط : অবতরণস্থল; বিমানক্ষেত্র; রানওয়ে; পতন; জন্মস্থান; ঢালু জায়গা, ঋণাত্মক তড়িৎ-দণ্ড, Cathode. ব مَهَابِط

مُهْبِط الحَرَارَة : তাপ হ্রাসকারক বস্তু; রেফ্রিজারেটর।

مِهْبَطَة : বিমানছত্র, প্যারাস্যুট, Parachute.

هَبَغَ - َ (هُبُوغ، هَبْغ) : নিদ্রা যাওয়া, দিবাঘুম পাড়া।

هُبَاقِع، هَبْقَع : দৃঢ়কায়।

هَبْكَة : নির্বোধ; নরম মাটি।

هَبِلَ - َ : (هَبَل) (মা) সন্তানহারা হওয়া।

هَبَّلَ : (تَهْبِيل) "তোমার মা সন্তানহারা হউক" বলিয়া অভিশাপ দেওয়া; উপার্জন করা; বোকা বানানো; সম্মোহিত করা; বাষ্পে রান্না করা, বাষ্পস্নান করানো; সেঁক দেওয়া, ধ্বংস করা, শরীর মাংসল হওয়া।

أَهْبَلَ : (إِهْبَال) ধ্বংস করা; সন্তানহারা করা; বোকা বানানো, সম্মোহিত করা, শরীর মাংসল বানানো।

تَهَبَّلَ : বাষ্পস্নান করা, সেঁক লওয়া; উপার্জন করা।

إِهْتَبَلَ : (إِهْتِبَال) (সুযোগ) কাজে লাগানো; ষড়যন্ত্র করা, চক্রান্ত করা; (শিকার) ধরা; উপার্জন করা।

إِهْتَبِلْ هَبَلَكَ : তোমার নিজের চরকায় তৈল দাও, নিজের কাজে মন দাও।

هَبَل : অবস্থা; বিষয়; নির্বুদ্ধিতা।

هَبَلَة : বাষ্প।

هَبِل : শিকারের জন্য ওৎ পাতিয়া আছে এমন (নেকড়ে)।

~, هَبِل، أَهْبَل، مَهْبُول : হাবলা, বোকা, নির্বোধ।

هُبَل : পৌত্তলিক আরবদের একটি দেবমূর্তির নাম।

هِبَلّ : দীর্ঘকায় লোক।

هَبُول، هَابِل : সন্তানহারা (মা)।

تَهْبِيل : বাষ্পস্নান, সেঁক।

مَهْبِل : যোনিনালী; জরায়ু নালী। ব مَهَابِل

مَهْبِلِيّ : জরায়ুনালী-সম্বন্ধীয়।

مِهْبَل : হালকা, চঞ্চল, ক্ষিপ্রগতি।

مُهَبَّل : অভিশপ্ত।

هِبَة : দান (وهب)।

هَبْهَبَ : (কুকুর) ঘেউ ঘেউ করা; (বস্তু) ঝিকমিক করা; মিটমিট করা।

تَهَبْهَبَ : নড়িয়া উঠা, আন্দোলিত হওয়া।

هَبْهَاب : মরীচিকা; প্রভাত; হৈচৈপূর্ণ পরিবেশ।

هَبْهَبِي : দ্রুত, চঞ্চল, ক্ষিপ্রগতি।

هَبَا - ُ : (هُبُوّ) (ধূলি, ধোঁয়া) বাতাসে উড়া; দৌড়াইয়া যাওয়া, পলায়ন করা; মরিয়া যাওয়া।

أَهْبَى : (إِهْبَاء) (ধূলি) উড়ানো।

هَبْوَة : ধূলির আবর্ত; ঘূর্ণি-বাতাস। ব هَبَوَات

هَبَاء : সূক্ষ্ম ধূলি; বাতাসে ভাসমান ধূলিকণা; অণু, রেণু। ব أَهْبَاء

هَبَاءَة : ধূলিকণা; অণু, রেণু; অতি সূক্ষ্ম বস্তু।

هَاب : বাতাসে ভাসমান (ধূলি)। ব هُبِّي

هَتَّ - ُ : (هَتّ) (বস্ত্র) ছিন্ন করা; (বস্তু) চূর্ণ করা; খণ্ড খণ্ড করা; মর্যাদা হানি করা, অপদস্থ করা; হুমকি দেওয়া; নিন্দা করা, তিরস্কার করা; ঢালিয়া দেওয়া।

هَتَّ الكَلَامَ : অনর্গল কথা বলা।

هَتًّا بَتًّا : খণ্ড খণ্ড করিয়া।

مِهَتّ، هَتَّات : বকবককারী।



www.pathagar.com

هَتَأَ - : (هَتْأٌ) খাওয়া, প্রহার করা।

~ بِ : আঘাত করা।

هَتِئَ - : (هَتَأٌ) বক্র হওয়া, ঝুঁকিয়া পড়া।

تَهَتَّأَ : (বস্ত্র) ছিন্ন হওয়া, জীর্ণ হওয়া।

هَتْأَةٌ، هِتَاءٌ، هَتِيٌّ، هَتْءٌ : মুহূর্ত; অংশ, সামান্য ক্ষণ।

هُتُوءٌ، هَتَاءٌ : ছিন্ন, জীর্ণ।

أَهْتَأُ : বক্র, কুঁজো।

هَتَرَ - : (هَتْرٌ) টুকরা টুকরা করা; (বার্ধক্য) বুদ্ধি লোপ করা, হতবুদ্ধি করা।

~، هَتَّرَ : (تَهْتِيرٌ) অপদস্থ করা, নিন্দা করা।

هَاتَرَ : (مُهَاتَرَةٌ) গালি দেওয়া, নিন্দা করা, অপমান করা।

أَهْتَرَ، أُهْتِرَ : (إِهْتَارٌ) (বার্ধক্যবশত) বুদ্ধি লোপ পাওয়া; শিশুসুলভ হওয়া; প্রলাপ বকা; বিকারগ্রস্ত হওয়া।

تَهَاتَرَ : পরস্পর গালাগালি করা; পরস্পরবিরোধী হওয়া, অভিযোগ পাল্টা-অভিযোগ করা; বিতর্কে লিপ্ত হওয়া; বাতিল হওয়া।

إِسْتَهْتَرَ : (إِسْتِهْتَارٌ) অমনোযোগী হওয়া, অসতর্ক হওয়া, হঠকারিতার সহিত কাজ করা, দায়িত্বহীনভাবে কাজ করা; প্রবৃত্তিপরায়ণ হওয়া।

~ بِ ; হালকা করা, তুচ্ছজ্ঞান করা, অবজ্ঞা করা, উপেক্ষা করা; উপহাস করা; তামাশা করা।

أُسْتُهْتِرَ : ~ بِ অনুরক্ত হওয়া, আসক্ত হওয়া।

هِتْرٌ : মিথ্যা, অসত্য; ভুল; দুর্ভাগ্য; নিরর্থক কথা, অর্থহীন বাক্য; শিশুসুলভ কথা। ব أَهْتَارٌ

هِتْرٌ مِنَ اللَّيْلِ : রাত্রির প্রথমাংশ।

هُتْرٌ : বার্ধক্যবশত বুদ্ধিনাশ, বার্ধক্যজনিত দুর্বলতা; ভীমরতি; অত্যধিক অনুরাগ।

إِسْتِهْتَارٌ : অমনোযোগিতা, হঠকারিতা; দায়িত্বহীনতা; প্রবৃত্তিপরায়ণতা; ঘৃণা, অবজ্ঞা, উপহাস।

تَهْتَارٌ، تَهَتُّرٌ : নির্বুদ্ধিতা, বোকামি, বুদ্ধিনাশ।

تَهَاتُرٌ : পরস্পরবিরোধিতা, পরস্পরবিরোধী প্রমাণ; গালাগালি, বিবাদ; অভিযোগ পাল্টা-অভিযোগ; (দলীল-প্রমাণ) খণ্ডন, রদ।

مُهْتَرٌ : বার্ধক্যের কারণে বুদ্ধি লোপ পাইয়াছে এমন; বার্ধক্যজনিত দুর্বলতাগ্রস্ত; বিকারগ্রস্ত।

مُهَاتَرَةٌ : পারস্পরিক গালি, নিন্দা, তিরস্কার।

مُسْتَهْتِرٌ : অমনোযোগী, হঠকারী, দায়িত্বহীন; প্রবৃত্তিপরায়ণ।

مُسْتَهْتَرٌ : অত্যধিক আসক্ত, অনুরক্ত; ডাহা মিথ্যাবাদী।

هَاتُور : কিবতী ক্যালেন্ডারের তৃতীয় মাস; নভেম্বর।

هَتَعَ - : (هَتْعٌ) ~ إِلَى দ্রুত ছুটিয়া যাওয়া।

هَتَفَ - : (هَتْفٌ) (কবুতর) বাকবাকুম ডাকা, দীর্ঘ স্বরে আওয়াজ করা।

~ : (هُتَافٌ) চিৎকার করা, হর্ষ-ধ্বনি করা, উল্লাস করা, সৌন্দর্য চর্চা করা।

~ بِ : ডাক দেওয়া; উচ্চ প্রশংসা করা।

تَهَاتَفَ : একে অন্যকে উৎসাহিত করা।

هَتْفَةٌ : চিৎকার, ডাক।

هُتَافٌ : চিৎকার; ডাক; নিনাদ; হর্ষ-ধ্বনি; উল্লাস; স্লোগান, Slogan; যুদ্ধ-নিনাদ। ব هُتَافَاتٌ

هَتَّافَةٌ، هَتُوفٌ : টঙ্কার-ধ্বনি করে এমন (ধনুক); গর্জনকারী (মেঘ)।

هَاتِفٌ : চিৎকারকারী; নেপথ্য ঘোষক, অদৃশ্য আওয়াজদাতা; নেপথ্য ধ্বনি, গায়েবী আওয়াজ।

~ : টেলিফোন, Teliphone. ব هَوَاتِفُ

هَاتِفِيٌّ : টেলিফোন-সম্বন্ধীয়, টেলিফোন-বিষয়ক; টেলিফোনে প্রাপ্ত বা প্রদত্ত, অদৃশ্য, গায়েবী।

هَتَكَ - : (هَتْكٌ) ছিন্ন করা, বিদীর্ণ করা; উন্মোচিত করা; প্রকাশ করা; (সম্মান) নষ্ট করা; লাঞ্ছিত করা; ধর্ষণ করা; লঙ্ঘন করা।

هَتَكَ سِتْرَهُ : সে দোষত্রুটি ফাঁস করিয়া দিল, গোপন কথা ফাঁস করিল; লাঞ্ছিত করিল, অসম্মান করিল; লজ্জিত করিল।



www.pathagar.com

هَتَكَ عِرْضَهُ : সম্মান নষ্ট করিল, অসম্মান করিল।

~ عِرْضَهَا : ধর্ষণ করিল।

هَتَّكَ : (تَهْتِيك) ছিঁড়িয়া টুকরা টুকরা করা।

أَهْتَكَ : (إِهْتَاك) ছিঁড়িয়া টুকরা টুকরা করা।

تَهَتَّكَ : ছিঁড়িয়া টুকরা টুকরা হওয়া; বেইজ্জত হওয়া, অপদস্থ হওয়া, লাঞ্ছিত হওয়া; ফাঁস হওয়া, উন্মোচিত হওয়া, প্রকাশ পাওয়া; নির্লজ্জ হওয়া, ধৃষ্টতাপূর্ণ হওয়া; লজ্জাকর হওয়া।

تَهَتَّكَ فِى الْبَطَالَةِ : অলসভাবে পড়িয়া থাকা।

إِنْهَتَكَ : (إِنْهِتَاك) ছিঁড়িয়া যাওয়া, ছিন্ন হওয়া, বিদীর্ণ হওয়া, লাঞ্ছিত হওয়া, অপদস্থ হওয়া।

هَتْك : ছিন্নকরণ, বিদীর্ণকরণ, নষ্টকরণ; লঙ্ঘন; প্রকাশকরণ, ফাঁসকরণ; উন্মোচন; অসম্মান, অমর্যাদা; লাঞ্ছনা; বেইজ্জতি, ধর্ষণ।

هُتْك : মধ্যরাত্রি।

هَتِيكَة، هُتْكَة : অসম্মান, লজ্জা, সম্মানহানি, লাঞ্ছনা; দুর্নাম।

تَهَتُّك : দ্বিখণ্ডন, বিদীর্ণতা; নির্লজ্জতা, ধৃষ্টতা।

مُسْتَهْتِك، مُنْهَتِك، مُتَهَتِّك : নির্লজ্জ; ধৃষ্টতাপূর্ণ।

هَتَلَ : - (هَتَلَان، هُتُول، هَتْل) অবিরাম বৃষ্টি বর্ষণ করা।

هَاتِل : অবিরাম বৃষ্টি বর্ষণকারী (মেঘ)। ব هُتَّل স্ত্রী هَاتِلَة ব هَوَاتِل

هَتَلَان : অবিরাম বৃষ্টি।

هَتَمَ : - (هَتْم)، أَهْتَمَ (إِهْتَام) সামনের দাঁত ভাঙ্গিয়া ফেলা; মুখে আঘাত করা।

هَتِمَ : - (هَتَم) সামনের দাঁত পড়িয়া যাওয়া; দন্তহীন হওয়া।

هَتَّمَ : (تَهْتِيم) নির্দয়ভাবে প্রহার করা।

تَهَتَّمَ : (দাঁত) ভগ্ন হওয়া।

هُتَامَة : ভগ্ন খণ্ড।

أَهْتَم : যাহার সামনের দাঁত পড়িয়া গিয়াছে; দন্তশূন্য ব্যক্তি। স্ত্রী هَتْمَاء ব هُتْم

تُرْس أَهْتَم : খাঁজক্ষয়িত ঢাকা।

هَتْمَلَ : (هَتْمَلَة) অস্পষ্টভাবে কথা বলা।

هَتَنَ : - (هُتُون، هَتْن) : تَهَاتَنَ অবিরাম বৃষ্টি বর্ষণ করা, অবিরামভাবে বর্ষিত হওয়া।

هَاتِن، هَتُون : বারিপূর্ণ (মেঘ)। ব هُتَّن، هُتُن

~, ~, هَتَّان : প্রচুর; বেগবান।

هَتَا : - (هَتْو) পদদলিত করা।

هَاتَى : (مُهَاتَاة) প্রদান করা।

هَات : দাও, আন, উপস্থাপন কর।

هَثَّ : - (هَثّ) মিথ্যা বলা; মিশ্রিত করা।

هَثَّات : মিথ্যুক।

هَثَمَ - (هَثْم) : চূর্ণ করা; বিরাট অংশ প্রদান করা।

هَيْثَم : ঈগল; শকুনি; লাল বালির টিলা; সমতল পাহাড়।

هَثْمَلَة : সঙ্কটাবস্থা।

هَثْهَثَ : বিশৃঙ্খল হওয়া; পদদলিত করা; নির্যাতন করা।

~ ب : প্রবল বেগে বর্ষণ করা।

هِثْهَاث، هَثْهَثَة : অস্পষ্ট শব্দ, শোরগোল।

هَثْهَات : দ্রুত, ত্বরিত; এলোমেলো বিষয়; নিন্দুক; ধূলিময় স্থান।

هَجَّ : - (هَجِيج) (আগুন) জ্বলিয়া উঠা; (চক্ষু) কোটরগত হওয়া।

~ : (هَجِيج، هَجّ) ভাঙ্গিয়া ফেলা, পলায়ন করা।

هَجَّجَ : (تَهْجِيج) (আগুন) জ্বালানো, বাস্তুত্যাগে বাধ্য করা।

إِهْتَجَّ : (إِهْتِجَاج) ~ فِى বিলম্বিত করা।

إِسْتَهَجَّ : (إِسْتِهْجَاج) স্বেচ্ছাচারী হওয়া, একগুঁয়ে হওয়া।

هَجّ : জোয়াল।

هَجَّة : স্বদেশত্যাগ, বাস্তুত্যাগ।

هَاجَّة : কোটরগত (চক্ষু)।



www.pathagar.com

هَجَاج : দ্রুত চলন।

هَجَاجَة : যত্রতত্র ছড়ানো ধূলি; নির্বোধ লোক।

هَجَاجَيْكَ : বিরত হও, থামো, রাখো!

إِهْجِيج، هَجِيج : গভীর উপত্যকা।

~ : দীর্ঘ ও সমতল উপকূল। ব هُجَّان

هَجَا : ـَ (هُجُوء،هَجَا) (ক্ষুধা) নিবৃত্ত হওয়া; ভক্ষণ করা; (পেট) ভরা।

هَجِيَ : ـَ (هَجًا) ক্ষুধাকাতর হওয়া।

أَهْجَا (إِهْجَاء) : (ক্ষুধা) নিবারণ করা, তৃপ্ত করা; খাইতে দেওয়া; (পাওনা) পরিশোধ করা।

تَهَجَّا : বানান করা (هجو)

هَجَبَ : ـِ (هَجْب) (পশু) তাড়াইয়া নেওয়া।

هَجَدَ : ـُ (هُجُود)، تَهَجَّدَ নিদ্রা যাওয়া; নামাযের জন্য সজাগ থাকা; রাত্রি জাগরণ করা; রাত্রিকালে ইবাদত করা, তাহাজ্জুদ নামায পড়া।

هَجَّدَ : (تَهْجِيد) নিদ্রা করা; নিদ্রিত করা।

أَهْجَدَ : (إِهْجَاد) নিদ্রা যাওয়া, (উট) ঘাড় মাটিতে রাখা; নিদ্রিত করা; নিদ্রিত পাওয়া।

هَاجِد : নিদ্রারত, নিদ্রিত।

~، هَجُود : (ব هُجَّد، هُجُود) مُتَهَجِّد রাত্রি জাগরণকারী; তাহাজ্জুদ আদায়কারী।

تَهَجُّد : রাত্রি জাগরণ; তাহাজ্জুদ নামায।

هَجَرَ : ـُ (هَجْر، هِجْرَان) হিজরত করা, ত্যাগ করা, ছাড়িয়া দেওয়া, বর্জন করা, বিরত হওয়া; সম্পর্ক ছিন্ন করা, সঙ্গ ত্যাগ করা; রাখিয়া যাওয়া; খালি করিয়া দেওয়া।

هَجَّرَ : (تَهْجِير) হিজরত করানো; (দিন) প্রচণ্ড গরম হওয়া; দ্বিপ্রহরে ভ্রমণ করা।

هَاجَرَ : (مُهَاجَرَة) হিজরত করা, অন্যত্র চলিয়া যাওয়া, দেশত্যাগ করা।

أَهْجَرَ : (إِهْجَار) ছাড়িয়া দেওয়া, ত্যাগ করা; নিরর্থক কথা বলা।

~ ب : অশোভন উক্তি করা; বিদ্রূপ করা।

تَهَجَّرَ : শরণার্থীর ভান করা।

تَهَاجَرَ : পরস্পর সম্পর্ক ছিন্ন করা, একে অপরকে বর্জন করা।

هَجْر : ত্যাগ, বর্জন, বিচ্ছেদ; দিনের উষ্ণতম সময়, মধ্যাহ্ন, দ্বিপ্রহর; মধ্যাহ্নের তাপ।

مَهْجُور، هَجْرَاء، هُجْر : অশ্লীল ভাষা, অশ্লীলতা।

هُجْرَة، هِجْرَة : হিজরত; ত্যাগ; দেশত্যাগ; বাস্তুত্যাগ; বহির্গমন, প্রস্থান।

الهِجْرَة : মহানবী (স)-এর মক্কা হইতে মদীনায় হিজরত (৬২২ খ্রি.)।

الهِجْرَة الأُولَى : প্রথম হিজরত : মক্কা হইতে সত্তরোর্ধসংখ্যক সাহাবীর আবিসিনিয়ায় (বর্তমান ইরিত্রিয়ায়) হিজরত।

دَار الهِجْرَة : মদীনা মুনাওয়ারা।

هِجْرِيّ : হিজরত-সম্বন্ধীয়, হিজরী।

السَّنَة الهِجْرِيَّة : হিজরী সন ঃ মহানবী (স)-এর মদীনায় হিজরতের সময় হইতে এই ইসলামী সন গণনা করা হয়। খ্রিস্টীয় ৬২২ সনের ১৫ অথবা ১৬ই জুলাই হইতে ইহার সূচনা।

هَاجَر : হযরত ইবরাহীম (আ)-এর সহধর্মিণী ও হযরত ইসমাঈল (আ)-এর মাতা বিবি হাজিরা (আ)।

هَجِر، هَاجِر : চমৎকার।

هَاجِرَة : দ্বিপ্রহর, মধ্যাহ্ন, মধ্যাহ্নের তাপ। ব هَوَاجِر

~ : অশ্লীল ভাষা, অশ্লীলতা; নিরর্থক কথা। ব هَوَاجِر، هَاجِرَات

هَاجِرِيّ : দ্বিপ্রাহরিক; হিজরতের নাগরিক; চমৎকার; বিশিষ্ট; শ্রেষ্ঠ।

هِجَار : ধনুকের ছিলা; উটের পা বাঁধিবার দড়ি।

هَجُورِيّ : দুপুরের খাবার।

هَجِير : মধ্যাহ্নের তাপ।

~ : বড় পেয়ালা। ব هُجُر

هَجِيرَة : মধ্যাহ্নের তাপ; মধ্যাহ্ন, দ্বিপ্রহর।

هِجِّيرَة، هِجِّير : প্রথা, রীতি; অভ্যাস; কথা, ভাষা।



www.pathagar.com

أَهْجَر : শ্রেষ্ঠতর, মহত্তর; দীর্ঘতর; ঘনতর।

مَهْجَر : হিজরতের স্থান, আশ্রয়স্থল, শরণভূমি, কলোনী; হিজরত, আশ্রয়। ব مَهَاجِر

مُهْجِر : সুন্দর, চমৎকার, শ্রেষ্ঠ, উঁচু।

مَهْجُور : পরিত্যক্ত, বর্জিত, অপ্রচলিত।

مُهَاجِر : মুহাজির, শরণার্থী।

اَلْمُهَاجِرُون : রাসূলুল্লাহ (স)-এর সহিত মক্কা হইতে মদীনায় হিজরতকারীগণ, মুহাজিরগণ।

مُهَاجَرَة : হিজরত, দেশত্যাগ।

هِجْرِس : শৃগাল; বানর; ভল্লুক। ব هَجَارِس

هَجْرَع : নির্বোধ, উন্মাদ।

هَاجَزَ : (مُهَاجَزَة) কানে কানে ফিসফিস করা।

هَجْز : ফিসফিসানি।

هَجَسَ : ـُ (هَجْس) বিরত করা।

~ : بِ، فِي : সহসা (মনে) উদিত হওয়া, উদ্রেক হওয়া।

هَجَسَ فِي نَفْسِه : মনে মনে বলা।

هَجَّسَ : (تَهْجِيس) অনর্থক কথা বলা, বকবক করা।

إِنْهَجَسَ : (إِنْهِجَاس) ~ عَنْ বিরত হওয়া।

هَجْس : ধারণা, চিন্তা; অনর্থক কথা, বকবকানি; অস্পষ্ট কথা, ফিসফিসানি।

هَجْسَة : (ব هَجَسَات (ব هَاجِس (هَوَاجِس ধারণা; চিন্তা; ভাব, ভাবনা।

هَجَّاس : বাগাড়ম্বরকারী; সিংহ।

مُتَهَجِّس : খামীরবিহীন (রুটি)।

هَجَشَ : ـُ (هَجْش) (পশু) ধীরে ধীরে তাড়াইয়া নেওয়া।

~ : إِلَى : চিহ্নিত করা, নির্দিষ্ট করা।

هَجْشَة : জাগরণ, উত্থান।

هَاجِشَة : জনতা। ব هَوَاجِش

هَجَعَ : ـَ (هُجُوع) শান্তভাবে ঘুমানো, নিদ্রামগ্ন হওয়া; শান্ত হওয়া; নীরব হওয়া; থামিয়া যাওয়া, স্তিমিত হওয়া।

هَجَعَ : (تَهْجَاع، هُجُوع) রাত্রিকালে নিদ্রা যাওয়া; (তারকা) অস্ত যাওয়া।

~ : (هُجُوع، هَجْع) (ক্ষুধা) নিবৃত্ত করা।

هَجَّعَ : (تَهْجِيع) ঘুমাইতে দেওয়া, ঘুম পাড়ানো।

أَهْجَعَ : (إِهْجَاع) শান্ত করা; (ক্ষুধা) নিবৃত্ত করা।

مِهْجَع، هُجَع، هَجِع، هِجْع : নির্বোধ; অমনোযোগী।

هَجْعَة : নিদ্রা, রাত্রির প্রথম প্রহরের হালকা নিদ্রা; (রাত্রির) অংশ বা প্রহর।

هِجْعَة : নিদ্রার ধরন।

هَاجِع : নিদ্রিত, ঘুমন্ত। ব هُجُوع، هُجَّع স্ত্রী هَوَاجِع، هُجَع ব هَاجِعَة

هُجُوع : রাত্রিকালীন নিদ্রা; নীরবতা; (রোগ বা উদ্বেগ) প্রশমন, উপশম।

هَجِيع : (রাত্রির) অংশ বা প্রহর।

مَهْجَع : শয্যা; শয়নগৃহ, বাসগৃহ; আবাসিক স্থান; কোয়ার্টার, ব্যারাক। ব مَهَاجِع

هَجِفَ : ـَ (هَجَف) পেট থলথলে হওয়া; বিশৃঙ্খল হওয়া।

إِنْهَجَفَ : (إِنْهِجَاف) পেট থলথলে হওয়া; ক্ষুধার্ত হওয়া।

هِجَفّ : বৃদ্ধ (উটপাখি); মন্থর, অলস; থলথলে পেটবিশিষ্ট, স্থূলোদর, বিরাটকায়।

هَجَلَ : ـُ (هَجْل) কটাক্ষ করা, চোখ টেপা, ইশারা করা।

هَجَّلَ : (تَهْجِيل) গালি দেওয়া, কটূক্তি করা; (সম্মান) নষ্ট করা।

هَاجَلَ : (هِجَال) প্রতিযোগিতা করা।

أَهْجَلَ : (إِهْجَال) (পশু) ছাড়িয়া দেওয়া; বড় করা; (সম্পদ) হারানো।

إِهْتَجَلَ : (إِهْتِجَال) আবিষ্কার করা, খুঁজিয়া বাহির করা।

هَجْل : দুই পর্বতের মধ্যবর্তী নিচু সমতল ভূমি, উপত্যকা। ব أَهْجَال، هِجَال، هُجُول



www.pathagar.com

هَجْلَة : নিচু সমতল ভূমি। ব هُجُـل، هَجَلَات

هَجُول : নির্লজ্জ স্ত্রীলোক। ব هَجَائِل

هَوْجَل : মন্থর; বোকা; পথহীন মরুভূমি; দক্ষ পর্বতারোহী; দীর্ঘ রজনী। ব هَوَاجِل

هَجَمَ : (هُجُوم) عَلَى، هَاجَمَ (مُهَاجَمَة) ~ عَلَى আক্রমণ করা, অভিযান চালানো, ঝাঁপাইয়া পড়া; হঠাৎ আক্রমণ করিয়া দখল করা; আগ্রাসন চালানো; আক্রমণে প্ররোচিত করা; (শীত) হঠাৎ আসিয়া পড়া; অকস্মাৎ প্রবেশ করা, বিনা অনুমতিতে প্রবেশ করা; অনুপ্রবেশ করা; তাড়াইয়া দেওয়া, নীরব থাকা, শান্ত থাকা; ভাঙ্গিয়া ফেলা; ভাঙ্গিয়া পড়া।

~ : (هُجُوم، هَجْم) (চক্ষু) কোটরগত হওয়া; (দুগ্ধ) নিংড়াইয়া দোহন করা।

هَجَّمَ : (تَهْجِيم) আক্রমণ করানো; আক্রমণের নির্দেশ দেওয়া।

أَهْجَمَ : (إِهْجَام) আক্রমণ করানো; (উটকে) বিশ্রাম দেওয়া; (দুগ্ধ) নিংড়াইয়া দোহন করা।

~ : ~ عَنْ দূর করা, তাড়াইয়া দেওয়া।

تَهَجَّمَ : ~ بِ সাহস করা, ঝুঁকি লওয়া।

~ : ~ عَلَى ঝাঁপাইয়া পড়া।

تَهَاجَمَ : একে অপরকে আক্রমণ করা, একে অন্যের বিরুদ্ধে ঝাঁপাইয়া পড়া, পরস্পর সংঘর্ষে লিপ্ত হওয়া।

إِنْهَجَمَ : (إِنْهِجَام) (ঘর) ভাঙ্গিয়া পড়া; রুগ্ণ হওয়া, জরাগ্রস্ত হওয়া; (অশ্রু) ঝরিয়া পড়া; (চক্ষু) অশ্রু ঝরানো।

هَجْم : ঘাম।

~ : বৃহৎ পানপাত্র। ব أَهْجَام

هَجْمَة : আক্রমণ, আকস্মিক আক্রমণ, অতর্কিত হামলা; (শীতের) প্রকোপ; চল্লিশ হইতে একশত পর্যন্ত সংখ্যার উষ্ট্রপাল। ব هَجَمَات

هَجْمَة مُعَاكِسَة : পাল্টা আক্রমণ।

هَجْمِيّ : আক্রমণাত্মক; প্রচণ্ড, তীব্র।

هَجَّاء : দুঃসাহসী, সিংহ।

هَجُوم : প্রচণ্ড বাতাস; ঘর্মোদ্দীপক।

هُجُوم : আক্রমণ, আকস্মিক আক্রমণ; প্রকোপ; (ফুটবল ইত্যাদি খেলার) আক্রমণ ভাগ।

هُجُوم جَانِبِيّ : পার্শ্ব-আক্রমণ।

~ جَوِّيّ : বিমান-আক্রমণ।

هُجُوم مُعَاكِس ~ مُضَادّ : পাল্টা আক্রমণ।

خَطّ الْهُجُوم : আক্রমণ-লাইন, আক্রমণ-ভাগ, ফরোয়ার্ড-লাইন।

~ قَلْب : (ফুটবল ইত্যাদি খেলায়) সেন্টার ফরোয়ার্ড, Centre forward.

هُجُومِيّ : আক্রমণাত্মক, আক্রমণমূলক।

هَجِيمَة : মশকে রক্ষিত দুগ্ধ। ব هَجَائِمُ

مُهَاجَمَة، تَهَجُّم : আক্রমণ।

مُهَاجِم : আক্রমণকারী; আক্রমণাত্মক; (ফুটবল ইত্যাদি খেলায়) আক্রমণ-ভাগের খেলোয়াড়।

هَجَنَ : ـَ (هَجْن) নাবালিকা অবস্থায় বিবাহ হওয়া।

هَجُنَ : ـُ (هُجُونَة، هَجَانَة، هُجْنَة) ত্রুটিপূর্ণ হওয়া, অশুদ্ধ হওয়া; নিম্নজাতের হওয়া; (চকমকি) প্রথম ঘর্ষণে অগ্ন্যুৎপাদনে ব্যর্থ হওয়া।

هَجَّنَ : (تَهْجِين) অপমান করা, অপদস্থ করা, নাজেহাল করা; অবজ্ঞা করা; অপছন্দ করা।

أَهْجَنَ : (إِهْجَان) নাবালিকা বিবাহ করা।

إِسْتَهْجَنَ : (إِسْتِهْجَان) অশুদ্ধ বা ত্রুটিপূর্ণ বিবেচনা করা; খারাপ মনে করা, নিন্দা করা, বর্জন করা।

هِجْنَة : অভিনবত্ব, অদ্ভুত ভাব।

هُجْنَة : দোষ, ত্রুটি; ক্ষতি; নীচতা। ব هُجَن

هَاجِن : প্রথম ঘর্ষণে অগ্ন্যুৎপাদনে ব্যর্থ চকমকি; বয়ঃসন্ধির পূর্বে বিবাহিতা বালিকা।

هَاجِنَة : অকালে ফলন্ত খেজুরগাছ। ব هَوَاجِنُ

هِجَان : ভালোজাতের উট। ব هِجَانٌ، هُجُنٌ، هَجَائِنُ

هِجَانَة : সদ্বংশ।



www.pathagar.com

هَجَّان : উষ্ট্রারোহী, উষ্ট্র-চালক, উটওয়ালা। ব هَجَّانَة

فِرْقَة الهَجَّانَة : উষ্ট্র-বাহিনী।

هَجِين (ب هُجَنَاء، هُجُن ب) مَهَاجِين (هُجْنَان، هُجَنَاء، هُجُن ب) : هَجِين (ব مَهَاجِنَة) নীচ, নিকৃষ্ট; নিকৃষ্ট জাতের, নীচবংশীয়; মিশ্রজাত।

~ : هَجِينَة দ্রুতগামী উট, ভালোজাতের উট বা ঘোড়া। ব هَجَائِن

اِسْتِهْجَان : অপছন্দ, অবজ্ঞা; অননুমোদন।

مَهْجُنَاء، مَهْجُنَى، مَهْجَنَى، مَهْجَنَة : অকর্মণ্য লোক; সাধারণ মানুষ।

مُهَجَّنَة : ভালোজাতের উষ্ট্র দ্বারা গর্ভোৎপাদিত (উষ্ট্রী)।

مُسْتَهْجَن : অননুমোদিত, অপছন্দনীয়, বিতৃষ্ণাজনক।

هَجَا ـُ : (هِجَاء، هَجْو) ব্যঙ্গ করা, বিদ্রূপ করা, নিন্দা করা, কুৎসা করা, অপবাদ দেওয়া।

هَجَا بِالنَّثْر : গদ্যে ব্যঙ্গ করা।

~ بِقَصِيدَة : কবিতায় ব্যঙ্গ করা।

هَجَّى، تَهَجَّى : (تَهْجِيَة) শব্দ বানান করা।

هَجُوَ ـُ : (هَجَاوَة) (দিন) উষ্ণ হওয়া।

هَاجَى : (مُهَاجَاة) বিদ্রূপাত্মক কবিতা রচনা করা, ব্যঙ্গ-কবিতা লেখা; নিন্দা করা, ব্যঙ্গ করা।

أَهْجَى : (إِهْجَاء) বিদ্রূপাত্মক মনে করা।

تَهَاجَى : কবিতায় একে অপরকে বিদ্রূপ বা নিন্দা করা।

هَجْو، هِجَاء : ব্যঙ্গ, বিদ্রূপ, নিন্দা, কুৎসা; ব্যঙ্গ কবিতা।

تَهَجٍّ، تَهْجِئَة، ~ : বানান; বর্ণশুদ্ধি।

الحُرُوف الهِجَائِيَّة، حُرُوف الهِجَاء : বর্ণমালা।

عِلْم حُرُوف الهِجَاء : বানান-তত্ত্ব, বর্ণশুদ্ধি বিদ্যা, Orthography.

هِجَائِيّ : বর্ণমালা-সম্বন্ধীয়; বর্ণশুদ্ধি-সম্বন্ধীয়; বিদ্রূপাত্মক।

هَجْوِيّ : নিন্দাসূচক; বিদ্রূপাত্মক।

هَاجٍ : বানানকারী; নিন্দাকারী, বিদ্রূপকারী, ব্যঙ্গকারী; ব্যঙ্গকবিতা রচয়িতা।

أُهْجِيَّة، أُهْجُوَّة : বিদ্রূপাত্মক কবিতা, ব্যঙ্গ রচনা। ব أَهَاجِيّ

مَهْجُوّ : নিন্দিত, বিদ্রূপ বা উপহাসের পাত্র।

هَدّ ـُ : (هُدُود، هَدّ) ভাঙ্গিয়া ফেলা, চূর্ণ করা, ধ্বংস করা, বিধ্বস্ত করা, নষ্ট করা; দুর্বল করা; নিঃশেষ করা।

~ ـ ـ : (هَدِيد) ধ্বংস হওয়া, বিধ্বস্ত হওয়া, ভাঙ্গিয়া পড়া; ধপাস করিয়া পড়া।

~ ـَ : (هَدّ) দুর্বল হওয়া, বৃদ্ধ হওয়া।

هَدَّدَ، تَهَدَّدَ : (تَهْدِيد) হুমকি দেওয়া; ভীতি প্রদর্শন করা।

تَهَادّ : অনুসরণ করা।

اِنْهَدّ : (اِنْهِدَاد) ভাঙ্গিয়া পড়া, ধ্বংস হওয়া, বিধ্বস্ত হওয়া।

هَدّ : ধ্বংস, বিনাশ, ভাঙন; বিনয়ী লোক, দুর্বল লোক।

~، هَدَّة، هَدَد : মড়মড় শব্দ, কর্কশ শব্দ, ভাঙ্গিয়া পড়িবার শব্দ, হঠাৎ করিয়া পতনের শব্দ, ধপ ধপাস ইত্যাদি শব্দ; সশব্দে পতন।

هِدّ : দুর্বল লোক; কর্কশ শব্দ।

هَدَاد : ধীরতা, মন্থরতা; নম্রতা, কোমলতা।

أَهَدّ، هَدَادَة : ভীরু, দুর্বল।

هَدَادَيْكَ : আস্তে, ধীরে।

هَادّ : গর্জন।

هَادَّة : বজ্র।

هَدُود : ঢালু জায়গা।

تَهَدُّد، تَهْدِيد : হুমকি প্রদান, ভীতিপ্রদর্শন।

~ : হুমকি, ভীতি। ব تَهْدِيدَات

تَهْدِيدِيّ : ভীতিজনক, হুমকিমূলক।

مُهَدِّد : ভীতি প্রদর্শনকারী, হুমকি প্রদানকারী; ভীতিজনক, হুমকিমূলক।



www.pathagar.com

مُهَدَّد : হুমকিপ্রাপ্ত, ভীতি প্রদর্শিত।

مِهَدَّة : তীক্ষ্ণাগ্র হাতুড়ি।

مَهْدُود : ধ্বংসপ্রাপ্ত, বিনষ্ট, বিধ্বস্ত, নিঃশেষিত।

هَدَأَ : ـَ (هُدُوء، هَدْء) বিশ্রাম গ্রহণ করা, শান্ত হওয়া, থামিয়া যাওয়া; কমিয়া যাওয়া, প্রশমিত হওয়া।

~ بِ : অবস্থান করা, থামা, যাত্রাবিরতি করা, বিশ্রাম করা; বাস করা।

~ عَنْ : ক্ষান্ত করা, বন্ধ করা।

~ : (هُدُء) মরিয়া যাওয়া।

هَدَأَتِ الرِّجْلُ وَالْعَيْنُ : পা ও চক্ষু শান্ত ছিল। অর্থাৎ ব্যক্তি নিদ্রারত ছিল।

هَدِئَ : ـَ (هَدَأ) কুব্জ হওয়া; (উট) অতিরিক্ত ভারবহনের ফলে নুইয়া যাওয়া।

هَدَّأَ، أَهْدَأَ : (إِهْدَاء، تَهْدِئَة) শান্ত করা, প্রশমিত করা; কমানো; সান্ত্বনা দেওয়া; (শিশুকে) ঘুম পাড়ানো।

هَدَّأَ خَاطِرَهُ : সে তাকে প্রবোধ দিল।

هَدَّأَ مِنْ رَوْعِهِ ،~ رَوْعَهُ : সে অভয় দিল, সান্ত্বনা দিল।

هَدِّئْ رَوْعَكَ : শান্ত হও, নিশ্চিন্ত হও।

تَهَدَّأَ : শান্ত হওয়া, সুস্থ হওয়া, সান্ত্বনা লাভ করা; (বাজার) মন্দা হওয়া, (মূল্য) সস্তা হওয়া।

هَدَاوَة، هُدُوء، هَدْأَة، هَدْء : শান্তভাব, প্রশান্তি, শান্তি।

~ : আচরণ, মেযাজ।

هُدُوء الرَّوْعِ : স্থৈর্য, সুস্থিরতা।

بِهُدُوء : শান্তভাবে, নীরবে।

هَدْأَة، هُدْء : (রাত্রির) অংশ।

هَادِئ : শান্ত, প্রশান্ত, শান্তিপূর্ণ।

هَادِئُ الْبَالِ : সুস্থির, নিশ্চিন্ত, মানসিক ভারসাম্যপূর্ণ।

~ الْقَلْبِ : প্রশান্তচিত্ত, নিশ্চিন্ত।

الْمُحِيط الْهَادِئ : প্রশান্ত মহাসাগর।

أَهْدَأ : কুঁজো পশু বা ব্যক্তি।

تَهْدِئَة : শান্তকরণ, সান্ত্বনাদান, প্রবোধদান।

مُهَدِّئَة، مَهْدَأَة : অবস্থা।

هَدَبَ : ـِ (هَدْب) (উষ্ট্রী) দোহন করা; (ফল) চয়ন করা; বিচ্ছিন্ন করা।

هَدِبَ : ـَ (هَدَب) (চক্ষু) দীর্ঘভ্রূবশিষ্ট হওয়া, (বৃক্ষ) লম্বা ও ঝুলন্ত ডালপালাযুক্ত হওয়া।

هَدَّبَ : (تَهْدِيب) ঝালর লাগানো, ঝালর দ্বারা সুশোভিত করা।

أَهْدَبَ : (إِهْدَاب) (বৃক্ষ) লম্বা ও ঝুলন্ত ডালপালাযুক্ত হওয়া।

تَهَدَّبَ : ঝুলন্ত হওয়া, ঝুলিয়া থাকা।

هُدْب، هُدُب : চোখের পাতার লোম, নেত্রলোম, অক্ষিপক্ষ্ম; ঝালর; পাড়। ব أَهْدَاب

بِأَهْدَاب : ঝালরযুক্ত, ঝালর দ্বারা শোভিত।

تَمَسَّكَ بِالأَهْدَابِ : ঝুলিয়া থাকা, লাগিয়া থাকা; পরম ভক্ত হওয়া।

أَخَذَ بِالأَهْدَابِ : নিয়োজিত হওয়া, লিপ্ত হওয়া; মনোযোগ দেওয়া; চর্চা করা।

هَدَب : পল্লববিহীন শাখা; ঝাউগাছ। ব أَهْدَاب

أَهْدَب، هَدِب : দীর্ঘপক্ষ্মবিশিষ্ট (চক্ষু); লম্বা ও ঝুলন্ত ডালপালাযুক্ত (বৃক্ষ)। স্ত্রী هَدْبَاء

هُدَّاب : ঝালর, পাড়; ঝাউপাতা।

~ , هُدُبّ : নিরেট বোকা, হাবা।

هُدْبِيّ، مُهَدَّب : লোমযুক্ত চর্ম।

هَدَجَ : ـِ (هُدَاج، هَدَجَان، هَدْج) কদাকারভাবে টলিতে টলিতে চলা, থপথপ করিয়া চলা; কাঁপিয়া কাঁপিয়া হাঁটা; খোঁড়াইয়া হাঁটা, (বাতাস) শোঁ শোঁ শব্দ করা।

~ : (هَدَجَان) (পাত্র) টগবগ করিয়া ফুটা।

~ : (هَدَجَة) (উষ্ট্রী) বাচ্চাকে সোহাগ করা।

هَدَّجَ : (تَهْدِيج) কম্পিত করা।

تَهَدَّجَ : কম্পিত হওয়া; কম্পমান হওয়া; (উষ্ট্রী) বাচ্চাকে সোহাগ করা।



www.pathagar.com

هَدَّاج : হেলিয়া দুলিয়া চলিতেছে এমন।

هَدُوج : টগবগ করিয়া ফুটন্ত পাত্র।

هَوْدَج : হাওদা, শিবিকা। ব هَوَادِج

مِهْدَاج : বাচ্চার প্রতি স্নেহপ্রবণ প্রাণী; শোঁ শোঁ শব্দকারী (বাতাস)।

مُسْتَهْدِج : দ্রুত ধাবমান; হঠকারী।

هَدَرَ ـُ : (هَدَر، هَدْر) অনর্থক ব্যয়িত হওয়া, বৃথা যাওয়া; (সম্পদ) অপচয় করা; (স্বাস্থ্য) নষ্ট করা।

~ ـِ : (هَدِير، هَدْر) (সিংহ, বজ্র, সমুদ্র) গর্জন করা; (উট) বিড়বিড় করা; গোঁ গোঁ করা; (গরু) হাম্বারব করা; (গাধা) কর্কশ চিৎকার করা; (কবুতর) বাকবাকুম ডাকা, টগবগ করা।

~ : (هُدُور) অঙ্কুরিত হওয়া।

هَدَّرَ : (تَهْدِير) (উট) বিড়বিড় করিতে থাকা।

أَهْدَرَ : (إِهْدَار) অস্তিত্বহীন মনে করা; বৃথা যাইতে দেওয়া, নষ্ট করা।

هَدَر، هَدْر : অকর্মণ্য, অকেজো (লোক); নিষ্ফল, বৃথা।

هَدَرًا، هَدْرًا : নিষ্ফলরূপে, বৃথারূপে।

هِدْر : মন্থর, অলস।

هُدْر : পতন; আছাড়।

هَادِر : অকর্মণ্য, নিকৃষ্ট, বাজে (লোক)। ব هَدَرَة

هَادِرَة : তরুলতায় আচ্ছন্ন ভূমি। ব هَوَادِر

هَدَّار : গর্জনকারী, শব্দকারী, কল-চালনায় সহায়ক পানি-প্রবাহ।

هَدَّارَة : জলপ্রপাত।

هَدِير : গর্জন।

أَهْدَر : স্ফীত বস্তু। স্ত্রী هَدْرَاء ব هُدْر

مُهَدَّر : অকেজো, বৃথা।

مَهْدُور : অনর্থক ব্যয়িত, অপচয়কৃত; বৃথা অনুষ্ঠিত।

هِدْرُوجِين : হাইড্রোজেন।

هَدَسَ ـِ : (هَدْس) (পশু) তাড়াইয়া নেওয়া; চিন্তা করা।

~ فِي : বেশি কথা বলা, বকবক করা।

هَدَس : মেহদি গাছ।

هَدَغَ ـَ : (هَدْغ) ভাঙ্গিয়া ফেলা।

إِنْهَدَغَ : (إِنْهِدَاغ) ভাঙ্গিয়া যাওয়া, চূর্ণ হওয়া।

هَدَفَ ـُ : (هَدْف) ~ إِلَى প্রবেশ করা, আগমন করা; নিকটবর্তী হওয়া; মনস্থ করা, চেষ্টা করা, লক্ষ্য স্থির করা।

~ ـِ : (هَدْف) দুর্বল হওয়া, অলস হওয়া।

أَهْدَفَ : (إِهْدَاف) ~ إِلَى নিকটবর্তী হওয়া; মনস্থ করা; চেষ্টা করা; আশ্রয় চাওয়া।

~ لِ : সংঘটিত হওয়া।

~ عَلَى : অতিক্রম করা, উপর হইতে দেখা।

تَهَدَّفَ : খটখট করিয়া হাঁটা।

إِسْتَهْدَفَ : (إِسْتِهْدَاف) মনস্থ করা, লক্ষ্য স্থির করা, উদ্দেশ্য করা, সোজা হইয়া দাঁড়ানো; উঁচু হওয়া।

~ إِلَى، لِ : লক্ষ্যে পরিণত হওয়া; প্রস্তুত থাকা।

هِدْف : বৃহৎ।

هِدْفَة : মানুষের দল। ব هِدَف

هَدَف : ~ لِ লক্ষ্য, উদ্দেশ্য, ইচ্ছা; চাঁদমারি; (খেলাধুলায়) গোল, Goal; উচ্চ ভবন; দীর্ঘকায় লোক। ব أَهْدَاف

جَعَلَ هَدَفًا : ~ لِ লক্ষ্যে পরিণত করিল, প্রস্তুত করিয়া রাখিল।

هَادِف : অনাহূত ব্যক্তি, আগন্তুক।

هَادِفَة : জনতা, জনগোষ্ঠী।

هَدَّاف : নিপুণ লক্ষ্যভেদী, দক্ষ তীরন্দাজ।

هَدَفَان : লক্ষ্য, চাঁদমারি।

مُسْتَهْدِف : লক্ষ্যে পরিণত; প্রস্তুত; প্রশস্ত।

هَدَكَ ـِ : (هَدْك) ভাঙ্গিয়া ফেলা, বিধ্বস্ত করা।

هَوْدَك : স্থূলকায় (লোক)।



www.pathagar.com

هَدَلَ - : (هَدِيل) (কবুতর) বাকবাকুম ডাকা।

~ : (هَدْل) ঝুলাইয়া দেওয়া।

هَدِلَ - : (هَدَل)، تَهَدُّل ঝুলিয়া থাকা।

~ : ঝুলন্ত ওষ্ঠবিশিষ্ট হওয়া।

هَدِل، هَادِل : ঝুলন্ত ওষ্ঠবিশিষ্ট (উট)।

هُدَال : ঝুলন্ত ডালপালা।

هَدَالَة : দল, জনতা। ব هَدَالٌ

هَدِيل : কবুতরের ডাক; বাচ্চা কবুতর।

أَهْدَل : مُهَدَّل ঝুলন্ত। স্ত্রী هَدْلَاء ব هُدْل

هَدَمَ - : (هَدْم)، هَدَّمَ (تَهْدِيم) ধ্বংস করা, বিধ্বস্ত করা, নষ্ট করা, চূর্ণ করা; বিপর্যস্ত করা।

هُدِمَ : সমুদ্রপীড়াগ্রস্ত হওয়া।

إِنْهَدَمَ، تَهَدَّمَ : (إِنْهِدَام) ধ্বংসপ্রাপ্ত হওয়া, ভাঙ্গিয়া পড়া, বিধ্বস্ত হওয়া; বিপর্যস্ত হওয়া; জীর্ণ হওয়া।

هَدْم، تَهْدِيم : ধ্বংসকরণ, বিধ্বস্তকরণ, বিনাশ সাধন।

~ : ধ্বংস, বিনাশ; বিপর্যয়।

هِدْم : পুরাতন পোশাক, জীর্ণবস্ত্র। ব أَهْدَام، هِدَم

~ : বস্ত্র; পোশাক। ব هُدُوم

هِدْمَة : বস্ত্রখণ্ড।

هَدَم : ধ্বংস।

هَدْمَة : অংশ; হালকা বৃষ্টি।

هُدَام : সমুদ্রপীড়া, সমুদ্র-ভ্রমণে মাথা-ঘোরা।

هَدَّام : ধ্বংসাত্মক।

هَادِم : ধ্বংসকারী, বিনাশী, নাশক; ধ্বংসাত্মক।

هَادِمُ اللَّذَّات : ভোগ-বিনাশী, মৃত্যু।

تَهَدُّم : পতন, ধ্বংস, বিনাশ, বিপর্যয়।

مُهَدَّم، مُتَهَدِّم : ধ্বংসপ্রাপ্ত, বিধ্বস্ত, বিনষ্ট, বিপর্যস্ত, জীর্ণ, নড়বড়ে, ভগ্নপ্রায়।

مَهْدُوم : ধ্বংসপ্রাপ্ত, বিধ্বস্ত; ঘনীভূত, জমাটবদ্ধ (দুগ্ধ)।

مَهْدُومَة : বর্ষণসিক্ত (ভূমি)।

مُسْتَهْدِم : বিধ্বস্ত; জীর্ণ, ভঙ্গুর।

هَدْمَلَ : (هَدْمَلَة) (বস্ত্র) ছিন্ন করা।

هِدْمِل : তালিযুক্ত (বস্ত্র); আলুলায়িত কেশবিশিষ্ট।

هِدْمِلَة : খাদ্য ও পানীয়; জনসমাবেশ।

هَدَنَ - : (هُدُون) শান্ত হওয়া; হত্যা করা, বোকা হওয়া।

~ : (هَدْن) ভূগর্ভে লুকাইয়া রাখা।

هَدَّنَ : (تَهْدِين) শান্ত করা, সান্ত্বনা দেওয়া।

هَادَنَ : (مُهَادَنَة) যুদ্ধ-বিরতি কার্যকর করা, শান্তি স্থাপন করা।

أَهْدَنَ : (إِهْدَان) কৃশ করা।

تَهَادَنَ : সুবিন্যস্ত হওয়া; যুদ্ধ-বিরতি কার্যকর করা।

إِنْهَدَنَ : (إِنْهِدَان)~ عَنْ বিচ্যুত হওয়া, ভ্রষ্ট হওয়া, অমান্য করা।

هَدْنَة : হালকা বৃষ্টি।

هُدْنَة : প্রশান্তি; বিরতি, সন্ধি।

~، هِدَانَة، مُهَادَنَة : যুদ্ধ-বিরতি, অস্ত্র-বিরতি, শান্তিস্থাপন।

هِدَان : ব هُدُن মন্থর; নির্বোধ।

هُدُون، مَهْدَنَة : প্রশান্তি।

هَدْهَدَ : (هَدْهَدَة) (শিশুকে) ঘুম পাড়াইবার জন্য দোলানো, নাচানো, (কবুতর) বাকবাকুম ডাকা; (উট) বিড়বিড় করা; নিচু করা, নিচে ফেলিয়া দেওয়া।

هُدْهُد : হুদহুদ পাখি, ঝুঁটিওয়ালা পাখিবিশেষ। ব هَدَاهِد، هَدَاهِيد

هَدَى - : (هِدَايَة، هُدًى، هَدْى) হেদায়েত করা, পথ প্রদর্শন করা, সঠিক পথ দেখানো, পরিচালিত করা, পথ-নির্দেশ করা; যোগাইয়া দেওয়া, সরবরাহ করা।

~ : (هِدَاء)، هَدَّى (تَهْدِيَة) أَهْدَى (إِهْدَاء) নববধূকে (স্বামীর) ঘরে দেওয়া।

~، ~ إِلَى، لِ : হাদিয়া দেওয়া, উপহার দেওয়া, উপঢৌকন প্রেরণ করা।

هَادَى : (مُهَادَاة) উপহার বিনিময় করা, বনভোজন করা।



www.pathagar.com

تَهَدَّى : হেদায়েত লাভ করা, সুপথ প্রাপ্ত হওয়া, পথের সন্ধান চাওয়া।

~ إِلَى : লাভ করা; উপনীত হওয়া।

تَهَادَى : বিনিময় করা; উপহার বিনিময় করা; পরিচালিত করা, আনয়ন করা, টলমল করা, এদিক-ওদিক দোলা।

~ إِلَى : উপনীত হওয়া, পৌঁছা; প্রবেশ করা; জড়ো হওয়া, দলবদ্ধ হওয়া।

اِهْتَدَى : (اِهْتِدَاء) হেদায়েত লাভ করা, সুপথপ্রাপ্ত হওয়া, পথের সন্ধান পাওয়া।

~ إِلَى : পরিচালিত হওয়া, প্রদর্শিত হওয়া, নীত হওয়া; সন্ধান পাওয়া, আবিষ্কার করা; আসিয়া পড়া; আপতিত হওয়া; উপনীত হওয়া; পরিচয় লাভ করা।

اِسْتَهْدَى : (اِسْتِهْدَاء) হেদায়াত চাওয়া, পথের সন্ধান চাওয়া, সুপথ প্রার্থনা করা; হাদিয়া চাওয়া, দান চাওয়া।

هَدْى : পথ, পন্থা; ধরন; দিক।

هُدْيَة، هَدْيَة : পথ, পন্থা; পদ্ধতি; ধরন; আচরণ।

هُدًى : হেদায়েত, পথনির্দেশ, পরিচালনা; সঠিক পথ, সুপথ, সত্য ধর্ম।

هُوَ عَلَى هُدًى : সে সুপথপ্রাপ্ত, সঠিক পথের অনুসারী।

عَلَى غَيْرِ هُدًى : উদ্দেশ্যহীনভাবে।

هَدِيّ : নববধূ, কনে।

هَدِيَّة : হাদিয়া, দান, উপহার; নববধূ, কনে। ব هَدَايَا

هَادٍ : পথ-প্রদর্শক, পরিচালক, নেতা। ব هُدَاة، هَادُون

~ : অশ্ব-গ্রীবা; হাতল; রাত্রির প্রারম্ভ; পালের সম্মুখভাগের উট। ব هَوَادٍ

هَادِيَة : লাঠি; পানিতে উদ্গাত প্রস্তরখণ্ড; অশ্ব-গ্রীবা। ব هَوَادٍ، هَادِيَات

الهَادِيَات : অগ্রবর্তী পশুপাল।

هِدَايَة : হেদায়েত, পথ-নির্দেশ, পরিচালনা।

عَلَى غَيْرِ هِدَايَة : উদ্দেশ্যহীনভাবে।

إِهْدَاء : উপহার প্রদান; উপস্থাপন; দান, উপহার।

إِهْتِدَاء : হেদায়েত লাভ, সুপথপ্রাপ্তি; লক্ষ্য অর্জন।

مِهْدَاء : উদার, দানশীল।

مِهْدًى : যে পাত্রে করিয়া কোন কিছু দান করা হয়।

مَهْدِيّ : হেদায়েতপ্রাপ্ত, সুপথপ্রাপ্ত।

مُهْدًى : উপহারস্বরূপ প্রদত্ত, দানস্বরূপ অর্পিত।

المَهْدِيّ : ইমাম মাহদী (আ)। রাসূলুল্লাহ (স) বলিয়াছেন যে, ইমাম মাহদী শেষ যামানায় মানুষের হেদায়েতের জন্য আসিবেন।

~ : আল-মাহদী ইবনুল-মান্‌সূর। তৃতীয় আব্বাসী খলীফা (৭৭৫-৮৮৫ খ্রি.)।

مَهْدِيَّة، مُهْدَاة : বরের নিকট প্রেরিত নববধূ।

مُهْتَدٍ : হেদায়েতপ্রাপ্ত, সুপথপ্রাপ্ত; সন্ধান লাভকারী।

هَذَّ ـُ : (هُذَاذ، هَذَذ، هَذّ) পাঠ করা, দ্রুত আবৃত্তি করা।

~، اِهْتَذَّ : (اِهْتِذَاذ) দ্রুত কাটিয়া ফেলা।

هذّ، هَذَّاذ، هَذُوذ : ধারালো (তরবারি)।

هَذَاذَيْكَ : বারবার চিহ্ন কর।

هذَا : এই, ইহা। স্ত্রী هذِه، هذِى

لِهذَا : অতএব, এইজন্য।

لِهذَا السَّبَبِ : এই কারণে।

مَعَ هذَا : এতদসঙ্গে, এতদসত্ত্বেও।

هذَا وَ : অধিকন্তু, আরও, পক্ষান্তরে।

هذَانِ : এই দুইজন, এই দুইটি। স্ত্রী هَاتَانِ

هَذَأَ ـَ : (هَذْأ) কাটা, খনন করা, বিতাড়িত করা; কথায় আঘাত দেওয়া।

هَذِئَ ـَ : (هَذَأ) ~ مِنْ (শীতে) মরিয়া যাওয়া।

تَهَذَّأَ : ফাটিয়া যাওয়া।

هَذَبَ ـِ : (هَذْب) ছাঁটা, পরিচ্ছন্ন করা; সুন্দর করা, মার্জিত করা।

~ ـِ : (هَذَابَة، هَذْب) দ্রুত গমন করা, দৌড়া



www.pathagar.com

هَذَّبَ : (تَهْذِيْب) ছাঁটিয়া দেওয়া; পরিচ্ছন্ন করা; বিন্যস্ত করা; সুন্দর করা, মার্জিত করা; উন্নত করা, ঠিক করা, সংশোধন করা, শুদ্ধ করা, সংস্কার করা; মেরামত করা; লালন-পালন করা, শিক্ষা দেওয়া।

تَهَذَّبَ : মার্জিত হওয়া, বিন্যস্ত হওয়া, পরিচ্ছন্ন হওয়া; উন্নত হওয়া; সংশোধিত হওয়া; লালিত-পালিত হওয়া; শিক্ষাপ্রাপ্ত হওয়া।

هَذْب : সংশোধন, পরিশোধন।

هَذَب : আন্তরিকতা, সততা।

هَذِب : দ্রুতগামী (অশ্ব)।

هَيْذَبى : অশ্বের সাবলীল পদক্ষেপ।

تَهَذُّب : লালন-পালন, শিক্ষা, আদব-কায়দা।

تَهْذِيب : সংশোধন, সংস্কার, পরিশোধন, বিশুদ্ধকরণ; মার্জিতকরণ, উন্নতকরণ; বিন্যস্তকরণ; লালন-পালন, শিক্ষাদান; শিক্ষা, প্রশিক্ষণ; কৃষ্টি, সংস্কৃতি।

تَهْذِيبِيّ : শিক্ষা-সম্বন্ধীয়, কৃষ্টি-সম্বন্ধীয়, সংস্কৃতি-বিষয়ক; শিক্ষামূলক।

مُهَذِّب : শিক্ষাদাতা, শিক্ষক।

مُتَهَذِّب، مُهَذَّب : শিক্ষাপ্রাপ্ত, সুশিক্ষিত, সুসভ্য, ভদ্র; সংস্কৃতিমান; সংশোধিত, সংস্কৃত, মার্জিত, বিন্যস্ত; উন্নত; শিক্ষিত; পরিশোধিত, পরিশুদ্ধ।

هَذَرَ ـُ ـَ : (هَذْر) আজে বাজে কথা বলা, নিরর্থক কথা বলা, কদর্য কথা বলা, বকবক করা; (দিন) প্রচণ্ড গরম হওয়া।

~ ب : ফাঁস করা, প্রকাশ করিয়া দেওয়া।

هَذِرَ ـَ : (هَذَر) (কথা) অসমঞ্জস হওয়া, নিরর্থক হওয়া।

هَذَّرَ : (تَهْذِير) কৌতুক করা, রসিকতা করা, তামাশা করা।

هَذْر، هَذَر : নিরর্থক কথা, আজে-বাজে কথা, বকবকানি; ঠাট্টা-তামাশা।

مِهْذَار، مِهْذَر، هَذَّار، هَذِر : বকবককারী, বাচাল ব্যক্তি।

هِذَار : কৌতুক, তামাশা, ঠাট্টা।

هَذْرَبَ : (هَذْرَبَة) অনর্গল কথা বলা।

هُذَبْرِيّ : প্রথা; রীতি।

هُذْرُبَان : কাজে ও কথায় দ্রুত।

هَذْرَفَ : (هَذْرَفَة) প্রাণবন্ত হওয়া, প্রফুল্ল হওয়া; দ্রুত করা।

هُذْرُوف : দ্রুত; প্রাণবন্ত, প্রফুল্ল। ব هَذَارِيف

هَذْرَمَ : নিরর্থক কথা বলা, বকবক করা; দ্রুত পাঠ করা, আবোল-তাবোল বলা।

هُذَارِمَة، هُذَارِم : দ্রুত কথা বলে এমন, দ্রুত পাঠকারী।

هَذَفَ ـِ : (هُذُوف) তৎপর হওয়া, চঞ্চল হওয়া, ত্বরা করা।

مُهْذِف، هَذَّاف، هَذِف : তৎপর, চঞ্চল; দ্রুত, হঠকারী।

هُذْلُول : টিলা; ছোট নদী; মেঘ; রাত্রির শুরু কিংবা শেষ। ব هَذَالِيل

خَطّ هُذْلُولِيّ : জ্যামিতিক ক্ষেত্রবিশেষ, পরাবলয়।

هَوْذَلَ : (هَوْذَلَة) আন্দোলিত হওয়া, কাঁপিয়া উঠা; হেলিয়া দুলিয়া চলা।

هَذْلَمَ : (هَذْلَمَة) হালকা হওয়া; তৎপর হওয়া।

هَذَمَ ـِ : (هَذْم) দ্রুত ভক্ষণ করা; দ্রুত কর্তন করা।

هُذَام : সাহসী; ধারালো (তরবারি)।

هَيْذَام : সাহসী।

مِهْذَم : ধারালো (তরবারি)।

هَذْمَلَ : (هَذْمَلَة) ছোট ছোট পদক্ষেপে হাঁটা।

هَذَا ـُ : (هَذْو) বকবক করা, অর্থহীন কথা বলা; প্রলাপ বকা।

هَاذَى، تَهَاذَى : (مُهَاذَاة) পরস্পর নিরর্থক কথা বলা।

هَذَيَان، هُذَاء : বকবকানি, অর্থহীন কথা; প্রলাপ; বিকার।

هَذَّاء، هَاذٍ : বকবককারী; প্রলাপকারী, বিকারগ্রস্ত।

هَرَّ ـِ : (هُرَار، هَرّ) (উট) উদরাময়ে আক্রান্ত হওয়া; গড়াইয়া যাওয়া; ঝরিয়া পড়া।



www.pathagar.com

هَرَّ سَلْحُهُ : (উট) উদরাময়ে আক্রান্ত হইয়া মারা গিয়াছে।

هَرَّ : (هَرِير) (কুকুর) ডাকা, আর্তনাদ করা; (বিড়াল) মিউমিউ করা, ঘড়ঘড় করা।

~ : ـُ (هَرّ) শুষ্ক ও শক্ত হওয়া।

~ : (هَرِير، هَرّ) (ধনুক) টঙ্কার-ধ্বনি করা।

هُرَّ : উদরাময়ে আক্রান্ত হওয়া।

هَارَّ : (هِرَار) কুকুরের ন্যায় দন্ত প্রদর্শন করা; কুকুরের ন্যায় ডাকা।

أَهَرَّ : (إِهْرَار) (কুকুর) ডাকানো।

~ بِ : (মেষকে) পানি পান করিতে ডাকা।

هِرّ : বিড়াল। ব هِرَرَة

عَيْن الهِرّ : উজ্জ্বল আলোকপ্রদ প্রস্তরবিশেষ, বৈদূর্যমণি, Cat's-eye.

~ حَشِيشَة : গুল্মবিশেষ।

هِرَّة : বিড়ালী। ব هِرَر

هُرَار : (উটের) উদরাময়।

هَرُور : ঝরা আঙ্গুর।

هَرِير : (কুকুর বা বিড়ালের) ডাক।

هُرَيْرَة : বিড়াল-ছানা।

أَبُو هُرَيْرَة : হযরত আবূ হোরায়রা [রা] (মৃ ৬৭৬ খ্রি.) : প্রসিদ্ধ সাহাবী ও বহু হাদীসের বর্ণনাকারী।

مَهْرُور : উদরাময়ে আক্রান্ত।

هَرَأَ : ـَ (هَرْأ) ছিঁড়িয়া ফেলা, টুকরা টুকরা করা; জীর্ণ করা; ক্ষতি করা; হত্যা করা; (গোশত) উত্তম রান্না করা।

~ : (هَرَاءَة، هَرْأ) (ঠাণ্ডা) তীব্র হওয়া; (বাতাস) কনকনে ঠাণ্ডা হওয়া, অধিক ভুল করা।

هَرَأَ فِي كَلَامِهِ : সে নিরর্থক কথা বলিল, অশুদ্ধ কথা বলিল।

هَرِئَ : ـَ (هُرُوء، هَرْء، هَرْأ) تَهَرَّأَ (গোশত) উত্তম রান্না হওয়া; ছিন্ন হওয়া, জীর্ণ হওয়া, টুকরা টুকরা হওয়া।

هَرَّأَ : (تَهْرِئَة) (গোশত) উত্তম রান্না করা; হত্যা করা; সন্ধ্যায় টাটকা হাওয়া গ্রহণ করা; ঠাণ্ডা লাগা।

أَهْرَأَ : (إِهْرَاء) কথায় অধিক ভুল করা।

أَهْرَأَ فِي كَلَامِهِ : সে নিরর্থক কথা বলিল।

إِهْتَرَأَ : (إِهْتِرَاء) ছিন্ন হওয়া, জীর্ণ হওয়া, টুকরা টুকরা হওয়া।

هِرَاء : গাছের গোড়া হইতে যে চারা গজায়।

هُرَاء : নিরর্থক কথা, অসার কথা।

هَرِئ : উত্তম রান্না হইয়াছে এমন (গোশত); প্রচণ্ড; ধ্বংসাত্মক (ঠাণ্ডা)।

مَهْرُوء : ঠাণ্ডায় বিনষ্ট।

مُهْتَرِئ : অপরিমেয় রান্না হইয়াছে এমন (গোশত); ছিন্ন; জীর্ণ।

هَرَبَ : ـُ (مَهْرَب، هَرَبَان، هُرُوب، هَرَب) পলায়ন করা; ভাগিয়া যাওয়া।

~ مِنْ : নিষ্কৃতি লাভ করা; ছাড়িয়া চলিয়া যাওয়া, ত্যাগ করা।

هَرِبَ : ـَ (هَرَب) বৃদ্ধ হওয়া, জরাগ্রস্ত হওয়া।

هَرَّبَ : (تَهْرِيب) পলায়ন করানো, তাড়ানো; পলায়ন করিতে সাহায্য করা, পলায়নে বাধ্য করা; মুক্তি দেওয়া, ছাড়িয়া দেওয়া; (পণ্যদ্রব্য) পাচার করা, চোরা-কারবার করা।

أَهْرَبَ : (إِهْرَاب) পলায়ন করানো, তাড়ানো, পলায়ন করিতে সাহায্য করা; পলায়নে বাধ্য করা; ভয় পাইয়া পলায়ন করা; দূরদেশে ভ্রমণ করা; (বাতাস) ধূলি উড়ানো।

تَهَرَّبَ : পলায়ন করা।

~ مِنْ : (দায়িত্ব ইত্যাদি) এড়াইতে চাওয়া।

هَرَبَان، هُرُوب، هَرَب : পলায়ন, ত্যাগ।

هَرْبَان، هَارِب : পলায়নকারী, ত্যাগকারী; পলায়নপর, শরণার্থী।

هِرَاب : (জাহাজের) তলা।

هَرَّاب : ভীরু; কাপুরুষ।

تَهْرِيب : পলায়নে বাধ্যকরণ, বিতাড়ন; উদ্ধার, নিষ্কৃতি; (পণ্যদ্রব্য) পাচার, পলায়নে সুযোগদান।



www.pathagar.com

مَهْرَب : পলায়ন, নিষ্কৃতি।

~ : পলায়নের স্থান, আশ্রয়স্থল। ব مَهَارِب

مُهَرِّب : পাচারকারী, চোরা-কারবারী।

مُهَرَّب : পাচারকৃত (পণ্য)।

هَرْبَدَ : (هَرْبَدَة) (কাপড়) ছিঁড়িয়া ফেলা, টুকরা টুকরা করা।

هُرْبُع : ক্ষিপ্রপদ, দ্রুত হস্ত। ব هَرَابِعُ

هَرَتَ : ـُ (هَرْت) খোঁচা মারা, প্রশস্ত করা।

هَرِتَ : ـَ (هَرَت) প্রশস্ত মুখবিশিষ্ট হওয়া।

هَرَّتَ : (تَهْرِيْت) প্রশস্ত করা, (মুখ) হা-করানো।

هَرِت، هَرَّات، هَرُوت : সিংহ।

هَرِيت : সিংহ।

~ ، أَهْرَت : প্রশস্ত মুখবিশিষ্ট; ছিন্ন (বস্ত্র)।

مَهْرُوت، مُهَرَّت : প্রশস্ত মুখবিশিষ্ট।

هَرْتَك : আসবাবপত্র, কাপড়চোপড়। ব هَرَاتِك

هِرْث : ছিন্ন (বস্ত্র)।

هَرْثَم، هُرَاثِم : সিংহ।

هَرَجَ : ـِ (هَرْج) দাঙ্গা বাধানো, গোলযোগ করা; উত্তেজিত হওয়া, হাঙ্গামায় লিপ্ত হওয়া।

هَرَجَ فِى الْحَدِيث : সে অস্পষ্টভাবে কথা বলিল।

هَرَّجَ : (تَهْرِيْج) মাতাল করা, নেশাগ্রস্ত করা, উন্মত্ত করা; সোহাগ করা; ক্লান্ত করা, রসিকতা করা।

~ ب : উত্তেজিত করা, উসকানি দেওয়া।

هَرَّجَ فِى الْحَدِيث : সে কৌতুক করিল, রসিকতা করিল।

أَهْرَجَ : (إِهْرَاج) ক্লান্ত করা।

تَهَارَجَ : (জনতা) বিশৃঙ্খল হওয়া, পরস্পর হাঙ্গামায় লিপ্ত হওয়া।

إِنْهَرَجَ : (إِنْهِرَاج) মাতাল হওয়া, উত্তেজিত হওয়া।

هَرْج : গোলযোগ, দাঙ্গা, হানাহানি, গৃহযুদ্ধ; বিশৃঙ্খলা, উত্তেজনা।

هَرْج وَ مَرْج : উত্তেজনা, বিশৃঙ্খলা, গোলমাল, হাঙ্গামা।

هِرْج : নির্বোধ, দুর্বল।

مُهَرِّج، هَارِج : কৌতুককারী, ভাঁড়।

هَرَّاج، مِهْرَج، مِهْرَاج : দ্রুত ধাবনক্ষম (অশ্ব)।

هَرْجَبَ : (هَرْجَبَة) দ্রুত হওয়া।

هِرْجَاب، هِرْجَبّ : স্থূলকায় উট।

هَرْجَع : খঞ্জ, খোঁড়া।

هَرْجَلَ : (هَرْجَلَة) কদাকারভাবে টলিতে টলিতে চলা; লম্বা লম্বা পা ফেলিয়া চলা; চিন্তা-ভাবনা না করিয়া কাজ করা, উদ্দেশ্যহীনভাবে কাজ করা। ব هَرَجِلُ

هَرْجَلَة : বিশৃঙ্খলা, গোলমাল।

هُرْجُول : দীর্ঘকায় ব্যক্তি বা উট। ব هَرَاجِيل

مُهَرْجَل : বিশৃঙ্খল।

هَرَدَ : ـِ (هَرْد) (বস্ত্র) ছিঁড়িয়া ফেলা; (সুনাম) নষ্ট করা; হলুদ রং দেওয়া।

~ ، هَرَّدَ : (تَهْرِيْد) (গোশত) অতিরিক্ত সিদ্ধ করা।

هَرِدَ : ـَ (هَرَد) খণ্ড খণ্ড হওয়া।

هَرْد : দাঙ্গা, গোলযোগ।

هِرْد : স্ত্রী-উটপাখি; নিম্নশ্রেণীর লোক।

هُرْد : হলুদ, হলুদ রং।

هُرْدِىّ، مَهْرُود : হলদে।

هَرْدَبَ : (هَرْدَبَة) খাটো খাটো পায়ে ধীর গতিতে হাঁটা।

~ عَلَى : হুমকি দেওয়া, ভয় দেখানো।

هَرْدَبَشْت : তুচ্ছ কথা, নিরর্থক কথা; তুচ্ছ বস্তু, বাজে জিনিস।

هِرْدَبَّة : বৃদ্ধা স্ত্রীলোক; ভীরু স্থূলোদর ব্যক্তি।

هَرْدَجَ : ধীরে ধীরে হাঁটা।

هَرَزَ : ـِ (هَرْز) আঘাত করা।

هَرِزَ : ـَ (هَرْز)، هُرُوز، تَهَرْوَزَ ধ্বংস হওয়া।

هَرَسَ : ـُ (هَرْس) লোভীর ন্যায় ভক্ষণ করা; চূর্ণ করা; পেষা।

هَرِسَ : ـَ (هَرَس) পেটুক হওয়া।

هَرْس : চূর্ণন, বাটন, মিশ্রণ; পুরুষ বিড়াল।

هِرَس : পুরুষ বিড়াল, সিংহ; ছিন্নবস্ত্র।



www.pathagar.com

هَرَاس : কাঁটাগাছবিশেষ।

هَرَّاس : সিংহ; গোশত এবং ময়দা ও মধুর সমন্বয়ে হালুয়া প্রস্তুতকারী।

هَرَّاسَة : آلَة هَرَّاسَة স্টিম-রোলার, Steam-roller; পেষণ-যন্ত্র। ব هَرَّاسَات

هَرِيس : চূর্ণিত।

~، هَرِيسَة : হারীসা : রান্নাকৃত গোশত, মধু ও চূর্ণিত গম একত্রে মিশাইয়া প্রস্তুত খাদ্যদ্রব্যবিশেষ।

مِهْرَاس : হামানদিস্তা। ব مَهَارِيس

مَهْرُوس : চূর্ণিত, বাটিয়া মিশ্রিত।

هَرَشَ : ـُ (هَرْش) (ভাগ্য) খারাপ হওয়া, (চামড়া) চাঁছিয়া ফেলা, নখে আঁচড়ানো।

هَرِشَ : ـَ (هَرَش) বদমেযাজী হওয়া।

هَرَّشَ : (تَهْرِيش) ~ بَيْنَ বিবাদ লাগানো, ঝগড়া বাধানো, একজনকে আরেকজনের বিরুদ্ধে ক্ষেপানো।

هَرْش : চাঁছন, আঁচড়ানো, ব্যবহার করিয়া ক্ষয়করণ।

هِرْش : বৃদ্ধ (লোক)।

هِرَاش : ঝগড়া, বিবাদ, গোলমাল, দাঙ্গা, যুদ্ধ।

مَهْرُوش : জীর্ণ, ব্যবহারে ক্ষয়প্রাপ্ত।

هَرْشَفَ : (هَرْشَفَة) নেকড়া দ্বারা মুছিয়া ফেলা; শুষ্ক করা।

هِرْشَفَّة، هَرْشَفَة : কাপড়ের ছেঁড়া টুকরা, নেকড়া।

هَرِصَ : ـَ (هَرَص) (গবাদি পশু) শুষ্ক খোস-পাঁচড়ায় আক্রান্ত হওয়া।

هَرَص : (গবাদি পশুর) শুষ্ক খোস-পাঁচড়া।

هَرِيصَة : বদ্ধ পানির ডোবা।

هَرَضَ : ـُ (هَرْض) (কাপড়) ছিঁড়িয়া ফেলা।

هَرَطَ : ـُ (هَرْط) সুনাম খর্ব করা, টুকরা করা।

هَرَطَ فِي الْكَلَامِ : নিরর্থক কথা বলা।

هَرِطَ : ـَ (هَرَط) থলথলে গোশতবিশিষ্ট হওয়া।

تَهَارَطَ : পরস্পর গালি দেওয়া।

هِرْط، هِرْطَة : থলথলে গোশত, বৃদ্ধা মেষ।

هَرْطَقَ، تَهَرْطَقَ : (هَرْطَقَة) প্রচলিত ধর্মমতের বিরুদ্ধবাদী হওয়া।

هَرْطَقَة : প্রচলিত ধর্মমতের বিরুদ্ধ মত।

هَرْطُوقِيّ : প্রচলিত ধর্মমতের বিরুদ্ধবাদী, Heretic. ব هَرَاطِقَة

هِرْطَال : দীর্ঘকায় (লোক)।

هُرْطُمَان : একজাতীয় যব, জই, Oats.

هَرِعَ : ـَ (هَرَع) দ্রুত প্রবাহিত হওয়া।

هَرَعَ : ـَ (هَرَع)، هُرِّعَ (تَهْرِيع) أَهْرَعَ (إِهْرَاع) দ্রুত গমন করা, ছুটিয়া যাওয়া, ঝাঁপাইয়া পড়া।

هَرَّعَ : (تَهْرِيع) (বর্শা) ছুঁচালো করা।

تَهَرَّعَ : (বর্শা) ছুঁচালো হওয়া।

هَرَع، هُرَاع : ত্বরা, তাড়াহুড়া; দ্রুত ও কদাকার চলন।

هَرِع : দ্রুত প্রবহমান।

هَرْعَة : উকুন।

الْمِهْرَاع، الْمُهْرِع : সিংহ।

هَرَفَ : ـِ (هَرْف) ~ بِ উচ্চ প্রশংসা করা, অধিক প্রশংসা করা।

هَرَّفَ : (تَهْرِيف) ~ إِلَى দ্রুত ছুটিয়া যাওয়া।

أَهْرَفَ : (إِهْرَاف) সম্পদশালী হওয়া।

هَرَقَ : ـَ (هَرْق)، هَرَّقَ (تَهْـــرِيق) أَهْرَقَ (إِهْرَاق) (রক্ত, পানি, অশ্রু) ঝরানো, ঢালিয়া দেওয়া, প্রবাহিত করা।

أُهْرِقَ، هُرِيقَ : গড়াইয়া যাওয়া।

إِهْرَوْرَقَ : (إِهْرِيرَاق) প্রচুর পরিমাণে প্রবাহিত হওয়া।

إِهْرَاق، هَرْق : ঝরানো, প্রবাহিতকরণ, পাতন।

إِهْرَاقُ الدِّمَاء : রক্তপাত।

مُهْرَاق، مُهْرَق : ঝরানো হইয়াছে এমন, প্রবাহিত, পাতিত।

~ : লিখিবার উদ্দেশ্যে প্রস্তুত চামড়ার কাগজ; শূন্য প্রান্তর। ব مَهَارِق



www.pathagar.com

مُهْرِيق، مُهْرِق : ঝরায় বা ঢালিয়া দেয় এমন।

مُهْرَوْرِق : প্রবল বেগে বর্ষিত (বৃষ্টি)।

مُهْرُقَان، مُهْرَقَان، مَهْرَقَان : নদী-তীর, উপকূল; সমুদ্র।

هِرَقْل، هِرْقِل : (গ্রী) হিরাক্লিয়াস [বাইজান্টাইন সম্রাট] (৬১০-৬৪১ খ্রি.)- তাহার বাহিনী ইয়ারমুক যুদ্ধে মুসলমানদের নিকট পরাজিত হয়।

هِرَقْلَة : এশিয়া মাইনরের একটি শহর। ৮০৬ খ্রিস্টাব্দে হারুনুর রশীদ ইহা অধিকার করেন। আধুনিক নাম أرْكَلِى

هِرْقِلِىّ : অতি শক্তিশালী।

هَرْكَلَ : (هَرْكَلَة) সদর্পে চলা; বয়োবৃদ্ধ হওয়া।

هَرْكَلَة : সদর্প চলনভঙ্গি।

هِرْكَّلَة : সুদর্শনা নারী, সুন্দরী স্ত্রীলোক।

هَرْكَنَ : টুকরা টুকরা করা।

هَرِمَ - َ : (مَهْرَمَة، مَهْرَم، هَرَم) বয়োবৃদ্ধ হওয়া, জরাগ্রস্ত হওয়া।

هَرَمَ - ِ : (هَرْم) (তৃণাদি) কর্তন করা।

هَرَّمَ : (تَهْرِيم) কর্তন করা, টুকরা টুকরা করিয়া কাটা; উচ্চ প্রশংসা করা।

~, أهْرَمَ (إهْرَام) : বয়োবৃদ্ধ করা।

تَهَارَمَ : বৃদ্ধ সাজা।

إسْتَهْرَمَ : (إسْتِهْرَام) বৃদ্ধবয়স্ক পাওয়া বা মনে করা।

هَرْم، تَهْرِيم : খণ্ড খণ্ড করিয়া কর্তন।

هَرَم، مَهْرَمَة : বয়োবৃদ্ধি, বার্ধক্য, বার্ধক্যজনিত দুর্বলতা।

~ : পিরামিড, Pyramid. ব أهْرَام، أهْرَامَات

أهْرَام مِصْر : মিসরের পিরামিড : প্রাচীন মিসরীয় রাজাদের সমাধি স্তম্ভসমূহ। প্রসিদ্ধতম পিরামিড কায়রোর উপকণ্ঠে অবস্থিত জীজার পিরামিড। উচ্চতা ১৩৮ মিটার। বিশ্বের সপ্তাশ্চর্যের অন্যতম।

الأهْرَام : কায়রো হইতে প্রকাশিত একটি প্রসিদ্ধ আরবী দৈনিক।

هَرِم بن سِنَان : প্রাচীন আরবের প্রসিদ্ধ দানবীর।

أهْرَامِىّ، هَرَمِىّ : পিরামিডাকৃতি।

هَرِم : বয়োবৃদ্ধ, বার্ধক্যজনিত জরাগ্রস্ত।

هَرْمَى : শুকনা কাঠ।

هَرُوم : দুষ্ট স্ত্রীলোক।

هُرْمَان : বুঝ, মন।

هَرْمَزَ : (هَرْمَزَة) চর্বণ করা।

هِرْمِس، هِرْمِز : গ্রীক দেবতাবিশেষ, Hermes.

هُرْمُز : পারস্য উপসাগরের মোহনায় অবস্থিত বন্দরনগরী ও কাস্পিয়ান সাগরের সাথে সংযোগ প্রণালী।

الهُرْمُز : হরমুয ঃ প্রাচীন ইরানের সাসানী রাজবংশের পাঁচজন সম্রাটের নাম।

الهُرْمُزَان : হরমুযান : কাদিসিয়ার যুদ্ধে (৬৩৭ খ্রি.) পারস্য বাহিনীর অন্যতম সেনানায়ক।

هَرْمَسَ : (هَرْمَسَة) (চেহারা) মলিন হওয়া; ভ্রূকুটিপূর্ণ হওয়া।

هِرْمَاس : মানুষখেকো সিংহ।

هِرْمِيس : সিংহ, গণ্ডার, মহিষ।

هَرْمَشَة : শোরগোল, হৈচৈ করা; লোমহীন করা; (স্ত্রীলোক) বয়োবৃদ্ধ হওয়া।

هِرْمِل : বয়োবৃদ্ধ স্ত্রীলোক।

هُرْمُول : মাথার পাশে অবশিষ্ট চুল। ব هَرَامِيل

هُرْمُون : শরীরের ভিতরের যে রস রক্তের সহিত মিশিয়া শরীর-যন্ত্রকে কার্যক্ষম করে, হরমন, Hormone.

هَرْنَصَ : (هَرْنَصَة) (কীট) গাছের ভিতরে প্রবেশ করা।

هِرْنِصَانَة : গাছের কীট।

هُرْنُع : উকুন। ব هَرَانِع

هَرْنَفَ : (هَرْنَفَة) দাঁত বাহির করা, নাক সিটকানো, উপহাস করা।

هَرْهَرَ : নাড়া দেওয়া, আন্দোলিত করা; চুয়াইয়া পড়া, ভেদ করিয়া যাওয়া।

~ عَلَى : আক্রমণ করা, আগ্রাসন চালানো, ঝাঁপাইয়া পড়া।



www.pathagar.com

هَرَا : ـُ (هَرْو) লাঠি দ্বারা প্রহার করা, লাঠিপেটা করা, বেত্রাঘাত করা, মুগুর দ্বারা আঘাত করা।

هَرِيَ : ـَ (هَرِيَة) প্রহার করা।

هَرَّى ,~ : (تَهْرِيَة) ক্ষয় করা।

هَارَى : (مُهَارَاة) ঠাট্টা করা, উপহাস করা।

تَهَرَّى : লাঠি দ্বারা প্রহার করা।

اِهْتَرَى ,~ : (اِهْتِرَاء) জীর্ণ হওয়া; পচিয়া যাওয়া; টুকরা টুকরা হওয়া।

هِرَاوَة : লাঠি, যষ্টি, বেত্র, মুগুর, দণ্ড। ব هَرَاوَى

هِرَاوَةُ الْمُلْكِ : রাজদণ্ড, শাসনদণ্ড।

هُرْيٌ : শস্যের গুদাম। ব أَهْرَاء

مُهْتَرِي، هُرْيَة : টুকরা টুকরা।

هَارٍ : দুর্বল, জীর্ণ; অস্থির, টলটলায়মান।

هَرَاة : হেরাত : উত্তর-পশ্চিম আফগানিস্তানের একটি নগরী।

هَرْيَان : পচন।

هَرْوَلَ : (هَرْوَلَة) দ্রুত চলা; ত্বরা করা।

~ إِلَى : ছুটিয়া যাওয়া; ঝাঁপাইয়া পড়া।

هَرْوَلَة : দ্রুত চলন; ত্বরা; তাড়াহুড়া।

مُهَرْوِل : তাড়াহুড়াকারী, ত্বরাকারী।

هَزَّ : ـُ (هَزّ) هَزَّزَ (تَهْزِيز) নাড়ানো, আন্দোলিত করা, কম্পিত করা, উত্তেজিত করা।

~ : (هَزِيز) গান গাহিয়া পশু তাড়ানো।

اِهْتَزَّ، تَهَزَّزَ : (اِهْتِزَاز) নড়া, আন্দোলিত হওয়া।

~ : কাঁপা; আঘাত পাওয়া, অভিভূত হওয়া; শিহরিত হওয়া; উৎফুল্ল হওয়া, আনন্দে নাচা; (উট) নাচিয়া নাচিয়া চলা, (গাছ) লম্বা হওয়া।

هَزّ، تَهْزِيز : আন্দোলিতকরণ, কম্পিতকরণ; আন্দোলন, কম্পন।

هَزَّة : কম্পন, আন্দোলন, নড়ন; উত্তেজনা। ব هَزَّات

هَزَّة أَرْضِيَّة : ভূমিকম্প।

هَزَّةُ الطَّرَبِ ~ السُّرُورِ : আনন্দোল্লাস।

هِزَّة : চঞ্চলতা, স্ফূর্তি; বুদ্বুদ।

هَزِيز ,~ : (বজ্রের) গুরুগুরু ধ্বনি, গর্জন; (বাতাসের) শোঁ শোঁ শব্দ।

اِهْتِزَاز : কম্পন, আন্দোলন, শিহরণ, উত্তেজনা, আবেগ।

اِهْتِزَازَة : কম্পন।

مَهَزّ، مَهَزَّة : কম্পন, শিহরণ, ঝাঁকুনি।

مِهَزَّة : বড় চালুনি, ঝাঁজরি।

مَهْزُوز : ঝাঁকুনি দেওয়া হইয়াছে এমন বস্তু; নির্বোধ।

مُهْتَزّ : কাঁপিতেছে এমন, কম্পমান; অভিভূত, শিহরিত, উৎফুল্ল।

هَزَأَ، هَزِئَ : ـَ (هَزْء، هُزْء، هُزُء، هُزُوء، هُزُوَة، مَهْزَأَة) ~ ب، مِنْ ঠাট্টা করা, উপহাস করা; কৌতুক করা।

~، ~ ب : উপেক্ষা করা, অবজ্ঞা করা, উত্তেজিত করা।

هَزِئَ : ـَ (هَزْء) হঠাৎ মরিয়া যাওয়া।

أَهْزَأَ : (إِهْزَاء) ঠাণ্ডায় আক্রান্ত হওয়া।

تَهَزَّأَ، اِسْتَهْزَأَ : ~ ب، مِنْ، عَلَى ঠাট্টা করা, উপহাস করা, বিদ্রূপ করা।

هَزْء، هُزْء، هُزُء، هُزُوء، اِسْتِهْزَاء، مَهْزَأَة : ঠাট্টা, বিদ্রূপ, উপহাস; ঘৃণা, অবজ্ঞা।

هُزْئِيّ، اِسْتِهْزَائِيّ : বিদ্রূপাত্মক।

هُزْأَة : উপহাসের বস্তু।

هُزَأَة : বিদ্রূপকারী, ব্যঙ্গকারী; ঘৃণাকারী।

هَازِئ، مُسْتَهْزِئ : ঠাট্টাকারী, বিদ্রূপকারী।

هَازِئَة : শীতল (সকাল); দুস্তর (মরুভূমি)।

هَزْبَرَ : (هَزْبَرَة) বিচ্ছিন্ন করা, কাটিয়া ফেলা।

هِزَبْر، هِزْبَر : সিংহ। ব هَزَابِر

هَزْبَلَ : (هَزْبَلَة) একেবারে নিঃস্ব হইয়া যাওয়া।

هَزِجَ : ـَ (هَزَج)، هَزَّجَ (تَهْزِيج) গাওয়া, গুনগুন করা, সুর করিয়া আবৃত্তি করা।

أَهْزَجَ : (إِهْزَاج) চতুষ্পদী ছন্দে কবিতা রচনা করা।

تَهَزَّجَ : (ধনুক) টঙ্কার-ধ্বনি করা, (বজ্র) গর্জন করা; গুনগুন করা।

هَزَج : স্বরের কম্পন, বজ্রের গর্জন, কবিতার (চতুষ্পদী) ছন্দবিশেষ। ব أَهْزَاج



www.pathagar.com

هَزِجٌ : গুনগুন করিতেছে এমন; প্রফুল্ল, উৎফুল্ল।

هَازِجَةٌ : গায়ক পাখি।

هَزِيجٌ : (রাত্রির) অংশ।

أُهْزُوجَةٌ : গান, জনপ্রিয় সঙ্গীত। ব أَهَازِيجُ

هَزَرَ - : (هَزْرٌ) হাসা; দুর্নাম করা; বিতাড়িত করা।

هَزَّرَ : (تَهْزِيرٌ) কৌতুক করা, রসিকতা করা, উপহাস করা।

هِزْرٌ : প্রতারিত, নির্বোধ।

هَزْرَةٌ : প্রহার, বেত্রাঘাত; অলসতা। ব هَزَرَات

~، هُزَيْرَةٌ : মন্থরতা।

هَزَارٌ : (ফা) বুলবুল (পাখি)। ব هَزَارَات

هِزَارٌ : কৌতুক, রসিকতা।

مَهْزُورٌ، هَزِيرٌ : বিতাড়িত।

مُهَزَّرٌ : জীর্ণ বস্ত্র পরিহিত ব্যক্তি।

هَزْرَفَ : (هَزْرَفَةٌ) দ্রুতগামী হওয়া।

هِزْرَافٌ، هُزَارِفٌ، هِزْرَوْفٌ، هُزْرُوفٌ : দ্রুতগামী উটপাখি।

هَزَعَ - : (هَزْعٌ)، تَهَزَّعَ ত্বরা করা, দ্রুত গমন করা; ছুটিয়া যাওয়া।

هَزَّعَ : (تَهْزِيعٌ) চূর্ণ করা।

إِنْهَزَعَ : (إِنْهِزَاعٌ) চূর্ণ হওয়া।

إِهْتَزَعَ : (إِهْتِزَاعٌ) ত্বরা করা, কাঁপিয়া উঠা।

هِزَاعٌ : একক বস্তু বা বিষয়।

هَزِيعٌ : (রাত্রির) কিয়দংশ। ব هُزُعٌ

الهَزِيعُ الأخِيرُ مِنَ اللَّيْلِ : রাত্রির শেষ প্রহর।

أَهْزَعُ : তূনীরের সর্বশেষ তীর।

هَزَفَ - : (هَزْفٌ) উড়াইয়া নেওয়া।

هَزِقَ - : (هَزَقٌ) প্রাণবন্ত হওয়া, কর্মচঞ্চল হওয়া, হর্ষোৎফুল্ল হওয়া।

أَهْزَقَ فِى الضَّحِكِ، هَزِقَ فِى الضَّحِكِ : হাসিতে ফাটিয়া পড়া।

هَزَقٌ : প্রাণ-চাঞ্চল্য, প্রফুল্লতা।

مِهْزَاقٌ : অট্টহাস্যকারী।

هَزَلَ - هَزِلَ - هُزِلَ (هَزْلٌ، هُزْلٌ)، (هَزَلٌ)، هُزِلَ : কৃশ হওয়া, শুকাইয়া যাওয়া; হালকা-পাতলা হওয়া; দুর্বল হওয়া। (إِنْهِزَالٌ) إِنْهَزَلَ، (هُزَالٌ)

~ - : (هَزْلٌ) কৌতুক করা, ঠাট্টা করা, রসিকতা করা, তামাশা করা।

~، هَزَّلَ، أَهْزَلَ : (إِهْزَالٌ، تَهْزِيلٌ) কৃশ করা, ওজন কমানো; (অযত্নে) দুর্বল করা।

هَزَلَ فِى كَلَامِهِ : সে হালকাভাবে কথা বলিল, কৌতুকচ্ছলে কথা বলিল, রসিকতা করিল।

هَازَلَ : (مُهَازَلَةٌ) কৌতুক করা, রসিকতা করা, তামাশা করা।

أَهْزَلَ : (إِهْزَالٌ) দুর্বল গবাদিপশুর মালিক হওয়া।

إِسْتَهْزَلَ : (إِسْتِهْزَالٌ) তুচ্ছ জ্ঞান করা, অবজ্ঞাপূর্ণ দৃষ্টিতে তাকানো।

هَزْلٌ، هُزْلٌ، هُزَالَةٌ : কৌতুক, রসিকতা, তামাশা, ঠাট্টা।

هَزْلِيٌّ : কৌতুকপ্রদ, হাস্যোদ্দীপক, মজার বিষয়।

رِوَايَةٌ هَزْلِيَّةٌ، هَزْلِيَّةٌ : গীতিনাট্য।

صُورَةٌ هَزْلِيَّةٌ : ব্যঙ্গ-চিত্র।

هَزِلٌ، هَزَّالٌ، هِزِّيلٌ : ভাঁড়।

هَازِلٌ : উপহাসকারী, কৌতুককারী; হাস্যোদ্দীপক, কৌতুকপ্রদ; ভাঁড়।

هُزَالٌ : কৃশতা।

هَزِيلٌ : (ব هَزْلَى) مَهْزُولٌ (ব مَهَازِيلُ) কৃশ; হালকা-পাতলা, দুর্বল; রোগা।

هُذَيْلُ بْنُ شُرَحْبِيلَ : হুযাইল ইবন শুরাহ্বীল (র)। একজন তাবিঈ।

الهُزَيْلُ : আবুল-হুযাইল মুহাম্মদ (৭৫৩-৮৪০ খ্রি) জন্ম বসরায়, শিক্ষা গ্রহণ ও মৃত্যুবরণ বাগদাদে। প্রখ্যাত মু'তাযিলী দার্শনিক।

مَهْزَلَةٌ : কৌতুকপূর্ণ নাটক, হাস্যরসের গল্প, প্রহসন, কমেডি, Comedy. ব مَهَازِلُ

هَزْلَجَ : (هَزْلَجَةٌ) (উটপাখি) দ্রুত ধাবন করা।

هَزَلَّجٌ : দ্রুতগামী উটপাখি।

هِزْلَاجٌ : ক্ষিপ্রপদ নেকড়ে।



www.pathagar.com

هَزْلَاجٌ : দ্রুতগামী।

هَزَمَ - هَزْمًا (هَزْم) هَزَّمَ (تَهْزِيم) : পরাজিত করা, ছত্রভঙ্গ করিয়া দেওয়া; (ধনুক) টঙ্কার-ধ্বনি করা।

تَهَزَّمَ : (ধনুক) টঙ্কার-ধ্বনি করা; (বজ্র) গর্জন করা; (চামড়া) ফাটিয়া যাওয়া; ভাঙ্গিয়া যাওয়া।

إِنْهَزَمَ : هُزِمَ، (إِنْهِزَام) পরাজিত হওয়া, ছত্রভঙ্গ হওয়া; ভাঙ্গিয়া যাওয়া।

إِهْتَزَمَ : (إِهْتِزَام) (অশ্ব) ভূমিতে পদাঘাত করা; দ্রুত আরম্ভ করা; জবাই করা।

هَزْمٌ : পরাজিতকরণ, ছত্রভঙ্গকরণ; পরাজয়।

~ : বৃষ্টিহীন মেঘ; নিচু ভূমি। ব هُزُوم

هَزْمَةٌ : (পাথর ইত্যাদির মধ্যে সৃষ্ট) গর্ত। ব هُزُوم، هَزَمَات، هَزْم

هَزَمٌ، تَهْزِيمٌ : ধনুকের টঙ্কার-ধ্বনি।

هَزِمٌ : বশ্য (অশ্ব); প্রবল (বৃষ্টি)।

هَزُومٌ : টঙ্কার-ধ্বনি করিতেছে এমন ধনুক।

هَزِيمٌ : বজ্র, (বজ্রের) গর্জন; পলায়নপর; প্রবল (বৃষ্টি)।

هَزِيمَةٌ : পরাজয়, ছত্রভঙ্গ, পলায়ন। ব هَزَائِم

نَصِيرُ الْهَزِيمَةِ : কর্তব্য পরোন্মুখ ব্যক্তি; পরাজিত হওয়ার মনোভাবসম্পন্ন ব্যক্তি।

هَازِمَةٌ : দুর্ভাগ্য, অসম্মান। ব هَوَازِم

إِنْهِزَامٌ : পরাজয়বরণ; পরাজয়, পলায়ন।

إِنْهِزَامِيَّةٌ، رُوحُ الإِنْهِزَامِ : পরাজয়মনস্ক।

إِنْهِزَامِيٌّ : পরাজিত মনোভাবসম্পন্ন।

هَزْمَجَ : (هَزْمَجَة) অবিরামভাবে কথা বলা, অস্পষ্ট শব্দ করা।

هَزْمَجَةٌ : অবিরাম কথা, শব্দের অস্পষ্টতা।

هُزَامِجٌ : অস্পষ্ট (শব্দ)।

هَزْهَزَ : (هَزْهَزَة) নাড়ানো, আন্দোলিত করা, ঝাঁকুনি দেওয়া, নাড়া দেওয়া, উত্তেজিত করা।

تَهَزْهَزَ : নড়া, আন্দোলিত হওয়া, ঝাঁকুনি খাওয়া; উত্তেজিত হওয়া; কম্পিত হওয়া।

هَزْهَزَةٌ : কম্পন, আন্দোলন, আলোড়ন, ঝাঁকুনি; উত্তেজনা; আবেগ; গণ্ডগোল। ব هَزَاهِز

هَزَا - ُ (هَزْو) : প্রস্থান করা, চলিয়া যাওয়া।

هَسَّ - ُ (هَسّ) : চূর্ণ করা, টুকরা টুকরা করা।

~ - : (هَسِيس) চুপে চুপে কথা বলা, ফিসফিস করা।

هَسَّ الْكَلَامَ : চুপি চুপি কথা বলা, ফিসফিস করিয়া কথা বলা।

هَسّ، هَسِيس : চাপা কথা, ফিসফিসানি।

هُسّ : চুপ! Hush!

هِسْتُولُوجِيَا : দেহ-তন্তুর বিজ্ঞান, দেহ-কলাস্থান, Histology.

هِيسْتِيرِيَا، هِسْتِيرِيَا : মূর্ছারোগ, মৃগী, Hysteria.

هَسْهَسَ، تَهَسْهَسَ : (هَسْهَسَة) ঠনঠন, ঝনঝন, খসখস ইত্যাদি শব্দ করা।

~ : (সংবাদ) গোপন করা।

هَسْهَسَةٌ : ঠনঠন, ঝনঝন, খসখস ইত্যাদি অনুকার শব্দ।

هَسَاهِس : ফিসফিসানি।

هَسَعَ - َ (هَسْع) : ত্বরা করা।

هَشَّ - ُ (هَشّ) : দুর্বল হওয়া, ভাঙ্গিয়া পড়া; গাছের পাতা পাড়া; (মাছি) তাড়ানো।

~ : (هَشَاشَة، هَشَاش) হর্ষোৎফুল্ল হওয়া; হাসিখুশি থাকা।

~ لِ : প্রস্তুত হওয়া; আনন্দিত হওয়া।

~ لِ، بِ : হাসিমুখে সাক্ষাৎ করা, সাদর অভ্যর্থনা জানানো।

~ - َ : (هَشُوشَة) (রুটি) তাজা ও মচমচে হওয়া, নরম হওয়া, ক্ষণভঙ্গুর হওয়া।

~ - َ : (هَشَاشَة) নরম হওয়া।

هَشَّشَ : (تَهْشِيش) প্রফুল্ল করা, প্রাণবন্ত করা, আনন্দিত করা, উৎসাহিত করা।

إِهْتَشَّ : (إِهْتِشَاش) ~ لِ প্রস্তুত হওয়া।

إِسْتَهَشَّ : (إِسْتِهْشَاش) দুর্বল পাওয়া; প্রফুল্ল পাওয়া।



www.pathagar.com

هَشٌّ : নরম, তাজা, টাটকা, মচমচে, সহজে চূর্ণ করা যায় এমন, ভঙ্গুর; প্রফুল্ল, প্রাণবন্ত, হর্ষোৎফুল্ল।

هَشٌّ الْمَكْسَرِ : নরম, সিদ্ধান্ত গ্রহণে দুর্বল; সদয়; ভঙ্গুর।

~ الْوَجْهِ : সহাস্যবদন, হর্ষোৎফুল্ল মুখ।

هَشٌّ بَشٌّ : হাসিখুশি, প্রফুল্ল।

حَجَرٌ هَشٌّ : ঝামা-পাথর।

هُشٌّ : চুপ!

هَاشٌّ : মচমচে; ভঙ্গুর; প্রফুল্ল, সহাস্যবদন।

هَاشٌّ بَاشٌّ : হাসিখুশি, প্রফুল্ল।

هَشَاشٌ : নরম, ভঙ্গুর।

هَشَاشَةٌ : প্রফুল্লতা, সহাস্যতা; চেহারার ঔজ্জ্বল্য, সদাশয়তা।

هُشُوشَةٌ : ভঙ্গুরতা।

هَشِيشٌ : নরম, ভঙ্গুর; সদয়; শুকনা ঘাস।

هَشَرَ - ُ : (هَشْرٌ) (উষ্ট্রী) নিংড়াইয়া দোহন করা।

هَشْرٌ : কৃশতা, চপলতা, কোমলতা।

هَشْرَةٌ : প্রফুল্লতা, আত্মম্ভরিতা।

هَشَّكَ : (تَهْشِيكٌ) (শিশুকে) নাচানো।

هَشَلَ - ُ : (هَشْلٌ) প্রবাসী হওয়া, ভবঘুরে হওয়া।

هَشَّلَ : (تَهْشِيلٌ) (উষ্ট্রী) স্বল্প দুধ দেওয়া; বিতাড়িত করা।

اهْشَلَ : (إِهْشَالٌ) মালিকের অনুমতি ছাড়া (পশু) ধার দেওয়া।

إِهْتَشَلَ : (إِهْتِشَالٌ) অনুমতি ছাড়া পশু ব্যবহার করা।

هَشْلَةٌ : ভবঘুরেমি।

هَاشِلٌ : ভবঘুরে।

هَشِيلَةٌ : বিনা অনুমতিতে ব্যবহৃত পশু।

هَشَمَ - ِ : (هَشْمٌ) (শুষ্কদ্রব্য) চূর্ণ করা, খণ্ড খণ্ড করা।

هَشَمَ الذَّرَّةَ : অণু বিভাজন করা।

هَشَّمَ : (تَهْشِيمٌ) খণ্ড খণ্ড করা, চূর্ণ করা, ধ্বংস করা; সম্মান করা।

اِنْهَشَمَ، تَهَشَّمَ : (اِنْهِشَامٌ) চূর্ণ হওয়া, খণ্ড খণ্ড হওয়া; ভাঙ্গিয়া পড়া।

~ : ~ لِ শান্ত করা।

~ عَلَى : সহৃদয়তা প্রদর্শন করা।

تَهْشِيمٌ، هَشْمٌ : চূর্ণন।

هَشِمٌ : উদার, বদান্য।

هَشَمَةٌ : পাহাড়ি ছাগ। ব هَشَمَاتٌ

هَاشِمٌ : হাশিম ইব্ন 'আব্দ মানাফ ঃ রাসূলুল্লাহ (স)-এর প্রপিতামহ। তাঁহার আসল নাম 'আমর। গাযা উপত্যকায় তাঁহার কবর অবস্থিত। তাঁহার বংশধরগণ বানূ হাশিম নামে খ্যাত।

هَاشِمِيٌّ : বানূ হাশিম গোত্রীয়।

هَاشِمَةٌ : মাথায় প্রাপ্ত আঘাত; অস্থি চূর্ণকারী আঘাত।

هِشَامٌ : বদান্যতা, উদারতা।

هَشِيمٌ : দুর্বল, ভঙ্গুর; শুকনা ঘাস, খড়।

هَشِيمَةٌ : অনুর্বর ভূমি, শুষ্ক ভূমি। ব هَشِيمٌ

مُهَشَّمٌ : বিচূর্ণ, খণ্ড খণ্ডকৃত, ধ্বংসপ্রাপ্ত।

هَشْهَشَ : আন্দোলিত হওয়া বা করা; উত্তেজিত হওয়া।

هَشْهَشَةٌ : উত্তেজনা; আন্দোলন।

هَشْهَاشٌ : উদার, বদান্য, উত্তম চরিত্রবান।

هَاشَا : (مُهَاشَاةٌ) কুস্তি করা, কৌতুক করা।

هَصَّ - ُ : (هَصٌّ) চূর্ণ করা; পদদলিত করা; বিদ্ধ করা; হস্ত দ্বারা ছাপ দেওয়া।

هَصَّصَ : (تَهْصِيصٌ) উজ্জ্বল চক্ষুবিশিষ্ট হওয়া।

هَاصَّةٌ : হাতির চক্ষু।

مَهْصُوصٌ، هَصِيصٌ : বিচূর্ণ; পদদলিত।

هَصِيصُ النَّارِ : অগ্নিস্ফুলিঙ্গ।

هَصَرَ - : (هَصْرٌ)، اِهْتَصَرَ، (اِهْتِصَارٌ) নিজের দিকে টানিয়া আনা, আকর্ষণ করা, নোয়ানো; ভাঙ্গিয়া ফেলা।

اِنْهَصَرَ : (اِنْهِصَارٌ) নুইয়া আসা, ভাঙ্গিয়া যাওয়া।



www.pathagar.com

هَصْرَةٌ، هَصَرَةٌ : কবচরূপে ব্যবহৃত সামুদ্রিক শঙ্খ।

هَيْصَر، هَصُور، هَصَّار، هُصَر، هَاصِر، هَصِر، مِهْصَر، مِهْصَار : সিংহ।

هَصَمَ - : (هَصْم) ভাঙ্গিয়া ফেলা, চূর্ণ করা।

مِهْصَم، هَيْصَم، هَصَّام، هُصَم : মহাবিক্রম সিংহ।

هَيْصَم : শক্তিশালী লোক।

هَصَا - ُ : (هَصْو) বৃদ্ধ হওয়া।

هَاصَى : (مُهَاصَاة) মেরুদণ্ড ভাঙ্গিয়া ফেলা।

أَهْصَا : শক্তিশালী লোক।

هَضَّ - ُ : (هَضّ) দ্রুত চলা, ছুটিয়া চলা; অগ্রসর হওয়া।

إِهْتَضَّ : (إِهْتِضَاض) আস্তে আস্তে ভাঙ্গা, চূর্ণ করা।

إِنْهَضَّ : (إِنْهِضَاض) ভাঙ্গিয়া যাওয়া, চূর্ণ হওয়া।

هَضَّاض : শক্তিশালী পশু; ভয়ঙ্কর (ষাঁড়)।

مَهْضُوض، هَضِيض : ভগ্ন, চূর্ণ বস্তু।

هَضَبَ - َ : (هَضْب) বাগ্‌বহুল হওয়া; অধিক কথা বলা; অনর্গল বলা; না থামিয়া অনেক দূর দৌড়াইতে পারা; অবিরাম বৃষ্টি বর্ষণ করা; সিক্ত করা।

~ بِ : অনর্গল বলা, আবৃত্তি করা, অধিক কথা বলা।

إِهْتَضَبَ : (إِهْتِضَاب) বাগ্‌বহুল হওয়া, অধিক কথা বলা।

إِسْتَضْهَبَ : (إِسْتِضْهَاب) (পাহাড়) আয়তাকার হওয়া।

هَضْبَة : টিলা, পাহাড়; বিস্তৃত পর্বত; প্রবল বৃষ্টি। ব هِضَاب

هِضَبّ : সবল, শক্তিশালী, কষ্টসহিষ্ণু; অধিক ঘর্মবিশিষ্ট (অশ্ব)।

أُهْضُوبَة : মেঘ-বর্ষণ, বৃষ্টিপাত। ব أَهَاضِيب

مِهْضَب : অধিক ঘর্মবিশিষ্ট (অশ্ব)।

هَضَّجَ : (تَهْضِيج) (মেষকে) পর্যাপ্ত খাদ্য দেওয়া।

هَضَلَ - ُ : (هَضْل) ~ بِ নির্গত করা।

أَهْضَلَ : (إِهْضَال) বৃষ্টি বর্ষণ করা।

هَيْضَل : বিরাট সংখ্যক সৈন্য, সশস্ত্র দল।

هَيْضَلَة : সশস্ত্র দল; হট্টগোল।

هَضَمَ - ِ : (هَضْم) (খাদ্য) হজম করা; অত্যাচার করা, অন্যায় করা; আত্মসাৎ করা; সরাইয়া দেওয়া; সহ্য করা; লজ্জিত করা, অপ্রস্তুত করা; পছন্দ করা; ভাঙ্গিয়া ফেলা; (ন্যায্য প্রাপ্য) তসরুফ করা; (দাবি, স্বত্ব) ত্যাগ করা।

هَضِمَ - َ : (هَضَم) (অশ্ব) কৃশ হওয়া।

أَهْضَمَ : (إِهْضَام) (পশু) সামনের দাঁত ঝাড়া।

إِهْتَضَمَ، تَهَضَّمَ : (إِهْتِضَام) অত্যাচার করা, অন্যায় করা।

إِنْهَضَمَ : (إِنْهِضَام) (খাদ্য) হজম হওয়া, সুপাচ্য হওয়া, গলিয়া যাওয়া, ভাঙ্গিয়া যাওয়া, চূর্ণ হওয়া।

هَضْم : হজম শক্তি, পরিপাক; সহ্য, ধৈর্য, সহিষ্ণুতা; দীর্ঘ দুঃখভোগ।

هَضْمُ الْجَانِبِ : সহিষ্ণুতা; প্রশ্রয়, সম্মতি।

سَهْلُ الْهَضْمِ : সুপাচ্য, সহজপাচ্য, লঘুপাক, হালকা।

~ سُوء : বদহজম, অজীর্ণতা।

~ عُسْر : দুষ্পাচ্যতা, অজীর্ণতা।

~ عَسِر : দুষ্পাচ্য, গুরুপাক।

هَضْمِيّ : হজমী পাচক; পরিপাক সম্বন্ধীয়; পুষ্টিকারক।

الْجِهَازُ الْهَضْمِيّ : পরিপাক-যন্ত্র, Digestive organs.

الْقَنَاةُ الْهَضْمِيَّة : খাদ্যনালী।

هَاضِم، هَضُوم : হজমে সহায়ক, জীর্ণকারক (ঔষধ), হজমী দ্রব্য। ব هَوَاضِمُ

قُوَّة هَاضِمَة : হজম-শক্তি।

~ : সুপাচ্য; স্বাস্থ্যকর।

مَهْضُوم، هَضِيم : হজমকৃত; বিচূর্ণ; পাচ্য; অত্যাচারিত।

أَهْضَم : কৃশ। স্ত্রী هَضْمَاء ব هُضْم



www.pathagar.com

هَضِيمَة : অন্যায়, অত্যাচার। ব هَضَائِم

أَهْضَام : সুগন্ধি দ্রব্যবিশেষ।

اهْضَام الوَادِى : উপত্যকার অভ্যন্তর ভাগ।

إِنْهِضَام : হজম, পরিপাক, পাচ্যতা।

سَرِيع الإِنْهِضَام : সুপাচ্য, সহজপাচ্য।

~ بَطِيئ : দুষ্পাচ্য।

هَاضَى : (مُهَاضَاة) অবজ্ঞা করা, নির্বোধ মনে করা।

هضَاة : কেশগুচ্ছ; গাধী।

أَهْضَاء : মানুষের দল।

أَهَطّ : দ্রুতগামী (উট)। স্ত্রী هَطَّاء ব هُطّ

هَطَرَ - : (هَطْر) লাঞ্ছিত করা, ফেলিয়া দেওয়া, প্রচণ্ড লাঠিপেটা করা।

تَهَطَّرَ : পড়িয়া যাওয়া, ভাঙ্গিয়া পড়া।

هَطْرَة : ধনীর কাছে দরিদ্রের বিনয়ে ভিক্ষা চাওয়া।

تَهَطْرَسَ : হেলিয়া দুলিয়া চলা।

هَطَعَ - َ : (هُطُوع، هَطْع) (পশু) কোন দিকে না তাকাইয়া সন্ত্রস্তভাবে গমন করা।

أَهْطَعَ، إِسْتَهْطَعَ : (إِسْتِهْطَاع، إِهْطَاع) ~ فِى গ্রীবা প্রসারিত করিয়া দ্রুত চলা।

أَهْطَعَ فِى العَدْوِ : দ্রুত ধাবন করিল।

هَطِيع : প্রশস্ত পথ, বড় রাস্তা।

هَطَفَ - : (هَطْف) বৃষ্টি বর্ষণ করা; দুগ্ধ দোহন করা।

هَطْف : বর্ষণ, বৃষ্টিপাত।

هَطَلَ - : (هَطْل، هَطَلَان، تَهْطَال) (বৃষ্টি) মুষলধারে বর্ষিত হওয়া; (পানি) ঢালিয়া দেওয়া; ঝর ঝর করিয়া ঘর্ম নির্গত হওয়া।

هَطَلَ بِالدَّمْعِ : প্রচুর অশ্রু বর্ষণ করা।

تَهَطَّلَ، تَهَاطَلَ : (বৃষ্টি) মুষলধারে বর্ষিত হওয়া।

تَهَاطَلَ : ~ عَلَى অনবরত আসা।

هَطْل، هَطَلَان، هُطُول : অবিরাম বর্ষণ, প্রবল বর্ষণ।

هِطْل : নেকড়ে।

هَطِل، هَاطِل : মুষলধারে বর্ষণকারী, মুষলধারে বর্ষিত।

هَطَّال : মুষলধারে বর্ষণকারী।

هَطْلَى : মন্থরগতি (পশু)।

هَيْطَل : শৃগাল, খেঁকশিয়াল। ব هَيَاطِل، هَيَاطِلَة

هَطَلَّع : বিরাটসংখ্যক সৈন্য; জনতা; শক্তিধর বাহিনী।

هَطَا - ُ : (هَطْو) ~ بِ নিক্ষেপ করা।

هَفَّ - : (هَفِيف، هَفّ) (বাতাস) শোঁ শোঁ শব্দ করা, শন্ শন্ শব্দ করা; দ্রুত প্রবাহিত হওয়া; (সুবাস) ছড়াইয়া পড়া।

~ : (هَفِيف) দ্রুত চলা; দ্রুত আগমন বা অতিক্রম করা; চকচক করা, ঝিকমিক করা, ঝলকাইয়া উঠা; হালকা স্পর্শ করা, পরশ বুলানো; মৃদু আঘাত করা।

هَفَّ عَلَى البَال : হঠাৎ মনে পড়া।

إِهْتَفَّ : (إِهْتِفَاف) চকচক করা, ঝিকমিক করা; (কানে) ভোঁ ভোঁ শব্দ হওয়া।

هَفّ : ছোট মাছবিশেষ।

هِفّ : হালকা; শূন্য; চিন্তাশূন্য; চঞ্চলমনা; বৃষ্টিহীন (মেঘ); মধুবিহীন (মৌচাক); ফসল ঝরা (ক্ষেত)।

هَفَّاف : উজ্জ্বল, চকচকে, মিটমিটে; হালকা, চঞ্চল, কম্পমান; স্বচ্ছ; বাতাসে ভাসমান; দ্রুত চলমান; মৃদুমন্দ (বায়ু)।

هَفَّان : চিহ্ন।

مِهَفَّة : পাখা, পালকের ঝাড়ু, ডাস্টার।

مُهَفَّف : পাতলা, সরু; চকচক করিতেছে এমন (মরীচিকা)।

مَهْفُوف : চঞ্চলমনা, আস্থিরবুদ্ধি; দায়িত্বহীন; হঠকারী।

هَفَتَ - : (هُفَات، هَفْت) অসঙ্গত হওয়া, অযৌক্তিক হওয়া; নিরর্থক কথা বলা, উদ্দেশ্যহীনভাবে কথা বলা; উড়িয়া বেড়ানো; সূক্ষ্ম হওয়া, কৃশ হওয়া, ক্ষুধায় দুর্বল হওয়া।



www.pathagar.com

إِنْهَفَتَ : (إِنْهِفَات) ভাঙ্গিয়া পড়া, খণ্ড খণ্ড হইয়া যাওয়া।

تَهَافَتَ : একে অন্যের উপর পতিত হওয়া; টুকরা টুকরা হইয়া যাওয়া; ভাঙ্গিয়া পড়া; ঝরিয়া পড়া।

~ عَلَى : ঝাঁপাইয়া পড়া; হুমড়ি খাইয়া পড়া; ভিড় করা; ব্যাকুল হওয়া; চাপ প্রয়োগ করা।

هَفْت : নিচু ভূমি; দ্রুত পতনশীল (বৃষ্টি); নির্বুদ্ধিতা; বিরক্তি।

هَفَات : নির্বোধ।

هَافِت : ভুল, ভ্রান্ত; ক্ষীণ, অনুজ্জ্বল।

هَفِيتَة : দুর্ভিক্ষতাড়িত শরণার্থীদল।

هَفَّتَان : (মি) দুর্বল, কাহিল, ক্ষুধার্ত, ক্ষুধায় মূর্ছিত।

تَهَافُت : পতন, অবক্ষয়; অনবরত পতন, খণ্ড খণ্ড হইয়া পতন; ঝাঁপাইয়া পড়ন।

تَهَافُت عَصَبِيّ، تَهَافُت الأعْصَاب : স্নায়বিক দৌর্বল্য।

~ الفَلاَسِفَة : ইমাম আল-গাযালী রচিত প্রসিদ্ধ দর্শনগ্রন্থ। ইহাতে গ্রীক-দর্শনের বহু মতবাদ খণ্ডন করা হইয়াছে। আন্দালুসীয় দার্শনিক ইবনে রুশ্‌দ তাঁহার রচিত تَهَافُت التَّهَافُت নামক গ্রন্থে উক্ত গ্রন্থের সমালোচনা করিয়াছেন।

مَهْفُوت : হতবুদ্ধি, কিংকর্তব্যবিমূঢ়, স্তম্ভিত।

هَفْهَفَ، تَهَفْهَفَ : (هَفْهَفَة) কৃশ হওয়া, ছিপছিপে হওয়া, হালকা-পাতলা হওয়া, ছিমছাম হওয়া।

~ : বাতাসে উড়া।

هَفْهَفَة : বাতাসের শোঁ শোঁ শব্দ, শন্ শন্ শব্দ।

مُهَفْهَف، هَفْهَاف : কটি, কৃশ; ছিপছিপে, হালকা-পাতলা, ~ ~ শূন্যে দ্রুত উড্ডীয়মান।

هَفَا - ُ : (هَفَوَان، هَفْوَة، هَفْو) দ্রুত ধাবন করা; স্খলিত হওয়া, ভুল করা; অনাহারে ক্লিষ্ট হওয়া; উড়া, শূন্যে ভাসা।

~ إِلَى : ছুটিয়া যাওয়া, ধাবিত হওয়া, ঝাঁপাইয়া পড়া; দ্রুত উপনীত হওয়া; প্ররোচিত করা।

هَفَا : (هُفُوّ، هَفْو) উড়া, শূন্যে ভাসা; ব্যাকুল হওয়া, উদ্বেলিত হওয়া; পাক খাওয়া; (হৃৎপিণ্ড) স্পন্দিত হওয়া, ধুকধুক করা।

~ بِ : উড়ানো।

~ إِلَى : (হৃদয়) কামনা করা।

هَفِيَ - َ : (هَفًى) অনাহারে ক্লিষ্ট হওয়া, অনাহারে মরা।

هَفَّى : (تَهْفِيَة) অনাহারে মারা, অনাহারে শুকাইয়া মারা।

هَافَى (مُهَافَاة) : প্রলুব্ধ করা।

هَفًا : ক্ষণস্থায়ী বৃষ্টি; তীব্র ক্ষুধা।

هَفَاة : হালকা বৃষ্টি।

هَفْوَة : ভুল, স্খলন, ভ্রান্তি; ত্রুটি, অপরাধ। ব هَفَوَات

هَاف : ক্ষুধার্ত, অনাহার-ক্লিষ্ট।

هَقْب : প্রশস্ততা, ব্যাপকতা।

هَقَبْقَب : সবল, শক্তিশালী, কষ্টসহিষ্ণু।

هَقَوَّر : দীর্ঘকায় লোক।

هَقَعَ - َ : (هَقْع) তপ্ত লৌহ দ্বারা দাগ দেওয়া।

تَهَقَّعَ : গর্ব প্রকাশ করা, উদ্ধত হওয়া।

إِنْهَقَعَ : (إِنْهِقَاع) ক্ষুধায় কষ্ট পাওয়া।

إِهْتَقَعَ : (إِهْتِقَاع) বিচ্যুত করা; নিঃশেষ করা, বিদ্ধ করা।

أُهْتُقِعَ : বিবর্ণ হওয়া, (রঙ) নষ্ট হওয়া।

هَقِع : অতৃপ্ত।

هَيْقَعَة : তরবারির সংঘর্ষজনিত ধ্বনি; ঝনৎকার।

مُهَقُوع : পার্শ্বদেশে কেশগুচ্ছবিশিষ্ট (অশ্ব)।

هَيْقَل، هِقْل : উটপাখি।

هَاقِل : পুরুষ মূষিক, মর্দা ইঁদুর।

هَقَلَّس : পুরুষ উটপাখি; খিটখিটে স্বভাবের ব্যক্তি, খেঁকশিয়াল; নেকড়ে। ব هَقَالِس

هَقِمَ - َ : (هَقَم) অত্যন্ত ক্ষুধার্ত হওয়া।

تَهَقَّمَ : বশীভূত করা, পরাভূত করা; বড় বড় গ্রাসে গিলিয়া ফেলা।



www.pathagar.com

هَقِم : অতি ক্ষুধার্ত; উদরসর্বস্ব।

هِقَمّ : পেটুক; সুগভীর সমুদ্র।

هَيْقَم : সমুদ্র গর্জনের অনুকরণ; গিলিবার ঢকঢক শব্দ; উত্তাল সমুদ্র।

هَقَى - ِ : (هَقْى) বিকারগ্রস্ত হওয়া।

أَهْقَى : (إِهْقَاء) নির্যাতন করা; বিপথগামী করা, প্রলুব্ধ করা।

هَكَّ - ُ : (هَكّ) ভাঙ্গিয়া ফেলা, চূর্ণ করা, গুঁড়া করা; নিংড়াইয়া দোহন করা; মাতাল করা; সুনাম নষ্ট করা। ব هَكَكَةٌ، أَهْكَاكٌ

هُكَّ : নিক্ষিপ্ত হওয়া, ভূপাতিত হওয়া।

إِنْهَكَّ : (إِنْهِكَاك) মাতাল হওয়া, নেশাগ্রস্ত হওয়া।

هَكّ : মনোব্যাধি। ব هَكَكَة، أَهْكَاك

مَهْكُوك، هَكِيك : চূর্ণিত, গুঁড়াকৃত।

هَكَبَ : (هَكْب) উপহাস করা, বিদ্রূপ করা।

هَكَّدَ : (تَهْكِيد) عَلَى ~ চাপ প্রয়োগ করা।

هٰكَذَا : (অ) এইরূপে, এইভাবে, এমনিভাবে, তদ্রূপ।

هَكَرَ - تَهَكَّرَ : (هَكْر) বিস্মিত হওয়া, অভিভূত হওয়া।

هَكِرَ - َ : (هَكَر، هَكْر) বিস্মিত হওয়া; অভিভূত হওয়া; নিদ্রামগ্ন হওয়া।

هَكِر، هَكُر : ঘুমন্ত; ভবঘুরে।

هَكَعَ - َ : (هُكُوع) শান্ত হওয়া; বিশ্রাম করা; কাশি দেওয়া; অন্ধকার ছড়ানো।

هَكِعَ - َ : (هَكَع)، إِهْتَكَعَ (إِهْتِكَاع) হীন হওয়া, বিনীত হওয়া; বিষণ্ন হওয়া; ক্রুদ্ধ হওয়া।

هُكَاع : নিদ্রা; ক্লান্তি; কাশি।

هُكَعَة : নির্বোধ।

هَكَفَ - َ : (هَكْف) দ্রুত হাঁটা বা দৌড়ানো।

هَكَّلَ : (تَهْكِيل) সদর্পে হাঁটা, ভঙ্গী করিয়া চলা, লাফাইতে লাফাইতে যাওয়া।

تَهَاكَلَ : যুদ্ধ করিতে আসা।

هَيْكَلَ : (هَيْكَلَة) বিরাটকায় হওয়া।

هَيْكَل : বিরাট, বিশাল; বিরাট বৃক্ষ; বিশাল ভবন; কাঠামো; উপাসনালয়, মন্দির; মঠ; গীর্জা; বেদী; প্রতিমূর্তি; কঙ্কাল। ব هَيَاكِل

الْهَيْكَل الْعَظْمِيّ : কঙ্কাল।

هَكَّمَ : (تَهْكِيم) গীত গাওয়া, গান করা।

تَهَكَّمَ : ভাঙ্গিয়া পড়া, ধ্বংসপ্রাপ্ত হওয়া; ঠাট্টা করা, বিদ্রূপ করা।

عَلَى ~ : নির্যাতন করা; ক্রোধোন্মত্ত হওয়া, অত্যন্ত ক্ষেপিয়া যাওয়া; হুমকি দেওয়া; দুঃখ করা, আফসোস করা; অনুতাপ করা।

بِ ~ : ঠাট্টা করা, বিদ্রূপ করা, উপহাস করা; ব্যঙ্গ করা, কটাক্ষ করা; কৌতুক করা; রসিকতা করা।

هَكِم : দুষ্ট; অনধিকার প্রবেশকারী।

أُهْكُومَة، تَهَكُّم : ঠাট্টা, বিদ্রূপ, ব্যঙ্গ, উপহাস, কটাক্ষ; কৌতুক, রসিকতা।

تَهَكُّمِيّ : বিদ্রূপাত্মক, ব্যঙ্গপূর্ণ; প্রচ্ছন্ন শ্লেষপূর্ণ।

مُتَهَكِّم : ঠাট্টাকারী, বিদ্রূপকারী, ব্যঙ্গকারী; ব্যঙ্গপূর্ণ, বিদ্রূপাত্মক; প্রচ্ছন্ন শ্লেষপূর্ণ।

مُسْتَهْكِم : গর্বিত, উদ্ধত, অহঙ্কারী।

تَهَكَّنَ : অনুতপ্ত হওয়া, অনুতাপ করা।

هُكِي : হকিখেলা।

هَلْ : প্রশ্নসূচক অব্যয় ঃ কি?

هَلْ هو غَنِيّ : সে কি ধনী?

هَلْ كَتَبْتَ هذَا : তুমি কি ইহা লিখিয়াছ?

هَلَّا : (অ) কেন নয়?

هَلَّ - ِ : (هَلّ) (নবচন্দ্র) উদিত হওয়া; দৃষ্টিগোচর হওয়া; (চান্দ্রমাস) শুরু হওয়া; (বৃষ্টি প্রবলবেগে বর্ষিত হওয়া; (বস্ত্র) জীর্ণ হওয়া।

هَلَّلَ : (تَهْلِيل) “লা ইলাহা ইল্লাল্লাহ” বলা; উল্লাসধ্বনি করা।

عَنْ ~ : বিরত থাকা, বিলম্ব করা, ভয় করে পলায়ন করা।

لِ ~ : অভিনন্দিত করা, উচ্চকণ্ঠে প্রশংসা করা।



www.pathagar.com

هَالَّ : (هِلاَل) চান্দ্রমাস অনুযায়ী ভাড়া করা।

أَهَلَّ : (إِهْلاَل) (নবচন্দ্র) উদিত হওয়া; অভিনন্দিত করা, উচ্চকণ্ঠে প্রশংসা করা; তালবিয়া ('লাব্বাইকা'...) পাঠ করা; উচ্চধ্বনি তোলা; (নবজাতক) কেঁদে উঠা।

~ بِ : (তরবারি দ্বারা) জখম করা, আহত করা।

أَهَلَّ لِلّٰه ~ بِ : আল্লাহর নামে জবাইকৃত হওয়া।

أَهَلَّ بِهِ لِغَيْرِ اللّٰهِ : আল্লাহ ব্যতীত অন্য কাহারও নামে জবাইকৃত পশু।

تَهَلَّلَ : উজ্জ্বল হওয়া, পরিষ্কার হওয়া, উদ্ভাসিত হওয়া; উল্লসিত হওয়া, প্রফুল্ল হওয়া।

إِنْهَلَّ : (إِنْهِلاَل) (বৃষ্টি) প্রবলবেগে বর্ষিত হওয়া; (চক্ষু) অশ্রু বর্ষণ করা।

~ فِي : আরম্ভ করা, সূচনা করা; গ্রহণ করা; আক্রমণ করা।

إِهْتَلَّ : (إِهْتِلاَل) (বৃষ্টি) প্রবলবেগে বর্ষিত হওয়া।

إِسْتَهَلَّ : (إِسْتِهْلاَل) (চান্দ্রমাস) শুরু হওয়া; আরম্ভ করা, সূচনা করা, প্রবর্তন করা; উচ্চকণ্ঠে কথা বলা; স্বর উঁচু করা; (তরবারি) কোষমুক্ত করা।

هُلَّة، هَلَّة : চান্দ্রমাসের শুরু।

~ : বৃষ্টি। ব هَلَل

هَلَل : ভীতি, আতঙ্ক, সন্ত্রাস।

~ , هَلاَل : প্রথম বৃষ্টি।

هِلاَل : নবচন্দ্র; চান্দ্রমাসের প্রথম তিন রাত্রির চাঁদ; অর্ধচন্দ্র; অর্ধচন্দ্রাকার বস্তু; ক্ষুদ্র নোঙ্গর; বন্ধনী; বাক্যের মধ্যে প্রবিষ্ট কিন্তু ব্যাকরণগত সম্পর্কহীন অংশ; (ব্যা); সামান্য পরিমাণ পানি। ব أَهَالِيل، أَهِلَّة

الْهِلاَل الأَحْمَر : রেড ক্রিসেন্ট, যুদ্ধাহত ও দুর্গতদের চিকিৎসা ও সেবা-শুশ্রূষার উদ্দেশ্যে গঠিত আন্তর্জাতিক মুসলিম সেবা-প্রতিষ্ঠান।

هِلاَلِيّ : চন্দ্র সম্বন্ধীয়, চান্দ্র; অর্ধচন্দ্রাকার।

شَهْر هِلاَلِيّ : চান্দ্রমাস।

هَالّ : উদিত বা আবির্ভূত হইবার নিকটবর্তী, আসন্ন।

هُلَّى : দুঃখ-পরবর্তী আনন্দ।

هَلِيلَة : যে ভূমিতে বৃষ্টির পানি বেড়ি বাঁধ দ্বারা আবদ্ধ করিয়া রাখা হয়।

إِهْلاَل : চান্দ্রমাসের প্রথম রজনী।

إِسْتِهْلاَل : চান্দ্রমাসের প্রথম রজনী; প্রারম্ভ, সূচনা, সূত্রপাত, প্রবর্তন।

إِسْتِهْلاَلِيّ : প্রাথমিক, প্রারম্ভিক।

تَهَلُّل : আনন্দ, উল্লাস।

تَهْلِيل : "লা ইলাহা ইল্লাল্লাহ" ধ্বনি; আনন্দ-ধ্বনি, উল্লাস-ধ্বনি, উচ্চ প্রশংসা-ধ্বনি।

مُهَلَّل : অর্ধচন্দ্রাকার; কৃশ (উট)।

مُتَهَلِّل : উজ্জ্বল, প্রফুল্ল, সহাস্য, উল্লসিত।

مُسْتَهَلّ : সূচনা, আরম্ভ, শুরু, প্রথম।

هَلَبَ - هَلَبَ : (هَلْب) (অশ্ব) ধাবমান থাকা; সিক্ত করা।

~ , هَلَّبَ : (تَهْلِيب) (কেশ) উৎপাটন করা; (পশম) ছাঁটিয়া দেওয়া, (লেজ) কাটিয়া দেওয়া।

هَلِبَ - هَلِبَ : (هَلَب) কেশবহুল হওয়া, অধিক লোমযুক্ত হওয়া।

إِنْهَلَبَ، تَهَلَّبَ : (إِنْهِلاَب) কেশ উৎপাটিত হওয়া; ছাঁটা লোমবিশিষ্ট হওয়া।

إِهْتَلَبَ : (إِهْتِلاَب) (তরবারি) কোষমুক্ত করা।

هِلْب : নঙ্গর। ব أَهْلاَب

هُلْب : শক্ত ক্ষুদ্র লোম, কুঁচি।

هُلْبَة، هُلُبَّة : (শীতের) প্রচণ্ডতা। ব هُلَبٌ

هَلِب : কেশবহুল, অধিক লোমযুক্ত, পশমাবৃত; খাড়া পশমবিশিষ্ট; লোমশ প্রাণী।

هَالِب : অত্যধিক শীতল। ব هَوَالِبٌ

لَيْلَة هَالِبَة : ঠাণ্ডা রাত্রি, বৃষ্টির রাত্রি।

هَلاَّبَة، هَلاَّب : বৃষ্টিসিক্ত শীতল বায়ু, বৃষ্টিবহুল; শস্যবহুল (বৎসর)।

أَهْلَب : শক্ত লোমযুক্ত, কুঁচিযুক্ত; লোমশ; বৃষ্টিবহুল; শস্যবহুল (বৎসর)। স্ত্রী هَلْبَاء ব هُلْب



www.pathagar.com

مَهْلُوب : কর্তিত, ছাঁটাইকৃত।

مَهْلُوب الذَّنَب : লেজ-কাটা।

~ الشَّعْر : যাহার চুল বা পশম ছাঁটা হইয়াছে।

مُهَلَّبِيَّة : ফালুদা।

هِلْبَاث : এক প্রকার খেজুর।

هِلْبُوث : নির্বোধ, স্থূলবুদ্ধি।

هُلَابِج، هُلْبَج : ঘন দুধ।

هِلْبَاجَة : নির্বোধ লোক, বোকা; পেটুক।

هَلْبَسِيس، هَلْبَس : অন্তরঙ্গ বন্ধু; সামান্য পরিমাণ; পোশাক।

هَلَتَ - ُ (هَلْت) : ছাল তোলা; নখর দ্বারা আঁচড়ানো।

إِنْهَلَتَ : (إِنْهِلَات) ছুলিয়া যাওয়া, খসিয়া পড়া; ধীরে ধীরে চলিয়া যাওয়া।

هَلْثَاءَة، هَلْثَاء، هُلْثَة : উচ্ছৃঙ্খল জনতা।

هَلَجَ - ِ : (هَلْج) অবিশ্বাস্য বিষয় বর্ণনা করা।

أَهْلَجَ : (إِهْلَاج) গোপন করা, লুকাইয়া রাখা।

هَلْج : দুঃস্বপ্ন; অনির্ভরযোগ্য তথ্য; অসার কথা।

هُلَج : কাঁটাগাছ।

إِهْلِيلَج، هَلِيلَج : ত্রিফলা ঃ বহেরা, হরীতকী, আমলকি (গাছ ও ফল); ডিম্বাকার ক্ষেত্র, উপবৃত্ত (জ্যা)।

إِهْلِيلَجِيّ : ডিম্বাকার, উপবৃত্তাকার।

هِلْجَاب : রান্নার বৃহদাকার পাত্রবিশেষ।

هِلْدِم : তালিকাভুক্ত পোশাক; মোটা কাপড়।

هَلَسَ - ِ : (هَلْس) কৃশ করা, কাহিল করা, নিঃশেষ করা, ক্ষয় করা; বকবক করা, নিরর্থক কথা বলা; চূর্ণ করা।

هُلِسَ : ক্ষয়রোগাক্রান্ত হওয়া; জ্ঞান হারানো।

هَلَّسَ : (تَهْلِيس) কৃশ হওয়া; নিঃশেষ হওয়া, অর্থহীন কথা বলা।

أَهْلَسَ : (إِهْلَاس) কৃশ করা; ক্ষয় করা; মৃদু হাসা, মুচকি হাসা, মুখ চাপিয়া হাসা, ফিসফিস করা।

هَلْس : কৃশতা, শীর্ণতা; নিরর্থক কথা, অসাড় কথা; লাম্পট্য।

هُلَاس : ক্ষয়রোগ; যক্ষ্মা।

هُلْس : দুর্বল লোক।

هَالِس : শীর্ণকায় ব্যক্তি। ব هَوَالِس

مَهْلُوس : নিঃশেষিত, ক্ষয়রোগাক্রান্ত।

هِلْسِنْكِي : হেলসিংকি : বাল্টিক সাগর-মোহনায় অবস্থিত ফিনল্যান্ডের রাজধানী।

هَلْضَمَة : বাচালতা, গালগল্প।

هَالِط : থলথলে পেটবিশিষ্ট; ঘন (তৃণলতা)।

هَلِعَ - َ : (هَلَع) অস্থির মতিত্ব হওয়া, অস্থির হওয়া, উদ্বিগ্ন হওয়া; ভীত হওয়া।

هَلَع : অধীরতা, অস্থিরতা; উদ্বেগ, ভীতি।

هَلِيع، هَلُوع، هَلِع : অধীর, অস্থির মতি; উদ্বিগ্ন; ভীত।

هَالُوع، هُلَع : লোভী, অস্থির মতি।

هُلَعَة : অস্থির, ভীত।

هِلْوَاع، هَالِع : দ্রুতগামী (পশু)।

مُنْهَلِع القَلْب : ভয়বিহ্বল, সন্ত্রস্তচিত্ত।

هِلَّوْف : স্থূলোদর ভারি ব্যক্তি, এলোমেলো শ্মশ্রুধারী, অতি মিথ্যাবাদী, অতি বৃদ্ধ, মেঘাচ্ছন্ন দিন।

هَلَقَ - ِ : (هَلْق)، تَهَلَّقَ : ত্বরা করা।

هَلَّق : এক্ষণ, তৎক্ষণাৎ।

هِلَّقْت، هِلَّقْس، هِلَّقْف : তীব্র (ক্ষুধা)।

هَلْقَمَ : (هَلْقَمَة) গিলিয়া ফেলা।

هِلْقَام : বৃহদাকার সিংহ, দায়িত্বশীল নেতা, পেটুক।

~ ، هِلْقَامَة، هِلَقَّامَة : লোভী, ঔদরিক।

هَلَكَ - هَلِكَ - َ هَلُكَ (هَلْك، هُلْك، هَلَاك، هُلُوك، مَهْلَك، مَهْلِك، تَهْلُكَة، تَهْلِكَة) ধ্বংস হওয়া, মরিয়া যাওয়া, নিঃশেষ হওয়া।

~ : (هَلَاك، هُلْك) هَلَّكَ (تَهْلِيك) أَهْلَكَ (إِهْلَاك) ধ্বংস করা, বিনাশ করা; হত্যা করা।



www.pathagar.com

تَهَالَكَ : ক্লান্ত হওয়া, দুর্বল হওয়া, ভাঙ্গিয়া পড়া।

~ عَلَى : ঝাঁপাইয়া পড়া, বেপরোয়া হইয়া যুদ্ধ করা, প্রচণ্ড লোভ করা; গভীর আগ্রহ পোষণ করা, সাগ্রহে আত্মনিয়োগ করা।

تَهَالَكَ عَلَى الفِرَاش : শয্যায় হেলান দেওয়া; মনোদুঃখে শয্যা গ্রহণ করা।

تَهَالَكَ : ~ فِي আপ্রাণ চেষ্টা করা, উদ্যোগী হওয়া।

تَهَالَكَ فِي المَشْيِ : হেলিয়া দুলিয়া চলা।

اِهْتَلَكَ، اِنْهَلَكَ : (اِهْتِلَاك، اِنْهِلَاك) বিপদের ঝুঁকি লওয়া, বেপরোয়াভাবে কাজ করা, নিজেকে বিপদে ফেলা, বিপদগ্রস্ত হওয়া, বিপন্ন হওয়া।

اِسْتَهْلَكَ : (اِسْتِهْلَاك) ব্যয় করা, অপচয় করা, ব্যবহার করা, নিঃশেষ করা; (ঋণ) পরিশোধ করিয়া কমানো; উদ্ধার করা, ছাড়াইয়া আনা।

~ فِي : আপ্রাণ চেষ্টা করা; উদ্যোগী হওয়া।

أُسْتُهْلِكَ : ধ্বংস হওয়া, মরিয়া যাওয়া।

هَلْك : ধ্বংস।

هَلَاك، هُلْك : ধ্বংস, বিনাশ, মৃত্যু।

تَهْلُكَة، هَلْكَاء، هَلَكَة، هُلْكَة : ধ্বংস, বিনাশ; বিরাট ক্ষতি, বিপদ; দুর্যোগ।

هَلَكَة : নীচ, হীন। ব هُلَك

هَالِك : ধ্বংসশীল, মরণশীল, নশ্বর; ধ্বংসপ্রাপ্ত, বিনষ্ট, মৃত। ব هَوَالِك، هُلَّاك، هُلَّك، هَلْكَى

هَالِكَة : উচ্চাভিলাষী মন।

هَالِكِيّ : কর্মকার।

هَلَّاك : ভিক্ষাজীবী।

هَالُوك : কাঠবিড়ালের ন্যায় জন্তুবিশেষ; গন্ধমূষিক।

هَلْكَان : ক্লান্ত, শ্রান্ত।

اِسْتِهْلَاك : ক্ষয়; অতি ভক্ষণ, ব্যবহার, ব্যবহার করিয়া শেষকরণ; (ঋণ) পরিশোধ করিয়া হ্রাসকরণ; উদ্ধার, মুক্তি।

مَال الإِسْتِهْلَاك : ঋণ পরিশোধার্থে গঠিত বিশেষ সুদী তহবিল, প্রতিপূরক ভাণ্ডার, Sinking-fund.

تَهَالُك : প্রবল আগ্রহ, প্রচণ্ড ঝোঁক, আপ্রাণ প্রচেষ্টা; দুর্বলতা, ক্লান্তি।

مُهْلِك : ধ্বংসাত্মক, বিপজ্জনক, মারাত্মক।

مَهْلُكَة، مَهْلَكَة : বিপদসঙ্কুল স্থান, বিপজ্জনক অবস্থা। ব مَهَالِك

مُهْتَلِك : পরজীবী, পরান্নভোজী।

مُتَهَالِك : ক্লান্ত, নিঃশেষিত।

مُسْتَهْلِك : ব্যবহারকারী, Consumer.

مُسْتَهْلَك : যে-পরিমাণ ব্যবহার করা হইয়াছে, Consumption.

أَهْلَمَ : (إِهْلَام) ডাক দেওয়া।

اِهْتَلَمَ : (اِهْتِلَام) ~ بِ বহন করিয়া নেওয়া।

هَلُمَّ : এসো! উঠ! চল! আন!

هَلُمَّ جَرًّا : এইভাবেই, ইত্যাদি ইত্যাদি।

هِلَّم : দুর্বল, অবসন্ন, অলস, উদাসীন; শিথিল, মন্থর, নরম।

هُلَام : আঠালো দ্রব্য, সিরিশ।

هُلَامِيّ : আঠালো, নরম।

هَلِيم : লাগিয়া থাকে এমন, আঠালো, চটচটে।

هَلْهَلَ : (هَلْهَلَة)আলগাভাবে বয়ন করা, পাতলা করিয়া বোনা; ছিন্ন করা, জীর্ণ করা; পাতলা করা।

هُلَاهِل، هَلْهَل : পাতলা, হালকা, কোমল; মিহি।

هَلْهُولَة : জীর্ণবস্ত্র, পুরাতন নেকড়া। ব هَلَاهِيل

مُهَلْهِل : মুহালহিল ইব্‌ন রাবী'আ (মৃ. আনু. ৫৭০ খ্রি.) : জাহিলী যুগের আরব কবি ও বীরপুরুষ। ইম্‌রুল কায়সের মামা।

مُهَلْهَل : পাতলা, হালকা, কোমল, মিহি; জীর্ণ, ছিন্ন, খণ্ড খণ্ড।

هَلْوَسَ : (هَلْوَسَة) মতিভ্রষ্ট হওয়া।

هَلْوَسَة : প্রলাপ, মতিভ্রম, স্বপ্ন।

هِلِيكُوبْتَر : হেলিকপ্টার, Helicopter.

إِهْلِيلَج، هَلِيلَج : এক প্রকার বৃক্ষ।



www.pathagar.com

هِلْيَوْن : পদ্মজাতীয় ফুলগাছবিশেষ।

هُمْ : তৃতীয় পুরুষ বহুবচনের পুংলিঙ্গ সর্বনাম (ব্যা) : তাহারা, তাহাদিগকে, তাহাদের।

هَمَّ ـُ : (هَمّ) চিন্তা করা, বিবেচনা করা; উঠিয়া দাঁড়ানো; মনস্থ করা; দুর্বল করা; দ্রবীভূত করা; (দুগ্ধ) দোহন করা।

~ بِ : মনস্থ করা; পরিকল্পনা করা, সিদ্ধান্ত গ্রহণ করা, সঙ্কল্প করা; উদ্বিগ্ন হওয়া; করিতে আরম্ভ করা; উপক্রম করা।

~ : (هَمّ، مَهَمَّة) أَهَمَّ (إِهْمَام) উদ্বিগ্ন করা, অস্থির করা, ব্যতিব্যস্ত করা, বিষণ্ন করা, কষ্ট দেওয়া, দুঃখ দেওয়া; সংশ্লিষ্ট করা; গুরুত্বপূর্ণ হওয়া।

~ : (هَمَامَة، هُمُومَة) পুরাতন হওয়া, দুর্বল হওয়া।

~ ـِ : (هَمّ، هَمِيم) বুকে হাঁটিয়া চলা; অলক্ষ্যে প্রবেশ করা।

هَمَّ بِالسُّقُوط : পড়পড় হওয়া।

تَهَمَّمَ : উদ্বিগ্ন হওয়া; সযত্নে অনুসন্ধান করা; (মাথার) উকুন বাছা।

إِنْهَمَّ : (إِنْهِمَام) দ্রবীভূত হওয়া; উদ্বিগ্ন হওয়া; দুর্বল হওয়া।

إِهْتَمَّ : (إِهْتِمَام) ~ بِ দুঃখিত হওয়া, বিষণ্ন হওয়া, উদ্বিগ্ন হওয়া; সংশ্লিষ্ট হওয়া; গুরুত্বপূর্ণ হওয়া; আগ্রহী হওয়া, উদ্যোগী হওয়া, দৃষ্টি দেওয়া; মনোযোগ দেওয়া; লক্ষ্য রাখা, যত্ন নেওয়া; মনে রাখা; সাহায্য করা, যোগান দেওয়া; কষ্ট করা।

~ لِ : উদ্বিগ্ন হওয়া, বিষণ্ন হওয়া।

إِسْتَهَمَّ : (إِسْتِهْمَام) নিজেকে সংশ্লিষ্ট করা; মনোযোগ আকৃষ্ট করা; আগ্রহান্বিত করা।

هَمّ : উদ্বেগ, চিন্তা, উৎকণ্ঠা; দুঃখ, কষ্ট; আগ্রহ, ইচ্ছা, অভিপ্রায়, সিদ্ধান্ত, পরিকল্পনা; গুরুত্বপূর্ণ বিষয়; গুরুত্ব, তাৎপর্য, উচ্চমনা, উচ্চাভিলাষী। ব هُمُوم

هِمّ : অতিশয় বৃদ্ধ, জরাগ্রস্ত (লোক)। ব أَهْمَام; স্ত্রী هِمَّة ব هَمَائِم

هِمَّة : প্রচেষ্টা; অভিপ্রায়; লক্ষ্য, আকাঙ্ক্ষা; সঙ্কল্প; পরিকল্পনা, সিদ্ধান্ত; আগ্রহ, স্পৃহা; উচ্চাভিলাষ; কর্মতৎপরতা। ব هِمَم، هَمَائِم، هِمَّات

عَالِي الهِمَّة، بَعِيد الهِمَّة : উচ্চাভিলাষী, উচ্চমনা।

هَامّ : গুরুত্বপূর্ণ; তাৎপর্যপূর্ণ; বিরাট, মারাত্মক; মনোযোগ আকর্ষণকারী।

هَامَّة : ক্ষতিকারক পোকামাকড়; বিষাক্ত প্রাণী কীটপতঙ্গ; শ্বাপদ; মারাত্মক বিষয়। ব هَوَامّ

هَامَة : মাথার খুলি, লোকসমাবেশ, নিশাচর পাখি, পেচক।

هَمَّام : আগ্রহী, উৎসাহী, উদ্যমশীল, তৎপর; বিষণ্ন, উদ্বিগ্ন।

الهَمَّام : কামালুদ্দীন মুহাম্মদ ইবনুল-হাম্মাম (১৩৮৮-১৪৫৬ খ্রি.) : মিসরের আলেকজান্দ্রিয়ায় জন্ম ও কায়রোতে মৃত্যু। ফিক্‌হ, উসূল, ব্যাকরণ, তাসাওউফ ও সঙ্গীতে পারদর্শী। التَّحْرِير، الْمُسَايَرَة। ইত্যাদি বহু গ্রন্থের প্রণেতা।

هُمَام : উচ্চমনা; উদার; সাহসী লোক, বীরপুরুষ। ব هِمَام

هَمُوم : পর্যাপ্ত পানিবিশিষ্ট; ক্ষিপ্রগতি (উষ্ট্রী)।

هَمِيم، هَمِيمَة : হালকা বৃষ্টি, গুঁড়ি গুঁড়ি বৃষ্টি। ব هَمَائِم

أَهَمّ : অধিকতর গুরুত্বপূর্ণ।

أَهَمِّيَّة : গুরুত্ব, আগ্রহ।

عَدِيم الأَهَمِّيَّة : গুরুত্বহীন।

عَلَّقَ أَهَمِّيَّة ~ عَلَى : গুরুত্ব আরোপ করা।

إِهْتِمَام : আগ্রহ, উদ্দীপনা, উদ্যোগ; যত্ন; মনোযোগ; প্রচেষ্টা; উদ্বেগ; দুঃখ, কষ্ট। ব إِهْتِمَامَات

بِلَا إِهْتِمَام : অযত্নে, উদাসীনভাবে।

قِلَّة الإِهْتِمَام، عَدَم الإِهْتِمَام : অযত্ন, ঔদাসিন্য।

~ قَلِيل ~، عَدِيم : অযত্নবান, উদাসীন।



www.pathagar.com

تَهْمِيم : গান গাহিয়া (শিশুকে) ঘুম পাড়ানো।

تَهْمِيمَة : ঘুম পাড়াইবার গান।

مُهِمّ : গুরুত্বপূর্ণ; মারাত্মক; মনোযোগ আকর্ষণকারী বিষয়।

مُهِمَّة : (ব مُهِمَّات) مَهَمَّة (ব مَهَامّ، مَهَمَّام) গুরুত্বপূর্ণ বিষয়; কাজ; কর্তব্য; মিশন।

مُهِمَّات : গুরুত্বপূর্ণ বিষয়াদি; প্রয়োজনীয় জিনিসপত্র; সরঞ্জামাদি, আসবাবপত্র, সামগ্রী।

مَهْمُوم : উদ্বিগ্ন, অস্থির; বিষণ্ন, দুঃখিত।

مُهْتَمّ : আগ্রহী, মনোযোগী, যত্নবান; গুরুত্বপূর্ণ; উদ্বিগ্ন।

مُهْتَمَّات : জরুরি কাজকর্ম, দায়িত্বসমূহ।

هُمَا : তৃতীয় পুরুষ দ্বিবচনের সর্বনাম (ব্যা) : তাহারা দুইজন, তাহাদের দুইজনকে, তাহাদের দুইজনের।

هَمَا : ـَ (هَمْا)، أَهْمَا، (إِهْمَاء) (বস্ত্র) ছিন্ন করা, জীর্ণ করা।

تَهَمَّا، إِنْهَمَا : (إِنْهِمَاء) (বস্ত্র) ছিন্ন হওয়া, জীর্ণ হওয়া।

هِمْا : ছিন্ন বস্ত্র, জীর্ণ পোশাক। ব أَهْمَاء

هُمَايُون : বাদশা হুমায়ূন (১৫০৮-১৫৫৬ খ্রি.) : ভারতের দ্বিতীয় মুঘল সম্রাট। রাজত্বকাল (১৫৩০-১৫৫৬ খ্রি.)।

هُمَايُونِيّ : সম্রাট-সম্বন্ধীয়, রাজকীয়।

هَمَجَ : ـُ (هَمْج) জড়াইয়া ফেলা; তৃষ্ণা নিবারণ করা।

هَمِجَ : ـَ (هَمَج) ক্ষুধার্ত হওয়া।

أَهْمَجَ : (إِهْمَاج) (ঘোড়া) পূর্ণ গতিতে দৌড়ানো; লুকাইয়া রাখা।

إِهْتَمَجَ : বিবর্ণ হওয়া, ফেঁকাসে হওয়া।

هَمَج : ক্ষুধা; বিশৃঙ্খলা।

هَمَج، هَامِج : সর্বগ্রাসী ক্ষুধা, অতৃপ্ত ক্ষুধা।

~ : ক্ষুদ্র মাছি, ডাঁশ; নিম্নশ্রেণীর জনগোষ্ঠী; অসভ্য লোক, বর্বর লোক। ব أَهْمَاج

هَمَجِيّ : ইতর, অসভ্য, বর্বর।

هَمَجِيَّة : বর্বরতা।

هَامِج : সেনাপতিবিহীন সৈন্যদল; রাখালবিহীন পশুপাল।

هَمِيج : কৃশকায় হরিণ।

هَمَدَ : ـُ (هُمُود) কমিয়া যাওয়া, প্রশমিত হওয়া, উপশম হওয়া, ঠাণ্ডা হইয়া যাওয়া; (শব্দ) থামিয়া যাওয়া; নীরব হওয়া; (অগ্নি) নির্বাপিত হওয়া; মরিয়া যাওয়া, সঙ্কুচিত হওয়া।

هَمَدَتْ هِمَّتُهُ : সে হতোদ্দম হইল, নিরাশ হইল, হতাশ হইল।

هَمَّدَ، أَهْمَدَ : (إِهْمَاد، تَهْمِيد) ঠাণ্ডা করা; নীরব করা; (অগ্নি) নির্বাপিত করা; প্রশমিত করা, কমানো।

أَهْمَدَ : ~ بِ অবস্থান করা।

~ فِي : দ্রুত করা, ত্বরা করা।

هَمْدَة : সন্ন্যাস-রোগ; সম্মোহন।

هَامِد : নীরব, শীতল; নিষ্প্রাণ; শক্ত; হ্রাসপ্রাপ্ত, প্রশমিত, নির্বাপিত।

هُمُود : নীরবতা; শীতলতা; হ্রাস প্রাপ্তি; প্রশমন, উপশম, নির্বাপণ; ক্লান্তি, অবসাদ; নিশ্চলতা; কাঠিন্য; মৃত্যু।

هَمْدَان : হামদান : ইয়ামানের প্রাচীন হিময়ার বংশোদ্ভূত একটি গোত্র। জাহিলী যুগে ইহারা আল-কুরআনে উল্লিখিত ইয়াগূছ ও ইয়াঊক প্রতিমাদ্বয়ের পূজা করিত। ৬৩১ খ্রিস্টাব্দে ইহারা ইসলাম গ্রহণ করে। নিসবত هَمْدَانِيّ

تَهْمِيد : অস্বাচ্ছন্দ্য বোধ।

هَمَاذِيّ : দ্রুতগামী উট; দ্রুততা; বৃষ্টি বা তাপের প্রচণ্ডতা।

هَمَذَان : হামাযান : দক্ষিণ ইরানের একটি শহর। এখানে প্রখ্যাত দার্শনিক ইবনে সীনার সমাধি অবস্থিত।

الْهَمَذَانِيّ : বদিউজ্জামান আল-হামাযানী (৯৬৮-১০০৭ খ্রি.) : প্রখ্যাত কবি ও সাহিত্যিক। খুরাসানের হিরাত অঞ্চলে বসবাস করিতেন। প্রসিদ্ধ আল-মাকামাত সাহিত্যের সর্ব প্রথম প্রবক্তা।



www.pathagar.com

هَمَرَ - : (هَمْر) (অশ্রু, পানি) গড়াইয়া যাওয়া, ঝরিয়া পড়া; ঢালিয়া দেওয়া; (অশ্ব) হ্রেষাধ্বনি করা; (বন্যজন্তু) গর্জন করা; নিংড়াইয়া দোহন করা; (ভবন) ভাঙ্গিয়া ফেলা।

هَامَرَ : (مُهَامَرَة) লইয়া আসা।

أَهْمَرَ : (إِهْمَار) মোহিত করা।

إِنْهَمَرَ : (إِنْهِمَار) গড়াইয়া যাওয়া, ঝরিয়া পড়া, প্রবাহিত হওয়া।

إِهْتَمَرَ : (إِهْتِمَار) দ্রুত ধাবন করা।

هَمْر : অশ্বের হ্রেষাধ্বনি।

هَمْرَة : বৃষ্টিপাত, প্রবল বর্ষণ, গর্জন; কবচরূপে ব্যবহৃত শঙ্খ।

هَمِر : স্থূলকায় ব্যক্তি; স্তূপীকৃত (বালি)।

هَمَرَى : ঝগড়াটে স্ত্রীলোক।

هَامِر، هَمَّار : বৃষ্টি বর্ষণকারী মেঘ।

مَهْمُور، مِهْمَار، مِهْمَر : বাচাল।

هَمْرَجَ : (هَمْرَجَة) সন্দেহপূর্ণ সংবাদ প্রদান করা; বিশৃঙ্খলভাবে কথা বলা; নিরর্থক কথা বলা।

هَمْرَجَة : দ্রুততা; বিশৃঙ্খলা; তুচ্ছ বস্তু।

هَمَرْجَل : দ্রুতগামী (অশ্ব)।

تَهَمْرَشَ : দাঙ্গা করা, বিশৃঙ্খল হওয়া।

هَمْرَشَة : দাঙ্গা, গোলযোগ।

هَمَّرِش : অধিক দুধ দেয় এমন উষ্ট্রী, বৃদ্ধা স্ত্রীলোক।

هَمَزَ ـُ : (هَمْز) গুঁতা মারা, খোঁচা মারা, গুঁতা মারিয়া অগ্রসর করানো; প্রহার করা, আঘাত করা; নিন্দা করা, গীবত করা, কুমন্ত্রণা দেওয়া; কামড় দেওয়া; ভাঙ্গিয়া ফেলা; শব্দে هَمْزَة (ء) যুক্ত করা।

هَمَّزَ : (تَهْمِيز) عَلَى ~ হুমকি দেওয়া, ভীতি প্রদর্শন করা।

إِنْهَمَزَ : (إِنْهِمَاز) هَمْزَة-যুক্ত হওয়া।

هَمْز : গুঁতা, খোঁচা, ধাক্কা, প্রহার, চাপ, আঘাত; নিন্দা, গীবত।

هَمْزَة القَطْع : সংযোগকালে উচ্চারিত হামযা।

~ الوَصْل : সংযোগকালে অনুচ্চারিত হামযা।

هَمَزَات الشَّيْطَان : শয়তানের কুমন্ত্রণা।

هَمْزَة الهَمْزِيَّة : হামযা বর্ণের উপর অন্ত্যমিল-বিশিষ্ট কাসীদা।

هَمَزَى : প্রচণ্ড (বায়ু); দূরে তীর নিক্ষেপকারী (ধনুক)।

هُمَزَة، هَمَّاز، هَامِز : নিন্দাকারী, গীবত চর্চাকারী।

مِهْمَز : (مَهَامِز ব) مِهْمَاز (مَهَامِيز ব) অঙ্কুশ, কাঁটা, লাঠি, অশ্ব বা হস্তী তাড়নী।

مِهْمَزَة : চাবুক।

مَهْمُوز : هَمْزَة বর্ণবিশিষ্ট শব্দ।

هَمَسَ - : (هَمْس) বিড়বিড় করা, অস্পষ্টভাবে বলা; মুখ বন্ধ করিয়া চিবানো; প্রহার করা।

~ إِلَى : ফিসফিস করিয়া বলা।

هَمَسَ فِي أُذُنِهِ : কানে কানে কথা বলিল।

~ بِالقَدَمِ : আস্তে আস্তে পদচারণা করিল।

هَامَسَ : (مُهَامَسَة) ফিসফিস করিয়া কথা বলা।

تَهَامَسَ : গোপনে বলাবলি করা, কানাঘুষা করা।

هَمْس : ক্ষীণ আওয়াজ; ধীর পদচারণা; অস্পষ্ট কথা, বিড়বিড় ধ্বনি, ফিসফিসানি।

هَمْسًا : ক্ষীণ স্বরে, ফিসফিস করিয়া, বিড়বিড় করিয়া।

هَمْسَة : ফিসফিসানি। ব هَمَسَات

هَمُوس، هَمَّاس : নিঃশব্দে পদচারণাকারী; শিকার ছিন্ন-ভিন্ন করিয়া ভক্ষণকারী সিংহ।

هَمِيس : উট চলার ক্ষীণ পদধ্বনি।

هَوَامِس : ফিসফিস কথা।

مَهْمُوس : আস্তে উচ্চারিত, অনুচ্চ স্বরের কথা।

الحُرُوف المَهْمُوسَة : দশটি কোমল হরফ : ঐগুলি ইহল- حَثَّهُ شَخْص فَسَكَتَ



www.pathagar.com

هَـمَـشَ : ـُـ (هَـمْـش) কামড় দেওয়া; সংগ্রহ করা, তুলিয়া লওয়া।

~ ـِـ ، هَـمِـشَ : ـَـ (هَـمْـش) অধিক কথা বলা।

هَـامَـشَ : (مُـهَـامَـشَـة) উত্তেজিত করা, খোঁচা দেওয়া।

تَـهَـمَّـشَ : সামান্য-পরিমাণ পানি দেওয়া।

تَـهَـامَـشَ : মিশ্রিত হওয়া।

اِهْـتَـمَـشَ : (اِهْـتِـمَـاش) বুকে হাঁটা, দ্রুত চলা; মিশ্রিত হওয়া।

هَـمْـشَـة : মিশ্রণ।

هَـامِـش : (পৃষ্ঠার) পার্শ্বদেশ, প্রান্তদেশ, Margin.

هَـمَـشَـى : বাচাল (স্ত্রীলোক)।

هَـمَـطَ : ـِـ (هَـمْـط) হাত দেওয়া; জোরপূর্বক কাড়িয়া লওয়া; জুলুম করা।

تَـهَـمَّـطَ : জোরপূর্বক কাড়িয়া লওয়া।

اِهْـتَـمَـطَ : (اِهْـتِـمَـاط) জোরপূর্বক কাড়িয়া লওয়া, জুলুম করা, সুনাম নষ্ট করা।

هَـمَّـاط : অন্যায়কারী, অত্যাচারী।

هَـمَـعَ : ـَـ (هَـمَـعَـان، هُـمُـوع، هَـمْـع) অশ্রুবর্ষণ করা; প্রবাহিত হওয়া।

~ عَـلَـى : পতিত হওয়া।

تَـهَـمَّـعَ : কান্নার ভান করা।

اِهْـتَـمَـعَ : (اِهْـتِـمَـاع) (রং) নষ্ট হওয়া, বিবর্ণ হওয়া।

هَـمِـع : বৃষ্টি বর্ষণকারী (মেঘ)।

هَـامِـعَـة : প্রবহমান (অশ্রু)। ব هَـوَامِـع

هَـمُـوع : তরল।

هَـمَـغَ : ـَـ (هَـمْـغ) (খুলি) ভাঙ্গিয়া দেওয়া।

هِـمْـيَـغ : দ্রুত আপতিত মৃত্যু।

هَـمِـق : ঘন তৃণলতা; শুকনা ঘাস।

هُـمَّـقِـع، هُـمَـقِـع : নির্বোধ, বোকা।

هَـمَـكَ : ـُـ (هَـمْـك) ~ فِـى চাপ দেওয়া, পীড়াপীড়ি করা।

اِنْـهَـمَـكَ : (اِنْـهِـمَـاك) ~ فِـى লিপ্ত হওয়া, নিমগ্ন হওয়া, প্রবৃত্ত হওয়া, নিবেদিত হওয়া; আসক্ত হওয়া।

اِهْـمَـاكّ : ক্রুদ্ধ হওয়া।

اِنْـهِـمَـاك : লিপ্ততা, নিমগ্নতা, নিবিষ্টতা; আসক্তি।

مُـنْـهَـمِـك : লিপ্ত, নিমগ্ন, নিবিষ্ট, প্রবৃত্ত, নিবেদিত; আসক্ত।

هَـمَـلَ : ـُـ (هَـمَـلَان، هُـمُـول، هَـمْـل) (চক্ষু) অশ্রু বর্ষণ করা, অশ্রুতে ভাসিয়া যাওয়া; (আকাশ) অবিরাম বৃষ্টি বর্ষণ করা; (পানি) উথলিয়া পড়া, প্লাবিত হওয়া, প্রবাহিত হওয়া, রাখাল ব্যতীত পশু রাত্রদিন চরিয়া বেড়ানো।

أَهْـمَـلَ : (اِهْـمَـال) অবহেলা করা, উপেক্ষা করা, ফেলিয়া রাখা; (বর্ণে) নুকতা (.) না দেওয়া, নুকতাবিহীন রাখা।

تَـهَـامَـلَ : অবহেলা করা, অমনোযোগী হওয়া, যত্নহীন হওয়া।

اِنْـهَـمَـلَ : (اِنْـهِـمَـال) (চক্ষু) প্রবল অশ্রুবর্ষণ করা; অশ্রুতে ভাসিয়া যাওয়া; (আকাশ) অবিরাম বৃষ্টি বর্ষণ করা, (বৃষ্টি) অবিরাম বর্ষিত হওয়া।

هِـمْـل : তালিযুক্ত কাপড়, মোটা কাপড়।

هَـمَـل : একাকী পরিত্যক্ত; ছাড়িয়া দেওয়া হইয়াছে এমন, রাত্রদিন চরিয়া বেড়ায় এমন (পশু); অবহেলিত, উপেক্ষিত; মুক্ত পানি-প্রবাহ।

هَـامِـل : রাত্রদিন ছাড়া থাকে এমন (পশু); সারাক্ষণ ঘুরিয়া বেড়ায় এমন ব্যক্তি; ভবঘুরে। ব هُـمَّـل، هَـمَـل স্ত্রী هَـامِـلَـة ব هَـوَامِـل

هُـمَّـال : নরম, থলথলে দেহ; পরিত্যক্ত ভূমি।

هَـمَـالِـيـل : পশুখাদ্যের অবশিষ্টাংশ; জীর্ণ বস্ত্র; দুর্বল পাখি।

تَـهَـامُـل، اِهْـمَـال : অবহেলা, উপেক্ষা, অযত্ন, অমনোযোগ।

بِـاِهْـمَـالٍ : অবহেলাভরে, অযত্নে।

مُـهْـمِـل : অবহেলাকারী, উপেক্ষাকারী, অমনোযোগী, অযত্নবান।



www.pathagar.com

مَهْمُول، مُهْمَل : অবহেলিত, উপেক্ষিত, অযত্নে রক্ষিত, পরিত্যক্ত; বর্জিত; উপেক্ষণীয়; নগণ্য।

~ : নুকতাবিহীন (বর্ণ)।

مُهْمَل التَّارِيخ : দিনক্ষণ চিহ্নিত করাবিহীন।

مُهْمَل الإِمْضَاء , ~ التَّوْقِيع : স্বাক্ষরবিহীন।

كَمِّيَّة مُهْمَلَة : নগণ্য পরিমাণ।

مُهْمَلَات : বাজে কাগজপত্র, Waste-paper.

سَلَّة المُهْمَلَات : বাজে কাগজপত্র ফেলিবার ঝুড়ি, Waste-paper basket.

هَمْلَجَ (هَمْلَجَة) : (অশ্ব) কদমে চলা।

هِمْلَاج : যে ঘোড়া কদমে চলে। ব هَمَالِيج

هَمَّنَ : (تَهْمِين) থলিতে রাখা।

هَمْهَمَ : (هَمْهَمَة) হুঁ হুঁ করা; বিড়বিড় করা; গোঁ গোঁ করা; গুনগুন করা।

هَمْهَمَة : হুঁ হুঁ, বিড়বিড়, গোঁ গোঁ, গুনগুন ইত্যাদি শব্দ। ব هَمَاهِم

(هَمَيَان، هَمْي) – هَمَى، (هَمْو) : ـُ هَمَا (পানি, অশ্রু) প্রবাহিত হওয়া, গড়াইয়া যাওয়া; রাখাল শূন্য পশু এদিক ওদিক চরিয়া বেড়ানো; (চক্ষু) অশ্রু ঝরানো।

هَمَى عَلَى وَجْهِه : উদ্ভ্রান্ত হইয়া চলা।

هَامِيَة : উদ্দেশ্যহীনভাবে ঘুরিয়া বেড়ায় এমন (উট)। ব هَوَامِي

هِمْيَان : টাকা-পয়সা রাখা যায় এমন কোমরবন্ধ, মানি ব্যাগ। ব هَمَايِين

هَنَّ : (هَنِين، هَنّ) : ـِ هَنَّ ক্রন্দন করা, বিলাপ করা, দীর্ঘশ্বাস ফেলা।

~ إِلَى : কামনা করা; আফসোস করা।

أَهَنَّ : (إِهْنَان) (উটকে) শক্তিশালী করা।

هَنّ، هَن : বস্তু। ব هَنُون

هُنَّ : তৃতীয় পুরুষ বহুবচন স্ত্রীলিঙ্গের সর্বনাম (ব্যা) : তাহারা, তাহাদিগকে, তাহাদের (স্ত্রী)।

هُنَانَة، هَانَّة : চক্ষু-তারার নিম্নবর্তী সাদা অংশ, অবশিষ্ট মজ্জা; উটের শক্তি।

مَا بِه هَانَّة : তাহার মধ্যে কোন কল্যাণ নেই।

هَنَّان : ক্রন্দনকারী, বিলাপকারী। স্ত্রী هَنَّانَة

مَهْنُون : শক্তিশালী।

هَهُنَا، هُنَا : এখানে, এইস্থলে।

هَنَّا : দূরবর্তী স্থান নির্দেশক অব্যয়।

هُنَالِكَ، هُنَاكَ : সেখানে, ওখানে, ঐ স্থলে।

هُنَاكَ قَوْل مَأْثُور : ঐ প্রসঙ্গে একটি প্রবাদ আছে।

هَنَا : ـُ (هَنَاء، هَنْأ) (খাদ্য বা পানীয়) উপকারী হওয়া, স্বাস্থ্যকর হওয়া, সুখকর হওয়া, খুশি করা, আনন্দ দেওয়া।

~ لِ : মঙ্গল সাধন করা।

~ : (هَنْأ) (উটের গায়ে) আলকাতরা মাখানো।

~ ـَ : (هَنْأ) ~ بِ শুভ কামনা করা, শুভেচ্ছা জ্ঞাপন করা।

~ ـِ : (هَنْأ) খাওয়ানো, ভরণপোষণ করা, সাহায্য করা।

هَنِئَ : ـَ (هَنَأ) ~ بِ আনন্দিত হওয়া, আনন্দ পাওয়া, উপভোগ করা।

~, هَنُؤَ : ـُ (هَنَاءة، هَنَاءَة، هَنَاءَة) সুখকর হওয়া, আনন্দদায়ক হওয়া, উপকারী হওয়া।

هَنَّأَ : (تَهْنِئَة) সুখী করা, আনন্দিত করা, আনন্দ দেওয়া।

~ بِ، عَلَى : অভিনন্দন জানানো, অভিনন্দিত করা।

أَهْنَأَ : (إِهْنَاء) প্রদান করা।

تَهَنَّأَ : সুখী হওয়া, খুশি হওয়া।

~ بِ : আনন্দিত হওয়া, আনন্দ পাওয়া, উপভোগ করা; উপকৃত হওয়া; গর্ববোধ করা।

إِسْتَهْنَأَ : (إِسْتِهْنَاء) সাহায্য চাওয়া, দান চাওয়া; দানে রাজি হওয়া।

هِنْء : আলকাতরার প্রলেপ, রাত্রির অংশ; দান।

هَنَاء : আনন্দ, উপভোগ, সুখ, স্বাচ্ছন্দ্য; সুস্বাস্থ্য; অভিনন্দন।

هِنَاء : আলকাতরা।



www.pathagar.com

هَنِيئ : সুখকর, স্বাস্থ্যকর; তৃপ্তিদায়ক; উপকারী; সহজগম্য, স্বচ্ছন্দ; আরামদায়ক।

هَنِيئًا مَرِيئًا، هَنِيئًا لَكَ : তৃপ্তি ও আনন্দ সহকারে, তোমার জন্য সুখকর বা উপকারী হউক, তোমাকে আনন্দ দান করুক, তোমার মঙ্গল করুক।

الهَنِيّ، والمَرِيّ : হিশাম ইব্‌ন আবদুল মালিক কর্তৃক খননকৃত ফুরাত নদীর সহিত সংযুক্ত দুইটি খাল।

هَانِئ : সুখী, আনন্দিত; চাকর।

أمّ هَانِئ : উম্মে হানী হিন্‌দ বিন্‌তে আবূ তালিব। রাসূলুল্লাহ (স)-এর চাচাত ভগ্নি।

هُنَيْئَة : সামান্য ক্ষণ; মুহূর্ত।

تَهْنِئَة : অভিনন্দন, শুভেচ্ছা। ব تَهَانِئ

مُهَنِّئ : অভিনন্দন জ্ঞাপনকারী, হিতাকাঙ্ক্ষী।

مُهَنَّأ : অভিনন্দিত।

مَهْنُوء : আলকাতরার প্রলেপযুক্ত।

هَنْبَتَ : (هَنْبَتَة) মন্থরগতিতে কাজ করা, শিথিল হওয়া।

هَنْبَثَة : গুরুত্বপূর্ণ বিষয়; সন্দেহপূর্ণ সংবাদ; বিপদাপদ। ব هَنَابِث

هَنْبَذَة : কঠিন কাজ, জটিল বিষয়। ব هَنَابِذ

أمّ هِنَّبْر، هِنَّبْر، هِنْبِر : হায়না।

هَنْبَسَ : تَهَنْبَسَ، هَنْبَس (هَنْبَسَة) সংবাদের অন্বেষণে থাকা।

هَنْبَصَ : (هَنْبَصَة) মুখ চাপিয়া হাসা।

هِنْبِص : দুর্বল।

هَنْبَغَ (هَنْبَغَة) : ক্ষুধায় কষ্ট পাওয়া।

هُنْبُوغ، هِنْبَاغ، هُنْبُغ : প্রচণ্ড ক্ষুধা।

هَنْبَلَ : (هَنْبَلَة) (বন্য পশু) খোঁড়াইয়া হাঁটা।

تَهَنَّجَ : নড়া।

هَنَّدَ : (تَهْنِيد) তোষামোদ করা, ছিনালি করা; গালি দেওয়া; (তরবারি) ধারালো করা; পেঁচার মত শব্দ করা।

~ فِي : ব্যর্থ হওয়া, অক্ষম হওয়া, মন্থর হওয়া।

هِنْد : ১০০ হইতে ২০০ পর্যন্ত সংখ্যার উষ্ট্রপাল। ব أهْنَاد، أهْنُد، هُنُود

هِنْد : হিন্‌দ : 'উত্‌বার কন্যা, আবূ সুফ্‌য়ানের স্ত্রী ও আমীর মু'আবিয়ার মাতা।

الهِنْد : ভারতবর্ষ; ভারতীয়গণ।

الهِنْد البِرِيطَانِيَّة : ব্রিটিশ-ভারত, British India.

~ الصِينِيَّة : ইন্দোচীন, Indochina : দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারত ও চীনের প্রতিবেশী দেশসমূহ : থাইল্যান্ড, মালয়েশিয়া, ভিয়েতনাম, কম্বোডিয়া, লাওস ইত্যাদি।

اَلْهِنْدُ الشَرْقِيَّة : পূর্ব-ভারত, East India.

جَزَائِر الهِنْد الشَرْقِيَّة : পূর্ব-ভারতীয় দ্বীপপুঞ্জ, East Indies.

~ ~ الغَرْبِيَّة : পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ, West Indies.

جَوْز الهِنْد : নারিকেল।

هِنْدُوَانِيّ، هِنْدِيّ : ভারতীয়।

~ : ভারতীয় লোক, ভারতবাসী, হিন্দু। ব هُنُود

المُحِيط الهِنْدِيّ : ভারত-মহাসাগর।

هِنْدِيّ أمِيرِكِيّ، هِنْدِيّ أحْمَر : রেড ইন্ডিয়ান, Red Indian.

الهُنُود الحُمْر : রেড ইন্ডিয়ান জাতি, Red Indians.

اللُغَة الهِنْدِيَّة : হিন্দি ভাষা।

~ الأرْقَام ~ : গণিতে প্রচলিত ১-৯ সংখ্যা। আরবদের মাধ্যমে ইহা পাশ্চাত্য জগতে প্রচলিত হয় বলিয়া পাশ্চাত্যে ইহা Arabic numerals নামে খ্যাত।

هُنَيْدَة : একশত সংখ্যাবিশিষ্ট দল; শতাব্দী।

مُهَنَّد : ভারতীয় ইস্পাত দ্বারা প্রস্তুত তরবারি, ধারালো তরবারি।

هِنْدَبِى، هِنْدَبَاء، هِنْدَب : গুল্মবিশেষ, Endive.

هِنْدَبَاء بَرِّيَّة : উদ্ভিদবিশেষ ও তাহার ফুল, Dandelion.



www.pathagar.com

هَنْدَزَ (هَنْدَزَة) : বিন্যস্ত করা, সাজাইয়া রাখা।

هِنْدَاز : (ফা) পরিমাপ, সীমা।

هِنْدَازَة، هِنْدَاسَة : কাপড়ের মাপবিশেষ; কিউবিট, cubit; এল, ell.

هَنْدَسَ : (هَنْدَسَة) প্রকৌশলীর কাজ করা; (রাস্তা) উদ্ভাবন করা; খুঁজিয়া বাহির করা।

هِنْدِس : দক্ষ; নির্ভীক।

هَنْدَسَة : পরিমাপ, প্রকৌশল-বিদ্যা; যন্ত্রবিজ্ঞান; পূর্তবিদ্যা; জ্যামিতি; স্থাপত্য কলা।

هَنْدَسَة عِلْمِيَّة، عِلْم الهَنْدَسَة : জ্যামিতি।

هَنْدَسَة الرَّيّ : সেঁচ-প্রকৌশল, irrigation engineering.

هَنْدَسَة زِرَاعِيَّة , ~ الزِرَاعَة : কৃষি-বিজ্ঞান, Agronomy.

~ تَحْلِيلِيَّة : বিশ্লেষণমূলক জ্যামিতি, Analytical geometry.

هَنْدَسَة سَطْحِيَّة , ~ السُطُوح : সমতল জ্যামিতি, Plane geometry.

~ عَمَلِيَّة : যন্ত্রবিজ্ঞান, প্রকৌশল, ইঞ্জিনিয়ারিং, Engineering.

~ فَرَاغِيَّة : ঘনবস্তু প্রকৌশল, engineering.

~ كَهْرَبَائِيَّة : তড়িৎ-প্রকৌশল, Electrical engineering.

~ لاَ سِلْكِيَّة : বেতার প্রকৌশল, Radio engineering.

~ المُدُن : নগর পরিকল্পনা।

~ مَدَنِيَّة : সিভিল ইঞ্জিনিয়ারিং, Civil engineering.

هَنْدَسَة مِعْمَارِيَّة , ~ المِعْمَار : স্থাপত্য, Architecture.

~ مِيكَانِيكِيَّة : যান্ত্রিক প্রকৌশল, Mechanical engineering.

~ وَصْفِيَّة : বর্ণনামূলক জ্যামিতি, Descriptive geometry.

هَنْدَسِيّ : প্রকৌশলী; প্রকৌশলগত, প্রযুক্তি-সম্বন্ধীয়, জ্যামিতি-বিষয়ক।

شَكْل هَنْدَسِيّ : জ্যামিতিক আকার।

~ قَلَم : জ্যামিতিক কলম, geometrical pen.

مُهَنْدِس : প্রকৌশলী, ইঞ্জিনিয়ার, যন্ত্রবিদ; জ্যামিতিবেত্তা; স্থপতি।

مُهَنْدِس الرَّيّ : সেঁচ-প্রকৌশলী।

~ رِيَاضِيّ : জ্যামিতিবেত্তা।

~ زِرَاعِيّ : কৃষিবিদ, কৃষি-বিজ্ঞানী।

~ عَسْكَرِيّ : সেনা-প্রকৌশলী, Army engineer.

~ عَمَلِيّ : প্রকৌশলী; জ্যামিতিবেত্তা।

~ كَهْرَبَائِيّ : তড়িৎ-প্রকৌশলী, Electric Engineer.

~ مِعْمَارِيّ : স্থপতি।

~ مِيكَانِيكِيّ : যন্ত্র-প্রকৌশলী, যন্ত্রবিজ্ঞানী, Mechanical engineer.

هِنْدُوسِيّ : (ب هَنَادِس) هِنْدُوكِيّ (ب هَنَادِك) হিন্দু।

هَنْدَمَ : (هَنْدَمَة) সুবিন্যস্ত করা, সুসজ্জিত করা, ঠিক করা, পরিপাটি করা; (কাঠ) সাইজ করা।

تَهَنْدَمَ : সুবিন্যস্ত হওয়া, সুশৃঙ্খল হওয়া, পরিপাটি হওয়া।

هَنْدَمَة، هِنْدَام : শৃঙ্খলা, বিন্যাস, সাজ, পরিচ্ছন্নতা, মিল, সামঞ্জস্য।

مُهَنْدَم : পরিপাটি, সুগঠিত, সুসজ্জিত; পোশাক, বেশভূষা, সুবিন্যস্ত, পরিচ্ছন্ন, সুষম, সুসমঞ্জস।

هَنَرَة : কর্ণকুহর।

هَنَعَ : ـَ (هَنْع) ভাঁজ করা, নোয়ানো, (উটের) ঘাড়ে দাগ দেওয়া।

~ لِ : অনুগত হওয়া।

هَنِعَ : ـَ (هَنَع) (উট) বাঁকা ও উঁচু ঘাড়বিশিষ্ট হওয়া।

إِسْتَهْنَعَ : (إِسْتِهْنَاع) জবাব দিতে অপারগ হওয়া।



www.pathagar.com

هَنَع : উটের ঘাড়ের বক্রতা।

هَنْعَة : উটের ঘাড়ের দাগ।

هَانِع : অনুগত। ব هُنَّع

أَهْنَع : বাঁকা ও উঁচু ঘাড়বিশিষ্ট (উট)। স্ত্রী هَنْعَاء ব هُنْع

هَنْغَارِيَا : হাঙ্গেরী : মধ্য-ইউরোপের একটি দেশ। রাজধানী বুদাপেস্ট।

هَنْغَارِيّ : হাঙ্গেরীয়।

هَنَّفَ : (تَهْنِيف) ত্বরা করা, দ্রুত করা, ছুটিয়া যাওয়া।

هَانَفَ، أَهْنَفَ، تَهَانَفَ : (إِهْنَاف، مُهَانَفَة) অবজ্ঞাভরে হাসা, নাক সিটকানো; ক্রন্দনোদ্যত হওয়া, ফোঁপানো।

هِنَاف، إِهْنَاف، مُهَانَفَة : অবজ্ঞার হাসি, বক্র হাসি, নাক সিটকানি; ফোঁপানি।

هَنْك : প্রতিধ্বনি।

هَنْكَرَ : (هَنْكَرَة) হৈচৈ করা, হট্টগোল করা।

هَنْكَرَة : হৈচৈ, হট্টগোল।

هَنَم : শুকনা খেজুর।

هَانِم : (তু) খানম, খাতুন, বেগম। ব هَوَانِم

هَوَانِمِيّ : মেয়েলি, স্ত্রীসুলভ।

هَنْهَنَ : (هَنْهَنَة) ~ لِ গান গাহিয়া ঘুম পাড়ানো।

هَنْهُونَة : ঘুম পাড়াইবার গান, ঘুম পাড়ানি গান।

هَنْو : সময়।

هُنَا، هٰهُنَا : এইখানে, এই স্থানে।

إِلَى هُنَا، لِهُنَا : এইদিকে, এই পর্যন্ত।

مِنْ هُنَا : এই স্থান হইতে; এই অবস্থায়।

مِنْ هُنَا وَمِنْ هُنَاكَ : এইজন্য, এইখান হইতে।

هُنَاكَ، هُنَالِكَ : সেইখানে, ঐখানে, ঐ স্থানে।

إِلَى هُنَاكَ : ঐদিকে, সেইদিকে।

مِنْ هُنَاكَ : সেইখান হইতে।

إِلَى آخِرِمَا هُنَالِكَ : ইত্যাদি ইত্যাদি, প্রভৃতি।

هَنَة : বস্তু; ক্ষুদ্র জিনিস, তুচ্ছ বস্তু; দোষ, ত্রুটি। ব هَنَوَات، هَنَات

هَنَاة : বিপদ, আকস্মিক বিপদ। ব هَنَوَات

هُنَيْهَة، هُنَيَّة : স্বল্পক্ষণ, মুহূর্ত। ব هَنَات، هَنَوَات

لِهُنَيْهَةٍ : মুহূর্তের জন্য।

هَهْ : (অ) ওহ (তুচ্ছার্থে), হায়!

هُوَ : (স) তৃতীয় পুরুষ একবচন, পুংলিঙ্গের কর্তৃবাচক সর্বনাম ঃ সে, তিনি, ইহা।

كَمَا هُوَ : যেমন আছে।

أَنَا هُوَ : আমিই সেই।

هُوَ هُوَ : তিনিই তিনি।

هُوِيَّة : প্রকৃতি; সারবত্তা; অভিন্নত্ব; পরিচয়।

تَذْكِرَةُ الْهُوِيَّةِ، بِطَاقَةُ الْهُوِيَّةِ : ব্যক্তি-পরিচয়-পত্র।

هَاءَ ـُ : (هَوْء) ~ بِ আনন্দ বোধ করা।

هَاءَ بِخَيْرٍ : সে মঙ্গল চিন্তা করিল।

هَاءَ بِنَفْسِهِ إِلَى الْمَعَالِي : সে উচ্চাকাঙ্ক্ষী হইল।

هَوْء : ইচ্ছা, অভিলাষ, লক্ষ্য; তীক্ষ্ণ মানসিকতা।

بَعِيدُ الْهَوْءِ : উচ্চাভিলাষী।

هَوَاء : বাতাস (هوى)।

هَوْب : নির্বোধ; দূরত্ব; আগুনের তাপ। ব أَهْوَابٌ

هَوَّتَ : (تَهْوِيت) খাদে পতিত হওয়া।

هُوتَة، هَوْتَة : নিচু ভূমি, খাদ, গর্ত, অতল গহ্বর। ব هُوَت

هَوْتَة : পিপাসা।

هَوِجَ ـَ : (هَوَج) লম্বা ও বোকা হওয়া।

هَوَج : নির্বুদ্ধিতা, হঠকারিতা, চিন্তাশূন্যতা।

أَهْوَج : হঠকারী, চিন্তাশূন্য; গোঁয়ার-গোবিন্দ; প্রচণ্ড। স্ত্রী هَوْجَاء ব هُوج



www.pathagar.com

هَوْجَاء : ঘূর্ণিঝড়, ঘূর্ণিবাত্যা, ঝঞ্ঝা; দ্রুতগামী (উষ্ট্রী)। ব هُوج

هَادَ : ـُ (هَوْد) ইহুদি হওয়া; তওবা করা, সৎপথে ফিরিয়া আসা।

هَوَّدَ : (تَهْوِيد) আস্তে আস্তে চলা, ধীরে ধীরে অগ্রসর হওয়া; শান্ত হওয়া, নিদ্রা যাওয়া; মাতাল করা, নেশাগ্রস্ত করা; ইহুদি বানানো; (মূল্য) সামান্য হ্রাস করা।

هَوَّدَ فِى الْكَلَامِ : সে আস্তে আস্তে কথা বলিল, শান্তভাবে কথা বলিল।

هَاوَدَ : (مُهَاوَدَة) সহনশীল হওয়া, সহানুভূতিশীল হওয়া, প্রশ্রয় দেওয়া; মর্জি মোতাবেক চলা, আপস করা, সন্ধি করা, অনুগত হওয়া; পরিহার করা; পরিমিত মূল্য ধার্য বা গ্রহণ করা; প্রত্যাবর্তন করা।

تَهَوَّدَ : ইহুদি হওয়া, ইহুদি ধর্ম গ্রহণ করা; শান্তিচুক্তিতে আবদ্ধ হওয়া।

تَهَاوَدَ : ~ فِى (মূল্য)হ্রাস করা।

هُود : হযরত হূদ (আ) ঃ 'আদ জাতির নিকট প্রেরিত নবী; সূরা হূদ ঃ আল কুরআনের ১১ নং সূরার নাম।

هَوَدَة : উটের কুঁজ। ব هَوَد

هَوَادَة : সহনশীলতা, কোমলতা, দয়া, অনুগ্রহ, সহানুভূতি; শিথিলতা; শান্তভাব; শান্তি; সন্ধি।

هَائِد : তওবাকারী, সৎপথে প্রত্যাবর্তনকারী। ব هُود

تَهْوِيد : ইহুদি-ধর্মে দীক্ষিতকরণ।

تَهْوَاد : মিষ্ট স্বর।

مُهَاوَدَة : সহনশীলতা, শান্তিপ্রিয়তা, সহানুভূতিশীলতা।

مُهَاوَدَة الاسْعَارِ : মূল্যসমতা, মূল্যসঙ্গতি।

مُتَهَوِّد : ইহুদি ধর্মে দীক্ষিত, ইহুদিবাদী।

مُتَهَاوِد : পরিমিত মূল্য।

يَهُود : হযরত ইয়াকূব (আ)-এর পুত্র ইয়াহূদার বংশধরগণ; ইহুদি ধর্মাবলম্বী।

يَهُودِيّ : ইহুদি; ইহুদি-বিষয়ক।

يَهُودِيَّة : ইহুদি মহিলা; ইহুদি ধর্ম, ইহুদিবাদ।

هَوْدَج : শিবিকা, হাওদা (هدج)।

هَوْذَة : একজাতীয় তিতির পক্ষী। ব هَوْذ

هَاذَة : মেঠো মোরগবিশেষ। ব هَاذ

هُوَ ذَا : এই সেই।

هَارَ : (هَوْر) বিনষ্ট হওয়া; ধূলিসাৎ করা।

~ بِ : সন্দেহ করা।

~ عَنْ : বিরত রাখা।

~ عَلَى : প্ররোচিত করা।

هَوَّرَ : (تَهْوِير) বিপদগ্রস্ত করা, বিপদে ফেলা, বিপন্ন করা; ভূপাতিত করা; আছাড় দেওয়া; ভাঙ্গিয়া ফেলা।

تَهَوَّرَ : ভাঙ্গিয়া পড়া, ধ্বংসপ্রাপ্ত হওয়া; বিপদে ঝাঁপাইয়া পড়া; দায়িত্বহীন হওয়া, হঠকারী হওয়া; (সময়) চলিয়া যাওয়া।

تَهَوَّرَ فِى الْكَلَامِ : হঠকারিতার সহিত কথা বলা।

إِنْهَارَ : (إِنْهِيَار) ভাঙ্গিয়া পড়া, ধ্বংসপ্রাপ্ত হওয়া, বিধ্বস্ত হওয়া; বিচ্যুত হওয়া।

إِهْتَوَرَ : (إِهْتِوَار) ধ্বংস হওয়া।

هَيَّار، هَار : দুর্বল; ধ্বংসশীল, নশ্বর।

هَائِر، هَار : পতনোন্মুখ; ধ্বংসপ্রাপ্ত।

هَوْر : হাওর,হ্রদ; মেষপাল। ব أَهْوَار

هَوْرَة : বিপদ, ঝুঁকি। ব هَوْرَات

هُورَة : সন্দেহ, অবিশ্বাস।

هَوَارَة : ধ্বংস, ক্ষতি। ব هَوْرَاتٌ

هَوَّارِيّ : স্বেচ্ছাসেবক; অনিয়মিত সৈন্য। ব هَوَّارَة

هَيِّر : হঠকারী, অপরিণামদর্শী।

إِنْهِيَار : ধ্বংস, পতন, ভাঙন।

إِنْهِيَار عَصَبِيّ : স্নায়বিক পতন।

تَهَوُّر : হঠকারিতা, অপরিণামদর্শিতা, অমনোযোগিতা, দায়িত্বহীনতা; দুঃসাহস; অমিতাচার, বাড়াবাড়ি।

تَيْهُور : নিচু ভূমি; নিমজ্জিত বালি; গাছপালাবিহীন প্রান্তর।



www.pathagar.com

مُتَهَوِّر : হঠকারী, অপরিণামদর্শী, অমনোযোগী, দায়িত্বহীন; গোঁয়ার-গোবিন্দ, দুঃসাহসী; অবিবেচক; চরমপন্থী।

هَوَّزَ (تَهْوِيز) : মরিয়া যাওয়া।

هُوز : সৃষ্টিকুল, মানুষ।

هَاسَ - ُ (هَـوْس) : চূর্ণ করা, ভাঙ্গিয়া ফেলা; লোলুপভাবে ভক্ষণ করা; ঘুরিয়া বেড়ানো; (পশু) তাড়াইয়া নেওয়া।

هَوِسَ - َ (هَوَس) : হতভম্ব হওয়া, কিংকর্তব্যবিমূঢ় হওয়া; মতিভ্রষ্ট হওয়া, বিকৃতমস্তিষ্ক হওয়া; চঞ্চলমতি হওয়া।

هَوَّسَ (تَهْوِيس) : হতভম্ব করা, কিংকর্তব্যবিমূঢ় করা; মতিভ্রষ্ট করা; উন্মত্ত করা; প্রতারিত করা; ধোঁকায় ফেলা।

إِنْهَوَسَ، تَهَوَّسَ (إِنْهِيَاس) : প্রতারিত হওয়া, ধোঁকা খাওয়া, মতিভ্রষ্ট হওয়া, বুদ্ধিহীন হওয়া; বোকা বনা।

~ : কল্পনাপ্রবণ হওয়া; সাগ্রহে কামনা করা, আনন্দ বোধ করা।

هَوْسَا : পশ্চিম আফ্রিকার মালী প্রজাতন্ত্রের একটি বৃহৎ গোত্র। ইহারা সংখ্যায় প্রায় দুই কোটি। অধিকাংশই মুসলমান।

هَوْسَة : হৈচৈ, চিৎকার।

هَوَس : নির্বুদ্ধিতা; হতবুদ্ধিতা, কিংকর্তব্যবিমূঢ়তা; মতিভ্রম; মস্তিষ্কবিকৃতি, উদ্ভ্রান্তি, উন্মত্ততা; কল্পনাপ্রবণতা; আবেগ; প্রচণ্ড আশা; প্রবল কামনা।

هَوِيس : চিন্তা, ধারণা; মনের ভাব।

هَاوِيس ,~ : (মি) তালা; (খালের) কপাটকল, স্লুইজগেট। ব أَهْوِسَة

هَوَّاس : সিংহ।

أَهْوَس : مُهَوَّس، مَهْوُوس নির্বোধ; উন্মাদ, মত্ত, মতিভ্রষ্ট, বিকৃতমস্তিষ্ক। স্ত্রী هَوْسَاء ব هُوس

مُتَهَوِّس : কল্পনাপ্রবণ।

هَاشَ - ُ (هَوْش) (هَوِشَ - َ هَوَش) : গণ্ডগোল করা, অশান্ত হওয়া, উত্তেজিত হওয়া।

~ : (অশ্ব) ধাবিত হওয়া; (কুকুর) ঘেউ ঘেউ করা।

هَوَّشَ (تَهْوِيش) : উত্তেজিত করা, অশান্ত করা, জাগ্রত করা, প্ররোচিত করা; উসকানি দেওয়া; বিভেদ সৃষ্টি করা; বিশৃঙ্খল করা, বিজড়িত করা; মিশাইয়া ফেলা।

~ عَلَى : (কুকুর) লেলাইয়া দেওয়া, উসকানি দেওয়া।

هَاوَشَ (مُهَاوَشَة) : (জনতার ভিড়ে নিজেকে) মিশাইয়া ফেলা; (কুকুর) ঘেউঘেউ করিয়া বিরক্ত করা।

تَهَوَّشَ : উত্তেজিত হওয়া, দাঙ্গায় লিপ্ত হওয়া।

~ عَلَى : বিরুদ্ধে সংঘবদ্ধ হওয়া।

تَهَاوَشَ , ~ : বিজড়িত হওয়া।

هَوْش : বহুসংখ্যক, বিরাট দল বা পাল।

هَوْشَة : উত্তেজনা; গণ্ডগোল, দাঙ্গা, গোলমাল। ব هَوْشَات

هَوَاشَات : উট ও মানুষের মিশ্রিত বিরাট দল; অন্যায়ভাবে অর্জিত সম্পদ।

هَوِيشَة : বিশৃঙ্খল জনতা।

تَهْوِيش : উত্তেজনা; তর্জন-গর্জন; দম্ভোক্তি।

مَهَاوِش، تَهَاوِش : অন্যায়ভাবে অর্জিত সম্পদ।

مُهَوِّش : উত্তেজনা সৃষ্টিকারী, গণ্ডগোলকারী, উসকানিদাতা।

هَاعَ - َ (هَوْع) : খিটখিটে হওয়া; অশান্ত হওয়া, অস্থির হওয়া।

~ - ُ (هَوْع)، تَهَوَّعَ : বমি করা, উদ্‌গিরণ করা; ফেলিয়া দেওয়া; বমির চেষ্টা করা।

هَوَّعَ (تَهْوِيع) : বমি করানো।

هَاع : লোভী।

هَوْع : বমন, বমি; আগ্রহ; শত্রুতা।

هُوع : শত্রুতা।

هُوَاع، هَيْعُوعَة : বমন। ব أَهْوِعَةٌ، هُوَاعَاتٌ

مِهْوَاع، مِهْوَع : ঘোষক।

هُوف : বাতাস।

هَوِكَ - َ (هَوَك) : নির্বোধ হওয়া।



www.pathagar.com

تَهَوَّكَ، إِنْهَاكَ : (إِنْهِيَاك) হতবুদ্ধি হওয়া, স্তম্ভিত হওয়া।

هَوْك : বিকৃতমস্তিষ্ক।

هُوكَة : গর্ত।

مُتَهَوِّك، هَوَّاك : হতবুদ্ধি, স্তম্ভিত ব্যক্তি।

هُوكِى : হকিখেলা।

هُوكِى الإِنْزِلاَق : আইস-হকি, Ice-hockey.

هَالَ ـُ : (هَوْل) ভীত করা, আতঙ্কিত করা, সন্ত্রস্ত করা; ভয়ানক হওয়া।

هَوَّلَ : (تَهْوِيل) ভীত করা, সন্ত্রস্ত করা; বাড়াবাড়ি করা; বিকট করা, ভয়াবহ রূপ দেওয়া।

~ ب، عَلَى : হুমকি দেওয়া, ভীতি প্রদর্শন করা।

تَهَوَّلَ : ভয়াবহ হওয়া।

إِهْتَالَ : (إِهْتِيَال) ভীত হওয়া, সন্ত্রস্ত হওয়া।

هَال : মরীচিকা; দীর্ঘ বিলম্বিত বৃক্ষবিশেষ, Poplar; এলাচ।

حَبّ الهَال : এলাচ।

هَالَة : উজ্জ্বল মণ্ডল, বলয়; আলোক-বেষ্টনী, জ্যোতির্মণ্ডল। ব هَالاَت

هَوْل : ভীতি, আতঙ্ক, সন্ত্রাস। ব هُؤُول، أَهْوَال

أَبُو الهَوْل : নারীর মস্তক ও সিংহীর দেহবিশিষ্ট ফেরাউনী মূর্তিবিশেষ, Sphinx.

يَا لَلْهَوْل : হায়! কী ভয়াবহ!

هَوْلَة : ভয়ঙ্কর বস্তু; বিকট মূর্তি; আতঙ্ক।

هِيلَة : ভয়ঙ্কর বস্তু।

هَائِل : ভয়ঙ্কর, ভয়ানক, বিকট; ভয়াবহ; বিশাল; অস্বাভাবিক; বিস্ময়কর; কঠোর; প্রচণ্ড (যুদ্ধ)।

تَهْوِيل : ভীতি প্রদর্শন, হুমকি প্রদান; বাড়াবাড়ি; ভূত-প্রেত। ব تَهَاوِيل، تَهْوِيلاَت

تَهَاوِيل : সাজসজ্জা, বিভিন্ন রং।

مَهُول : ভয়, ভীতিপূর্ণ।

مُهَوِّل : ভয়ঙ্কর, ভয়ানক, ভীতিজনক, ভয়াবহ।

مَهِيل، مَهَال : ভীতিপূর্ণ স্থান, ভয়ের জায়গা।

هُولَنْدَة، هُولَنْدَا : হল্যান্ড; বর্তমান নাম নেদারল্যান্ড : উত্তর-ইউরোপের একটি দেশ। রাজধানী আমস্টারডাম।

هُولَنْدِيّ : ওলন্দাজ জাতি।

هُولاَغُو : হালাকু খাঁ ( ১২১৭-১২৬৫ খ্রি.) : দুর্ধর্ষ মোঙ্গল বীর এবং পারস্যে মোঙ্গল-সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। ১২৫৮ খ্রিস্টাব্দে বাগদাদের শেষ আব্বাসী খলীফা মুসতা'সিম বিল্লাহকে পরাজিত করিয়া আব্বাসী খিলাফতের পরিসমাপ্তি ঘটায় ও বাগদাদ নগরী ধ্বংস করে।

هَوَّمَ، تَهَوَّمَ : (تَهْوِيم) হালকা নিদ্রা যাওয়া, তন্দ্রাচ্ছন্ন হওয়া, তন্দ্রায় মাথা ঝুলানো।

هَوْم : নিচু ভূখণ্ড।

هَوْم المَجُوس : ভেষজ উদ্ভিদবিশেষ, একজাতীয় জুঁইফুল।

هَوْمَاة، هَوْمَة : বিস্তীর্ণ প্রান্তর।

هَامَة : মাথা, মাথার চূড়া, শীর্ষদেশ; প্রধান ব্যক্তি, নেতা। ব هَام، هَامَات

هَوَّام : সিংহ।

أَهْوَم : বড় মাথাবিশিষ্ট। স্ত্রী هَوْمَاء ব هُوم

هَانَ ـُ : (هَوْن) শান্ত হওয়া।

~ عَلَى : সহজ হওয়া।

~ : (مَهَانَة، هَوَان، هُون) হীন হওয়া, নীচ হওয়া, নিকৃষ্ট হওয়া, ঘৃণ্য হওয়া; দুর্বল হওয়া।

هَوَّنَ : (تَهْوِين) ঘৃণা করা, অপমান করা, তুচ্ছজ্ঞান করা; হালকা করা, কমানো।

~ عَلَى : সহজ করা।

هَوِّنْ عَلَيْكَ : সহজভাবে নাও; কিছু মনে করিও না, কষ্ট নিও না, দুঃখ করিও না; ধৈর্য ধর।

أَهَانَ : (إِهَانَة) ঘৃণা করা, অবজ্ঞা করা, অপমান করা, লাঞ্ছিত করা, অপদস্থ করা, হেয় জ্ঞান করা, অবহেলা করা।

تَهَاوَنَ، إِسْتَهَانَ : (إِسْتِهَانَة) ~ ب সহজ মনে করা; তুচ্ছ জ্ঞান করা; অবজ্ঞা করা, ছোট মনে করা; সামান্য গুরুত্ব দেওয়া, অবহেলা করা।



www.pathagar.com

إِنْهَانَ : (إِنْهِيَان) অপমানিত হওয়া, লাঞ্ছিত হওয়া।

إِهْوَأَنَّ : (إِهْوِيْنَان) (মরুভূমি) প্রশস্ত হওয়া।

هَوْن : আরাম, অবকাশ, সুবিধা, সুযোগ, শান্তি; ধীরতা।

عَلَى هَوْن، هَوْنًا : ধীরে, আস্তে, শান্তভাবে, সহজে।

عَلَى هَوْنِكَ : তোমার সুবিধামত।

مَهَانَة، هَوَان، هُون : লজ্জা, অপমান, লাঞ্ছনা, অসম্মান, অমর্যাদা; নীচতা, অপদস্থতা।

~ : সৃষ্টিজগৎ, মানুষ।

يَد الهُون : হামানদিস্তার ডাঁটি।

~ مِدْفَع : মর্টার, Mortar (যুদ্ধাস্ত্র)।

مَا أَدْرِى أَىّ الهُون هُوَ : আমি জানি না সে কি রকম লোক।

هُون : হূন জাতি : এশিয়ার একটি প্রাচীন জাতি। সম্ভবত চীন অথবা মঙ্গোলিয়ায় ইহাদের আদি বাস। খ্রিস্টীয় পঞ্চম শতাব্দীতে ইহারা শক্তিশালী হইয়া ইউরোপ আক্রমণ করে এবং গথীয় (প্রাচীন জার্মান) জাতিকে পরাজিত করে।

هُونِى : এখানে।

هَيِّن، هَيْن : সহজ, সরল: সাদাসিধা; হালকা; গুরুত্বহীন; তুচ্ছ; বিনীত, নম্র; সহজসাধ্য; সচ্ছল। ব أَهْوِنَاء، هَيِّنُون، هَيْنُون

هَيْن لَيْن : সহজ-সরল, নম্র-ভদ্র।

هِينَة : সহজভাব, সরলতা; আরাম, সুবিধা; অবকাশ; নমনীয়তা; সহজসাধ্যতা।

هُوَيْنَا : নম্রতা, ভদ্রতা; শান্তভাব; শিষ্টতা; ধীরতা; আরাম, অবকাশ; স্বাচ্ছন্দ্য; স্থৈর্য।

أَهْوَن : সহজ, সুবিধাজনক; সহজতর; ক্ষুদ্রতর; স্বল্পতর; নিকৃষ্টতর। স্ত্রী هَوْنَاء

إِهَانَة : অপমান, লাঞ্ছনা, অবমাননা, অবজ্ঞা।

إِسْتِهَانَة : অশ্রদ্ধা, ঘৃণা, অবজ্ঞা।

تَهَاوُن : অশ্রদ্ধা, ঘৃণা, অবজ্ঞা, উপেক্ষা, অবহেলা, অমনোযোগ; শৈথিল্য।

مُهَان : লাঞ্ছিত, অপমানিত, ঘৃণিত, অবজ্ঞাত।

مُهِين : অপমানকারী, অসম্মানকারী; অবমাননাকর, অসম্মানজনক।

مُتَهَاوِن : উপেক্ষাকারী, অবহেলাকারী, অমনোযোগী, শিথিল, নিরুৎসাহ, যত্নহীন।

مُسْتَهِين : ঘৃণাকারী, অবজ্ঞাকারী।

هُونْدُورَاس : হণ্ডুরাস : মধ্য-আমেরিকার একটি প্রজাতন্ত্র। রাজধানী তেগুচিগালপা।

هُونْدُورَاس البِرِيطَانِيَّة : ব্রিটিশ হণ্ডুরাস। রাজধানী বেলিজ।

هُونُولُولُو : হনুলুলু : হাওয়াই দ্বীপপুঞ্জের রাজধানী।

هُونْكُونْغ : হংকং : চীনের অন্তর্গত দক্ষিণ চীন-সাগর-তীরে ব্রিটিশ শাসিত একটি উপনিবেশ (বর্তমানে স্বাধীন)।

هَوَى : - هَوَى (هُوِىّ) পতিত হওয়া, নিচে নামা, অবতরণ করা, মাটিতে পড়া; (পাখি) ছোঁ মারা; আছাড় খাওয়া; মরিয়া যাওয়া; (বায়ু) প্রবাহিত হওয়া; (ক্ষত) প্রশস্ত হওয়া।

~ بِ : নিক্ষেপ করা; ধ্বংস করা; বিধ্বস্ত করা।

~ فِى : দ্রুত অগ্রসর হওয়া।

~ : (هَوَيَان، هُوِىّ) নিচে গমন করা; (তারকা) অস্ত যাওয়া; (মা) সন্তানহারা হওয়া।

~ : (هُوَّة) ঊর্ধ্বে গমন করা; আরোহণ করা।

هَوِىَ : - هَوِىَ (هَوًى) ভালবাসা, পছন্দ করা; কামনা করা, চাওয়া, আগ্রহী হওয়া; আসক্ত হওয়া, অনুরক্ত হওয়া; প্রেমে পড়া।

هَوَّى : (تَهْوِيَة) বায়ু চলাচলের ব্যবস্থা করা, বায়ু চলাচল করানো; বাতাস ভরা; বাতাস করা; বায়ু সেবন করানো, বাতাসে মেলিয়া রাখা; বায়বীয় করা; বায়ুমিশ্রিত করা।

هَاوَى : (مُهَاوَاة) সোহাগ করা; আসক্ত হওয়া; দ্রুত পদক্ষেপে চলা।

إِنْهَوَى، أَهْوَى : (إِنْهِيَاء، اهواء) পতিত হওয়া, পড়িয়া যাওয়া।



www.pathagar.com

أَهْوَى : ~ بِ ফেলিয়া দেওয়া।

~ إِلَى : দখল করা, আঁকড়াইয়া ধরা; পাইতে চাওয়া, কামনা করা।

~ لِ : (হস্ত) প্রসারিত করা; সম্মুখে ধাবিত হওয়া, ঝাঁপাইয়া পড়া।

~ عَلَى : ঝাঁপাইয়া পড়া, ছোঁ মারা; ঝুঁকিয়া পড়া।

أَهْوَى بِيَدِهِ ~ إِلَى : হাত বাড়ানো, ধরিতে চেষ্টা করা।

~ ~ : ~ عَلَى আঘাত করা।

تَهَوَّى : বায়ুপূর্ণ হওয়া।

تَهَاوَى : ভাঙ্গিয়া পড়া, বিধ্বস্ত হওয়া; ধাবিত হওয়া।

إِسْتَهْوَى : (إِسْتِهْوَاء) আকৃষ্ট করা, বিমোহিত করা, প্রলুব্ধ করা, প্রলোভিত করা, মুগ্ধ করা; সম্মোহিত করা; উল্লসিত করা; সর্দিতে আক্রান্ত হওয়া।

هَوٍ : প্রণয়াসক্ত; অনুরক্ত। স্ত্রী هَوِيَة

هُوَّة : গর্ত, খাদ, অতল গহ্বর। ব هُوًى، هُوَاة، هُوَّات

هَوًى : প্রেম, ভালোবাসা; ভালোবাসার বস্তু; আবেগ; অনুরাগ, ঝোঁক; পছন্দ; ইচ্ছা, কামনা, প্রবৃত্তি, আগ্রহ, আকাঙ্ক্ষা; আনন্দ; খেয়াল, কল্পনা। ব أَهْوَاء، هَوَايَا

عَلَى هَوَاهُ : তাহার ইচ্ছানুযায়ী।

فِي الْهَوَاء : প্রেমাসক্তিতে।

بِنْتُ الْهَوَاء : বারবণিতা।

أَهْلُ الأَهْوَاء : প্রবৃত্তিপরায়ণ লোক।

~ أَصْحَاب : কল্পনাবিলাসী লোকগণ।

هَوَى : খামখেয়ালি।

هَوِيّ : কানের শোঁ শোঁ শব্দ।

هَوِيّ، تَهْوَاء : (রাত্রির) অংশ।

هَوِيَّة : গভীর কূপ, গর্ত; শখ, Hobby. ব هَوَايَا

هُوِيَّة : ব্যক্তি বৈশিষ্ট্য, ব্যক্তিগত ডায়েরি।

هَوَاء : বাতাস, বায়ু, হাওয়া; আবহাওয়া; পারিপার্শ্বিকতা; মহাশূন্য; বায়ুমণ্ডল; জ্ঞানশূন্য ব্যক্তি। ব أَهْوِيَة، أَهْوَاء

الْهَوَاء الأَصْفَر : কলেরা, মহামারী।

الْجَوِّيّ ~ : বায়ুমণ্ডল।

الطَّلْق ~ : মুক্ত বায়ু, টাটকা হাওয়া।

بُنْدُقِيَّة الْهَوَاء : এয়ারগান, Airgun.

~ تَجْدِيد : বায়ু-চলাচলের ব্যবস্থা।

~ عِلْم طَبَقَاتِ الْهَوَاء، عِلْم : বায়ুবিজ্ঞান, Aerology.

~ عِلْم سَلْك : বিমান চালনাবিদ্যা, Aeronautics.

~ مِنْفَاخ : হাওয়া দেওয়ার যন্ত্র, Air pump.

هَوَائِيّ : বায়ু-সম্বন্ধীয়, বায়বীয়, গ্যাসবিষয়ক, বায়ুময়, বায়ু-চালিত; বায়ু-চলাচলযুক্ত; বায়ুমণ্ডলসংক্রান্ত; আকাশ-তার, এরিয়্যাল, Aerial, এন্টিনা, Antenna; খামখেয়ালি; অশরীরী, অবাস্তব, কাল্পনিক।

هَوَائِي إِطَارِيّ : ফ্রেম এরিয়্যাল, Frame Airial.

خَال ~ : হালকা এরিয়্যাল।

طُوقِيّ ~ : ফাঁস এন্টিনা, Loop antenna.

مِظَلِّيّ ~ : ছত্র-এরিয়্যাল, Umbrella antenna.

مُرْتَفِع ~ : উঁচু এন্টিনা।

مُرْسِل ~ : প্রেরক-এন্টিনা, Transmitting antenna.

مُزْدَوِج ~ : দোতার এন্টিনা, Two-aire antenna.

مُسْتَقْبِل ~ : গ্রাহক-এন্টিনা, Receiving antenna.

مُفْرَد ~ : একতার এন্টিনা, Single-aire antenna.

حِسَاب ذِهْنِيّ، حِسَاب هَوَائِيّ : মানসাঙ্ক।

~ حَيَوَان : বায়ুজীবী প্রাণী।

~ دُولَاب : বায়ুচালিত চাকা, Wind-wheel.

~ مَطَبّ : বাত-গহ্বর, Air pocket.

~ جُرْثُوم : বায়ুজীবী জীবাণু।



www.pathagar.com

مِينَاء هَوَائِيّ : বিমানবন্দর, Airport.

سِلْك الهَوَائِيّ : এরিয়্যালের তার, এন্টিনার তার।

مَرْكَبَة هَوَائِيَّة، سَفِينَة هَوَائِيَّة : হাওয়াই জাহাজ, উড়োজাহাজ, বিমানপোত।

~ مَضَخَّة : বায়ুচালিত কল, Windmill.

هَوَّاء : অপেশাদার, শৌখিন।

هَوَايَة : শখ, শৌখিন। ব هَوَايَات

هَوَّايَة : পাখা, ভেন্টিলেটর।

هَاوٍ : পতনশীল; অস্তগামী (তারকা); প্রেমিক, প্রেমাসক্ত; অপেশাদার; শৌখিন; বায়ুপূর্ণ; মুক্ত, শূন্য। ব هُوَاة

هَاوِيَة، أَهْوِيَّة : গভীর খাদ, গর্ত, অতল গহ্বর; বায়ুমণ্ডল।

~ : সন্তানহারা (মা)।

الهَاوِيَة : জাহান্নাম, দোযখ।

أَهْوَى : অধিকতর কাম্য, অধিক লোভনীয়।

إِسْتِهْوَاء : আকর্ষণ, প্রলোভন, সম্মোহন, মোহ; পরামর্শ।

تَهْوِيَة : বায়ু-চলাচলের ব্যবস্থা।

مَهْوَاة، مَهْوًى : গভীর খাদ, গর্ত, অতল গহ্বর; দুই পর্বতের মধ্যবর্তী স্থান, কাম্যবস্তু, কামনাস্থল; আকাশ, বায়ুমণ্ডল। ব مَهَاوٍ

مِهْوَاة : ভেন্টিলেটর, Ventilator.

هِيَ : (স) তৃতীয় পুরুষ একবচন স্ত্রী বোধক কর্তৃবাচক সর্বনাম ঃ সে, তিনি; ইহা (স্ত্রী)।

هَيَّا، هَيّ : (অ) এসো, চল, ওঠ, তাড়াতাড়ি কর।

هَيّ بنْ بَيّ : ভুঁইফোড়, ব্যাঙের ছাতা।

هَاءَ - َ هَيُؤَ - ُ : (هَيَاءَة، هَيْأَة) সুগঠিত হওয়া, সুন্দর আকৃতিবিশিষ্ট হওয়া, সুদর্শন হওয়া।

~ - َ : (هَيْئَة) ~ إِلَى কামনা করা, আগ্রহী হওয়া।

~ - َ : (هَيْأَة) ~ لِ প্রস্তুত হওয়া, প্রস্তুতি গ্রহণ করা।

هَيَّأَ : (تَهْيِئَة) প্রস্তুত করা; ঠিক করা, বিন্যস্ত করা, সজ্জিত করা, সুশোভিত করা।

~ لِ : পথ সুগম করা, রাস্তা প্রস্তুত করা; আগ্রহী করা, আকৃষ্ট করা।

هَايَأَ : (مُهَايَأَة) ~ فِي একমত হওয়া, উপযোগী হওয়া।

تَهَيَّأَ : সশস্ত্র হওয়া, যুদ্ধের জন্য প্রস্তুত হওয়া, যুদ্ধরত হওয়া; সুন্দর পোশাক পরিহিত হওয়া।

~ لِ : প্রস্তুত হওয়া, প্রস্তুতি গ্রহণ করা, উদ্যত হওয়া; সম্ভাব্য হওয়া; কল্পনা করা।

تَهَايَأَ : পরস্পর সম্মত হওয়া, একমত হওয়া।

هَيْئَة : আকার, আকৃতি, গঠন, রূপ, চেহারা, অবয়ব; হাবভাব; ধরন, পদ্ধতি; অবস্থা; দল, সংগঠন, সঙ্ঘ, সমাজ; সংস্থা; সমিতি; কর্পোরেশন; কমিটি; পরিষদ, বোর্ড; কমিশন। ব هَيْئَات

الهَيْئَة الاجْتِمَاعِيَّة : মানব-সমাজ, সামাজিক সংগঠন।

الهَيْئَة الأُمَمِيَّة، هَيْئَة الأُمَم المُتَّحِدَة : জাতিসংঘ, United Nations Organization, U. N. O.

هَيْئَة الإِذَاعَة : সম্প্রচার সংস্থা; ব্রডকাস্টিং কর্পোরেশন, Broadcasting corporation.

هَيْئَة الاذَاعَة البِرِيطَانِيَّة : ব্রিটিশ ব্রডকাস্টিং কর্পোরেশন, British Broadcasting Corporation, B. B. C.

هَيْئَة بَرْلَمَانِيَّة : সংসদীয় দল, Parliamentary group.

التَّحْكِيم ~ : সালিসী বোর্ড; জুরি, বিচারকমণ্ডলী।

التَّدْرِيس ~ : শিক্ষকমণ্ডলী, অনুষদ।

هَيْئَة حُكُومِيَّة، ~ حَاكِمَة : সরকারি এজেন্সী।

~ سِيَاسِيَّة ، ~ دِبْلُومَاسِيَّة : কূটনৈতিক সংগঠন।



www.pathagar.com

هَيْئَة طِبِّيَّة : চিকিৎসা-পরিষদ।

نِيَابِيَّة ~ : প্রতিনিধিত্বমূলক সংগঠন, সংসদীয় দল।

الْمَحْكَمَة ~ : আদালত।

عِلْم الْهَيْئَة : জ্যোতিঃশাস্ত্র, Astronomy.

هَيِيءٌ، هَيِّئٌ : সুন্দর চেহারাবিশিষ্ট, সুঠাম অবয়ব, সুদর্শন।

تَهْيِئَة : প্রস্তুতি; প্রশিক্ষণ; যন্ত্রপাতি সজ্জিতকরণ।

تَهَيُّؤ : স্বীয় প্রস্তুতি।

تَهَايُؤ : পারস্পরিক মিল, উপযোগিতা।

مُهَيَّأ : প্রস্তুত, প্রস্তুতকৃত।

مُهَيِّئ : প্রস্তুতকারী।

مُهَيَّئَات : স্বল্প ওজনের বৃহদায়তন দ্রব্যসামগ্রী।

هَابَ - : (مَهَابَة، هَيْبَة) اِهْتَابَ، (اِهْتِيَاب) সমীহ করা; সম্মান করা, শ্রদ্ধা করা।

هَيَّبَ : (تَهْيِيب) ~ إِلَى সম্মানার্হ্য দেখানো; শ্রদ্ধাস্পদ করা, গুরুত্ব প্রতিষ্ঠা করা।

~ عَلَى : ভীতি প্রদর্শন করা, হুমকি দেওয়া।

أَهَابَ : (إِهَابَة) ~ بِ ডাক দেওয়া, আবেদন করা, আহ্বান জানানো; উৎসাহ দেওয়া।

تَهَيَّبَ : মহিমান্বিত মনে করা, সম্মান করা; ভীত করা, ভীতি প্রদর্শন করা।

هَاب : সাপ।

هَيْب : শাবল।

مَهَابَة، هَيْبَة : মহিমাজ্ঞান, শ্রদ্ধামিশ্রিত ভয়; শ্রদ্ধা, ভক্তি, সম্মান, মর্যাদা; গাম্ভীর্য; প্রতিপত্তি; শালীনতা।

هَيَّاب، هَائِب : ভীরু; লাজুক; সম্মানপূর্ণ।

هَيُوب : মহত্ত্ব অনুধাবক; লাজুক; ভীতিজনক; ভীতিপ্রদ; শ্রদ্ধা পোষক।

تَهَيُّب : মহত্ত্ব; সম্মান।

مَهَاب : মহত্ত্ব প্রদর্শনের বা শ্রদ্ধার বস্তু; গুরুত্বপূর্ণ স্থান।

مُهِيب، مَهِيب، مَهُوب : মহত্ত্বজ্ঞাপক, গাম্ভীর্যপূর্ণ, সম্মানিত; শ্রদ্ধাস্পদ।

مَهْيَبَة : সশ্রদ্ধ ভয়ের কারণ।

مُتَهَيِّب : সম্মানপূর্ণ, ভক্তিমূলক, সশ্রদ্ধ।

هَيَّتَ : (تَهْيِيت) ~ بِ ডাক দেওয়া।

هَات : দাও, আন।

هَيْتَ لَكَ، هَيْتَ : এইখানে আস, এইদিকে আস, সুযোগ নাও।

هَيَّات : হট্টগোলকারী।

هَاثَ - : (هَيْث) উত্তেজিত হওয়া, বিশৃঙ্খল হওয়া।

~ : (هَيَثَان) ~ لِ সামান্য পরিমাণ দেওয়া।

هَايَثَ : (مُهَايَثَة) ধনবল বা জনবলের প্রতিযোগিতা করা।

تَهَيَّثَ : ~ لِ প্রদান করা।

اِسْتَهَاثَ : (اِسْتِهَاثَة) অধিক চাওয়া, অনেক মনে করা; (সম্পদ) অপচয় করা।

هَيْثَة : মানুষের দল।

هَاجَ - : (هِيَاج، هَيَجَان، هَيْج) اِهْتَاجَ، تَهَيَّجَ (اِهْتِيَاج) উত্তেজিত হওয়া, জাগ্রত হওয়া; অশান্ত হওয়া, বিরক্ত হওয়া, (ধূলি) উত্থিত হওয়া।

~ - : (هَيْج) (সমুদ্র) তরঙ্গায়িত হওয়া; (চক্ষু) ফুলিয়া উঠা; (রক্ত) টগবগ করা; (ক্রোধ) জাগরিত হওয়া; (গাছ) শুকাইয়া যাওয়া; হলুদবর্ণ হওয়া; (ভূমি) শুষ্ক হওয়া, উষর হওয়া; (উট) তৃষ্ণার্ত হওয়া; সম্মুখে ধাবিত হওয়া; (সমরানল) জ্বলিয়া উঠা।

هَيَّجَ : (تَهْيِيج) নাড়া দেওয়া, উত্তেজিত করা; জাগ্রত করা; অশান্ত করা, বিরক্ত করা; উত্তপ্ত করা, উসকাইয়া দেওয়া; প্ররোচনা দেওয়া; প্রজ্বলিত করা; (রক্ত) টগবগ করানো; (ক্রোধ) জাগরিত করা; ধাবিত করা; চালান দেওয়া।

هَايَجَ : (هِيَاج) প্রতিযোগিতা করা; প্রতিদ্বন্দ্বিতা করা; যুদ্ধে লিপ্ত হওয়া।



www.pathagar.com

تَهَايَجَ : আক্রমণ করা, যুদ্ধ করা।

هَيْجٌ : উত্তেজনা,অশান্তি; গোলযোগ, যুদ্ধ।

هَيْجَا، هَيْجَاءُ، هَيْجَى : যুদ্ধ।

هِيَاجٌ، هَيَجَانٌ : উত্তেজনা, অশান্তি; ক্রোধ; গোলযোগ, দাঙ্গা; বিস্ফোরণ, প্রচণ্ডতা; উত্তালতা; তিক্ততা।

هَاجَةٌ : মাদী বেঙ, বেঙী, দাদুরী; উটপাখি। ব هَاجَاتٌ

هَائِجٌ : উত্তেজিত, বিরক্ত, অশান্ত, উত্তাল, ক্রুদ্ধ; প্রচণ্ড ক্রোধ।

هَاجَ هَائِجُهُ : তাহার রাগ উঠিয়াছে, সে ক্রোধান্বিত হইয়াছে।

هَائِجَةٌ : শুষ্ক গাছপালাবিশিষ্ট ভূমি।

تَهَيُّجٌ : গোলযোগ; উত্তেজনা; ক্রোধ।

تَهْيِيجٌ : উত্তেজিতকরণ; উত্তেজনা; প্ররোচনা, উসকানিদান, প্রজ্বালন; তড়িৎযুক্তকরণ।

مِهْيَاجٌ : (মোটর গাড়ির) ইঞ্জিন চালু করিবার যন্ত্রবিশেষ।

مُهَيِّجٌ : উত্তেজক, প্ররোচক, উসকানিদাতা, জাগ্রতকারী, অশান্তি সৃষ্টিকারী; বিরক্তিকর, প্রদাহজনক।

~ : উত্তেজক-পদার্থ, উত্তেজক-বস্তু। ব مُهَيِّجَاتٌ

مُتَهَيِّجٌ، مُهْتَاجٌ : উত্তেজিত, অশান্ত, বিরক্ত, ক্রুদ্ধ।

هَادَ - : (هَادٌ، هِيدٌ) (تَهْيِيدٌ) هَيَّدَ، কষ্ট দেওয়া, ভয় দেখানো; মেরামত করা; বিন্যস্ত করা।

هَيْدِ، هِيدٌ، هَادٌ : উট তাড়াইবার ধ্বনি।

أَيَّامُ هَيْدٍ : অসুখী দিন, কষ্টের দিন।

هَيْدَانٌ : ভীরু।

هَيَّرَ : (تَهْيِيرٌ) ফেলিয়া দেওয়া, অধঃমুখী হইয়া কোন কিছু নিক্ষেপ করা, ধ্বংস করা; ত্বরান্বিত করা; সত্তর প্রেরণ করা, সরঞ্জাম প্রস্তুত করা।

تَهَيَّرَ : অধোমুখে পতিত হওয়া; ত্বরা করা।

هَيْرٌ، هِيرٌ، هَيِّرٌ : উত্তর দিক হইতে প্রবাহিত বায়ু, উত্তুরে বায়ু।

هَيْرَةٌ : সমতল ভূমি।

هَيَارٌ : ধ্বংসাবশেষ; আবর্জনা; কাজের সরঞ্জাম।

هَيْرَعٌ : ভীরু, দুর্বল।

هَيْرَعَةٌ : ধূলি উড়ায় এমন (বায়ু), ধূলিঝড়।

هِيرَاطِيقِيٌّ : প্রাচীন মিসরীয় লিপিবিশেষ, Heeratic.

هِيرُوغْلِيفِيٌّ : সাঁটলিপি-সম্বন্ধীয়।

الْكِتَابَةُ الْهِيرُوغْلِيفِيَّةُ : চিত্রলিপি, সাঁটলিপি।

~ اللُّغَةُ : সাঁটলিপির ভাষা।

هِيرُوِين : মর্ফিন হইতে প্রস্তুত মাদকবিশেষ, হিরোইন, Heroin.

هَاسَ - : (هَيْسٌ) পদব্রজে চলা; (শত্রুকে) তাড়াইয়া দেওয়া, নিষ্পেষণ করা, গুঁড়া গুঁড়া করা।

هَيْسِ : (অ) চল!

أَهْيَسُ : সাহসী।

هَاشَ - : (هَيْشٌ) উত্তেজিত হওয়া, উচ্ছৃঙ্খল হওয়া; অশ্লীল কথা বলা; ধ্বংস করা, নষ্ট করা।

هَيَّشَ : (تَهْيِيشٌ) নিবিড় হওয়া, ঘন হওয়া, টোপে ভরা হওয়া।

هِيشٌ، هِيشَةٌ : ঝোপ, জঙ্গল।

هَيْشَةٌ : উত্তেজনা, গোলযোগ, দাঙ্গা; সংঘাত; উচ্ছৃঙ্খল জনতা। ব هَيْشَاتٌ

مُهَيَّشٌ : ঘন, নিবিড়, ঝোপঝাড়পূর্ণ।

هَاصَ - : (هَيْصٌ) স্বর নোয়াইয়া দেওয়া, (ঘাড়) ভাঙ্গিয়া দেওয়া; দুর্ব্যবহার করা, (পাখি) মল ত্যাগ করা।

~، هَيَّصَ : হই-হুল্লোড় করিয়া উৎসব করা; আনন্দ-ধ্বনি করা; চিৎকার করা, হৈচৈ করা।

هَيْصٌ : পাখির চাপা সুর।

هَيْصَةٌ : হৈচৈ, গোলমাল, শোরগোল, চিৎকার।



www.pathagar.com

هَاضَ - : (هَيْض) সুর কোমল করা; ভাঙ্গিয়া ফেলা; চূর্ণ-বিচূর্ণ করা; (হাড়) জোড়া লাগিবার পর আবার ভাঙ্গিয়া দেওয়া; কষ্ট দেওয়া।

هَاضَ الْمَرِيضُ : রোগীর অবস্থা আবার খারাপ হইয়াছে।

هِيضَ جَنَاحُهُ : তাহার ডানা ভাঙ্গিয়া দেওয়া হইয়াছে, সে শক্তিহীন হইয়া পড়িয়াছে।

إِنْهَاضَ، تَهَيَّضَ : (হাড়) জোড়া লাগিবার পর আবার ভাঙ্গিয়া যাওয়া।

هَيْض : (পাখির) কোমল সুর।

هَيْضَة : উদরাময়, ডায়রিয়া, রোগের পুনঃপ্রকোপ, কলেরা; অবসন্নতা।

هَيْضِيّ : উদরাময়-সম্বন্ধীয়।

هَيْضَاء : ভিড়, চাপ।

مَهِيض : ভগ্ন।

مَهِيض الْجَنَاح : ডানা-ভাঙ্গা, অসহায়, অক্ষম।

هَاطَ - : (هَيْط)، هَايَطَ (مُهَايَطَ) চিৎকার করা, হৈচৈ করা, শোরগোল করা।

هَيْط، هِيَاط : চিৎকার, হৈচৈ, শোরগোল।

هِيَاط مِيَاط : দারুণ শোরগোল, ভীষণ বিশৃঙ্খলা, অশান্ত অবস্থা।

هَاعَ - : (هَيْع، هَيْعَة، هُيُوع، هَيْعَان) ভীরু হওয়া; ক্ষুধার্ত হওয়া, গলিয়া যাওয়া।

~ : (هَيْع) প্রবাহিত হওয়া; উদ্গিরণ করা।

~ إِلَى : তৃষ্ণা অনুভব করা।

~ - : (هَاع، هَيْعَة) অলস হওয়া।

تَهَيَّعَ : প্রসারিত হওয়া।

~، إِنْهَاعَ : (إِنْهِيَاع) বাতাসে ছড়াইয়া যাওয়া।

هَاع : অলসতা, ঢিলামি, প্রবাহিত হওয়া, পাপ কাজে দৌড়াইয়া যাওয়া।

هَاع لَاع : দুর্বল, ভীরু।

هَيْعَة : তীব্র চিৎকার; সীসার গলন; অলসতা।

هَائِع : অন্ধকারময় (রাত্রি), চরম ভীরু।

هَائِع لَائِع : দুর্বল ভীরু।

هَائِعَة : গণ্ডগোল, শোরগোল।

مَهْيَع : প্রশস্ত সড়ক। ব مَهَايِع

مُنْهَاع، مُتَهَيِّع : অন্যায়কারী, দুষ্কর্মপ্রবণ।

هَيَّغَ : (تَهْيِيْغ) (মাটি) সিক্ত করা; তৈলাক্ত করা।

أَهْيَغ : সুখী, স্বচ্ছন্দ (জীবন); প্রচুর, পর্যাপ্ত (পানি)।

هَافَ - : (هَيْف) তৃষ্ণাকাতর হওয়া; ব্যর্থ হওয়া, পলাইয়া যাওয়া।

~، هَيِفَ - : (هَيَف، هَيْف) কৃশ হওয়া, রোগা হওয়া, হালকা হওয়া, ছিপছিপে হওয়া।

هَيَّفَ : (تَهْيِيْف) সুযোগ হইতে বঞ্চিত করা।

أَهْيَفَ : (إِهْيَاف) তৃষ্ণার্ত পশুর মালিক হওয়া।

إِهْتَافَ : (إِهْتِيَاف) তৃষ্ণাকাতর হওয়া, প্রচণ্ড তৃষ্ণা লাগা।

هَيْف : প্রচণ্ড; উষ্ণ বায়ু; তৃষ্ণা।

هَيَف : কৃশতা, প্রচণ্ড গরম বায়ু।

هَيُوف، هَيْفَان، هَائِف : তৃষ্ণাকাতর, দারুণ পিপাসার্ত; ব্যর্থ; সামান্য বস্তু।

أَهْيَف : কৃশ, পাতলা, ছিপছিপে, সরু পেট ও পাতলা কোমরবিশিষ্ট, কৃশোদর, ক্ষীণকটি। স্ত্রী هَيْفَاء ব هِيف

هَيَّقَ (تَهْيِيْق) : বদমাশ হওয়া; অলসভাবে দাঁড়াইয়া থাকা।

أَهْيَقَ : (إِهْيَاق) দীর্ঘগ্রীবা হওয়া।

هَيْق : লম্বা ও সরু ব্যক্তি; পুং উটপাখি। ব أَهْيَاق، هُيُوق

هِيق : লম্বা ও সরু ব্যক্তি; বোকা; বদমাশ।

هَيْكَل : কাঠামো; উপাসনালয়, মন্দির, অট্টালিকা, প্রাসাদ; বেদী; কঙ্কাল; বিশাল বপু। ব هَيَاكِل

هَالَ - : (هَيْل)، هَيَّلَ (تَهْيِيل) أَهَالَ (إِهَالَة) ঢালিয়া দেওয়া, ছড়াইয়া দেওয়া, স্তূপীকৃত করা।



www.pathagar.com

اِنْهَالَ، تَهَيَّلَ : (اِنْهِيَال) স্তূপীকৃত হওয়া, রাশিকৃত হওয়া, ঝরিয়া পড়া।

~ عَلَى : আক্রমণ করা, ঝাঁপাইয়া পড়া।

هَال : চন্দ্র-বলয় (هول)

هَيْل، هَيَال، هَيَلَان، هَال، هَيْبَال : স্তূপীকৃত বালি, বালির স্তূপ।

حَبّ الهَال : এলাচ।

الهَيْل وَالهَيْلَمَان : টাকার পাহাড়, বিপুল সম্পদ।

هَيُول : (গ্রী) অণু, জানালা দিয়ে প্রবেশ করা রৌদ্রচ্ছটা।

هَيُّولَى، هَيُولَى : মৌল উপাদান, আদিম বস্তু, সারবস্তু, নির্দিষ্ট আকারশূন্য উপাদান, কাল্পনিক রূপ।

هَيُولَانِيّ، هَيُولِيّ : বস্তুগত।

هِيلِيكُبْتَر : হেলিকপ্টার, Helicopter.

هَامَ - : (هَيَمَان، هِيَام، هُيُوم، هَيْم) ~ ب প্রেমে পড়া, প্রণয়াসক্ত হওয়া, ভালোবাসায়; উন্মত্ত হওয়া; আগ্রহান্বিত হওয়া, ঘুরিয়া বেড়ানো।

هَامَ عَلَى وَجْهِهِ : সে উদ্দেশ্যহীনভাবে ঘুরিয়া বেড়াইল, ইতস্ততঃ বিচরণ করিল।

~ فِي وِدْيَان : ভাবের উচ্চ মার্গে বিচরণ করিল; উদভ্রান্ত হইয়া প্রান্তরে ঘুরিয়া বেড়াইল।

هِمْ لِنَفْسِكَ : নিজের কাজে মন দাও।

هَامَ : (هُيَام) তৃষ্ণা অনুভব করা, পিপাসার্ত হওয়া।

هَيَّمَ : (تَهْيِيم) ধাঁধায় ফেলা, বিভ্রান্ত করা, হতবুদ্ধি করা; মোহিত করা; মুগ্ধ করা।

تَهَيَّمَ : হতবুদ্ধি করা বা হওয়া।

اِهْتَامَ : (اِهْتِيَام) লক্ষ্য রাখা, যত্ন লওয়া।

اُسْتُهِيمَ : (اِسْتِهْيَام) মোহিত হওয়া, মুগ্ধ হওয়া, মত্ত হওয়া।

هُيَام : প্রচণ্ড তৃষ্ণা, অতৃপ্ত বাসনা, প্রগাঢ় প্রেম।

هِيَام، هُيَّام : এমন রোগ যদকারণে উট তৃষ্ণার্ত হয়।

هَيْمَاء : পানিবিহীন মরুভূমি।

هَائِم : হতবুদ্ধি, দিশাহারা; উন্মত্ত, প্রেমমত্ত, প্রণয়-কাতর। ব هُيَّام، هُيَّم

هَائِم عَلَى وَجْهِهِ : ইতস্ততঃ বিচরণকারী।

هَيُوم : হতবুদ্ধি, দিশাহারা।

هَيْمَان : প্রেমমত্ত; অতিশয় তৃষ্ণার্ত (উট)। স্ত্রী هَيْمَى، هِيَام ব هَيْمَى

أَهْيَم : তৃষ্ণা-কাতর (উট)। স্ত্রী هَيْمَاء ব هِيم

لَيْلَة هَيْمَاء، لَيْل أَهْيَم : তারকাবিহীন রাত্রি।

مَهْيَم : কী বিষয়? ব্যাপার কী? তোমার কী হইয়াছে?

مُسْتَهَام : প্রেমমত্ত, প্রণয়াসক্ত, প্রণয়-কাতর।

هَيْمَنَ : "আমীন" বলা; "তাহাই হউক" বলা।

~ عَلَى : সযত্ন প্রহরায় রাখা, দেখাশুনা করা, তত্ত্বাবধান করা, নিয়ন্ত্রণ করা; তত্ত্বাবধায়ক হওয়া।

هَيْمَنَة : তত্ত্বাবধান, তদারক, পরিদর্শন, নিয়ন্ত্রণ; নেতৃত্ব, কর্তৃত্ব।

مُهَيْمِن : তত্ত্বাবধানকারী, তদারককারী, নিয়ন্ত্রণকারী, কর্তৃত্বকারী; তত্ত্বাবধায়ক, অভিভাবক, রক্ষক, কর্তা।

المُهَيْمِن : মহান আল্লাহর একটি গুণবাচক নাম।

هَيِّن، هَيْن : সহজ (هون)

هَيْنَمَ : (هَيْنَمَة) : অনুচ্চৈঃস্বরে প্রকাশ করা; কুলকুল শব্দ করা।

هِيه : (অ) হো! চল! দেখ!

هِيه هِيه : (অ) রাখ! ছাড়! আবার!

هَيْهَاتَ، هَيْهَاتِ : কতদূরে! বহুদূরে! কত পার্থক্য! কতই নির্বুদ্ধিতাপূর্ণ! অসম্ভব! যদি এমন হইত!

تَهَايْهَاتَ، هَايْهَانَ، هَيْهَانَ، هَايْهَاتَ، هَيْهَاهِ، هَيْهَاه : কতদূরে!



www.pathagar.com

و" : ওয়াও, আরবী বর্ণমালার ২৭তম হরফ। সংখ্যামান ছয়।

وَ : (সংযোজক অব্যয়) ও, এবং, আর, আরও; (অবস্থা বর্ণনাসূচক অব্যয় [হালিয়্যা]) যখন, যে, অবস্থায়, যে সময়ে; (শপথসূচক অব্যয়) শপথ, কসম; (আধিক্য কিংবা স্বল্পতাবোধক অব্যয়) অনেক, বহু; কতক, কতিপয়, কিছু; সঙ্গে, সহিত, লইয়া।

جَاءَ زَيْدٌ وَعَمْرو : যায়েদ ও আমর আসিয়াছে।

ذَهَبَ وَنَحْنُ نِيَام : সে চলিয়া গিয়াছে, যে সময়ে আমরা ঘুমাইয়া ছিলাম।

جَاءَ وَالشَّمْسُ طَالِعَة : সে সূর্যোদয়ের সময়ে আসিয়াছিল।

وَاللّٰه : আল্লাহর শপথ।

سَافَرْتُ وَ زَيْدًا : আমি যায়েদের সঙ্গে ভ্রমণ করিয়াছিলাম।

مَالِى وَ إِيَّاكُم : তোমাদের ব্যাপারে আমার কী করণীয় আছে?

وَإِلاَّ : তাহা না হইলে, অন্যথায়।

وَلَوْ، وَإِنْ : আর যদি; যদিও।

وَلٰكِنْ، وَلٰكِنَّ : কিন্তু, তবে।

وَاه، وَا : (সম্বোধনসূচক ও দুঃখপ্রকাশক অব্যয়) ওহে! হায়! আহ্!

وَا آسَفَاه : হায়, আফসোস!

وَأَبَ : - (إِبَة، وَأْب) بِ ~ লজ্জিত হওয়া, সঙ্কুচিত হওয়া।

~ : ـَ ـَ (وَأَبَة) সঙ্কুচিত হওয়া।

وَثَبَ : ـَ (وَأْب) ক্রুদ্ধ হওয়া।

أَوْأَبَ : (إِيئَاب) রাগান্বিত করা; লজ্জিত করা।

إِتَّأَبَ : (إِتِّئَاب) مِنْ ~ লজ্জিত হওয়া।

وَأْب : বড় পেয়ালা; বৃহৎ উষ্ট্র; শক্তিশালী ব্যক্তি। ব أَوْآب

مَوْئِبَة، تُؤَبَة، إِبَة : লজ্জা, অসম্মান।

وَأْبَة : পাথরগাত্রের গর্ত; খাটো ও মোটা (স্ত্রীলোক)।

وَأْبَة : গভীর ও প্রশস্ত (কূপ)।

مُوئِبَات : লজ্জাকর বা অসম্মানজনক বস্তুসমূহ।

وَاتَرْلُو : বেলজিয়ামের একটি অঞ্চল। ১৮১৫ খ্রিস্টাব্দে এইখানে ফরাসী সেনাপতি মহাবীর নেপোলিয়ন ইংরেজ সেনাপতি নেলসনের নিকট পরাজিত হন।

وَاحَة، وَاح : মরুভূমিতে অবস্থিত উর্বর অঞ্চল, মরূদ্যান। ব وَاحَات

وَأَدَ : - (وَأْد) (কন্যাকে) জীবন্ত কবর দেওয়া, ভারাক্রান্ত করা।

تَوَأَّدَ، إِتَّأَدَ : (إِتِّئَاد) فِى ~ মন্থর হওয়া, ঢিলামি করা, ধীরে ধীরে কাজ করা; দ্বিধা করা, ইতস্ততঃ করা।

وَأْد : জীবন্ত দাফন; ধপাস শব্দ, উচ্চ শব্দ; বোঝা।

وَادِى الْقُرٰى : মদীনা হইতে সিরিয়ার প্রাচীন বাণিজ্য-পথে অবস্থিত তৃণভূমি। এ অঞ্চলটি প্রাচীন 'আদ' জাতির ইতিহাসের সহিত সম্পৃক্ত।

وَئِيد، مُتَّئِد : মন্থর, ধীরস্থির।

تُؤَدَة، تَوَأُّد : মন্থরতা, ধীরতা, শান্তভাব,গাম্ভীর্য।

عَلٰى تُؤَدَة، وَئِيدًا : ধীরে, আস্তে আস্তে।

~, وَئِيدَة، مَوْؤُودَة : জীবন্ত সমাহিত (কন্যা-সন্তান)।

وَأَرَ : - (وَأْر) أَوْأَرَ، (إِيئَار) ভীত করা।

إِسْتَوْأَرَ : (إِسْتِيئَار) ভীত হওয়া, ভয় পাওয়া, অন্ধকারে ছুটিয়া যাওয়া।

أُوَرَة، وُؤْرَة : إِرَة، ব إِرَات، إِرُون، وَأْر، أُوَر : অগ্নিকুণ্ড।

وَئِر : উত্তপ্ত (ভূমি)।

وِئَار : জলাভূমি।



www.pathagar.com

وَارْسُو : ওয়ারসো : পোল্যান্ডের রাজধানী।

وَاشِنْطُون : ওয়াশিংটন : মার্কিন যুক্তরাষ্ট্রের রাজধানী।

وَأَصَ - (وَأْص) : ~ بِ নিক্ষেপ করা, ফেলিয়া দেওয়া।

وَنِيصَة : মানুষের দল।

وَأَطَ - : (وَأْط) সাক্ষাৎ করা।

وَأْطَة : উচ্চভূমি; সমুদ্রের তলদেশ।

وَات، وَاط : (বিদ্যুতের ওয়াট, Watt).

وَاقْ وَاق : আরব ভৌগোলিকদের বিবরণে উল্লিখিত দুইটি পৃথক দ্বীপপুঞ্জের নাম ঃ একটি চীনের পূর্বদিকে এবং অন্যটি ভারত-মহাসাগরে।

وَأَلَ - : (وَأْل، وُؤُول، وَئِيل) وَاءَلَ (مُوَاءَلَة) : ~ عَلَى আশ্রয় চাওয়া; আশ্রয় লওয়া।

~ : ~ مِنْ পরিহার করা, এড়াইয়া যাওয়া।

أَوْأَلَ : (إِيئَال) ~ فِي কলুষিত করা, নোংরা করা।

وَأْل : আশ্রয়।

مَوْئِلَة مَوْئِل : আশ্রয়, আশ্রয়স্থল।

وَأَمَ : (وُؤُوم) কুৎসিৎ করা, বিকৃত করা।

وَاءَمَ : (مُوَاءَمَة) সম্মত হওয়া, একমত হওয়া, খানা খাওয়া, ঠিকমত কাজে লাগা, যথাযথ হওয়া, সঙ্গতিপূর্ণ হওয়া।

تَوَاءَمَ : পরস্পর সঙ্গতিপূর্ণ হওয়া, সুসমঞ্জস হওয়া।

وَأْم : উষ্ণ কক্ষ।

وَأْمَة : অনুকরণপ্রবণ জীব।

مُوَاءَمَة، وِئَام : সম্মতি, ঐক্য, মিল, সঙ্গতি, সামঞ্জস্য।

مُوَأَّم : বড় মাথাবিশিষ্ট জীব; কুৎসিত।

مُتَوَائِم : সঙ্গতিপূর্ণ সুসঙ্গত, সুসমঞ্জস।

وَاهًا، وَاه : ~ لِ কী আশ্চর্য! কী চমৎকার! বাহ্!

~، ~ عَلَى : হায়!

وَاهٍ : সামান্য।

وَاو : "و" বর্ণের নাম।

وَاوِيّ : শৃগাল। ব وَاوِيَّة

وَأَى - : (وَأْي) প্রতিজ্ঞা করা, হুমকি দেওয়া; জবাব দেওয়া।

تَوَاءَى : (লোক) সমবেত হওয়া।

إِتَّأَى : (إِتِّئَاء) প্রতিজ্ঞা মানা।

وَأْي : লোকসংখ্যা; সুদৃঢ় প্রতিজ্ঞা; শক্তিশালী পশু; বন্য গাধা, ভিত্তিহীন ধারণা।

وَأْيَة : বড় পাত্র।

وَئِيَّة : বড় পাত্র; বস্তা; চটের থলে; কেতলি; উত্তম গৃহিণী; মুক্তা।

وَبَّ - ُ : (وَبّ) যুদ্ধের জন্য প্রস্তুত হওয়া।

وَبَّا - َ : (وَبَّا)، وَبَّا، (تَوْبِئَة) (আসবাবপত্র) সাজাইয়া রাখা।

~، أَوْبَأَ : (إِيبَاء) ~ إِلَى নির্দেশ করা, ইঙ্গিত করা; ইশারা করা, সঙ্কেত দেওয়া।

وَبِئَ - َ : (وَبَأ) - وَبُؤَ - ُ (وَبَاء، وَبَاءَة)، وُبِئَ، أَوْبَأَ (অঞ্চল) মহামারী-উপদ্রুত হওয়া, মহামারীক্লিষ্ট হওয়া, (উষ্ট্রী) বাচ্চার প্রতি স্নেহপরায়ণ হওয়া।

أُوبِئَ : (পশু) অজীর্ণ রোগে ভোগা।

إِسْتَوْبَأَ : (স্থান) মহামারী-উপদ্রুত পাওয়া।

وَبَأ : (ব أَوْبَاء) وَبَاء (ব أَوْبِئَة، أَوْبِئَةٌ) মহামারী, প্লেগ, কলেরা; সংক্রামক রোগ।

وَبَائِيّ : মহামারীসংক্রান্ত; মহামারীর ন্যায়; মহামারী আকারে বিস্তৃত; ব্যাপক; সংক্রামক।

وَبِئ، وَبِيّ، مَوْبُوء : মহামারী-উপদ্রুত; সংক্রমিত; রুগ্ণ।

وَبَتَ - : (وَبْت) ~ بِ অবস্থান করা।

وَبَّخَ (تَوْبِيخ) : তিরস্কার করা, ভর্ৎসনা করা, নিন্দা করা, দোষারোপ করা।

وَبْخَة، تَوْبِيخ : তিরস্কার, ভর্ৎসনা, নিন্দা দোষারোপ।

وَبِدَ - َ : (وَبَد) দরিদ্র হওয়া, বড় পরিবারের দায়িত্ব বহন করা; (বস্ত্র) জীর্ণ হওয়া; (দিবস) উষ্ণ হওয়া।

~ عَلَى : ক্রুদ্ধ হওয়া।

أَوْبَدَ : (إِيبَاد) বিচ্ছিন্ন করা, দূরে সরাইয়া দেওয়া।



www.pathagar.com

وَبْد : পাথর-গর্ত, পাহাড়ের ফাটল।

وَبَد : দারিদ্র্য, নিঃস্বতা; দোষ।

~ : দরিদ্র; বড় পরিবারের দায়িত্ব বহনকারী ব্যক্তি। ব أوْبَاد

وَبِد : অভাবগ্রস্ত; কুদৃষ্টিসম্পন্ন।

مُسْتَوْبِد : অভাবগ্রস্ত; অজ্ঞ।

وَبِرَ - َ : (وَبَر)، أوْبَرَ، (إيْبَار) প্রচুর পশমবিশিষ্ট হওয়া, লোমবহুল হওয়া; কোমল পালকে আবৃত হওয়া।

وَبَرَ - ِ : (وَبْر) ~ بِ অবস্থান করা, বাস করা।

وَبَّرَ : কোমল পশমে আবৃত হওয়া; নির্জন জীবন যাপন করা।

وَبْر : (تَوْبِير) খরগোশজাতীয় প্রাণিবিশেষ। ব وِبَارَة، وِبَار، وُبُور

وَبَر : লোম, উটের পশম; কোমল পালক; আঁশ। ব أوْبَار

أهْل الوَبَر : বেদুইন, যাযাবর।

وَبِر، أوْبَر : লোমশ, পশমসদৃশ, কোমল পশমে আবৃত; আঁশযুক্ত। স্ত্রী وَبْرَاء

مُوَبَّر : কোমল পশমে আবৃত।

وَابُور : (ফ) ইঞ্জিন; বাষ্পীয় ইঞ্জিন; স্টীমার; রেলগাড়ির ইঞ্জিন; রেলগাড়ি; কল, কারখানা; যন্ত্র; স্টোভ, Stove; হিটার, Heater; প্রদীপ। ব وَابُورَات

وَابُور إكْسْبِرِيس : এক্সপ্রেস ট্রেন, Express train.

~ بُخَارِيّ : বাষ্পীয় ইঞ্জিন।

~ البِضَاعَة : মালবাহী ট্রেন।

وَابُور المَطَافِئ، ~ الحَرِيقَة : অগ্নি নির্বাপক দমকল।

~ الحَلِيج : তুলা ধুনিবার যন্ত্র।

~ الرُّكَّاب : যাত্রীবাহী ট্রেন।

~ الرَّيّ : সেচ-যন্ত্র, সেচ-পাম্প।

~ الزَّلَط : স্টীম-রোলার, Steam roller.

~ طَارَة : চাকাবিশিষ্ট স্টীমার।

وَابُور الطَّحِين : জাঁতাকল, আটার চাকতি।

~ العَادَة : লোকাল ট্রেন, Local train.

~ المِيَاه : পানি সরবরাহের গাড়ি।

وَبِشَ - َ : (وَبَش) (নখ, চামড়া) সাদা দাগযুক্ত হওয়া।

أوْبَشَ : (إيْبَاش) (ভূমি) নানারকম গাছপালাবিশিষ্ট হওয়া।

وَبَش : (নখের) সাদা দাগ, পাঁচড়ার দাগ; আবর্জনা।

~ : ইতর লোক। ব أوْبَاش، أبَاشَة

وَبَش الكَلَام : বাজে কথা, নিরর্থক কথা।

أوْبَاش النَّبَات : দুর্লভ ও বিক্ষিপ্ত উদ্ভিদ।

وَبَصَ - : (وَبْص، وَبِيص، وَبَصَة) ঝলকাইয়া উঠা, উজ্জ্বল হওয়া; (ভূমি) প্রচুর গাছপালাবিশিষ্ট হওয়া।

~، وَبَّصَ : (تَوْبِيص) (শাবক) চক্ষু মেলিয়া চাওয়া।

مَا وَبَّصَ لِي بِبَصِير : সে আমাকে কিছুই দেয় নাই।

وَبِصَ - َ : (وَبَص) কর্মচঞ্চল হওয়া, তৎপর হওয়া।

أوْبَصَ : (إيْبَاص) (ভূমি) প্রচুর গাছপালাবিশিষ্ট হওয়া; (অগ্নি) প্রজ্বলিত করা।

وَبِص : চঞ্চল, তৎপর, প্রাণবন্ত।

وَابِص : উজ্জ্বল, চকচকে। স্ত্রী وَابِصَة

إنَّهُ لَوَابِصَةُ سَمْعٍ : সে যাহা শ্রবণ করে তাহাই বিশ্বাস করে।

وَبَّاص : উজ্জ্বল বস্তু; চন্দ্র।

وَبَطَ - ، وَبُطَ - ُ، وَبِطَ - َ : (وَبْط، وَبَط، وُبُوط، وَبَاطَة) দুর্বল হওয়া, ভীরু হওয়া, কুৎসা করা, গালাগালি করা (ক্ষত) ছড়াইয়া দেওয়া।

~ عَنْ : বাধা দেওয়া, বিরত করা।

أوْبَطَ (إيْبَاط) : অক্ষম করা; দুর্বল করা।

وَبَغَ - : (وَبْغ) তিরস্কার করা, গালাগালি করা।

وَبَغ : মাথার খুসকি; উটের চর্মরোগ।

وَبَقَ - ، وَبِقَ - َ : (وَبْق، وُبُوق، مَوْبِق)، اِسْتَوْبَقَ (اِسْتِيبَاق) ধ্বংস হওয়া।



www.pathagar.com

أَوْبَقَ : (إِيْبَاق) ধ্বংস করা; কারাগারে আটক রাখা; লাঞ্ছিত করা, অপমানিত করা।

مَوْبِق : ধ্বংসস্থল; কারাগার।

مُوبِق : অনিষ্টকর, ধ্বংসাত্মক।

مُوبِقَة : নৈতিক অপরাধ, পাপ, যে পাপের পরিণাম ধ্বংস, বিপদ; নিকৃষ্ট কাজ; ঘৃণ্য বস্তু। ব مُوبِقَات

رَكِبَ الْمُوبِقَات : সে বিপদের সম্মুখীন হইল, বিপদের ঝুঁকি লইল।

~ فَعَلَ : নৈতিক অপরাধ করিল, পাপ করিল।

وَبَلَ : - (وَبْل) (আকাশ) প্রচুর বৃষ্টি বর্ষণ করা; (অশ্ব) প্রচণ্ড বেগে ধাবিত হওয়া, আঘাত করা।

وَبُلَ : ـُ (وُبُول، وَبَالَة، وَبَال، وَبْل) (স্থান, আবহাওয়া) অস্বাস্থ্যকর হওয়া, ক্ষতিকর হওয়া, কঠিন হওয়া।

وَابَلَ : (مُوَابَلَة) অধ্যবসায়ী হওয়া, একনিষ্ঠ হওয়া।

إِسْتَوْبَلَ : (إِسْتِيْبَال) স্থান অস্বাস্থ্যকর পাওয়া; বিষাক্ত আহার্য গ্রহণে অসুস্থ হওয়া।

وَابِل، وَبْل : প্রচুর বর্ষণ, বৃষ্টি।

وَابِل مِنَ الرَّصَاص : প্রচুর গুলীবর্ষণ।

وَابِلَة : উরু, বাহু বা স্কন্ধের উপরিভাগ।

وَبَال : অস্বাস্থ্যকর (আবহাওয়া); অনিষ্ট, ক্ষতি; খারাপ পরিণতি।

وَبِيل : অস্বাস্থ্যকর; অনিষ্টকর, ক্ষতিকর; খারাপ পরিণতিবিশিষ্ট, কঠিন, প্রচণ্ড (আঘাত)।

~، وَبِيلَة : বড় লাঠি; জ্বালানি কাঠের আঁটি। ব وُبُلٌ

مِيبَل، مَوْبَل : মোটা লাঠি। ব مَوَابِلُ

مِيبَلَة : চামড়ার চাবুক।

وَبْنَة : অনিষ্ট, অনাহার।

وَبَهَ : ـَ (وَبْه) গর্বিত হওয়া।

~، وَبِهَ : ـَ (وَبْه)، أَوْبَهَ (إِيْبَاه) ~ بِ، لِ মনোযোগ দেওয়া, লক্ষ্য রাখা, ভ্রূক্ষেপ করা, গুরুত্ব দেওয়া, মান্য করা।

لَايُوبَهُ بِهِ، لَايُوبَهُ لَهُ : কেহ তাহার প্রতি লক্ষ্য রাখে না বা গুরুত্ব দেয় না; গুরুত্বহীন, নগণ্য।

وَتَحَ : - (تِحَة، وَتْح) তুচ্ছ বস্তু দান করা।

وَتُحَ : ـُ (وُتُوحَة، وَتَاحَة) (দান) তুচ্ছ হওয়া।

أَوْتَحَ : (إِيْتَاح) তুচ্ছ বস্তু দান করা; সামান্য সম্পদের অধিকারী হওয়া; কষ্ট দেওয়া।

تَوَتَّحَ : ~ مِنْ সামান্য পান করা।

وَتِيح، وَتِح، وَتَح، وَتْح : ক্ষুদ্র, তুচ্ছ (দান); নীচ, নিকৃষ্ট; সামান্য (খাদ্য)।

وَتَخَ : - (وَتْخ) ~ بِ (লাঠি দ্বারা) আঘাত করা, প্রহার করা।

وَتَخَة : কাদামাটি।

مِيتَخَة : লাঠি।

وَتَدَ : - (وَتْد، وَتِدَة، وَتْد) وَتَّدَ (تَوْتِيد) দৃঢ় করা, শক্ত করা, বদ্ধ করা; দৃঢ়ভাবে প্রোথিত হওয়া।

وَتَّدَ فِي بَيْتِهِ، وَتَدَ فِي بَيْتِهِ : সে গৃহে অবস্থান করিল।

أَوْتَدَ : (إِيْتَاد) (মাটিতে গোঁজ) শক্ত করিয়া পুঁতা, গাড়া।

وَتَد، وَتِد : গোঁজ, খুঁটি, খুঁটা, কীলক; অঙ্কুর; (ছন্দঃশাস্ত্রে) ত্রিবর্ণ পদবিশেষ। ব أَوْتَاد

وَتَد مَقْرُون، وَتَد مَجْمُوع : (ছন্দঃশাস্ত্রে) ত্রিবর্ণ পদ, যাহার প্রথম ও দ্বিতীয় বর্ণদ্বয় مُتَحَرِّك এবং তৃতীয় বর্ণ سَاكِن যেমন- تَرَى

وَتَد مَفْرُوق : (ছন্দঃশাস্ত্রে) ত্রিবর্ণ পদ, যাহার প্রথম ও তৃতীয় বর্ণদ্বয় مُتَحَرِّك এবং দ্বিতীয় বর্ণ سَاكِن যেমন- حَيْثُ

أَوْتَاد الأَرْض : (পৃথিবীর খুঁটিসমূহ) পাহাড়-পর্বত।

~ الْبِلَاد : দেশের নেতৃবর্গ।

~ الْفَم : দন্তরাজি।

مِيتَدَة، مِيتَد : গোঁজ পুঁতিবার মুগুর।

وَتَرَ : - (وَتْر) ছিলা লাগানো, অত্যাচার করা; ঠকানো; (সংখ্যা) বেজোড় করা; একাকী করিয়া দেওয়া, ভীত করা; ঘৃণা করা; উত্তেজিত করা; ক্ষতিগ্রস্ত করা; প্রতারিত করা; অন্যায়ভাবে (রক্তের) প্রতিশোধ নেওয়া।

وَتَّرَ : (تَوْتِير) ছিলা লাগানো; আঁটসাঁট করা, টাইট করা, শক্ত করিয়া বাঁধা।



www.pathagar.com

وَاتَرَ : (مُوَاتَرَة) একটির পর একটি করা, ক্রমানুযায়ী করা।

أَوْتَرَ : (إِيتَار) ছিলা লাগানো; (সংখ্যা) বেজোড় করা।

تَوَتَّرَ : (দড়ি ইত্যাদি) আঁটসাঁট হওয়া, শক্ত হওয়া; (পেশিতন্তুতে) টান পড়া।

تَوَتَّرَت العَلَاقَات : সম্পর্ক তিক্ত হওয়া, সম্পর্কের অবনতি ঘটা।

تَوَاتَرَ : একটির পর একটি আসা, ক্রমাগতভাবে চলিতে থাকা, বারংবার আসা, আনুক্রমিক হওয়া।

وَتْر : বেজোড় (সংখ্যা); একক, অদ্বিতীয়।

وَتْرًا : একটি একটি করিয়া, পৃথকভাবে।

وَتْرِيّ : বেজোড় (সংখ্যা)।

عَدَد وَتْرِيّ : বেজোড় সংখ্যা।

وِتْر : প্রতিশোধ, হত্যার প্রতিশোধ।

وَتَر : তার, তন্ত্রী, তন্তু, পেশিতন্তু, শিরা, দড়ি; ফিতা, সুতা। ব وِتَار، أَوْتَار

وَتَر الآلَة المُوسِيقِيَّة : বাদ্যযন্ত্রের তার।

وَتَرُ العَضَلَة : পেশিতন্তু।

~ القَوْسِ : ধনুকের ছিলা; (জ্যামিতিতে) জ্যা, Cord.

~ الزَّاوِيَة القَائِمَة : সমকোণী ত্রিভুজের অতিভুজ।

وَتَر صَوْتِيّ : স্বরতন্ত্রী, Vocal cords.

ضَرَبَ عَلَى الوَتَرِ الحَسَّاسِ : অনুভূতিতে আঘাত দিল, আঁতে ঘা দিল।

مُتَوَتِّر : আঁটসাঁট, টান টান করিয়া বাঁধা হইয়াছে এমন (দড়ি); শক্ত, কঠোর, সুদৃঢ়; চাপা উত্তেজনাপূর্ণ।

مُتَوَاتِر : ধারাবাহিক, আনুক্রমিক, পরম্পরাগত, পরপর আগত।

الخَبَر المُتَوَاتِر : এমন হাদীস যাহা প্রত্যেক স্তরে এত অধিক সংখ্যক বর্ণনাকারী কর্তৃক সূত্র-পরম্পরায় বর্ণিত যাহাদের একযোগে কোন মিথ্যা বলা ধারণাতীত।

وَتِغَ : ـَ (وَتَغ) অপরাধ করা; দোষী হওয়া; ধ্বংস হওয়া, বোকার ন্যায় কথা বলা; (শিশু) দুষ্ট হওয়া।

أَوْتَغَ : (إِيتَاغ) ধ্বংস করা; বন্দি করা; দুর্বিপাকে নিপতিত করা; অবমাননা করা।

وَتَنَ : ـِ (تِنَة، وُتُون) (পানি) ক্রমাগত প্রবাহিত হওয়া।

~ ب : নিবাস স্থাপন করা, মুকীম হওয়া।

~ : (وَتِين، وَتْن) হৃদয় তন্ত্রীতে আঘাত করা।

وُتِنَ : হৃদয়তন্ত্রীতে আঘাত পাওয়া।

وَاتَنَ : (مُوَاتَنَة) লাগিয়া থাকা; সংরক্ষণ করা।

إِسْتَوْتَنَ : (إِسْتِيتَان) (পশু) মোটা হওয়া।

وَتْنَة : বিবাদ।

وَاتِن : ক্রমাগত প্রবহমান (পানি)। ব وُتَّن

وَتِين : মহাধমনী, হৃদয়তন্ত্রী। ব أَوْتِنَة، وُتُن

وَاتَى : (مُوَاتَيَة) আগমন করা, আপতিত হওয়া; সুশীল হওয়া, বাধিত হওয়া, অনুগত হওয়া, প্রসন্ন হওয়া; সুবিধাজনক হওয়া, উপযোগী হওয়া।

مُوَاتٍ : সুখকর, আরামদায়ক, সুবিধাজনক; প্রসন্ন; অনুকূল, উপযোগী।

وَثَا : ـَ (وَثْأ) أَوْثَأ (إِيثَاء) (অঙ্গ) থেঁতলাইয়া দেওয়া; মোচড় দেওয়া, মচকাইয়া দেওয়া; (অস্থি) সন্ধিচ্যুত করা।

وَثِئَ : ـَ (وَثْأ، وَثَاء، وُثُوء) : وُثِئَ (অঙ্গ) থেঁতলাইয়া যাওয়া, মোচড় খাওয়া, মচকিয়া যাওয়া; (অস্থি) সন্ধিচ্যুত হওয়া।

وَثْء، وَثَاءَة : থেঁতলানি, মোচড়, মচকানি; সন্ধিচ্যুতি।

مِيثَاء : গোঁজ পুঁতিবার মুগুর।

وَثَبَ :ـ (وَثْب، وُثُوب، وِثَاب، وَثَبَان، وَثِيب، ثِبَة) : লম্ফ দেওয়া, লাফানো, লাফাইয়া পড়া, লাফাইয়া ডিঙ্গানো, লাফাইয়া উঠা।

~ إِلَى : বেগে ধাবিত হওয়া, ছুটিয়া যাওয়া, ঝাঁপাইয়া পড়া।

~ عَلَى : লাফাইয়া পড়া, ঝাঁপ দেওয়া, ঝাঁপাইয়া পড়া, ছোঁ-মারা।



www.pathagar.com

أَوْثَبَ، وَثَّبَ (إِيثَاب، تَوْثِيب) : লম্ফ দেওয়ানো।
وَاثَبَ : (مُوَاثَبَة) লাফাইয়া পড়া, ঝাঁপাইয়া পড়া।
تَوَثَّبَ : লাফাইয়া উঠা, লম্ফ দেওয়া, জাগ্রত হওয়া।
~ إِلَى : ঝাঁপাইয়া পড়া; আগ্রহের সহিত ছুটিয়া যাওয়া; সাগ্রহে গ্রহণ করা।
~ فِي، عَلَى : ছোঁ-মারা, ঝাঁপাইয়া পড়া।
تَوَثَّبَ عَلَيْهِ فِي أَرْضِهِ، تَوَثَّبَ فِي أَرْضِهِ : সে অন্যায়ভাবে তাহার ভূমি দখল করিয়াছে।
تَوَاثَبَ : লম্ফ দেওয়া, ঝাঁপাইয়া পড়া; (নিশ্বাস) দ্রুত হওয়া, উর্ধ্বশ্বাস হওয়া।
وَثْب، وَثَبَان، وُثُوب، وَثِيب : লম্ফ প্রদান, ধাবন; লম্ফ।
وَثْب طَوِيل : দীর্ঘ লম্ফ, Long-jump.
~ عَال : উচ্চ লম্ফ, High-jump.
وَثْبَة : লম্ফ; আক্রমণ; সাহসী পদক্ষেপ; জাগরণ। ব وَثَبَات
وَثْبَة عُرْوِيَّة : ডিগবাজী।
وِثَاب : আসন, শয্যা, গদি।
وَثَّاب : লম্ফমান, লম্ফরত; উত্তেজনাপ্রবণ, দ্রুতগামী; হঠকারী, উগ্র স্বভাব।
أَبُو وَثَّاب : হরিণবিশেষ, Antelope.
مِيثَب : সমতল ভূমি, উচ্চ ভূমি; লম্ফ প্রদানকারী, ছোটনদী।
مُوَاثَبَة : সাক্ষীর উপস্থিতিতে স্বীয় দাবির তাৎক্ষণিক নিশ্চয়তাদান।
مُتَوَثِّب : উদ্যমশীল, উদ্যোগী, জাগরণী।
وَثُجَ ـُ : (وَثَاجَة) পুরু হওয়া, স্থূল হওয়া।
إِسْتَوْثَجَ : (إِسْتِيثَاج) (ঝাঁক) অনেক সংখ্যাবিশিষ্ট হওয়া; (গাছপালা) নিবিড় হওয়া।
وَثَاجَة : স্থূলতা।
وَثِيج : স্থূলকায় (লোক); নিবিড় (গাছপালা)।
مُوتَشِجَة : নিবিড় গাছপালাবিশিষ্ট ভূমি।
وَثَخَة : চৌবাচ্চায় অবশিষ্ট পানি; আর্দ্রতা; কর্দম।
وَثِيخَة : কর্দমাক্ত (মাটি); ঘন দুগ্ধ।

وَثَرَ - : (وَثْر)، وَثَّرَ (تَوْثِير) (বিছানা) নরম করা, আরামদায়ক করা।
وَثُرَ ـُ : (وَثَارَة) (বিছানা) নরম হওয়া, আরামদায়ক হওয়া, (বস্ত্র) মসৃণ হওয়া, মোটা হওয়া। ب وِثَارٌ, স্ত্রী وَثِيرَةٌ ব وَثَائِرُ
إِسْتَوْثَرَ : (إِسْتِيثَار) (বিছানা) নরম পাওয়া।
وَثْر : ছোট প্যান্টবিশেষ, শর্টস, Shorts; চামড়ার তৈরি মেয়েদের পোশাকবিশেষ।
وَثِر، وَثِير : নরম, কোমল, আরামদায়ক (বিছানা, আসন); মসৃণ (বস্ত্র)।
وِثَار : নরম বিছানা।
وَثَارَة : কোমলতা, মসৃণতা; মাংসলতা।
مِيثَرَة : গদি, জিনের গদি। ব مَيَاثِر، مَوَاثِر
وَثَغَ - : (وَثْغ) মাথা ভাঙ্গিয়া ফেলা, আঘাত হানা।
وَثْغَة، وَثِيغَة : স্বল্প পরিমাণ।
وَثَفَ - : (وَثْف)، وَثَّفَ (تَوْثِيف) أَوْثَفَ (إِيثَاف) (পাত্র) তেপায়ার উপর রাখা।
وَثِقَ - : (ثِقَة، وُثُوق، مَوْثِق) ~ بِ আস্থা স্থাপন করা, বিশ্বাস রাখা, নির্ভর করা, আস্থাবান হওয়া, বিশ্বাস করা।
يُوثَقُ بِهِ : সে বিশ্বাসযোগ্য, নির্ভরযোগ্য।
وَثُقَ ـُ : (وَثَاقَة) দৃঢ় হওয়া, স্থির হওয়া, নিশ্চিত হওয়া, আস্থাশীল হওয়া।
~ مِنْ : নিশ্চিত হওয়া।
وَثَّقَ : (تَوْثِيق) দৃঢ় করা, শক্ত করা, মজবুত করা, প্রত্যয়িত করা, প্রতিষ্ঠিত করা; সমর্থন করা, অনুমোদন করা; স্বাক্ষর দান করা; প্রমাণ করা; বিশ্বাসযোগ্য বলিয়া রায় দেওয়া।
وَثَّقَ الوَثِيقَة : চুক্তি অনুমোদন করা, দস্তখত প্রদান করিয়া চুক্তি বিধিসম্মত করা।
وَاثَقَ : (وِثَاق) চুক্তিবদ্ধ হওয়া, চুক্তি করা।
وَاثَقَ نَفْسَهُ ~ عَلَى : সঙ্কল্প করা, মনস্থ করা।
أَوْثَقَ : (إِيثَاق) বাঁধা, বাঁধিয়া রাখা, বন্দি করা।
أَوْثَقَ بِالوَثَاق : মজবুত করিয়া বাঁধা।
تَوَثَّقَ : শক্ত হওয়া।
~ فِي : আস্থার সহিত করা।



www.pathagar.com

تَوَاثَقَ : পরস্পর চুক্তিবদ্ধ হওয়া।

اِسْتَوْثَقَ : (اِسْتِيثَاق) আস্থাশীল হওয়া; বিশ্বাস করা।

~ مِنْ : নিশ্চিত করা; নিশ্চিন্ত হওয়া; যাচাই করিয়া দেখা।

~ بِ : (দরজা) বন্ধ করা।

ثِقَة : আস্থা, বিশ্বাস, প্রত্যয়, বিশ্বস্ততা, নির্ভরশীলতা।

~ : বিশ্বাসযোগ্য, নির্ভরযোগ্য, সৎ। ব ثِقَات

ثِقَة بِالنَّفْسِ : আত্মবিশ্বাস, আত্মপ্রত্যয়।

أُخُوثِقَة : বিশ্বাসযোগ্য, নির্ভরযোগ্য ব্যক্তি।

مَوْثُوق : বিশ্বাসী, আস্থাবান; নিশ্চিত।

عَدَم الثِّقَة : অনাস্থা, অবিশ্বাস।

وَاثِق : আস্থাশীল, আস্থাবান; নিশ্চিত।

وَثَاق : বন্ধন; রজ্জু, রশি, শৃঙ্খল; চুক্তি; নৈতিক বন্ধন। ব وُثُق

شَدَّ وَثَاقَه : রজ্জু-বন্ধন করা, শৃঙ্খলিত করা।

وِثَاقَة : দৃঢ়তা, শক্তি।

وُثُوق : বিশ্বাস, আস্থা, বিশ্বস্ততা, নির্ভরশীলতা।

وَثِيق : দৃঢ়, শক্ত; স্থির; নিরাপদ; নির্ভরযোগ্য। ব وِثَاق

وَثِيق التَّرْكِيب : সুগঠিত, সুঠাম অবয়ব।

اِتِّصَال وَثِيق : ঘনিষ্ঠ যোগাযোগ।

وَثِيقَة : দলীল, দস্তাবেজ, নথি; সনদ; রসিদ, চুক্তি-পত্র; ঘোষণা-পত্র; প্রমাণপত্র; প্রতিজ্ঞাপত্র; অঙ্গীকারপত্র। ব وِثَاقٌ، وَثَائِق

وَثِيقَة الزَّوَاج : বিবাহের চুক্তিপত্র, কাবিননামা।

~ التَّفْوِيض : ক্ষমতাপ্রদান পত্র।

~ الْمِلْكِيَّة : মালিকানা-দলীল।

أَوْثَق : সুদৃঢ়। স্ত্রী وُثْقَى

تَوْثِيق : দৃঢ়ীকরণ; প্রতিষ্ঠিতকরণ, প্রত্যয়ন, সমর্থন, অনুমোদন, প্রমাণিতকরণ, প্রতিপাদন।

تَوْثِقَة : নিরাপত্তা, নিশ্চয়তা।

مَوْثِق : চুক্তি। ব مَوَاثِق

مِيثَاق : চুক্তি; সনদ; প্রতিজ্ঞা। ব مَيَاثِيقُ، وَمَيَاثِيقُ، مَوَاثِيق

مِيثَاق الدُّوَل الْمُتَّحِدَة، مِيثَاق الأُمَم الْمُتَّحِدَة : জাতিসংঘ সনদ।

~ عَدَم الإِعْتِدَاء : অনাক্রমণ-চুক্তি।

مُوَثِّق : নোটারি পাবলিক, Notary Public.

مُوَثَّق الْخَلْق : সুঠামদেহী।

مَوْثُوق بِه : বিশ্বস্ত, বিশ্বাসযোগ্য, নির্ভরযোগ্য।

مَصْدَر مَوْثُوق بِه : বিশ্বস্ত সূত্র, নির্ভরযোগ্য সূত্র।

وَثَّلَ : (تَوْثِيل) শক্তিশালী করা; (সম্পদ) সংগ্রহ করা।

وَثِيل، وَثَل : তালের আঁশের রজ্জু, শনের দড়ি।

وَثَمَ - : (وَثْم) দ্রুত ধাবন করা; সামনের পা দিয়া মাটি আঁচড়ানো; ভাঙ্গিয়া ফেলা, চূর্ণ করা।

~ : (وِثَام، وَثْم) আহত করা।

وَثِمَ - َ : (وَثَم) (ভূমি) স্বল্প গাছপালাবিশিষ্ট হওয়া।

وَثُمَ - ُ : (وَثَامَة) সুদৃঢ় হওয়া, শক্ত হওয়া।

وَثَم : সামান্য পরিমাণ।

وَثِيم : সুদৃঢ়, শক্ত।

وَثِيمَة : স্তূপ, রাশি।

أَوْثَنَ : (إِوْثَان) (সম্পদ) ব্যাপক হওয়া, প্রচুর উপহার দেওয়া।

اِسْتَوْثَنَ : (اِسْتِيثَان) অবস্থান করা, বাঁচিয়া থাকা; শক্তিশালী হওয়া, দৃঢ় হওয়া, অঙ্কুরিত হওয়া।

وَثَن : মূর্তি, প্রতিমা। ব أَوْثَان، وُثُن

وَثَنِيّ : পৌত্তলিক, মূর্তিপূজক।

وَثَنِيَّة : পৌত্তলিকতা, মূর্তিপূজা।

وَاثِن : স্থির; নদীতে প্রবহমান (পানি)।

وُثِيَ : (وَثْي) (অঙ্গ) থেঁতলাইয়া যাওয়া; স্থানচ্যুত হওয়া।

أَوْثَى : (إِيثَاء) আহত পশুর মালিক হওয়া।

وُثْي : দুঃখকষ্ট।

مِيثَاة : মুগুর।

مَوْثِيّ : থেঁতলাইয়া গিয়াছে এমন।



www.pathagar.com

وَجَّ – ـُ : (وَجّ) দ্রুতগামী হওয়া; ত্বরা করা; পলাইয়া যাওয়া; (আগুন) জ্বলিয়া উঠা।

وَجّ : ভেষজ উদ্ভিদবিশেষ; উটপাখি।

وَجَا – ـَ : تَوَجًّا (وَجْأ) আঘাত করা, ছুরিকাঘাত করা; ঘাড়-ধাক্কা দেওয়া, উটের অণ্ড থেঁতলাইয়া দেওয়া।

وَجَّأ : (تَوْجِئَة) (কূপ) নিঃশেষিত পাওয়া; (খেজুর) একত্রে জড়াইয়া যাওয়া।

أَوْجَأ : (إِيجَاء) (কূপ) নিঃশেষিত পাওয়া; (খেজুর) একত্রে জড়াইয়া যাওয়া, (শিকারি) শূন্য হাতে ফিরিয়া আসা।

~ عَنْ : হটাইয়া দেওয়া।

إِتَّجَأ : (اِتِّجَاء) নিবিড় হওয়া।

وَجْء، وَجَاة، وَجَاء : দূষিত, খারাপ (পানি)।

وَجْأة، وَجَاة، وَجَاءَة : পানি ফুরাইয়া গিয়াছে কিংবা খারাপ পানি বাহির হইতেছে এমন (কূপ)।

وَجَبَ – ـِ : (وُجُوب) ওয়াজিব হওয়া, প্রয়োজনীয় হওয়া, বাধ্যতামূলক হওয়া; নির্ধারিত হওয়া, অপরিহার্য হওয়া।

~ عَلَى : কর্তব্য হওয়া, আরোপিত হওয়া, বাধ্যতামূলক হওয়া।

~ : (وَجْبَة) (দেয়াল) সশব্দে ভাঙ্গিয়া পড়া; পতিত হওয়া।

~ : (وُجُوب، وَجْب) (সূর্য) অস্ত যাওয়া; (চক্ষু) কোটরগত হওয়া।

~ عَنْ : হটাইয়া দেওয়া।

~ : (وَجَبَان، وَجِيب، وَجْب) (হৃৎপিণ্ড) কম্পিত হওয়া।

يَجِب : কর্তব্য, উচিত।

كَمَا يَجِب : যথাযথভাবে, যেমন প্রয়োজন।

وَجُبَ – ـُ : (وُجُوبَة) ভীরু হওয়া।

وَجَّبَ : (تَوْجِيب) (উট) ক্লান্ত হওয়া; দিনে একবার খাদ্যগ্রহণ করা; দিনে একবার খাদ্যগ্রহণে অভ্যস্ত করা; দিনে একবার দুগ্ধ দোহন করা; যথাযথ সম্মান প্রদর্শন করা; উপযুক্ত আপ্যায়ন করা।

وَجَّبَ بِهِ الأَرْضَ : তাহাকে ভূপাতিত করিল।

وَجَّبَ : ~ عَلَى ওয়াজিব করা, বাধ্যতামূলক করা, আরোপিত করা, চাপাইয়া দেওয়া।

وَاجَبَ : (مُوَاجَبَة) ওয়াজিব করা, বাধ্যতামূলক করা।

أَوْجَبَ : (إِيجَاب) দিনে একবার খাদ্যগ্রহণ করা; পুরস্কার কিংবা শাস্তিযোগ্য কাজ করা; নিশ্চিত করা; (হৃৎপিণ্ড) কম্পিত করা।

~ عَلَى : ওয়াজিব করা, বাধ্যতামূলক করা, আরোপিত করা, চাপাইয়া দেওয়া।

~ لِ : অনুকূল সিদ্ধান্ত গ্রহণ করা; মঞ্জুর করা।

إِسْتَوْجَبَ : (اِسْتِيجَاب) প্রয়োজনীয় মনে করা, ওয়াজিব মনে করা; দাবি করা; উপযুক্ত হওয়া, যোগ্য হওয়া।

وَجْب، وَجَّاب، وَجَّابَة : ভীরু; নির্বোধ।

~ : পানির বড় মশক। ব وِجَاب

وَجْبَة : আহার, ভোজ; খাদ্য-তালিকা; উচ্চ শব্দ; (কৃত্রিম) দন্ত-পঙক্তি। ব وَجَبَات

وَجْبَة نَاشِفَة : শুকনা খাদ্য।

وَاجِب : ওয়াজিব, প্রয়োজনীয়, করণীয়, অবশ্যপালনীয়; বাধ্যতামূলক, অপরিহার্য; যথাযথ, পর্যাপ্ত।

~ : কর্তব্য কাজ, দায়িত্বে অর্পিত কাজ। ব وَاجِبَات، وَجَائِب

وَاجِب الوُجُود : আল্লাহ নিশ্চিত অস্তিত্বশীল সত্তা; স্বতঃঅস্তিত্বমান, Self-existent.

وِجَاب : যে স্থলে পানি বদ্ধ হইয়া থাকে, বদ্ধ পানির ডোবা।

وُجُوب : প্রয়োজনীয়তা, অপরিহার্যতা, বাধ্যবাধকতা।

وُجُوبِيّ : বাধ্যতামূলক।

وَجِيب، وَجَبَان : হৃৎপিণ্ডের স্পন্দন।

وَجِيبَة : খাদ্য-বরাদ্দ, বিচার-নিষ্পত্তি।

إِيجَاب : ওয়াজিবকরণ, বাধ্যতামূলককরণ, বাধ্যবাধকতা আরোপ; বাধ্যবাধকতা; ইতিবাচক বা হ্যাঁ-সূচক উক্তি; বিষয় নির্ধারণ, প্রস্তাবনা।

إِيجَابًا : ~ لِ অনুসারে।



www.pathagar.com

إِيجَابِيّ : হ্যাঁ-সূচক; ইতিবাচক, কার্যকর, যথার্থ।

إِيجَابِيَّة : প্রত্যক্ষবাদ, Positivism.

إِيجَابِيًّا : হ্যাঁ-সূচকভাবে, সম্মতিমূলক।

مُوجَب : ইতিবাচক, হ্যাঁ-সূচক; হ্যাঁ-ধর্মী, প্রয়োজনীয়, জরুরী, বাধ্যতামূলক; পরিণাম, তাৎপর্য।

مُوجِبَة، مُوجِب : কারণ, হেতু, উদ্দেশ্য; প্রয়োজন। ব مُوجِبَات

عَلَى مُوجِب، بِمُوجِب : কারণে, ভিত্তিতে; নিমিত্তে, জন্য; অনুসারে।

المُوجِب : মৃত্যু; নিয়তি।

مُوجَبَة : ইতিবাচক উক্তি; হ্যাঁ-সূচক বাক্য। ব مُوجَبَات

مُوَجِّب : দিনে একবার খাদ্য গ্রহণকারী, একাহারী।

مَوَاجِب : মল্লক্ষেত্র।

مُسْتَوْجِب : যোগ্য, উপযুক্ত, গ্রাহ্য।

وَحَّجَ : (تَوْجِيج) সুস্পষ্ট হওয়া।

أَوْجَجَ : (إِيجَاج) সুস্পষ্ট হওয়া; (তাঁবুর) পর্দা ঝুলাইয়া দেওয়া।

وَجَاح : মসৃণ পাথর।

~، وُجَاح : পর্দা, আবরণ।

وَجِيح : নিবিড়ভাবে বয়নকৃত (বস্ত্র)।

مُوجَح : নিবিড়ভাবে বয়নকৃত (বস্ত্র); আশ্রয়; মসৃণ চামড়া।

مَوْجُوح : বন্ধ বা পর্দাযুক্ত (দরজা)।

وَجَدَ - : (وُجُود) পাওয়া, দেখিতে পাওয়া, লাভ করা, খুঁজিয়া পাওয়া, জানিতে পারা, সন্ধান পাওয়া; সাক্ষাৎ পাওয়া; আবিষ্কার করা।

وُجِدَ : অস্তিত্ব লাভ করা, সৃষ্টি হওয়া, প্রাপ্ত হওয়া, লব্ধ হওয়া; আবিষ্কৃত হওয়া, বিদ্যমান থাকা।

~ : (وَجْد) অনুভব করা, বুঝিতে পারা; ভোগ করা, কষ্ট পাওয়া।

~ ~ بِ : অনুরক্ত হওয়া, অধিক ভালোবাসা।

~ : (جِدَة، وُجْد، وَجْد) সম্পদ উপার্জন করা, সম্পদশালী হওয়া।

وَجَدَ - : (مَوْجِدَة) ~ عَلَى ক্রুদ্ধ হওয়া, ক্ষিপ্ত হওয়া।

أَوْجَدَ : (إِيجَاد) সৃষ্টি করা; আবিষ্কার করা; উদ্ভাবন করা, আনয়ন করা; সম্পন্ন করা; যোগাইয়া দেওয়া; সমৃদ্ধ করা; শক্তিশালী করা।

~ عَلَى : বাধ্য করা।

تَوَجَّدَ : অভিযোগ করা, মনঃক্ষুণ্ণ হওয়া।

~ بِ : অধিক ভালোবাসা, অনুরক্ত হওয়া; দুঃখ করা।

~ لِ : দুঃখ করা, দুঃখিত হওয়া।

تَوَاجَدَ : উপস্থিত থাকা, বিদ্যমান থাকা; উদ্ভূত হওয়া, ভালোবাসার ভান করা।

إِنْوَجَدَ : (إِنْوِجَاد) প্রাপ্ত হওয়া, লব্ধ হওয়া, আবিষ্কৃত হওয়া।

وَجْد : আবেগ, তীব্র উত্তেজনা, অনুরাগ, অধিক ভালোবাসা; ক্রোধ।

~، وُجْد : প্রেম; প্রাচুর্য; সম্পদ, আনন্দ; ক্ষমতা।

~ : বদ্ধ পানির পুকুর। ব وِجَاد

جِدَة : ক্রোধ, আবেগ; উত্তেজনা; সম্পদ; ক্ষমতা।

وَاجِد : লাভকারী, সন্ধানপ্রাপ্ত; সচ্ছল, সমৃদ্ধ; ক্রুদ্ধ, উত্তেজিত; দুঃখিত; অনুরক্ত; সক্ষম।

وُجُود : অস্তিত্ব, সত্তা, বিদ্যমানতা; অবস্থান, উপস্থিতি; আবিষ্কার।

كُلِّيّ الوُجُود : সর্বত্র বিদ্যমান।

غَابَ عَنِ الوُجُود : সে অন্তর্হিত হইল; মূর্ছিত হইল; অচেতন হইল।

وُجُودِيّ : অস্তিত্ববাদী।

وُجُودِيَّة : অস্তিত্ববাদ; Existentiatism; অস্তিত্ব।

وَجِيد : সমতল ভূমি। ব وُجْدَان

وِجْدَانِيّ : আবেগময়; অনুভূতিপূর্ণ; ভাবলব্ধ; মানসিক।

وِجْدَانِيَّات : স্বজ্ঞানলব্ধ বিষয়।

إِيجَاد : আবিষ্কার, উদ্ভাবন, সৃষ্টি; যোগান; মূল্যায়ন।

مُوجِد : সৃষ্টিকারী, সৃষ্টিকর্তা, আবিষ্কারক, উদ্ভাবক।

مُوجِد الكَائِنَات : বিশ্ব-স্রষ্টা, আল্লাহ।



www.pathagar.com

مَوْجِدَة : অনুভূতি, আবেগ; উত্তেজনা, ক্রোধ, আক্রোশ, বিদ্বেষ, শত্রুতা।

مَوْجُود : সৃষ্ট, মওজুদ, প্রাপ্ত, লব্ধ; বিদ্যমান; অবস্থিত, উপস্থিত, প্রস্তুত; জীবিত; যা আছে।

~ : সৃষ্টি; সম্পদ; সরবরাহ। ব مَوْجُودَات

الْمَوْجُودَات : নিখিল সৃষ্টি; বিদ্যমান সামগ্রী; পরিসম্পদ, Assets.

أَوْجَذَ : (إِيجَاذ) ~ عَلَى، إِلَى বাধ্য করা।

وَجْذ : পানিপূর্ণ পাহাড়ি গর্ত, পুকুর। ব وِجْذَان، وِجَاذٌ

وَجَرَ : - (وَجْر)، أَوْجَرَ (إِيجَار) ঔষধ সেবন করানো।

وَجِرَ : - (وَجَر) ~ مِنْ ভয় করা, সাবধান হওয়া।

تَوَجَّرَ، إِتَّجَرَ : (ঔষধ) গিলিয়া ফেলা।

وَجْر : গর্ত, পার্বত্য গুহা। ব أَوْجَار

وَجْرَة : শিকার ধরিবার চোরা গর্ত; ফাঁদ।

وَجَر : ভয়।

وَجِر، أَوْجَر : ভীত, সাবধান।

وِجَار : (বন্যজন্তুর) গুহা, গর্ত। ব وُجُرٌ، أَوْجِرَة

وَجُور : মুখে ঢালিয়া দেওয়া ঔষধ; ঢোক।

مِيجَر، مِيجَرَة : ঔষধ সেবন করাইবার পাত্রবিশেষ।

مِيجَار : ব্যাট, bat; র্যাকেট, racket; দণ্ড। ব مَوَاجِير

وَجَزَ - وَجُزَ، - (وَجْز، وُجُوز، وَجَازَة) সংক্ষিপ্ত হওয়া।

أَوْجَزَ : (إِيجَاز) সংক্ষেপ করা; সংক্ষিপ্ত হওয়া।

إِسْتَوْجَزَ : (إِسْتِيجَاز) সংক্ষেপ করা।

وَجْز : সংক্ষেপণ; সংক্ষিপ্ত। ব وِجَازٌ

وَجَازَة، وُجُوز : সংক্ষেপণ।

وَاجِز : সংক্ষিপ্ত।

وَجِيز : ব্যাপকার্থক সংক্ষিপ্ত ভাষ্য।

إِيجَاز : সংক্ষেপণ, সংক্ষিপ্ততা, সংক্ষেপ।

بِالإِيجَاز، إِيجَازًا : সংক্ষেপে।

مُوجَز : সংক্ষিপ্ত; সংক্ষিপ্ত-সার, সার-সংক্ষেপ।

وَجَسَ - (وَجْس، وَجَسَان) শঙ্কিত হওয়া, উৎকণ্ঠা অনুভব করা, লুক্কায়িত থাকা।

أَوْجَسَ : (إِيجَاس) অনুভব করা; পূর্ব হইতে বুঝিতে পারা; উৎকণ্ঠিত হওয়া।

أَوْجَسَ خِيفَةً : সে শঙ্কা অনুভব করিল, আশঙ্কিত হইল।

تَوَجَّسَ : বিবেক হইতে বুঝিতে পারা; অনুভব করা; উৎকণ্ঠিত হওয়া; শঙ্কিত হইয়া শ্রবণ করা; একটু একটু করিয়া খাওয়া; আস্বাদন করা।

تَوَجَّسَ شَرًّا : ~ مِنْ অশুভ মনে করা।

وَجْس : ভয়, শঙ্কা, উৎকণ্ঠা, উদ্বেগ।

وَاجِس : দুশ্চিন্তা, অমঙ্গল-আশঙ্কা, অশুভ পূর্বাভাস; শঙ্কাগ্রস্ত।

أَوْجَس : তুচ্ছ বিষয়, সামান্য সময়।

تَوَجُّس : আশঙ্কা, উৎকণ্ঠা।

مُتَوَجِّس : শঙ্কাগ্রস্ত, উৎকণ্ঠিত।

وَجِعَ : - (وَجَع) ব্যথা পাওয়া, কষ্ট অনুভব করা, ব্যথিত হওয়া।

أَوْجَعَ : (إِيجَاع) ব্যথা দেওয়া, কষ্ট দেওয়া।

تَوَجَّعَ : ব্যথা অনুভব করা, কষ্ট পাওয়া, কষ্ট ব্যক্ত করা, অভিযোগ করা; বিলাপ করা, মানসিক কষ্ট পাওয়া।

~ ل : দুঃখ অনুভব করা, সহানুভূতি প্রকাশ করা।

إِنْوَجَعَ : (إِنْوِجَاع) ব্যথা অনুভব করা, ব্যথিত হওয়া।

وَجَع : ব্যথা, কষ্ট, শূল, বেদনা, যন্ত্রণা, সামান্য অসুস্থতা। ব وِجَاع، أَوْجَاع

وَجَع الأُذُنِ : কর্ণশূল।

~ الْبَطْنِ : পেটব্যথা।

~ الرَّأْسِ : মাথাব্যথা।

~ السِّنِّ : দন্তশূল।

مَوْجُوع، مُوجَع، وَجِع : ব্যথিত; যন্ত্রণাগ্রস্ত; পীড়িত। ব وَجِعُونَ

مُوْجِع، وَجِيع : বেদনাদায়ক, যন্ত্রণাদায়ক, কষ্টদায়ক।



www.pathagar.com

جِعَة : মদ্যবিশেষ।

تَوَجُّع : ব্যথা, কষ্ট, যন্ত্রণা; বিলাপ।

وَجَفَ - : (وُجُوف، وَجْف) উত্তেজিত হওয়া, আন্দোলিত হওয়া, কম্পিত হওয়া, অস্থির হওয়া।

~ : (وَجِيف) (হৃৎপিণ্ড) স্পন্দিত হওয়া, ধুকধুক করা, দৌড়ানো।

أَوْجَفَ : (إِيجَاف) উত্তেজিত করা, অস্থির করা, স্পন্দিত করা, কম্পিত করা; ধাবিত করা।

اِسْتَوْجَفَ : (اِسْتِيجَاف) অশান্ত করিয়া তোলা, উদ্বেলিত করা, ব্যাকুল করা।

وَجِيف، وَجْف : ধাবন।

وَاجِف : স্পন্দিত (হৃৎপিণ্ড); কম্পিত (স্বর) অস্থির, ব্যাকুল (হৃদয়)।

وَاجِفَة : ভূমিকম্প।

وُجَاق، أَوْجَاق : (তু) স্টোভ, stove; (রান্নার) চুল্লিবিশেষ; রন্ধনশালা; প্রশিক্ষণ-ক্ষেত্র; বাহিনী। ব وُجَاقَات

وَجِلَ - : (مَوْجَل، وَجَل) ভীত হওয়া, ভয় পাওয়া; ভীরু হওয়া।

وَجُلَ - : (وَجَالَة) বয়োবৃদ্ধ হওয়া।

أَوْجَلَ : (إِيجَال) ভীত করা, প্রকম্পিত করা।

وَجَل : ভয়, ভীতি। ব أَوْجَال

وَجِل : ভীত, আশঙ্কাগ্রস্ত; ভীরু। ব وِجَال، وَجِلُون

وُجُول : বয়োবৃদ্ধ লোক।

وَجِيل، مَوْجِل : পুকুর।

وَجَمَ - : (وُجُوم، وَجْم) নীরব হওয়া, নির্বাক হওয়া, হতবাক হওয়া; ক্রুদ্ধ হইয়া নীরব থাকা; বিষণ্ন হওয়া; ঘৃণা করা।

~ مِنْ : বিরত থাকা।

~ : (وَجْم) ঘুষি মারা।

~ : (وُجُوم) (দিন) উষ্ণ হওয়া।

وَجْم : দুষ্ট; পন্থা, পদ্ধতি; বিষণ্নতা।

~, وَجَم : মরুভূমিতে পথ-নির্দেশক চিহ্ন। ব أَوْجَام، وُجُوم

وَجِم : লোভী।

وَجَمَة : লজ্জা; অসম্মান।

وَاجِم، وَجِم : নীরব, নির্বাক, নিশ্চুপ, হতবাক; বিষণ্ন ব্যক্তি।

وُجُوم : নীরবতা, নিশ্চুপতা, নির্বাকতা; উদ্বেগ; বিষণ্নতা।

وَجِيم : প্রচণ্ড গরম (দিন)।

وَجِيمَة : ধ্বংসপ্রাপ্ত (শস্য)।

مِيْجَمَة : কাঠের মুগুর।

وَجَنَ - : (وَجْن) ~ بِ নিক্ষেপ করা।

وَجَّنَ : (تَوْجِين) প্রহার করা, আঘাত করা।

تَوَجَّنَ : নত হওয়া।

وَجْنَة، وُجْنَة : গণ্ডদেশ, প্রশস্ত গাল। ব وَجَنَات

وَجْنَاء : শক্তিশালী; প্রশস্ত গণ্ড (উষ্ট্রী)।

وَجِين : নদীর তীর, তেপান্তরের প্রান্তসীমা। ব وُجُنٌ

مُوَجَّن، أَوْجَن : পূর্ণগণ্ড (উষ্ট্রী)।

الأَوْجَن : প্রস্তরময় বিশাল পর্বত।

مِيجَنَة : মুগুর। ব مَيَاجِن، مَوَاجِن

مَوْجُونَة : লাজুক, ভীত (স্ত্রীলোক)।

وَجَهَ - : (وَجْه) মর্যাদায় শ্রেষ্ঠ হওয়া; মুখমণ্ডলে আঘাত করা, চড় মারা।

وَجُهَ - : (وَجَاهَة) মর্যাদাবান হওয়া, খ্যাতিমান হওয়া।

وَجَّهَ : (تَوْجِيه) সম্মান করা, মর্যাদা দেওয়া; সম্মানিত করা, ফিরানো, কাজে লাগানো, নিয়োগ করা, অনুসরণ করা।

~ إِلَى : মুখ করা, মনোযোগ দেওয়া; গমন করা, প্রেরণ করা।

~ إِلَى، لِ : মনোযোগ করানো, পথ দেখানো, পরিচালিত করা।

وَجَّهَ سُؤَالاً : ~ إِلَى প্রশ্ন করা, প্রশ্ন রাখা।

~ السِّلَاحَ : ~ إِلَى অস্ত্র তাক করা।

~ الكَلَامَ : ~ إِلَى সম্বোধন করা।



www.pathagar.com

وَاجَهَ : (مُوَاجَهَة) সামনাসামনি হওয়া, মুখামুখি হওয়া, সম্মুখীন হওয়া; সাক্ষাৎ করা; মিলিত হওয়া; মোকাবিলা করা; বিবেচনা করা।

~ بِ : মুখামুখি করা, সম্মুখীন করা।

~ بِاَنَّ : প্রকাশ্যে ঘোষণা করা, খোলাখুলিভাবে বলা।

أَوْجَهَ : (إِيْجَاه) সম্মান করা, মর্যাদাবান করা, সম্মানিত করা; সম্মানিত পাওয়া, সম্মান প্রদর্শন করা।

تَوَجَّهَ : ~ نَحْوَ، لِ، إِلَى মুখ করিয়া থাকা, মনোযোগ দেওয়া; গমন করা, রওয়ানা করা, অগ্রসর হওয়া।

تَوَاجَهَ : পরস্পর মুখামুখি হওয়া, সামনাসামনি সাক্ষাৎ করা।

اِتَّجَهَ : (اِتِّجَاه) نَحْوَ، إِلَى মুখ করিয়া থাকা, চালিত হওয়া, ঝোঁক প্রবণ হওয়া, গমন করা।

~ لِ : (চিন্তা, ধারণা) মনে উদ্রেক হওয়া।

وَجْه : চেহারা, মুখমণ্ডল, সম্মুখভাগ; বহির্ভাগ, উপরিভাগ; (ঘড়ির) মুখপাত, ডায়াল, সামনের দিক; বাহ্য আকৃতি, রূপ, দৃশ্য; দিক; লক্ষ্য, উদ্দেশ্য; পথ, পন্থা, রীতি, নীতি, পদ্ধতি; কারণ; অর্থ, তাৎপর্য; শুরু, সূচনা, আরম্ভ-কাল; সম্মান, মর্যাদা; দৃষ্টিকোণ, দৃষ্টিভঙ্গি; ধাপ; প্রলেপ, খ্যাতিমান লোক; বিশিষ্ট ব্যক্তি; (বইয়ের) পৃষ্ঠা; সত্তা। ব أَوْجُه، وُجُوه

وَجْه الأَرْض : ভূপৃষ্ঠ, পৃথিবী।

~ التَّسْمِيَة : নামকরণের কারণ বা তাৎপর্য।

~ الحَال : পরিস্থিতি।

~ الشَّبَه : যে বিষয়ে উপমা দেওয়া হয়, Point of resemblance.

~ القَدَم : পায়ের পাতার উপরিভাগ।

~ القَوْم : প্রধান ব্যক্তি, দলের নেতা।

~ السَّاعَة : ঘড়ির মুখপাত, ডায়াল।

~ السِّكَّة : মুদ্রার যে দিকে মুখ্য চিহ্ন থাকে, Face of a coin.

~ الكَلَام : কথার তাৎপর্য।

وَجْه مُسْتَعَار : মুখোশ।

وَجْهَ النَّهَار : দিনের বেলায়, দিবসের প্রথমাংশ।

الوَجْه البَحْرِيّ : মিসরের উত্তারাঞ্চল, Lower Egypt.

~ القِبْلِيّ : মিসরের দক্ষিণাঞ্চল, Upper Egypt.

وَجْهًا : স্পষ্টরূপে।

وَجْهًا لِوَجْه، وَجْهًا بِوَجْه : সামনা-সামনি, মুখামুখি; ব্যক্তিগতভাবে; সরাসরি।

بِوَجْه : কোনভাবে, কোন উপায়ে।

عَلَى وَجْهِ الإِجْمَال، بِوَجْه الإجمَال : সংক্ষেপে, মোটামুটি।

عَلَى وَجْهِ التَّقْرِيب ,~ التَّقْرِيب : আনুমানিক, প্রায়, কাছাকাছি।

عَلَى وَجْهٍ خَاصّ , ~ خَاصّ : বিশেষভাবে।

عَلَى وَجْه عَامّ ,~ عَامّ : সাধারণভাবে।

بِوَجْه مِنَ الوُجُوه ,~ مَّا : যে-কোনভাবে, যে-কোন উপায়ে।

عَلَى وَجْه : রূপে, আকারে; সম্পর্কে।

عَلَى وَجْهِهِ : সোজা, মুখবরাবর; ভ্রূক্ষেপ না করিয়া; ঠিকভাবে, যথাযথভাবে; আপন পথে; অমনোযোগিতার সহিত, হঠকারিতার সহিত।

عَلَى غَيْرِ وَجْهِهِ : ভ্রান্তভাবে, অনুচিতরূপে; ভিন্ন পথে।

عَلَى وَجْه التَّفْصِيل : বিস্তারিতভাবে।

~ ~ الحَصْر : সংক্ষিপ্ত আকারে, সীমিত আকারে।

~ ~ العُمُوم : সাধারণভাবে।

~ ~ اليَقِين : নিশ্চিতরূপে।

~ هٰذَا الوَجْه : এইভাবে, এইরূপে।

فِي وَجْهِهِ : তাহার চোখের সামনে, তাহার উপস্থিতিতে।

لِوَجْه اللّٰه : আল্লাহর ওয়াস্তে, আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে; নিঃস্বার্থভাবে।

مِنْ كُلّ الوُجُوه : সকল দিক দিয়া; সার্বিকভাবে।



www.pathagar.com

بَيَّضَ وَجْهَهُ : সে মুখ উজ্জ্বল করিল, সম্মান বৃদ্ধি করিল।

~ سَوَّدَ : মুখে কালিমা লেপন করিল, অসম্মান করিল, লাঞ্ছিত করা।

إِبْيَضَّ وَجْهُهُ : মুখ উজ্জ্বল হইল, সম্মান লাভ করিল, সম্মানিত হইল।

~ إِسْوَدَّ : মুখ কালিমালিপ্ত হইল, লাঞ্ছিত হইল।

أَخَذَ وَجْهًا : সম্মান লাভ করিল।

عَلَى ~ : أَخَذَ وَجْهًا অভ্যস্ত হইল।

شَوَّهَ وَجْهَ الْحَقِيقَةِ : সত্য বিকৃত করিল।

مَضَى عَلَى وَجْهِهِ : সে সোজা চলিয়া গেল, কোনদিকে ভ্রূক্ষেপ না করিয়া চলিয়া গেল।

إِخْتَلَجَ بِوَجْهِهِ : মুখ ভেংচানো, Make faces.

أَهَانَهُ فِي وَجْهِهِ : সে মুখের উপর তাহাকে অপমান করিয়াছে।

ذُو وَجْهَيْنِ : দ্বিমুখী; দ্ব্যর্থক।

بِوَجْهَيْنِ : দ্বিমুখী, কপট, মুনাফিক।

عَلَى الْوَجْهَيْنِ : উভয় ক্ষেত্রে, উভয় দৃষ্টিকোণ হইতে।

وُجُوهُ النَّاسِ : বিশিষ্ট ব্যক্তিবর্গ, নেতৃস্থানীয় লোক।

أَوْجُهُ الْقَمَرِ : চন্দ্রকলা।

لاَوَجْهَ لَهُ مِنَ الصِّحَّةِ : ইহাতে সত্যের লেশমাত্র নাই।

وَجْهِيّ : মুখমণ্ডলীয়, মুখ-সম্বন্ধীয়।

وُجْه : পার্শ্ব, তীর, দিক।

جُهَة، جِهَة : দিক, পার্শ্ব; অঞ্চল, এলাকা; অংশ; সূত্র, সম্বন্ধ; পন্থা; পদ্ধতি; কর্তৃপক্ষ; এজেন্সি; প্রশাসনিক এজেন্সি। ব جُهَات، جِهَات

إِلَى جِهَةِ : দিকে।

~ مِنْ : দিক হইতে, পক্ষ হইতে; প্রসঙ্গে।

مِنْ كُلِّ جِهَةٍ : সকল দিক হইতে, সব দিক দিয়া।

مِنْ هٰذِهِ الْجِهَةِ : এই দিক দিয়া, এই দৃষ্টিকোণ হইতে।

مِنْ جِهَةٍ أُخْرَى : অন্য দিক হইতে; অপরপক্ষে।

مِنْ جِهَتِي : আমার সম্বন্ধে, আমার পক্ষে, আমার দিক হইতে।

جِهَةُ الإِخْتِصَاصِ، الْجِهَةُ الْمُخْتَصَّةُ : উপযুক্ত কর্তৃপক্ষ, যথাযথ কর্তৃপক্ষ, বিশিষ্ট উৎস।

وُجْهَة : দিক; ঝোঁক; গতিপথ; লক্ষ্য, উদ্দেশ্য; সম্বন্ধ, বিষয়। ব وُجْهَات

وُجْهَةُ النَّظَرِ : দৃষ্টিকোণ, দৃষ্টিভঙ্গি।

مِنْ وُجْهَةٍ أُخْرَى : অন্য দিক দিয়া, ভিন্ন দৃষ্টিকোণ হইতে।

وُجَاهَ، وِجَاهَ : বিপরীতে।

وَجَاهَة : শ্রদ্ধা, সম্মান, মর্যাদা; সুনাম, খ্যাতি, প্রসিদ্ধি; প্রভাব, কর্তৃত্ব; নৈতিক বা মানসিক দৃঢ়তা।

ذُو وَجَاهَةٍ : মর্যাদাবান, খ্যাতিমান, প্রসিদ্ধ, বিশিষ্ট, সম্মানিত।

وَجَاهِيّ : পরস্পরবিরোধী।

وَجِيه : উত্তম, চমৎকার, সেরা, সঠিক; উভয় দিক ব্যবহারযোগ্য (পোশাক)। ব وُجَهَاءُ

~ : খ্যাতিমান, প্রসিদ্ধ, সম্মানিত; সম্মানযোগ্য; প্রসিদ্ধ ব্যক্তি; সম্মানিত লোক। ব وُجَهَاء

الْوُجَهَاء : প্রসিদ্ধ ব্যক্তিবর্গ, নামজাদা লোক।

سَبَب وَجِيه : সঠিক কারণ।

وَجِيهَة : বদনজর-বিরোধী রক্ষাকবচ। ব وِجَاه، جَانِه، وَجِيهَات

وَجِهِيّ : উচ্চজাতের, ভালজাতের (ঘোড়া)।

وَاجِهَة : সম্মুখভাগ, বহির্ভাগ। ব وَاجِهَات

إِتِّجَاه : দিক, গতিপথ; মুখ; ঝোঁক, প্রবণতা। ব إِتِّجَاهَات

طَرِيق ذُو إِتِّجَاهٍ وَاحِدٍ : কেবলমাত্র একদিকে যানবাহন চলিবার রাস্তা, একমুখী রাস্তা, One-way road.

تِجَاهَ : দিকে, বিপরীতে, সম্মুখে।

تَوَجُّه : মনোযোগ, লক্ষ্য, পৃষ্ঠপোষকতা; গমন, রওয়ানা, যাত্রা।



www.pathagar.com

تَوْجِيه : নির্দেশনা; তাককরণ, ফিরানো; পরিচালনা, নিয়ন্ত্রণ; বণ্টন; হস্তান্তর, পরিবর্তন, ব্যাখ্যাকরণ।

~ : নির্দেশ, আদেশ। ব تَوْجِيهَات

عَجَلَة التَّوْجِيه : স্টিয়ারিং হুইল, Steering wheel.

مُوَجِّه : (জাহাজের) কর্ণধার; বাণিজ্যপোতের দ্বিতীয় অধ্যক্ষ, Mate.

مُوَجَّه : চালিত, নিয়ন্ত্রিত, দূর হইতে নিয়ন্ত্রিত, Remote-controlled; উভয়দিক ব্যবহারযোগ্য (পোশাক); সম্মানিত, বিশিষ্ট।

مَوْجُوه : মুখমণ্ডলে আঘাতপ্রাপ্ত।

مُوَاجَهَة : মুখামুখি সাক্ষাৎ, সামনা-সামনি অবস্থান; সম্মুখীনতা; উপস্থিতি।

مُوَاجَهَةً : সামনাসামনি, মুখামুখি অবস্থানে।

بِمُوَاجَهَتِه : তাহার উপস্থিতিতে, তাহার সামনে।

مُتَّجِه : পরিচালিত; ঝোঁকবিশিষ্ট, অভিমুখী।

مُتَّجَه : দিক, ক্ষেত্র।

فِى كُلِّ مُتَّجَهٍ : সকল দিকে, সকল ক্ষেত্রে।

وَجِى - : (وَجًى) অকেজো পাওয়া।

وَجِىَ - : (وَجًى) تَوَجَّى (অশ্ব) খুরে আঘাত পাওয়া, আহত খুরবিশিষ্ট হওয়া।

أَوْجَى : (إِيجَاء) অকেজো করা বা পাওয়া; (শিকারি) শূন্যহাতে ফিরিয়া আসা; (পা বা খুর) জখম করা।

~ عَنْ : বিরত হওয়া; সরাইয়া দেওয়া।

وَجٍ، وَجِىٌّ : আহত খুরবিশিষ্ট (অশ্ব)।

~ : অকেজো, অকর্মণ্য। ব أَوْجِيَاء

وَجًى : খুরের ক্ষত।

وِجَاء : আঁটি, বান্ডিল। ব أَوْجِيَة

وَحٌ : খুঁটা, গোঁজ।

وَحَاب : উটের রোগবিশেষ।

وَحَجَ - : (وَحْج) আশ্রয় চাওয়া।

وَحَجَة : নিচু ভূমি। ব أَوْحَاج

وَحَدَ - : (وُحُود، حِدَة، وَحْدَة، وَحْد) وَحُدَ - (وُحُودَة، وَحْدَة، وَحَادَة) এক হওয়া, একক হওয়া, একাকী হওয়া, অনন্য হওয়া, অদ্বিতীয় হওয়া।

وَحَّدَ : (تَوْحِيد) একাকী করা, একক করা, অনন্য করা, অদ্বিতীয় করা; এক করা, একত্রিত করা, একীভূত করা, একক বলে স্বীকৃতি দেওয়া।

وَحَّدَ اللّٰهَ : "لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ" (আল্লাহ ছাড়া আর কোন মা'বুদ নাই)" বলা; এক আল্লাহতে বিশ্বাস করা; "আল্লাহ এক ও অদ্বিতীয়" বলিয়া ঘোষণা করা।

~ بَيْنَ : ঐক্যবদ্ধ করা, সঙ্ঘবদ্ধ করা, একত্রিত করা, সংযুক্ত করা।

~ الدُّيُونَ : ঋণ সমন্বিত করা।

~ الْمَرْكَزَ : কেন্দ্রীভূত করা।

أَوْحَدَ : (إِيحَاد) একাকী করা; একটিমাত্র বাচ্চা প্রসব করা; একঘরে করা; পরিত্যাগ করা।

تَوَحَّدَ : একা হওয়া, একক হওয়া, একাকী হওয়া, একাকী থাকা, নির্জনে বসবাস করা, নিভৃতে গমন করা; একত্রিত হওয়া, একীভূত হওয়া, এক হওয়া, ঐক্য গঠন করা, ঐক্যবদ্ধ হওয়া।

~ بِ : একাকী সম্পন্ন করা।

تَوَحَّدَ بِرَأْيِه : একাকী ভিন্নমত পোষণ করা; নিজ মতে অটল থাকা।

تَوَحَّدَهُ بِعِنَايَتِه : বিশেষ যত্ন বা মনোযোগের জন্য বাছিয়া লওয়া, বিশেষভাবে যত্ন লওয়া বা মনোযোগ দেওয়া।

اِتَّحَدَ : (اِتِّحَاد) ঐক্যবদ্ধ হওয়া, এক হওয়া, সঙ্ঘবদ্ধ হওয়া, সংযুক্ত হওয়া, একীভূত হওয়া; একত্রে কাজ করা; (মত) একরকম হওয়া, এক বিন্দুতে মিলিত হওয়া।

حِدَة، وَحْد : একাকিত্ব।

عَلَى حِدَة : একাকী, পৃথকভাবে, আলাদাভাবে, নিজে নিজে।

عَلَى وَحْدِه، وَحْدَهُ : একাকী, নিজে নিজে।



www.pathagar.com

وَحْدَة : একতা, ঐক্য, একত্ব, একাকিত্ব, নির্জনতা, নিঃসঙ্গতা, স্বাতন্ত্র্য, নিজস্বতা।

~ : একক; একক বস্তু, অখণ্ড বস্তু, ইউনিট, Unit; একক দল, গোষ্ঠী; ইউনিয়ন, Union; স্থাপনা; শাখা দফতর। ব وَحْدَات

وَحْدَة الإِشَارَة : (সেনাবাহিনীর) যোগাযোগ ইউনিট, সিগন্যাল ইউনিট।

الزَوَاج ~ : এক বিবাহ।

الزَمَن ~ : সময়ের একক।

صِنَاعِيَّة ~ : কারিগরি স্থাপনা, শিল্প-স্থাপনা।

طَائِفِيَّة ~ : সাম্প্রদায়িক গোষ্ঠী, সম্প্রদায়।

القِيَاس ~ : মাপের একক, অনুমানের মৌল বিষয়।

الوُجُود ~ : একক অস্তিত্ব; "প্রকৃত বিরাজমান সত্তা একমাত্র আল্লাহ" এই মতবাদ।

الوَحْدَة العَرَبِيَّة : আরব-ঐক্য।

مُنَظَّمَة الوَحْدَة الإِفْرِيقِيَّة : আফ্রিকান ঐক্য-সংস্থা।

وَحْدَانِيّ : একক, একাকী, সঙ্গীহীন, একমাত্র, স্বতন্ত্র, অনন্য, অদ্বিতীয়, অতুলনীয়; নিঃসঙ্গ; অবিবাহিত।

إِبْن وَحْدَانِيّ : একমাত্র পুত্র।

وَحْدَانِيَّة : একত্ব, একাকিত্ব, নিঃসঙ্গতা, নির্জনতা; অনন্যতা।

وَحْدَانِيَّة اللّٰه : আল্লাহর একত্ব, একত্ববাদ, তওহীদ।

وَاحِد : এক (সংখ্যা); একজন; কেহ, কোন; একমাত্র; একই; একবচন (ব্যা)। ব وَاحِدُون

~ : অনন্য, অদ্বিতীয়, একক, একাকী। ব وُحْدَان

الوَاحِد : মহান আল্লাহর একটি গুণবাচক নাম।

وَاحِدًا بَعْدَ الآخَر، وَاحِدًا فَوَاحِدًا، وَاحِدًا وَاحِدًا : এক এক করিয়া, একজন একজন করিয়া, একটি একটি করিয়া, একের পর এক।

وَاحِد قَوْمِه : সমাজের বিশিষ্ট ব্যক্তি।

وَاحِد كَهٰذَا : এমনি একজন , এমনি একটি।

أَيّ وَاحِد : যে-কেহ।

كُلّ وَاحِد : প্রত্যেকে।

فِي مَوْضِع وَاحِد : একই স্থানে।

لاَ وَاحِد : কেহ নহে, একজনও নহে।

زَرَفَات وَوُحْدَانًا : দলে দলে ও একাকী।

وَاحِدَةً بِوَاحِدَة : একটির বদলে আরেকটি, আঘাতের বদলে আঘাত, ইটের বদলে পাটকেল।

وَحِيد : একক, সঙ্গীহীন, একাকী, একমাত্র; নির্জন, নিঃসঙ্গ; অনন্য, অনুপম, অদ্বিতীয়, অতুলনীয়।

وَحِيد أَبَوَيْه : পিতামাতার একমাত্র সন্তান।

أَحَد : এক; কেহ। ব أُحْدَان، آحَادٌ

~ , أَوْحَد : একক, অনন্য, অদ্বিতীয়।

الأحَد : মহান আল্লাহর একটি গুণবাচক নাম।

أَحَد النَاس : কোনো লোক, কেহ একজন, জনৈক লোক।

لَمْ أَرَ أَحَدًا : আমি কাহাকেও দেখি নাই।

يَوْم الأحَد : রবিবার।

إِتِّحَاد : ঐক্য, একতা, মিল, ঐকমত্য; সংযোগ, একীভবন; জোট, মৈত্রী, সমিতি, সঙ্ঘ, ইউনিয়ন, Union; ফেডারেশন, Federation; রাসায়নিক মিশ্রপদার্থ।

إِتِّحَاد الآرَاء : ঐকমত্য, সর্বসম্মতি।

الإِتِّجَاه ~ : এককেন্দ্রিকতা।

الاتِّحَاد السُوفِيتِيّ ,~ السُوفِيت : সোভিয়েট ইউনিয়ন, Soviet Union.

بِالإِتِّحَاد : ঐক্যবদ্ধভাবে, একত্রে।

بِاتِّحَاد الآرَاء : সর্বসম্মতিক্রমে।

إِتِّحَادِيّ : ঐক্য-সম্বন্ধীয়; যুক্তরাষ্ট্রীয়, Federal; ট্রেড ইউনিয়ন-সংক্রান্ত; শ্রমিক সঙ্ঘের সভ্য।

تَوَحُّد : একাকীত্ব, নির্জনতা, নিঃসঙ্গতা।

تَوْحِيد : একীকরণ, একত্রীকরণ, ঐক্যবদ্ধকরণ, সংযুক্তকরণ।

التَوْحِيد : একত্ববাদ, আল্লাহর একত্বে বিশ্বাস, তাওহীদ।



www.pathagar.com

مُوَحِّد : একত্ববাদী, আল্লাহর একত্বে বিশ্বাসী, মুসলিম। ব مُوَحِّدُونَ

مُوَحَّد : একীভূত, একত্রিত, সমন্বিত, সম্মিলিত; এক নুকতাবিশিষ্ট (হরফ)।

مُتَّحِد : যুক্ত, সংযুক্ত; ঐক্যবদ্ধ, সমবেত, একত্রিত; সমন্বিত, সম্মিলিত; একমত।

مُتَّحِد الاِتِّجَاه : এককেন্দ্রিক।

الأُمَم المُتَّحِدَة : জাতিসংঘ, The United Nations.

~ الولاَيَات : যুক্তরাষ্ট্র, The United States.

~ الإِمَارَات العَرَبِيَّة : সংযুক্ত আরব আমিরাত।

مُسْتَوْحِد، مُتَوَحِّد : একাকী, একমাত্র; বিরল।

~ : বিচ্ছিন্ন; নির্জন; সন্ন্যাসী।

وَحِرَ – َ : (وَحَر) (খাদ্য) গিরগিটির বিষমিশ্রিত হওয়া; গিরগিটির বিষমিশ্রিত খাদ্য গ্রহণ করা; (অন্তর) বিদ্বেষপূর্ণ হওয়া।

أَوْحَرَ : (إِيحَار) (খাদ্যে) বিষ ঢালা; বিদ্বেষ ছড়ানো।

وَحَر : বিদ্বেষ।

وَحِر : বিদ্বেষপূর্ণ।

وَحَرَة : লাল ডোরাযুক্ত সাদা রং-এর বিষাক্ত গিরগিটিবিশেষ; ক্ষুদ্রকায় উট; কুৎসিত স্ত্রীলোক। ব وَحَر

وَحَسَ – : (وَحْس) হতবুদ্ধি করা, সংকটে ফেলা।

اِتَّحَسَ : (اِتِّحَاس) সংকটে পড়া, কিংকর্তব্যবিমূঢ় হওয়া।

وَحْسَة : সংকটাবস্থা।

وَحَشَ – : (وَحْش) আকৃষ্ট করা, নিক্ষেপ করা।

~ مِنْ : নিষ্কৃতি পাওয়া।

وَحَشَهُ صَدِيقُهُ : বন্ধু তাহাকে পরিত্যাগ করিল।

وَحَّشَ : (تَوْحِيش) নির্জন করা, জনশূন্য করা; নৃশংস করা।

أَوْحَشَ : (إِيحَاش) (স্থান) নির্জন হওয়া, জনশূন্য হওয়া; নির্জন বা জনশূন্য পাওয়া; অস্থির করা, উদ্বিগ্ন করা; নিঃসঙ্গ করা; অসুবিধায় ফেলা, কষ্ট দেওয়া।

تَوَحَّشَ : (স্থান) নির্জন হওয়া, জনশূন্য হওয়া, পরিত্যক্ত হওয়া; বন্য হওয়া, জংলী হওয়া, পশুবৎ হওয়া, বর্বর হওয়া, নৃশংস হওয়া।

اِسْتَوْحَشَ : (اِسْتِيحَاش) নির্জন হওয়া, জনশূন্য হওয়া; নিঃসঙ্গ বোধ করা; ভীত হওয়া।

~ لِ : বিচ্ছেদে কষ্ট পাওয়া, দুঃখ পাওয়া; (বন্ধু) হারানো; কামনা করা।

اِسْتَوْحَشَ لِصَدِيقِهِ : বন্ধু-হারা হওয়া, বন্ধু-বিচ্ছেদে নিঃসঙ্গবোধ করা।

~ مِنْ : অপছন্দ করা, বিতৃষ্ণাবোধ করা, বিরূপ হওয়া।

وَحْش : নির্জন, জনশূন্য, পরিত্যক্ত (স্থান); বন্য (জন্তু); লাজুক (বালিকা); একাকী।

~ : বন্যজন্তু শিকার; ভয়ঙ্কর বস্তু; দানব। ব وُحْشَان، وُحُوش

حِمَار وَحْشِيّ، حِمَار وَحْش : বন্য গর্দভ।

وَحْشَة : নির্জনতা, নিঃসঙ্গতা; বিষণ্নতা, নিরানন্দতা; বিচ্ছেদ; লজ্জাশীলতা, ভয়; জংলীপনা, বর্বরতা; অভিনবত্ব।

وَحْشِيّ : বন্য, জংলী, বর্বর, নৃশংস, পাশবিক, অসভ্য, নিষ্ঠুর, হিংস্র; কুৎসিত; বিতৃষ্ণাজনক; বিরক্তিকর; বহিস্থ (অঙ্গ)। ব وُحْشَان

وَحْشِيَّة : জংলীপনা, বর্বরতা, নৃশংসতা, পাশবিকতা, অসভ্যতা, নিষ্ঠুরতা; হিংস্রতা।

وَحِيش : কুৎসিত, বিকট। ব وُحْشَان

وَحْشَان : দুঃখিত, বিষণ্ন। ব وَحَاشَى

إِيحَاش : নির্জনতা, জনশূন্যতা, পরিত্যক্ততা।

تَوَحُّش : বর্বরতা, নৃশংসতা, পাশবিকতা, হিংস্রতা।

مُوحِش : নির্জন, জনশূন্য, পরিত্যক্ত; বিষণ্ন, ভীতিকর; ভৌতিক।

مُتَوَحِّش : বন্য, জংলী, বর্বর, নৃশংস, নিষ্ঠুর, পাশবিক, অসভ্য।

مُسْتَوْحِش : নৃশংস, পাশবিক; বিষণ্ন, অসুখী; একাকী; জনশূন্য (স্থান)।

وَحَصَ – : (وَحْص) মাটির উপর দিয়া টানা।

وَحْصَة : ঠাণ্ডা, শীতলতা।



www.pathagar.com

وَحَفَ - : (وَحْف) নিক্ষিপ্ত হওয়া।

~ إِلَى : ছুটিয়া যাওয়া।

وَحُفَ - ُ : (وَحْف)، وَحُفَ - ُ (وُحُوفَة، وَحَافَة) ঘন হওয়া, নিবিড় হওয়া।

وَحَّفَ (تَوْحِيف) أَوْحَفَ (إِيحَاف) : ত্বরা করা।

~ بِ : আঘাত করা।

وَحْف، وَاحِف : ঘন ডালপালাবিশিষ্ট (গাছ); পালকবহুল (ডানা)।

~, وَحَف : কালো ও ঘন চুল।

وَحْفَة : শব্দ।

~ : কালো পাথর। ব وِحَاف

وَحْفَاء : প্রস্তরময় (ভূমি); লাল (মাটি)। ব وَحَافَى

مَوْحَف : উটের বিশ্রামস্থল। ব مَوَاحِف

مُوَحَّف : কৃশ, দুর্বল (উট)।

وَحِلَ - َ : (وَحَل) পঙ্কে নিমজ্জিত হওয়া; আটকা পড়া; সংকটাপন্ন হওয়া।

وَحَّلَ : (تَوْحِيل) কর্দমাক্ত হওয়া, কর্দমাক্ত করা; কাদা মাখানো।

أَوْحَلَ : (إِيحَال) কাদায় আটকাইয়া দেওয়া, পঙ্কে নিক্ষেপ করা; জড়িত করা।

تَوَحَّلَ، إِسْتَوْحَلَ : (إِسْتِيحَال) কর্দমাক্ত হওয়া; পঙ্কিল হওয়া।

وَحْل، وَحَل : কাদামাটি, কর্দম, পঙ্ক; পঙ্কিল স্থান। ব وُحُول، أَوْحَال

وَحِل : কর্দমাক্ত, পঙ্কিল।

وَحْلاَن : সংকটাপন্ন।

مُوحِل : কর্দমাক্ত, পঙ্কিল; পঙ্কিল স্থান; সংকট।

مُوَحَّل : কর্দমাক্ত, পঙ্কিল, নোংরা।

وَحِمَ - ُ : (وَحَم)، تَوَحَّمَ (গর্ভবতী স্ত্রীলোকের) বিশেষ খাদ্যে স্পৃহা থাকা।

وَحَّمَ : (تَوْحِيم) আকাঙ্ক্ষা নিবৃত্ত করা।

وَحَم، وِحَام : (গর্ভবতী স্ত্রীলোকের) বিশেষ খাদ্যে স্পৃহা, রুচি।

وَحْمَة : তিল, আঁচিল।

وَحْمَى : কোন খাদ্যদ্রব্যের প্রতি স্পৃহা, রুচিসম্পন্ন গর্ভবতী স্ত্রীলোক। ব وِحَام، وَحَامَى

وَحَنَ - ، وَحِنَ - َ : (حِنَة، وَحَن) ~ عَلَى ক্রুদ্ধ হওয়া; ঘৃণা করা।

تَوَحَّنَ : স্থূলোদর হওয়া; নীচ হওয়া; ধ্বংস হওয়া।

وَحْنَة : আঠালো মাটি।

وَحْوَحَ : (وَحْوَحَة) ~ مِنْ কাঁপিয়া উঠা, কম্পিত হওয়া।

وَحَى - : (وَحْى)، أَوْحَى (إِيحَاء) ~ إِلَى، بِ অহী প্রেরণ করা, বার্তা পাঠানো; অনুপ্রেরণা দান করা, প্রত্যাদেশ দান করা, প্রেরণা দান করা; ধারণা সৃষ্টি করা; অবহিত করা, গোপনে বলা, ইঙ্গিত দেওয়া, পরামর্শ দেওয়া। ব وُحِيٌّ

~ : লেখা; জবাই করা।

وَحَّى : (تَوْحِيَة) উৎসাহিত করা, উদ্বুদ্ধ করা; ত্বরান্বিত করা।

تَوَاحَى : একে অন্যকে সঙ্কেত দেওয়া।

إِسْتَوْحَى : (إِسْتِحْيَاء) প্রত্যাদেশ চাওয়া; ইঙ্গিত চাওয়া; অনুপ্রেরণা চাওয়া, শিক্ষাগ্রহণ করা; তথ্য জানিতে চাওয়া; সাহায্যের জন্য চিৎকার করা।

~ مِنْ : পাওয়া, লাভ করা।

وَحْي : অহী, নবীদের নিকট প্রেরিত প্রত্যাদেশ, বার্তা, অদৃশ্য অনুপ্রেরণা, আসমানি বাণী, ধ্বনি।

~, إِيحَاء : ইঙ্গিত, সঙ্কেত।

إِيحَاء ذَاتِيّ : আত্মসম্মোহন, স্বাভাবিক বোধোদয়, Auto-suggestion.

وَحِيّ : ত্বরিত মৃত্যু।

وَاحٍ : বেতার-বার্তা, প্রেরক-যন্ত্র, রেডিও ট্রান্সমিটার।

أَوْحَى : দ্রুততর।

مُوحٍ : অহী প্রেরণকারী, অনুপ্রেরণা দানকারী, অহী বহনকারী।

مُوحًى : প্রত্যাদেশ, অদৃশ্য সঙ্কেত। ব مُوحَيَات

مُوحًى بِهِ : অহীর মাধ্যমে যাহা প্রাপ্ত।

مُسْتَوْحًى : প্রভাবিত, অনুপ্রাণিত, প্রাপ্ত, লব্ধ।



www.pathagar.com

وَاحَة : মরূদ্যান; উপত্যকা। ব وَاحَات

وَخّ : ব্যথা; ইচ্ছা, অভিপ্রায়।

وَخَدَ : - (وَخْدَان، وَخِيد، وَخْد) দীর্ঘ পদক্ষেপে চলা, লম্বা লম্বা পা ফেলা।

وَخْد : দীর্ঘ পদক্ষেপ। ব وُخُود

وَاخِد، وَخُود، وَخَّاد : দীর্ঘ পদক্ষেপে গমনকারী।

وَخَزَ : - (وَخْز) খোঁচা মারা, ছুঁচালো যন্ত্র দ্বারা বিদ্ধ করা, দংশন করা, হুল ফুটানো; যন্ত্রণা দেওয়া, কষ্ট দেওয়া, বিরক্ত করা।

وَخَزَهُ ضَمِيرُهُ : সে অনুশোচনা অনুভব করিল, বিবেকের দংশনে দংশিত হইল।

وَخْز : বিদ্ধকরণ, দংশন; তীব্র যন্ত্রণা; সামান্য পরিমাণ।

وَخْز الضَّمِير : বিবেকের দংশন, অনুশোচনা।

وَخْزَة : দংশন, খোঁচা, হুল।

وَاخِز، وَخَّاز : কষ্টদায়ক, যন্ত্রণাদায়ক; তীব্র; উগ্র।

وَخْزَان : বিদ্ধকরণ, দংশন।

وَخُشَ : - (وُخُوشَة، وَخَاشَة) (পণ্যদ্রব্য) সস্তা হওয়া; নীচ হওয়া, নিকৃষ্ট হওয়া।

وَخَّشَ : (تَوْخِيش) নীচে নামানো; সামান্য দান করা।

أَوْخَشَ : (إِيخَاش) মিশ্রিত করা।

أَوْخَشَ لَهُ بِعَطِيَّة : সে তাহাকে সামান্যই দিয়াছে।

~ فِي عِرْضِهِ : সে তাহার সুনাম নষ্ট করিয়াছে।

وَخْش : নীচ, নিকৃষ্ট, ঘৃণ্য, ইতর। ব وِخَاش، أَوْخَاش

وَخْش النَّاس : ইতর শ্রেণীর লোক, বাজে লোক।

وَخَصَ : - (وُخُوص)، أَوْخَصَ، (إِيخَاص) কম্পিত হওয়া, দোল খাওয়া।

أَوْخَصَ لَهُ بِعَطِيَّة : সে তাহাকে সামন্যই দিয়াছে।

وُخُوص : কম্পন, দোলন।

وَخَضَ : - (وَخْض) খোঁচা মারা, বিদ্ধ করা।

وَخِيض : সামান্য আহত।

وَخَطَ : - (وَخْط) শুভ্র করা।

وَخَطَهُ الشَّيْبُ : বার্ধক্যে তাহার চুল শুভ্র হইয়া গিয়াছে।

وُخِطَ : বার্ধক্যবশত শুভ্র হওয়া।

مِيخَط : বিদ্ধকর।

مَوْخُوط : বার্ধক্যজনিত শুভ্রকেশ (ব্যক্তি); বর্শাবিদ্ধ ব্যক্তি।

وَخَفَ : - (وَخْف) ঘন হওয়া, শক্ত হওয়া; গালি দেওয়া, নিন্দা করা।

اِتَّخَفَ : (اِتِّخَاف) (পা) পিছলাইয়া যাওয়া, স্খলিত হওয়া।

وَخْفَة : চামড়ার থলি।

وَخِيفَة : খেজুর ও মাখনভর্তি থালা; কর্দম।

مُوخِف : নির্বোধ।

وَخُمَ : - (وُخُومَة، وَخَامَة) (স্থান) অস্বাস্থ্যকর হওয়া; (খাদ্য) দুষ্পাচ্য হওয়া, গুরুপাক হওয়া।

وَخِمَ : - (وَخَم) اِتَّخَمَ (اِتِّخَام) ~ عَنْ، مِنْ অজীর্ণতায় ভোগা, অজীর্ণগ্রস্ত হওয়া।

وَخَّمَ (تَوْخِيم) : অস্বাস্থ্যকর করা, নোংরা করা; নিস্তেজ কিংবা তন্দ্রাচ্ছন্নতা বোধ করা।

تَوَخَّمَ، إِسْتَوْخَمَ : (إِسْتِيخَام) অস্বাস্থ্যকর পাওয়া, নোংরা পাওয়া।

وَخَم : অস্বাস্থ্যকর আবহাওয়া; কলুষতা, ময়লা; অলসতা; তন্দ্রাচ্ছন্নতা, নিস্তেজতা; উটের অর্শরোগ। ব أَوْخَام

وَخِم : অস্বাস্থ্যকর; দুষ্পাচ্য, গুরুপাক (খাদ্য); নোংরা, ময়লাযুক্ত; রূঢ়।

وَخَامَة : অস্বাস্থ্যকর অবস্থা, অস্বাস্থ্যকরতা; মন্দ স্বভাব।

وَخُوم : অস্বাস্থ্যকর। ব وُخُمٌ

وَخِيم : অস্বাস্থ্যকর; দুষ্পাচ্য, গুরুপাক (খাদ্য); খারাপ; ভয়ানক; সাংঘাতিক; দুর্ভাগ্যজনক ক্ষতিকর; অশুভ। ব وَخَامٌ، أَوْخَامٌ، وَخَامَى

وَخِيم الْعَاقِبَة : অশুভ পরিণতিবিশিষ্ট।

أَوْخَم : অধিকতর অস্বাস্থ্যকর; নিকৃষ্টতর।



www.pathagar.com

تُخَمَة : অজীর্ণতা, অতিভোজনজনিত পীড়া। ব تُخَم، تُخَمَات

وَخْمَان، مُوَخَّم : অলস, নিস্তেজ, মন্থর, তন্দ্রালু।

مُسْتَوْخَم : দুষ্পাচ্য; অস্বাস্থ্যকর, ক্ষতিকর।

تَوَخَّنَ : উদ্দেশ্য করা, মনস্থ করা।

وَخْنَة : দূষণ, বিকৃতি।

وَخَى - : (وَخْى) মনস্থ করা, উদ্দেশ্য করা, লক্ষ্য করা।

وَخَّى : (تَوْخِيَة) মনস্থ করা, লক্ষ্য করা, উদ্দেশ্য করা; পরিচালিত করা।

وَاخَى : (مُوَاخَاة) ভ্রাতৃসুলভ আচরণ করা, ভ্রাতৃত্ব করা।

تَوَخَّى : মনস্থ করা, উদ্দেশ্য করা, লক্ষ্য করা; প্রাধান্য দেওয়া।

إِسْتَوْخَى : (إِسْتِيخَاء) জিজ্ঞাসাবাদ করা।

وَخْى : উদ্দেশ্য, লক্ষ্য, অভিপ্রায়, পরিকল্পনা; সোজা রাস্তা। ব وِخِيّ، وُخِيّ

تَوَخٍّ : উদ্দেশ্য, অভিপ্রায়, লক্ষ্য পরিকল্পনা।

مُوَاخَاة : পারস্পরিক ভ্রাতৃত্ব, ভ্রাতৃসুলভ আচরণ।

وَدَّ - : (مَوَدَّة، وُدَاد، وَدَاد، وُدّ، وَدّ) ভালোবাসা, পছন্দ করা, চাওয়া, কামনা করা।

وَادَّ : (وِدَاد) বন্ধুত্ব করা, বন্ধু হওয়া, বন্ধু বানানো, ভালোবাসা।

تَوَدَّدَ : ভালোবাসা পাইতে চাওয়া, বন্ধুত্ব লাভের চেষ্টা করা; আকৃষ্ট করা।

~ إِلَى : প্রেমের ভান করা, বন্ধুত্ব প্রদর্শন করা, বন্ধুভাবাপন্ন হইতে চাওয়া।

تَوَادَّ : পরস্পর বন্ধুভাবাপন্ন হওয়া, একে অপরকে ভালোবাসা।

وُدَاد، وَدَاد، وُدّ، وَدّ : প্রেম, ভালোবাসা, স্নেহ, হৃদ্যতা, বন্ধুত্ব; বন্ধুত্বপূর্ণ সম্পর্ক; ইচ্ছা; কামনা।

~, ~ : প্রেমিক, স্নেহপরায়ণ, বন্ধুভাবাপন্ন, মিশুক, আসক্ত; অনুরাগী। ব أَوُدّ، أَوْدَاد

وَدَادِيّ، وُدِّيّ، وِدِّيّ : বন্ধুত্বপূর্ণ, হৃদ্যতাপূর্ণ।

عَلَاقَات وُدِّيَّة : বন্ধুত্বপূর্ণ সম্পর্ক।

وَدِيد، وَدُود : সুহৃদ, মিত্র, বন্ধুভাবাপন্ন, আসক্ত, স্নেহপরায়ণ।

الوَدُود : মহান আল্লাহর একটি গুণবাচক নাম।

مُوَادَّة، تَوَادّ : বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, পারস্পরিক হৃদ্যতা।

مَوَدَّة : প্রেম, ভালোবাসা, হৃদ্যতা, বন্ধুত্ব।

وَدَأَ - : (وَدْأ) (মাটি) সমান করা।

~ بِ : দুর্ব্যবহার করা।

وَدِئَ - : (وَدَاء) ~ عَنْ (সংবাদ) গোপন থাকা।

وَدَّأَ : (تَوْدِيَة) (মাটি) সমান করা; কবর দেওয়া।

تَوَدَّأَ : ~ عَلَى ধ্বংস করা, (সম্পদ) কাড়িয়া লওয়া।

~ عَنْ : (সংবাদ) গোপন থাকা।

تَوَدَّأَتْ عَلَيْهِ الأَرْضُ : তাহাকে কবর দেওয়া হইয়াছে।

وَدَأ : ধ্বংস, ক্ষতি।

مُوَدَّأَة : বিপজ্জনক স্থান; পানিবিহীন মরুভূমি।

وَدَب : দুরবস্থা।

وَدَجَ - : (وَدْج) وَدَّجَ، (تَوْدِيج) (পশুর) গলার রগ কাটিয়া দেওয়া।

~ بَيْنَ : বিন্যস্ত করা; পার্থক্য নিরসন করা।

وَادَجَ : (وِدَاج) শান্তি স্থাপন করা; ভদ্র আচরণ করা।

وَدَج : গলার রগ; মূল কারণ; উদ্দেশ্য। ব أَوْدَاج

وِدَاج : গলার রগ।

أَوْدَحَ : (إِيدَاح) (উট) মোটা হওয়া।

~ لِ : অনুগত হওয়া, বশ্যতা স্বীকার করা।

وَدَح : ডুমুরগাছবিশেষ।

وَدَرَ - : (وَدْر) বদ্ধ মাতাল হওয়া; ছুঁড়িয়া মারা।

وَدَّرَ : (تَوْدِير) বিপদগ্রস্ত করা, বিপন্ন করা; (সম্পদ) অপচয় করা; দূরীভূত করা; (দূত) প্রেরণ করা; প্রতারণা করা।



www.pathagar.com

تَوَدَّرَ : বিপদগ্রস্ত করা, বিপদগ্রস্ত হওয়া; (সম্পদ) ব্যয়িত হওয়া।

وَدَسَ : - (وَدْس) ~ عَلَى লুক্কায়িত থাকা, গোপন থাকা।

~ بِ : লুকাইয়া রাখা, গোপন করা।

تَوَدَّسَ، أَوْدَسَ : (إِيْدَاس) অঙ্কুরিত হওয়া, উদগত হওয়া।

وَدَّسَ : (تَوْدِيْس) অঙ্কুরিত হওয়া; লুক্কায়িত থাকা।

وِدَاس، وَدَس : অঙ্কুর, পল্লব।

وَدِيْس، وَادِس : অঙ্কুরিত, পল্লবিত (বৃক্ষ)।

وَدَعَ : - (وَدْع) আমানত রাখা, জমা রাখা, রাখিয়া দেওয়া; ছাড়িয়া দেওয়া; থাকিতে দেওয়া; ক্ষান্ত করা, বন্ধ করা; বিদায় জানানো।

~, وَدُعَ : ـُ (وَدَاعَة) শান্ত হওয়া, ভদ্র হওয়া, নম্র হওয়া, সম্পদশালী হওয়া।

دَعْ : করিতে দাও, ছাড়, রাখ।

دَعْ عَنْكَ : বিরত হও, বন্ধ কর, করিও না।

دَعْهُ يَذْهَب : তাহাকে যাইতে দাও।

دَعْنِى أَفْعَل : আমাকে করিতে দাও।

وَدَّعَ : (تَوْدِيْع) বিদায় জানানো, বিদায়ী শুভেচ্ছা জ্ঞাপন করা।

وَادَعَ : (مُوَادَعَة) পুনরায় মিত্র হওয়া।

أَوْدَعَ : (إِيْدَاع) আমানত রাখা, বিশ্বাস করিয়া ন্যস্ত করা; গচ্ছিত রাখা; গোপনে বলা; জমা রাখা; সমর্পণ করা।

أَوْدَعَهُ السِّجْنَ : তাহাকে কারাগারে নিক্ষেপ করিল।

أَوْدَعَ الجُثَّةَ فِى القَبْرِ : মৃতদেহ কবরে দাফন করিল।

تَوَدَّعَ : তুলিয়া রাখা; নিয়োগ করা।

تَوَادَعَ : শান্তি স্থাপন করা; পরস্পর বিদায় গ্রহণ করা।

إِتَّدَعَ : (إِتِّدَاع) শান্তভাবে কাজ করা।

إِسْتَوْدَعَ : (إِسْتِيْدَاع) আমানত রাখা, গচ্ছিত রাখা; হেফাজতে রাখা; সোপর্দ করা, দায়িত্বে ন্যস্ত করা; গুদামজাত করা।

إِسْتَوْدَعَكَ اللّٰهُ (বিদায়ী সম্ভাষণ) আল্লাহ তোমাকে নিরাপদে রাখুন! খোদা হাফেয!

وَدْع، إِيْدَاع : আমানত, গচ্ছিতকরণ, বিশ্বাস করিয়া ন্যস্তকরণ, স্থাপন।

~ : কবর, সমাধি-বেষ্টনী। ব وُدُوع

وَدَع : শঙ্খ; শঙ্খজাতীয় সামুদ্রিক জীববিশেষ; গন্ধমূষিক।

وَدْعَة، وَدَعَة : কবচরূপে ব্যবহৃত শঙ্খবিশেষ, কড়ি।

وَدَاع، تَوْدِيع : বিদায়, বিদায়ী শুভেচ্ছা।

الوَدَاع! : (বিদায়ী সম্ভাষণ) বিদায়! খোদা হাফেয!

الوَدَاع الأخِير : শেষবিদায়।

حَفْلَة الوَدَاع : বিদায়-সভা।

~ خُطْبَة : বিদায়ী ভাষণ।

وَدَاعِىّ، تَوْدِيعِىّ : বিদায়ী, বিদায়-সম্পর্কিত; বিদায়কালীন।

وَدَاعَة، دَعَة : নম্রতা, ভদ্রতা, শান্ত প্রকৃতি, সহনশীলতা।

وَدِيع : শান্ত, ভদ্র, নম্র; যাহার নিকট গচ্ছিত রাখা হয়। ব وَدَائِعُ، وُدَعَاء

وَدِيعَة : আমানত, জিম্মা, গচ্ছিত ধন, ন্যস্ত দ্রব্য। ব وَدَائِع

وَادِع : আমানতকারী, নম্র, শান্ত, গভীর।

إِسْتِيدَاع : আমানত; সংরক্ষণ, সংরক্ষিত বাহিনী, Resarve force.

فِى الإِسْتِيدَاع : সংরক্ষিত তালিকাভুক্ত।

~ مَخْزَن : সংরক্ষণাগার, গুদাম, আড়ৎ।

مُودِع : আমানতকারী, জমাকারী; নম্র, শান্ত; গভীর।

مُودَع : গচ্ছিত, রক্ষিত, সংরক্ষিত, জমাকৃত; আমানত, গচ্ছিত বস্তু; অনুগত (অশ্ব)।

المُودَع لَدَيْهِ : যাহার নিকট গচ্ছিত রাখা হয়; রক্ষক।

مُوَدِّع : শুভেচ্ছা জ্ঞাপনকারী; হিতাকাঙ্ক্ষী।



www.pathagar.com

مَوْدَعَة : বাচ্চা ফুটাইবার উদ্দেশ্যে রক্ষিত ডিম্ব।

مَوْدُوع : গচ্ছিত, জমাকৃত।

مُتَّدِع : নম্র, শান্ত।

مُسْتَوْدِع : আমানতকারী, জমাকারী।

مُسْتَوْدَع : গচ্ছিত, জমাকৃত; সংরক্ষিত, সঞ্চিত; সংরক্ষিত তালিকাভুক্ত।

~ : সংরক্ষণাগার, ভাণ্ডার, গোলা, গুদাম, আড়ৎ; কেন্দ্র। ব مُسْتَوْدَعَات

مُسْتَوْدَع التَّدْرِيب : প্রশিক্ষণ-কেন্দ্র, Training centre.

مِيدَع : সাহায্যকারী।

كَلَام مِيدَع : কঠোর ভাষা।

مِيدَعَة : ঢিলাঢালা বহির্বাসবিশেষ, এপ্রন, Apron. ব وَدَائِعُ

وَدَفَ - : (وَدْف) (চর্বি) গলিয়া যাওয়া; চুয়াইয়া পড়া।

تَوَدَّفَ : নিশ্চিত করা, নির্ণয় করা।

إِسْتَوْدَفَ : (إِسْتِيدَاف) নিশ্চিত করা, নির্ণয় করা; (চর্বি) গলানো; (গাছ) ঘন ডালপালাযুক্ত হওয়া।

~ فِي : (পাত্র) ঢালিয়া দেওয়া।

وَدِيقَة، وَدْقَة : সবুজ তৃণক্ষেত্র, সবুজ বাগান।

وَدَقَ - : (وَدْق) (বৃষ্টি) ফোঁটা ফোঁটা পড়া।

~ : (وُدُوق، وَدْق) ~ إِلَى নিকটে গমন করা; সম্ভব হওয়া।

~ بِ : পরিচিত হওয়া।

~ , أَوْدَقَ : (إِيدَاق) (আকাশ) বৃষ্টি বর্ষণ করা।

وَدَقَ - وَدُقَ، - وَدِقَ : (وَدَقَان، وِدَاق، وَدَق) (গাধী, ঘোটকী) উত্তেজিত হওয়া, কামোদ্দীপ্ত হওয়া।

وَدْق : বৃষ্টির ফোঁটা, গুঁড়ি গুঁড়ি বৃষ্টি।

~ , وَدَق : চক্ষুর লাল দাগ; চক্ষু বা কর্ণের স্ফীতি।

وَدِقَة : রক্তবর্ণ (চক্ষু); স্ফীত (চক্ষু, কর্ণ)।

وَدِيق، وَدُوق، وَادِق : উত্তেজিত, কামোদ্দীপ্ত (গাধী)।

وَدِيقَة : প্রচণ্ড উষ্ণতা।

~ : তৃণক্ষেত্র, লন, Lawn. ব وَدَائِق

مَوْدِق : আসা-যাওয়ার স্থান।

مَوْدُوق : নিকটবর্তী অঞ্চল।

وَدَكَ - : (وَدْك) (গোশত) চর্বিযুক্ত হওয়া।

وَدَّكَ : (تَوْدِيك) (খাদ্য) চর্বিযুক্ত করা, (খাদ্যে) চর্বি মাখানো; অভ্যস্ত করা।

وَدَك : চর্বি, তৈলাক্ততা; গোশতের শুরুয়া।

وَدِيك، وَدُوك، وَادِك، وَدِك : চর্বিযুক্ত বস্তু।

مُوَدَّك : অভ্যস্ত।

وَدَلَ - : (وَدْل) (দুগ্ধ) মন্থন করা।

وَدَنَ - : (وَدْن) ভিজানো; (কনে) সাজানো; ছোট করা; খাটো করা; আঘাত করা।

وَدِنَ - : (وَدَن) দুর্বল শিশু প্রসব করা।

وَدَّنَ : (تَوْدِين) ভিজানো; নরম করা; ছোট করা।

أَوْدَنَ : (إِيدَان) ছোট করা, খাটো করা; দুর্বল শিশু প্রসব করা।

تَوَدَّنَ : নরম হওয়া।

إِتَّدَنَ (إِتِّدَان) : ভিজা, ভিজিয়া নরম হওয়া; ভিজানো।

وِدْن : কান, কর্ণ।

وِدْن الحِذَاء : জুতার মুড়ির বর্ধিতাংশ।

~ الظُّفْر : নখের কুনি, নখকুনি।

~ الفِنْجَان : পেয়ালার হ্যান্ডেল।

وِدْنَة : উদ্ভিদবিশেষ।

وِدْنِيّ : বিশ্বাসপ্রবণ; অস্থির।

وَدِين : ভিজা।

أَوْدَن : অতি নরম।

مُودَن : রোগাটে (শিশু)।

مَوْدُون : রোগাটে (শিশু); ভিজা বস্তু, খাটো ঘাড়বিশিষ্ট।



www.pathagar.com

وَذَأَ : ـَ (وَذْأ) ঘৃণা করা; দোষ পাওয়া; তাড়াইয়া দেওয়া।

إِتَّذَأَ : (إِتِّذَار) নিন্দিত হওয়া, অভিযুক্ত হওয়া।

وَذْء : রূঢ় ভাষা।

وَذَأَة : দোষ, ত্রুটি, ব্যাধি।

وَذَرَ - وَذَّرَ : (تَوْذِير، وَذْر) (গোশত) ফালি করিয়া কাটা; আহত করা।

يَذَرُ : করিতে দেয়, হইতে দেয়, থাকিতে দেয়, রাখিয়া যায়, ছাড়িয়া দেয়, ক্ষান্ত করে।

ذَرْ : দাও, ছাড়, রাখ, থাম।

وَذَرَة : হাড়বিহীন গোশত। ব وَذَار، وَذْر

الوَذْرَتَان : ওষ্ঠদ্বয়।

وُذَارَة : কাপড়ের টুকরা।

وَذَعَ : ـِ (وَذْع) (পানি) প্রবাহিত হওয়া।

وَاذِع : প্রবহমান পানি, ঝরনা।

وَذَفَ : ـِ (وَذْف) (চর্বি) গলানো।

~ : (وَذَفَان، وَذْف) হেলিয়া দুলিয়া চলা।

وَذَّفَ : تَوَذَّفَ، (تَوْذِيف) সদর্পে চলা।

وَذْفَان : সূচনা; মূল।

وَذِمَ : ـَ (وَذَم) ভাঙ্গিয়া যাওয়া।

وَذَّمَ : (تَوْذِيم) (কুকুরকে) গলাবন্ধ পরানো; কর্তন করা।

~ عَلَى : নির্দিষ্ট বয়স্কাল (যেমন ৫০ বৎসর) অতিক্রম করা।

أَوْذَمَ : (إِيذَام) নিজের উপর আরোপ করা, ফরয করা; (বালতিতে) দড়ি লাগানো।

وَذَم : অতিরিক্ত অংশ; বালতির দড়ি। ب أَوْذَام

وَذِيمَة : আল্লাহর ওয়াস্তে জবাইকৃত; নৈবেদ্য। ব وَذَائِم

تَوَذَّنَ : শ্রদ্ধা ও ভালোবাসার চোখে দেখা; পরিবর্তন করা।

وَذَى : ـِ (وَذْى) নখ দ্বারা আঁচড়ানো।

وَدَهَ : ـ (وَدْه) ~ عَنْ বিরত করা, সরাইয়া দেওয়া।

إِسْتَوْدَهَ : (إِسْتِيدَاه) (উট) দলবদ্ধ হওয়া, পাল বাঁধা; পরাভূত হওয়া, নতি স্বীকার করা; অবজ্ঞা করা, ঘৃণা করা।

وَدْوَدَ : (وَدْوَدَة) কানে কানে বলা।

وَدُود : (وَدْوَدَة) স্নেহপরায়ণ (ودد)

وَدَى : ـِ (دِيَــة، وَدْى) রক্তপণ পরিশোধ করা, দিয়াত আদায় করা।

~ : (وَدْى) প্রবাহিত হওয়া; নিকটবর্তী করা।

وَدَّى : (تَوْدِيَة) প্রেরণ করা।

~ إِلَى : পরিচালিত করা।

أَوْدَى : (إِيدَاء) ধ্বংস হওয়া, মরিয়া যাওয়া।

~ بِ : ধ্বংস করা, মারিয়া ফেলা, লইয়া যাওয়া।

أَوْدَى بِحَيَاتِهِ : তাহার জীবন নষ্ট করিল, জীবন-হানি ঘটাইল।

~ بِصِحَّتِهِ : স্বাস্থ্য নষ্ট করিল।

~ بِمَالِهِ : সম্পদ অপচয় করিল।

إِتَّدَى : (إِتِّدَاء) রক্তপণ পাওয়া, দিয়াত লাভ করা।

إِسْتَوْدَى : (إِسْتِيدَاء) ~ بِ স্বীকার করা।

وَدًى : ধ্বংস; ক্ষতি, বিনাশ।

وَادٍ : উপত্যকা, নদী, নদীর তলদেশ, রাস্তা, পথ; মরূদ্যান; (সংবাদপত্রের) কলাম। ব أَوْدَاء، أَوَادِيَة، وِدْيَان، أَوْدِيَة

وَادِي النِّيل : নীল-উপত্যকা।

فِي كُلِّ وَادٍ : সর্বত্র।

نَحْنُ فِي وَادٍ وَأَنْتُمْ فِي وَادٍ : আমাদের ও তোমাদের পথ বা অবস্থান ভিন্ন।

وَادٍ ضَيِّق : সংকীর্ণ গিরিপথ, খাদ।

دِيَة : দিয়াত- নিহত ব্যক্তির উত্তরাধিকারীদের জন্য হত্যাকারীর উপর ধার্যকৃত ক্ষতিপূরণ, রক্তমূল্য। ব دِيَات



www.pathagar.com

وَذَاة : ক্ষতি।

وَذِيَة : ব্যথা; ব্যাধি; ত্রুটি; ঠাণ্ডা।

وَرَّ : ـُ (وَرّ) নিক্ষেপ করা, ছুঁড়িয়া মারা, খনন করা।

وُرَّة : খাত, পরিখা।

وَرَأَ : ـَ (وَرْأ) হটাইয়া দেওয়া।

وَرَبَ : ـ (وَرْب) বাঁকানো, ঝুঁকানো, কোণাকুণি করা।

وَرَبَ الْبَابَ : দরজা সামান্য খুলিয়া রাখা।

وَرِبَ : ـَ (وَرَب) নষ্ট হইয়া যাওয়া।

وَرَّبَ : (تَوْرِيب) عَنْ দ্ব্যর্থবোধক বাক্য ব্যবহার করা, বাকচাতুরী করা।

وَارَبَ : (مُوَارَبَة) প্রতারিত করা, বোকা বানানো।

إِنْوَرَبَ : (إِنْوِرَاب) বাঁকিয়া যাওয়া; ঝুঁকিয়া পড়া, কোণাকুণি হওয়া।

وَرْب، وِرَاب : বক্রতা, তির্যক গতি, কোণাকুণি দিক; ঢালু জায়গা; দুই স্তম্ভের মধ্যবর্তী দূরত্ব; দেহের অঙ্গ; বন্যপশুর গুহা; ইঁদুরের গর্ত। ব أَوْرَاب

بِالْوَرْب : তির্যক গতিতে, কোণাকুণিভাবে, তেরচাভাবে, ঢালুভাবে।

وِرْب : অঙ্গ; বক্রতা; ধূর্ততা।

بِالْوِرْب : ধূর্ততার সহিত, সুকৌশলে।

وَرْبَة : নিতম্ব; ছোট পাগড়ি।

وَرِب : নষ্ট, দূষিত।

وَارِب : বক্র, তির্যক, তেরচা, কোণাকুণি বস্তু।

تَوْرِيب : দ্ব্যর্থবোধক বাক্য ব্যবহার; বাকচাতুরী।

مَوْرُوب : তির্যক, বক্র, ঢালু, তেরচা, কোণাকুণি; ঈষদোন্মুক্ত (দরজা)।

مُوَارَبَة : প্রতারণা; ধূর্ততা; দ্ব্যর্থবোধক বাক্য ব্যবহার।

وَرِثَ : ـ (تُرَاث، رِثَة، وِرَاثَة، إِرْثَة، إِرْث) উত্তরাধিকারী হওয়া, ওয়ারিস হওয়া।

~ : (عَنْ، مِنْ) উত্তরাধিকার-সূত্রে লাভ করা।

وَرَّثَ : (تَوْرِيث) উত্তরাধিকারী করা, ওয়ারিস বানানো, উত্তরাধিকার রাখিয়া যাওয়া; উইল করিয়া দেওয়া; (আগুন) উসকাইয়া দেওয়া।

أَوْرَثَ : (إِيرَاث) উত্তরাধিকারী করা, ওয়ারিস বানানো, উইল করিয়া দেওয়া; ঘটানো; উৎপন্ন করা।

تَوَارَثَ : উত্তরাধিকারসূত্রে লাভ করা।

مِيرَاث، إِرْث، تُرَاث، وِرَاثَة، وِرْث : উত্তরাধিকার, উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সম্পত্তি, উইল-করা সম্পত্তি। ব مَوَارِيث

رَقِيب الْمِيرَاث : মিরাস-অভিলাষী, সম্পদ পাইতে অপেক্ষমাণ।

وِرَاثِيّ : উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত; বংশগত।

مَرَض وِرَاثِيّ : বংশগত রোগ।

وَارِث : (ব وَرَثَة) وَرِيث، وَرَّاث (ব وُرَثَاء) ওয়ারিস, উত্তরাধিকারী, বংশধর।

وَارِث شَرْعِيّ : বৈধ ওয়ারিস।

تَوَارُث : উত্তরাধিকারসূত্রে প্রাপ্তি, বংশগতি।

مُوَرِّث، مُورِث : যে উত্তরাধিকার রাখিয়া যায়, পূর্বপুরুষ; উইলকারী।

مُوَرِّثَة : বংশসূত্র।

مَوْرُوث : উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত, বংশসূত্রে প্রাপ্ত (সম্পদ)।

مُتَوَارَث : উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত।

وَرِخَ : ـَ (وَرَخ) (ময়দার তাল) নরম হওয়া।

وَرَّخَ : (تَارِيخ) তারিখ দেওয়া; লিপিবদ্ধ করা (أرخ)

أَوْرَخَ : (إِيرَاخ) (ময়দার তাল) পানি মিশাইয়া নরম করা।

إِسْتَوْرَخَ، تَوَرَّخَ : (إِسْتِيرَاخ) (মাটি) ভিজিয়া নরম হওয়া।

وَرِخ : ঘন গাছপালাবিশিষ্ট (ভূমি)।

وَرِيخَة : ভিজা, সিক্ত (মাটি), নরম (ময়দার তাল)। ব وَرَائِخ



www.pathagar.com

وَرَدَ - : (وُرُود) আগমন করা, উপস্থিত হওয়া, পৌঁছা, উপনীত হওয়া; নিকটবর্তী হওয়া; বর্ণিত হওয়া, কথিত হওয়া, উল্লিখিত হওয়া।

~ عَلَى : আসিয়া পৌঁছা, হস্তগত হওয়া; বিরোধিতা করা, আক্রমণ করা।

وَرُدَ - ـُ : (وُرُودَة) গোলাপি হওয়া, লাল হওয়া, তাম্রবর্ণ হওয়া।

وَرَّدَ : (تَوْرِيْد) (বৃক্ষ) মুকুলিত হওয়া; লাল রং লাগানো, লাল র˙দেওয়া; লাল রং হওয়া; পেশ করা, উপস্থাপিত করা; আমদানি করা; পরিবেশন করা; পৌঁছাইয়া দেওয়া; জমা দেওয়া; পরিশোধ করা।

أَوْرَدَ : (إِيْرَاد) আনয়ন করা; উপস্থিত করা, পরিবেশন করা, লইয়া যাওয়া; আমদানি করা, জমা করা, পরিশোধ করা; উৎপন্ন করা, উপস্থাপিত করা, পেশ করা; বর্ণনা করা, উল্লেখ করা, আলোচনা করা, আবৃত্তি করা, উদ্ধৃতি দেওয়া; (পশু) পানির নিকট আনয়ন করা।

تَوَرَّدَ : গোলাপি হওয়া, লাল হওয়া, গোলাপি রং ধারণ করা; পানির নিকট গমন করা, পানির নিকট যাইতে চাওয়া।

تَوَارَدَ : একের পর এক উপস্থিত হওয়া, পরম্পরায় আগমন করা, আসিয়া পৌঁছা, হস্তগত হওয়া; যুগপৎ ঘটিয়া যাওয়া, অকস্মাৎ সংঘটিত হওয়া; একইরূপ হওয়া; একত্রে পানির নিকট উপস্থিত হওয়া।

إِسْتَوْرَدَ : (পণ্য) আমদানি করা; আনয়ন করা, লাভ করা, সংগ্রহ করা; পরিবেশন করা; পানির নিকট আনয়ন করা; পানির নিকট গমন করা।

وَرْد : জাফরানী রং; সিংহ; সাহসী।

~ : গোলাপ; মুকুল। ব وُرُود

~ : وُرْد، وِرَاد، أَوْرَاد লালচে তামাটে (অশ্ব)।

مَاءُ الْوَرْد : গোলাপ-নির্যাস।

وَرْدَة : একটি গোলাপ; মুকুল; ফিতা ইত্যাদির তৈরি কৃত্রিম ফুল; আংটা; ওয়াশার, Washer.

وَرْدِيَّة : গোলাপের কাঁটা, গোলাপ-বাগান; তসবীহের দানা; (কাজের) পালা।

وِرْد : পানির নিকট আগমন; পাখির উড্ডয়ন।

~ : পানির নিকট আগমনকারী দল; উষ্ট্রপাল, সৈন্য; পানির অংশ; অযীফা (নির্ধারিত দোআ-দরূদ) পাতা; জ্বর; ভূমিকর আদায়ের রসিদ। ব أَوْرَاد

وُرْدَة : রক্তিম বর্ণ, লালচে রং।

وَرْدَان : ওয়ারদান (মৃ. ৭২০ খ্রি.) ঃ মদীনার একজন অধিবাসী। তিনি ওমর ইবনে আবদুল আযীযের নির্দেশে নবী করীম (স)-এর কবরের চতুর্বেষ্টনী নির্মাণ করেন।

بِنْت وَرْدَان : আরসোলা, তেলাপোকা। ব بَنَات وَرْدَان

وُرُود : আগমন, উপস্থিতি, আবির্ভাব; প্রাপ্তি।

وَرِيد : শিরা, ঘাড়ের রগ। ব وُرُود، وُرُد، أَوْرِدَة

حَبْل الْوَرِيد : ঘাড়ের রগ, শাহ্‌রগ।

وَارِد : উল্লিখিত, প্রাপ্ত, বিদ্যমান; আমদানিকৃত।

~ : আগমনকারী, আগন্তুক, পানির নিকট আগমনকারী। ব وُرَّاد، وَارِدُون

~ : আয়, আমদানিকৃত দ্রব্য। ব وَارِدَات

الْوَارِدَات وَالصَّادِرَات : আমদানি-রপ্তানি।

الْجَدِيدَة ~ : নূতন আমদানি।

وَارِدَة : পথ; পানির নিকট আগমনকারী দল।

إِيْرَاد : আনয়ন, উপস্থাপন, পরিবেশন; উল্লেখ, উদ্ধৃতি, আবৃত্তি।

~ : আমদানি, আমদানি-দ্রব্য; সরবরাহ; আয়, রাজস্ব; মুনাফা। ব إِيْرَادَات

إِيْرَادَات سَائِرَة : বিবিধ রাজস্ব; ভ্যাট।

إِسْتِيْرَاد : আমদানিকরণ, আমদানি।

تَوْرِيد : সরবরাহ, যোগান; আয়, আমদানি।

تَوَارُد : একের পর এক আগমন, পরপর উপস্থিতি; যুগপৎ সংঘটন, আকস্মিক সংঘটন।

تَوَارُد الْخَوَاطِر : অনিচ্ছাকৃত সাহিত্যিক চৌর্যবৃত্তি।



www.pathagar.com

مَوْرِد : পানির দিকে যাইবার রাস্তা, পানি আনিবার জায়গা, পানির পাত্র, কূপ, ঝরনা, ঘাট; উৎস, আয়ের উৎস, আয়; রাজস্ব; সরবরাহ; আমদানি। ব مَوَارِد

مَوَارِد الدَّوْلَة : সরকারি রাজস্ব।

~ الزَّيْت : তৈলকূপ, তৈলক্ষেত্র।

~ الْمَعِيشَة : জীবিকার উৎস।

مَوْرِدَة : পানি আনিবার জায়গা; ঘাট, জেটি, পন্টুন, pontoon.

مُورِّد : সরবরাহকারী, যোগানদার; ঠিকাদার।

مُوَرَّد : গোলাপি, লাল, গোলাপি বা লাল রং-এ রঞ্জিত বস্তু।

مَوْرُود : জ্বরাক্রান্ত, জ্বরের কবলে পতিত।

مُتَوَرِّد : গোলাপি বস্তু; সিংহ।

مُسْتَوْرِد : আমদানিকারক, ব্যবসায়ী।

مُسْتَوْرَد : আমদানিকৃত।

مُسْتَوْرَدَات : আমদানিকৃত পণ্যদ্রব্য।

وَرْدَل : পাদুকার তলার সেলাই।

وَرِسَ – َ : (وَرَس) সবুজ শেওলায় ছাইয়া যাওয়া; (গাছ) সবুজ হওয়া।

وَرَّسَ : (تَوْرِيس) হলুদ বা লাল রঙে রঞ্জিত করা।

أَوْرَسَ : (إِيرَاس) (ভূমি) হলুদ উৎপাদন করা; (গাছে) পাতা গজানো; হলদে হওয়া।

وَرْس : হরিদ্রাবিশেষ।

وَرِس، وَارِس : লাল হলদে।

وَرْسِيّ : লালচে হলদে; হলদে কবুতর।

وَرْسِيَّة : লাল রঙে রঞ্জিত বস্তু; হলদে (বস্ত্র)।

وَرَشَ – ُ : (وُرُوش، وَرْش) লোলুপভাবে ভক্ষণ করা; লোভ করা।

~ عَلَى : (ভোজসভায়) অনাহূতভাবে প্রবেশ করা।

~ بِ : কুকুর লেলাইয়া দেওয়া, ক্ষেপাইয়া তোলা।

لَا تَرِشْ عَنِّي : আমায় বাধা দিও না।

وَرِشَ – َ : (وَرَش) তৎপর হওয়া, চঞ্চল হওয়া; দ্রুতগামী হওয়া।

وَرَّشَ (تَوْرِيش) بَيْنَ ~ : বিবাদ লাগানো, গোলযোগ সৃষ্টি করা, উসকানি দেওয়া।

وَرْش : দুগ্ধজাত খাদ্য।

وَرْش : আবূ সাঈদ উসমান ইবনে সাঈদ (৭২৮-৮২২ খ্রি.) : মিসরের বিখ্যাত কিরআত শাস্ত্রবিদ। ইমাম নাফে'র শিষ্য। قِرَاءَة وَرْش অথবা رِسَالَة وَرْش তাঁহার প্রসিদ্ধ গ্রন্থ।

~ : পেট-ব্যথা।

وَرِش : চঞ্চল, তৎপর, কর্মচঞ্চল; অস্থির, অশান্ত।

وَرْشَة : কর্মশালা, কারখানা, workshop. ব وِرَش، وَرْشَات

وَارِش : অনাহূতভাবে প্রবেশকারী।

وَرَشَان : বন্য কবুতর। ব وَرَاشِين، وِرْشَان

وَرَّطَ (تَوْرِيط) أَوْرَطَ (إِيرَاط) : অসুবিধায় ফেলা, জটিলতায় ফেলা; জড়িত করা।

وَارَطَ (وِرَاط) : বোকা বানানো, ফাঁদে ফেলা।

تَوَرَّطَ، إِسْتَوْرَطَ : জটিলতায় পড়া, অসুবিধায় পড়া; জড়িত হওয়া।

وَرْطَة : অসুবিধা, জটিলতা, সংকটাবস্থা, উভয়সংকট, ঘূর্ণাবর্ত। ব وِرَاط، وَرَطَات

تَوَرُّط : জটিল অবস্থা; জড়িত হওন।

مُوَرَّط، مَوْرُوط : সংকটাপন্ন, উভয়সংকটে পতিত।

وَرِعَ – (وَرَع، وَرْع) : ধার্মিক হওয়া, খোদাভীরু হওয়া।

وَرِعَ – َ : (وَرَعَة) দুর্বল হওয়া, ভীরু হওয়া।

وَرُعَ – ُ : (وَرَاعَة) ধার্মিক হওয়া, খোদাভীরু হওয়া; দুর্বল হওয়া, ভীরু হওয়া।

وَرَّعَ (تَوْرِيع) عَنْ ~ : বিরত রাখা।

~، أَوْرَعَ : (إِيرَاع) بَيْنَ ~ মধ্যবর্তী হওয়া, মধ্যস্থ হওয়া।



www.pathagar.com

وَارَعَ : (مُوَارَعَة) পরামর্শ করা।

تَوَرَّعَ ~ : عَنْ، مِنْ বিরত থাকা, পরিহার করা, এড়াইয়া চলা; দ্বিধা করা, সংকোচ করা; সতর্ক থাকা।

وَرَعَ : ধার্মিকতা, খোদাভীরুতা, পরহেজগারি; সতর্কতা; ভীরুতা, লাজুকতা, গাম্ভীর্য।

وَرِعٌ : ধার্মিক, খোদাভীরু, পরহেজগার; সতর্ক; গম্ভীর; দুর্বল, ভীরু, লাজুক। ব أَوْرَاعٌ

رِعَة : অবস্থা; আচরণ।

وَرَفَ - : (وَرِيف، وُرُوف، وَرْف) وَرَّفَ (تَوْرِيف) أَوْرَفَ (إِيْرَاف) (ছায়া) বিস্তৃত হওয়া, প্রসারিত হওয়া, ছড়াইয়া যাওয়া; (গাছ) তাজা হওয়া, সবুজ ডালপালাযুক্ত হওয়া।

وَرْف : যকৃতের পাতলা অংশ।

وَارِف : বিস্তৃত, প্রসারিত (ছায়া); তাজা বস্তু; সবুজ ডালপালাযুক্ত (গাছ)।

رِفَة : শ্যামল বৃক্ষ।

وَرَقَ - : (وَرْق) (বৃক্ষ) পল্লবিত হওয়া, পাতা গজানো; (গাছের) পাতা পাড়া।

وَرَّقَ : (تَوْرِيق) (বৃক্ষ) পল্লবিত হওয়া, পাতা গজানো; (গাছের) পাতা পাড়া; (দেওয়ালে) কাগজ লাগানো।

أَوْرَقَ : (إِيْرَاق) (বৃক্ষ) পল্লবিত হওয়া, পাতা গজানো; ধনী হওয়া; (শিকারি) শূন্যহাতে ফিরিয়া আসা; ব্যর্থ হওয়া।

تَوَرَّقَ : গাছের পাতা খাওয়া।

وَرِق، وَرْق، وُرْق : মুদ্রা, খুচরা পয়সা; রৌপ্যমুদ্রা।

وَرْقَة : ধনুকের ক্রটি।

وُرْقَة : ধূসরবর্ণ, ছাই রং।

وَرَق : কাগজ; নথি; পাতা; পত্র; পাত। ব وِرَاقٌ، أَوْرَاق

وَرَق أَبْيَض : সাদা কাগজ; শ্বেতপত্র।

~ حِيطَان : প্রাচীর-পত্র।

~ الرِّسَالَة : চিঠির কাগজ, letter pad.

~ الرَّسْم : চিত্রাঙ্কনের কাগজ, drawing paper.

وَرَقُ السَّنْفَرَة : সিরিশ কাগজ, emery paper.

~ الشَّجَر : গাছের পাতা।

~ الشَّاهِدَة : কার্বন কাগজ, carbon paper.

~ شَفَّاف : (চিত্রাদির প্রতিচ্ছবি গ্রহণের) স্বচ্ছ কাগজ, tracing paper.

~ الطَّبْع : ছাপার কাগজ, printing paper.

~ عَادِم : বাজে কাগজ, wastepaper.

~ الكِتَابَة : লিখিবার কাগজ, writing paper.

~ مَالِيّ : কাগজি মুদ্রা।

~ مُسَطَّر : রুল-করা কাগজ।

~ مُقَوًّى : কার্ডবোর্ড, cardboard; পিসবোর্ড, pasteboard.

~ اللَّعِب : তাস, playing cards.

~ اللَّفّ : মোড়কের কাগজ, wrapping paper.

وَرَق نَشَّاش، ~ نَشَّاف : চোষকাগজ, blotting paper.

~ يَانَصِيب : লটারির টিকিট।

أَوْرَاق الأَشْغَال : বাণিজ্যিক কাগজপত্র।

~ الإِعْتِمَاد : পরিচয়পত্র, credentials.

~ الحُكُومَة : সরকারি বন্ড।

~ القَضِيَّة : মকদ্দমার নথিপত্র।

وَرَقَة : কাগজের তা, একখানা কাগজ, (গাছের) পাতা; পত্র; কার্ড, স্লিপ, টিকিট, স্মারকলিপি; নথি; পাতলা পাত, সিরীয় মুদ্রাবিশেষ।

وَرَقَة الإِتِّهَام : অভিযোগপত্র।

~ البَرِيد : পোস্টকার্ড, postcard.

~ البَنْك : ব্যাংক-নোট, bank-note.

~ الزَّهْرَة : ফুলের পাপড়ি, পুষ্পদল।

~ مَالِيَّة : ব্যাংক-নোট, bank-note; প্রতিজ্ঞাপত্র, bond.

وَرِق، وَارِق، مُـــورِق : পত্রসংবলিত, পল্লবিত; সবুজ-শ্যামল।



www.pathagar.com

وَرَاق : তৃণবহুলতা; প্রাচুর্য।

وِرَاق : তরুলতা বৃদ্ধির মৌসুম।

وَرَّاق : কাগজ প্রস্তুতকারী; কাগজ-ব্যবসায়ী; কাগজী; কেরানী; নকলনবিস; ধনী।

مُوَرِّق ،~ : কাগজ, কলম, কালি প্রভৃতি মনিহারী জিনিস বিক্রেতা, Stationer.

وِرَاقَة : কাগজ তৈরির কাজ; স্টেশনারি ব্যবসা।

أَوْرَق : ধূসরবর্ণ; অনাবৃষ্টির বৎসর। স্ত্রী وَرْقَاء ব وُرْق

وَرْقَاء : ঘুঘু; মাদী নেকড়ে।

وَرَكَ – : (وَرْك) পাছায় ভর করা, পাছায় ভর করানো; নিতম্বে আঘাত করা; অবতরণের জন্য পা ভাঁজ করা।

~ : (وُرُوك) ب ~ অবস্থান করা।

~ عَلَى : সমর্থ হওয়া।

وَرِكَ – َ : (وَرَك) (নিতম্ব) উঁচু হওয়া।

~ – : (وُرُوك) পার্শ্বে ঝুঁকিয়া পড়া।

وَرَّكَ : (تَوْرِيك) পাছায় ভর করানো; প্রয়োজনীয় করা।

~ عَلَى : সমর্থ হওয়া; অভিযুক্ত করা।

~ فِي : বিপথে গমন করা।

وَارَكَ : (مُوَارَكَة) (পর্বত) অতিক্রম করা।

تَوَرَّكَ : পাছায় ভর করা, উরুর উপর বসা; অবতরণের জন্য পা ভাঁজ করা।

~ عَلَى : সমর্থ হওয়া।

تَوَارَكَ : পাছায় ভর করা।

~ عَنْ : দীর্ঘসূত্রী হওয়া।

وَرِك، وَرْك، وِرْك : নিতম্ব, পাছা, উরু। ব أَوْرَاك

هُمْ عَلَيَّ وَرِك وَاحِد : আমার বিরুদ্ধে তাহারা সকলেই ঐক্যবদ্ধ।

وِرْك : ধনুকের পার্শ্ব; ধনুকের যে স্থানে ছিলা বাঁধা হয়।

مَوْرِكَة، مَوْرِك، وِرَاك، وَارِك : জিনের যে অংশ উরু-সংলগ্ন থাকে।

أَوْرَك : উঁচু নিতম্ববিশিষ্ট। স্ত্রী وَرْكَاء ব وُرْك

مِوْرَاك : জিনের সম্মুখভাগ।

مِوْرَكَة : জিনের সম্মুখভাগ; জিনের গদি।

وَرَل : গোসাপজাতীয় প্রাণিবিশেষ। ব أَوْرَال، وِرْلَان

وَرِمَ – ِ : (وَرَم) تَوَرُّم ফুলিয়া উঠা, স্ফীত হওয়া।

وَرِمَ أَنْفُهُ : উত্তেজিত হওয়া, ক্রুদ্ধ হওয়া।

وَرَّمَ : (تَوْرِيم) ফুলানো, স্ফীত করা।

وَرَّمَ أَنْفَهُ : উত্তেজিত করা, ক্রুদ্ধ হওয়া, বিরক্ত করা।

~ بِأَنْفِهِ : অহংকার করা, গর্বে স্ফীত হওয়া।

أَوْرَمَ : (إِيرَام) (উষ্ট্রী) স্ফীত বাঁটবিশিষ্ট হওয়া; রাগান্বিত করা।

وَرَم : স্ফীতি; টিউমার। ব أَوْرَام

فِي أَنْفِهِ وَرَم : সে ঠেকিয়া গিয়াছে।

مُوَرَّم، وَارِم : স্ফীত।

تَوَرُّم : স্ফীতি।

مَوْرِم : দাঁতের মাড়ি।

وَارَنَ : (مُوَارَنَة) সমকক্ষ হওয়া, অনুরূপ হওয়া।

تَوَرَّنَ : নরম হওয়া।

وَرَن : গোসাপজাতীয় প্রাণিবিশেষ।

وَرْنَشَ : (وَرْنَشَة) বার্নিশ করা।

وَرْنِيش : বার্নিশ।

وَرْنَك : শঙ্কর-মাছ।

وَرِهَ – َ : (وَرَه) অদক্ষ হওয়া, আনাড়ি হওয়া; (বাতাস) প্রচণ্ড হওয়া; মোটা হওয়া।

تَوَرَّهَ : অদক্ষ হওয়া।

وَرِه : ভারী (মেঘ)।

وَرْهَة : অতিশয় মোটা (স্ত্রীলোক)।

وَارِه : প্রশস্ত (গৃহ)।



www.pathagar.com

وَرَاءَ : পশ্চাতে, পিছনে, পশ্চাদ্ভাগে; দূরে; নাগলের বাহিরে; পরে; ব্যতীত, ছাড়াও।

إِلَى الوَرَاءِ : পিছনের দিকে, পশ্চাৎদিকে।

مِنْ وَرَاءِ : পিছন হইতে; ব্যতীত; ছাড়াও; মাধ্যমে।

كَانَ وَرَاءَهُ : তাহার পিছনে ছিল, পৃষ্ঠপোষকতা করিল, সমর্থন করিল।

مَاوَرَاءَ الأرْدُنّ : ট্রান্সজর্দান, Transjordan.

مَاوَرَاءَ البَحْر : বিদেশ, Overseas.

مَاوَرَاءَ الطَّبِيعَة : অতিপ্রাকৃত, অনৈসর্গিক।

مَاوَرَاءَ النَّهْر : ট্রান্স অক্সিয়ানা, Transoxiana.

وَرَائِيّ : পশ্চাদ্বর্তী।

تَوْرِيَة : লুক্কায়ন, গোপনকরণ; প্রদর্শন; কপটতা; পরোক্ষ ইঙ্গিত; দ্ব্যর্থবোধক উক্তি, বাকচাতুরী।

~ : তাওরিয়া ঃ শিয়াদের একটি ধর্মীয় বিশ্বাস। প্রকৃত ধর্ম-বিশ্বাস গোপন রাখিয়া জনসমক্ষে অন্যবিধ বহিঃপ্রকাশ।

وَزَّ – ُ : (وَزّ) ~ عَلَى বিপক্ষে বলা, প্রকাশ্যে নিন্দা করা, অভিযোগ করা।

وَزّ، إِوَزّ : রাজহংসী।

وَزّ عِرَاقِيّ : রাজহংস।

فَرْخ الإِوَزّ : হংসশাবক।

وَزَّأَ : (تَوْزِئَة) বাঁধিয়া ফেলা; (মশক) পূর্ণ করা; শপথবদ্ধ করা।

~ بِ : নিক্ষেপ করা, ফেলিয়া দেওয়া।

تَوَزَّأَ : (মশক) পূর্ণ হওয়া; পেট ভরিয়া পান করা।

وَزَأ : শক্তিশালী, সবল।

وَزَبَ – : (وُزُوب) (পানি) প্রবাহিত হওয়া, নিষ্কাশিত হওয়া, চুয়াইয়া পড়া।

أَوْزَبَ : (إِيزَاب) ~ فِي অতিক্রম করা, ভিতর দিয়া যাওয়া।

مِيزَاب : নর্দমা, পাইপ; পানি নির্গমনের জন্য তৈরি নালী। ব مَيَازِيب

أَوْرَه : ভারী (মেঘ); বোকা; অদক্ষ, আনাড়ি; উদ্ধত, নির্লজ্জ। স্ত্রী وَرْهَاء

رِيح رَوْهَاء : প্রচণ্ড বাতাস, ঝড়।

وَرْوَار : পাখিবিশেষ, Bee-eater.

وَرَى – : (وَرْي) আগুন ধরা; অগ্ন্যুৎপাদন করা; প্রজ্বলিত হওয়া; ফুসফুসে আঘাত দেওয়া; ক্রমশ ক্ষয় করা; (উট) মোটা হওয়া।

وَرِيَ – : (وَرْي) অগ্ন্যুৎপাদন করা; আঁটসাঁট হওয়া।

وَرَّى : (تَوْرِيَة) আগুন ধরা, প্রজ্বলিত হওয়া; লুকানো, গোপন করা; প্রদর্শন করা।

~ بِ : ভান করা।

~ عَنْ : গোপন করা, লুকাইয়া রাখা; পরোক্ষভাবে উল্লেখ করা।

وَرَّى فِي كَلَامِهِ : দ্ব্যর্থবোধক কথা বলা, বাকচাতুরী করা।

~ عَنْ ~ : ~ بَصَرَهُ দৃষ্টি ফিরাইয়া নেওয়া।

وَارَى : (مُوَارَاة) লুকাইবার চেষ্টা করা; লুকাইয়া রাখা; মুখোশ পরাইয়া রাখা।

وَارَاهُ التُّرَاب : তাকে কবর দিল।

أَوْرَى : (إِيرَاء) আগুন ধরা, প্রজ্বলিত হওয়া; অগ্ন্যুৎপাদন করা; প্রদর্শন করা।

تَوَارَى، تَوَرَّى : লুকাইয়া থাকা, আত্মগোপন করা।

تَوَارَى عَنِ الأنْظَار : দৃষ্টির আড়াল হওয়া, অদৃশ্য হওয়া।

إِسْتَوْرَى : (إِسْتِوْرَاء) (উপদেশ) চাওয়া।

وَرْي : পুঁজ, পুঁজযুক্ত ঘা।

الوَرَى : সৃষ্টি; বিশ্বজগৎ।

خَيْر الوَرَى : সৃষ্টির সেরা, শ্রেষ্ঠমানব ঃ মুহাম্মদ (স)-এর উপাধি।

وَرِيّ، وَارٍ : অগ্ন্যুৎপাদী; বলিষ্ঠ।

وَارِيَة : ফুসফুসের রোগ।

وَرَاء : পশ্চাৎ; সম্মুখ; পৌত্র, দৌহিত্র।



www.pathagar.com

مِيزَاب الكَعْبَة : পবিত্র কাবাগৃহের ছাদের পানি নির্গমনের নালী।

وَزَرَ – : (وِزْر) (বোঝা) বহন করা।

~, وَزَرَ – : (وِزْر، زِرَة) পাপ করা, অপরাধ করা, অপরাধী হওয়া।

~, : (وَزْر) পূর্ণ করা; পরাজিত করা।

~ : (وِزَارَة، تَوَزُّر) উজির হওয়া, মন্ত্রী হওয়া।

وَازَرَ : (مُوَازَرَة) সাহায্য করা।

أَوْزَرَ : (إِوْزَار) সমর্থন করা, শক্তিশালী করা; সংরক্ষণ করা; লুকাইয়া রাখা; আশ্রয় দেওয়া।

تَوَازَرَ : একে অপরকে সাহায্য করা।

إِتَّزَرَ : (إِتِّزَار) অপরাধ করা, পাপ করা; লুঙ্গি পরিধান করা।

~ ب : পরিধান করা, পরিহিত হওয়া।

إِسْتَوْزَرَ : (إِسْتِيزَار) উজির মনোনীত করা, মন্ত্রী নিয়োগ করা।

وِزْر : ভারী জিনিসপত্র, বোঝা; পাপ, অপরাধ; দায়িত্ব। ব أَوْزَار

أَوْزَار الحَرْب : যুদ্ধের আসবাবপত্র, অস্ত্রশস্ত্র।

وَضَعَت الحَرْبُ أَوْزَارَهَا : যুদ্ধ শেষ হইয়াছে।

وِزْرَة : কৌপীন; এপ্রন। ব وِزْرَات

وَزَر : উচ্চ পর্বত; আশ্রয়; দুর্গ। ব وَزَرَاتٌ

وِزَارَة : মন্ত্রিত্ব; মন্ত্রীর দফতর, মন্ত্রণালয়; মন্ত্রিসভা। ব وِزَارَات

وِزَارَة الإِسْتِعْلَامَات : তথ্য মন্ত্রণালয়।

وِزَارَة الأَشْغَال العُمُومِيَّة ,~ الاشْغَال : পূর্ত মন্ত্রণালয়।

~ الأَوْقَاف : ওয়াকফ মন্ত্রণালয়।

~ التِجَارَة : বাণিজ্য মন্ত্রণালয়।

وِزَارَة المَعَارِف، وِزَارَة التَرْبِيَة ,وِزَارَةُ التَعْلِيم : শিক্ষা মন্ত্রণালয়।

~ الحَرْب : যুদ্ধ মন্ত্রণালয়।

وِزَارَة الخَارِجِيَّة : পররাষ্ট্র মন্ত্রণালয়।

~ الدَاخِلِيَّة : স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

~ الدِفَاع : প্রতিরক্ষা মন্ত্রণালয়।

~ الزِرَاعَة : কৃষি মন্ত্রণালয়।

~ الرِفَاهِيَة الإِجْتِمَاعِيَّة : সমাজকল্যাণ মন্ত্রণালয়।

~ الشُئُون الدِينِيَّة : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

~ الصِحَّة : স্বাস্থ্য মন্ত্রণালয়।

~ الطَيَرَان : বিমান-চলাচল মন্ত্রণালয়।

~ القَانُون وَالعَدْل : আইন ও বিচার-বিষয়ক মন্ত্রণালয়।

~ الغِذَاء وَالتَمْوِين : খাদ্য ও সরবরাহ মন্ত্রণালয়।

~ المَالِيَّة : অর্থ মন্ত্রণালয়।

~ المُوَاصَلَات : যোগাযোগ মন্ত্রণালয়।

رَئِيس الوِزَارَة : প্রধানমন্ত্রী, উজিরে আযম।

وَكِيل ~ : আন্ডার সেক্রেটারি, Under-Secretary.

وِزَارِيّ : মন্ত্রিসম্বন্ধীয়।

وَزِير : উজির, মন্ত্রী; সাহায্যকারী, ভারপ্রাপ্ত। ব أَوْزَار، وُزَرَاء

وَزِير الدَوْلَة : স্টেট মিনিস্টার; প্রতিমন্ত্রী।

~ مُفَوَّض : পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত মন্ত্রী।

~ بِلَاوِزَارَة : দফতরবিহীন মন্ত্রী।

الوَزِير الأَوَّل : প্রধানমন্ত্রী।

مَجْلِس الوُزَرَاء : মন্ত্রিসভা, মন্ত্রিপরিষদ।

مَوْزُور : অপরাধী, অপরাধে অভিযুক্ত।

مَوْزُورَة : অপরাধ।

مُوَازِر : সাহায্যকারী, উজির।

وَزَعَ – : (وَزْع) বাধা দেওয়া, বিরত রাখা, সংযত করা, নিয়ন্ত্রণ করা।

~ ب : উসকানি দেওয়া, ক্ষেপাইয়া তোলা।

وَزَّعَ : (تَوْزِيع) বণ্টন করা, বিতরণ করা, ভাগ করিয়া দেওয়া, পরিবেশন করা।



www.pathagar.com

أَوْزَعَ : (إِيزَاع) ভাগ করিয়া দেওয়া; নাযিল করা।

تَوَزَّعَ : বণ্টিত হওয়া, বিতরণকৃত হওয়া, বিভক্ত হওয়া, ছড়াইয়া যাওয়া।

إِتَّزَعَ : (إِتِّزَاع) বাধাপ্রাপ্ত হওয়া, সংযত হওয়া, বিরত হওয়া।

وَزْع : বাধা, সংযম, নিয়ন্ত্রণ।

وَازِع : বাধাদানকারী; নিয়ন্ত্রণকারী, সংযতকারী। ব وَازِعُون، وُزَّاع، وَزَعَة

وَزِيعَة : অংশ। ব وَزَائِع

تَوْزِيع : বণ্টন, বিতরণ, বিলি, বরাদ্দকরণ, বিভক্তকরণ, পৃথকীকরণ, পরিবেশন।

تَوْزِيع الثَّرْوَة : সম্পদ বণ্টন।

~ الجَوَائِز : পুরস্কার বিতরণ।

~ العَمَل : কর্মবণ্টন, শ্রমবণ্টন।

~ مُسْتَعْجِل : দ্রুত বিলি, অতিত্বরিত বিলি, Express delivery.

مُوَزِّع : বণ্টনকারী, বিতরণকারী, বিলিকারী, পরিবেশনকারী।

مُوَزِّع البَرِيد : ডাকপিয়ন।

مُوَزَّع : বণ্টনকৃত, বিতরণকৃত, বণ্টিত; চতুর্দিকে ছড়ানো।

مُتَّزِع : স্থির, দৃঢ়সংকল্প।

وَزَغَ : – (وَزْغ)، أَوْزَغَ (إِيزَاغ) ~ ب ছিটাইয়া দেওয়া, ছড়াইয়া দেওয়া; বেগে নির্গত করা।

وَزَغ : কম্পন, আন্দোলন।

~ : দুর্বল। ব أَوْزَاغ

وَزَغَة : বড় গিরিগিটি। ব وِزَاغ، وِزْغَان، أَوْزَاغ، وَزَغ

وَزَفَ : – (وَزِيف، وَزْف)، وَزَّفَ (تَوْزِيف) أَوْزَفَ (إِيزَاف) ত্বরা করা।

وَازَفَ : (مُوَازَفَة) : تَوَازَفَ، সম্মিলিতভাবে ব্যয় ভাগাভাগি করিয়া লওয়া।

وَزَل، وَزَّال : হলদে ফুলবিশিষ্ট চিরসবুজ কাঁটাগাছবিশেষ।

وَزَمَ : – (وَزْم) (ঋণ) পরিশোধ করা; ভাঙ্গিয়া ফেলা।

وَزَّمَ : (تَوْزِيم) ঠাণ্ডায় সঙ্কুচিত হওয়া।

وَزْم : পরিমাণ; সবজির আঁটি।

وَزْمَة : পরিমাণ।

وِزَام : দ্রুততা।

وَزِيم : সবজির আঁটি; গোশতের টুকরা।

وَزِيمَة : সবজির আঁটি। ব وَزَائِمُ

مُتَوَزِّم : প্রচণ্ডভাবে কম্পমান।

وَزَنَ : – (زِنَة، وَزْن) ওজন করা, পরিমাণ করা, মাপা, মাপিয়া দেওয়া, ভারসাম্য বজায় রাখা, সমান করা; যাচাই করা, (কবিতার) মাত্রা নির্ণয় করা, ছন্দ মিলাইয়া (কবিতা) রচনা করা।

~ لِ : ওজন করিয়া দেওয়া; বিক্রয় করা।

وَزُنَ : – (وَزَانَة) ভারী হওয়া, ওজস্বী হওয়া; সুস্থ বিচারবুদ্ধিসম্পন্ন হওয়া।

وَازَنَ : (مُوَازَنَة) ওজন করা, যাচাই করা; ভারসাম্যপূর্ণ করা; ভারসাম্যপূর্ণ হওয়া; প্রতিদান দেওয়া, ক্ষতিপূরণ দেওয়া।

~ بَيْنَ : তুলনা করা।

تَوَازَنَ : ভারসাম্যপূর্ণ হওয়া; সমমান হওয়া; সমপর্যায়ের হওয়া।

إِتَّزَنَ : (إِتِّزَان) ভারসাম্যপূর্ণ হওয়া; উপযোগী হওয়া; সমান হওয়া; (কবিতা) নিয়ম মোতাবেক রচিত হওয়া; (মুদ্রা) ওজন করা।

وَزْن : ওজনকরণ, ওজন নির্ধারণ।

~ : ওজন, মাপ, পরিমাপ; মাত্রা, ছন্দ; গুরুত্ব; মর্যাদা। ব أَوْزَان

لَهُ وَزْن : ইহা বিবেচ্য, প্রণিধানযোগ্য।

لَاوَزْنَ لَهُ، عَدِيم الوَزْن : ইহা ওজনবিহীন, ভারহীন, গুরুত্বহীন।

أَقَامَ لَهُ وَزْنًا : সে উহার গুরুত্ব দিল।

وَزْنَة : ওজনের একক, বাটখারা; প্রাচীন মুদ্রাবিশেষ। ব وَزَنَات



www.pathagar.com

وَزْنِيّ : ওজন-সম্বন্ধীয়, ওজনবিশিষ্ট, ভারী, ওজস্বী, গুরুত্বপূর্ণ।

زِنَة : ওজনকরণ, ওজন নির্ণয়করণ; ওজন।

وِزْنَة : ওজন করিবার পদ্ধতি।

وَازِن : ওজনকারী; পরিমাপকারী; পূর্ণ ওজনবিশিষ্ট, ভারী; মাতাল।

وَزَّان : ওজনদার, ওজনকারী।

وِزَانَ : ওজনে, ছন্দে, মাপে, নমুনায়, ন্যায়।

وَزِين : ভারী, ওজস্বী।

وَزِين الرَّأي : সুস্থ বিচারবুদ্ধিসম্পন্ন; বিচক্ষণ।

اِتِّزَان، تَوَازُن : ভারসাম্য, স্থিতি, স্থিতিশীলতা।

تَوَازُن سِيَاسِيّ : রাজনৈতিক ভারসাম্য।

~ العَقْل : মানসিক ভারসাম্য।

~ القُوَى : শক্তির ভারসাম্য।

عِلْم ~ ~ : স্থিতিবিজ্ঞান, Statics.

~ ~ المَوَائِع : তরলপদার্থের স্থিতিবিজ্ঞান, Hydrostatics.

مِيزَان : মাপিবার যন্ত্র, নিক্তি, দাঁড়িপাল্লা, তুলাদণ্ড, মানদণ্ড, বাটখারা; পরিমাপ, পরিমাণ; কবিতার মাত্রা বা ছন্দ; নিয়ম, পদ্ধতি; ন্যায়বিচার, ন্যায়পরায়ণতা, নিরপেক্ষতা। ব مَوَازِين

المِيزَان : তুলারাশি।

مِيزَان البُخَار : বাষ্প-পরিমাপক, Vaporometer.

~ الثِقْل النَوْعِيّ : তরল পদার্থের স্থিতি-পরিমাপক।

~ ثِقْل الهَوَاء : বায়ুমানযন্ত্র, Barometer.

~ الحَرَارَة : তাপমান যন্ত্র, Thermometer.

~ الحَائِط : ওলনদড়ি।

~ رَاصِد : স্বয়ংক্রিয় পরিমাপক-যন্ত্র, Self-registering scales.

~ ضَغْط البُخَار : বাষ্পের চাপ-প্রদর্শক যন্ত্র, Steam-gauge.

~ طَبْلِيّ : প্লাটফর্মে রক্ষিত পরিমাপ-যন্ত্র, Platform scale.

مِيزَانُ الفُولاد ~ : লৌহ-পরিমাপক, Steel-yard.

~ اللَّبَن : দুগ্ধের বিশুদ্ধতা নির্ধারক যন্ত্র, Lactometer.

~ المَاء : পানির উচ্চতা পরিমাপক।

~ النَظْم : কবিতার মাত্রা বা ছন্দ।

~ النُقُود : মুদ্রা পরিমাপ-যন্ত্র, Coin balance.

مِيزَانِيَّة : বাজেট, budget; ভারসাম্য; স্থিতি, ব্যালান্স, Balance; স্থিতি-পত্র, Balance-sheet.

مِيزَانِيَّة مُلْحَقَة : সম্পূরক বাজেট, Supplementary budget.

مَوْزُون : ওজনকৃত; পূর্ণ ওজনবিশিষ্ট; ভারসাম্যপূর্ণ, সুষম; পরিমিত, নিয়মিত, উপযোগী; ছন্দোবদ্ধ, মাত্রাযুক্ত; সুস্থ বিচারবুদ্ধিসম্পন্ন।

مُوَازِن : সমান, সমভার, সমমান; ভারসাম্য নিয়ন্ত্রণকারী।

مُوَازَنَة : তুলনা; ভারসাম্য, স্থিতি; প্রতিদান।

مُتَّزِن، مُتَوَازِن : ভারসাম্যপূর্ণ, সুষম; স্থিতিশীল।

وَزَى – (وَزْي) : সংগৃহীত হওয়া, স্তূপীকৃত হওয়া; সংকুচিত হওয়া।

وَازَى : (مُوَازَاة) বিপরীত হওয়া; প্রতিপক্ষ হওয়া, সমকক্ষ হওয়া, সদৃশ হওয়া, সমান হওয়া।

أَوْزَى : (إِيزَاء) হেলান দেওয়া।

~ لِ : মাটির প্রলেপ দেওয়া।

تَوَازَى : অনুরূপ হওয়া, সমতুল্য হওয়া; সমান্তরাল হওয়া।

إِسْتَوْزَى : (إِسْتِيزَاء) ~ فِي (পর্বতে) আরোহণ করা।

مُوَازَاة، تَوَازٍ : সমান দূরত্ব; সাদৃশ্য, তুল্যতা, সমতা।

عَلَى التَوَازِي : একত্রে পাশাপাশি, সমানে সমানে, সমান্তরালভাবে।

مُتَوَازٍ، مُوَازٍ : অনুরূপ, সদৃশ, সমতুল্য; সমান্তরাল।



www.pathagar.com

مُوَسَّد : সহজ, সুগম (পথ)।

وَسَطَ – : (وَسْطَة، وَسْط) কেন্দ্রস্থলে অবস্থান করা।

وَسُطَ – ُ : (وَسَاطَة) সেরা হওয়া, মহৎ হওয়া।

وَسَّطَ : (تَوْسِيْط) মধ্যস্থলে স্থাপন করা, মাঝখানে রাখা; মধ্যস্থতাকারী নির্বাচন করা, সালিস নিয়োগ করা।

تَوَسَّطَ : কেন্দ্রস্থলে অবস্থান করা; মধ্যপন্থা অবলম্বন করা, মধ্যপন্থী হওয়া।

~ بَيْنَ : মধ্যস্থতা করা, মধ্যস্থতাকারী হওয়া।

وَسْط، وَسَط : মধ্য, মধ্যস্থল, কেন্দ্রস্থল; মধ্যম, মাঝারি; মাধ্যম; কোমর, কটি। ব أَوْسَاط

~ : মধ্যস্থিত, কেন্দ্রস্থিত; মধ্যবর্তী; ন্যায্য, ন্যায়; সৎ; পরিবেশ। ব أَوْسَاط

فِي وَسْط، وَسْطَ : মধ্যে, মাঝে।

فِي الوَسَط : মধ্যস্থলে, মাঝখানে।

حَجْم وَسَط : মাঝারি, মধ্যমাকার।

أَوْسَاط : শ্রেণী, চক্র, মণ্ডলী, বৃন্দ, গোষ্ঠী।

الأَوْسَاط الدِبْلُومَاسِيَّة : কূটনীতিকবৃন্দ।

~ العَامَّة : সাধারণ জনগোষ্ঠী।

أَوْسَاط النَاس : মধ্যবিত্ত শ্রেণী।

وَسْطَانِيّ : মধ্যস্থিত, মধ্যবর্তী; মধ্যম, মাঝারি।

وَاسِط : দরজা; জিনের সম্মুখভাগ।

وَاسِطَة : মধ্যস্থ ব্যক্তি, সুপারিশকারী; মাধ্যম, উপায়, কারণ। ব وَسَائِط

بِوَاسِطَة : মাধ্যমে, উপায়ে; কারণে, সাহায্যে, বদৌলতে।

بِالوَاسِطَة : মাধ্যমে।

بِهٰذِهِ الوَسِطَة : এই উপায়ে।

بِوَاسِطَة ذٰلِكَ : উহার মাধ্যমে, উহার সাহায্যে।

وَاسِطَة الإِتِّصَال : সংযোগ-মাধ্যম।

وَسَاطَة : মধ্যস্থতা, মধ্যবর্তিতা; সুপারিশ; মাধ্যম।

بِوَسَاطَة : মাধ্যমে, মধ্যস্থতায়।

المُتَوَازِيَان : সামান্তরিক বার, Parallel bars.

مُتَوَازِى الأَضْلَاع : সামান্তরিক।

مُسْتَوْزِ : সোজা দণ্ডায়মান, দৃঢ়মনা।

وَسَبَ – : (إِيْسَاب) أَوْسَبَ، (وَسْب) (ভূমি) তৃণবহুল হওয়া।

وَسِبَ – َ : (وَسَب) (কাপড়) ময়লা হওয়া।

وِسْب : তৃণলতা, গাছপালা।

وَسَب : ময়লা, নোংরামি, অপরিচ্ছন্নতা।

مُوسِب : লোমবহুল (মেষ)।

وَسَجَ – ِ (وَسَجَان، وَسِيج، وَسْج) : (উট) দ্রুত চলা।

أَوْسَجَ : (إِيْسَاج) (উট) দ্রুত চালানো।

وَسُوج، وَسَّاج : দ্রুতগামী (উট)।

وَسِخَ – َ : (وَسَخ) تَوَسَّخَ، إِتَّسَخَ، (إِتِّسَاخ) إِسْتَوْسَخَ (إِسْتِيْسَاخ) ময়লা হওয়া, নোংরা হওয়া, অপরিষ্কার হওয়া, মলিন হওয়া।

وَسَّخَ، أَوْسَخَ : (إِيْسَاخ، تَوْسِيْخ) ময়লা করা, নোংরা করা, মলিন করা, কলঙ্কিত করা।

وَسَخ : ময়লা, আবর্জনা। ব أَوْسَاخ

وَسَاخَة : নোংরামি, অপরিচ্ছন্নতা; অশ্লীলতা।

وَسِخ : নোংরা, ময়লাযুক্ত, মলিন, অপরিষ্কার, অশ্লীল, কলঙ্কিত।

مُتَّسِخ : ময়লাযুক্ত, কলুষিত,কলঙ্কিত।

وَسَّدَ : (تَوْسِيْد) মাথার নিচে বালিশ দেওয়া; শোয়ানো; স্থাপন করা; নির্ভর করা।

تَوَسَّدَ : বালিশ বানানো, বালিশরূপে ব্যবহার করা, বালিশে মাথা রাখা, মাথার নিচে স্থাপন করা।

وُسَاد، وَسَاد، وِسَاد، وِسَادَة، وَسَادَة (وُسُد ব) বালিশ, উপাধান; গদি। وِسَادَاتٌ (وَسَائِد)

لَزِمَ الوَسَادَ : সে সারাক্ষণ বিছানায় পড়িয়া থাকিল, অধিক ঘুমানো।

عَرِيض الوَسَاد : নিদ্রাতুর; বোকা।



www.pathagar.com

وَسِيط : মধ্যবর্তী, মধ্যস্থিত।

~ : মধ্যস্থতাকারী, মধ্যস্থ ব্যক্তি; মধ্যবর্তী লোক, সুপারিশকারী; দালাল। ব وُسَطَاء

الْعَصْر الْوَسِيط : মধ্যযুগ।

وَسِيطَة : মাধ্যম, উপায়। ব وَسَائِط

وَسَائِط الْمُوَاصَلَات وَالنَّقْل : যোগাযোগ ও যাতায়াত-মাধ্যম।

أَوْسَط : (ব أَوَاسِط) স্ত্রী وُسْطَى (ব وُسَط) মধ্য, মধ্যবর্তী, মধ্যস্থিত; মধ্যম।

الشرق الأوْسَط : মধ্যপ্রাচ্য।

الْوُسْطَى : মধ্যমা (অঙ্গুলি)।

أوربَّا ~ : মধ্য-ইউরোপ।

آسْيَا ~ : মধ্য-এশিয়া।

الطَّبَقَات ~ : মধ্যবিত্ত শ্রেণী।

الْعُصُور الْوُسْطَى، الْقُرُون ~ : মধ্যযুগ।

فِي أَوَاسِط : মাঝামাঝি সময়ে।

تَوَسُّط : মধ্যস্থতা, সালিসী; মধ্যবর্তিতা; মধ্যে অবস্থান।

مُوسَط : মধ্য, ভিতর।

مُتَوَسِّط : মধ্য, মধ্যবর্তী, মধ্যস্থ, মধ্যস্থিত; মধ্যম, মাঝারি; মধ্যস্থ ব্যক্তি, মধ্যস্থতাকারী, সালিস; গড়।

مُتَوَسِّط الْحَجْم : মধ্যমাকার, মাঝারি।

الْحَال ~ : মধ্যবিত্ত।

الْعُمْر ~ : মধ্যবয়সী।

الْقَامَة ~ : মধ্যকায়, মধ্যমাকৃতি।

النَّوْع ~ : মধ্যম প্রকৃতি, মাঝারি ধরনের।

الْهُجُوم ~ : (ফুটবলে) সেন্টার ফরোয়ার্ড, centre forward.

الْبَحْر الأَبْيَض الْمُتَوَسِّط، الْبَحْر الْمُتَوَسِّط : ভূমধ্যসাগর।

مَوْجَات مُتَوَسِّطَة : (বেতারের) মধ্যম তরঙ্গ; medium waves.

وَسِعَ َ : (سَعَة) প্রশস্ত হওয়া; স্থান দেওয়া; ধারণ-ক্ষমতাবিশিষ্ট হওয়া; ধারণ করা, অন্তর্ভুক্ত করা, শামিল করা; পর্যাপ্ত হওয়া, যথেষ্ট হওয়া; সচ্ছল হওয়া।

~ : (سَعَة، وُسْع) সম্ভব হওয়া; অনুমতি থাকা, অবকাশ থাকা, সমর্থ হওয়া।

لَايَسَعُنِي أَنْ أَقُولَ : আমি বলিতে পারি না, আমার বলিবার সুযোগ নাই।

لَايَسَعُكَ أَنْ تَفْعَلَ : তোমার পক্ষে করা সঙ্গত নহে।

مَا أَسَعُ ذلك : আমি উহা করিতে পারি না, আমি উহা করিতে অক্ষম।

وَسَعَ َ : (وَسْع) ~ عَلَى সমৃদ্ধ করা, ধনবান করা।

وَسُعَ ُ : (وَسَاعَة) প্রশস্ত হওয়া, বিশাল হওয়া, ব্যাপক হওয়া।

~ : (سَعَة، وَسَاعَة) কর্মঠ হওয়া; সবল হওয়া; কষ্টসহিষ্ণু হওয়া।

وَسَّعَ، أَوْسَعَ : (تَوْسِيع، إِيسَاع) প্রশস্ত করা, বড় করা, প্রসারিত করা, অধিকতর ধারণ-ক্ষমতাবিশিষ্ট করা, ব্যাপকতর করা।

وَسَّعَ مَكَانًا، أَوْسَعَ مَكَانًا : স্থান সংকুলান করা, জায়গা করিয়া দেওয়া।

النَّفَقَة ~ : ব্যয় বৃদ্ধি করা, খরচ বাড়ানো।

~, : ~ عَلَى : ধনী করা, সম্পদশালী করা; উদার হওয়া।

~ : ধনী হওয়া, সম্পদশালী হওয়া।

تَوَسَّعَ : প্রশস্ত হওয়া, প্রসারিত হওয়া, সম্প্রসারিত হওয়া, বিস্তৃত হওয়া, বিস্তার লাভ করা; স্থান সংকুলান হওয়া।

~ فِي : অবকাশ লাভ করা, আরাম অনুভব করা; বিস্তারিতভাবে বর্ণনা করা; চালাইয়া যাওয়া, অব্যাহত রাখা।

تَوَسَّعَ فِي الأَشْغَال : কাজকর্ম প্রসারিত করা; ব্যাপক করা।

فِي الْكَلَام ~ : বিস্তারিতভাবে বর্ণনা করা।

فِي الْمَكَان ~ : পর্যাপ্ত জায়গা পাওয়া।

فِي النَّفَقَة ~ : ব্যয় বৃদ্ধি করা, খরচ বাড়ানো।



www.pathagar.com

اِتَّسَعَ : (اِتِّسَاع) প্রশস্ত হওয়া, প্রসারিত হওয়া, বিস্তৃত হওয়া, বিস্তার লাভ করা, বর্ধিত হওয়া, প্রশস্ততর হওয়া; সম্পদশালী হওয়া, সচ্ছল থাকা, সমর্থ হওয়া।

اِسْتَوْسَعَ : (اِسْتِيْسَاع) প্রশস্ত হওয়া, প্রসারিত হওয়া, বিস্তৃত হওয়া; বড় হওয়া; প্রশস্ত পাওয়া।

وُسْع، وَسْع : ক্ষমতা, সাধ্য, সামর্থ্য, যোগ্যতা, শক্তি, ধারণক্ষমতা; প্রশস্ততা; প্রাচুর্য, সম্পদ।

وُسْعَة : প্রশস্ততা, বিস্তৃতি, পরিসর; প্রাচুর্য, পর্যাপ্ততা; সাধ্য, সামর্থ্য; অবকাশ; আঙ্গিনা; ময়দান।

وَسَع : পর্যাপ্ততা, পর্যাপ্ত স্থান, স্থান সংকুলান।

سَعَة : প্রশস্ততা, পরিসর; ক্ষমতা; শক্তি, সাধ্য, সামর্থ্য, যোগ্যতা, ধারণক্ষমতা; আরাম; প্রাচুর্য, পর্যাপ্ততা, স্বাচ্ছন্দ্য, সচ্ছলতা, সম্পদ।

سَعَة الصَّدْر : সহৃদয়তা, উদারতা।

~ كَهْرَبَائِيَّة : বৈদ্যুতিক ক্ষমতা।

ذُو سَعَة : সচ্ছল, সম্পদশালী।

عَنْ سَعَة، بِسَعَة : প্রচুর পরিমাণে।

عَلَى الرَّحْبِ وَالسَّعَة : খোশ আমদেদ! স্বাগতম!

عَلَى قَدْرِ سَعَتِي : আমার সাধ্যানুসারে।

وَسِيع، وَاسِع : প্রশস্ত, বিরাট, বিশাল, ব্যাপক।

وَاسِع الإِنْتِشَار : ব্যাপকভাবে, বিস্তৃতরূপে।

~ الحِيلَة : উপায় উদ্ভাবনে নিপুণ, চতুর, বুদ্ধিমান।

~ الرَّحْمَة : অতি দয়ালু।

~ الصَّدْر : দিল খোলা, সহৃদয়, উদার।

~ النِّطَاق : ব্যাপক, ব্যাপক পরিসর।

وَسَّاع : চঞ্চল (লোক)।

أَوْسَع : প্রশস্ততর, ব্যাপকতর।

اِتِّسَاع : প্রসার, ব্যাপকতা, প্রশস্ততা, বিস্তৃতি, পরিসর, অবকাশ; প্রাচুর্য, পর্যাপ্ততা।

عَدَم الاِتِّسَاع : অপর্যাপ্ততা।

تَوَسُّع : প্রসার, বৃদ্ধি, বিস্তার, সম্প্রসারণ, প্রশস্ততা, ব্যাপকতা।

تَوَسُّع إِسْتِعْمَارِيّ : সাম্রাজ্যবাদী সম্প্রসারণ।

~ الحَرْب : যুদ্ধ সম্প্রসারণ।

مَعَ التَّوَسُّع : ব্যাপক অর্থে, ব্যাপক পর্যায়ে।

~ سِيَاسَة تَوَسُّعِيَّة، سِيَاسَة : সম্প্রসারণ-নীতি।

تَوَسُّعِيّ : সম্প্রসারণবাদী।

التَّوَسُّعِيَّة : সম্প্রসারণবাদ।

تَوْسِعَة : প্রশস্ততা, ব্যাপ্তি, ব্যাপকতা, পর্যাপ্ততা।

تَوْسِيع : সম্প্রসারণ, বর্ধন।

مُوسِع : ধনী, সম্পদশালী; সচ্ছল।

مَوْسُوعَة : বিশাল গ্রন্থ; জ্ঞানকোষ, বিশ্বকোষ। ব مَوْسُوعَات

مُوَسِّعَة : (পাদুকা বা দাস্তানা) সম্প্রসারক।

مُتَّسِع : প্রশস্ত; ব্যাপক; বিরাট বিশাল; পর্যাপ্ত।

مُتَّسَع : পর্যাপ্ত, যথেষ্ট স্থান, অবকাশ; প্রশস্ত জায়গা।

وَسَقَ - : (وَسْق) বোঝাই করা; জমা করা, স্তূপীকৃত করা; ধারণ করা; আচ্ছাদিত করা।

~ : (وَسِيق) (উট) তাড়াইয়া নেওয়া।

وَسَّقَ : (تَوْسِيق) বিভিন্ন অংশে ভাগ করা।

وَاسَقَ : (وِسَاق) সমান হওয়া, সমকক্ষ হওয়া; প্রতিযোগী হওয়া; বিরোধিতা করা।

أَوْسَقَ : (إِيسَاق) বোঝাই করা; বোঝা চাপানো; (গাছ) ফলবান হওয়া।

اِتَّسَقَ : (اِتِّسَاق) সুশৃঙ্খল হওয়া, সুবিন্যস্ত হওয়া, সুষম হওয়া, খাপ খাওয়া; সংগৃহীত হওয়া; (চন্দ্র) পূর্ণ হওয়া, বৃক্ষকাণ্ড সবল হওয়া।

اِسْتَوْسَقَ : (اِسْتِيْسَاق) (উট) ঝাঁক বাঁধিয়া চলা।

~ لِ : সম্ভব হওয়া, সহজসাধ্য হওয়া।

وَسْق : বোঝা, বোঝাই মাল, এক উটের বোঝা; (রাসূলুল্লাহ (স)-এর যুগের) ষাট সা‘, প্রায় ৩৪৫ পাউন্ড। ব أَوْسُق، أَوْسَاق، وُسُوق

وَسْقَة : জাহাজের মাল।

وَاسِق : গর্ভবতী (উষ্ট্রী)। ব وِسَاق، وَاسِقَات



www.pathagar.com

تَوَسَّمَ : পর্যবেক্ষণ করা, নিরীক্ষণ করা, মনোযোগ সহকারে পরীক্ষা করা; লক্ষ্য করা; চিহ্নিত হওয়া, ছাপযুক্ত হওয়া।

~ بِ : বৈশিষ্ট্যমণ্ডিত হওয়া, ভূষিত হওয়া।

تَوَسَّمَ فِيهِ الْخَيْرَ : তাহার শুভ কামনা করিল; সম্ভাবনাময় লক্ষণ দেখিতে পাইল।

اِتَّسَمَ : (اِتِّسَام) ছাপযুক্ত হওয়া, দাগযুক্ত হওয়া, চিহ্নিত হওয়া।

~ بِ : বৈশিষ্ট্যমণ্ডিত হওয়া, ভূষিত হওয়া; ছাপ বহন করা।

وَسْم : (ব وُسُوم) سِمَة (ব سِمَات) দাগ, ছাপ, চিহ্ন; ভিসা; বৈশিষ্ট্য।

وَسِمَة، وَسْمَة : রং করিবার জন্য ব্যবহৃত পাতাবিশেষ।

وَسْمِيّ : বসন্তকালীন বর্ষা; বসন্তকালীন ঘাস।

وِسَام : সম্মানসূচক প্রতীক, পদক, ব্যাজ, তমগা, চাপরাস, প্রতীক, লক্ষণ, চিহ্ন। ব أَوْسِمَة

وِسَام الاِسْتِحْقَاق : যোগ্যতা-পদক, Order of merit.

وَسَامَة : সৌন্দর্য, লালিত্য, লাবণ্য, কমনীয়তা।

وَسِيم : সুন্দর, সুদর্শন, সুশ্রী, লাবণ্যময়, কমনীয়। ব وِسَام، وُسَمَاء

مَوْسِم : মৌসুম, ঋতু, সময়; মেলা, উৎসব। ব مَوَاسِم

مَوْسِم الْحَجّ، الْمَوْسِم : হজ্জের মৌসুম।

مَوْسِم الْحَصَاد : ফসল কাটার মৌসুম।

مَوْسِمِيّ : ঋতু-সম্বন্ধীয়, মৌসুমী।

الرِّيح الْمَوْسِمِيَّة : মৌসুমী বায়ু।

مَوْسُوم : দাগযুক্ত, ছাপযুক্ত, চিহ্নিত।

مِيسَم : দাগ দিবার তপ্ত লৌহ; পুষ্প-কেশর; দাগ, ছাপ। ব مَيَاسِم، مَوَاسِم

وَسِنَ - : (سِنَة، وَسَن) নিদ্রা যাওয়া; তন্দ্রাচ্ছন্ন হওয়া।

سِنَة، وَسَن : নিদ্রা, তন্দ্রা।

~ : অভাব, চাহিদা। ব أَوْسَان

وَسِيق : বৃষ্টি।

وَسِيقَة : উষ্ট্রপাল। ব وَسَائِق

اِتِّسَاق : বিন্যাস, মিল, শৃঙ্খলা।

مَوْسُوق : বোঝাইকৃত (জাহাজ)।

مُتَّسِق : সুশৃঙ্খল, সুবিন্যস্ত; সুষম।

مِيسَاق : উড্ডয়নকালে ডানা ঝাপটায় এমন পাখি। ব مَاسِيق، مَيَاسِيق

وَسَلَ - : (وَسِيلَة)، (تَوْسِيل) وَسَّلَ، إِلَى ~ অনুনয় করা, মিনতি করা, অনুগ্রহ চাওয়া।

تَوَسَّلَ : إِلَى ~ অনুগ্রহ পাইতে চাওয়া, অনুনয় করা, মিনতি করা, প্রার্থনা করা।

تَوَسَّلَ ~ بِ : সাহায্য চাওয়া, অছিলা ধরা, অবলম্বনরূপে ব্যবহার করা।

وَسِيلَة : অছিলা, উপায়, অবলম্বন, মাধ্যম; উপকরণ; সম্পর্ক; পদক্ষেপ; ব্যবস্থা। ব وَسَائِل

وَسَائِل إِحْتِيَاطِيَّة، وَسَائِل الإِحْتِيَاط : সতর্কতামূলক ব্যবস্থা।

~ التَّعْلِيم : শিক্ষার উপকরণ।

~ الْمُوَاصَلَات : যোগাযোগ-ব্যবস্থা, যোগাযোগ মাধ্যম।

~ النَّقْل : পরিবহন-ব্যবস্থা, যাতায়াত মাধ্যম।

اِبْتَغَى الْوَسِيلَةَ : সে অছিলা চাহিল; সাহায্য চাহিল।

تَوَسُّل : অনুনয়, মিনতি, অনুরোধ, প্রার্থনা, দরখাস্ত, আবেদন।

وَسَمَ - : (سِمَة، وَسْم) দাগ দেওয়া, ছাপ দেওয়া, চিহ্ন দেওয়া; অঙ্কিত করা; বর্ণনা করা।

~ : (وَسْم) সৌন্দর্যে ছাড়াইয়া যাওয়া।

وَسُمَ - : (وِسَام، وَسَامَة) সুন্দর হওয়া।

وَسَّمَ : (تَوْسِيم) সম্মানসূচক প্রতীকে ভূষিত করা, পদক দেওয়া; হজ্জের মওসূমে মক্কায় অবস্থান করা।

وَاسَمَ : (مُوَاسَمَة) সৌন্দর্য-প্রতিযোগিতা করা।



www.pathagar.com

وَسْنَى ، مِيَان، وَسْنَان، وَسِن : নিদ্রালু, তন্দ্রালু। স্ত্রী وَسْنَى

مَوْسُونَة : অলস স্ত্রীলোক।

وَسْوَسَ : وَسْوَسَة) ~ فِى، إِلَى، لِ) কুমন্ত্রণা দেওয়া, প্ররোচনা দেওয়া; ফিসফিস করিয়া বলা; সন্দেহ জাগ্রত করা, সন্দিহান করা।

تَوَسْوَسَ : দুশ্চিন্তাগ্রস্ত হওয়া; সন্দিহান হওয়া; হতবুদ্ধি হওয়া।

وَسْوَسَة : কুমন্ত্রণা, প্ররোচনা, ফিসফিসানি; খসখস শব্দ; সন্দেহ, ঝংকার ধ্বনি। ব وَسَاوِس

وَسْوَاس : কুমন্ত্রণা, প্ররোচনা; কুবুদ্ধি; বিভ্রান্তি; সন্দেহ, উদ্বেগ, দুশ্চিন্তা, বিষাদ; হতবুদ্ধিতা। ব وَسَاوِس

الوَسْوَاس : শয়তান, ইবলীস।

وَسْوَاس القُطْنِ : কার্পাস-কোরক।

مُوَسْوَس : কুমন্ত্রণাগ্রস্ত, বিভ্রান্ত; সন্দিগ্ধ; বিষাদগ্রস্ত; উদ্বিগ্ন, দুশ্চিন্তাগ্রস্ত।

وَاسَى : (أسى) (مُوَاسَاة) শান্ত করা, সান্ত্বনা দেওয়া

أَوْسَى : (إِيسَاء) (মাথা) মুণ্ডন করা।

وَسِيَّة : বিরাট ভূখণ্ড, জমিদারি। ব أَوَاسِي

بَيْت الوَسِيَّة : জমিদারের খামারবাড়ি।

مُوسَى : ক্ষুর। ব أَمْوَاس، مَوَاسٍ

مُوسَى : হযরত মূসা (আ)।

وَشّ : চেহারা, মুখমণ্ডল। ব وُشُوش

وَشْب : পুরু, মোটা।

وَشْبَة : খেজুরের পুরু ছাল, খোসা।

وِشْب : উচ্ছৃঙ্খল জনতা। ব أَوْشَاب

وَشَجَ : ـِ (وَشْج)، تَوَشَّجَ، تَوَاشَجَ বিজড়িত হওয়া, জটিল হওয়া, মিশ্রিত হওয়া।

وَشَّجَ : (تَوْشِيج) বিজড়িত করা, জটিল করা, মিশ্রিত করা; ফিতা দ্বারা বাঁধা।

وَاشِجَة : জটিল সম্পর্ক।

وَشِيج : সম্পর্কের নিবিড়তা।

وَشِيج الإِتِّصَال : ঘনিষ্ঠভাবে সম্পৃক্ত।

وَشِيجَة : ঘনিষ্ঠ সম্পর্ক; বৃক্ষমূল; বিজড়িত তন্তু। ব وَشَائِج

وَشَائِج النَّسَب : বংশ-সম্পর্কের নিবিড়তা; পারিবারিক সূত্র।

مُتَوَاشِج : সম্পৃক্ত।

وَشَّحَ : (تَوْشِيح) নিচোল বা স্কার্ফ পরিধান করানো; সজ্জিত করা; কোমরে আঘাত করা।

تَوَشَّحَ، إِتَّشَحَ : (إِتِّشَاح) নিচোল বা স্কার্ফ পরিধান করা, সজ্জিত হওয়া।

~ , ~ ب : ডান বগলের নিচ দিয়ে বাম কাঁধে বেল্ট পরিধান করা; পরিধান করা, পরিহিত হওয়া।

~ : সঙ্গম করা।

وِشَاح : স্ত্রীলোকের পরিধেয় অলঙ্কৃত ফিতাবিশেষ; নিচোল, উত্তরীয়; ঘাঘরা; স্কার্ফ; কোমরবন্ধ; গলাবন্ধ; বন্ধনী। ব أَوْشِحَة، وُشُح

الوِشَاح : হযরত ওমর (রা)-এর তরবারি।

وِشَاحَة : তরবারি।

وَشْحَاء : সাদা ডোরাযুক্ত (ছাগল)।

تَوْشِيح : (সঙ্গীতে) সুর-সংযোজন; (কবিতায়) আন্দালুসীয় কবিতার ছন্দবিশেষ।

~ : মুখবন্ধ, প্রস্তাবনা, ভূমিকা। ব تَوَاشِيح

مُوَشَّحَة، مُوَشَّح : বিশেষ ছন্দে রচিত আন্দালুসীয় আরবী কবিতা। ব مُوَشَّحَات

مُتَّشِح : সজ্জিত, পরিহিত।

وَشَرَ : ـِ (وَشْر) করাত দ্বারা চেরা; (দাঁত) ধারালো করা।

اِتَّشَرَ، اِسْتَوْشَرَ : (اِسْتِيشَار، اِتِّشَار) ধারালো দাঁতবিশিষ্ট হওয়া।

مَوْشُور : তিনপলা কাচ, প্রিজম, Prism. ব مَوَاشِير

مِيشَار : করাত; ভোঁতা ছুরি।

وَشَزَ : ـِ (وَشْز) ত্বরা করা, ছুটিয়া যাওয়া।

تَوَشَّزَ : ~ لِ উদ্যত হওয়া।

وَشَز، وَشْز : উচ্চস্থান, উচ্চতা; বিপদ; ত্বরা; সাহায্যকারী, সমর্থক। ব أَوْشَاز

وَشِيزَة : গদি। ব وَشَائِز

وَشَطَ - : (وَشْط) (হাড়) ভাঙ্গিয়া ফেলা; (কুঠারে) হাতল লাগানো; গোঁজ দিয়া আটকানো।

~ إِلَى : যোগদান করা।

وَشِيظ : অনুচরবর্গ; চাকর-বাকর; নিম্নশ্রেণীর জনগোষ্ঠী; অনধিকার প্রবেশকারী। ব أَوْشَاظ

~, وَشِيظَة : গোঁজ। ব وَشَائِظ

وَشَعَ - َ : (وَشْع) মিশ্রিত করা।

~ : (وُشُوع، وَشْع) আরোহণ করা।

وَشَّعَ : (تَوْشِيع) (সুতা) নাটাইয়ে জড়ানো; (কাপড়ে) ছাপ দেওয়া।

أَوْشَعَ : (إِيشَاع) (বৃক্ষ) মুকুলিত হওয়া।

تَوَشَّعَ : ~ بِ ঝাঁক বাঁধা, জড়ো হওয়া।

وَشْع : মাকড়সার জাল।

وُشُوع : নাকের ভিতর দিয়া প্রবেশ করাইবার ঔষধ।

وَشِيع : ঝোপ-ঝাড়ের বেড়া, Hedgy.

وَشِيعَة : নাটাই; মাকু। ব وَشَائِع

وَشَّغَ : (تَوْشِيغ) (কাপড়ে) দাগ লাগানো; কলঙ্কিত করা।

تَوَشَّغَ : দাগযুক্ত হওয়া, কলঙ্কিত হওয়া।

وَشَقَ - : (وَشْق)، تَوَاشَقَ، إِتَّشَقَ (إِتِّشَاق) (গোশত) টুকরা টুকরা করিয়া কাটা।

وَشَّقَ : (تَوْشِيق) কাটিয়া ফেলা, বিছিন্ন করা।

أَوْشَقَ : (إِيشَاق) লাগিয়া থাকা।

وَشْق : বিক্ষিপ্ত চারণক্ষেত্র।

وَشَق : বিড়ালজাতীয় তীক্ষ্ণদৃষ্টি প্রাণিবিশেষ, Lynx.

وَشِيق، وَشِيقَة : গোশতের টুকুরা, শুকনা গোশত-খণ্ড। ব وَشَائِق

مِيشَاق : চাবির দাঁত। ব مَوَاشِيق

وَشُكَ - ُ : (وَشْك، وَشَاكَة)، وَشَّكَ (تَوْشِيك) দ্রুত হওয়া, ত্বরিত হওয়া।

أَوْشَكَ، وَاشَكَ : (إِيشَاك، مُوَاشَكَة) দ্রুত চলা; ছুটিয়া যাওয়া।

~ عَلَى، أَنْ : উপক্রম হওয়া, আসন্ন হওয়া।

وَشْك، وُشْك، وَشْكَان، وُشْكَان : দ্রুততা, ত্বরা।

عَلَى وَشْك : নিকটে, কাছাকাছি।

عَلَى وَشْك الظُّهُور : আসন্ন।

وِشَاك : দ্রুততা।

وَشِيك : দ্রুত; আসন্ন; আগত প্রায়।

وَشِيكًا : শীঘ্রই, অচিরেই।

وَشِيك الحَلِّ : সমাধানের নিকটবর্তী, নিষ্পন্নপ্রায়।

~ الزَّوَال : বিলুপ্তপ্রায়।

~ الوُقُوع : আসন্ন।

مُوَاشِك : দ্রুতগামী (উট)।

وَشَلَ - : (وَشْل، وَشَلَان) ফোঁটায় ফোঁটায় পড়া।

~ : (وُشُول) অসহায় হওয়া, নিঃস্ব হওয়া।

أَوْشَلَ : (إِيشَال) (পানি) সামান্য পরিমাণে পাওয়া; (অংশ) কমানো।

وَشَل : ফোঁটা ফোঁটা পানি, সামান্য পরিমাণ পানি; অশ্রু-বিন্দু। ব أَوْشَال

وَاشِل : পানি ঝরাইতেছে এমন পাহাড়।

وَاشِل الحَظّ : হতভাগ্য।

وَشَمَ - : (وَشْم)، وَشَّمَ (تَوْشِيم) (হাতে) উলকি দেওয়া।

أَوْشَمَ : (إِيشَام) (মাটি) উদ্ভিদ গজানো; (বিদ্যুৎ) ঝলকাইয়া উঠা।

~ فِي : মনোযোগ সহকারে পর্যবেক্ষণ করা।

إِسْتَوْشَمَ : (إِسْتِيشَام) উলকি দিতে চাওয়া।

وَشْم : উলকি-চিহ্ন। ব وِشَام، وُشُوم

وَشْمَة : বৃষ্টির ফোঁটা।

وَشِيمَة : অনিষ্ট; শত্রুতা, বিদ্বেষ।

وَشْنَة، وَشَنَة : গোলাকার ক্ষুদ্র ফলবিশেষ।

وَاشِنْطَن : ওয়াশিংটন ঃ মার্কিন যুক্তরাষ্ট্রের রাজধানী।

وَشْوَشَ : (وَشْوَشَة) কানাঘুষা করা।

وَشْوَشَة : কানাঘুষা, ফিসফিসানি।



www.pathagar.com

وَشَى - : (وَشْى) وَشًى، (تَوْشِيَة) নানা বর্ণে সজ্জিত করা, অলঙ্কৃত করা, বুটি তোলা।

~ : (وِشَايَة، وَشْى) বৃদ্ধি পাওয়া।

~ بِ : পরোক্ষ নিন্দা করা, অপবাদ দেওয়া, মিথ্যা অভিযোগ আনা, বিদ্বেষমূলক প্রচারণা চালানো; বিশ্বাসঘাতকতা করা।

وَشَى الْكَلَامَ : কথা সাজাইয়া বলা, মিথ্যা বলা।

أَوْشَى : (إِيشَاء) (মাটি) উদ্ভিদ গজানো; প্রথম ফল উৎপাদন করা; ধনী হওয়া; সংক্ষিপ্ত বিবরণ দেওয়া; আস্তে আস্তে বাহির করা; আরোগ্য করা।

إِسْتَوْشَى : (إِسْتِيشَاء) ডাক দেওয়া, জাগ্রত করা; শক্তি পরীক্ষার্থে অশ্ব-চালনা করা; (খনি) স্বল্প স্বর্ণবিশিষ্ট হওয়া।

وَشْى : চোগলখোরি, গীবত, কুটনামি, নিন্দা, অপবাদ, কুৎসা; অলঙ্করণ, নকশাকরণ।

~ : নকশা, সূচিকর্ম, বুটি, নকশী বস্ত্র; তরবারির চাকচিক্য। ব وِشَاء

شِيَة : দাগ, ত্রুটি, কলঙ্ক; চিহ্ন। ব شِيَات

وَشَاء : সম্পদ, প্রচুর উট।

وَشَّاء : নকশি বস্ত্র বিক্রেতা।

وِشَايَة : চোগলখোরি, গীবত, নিন্দা, কুৎসা, অপবাদ।

وَاشٍ : চোগলখোর, গীবতকারী, কুটনা, নিন্দুক, পরনিন্দুক, কুৎসাকারী; নকশাকার; তাঁতী; বহু সন্তানবিশিষ্ট ব্যক্তি, বহু পশুর মালিক। ব وُشَاة، وَاشُون

تَوْشِيَة : অলঙ্করণ, নকশাকরণ; নকশা, বুটি, সূচিকর্ম।

مُوَشًّى : সজ্জিত, অলঙ্কৃত, বুটিদার, সূচিকর্মকৃত, নকশি।

وَصَّ - وَصَّ (وَصّ) : (কাপড়) ময়লা হওয়া।

وَصَبَ - : (وُصُوب) টিকিয়া থাকা, অব্যাহত থাকা; দৃঢ় হওয়া।

~ عَلَى : নিয়োজিত হওয়া; দক্ষতার সহিত সম্পন্ন করা।

وَصِبَ - : (وَصَب) وَصَّبَ (تَوْصِيب) রুগ্ণ হওয়া, পীড়িত হওয়া।

أَوْصَبَ : (إِيصَاب) রুগ্ণ হওয়া, পীড়িত হওয়া; পীড়িত করা, রুগ্ণ সন্তান জন্ম দেওয়া।

وَصْب : তর্জনী ও অনামিকার মধ্যবর্তী স্থান।

وَصَب : রোগ, পীড়া, অসুস্থতা, রুগ্ণতা; স্থায়ী ব্যাধি; কষ্ট। ব أَوْصَاب

وَصِب : রুগ্ণ, পীড়িত, অসুস্থ। ব وِصَاب، وَصَابَى

وَاصِب : স্থায়ী, টেকসই; অব্যাহত।

وَاصِبَة : সুদূর বিস্তৃত (মরুভূমি)।

مُوَصَّب : দীর্ঘকাল যাবৎ রোগে ভুগিতেছে এমন (ব্যক্তি)।

وَصَدَ - : (وَصْد) দৃঢ় হওয়া, অনড় হওয়া, অটল থাকা; বাধা দেওয়া, প্রতিবন্ধকতা সৃষ্টি করা, (বস্ত্র) বয়ন করা।

~ بِ : অবস্থান করা।

وَصَّدَ : (تَوْصِيد) সতর্ক করা; উত্তেজিত করা; (বস্ত্র) বয়ন করা।

أَوْصَدَ : (إِيصَاد) (দরজা) বন্ধ করা; ক্ষান্ত করা; উত্তেজিত করা।

~ عَلَى : অত্যাচার করা।

~، إِسْتَوْصَدَ : (إِسْتِيصَاد) প্রস্তর বেষ্টনী নির্মাণ করা।

وَصَّاد : তাঁতী।

وَصِيد : দরজার গোবরাট; প্রবেশ-পথ; আঙিনা। ব وَصَائِدُ، وُصُد

~، وَصِيدَة : প্রস্তর-বেষ্টনী। ব وَصَائِد

مُوصَد : বন্ধ।

مُوَصَّد : পর্দা।

وِصْر، وَصَرَّة، وَصِيرَة : চুক্তি। ব وَصَائِرُ، أَوْصَارٌ

~، وَصِير : দলীল। ব أَوْصَار

وَصَع، وَصِيع : ক্ষুদ্র পাখিবিশেষ। ব وِصْعَان

وَصَفَ - (وَصْف، صِفَة) : প্রশংসা করা, বিশেষিত করা; বর্ণনা করা, চিত্রিত করা, অঙ্কিত করা।

~ : (وَصْفَة) ~ لِ (রোগের) ব্যবস্থাপত্র দেওয়া।



www.pathagar.com

وَصُفَ : ـُ (وَصَافَة) أَوْصَفَ (إِيْصَاف) কাজের উপযুক্ত হওয়া।

لَايُوصَف : অবর্ণনীয়।

تَوَصَّفَ : চাকর রাখা, সেবক নিয়োজিত করা।

تَوَاصَفَ : একে অন্যের নিকট বর্ণনা করা, পরস্পর বলাবলি করা।

إِتَّصَفَ : (إِتِّصَاف) বর্ণিত হওয়া।

~ بِ : বিশেষিত হওয়া; গুণান্বিত হওয়া; বৈশিষ্ট্যমণ্ডিত হওয়া, চিহ্নিত হওয়া, পরিচিত হওয়া।

إِسْتَوْصَفَ : (إِسْتِيْصَاف) পরামর্শ চাওয়া, পরামর্শ করা; বর্ণনা করিতে বলা।

وَصْف : বর্ণন, চিত্রণ, বিশ্লেষণ, গুণাগুণ বর্ণনা।

~ : গুণ, বৈশিষ্ট্য; বিশেষণ (ব্যা)। ব أَوْصَاف

لَايُمْكِنُ وَصْفُهُ : অবর্ণনীয়।

فَوْقُ الْوَصْفَ : বর্ণনার উর্ধ্বে, বর্ণনাতীত।

وَصْفَة : বর্ণনা, বিবরণ; (রোগের) ব্যবস্থাপত্র।

وَصْفَة مَكْتُوبَة : সূত্র, ফর্মুলা, Formula.

صِفَة : গুণ, বৈশিষ্ট্য, ধর্ম; বিশেষণ (ব্যা); পন্থা, পদ্ধতি। ব صِفَات

صِفَة خُصُوصِيَّة : বিশেষ বৈশিষ্ট্য।

~ ذَاتِيَّة : স্বকীয় বৈশিষ্ট্য।

~ مُؤَهِّلَة : অর্জিত যোগ্যতা।

~ مُمَيِّزَة : পার্থক্য-নিরূপক বৈশিষ্ট্য।

بِصِفَة : হিসেবে, অর্থে, ভাবে, রূপে, ক্ষমতাবলে।

بِصِفَة خَاصَّة : বিশেষভাবে।

~ عَامَّة : সাধারণভাবে।

~ رَسْمِيَّة : সরকারিভাবে, আনুষ্ঠানিকভাবে।

~غَيْر رَسْمِيَّة : বেসরকারিভাবে, অনানুষ্ঠানিকভাবে।

بِصِفَتِهِ وَزِيرًا : মন্ত্রী হিসেবে, মন্ত্রীরূপে।

وَصْفِيّ : বর্ণনামূলক, বিবরণমূলক; গুণগত; বিশেষণ-সম্বন্ধীয়।

وَصْفِيَّة : বিশেষিত।

وَصَّاف : বর্ণনাকারী, বিবরণদাতা; অভিজ্ঞ চিকিৎসক।

إِيصَاف، وَصَافَة : কাজের যোগ্যতা।

وَصِيف : বালক; সেবক, চাকর, ভৃত্য, দাস, পরিচারক। ব وُصَفَاء

وَصِيفَة : বালিকা; সেবিকা; চাকরানী, দাসী, পরিচারিকা। ব وَصَائِف

مَوْصُوف : বর্ণিত, বিবৃত; চিত্রিত; বিশেষিত; গুণবিশিষ্ট, বৈশিষ্ট্যমণ্ডিত; (ব্যাকরণে) বিশেষিত পদ; ব্যবস্থাপত্রে উল্লিখিত (ঔষধ)।

مُوَاصَفَة : বিশ্লেষণ, নির্দেশনা।

~ : বিশদ বিবরণ, Specification. ব مُوَاصَفَات

مُتَّصِف : বিশেষিত, গুণান্বিত, বৈশিষ্ট্যমণ্ডিত।

مُسْتَوْصَف : চিকিৎসালয়, ঔষধালয়, ক্লিনিক, Clinic. ব مُسْتَوْصَفَات

وَصَلَ : ـِ (صِلَة، وَصْل) সংযুক্ত করা, একত্রিত করা, মিলিত করা, সম্পৃক্ত করা, সম্পর্ক প্রতিষ্ঠা করা; (চুল) বাঁধা।

~ بِ : দান করা।

~ : (وُصُول) إِلَى ~ পৌঁছা, উপনীত হওয়া, আগমন করা।

وَصَلَهُ الْخَبَرُ : তাহার নিকট সংবাদ পৌঁছিয়াছে, সে সংবাদ পাইয়াছে।

وَصَلَنِي خِطَاب : আমার নিকট একটি চিঠি পৌঁছিয়াছে; আমি একটি চিঠি পাইয়াছি।

وَصَلَ الشَّيْءُ إِلَى الْمِقْدَار : বস্তুটি যথা পরিমাণে পৌঁছিয়াছে, পর্যায়ে পৌঁছিয়াছে।

وَصَّلَ : (تَوْصِيل) সংযুক্ত করা, একত্রিত করা, মিলিত করা।

~, أَوْصَلَ : (إِيصَال) إِلَى ~ পৌঁছাইয়া দেওয়া; পরিচালিত করা, লইয়া যাওয়া; সঙ্গে করিয়া নেওয়া, বহন করিয়া নেওয়া।

وَاصَلَ : (مُوَاصَلَة) অব্যাহত রাখা, লাগিয়া থাকা, চালাইয়া যাওয়া, ধরিয়া রাখা, বজায় রাখা; সম্পর্ক রাখা, যোগাযোগ রাখা; সংলগ্ন থাকা; সঙ্গম করা।



www.pathagar.com

تَوَصَّلَ ~ إِلَى : পৌঁছা, উপনীত হওয়া, আগমন করা, লাভ করা, সুযোগ পাওয়া, নাগাল পাওয়া; সম্পৃক্ত হওয়া।

تَوَاصَلَ : পরস্পর সম্পর্কযুক্ত হওয়া; পর্যায়ক্রমে চলিতে থাকা।

إِتَّصَلَ : (إِتِّصَال) অব্যাহত থাকা, চলিতে থাকা।

~ إِلَى : পৌঁছা, উপনীত হওয়া, আগমন করা।

~ بِ : সংযুক্ত হওয়া, সম্পৃক্ত হওয়া, যোগসূত্র থাকা, যোগাযোগ করা; সংলগ্ন হওয়া; নিকটস্থ হওয়া; একত্রিত হওয়া, মিলিত হওয়া; (সংবাদ) জ্ঞাত হওয়া।

إِسْتَوْصَلَ : (إِسْتِيْصَال) সংযোগ চাওয়া, মিলন কামনা করা।

إِسْتَوْصَلَتْ : মহিলা নিজের চুল অন্য মহিলার চুলের সহিত সংযুক্ত করিতে চাহিল।

وَصْل : যোগাযোগ, সম্পর্ক, যোগসূত্র, মিলন, সন্ধি, সংযোগ, জোড়, জংশন; সার-সংক্ষেপ; রসিদ, ভাউচার। ব أَوْصَالٌ

لَيْلَةُ الْوَصْل : চান্দ্রমাসের শেষ রাত্রি।

~ حَرْف : (ছন্দঃশাস্ত্রে) হরকতযুক্ত الرَّوِى-এর পরবর্তী 'و' অথবা 'ا' অথবা 'ى' অথবা 'ه'

وُصْل : অঙ্গ; জোড়া; সদস্য। ব أَوْصَال

حَلَّ أَوْصَالَهُ : বিচ্ছিন্ন করা।

وُصْلَة : মিলন, সংযোগ, যোগাযোগ সম্পর্ক, বন্ধন, জংশন, জোড়া; সংযোগ-চিহ্ন Conjunction sign, ব وُصَل، وُصْلَات

صِلَة : সংযোগ, যোগাযোগ, মিলন, যোগসূত্র, সম্পর্ক, বন্ধন; আত্মীয়তা; দান, উপহার; ব্যাকরণে সিলা, (صِلَة) ব صِلَات

وَاصِل : আগমনকারী; আগামী; সংযোগকারী; সংযোজক; আদৌ।

وَاصِل بِنْ عَطَا : ওয়াসিল ইবনে 'আতা আল-গায্যাল (৬৯৯-৭৪৮ খ্রি.) ঃ মু'তাযিলী মতবাদের অন্যতম প্রবর্তক। মদীনায় জন্মগ্রহণ করেন ও বসরায় বসবাস করেন। হাসান আল-বাসরীর শিষ্য।

وَاصِلَة : অন্যের চুলের সহিত নিজের চুল সংযোগকারিণী।

وِصَال : মিলন, সংযোগ; যোগাযোগ।

صَوْمِ الْوِصَال : দিনে রোযা রাখিয়া পরবর্তী রাত্রে রোযা ভঙ্গ না করিয়া উপর্যুপরি দু'দিনের রোযা।

وَصُول : দানশীল, বদান্য ব্যক্তি।

وُصُول : আগমন, উপস্থিতি; প্রাপ্তি; আদায়, উসূল।

~ : রসিদ, ভাউচার। ব وُصُولَات

وُصُولِى : স্বার্থান্বেষী; ভূঁইফোড় লোক।

وَصِيل : অবিচ্ছেদ্য বন্ধু, অন্তরঙ্গ বন্ধু।

وَصِيلَة : সংযোগ-পথ, পার্শ্ব-পথ; বন্ধন; দশ বৎসর পর্যন্ত ক্রমাগত বাচ্চা প্রসবকারিণী উষ্ট্রী; বহু শাবক প্রসবকারিণী ভেড়ী; ডোরা-কাটা ইয়ামানী বস্ত্র; তরবারি; বকরির জময নর-মাদী শাবকদ্বয়ের মাদী শাবক ঃ জাহিলী যুগে আরবগণ ইহাকে অবধ্য মনে করিত। ব وَصِيلٌ، وَصَائِل

تَوْصِيل، إِيصَال : সংযুক্তকরণ, সংলগ্নকরণ, সংযোগ; প্রেরণ, সরবরাহ; চালান; পথপ্রদর্শন; পরিচালন; পরিবহন; রসিদ, ভাউচার।

تَوْصِيلِيَّة، إِيصَالِيَّة : পরিবাহিতা।

إِتِّصَال : সংযোগ, সম্পর্ক, যোগসূত্র, যোগাযোগ, মিলন, জংশন; সংযুক্তি; ঐক্যবদ্ধতা।

تَوَصُّل : উপস্থিতি, আগমন; অর্জন, প্রাপ্তি, লাভ; মিলন।

تَوْصِيلَة : ভাড়া, সংযোগ, যোগাযোগ।

تَوَاصُل : আদান-প্রদান, পারস্পরিক সংযোগ; ধারাবাহিকতা, নিরবচ্ছিন্নতা।

بِتَوَاصُلٍ : অবিরত, বারবার।

مَوْصِل : সংযোগস্থল, জোড়া; জংশন।

الْمُوصِل، الْمَوْصِل : মাওসিল (Mosul) ঃ ইরাকের একটি শহর ও প্রদেশ।

مُوصِل، مُوَصِّل : যে পরিচালিত করে; পরিচালক, পথ-প্রদর্শক; সংযোগকারী, সংযোজক।

~ : (তড়িৎ) পরিবাহী পদার্থ; Conductor.

مَوْصُول : সংযুক্ত, সংলগ্ন; লাগোয়া বস্তু।



www.pathagar.com

إِسْم الْمَوْصُول : সংযোজক সর্বনাম, Relative pronoun (ব্যা)।

مُتَّصِل : সংযুক্ত, সংলগ্ন, সম্পৃক্ত; সম্মিলিত, ঐক্যবদ্ধ; ধারাবাহিক, অবিরাম।

ضَمِير مُتَّصِل : বিশেষ্য বা ক্রিয়া সংযুক্ত সর্বনাম, সর্বনামীয় প্রত্যয় (ব্যা)।

مُوَاصَلَة : নিরবচ্ছিন্নতা, ধারাবাহিকতা; আদান-প্রদান।

~ : যোগাযোগ, যোগাযোগব্যবস্থা; জংশন; সম্পর্ক, মিলন। ব مُوَاصَلَات

وِزَارَة الْمُوَاصَلَات : যোগাযোগ মন্ত্রণালয়।

مُسْتَوْصِلَة : যে নারী অন্যের চুলের সহিত নিজের চুল সংযোগ করিতে চাহে।

وَصَمَ - : (وَصْم) অপমান করা, অসম্মান করা, অপবাদ দেওয়া; কলঙ্কিত করা, কলুষিত করা; ভাঙ্গিয়া ফেলা; তাড়াতাড়ি বাঁধা।

وَصَّمَ : (تَوْصِيم) ক্লান্তি বা দুর্বলতা অনুভব করা; ক্লান্ত করা, দুর্বল করা।

تَوَصَّمَ : ক্লান্তি অনুভব করা, অস্বাচ্ছন্দ্যবোধ করা; মলিন হওয়া, কলুষিত হওয়া, কলঙ্কিত হওয়া।

وَصْم : অপমান, অসম্মান; ত্রুটি, কলঙ্ক।

~ : ফাটল; গাছের গিঁঠ। ব وُصُوم

وَصْمَة : অপমান, অসম্মান; ত্রুটি, দাগ, কলঙ্ক; ক্লান্তি, অসুস্থতা, অস্বাচ্ছন্দ্যবোধ।

وَصَم : পীড়া।

وَصِيم : অনামিকা ও কনিষ্ঠাঙ্গুলির মধ্যবর্তী স্থান।

تَوْصِيم : অস্বাচ্ছন্দ্যবোধ, অসুস্থতা।

وَصْوَصَ : (وَصْوَصَة) ছিদ্র দিয়া উঁকি মারা; কানে কানে বলা।

وَصْوَاص، وَصْوَص : উঁকি দিয়া দেখিবার ছিদ্র। ব وَصَاوِص

وَصْوَصَة : উঁকি, গোপন চাহনি।

وَصَى - : (وَصْي) بِ ~ সংলগ্ন হওয়া; সংযুক্ত করা।

~ : (وَصَاءَة، وُصِيّ) (ভূমি) ঘন গাছপালাবিশিষ্ট হওয়া।

وَصَّى، أَوْصَى : (إِيصَاء، تَوْصِيَة) ب ~ বিশ্বাস করিয়া অর্পণ করা, সোপর্দ করা; নির্দেশ দেওয়া, আদেশ করা, পরামর্শ দেওয়া, উপদেশ দেওয়া, সুপারিশ করা; দায়িত্ব দেওয়া, ন্যস্ত করা; প্রশংসা করা।

~, ~ ب : অসিয়ত করা, উইল করিয়া দেওয়া।

~, ~ إِلَى : অছি নিয়োগ করা, তত্ত্বাবধায়ক মনোনীত করা।

~, ~ أَنْ : মনস্থ করা, সংকল্প করা।

وَاصَى : (مُوَاصَاة) সংলগ্ন হওয়া, পার্শ্ববর্তী হওয়া।

تَوَاصَى : একে অন্যকে উপদেশ দেওয়া, পরামর্শ বা নির্দেশ দেওয়া।

إِسْتَوْصَى بِهِ خَيْرًا : (إِسْتِيصَاء) সদিচ্ছা পোষণ করা, মঙ্গল কামনা করা, হিতাকাঙ্ক্ষী হওয়া; সুপারিশ অনুমোদন করা।

إِسْتَوْصَى بِالأَجْرِ خَيْرًا : সে পরিমিত মূল্য স্থির করিল।

وَصِيّ : অছি, ভারপ্রাপ্ত ব্যক্তি; তত্ত্বাবধায়ক; অভিভাবক; প্রতিনিধি; মক্কেল; উইলকারী। ব أَوْصِيَاء

وَصِيّ الْمَلِك : রাজ-প্রতিনিধি।

وَصِيَّة : অসিয়ত, উইল, নির্দেশ, আদেশ, উপদেশ, পরামর্শ, সুপারিশ। ব وَصَايَا

وَصَاة، وَصَايَة : ব্যবস্থাপত্র; নির্দেশ, আদেশ; পরামর্শ, সুপারিশ। ব وُصًى

وِصَايَة : অভিভাবকত্ব, তত্ত্বাবধান, রক্ষণাবেক্ষণ; কর্তৃত্ব; নির্দেশ, আজ্ঞা। ব وَصَايَا

تَحْتَ الْوِصَايَة : রক্ষণাধীন, আজ্ঞাধীন।

~ مَجْلِس : রাজ্য পরিচালনার তত্ত্বাবধায়ক পরিষদ, Regency council.

تَوْصِيَة : সুপারিশ; উপদেশ; পরামর্শ; আদেশ, নির্দেশ, আজ্ঞা; উইল। ব تَوَاصٍ، تَوْصِيَات

بِالتَّوْصِيَة : আদেশক্রমে।

مَصْنُوع بِالتَّوْصِيَة : ফরমায়েশ মোতাবেক প্রস্তুত, ফরমায়েশী পণ্য।



www.pathagar.com

خِطَاب تَوْصِيَة : সুপারিশপত্র।

~ شَرِكَة : সীমিত অংশীদারিত্ব, Limited partnership.

إِيصَاء : নির্দেশদান, আদেশ প্রদান; ন্যস্তকরণ, ভারার্পণ; তত্ত্বাবধায়ক নিয়োগ।

مُوَصٍّ، مُوصٍ : অসিয়তকারী, উইলকারী, সুপারিশকারী।

مُوصًى بِهِ : উইলকৃত, অসিয়তকৃত (সম্পত্তি); সুপারিশকৃত, নির্দেশিত।

مُوصًى لَهُ : যাহার জন্য অসিয়ত করা হইয়াছে, উইল-করা সম্পত্তির অধিকারী।

~ إِلَيْهِ : উইল-করা সম্পত্তির তত্ত্বাবধায়ক, ওছি।

~ عَلَيْهِ : রেজিস্ট্রিকৃত (চিঠি)।

وَضُؤَ ـُ : (وَضَاءَة، وُضُوء) পরিচ্ছন্ন হওয়া, নির্মল হওয়া।

تَوَضَّأ : ওযূ করা; পরিচ্ছন্ন হওয়া।

وَاضِئ، وُضَّاء : উজ্জ্বল; পরিচ্ছন্ন।

وَضَاءَة : পরিচ্ছন্নতা, নির্মলতা, পবিত্রতা; উজ্জ্বলতা।

وَضُوء : ওযূর পানি।

وُضُوء : ওযূ; পরিচ্ছন্নতা, নির্মলতা, পবিত্রতা।

وَضِيء : নির্মল, পরিচ্ছন্ন, পবিত্র; উজ্জ্বল। ব وِضَاء، أَوْضِيَاء

تَوَضُّؤ : ওযূ।

مِيضَأَة، مِيضَاة : ওযূখানা, ওযূর পানির পাত্র।

مُتَوَضَّأ : ওযূখানা।

وَضَّبَ : (تَوْضِيب) বিন্যস্ত করা, সাজাইয়া রাখা, প্রস্তুত রাখা; ঠিক করা।

تَوْضِيب : বিন্যাস; সজ্জিতকরণ, প্রস্তুতকরণ।

وَضَحَ ـِ : (وُضُوح) تَوَضَّحَ، اِتَّضَحَ (اِتِّضَاح) স্পষ্ট হওয়া, পরিষ্কার হওয়া, দৃষ্টিগোচর হওয়া, প্রকাশ পাওয়া।

وَضَّحَ، أَوْضَحَ : (تَوْضِيح، إِيضَاح) স্পষ্ট করা, পরিষ্কার করা, ব্যাখ্যা করা, প্রকাশ করা, ফুটাইয়া তোলা।

اِسْتَوْضَحَ : (اِسْتِيضَاح) ব্যাখ্যা চাওয়া, স্পষ্ট করিতে চাওয়া, স্পষ্টভাবে দেখিতে বা বুঝিতে চাওয়া।

~ عَنْ : পরীক্ষা করা, তদন্ত করা, অনুসন্ধান করা।

وَضَح : আলো; উজ্জ্বলতা; শুভ্রতা; চন্দ্র; দুগ্ধ; রাজপথ। ব أَوْضَاح

فِي وَضَحِ النَّهَار : প্রকাশ্য দিবালোকে।

وَضَحَة : গাধী।

وَاضِح : স্পষ্ট, পরিষ্কার, প্রকাশ্য, প্রকাশিত, প্রমাণিত; উজ্জ্বল; শুভ্র, ফর্সা।

وَاضِح بِذَاتِهِ : স্বয়ংসিদ্ধ, স্বতঃসিদ্ধ, স্বতঃপ্রমাণিত।

وَاضِحَة : হাস্যকালে প্রদর্শিত দন্ত। ব وَاضِحَات

وَضَّاح : উজ্জ্বল, পরিষ্কার, সুস্পষ্ট; দিবস।

اِتِّضَاح، وُضُوح : স্পষ্টতা; প্রকাশ, আবির্ভাব।

بِوُضُوح : স্পষ্টভাবে।

وَضِيحَة : মেষ, উট। ব وَضَائِح

تَوْضِيح، إِيضَاح : স্পষ্টকরণ, ব্যাখ্যাকরণ, বিশ্লেষণ; প্রদর্শন; ব্যাখ্যা; প্রকাশ।

إِيضَاحِيّ : ব্যাখ্যামূলক, বিশদ, বিস্তারিত।

اِسْتِيضَاح : ব্যাখ্যা তলবকরণ; প্রশ্ন উত্থাপন; তদন্ত, অনুসন্ধান।

مُوضِحَة : ফর্সা সন্তান প্রসবকারিণী। ব مَوَاضِح

مُتَّضِح : সুস্পষ্ট।

مُتَوَضِّح : সাদাটে (উট)।

وَضَخَ ـَ : (وَضْخ) (বালতি) অর্ধেক পূর্ণ করা।

وَاضَخَ، تَوَاضَخَ : (مواضخة) একসাথে দৌড় দেওয়া, পানি উঠাইবার প্রতিযোগিতা করা।

أَوْضَخَ : (إِيضَاخ) (বালতি) অর্ধেক ভরা; পানি উঠানো।

وَضُوخ : অর্ধ-বালতি পানি।

وَضِرَ ـَ : (وَضَر) ময়লাযুক্ত হওয়া, নোংরা হওয়া।

وَضَر : ময়লা, অপরিচ্ছন্নতা। ব أَوْضَار

وَضِر : ময়লাযুক্ত, নোংরা।

وَضْرَى : গুহ্যদ্বার।



www.pathagar.com

وَضْرَاء : খেজুরের পিণ্ড, বড় পাথর।

وَضَعَ : ـَ (وَضْــع) রাখা, স্থাপন করা, নিচে নিক্ষেপ করা, ছাড়িয়া দেওয়া; সংলগ্ন করা; লাগানো; (সন্তান) প্রসব করা, প্রতিষ্ঠা করা, সূচনা করা; লিপিবদ্ধ করা; লিখিয়া রাখা; রচনা করা, মিথ্যা রচনা করা; প্রবর্তন করা, সৃষ্টি করা, লাঞ্ছিত করা, হেয় করা।

~ مِنْ : অপদস্থ করা, হেয় করা; ক্ষমতা হ্রাস করা।

~ عَنْ : ভারমুক্ত করা, বোঝা নামানো, লাঘব করা, কমানো; মার্জনা করা; অব্যাহতি দেওয়া; (অশ্বের) জিন খুলিয়া ফেলা।

~ عَلَى : চাপানো, আরোপ করা, ধার্য করা।

~ فِى : সংলগ্ন করা; স্থাপন করা।

~ : (ضَعَـة، وُضُـوع، وَضْـع) ~ نَفْسُهُ স্বীয় আচরণে অপদস্থ হওয়া, লাঞ্ছিত হওয়া।

وَضَعَ أَسَاسًا : ভিত্তি স্থাপন করা।

~ إِقْتِرَاحًا : প্রস্তাব রাখা, পরামর্শ দেওয়া।

~ تَقْرِيرًا : রিপোর্ট তৈরি করা বা লেখা।

~ ثِقَتَهُ ~ : فِى ~ আস্থা স্থাপন করা।

~ حَدًّا ~ : لِ ~ সমাপ্তি টানা, শেষ করা।

~ خَتْمًا ~ : عَلَى ~ সিল লাগানো, সিল মারা।

~ السِّلَاحَ : (শত্রুর নিকট) অস্ত্র সমর্পণ করা, আত্মসমর্পণ করা।

وَضَعَ عَصَاهُ : থামা, যাত্রাবিরতি করা।

~ عُنُقَهُ : শিরশ্ছেদ করা, মস্তক ছিন্ন করা।

~ لَفْظًا : শব্দ উদ্ভাবন করা, শব্দ বানানো।

~ مَشْرُوعًا : পরিকল্পনা করা।

~ مِنْ قَدْرِهِ : মর্যাদা কমানো।

~ نَظْمًا : বিধিমালা প্রণয়ন করা।

~ نَظَّارَتَهُ عَلَى عَيْنَيْهِ : সে স্বীয় চোখে চশমা লাগাইল, চশমা পরিধান করিল।

~ يَدَهُ ~ : عَلَى ~ দখল করিয়া লওয়া।

وَضَعَهُ عَلَى جَانِبٍ، وَضَعَهُ جَانِبًا : দূরে রাখা।

~ عَلَى حِدَةٍ : পৃথক করিয়া রাখা।

وَضَعَ فِى جَيْبِهِ : পকেটস্থ করা, পকেটে রাখা; আত্মসাৎ করা।

~ مَوْضِعَهُ : স্থলাভিষিক্ত করা, যথাস্থানে রাখা।

~ فِى غَيْرِ مَوْضِعِهِ : অপাত্রে রাখা, ভুল স্থানে রাখা।

~ مَوْضِعَ التَّنْفِيذِ : কার্যকর করা।

~ ~ الشَّكِّ : সন্দেহ করা; প্রশ্ন তোলা।

~ ~ الْعَمَلِ : কার্যে পরিণত করা।

~ نُصْبَ عَيْنَيْهِ : মনে রাখা; দৃষ্টিতে রাখা, লক্ষ্যস্থল করা।

~ مِنْ يَدِهِ : সরাইয়া রাখা, রাখিয়া দেওয়া।

~ تَحْتَ يَدِهِ : অধীনে রাখা, করতলগত করা।

وَضَعَتْ حَمْلَهَا : (স্ত্রীলোক) সন্তান প্রসব করিল, আঁতুরঘরে অবস্থান করিল।

وَضِعَ : ـَ (وَضِيعَة، ضَعَة) وُضِعَ، فِى ~ (ব্যবসায়ে) লোকসান দেওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া; সম্মান কমিয়া যাওয়া।

وَضُعَ : ـُ (وَضَاعَة) নীচ হওয়া, হীন হওয়া।

وَضَّعَ : (تَوْضِيع) নত করা, অপদস্থ করা; নুটি পাকানো; (লেপ ইত্যাদি) তুলা ভরিয়া সেলাই করা।

وَاضَعَ : (مُوَاضَعَة) বাজি রাখা; ক্রেতার নিকট (পণ্য) বিলি করা।

~ فِى : একমত হওয়া, রাজি হওয়া।

أَوْضَعَ : (إِيضَاع) শান্ত ও দ্রুত পদক্ষেপে চলা; ত্বরা করা; আস্তে আস্তে চালানো।

~ فِى : কার্যকর ভূমিকা গ্রহণ করা, কার্যকরভাবে অংশগ্রহণ করা।

اوضِعَ فِى التِّجَارَة : ব্যবসায় ক্ষতিগ্রস্ত হওয়া, লোকসান দেওয়া।

تَوَاضَعَ : বিনয়ী হওয়া, বিনয় প্রদর্শন করা, নত হওয়া, বিনীত আচরণ করা।

~ عَلَى : সম্মত হওয়া, একমত হওয়া।

إِتَّضَعَ : (إِتِّضَاع) নত হওয়া, বিনীত আচরণ করা; আরোহণের উদ্দেশ্যে (উটকে) নোয়ানো।



www.pathagar.com

إِسْتَوْضَعَ : (إِسْتِيْضَاع) দাম কমাইতে চাওয়া; অব্যাহতি চাওয়া।

وَضْع : স্থাপন, রক্ষণ; সংলগ্নকরণ; প্রতিষ্ঠাকরণ; লিপিবদ্ধকরণ, সংরক্ষণ; রচনা, উদ্ভাবন, প্রবর্তন; সম্পাদন; সূচনা; সৃষ্টি, আবিষ্কার; গঠন; (সন্তান) প্রসব।

~ : পরিস্থিতি, অবস্থা; অবস্থান, নীতি; রীতি, প্রথা; মনোভাব; ভাবভঙ্গি; স্থাপনা, প্রতিষ্ঠান। ব أَوْضَاع

وَضْع اليَد : দখল।

الوَضْع الحَالِيّ : বর্তমান পরিস্থিতি।

وَضْعًا وَقَوْلاً : কাজে ও কথায়।

وَضْعَة : পরিস্থিতি; স্থান; অবস্থান।

وَضْعِيّ : অবস্থা বা পরিস্থিতি সম্বন্ধীয়, অবস্থান-সংক্রান্ত; মানব-রচিত, বানানো; প্রথাগত; প্রকৃত; প্রত্যক্ষবাদী, Positivist.

قَانُون وَضْعِيّ : মানব-রচিত আইন, Positive law.

وَضْعِيَّة : পরিস্থিতি, প্রত্যক্ষবাদ, Positivism.

وَاضِع : স্থাপনকারী; আবিষ্কারক, উদ্ভাবক, প্রবর্তক; স্রষ্টা; মেকী কর্মকর্তা, রচয়িতা; প্রসূতি; মাথায় ওড়নাবিহীন (নারী)।

وَاضِع اليَد : দখলকারী।

ضَعَة، وَضَاعَة : হীনতা, নীচতা।

وَضِيع : পাত্রে রক্ষিত তাজা খেজুর; ভাণ্ডার, গুদাম, হীনমনা ব্যক্তি।

~ : নীচ, হীন, হেয়; সাধারণ; নিকৃষ্ট। ব وُضَعَاء

الوَضِيع وَالرَّفِيع : ছোট-বড়, ইতর-সম্ভ্রান্ত।

الطَّبَقَة الوَضِيعَة : নিম্নশ্রেণী।

وَضِيعَة : রক্ষিত বস্তু, গচ্ছিত বস্তু, আমানত; পর্যটকদের আসবাবপত্র; কর; দত্তক-পুত্র। ব وَضَائِع

~ : হ্রাসকৃত মূল্য।

إِتِّضَاع، تَوَاضُع : বিনয়, বিনীত আচরণ; নীচতা, হীনতা।

مَوْضِع : স্থান, অবস্থান; মর্যাদা; পাত্র। ব مَوَاضِع

فِي مَوْضِعِه : যথাস্থানে, সঠিক পাত্রে।

~ فِي غَيْرِ : ভুল স্থানে, অপাত্রে।

مَوْضِعِيّ : স্থানীয়।

مُوَضَّع : ভগ্ন; দুর্বল কাঠামোবিশিষ্ট।

مَوْضُوع : রক্ষিত, স্থাপিত; সংরক্ষিত; রচিত, মিথ্যা রচিত, জালকৃত; উদ্ভাসিত, প্রবর্তিত, আবিষ্কৃত, স্থগিতকৃত।

~ : বিষয়, বস্তু, বিষয়বস্তু; আলোচ্য বিষয়; সমস্যা; নিবন্ধ; কর্তব্য। ব مَوَاضِيع، مَوْضُوعَات

مَوْضُوع دَقِيق : সূক্ষ্ম বিষয়।

فِهْرِس المَوَاضِيع : বিষয়-তালিকা, বিষয়সূচি, সূচিপত্র।

مَوْضُوعِيّ : বস্তুগত, বৈষয়িক; বিষয়বস্তু-সংক্রান্ত, বিষয়বস্তুগত।

مَوْضُوعِيَّة : বস্তুনিষ্ঠবাদ, বস্তুনিষ্ঠতা, Objectivism.

مَوْضُوعِيَّة : নম্র, বিনীত, বিনয়ী, নিরহংকার।

وَضَفَ - : (وَضْف) أَوْضَفَ، (إِيضَاف) (উট) কদমে চলা, কদমে চালানো।

وَضَف : ফিঙ্গা, Sling. ব أَوْضَاف

وَضَّاف : ফিঙ্গা দ্বারা নিক্ষেপকারী, Slinger.

وَضَمَ - : (وَضْم) أَوْضَمَ، (إِيضَام) শুকাইবার জন্য গোশত তক্তার উপর রাখা।

إِسْتَوْضَمَ : (إِسْتِيضَام) গালি দেওয়া, কুৎসা করা।

وَضَم : (গোশত কাটিবার) কাঠের কুঁদা; গোশত শুকাইবার তক্তা বা মাদুর। ব أَوْضَام، أَوْضِمَة

وَضَنَ - : (وَضْن) ভাঁজ করা, চুনট করা; খোঁপা বাঁধা, কোঁকড়া করা; গাদাগাদি করিয়া সাজাইয়া রাখা।

تَوَضَّنَ : ~ لِ নত হওয়া, নতি স্বীকার করা।

إِتَّضَنَ : ~ (إِتِّضَان) সংযুক্ত হওয়া, সংলগ্ন হওয়া।

وَضِين : জিনের পেটির চামড়ার পশম। ব وُضُن

~، مَوْضُون : ভাঁজকৃত, চুনটকৃত, বয়নকৃত।

مَوْضُونَة : রত্নখচিত বলয়বিশিষ্ট লৌহ-বর্ম।



www.pathagar.com

مِيضَنَة : খেজুর পাতা বা তালপাতার ঝুড়ি। ব مَوَاضِن

وَطَّ : ـُ (وَطّ) ক্যাঁচক্যাঁচ শব্দ করা; কর্কশ শব্দ করা; (শিশু) চিৎকার করা।

وَطِئَ : ـَ (وَطْء) পদদলিত করা, মাড়ানো, উপর দিয়া হাঁটা; (অশ্বে) আরোহণ করা; সঙ্গম করা; বিচরণ করা; লুটতরাজ করা; দুর্ব্যবহার করা।

وَطَأ : ـَ (وَطْء) সমান করা, সহজ করা, মসৃণ করা; (পথ) সুগম করা।

وَطُؤَ : ـُ (وُطُوءَة، وَطَاءَة) সমান হওয়া, সমতল হওয়া; নরম হওয়া।

وَطَّأ : (تَوْطِئَة) সমান করা, সমতল করা, মসৃণ করা, সহজ করা, সুগম করা; নরম করা, প্রস্তুত করা; হ্রাস করা; নিচু করা।

وَاطَأ، تَوَطَّأ : (مُوَاطَاة) عَلَى ~ সম্মত হওয়া, একমত হওয়া।

أَوْطَأ : (إِيطَاء) পদদলিত করানো; আরোহণে সাহায্য করা।

تَوَاطَأ : عَلَى ~ সম্মত হওয়া, একমত হওয়া; সহযোগিতা করা; যোগসাজশ করা।

إِتَّطَأ : (اِتِّطَاء) সমান হওয়া, সমতল হওয়া; সহজ হওয়া; প্রস্তুত হওয়া; সুগম হওয়া।

إِسْتَوْطَأ : (إِسْتِيطَاء) মসৃণ বা নরম পাওয়া।

وَطْء : পদদলন; সঙ্গম; নিচু ভূমি।

وَطَاء : নিচু ভূমি; বিছানা; আসন।

وَطْأة : চাপ, বলপ্রয়োগ; শাস্তি; পদক্ষেপ; পদদলন।

شَدِيد الوَطْأة : নিষ্ঠুর; মারাত্মক পরিণতিবিশিষ্ট।

وَطَأة : পর্যটক-দল।

وَاطِئ، وَطِئ : নিচু, সমতল; নরম, কোমল।

وَطِئ الخُلُق : কোমল স্বভাব।

وَطِيئَة : দুধ ও খেজুরের তৈরি পিঠা, বিস্কুট, কেক; শুকনা গোশতপূর্ণ থলি।

أَوْطَأ : অধিকতর নিচু।

تَوْطِئَة : নিচুকরণ; হ্রাসকরণ; প্রস্তুতি; সূচনা।

مُوَاطَاة، تَوَاطُؤ : সম্মতি, গোপন চুক্তি, যোগসাজশ।

مَوْطِئ، مَوْطَأ : পা রাখিবার স্থান, পা-দানি; পাদপীঠ; পদচিহ্ন; পদক্ষেপ। ব مَوَاطِئ

مُوَطَّأ : সমতল, মসৃণ; সুগম; সহজীকৃত।

مُوَطَّأ الأَكْنَاف : সরল, মিশুক।

المُوَطَّأ : ইমাম মালিক ইবনে আনাস [র] (মৃ. ৭৫৯ খ্রি.)-এর সংকলিত হাদীসগ্রন্থ।

مَوْطُوء : পদদলিত।

مِيطَأ : নিচু ভূমি।

وَطْب : দুধ বা পনিরের মশক; ভাণ্ডার। ব أَوَاطِب، أَوْطُب، أَوْطَاب، وِطَاب

خَالِي الوِطَاب : শূন্যভাণ্ডার।

صَفِرَتْ وِطَابُهُ : (তাহার ভাণ্ডার শূন্য হইয়াছে), সে মরিয়া গিয়াছে বা নিহত হইয়াছে।

وَطْبَاء : স্ফীতবক্ষা, উন্নতবক্ষা।

وَطَحَ : ـ (طِحَة، وَطْح) সজোরে ধাক্কা মারা, ঠেলা দেওয়া।

تَوَاطَحَ : ক্ষতি করা; ভিড় করা; ঠেলাঠেলি করা।

وَطْح : নখের ময়লা।

وَطَدَ : ـ (وَطْد)، وَطَّدَ، (تَوْطِيد) সুদৃঢ় করা, শক্ত করা, শক্তিশালী করা, জোরদার করা; স্থির করা, প্রতিষ্ঠিত করা, স্থাপিত করা, (মাটি) গাদানো, সমান করা; (আস্থা) স্থাপন করা।

~، ~ لِ : প্রস্তুত করা, রাস্তা তৈরি করা।

وَطَّدَ ثِقَتَهُ، وَطَدَ ثِقَتَهُ : ~ فِي আস্থা স্থাপন করা, দৃঢ়ভাবে বিশ্বাস করা।

وَطَّدَ عَزْمًا : ~ عَلَى মনস্থ করা, সিদ্ধান্ত করা।

سُلْطَتَهُ ، ~ سُلْطَتَهُ : ~ কর্তৃত্ব জোরদার করা।

تَوَطَّدَ : শক্ত হওয়া, সুদৃঢ় হওয়া, জোরদার হওয়া, প্রতিষ্ঠিত হওয়া।

وَطْدَة : প্রচণ্ড ধাক্কা।

مُتَوَاطِد، مُوَطَّد، مَوْطُود، وَاطِد، وَطِيد : সুদৃঢ়, শক্ত, স্থির, অনড়, অটল।

وَطِيدَة : ভিত্তি, স্তম্ভ; উনুনের ঝিঁক। ব وَطَائِد

أَوْطَاد : পর্বতমালা।

تَوْطِيد : দৃঢ়ীকরণ, জোরদারকরণ; স্থিরীকৃতকরণ।



www.pathagar.com

مِيطَدَة : দুরমুশ, মুগুর।

وَطَر : ইচ্ছা, বাসনা, কামনা, মনোবাঞ্ছা, লক্ষ্য, উদ্দেশ্য। ব أَوْطَار

قَضَى وَطَرَهُ : লক্ষ্য অর্জন করা, উদ্দেশ্য হাসিল করা, মনোবাঞ্ছা পূর্ণ করা।

وَطَسَ - (وَطْس) : (মাটি) গাদানো; আঘাত করা; ধাক্কা দেওয়া; চূর্ণ করা।

تَوَاطَسَ : একটির সহিত আরেকটির ধাক্কা লাগা।

~ عَلَى : প্রচণ্ড আক্রমণ করা।

وَطِيس : চুল্লি, উনুন; অগ্নিকুণ্ড। أَوْطِسَة، وُطُسٌ

حَمِيَ الْوَطِيسُ : যুদ্ধের আগুন জ্বলিয়া উঠিয়াছে, যুদ্ধ প্রচণ্ড হইয়াছে।

حَامِي الْوَطِيس : প্রচণ্ড, তীব্র যুদ্ধ।

وَطِيسَة : ভয়াবহতা।

وَطَشَ - (وَطْش) : আঘাত করা, চপেটাঘাত করা।

~ عَنْ : অপসারণ করা।

وَطَشَ الْكَلَامَ : অস্পষ্টভাবে কথা বলা।

وَطَّشَ : (تَوْطِيش) (সংবাদের) অংশবিশেষ বর্ণনা করা; সামান্য পরিমাণ দেওয়া।

وَطِفَ - َ : (وَطَف) ঘন ভ্রূবিশিষ্ট হওয়া; (বৃষ্টি) পড়া।

أَوْطَف : ঘন ভ্রূবিশিষ্ট ব্যক্তি; ভারী ও বর্ষণোন্মুখ (মেঘ)। স্ত্রী وَطْفَاء ব وُطْف

وِطَاق : তাঁবু। ব وِطَاقَات

وَطَنَ - َ أَوْطَنَ : (وَطْن، إِيطَان) ~ بِ বাস করা, অবস্থান করা, নিবাস স্থাপন করা।

وَطَّنَ، تَوَطَّنَ، إِسْتَوْطَنَ : (تَوْطِين، إِسْتِيطَان) বাসস্থান নির্বাচন করা, বাড়ি বানানো, বসতি স্থাপন করা।

وَطَّنَ نَفْسَهُ، تَوَطَّنَ نَفْسَهُ : ~ عَلَى মানসিকভাবে প্রস্তুত হওয়া, মনস্থ করা।

وَاطَنَ : (مُوَاطَنَة) ~ عَلَى একমত হওয়া, সম্মত হওয়া।

وَطَن : স্বদেশ, মাতৃভূমি, বাসস্থান; (পশুর) আবাস। ব أَوْطَان

حُبّ الْوَطَن : স্বদেশপ্রেম।

~ أَهْل : স্বদেশবাসী।

~ شَائِع، مُشَاع الْوَطَن : বিশ্বপ্রেমিক।

وَطَنِيّ : স্বদেশী, দেশবাসী, দেশীয়, জাতীয়, জাতীয়তাবাদী, দেশপ্রেমিক।

وَطَنِيَّة : দেশাত্মবোধ, জাতীয়, জাতীয়তাবাদ, দেশপ্রেম।

حُقُوق وَطَنِيَّة : জাতীয় অধিকার।

~ حُكُومَة : জাতীয় সরকার।

~ لُغَة : জাতীয় ভাষা, স্বদেশী ভাষা।

~ مَصْنُوعَات : দেশীয় পণ্যদ্রব্য।

~ نَعْرَة : অন্ধ দেশপ্রেম, উগ্র স্বদেশিকতা।

إِسْتِيطَان : বসতিস্থাপন।

مَوْطِن : বাসস্থান, বাসগৃহ, বসতি, নিবাস; স্বদেশভূমি, মাতৃভূমি; স্থান, অঞ্চল, এলাকা; সঠিক জায়গা, সঠিক সময়। ব مَوَاطِن

مُوَاطِن : দেশবাসী, নাগরিক।

مِيطَان : উদ্দেশ্য।

مُتَوَطِّن، مُسْتَوْطِن : অধিবাসী, বাসিন্দা, নাগরিক; দেশীয়; স্থানীয় বা আঞ্চলিক (রোগ); দৃঢ়মূল।

وَطْوَاط : বাদুড়। ব وَطَاوِط، وَطَاوِيط

وَطَّى : (تَوْطِيَة) নিচু করা।

وَاطٍ : নিচু; কোমল।

وَظَبَ - (وُظُوب) : ~ عَلَى নিয়মিতভাবে করা, অব্যাহত রাখা, করিতে থাকা, লাগিয়া থাকা।

وَاظَبَ : (مُوَاظَبَة) ~ عَلَى নিরবচ্ছিন্নভাবে করা, করিতে থাকা, লাগিয়া থাকা, অব্যাহত রাখা; অধ্যবসায়ী হওয়া, প্রচেষ্টা চালাইয়া যাওয়া; কষ্ট করা।

مُوَاظِب : নিরবচ্ছিন্নভাবে পালনকারী; অধ্যবসায়ী, নাছোড়বান্দা।



www.pathagar.com

مُوَاظَبَة : নিরবচ্ছিন্নভাবে পালন; অধ্যবসায়; স্থিরতা, স্থায়িত্ব।

مِيظَب : চকমকি-পাথরের তৈরি ছুরি।

وَظِرَ - َ : (وَظَر) মোটা হওয়া।

وَظِر : মোটা।

وَظَفَ - : (وَظْف) (উটের) লাগাম খাটো করা; পায়ের নলায় আঘাত করা; অনুসরণ করা।

وَظَّفَ : (تَوْظِيف) ভাতা প্রদান করা; কাজ দেওয়া, নিয়োগ করা; বিনিয়োগ করা, খাটানো; আরোপ করা; চাপাইয়া দেওয়া।

وَاظَفَ : (مُوَاظَفَة) সংলগ্ন হওয়া; সম্মত হওয়া; সাহায্য করা।

تَوَظَّفَ : নিয়োজিত হওয়া; নিয়োগ লাভ করা; চাকুরি পাওয়া; পদমর্যাদা লাভ করা, মর্যাদায় উন্নীত হওয়া।

إِسْتَوْظَفَ : (إِسْتِيظَاف) সবটুকু লওয়া।

وَظِيف : (পশুর) সামনের পায়ের নলা। ব أَوْظِفَة، وُظُف

وَظِيفَة : কাজ, চাকুরি, পদ; কর্তব্য, কর্ম; ভাতা, বেতন; (ঋণের) কিস্তি; চুক্তি। ব وَظَائِف

أَدَّى وَظِيفَةً : সে নিয়মিত কাজ করিল; কাজে যোগদান করিল; পদ পূরণ করিল।

وَظَائِف الأَعْضَاء : অঙ্গ-প্রত্যঙ্গের কাজ।

~ خَالِيَة : শূন্যপদ; কর্মখালি।

عِلْم وَظَائِف الأَعْضَاء، عِلْم الوَظَائِف : শারীরবৃত্ত, Physiology.

وَظَائِفِيّ، وَظِيفِيّ : দেহযন্ত্র-সম্বন্ধীয়।

تَوْظِيف : নিয়োগ।

تَوْظِيف المَال : বিনিয়োগ।

مُوَظَّف : নিয়োগকৃত, নিয়োগপ্রাপ্ত।

~ : কর্মচারী; কর্মকর্তা, অফিসার। ব مُوَظَّفُونَ

مُوَظَّف عُمُومِيّ، مُوَظَّف حُكُومِيّ : সরকারি কর্মচারী বা কর্মকর্তা।

مُتَوَظِّف : কর্মচারী।

وَظْمَة : সন্দেহ, অবিশ্বাস।

وِعَاء : পাত্র (وعى)

وَعَبَ - ِ : (وَعْب) সবটুকু লওয়া।

أَوْعَبَ : (إِيعَاب) সবটুকু লওয়া; সংগ্রহ করা; লাভ করা; উৎপাটিত করা; কাটিয়া ফেলা।

~ فِي : প্রবেশ করানো; প্রবিষ্ট করা।

إِسْتَوْعَبَ : (إِسْتِيعَاب) সবটুকু লওয়া; উৎপাটিত করা; কাটিয়া ফেলা; ধারণ করা; বেষ্টন করা; ধারণক্ষম হওয়া; আয়ত্ত করা; হৃদয়ঙ্গম করা; অধ্যয়ন করা।

وَعْب : রাজপথ। ব وِعَاب

وَعِيب : প্রশস্ত।

إِسْتِيعَاب : ধারণ-ক্ষমতা; অধ্যয়ন; আয়ত্ত, দখল, হৃদয়ঙ্গম।

وَعَثَ - َ : (وَعْث، وَعَث، وَعُثَ - ُ (وُعُوثَة) কঠিন হওয়া, কষ্টসাধ্য হওয়া, দুরূহ হওয়া।

~ : (وَعْث) (হাত) ভাঙ্গিয়া যাওয়া।

وَعَّثَ : (تَوْعِيث) বাধা দেওয়া, আটকাইয়া রাখা।

أَوْعَثَ : (إِيعَاث) দুর্গম পথে চলা, কঠিন ভূমিতে হাঁটা; কথা বলিতে অক্ষম হওয়া, নষ্ট করা, বিকৃত করা।

أَوْعَثَ فِي المَال : সে সম্পদ অপচয় করিল।

وَعْث : ভগ্ন অস্থি; কঠিন কাজ; চোরাবালি। ব وُعُوث

~ (পথ), কঠিন, দুরূহ, কষ্টকর, ক্লান্তিকর।

وَعْثَة : স্থূলকায় (স্ত্রীলোক)।

أَرْض وَعْثَة : কঠিন ভূমি।

وَعْثَاء : কষ্ট, ক্লান্তি, অসুবিধা; কঠোর পরিশ্রম।

رَكِبَ الوَعْثَاءَ : সে দুস্কর্ম করিল।

وُعُوث : বিপদ, আকস্মিক ঘটনা।

مُوَعَّث : দুর্গম (পথ)।

مَوْعُوث : উপেক্ষিত, ঘৃণিত।



www.pathagar.com

وَعَدَ - : (وَعْد، مَوْعِد، وَعْد) أَوْعَدَ (إِيْعَاد) ওয়াদা করা, প্রতিজ্ঞা করা, প্রতিশ্রুতি দেওয়া, কথা দেওয়া; প্রতিশ্রুতিবদ্ধ হওয়া; হুমকি প্রদান করা; সম্ভাবনাময় হওয়া; আশা দেওয়া।

وَاعَدَ : (مُوَاعَدَة) বন্দোবস্ত করা; সাক্ষাতের বন্দোবস্ত করা।

~, تَوَاعَدَ : পারস্পরিক ওয়াদা করা; সাক্ষাতের সময় বা স্থান নির্দিষ্ট করা।

تَوَعَّدَ : হুমকি দেওয়া।

اِتَّعَدَ : (اِتِّعَاد) সমঝোতায় আসা, পরস্পর সম্মত হওয়া; প্রতিশ্রুতি গ্রহণ করা।

وَعْد : (ব وُعُود) عِدَة (ব عِدَات) ওয়াদা, প্রতিজ্ঞা, প্রতিশ্রুতি।

وَاعِد : ওয়াদাকারী; সম্ভাবনাময়; আশাব্যঞ্জক।

وَعِيد : হুমকি, ভীতি; প্রতিশ্রুতি।

وَعِيدِيّ : হুমকিমূলক, ভীতিমূলক।

تَوَعُّد، إِيعَاد : হুমকিপ্রদান, হুমকি।

تَوَعُّدِيّ : হুমকিমূলক, ভীতিমূলক।

مَوْعِدَة، مَوْعِد : প্রতিজ্ঞা, প্রতিশ্রুতি, ওয়াদা; বন্দোবস্ত; নির্দিষ্ট সময়ে ও স্থানে সাক্ষাতের বন্দোবস্ত, Appointment; নির্ধারিত সময়, সাক্ষাতের নির্ধারিত সময় ও স্থান, তারিখ। (ব مَوَاعِد)

مِيعَاد : মেয়াদ, সময়, নির্ধারিত সময়, সময়সীমা; প্রতিশ্রুত সময়, ওয়াদা; সাক্ষাৎকাল, সাক্ষাৎস্থল। ব مَوَاعِيد

فِي الْمِيعَاد : সময়মত, যথাসময়ে।

عَلَى غَيْرِ مِيعَاد : অসময়ে, অকালে।

مِنْ غَيْرِ مِيعَاد : আকস্মিকভাবে, অপ্রত্যাশিতভাবে।

مِيعَاد الْمَرْأَة : স্ত্রীলোকের রজঃকাল।

بَيَان الْمَوَاعِيد : সময়-তালিকা।

مُحَافِظ عَلَى الْمَوَاعِيد : সময়ানুবর্তী, সময়নিষ্ঠ, সময় নিয়ন্ত্রণকারী।

مُوَاعَدَة : বন্দোবস্ত, চুক্তি; নির্ধারিত সময়।

مَوْعُود : প্রতিশ্রুতি; নির্ধারিত বিষয়।

مَوْعُودَة ,~ مَوْعُود : প্রতিশ্রুতি, প্রতিজ্ঞা, ওয়াদা। ব مَوَاعِيد

ـُ وَعُرَ، (وَعَر) ـَ وَعِرَ، (وُعُور، وَعْر) : - وَعَرَ (وُعُورَة، وَعَارَة) শক্ত হওয়া, কঠিন হওয়া, এবড়োথেবড়ো হওয়া।

~ عَنْ : বিরত করা।

وَعَّرَ : (تَوْعِير) শক্ত করা, এবড়োথেবড়ো করা; কঠিন করা; বাধা দেওয়া।

~ عَنْ : বিরত করা।

أَوْعَرَ : (إِيعَار) কঠিন ভূমিতে আগমন করা; সামান্য সম্পদের অধিকারী হওয়া; হ্রাস করা।

~ ب : কঠিন হওয়া, অমসৃণ হওয়া।

اِسْتَوْعَرَ : (اِسْتِيعَار) শক্ত পাওয়া, কঠিন মনে করা।

تَوَعَّرَ : শক্ত হওয়া, কঠিন হওয়া, অমসৃণ হওয়া; জটিল হওয়া; কঠোর হওয়া, রূঢ় হওয়া।

وَعْر، وُعُور، وُعُورَة : কাঠিন্য, অমসৃণতা, অসমতলতা।

~ : কঠিন, শক্ত, অমসৃণ, অসমতল, দুর্গম, প্রস্তরময়; পথহীন; জটিল। ব أَوْعُر، وُعُورَة، أَوْعَار، وُعُور

قَلِيل وَعْر : অত্যন্ত কম।

وَعِر، وَاعِر : কঠিন, শক্ত; দুর্গম, ভয়াবহ, ভীতিপূর্ণ।

وَعْرِيّ : অশালীন (কথা), অশ্লীল (উক্তি)।

أَوْعَر : অধিকতর কঠিন বা শক্ত।

وَعَزَ - : (وَعْز) وَعَّزَ، (تَوْعِيز) أَوْعَزَ (إِيعَاز) ~ إِلَى، ب، فِي ইঙ্গিত দেওয়া, পরামর্শ দেওয়া, সুপারিশ করা, অনুপ্রাণিত করা।

أَوْعَزَ : (إِيعَاز) ~ ب নির্দেশ দেওয়া।

إِيعَاز : ইঙ্গিত; নির্দেশনা; পরামর্শ, সুপারিশ; অনুপ্রেরণা।

إِيعَازِيّ : পরামর্শমূলক, সুপারিশসূচক, অনুপ্রেরণামূলক।

مُوعِز : পরামর্শদাতা; অনুপ্রেরণাদায়ক, ইঙ্গিতকারী, নির্দেশক।



www.pathagar.com

مُوعَز : ب ~ অনুপ্রাণিত; নির্দেশিত।

وَعَسَ : - (وَعْس) অভিজ্ঞ করা; জ্ঞানী করা; পদদলিত করা।

وَاعَسَ : (مُوَاعَسَة) রাত্রিকালে দ্রুত চলার প্রতিযোগিতা করা।

أَوْعَسَ : (إِيْعَاس) বালুকা-ভূমির উপর দিয়া চলা।

وَعْس : (مَوَاعِيس ب) مِيعَاس (أَوْاعُس، أَوْعَاس ب) চোরাবালি; বালুকা-ভূমি; নরম বালি; পদচিহ্ন।

وَعْسَاء : সবজি উৎপন্ন হয় এমন বালুকাময় মালভূমি। ব وُعْسٌ

وَعَظَ : - (عِظَة، وَعْظ) উপদেশ দেওয়া; পরামর্শ দেওয়া; সতর্ক করা; বক্তৃতা দেওয়া, ওয়াজ করা।

اِتَّعَظَ : (اِتِّعَاظ) উপদেশ গ্রহণ করা, উপদেশপ্রাপ্ত হওয়া।

~ ب : শিক্ষাগ্রহণ করা।

وَعْظَة، وَعْظ : ওয়াজ, উপদেশ, ধর্মোপদেশ, বক্তৃতা।

عِظَة : (عِظَات ب) مَوْعِظَة (مَوَاعِظ ب) উপদেশ, ধর্মোপদেশ; বক্তৃতা; শিক্ষা।

وَاعِظ : ওয়ায়েজ, উপদেশদাতা, বক্তা; প্রচারক। ব وُعَّاظ

وَعُفَ : ـُ (وُعُوف) (দৃষ্টি) দুর্বল হওয়া।

وَعْف : কঠিন ভূমি, শক্ত মাটি। ব وِعَاف

وَعَقَ : - (وَعْق، وَعِيق، وُعَاق) (পশুর) পাকস্থলীতে গুড়গুড় শব্দ হওয়া।

وَعَقَ : - (وَعْق) ~ عَلَى ত্বরা করা, দ্রুত গমন করা।

وَعُقَ : ـُ (وَعْقَة) تَوَعَّقَ، إِسْتَوْعَقَ (إِسْتِيعَاق) বদমেযাজী হওয়া, খিটখিটে হওয়া।

وَعَّقَ : (تَوْعِيق) বাধা দেওয়া; অসামাজিক মনে করা।

وَعِق، وَعْق : বদমেযাজী, খিটখিটে, কোপনস্বভাব, অশিষ্টাচারী, রূঢ়।

وَعْقَة : ঝগড়াটেপনা, বদমেযাজ, অশিষ্টতা, রূঢ়তা।

وَعَكَ : - (وَعْكَة، وَعْك) (তাপ) প্রচণ্ড হওয়া; ক্লান্ত হওয়া; অসুস্থ হওয়া, রোগাক্রান্ত হওয়া।

~ : (وَعْك) ভাঙ্গিয়া টুকরা টুকরা করা।

تَوَعَّكَ : অসুস্থ হওয়া, রোগাক্রান্ত হওয়া।

وَعْك : পতন।

وَعْكَة : তীব্রতা, প্রচণ্ডতা, প্রকোপ; পতন; অসুস্থতা।

وَعِك، مَوْعُوك، مُتَوَعِّك : অসুস্থ, রোগাক্রান্ত।

تَوَعُّك : অসুস্থতা, রোগের আক্রমণ।

وَعَلَ : - (وَعْل) টপকাইয়া যাওয়া, অতিক্রম করা।

تَوَعَّلَ : (পর্বতে) আরোহণ করা।

إِسْتَوْعَلَ : (إِسْتِيعَال) পর্বতে ছুটিয়া যাওয়া; আশ্রয় চাওয়া।

وَعِل، وَعْل : পাহাড়ি ছাগবিশেষ; আশ্রয়স্থল। ব وُعُول، أَوْعَال

وَعْلَة : বোতামের ঘর; জগের হাতল; পর্বতের খাড়া অংশ; উঁচু পাথর।

مُسْتَوْعَل : পাহাড়ি ছাগের আশ্রয়স্থল।

وَعَمَ : - (وَعْم) وَعِمَ، وَعَمَ সম্ভাষণ জানানো; অভিবাদন জানানো।

عِمْ صَبَاحًا : তোমার প্রতি সুপ্রভাত!

~ مَسَاءً : তোমার শুভ সন্ধ্যা!

وَعْم : পাহাড়ি পথ। ব وِعَام

تَوَعَّنَ : (পশু) মোটা হওয়া; সবটুকু লওয়া।

وَعْن : কঠিন ভূমি, শক্ত মাটি। ব وِعَان

وَعْوَعَ : (وَعْوَعَة) (ব্যাঙ) ডাকা, চিৎকার করা, বিলাপ করা, আর্তনাদ করা।

وَعْوَع : শৃগাল। ব وَعَاوِعُ

وَعَى : - (وَعْي) ধারণ করা, গ্রহণ করা, মনে রাখা; অন্তর্ভুক্ত করা, শামিল করা; অবহিত হওয়া, পরিজ্ঞাত হওয়া; স্মরণ রাখা; সংগ্রহ করা, সংরক্ষণ করা; শ্রবণ করা; (চূর্ণ অস্থি) জোড়া লাগা; (পুঁজ) নির্গত হওয়া।



www.pathagar.com

وَعَى : إِلَى ~ : মনোযোগ দেওয়া, মনে রাখা; সতর্ক থাকা।

~ فِي : (ক্ষতে) পুঁজ জমা হওয়া।

وَعَى : - َ (وَعْى) জাগ্রত হওয়া; মনোযোগ দেওয়া; সম্বিত ফিরিয়া পাওয়া।

~ لِ : স্মরণ করা।

إِوْعَ : সাবধান! সতর্ক হও।

وَعَّى : (تَوْعِيَة) ~ مِنْ জাগ্রত করা; সতর্ক করা।

أَوْعَى : (إِيْعَاء) পাত্রে রাখিয়া দেওয়া; সংরক্ষিত করা; মনে রাখা; ধারণ করা, গ্রহণ করা; মনোযোগ দেওয়া; সবটুকু লওয়া; উৎপাটিত করা।

~ عَلَى : কার্পণ্য করা।

تَوَعَّى : সতর্কতার সহিত করা, বিচক্ষণ হওয়া।

~ مِنْ : সতর্ক থাকা।

إِسْتَوْعَى : (إِسْتِيْعَاء) সতর্কতার সহিত করা; উৎপাটন করা; সবটুকু লওয়া।

وَعْى : গ্রহণ, ধারণ; মনোযোগ; সতর্কতা, সচেতনতা; চেতনা, বোধশক্তি, সম্বিত, অনুভূতি; পুঁজ; গোলমাল।

وَعْى قَوْمِيّ : জাতীয় চেতনা, জাতীয়তাবোধ।

لاَوَعْى : অবচেতন।

الإِدْرَاك بِلاَوَعْى : অবচেতনতা।

فِي غَيْرِ وَعْى : অলক্ষে।

دُونَ وَعْى : অবচেতনভাবে।

عَادَ إِلَى وَعْيِهِ، إِسْتَرْجَعَ وَعْيَهُ : সে সম্বিত ফিরিয়া পাইল।

فَقَدَ وَعْيَهُ : সে চৈতন্য হারাইল, অচেতন হইল।

مَالِي عَنْهُ وَعْى : আমার ইহা করিতেই হইবে, আমি ইহা না করিয়া পারিব না।

لاَوَعْىَ عَنْ ذٰلِكَ : ইহা ছাড়া গত্যান্তর নাই।

وَعًى : গোলমাল, চিৎকার।

وَاعٍ : সতর্ক; মনোযোগী; বিচক্ষণ; সচেতন; রক্ষক, অভিভাবক।

وَاعِيَة : চিৎকার, ধ্বনি।

الوَاعِيَة الخَفِيَّة : সূক্ষ্ম চেতনা।

وِعَاء : পাত্র, আধার; থলি। ব أَوْعِيَة، أَوَاعٍ

وِعَاء دَمَوِيّ : রক্তনালী, ধমনী।

وِعَائِيّ : রক্তনালী-সম্পর্কীয়, ধমনী-সংক্রান্ত।

نَسِيج وِعَائِيّ : রক্তবাহী পেশিতন্তু।

وَغُبَ : - ُ (وُغُوبَة، وَغَابَة) (উট) বিরাটকায় হওয়া।

وَغْب : থলি; গৃহের আসবাবপত্র; নির্বোধ; দুর্বল; বিরাটকায় উট। ব أَوْغَاب، وِغَاب

وَغَدَ : - (وَغْد) ভৃত্যের ন্যায় কাজ করা, পেটেভাতে কাজ করা।

وَغُدَ : - ُ (وَغَادَة) দুর্বল হওয়া, হীন হওয়া, নির্বোধ হওয়া।

وَاغَدَ : (مُوَاغَدَة) অনুকরণ করা; প্রতিযোগিতা করা।

وَغْد : চাকর, ভৃত্য; নির্বোধ; আহমক; দুর্বল; হীন, নীচ, ইতর; নিঃস্ব। ব أَوْغَاد، وُغْدَان

وَغَرَ : - (وَغْر) - َ وَغِرَ، (وَغَر) প্রচণ্ডভাবে উত্তপ্ত হওয়া; ক্রোধে জ্বলিয়া উঠা।

وَغِرَ صَدْرُهُ : ~ عَلَى রাগে টগবগ করা; প্রচণ্ড বিদ্বেষ পোষণ করা।

وَغَّرَ : (تَوْغِير) গরম করা, উত্তপ্ত করা, টগবগ করানো।

وَغَّرَ صَدْرَهُ : ~ عَلَى ক্রোধান্বিত করা, ক্ষেপাইয়া তোলা।

أَوْغَرَ : (إِيْغَار) দ্বিপ্রহরের উষ্ণতায় প্রবেশ করা; উত্তপ্ত করা; ঝলসানো; (কর) আদায় করা।

أَوْغَرَ صَدْرَهُ : ~ عَلَى ক্রোধান্বিত করা, ক্ষেপাইয়া তোলা।

تَوَغَّرَ : ক্রুদ্ধ হওয়া, ক্রোধে জ্বলিয়া উঠা।

وَغَر، وَغْر : ক্রোধ, ঘৃণা, বিদ্বেষ, শত্রুতা; গোলমাল।



www.pathagar.com

وَغْرَة : দ্বিপ্রহরের প্রচণ্ড তাপ।

وَغِير : ভুনা; সিদ্ধ বস্তু।

مِيغَر : নির্ধারিত সময়।

وَاغِش : কৃমি।

وَغَفَ - : (وُغُوف، وَغْف) (দৃষ্টি) দুর্বল হওয়া।

أَوْغَفَ (إِيغَاف) : ছুটিয়া যাওয়া।

وَغَلَ - : (وُغُول) فِي ~ গভীরে প্রবেশ করা।

~ : (وَغَلَان، وُغُول، وَغْل) عَلَى ~ অনাহূতভাবে প্রবেশ করা; অনধিকার প্রবেশ করা, অনুপ্রবেশ করা।

أَوْغَلَ : فِي ~ গভীরে প্রবেশ করা; নিমগ্ন হওয়া; ঠেলিয়া দেওয়া; দ্রুত করা।

أَوْغَلَ فِي السَّيْرِ : সে দ্রুত চলিল।

~ فِي الْكَلَامِ : সে অতিশয়োক্তি করিল।

تَوَغَّلَ : ক্রমান্বয়ে অগ্রসর হওয়া।

~ فِي : গভীরে প্রবেশ করা, নিমগ্ন হওয়া।

وَغْل : অনাহূতভাবে প্রবেশকারী, অনধিকার প্রবেশকারী, অনুপ্রবেশকারী, তোফায়েলী; পরজীবী; ইতর লোক; ঘন বৃক্ষ, জঙ্গল। ব أَوْغَال

مَالِي عَنْهُ وَغْل : আমার ইহাতে অভিপ্রায় নাই।

وَاغِل : অনাহূতভাবে প্রবেশকারী, অনুপ্রবেশকারী; পরজীবী, তোফায়েলী; অপ্রাসঙ্গিক; গভীর বিষয়; বদ্ধমূল।

تَوَغُّل : নিমগ্নতা, তন্ময়তা।

مُوغِل : গভীরে প্রবেশকারী; বদ্ধমূল।

وَغَمَ - : (وَغْم) بِ ~ মিথ্যা বর্ণনা করা।

وَغِمَ - : (وَغَم) عَلَى ~ বিদ্বেষ পোষণ করা।

تَوَغَّمَ : عَلَى ~ রাগান্বিত হওয়া।

تَوَاغَمَ : যুদ্ধে অবতীর্ণ হওয়া; ক্রুদ্ধ দৃষ্টিতে তাকানো।

وَغْم : শত্রুতা, বিদ্বেষ; যুদ্ধ; বদমাশ, দুরাত্মা, ছিটিয়া পড়া খাদ্য। ব أَوْغَام

تَوَغَّنَ : নির্ভীক হওয়া।

وَغًى، وَغْي : গোলমাল, গণ্ডগোল, হৈচৈ; যুদ্ধ, সংঘাত।

وَاغِيَة : সীমানায় খননকৃত খাদ বা পরিখা। ব أَوَاغٍ

وَفَدَ - : (وِفَادَة، وُفُود) عَلَى، إِلَى ~ আগমন করা, পৌছা; প্রতিনিধিস্বরূপ প্রেরিত হওয়া; সাক্ষাৎ করা।

وَفَّدَ، إِسْتَوْفَدَ : (إِسْتِيفَاد، تَوْفِيد) عَلَى، إِلَى ~ প্রেরণ করা, প্রতিনিধিস্বরূপ প্রেরণ করা।

وَافَدَ : (مُوَافَدَة) একত্রে আগমণ করা বা পৌছা।

أَوْفَدَ : (إِيفَاد) উত্থিত হওয়া; ত্বরা করা; (হরিণ) মাথা ও কান খাড়া করা।

~ عَلَى، إِلَى : প্রেরণ করা, প্রতিনিধিস্বরূপ প্রেরণ করা।

~، تَوَفَّدَ : عَلَى ~ টপকাইয়া যাওয়া, উপর হইতে দেখা।

تَوَافَدَ : عَلَى ~ একত্রে পৌছা, একত্রে আগমন করা।

وَفْد، وُفُود : আগমন, উপস্থিতি।

~ : প্রতিনিধি। ব أَوْفَاد، وُفُود

الْوَفْد : হিজবুল-ওয়াফ্‌দ ঃ সা'দ পাশা জাগলূলের নেতৃত্বে ১৯২১ সনে প্রতিষ্ঠিত মিসরের একটি রাজনৈতিক দল।

وِفَادَة : উপস্থিতি।

أَكْرَمَ وِفَادَتَهُ، أَحْسَنَ وِفَادَتَهُ : সে সাদর অভ্যর্থনা জানাইল, স্বাগত জানাইল, খোশ আমদেদ জানাইল।

وَافِد : আগমনকারী। ব وُفَاد، أَوْفَاد، وُفُود

~ : আগমনকারী, আগন্তুক, আগত ব্যক্তি; অগ্রসরমান; দূত, প্রতিনিধি। ব وُفَّاد، أَوْفَاد، وُفُود

وَافِدَة، مَرَض وَافِد : মহামারী।

النَّزْلَة الْوَافِدَة : ইনফ্লুয়েঞ্জা।



www.pathagar.com

مُوفَد : বিশেষ কার্যসাধনের উদ্দেশ্যে নিয়োজিত ব্যক্তি; প্রতিনিধি।

وَفَرَ : ـِ (وَفْر، وُفُور) ـُ وَفُرَ (وَفَارَة) অধিক হওয়া; প্রচুর হওয়া, পর্যাপ্ত হওয়া, বৃদ্ধি পাওয়া।

~ : (وَفْر) বৃদ্ধি করা; সংরক্ষণ করা।

وَفَّرَ : (تَوْفِير) বৃদ্ধি করা, পর্যাপ্ত করা; প্রচুর পরিমাণে দেওয়া, পর্যাপ্ত পরিমাণে যোগান দেওয়া; সঞ্চয় করা; যথেষ্ট ব্যয় করা, রক্ষা করা, বাঁচানো।

أَوْفَرَ : (إِيفَار) বৃদ্ধি করা; পর্যাপ্ত করা।

تَوَفَّرَ : প্রচুর হওয়া, পর্যাপ্ত হওয়া, যথেষ্ট হওয়া, পর্যাপ্ত পরিমাণে থাকা; (শর্ত) পূর্ণ হওয়া; পূর্ণতাপ্রাপ্ত হওয়া, উন্নত হওয়া, সফল হওয়া; রক্ষিত হওয়া, উদ্বৃত্ত থাকা, সঞ্চিত হওয়া।

~ عَلَى ~ : পূর্ণ মনোযোগ দেওয়া, নিবিষ্ট হওয়া; আগ্রহ প্রদর্শন করা।

~ فِي : (শর্ত) পূরণ করা।

تَوَافَرَ : পর্যাপ্ত হওয়া, যথেষ্ট হওয়া; বৃদ্ধি পাওয়া।

إِتَّفَرَ : (إِتِّفَار) বৃদ্ধি পাওয়া।

وَفْر : প্রাচুর্য, পর্যাপ্ততা, আধিক্য; পূর্ণতা; সঞ্চয়; মিতব্যয়।

~ : সম্পদ, অতিরিক্ত অংশ, উদ্বৃত্ত; সঞ্চিত ধন, সঞ্চয়। ব وُفُورَات، وُفُور

وَفْرَة، وُفُور : প্রাচুর্য, পর্যাপ্ততা, আধিক্য।

~ : ঘন ও দীর্ঘ কেশ, জুলফি। ব وِفَار

وَافِر : প্রচুর, পর্যাপ্ত, অনেক, অধিক, বহু; পূর্ণ; সমৃদ্ধ।

وَافِر العَدَد : অধিকসংখ্যক, বহুসংখ্যক।

~ المَال : সম্পদশালী, ধনী।

الوَافِر : কবিতার ছন্দবিশেষ।

وَافِرَة : বর্তমান বিশ্ব।

مُتَوَافِر، وَفِير : প্রচুর, পর্যাপ্ত, যথেষ্ট।

أَوْفَر : পর্যাপ্ততর; অধিকতর সমৃদ্ধ; অধিকতর মিতব্যয়ী।

~ : বৃহদাকার (মশক); পূর্ণ (বাটি); বড় (কান); প্রচুর গাছপালাবিশিষ্ট (ভূমি)। স্ত্রী وَفْرَاء ব وُفْر

أَوْفَر حَظًّا : অধিকতর সৌভাগ্যবান।

النَّصِيب الأَوْفَر : প্রধান হিসসা, The major Share.

تَوَفُّر : প্রাচুর্য, আধিক্য, পর্যাপ্ততা, সমৃদ্ধি; বৃদ্ধি, বিস্তার, প্রসার; পূর্ণতা।

عِنْدَ تَوَفُّر الشُّرُوط : শর্ত পূরণ হওয়ার ক্ষেত্রে।

تَوْفِير : বৃদ্ধি, বর্ধন; মিতব্যয়, সঞ্চয়।

صُنْدُوق التَّوْفِير : সঞ্চয়ী ব্যাংক, Savings Bank.

مُوَفَّر : বর্ধিত, বৃদ্ধিপ্রাপ্ত; পূর্ণ; সঞ্চিত; পরিমিতভাবে ব্যয়িত।

مُوَفَّر الشَّعْر : ঘন ও দীর্ঘ কেশবিশিষ্ট, সুকেশী।

مَوْفُور : প্রচুর, পর্যাপ্ত; পর্যাপ্ত পরিমাণে প্রদত্ত; প্লাবিত; সমৃদ্ধ; পূর্ণ, পূর্ণাঙ্গ।

مَوْفُور المَطَالِب : বহুল-অভিলাষী।

مُتَوَفِّر : প্রচুর, পর্যাপ্ত; পরিমিত ব্যয়কারী।

مُتَوَافِر : প্রচুর, পর্যাপ্ত, বহুসংখ্যক, অনেক।

أَوْفَزَ : (إِيفَاز) উত্তেজিত করা; জাগরিত করা; উদ্যত করা; উদ্যোগী করা।

تَوَفَّزَ : উত্তেজিত হওয়া, জাগরিত হওয়া।

~ لِ : উদ্যত হওয়া, প্রস্তুত হওয়া।

~ عَلَى : (বিছানায়) এপাশ-ওপাশ ফেরা।

إِسْتَوْفَزَ : (إِسْتِيفَاز) অপেক্ষায় থাকা; প্রস্তুত থাকা।

وَفْز، وَفَز : ত্বরা, দ্রুততা, তাড়াহুড়া। ব وِفَاز، أَوْفَاز

عَلَى وِفَازٍ، عَلَى أَوْفَازٍ، عَلَى وَفَزٍ : প্রস্তুত উদ্যত, প্রস্থানোদ্যত।

مَكَان وَفْز : উচ্চ স্থান।

مُتَوَفِّز : প্রস্তুত, উদ্যত, অস্থির।

مُسْتَوْفِز : প্রস্তুত; দ্রুত; প্রফুল্ল; উত্তেজিত।

وَفَضَ : ـِ (وَفْض) ধাবন করা, ত্বরা করা, দ্রুত গমন করা।

أَوْفَضَ : (إِيفَاض) ত্বরা করা, দ্রুত ধাবন করা; দূরে রাখা, বিতাড়িত করা।

~ لِ : বিছানা বিছাইয়া দেওয়া।



www.pathagar.com

إِسْـتَـوْفَـضَ : (إِسْـتِـيْـفَـاض) ত্বরা করা, দ্রুত গমন করা; ছড়াইয়া যাওয়া; ত্বরা করানো; তাড়াইয়া নেওয়া।

وَفْض، وَفَض : ত্বরা, তাড়াহুড়া। ব أَوْفَاض

وَفْضَة : চামড়ার তৈরি থলি; পর্যটকদের ব্যাগ; ওষ্ঠের টোল। ব وِفَاض، وَفَضَات

خَالِي الـوِفَاض : শূন্য ভাণ্ড, মুক্ত, রিক্তহস্ত।

وَفَض : গোশত কুচাইবার কাষ্ঠখণ্ড। ব أَوْفَاض

أَوْفَاض : বিভিন্ন গোত্র হইতে আগত মানুষের দল।

مِـيفَـاض : দ্রুতগামী (উষ্ট্রী)।

وَفْع : উচ্চ ভবন; বৃষ্টির আভাসদানকারী মেঘ। ব أَوْفَاع

وَفْعَة : ছিপি; তাল বা খেজুর পাতার ঝুড়ি। ব وِفَاع

وَفَع : বর্ধিষ্ণু (বালক)। ব وِفْعَان

وَفِـيعَة : ছিপি; তালপাতার ঝুড়ি; কলমের কালি মুছিবার নেকড়া; Penwiper.

وَفِـقَ - : (وَفْـق) সঠিক হওয়া, যথাযথ হওয়া, অনুকূল হওয়া, উপযুক্ত হওয়া; যথাযোগ্য হওয়া; খাপ খাওয়া; যথাযথ পাওয়া।

وَفَّـقَ : (تَـوْفِـيْـق) যথাযথ করা, উপযুক্ত করা, অনুকূল করা; খাপ খাওয়ানো।

~ بَـيْـنَ : সামঞ্জস্য বিধান করা, সমন্বয় সাধন করা; মিলসাধন করা, শান্তি স্থাপন করা, স্বাভাবিক সম্পর্ক প্রতিষ্ঠা করা।

~ لِ، إِلَى : তওফীক দেওয়া, শক্তি দেওয়া, সাহায্য করা; সুযোগ দেওয়া, সাফল্য দান করা।

وُفِّـقَ : لِ، إِلَى প্রাপ্ত হওয়া, তওফীক লাভ করা, সাফল্য লাভ করা, সফল হওয়া; ভাগ্যবান হওয়া।

وُفِّـقَ كُـلَّ الـتَّـوْفِـيـق : পূর্ণ সাফল্য লাভ করা, সম্পূর্ণরূপে সফল হওয়া।

وَافَـقَ : (مُـوَافَـقَـة) অনুকূল হওয়া, যথাযথ হওয়া, উপযোগী হওয়া, উপযুক্ত হওয়া; সুবিধাজনক হওয়া, উপকারী হওয়া; অনুযায়ী হওয়া, অনুরূপ হওয়া, এক রকম হওয়া, মিলযুক্ত হওয়া, খাপ খাওয়া; ঠিকমত লাগা।

وَافَـقَ : ~ بَـيْـنَ খাপ খাওয়ানো, মিল সাধন করা, সমন্বয় সাধন করা, সামঞ্জস্য বিধান করা।

~ عَـلَى : সম্মতি দেওয়া, অনুমোদন করা, সমর্থন করা।

~ فِـي : সম্মত হওয়া, একমত হওয়া, ঐকমত্যে উপনীত হওয়া, একই মত পোষণ করা।

أَوْفَـقَ : (إِيْـفَـاق) (উট) সারিবদ্ধ হইয়া চলা।

~ لِ : সম্মত হওয়া।

تَـوَفَّـقَ : সাহায্যপ্রাপ্ত হওয়া, অনুগ্রহপ্রাপ্ত হওয়া; সফল হওয়া; সমৃদ্ধ হওয়া।

تَـوَافَـقَ : পরস্পর সম্মত হওয়া, একমত হওয়া।

إِتَّـفَـقَ : (إِتِّـفَـاق) একমত হওয়া, ঐকমত্যে উপনীত হওয়া, অভিন্ন মত পোষণ করা।

~ عَـلَى : একমত হওয়া।

~ لِ : সংঘটিত হওয়া, আকস্মিকভাবে ঘটা।

~ مَـعَ : চুক্তি করা, চুক্তিবদ্ধ হওয়া।

كَـيْـفَـمَـا إِتَّـفَـقَ : এলোমেলোভাবে, লক্ষ্যহীনভাবে; যাহাই হউক, যেমন করিয়া হউক।

إِسْـتَـوْفَـقَ : (إِسْـتِـيْـفَـاق) তাওফীক চাওয়া, (আল্লাহর) সাহায্য চাওয়া।

وَفْـق : পর্যাপ্ততা, প্রাচুর্য; সুযোগ, অনুকূল সময়; মিল, সামঞ্জস্য, অনুরূপ।

وَفْـقَ، لِ ~ وَفْـقًا، وَفْـقِ، مِنْ ~ : অনুসারে, অনুযায়ী, ভিত্তিতে।

وَفْـقَ الأَصْـلِ : হুবহু (অনুলিপি)।

وَافِـق : অনুকূল, উপযুক্ত, যথাযথ।

وِفَـاق : মিল, সামঞ্জস্য, ঐক্য, সম্মতি, চুক্তি।

وِفَـاقًا : لِ ~ অনুসারে, অনুযায়ী, ভিত্তিতে।

وَفِـيـق : সঙ্গী, বন্ধু।

إِتِّـفَـاق : ঐক্য, ঐকমত্য; সন্নিপাত, সমাপতন; হঠাৎ সংঘটন; আকস্মিকতা; মিল, সামঞ্জস্য, সংঘটন।

~ : চুক্তি, সমঝোতা। ব إِتِّـفَـاقَـات



www.pathagar.com

اِتِّفَاقًا : ঘটনাক্রমে, আকস্মিকভাবে।

بِالإِتِّفَاقِ : ঐক্যবদ্ধভাবে।

إِتِّفَاقُ الآرَاءِ : মতৈক্য।

بِاتِّفَاقِ الآرَاءِ : সর্বসম্মতিক্রমে, সর্বসম্মতভাবে।

إِتِّفَاقٌ بَحْرِيٌّ : নৌ-চুক্তি।

~ تِجَارِيٌّ : বাণিজ্য চুক্তি।

~ عَدَمِ الإِعْتِدَاءِ : অনাক্রমণ চুক্তি।

إِتِّفَاقِيٌّ : আকস্মিক, নৈমিত্তিক; চুক্তিভিত্তিক।

إِتِّفَاقِيَّةٌ : চুক্তি। ব إِتِّفَاقِيَّاتٌ

تَوْفِيقٌ : সমন্বয় সাধন, সামঞ্জস্যবিধান, সমতাবিধান; মিলসাধন, শান্তি স্থাপন; স্বাভাবিক সম্পর্ক স্থাপন, আপস; মধ্যস্থতা, সালিসী; বিন্যাস; তাওফীক, সাহায্য, শক্তি; সাফল্য, সফলতা; সমৃদ্ধি; সৌভাগ্য।

تَوْفِيقُ الهِلَالِ : নবচন্দ্রের উদয়।

لَجْنَةُ التَّوْفِيقِ : সালিসী বোর্ড।

تَوَافُقٌ : মিল, সামঞ্জস্য, সঙ্গতি, সাদৃশ্য।

مُتَوَفِّقٌ، مُوَفَّقٌ : সফল, সৌভাগ্যবান, সমৃদ্ধ; সুবিধাজনক।

غَيْرُ مُوَفَّقٍ : অসুবিধাজনক।

مُوَافِقٌ : অনুকূল, যথাযথ, উপযোগী, উপযুক্ত, সঠিক, সুবিধাজনক, উপকারী; সামঞ্জস্যপূর্ণ; গ্রহণযোগ্য, অনুরূপ, অনুযায়ী।

غَيْرُ مُوَافِقٍ : প্রতিকূল, অনুপযুক্ত, বেঠিক, অসমঞ্জস।

مُوَافَقَةٌ : সামঞ্জস্য, সাদৃশ্য, সমন্বয়, মিল; যথাযথতা, উপযোগিতা, উপযুক্ততা; সুবিধা; অনুমোদন, সম্মতি, সমর্থন।

مُتَّفِقٌ : একমত।

مُتَّفَقٌ عَلَيْهِ : স্বীকৃত, সর্বসম্মত, স্বতঃসিদ্ধ; এমন হাদীস যাহার বক্তব্য ইমাম বুখারী ও ইমাম মুসলিম উভয়ই হুবহু বর্ণনা করিয়াছেন।

وَفَلَ - : (وَفْلٌ) ছাল তোলা।

وَفْلٌ : সামান্য, নগণ্য।

وَافِلٌ : পরিপূর্ণ।

وَفَهَ - َ : (وَفْهٌ) গির্জার সেবক হওয়া, গির্জার তত্ত্বাবধান করা।

وَافِهٌ : গির্জার সেবক, গির্জার তত্ত্বাবধায়ক।

وِفَاهَةٌ : গির্জার তত্ত্বাবধান।

وَفَى - : (وَفَاءٌ) (মানত) পূরণ করা, (ঋণ) পরিশোধ করা, (ব্যয়) নির্বাহ করা, প্রতিশ্রুতি রক্ষা করা।

~ بِ : পূর্ণ করা, (প্রয়োজন) পূরণ করা; (প্রতিশ্রুতি) পালন করা, মিটাইয়া দেওয়া।

~ وُفِّيَ : পূর্ণ হওয়া, সম্পন্ন হওয়া।

وَفَّى : (تَوْفِيَةٌ) পুরাপুরি দেওয়া, সম্পাদন করা, সম্পন্ন করা।

وَافَى : (مُوَافَاةٌ) আগমন করা, উপস্থিত হওয়া; হঠাৎ আসিয়া পড়া; পূরণ করা, রক্ষা করা।

وَافَاهُ أَجَلُهُ : সে মরিয়া গিয়াছে।

وَافَا ~ بِ : যোগান দেওয়া, সরবরাহ করা, আনিয়া দেওয়া।

أَوْفَى : (إِيفَاءٌ) সম্পন্ন করা, সম্পাদন করা; (মানত) পূরণ করা; পুরাপুরি দেওয়া; (ঋণ) পরিশোধ করা।

~ بِ : পূর্ণ করা, (প্রয়োজন) পূরণ করা, (প্রতিশ্রুতি) রক্ষা করা, পালন করা।

~ عَلَى : নিকটবর্তী হওয়া; ছাড়াইয়া যাওয়া।

تَوَفَّى : পুরাপুরি লাভ করা।

تُوُفِّيَ، تَوَفَّاهُ اللّٰهُ : সে মরিয়া গেল।

تَوَافَى : পূর্ণ হওয়া।

~ عَلَى : সর্বসম্মতভাবে সিদ্ধান্ত করা।

إِسْتَوْفَى : (إِسْتِيفَاءٌ) পুরাপুরি লাভ করা, সবটুকু পাওয়া; পূর্ণ করা; নিঃশেষ করা, বিস্তারিতভাবে পেশ করা; (শর্ত) পূরণ করা।

وَفَاءٌ : পূরণ, পালন, রক্ষা; পরিশোধ; সম্পাদন; পরিসমাপ্তি, বিশ্বস্ততা; দীর্ঘ জীবন।

وَفَاءً : ~ لِ পূরণস্বরূপ, পরিশোধস্বরূপ; রক্ষায়।

وَفَاءُ النِّيلِ : নীল-নদের পূর্ণ জোয়ার।

وَفَاةٌ : মৃত্যু, ওফাত। ব وَفَيَاتٌ



www.pathagar.com

بَعْدَ الْوَفَاة : মরণোত্তর।

كَثْرَةُ الْوَفَيَات : উচ্চ মৃত্যুহার।

وَفِيّ : পূর্ণ, সম্পূর্ণ, পূর্ণাঙ্গ, গোটা, মোট; যথেষ্ট, পর্যাপ্ত।

~ : ওয়াদা পালনকারী, বিশ্বস্ত, নির্ভরযোগ্য; (ঋণ) পরিশোধে সক্ষম। ব أَوْفِيَاء

غَيْر وَفِيّ : অপর্যাপ্ত।

وَفِيَّة : মরণোত্তর জীবন-বৃত্তান্ত। ব وَفِيَّات

مُخْتَصّ بِالْوَفِيَّات : মরণোত্তর জীবন-বৃত্তান্ত বিষয়ক।

وَافٍ : পূর্ণ, সম্পূর্ণ, পূর্ণাঙ্গ; পর্যাপ্ত, যথেষ্ট; ওয়াদা পূরণকারী, বিশ্বস্ত।

أَوْفَى : অধিকতর বিশ্বস্ত; পূর্ণাঙ্গতর; শ্রেষ্ঠতর, পরিপূরক।

إِيفَاء : পূরণ, পালন, পরিশোধ।

قَادِر عَلَى الإِيفَاء : (ঋণ) পরিশোধে সক্ষম; সচ্ছল।

إِسْتِيفَاء : পুরাপুরি লাভ; পূরণ, পালন, সম্পাদন, সমাপন; পরিশোধ।

تَوْفِيَة : পূরণ, পালন, সম্পাদন।

مُوَفٍّ : পূর্ণকারী, পূরক।

مُوَافٍ : আগমনকারী, আগত, আকস্মিকভাবে আগত।

مُوَافَاة : আগমন, উপস্থিতি, আকস্মিক আগমন, প্রতিশ্রুতি রক্ষাকরণ।

مُتَوَفًّى : মৃত।

مِيفَاء : ঋণ পরিশোধে সক্ষম, সচ্ছল।

مِيفًى : ইটের ভাটি, চুল্লি, বিস্কুট, রুটি ইত্যাদি তৈরির চুল্লি।

وَقَبَ - (وَقْب) : (চক্ষু) কোটরগত হওয়া; (সূর্য) অস্ত যাওয়া; লুক্কায়িত থাকা, অন্ধকার হওয়া।

أَوْقَبَ (إِيقَاب) : ক্ষুধার্ত হওয়া; গর্তে রাখা।

وَقْب : গর্ত, গহ্বর, কোটর, খোল, অক্ষিকোটর। ব أَوْقَاب

وَقْبَة : গর্ত, ছিদ্র; বায়ু চলাচল জানালা। ব وَقَبَات

مِيقَب : কচ্ছপ, শঙ্খ ইত্যাদির খাপরা, খোল।

مِيقَاب : অধিক পানি পান করে এমন; নির্বোধ (স্ত্রীলোক)।

سَيْر الْمِيقَاب : দিবারাত্রিতে অবিরাম ভ্রমণ।

وَقَتَ - (وَقْت) وَقَّتَ (تَوْقِيت) : সময় নির্দিষ্ট করা; ঠিক সময়ে করা, সময়সীমা নির্ধারিত করা।

وُقِّتَ، وُقِتَ : নির্ধারিত সময়সীমাবিশিষ্ট হওয়া।

وَاقَتَ (مُوَاقَتَة) : সাক্ষাতের জন্য সময় দেওয়া।

وَقْت : সময়, কাল, মেয়াদ, মুহূর্ত। ব أَوْقَات

وَقْت إِضَافِيّ : বর্ধিত সময়, অতিরিক্ত সময়, Overtime.

~ الرُّقَاد : শয্যা গ্রহণের সময়, Bed-time.

~ الأَكْل : আহারের সময়, Meal-time.

وَقْت الْفَرَاغ، ~ فَضَاء : অবসর সময়।

إِشَارَة الْوَقْت : সময়-সংকেত।

وَقْتًا : কোন এক সময়ে।

لِلْوَقْت، لِوَقْتِهِ، بِوَقْتِهِ : তৎক্ষণাৎ।

فِي وَقْتِهِ : ঠিক সময়ে, যথাসময়ে, নির্দিষ্ট সময়ে, সময়মত।

فِي غَيْرِ وَقْتِهِ : অসময়ে, ভুল সময়ে।

فِي الْوَقْتِ نَفْسِهِ، فِي نَفْسِ الْوَقْت : ঠিক সময়ে।

فِي أَوَّل وَقْت : শুরুতে, প্রথম সুযোগে।

لِهٰذَا الْوَقْت : এই সময়ে।

مَعَ الْوَقْت : সময়ের সাথে সাথে, ক্রমে ক্রমে।

أَوْقَاتًا أَوْقَاتًا، وَقْتًا فَوَقْتًا : সময়ে সময়ে।

فِي بَعْض الأَوْقَات : কোন কোন সময়ে, কখনও কখনও।

فِي كَثِيرٍ مِنَ الأَوْقَات : অনেক সময়ে, প্রায়শঃ।

فِي وَقْتِنَا هٰذَا : আজকাল, বর্তমান কালে।

سَايَرَ مَعَ الْوَقْتَ : সে সময়ের সহিত তাল মিলাইয়া চলিল।

صَرَفَ ~ : সময় ব্যয় করা।

قَتَلَ ~ : সময় নষ্ট করা।



www.pathagar.com

وَقْتِيّ : সাময়িক, অস্থায়ী; স্বল্পমেয়াদী, অন্তর্বর্তীকালীন।

رِبْح وَقْتِيّ : অন্তর্বর্তীকালীন মুনাফা, Interin divident.

وَقْتِيًّا : সাময়িকভাবে, অস্থায়ীভাবে, ক্ষণিকের তরে।

وَقْتَذَاكَ، وَقْتَئِذٍ : সেই সময়ে, তখন।

وَقْتَمَا : যে কোন সময়ে।

تَوْقِيت : সময় নির্ধারণ; সময় গণনা।

تَوْقِيت مَحَلِّيّ : স্থানীয় সময়।

~ غِرِينِش : গ্রিনিচ সময়।

مَوْقِت : নির্দিষ্ট সময়; সময়সূচি। ব مَوَاقِت

مُؤَقَّت : নির্দিষ্ট, নির্ধারিত; সাময়িক; অস্থায়ী।

مُوَقَّتًا : সাময়িকভাবে, অস্থায়ীভাবে।

مُوَقِّت : চন্দ্রোদয়ের হিসাব অনুযায়ী দিন-তারিখ নির্ধারণকারী; নামাযের সময় ঘোষণাকারী; সময় নির্দিষ্টকারী, সময়সীমা নির্ধারণকারী; সময়ানুবর্তী; যে ব্যক্তি শ্রমিকদের কাজের সময়ের হিসাব রাখে, Time-keeper.

مَوْقُوت : নির্দিষ্ট, নির্ধারিত; সময়-নির্দিষ্ট; অস্থায়ী।

مِيقَات : নির্দিষ্ট সময়; সময়সূচি; (হজ্জের) মীকাত। ব مَوَاقِيت

مِيقَاتِيّ : যে ব্যক্তি শ্রমিকদের কাজের সময়ের হিসাব রাখে, Time-keeper.

وَقَحَ - وَقِحَ (وَقَح) - وَقُحَ (وَقَاحَة), (قِحَة) : - وَقَحَ (وُقُوحَة) নির্লজ্জ হওয়া, ধৃষ্ট হওয়া; বেয়াদব হওয়া; শক্ত হওয়া।

وَقَّحَ : (تَوْقِيح) শক্ত করা, মেরামত করা।

أَوْقَحَ، إِسْتَوْقَحَ : (إِسْتِيقَاح، إِيقَاح) শক্ত হওয়া।

تَوَقَّحَ : নির্লজ্জ হওয়া, বেয়াদব হওয়া।

~ عَلَى : নির্লজ্জ আচরণ করা।

تَوَاقَحَ : নির্লজ্জ আচরণ করা; ধৃষ্টতা প্রদর্শন করা, বেয়াদবি করা।

قِحَة، وُقُوحَة، وَقَاحَة، وَقَح : নির্লজ্জতা, ধৃষ্টতা, বেয়াদবি, প্রগল্‌ভতা, ঔদ্ধত্য।

وَقِيح، وَقَاح، وَقِح : নির্লজ্জ, ধৃষ্ট, বেয়াদব, প্রগল্‌ভ, উদ্ধত।

وَقِح الوَجْه : উদ্ধত, নির্লজ্জ, পোড়ামুখা।

وَقَدَ - (وُقُود، وَقَد، وَقْد) : জ্বলা, প্রজ্বলিত হওয়া।

أَوْقَدَ، وَقَّدَ : (إِيقَاد، تَوْقِيد) জ্বালানো, প্রজ্বলিত করা।

تَوَقَّدَ : প্রজ্বলিত হওয়া; প্রজ্বলিত করা।

تَوَقَّدَ : প্রজ্বলিত হওয়া; প্রজ্বলিত করা; উত্তেজিত হওয়া; সুদক্ষ হওয়া।

إِتَّقَدَ : (إِتِّقَاد) প্রজ্বলিত হওয়া; জাগ্রত হওয়া।

إِتَّقَدَ غَضَبًا : ক্রোধে জ্বলিয়া উঠিল।

إِسْتَوْقَدَ : (إِسْتِيقَاد) প্রজ্বলিত হওয়া; প্রজ্বলিত করা।

وَقْد، وَقَد : প্রজ্বলন; অগ্নি; জ্বালানি।

وَقْدَة : অগ্নি, অগ্নিশিখা; উত্তাপ।

وَقِيد، وَقُود، وَقَاد : জ্বালানি।

مُتَوَقِّد، وَقَّاد : জ্বলন্ত, উত্তপ্ত, উজ্জ্বল; দীপ্তিমান; অগ্নিময়; প্রখর, তীক্ষ্ণ।

~ : ইঞ্জিন ইত্যাদি চালনাকারী। ব وَقَّادُونَ

مُتَوَقِّد الذِهْن : তীক্ষ্ণবুদ্ধি।

إِيقَاد : প্রজ্বালন।

قِدَة، تَوَقُّد، إِتِّقَاد : প্রজ্বলন।

مَوْقِد : (ব مَوَاقِد) مُسْتَوْقَد ঘর গরম রাখিবার উদ্দেশ্যে আগুন জ্বালাইবার স্থান, Fire-place; মেঝের যে অংশে অগ্নিকুণ্ড থাকে, Hearth; চুল্লি; স্টোভ; Stove.

مَوْقُود : জ্বালানো হইয়াছে এমন, প্রজ্বলিত, জ্বলন্ত।

مِيقَاد : দ্রুত অগ্ন্যুৎপাদন করে এমন (চকমকি)।

مُتَّقِد : জ্বলন্ত, শিখায়িত।

وَقَذَ - : (وَقْذ) মারাত্মকভাবে আঘাত করা; লাথি মারিয়া ফেলিয়া দেওয়া; পিটাইয়া মারা।



www.pathagar.com

وَقَذَ ,أَوْقَذَ : (إِيْقَاذ) মাটিতে ফেলিয়া রাখা।

وَقِيذ : মন্থর; প্রস্তুত।

مَوْقُوذ : গুরুতর পীড়িত, মুমূর্ষু।

وَقِيذَة : পাথর দ্বারা বাঁধানো স্থান। ব وَقَائِذ

مَوْقِذ : স্কন্ধ, কনুই ইত্যাদির স্ফীত হাঁড় বা অঙ্গ। ব مَوَاقِذ

وَقَرَ ـِ : (وَقْر) (কান) বধির করা; (হাঁড়) ভাঙ্গিয়া ফেলা, বিদীর্ণ করা, ফাটানো।

~ : (وُقُورَة، وَقْر) স্থির অবস্থান করা; অনড় হইয়া থাকা; স্থির হওয়া।

وَقِرَ ـَ (وَقْر)، وُقِرَ (وُقُوْر) : (কান) বধির হওয়া।

وَقِرَ ـَ : (وَقَر) বিদীর্ণ খুরবিশিষ্ট হওয়া।

وَقُرَ ـُ : (قِرَة، وَقَارَة، وَقَار) শান্ত হওয়া, স্থির হওয়া, গম্ভীর হওয়া; সম্মানিত হওয়া; ধৈর্যশীল হওয়া।

وَقَّرَ : (تَوْقِيْر) সম্মান করা, শ্রদ্ধা করা; উচ্চ প্রশংসা করা; গম্ভীর স্বভাবে করা; শান্ত করা; আহত করা; (কান) বধির হওয়া।

~ لِ : চিহ্ন রাখিয়া যাওয়া।

أَوْقَرَ : (إِيْقَار) অতিরিক্ত বোঝা চাপানো; চাপ দেওয়া; ভারক্লিষ্ট করা; (গাছ) ফলের ভারে ভারাক্রান্ত হওয়া; (খুর) বিদীর্ণ করা।

تَوَقَّرَ، إِتَّقَرَ : (إِتِّقَار) শান্ত হওয়া, গম্ভীর হওয়া; ধৈর্যশীল হওয়া।

إِسْتَوْقَرَ : (إِسْتِيْقَار) মাংসল হওয়া।

إِسْتَوْقَرَ وِقْرَهُ : কাহারো বোঝা তুলিয়া লওয়া।

وَقْر : বধিরতা; বিদ্বেষ।

~ : গর্ত, খোঁড়ল; খুরের ফাটল। ব وُقُور

وِقْر : ভারী বোঝা। ব أَوْقَار

قِرَة : ভার, ওজন; অসুখের সময়; পরিবার। ব قِرَات

وَقِير : প্রায় ৫০০ মেষের পাল।

وَقَرِيّ : মেষপালক।

وَقَار : মর্যাদা, সম্ভ্রম; গাম্ভীর্য, শ্রদ্ধা; স্থৈর্য, শান্তভাব; সহনশীলতা।

وَقُور : গম্ভীর, শ্রদ্ধেয়; মর্যাদাবান; শান্ত। ব وُقُر

وَقِير، وَقِيرَة : পাথরের গর্ত।

~ ، مَوْقُور : ফাটলযুক্ত, বিদীর্ণ।

تَوَقُّر : গাম্ভীর্য, স্থৈর্য।

مَوْقِر : পাহাড়ের পাদদেশে অবস্থিত সমতলভূমি।

مُوقَر : ভারাক্রান্ত, ভারক্লিষ্ট। ব مَوَاقِرُ

مُوقِر، مُوقِرَة : ফলের ভারে ভারাক্রান্ত (খেজুর গাছ)।

مُوَقَّر : সম্মানিত, শ্রদ্ধেয়, মাননীয়; বুদ্ধিমান, অভিজ্ঞ।

وَقَسَ ـِ : (وَقْس) (ছাল) তোলা; পাঁচড়া ছড়াইয়া যাওয়া।

وَقَّسَ : (تَوْقِيْس) পাঁচড়া ছড়াইয়া দেওয়া।

وَقْس : (পশুর) পাঁচড়া।

أَوْقَاس : গোত্রের নিকৃষ্ট লোকজন।

وَقَشَ ـِ : (وَقْش) (চিহ্ন) মুছিয়া যাওয়া।

تَوَقَّشَ : অগ্রসর হওয়া।

وَقْش، وَقَشَة، وَقْشَة : আলোড়ন।

~, وَقَش : খড়; কাঠের কুঁচি।

وَقَصَ ـِ : (وَقْص) (ঘাড়) ভাঙ্গিয়া যাওয়া; ঘাড় ভাঙ্গিয়া দেওয়া; পদদলিত করা।

وُقِصَ : ভগ্নগ্রীবা হওয়া।

وَقِصَ ـَ : (وَقَص) খর্বগ্রীবা হওয়া।

وَقَّصَ : (تَوْقِيْص) ঘাড় ভাঙ্গিয়া দেওয়া, নিক্ষেপ করা।

وَقَّصَ عَلَى النَّارِ : আগুনে কাঠের কুঁচি নিক্ষেপ করা।

أَوْقَصَ : (إِيْقَاص) খর্বগ্রীবা করিয়া সৃষ্টি করা।

تَوَقَّصَ : (পশু) কদমে চলা।

وَقْص : ত্রুটি, দোষ।



www.pathagar.com

وَقَص : কাঠের কুঁচি; মিশ্রিত জনতা। ব أَوْقَاص

إِبْن أَبِى وَقَّاص : সা'দ ইব্‌ন আবী ওয়াককাস (মৃ. ৬৭৬ খ্রি.) : পারস্যবিজয়ী, কাদিসিয়া যুদ্ধের সেনাপতি ও ইসলামের অন্যতম শ্রেষ্ঠ সমরনায়ক, জীবদ্দশায় বেহেশতের সুসংবাদপ্রাপ্ত।

وَقِيصَة : ঘাড়ের হাড়, গ্রীবাস্থি; গলিত পচা গোশত, পশুর মৃতদেহ। ব وَقَائِص

أَوْقَص : খর্বগ্রীবা ব্যক্তি। স্ত্রী وَقْصَاء ব وُقْص

مَوْقُوص : ভগ্ন।

وَقَطَ - : (وَقْط) নির্দয়ভাবে প্রহার করা।

وَقَطَ بِهِ الأَرْضَ : তাহাকে ভূপাতিত করিল।

وَقَّطَ : (تَوْقِيط) (পাথর) গর্তবিশিষ্ট হওয়া।

وَقْط : পানি জমা হয় এমন গর্ত। ব أَوْقَاط

مَوْقُوط، وَقِيط : নির্দয়ভাবে প্রহৃত।

~ : পানি জমা হয় এমন গর্ত। ব وِقْطَان، وِقَاط

~ : বিষণ্ণ, দুশ্চিন্তাগ্রস্ত। ব وَقَاطَى، وَقْطَى

وَقَظَ - : (وَقْظ) নৃশংসভাবে প্রহার করা, পিটাইয়া চেপটা করা।

~ عَلَى : সংরক্ষিত হওয়া।

وَقَّظَ : (تَوْقِيظ) জাগ্রত করা, প্ররোচিত করা।

وَقِيظ : শক্তিহীন।

وَقَعَ - : (وُقُوع) ঘটা, সংঘটিত হওয়া; পড়িয়া যাওয়া; পতিত হওয়া; অবস্থিত হওয়া, অবস্থান করা; আপতিত হওয়া; লিপ্ত হওয়া; পরিণত হওয়া; বসা, উড়িয়া আসিয়া বসা।

~ إِلَى : পৌঁছা, উপনীত হওয়া।

~ عَلَى : আসিয়া পড়া, আপতিত হওয়া, আগমন করা; পতন হওয়া, উড়িয়া আসিয়া বসা; সঙ্গম করা।

~ عَنْ، مِن : বিচ্যুত হওয়া।

~ فِى : বিভক্ত হওয়া; ধারণ করা।

~ لِ : সংঘটিত হওয়া; আপতিত হওয়া।

~ تَحْتَ : আওতাভুক্ত হওয়া।

وَقَعَ : (وَقْع) (তরবারি) ধারালো করা; ছুটিয়া যাওয়া।

~ : (وَقْعَة، وَقْع) بِ ~ ঝাঁপাইয়া পড়া, আক্রমণ করা।

~ : (وَقِيعَة) নিন্দা করা, কুৎসা করা।

وَقَعَ بِأَيْدِى : হাতে পড়া, খপ্পরে পড়া।

~ تَحْتَ الحَوَاسِّ : নাগালের মধ্যে আসা, আয়ত্তে আসা।

وَقَعَ فِى الهَوَى ,~ فِى الحُبِّ : প্রেমে পড়া।

~ الحَقّ : সত্য প্রতিষ্ঠিত হওয়া।

وَقَعَ الحَقّ ~ عَلَى : দাবি সাব্যস্ত হওয়া।

~ فِى الفَخّ : ফাঁদে পড়া।

~ فَرِيسَتَهُ : শিকারে পরিণত হওয়া।

~ القَوْلُ عَلَيْهِ : এখন তাহার বলার সময়, এখন তাহার পালা।

وَقَعَ فِى كَلَامِهِ , ~ بِلِسَانِهِ : কথা দেওয়া।

وَقَعَ فِى نَفْسِهِ : মনে উদয় হওয়া, মনে পড়া; মনে লাগা; অন্তরে দাগ কাটা, হৃদয় স্পর্শ করা।

وَقَعَ مَوْقِعَهُ : স্থান পূরণ করা, যথাস্থানে অবস্থান করা।

~ فِى غَيْرِ مَوْقِعِهِ : স্থানচ্যুত হওয়া; ভুল স্থানে অবস্থান করা; অনুপযুক্ত স্থানে ব্যবহৃত হওয়া।

وَقَعَ الكَلَامُ مِنْهُ مَوْقِعًا : কথাটি তাহার মনে দাগ কাটিল, তাহার মনে লাগিল, তাহাকে অভিভূত করিল।

وَقَعَ الامر مِنْهُ مَوْقِعًا حَسَنًا : বিষয়টি তাহার খুব ভালো লাগিয়াছে; তাহার ইচ্ছানুসারে হইয়াছে।

وَقَعَ عِنْدَهُ مَوْقِعَ الرِضَى : ইহাতে তিনি খুশি হইয়াছেন।

وَقَعَتِ الحَرْبُ : যুদ্ধ লাগিয়া যাওয়া, যুদ্ধ সংঘটিত হওয়া।

وَقَعُوا فِى بَعْضِهِمْ : তাহারা ঝগড়ায় লিপ্ত হইয়াছে।

لَمْ يَقَعْ فِى النَّفْسِ : বস্তুত সংঘটিত হয় নাই।



www.pathagar.com

وَقِعَ : - َ (وَقَع) খালি পায়ে গমন করা; শক্ত মাটিতে লাগিয়া পায়ে আঘাত পাওয়া।

وَقَّعَ : (تَوْقِيع) ঘটানো, সংঘটিত করা; পতিত করা, নিক্ষেপ করা, ফেলিয়া দেওয়া; সম্পন্ন করা, কার্যকর করা; লিপিবদ্ধ করা; অন্তর্ভুক্ত করা; স্বাক্ষর করা; (তরবারি) ধারালো করা; রাত্রিকালে যাত্রাবিরতি করা; বিশ্রাম করা; (কর) ধার্য করা।

~ بَيْنَ : বিবাদ লাগানো, বিভেদ সৃষ্টি করা।

~ عَلَى : (শাস্তি) আরোপ করা, ধার্য করা; (বাদ্যযন্ত্র) বাজানো; উজ্জ্বল করা, পালিশ করা; স্বাক্ষর দান করা।

وَقَّعَ حَجْزًا : ~ عَلَى ক্রোক করা; লেভি আরোপ করা।

وَاقَعَ : (وِقَاع) আক্রমণ করা, যুদ্ধ করা, সঙ্গম করা।

وَاقَعَ الْمَرْأَةَ : স্ত্রীর সাথে সঙ্গম করা।

أَوْقَعَ : (إِيقَاع) ফেলিয়া দেওয়া; নিক্ষেপ করা; কার্যকর করা; সুর দেওয়া; (পানি) ধরিয়া রাখা।

~ بِ : আক্রমণ করা, ঝাঁপাইয়া পড়া; আঘাত করা; কষ্ট দেওয়া; শাস্তি দেওয়া।

~ بَيْنَ : বিভেদ সৃষ্টি করা, বিবাদ লাগানো।

~ فِي : প্রবিষ্ট করা; নিপতিত করা, জড়িত করা।

تَوَقَّعَ، إِسْتَوْقَعَ : (إِسْتِيقَاع) আশা করা, প্রত্যাশা করা, অপেক্ষা করা, প্রতীক্ষা করা; আশঙ্কা করা।

~ عَلَى : আরোপিত হওয়া; (রায়) বিপক্ষে যাওয়া; খুঁজিয়া পাওয়া, আক্রমণ করা।

وَقْع: পতন; পতন-শব্দ; সংঘটন; ঘটনা; আঘাত প্রভাব, ছাপ, ফলাফল।

وَقْع الأَقْدَام : পদক্ষেপ।

وَقْعَة : পতন-শব্দ; ঘটনা; আঘাত; আক্রমণ; সংঘাত, যুদ্ধ; আহার্য। ব وَقَعَات

وَقَع : প্রস্তর।

وَاقِع : সংঘটিত, পতিত, অবস্থিত, স্থাপিত; উপবিষ্ট; বর্তমান, বিদ্যমান; প্রকৃত, বাস্তব ঘটনা।

الوَاقِع : বাস্তব বিষয়, বস্তুজগৎ।

وَاقِعًا، فِي وَاقِع الأَمْر، فِي الوَاقِع : বস্তুতঃ বাস্তবে, প্রকৃতপক্ষে।

غَيْر وَاقِع : অবাস্তব, অসত্য।

وَاقِعَة : ঘটনা, দুর্ঘটনা, প্রকৃত ঘটনা; যুদ্ধ। ব وَقَائِع، وَاقِعَات

وَقَائِع الدَّعْوَى : মকদ্দমার তথ্যসমূহ।

~ الجَلْسَة : সভার কার্যবিবরণী।

~ ~ مَحْضَر : সভার কার্যবিবরণীর সারাংশ, কার্যবৃত্ত, Minutes.

~ ~ دَفْتَر : সভার কার্যবিবরণীর বই, Minute-book.

الوَقَائِع المِصْرِيَّة : মিসরীয় সরকারি গেজেট : প্রাচীনতম আরবী পত্রিকা।

الوَاقِعَة : কিয়ামত।

سُورَة الوَاقِعَة : সূরা আল ওয়াকি'আ : পবিত্র কুরআনের ৫৬ নং মাক্কী সূরা। আয়াত সংখ্যা ৯৬।

وَاقِعِيّ : প্রকৃত, বাস্তবিক; বাস্তববাদী।

وَاقِعِيَّة : বাস্তবতা, বাস্তববাদ।

مُوَاقَعَة، وِقَاع : যৌন মিলন, সঙ্গম।

وَقَّاعَة، وَقَّاع : কুৎসা রটনাকারী; প্ররোচক; উসকানিদাতা।

وُقُوع : সংঘটন; পতন।

وَقِيع : ধারালো তরবারি; পানি জমিয়া থাকে এমন শক্ত মাটি; শরণার্থী। ব وُقُع

~، مَوْقُوع : শক্ত মাটির ঘর্ষণজনিত ক্ষতযুক্ত পশুর খুর।

وَقِيعَة : ঘটনা, প্রকৃত ঘটনা; যুদ্ধ; সংঘাত; আঘাত; আক্রমণ; নিন্দা, কুৎসা; পানি ধরিয়া রাখে এমন শক্ত মাটি; পাখির বিশ্রামস্থল; গর্ত; কলম মুছিবার নেকড়া। ব وِقَاع، وَقَائِع

إِيقَاع : নিক্ষেপণ, (শাস্তি) কার্যকরকরণ; (সঙ্গীতে) সুর।



www.pathagar.com

فَنّ الإِيقَاع : সুর-শাস্ত্র।

إِيقَاعِيّ : সুর-সম্বন্ধীয়, ছন্দঃসম্বন্ধীয়।

تَوَقُّع : আশা, প্রত্যাশা, প্রতীক্ষা।

تَوْقِيع : নিক্ষেপকরণ, (শাস্তি) কার্যকরকরণ; সম্পাদন, বাস্তবায়ন; লিপিবদ্ধকরণ, নিবন্ধন; স্বাক্ষরদান; স্বাক্ষর। ব تَوَاقِيعُ

تَحْتَ تَوْقِيع، بِتَوْقِيع : স্বাক্ষরিত।

مُهْمَل التَّوْقِيع : স্বাক্ষরবিহীন।

تَوْقِيعِيّ : ছন্দঃসম্বন্ধীয়।

مَوْقِع : পতনস্থল; স্থান, ক্ষেত্র; অবস্থান; ঘটনাস্থল। ব مَوَاقِع

مَوْقِع مُتَقَدِّم : অগ্রবর্তী অবস্থান।

مَوَاقِع الأَطْلَال : ধ্বংসাবশেষস্থল।

~ النَّظَر : চিন্তার ক্ষেত্র।

~ النُّجُوم : গ্রহ-নক্ষত্রের পরিক্রমণ-পথ, কক্ষপথ।

مَوْقِعَة : যুদ্ধক্ষেত্র; যুদ্ধ সংঘটন, পাখির বিশ্রামস্থল। ব مَوَاقِع

مُوَقِّع : স্বাক্ষরকারী, স্বাক্ষরদাতা; ক্ষিপ্রপদ।

المُوَقِّع أَدْنَاهُ : নিম্ন স্বাক্ষরকারী।

مُوَقَّع : লিপিবদ্ধ, নথিবদ্ধ, স্বাক্ষরিত; ধারালো (তরবারি); আঘাতপ্রাপ্ত।

مُوَقَّع عَلَيْهِ : স্বাক্ষরিত।

مِيقَعَة : পাখির বিশ্রামস্থল; শানপাথর; মুগুর। ব مَوَاقِع

مُتَوَقَّع : প্রত্যাশিত; প্রতীক্ষিত; সম্ভাব্য।

مِنَ المُتَوَقَّع أَنْ.... : আশা করা যায় যে,....

وَقَفَ – (وُقُوف، وَقْف) : থামা, থামিয়া থাকা, ক্ষান্ত হওয়া; স্থির হওয়া; দুইটি বাক্যকে পৃথক করিবার জন্য প্রথম বাক্যের অন্ত্যবর্ণ সাকিন করা, ওয়াক্ফ করা (ব্যা); দাঁড়ানো, উঠিয়া দাঁড়ানো, সোজা হইয়া দাঁড়ানো, খাড়া হওয়া; প্রতিরোধ করা, বিরোধিতা করা; করিতে থাকা।

وَقَفَ : ~ عَلَى : অবস্থান গ্রহণ করা; থামা, অবহিত হওয়া।

~ فِي : ইতস্ততঃ করা, সন্দিহান হওয়া।

~ لِ : অপেক্ষা করা; সম্মানার্থে দাঁড়ানো।

~ مَعَ : পক্ষ লওয়া, সমর্থন করা, পাশে দাঁড়ানো।

وَقَّفَ : (تَوْقِيف) থামানো, দাঁড় করানো; ক্ষান্ত করা, মওকুফ করা; বিরত করা, বাধা দেওয়া; নির্দিষ্ট করা, বরাদ্দ করা; নিয়োগ করা, নির্ভরকৃত করা।

~ عَلَى : নির্ভরশীল করা; ঝুলাইয়া রাখা; অবহিত করা, জানানো; মনোযোগ আকৃষ্ট করা; দান করা, ওয়াক্ফ করিয়া দেওয়া, উইল করিয়া দেওয়া; উৎসর্গ করা।

~ عَنْ : বিরত করা, বাধা দেওয়া।

وَقَفَ : (وُقُوف) ~ عَلَى، فِي লিপ্ত হওয়া, নিয়োজিত হওয়া, মনোযোগ দেওয়া, আগ্রহী হওয়া; অনুসন্ধান করা; অবহিত হওয়া, জানা।

وَقَفَ أَمَامَهُ، وَقَفَ فِي وَجْهِهِ : সে তাহার সামনে দাঁড়াইল; বিরুদ্ধে দাঁড়াইল, বিরোধিতা করিল, প্রতিরোধ করিল।

وَقَفَ إِلَى جَانِبِهِ : পাশে দাঁড়াইল, পক্ষাবলম্বন করিল, সমর্থন করিল।

وَقَفَ سَدًّا ~ دُونَ : পথে বাধা হওয়া, প্রতিবন্ধকতা সৃষ্টি করা।

~ حَائِرًا : হতভম্ব অবস্থায় পড়া, দিশাহারা হওয়া।

~ عَلَى الحِيَاد : নিরপেক্ষ থাকা।

~ عَلَى شَفِير الهَلَاك : ধ্বংসের মুখামুখি হওয়া।

~ مَوْقِفًا : নীতি অবলম্বন করা, মনোভাব গ্রহণ করা; অবস্থান গ্রহণ করা।

~ وَقْفًا : মনোভাব গ্রহণ করা; ভঙ্গিমা ধারণ করা।

~ وَقْفَةً : মনোভাব গ্রহণ করা; স্থির হইয়া দাঁড়ানো।

وَاقَفَ : (مُوَاقَفَة) পাশাপাশি দাঁড়ানো; কাছাকাছি অবস্থান করা; অপেক্ষমাণ থাকা।



www.pathagar.com

أَوْقَفَ : (إِيْقَاف) দাঁড় করানো; থামানো; বাধা দেওয়া; বিঘ্ন সৃষ্টি করা; ঝুলাইয়া রাখা; বন্ধ করা; (সম্পর্ক) ছিন্ন করা; বিলম্বিত করা, স্থগিত করা; মওকুফ করা; আটক করা, গ্রেফতার করা; নিষিদ্ধ করা; রোধ করা, বাড়িতে না দেওয়া।

~ عَلَى : অবহিত করা, জানাইয়া দেওয়া; মনোযোগ আকৃষ্ট করা; ওয়াক্‌ফ করিয়া দেওয়া, উইল করিয়া দেওয়া; নির্দিষ্ট করিয়া রাখা; নিয়োজিত করা; ব্যয় করা; উৎসর্গ করা।

أَوْقَفَ إِهْتِمَامَهُ ~ عَلَى : পূর্ণ মনোনিবেশ করা।

~ تَنْفِيذَ الْحُكْمِ : রায় মওকুফ করা।

~ حَرَكَةَ الْمُرُورِ : যানবাহন চলাচল বন্ধ করা।

~ عَنِ الْعَمَلِ : সাময়িকভাবে কর্মচ্যুত করা, বরখাস্ত করা।

~ النَّزْفَ : রক্তক্ষরণ বন্ধ করা।

تَوَقَّفَ : থামা, থামিয়া যাওয়া, বন্ধ হওয়া, অচল অবস্থায় উপনীত হওয়া।

~ عَلَى : ঝুলিয়া থাকা, নির্ভর করা, নির্ভরশীল হওয়া; ভর করা; অবস্থান করা।

~ عَنْ : বিঘ্নিত হওয়া, বাধাপ্রাপ্ত হওয়া; বিরত থাকা; ক্ষান্ত হওয়া।

تَوَقَّفَ عَنِ الدَّفْعِ : দেয় অর্থ সাময়িকভাবে স্থগিত করা।

تَوَقَّفَ ~ فِي : দ্বিধা করা, ইতস্তত করা।

تَوَاقَفَ : পরস্পর মুখামুখি হওয়া, সংঘর্ষে লিপ্ত হওয়া, বিরোধ করা।

إِسْتَوْقَفَ : (إِسْتِيقَاف) থামিতে বলা, থামাইতে চাওয়া; বাধা দেওয়া, বন্ধ করা; আকর্ষণ করা।

إِسْتَوْقَفَ النَّظَرَ : দৃষ্টি আকর্ষণ করা।

~ الإِنْتِبَاهَ : মনোযোগ আকর্ষণ করা।

وَقْف : বিরতি, বিরাম; বাধা, বিঘ্ন; বন্ধন; দাঁড়ানো; অবস্থান; মন্দাভাব; অচল অবস্থা; সাময়িক কর্মচ্যুতি।

وَقْف : ওয়াক্‌ফ-সম্পত্তি ঃ উত্তরাধিকারীদের মালিকানার উর্ধ্বে জনকল্যাণার্থে দানকৃত সম্পত্তি। এই সম্পত্তি চিরদিনের জন্য আল্লাহর মালিকানায় থাকিবে। ব أَوْقَاف

وَقْف لِلأَوْلَادِ : সন্তানদের জন্য কৃত ওয়াক্‌ফ।

~ لِلّٰه : আল্লাহর উদ্দেশ্যে কৃত ওয়াক্‌ফ।

~ إِطْلَاقِ النَّارِ : যুদ্ধবিরতি।

نَاظِر الْوَقْف : ওয়াক্‌ফ-সম্পত্তির তত্ত্বাবধায়ক।

~ نُقْطَة : পূর্ণচ্ছেদ, দাঁড়ি, full stop (ব্যা)।

وَزَارَةُ الأَوْقَاف : ওয়াক্‌ফ মন্ত্রণালয়।

الْوَقْف : (ছন্দঃশাস্ত্রে) হরকতবিশিষ্ট সপ্তম বর্ণ সাকিনকরণ; (কিরআত শাস্ত্রে) দুইটি বাক্যকে পৃথক করিবার জন্য প্রথম বাক্যের অন্ত্যবর্ণ সাকিনকরণ।

وَقْفَة : অবস্থান; বিরতি; অবকাশ; যতি-চিহ্ন; পূর্ণচ্ছেদ, দাঁড়ি, full stop. (ব্যা); স্টেশন। ব وَقَفَات

وَقْفِيّ : ওয়াক্‌ফ-সম্বন্ধীয়।

وَقْفِيَّة : ওয়াক্‌ফ-পদ্ধতি; ওয়াক্‌ফ-সম্পত্তির তালিকা; ওয়াক্‌ফ সম্পত্তির দলীল।

وَاقِف : থামিয়া আছে এমন, দণ্ডায়মান, স্থির, খাড়া; অবহিত, জ্ঞাত; ওয়াক্‌ফকারী। ব وُقُوف ,وُقْف

عَلَى الْوَاقِف : তৎক্ষণাৎ।

هَبَّ وَاقِفًا : দাঁড়াইয়া যাওয়া, উঠিয়া দাঁড়ানো।

وَقَّاف : তত্ত্বাবধায়ক।

وُقُوف : অবস্থান, দাঁড়ানো; বিরতি, বিরাম; অধ্যয়ন, অনুসন্ধান; জ্ঞান, বোধ।

إِيقَاف : উত্তোলন; গঠন; বন্ধকরণ; আটককরণ; বিলম্বিতকরণ, থামানো, বাধাদান, বিঘ্ন সৃষ্টিকরণ, রোধকরণ, রহিতকরণ, নিবারণ, স্থগিতকরণ; কর্মচ্যুতি, বিজ্ঞপ্তি।

إِيقَاف التَّنْفِيذ : কার্যকারিতা স্থগিতকরণ।

~ الْحُكْم : রায় স্থগিতকরণ।

~ الدَّعْوَى : মকদ্দমা পরিচালনের কার্যধারা স্থগিতকরণ।



www.pathagar.com

إِيْقَافُ الدَّفْعِ : দেয় অর্থ প্রদান বিলম্বিতকরণ।

~ الْعَمَلِ : সাময়িক কর্মচ্যুতি।

تَوَقُّف : বিরতি, বিরাম, থামন; দ্বিধা; নির্ভরতা, নির্ভরশীলতা।

تَوْقِيف : উত্তোলন, গঠন; আটককরণ; বিলম্বিতকরণ; থামানো; (গাড়ি) পার্কিং, Parking.

مَوْقِف : থামিবার জায়গা; দাঁড়াইবার জায়গা; বিরামস্থল; স্টেশন; স্থান, ক্ষেত্র, কেন্দ্র; অবস্থান; মনোভাব, নীতি, অভিমত; অবস্থা, পরিস্থিতি। ব مَوَاقِف

مَوْقِف حَرْبِيّ : যুদ্ধনীতি, যুদ্ধ-পরিস্থিতি।

~ سِيَاسِيّ : রাজনৈতিক পরিস্থিতি।

~ الشَّاهِد : সাক্ষীর কাঠগড়া।

~ عَرَبَات : গাড়ির টার্মিনাল।

~ عَدَائِيّ : শত্রুতামূলক মনোভাব।

مُهَيْمِن الْمَوْقِف : পরিস্থিতির নায়ক।

مُوَقَّف : অভিজ্ঞ; কানের উপরিভাগে সাদা দাগযুক্ত (অশ্ব); সামনের পায়ে লাল পশমযুক্ত (ষাঁড়)।

مَوْقُوف : মওকুফ, স্থগিত, বন্ধ, বিলম্বিত; আটককৃত; ঝুলন্ত, অমীমাংসিত; ওয়াক্‌ফকৃত; সাময়িকভাবে কর্মচ্যুত, বরখাস্তকৃত; নিবেদিত, উৎসর্গীকৃত; সংরক্ষিত।

~, مُتَوَقِّف : ~ عَلَى নির্ভরশীল।

حَدِيث مَوْقُوف : মওকুফ হাদীস : যে হাদীসের সনদ সাহাবী পর্যন্ত পৌঁছে।

وَقَلَ : - (وَقْل) এক পায়ে দাঁড়ানো।

تَوَقَّلَ : আরোহণ করা।

وَقَل : প্রস্তর।

أَوْقَل : ঊর্ধ্বে আরোহণে পারদর্শী।

أَوْقَلَة : সরাইখানা।

وَقَمَ : - (وَقْم)، وَقَّمَ (تَوْقِيم) أَوْقَمَ (إِيقَام) কঠোর আচরণ করা, দুঃখ দেওয়া; হটাইয়া দেওয়া।

وَقَمَ : ~ الْفَرَسَ। লাগাম দ্বারা (অশ্ব) সংযত করা।

تَوَقَّمَ : ভীতি প্রদর্শন করা; হত্যা করা; মনস্থ করা।

~ فِي : সংরক্ষিত থাকা।

وِقَام : তরবারি, লাঠি, চাবুক, রশি।

تَوَقَّنَ : আরোহণ করা।

وُقْنَة : পাখির বাসা; মাটির গর্ত। ব وُقْنَات

مَوْقُونَة : অন্তঃপুরবাসিনী।

وَقِهَ : - (وَقْه) أَيْقَهَ (إِيقَاه) إِتَّقَهَ (إِتِّقَاه) إِسْتَيْقَهَ (إِسْتِيقَاه) ~ لِ মান্য করা, অনুগত হওয়া।

وَقْهَة : আনুগত্য।

وَقْوَقَ : (وَقْوَقَة) পাখি ডাকা।

وَقْوَق، وَقْوَاق : কোকিল।

وَقَى : - (وَقْي، وِقَايَة، وَقِّي) (تَوْقِيَة) রক্ষা করা, বাঁচানো, সংরক্ষণ করা; আশ্রয় দেওয়া।

~ : (وَقِيّ، وُقِيّ) মেরামত করা; ঠিকঠাক রাখা।

إِتَّقَى، تَوَقَّى : (إِتِّكَاء) ভয় করা, আত্মরক্ষা করা; সতর্ক থাকা; মুত্তাকী হওয়া, ধার্মিক হওয়া।

إِتَّقَى اللّٰهَ : আল্লাহকে ভয় করা, খোদাভীরু হওয়া।

وَقْي : রক্ষা, সংরক্ষণ।

وِقَاء : রক্ষা; নিবারণ, বাধা; ঢাল; প্রতিষেধক।

وِقَايَة : রক্ষা; নিবারণ; সতর্কতা; নিরাপত্তা, প্রতিরক্ষা; সংরক্ষণ।

~, وَقَايَة، وُقَايَة : আশ্রয়; ঢাল; প্রতিষেধক।

نُون الْوِقَايَة : "فعل" ও "مفعول"-এর মধ্যবর্তী অতিরিক্ত "ن" (যেমন ضَرَبَنِي-এর "ن")।

وِقَائِيّ : নিবারক, প্রতিষেধক, রক্ষামূলক।

وَاقٍ، وَقِيّ : রক্ষাকারী, রক্ষক, সংরক্ষণকারী, অভিভাবক; আরামদায়ক (জিনের গদি)।

~ : রক্ষামূলক, সংরক্ষণমূলক; নিবারক, প্রতিষেধক।

وَاقٍ مِنَ الرِّيحِ : বায়ু-প্রতিরোধক।



www.pathagar.com

مِعْطَف وَاقٍ : বর্ষাতি, রেইনকোট, Raincoat.

وَاقِيَة : আশ্রয়, ঢাল, নিবারক, প্রতিষেধক। ব أَوَاقٍ

مِظَلَّة وَاقِيَة : বিমানছত্র, প্যারাসুট, Parachute.

وَقِيَّة : ওজনের এককবিশেষ, আউন্স। ব وَقَايَا

تَقْوَى، تُقًى : খোদাভীতি, দীনদারী; ধার্মিকতা, ধর্মপরায়ণতা।

التَقْوَى : তাকওয়া ঃ যাহা করিলে অথবা না করিলে আল্লাহর শাস্তি অবশ্যম্ভাবী হয় তাহা হইতে আত্মরক্ষা করা; কথায় ও কাজে রাসূল (স)-এর অনুসরণ করা।

تَقِيّ : (ব أَتْقِيَاء) مُتَّقٍ খোদাভীরু, দীনদার, ধার্মিক, ধর্মপরায়ণ; দায়িত্বশীল, সৎকর্মপরায়ণ।

تَقِيَّة ভয়, ভীতি; সতর্কতা; বিচক্ষণতা।

مَوْقِيّ : রক্ষিত, সংরক্ষিত।

مُوَقًّى : সংরক্ষিত; সাহসী।

أَوْكَأَ : (إِيْكَاء) হেলান দেওয়ানো, হেলান দেওয়ার জন্য বালিশ দেওয়া।

تَوَكَّأَ، إِتَّكَأَ : (إِتِّكَاء) ~ عَلَى ভর করা, হেলান দেওয়া, ঠেস দেওয়া।

تَوَكُّؤ، إِتِّكَاء : ভর, হেলান, ঠেস।

تُكَأَة : লাঠি; ঠেকনা; চেয়ার ইত্যাদির ঠেস দেওয়ার অংশ; অলস ব্যক্তি; ওজর।

مُتَّكَأ : হেলান দেওয়ার জায়গা, গদি, সোফা, পালঙ্ক, বিছানা; ঠেকনা; লাঠি। ব مُتَّكَآت

مُتَّكِئ : যে হেলান দেয়, ঠেস লাগাইয়া বসা ব্যক্তি।

وَكَبَ - : (وَكَبَان، وُكُوب، وَكْب) আস্তে আস্তে হাঁটা, ধীরে ধীরে অগ্রসর হওয়া।

~ : (وَكْب) সোজা হইয়া দাঁড়ানো।

وَكِبَ - : (وَكَب)، وَكَّبَ (تَوْكِيب) (খেজুর) কালো হইয়া যাওয়া।

وَاكَبَ : (مُوَاكَبَة) সঙ্গে যাওয়া, সঙ্গী হওয়া; (মিছিলে) যোগ দেওয়া; পাহারা দিয়া লইয়া যাওয়া।

أَوْكَبَ : (إِيْكَاب) (পাখি) ডানা ঝাপটানো।

وَاكِبَة : পশুর পা।

وَكَّاب : বিষণ্ণ।

وَكْب، وُكُوب : ধীর পদক্ষেপে চলন; (হরিণ) চলিবার সময় গ্রীবা প্রসারণ।

مَوْكِب : কুচকাওয়াজ, মিছিল, শোভাযাত্রা, অনুচরবর্গ; জয়ের আনন্দ। ব مَوَاكِب

مَوْكِب المَشَاعِيل : মশাল-মিছিল।

مُوَاكَبَة : প্রহরা; ধীর পদক্ষেপে চলন; (হরিণ) চলিবার সময় গ্রীবা প্রসারণ।

وَكَتَ - : (وَكْت) ক্ষুদ্র ক্ষুদ্র পদক্ষেপে চলা; (পাত্র) পূর্ণ করা।

~ فِي : ছাপ দেওয়া।

وَكَّتَ : (تَوْكِيت) (পাত্র) পূর্ণ করা; (খেজুর) দাগযুক্ত হওয়া।

وَكْت : সামান্য পরিমাণ।

وَكْتَة : দাগ; হালকা চিহ্ন। ব وُكَتٌ

وَكِيت : কুৎসা; ষড়যন্ত্র, চক্রান্ত।

مَوْكُوت : অস্থির, উদ্বিগ্ন।

إِسْتَوْكَثَ : (إِسْتِيْكَاث) সকালের আহারের পূর্বে কিছু আহার করা।

وُكَاث : তড়িঘড়ি প্রস্তুত খাদ্য।

وَكَحَ - : (وَكْح) পদদলিত করা।

أَوْكَحَ : (إِيْكَاح) ক্লান্ত হওয়া।

~ عَنْ : বিরত হওয়া।

أَوْكَح : প্রস্তরময় ভূমি।

وَكَدَ - : (وُكُود) ~ بِ বাস করা; অবস্থান করা।

~ : (وَكْد) গমন করা; মনস্থ করা; লক্ষ্য অর্জন করা।

وَكَّدَ، أَكَّدَ، أَوْكَدَ : (تَوْكِيد) দৃঢ় করা, জোর দেওয়া, জোরদার করা, তাকীদ করা; সমর্থন করা, চিহ্নিত করা, নিশ্চয়তা দেওয়া।

تَوَكَّدَ، تَأَكَّدَ : জোরদার হওয়া, নিশ্চিত হওয়া, দৃঢ় হওয়া।

~ مِنْ ~، : নিশ্চিত করা, নিশ্চিত হওয়া।



www.pathagar.com

وَكْد : ইচ্ছা, উদ্দেশ্য, লক্ষ্য; দুশ্চিন্তা।

~, وُكْد : প্রচেষ্টা, অধ্যবসায়; উদ্যোগ।

وِكَاد : পশু বাঁধিবার রজ্জু। ব وُكُد

وَكِيد، أَكِيد، مُؤَكَّد : দৃঢ়, জোরদার, নিশ্চিত, সুনির্দিষ্ট।

تَوْكِيد، تَأْكِيد : দৃঢ়ীকরণ, জোরদারকরণ, নিশ্চিতকরণ, সমর্থন, জোর প্রদান; নিশ্চয়তা, জোর; বক্তব্য জোরদারকরণার্থে বাক্যে অতিরিক্ত পদ ব্যবহার, তাকীদ (ব্যা)।

تَوْكِيدِيّ، تَأْكِيدِيّ : জোর প্রদান-সম্পর্কিত, নিশ্চয়তাসূচক, তাকীদ-সম্বন্ধীয়।

مُؤَكِّد : জোর প্রদানকারী, সমর্থনকারী, প্রমাণকারী।

مُتَوَكِّد، مُتَأَكِّد : নিশ্চিত; সুনির্দিষ্ট।

وَكَرَ - : (وُكُور، وَكْر) (পাখি) নীড়ে প্রবেশ করা; (হরিণ) লম্ফ দেওয়া; (অশ্ব, উষ্ট্র) ঝাঁকুনি দিয়া চলা।

~ : (وَكْر)، وَكَّرَ (تَوْكِير) أَوْكَرَ (إِيكَار) (পাত্র) পূর্ণ করা।

تَوَكَّرَ : তৃপ্ত হওয়া।

إِتَّكَرَ : (إِتِّكَار) (পাখি) নীড় নির্মাণ করা, নীড়ে থাকা।

وَكْر : পাখির নীড়, আশ্রয়স্থল, বাসস্থান, আড্ডা, (বিমানের) হ্যাঙ্গার। ব أَوْكَار، وُكُور، أَوْكُر

~, وَكَر : ঝাঁকুনিপূর্ণ ধাবন।

وَكْرَة : পাখির নীড়। ব وُكَر

وَكَزَ - : (وَكْز) ঘুষি মারা, আঘাত করা, ধাক্কা দেওয়া; গুঁতা মারা; বিদ্ধ করা।

تَوَكَّزَ : ~ لِ উদ্যত হওয়া।

~ عَلَى : ভর করা, ভর দেওয়া।

وَكَسَ - : (وَكْس) হ্রাস পাওয়া, মূল্য কমিয়া যাওয়া।

~, وَكَّسَ، أَوْكَسَ : (إِيكَاس، تَوْكِيس) হ্রাস করা, কমানো।

أَوْكَسَ، وُكِسَ : (ব্যবসায়ে) লোকসান দেওয়া।

وَكْس : হ্রাস, মূল্যহ্রাস; লোকসান।

بَاعَ بِالْوَكْسِ : লোকসানে বিক্রয় করা।

وَكَظَ - : (وَكْظ)، وَاكَظَ، (مُوَاكَظَة) ~ عَلَى অবিরামভাবে লাগিয়া থাকা।

وَكَعَ - : (وَكْع) মাতৃস্তনে মাথা ঠোকা; দংশন করা; নাকে আঘাত করা; তিরস্কার করা।

وَكِعَ - : (وَكَع) বিকৃত পদাঙ্গুলিবিশিষ্ট হওয়া।

وَكُعَ - : (وَكَاعَة) শক্ত হওয়া, কঠোর হওয়া, শক্তিশালী হওয়া; নীচ হওয়া।

وَاكَعَ : (مُوَاكَعَة) চাপিয়া ধরা।

أَوْكَعَ : (إِيكَاع) অসুবিধা ঘটানো।

إِتَّكَعَ، إِسْتَوْكَعَ : (إِتِّكَاع، إِسْتِيكَاع) দৃঢ় হওয়া, শক্ত হওয়া।

وَكَع : পদাঙ্গুলীর বিকৃতি।

وَكِيع : শক্ত, দৃঢ়, শক্তিশালী।

أَوْكَع : বিকৃত পদাঙ্গুলিবিশিষ্ট; নির্বোধ। স্ত্রী وَكْعَاء، ব وُكْع

مِيكَع : পানির শক্ত মশক।

مِيكَعَة : লাঙ্গলের ফাল; (পাখির) লেজের হাড়; (মানুষের) নাসারন্ধ্রের কোমলাস্থি। ব مِيلَعٌ

وَكَفَ - : (وَكْف، وَكَفَان) ফোঁটা ফোঁটা পড়া, চুয়াইয়া পড়া।

وَكِفَ - : (وَكَف) ত্রুটিপূর্ণ হওয়া, দোষযুক্ত হওয়া; অন্যায় হওয়া; অপরাধ করা।

وَكَّفَ : (تَوْكِيف) (গাধার পিঠে) জিন বাঁধা।

وَاكَفَ : (مُوَاكَفَة) আক্রমণ করা।

أَوْكَفَ : (إِيكَاف) অন্যায়ে প্রবৃত্ত করা, অপরাধ করিতে প্ররোচিত করা; নর্দমাযুক্ত হওয়া।

تَوَكَّفَ : প্রত্যাশা করা, প্রতীক্ষা করা; নর্দমাযুক্ত হওয়া।

~ لِ : বাধা দেওয়া।

تَوَاكَفَ : বিপথগামী হওয়া; ক্ষয় হওয়া।

إِسْتَوْكَفَ : (إِسْتِيكَاف) (পানি) ফোঁটায় ফোটায় পড়িতে দেওয়া।

وَكْف، وَكِيف، وَكَفَان : ছিদ্র; ফোঁটায় ফোঁটায় পতন।



www.pathagar.com

وَكَف : দোষ, ত্রুটি; পর্বতের পাদদেশ; দুর্বলতা; বিকৃতি; ঘাম; শামিয়ানা। ব أَوْكَاف

وُكَاف : গাধার পিঠে মালপত্র বহন করিবার গদি। ব وُكُف

وَكَلَ : ـِ (وُكُول، وَكْل) ~ إِلَى ন্যস্ত করা, দায়িত্ব দেওয়া।

~ : (وَكْل)، أَوْكَلَ، (إِتِّكَال) ~ بِ বিশ্বাস করা, আস্থা স্থাপন করা, নির্ভর করা।

وَكَّلَ : (تَوْكِيل) ক্ষমতা দেওয়া; প্রতিনিধি নিযুক্ত করা; উকিল নিয়োগ করা; দায়িত্ব অর্পণ করা, ন্যস্ত করা।

وَاكَلَ : (مُوَاكَلَة) বিশ্বাস করা; আস্থাশীল হওয়া; মন্থরগতিতে চলা।

تَوَكَّلَ : প্রতিনিধি বা উকিল নিযুক্ত হওয়া; এজেন্ট হিসাবে কাজ করা।

~ بِ : দায়িত্ব লওয়া, জামিন হওয়া, দায়ী হওয়া।

~, إِتَّكَلَ : (إِتِّكَال) ~ عَلَى নির্ভর করা, আস্থা স্থাপন করা, বিশ্বাস করা, ভরসা করা।

تَوَكَّلَ عَلَى اللّٰهِ : সে আল্লাহর উপর তাওয়াক্কুল করিল, ভরসা করিল।

~ فِي الامر : এজেন্ট হিসাবে কাজ করা।

تَوَاكَلَ : একে অপরকে বিশ্বাস করা, পরস্পর আস্থাবান বা নির্ভরশীল হওয়া; পরস্পর দায়িত্ব নেওয়া।

وَكَال : পশুর মন্থর পদক্ষেপ।

وَكَالَة : প্রতিনিধিত্ব; ক্ষমতা; উকালতি, উকালতনামা; ব্যবস্থাপনা; এজেন্সি; সংস্থা; সরাইখানা। ব وَكَالَات

وَكَالَة الإِشْتِهَار : বিজ্ঞাপন-সংস্থা।

~ الأَنْبَاء : সংবাদ-সংস্থা।

وَكِيل : উকিল, প্রতিনিধি; সহকারী, এজেন্ট, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি, স্থলাভিষিক্ত ব্যক্তি; ব্যবস্থাপক। ব وُكَلَاء

وَكِيل الجَامِعَة : বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ।

~ قُنْصُل : ভাইস কনসাল, Vice-consul.

وَكِيلُ المُدِير : উপ-পরিচালক।

~ الوِزَارَة : আন্ডার সেক্রেটারি, Under-secretary.

إِتِّكَال : নির্ভরতা, নির্ভরশীলতা, আস্থা, বিশ্বাস।

تَوَكُّل : বিশ্বাস, আস্থা, তাওয়াক্কুল, ভরসা।

عَلَى التَّوَكُّل : বিশ্বাসবশত।

تَوَاكُل : পারস্পরিক আস্থা বা বিশ্বাস; নির্ভরশীলতা।

تَوْكِيل : উকিল, প্রতিনিধি বা এজেন্ট নিয়োগ; ক্ষমতাপ্রদান, ন্যস্তকরণ, দায়িত্ব অর্পণ।

تُكَلَة : অন্যের উপর নির্ভরশীল, পরনির্ভর।

تُكْلَان : অন্যের উপর নির্ভরশীলতা, পরনির্ভরতা।

مُوَكِّل : মক্কেল; উকিল অথবা প্রতিনিধি বা এজেন্ট নিয়োগকারী; ক্ষমতা প্রদানকারী।

مُوَكَّل : ক্ষমতাপ্রাপ্ত, দায়িত্বে নিয়োজিত, দায়ী ব্যক্তি।

مَوْكُول : ~ إِلَى ন্যস্ত, অর্পিত।

مُتَّكِل، مُتَوَكِّل : ~ عَلَى নির্ভরশীল, আস্থাবান।

المُتَوَكِّل عَلَى اللّٰه : আল মুতাওয়াক্কিল 'আলাল্লাহ (৮২২-৮৬১ খ্রি.) ঃ দশম আব্বাসী খলীফা। তিনি আব্বাসী প্রশাসনকে একদেশদর্শী মু'তাযিলী প্রভাব হইতে মুক্ত করেন।

وَكَمَ : ـِ (وَكْم) দুঃখ দেওয়া, বশীভূত করা।

وَكِمَ : ـَ (كِمَة) দুঃখিত হওয়া, দুঃখ পাওয়া।

وَكْمَة : জঙ্গল, বন।

مُوكِم : আক্রমণাত্মক; ক্ষতিকর।

وَكَنَ : ـِ (وَكْن) বসিয়া পড়া।

~ : (وُكُون) (ডিমে) তা দেওয়া।

تَوَكَّنَ : শক্ত হওয়া, সুদৃঢ় হওয়া।

وَكْن : (ব أَوْكُن، وُكُون ব) وُكْنَة، وَكْنَة (ব وُكُنَات) পাখির নীড়।

وَاكِن : উপবিষ্ট। ব وُكُونٌ

وَكَى : ـِ (وَكْى)، أَوْكَى، (إِيكَاء) বাঁধা, (থলে ইত্যাদির) মুখ বন্ধ করা।



www.pathagar.com

إِسْتَوْكَى : (إِسْتِيكَاء) (মশক) পূর্ণ হওয়া; কোষ্ঠবদ্ধ হওয়া।

وِكَاء : (মশক, ব্যাগ ইত্যাদির) মুখ বাঁধিবার রশি। ব أَوْكِيَة

مُوكًى : বদ্ধ মশক।

وَلَبَ - : (وُلُوب) দ্রুত গমন করা, ছুটিয়া যাওয়া।

~ إِلَى : পৌছা।

~ فِى : প্রবেশ করা।

وَالِبَة : প্রশাখা, বংশাবলি।

وَلَتَ - أَوْلَتَ : (إِيلَات، وَلْت) অধিকার নষ্ট করা।

وَلَثَ - : (وَلْث) ~ بِ আঘাত করা।

وَلْث : সামান্য বৃষ্টি; অবশিষ্ট পানীয়।

وَلَجَ - : (لِجَة، وُلُوج) প্রবেশ করা।

وَلِجَ : ব্যথা অনুভব করা।

وَلَّجَ : (تَوْلِيج) ন্যস্ত করা, অর্পণ করা।

أَوْلَجَ : (إِيلَاج) প্রবিষ্ট করা, সন্নিবেশিত করা।

تَوَلَّجَ : প্রবেশ করা; লিপ্ত হওয়া।

وَلَجَة : গর্ত; পথ; প্রবেশ-পথ। ব أَوْلَاج، وَلَجَات، وَلَج

وَالِجَة : বিপদ, কষ্ট, ব্যথা।

وُلُوج، لِجَة : প্রবেশ।

وَلُوج، وَلَّاج : অনায়াসে প্রবেশ করিতে পারে এমন বস্তু।

وَلِيجَة : অন্তরঙ্গ বন্ধু, ঘনিষ্ঠ সহচর। ব وَلَائِجُ

إِيلَاج : প্রবিষ্টকরণ; সন্নিবেশকরণ।

تَوْلَج : বন্যজন্তুর গোপন আস্তানা।

مَوْلِج : প্রবেশ-পথ। ব مَوَالِج

وَلَحَ - : (وَلْح) অতিরিক্ত বোঝা চাপানো।

وَلِيح، وَلِيحَة : বড় বস্তা, খেজুরের ঝুড়ি। ব وَلَائِح

وَلَدَ - : (مَوْلِد، لِدَة، وِلَادَة) (সন্তান) প্রসব করা; জন্ম দেওয়া; উৎপন্ন করা।

كَمَا وَلَدَتْهُ أُمُّهُ : ভূমিষ্ঠ সন্তানরূপ প্রকৃতির পরিচ্ছদ পরিহিত, উলঙ্গ।

وَلَّدَ : (تَوْلِيد) সন্তান প্রসবে সাহায্য করা; (সন্তান) লালন-পালন করা; উৎপন্ন করা, সৃষ্টি করা; নির্গত করা; উৎপাদন করা; ঘটানো।

أَوْلَدَ : (إِيلَاد) গর্ভে সন্তান ধারণ করানো।

تَوَلَّدَ : জন্মগ্রহণ করা, জাত হওয়া।

~ مِنْ : উৎপাদিত হওয়া, উৎপন্ন হওয়া, নির্গত হওয়া, সৃষ্টি হওয়া, উদ্ভূত হওয়া; সংঘটিত হওয়া।

تَوَالَدَ : বংশ-পরম্পরায় সন্তান বৃদ্ধি পাওয়া।

إِسْتَوْلَدَ : (إِسْتِيلَاد) সন্তান চাওয়া; উৎপাদন করিতে চাওয়া।

وَلَد، وُلْد، وِلْد সন্তান, বংশধর; বালক, ছেলে; পুত্র। ব أَوْلَاد، وُلْد

وَلَد الزِّنَاء : জারজ সন্তান, আঁতুড় ঘর।

بَيْت الوَلَد : জরায়ু।

أُمّ الوَلَد : মনিবের ঔরসজাত সন্তানের জননী।

وِلْدَة : প্রসব।

لِدَة : প্রসব, প্রসবকাল; জন্ম; জন্মের সময়।

~ : সমবয়স্ক লোক, সমকালীন লোক। ব لِدَات، لِدُونَ

وَالِد : জন্মদাতা, জনক, পিতা, বাবা। ব وَالِدُونَ

الوَالِدَان : পিতামাতা।

وَالِدَة : জন্মদায়িনী, জননী, মাতা, মা; প্রসূতি। ব وَالِدَات

وَالِدِيّ : পিতৃসুলভ, পিতৃসম, পৈতৃক, পিতামাতা-সংক্রান্ত।

وِلَادَة : (সন্তান) প্রসব; জন্ম; আরম্ভ।

وِلَادَة جَدِيدَة : নবজন্ম।

~ سَهْلَة : সহজ প্রসব, স্বাভাবিক প্রসব।

~ طَبِيعِيَّة : পূর্ণ মেয়াদে প্রসব।

~ فُجَائِيَّة : আকস্মিক প্রসব।

~ قَيْصَرِيَّة : সিজারিয়ান প্রসব, অস্ত্রোপচারে প্রসব।

~ مُعَجَّلَة : মেয়াদের পূর্বে প্রসব।

حَدِيث الوِلَادَة : সদ্যোজাত।

~ عِلْم : ধাত্রীবিদ্যা।



www.pathagar.com

وَلُود، وَلاَّدَة : ঘনঘন সন্তান জন্ম দেয় এমন মহিলা, বহুসন্তান জন্মদায়িনী; উর্বরা; ফলবতী; গর্ভবতী।

وَلْدَنَة، وُلُودِيَّة، وَلُودِيَّة : শিশুসুলভ আচরণ, বালসুলভ আচরণ, ছেলেমি।

وَلِيد : বালক, ছেলে, শিশু, নবজাতক; দাস। ব وِلْدَة، وِلْدَان

الوَلِيد : আল-ওয়ালীদ ঃ এ নামে উমাইয়া আমলের দুইজন খলীফা– আল ওয়ালীদ ইবনে আবদুল মালিক (৭০৫-৭১৫ খ্রি.) ও আল-ওয়ালীদ ইবনে ইয়াযীদ (৭৪৩-৭৪৪ খ্রি.)।

الوَلِيد بن المُغِيرَة : আল-ওয়ালীদ ইবনুল মুগীরা (মৃ. ৬২২ খ্রি.) ঃ মক্কার প্রসিদ্ধ নেতা ও ইসলামের অন্যতম চরম শত্রু। ইসলামের বিখ্যাত বীর খালিদ সাইফুল্লাহ (রা) তাহারই পুত্র।

أمّ الوَلِيد : মুরগি।

وَلِيدَة : বালিকা, মেয়ে, কন্যাশিশু; দাসী। ব وَلاَئِد

وُلَيْد : ছোট শিশু।

تَالِد، تَلِيد، تُلْد : ওয়ারিসী সূত্রে প্রাপ্ত সম্পদ, দীর্ঘকাল দখলিভুক্ত সম্পদ।

تَلِيدِيَّة : প্রাচীন, Classic.

إِسْتِيلاَد، تَوَلُّد : জন্ম, উৎপাদন।

تَوْلِيد : জন্মদান, উৎপাদন, প্রজনন; সন্তানপ্রসব; সন্তানপ্রসবে সাহায্য, ধাইগিরি, ধাত্রীর কাজ।

مَصَحَّة التَوْلِيد، دَار التَوْلِيد : প্রসূতি-সদন, মাতৃসদন।

~ فَنّ، صِنَاعَة التَوْلِيد : ধাত্রী বিদ্যা, প্রসূতিবিদ্যা।

تَوْلِيد الكَهْرَبَاء : বিদ্যুৎ উৎপাদন।

مَعْمَل تَوْلِيد القُوَّة الكَهْرَبَائِيَّة : বিদ্যুৎ-শক্তি উৎপাদন-কেন্দ্র।

مَوْلِد : জন্ম, জন্মস্থান, জন্মকাল, জন্মদিন, জন্ম-তারিখ। ব مَوَالِد

المَوْلِد النَبَوِيّ، مَوْلِد النَبِيّ (ص) : মহানবী (স)-এর জন্মতারিখ।

لُغَة المَوْلِد : মাতৃভাষা।

مَوْلِدِيّ : জন্ম-সম্বন্ধীয়, জন্মগত, সহজাত।

مُولِد : মেলা।

سَاقِيَة المُولِد : নাগরদোলা, Merry-go.

مُوَلِّد : উৎপাদনকারী, উৎপাদক, উৎপাদনশীল; জন্মদাতা।

مُوَلِّد كَهْرَبَائِيّ، مُوَلِّد التَيَّار : বিদ্যুৎ-উৎপাদন যন্ত্র, জেনারেটর।

~ الحُمُوضَة : অম্লজান উৎপাদক।

~ المَاء : হাইড্রোজেন, উৎপাদক।

~ ذَرِّيّ : আণবিক শক্তি উৎপাদন-যন্ত্র, Atomic reactor.

مُوَلِّدَة : ধাত্রী। ব مُوَلِّدَات

مُوَلَّد : জাত, উৎপন্ন; বানোয়াট; মিশ্রবংশীয়, বর্ণসঙ্কর, দো-আঁশলা; খাঁটি আরব নয় এমন (কবি, লেখক), খাঁটি আরবী নয় এমন (শব্দ)।

بَيِّنَة مُوَلَّدَة : বানোয়াট প্রমাণ।

مَوْلُود : জাত, উৎপন্ন, জন্মগ্রহণ করিয়াছে এমন; জন্ম; জন্ম-তারিখ।

~ : শিশু, নবজাত শিশু; সন্তান, পুত্র। ব مَوَالِيد

مَوْلُود مَيِّتًا : মৃতজাতক।

مِيلاَد : জন্ম, জন্মকাল, জন্ম-তারিখ। ব مَوَالِيد

مِيلاَد النَبِيّ (ص) : মহানবী (স)-এর জন্মোৎসব।

عِيد المِيلاَد : খ্রিস্টোৎসব, বড় দিনের উৎসব, Christmas day.

~ قَبْلَ : খ্রিস্টপূর্ব।

عِلْم المَوَالِيد : উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা, Botany and Zoology.

مَوَالِيد وَوَفَيَّات : জন্ম-মৃত্যু।

مِيلاَدِيّ : জন্মতারিখ-সম্বন্ধীয়; খ্রিস্টাব্দ।

سَنَة مِيلاَدِيَّة : খ্রিস্টীয় সন, খ্রিস্টাব্দ।

وَلَسَ - : (وَلْس) প্রতারণা করা, ঠকানো; (উষ্ট্রী) গ্রীবা প্রসারিত করিয়া দ্রুত চলা।

وَالَسَ : (مُوَالَسَة) প্রতারণা করা, কপটতা করা; ভণ্ডামি করা।



www.pathagar.com

أَوْلَسَ : (إِيْلاَس) بِ ~ ভুল ব্যাখ্যা করা, বিকৃত করা।

تَوَالَسَ : ষড়যন্ত্র করা।

مُوَالَسَة، وَلْس : প্রতারণা, ধোঁকা, কপটতা, ভণ্ডামি।

وَلُوس : গ্রীবা প্রসারিত করিয়া দ্রুত ধাবমান (উষ্ট্রী)।

وَلْط : ভোল্ট ঃ বৈদ্যুতিক মানের একক।

وَلْطَمِتْر : ভোল্ট পরিমাপ-যন্ত্র, Voltameter.

وَلِعَ - َ : (وَلُوع، وَلَع) প্রজ্বলিত হওয়া, আগুন ধরা।

~، أَوْلِعَ، تَوَلَّعَ : بِ ~ প্রেমাসক্ত হওয়া, অনুরক্ত হওয়া, পাগলপারা হওয়া।

~ : (وَلَعَان، وَلْع) মিথ্যা বলা; থামাইয়া দেওয়া, বাধা দেওয়া।

وَلَّعَ : (تَوْلِيْع) প্রজ্বলিত করা।

~ أَوْلَعَ : بِ ~ আসক্ত করা, অনুরক্ত করা, কামনা জাগ্রত করা, পাগল করা।

وَلْع : মিথ্যা।

وَلَع، وَلُوع، تَوَلُّع : প্রগাঢ় প্রেম; প্রচণ্ড আসক্তি; প্রবল বাসনা, অনুরাগ।

وَلِع، وَلُوع، مُولَع : بِ ~ আসক্ত; অনুরক্ত, পাগলপারা।

وَالِع : প্রজ্বলিত, জ্বলন্ত।

~ : মিথ্যুক। ব وَلَعَة

وَالِعَة : বাধা, প্রতিবন্ধক।

وُلَعَة : অনুসন্ধিৎসু (লোক)।

وَلاَّعَة : আগুন ধরাইবার যন্ত্র।

وَلاَّعَة السَّجَايِر : সিগারেট-লাইটার।

وَلِيع : মোড়কবদ্ধ খেজুরের মুকুল, খেজুরের মুচি।

مُوَلَّع : ডোরা-কাটা পশু।

وَلَغَ - َ : (وُلُوغ، وَلْغ) লেহন করা, চাটা।

~ فِي : কলুষিত করা, (সম্মান) নষ্ট করা।

وَلَغَ فِي الدَّم : রক্তের স্বাদ গ্রহণ করা, রক্তপিপাসু হওয়া।

أَوْلَغَ : (إِيْلاَغ) লেহন করানো, চাটিতে দেওয়া।

وَلْغَة : ছোট বালতি।

وَلُوغ : গ্রাস, ঢোঁক; লেহন।

مِيلَغ، مِيلَغَة : কুকুরকে পানি পান করাইবার পাত্র।

وَلَفَ - ِ : (وَلِيف، وِلاَف، وَلْف) : বিদ্যুৎ ক্রমাগত চমকানো।

~ : (وَلِيف) সারিবদ্ধভাবে আসা।

وَلَّفَ : (تَوْلِيْف) আসবাবপত্র গুটানো; মিশ্রিত করা।

وَالَفَ : (مُوَالَفَة) ঘনিষ্ঠ হওয়া, মিলিত হওয়া।

وِلْف : ঘনিষ্ঠ বন্ধু, সঙ্গী, সহযোগী।

وِلاَف : অশ্বের প্লুতগতি।

وَلِيف : ঘনিষ্ঠ বন্ধু; সঙ্গী, সহযোগী; অশ্বের দ্রুতগতি।

~, وَلُوف : ক্রমাগত চমকাইতেছে এমন বিদ্যুৎ।

تَوْلِيفَة : মিশ্রিত দ্রব্য, Mixture.

مُوَالِف : ঘনিষ্ঠ সহচর, অন্তরঙ্গ বন্ধু।

مُوَالَفَة : ঘনিষ্ঠতা, অন্তরঙ্গতা, সাহচর্য।

وَلَقَ - : (وَلْق) দ্রুত চলা।

~ بِ : আঘাত করা, গুঁতা মারা।

~ فِي : অধ্যবসায়ী হওয়া।

أَوْلَقَ : (إِيْلاَق) উন্মত্ত হওয়া।

وَلَقَى : উষ্ট্রীর ধাবন; দ্রুতগামী (উষ্ট্রী)।

وَلِيقَة : ময়দা, মাখন ও দুধের তৈরি খাদ্যবিশেষ।

أَوْلَق : (إِوْلاَق) উন্মত্ততা।

مَأْوْلَق، مَأْلُوق : উন্মত্ত।

أَوْلَمَ : (إِيْلاَم) ভোজ দেওয়া, ভোজসভার আয়োজন করা।

وَلْم، وَلَم : জিনের পেটি।

وَلِيمَة : ভোজ, ভোজসভা; বৌ-ভাত, ওয়ালিমা। ব وَلاَئِم

وَلَهَ - ، وَلِهَ - َ : (وَلَه) تَوَلَّهَ উদ্ভ্রান্ত হওয়া, দিশাহারা হওয়া, দুঃখভারাক্রান্ত হওয়া।

~, مِنْ ~ : ভয় করা।



www.pathagar.com

وَلَهَ : إِلَى ~ ছুটিয়া যাওয়া, আকৃষ্ট হওয়া।

أَوْلَهَ، وَلَّهَ : (إِيْلاَه، تَوْلِيْه) উদ্ভ্রান্ত করা, দিশাহারা করা; মোহিত করা।

إِتَّلَهَ : (إِتِّلاَه) উদ্ভ্রান্ত হওয়া, দিশাহারা হওয়া; মাতাল করা।

إِسْتَوْلَهَ : (إِسْتِيْلاَه) মানসিক বিরক্তি বোধ করা।

وَلَه : হতবুদ্ধিতা, উন্মত্ততা; মোহ; মোহিনী শক্তি; আকর্ষণ, আসক্তি; দুঃখ; ভয়।

وَالِه، وَلْهَان : হতবুদ্ধি, দিশাহারা, উন্মত্ত, উদ্ভ্রান্ত; মোহিত; আসক্ত; বিষণ্ন, দুঃখভারাক্রান্ত; প্রিয়জনহারা ব্যক্তি।

تَوَلُّه : হতবুদ্ধিতা; উন্মত্ততা; মোহ।

مُوَلَّه، مُولَه : বালিতে শোষিত পানি।

مِيلَه : দুস্তর মরুভূমি।

مِيلاَه : সন্তানহারা (মা), প্রিয়জনহারা; প্রবল (বায়ু)। ব مَوَالِيه

مُتَوَلِّه : হতবুদ্ধি, দিশাহারা, উদ্ভ্রান্ত।

وَلْوَلَ : (وَلْوَلَة) উচ্চকণ্ঠে ক্রন্দন করা, বিলাপ করা, হায় হায় করা; (ধনুক) টঙ্কার ধ্বনি করা।

وَلْوَلَة : উচ্চ ক্রন্দন, বিলাপ, (ধনুকের) টঙ্কার ধ্বনি। ব وَلاَوِل

وَلِيَ، وَلِي : - وَلْي (وَلْي) নিকটবর্তী হওয়া, সংলগ্ন হওয়া, পার্শ্ববর্তী হওয়া, তৎপরবর্তী হওয়া, নিম্নবর্ণিত হওয়া।

~ : (وَلاَيَة، وَلاَء) বন্ধু হওয়া, বন্ধুভাবাপন্ন হওয়া।

~ : (وِلاَيَة) عَلَى ~ পরিচালনা করা; শাসন করা; নিয়ন্ত্রণ করা; ক্ষমতাসীন হওয়া, শাসক হওয়া।

مَايَلِي : নিম্নবর্তী, পরবর্তী।

كَمَا يَلِي : যথা আগত, যেমন নিম্নে আগত।

فِيمَا يَلِي : নিম্নে উল্লেখ্য।

وَلِيَ الحُكْمَ : শাসন-ক্ষমতা লাভ করা, ক্ষমতায় অধিষ্ঠিত হওয়া।

وُلِيَ : (ভূমি) বসন্তকালীন বৃষ্টিতে সিক্ত হওয়া।

وَلَّى : (تَوْلِيَة) পরিচালক, প্রশাসক, শাসনকর্তা বা গভর্নর নিয়োগ করা; দায়িত্বে নিয়োজিত করা, কর্তৃত্ব অর্পণ করা, ক্ষমতা প্রদান করা; ফিরানো, ঘুরানো; (সময়) অতিবাহিত হওয়া, বিগত হওয়া।

~ عَنْ : ফিরিয়া আসা; বিরত হওয়া, পরিহার করা; পলায়ন করা।

وَلَّى هَارِبًا : পলায়ন করা।

~ وَجْهَهُ : মুখ ফিরানো, ফিরিয়া তাকানো।

وَلاَّهُ دُبُرَهُ ـ وَلاَّهُ ظَهْرَهُ : পৃষ্ঠ প্রদর্শন করা; পরিত্যাগ করা; প্রত্যাখ্যান করা।

وَلَّوا عَنْهُ الأَدْبَار : তাহারা তাহাকে পিছনে ফেলিয়া গেল।

وَالَى : (مُوَالاَة) বন্ধু হওয়া; ঘনিষ্ঠ হওয়া; সহায়ক হওয়া; সমর্থক হওয়া, পৃষ্ঠপোষক হওয়া; সাহায্য করা, সহায়তা প্রদান করা; করিতে থাকা; অব্যাহত রাখা; চালাইয়া যাওয়া; পর্যায়ক্রমে আসা, পশ্চাদ্বর্তী হওয়া; দূরে রাখা।

أَوْلَى : (إِيْلاَء) কাছে টানা; টানিয়া আনা; (পিঠ) ফিরানো; দায়িত্ব অর্পণ করা; প্রদর্শন করা; স্থাপন করা; প্রদান করা।

أَوْلاَهُ ثِقَتَهُ : তাহার প্রতি আস্থা স্থাপন করিল।

أَوْلاَهُ مَعْرُوفًا : সে মঙ্গল করিল; অনুগ্রহ করিল।

أَوْلَى لَكَ : বিপদ আসন্ন, অতএব সাবধান হও; তোমায় অভিশাপ!

تَوَلَّى : বন্ধুরূপে গ্রহণ করা, দায়িত্ব লওয়া, দায়িত্বে নিয়োজিত হওয়া; দখল করা, গ্রহণ করা; দেখাশুনা করা, তত্ত্বাবধান করা, ব্যবস্থা করা; নিয়ন্ত্রণ গ্রহণ করা, ক্ষমতাসীন হওয়া।

~ عَنْ : পরিহার করা, পরিত্যাগ করা, বর্জন করা, প্রত্যাখ্যান করা; পৃষ্ঠপ্রদর্শন করা।

تَوَلَّى الحُكْمَ : ক্ষমতা দখল করা, ক্ষমতাসীন হওয়া।

تَوَلاَّهُ اليَأْسُ : সে হতাশাগ্রস্ত হইল।

تَوَالَى : একের পর এক আগমন করা, ক্রমাগত আসিতে থাকা; অগ্রসর হওয়া, অব্যাহত থাকা।



www.pathagar.com

إِسْتَوْلَى (إِسْتِيْلاَء) ~ عَلَى দখল করা, কর্তৃত্ব লাভ করা; নিয়ন্ত্রণ গ্রহণ করা; জয় করা, পরাভূত করা; বন্দি করা।

وَلْى : বসন্তের দ্বিতীয় বৃষ্টি। ব أَوْلِيَة

وَلِيّ : নিকটবর্তী, পার্শ্ববর্তী, নিকটস্থ, সংলগ্ন।

~ : সাহায্যকারী, সহায়ক, সমর্থক, পৃষ্ঠপোষক; বন্ধু; প্রিয়জন; ঘনিষ্ঠ সহচর; সহযোগী; আত্মীয়, অভিভাবক; তত্ত্বাবধায়ক, আশ্রয়দাতা, প্রভু; মালিক, ধর্মপরায়ণ ব্যক্তি। ব أَوْلِيَاء

وَلِيّ اللّه : আল্লাহর ওলী, আল্লাহর বন্ধু, আল্লাহর প্রিয় বান্দা।

~ الأَمْر : কর্মকর্তা, দায়িত্বশীল ব্যক্তি; শাসক; অভিভাবক।

~ الدَم : (নিহত ব্যক্তির) রক্তের প্রতিশোধ গ্রহণের অধিকারী, রক্তপণের দাবিদার।

~ شَرْعِيّ : আইনানুগ অভিভাবক।

~ العَهْد : সিংহাসনের উত্তরাধিকারী, যুবরাজ।

أَوْلِيَاء الأَمْر : শাসকবর্গ, কর্তৃপক্ষ।

أُولُوا الأَمْر : কর্তৃত্বের অধিকারী। ذُو-এর বহুবচন।

اللّهُ وَلِيُّكَ : আল্লাহ তোমায় সংরক্ষণ করুন! আল্লাহ হাফেয!

وَلِيَّة : ধর্মপরায়ণ মহিলা; চরিত্রবান নারী; অসহায় স্ত্রীলোক। ব أَوْلِيَة، وَلاَيَا، وَلِيَّات

دَار وَلِيَّة : পার্শ্ববর্তী গৃহ।

وَال : শাসনকর্তা, শাসক, প্রশাসক, গভর্নর। ব وُلاَة

وَلاَء : বন্ধুত্ব, মৈত্রী, নৈকট্য, ঘনিষ্ঠতা; বিশ্বস্ততা; সম্পর্ক, আত্মীয়তা; পরিচালনা, ব্যবস্থাপনা, সহায়তা; জিম্মা, মুক্তকৃত দাস-দাসীর উত্তরাধিকার।

مُعَاهَدَة وَلاَء : মৈত্রী-চুক্তি।

وَلاَئِيّ : বন্ধুত্বপূর্ণ, বন্ধুসুলভ।

وِلاَء : ধারাবাহিকতা, পরম্পরা।

عَلَى وِلاَء : একের পর এক, ধারাবাহিকভাবে, পরম্পরাগতভাবে।

وَلاَيَة : অভিভাবকত্ব; জিম্মা; বন্ধুত্ব।

وِلاَيَة : শাসন, কর্তৃত্ব, ক্ষমতা; প্রশাসন, ব্যবস্থাপনা; জিম্মা।

~ : প্রশাসনিক অঞ্চল, শাসিত এলাকা, প্রদেশ, অঙ্গরাজ্য, রাষ্ট্র। ব وِلاَيَات

وِلاَيَة العَهْد : সিংহাসনের উত্তরাধিকার।

الوِلاَيَات المُتَّحِدَة : যুক্তরাষ্ট্র।

الوِلاَيَات المُتَّحِدَة الأَمْرِيكِيَّة : আমেরিকা যুক্তরাষ্ট্র।

هُمْ عَلَى وِلاَيَة وَاحِدَة : তাহারা সঙ্ঘবদ্ধ, তাহারা একে অন্যের সহায়ক।

هُمْ عَلَيَّ وِلاَيَة وَاحِدَة : আমার বিরুদ্ধে তাহারা ঐক্যবদ্ধ।

أَوْلَى : যোগ্যতর, অধিকতর উপযুক্ত, অধিকতর অনুকূল। ব أَوْلَوْنَ

مِنْ بَاب أَوْلَى، بِالأَوْلَى : অধিকন্তু, বরং, আরও।

أَوْلَوِيَّة : অগ্রাধিকার, অগ্রগণ্যতা; পূর্ববর্তিতা।

إِسْتِيلاَء : দখল; জবরদখল, আত্মসাৎ; জয়।

تَوَلّ : কর্তৃত্ব গ্রহণ; কর্তৃত্ব, আওতা, ক্ষেত্র।

تَوَال : ক্রম, পরম্পরা, ধারাবাহিকতা, নিরবচ্ছিন্নতা।

عَلَى التَوَالِي : একটির পর একটি, একে একে; ক্রমাগতভাবে, ধারাবাহিকভাবে; নিরবচ্ছিন্নভাবে; যথাক্রমে।

عَلَى تَوَالِي الأَيَّام : কালানুক্রমে।

بِتَوَالِي السِنِين : বর্ষ-পরম্পরায়।

تَوْلِيَة : নিয়োগ; অভিষেক।

مَوْلَى : প্রভু, মনিব, পৃষ্ঠপোষক, বন্ধু, মিত্র, সঙ্গী, সহচর, প্রতিবেশী, সাহায্যকারী; মুক্ত দাস; চাচাত ভাই; চাচা, পুত্র; ভাগিনেয়; শ্বশুর; নিকটাত্মীয়; আশ্রিত ব্যক্তি, মাওলা। ব مَوَال

المَوْلَى : প্রভু, আল্লাহ।

المَوْلَوِيّ : জালালুদ্দীন রূমীর অনুসারী সূফী সম্প্রদায়।



www.pathagar.com

اَلْمَوْلَوِيَّة : অন্যতম সূফী তরীকা : ইহা তুরস্কের কোনিয়া অঞ্চলের প্রসিদ্ধ "মাসনাবী" কাব্য প্রণেতা জালালুদ্দীন রূমী (মৃ. ১২৭৩ খ্রি.) কর্তৃক প্রবর্তিত।

مَوْلَانَا : আমাদের অভিভাবক আল্লাহর প্রতি সম্বোধন-সূচক শব্দ। অধুনা আরববহির্ভূত কোনো কোনো দেশে শ্রদ্ধেয় বিদ্বান ব্যক্তিদের ক্ষেত্রেও সম্মানার্থে ইহা প্রয়োগ করা হয়। ইহা অপপ্রয়োগ।

مُوَالَاة : বন্ধুত্ব, মৈত্রী; মৈত্রীচুক্তি; ধারাবাহিকতা, নিরবচ্ছিন্নতা।

مُتَوَلٍّ : মুতাওয়াল্লী; কর্তৃত্বপ্রাপ্ত ব্যক্তি, দায়িত্বে নিয়োজিত; ভারার্পিত ব্যক্তি।

مُتَوَلِّي الأَعْمَال : চার্জ দ্য এফেয়ার্স, Charge d'affaires.

مُتَوَالٍ : ধারাবাহিক, একের পর এক, ক্রমাগত; অবিরাম, নিরবচ্ছিন্ন।

~ : সিরিয়ার শিয়া সম্প্রদায়বিশেষের সদস্য; Metuails. ব مُتَاوِلَة

~ : (إِيمَاء) أَوْمَا (تَوْمِيَة) وَمَّا، (وَمْا) : ـَ وَمَا إِلَى ইঙ্গিত দেওয়া, ইশারা করা, নির্দেশ করা, দেখাইয়া দেওয়া।

وَامَا : (مُوَامَاة) একমত হওয়া।

وَامِئَة : দুর্ঘটনা।

إِيمَاء، إِيمَاءَة : ইঙ্গিত, ইশারা। ব إِيمَاءَات

فَنُّ الإِيمَاء : মূকাভিনয়।

اَلْمُومَا إِلَيْهِ : যাহার প্রতি ইঙ্গিত দেওয়া হইয়াছে; নির্দেশিত; প্রদর্শিত; উল্লিখিত, পূর্বোল্লিখিত।

وَمَدَ : ـَ (وَمَد) প্রচণ্ড গরম হওয়া, বায়ু গুমট হওয়া।

~ عَلَى : ক্রুদ্ধ হওয়া।

وَمَد، وَمَدَة : প্রচণ্ড তাপ।

وَمِد : প্রচণ্ড গরম, গুমট আবহাওয়া।

وَمَسَ : ـِ (وَمْس) ঘষা, ঘষিয়া মসৃণ বা উজ্জ্বল করা।

أَوْمَسَتْ : (إِوْمَاس) (স্ত্রীলোক) বারবনিতা হওয়া।

مُومِس، مُومِسَة : বারবনিতা, পতিতা। ব مَوَامِسُ، مَيَامِسُ، مَوَامِيسُ، مُومِسَات

وَمَضَ : ـِ (وَمْض، وَمِيض، وَمَضَان) (বিদ্যুৎ) চমকানো, ঝলকানো।

أَوْمَضَ : (إِيمَاض) (বিদ্যুৎ) চমকানো, ঝলকানো; চুপিসারে তাকানো; গোপনে ইশারা করা।

أَوْمَضَ بِعَيْنِهِ : চোরা দৃষ্টি দেওয়া, লুকাইয়া দেখা।

وَمْض، وَمْضَة، وَمِيض، وَمَضَان : চমক, ঝলক; চাকচিক্য; ঔজ্জ্বল্য, দীপ্তি; মিটমিটানি।

وَمْطَة : ক্লান্তি।

وَمِقَ : ـِ (وَمْق، وَمِقَة) ভালোবাসা, স্নেহ করা।

وَامَقَ، تَوَامَقَ : (مُوَامَقَة) পরস্পর ভালোবাসা।

تَوَمَّقَ : ভালোবাসার ভান করা, স্নেহ লাভের চেষ্টা করা।

وَامِق : প্রেমিক।

وَمِيق، مَوْمُوق : প্রেমাস্পদ, স্নেহাস্পদ।

وَمْكَة : পূর্ণতা; প্রশস্ততা।

تَوَمَّنَ : বহু সন্তানবিশিষ্ট হওয়া।

وَمِهَ ـَ (وَمَه) : (দিন) প্রচণ্ড গরম হওয়া।

مَوْمَاة، مَوْمَاء : মরুভূমি। ব مَوَامٍ

وَنَّ : ـِ (وَنّ) (মৌমাছি) গুনগুন করা, ভনভন করা; গুঞ্জন করা; (গুলী) শোঁ শোঁ শব্দ করা; শিথিল হওয়া, দুর্বল হওয়া।

وَنَّنَ : (تَوْنِين) নেশাগ্রস্ত হওয়া; মাতাল হওয়া।

وَنّ : দুর্বলতা।

مُوَنَّن : নেশাগ্রস্ত, মাতাল।

وَنَّبَ : (تَوْنِيب) তিরস্কার করা।

وَنَج : এক প্রকার গিটার।

وَنَّسَ : (تَوْنِيس) সঙ্গী হওয়া।

وَنَس : এক প্রকার হাঁস।

مُوَنَّس : প্রতিরক্ষা-প্রাচীর।



www.pathagar.com

وَنْس : উত্তোলন-যন্ত্র, ক্রেন, Crane, winch. (ইং) ব أَوْنَاس

وَنَكَ - (وَنْك) : ~ فِي বাস করা, নিবাস স্থাপন করা।

وَنَمَ - (وَنِيم، وَنْم) : (মাছি) মল ত্যাগ করা।

وَنِيم، وَنَمَة : মাছির মল।

وَنَى - وَنِيَ، - وَنَى : (وَنَاء، وَنِيّ، وَنًى، وَنْى) দুর্বল হওয়া; ক্লান্ত হওয়া, মন্থর হওয়া; শিথিল হওয়া; অবসন্ন হওয়া, পরিত্যাগ করা।

لاَيَنِي : অক্লান্ত, অবিরাম।

بِهِمَّةٍ لاَتَنِي : অফুরন্ত শক্তিতে।

تَوَانَى : وَنَّى، (تَوْنِيَة) ~ فِي মন্থর হওয়া, শিথিল হওয়া, যত্নহীন হওয়া, নিরুৎসাহ হওয়া; দ্বিধা করা, দেরি করা।

وَنَاء، وَنًى : ক্লান্তি, অবসন্নতা; দুর্বলতা; মন্থরতা; শৈথিল্য।

وَنِيَّة، وَنَاة : মুক্তা।

وَانٍ : দুর্বল, ক্লান্ত; মন্থর শিথিল।

تَوَانٍ : ক্লান্তি, অবসন্নতা; মন্থরতা, শৈথিল্য; দেরি; বিলম্ব; অবহেলা, উপেক্ষা।

مُتَوَانٍ : দুর্বল, ক্লান্ত; মন্থর, শিথিল, যত্নহীন, নিরুৎসাহ।

وَهَبَ - : (هِبَة، وَهَب، وَهْب) দান করা, মঞ্জুর করা, দেওয়া, উৎসর্গ করা; অনুদান দেওয়া; বখশিশ দেওয়া।

هَبْ : মনে করুন, ধরুন।

وَاهَبَ : (مُوَاهَبَة) দানের প্রতিযোগিতা করা, পাল্লা দিয়া দান করা।

أَوْهَبَ : (إِيْهَاب) ~ لِ দখলে থাকা, আওতাভুক্ত হওয়া; প্রস্তুত করা; সহজসাধ্য করা।

تَوَاهَبَ: আদান-প্রদান করা, বিনিময় করা।

اِتَّهَبَ : (اِتِّهَاب) দানস্বরূপ পাওয়া।

اِسْتَوْهَبَ : (اِسْتِيْهَاب) দান চাওয়া, দানস্বরূপ পাইতে চাওয়া।

هِبَة : দান, উপহার, অনুদান, মঞ্জুরি। ব هِبَات

الهِبَة : বিনিময় ব্যতীত মালিকানা-স্বত্ব প্রদান করা।

عَقْد الهِبَة : দানপত্র।

إِيهَاب، وَهْب : মঞ্জুরি।

وَهْب، بن مُنَبِّه : ওয়াহাব ইবন মুনাব্বিহ (৬৪৬-৭৩৩ খ্রি.); ইয়ামানের যিমার নামক স্থানে জন্মগ্রহণ করেন। ইরানী বংশোদ্ভূত একজন তাবিঈ। নবী-রাসূলদের বৃত্তান্ত ও প্রাচীন ইতিহাস সম্পর্কে আরব ঐতিহাসিকগণ তাঁহার নিকট হইতে অনেক তথ্য বর্ণনা করিয়াছেন।

وَهْبَة : বখশিশ।

وَاهِب : দাতা।

وَهَّاب : অধিক দানকারী, দানশীল।

الوَهَّاب। আল্লাহর একটি গুণবাচক নাম।

الوَهَّابِيَّة : মুহাম্মাদ ইবন আবদুল ওয়াহ্হাব (১৭০৩-১৭৮৭ খ্রি.) কর্তৃক প্রতিষ্ঠিত একটি ইসলামী দল। (এই দলের অনুসারীরা নিজদিগকে আল-মুওয়াহহিদীন বা আল-মুহাম্মাদিয়া নামে অভিহিত করে। ফিকহী মতবাদে তাহারা হাম্বলী এবং আকীদায় ইবনে তাইমিয়ার অনুসারী)।

مَوْهِب، مَوْهِبَة : দান, বখশিশ, উপহার। ব مَوَاهِب

~ : ছোট পুকুর, ডোবা, গর্ত।

مُوهِب : প্রস্তুতকারী; শক্তিশালী।

مُوهَب : প্রস্তুত।

مَوْهُوب : দানস্বরূপ প্রদত্ত।

مَوْهُوب لَهُ : দান গ্রহীতা।

وَهَتَ - : (وَهْت) চাপ দেওয়া, নিংড়ানো, চাপা দেওয়া।

أَوْهَتَ : (إِيْهَات) (গোশত) দুর্গন্ধ ছড়ানো।

وَهْتَة : নিচু ভূমি।

وَهَثَ - : (وَهْث). تَوَهَّثَ : ~ فِي সাদরে নিয়োজিত হওয়া।



www.pathagar.com

وَهَجَ : - (وَهْج، وَهَجَان)، تَوَهَّجَ জ্বলা, প্রজ্বলিত হওয়া; উত্তপ্ত হওয়া; চকচক করা।

أَوْهَجَ : (إِيهَاج) জ্বালানো, প্রজ্বলিত করা, উৎক্ষিপ্ত করা।

وَهَج، وَهِيج، وَهَجَان : আগুন; উত্তাপ; উজ্জ্বল আলো, ঔজ্জ্বল্য।

وَهَّاج : জ্বলন্ত, উত্তপ্ত; উজ্জ্বল, চকচকে।

أَوْهَج : অমনোযোগী, চিন্তাশূন্য।

وَهَّدَ : (تَوْهِيد) ~ لِ প্রস্তুত করা; সমান করা।

تَوَهَّدَ : হেলিয়া পড়া।

وَهْد : নিম্নভূমি, নিচু স্থান। ব وُهْدَان، أَوْهُد

وَهْدَة: নিম্নভূমি, নিচুস্থান; গভীর খাদ। ব وِهَاد، وُهَد

أَوْهَد : নিচু (ভূমি, স্থান), গভীর।

أَوَاهِد : চান্দ্রমাসের বা সপ্তাহের প্রথম দিনগুলি।

وَهَرَ : - (وَهْر)، وَهَّرَ (تَوْهِير) জটিলতায় ফেলা; বিপদে ফেলা; ভীত করা।

تَوَهَّرَ : অতিবাহিত হওয়া, বিগত হওয়া; ভাঙ্গিয়া পড়া।

تَوَهَّرَ فِي الْكَلَامِ : হতবাক হওয়া।

إِسْتَوْهَرَ : (إِسْتِيهَار) নিশ্চিতরূপে অবহিত হওয়া।

وَهْر : সূর্য-রশ্মির কম্পমান তরঙ্গ; মরীচিকা।

وَهْرَة : ভয়, ভীতি, আতঙ্ক; ত্রাস; গাম্ভীর্য।

وَهْرَان : ভীত, আতঙ্কগ্রস্ত; সন্ত্রস্ত; আলজিরিয়ার একটি সামুদ্রিক বন্দর।

وَهَزَ : - (وَهْز) পদদলিত করা; ধাক্কা দিয়া তাড়ানো, (উকুন) মারা।

~ عَلَى : উত্তেজিত করা।

تَوَهَّزَ : মন্থরগতিতে চলা।

وَهْز : বলবান হ্রস্বকায় লোক। ব أَوْهَازٌ

وَهَازَة : স্ত্রীলোকের বিনীত আচরণ।

أَوْهَز : সুন্দর ভঙ্গিবিশিষ্ট ব্যক্তি।

وَهَسَ : - (وَهْس) পদদলিত করা, চূর্ণ করা।

~ فِي : চাতুরী করা।

~ عَلَى : অন্যায় আচরণ করা।

تَوَاهَسَ : দ্রুত পদক্ষেপে চলা।

وَاهَسَ : (مُوَاهَسَة) দ্রুত পদক্ষেপে চলা; চাতুরী করা; অন্যায় আচরণ করা।

تَوَهَّسَ : মন্থর গতিতে চলা।

وَهْس : অনিষ্ট; কুৎসা, নিন্দা।

وَهِيسَة : পঙ্গপাল ও চর্বি দ্বারা তৈরি খাদ্যবিশেষ।

تَوَهَّشَ : খালি পায়ে হাঁটা; ধীরে হাঁটা।

وَهَصَ : - (وَهْص) ভাঙ্গিয়া ফেলা, চূর্ণ করা; ফেলিয়া দেওয়া, পদদলিত করা।

وَهِيص : কোমল ভগ্ন বস্তু।

مَوْهِص : নিচু স্থান। ব مَوَاهِص

وَهْصَة : গোলাকার নিচু ভূখণ্ড।

وَهَطَ : - (وَهْط) দুর্বল হওয়া; চূর্ণ করা, পদদলিত করা, বর্শাবিদ্ধ করা।

أَوْهَطَ : (إِيهَاط) দুর্বল করা; ফেলিয়া দেওয়া; বিপদে ফেলা; আহত করা, হত্যা করা।

تَوَهَّطَ : ভাঙ্গিয়া যাওয়া, পদদলিত হওয়া; বিছাইয়া দেওয়া।

~ فِي : (পঙ্কে) নিমজ্জিত হওয়া।

وَهْط : মানুষের দল; কৃশতা। ব وِهَاطٌ، أَوْهَاطٌ

وَهْطَة : গভীর খাদ; গর্ত। ব وِهَاط، وَهْط

أَوْهَاط : দাঙ্গা; ঝগড়া।

وَهَفَ : - (وَهِيف، وَهْف) (উদ্ভিদ) তাজা হওয়া; ঝাঁকুনি খাওয়া, নড়া; নিকটবর্তী হওয়া।

~، أَوْهَفَ : (إِيهَاف) ~ لِ নাগালের মধ্যে আসা।

~ : (وَهَافَة، وَهْف) গির্জা-রক্ষক হওয়া।

وَاهِف : গির্জা-রক্ষক।

وُهْفِيَّة، وَهَافَة : গির্জার রক্ষণাবেক্ষণ।



www.pathagar.com

وَهَقَ – أَوْهَقَ : (وَهْق) ফাঁসদড়ি দিয়া আটক করা।

~ عَنْ : বিরত রাখা।

وَاهَقَ : (مُوَاهَقَة) (উট) গ্রীবা প্রলম্বিত করিয়া চলা; পাল্লা দিয়া চলা।

تَوَاهَقَ : একই কাজ করা; তাল মিলাইয়া চলা।

وَهَق، وَهْق : ফাঁস দড়ি। ব أَوْهَاق

وَهِلَ – اِسْتَوْهَلَ : (اِسْتِيهَال، وَهَل) ভীত হওয়া, ভয় পাওয়া; ভীতিগ্রস্ত হওয়া; দুর্বল হওয়া।

~ إِلَى : ভয় পাইয়া দৌড় দেওয়া।

~ عَنْ، فِی : ভুল করা; উপেক্ষা করিয়া যাওয়া।

وَهَلَ – : (وَهْل) ~ إِلَى আন্দাজ করা, মত সৃষ্টি করা।

وَهَّلَ : (تَوْهِيل) ভীত করা, ভীতিগ্রস্ত করা, ভয় দেখানো।

تَوَهَّلَ : ভ্রান্তিতে নিপতিত করা।

وَهَل : ভয়, ভীতি, ত্রাস, আতঙ্ক।

وَهْلَة : ভয়, ভীতি; ত্রাস; ক্ষণ, মুহূর্ত; দৃষ্টি।

أَوَّلَ وَهْلَة : প্রথমবার, প্রথম দৃষ্টি।

لأَوَّلِ وَهْلَةٍ : প্রথমবারে, প্রথম দৃষ্টিতে; অবিলম্বে।

فِی الوَهْلَةِ الأُولَى : প্রথমে।

مُسْتَوْهِل، وَاهِل : দুর্বল; ভীরু, ভীত।

وَهَمَ – : (وَهْم) ধারণা করা, কল্পনা করা, চিন্তা করা, অনভিপ্রেত বিষয়ে আকৃষ্ট হওয়া, অনুমান করা।

~ فِی : ভ্রান্ত ধারণা করা, ভুল ধারণা পোষণ করা, ভুল অর্থ করা, বিভ্রান্তিতে পড়া।

~، وَهِمَ – : (وَهَم) ভুল করা।

أَوْهَمَ، وَهَّمَ : (إِيهَام، تَوْهِيم) ধারণা প্রদান করা; অনুমান করানো; চিন্তিত করা; ভ্রান্তিতে নিক্ষেপ করা।

تَوَهَّمَ : ধারণা করা, কল্পনা করা, চিন্তা করা, ভ্রান্তিতে পতিত হওয়া, অনুমান করা, সন্দেহ করা।

اِسْتَوْهَمَ، اِنْهَوَمَ (اِسْتِيهَام، اِنْهِيَام) : আতঙ্কিত হওয়া, সন্ত্রস্ত হওয়া।

اِتَّهَمَ : (اِتِّهَام) সন্দেহ করা, অপবাদ আরোপ করা।

~ بِ : অভিযুক্ত করা, দোষী করা, দায়ী করা; অপবাদ পোষণ করা।

وَهْم : ধারণা, কল্পনা, খেয়াল; আন্দাজ, অনুমান; চিন্তা; সন্দেহ, সংশয়, ভ্রান্তি; বিভ্রম; প্রবঞ্চনা; ভীতি, আশঙ্কা; রাজপথ। ব أَوْهَام، وُهُمٌ

~ : শক্তিশালী ও প্রশিক্ষণপ্রাপ্ত উট। ব وُهُم، وُهُوم، أَوْهَام

وَهْمَة : সন্দেহ, সংশয়।

وَهْمِیّ : কল্পিত; কাল্পনিক; ধারণাপ্রসূত; অনুমানপ্রসূত; ভ্রান্তিকর; প্রবঞ্চনামূলক।

وَهْمِيَّة : অবাস্তব কল্পনা, আন্দাজ, অনুমান; ভ্রান্তি, বিভ্রান্তি; কল্পনাশক্তি।

نَظَرِيَّات وَهْمِيَّة : কল্পনাপ্রসূত মতবাদ।

وَاهِم : ভ্রান্ত।

وَاهِمَة: কল্পনাশক্তি।

إِيهَام : প্রতারণা, প্রবঞ্চনা, ভ্রান্তি, বিভ্রান্তি, দ্ব্যর্থবোধকতা, ধারণা দেওয়া। ব إِيهَامَات

اِتِّهَام : সন্দেহ; অভিযোগ, দোষারোপ। ব تَهَمَاتٌ، تُهَم

دَائِرَة الاِتِّهَام : অভিযোগদায়ের কর্তৃপক্ষ।

~ قَرَار : অভিযোগ প্রতিষ্ঠা।

~ وَرَقَة : অভিযোগপত্র।

اِتِّهَامِیّ : অভিযোগাত্মক।

اِتِّهَامِيَّة : অভিযোগপত্র।

هَيْئَة الاِتِّهَامِيَّة : অভিযোগদায়ের কর্তৃপক্ষ।

تُهْمَة : অভিযোগ; সন্দেহ; অপবাদ; বক্রোক্তি। ব تُهَمَات، تُهَم



www.pathagar.com

تُهْمَة بَاطِلَة : মিথ্যা অভিযোগ।

تَوَهُّم : সন্দেহ, সংশয়; কল্পনা, কল্পনাশক্তি।

مَوْهُوم : কল্পিত; অনুমিত; কাল্পনিক।

مُتَّهِم : অভিযোগকারী।

تَهِيم، مُتَّهَم : অভিযুক্ত; সন্দেহভাজন।

وَهَنَ، وَهَنَ، وَهُنَ، وَهِنَ : ـُ وَهُنَ، ـ وَهِنَ (وَهْن، وَهَن) দুর্বল হওয়া, অক্ষম হওয়া; নিরুৎসাহ হওয়া, সাহস হারানো।

لَا يَهِن : ক্লান্তিহীন, অক্লান্ত।

أَوْهَنَ، وَهَّنَ : (إِيهَان، تَوْهِين) দুর্বল করা, অক্ষম করা; নিরুৎসাহ করা, তুচ্ছ করা।

تَوَهَّنَ : উড্ডয়নে অক্ষম হওয়া।

وَهْن : দুর্বল; দুর্বলতা; হ্রস্বকায় মোটা (মানুষ); বৃহদকায় শক্তিশালী (উট)।

وَهْن مِنَ اللَّيْل : রাত্রির কিছুক্ষণ; মধ্যরাত্রি।

وَهَن : দুর্বলতা, অবসন্নতা।

وَاهِن : (ব وُهُن) مَوْهُون দুর্বল, অক্ষম।

وَهِين : সর্দার, Foreman; তদারককারী, Overseer.

مَوْهِن : রাত্রির গভীরতা, মধ্যরাত্রি।

وَهْوَهَ : (وَهْوَهَة) হাউমাউ করা, চিৎকার করা, বিলাপ করা।

وَهَى، وَهِيَ : ـ وَهْيٌ، (وَهْي، وَهْي) وُهِيَ দুর্বল হওয়া, জীর্ণ হওয়া।

أَوْهَى : (إِيهَاء) দুর্বল করা; নষ্ট করা, ক্ষতি করা।

وَهْي : ফাঁক, ফাটল। ব أَوْهِيَة، وُهِيّ

وَاهٍ : দুর্বল; ক্ষীণ, কৃশ, হালকা-পাতলা; জীর্ণ; তুচ্ছ, নগণ্য; ভিত্তিহীন, অমূলক; শিথিল। ব وُهَاة

سَبَب وَاهٍ : নগণ্য কারণ।

~ عُذْر : বাজে অজুহাত।

وَاهًا : (অ) বাহ! কী আশ্চর্য! কী চমৎকার!

وَيْ كَأَنَّ، وَيْ بِكَ، وَيْكَ : (অ) হায় হায়! কী লজ্জা! ধিক!

وَيْب : হায়!

وَيْب لَكَ : তোমার জন্য আফসোস!

وَيْبًا : ~ لِ হায়! কী আশ্চর্য!

وَيْبَة : খাদ্যশস্যের মাপবিশেষ। ব وَيْبَات

وَيْح : দুঃখ।

وَيْحًا : হায়! আফসোস!

وَيْحًا لَهُ، وَيْحَهُ : তাহার জন্য আফসোস! আল্লাহ তাহাকে দয়া করুন।

وَيْحَكَ : তোমার জন্য আফসোস!

وَاح، وَاحَة : মরূদ্যান। ব وَاحَات

وَيْس : আফসোস; দুঃখ; আক্ষেপ; দারিদ্র্য; নিঃস্বতা; কাম্যবস্তু।

وَيْسًا لَهُ، وَيْسَهُ : বাহ কী চমৎকার! বাহ্ বেচারা! কী সুন্দর!

وَاق : পাখিবিশেষ।

وَيْكَة : উদ্ভিদবিশেষ।

وَيَّلَ : (تَوْيِيل) অধিক অমঙ্গল কামনা করা।

تَوَيَّلَ : বিপদে হায় হায় করা, বিলাপ করা।

تَوَايَلَ : একে অন্যের অমঙ্গল কামনা করা।

وَيْل : আকস্মিক বিপদ, দুর্ভাগ্য; অকল্যাণ; ধ্বংস; কষ্ট; দুঃখ, আক্ষেপ, আফসোস।

وَيْل لَكَ، وَيْلَكَ : তোমার জন্য আক্ষেপ, তোমার দুর্ভাগ্য, কী অভাগা তুমি!

وَيْلَة : দুর্বিপাক, আকস্মিক বিপদ, দুর্যোগ, বিপদ, দুর্ভাগ্য; দুঃখ, কষ্ট; অসম্মান। ব وَيْلَات

وَيْلِمَّه : চতুর, কুশলী।

وَيْمَة : কুৎসা, নিন্দা।

وَيْن : কালো আঙ্গুর, (أَيْنَ অর্থে) কোথায়?

وَيْهًا، وَيْه : (অ) হায়! কী সর্বনাশ!



www.pathagar.com

# ي

ی : ইয়া ঃ আরবী বর্ণমালার আটাশতম ও সর্বশেষ হরফ। সংখ্যামান ১০।

يَا : (সম্বোধনে ব্যবহৃত অব্যয়) হে! ওহে!

يَا حَسْرَتِي : হায় আফসোস! কী দুর্ভাগ্য আমার!

يَالَلشَّقَاءِ : কী বিপদ!

يَا لَهُ مِنْ رَجُلٍ : কী রকম লোক সে!

يَا مَا : কত! কতগুলি! কতবার!

يَاء : "ی" বর্ণের নাম।

الْيَابَان : জাপান ঃ পূর্ব গোলার্ধের সূর্যোদয়ের দেশ। পূর্ব এশিয়ার একটি দেশ। রাজধানী টোকিও। আয়তন ৩,৬৮,৫৮৯ বর্গ কিলোমিটার।

يَابَانِي : জাপানি।

يَاجُوج مَاجُوج : ইয়াজুজ-মাজুজ ঃ হযরত নূহ (আ)-এর তৃতীয় পুত্র "ইয়াফিস"-এর বংশোদ্ভূত দুইটি দুর্ধর্ষ সম্প্রদায়। যুল-কারনাইন ককেশাশ পর্বতের পাদদেশ হইতে কাস্পিয়ান সাগরের পশ্চিম তীর ঘেঁষিয়া উত্তর দিকে বিস্তৃত দুই পাহাড়ের মধ্যে লৌহ-প্রাচীর নির্মাণ করিয়া তাহাদের গতিরোধ করিয়া রাখিয়াছেন। কিয়ামতের পূর্বে উক্ত প্রাচীর অতিক্রম করিয়া তাহারা পঙ্গপালের ন্যায় বিশ্ববাসীর উপর ঝাঁপাইয়া পড়িবে। ইতঃপূর্বে হযরত ঈসা (আ)-এর আবির্ভাব ঘটিবে এবং তাঁহার দোআয় উহারা ধ্বংসপ্রাপ্ত হইবে।

يَارْدَة : গজ। ব يَارْدَات

يَازَرْجَة : জ্যোতিষ-শাস্ত্র।

يَازَرْجِيّ : জ্যোতিষী, গণক।

يَئِسَ : ـَ (يَأْسَة، يَأْس) নিরাশ হওয়া, হতাশ হওয়া।

~ مِنْ : সকল আশা ছাড়িয়া দেওয়া।

أَيْأَسَ، أَيِسَ (إِيَاسَة) : হতাশ করা, নিরাশ করা।

مِنْ ~ : (إِسْتِيْئَاس) إِسْتَيْأَسَ (إِتِّئَاس) إِتَّأَسَ নিরাশ হওয়া, আশা ছাড়িয়া দেওয়া।

يَأْس، يَأْسَة : হতাশা, নিরাশা।

~ : ক্ষয়রোগ।

سِنّ الْيَأْسِ : সন্তান ধারণ-ক্ষমতা রহিত হওয়ার বয়স।

يَائِس، يَؤُوس، يَؤُس، مَيْئُوس، مُسْتَيْئِس : হতাশ, নিরাশ।

آيِسَة : সন্তান ধারণ-ক্ষমতা রহিত নারী।

يَاسِنْت : ফুলগাছবিশেষ, Hyacinth.

يَاط : (মুদ্রার) উল্টা দিক।

يَافِث : ইয়াফিস : হযরত নূহ (আ)-এর তৃতীয় পুত্র। হাম ও সাম তাহার অপর দুই ভাই। তৎকালীন এশিয়া মাইনর, মঙ্গোলিয়া ও ইউরোপ ভূখণ্ডে তাঁহার বংশ বিস্তার লাভ করিয়াছিল। ইন্দো-ইউরোপীয় জাতিসমূহ তাঁহারই বংশোদ্ভূত।

يَاقَة : ব يَاقَات গলাবন্ধ, কলার।

يَاقُوت الرُّومِيّ يَعْقُوب : ইয়াকূত আর-রূমী ইয়া'কূব (১১৭৯-১২২৯ খ্রি.) : বিখ্যাত ভূ-পর্যটক ও লেখক। مُعْجَم الأُدَبَاء ও مُعْجَم الْبُلْدَان গ্রন্থদ্বয় তাঁহার অবিস্মরণীয় কীর্তি।

يَامِيش : শুষ্ক ফল।

يَانْسُون : মৌরী।

يَاوِر : সেনাপতির সহচর, এডিকং, Aid-de-Camp.

يَاي : ব يَايَات স্প্রিং, Spring.



www.pathagar.com

الْيَائِيَّة : ইবনুল-ফারিদ (মৃ. ১২৩৪ খ্রি.) রচিত "ي" অন্ত্যমিলযুক্ত বিখ্যাত কাসীদা।

يَبَّبَ (تَيْبِيْب) : ধ্বংস করা, নষ্ট করা।

يَبَاب : নষ্ট, ধ্বংসপ্রাপ্ত।

يَبْرُوح : আলুজাতীয় উদ্ভিদবিশেষ (برح)

يَبِسَ ـَ : (يَبْس، يُبْس)، إِتَّبَسَ শুকাইয়া যাওয়া; শুষ্ক হওয়া; শক্ত হওয়া।

يَبَّسَ (تَيْبِيْس) أَيْبَسَ (إِيْبَاس) : শুকানো, শুষ্ক করা।

يَبْس، يُبْس، يُبُوسَة : শুষ্কতা, অনুর্বরতা, অনাবৃষ্টি। ব أَيْبَاسٌ

~، يَبِس، يَابِس، يَبُوس : শুকনা, শুষ্ক, শক্ত, অনুর্বর।

الْيَبْس، الْيَابِسَة : স্থলভাগ।

يَبَس : শুষ্কতা; শুকনা (রাস্তা); অকর্মণ্য (লোক)।

يَبِيس : শুষ্ক, শক্ত, অনুর্বর; শুষ্ক গাছ।

يَبِيس الْمَاء : ঘাম, শুষ্ক ঘর্ম।

تَيْبِيس : শুষ্ককরণ।

يَتَمَ ـِ، يَتُمَ ـُ : (يَتْم، يُتْم)، تَيَتَّمَ এতিম হওয়া, অনাথ হওয়া।

يَتِمَ ـَ : (يَتَم) এতিম হওয়া; ক্লান্ত হওয়া।

يَتَّمَ (تَيْتِيْم) أَيْتَمَ (إِيْتَام) : এতিম করা, অনাথ করা।

يُتْم، يَتْم : অনাথ অবস্থা।

يَتَم : অনাথ অবস্থা; ক্লান্তি, দুর্বলতা।

يَتِيم : এতিম, অনাথ; একক, অদ্বিতীয়, অনুপম, অতুলনীয়। ব يَتَامَى، أَيْتَام، مَيْتَمَةٌ، يَتَائِمُ

دَار الأَيْتَام، مَلْجَأ الأَيْتَام : এতিমখানা, অনাথাশ্রম।

يَتِيمَة الدَّهْر : যুগের বিস্ময়।

يَتِيمَة الدَّهْر فِي مَحَاسِن أَهْلِ الْعَصْر : আস-সা'আলিবী (৯৬১-১০৩৮ খ্রি.) রচিত বিখ্যাত জীবনী গ্রন্থ।

مَيْتَم : এতিমখানা, অনাথাশ্রম। ব مَيَاتِم

مُيَتَّم : অনাথে পরিণত; অনাথ, এতিম।

يَثْرِب : আরবের একটি শহর। হযরত মুহাম্মদ (স) ৬২২ খ্রিস্টাব্দে মক্কা থেকে তথায় হিজরত করেন। ইহার পরে এই শহরের নাম হয় আল-মদীনা আল-মুনাওয়ারা (الْمَدِينَة الْمُنَوَّرَة)। তিনি ৬৩২ খ্রিস্টাব্দে ইন্তিকাল করেন এবং এইখানেই সমাহিত রহিয়াছেন।

يَحْبُور : প্রফুল্ল, প্রাণবন্ত। (حبر)

مِيجَار : প্রভুত্বের প্রতীকদণ্ড, রাজদণ্ড।

يَحْمُور : লাল; বন্য গাধা। يَحَامِيرُ (حمر)

يَحْمُوم : কালো বস্তু; ভারবাহী পশু, প্রচণ্ড আগুন (حم)

يَحْيَى : হযরত ইয়াহ্ইয়া (আ) : হযরত যাকারিয়া (আ)-এর পুত্র।

يَخْت : ইয়াথ (Yacht) ঃ হালকা পাল-তোলা প্রমোদ তরীবিশেষ। ব يُخُوت

يَخْنَة، يَخْنِي : গোশতের কোর্মাবিশেষ, Ragout.

يَد : (স্ত্রী) ব أَيْد، أَيَادٍ، يُدِيٌّ হাত; বাহু; (পশুর) সামনের পা; (পাখির) ডানা; (জামার) আস্তিন; হাতল; প্রভাব, ক্ষমতা, নিয়ন্ত্রণ; দখল; সাহায্য; উপকার, উদারতা।

يَدًا بِيَد : হাতে হাতে, নগদ।

بَيْنَ يَدَي : সম্মুখে, উপস্থিতিতে।

تَحْتَ الْيَد : হাতে, অধীনে, নিয়ন্ত্রণে; ক্ষমতায়।

عَلَى يَد، عَنْ يَد : মাধ্যমে, সাহায্যে, বদৌলতে।

فِي الْيَد : হাতে, অধীনে; প্রস্তুত।

ذُو الْيَد : প্রভাবশালী, ক্ষমতাবান; নিয়ন্ত্রণকারী, দখলিকার, Possessor.

~ سَاعَةُ : হাত-ঘড়ি।

~ شَنْطَة : হাত-ব্যাগ।



www.pathagar.com

~ عَمَل اليَد، شُغْل : হাতের কাজ।

~ صِفَاد : হাতকড়ি।

~ عَرَبَة : হাতগাড়ি, ঠেলাগাড়ি।

~ قُنْبُلَة : হাতবোমা।

ذُو اليَدَيْن : দীর্ঘ যুগলবাহু : আল-খিরবাক ইবনে আমর আস-সুলামী (রা)। একদা রাসূলুল্লাহ (স)-কে সালাতে লোকমা প্রদান করায় তাঁহার সৎসাহসের স্বীকৃতিস্বরূপ এই সাহাবীকে রাসূলুল্লাহ (স) যুল ইয়াদাঈন উপাধি প্রদান করেন।

~ سَبط : মুক্তহস্ত, উদার।

~ صِفْر : রিক্তহস্ত।

يَد بَيْضَاء : উপকার; দক্ষতা, যোগ্যতা।

عَامِلَة ~ : শ্রমশক্তি।

مُبْطِلَة ~ : অন্যায় দখল।

مُحِقَّة ~ : ন্যায্য দখল।

يَد المَعُونَة , ~ المُسَاعَدَة : সাহায্যের হাত।

النِّكَاح ~ : বিবাহের অধিকার।

مَصْنُوع بِاليَد : হস্তনির্মিত।

يَدُهُ طَوِيلَة : তাহার খুব উদারতা রহিয়াছে।

قَصِيرَة ~ : সে অক্ষম, তাহার ক্ষমতা সীমিত।

وَضَعَ يَدَهُ ~ عَلَى : দখল লওয়া, দখল করা।

طَلَبَ يَدَ المَرْأة : সে স্ত্রীলোকের পাণিপ্রার্থী হইল, স্ত্রীলোককে বিবাহের প্রস্তাব দিল।

مَدَّ يَدَ المُسَاعَدَة : সাহায্যের হস্ত প্রসারিত করিল।

هُمْ عَلَى يَد وَاحِدَة : তাহারা ঐক্যবদ্ধ।

هُمْ يَد وَاحِدَة عَلَيَّ : তাহারা আমার বিরুদ্ধে ঐক্যবদ্ধ।

ذَهَبُوا أيْدِي سَبَا : তাহারা চতুর্দিকে ছড়াইয়া পড়িল।

لا أفْعَلُهُ يَدَ الدَّهْر : আমি কখনো ইহা করিব না।

مَا قَدَّمَت اليَدُ : যাহা কৃতকর্মে অর্জিত।

يَدَوِيّ، يَدِيّ : হস্তসাধিত; হস্তচালিত; হাত সম্পর্কিত।

عَمَل يَدَوِيّ، شُغْل يَدَوِيّ : হাতের কাজ, হস্তকর্ম।

صِنَاعَة يَدَوِيَّة : হস্তশিল্প।

~ : ক্ষিপ্র হস্ত; দক্ষ। স্ত্রী يَدِيَّة

يُدَيَّة : ক্ষিপ্রহস্ত স্ত্রীলোক।

مُود : সাহায্য প্রাপ্ত।

يَرْبُوع : ইঁদুরজাতীয় প্রাণিবিশেষ, পার্বত্য মূষিক, Jerboa. ব يَرَابِيع

بَنُو يَرْبُوع : প্রাচীন আরবের তামীম গোত্রের একটি শাখা। রাসূলুল্লাহ (স)-এর জীবদ্দশায় এই গোত্রে سَجَاح নাম্নী এক ভণ্ড মহিলা নবী আত্মপ্রকাশ করে।

يَارَج : বালা। ব يَوَارِج

يَرِعَ - َ : (يَرَع) কাপুরুষ হওয়া, ভীরু হওয়া।

يَرْع : ছোট বাছুর।

يَرَع : ভীরুতা, কাপুরুষতা।

يَرَاعَة، يَرَاع : কলম; নল-খাগড়া; বেত; নল-খাগড়ার কলম; নল-খাগড়ার তৈরি বাঁশি; ক্লারিওনেট; জোনাকি; ভীরু, কাপুরুষ।

أرَقَان، يَرَقَان، يَرْقَان : পাণ্ডুরোগ, জন্ডিস; উদ্ভিদের রোগবিশেষ, ছত্রাকরোগ।

أرَقَة، يَرَقَة، يَرَقَانَة : শূককীট।

مَرْيُوق، مَأرُوق، مَيْرُوق : পাণ্ডুরোগে আক্রান্ত, জন্ডিসগ্রস্ত; ছত্রাকরোগে আক্রান্ত (উদ্ভিদ)।

يَرْقُوع : প্রচণ্ড ক্ষুধা।

اليَرْمُوك : আল-ইয়ারমূক ঃ সিরিয়া, ফিলিস্তীন ও জর্দানের মধ্য দিয়া প্রবাহিত একটি নদী। ৬৩৬ খ্রিস্টাব্দে এই নদীর তীরে খালিদ ইবনে ওয়ালীদের নেতৃত্বে মুসলিম বাহিনী বাইজান্টাইনদের বিরুদ্ধে সংঘটিত যুদ্ধে জয়লাভ করেন এবং এই যুগান্তকারী বিজয় পরবর্তী বিজয়ের দ্বার উন্মুক্ত করিয়া দেয়।



www.pathagar.com

يَرَّنَا (يَرْنِيَة) : মেহেদি রঞ্জিত করা।

يُرَنَّاء، يَرَنَّاء : মেহেদি।

يَزِيد : ইয়াযীদ ঃ উমাইয়া শাসনামলের তিনজন খলীফার নাম ঃ (১) ইয়াযীদ ইবনে মুয়াবিয়া (৬৪২-৬৮৩ খ্রি), তিনি কনস্টান্টিনোপল অবরোধে মুসলিম বাহিনীর নেতৃত্ব দেন। তাহারই সময় কারবালার ঘটনা (৬৮০ খ্রি.) সংঘটিত হয়। (২) ইয়াযীদ ইবনে আব্দুল মালিক (৭২০-৭২৪ খ্রি.)। (৩) ইয়াযীদ ইবনুল ওয়ালীদ। খলীফাদের মধ্যে ইনিই প্রথম দাসীর গর্ভজাত পুত্র।

يَزِيد بْن أَبِي سُفْيَان : ইয়াযীদ ইবনে আবী সুফয়ান (মৃ. ৬৪০ খ্রি.) : আমীরে মুআবিয়ার ভাই। মক্কা বিজয়ের দিন ইসলাম গ্রহণ করেন ও হুনায়নের যুদ্ধে যোগ দেন। হযরত আবূ বকর (রা) তাহাকে সিরীয়া অভিযানে সেনাপতির দায়িত্ব প্রদান করেন এবং হযরত ওমর (রা) তাঁহাকে ফিলিস্তীনের গভর্নর নিযুক্ত করেন।

يَزِيدِيّ : ইয়াযীদী সম্প্রদায়, ইয়াযীদী সম্প্রদায়ের ধর্মমত।

يَزْدجَرْد : পারস্যের তিনজন সাসানীয় সম্রাট। (১) ইয়ায্‌দগিরদ-১ (৩৯৯-৪২০ খ্রি.) (২) ইয়ায্‌দগিরদ-২ (৪৩৮-৪৫৭ খ্রি.)। (৩) ইয়ায্‌দগিরদ-৩ (৬৩২-৬৫১ খ্রি.), শেষ সাসানীয় সম্রাট। মুসলিম বাহিনীর বিরুদ্ধে খোরাসানের যুদ্ধে পরাজিত ও নিহত হন।

يَازَرْجَة، يَزَرْجَة : জ্যোতিষ-শাস্ত্র, Astrology.

يَازَرْجِي، يَزَرْجِي : জ্যোতিষী, Astrologer.

يَزَكِيّ : প্রহরী, গোয়েন্দা। ব يَزَك (ফা)

يَازُول : বন্য রসুনবিশেষ।

يَسَّ - : (يَسّ) ভ্রমণ করা, গমন করা।

يس : আল কুরআনের ৩৬ নং সূরা, মাক্কী, আয়াত সংখ্যা ৮৩।

يَسَرَ - : (يَسَر، يَسْر) ভদ্র হওয়া, নম্র হওয়া, সহজলভ্য হওয়া।

~ : (يَسْر) জুয়া খেলা।

يَسَرَتْ : (স্ত্রীলোক) সহজে সন্তান প্রসব করা।

يَسِرَ - : (يَسَر) সহজ হওয়া।

يَسُرَ - : (يُسْر) অল্প হওয়া, ক্ষুদ্র হওয়া, সামান্য হওয়া; সহজ হওয়া।

يَسَّرَ (تَيْسِير) : সহজ করা, সমতল করা; প্রস্তুত করা; বৃদ্ধি করা; সমৃদ্ধিশালী করা।

يَاسَرَ (مُيَاسَرَة) : ভদ্র ব্যবহার করা, কোমল আচরণ করা; প্রশ্রয় দেওয়া।

أَيْسَرَ : সমৃদ্ধিশালী হওয়া, সচ্ছল হওয়া, স্বচ্ছন্দ হওয়া; সমৃদ্ধিশালী করা।

تَيَسَّرَ : সহজসাধ্য হওয়া, সম্ভব হওয়া; স্বচ্ছন্দ হওয়া; সমৃদ্ধ হওয়া; প্রস্তুত হওয়া।

اِسْتَيْسَرَ (اِسْتِيسَار) : সহজ হওয়া, সফল হওয়া।

~ ل : আত্মসমর্পণ করা।

يَسَار، يُسُر، يُسْر : আরাম, সহজভাব, সহজসাধ্যতা, সমৃদ্ধি, স্বাচ্ছন্দ্য; প্রাচুর্য; সাফল্য।

يَسَر : সহজ, নরম। ব أَيْسَار

يُسْرَة : বাম পার্শ্ব।

يَسَار : বাম পার্শ্ব; বাম হাত। ব يُسُر، يُسْر

عَنِ الْيَسَار، يَسَارًا : বামে, বাম দিকে।

يَسَارِيّ : বামে অবস্থিত; বামপন্থি।

يُسْرَى : বাম হাত। ব يُسْرَيَات

يَسُور : ব يُسُر জুয়াখেলায় বিজয়ী।

يَسِير : সহজ, সম্ভব; অল্প; সামান্য, ক্ষুদ্র; সাধারণ; বন্দি; দাস।

يَسِيرْجِيّ : দাস-ব্যবসায়ী।

أَيْسَر : সহজতর, ক্ষুদ্রতর, সামান্যতর; অধিকতর সচ্ছল।

~ : বাম, বামে অবস্থিত; বাঁ-হাতী, নেটা। স্ত্রী يُسْرَى

تَيْسِير : সমৃদ্ধি; সহজকরণ।

مُوسِر : সম্পদশালী, সমৃদ্ধ, সচ্ছল, ধনী। ব مَيَاسِير



www.pathagar.com

مَيْسِر : জুয়াখেলা।

مَيْسَرَة : বাম পার্শ্ব। ব مَيَاسِر

~ مَيْسُرَة ,~ : আরাম, সমৃদ্ধি, স্বাচ্ছন্দ্য, প্রাচুর্য; নম্রতা।

مُتَيَسِّر، مَيْسُور، مُيَسَّر : সহজ, সহজসাধ্য, সহজলভ্য; সফল; সম্পদশালী, ধনী, সচ্ছল, সমৃদ্ধ। ব مَيَاسِير

مُيَاسَرَة : ভদ্রতা, নম্রতা, কোমলতা; প্রশ্রয়।

يَسُوع : (হি) যিশু।

يَسُوع الْمَسِيح : যিশুখ্রিস্ট।

يَسُوعِيّ : খ্রিস্টীয় যাজক সম্প্রদায়বিশেষের সদস্য, Jesuit

يُوسُف : (হি) ইউসুফ (আ) : হযরত ইয়াকূব (আ)-এর পুত্র।

يُوسُف أَفَنْدِي : কমলালেবু।

يَسَّقَ (تَيْسِيق) ~ عَلَى : নিষিদ্ধ করা, বাজেয়াপ্ত করা; আটক করা, ক্রোক করা।

تَيَسَّقَ ~ عَلَى : নিষিদ্ধ হওয়া, বাজেয়াপ্ত হওয়া।

تَيْسِيق، يَسَق : বাজেয়াপ্তকরণ, আটককরণ, নিষিদ্ধকরণ।

يَسَقْجِيّ، يَسَقِيّ : সশস্ত্র অনুচর, প্রহরী।

يَاسَمِين، يَسْمِين : জুঁই ফুল, যূথিকা।

يَصْف، يَصَب، يَشْب : বহুমূল্য পাথরবিশেষ, Jasper.

يَشْم : বহুমূল্য পাথরবিশেষ, Jade.

يَشْمَك، يَشْمَق : (তু) মহিলাদের ঘোমটাবিশেষ।

يَطَق : দেওয়ালের সঙ্গে লাগানো সরু খাট; শয়ন-স্থান, শয্যা।

يَعْبُوب : স্রোত (عبب)

يَعَرَ - َ (يُعَار) : (ছাগল, ভেড়া) ভ্যা ভ্যা করা।

يَعْرَة، يَعْر : সিংহকে প্রলুব্ধ করিবার জন্য গর্তে বাঁধিয়া রাখা ছাগলছানা। ব يِعَار

يُعَار : ছাগল বা ভেড়ার ভ্যা ভ্যা ধ্বনি।

يَعُور : প্রায়শ ভ্যা ভ্যা করে এমন (ভেড়া, ছাগল)।

يَعْرُب بْن قَحْطَان بْن هُود : ইয়া'রুব ইবনে কাহতান ইবনে হূদ ঃ প্রাচীন ইয়ামানের একজন সম্রাট। হিমায়ার রাজবংশের পূর্বপুরুষ। কথিত আছে যে, তিনিই প্রথম আরবী ভাষায় কথা বলেন এবং এই কারণে তাঁহাকে "ইয়া'রুব" বলা হয়।

يَعَّطَ، يَاعَطَ، أَيْعَطَ ~ بِ : সতর্কিত বা শঙ্কিত করণার্থে জোরে চিৎকার করা।

يَاعَاط، يُعَاط، يَعَاط : সতর্কিত বা শঙ্কিত করণার্থে চিৎকার-ধ্বনি।

يَعْفُور : হরিণ (عفر)

يَعْقُوب : ইয়াকূব (আ)। পিতা হযরত ইসহাক (আ)। তাঁহার দ্বাদশ পুত্রের অন্যতম হযরত ইউসুফ (আ)। বনী ইসরাঈলের দ্বাদশ গোত্র–এই দ্বাদশ ভ্রাতার নামানুসারে উদ্ভূত।

الْيَعْقُوبِيّ : আহমাদ আল ইয়া'কূবী (মৃ. ৮৯৭ খ্রি.) ঃ আব্বাসীয় যুগের বিখ্যাত লেখক, ঐতিহাসিক ও ভূগোলবেত্তা। শিয়া মতাবলম্বী। التَّارِيخ ও كِتَاب الْبُلْدَان তাঁহার রচিত প্রসিদ্ধ গ্রন্থ।

يَغْمَة : লুট।

يَغُوث : ইয়াগূস ঃ নূহ (আ)-এর কওমের কাফিরদের একটি দেবতার নাম। ইহা ইয়া'উক (يَعُوق) নামেও অভিহিত।

يَاغِي : (গ্রী) প্রতিধ্বনি। ব يَوَاغِي

يَافِطَة، يَافِتَة : (তু) লেবেল, Label; নামফলক, সাইনবোর্ড।

يَفَخَ - َ (يَفْخ) : মস্তকশীর্ষে আঘাত করা।

يَافُوخ، يَافُوخ : মাথার উপরিভাগ, মস্তকশীর্ষ; মাথার মুকুট। ব يَوَافِيخ

يَفَعَ - َ (يَفْع)، أَيْفَعَ (إِيفَاع) تَيَفَّعَ : বয়ঃপ্রাপ্ত হওয়া, যৌবনে উপনীত হওয়া।



www.pathagar.com

يَفْع : বয়ঃসন্ধি, নবযৌবন।

يَفَاع، يَفَع : পাহাড়; উচ্চভূমি। ব يُفُوع

~ : (ব أَيْفَاع) يَافِع (ব يُفْعَان) يَفَعَة প্রাপ্তবয়স্ক, পূর্ণবয়স্ক; বয়ঃসন্ধিপ্রাপ্ত, যৌবনে উপনীত।

يَافِعَة : জটিল বিষয়; উচ্চ পর্বত। ব يَافِعَات

مَيْفَعَة : উচ্চভূমি। ব مَيَافِع

يَفَن : বয়োজীর্ণ, বয়োবৃদ্ধ। ব يُفْن

يَقّ - : (يُقُوقَة) শ্বেতবর্ণ হওয়া।

يَقَق : তুলা।

يَاقُوت : (ফা) বহুমূল্য প্রস্তরবিশেষ, ইয়াকূত, নীলকান্তমণি; ফুলগাছবিশেষ, Hyacinth. ব يَوَاقِيت

يَاقُوت أَحْمَر : চুনি।

~ أَخْضَر : পান্না।

~ أَزْرَق : নীলকান্তমণি।

~ أَصْفَر : পোখরাজ।

~ جَمْرِي : পদ্মরাগ-মণিবিশেষ, জামীরা।

يَقْطَان : ইয়াকতান ঃ ইয়ামেনের আরব গোত্রসমূহের আদিপুরুষ কাহতান ও উত্তর আরবের গোত্রসমূহের আদি পুরুষ 'আদনান। তাওরাতে প্রথমোক্ত কাহতানই "ইয়াকতান" নামে উল্লিখিত। মুহাম্মাদুর রাসূলুল্লাহ (স)-এর আবির্ভাবের পরে "কাহতান" গোত্র দুইটি শাখায় বিভক্ত হয় ঃ হিময়ার ও কাহলান।

يَقِظَ - : (يَقَظ)، (يَقَاظَة) - يَقُظَ، تَيَقَّظَ : জাগ্রত হওয়া, সজাগ হওয়া, সতর্ক থাকা।

~ , ~ , ~ إِلَى : মনোযোগী হওয়া; স্মরণ করা।

يَقَّظَ (تَيْقِيظ) أَيْقَظَ (إِيقَاظ) : জাগ্রত করা, সজাগ করা, সতর্ক রাখা; উত্তেজিত করা; (ধূলি) উড়ানো, স্মরণ করাইয়া দেওয়া।

إِسْتَيْقَظَ (إِسْتِيقَاظ) : জাগ্রত হওয়া, সজাগ হওয়া, সতর্ক হওয়া; জাগ্রত হইতে বলা, জাগ্রত করা; টুনটুন শব্দ করা।

~ إِلَى : মনোযোগী হওয়া, স্মরণ করা।

يَقِظ، يَقُظ (ব أَيْقَاظ) : يَقْظَان স্ত্রী يَقْظَى (ব يَقَاظَى) সজাগ, জাগ্রত, সতর্ক, মনোযোগী।

أَبُو الْيَقْظَان : মোরগ।

يَقَظَة، تَيَقُّظ : জাগরণ; সতর্কতা, মনোযোগ।

مُسْتَيْقِظ، مُتَيَقِّظ : সজাগ, জাগ্রত, হুঁশিয়ার।

يَقِنَ - (يَقْن، يَقَن) أَيْقَنَ (إِيقَان) تَيَقَّنَ، إِسْتَيْقَنَ (إِسْتِيقَان) : নিশ্চিত হওয়া, নিশ্চিতরূপে জানা।

يَقَن، يَقْن، إِيقَان، تَيَقُّن : নিশ্চয়তা, নিশ্চিত জ্ঞান।

يَقُن، يَقَنَة، مِيقَان : সহজে বিশ্বাস করে এমন, বিশ্বাসপ্রবণ, অসন্দিগ্ধ।

يَقِين : নিশ্চয়তা; দৃঢ় বিশ্বাস; নিশ্চিত।

حَقّ الْيَقِين : সুনিশ্চিত সত্য, প্রমাণিত সত্য, প্রশ্নাতীত সত্য।

~ عِلْم : নিশ্চিত জ্ঞান, প্রকৃত জ্ঞান।

~ عَيْن : প্রশ্নাতীত সত্য।

يَقِينًا : নিশ্চয়ই, নিঃসন্দেহে, নিশ্চিতরূপে।

يَقِينِيّ : সুনিশ্চিত; সন্দেহাতীত।

أَيْقُونَة : পদক, মেডেল। ব أَيْقُونَات

مُتَيَقِّن، مُوقِن : নিশ্চিত, নিঃসন্দেহে।

يَكْلِنْجِيّ، يَلْكَنْجِيّ : (তু) নৌকার প্রধান মাল্লা, Boatswain.

يَلَل : সম্মুখ-দন্তের অসমতা। ব يُلّ

أَيَلّ : খাটো কিংবা অসম সম্মুখদন্তবিশিষ্ট; খাটো; মসৃণ (পাথর)। স্ত্রী يَلَّاءُ

يَلَب : চর্মনির্মিত বর্ম; ইস্পাত।

يِلْتُمِش : শামসুদ্দীন ইলতুতমিশ (১২১০-১২৩৬ খ্রি.) : ভারতের প্রথম মুসলিম সুলতান, যাহাকে বাগদাদের আব্বাসী খলীফাগণ স্বীকৃতি দেন।

يِلْدِز : (তু) ইস্তাম্বুলে 'উসমানী সুলতানদের রাজপ্রাসাদ। বর্তমানে বহুমূল্য প্রাচীন পাণ্ডুলিপিসমৃদ্ধ গ্রন্থাগার ও মিউজিয়াম।



www.pathagar.com

يَلَق : সাদা।

يَلَك : (তু) ওয়েস্টকোট, Waistcoat.

يَمَّمَ (يَمَّمَة) : গমন করা, রওয়ানা করা, উদ্দেশ্য করা, লক্ষ্য করা, (মুখ) ফিরানো; তায়াম্মুম করানো।

تَيَمَّمَ : নিয়ত করা, উদ্দেশ্য করা; তায়াম্মুম করা।

يَمّ : সমুদ্র; অংশ; পার্শ্ব। ব يُمُوم

~ : সম্পূর্ণরূপে; আদৌ নহে।

يَمَام، يَمَامَة : কবুতর। ব يَمَامَات، يَمَائِم

اليَمَامَة : আল-ইয়ামামা : মক্কা থেকে উত্তর-পূর্বে জাযীরাতুল আরবের একটি জনপদ।

يَامُوم : কবুতর-ছানা; উটপাখির বাচ্চা।

مُيَمَّم : সফল, ভাগ্যবান।

مَيْمُوم : সমুদ্রে নিক্ষিপ্ত বস্তু।

يَمَنَ، ـَ يَمِنَ، ـُ يَمُنَ، ـُ (يُمْن، مَيْمَنَة) : সৌভাগ্যবান হওয়া; সুখী হওয়া।

~ : (يُمْن، يَمْن) সুখী করা।

~، يَمَنَ ـَ : (يَمْن) ডান দিক দিয়া সাক্ষাৎ করা।

~ ـ (يَمْن) : ~ بِ ডানদিকে পরিচালিত করা।

يَمَّنَ : ডানদিকে গমন করা; ইয়ামানে গমন করা।

~ عَلَى : সুখী করা।

يَامَنَ، أَيْمَنَ (إِيمَان) : ডানদিকে গমন করা; ইয়ামানে গমন করা।

~، ~ بِ : ডানদিকে পরিচালিত করা।

تَيَمَّنَ : ইয়ামানী হওয়া, ইয়ামান-সম্পর্কিত হওয়া।

~ بِ : শুভ লক্ষণ দেখা; বরকত হাসিল করা; ডান কাতে শোয়ানো।

اِسْتَيْمَنَ (اِسْتِيمَان) : শপথ করানো, শপথ পরিচালনা করা, শপথ গ্রহণ করানো।

~ بِ : লক্ষণ শুভ মনে করা।

يُمْن : সৌভাগ্য; সাফল্য; সুখ, উন্নতি।

يَمَن، يَمْنَة : ডান, ডান পার্শ্ব, ডান দিক; ডান হাত।

يَمْنَةً، يَمَنًا : ডানদিকে, ডানে।

يَمْنَةً وَيَسْرَةً : ডানে ও বামে।

اليَمَن، اليَمَن، بِلَاد : ইয়ামান ঃ এডেন উপসাগরের তীরবর্তী জাযীরাতুল-আরবের একটি দেশ। বর্তমানে দক্ষিণ ইয়ামান ও উত্তর ইয়ামান নামে দুইটি স্বতন্ত্র স্বাধীন দেশ। উত্তর ইয়ামানের রাজধানী সানআ।

بِنْت اليَمَن : কফি।

يَمِين : (স্ত্রী) ডান, ডান দিক।

~ : ডান হাত, ডান পার্শ্ব। ব أَيَامِين، أَيَامِن، أَيْمَان، أَيْمُن

~ : সুখ, সমৃদ্ধি, উন্নতি, সাফল্য। ব أَيْمَان

يَمِين الوَلَاءِ والإِخْلَاص، يَمِين الأَمَانَة : আনুগত্যের শপথ।

~ حَاسِمَة : চূড়ান্ত শপথ।

يَمِين كَاذِبَة ~ الصَّبْر : মিথ্যা শপথ।

~ الغُمُوس : অতীত কর্ম সম্বন্ধে মিথ্যা শপথ।

~ اللَّغْو : সত্য অনুমানে শপথ, যাহা বস্তুত সত্য নহে।

~ مُنْعَقِدَة : ভবিষ্যৎ কর্ম সম্বন্ধে শপথ।

يَمِين الدَّوْلَة : ইয়ামীনুদ্দৌলা (রাষ্ট্রের সৌভাগ্য) : আবুল কাসিম মাহমূদ ইবনে সবুক্তগীন আল-গায্নাবী-এর উপাধি।

مِلْك اليَمِين : অধিকারভুক্ত, করায়ত্ত।

أَدَّى اليَمِينَ : সে শপথ করিল, শপথ গ্রহণ করিল।

عَلَى اليَمِين، يَمِينًا : ডানে, ডানদিকে।

يَمِينًا وَشِمَالًا : ডানে ও বামে।

يَمِينِيّ : ডান, দক্ষিণ; ডানপন্থি, দক্ষিণপন্থি।

اليَمِينِيّ : আল-ইয়ামীনী ঃ আবুন-নাসর আল-উতবী (৯৬১-১০৩৬ খ্রি.) রচিত সুলতান মাহমূদ আল গাযনাবীর রাজত্বকালের ইতিহাস।

يُمْنَى : ডান হাত, ডান পার্শ্ব। ব يُمْنَيَات

أَيْمَن : ডান। স্ত্রী يُمْنَى ব يُمْن

يَمْنَاء : ডান-হাতী। ব أَيَامِن



www.pathagar.com

يَمُ اللّٰهِ، لَيْمُنُ اللّٰهِ، يَمِينُ اللّٰهِ، أَيْمُ اللّٰهِ، أَيْمَنُ اللّٰهِ : আল্লাহর শপথ!

تَيَمُّن : শুভ; শুভ লক্ষণ।

مَيْمَنَة : ডান পার্শ্ব; সুখ, কল্যাণ, সমৃদ্ধি; (সেনাদলের) রাইট উইং, Right wing. দক্ষিণ বাহু। ব مَيَامِن

مُيَمَّن : সুখী, সফল, সৌভাগ্যবান, শুভ।

مَيْمُون : ভাগ্যবান; সুখী; শুভ; অনুকূল; বানর। ব مَيَامِين

مَيْمُون الطَّائِرِ : শুভ; অনুকূল।

عَلَى الطَّائِرِ الْمَيْمُونِ : শুভ যাত্রা!

ضَرَبَهَا بِالْمَيْمُونِ : সে স্ত্রীর সাথে সঙ্গম করিল।

يَنَايِر : জানুয়ারি (মাস)।

يَنْبُوت : কাঁটাগাছবিশেষ; পপিফুলের গাছ (نبت) ব يَنَابِيت

يَنْبُوع : ঝরনা (نبع) ব يَنَابِيع

يَانسُون، يَنْسُون : মৌরী।

يَنَعَ : ـَ يَنَعَ (يَنْع، يُنْع، يُنُوع)، أَيْنَعَ (إِيْنَاع) পাকা, পরিপক্ব হওয়া; সহজসাধ্য হওয়া।

يُنْع : উচ্চ বৃক্ষবিশেষ।

يَنِيع، يَانِع : পাকা, পরিপক্ব; গাঢ় লাল, রক্তিম। ব يُنْع

يُنُوع : লাল, রক্তিমাভা।

إِينَاع : পক্বতা।

إِسْتَيْهَرَ (إِسْتِيهَار) : কিংকর্তব্যবিমূঢ় হওয়া; নিশ্চিত করা।

~ ب ~ : বিনিময় করা।

يَهْر، يَهَر : প্রশস্ত স্থান; জিদ; অধ্যবসায়।

مُهْيَرّ : মরীচিকা।

يَهَم : উন্মত্ততা, বাতুলতা।

أَيْهَم : উন্মত্ত, নির্বোধ; বোবা; নির্ভীক, অদম্য। স্ত্রী يَهْمَاء

~ : এবড়োখেবড়ো পর্বত।

يَهْمَاء : পথহীন মরুভূমি, তারকাবিহীন রাত্রি।

يَهْفُوف : নির্বোধ; চঞ্চলচিত্ত, সরলমতি।

يَهُودِيّ : ইহুদি।

الْيَهُود : ইহুদি জাতি : হযরত ইবরাহীম (আ)-এর অন্যতম পুত্র ইসহাক (আ)-এর বংশধর। হিব্রু ভাষায় ইহাদিগকে ইসরাঈলী বলা হয়। বর্তমান বিশ্বে ইহাদের সংখ্যা প্রায় দেড় কোটি।

يَهُودِيَّة : ইহুদিবাদ।

يُوبِيل : জুবিলি, পঞ্চাশ বৎসর পূর্তির উৎসব।

يُوحَى، يُوح : সূর্য।

يُوحَنَّا : ইউহান্না ঃ স্পেনের ইশবিলিয়া রাজ্যের জনৈক প্রধান ধর্মযাজক। তিনি ৭২৪ খ্রিস্টাব্দে আরবীতে তাওরাত অনুবাদ করেন।

يُود : রাসায়নিক মৌলিক পদার্থবিশেষ, আয়োডিন, Iodine.

يُودُوفُرْم : পচন-নিবারক ঔষধবিশেষ, Iodoform.

يُورَانِيُوم : সাদা তেজস্ক্রিয় ধাতব কণা, Uranium.

يُورِيَا : ইউরিয়া, Urea.

يُوزْبَاشِي : (তু) ক্যাপ্টেন, লেফটেনেন্ট।

يُوسُف : হযরত ইউসুফ (আ) : বিবি রাহীলের গর্ভজাত হযরত ইয়াকূব (আ)-এর ঔরসজাত পুত্র। তিনি يُوسُف الْحُسْن (সৌন্দর্যের প্রতীক ইউসুফ) নামে খ্যাত।

~ : আল কুরআনের দ্বাদশ সূরার নাম। সূরাটি মাক্কী। আয়াত সংখ্যা ১১১।

يُوسُف أَفَنْدِيّ : কমলালেবু।

يُوطَنَة : (তিউ) লেফটেনেন্ট।

يُوغُسْلَافِيَا : যুগোস্লাভিয়া : মধ্য-পূর্ব ইউরোপের একটি প্রজাতন্ত্র। রাজধানী বেলগ্রেড।

يُوك : খাট, গদি। ব يُوكَات

يُولِيَة، يُولِيُو : জুলাই (মাস)।

يَاوَمَ (يَاوَمَة) : দৈনিক ভিত্তিতে ভাড়া বা নিয়োগ করা।



www.pathagar.com

يَوْم : ব أَيَّام দিন; যুদ্ধের দিন; সময়।

يَوْم الأَحَد : রবিবার।

~ الإِثْنَيْن : সোমবার।

~ الثُلاَثَاء : মঙ্গলবার।

~ الأَرْبِعَاء : বুধবার।

~ الخَمِيس : বৃহস্পতিবার।

~ الجُمْعَة : শুক্রবার।

~ السَّبْت : শনিবার।

~ أَيْوَم : খারাপ দিন, কষ্টের দিন।

~ أَبْيَض : ভালো দিন, শুভ দিন।

~ أَسْوَد : কালো দিন, খারাপ দিন, অশুভ দিন।

~ الإِشْتِغَال : কাজের দিন।

~ عُطْلَة : ছুটির দিন।

~ الدِّين : শেষ বিচারের দিন, হাশরের দিন।

~ الحَشْر : মহা উত্থান দিবস, হাশরের দিন।

~ رَأْس السَّنَة : বৎসরের প্রথম দিন, নববর্ষ।

~ مَشْهُود : স্মরণীয় দিন।

إِبْن اليَوْم : এ যুগের লোক, আধুনিক লোক।

~ يَوْمِه : ক্ষণস্থায়ী।

~ الأَيَّام : বৈষয়িক লোক, সংসার-অভিজ্ঞ লোক।

فِي يَوْمٍ مِنَ الأَيَّامِ، ذَاتَ يَوْمٍ، يَوْمًامَا، يَوْمًا : কোন একদিন।

مِنْ يَوْمٍ، لِيَوْمٍ، يَوْمًا فَيَوْمًا : দিনে দিনে, একদিন একদিন করিয়া, প্রতিদিন।

يَوْمًا بَعْدَ يَوْمٍ : একদিন পর একদিন।

مِنْ يَوْمِه : ঠিক একই দিনে, তখন হইতে।

كُلَّ يَوْمٍ : প্রতিদিন।

أَيَّام : যুগ, সময়, কাল, জীবন-কাল।

أَيَّامَ : সময়ে, কালে।

أَيَّامًا : কয়েকদিন।

أَيَّام العَرَب : আরবদের ঐতিহাসিক ঘটনাবলি।

اليَوْمَ : আজ।

مُنْذُ اليَوْمِ : আজ হইতে, এখন হইতে।

يَوْمِيّ : দৈনিক, দৈনন্দিন।

يَوْمِيَّة : দৈনিক মজুরি; দৈনিক বরাদ্দ; দৈনিক কাজ; রোজনামচা, দিনলিপি; ডায়রি; দৈনিক পত্রিকা।

جَرِيدَة يَوْمِيَّة : দৈনিক পত্রিকা।

يَوْمِيَّات : প্রতিদিনের ঘটনাবলি; দৈনন্দিন ঘটনাপ্রবাহ।

يَوْمِيًّا : প্রতিদিনকার।

يَوْمَئِذ : সেইদিন, তখন।

مُيَاوَمَة : দৈনিক ভিত্তিতে কাজ, দৈনিক শ্রম; সংবাদপত্র, দৈনিক, প্রতিদিন।

يُونَان : (গ্রী) হযরত ইউনুস (আ)।

اليُونَان : গ্রীক জাতি।

~, بِلاَد اليُونَان : গ্রীস দেশ : দক্ষিণ-পূর্ব ইউরোপের একটি দেশ। রাজধানী এথেন্স। প্লেটো; সক্রেটিস, এরিস্টোটল, আলেকজান্ডার প্রমুখ মনীষীদের জন্মভূমি।

يُونَانِيّ : গ্রীক।

اليُونَانِيَّة : গ্রীক ভাষা।

يُونُس : হযরত ইউনুস (আ)।

~ : আল কুরআনের দশম সূরা, মাক্কী। আয়াত সংখ্যা ১০৯।

سَمَك يُونُس : শুশুক।

اليُونُسِيَّة : ইউনুস ইবনে আবদুর রহমান প্রতিষ্ঠিত একটি সম্প্রদায়। ইহাদের বিশ্বাস- আল্লাহ আরশে অধিষ্ঠিত এবং ফেরেশতাগণ উহা ধারণ করিয়া আছে।

هَيْئَةُ اليُونِسْكُو، اليُونِسْكُو : শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি-বিষয়ক জাতিসঙ্ঘের একটি সংস্থা, ইউনেস্কো, UNESCO.

يُونِيَه، يُونِيُو : জুন (মাস)।

يَيَّ : "ي" : লেখা।



www.pathagar.com

দারুল হিকমাহ বাংলাদেশ
دار الحكمة بنغلاديش
Darul Hikmah Bangladesh